মুজামুল কুরআন

পবিত্র কুরআন, কুরআনের
তরজমা ও পূর্ণাঙ্গ শব্দসূচী

The Holy Qur'an with Translation
and Encyclopedic Index

ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন
Integrated Education and Research Foundation

মু'জামুল কুরআন

পবিত্র কুরআন, কুরআনের তরজমা ও পূর্ণাঙ্গ শব্দসূচী

তরজমা, টীকা, সংকলন ও পূর্ণাঙ্গ শব্দসূচী সম্পাদনা

মু'জামুল কুরআন সম্পাদনা পরিষদ

ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন (আই.ই.আর.এফ)

প্রকাশক:
ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন (আই.ই.আর.এফ)
৪১/২, পুরানা পল্টন, ঢাকা ১০০০
ফোন: (৮৮-০২) ৯৫৬৮৯৯৮

প্রকাশকাল:
রমযান ১৪৩৩, শ্রাবণ ১৪১৯, আগস্ট ২০১২

© আই.ই.আর.এফ

প্রচ্ছদ:
আরিফুর রহমান
নূরুল মুকাদ্দিম

মুদ্রণ:
ভেক্টোরাস, ঢাকা

নির্ধারিত হাদিয়া:
১২০০.০০ টাকা মাত্র

ISBN: 978-984-33-0659-6

Mujamul Qur'an (The Holy Qur'am with Bangla Translation and Encyclopedic Index) compiled, edited and published by Integrated Education and Research Foundation (IERF), 41/2, Purana paltan, Dhaka 1000 Bangladesh. Tel : (88-02) 9568998, email: info@ierfbd.org

PDF Edited by

www.waytojannah.com

সম্পাদনা পরিষদ*

মুহাম্মদ শামসুদ্দোহা

মো. সাইফুল কবীর

নূরুল কাবীর

মোহাম্মদ মিজানুর রহমান

মুহাম্মদ আব্দুল জলিল

মোহাম্মদ নূরুর রশিদ

মুহাম্মদ জাহাঙ্গীর হোসাইন

নূরুল ইসলাম

মো. রেজাউল হক

বেলায়েত হোসেন

মুহাম্মদ জাকির হোসেন

মো. আনিছুর রহমান

রেজাউল করিম মারুফ

মো. আজিজুর রহমান

মীর লুৎফুল কবীর সা'দী

** সম্পাদনা পরিষদের সদস্যদের মধ্যে তাফসীর, হাদীস, ফিক্‌হ, আরবী ভাষা ও সাহিত্য এবং ইসলামী শিক্ষা বিষয়ে উচ্চ শিক্ষাপ্রাপ্ত বিজ্ঞ আলেমেদীন ও গবেষকবৃন্দসহ রয়েছেন চিকিৎসা, কৃষি বিজ্ঞান, প্রকৌশল, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, ব্যবসায় প্রশাসন, ভূ-তত্ত্ব, শিক্ষা প্রশিক্ষণ ও তথ্য প্রযুক্তি ইত্যাদি আধুনিক বিষয়ে উচ্চশিক্ষিত গবেষকগণ।*

সার্বিক সহযোগিতায়

ড. মুহাম্মদ ওয়ালীউলাহ
ডা. আবু বকর সিদ্দিক
ফরিদউদ্দন ফারুক
ডা. মাহবুবুল আলম
ডা. মুহম্মদ ওসমান গণি
ডা. আবু নাসের
ডা. শেখ সোহরাব হোসেন
ডা. মোস্তাক আহমেদ
জাহিদ জমির
মুহাম্মদ মাহমুদুন্নবী
ইঞ্জি. আবু জাফর মো. শাইখুল ইসলাম
ড. গোলাম মহিউদ্দীন
মো. মাহমুদুল আলম
ইঞ্জি. নূরুল হুদা মাহমুদ ফুয়াদ
মো. ইনআমুল বাশার
ইঞ্জি. মিজানুর রহমান
মাহবুব কায়সার
ডা. মাহফুজুর রহমান
জিলুর রহমান
মাঈনুল ইসলাম চৌধুরী
ডা. মো. মারুফ-উর রহমান
প্রফেসর ড. এ. বি. এম. সাইফুল ইসলাম সিদ্দিকী
ইঞ্জি. খন্দকার স'াদ ফারাবী
ডা. মুহাম্মদ আসিফ মাসুদ চৌধুরী
ইঞ্জি. নকিব ইমতিয়াজ হোসাইন
ইঞ্জি. কায়েস বিন হাবিব
মাসুদুল হাকিম
রাশেদুল ইসলাম (রোকন)
ডা. ফারুক আহ্‌মদ
ডা. এ. কে. এম. ফজলে রাব্বি খান
সাইফুর রহমান
মুহাম্মদ মুমিনউদ্‌দৌলা
চৌধুরী মঞ্জুর লিয়াকত (রুমি)
জিশান জাকারিয়া শাহ
যাবের আহমেদ আবদুলাহ্‌
সালেহ্‌ উদ্দীন আহমেদ
মাজহার-ই কামাল
দাউদুর রহমান
আব্দুল কাদের
প্রফেসর ডা. মতিয়ার রহমান
আব্দুল হক
সাইফুর রহমান দুলাল
আবুল বাশার
শরীফুল ইসলাম চৌধুরী
শরীফ উদ্দিন এহসান
আব্দুর রকীব আনসারী
মেসবাহউল ইসলাম (রাসেল)
মিসেস নূরুন্নাহার বেগম
আব্দুল বারী, এফসিএ
মীর আব্দুল ওয়ারেছ সা'দী
প্রফেসর ড. রফিকুল ইসলাম মোল্লা
ডা. মোসাদ্দেক আহমদ
আখতার আহমদ
মিসেস তানভীর নুসরাত
মাঈনুল ইসলাম
মুহাম্মদ মুস্তাফিজুর রহমান
মিসেস মুশফিক সুমাইয়্যা রহমান
এ. কে. এম. বরকতুলাহ
জাহিদুর রহমান
আতিকুর রহমান
কে. এম. আসাদুজ্জামান
রাশেদ আলী খান
হারুনুর রশিদ
এম. আমীনুল হক
আবু বকর সিদ্দিক
মুহাম্মদ আয়ায
মো. রেজাউল করিম
প্রফেসর ডা. জুলফিয়ারা হায়দার
ফয়জুর রহমান
শাহ্‌ আলম
আরিফুর রহমান
এস এম জান্নাতুল ইসলাম
রাহাদ কামাল কাদরী (বিপ্লব)
মিসেস সুমাইয়্যা
মাহমুদুল হক
ওয়ালিদ মো. সোবহানী
প্রফেসর ডা. শামসুর রহমান
ডা. এইচ. কবির
মো. শহীদুর রহমান
সাফকাত চৌধুরী
প্রফেসর যোবায়ের এম. এহসানুল হক
ডা. শামসুন্নাহার (লাকী)
মিসেস খায়রুন্নেসা
ডা. মো. আমিরুল ইসলাম
মো. গোলাম সরওয়ার
মিসেস এম. ও. খানম
এ. কে. এম. জাহেদুল হক
আবুল হোসেন
এডভোকেট রেজাউল করিম
মিসেস আমাতুর রহীম
মিসেস আমাতুর রাজ্জাক
মির্জা শরফুদ্দীন
কাজী ওবায়দুল হক
এফ. এম. জিন্নাত আলী
এ্যাড. এম. জি. মাহমুদ
আবদুলাহ্‌
ডা. হাসান
তালুকদার নাজির আহমেদ
তারানা রহমান
হাসিবুর রহমান
রাশেদুল ইসলাম
আবুল কালাম আযাদ
মো. আতিক হাসান
মো. মোস্তাফিজুর রহমান (হিরন)
মো. কবিরুল ইসলাম
আমীরুল ইসলাম
মো. আবুল কালাম
মহিউদ্দীন আহমদ- আখতার বানু ট্রাস্ট
সা'দী ফাউন্ডেশন

সম্পাদনা সহযোগী

মীর কাশেম আলী আখন্দ
মুহাম্মদ মুনিরুল হক
মোহাম্মদ হুমায়ুন কবির
এ.বি.এম. জাহিদুল হক
আশরাফ উদ্দিন
মহিউদ্দীন গাজী
জাফর সাদিক
মুজিবুর রহমান
শেখ নুরুন্নবী
ইঞ্জি. শাকিল আহমেদ
জাহাঙ্গীর হোসাইন
মোশাররফ হোসেন
আব্দুলাহ আল মামুন
হাসান মিকরানী
আমীর হোসেন
যাকারিয়া প্রামাণিক

কম্পিউটার কম্পোজ

আব্দুলাহ্‌ আল মামুন
মুহাম্মদ ইউনুছ (পলাশ)
আবদুর রহমান
রফিকুল ইসলাম
দিদারুল ইসলাম
মো. জাহাঙ্গীর আলম
গোলজার হোসেন
খালেদ সাইফুলাহ
শফিকুল ইসলাম
গাজী ইমাম হোসেন মাসুম

Contents

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
পবিত্র কুরআনের ১১৪ টি সূরার সূচী	vi
মুখবন্ধ	vii-ix
মু'জামুল কুরআন প্রকাশনার পটভূমি	x
পবিত্র কুরআনের মর্যাদা	১-২
মু'জামুল কুরআন এর তরজমার বিশেষত্ব	৩-৪
প্রথম অধ্যায়:	৫
মু'জামুল কুরআন এর ইনডেক্স (INDEX) ব্যবহারের নিয়মাবলি	৭
এ গ্রন্থে ব্যবহৃত বাংলা বর্ণমালার ক্রম	৮
পূর্ণাঙ্গ শব্দসূচী (ENCYCLOPEDIC INDEX)	৯-৪৯৪
দ্বিতীয় অধ্যায়:	৪৯৫
কুরআন তিলাওয়াতের আদবসমূহ	৪৯৬
শুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের নিয়মাবলী (তাজওয়ীদ)	৪৯৭
পবিত্র কুরআনে ব্যবহৃত বিভিন্ন বিরাম চিহ্নের বিবরণ	৪৯৮
পবিত্র কুরআন ও কুরআনের তরজমা	৪৯৯-১০৩৬
তৃতীয় অধ্যায়:	১০৩৭
পবিত্র কুরআনের তরজমার টীকা (সংক্ষিপ্ত তাফসীর)	১০৩৯-১০৮৮
পরিশিষ্ট (APPENDIX)	১০৮৯
পরিশিষ্ট-১: পবিত্র কুরআনের অনুবাদে ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা	১০৯১-১০৯৪
পরিশিষ্ট-২: পবিত্র কুরআনের কতিপয় শব্দের বাংলা প্রতিশব্দ	১০৯৫-১০৯৭
পরিশিষ্ট-৩: পবিত্র কুরআনে বর্ণিত নবী, রসূল ও মু'মিনদের দু'আসমূহ	১০৯৮-১০৯৯
পরিশিষ্ট-৪: কুরআনে বিজ্ঞান সংক্রান্ত বিষয়াবলী	১১০০-১১১০
পরিশিষ্ট-৫: আল্লাহ তা'আলার সুন্দর নামসমূহ	১১১১-১১১৩
পরিশিষ্ট-৬: পবিত্র কুরআনে সিজদার আয়াতসমূহ	১১১৪

পবিত্র কুরআনের সূরাসমূহের সূচীপত্র

ক্রমিক নম্বর অনুসারে

সূরা নং	সূরার নাম	পৃষ্ঠা নং	সূরা নং	সূরার নাম	পৃষ্ঠা নং
১.	আল-ফাতিহা	৫০১	৫৮.	আল-মুজাদালা	৯৫২
২.	আল-বাকারা	৫০২	৫৯.	আল-হাশর	৯৫৫
৩.	আলে-ইমরান	৫৩৬	৬০.	আল-মুমতাহিনা	৯৫৮
৪.	আন-নিসা	৫৫৬	৬১.	আস্-সাফ	৯৬০
৫.	আল-মায়েদা	৫৮০	৬২.	আল-জুমু'আ	৯৬২
৬.	আল-আনয়াম	৫৯৬	৬৩.	আল-মুনাফিকুন	৯৬৪
৭.	আল-আ'রাফ	৬১৩	৬৪.	আত-তাগাবুন	৯৬৬
৮.	আল-আনফাল	৬৩২	৬৫.	আত্-তালাক	৯৬৮
৯.	আত-তওবা	৬৪০	৬৬.	আত-তাহরীম	৯৭০
১০.	ইউনুস	৬৫৪	৬৭.	আল-মুলক	৯৭২
১১.	হূদ	৬৬৫	৬৮.	আল-কালাম	৯৭৫
১২.	ইউসুফ	৬৭৭	৬৯.	আল-হাক্কাহ	৯৭৮
১৩.	আর-রা'দ	৬৮৮	৭০.	আল-মা'আরিজ	৯৮১
১৪.	ইবরাহীম	৬৯৩	৭১.	নূহ	৯৮৪
১৫.	আল-হিজর	৬৯৮	৭২.	আল-জ্বিন	৯৮৬
১৬.	আন-নাহল	৭০৩	৭৩.	আল-মুয্যাম্মিল	৯৮৮
১৭.	বনী-ইসরাঈল বা আল-ইস্রা	৭১৪	৭৪.	আল-মুদ্দাস্সির	৯৯০
১৮.	আল-কাহাফ	৭২৪	৭৫.	আল-কিয়ামাহ	৯৯৩
১৯.	মারইয়াম	৭৩৪	৭৬.	আদ-দাহর	৯৯৫
২০.	ত্বা-হা	৭৪১	৭৭.	আল-মুরসালাত	৯৯৭
২১.	আল-আম্বিয়া	৭৫০	৭৮.	আন-নাবা	১০০০
২২.	আল-হজ্জ	৭৫৮	৭৯.	আন-নাযিআত	১০০৩
২৩.	আল-মু'মিনুন	৭৬৬	৮০.	আবাসা	১০০৬
২৪.	আননূর	৭৭৪	৮১.	আত-তাকবীর	১০০৮
২৫.	আল-ফুরকান	৭৮২	৮২.	আল-ইনফিতার	১০১০
২৬.	আশ-শু'আরা	৭৮৮	৮৩.	আল-মুতাফ্ফিফীন	১০১১
২৭.	আন-নাম্ল	৮০০	৮৪.	আল-ইনশিক্বাক	১০১৩
২৮.	আল-কাসাস	৮০৮	৮৫.	আল-বুরুজ	১০১৫
২৯.	আল-আন্কাবুত	৮১৬	৮৬.	আত-তারিক	১০১৭
৩০.	আর-রূম	৮২২	৮৭.	আল-আ'লা	১০১৮
৩১.	লোকমান	৮২৭	৮৮.	আল-গাশিয়া	১০১৯
৩২.	আস-সাজ্দা	৮৩০	৮৯.	আল-ফজর	১০২১
৩৩.	আল-আহযাব	৮৩৩	৯০.	আল-বালাদ	১০২৩
৩৪.	সাবা	৮৪১	৯১.	আশ-শামস্	১০২৪
৩৫.	ফাতির	৮৪৬	৯২.	আল-লাইল	১০২৫
৩৬.	ইয়া-সীন	৮৫১	৯৩.	আদ-দোহা	১০২৬
৩৭.	আস-সাফফাত	৮৫৭	৯৪.	আল-ইনশিরাহ্	১০২৭
৩৮.	সাদ	৮৬৬	৯৫.	আত-তীন	১০২৭
৩৯.	আয-যুমার	৮৭১	৯৬.	আল-আলাক	১০২৮
৪০.	আল-মু'মিন	৮৭৮	৯৭.	আল-ক্বাদর	১০২৯
৪১.	হামীম আস্-সাজ্দা বা ফুস্সিলাত	৮৮৬	৯৮.	আল-বাইয়িনাহ	১০২৯
৪২.	আশ-শুরা	৮৯১	৯৯.	আয-যিল্যাল	১০৩০
৪৩.	আয্-যুখরুফ	৮৯৬	১০০.	আল-আদিয়াত	১০৩০
৪৪.	আদ-দুখান	৯০২	১০১.	আল-কারি'আ	১০৩১
৪৫.	আল-জাসিয়া	৯০৫	১০২.	আত-তাকাসুর	১০৩২
৪৬.	আল-আহকাফ	৯০৮	১০৩.	আল-আস্র	১০৩২
৪৭.	মুহাম্মদ	৯১২	১০৪.	আল-হুমাযাহ	১০৩৩
৪৮.	আল-ফাত্হ	৯১৬	১০৫.	আল-ফীল	১০৩৩
৪৯.	আল-হুজরাত	৯২০	১০৬.	কুরাইশ	১০৩৪
৫০.	ক্বা-ফ	৯২২	১০৭.	আলমা'উন	১০৩৪
৫১.	আয্যারিয়াত	৯২৫	১০৮.	আল-কাওসার	১০৩৪
৫২.	আত-তুর	৯২৯	১০৯.	আল-কাফিরুন	১০৩৫
৫৩.	আন্-নাযম	৯৩২	১১০.	আন-নাসর	১০৩৫
৫৪.	আল-ক্বামার	৯৩৬	১১১.	আল-লাহাব	১০৩৫
৫৫.	আর-রহমান	৯৩৯	১১২.	আল-ইখ্লাস	১০৩৬
৫৬.	আল-ওয়াকি'আ	৯৪৩	১১৩.	আল-ফালাক	১০৩৬
৫৭.	আল-হাদীদ	৯৪৮	১১৪.	আন-নাস্	১০৩৬

বাংলা বর্ণমালার ক্রমানুসারে

সূরার নাম	সূরা নং	পৃষ্ঠা নং	সূরার নাম	সূরা নং	পৃষ্ঠা নং
আদিয়াত	১০০	৮২০	নিসা	৪	৫৫৬
আনআম	৬	৫৯৬	নূর	২৪	৭৭৪
আনকাবূত	২৯	৮১৬	নূহ	৭১	৯৮৪
আনফাল	৮	৬৩২	ফাজ্র	৮৯	১০২১
আবাসা	৮০	১০০৬	ফাত্হ	৪৮	৯১৬
আম্বিয়া	২১	৭৫০	ফাতিহা	১	৫০১
আ'রাফ	৭	৬১৩	ফাতির	৩৫	৮৪৬
আ'লা	৮৭	১০১৮	ফালাক	১১৩	১০৩৬
আলাক্ব	৯৬	১০২৮	ফীল	১০৫	১০৩৩
আলে-ইমরান	৩	৫৩৬	ফুরকান	২৫	৭৮২
আস্র	১০৩	১০৩২	বনী ইসরাঈল বা আল-ইস্রা	১৭	৭১৪
আহ্কাফ	৪৬	১০১৭	বাকারাহ্	২	৫০২
আহ্যাব	৩৩	৮৩৩	বায়্যিনাহ	৯৮	১০২৯
ইউনুস	১০	৬৫৪	বালাদ	৯০	১০২৩
ইউসুফ	১২	৬৭৭	বুরুজ	৮৫	১০১৫
ইখ্লাস	১১২	১০৩৬	মা'আরিজ	৭০	৯৮১
ইন্ফিতার	৮২	১০১০	মাউন	১০৭	১০৩৪
ইনশিক্বাক	৮৪	১০১৩	মায়িদা	৫	৫৮০
ইনশিরাহ্	৯৪	১০২৭	মারইয়াম	১৯	৭৩৪
ইবরাহীম	১৪	৬৯৩	মুজাদালা	৫৮	৯৫২
ইয়াসীন	৩৬	৮৫১	মুতাফ্ফিফীন	৮৩	১০১১
ওয়াকি'আ	৫৬	৯৪৩	মুদ্দাছ্ছির	৭৪	৯৯০
কাওছার	১০৮	১০৩৪	মুমতাহিনাহ্	৬০	৯৫৮
কাদ্র	৯৭	১০২৯	মুনাফিকুন	৬৩	৯৬৪
ক্বাফ	৫০	৯২২	মু'মিন	৪০	৮৭৮
কাফিরূন	১০৯	১০৩৫	মু'মিনুন	২৩	৭৬৬
ক্বামার	৫৪	৯৩৬	মুয্যাম্মিল	৭৩	৯৮৮
ক্বারি'আ	১০১	১০৩১	মুরসালাত	৭৭	৯৯৭
ক্বালাম	৬৮	৯৭৫	মুল্ক	৬৭	৯৭২
ক্বাসাস	২৮	৮০৮	মুহাম্মদ	৪৭	৯১২
কাহ্ফ	১৮	৭২৪	যারিয়াত	৫১	৯২৫
কিয়ামাহ	৭৫	৯৯৩	যিল্যাল	৯৯	১০৩০
কুরাইশ	১০৬	১০৩৪	যুখরুফ	৪৩	৮৯৬
গাশিয়া	৮৮	১০১৯	যুমার	৩৯	৮৭১
জাসিয়া	৪৫	৯০৫	রহ্মান	৫৫	৯৩৯
জ্বিন	৭২	৯৮৬	রা'দ	১৩	৬৮৮
জুমু'আ	৬২	৯৬২	রূম	৩০	৮২২
তওবা	৯	৬৪০	লাইল	৯২	১০২৫
তাকবীর	৮১	১০০৮	লাহাব	১১১	১০৩৫
তাকাছুর	১০২	১০৩২	লুকমান	৩১	৮২৭
তাগাবুন	৬৪	৯৬৬	শামস্	৯১	১০২৪
তারিক	৮৬	১০১৭	শুআরা	২৬	৭৮৮
তালাক্ব	৬৫	৯৬৮	শূরা	৪২	৮৯১
তাহরীম	৬৬	৯৭০	সাজ্দা	৩২	৮৩০
ত্বা-হা	২০	৭৪১	সাদ	৩৮	৮৬৬
তীন	৯৫	১০২৭	সাফ্ফ	৬১	৯৬০
তূর	৫২	৯২৯	সাফ্ফাত	৩৭	৮৫৭
দাহ্র/ইনসান	৭৬	৯৯৫	সাবা	৩৪	৮৪১
দুখান	৪৪	৯০২	সোয়াদ	৩৮	৮৬৬
দুহা	৯৩	১০২৬	হাক্কা	৬৯	৯৭৮
নাজ্ম	৫৩	৯৩২	হাজ্জ	২২	৭৫৮
নাম্ল	২৭	৮০০	হাদীদ	৫৭	৯৪৮
নাবা	৭৮	১০০০	হামীম আস্-সাজ্দা বা ফুস্সিলাত	৪১	৮৮৬
নাযি'আত	৭৯	১০০৩	হাশ্র	৫৯	৯৭৮
নাস	১১৪	১০৩৬	হিজর	১৫	৬৯৮
নাস্র	১১০	১০৩৫	হুজরাত	৪৯	৯২০
নাহল	১৬	৭০৩	হূদ	১১	৬৬৫

মুখবন্ধ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সমস্ত প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক মহান স্রষ্টা আল্লাহ রাব্বুল আলামীনের জন্য যিনি বিশেষ দয়া করে আমাদেরকে তরজমা, টীকা, পূর্ণাঙ্গ শব্দসূচী ও বিষয়কোষসহ আল কুরআন প্রকাশের তৌফিক দান করেছেন। দরুদ ও সালাম আমাদের প্রিয় নবী মানবতার মুক্তিদূত হযরত মুহাম্মাদ সা. এর প্রতি যার উপর নাযিলকৃত সর্বশেষ আসমানীগ্রন্থ আল কুরআনের মাধ্যমে পথহারা মানুষ সঠিক পথের সন্ধান পেয়েছে।

মানবজাতির দুনিয়া ও আখিরাতের সার্বিক কল্যাণ ও মুক্তির জন্য নাযিল হয়েছে সর্বশেষ আসমানীগ্রন্থ আল কুরআন; নিশ্চিতভাবে যা সম্পূর্ণ ভুল-ত্রুটির উর্ধ্বে। দুনিয়া ও আখিরাতের সার্বিক কল্যাণ ও মুক্তির জন্য নির্ভুল এ আসমানীগ্রন্থের নির্দেশনা অনুসরণের কোনো বিকল্প নেই। শুভবুদ্ধিসম্পন্ন ও কল্যাণকামী মানুষের একান্ত কর্তব্যই হল পবিত্র কুরআনের আলোকে নিজের জীবনকে গড়ে তোলা। পবিত্র কুরআনের সুমহান শিক্ষা প্রথমত: বাংলাভাষী মানুষের মাঝে ছড়িয়ে দেয়ার মহৎ উদ্দেশ্যে শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন (আই.ই.আর.এফ) পবিত্র কুরআনের সাবলীল তরজমা, টীকা, পূর্ণাঙ্গ শব্দসূচী, বিষয়কোষ ও মূল আরবিসহ মহাগ্রন্থ আল কুরআন প্রকাশের একটি মহৎ প্রকল্প হাতে নেয়।

পবিত্র কুরআনের আলোকে নিজের জীবন গড়ে তোলার জন্য সর্বাগ্রে প্রয়োজন কুরআনের কোথায় কোন বিষয় রয়েছে তা মুহূর্তের মধ্যে খুঁজে বের করার সহজ উপায় জানা। উদাহরণস্বরূপ বলা যায়, এ পৃথিবীতে সঠিকপথে চলার জন্য মানুষকে তার স্রষ্টা প্রতিপালককে জানতে হবে এবং সেই সাথে তার প্রধান শত্রুকেও অবশ্যই চিনতে হবে। মানুষের স্রষ্টা প্রতিপালক হলেন মহান আল্লাহ তায়ালা আর প্রধান শত্রু হচ্ছে শয়তান। তাই মহান স্রষ্টা নিজের সম্পর্কে এবং মানুষের প্রধানতম শত্রু শয়তান সম্পর্কে পবিত্র কুরআনে যে আলোকপাত করেছেন তা জানা প্রত্যেক মুসলমানের একান্ত কর্তব্য। অথচ এটা জানা সহজসাধ্য নয়। একজন খুব ভালো হাফেজ ও আলেম হলে অনেক চেষ্টা সাধনা ও সময়ক্ষেপণ করে হয়তো তিনি কুরআন থেকে এ বিষয়ে সামান্য খুঁজে বের করতে পারবেন, কিন্তু সাধারণ শিক্ষিতদের জন্য এটা খুবই দুরূহ কাজ।

পবিত্র কুরআনের অপরিমেয় জ্ঞানভাণ্ডারকে সবার নিকট উন্মুক্ত করে দেয়ার প্রবল আকাঙ্ক্ষা থেকেই মূলতঃ আই.ই.আর.এফ পবিত্র কুরআনের বিশাল এ সমুদ্র মন্থনের দুঃসাহসিক অভিযানে নেমে পড়ার সিদ্ধান্ত গ্রহণ করে। আই.ই.আর.এফ তার সকল সীমাবদ্ধতা সত্ত্বেও এ কাজের অপরিসীম গুরুত্ব অনুধাবন করে মহান আল্লাহর উপর ভরসা করে এগিয়ে যেতে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হয়। এ চলার পথ কখনোই কুসুমাস্তীর্ণ ছিল না। দীর্ঘ প্রায় এক দশককাল আই.ই.আর.এফ-এর নিবেদিতপ্রাণ দক্ষ গবেষকদের আন্তরিক ও অক্লান্ত সাধনার পবিত্র ফসল ব্যতিক্রমধর্মী এই সংকলন। তাই এটা প্রকাশনার বহু প্রত্যাশিত শুভক্ষণে দয়াময় মহান প্রতিপালক আল্লাহর দরবারে জানাই হৃদয়ের অকৃত্রিম গভীর শুকরিয়া। হে মহান স্রষ্টা, সর্বশক্তিমান, প্রেমময় প্রভু! আপনি আমাদের এই কাজকে কবুল করুন। এর ভুল ত্রুটি ক্ষমা করুন। বাংলাভাষী প্রতিটি মানুষের ঘরে এটা পৌঁছে দিন। কুরআনের আলোয় আলোকিত করে দিন আমাদের জীবন। হে প্রভু! অন্যান্য ভাষা-ভাষী মানুষের মাঝেও এর আলো ছড়িয়ে দেয়ার ব্যবস্থা করে দিন।

পবিত্র কুরআন নাযিল হয়েছে মানুষের ইহকালীন সার্বিক কল্যাণ ও পরকালীন মুক্তির জন্য। মানুষের জীবনের এমন কোনো দিক নেই যার সঠিক নির্দেশনা কুরআনে পাওয়া যাবে না। অথচ দুর্ভাগ্যজনকভাবে আজ কুরআন কেবলমাত্র তিলাওয়াত করে গিলাফে বেঁধে সযত্নে তাকের উপর সুন্দরভাবে রেখে দেয়া হয়। কোথাও কোথাও এটা পাঠ করা হয় কোনো ব্যক্তি মারা গেলে। অথচ কুরআন তো জীবন্ত মানুষকে সঠিক, সর্বাঙ্গীন সুন্দর ও কল্যাণকর পথ দেখানোর জন্যই অবতীর্ণ হয়েছে। সন্দেহ নেই, আজ মুসলমানদের দুর্দশার মূল কারণ কুরআনের প্রতি উপেক্ষা ও নেতিবাচক আচরণ। আমাদের মসজিদগুলোতে আরবি হরফে অসংখ্য কুরআন সারিবদ্ধভাবে তাকের উপর সাজানো রয়েছে। সওয়াব লাভের উদ্দেশ্যে অনেকে এটা মাঝে মাঝে বা নিয়মিত তিলাওয়াত করে থাকেন। কিন্তু এর অর্থ জেনে নিজ জীবনে আমল করতে প্রয়াসী হন এমন লোকের সংখ্যা অতি নগণ্য। বাস্তব জীবনে আচার-আচরণে, বিশ্বাস ও কর্মে পবিত্র কুরআনের প্রতিফলন বেশীরভাগ মুসলমানের জীবনে দেখা যায় না। অথচ অনেক অমুসলিম কেবলমাত্র কুরআনের অর্থ অধ্যয়ন করেই ইসলাম গ্রহণ করেন বা করতে আগ্রহী হন; অনেকক্ষেত্রে আবার কুরআনবিমুখ মুসলমানদের অনাকাঙ্ক্ষিত আচার-আচরণ দেখে তারা ইসলামের ব্যাপারে নিরুৎসাহিতও হয়ে পড়েন।

মহান আল্লাহ পাক মানব জাতির হিদায়াতের উদ্দেশ্যে তাদের জীবন চলার সঠিক পথের সন্ধান দেয়ার জন্যই কুরআন নাযিল করেছেন। আল্লাহ পাক বলেন, "কুরআন আমি সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য। অতএব উপদেশগ্রহণকারী কেউ আছে কি?" (সূরা কামার: আয়াত ১৭, ২২, ৩২, ৪০)। প্রত্যেক মুসলমানের জন্য তাই কুরআনের বিধি-নিষেধ মেনে চলা একান্ত প্রয়োজন। সালাত (নামায) কবুল হওয়ার জন্য কুরআনের শুদ্ধ তিলাওয়াত যেমন প্রয়োজন তেমনি সঠিকভাবে আমল করার জন্য পবিত্র কুরআনের অর্থ জানা ও উপদেশ গ্রহণ করাও অত্যাবশ্যক।

আই.ই.আর.এফ ২০০২ সালের ডিসেম্বরে ''মু'জামুল কুরআন'' প্রকাশনা প্রকল্প হাতে নিয়ে যাত্রা শুরু করে। এরপর আবার ২০০৩ সালের রমযান মাসে "পবিত্র কুরআনের আলোকে মানুষের করণীয় ও বর্জনীয়" শীর্ষক একটি বই প্রকাশ করে, যা সারা দেশে পাঠক মহলে ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। এ বইয়ের ভূমিকা লিখে দেয়ার জন্য জাতীয় মসজিদ বায়তুল মুকাররম এর তৎকালীন সম্মানিত খতিব মাওলানা উবায়দুল হক (র.) সাহেবের কাছে গেলে তিনি অত্যন্ত খুশী হন এবং আমাদেরকে বিশেষভাবে উৎসাহিত করেন। তখন তিনি বলেন, 'আপনারা পবিত্র কুরআনের বিশাল সমুদ্র ভাণ্ডারকে পেয়ালার মধ্যে তুলে আনার চেষ্টা করেছেন।' দেশের বিভিন্ন মসজিদে তারাবীহর আগে সম্মানিত হাফেয সাহেবগণ তারাবীতে যতটুকু কুরআন থেকে তিলাওয়াত হবে তাতে মানুষের কী কী করণীয় ও বর্জনীয় বিষয় রয়েছে তা এ বই থেকে পড়ে শুনিয়ে থাকেন। ফলে তারাবীহতে উপস্থিত সবাই কুরআনের শিক্ষা থেকে জেনে উপকৃত হওয়ার সুযোগ লাভ করেন।

বর্তমান এই সংকলনের অন্যতম আকর্ষণীয় বিষয় হচ্ছে এনসাইক্লোপেডিক ইনডেক্স বা পূর্ণাঙ্গ শব্দসূচী। এতে পবিত্র কুরআনের প্রায় প্রতিটি শব্দ বা বিষয় বর্ণমালার ক্রমানুসারে সাজানো আছে। প্রথমে রয়েছে মূল শব্দ এরপর রয়েছে দ্বিতীয় প্রসঙ্গ। প্রতিটি শব্দ ধরেই কাঙ্ক্ষিত আয়াত পাওয়া যাবে। ইনডেক্সে প্রতিটি বিষয়ের ডানপাশে রয়েছে বইয়ের পৃষ্ঠা নম্বর, সূরার নাম ও আয়াত নম্বর। পৃষ্ঠা নম্বর ও আয়াত নম্বর অনুসরণ করে কাঙ্ক্ষিত বিষয়টি দেখে নেয়া যাবে। বিস্তারিত জানার জন্য কুরআনের তরজমার সাথে সংশ্লিষ্ট আয়াতটি পড়ে দেখতে হবে। এই ইনডেক্সে যে কোনো শব্দ, বিষয় ও ঘটনা জানার জন্য আয়াত বা আয়াতাংশ দ্রুত বের করার বিশেষ পদ্ধতি অনুসরণ করা হয়েছে। উল্লেখ্য, মূল বিষয়টি জানার জন্য অবশ্যই কুরআনের নির্দিষ্ট তরজমা সম্পূর্ণ পড়তে হবে। ইনডেক্স-এর বিস্তারিত ব্যবহার বিধি এ গ্রন্থের প্রথম দিকে উল্লেখ করা হয়েছে।

বাংলা ভাষায় পবিত্র কুরআনের সহজ ও সাবলীল তরজমার অভাব খুবই প্রকট। এ বিষয়ে আমাদের প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ভাষা বিষয়ে পারদর্শীগণ বিশেষভাবে সচেতন ছিলেন। আমরা আন্তরিকভাবে চেষ্টা করেছি পবিত্র কুরআনের একটি সহজ ও সাবলীল তরজমা উপহার দিতে। এ ব্যাপারে আমরা কতটুকু সফল হয়েছি বিদগ্ধ পাঠকগণ তা মূল্যায়ন করবেন। তরজমার পাশাপাশি আমরা আয়াত বা আয়াতাংশের প্রয়োজনীয় টীকা সন্নিবেশিত করেছি। এই টীকা সংযোজন নিঃসন্দেহে তরজমাকে আরো সমৃদ্ধ করেছে এবং তা পাঠকের প্রত্যাশা পূরণে সহায়ক হবে। এই সংকলনে ৮২৪টি টীকা সংযোজিত হয়েছে।

এই মূল্যবান সংকলনে ইনডেক্স, পবিত্র কুরআন ও তরজমার সাথে আরো সংযোজিত হয়েছে পবিত্র কুরআনকে কেন্দ্র করে অতীব গুরুত্বপূর্ণ পরিশিষ্ট। পবিত্র কুরআনে যে সব আয়াতে বৈজ্ঞানিক তথ্য উপাত্ত আছে তা রয়েছে একটি পরিশিষ্টে। পবিত্র কুরআনের গুরুত্বপূর্ণ পরিভাষাসমূহের সংক্ষিপ্ত পরিচয় রয়েছে আরেকটি পরিশিষ্টে। সরাসরি আরবি শব্দ দিয়ে কেউ যদি পবিত্র কুরআনের নির্দিষ্ট আয়াতে যেতে চান সে জন্যও ব্যবস্থা রয়েছে।

পবিত্র কুরআন থেকে যে কোনো বিষয় জানার জন্য এই সংকলনটি একটি বিশেষ সহায়ক গ্রন্থ। বাংলা ভাষায় এ ধরনের গ্রন্থ এর আগে কোথাও প্রকাশিত হয়নি। ইংরেজি বা অন্য ভাষায় এ ধরনের গ্রন্থের খোঁজ বহু চেষ্টা করেও আমরা পাইনি। তবে একটি সহায়ক গ্রন্থ ''মু'জামুল মুফাহরাস'' আরবি ভাষায় লেবানন থেকে প্রকাশিত হয়েছে। কিন্তু এতেও এতো বিস্তারিত আলোকপাত করা হয়নি। এতে প্রথম মূল শব্দ থাকলেও দ্বিতীয় মূল শব্দ ও তা বর্ণমালার ক্রমানুসারে সাজানো নেই। ফলে পাঠককে কাঙ্ক্ষিত একটি বিষয়ে যেতে মূল শব্দে গিয়ে এর সাথে সংশ্লিষ্ট সব আয়াতাংশ খুঁজে পড়তে হয়। আমাদের এই সংকলনে সে সমস্যা নেই। পাঠক সরাসরি প্রথম মূল শব্দের সাথে প্রসঙ্গ মিলিয়ে কাঙ্খিত বিষয় খুঁজে পাবেন। এই সংকলনে আয়াতাংশ জানার জন্যে প্রাথমিকভাবে ৫৬,০০০ (ছাপ্পান্ন হাজার) শব্দ পবিত্র কুরআন থেকে বাছাই করা হয়। পরবর্তীতে তা সম্পাদনা করে ৪৯,৬৬৪ (উনপঞ্চাশ হাজার ছয়শ' চৌষট্টি) শব্দের মাঝে সীমিত রাখা হয়। এতে মূল শব্দ রয়েছে ৫০৩৩ (পাঁচ হাজার তেত্রিশ) এবং অতিরিক্ত মূল শব্দের সংখ্যা ২০৪ (দু'শ চার)।

আমাদের উদ্যোগ প্রথমত বাংলাভাষী মানুষের জন্য হলেও বিশ্বের প্রধান প্রধান ভাষাগুলোতে এর অনুরণন ছড়িয়ে দিতে আমরা আগ্রহী। তাই ইনশাআল্লাহ আমাদের পরবর্তী পদক্ষেপ হবে এই সংকলনের ইংরেজি সংস্করণ প্রকাশ করা। যাতে ইংরেজি ভাষা থেকে সহজে পৃথিবীর অন্যান্য ভাষায় তা ভাষান্তরিত করা যায়। এটা আরেক দুঃসাহসিক পদক্ষেপ হবে বৈকি! তবে আল্লাহর উপর ভরসা করে মানবজাতির বিরাট কল্যাণের কথা ভেবে আমরা দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে চাই। এ ক্ষেত্রে যে কেউ যে কোনো ধরনের সহযোগিতার হাত প্রসারিত করলে আই.ই.আর.এফ তাতে স্বাগত জানাবে। দীর্ঘ প্রায় এক দশককাল এই প্রকল্পে আই.ই.আর.এফ এর রিসার্চফেলোবৃন্দ ছাড়াও অনেক যোগ্য আলেম, গবেষক আন্তরিক ও দৃঢ় অনুরাগের সাথে রাত-দিন নিরলস পরিশ্রম করেছেন। তাঁরা প্রায় সবাই পেশাগত নিজ দায়িত্ব পালনের পাশাপাশি অবসর সময়টুকু এখানে কাজে লাগিয়েছেন, অত্যন্ত নিষ্ঠার সাথে অক্লান্ত পরিশ্রম ও সাধনা করেছেন। তাঁদের পরিবারের সদস্যরাও দীর্ঘদিন এই সাধনায় উদারভাবে সহযোগিতা করেছেন, সাহস যুগিয়েছেন। আল্লাহ পাক তাঁদেরকে এবং তাঁদের স্ত্রী-পরিবার পরিজনকেও এ জন্য উত্তম বিনিময় দান করুন।

মুসলিম উম্মাহর বর্তমান দুর্দশা থেকে উত্তরণের একমাত্র পথ পবিত্র কুরআনের দিকে প্রত্যাবর্তন। কুরআন বুঝে তা মেনে চলার প্রয়াস নিলে আবার এ জাতি স্বীয় মর্যাদা ও শ্রেষ্ঠত্ব নিয়ে ইনশাআল্লাহ বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে। কুরআনের অর্থ বুঝা, মেনে চলা ও তা পালন করার জন্য প্রয়োজন একটি সমন্বিত সামাজিক প্রয়াস। আমাদের প্রকাশিত এই সংকলন সেই প্রয়াসে যথাযথ দিক নির্দেশনা দিবে, গতি সঞ্চার করবে ইনশাআল্লাহ। এ প্রকল্পের গবেষণা, সংকলন প্রণয়ন ও প্রকাশনার প্রকৃত ব্যয় অনেক বেশি হলেও সাধারণ পাঠকের ক্রয় ক্ষমতার প্রতি লক্ষ্য রেখে আমাদের পৃষ্ঠপোষকদের সহযোগিতায় মু'জামুল কুরআন-এর ন্যূনতম হাদিয়া নির্ধারণ করা হয়েছে।

আল্লাহ তা'য়ালার অশেষ মেহেরবাণীতে মু'জামুল কুরআন প্রকাশনার শুভ মুহূর্তে এর উদ্যোক্তাদের প্রতি জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। ডা. নূরুল ইসলাম, জনাব মুহাম্মদ জাকির হোসেন ও জনাব মুহাম্মদ শামসুদ্দোহা ২০০২ সালে ডিসেম্বরে একত্রিত হয়ে পবিত্র কুরআনের সহজ সাবলীল তরজমাসহ একটি পূর্ণাঙ্গ শব্দসূচী (Encyclopedic Index) প্রণয়নের অনন্য সাধারণ উদ্যোগ নেন। মূলত এই মহৎ প্রকল্প হাতে নিয়েই আই.ই.আর.এফ-এর কার্যক্রমও সূচিত হয়। মু'জামুল কুরআন প্রকাশনা প্রকল্পের প্রধান ও বিশিষ্ট আলেমে দ্বীন জনাব মুহাম্মদ শামসুদ্দোহার নেতৃত্বে দু'টি টীম এ সংকলন প্রণয়নে অত্যন্ত কষ্টসাধ্য কাজটি সম্পন্ন করেন। এ ক্ষেত্রে প্রফেসর মো. সাইফুল কবীর, জনাব মোহাম্মদ মিজানুর রহমান, জনাব নূরুল কাবীর, জনাব মুহাম্মদ আব্দুল জলিল, জনাব মোহাম্মদ নূরুর রশিদ ও জনাব মো. রেজাউল হকের আন্তরিক ও নিরলস পরিশ্রমের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। আই.ই.আর.এফ-এর উদ্যোক্তা ডা. নূরুল ইসলাম শুরু থেকেই পবিত্র কুরআনের পূর্ণাঙ্গ শব্দসূচী প্রণয়নের আধুনিক এ ধারণাকে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করেন। আল্লাহ পাক এই মহৎ উদ্যোগ কবুল করুন এবং তাঁদের সবাইকে দুনিয়া ও আখিরাতে উত্তম পুরস্কার দান করুন।

মু'জামুল কুরআন এর মতো একটি বিশাল প্রকল্প প্রকৃতপক্ষে জাতীয় পর্যায়ে সম্পন্ন হওয়া প্রয়োজন ছিল। কিন্তু এ ধরনের উদ্যোগ না থাকায় আই.ই.আর.এফ–এর মতো একটি ক্ষুদ্র প্রতিষ্ঠান এই বিশাল দায়িত্বভার গ্রহণ করে আল্লাহ পাকের উপর ভরসা করে এগিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ হয়। নয়াপল্টন জামে মসজিদ কমপ্লেক্সে এ উদ্যোগের প্রথম আলোচনার সূত্রপাত হয়। শুরু থেকেই এ মসজিদের সম্মানিত মুসল্লীবৃন্দ ও কমিটির সদস্যগণ আমাদেরকে আন্তরিকভাবে সহযোগিতা করেন। এক্ষেত্রে মসজিদ কমিটির প্রেসিডেন্ট, সেক্রেটারী এবং সদস্যগণ ছাড়াও জনাব মাজহার-ই-কামাল ও জনাব দাউদুর রহমান–এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। সূচনালগ্ন থেকে বিভিন্নভাবে এরা সহযোগিতা করে এ কাজে অনুপ্রেরণা যুগিয়েছেন। আই.ই.আর.এফ-এর সহযোগী প্রতিষ্ঠান ক্যারিয়ার ডেভেলপমেন্ট ফোরাম (সি.ডি.এফ)-এর সদস্যবৃন্দ বিভিন্ন সময়ে আমাদেরকে সহযোগিতা করেছেন। এক্ষেত্রে সি.ডি.এফ-এর সাবেক ভাইস প্রেসিডেন্ট জনাব সাইফুর রহমানের আন্তরিক সহযোগিতার প্রয়াস বিশেষভাবে উল্লেখযোগ্য। আই.ই.আর.এফ-এর রিসার্চফেলোবৃন্দ, সদস্যবৃন্দ, গবেষণা সহযোগীবৃন্দ ও অফিসের কর্মীবৃন্দ দীর্ঘদিন অকান্ত পরিশ্রম করে বিভিন্ন দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে এ গ্রন্থ প্রকাশনার কাজকে ত্বরান্বিত করেছেন। আই.ই.আর.এফ-এর কম্পিউটার সেকশন ছাড়াও দি রয়েল সায়েন্টিফিক পাবলিকেশন্সের কর্মীবৃন্দ প্রয়োজনমত সহযোগিতার হাত বাড়িয়েছেন। আল্লাহ রাব্বুল আলামীন এদের সবাইকে উত্তম পুরস্কার দান করুন।

পবিত্র কুরআন থেকে দিক নির্দেশনা নিতে আগ্রহী বাংলাভাষী প্রতিটি মানুষের অবশ্য সংগ্রহে রাখার মতো এই সংকলন, যা প্রতিটি মসজিদে, প্রতিষ্ঠানে, ঘরে থাকা একান্ত প্রয়োজন। আমরা দীর্ঘ প্রায় এক দশক ধরে সাধ্যানুযায়ী চেষ্টা করেছি একে সর্বাঙ্গীন সুন্দর ও নির্ভুল করতে। কিন্তু এতো প্রাণান্তকর প্রচেষ্টার পরও এতে ত্রুটি বিচ্যুতি থেকে যাওয়া অসম্ভব নয়। আমাদের ত্রুটির জন্য আমরা সর্বশক্তিমান আল্লাহর দরবারে বিনীতভাবে ক্ষমা প্রার্থনা করছি। সহৃদয় পাঠক আমাদের ত্রুটিগুলো ধরিয়ে দিলে পরবর্তী সংস্করণে ইনশাআল্লাহ তা সংশোধন করা হবে। এ সংকলনের উন্নতিকল্পে যে কোনো পরামর্শ ও অভিমত সাদরে গৃহীভ হবে। আমাদের দৃঢ় বিশ্বাস এই সংকলনটি মহাগ্রন্থ আল কুরআনকে আরো নিবিড়ভাবে জানতে পাঠককে উৎসাহিত করবে। কুরআনের অনুপম সৌন্দর্য, মাধুর্য, রস-সুষমা পাঠক/পাঠিকাকে আকৃষ্ট করবে। প্রকৃত জ্ঞানের মূল উৎস পবিত্র কুরআনের যথার্থ নির্দেশনা লাভের মধ্য দিয়ে মুসলিম উম্মাহ তথা মানবজাতি এ পৃথিবীকে একটি শান্তির আবাসভূমিতে পরিণত করতে প্রয়াসী হবে এটাই একান্ত প্রত্যাশা। এই সংকলন যদি এতে কিছুমাত্র ইতিবাচক ভূমিকা রাখতে পারে তবেই আমাদের পরিশ্রম সার্থক হবে।

এই সংকলন প্রকাশনা প্রকল্পের শুরু থেকে ও বিভিন্ন পর্যায়ে যারা আর্থিকভাবে সহযোগিতা করেছেন, পরামর্শ দিয়েছেন, সাহস যুগিয়েছেন তাদের সবার প্রতি আন্তরিক গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আল্লাহ পাক তাঁদের সবাইকে এর বিনিময়ে দুনিয়া ও আখিরাতে উত্তম পুরস্কার দান করুন। "হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের থেকে (এই কাজটি) কবুল করুন। নিশ্চয়ই আপনিই সবশ্রোতা ও সর্বজ্ঞানী"। (আমীন)

ওয়াস্‌সালাম,

মীর লুৎফুল কবীর সা'দী

প্রেসিডেন্ট ও রিসার্চফেলো

ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন (আই.ই.আর.এফ)

২১ রমযান, ১৪৩৩

১০ আগস্ট, ২০১২

মু'জামুল কুরআন প্রকাশনার পটভূমি

পবিত্র কুরআনের মহান শিক্ষাকে বাংলা ভাষাভাষী মানুষের কাছে সহজলভ্য করার একটি মহৎ স্বপ্ন বাস্তবায়নের এ শুভক্ষণে আমরা মহান আল্লাহর দরবারে অগণিত শুকরিয়া আদায় করছি। রাজধানীর নয়া পল্টন জামে মসজিদ কমপ্লেক্স ডা. নূরুল ইসলাম, মোহাম্মদ জাকির হোসাইন ও মুহাম্মদ শামসুদ্দোহা এর উপস্থিতিতে অনুষ্ঠিত এক বৈঠকে পবিত্র কুরআনের শিক্ষা সর্বসাধারণের জন্য উন্মুক্ত করার লক্ষ্যে বাংলা ভাষাভাষী মানুষের জন্য পবিত্র কুরআনের তরজমাসহ একটি পূর্ণাঙ্গ শব্দসূচী (Encyclopedic Index) প্রণয়নের ধারণা উপস্থাপিত হয়। ডা. নূরুল ইসলাম ধারণাটি পেশ করেন ও অন্যরাও এরকম একটি কাজের স্বপ্ন দীর্ঘ দিন যাবত মনে লালন করার কথা ব্যক্ত করেন। এ মহৎ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে পবিত্র কুরআনের একটি মৌলিক ও সহজবোধ্য বাংলা তরজমাসহ একটি পূর্ণাঙ্গ শব্দসূচী (Encyclopedic Index) প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়। প্রয়োজনীয় উপকরণ ও সামর্থ্য ছাড়াই একমাত্র আল্লাহর উপর ভরসা করে নেক নিয়তকে পুঁজি করে ২০০২ সালের ডিসেম্বর মাসে মু'জামুল কুরআন প্রকাশনা প্রকল্পের কাজ শুরু হয়। আলহামদু লিল্লাহ! অনেক চড়াই উৎরাই পেরিয়ে দীর্ঘ প্রায় দশ বছরের পথ পরিক্রমায় মু'জামুল কুরআন আল্লাহ তা'য়ালার মেহেরবাণীতে প্রকাশিত হল। আই.ই.আর.এফ-এর রিসার্চ ফেলো ও পৃষ্ঠপোষকদের কুরআনের প্রতি অগাধ ভালবাসা ও কুরআনের কাজে অর্থ ও সময়ের সর্বোচ্চ কুরবানির ফলেই দীর্ঘ দশ বছর পর্যন্ত প্রকল্পটি ধরে রাখা সম্ভব হয়েছে।

প্রকাশনার এ শুভ সময়ে আমরা আল্লাহ তা'য়ালার কাছে দোয়া করি, তিনি যেন তাঁদেরকে উত্তম প্রতিদান দান করেন। বিশেষ করে তরজমা ও টীকা টীমের সদস্য সর্বজনাব প্রফেসর মো. সাইফুল কবীর ও মিজানুর রহমান ও ইনডেক্স টীমের সদস্য সর্বজনাব নূরুল কাবীর, আবদুল জলিল ও নূরুর রশীদের নাম বিশেষভাবে উল্লেখ করছি যারা দিনের পর দিন তাদের বহু ব্যক্তিগত ও পারিবারিক কার্যক্রম স্থগিত করে প্রয়োজনে সারারাত জেগে অকান্ত পরিশ্রম করে প্রকল্পটি সমাপ্তির পর্যায়ে নিয়ে এসেছেন। তরজমা ও টীকা প্রণয়ন টীমে নিবিড়ভাবে কাজ করার পাশাপাশি মু'জাম টীমের সদস্য হিসেবে এ মহৎ প্রকল্পে কাজ করতে পেরে আমি মহান আল্লাহর শুকরিয়া আদায় করছি। আই.ই.আর.এফ-এর রিসার্চ ফেলো ও বিশিষ্ট সফ্টওয়্যার ইঞ্জিনিয়ার মু'জাম মূল-টীমের অন্যতম সদস্য জনাব রেজাউল হক-এর কথা বিশেষভাবে উল্লেখ করছি যার নিজস্ব উদ্ভাবিত সফ্টওয়্যার না হলে এ পর্যায়ে কাজ সমাপ্ত করা অত্যন্ত কঠিন হত। আল্লাহ তাকে উপযুক্ত পুরস্কার দান করুন। স্মরণ করছি রিসার্চ ফেলো জনাব জাহাঙ্গীর হোসাইনের কথা যিনি প্রকল্পের সূচনা লগ্নে ইনডেক্স-এর কাজটি নিবিড়ভাবে শুরু করেছিলেন। মু'জামুল কুরআনের মহৎ প্রকল্পের দীর্ঘ পথযাত্রায় শুরুতে যারা ছিলেন তাদের সবাই আজ সক্রিয়ভাবে এ কাজের সাথে সংশ্লিষ্ট না থাকলেও অনেকেই শুরু থেকে এ পর্যন্ত সকল পর্যায়ের কাজের সাথে সাধ্যমত অংশগ্রহণ করেছেন। আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালার অশেষ মেহেরবাণীতে এবং তাদের সকলের প্রচেষ্টা ও সহযোগিতায় আজকের এ প্রকাশনা সম্ভব হয়েছে।

মু'জামুল কুরআন প্রকল্পের এ সফল সমাপ্তির সময় আমরা আইইআরএফ-এর প্রেসিডেন্ট মীর লুৎফুল কবীর সা'দীর অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করছি আল্লাহর মেহেবাণীতে যার সার্বিক তত্ত্বাবধানে মহৎ প্রকল্পটির সফল সমাপ্তি সম্ভব হয়েছে। সেই সাথে আই.ই.আর.এফ-এর প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও মু'জাম টীম এর অন্যতম সদস্য ডা. নূরুল ইসলাম প্রকল্পের প্রথমদিকে কয়েক বছর সার্বিক তত্ত্বাবধান করে ও সব সময়ে টীম সদস্যদের অনুপ্রেরণা দিয়ে অত্যন্ত কষ্টসাধ্য কাজ ধৈর্য্যের সাথে এগিয়ে নিতে শক্তি যুগিয়েছেন। আল্লাহ তাঁদেরকে উত্তম বিনিময় দান করুন।

সম্ভব স্বল্পতম সময়ে কাজটি সম্পন্ন করার ব্যাপারে আমাদের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত ছিল তবু এত বড় কাজ আমাদের সীমিত সামর্থ্যের মধ্যে সম্পন্ন করা আল্লাহর মেহেরবাণী ছাড়া কিছুতেই সম্ভব ছিলনা। আমাদের প্রাণপণ প্রচেষ্টার পরও এ গ্রন্থের সংকলনে ভুল ত্রুটি থাকা অস্বাভাবিক নয়। মানবীয় সীমাবদ্ধতার কারণে কোনো অংশে যদি কোনো ধরণের ত্রুটি-বিচ্যুতি পাঠকের নজরে পড়ে তাহলে আমাদের অবহিত করার জন্য একান্ত অনুরোধ করছি। আরো সময় নিয়ে আরো সুন্দরভাবে সম্পাদনা ও পর্যালোচনা করে সংকলনটি প্রকাশের ইচ্ছা আমাদের ছিল। কিন্তু সুধীজনদের পরামর্শের আলোকে দীর্ঘদিন ধরে অপেক্ষায় থাকা আমাদের একান্ত প্রিয় পাঠকদের তাগাদার কথা বিবেচনা করে গ্রন্থটির প্রকাশের উদ্যোগ নেয়া হল। আমাদের ভুল-ত্রুটির জন্য আল্লাহ তা'য়ালার নিকট ক্ষমা প্রার্থনা করছি। ইনশা'আল্লাহ আমাদের সম্পাদনা ও পরিমার্জনের কাজ অব্যাহত থাকবে। আল্লাহ আমাদেরকে তাওফিক দিন। আমীন।

১০ আগস্ট, ২০১২

মু'হাম্মদ শামসুদ্দোহা
মু'জামুল কুরআন টীম প্রধান
ইন্টিগ্রেটেড এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন (আই.ই.আর.এফ)

পবিত্র কুরআনের মর্যাদা

১ মহান আল্লাহ বলেন: এটি সেই কিতাব যার ব্যাপারে কোনো সন্দেহ নেই, (এটি) মুত্তাকীদের জন্য পথনির্দেশিকা। (সূরা আল-বাকারা:আয়াত-২)

২ মহান আল্লাহ বলেন: সূর্য হেলে পড়ার পর থেকে রাতের ঘন অন্ধকার পর্যন্ত সালাত (নামায) কায়েম কর এবং (কায়েম কর) ফজরের কুরআন পাঠ ও (অর্থাৎ সালাতুল ফজর)। নিশ্চয় ফজরের কুরআন পাঠ (সালাতুল ফজর) প্রত্যক্ষ করা হয়। এবং তা সহ (অর্থাৎ কুরআন পাঠসহ) রাতের কিছু অংশে ইবাদতের জন্য উঠ (তাহাজ্জুদ পড়)- তোমার জন্য (অতিরিক্ত) হিসেবে। শীঘ্রই তোমার প্রতিপালক তোমাকে অধিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে (মাকামে মাহ্মুদে)। (সূরা বণী ইসরাঈল: আয়াত৭৮-৭৯)

৩ মহান আল্লাহ বলেন: রমযান মাস তা, যাতে কুরআন অবতীর্ণ করা হয়েছে মানুষের জন্য পথনির্দেশিকা, সঠিক পথের স্পষ্ট প্রমাণ ও ফুরকান (সত্য-মিথ্যার পার্থক্যকারী) হিসেবে, সুতরাং তোমাদের মধ্যে যে এ মাস প্রত্যেক করবে সে যেন এতে রোযা রাখে। তবে যে অসুস্থ হয়ে যাবে অথবা সফরে থাকবে সে অন্য দিনগুলোতে এ সংখ্যা পূর্ণ করবে। আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান এবং তিনি তোমাদের জন্য কঠিন করতে চান না, এবং যাতে তোমরা (রোযার) সংখ্যা পূর্ণ করতে পার এবং যাতে আল্লাহ তোমাদেরকে যে সঠিকপথ প্রদর্শন করেছেন সেজন্য তাঁর শ্রেষ্ঠত্ব ঘোষণা করতে পার এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার। (সূরা বাকারা: আয়াত- ১৮৫)

৪ মহান আল্লাহ বলেন: হে আহলে কিতাব! আমার রাসূল তোমাদের নিকট এসেছে, তোমরা কিতাবে যা গোপন করতে সে তার অনেক কিছু তোমাদের নিকট প্রকাশ করে এবং অনেক বিষয় উপেক্ষা করে। অব্যশই তোমাদের কাছে এসেছে আল্লাহর পক্ষ থেকে এক আলো ও সুস্পষ্ট কিতাব- যার দ্বারা আল্লাহ শান্তির পথ প্রদর্শন করেন তাদেরকে যারা তাঁর সন্তুষ্টির অনুগামী হয় এবং তাঁর ইচ্ছায় তাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে বের করেন এবং তাদেরকে সরল-সঠিক পথে পরিচালিত করেন। (সূরা মায়িদা: আয়াত ১৫-১৬)

৫ মহান আল্লাহ বলেন: এবং এটি একটি কিতাব যা আমি অবতীর্ণ করেছি, এটি বরকতময় এবং এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারী এবং যাতে তুমি সতর্ক করতে পার জনপদসমূহের মা'কে (মক্কার লোকদেরকে) ও যারা আছে এর চারপাশে তাদেরকে। এবং যারা ঈমান আনে আখিরাতের উপর এবং ঈমান আনে এটির উপর এবং তারা তাদের সালাতের (নামাযের) ব্যাপারে যত্নবান। (সূরা আল-আন'আম: আয়াত ৯২)

৬ মহান আল্লাহ বলেন: আর এটি একটি কিতাব যা আমি অবতীর্ণ করেছি, এটি বরকতময়, সুতরাং তোমরা তা অনুসরণ কর এবং (আল্লাহকে) ভয় কর, যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার। (সূরা আল-আন'আম: আয়াত ১৫৫)

৭ মহান আল্লাহ বলেন: এবং তুমি এর (কুরআন) দ্বারা তাদেরকে সতর্ক কর যারা ভয় করে যে, তাদেরকে তাদের প্রতিপালকের দিকে সমবেত করা হবে, যখন তিনি ছাড়া তাদের কোন অভিভাবক ও কোন সুপারিশকারী থাকবে না, যাতে তারা তাকওয়া অবলম্বন করতে পারে। (সূরা আল আন'আম: আয়াত ৫১)

৮ মহান আল্লাহ বলেন: কিন্তু যারা কিতাবকে দৃঢ়ভাবে ধারণ করেছে ও সালাত (নামায) কায়েম করেছে, নিশ্চয় আমি (এরূপ) সংশোধনকারীদের কর্মফল নষ্ট করি না। (সূরা আলা আরাফ: আয়াত ১৭০)

৯ মহান আল্লাহ বলেন: এবং যখন কুরআন পড়া হয় তখন তোমরা মনোযোগ সহকারে শ্রবণ কর এবং চুপ করে থাক যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার। (সূরা আল আরাফ: আয়াত ২০৪)

১০ মহান আল্লাহ বলেন: হে মানুষ! তোমাদের উপর প্রতি তোমাদের প্রতিপালকের কাছ থেকে এসেছে উপদেশ ও তোমাদের বক্ষে (অন্তরে) যা আছে তার নিরাময় এবং মু'মিনদের জন্য পথনির্দেশিকা ও দয়া। বল, 'আল্লাহর অনুগ্রহে ও তাঁর দয়ায় (কুরআন এসেছে), সুতরাং এতে তাদের উৎফুল্ল হওয়া উচিত। তারা যা জমা করে রাখে তার চেয়ে এটা উত্তম।' (সূরা ইউনুস: আয়াত ৫৭-৫৮)

১১ মহান আল্লাহ বলেন: আলিফ-লাম-রা। এটি একটি কিতাব যা আমি তেমার প্রতি অবতীর্ণ করেছি যাতে তুমি মানুষকে তাদের প্রতিপালকের ইচ্ছায় বের করতে পার অন্ধকার থেকে আলোর দিকে, তাঁর পথের দিকে, যিনি মহাপ্রতাপশালী ও অতি প্রশংসনীয়। (সূরা ইবরাহীম: আয়াত-১)

১২ মহান আল্লাহ বলেন: এবং তুমি যখন কুরআন পাঠ কর তখন আমি তোমার মাঝে এবং যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের মাঝে প্রচ্ছন্ন পর্দা টেনে দেই- আমি তাদের হৃদয়ের উপর তৈরী করেছি যাতে তারা তা বুঝতে না পারে এবং তাদের কানে রয়েছে বধিরতা। এবং যখন তুমি কুরআনে একা তোমার প্রতিপালকের উল্লেখ কর তখন তারা ঘৃণাভরে পৃষ্ঠপ্রদর্শন করে। (সূরা বনী ইসরাঈল: আয়াত- ৪৫-৪৬)

১৩ মহান আল্লাহ বলেন: এবং আমি কুরআন অবতীর্ণ করি, যা মু'মিনদের জন্য আরোগ্য ও দয়া, আর তা জালিমদের জন্য ক্ষতি ছাড়া কিছুই বৃদ্ধি করে না। (সূরা বনী ইসরাঈল: আয়াত-৮২)

১৪ মহান আল্লাহ বলেন: আল্লাহ অবতীর্ণ করেছেন সর্বোত্তম কথা- সাদৃশপূর্ণ, বরাবর পঠিত কিতাবরূপে। এতে যারা তাদের প্রতিপালককে ভয় করে তাদের ত্বক কেঁপে ওঠে, এরপর তাদের ত্বক ও হৃদয় আল্লাহর স্মরণে নরম হয়। এটা আল্লাহর পথনির্দেশিকা, তিনি এর মাধ্যমে যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথপ্রদর্শক নেই। (সূরা আয্-যুমার: আয়াত-২৩)

১৫ মহান আল্লাহ বলেন: এবং এভাবেই আমি তোমার প্রতি ওহী করেছি আমার নির্দেশ সম্বলিত এক রূহ (কুরআন)। তুমি জানতে না কিতাব ও ঈমান কী, কিন্তু আমি একে বানিয়েছি আলো যা দ্বারা আমি আমার বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করি সঠিক পথ প্রদর্শন করি। এবং (এর দ্বারা) নিশ্চয় তুমি অবশ্যই পরিচালিত কর সরল-সঠিক পথে। (সূর আশ–শূরা: আয়াত ৫২)

১৬ মহান আল্লাহ বলেন: যদি আমি এ কুরআনকে পর্বতের উপর অবতীর্ণ করতাম তাহলে অবশ্যই তুমি তাকে আল্লাহর ভয়ে বিনীত ও বিদীর্ণ দেখতে পেতে। এবং আমি এ উপমাসমূহ পেশ করি মানুষের জন্য, যাতে তারা চিন্তা করতে পারে। (সূরা আল হাশর: আয়াত ২১)

১৭ মহান আল্লাহ বলেন: নিশ্চয় আমি তা (কুরআন) অবতীর্ণ করেছি কদরের রাতে, আর কিসে তোমাকে জানাবে কদরের রাত কী? (সূরা আল কদর: আয়াত ১-২)

১৮ মহান আল্লাহ বলেন: আল্লাহর পক্ষ থেকে একজন রাসূল, যে পাঠ করবে পবিত্র সহিফাসমূহ- যাতে থাকবে সঠিক বিধানাবলী। (সূরা আল বায়্যিনাহ: আয়াত ২-৩)

১৯ মহান আল্লাহ বলেন: নিশ্চয় আমিই যিকির (কুরআন) অবতীর্ণ করেছি এবং নিশ্চয় আমি অবশ্যই এর সংরক্ষণকারী। (সূরা আল হিজর: আয়াত-৯)

২০ হযরত উসমান (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, তোমাদের মধ্যে সে ব্যক্তি সর্বোত্তম যে কুরআনের জ্ঞান অর্জন করে ও তা অন্যকে শিক্ষা দান করে। (সহীহ বুখারী)

২১ হযরত আবু উসামা (রা.) বলেন, আমি রাসূল (সা.) কে বলতে শুনেছি ''তোমরা কুরআন পড় কেননা কিয়ামতের দিন কুরআন তার সাথীদের পক্ষে শাফায়াতকারী হিসেবে উপস্থিত হবে''। (সহীহ মুসলিম)

২২ হযরত আয়েশা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, যে ব্যক্তি কুরআন পড়ে কিন্তু পড়তে যেয়ে সে তোতলায় ও তার কষ্ট হয় তবে তার জন্য রয়েছে দু'টি পুরস্কার (অর্থাৎ ভাল পড়তে না পারা সত্ত্বেও আন্তরিক চেষ্টা করার কারনে)। (সহীহ বুখারী ও মুসলিম)

২৩ হযরত ওমর ইবনে খাত্তব (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন; এই কুরআনের মাধ্যমে আল্লাহ বহুজাতির উন্নতি দান করেন আবার এর মাধ্যমে অন্য জাতির অবনতি ঘটান। (সহীহ মুসলিম)

২৪ হযরত ইবনে আব্বাস থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, যার পেটে কুরআনের কিছুই নেই সে পরিত্যক্ত (বিরান) বাড়ির মত। (তিবরানী)

২৫ হযরত আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রা.) নবী করীম (সা.) থেকে বর্ণনা করে বলেন, রাসূল (সা.) বলেছেন, কিয়ামতের দিন কুরআনের সাথীদের (কুরআনের পাঠক ও তদনুযায়ী আমলকারীদের) বলা হবে তুমি কুরআন পড় আর জান্নাতের উপরের দিকে উঠতে থাক এবং স্পষ্টভাবে ধীরে ধীরে পড় যেভাবে তুমি দুনিয়ায় পাঠ করতে। তোমার পড়া যে আয়াতে শেষ হবে সেখানেই তোমার থাকার অবস্থান। (আবু দাউদ ও তিরমিযী)

২৬ হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (র.) বলেন, নবী করিম (সা.) বলেছেন, আল্লাহর কিতাব যে ব্যক্তি সকলের মধ্যে ভাল পড়তে পারবে সেই তোমাদের ইমামতি করবে বা নেতৃত্ব দেবে। (সহীহ মুসলিম)

২৭ হযরত ইমরান ইবনে হাসীন (রা.) থেকে বর্ণিত, তিনি এক ব্যক্তিকে দেখলেন যে, কুরআন পড়েছে অতঃপর সাহায্য চাচ্ছে তখন তিনি (ইমরান ইবনে হাসীন) বললেন, আমি রাসূল (সা.) বলতে শুনেছি, যে ব্যক্তি কুরআন পড়বে তার উচিৎ আল্লাহর কাছে প্রার্থনা করা কেননা ভবিষ্যতে এমন এক দল লোক আসবে তারা কুরআন পড়বে এবং তার বিনিময়ে মানুষের কাছে সাহায্য প্রার্থনা করবে। (তিরমিযী)

মু'জামুল কুরআন তরজমার বিশেষত্ব

১ মু'জামুল কুরআন-এর তরজমাতে পবিত্র কুরআনের মূল টেক্সট-এর প্রতিটি শব্দের অর্থ সন্নিবিশিত করার চেষ্টা করা হয়েছে। সেই সাথে মৌলিক বাক্যবিন্যাস ও কুরআনের নিজস্ব প্রকাশভঙ্গির স্বকীয়তা বজায় রাখার চেষ্টা করা হয়েছে। তরজমায় প্রতিটি শব্দের অর্থ থাকায় এর পূর্ণাঙ্গ ইনডেক্স (Encyclopedic Index) প্রণয়ন করা সহজ হয়েছে।

২ আরবি ও বাংলা ভাষার বাক্যগঠন ও প্রকাশরীতি আলাদা। একটি বাক্যে ভাবপ্রকাশের জন্য আরবি ভাষায় যে কয়টি শব্দ ব্যবহৃত হয়, ঐ একই ভাব প্রকাশের জন্য বাংলা বাক্যে কিছু শব্দ বেশি বা কম ব্যবহার করতে হয়। তাছাড়া বাংলার তুলনায় আরবি ভাষায় সর্বনাম (ضمائر) এর ব্যবহার খুব বেশি। এসব কারণে তরজমার মধ্যে প্রয়োজন অনুযায়ী ব্রাকেট ব্যবহার করা হয়েছে। মূল টেক্সট-এ নেই এমন শব্দগুলোকে ব্রাকেটের মধ্যে রাখা হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে ব্রাকেটের পূর্ববর্তী শব্দের অর্থ আরো স্পষ্ট করার জন্য অথবা তরজমার গতিশীলতার জন্য ব্রাকেটটি ব্যবহার করা হয়েছে। উল্লেখ্য, কোনো নির্ভরযোগ্য এক বা একাধিক তাফসিরের আলোকেই এরূপ ব্রাকেট দেয়া হয়েছে।

৩ যেখানে কোনো আয়াতের বিভিন্ন তাফসির রয়েছে সেখানে যে তাফসিরটি আয়াতের পূর্বাপর প্রসঙ্গের সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ সে আলোকেই সংশ্লিষ্ট আয়াতের তরজমা করা হয়েছে।

৪ প্রতিটি শব্দ যথাযথ তাহকিক করার পরই তরজমা করার চেষ্টা করা হয়েছে। এক্ষেত্রে নির্ভরযোগ্য বিখ্যাত আরবি অভিধানসমূহ; যেমন: লিসানুল আরাব, আল মুফরাদাত, মু'জামুল ওয়াসিত, আল মাউরিদ, আধুনিক বাংলা আরবি অভিধান (ড. ফজলুর রহমান) ইত্যাদি অভিধানের সাহায্য নেয়া হয়েছে। এক্ষেত্রে মৌলিক তাফসির গ্রন্থাবলি (أمهات التفاسير) এর সাহায্যও নেয়া হয়েছে। বিশেষ করে, আরবি ভাষায় কোন শব্দ কোন বাক্যে কী অর্থে ব্যবহৃত হয়েছে তা উপরোক্ত সহায়ক গ্রন্থ থেকে নিশ্চিত হওয়ার চেষ্টা করা হয়েছে। তাছাড়া শব্দের অর্থ চয়ন করার ক্ষেত্রে পবিত্র কুরআনে সংশ্লিষ্ট শব্দটি কতবার, কোন প্রসঙ্গে, কীভাবে ব্যবহৃত হয়েছে তা দেখা হয়েছে। এভাবে ব্যবহৃত শব্দের যথার্থ অর্থ করার চেষ্টা করা হয়েছে।

৫ সংশ্লিষ্ট আয়াতে আরবি ব্যাকরণগত দিক নিশ্চিত হওয়ার জন্য উস্তায মহিউদ্দিন দারভিশ প্রণীত 'ই'রাবুল কুরআনিল কারিম ওয়া বায়ানুহু, তাফসিরে বায়যাভী, তাফসীরে কাশশাফ, তাফসীরে কুরতুবী, ফাতহুল কাদীরসহ অন্যান্য মৌলিক তাফসির গ্রন্থাবলিতে বর্ণিত ব্যকরণগত বিশ্লেষণের সাহায্য নেয়া হয়েছে।

৬ কুরআনের মূল টেক্সট-এ যে শব্দটি বহুবচন ব্যবহৃত হয়েছে সঠিক মর্ম প্রকাশের স্বার্থে বাংলা তরজমায়ও বহুবচন লেখা হয়েছে। যেমন: জান্নাতসমূহ, আবাসসমূহ ইত্যাদি। যদিও বাংলা ভাষায় ঐসব ক্ষেত্রে বহুবচন ব্যবহারের প্রয়োজন নেই। এতে কোনো কোনো ক্ষেত্রে বাহুল্য মনে হতে পারে, কিন্তু সঠিক ভাব প্রকাশের জন্যই এরূপ করা হয়েছে।

৭ বাংলায় সঠিক ভাব প্রকাশের জন্য কোনো বিশেষ্যের একাধিক বিশেষণ (صفة) এবং বাক্যের উদ্দেশ্য (مبتدأ) এর একাধিক বিধেয় (خبر) থাকার ক্ষেত্রে "ও" ব্যবহার করা হয়েছে। যেমন নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু, অসীম করুণাময় ও পরম দয়ালু ইত্যাদি।

৮ কুরআনের মূল টেক্সট-এ যেসব যতিচিহ্ন ব্যবহার করা হয়েছে তার আলোকে বাংলা ভাষার যতিচিহ্ন যেমন, দাড়ি, কমা, হাইফেন, ইনভার্টেড কমা ইত্যাদি) ব্যবহার করা হয়েছে। বিশেষ করে, কোনো আয়াতের প্রসঙ্গ শেষ না হয়ে তা পরবর্তী আয়াতে অব্যাহত থাকলে পূর্ববর্তী আয়াতের শেষে হাইফেন (-) চিহ্নটি ব্যবহার করা হয়েছে।

৯ কোথাও তরজমার ভাষাতে ছন্দপতন মনে হতে পারে। মূলত কুরআনের মূল টেক্সট-এ যেভাবে বলা হয়েছে তার স্বকীয়তা বজায় রাখতে গিয়ে এরূপ হয়েছে।

১০ বাংলা ভাষায় বর্তমানে প্রচলিত তরজমার সাথে এ তরজমা কুরআনের স্বকীয়তা বজায় রাখার কারণে অনেক ক্ষেত্রে স্বতন্ত্র ও ভিন্নধর্মী হয়েছে।

১১ এই তরজমা যথাসম্ভব সঠিকভাবে সম্পাদনার জন্য প্রাচীন ও আধুনিক প্রায় অর্ধশত তাফসীরের সাহায্য নেয়া হয়েছে। এর মধ্যে কিছু উল্লেখযোগ্য তাফসীর হল:

মৌলিক তাফসির গ্রন্থাবলি (أُمَّهَاتُ التَّفَاسِيْر)

(১) জামিউল বায়ান ফি তাফসীরিল কুরআন, ঈমাম আত্ তাবারী।
(২) তাফসীর আল-কাশশাফ, আল্লামা যামাখশারী।
(৩) আত্তাফসীরুল কাবীর, ঈমাম ফখরুদ্দীন আর্ রাযী।
(৪) আলজামি' লি আহকামিল কুরআন, ঈমাম কুরতুবী।
(৫) তাফসীরুল কুরআনীল আযীম, ইবনে কাছীর।
(৬) আনওয়ারুত তানযীল ওয়া আসরারুল তা'বীল, ঈমাম বায়দাভী।
(৭) তাফসীর জালালাইন, আল্লামা জালালুদ্দীন মুহাল্লী ও জালালুদ্দীন সুয়ূতী।
(৮) ফাতহুল কাদীর, আল্লামা শাওকানী।

আধুনিক তাফসির (التَّفَاسِيْرُ الْحَدِيْثَة)

(১) আততাহ্রীর ওয়াত তানভীর, ইবনে আশুর।
(২) তাফসীর খাওয়াতির মুহাম্মদ আশশা'রাভী, শাইখ মুতাওয়াল্লী আশশা'রাভী।
(৩) আল ওয়াসিত ফি তাফসীরিল কুরআনিল কারীম, শাইখ তানতাভী।
(৪) ফি যিলালিল কুরআন, সাইয়েদ কুতুব।
(৫) তাফসীরে রূহুল মায়ানী, আল্লামা আলূসী।
(৬) আদওয়াউল বায়ান ফি তাফসীরিল কুরআনি বিল কুরআন, আল্লামা শানকীত্বি।
(৭) তাফসীরুল মানার, আল্লামা সাইয়্যেদ রশীদ রেজা।

অন্যান্য

(১) তাফসীরে মা'আরিফুল কুরআন, শাইখ ইদরিস কান্দলভি।
(২) ছাফওয়াতুত তাফাসীর, শাইখ মুহাম্মদ আলী ছাবুনী।
(৩) তাইসীরুত তাফসীর, শাইখ আল কাত্তান।
(৪) তাইসীরুত তাফসীর আত তুফাইশ।
(৫) আল মুলতাখাব ফি তাফসীরিল কুরআন, লাজনাতুল কুরআন ওয়াস সুন্নাহ।
(৬) আল ওয়াজীয, আল্লামা আল ওয়াহেদী।
(৭) তাফহীমুল কুরআন, সাইয়েদ আবুল আলা মওদুদী।
(৮) আল-কুরআনুল কারীম, ইসলামিক ফাউণ্ডেশন, ঢাকা।
(৯) মানব দিশারী কুরআন মাজীদ, মাওলানা মীর আব্দুস সালাম, মীর প্রকাশন/খোশরোজ কিতাব মহল, ঢাকা।

ইংরেজি অনুবাদঃ

1. The Qur'an, Arabic Text with Corresponding English Meaning, English revised and edited by Saheeh International, Jeddah, Saudi Arabia. published by Abul Qasem Publisher's House, Jeddah, 1442, Saudi Arabia.

2. A word for word meaning of the Qur'an, By Mohammad Mohar Ali, published by Jamiaa Ihyaa Minhaaj Al-sunnah, London, UK.

3. The Noble Qur'an by Dr. Muhammad Taqi-ud-Din Al-Hilali and Dr. Muhammad Muhsin Khan, Islamic University Al-Madinah Al-Munawarah, Published by Darussalam Publishers, Riyadh, Saudi Arabia.

প্রথম অধ্যায়

পবিত্র কুরআনের পূর্ণাঙ্গ শব্দসূচী



ENCYCLOPEDIC INDEX OF THE HOLY QUR'AN

মু'জামুল কুরআন এর ইনডেক্স ব্যবহারের নিয়মাবলি

১ যে সমস্ত সম্মানিত পাঠক পবিত্র কুরআন থেকে কোনো শব্দ বা বিষয় সংশ্লিষ্ট আয়াত খুঁজে বের করতে চান তারা মু'জামুল কুরআনের প্রথমাংশে প্রদত্ত ইনডেক্স এর মাধ্যমে সহজেই কাঙ্ক্ষিত শব্দটি/ বিষয়টি পবিত্র কুরআনে কতবার কোন কোন সূরার কোন কোন আয়াতে বর্ণিত হয়েছে তা আরবি টেক্সট ও বাংলা অর্থসহ খুব কম সময়ের মধ্যে পেয়ে যাবেন ।

২ ইনডেক্সে উল্লেখিত বিষয়গুলো/শব্দগুলো বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে এবং সংশ্লিষ্ট প্রসঙ্গসমূহকেও বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে। এক্ষেত্রে বাংলা একাডেমির বাংলা অভিধানের বর্ণবিন্যাসের ক্রম অনুসরণ করা হয়েছে। যেমন: অ, আ, ই, ঈ, উ,.... (পরবর্তী পৃষ্ঠায় দেখুন)।

৩ এই ইনডেক্সে পবিত্র কুরআনে বর্ণিত প্রতিটি বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াবাচক শব্দ উল্লেখ করার চেষ্টা করা হয়েছে। এখানে সর্বনাম, অব্যয় এ জাতীয় শব্দাবলি ইনডেক্স অন্তর্ভুক্ত করা হয়নি।

৪ পবিত্র কুরআনে বর্ণিত কোন শব্দ/বিষয় সংশ্লিষ্ট আয়াত খুঁজে বের করতে হলে ঐ বিষয়টির প্রথম অক্ষর ধরে ইনডেক্সে ঐ অক্ষরে যান, সহজে পেয়ে যাবেন। উদাহরণস্বরূপ, আপনি যদি "ইবরাহীম আ. এর কুরবানী", "কুরআন নিয়ে চিন্তা/গবেষণা", "সমুদ্র বিভক্তিকরণ", "কসর নামাজ", "যাকাতের খাত", "কদরের রাত", "দাউদ আ. এর বিচার" ইত্যাদি শব্দ/বিষয় খুঁজে বের করতে চান তাহলে "ইবরাহীম আ. এর কুরবানী" বিষয়টি পাওয়ার জন্য ইনডেক্সে 'ই' অক্ষর দেখুন, ইবরাহীম পাবেন, এরপর ইবরাহীম আ. শব্দের অধীনে 'ক' তে গিয়ে কুরবানী দেখুন। এভাবে আপনি ইবরাহীম আ. এর কুরবানীসহ হযরত ইবরাহীম সম্পর্কে পবিত্র কুরআনে বর্ণিত সকল তথ্য পাবেন। আবার, ইনডেক্স এর 'ক' তে গিয়ে কুরবানী পাবেন এবং তার অধীনে 'ই' তে ইবরাহীম আ. পাবেন; এভাবে ইবরাহীম আ. এর কুরবানীসহ পবিত্র কুরআনে বর্ণিত কুরবানী সম্পর্কিত সকল তথ্য পাবেন। অনুরূপভাবে "কসর নামাজ" খুজতে গিয়ে ইনডেক্স এর 'ক' তে কসর নামাজ অথবা 'ন' তে নামাজের বা 'স' তে সালাতের অধীনে "কসর নামাজ" পাবেন। একইভাবে "সমুদ্র বিভক্তিকরণ" খুঁজতে গিয়ে ইনডেক্স এর 'স' তে "সমুদ্র" এবং এ সমুদ্রের অধীনে "বিভক্তিকরণ" শব্দটি পাবেন; আবার, 'ব' তে "বিভক্তিকরণ" এর অধীনেও 'সমুদ্র বিভক্তিকরণ' পাবেন। এভাবে একবার অভ্যস্ত হলে, এই ইনডেক্স থেকে পবিত্র কুরআনে বর্ণিত যাবতীয় বিষয় আপনি সহজে খুঁজে পাবেন ইনশাআল্লাহ।

৫ পবিত্র কুরআনের নতুন ও অভিজ্ঞ সব ধরনের পাঠক আরবী ভাষা না জেনেও এই মুজামের শুরুতে প্রদত্ত ইনডেক্স থেকে তার কাঙ্ক্ষিত বিষয়টি সহজে খুঁজে পেতে পারেন, যদি সেটা পবিত্র কুরআনে বর্ণিত হয়ে থাকে।

৬ এই ইনডেক্স যেহেতু পবিত্র কুরআনের বাংলা অনুবাদের ভিত্তিতে করা হয়েছে তাই এতে কোন কোন আরবি পরিভাষা সরাসরি নাও পাওয়া যেতে পারে। সেক্ষেত্রে উক্ত পরিভাষার বাংলা অর্থ অনুসারে শব্দটি খুঁজে পাওয়া যেতে পারে। যেমন- "তাকওয়া" শব্দটি যদি 'ত' এর অধীনে পাওয়া না যায় তাহলে "তাকওয়া" শব্দের বাংলা অর্থ "ভয়" এর অধীনে খুঁজে পাবেন।

৭ আরবি শব্দ ব্যবহারে অভ্যস্ত পাঠক বিশেষ করে সম্মানিত উলামায়ে কেরাম Index-এ তার কাঙ্ক্ষিত কোনো বিষয়/শব্দ না পেলে এই গ্রন্থের শেষে পরিশিষ্ট-২ এ প্রদত্ত আরবি শব্দার্থের তালিকা থেকে তার কাঙ্ক্ষিত বাংলা শব্দ/বিষয়টি দেখে নিন। অতঃপর Index-এ অনুসন্ধান করুন, পেয়ে যাবেন ইনশাআল্লাহ।

বাংলা বর্ণমালা

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ
ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড
ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য
র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ

এ গ্রন্থে ব্যবহৃত বাংলা বর্ণমালার ক্রম

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ
ও ঔ ং ঃ ঁ ক ক্ক ক্ট ক্ত
ক্ম ক্র ক্ষ ক্স খ গ গ্ধ ঘ
ঙ ঙ্ক ঙ্গ চ ছ জ জ্জ জ্ঞ ঝ
ঞ ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ ট ট্ট ঠ ড
ড্ড ড় ঢ ঢ় ণ ণ্ট ণ্ঠ ণ্ড ত
ত্ত ৎ থ ত্র থ দ দ্দ দ্ধ দ্ব
ন্ড্র দ্ম ধ ন ন্থ ন্ধ প প্ট প্ত
প্প প্ল প্স ফ ব জ ব্দ ব্ধ
ভ ভ্র ম ম্ভ ম্ম য য্য য় র
ল ল্ক ল্গ ল্ট ল্ড ল্প ল্ল শ শ্চ
শ্ন শ্ব শ্ল ষ ষ্ট ষ্ঠ ষ্ণ স স্ট
স্থ স্ফ হ হ্ন হ্ম

পবিত্র কুরআনের পূর্ণাঙ্গ শব্দসূচী (বাংলা বর্ণমালার ক্রমানুসারে)
Encyclopedic Index of the Holy Quran

শব্দ বিষয়/প্রসঙ্গ	সূরা নং ও নাম	আয়াত নং	পৃষ্ঠা
অংশ			
অর্জনে অংশ আছে তাদের, যারা অর্জন করেছে...	২-বাক্বারা	২০২	৫২৩
অর্ধাংশ (১/২) সম্পদ পাবে- কন্যা যদি ...	৪-নিসা	১১	৫৫৭
অর্ধাংশ (১/২) সম্পদ পাবে স্বামীরা, যদি ...	৪-নিসা	১২	৫৫৮
অর্ধেক অংশ (এক নারীর অংশ পুরুষের অর্ধেক অংশের সমান)	৪-নিসা	১৭৬	৫৭৯
আকাশসমূহে শরীকদের কোন অংশ আছে কি?	৩৫-ফাতির	৪০	৮৪৯
আখিরাতে অংশ নেই তাদের জন্য যারা কেবল দুনিয়াতে...	২-বাক্বারা	২০০	৫২২
আখিরাতে কোন অংশ দিতে চান না আল্লাহ (কাফিরদেরকে)	৩-আলে ইমরান	১৭৬	৫৫৩
আখিরাতে অংশ নেই যাদের	৩-আলে ইমরান	৭৭	৫৪৩
আখিরাতে অংশ নেই (যে দুনিয়ার ফসল চায়)	৪২-শূরা	২০	৮৯৩
আল্লাহর জন্য অংশ নির্ধারণ, মুশরিকদের (শস্য ও গবাদি পশুর)	৬-আন্'আম	১৩৬	৬০৯
উপদেশের অংশ বিশেষ ভুলে গেছে বনী ইসরাইলরা	৫-মায়িদা	১৩	৫৮২
উপদেশের একটি অংশ ভুলে গেছে নাসারারা	৫-মায়িদা	১৪	৫৮২
এক-তৃতীয়াংশ (১/৩) সম্পদ পাবে ভাই/বোন, যদি ...	৪-নিসা	১২	৫৫৮
এক-তৃতীয়াংশ (১/৩) সম্পদ পাবেন মা, যদি ...	৪-নিসা	১১	৫৫৭
এক-অষ্টমাংশ (১/৮) সম্পদ স্ত্রীরা পাবে, যদি ...	৪-নিসা	১২	৫৫৮
এক-চতুর্থাংশ (১/৪) সম্পদ পাবে স্ত্রী, যদি ...	৪-নিসা	১২	৫৫৮
এক-চতুর্থাংশ (১/৪) (সম্পদে) স্ত্রীর পরিত্যাক্ত সম্পদ-প্রসঙ্গ	৪-নিসা	১২	৫৫৮
একদিনের কিছু অংশ পৃথিবীতে অবস্থান, পথভ্রষ্টরা বলবে...	২৩-মু'মিনূন	১১৩	৭৭৩
এক-ষষ্ঠাংশ (১/৬) সম্পদ পাবেন মা, যদি ...	৪-নিসা	১১	৫৫৭
এক-ষষ্ঠাংশ (১/৬) সম্পদ পাবে ভাই/বোন, যদি ...	৪-নিসা	১২	৫৫৮
কন্যার অংশ (পিতার সম্পদে)- পুত্রের অর্ধেক	৪-নিসা	১১	৫৫৭
কিতাবের অংশবিশেষে ঈমান আনা (বনী ইসরাঈল প্রসঙ্গ)	২-বাক্বারা	৮৫	৫১০
কিতাবের কিছু অংশ দেয়ার পরও পথভ্রষ্টতা ক্রয় করা প্রসঙ্গ	৪-নিসা	৪৪	৫৬২
কিতাবের অংশ প্রদান করা হয়েছে যাদেরকে তাদেরকে দেখা	৩-আলে ইমরান	২৩	৫৩৮
কিতাবের অংশবিশেষ প্রদানের পরও প্রতিমা ও তাগুতে বিশ্বাস	৪-নিসা	৫১	৫৬৩
কিতাবের অংশ বিশেষে ঈমান না আনা (বনী ইসরাঈল প্রসঙ্গ)	২-বাক্বারা	৮৫	৫১০
গাভীর অংশবিশেষ দিয়ে নিহত ব্যক্তিকে আঘাত করা প্রসঙ্গ	২-বাক্বারা	৭৩	৫০৮
জাহান্নামীদের এক এক অংশ এক এক দরজার জন্য বণ্টিত...	১৫-হিজর	৪৪	৭০০
দয়া থেকে দু'টি অংশ দান করবেন আল্লাহ মু'মিনদেরকে	৫৭-হাদীদ	২৮	৯৫১
দিনের কিছু অংশ গুহায় অবস্থান! (আসহাবে কাহাফের ধারণা)	১৮-কাহাফ	১৯	৭২৫
দিনের কিছু অংশ অবস্থানের ধারণা! (উযায়ের প্রসঙ্গ)	২-বাক্বারা	২৫৯	৫৩১
দিনের কিছু অংশ অবস্থান গুহায় (আসহাবে কাহফের ধারণা)	১৮-কাহ্‌ফ	১৯	৭২৫
দুই-তৃতীয়াংশ (২/৩) সম্পদ কন্যা পাবে যদি...	৪-নিসা	১১	৫৫৭
নারীর অংশ (পিতামাতা/আত্মীয়-স্বজনের রেখে যাওয়া সম্পদে)	৪-নিসা	৭	৫৫৭
নারীর অংশ পুরুষের অর্ধেক অংশের সমান (কালালাহ প্রসঙ্গ)	৪-নিসা	১৭৬	৫৭৯
নারীর জন্য অংশ রয়েছে যা তারা পায়/অর্জন করে তাতে	৪-নিসা	৩২	৫৬১
নির্ধারিত অংশ (পরিত্যক্ত সম্পদে নারী-পুরুষের নির্ধারিত অংশ)	৪-নিসা	৭	৫৫৭
পাখির বিভিন্ন অংশ ইবরাহীম কর্তৃক বিভিন্ন পাহাড়ে রাখা	২-বাক্বারা	২৬০	৫৩১
পিতা-মাতা প্রত্যেকের জন্য এক-ষষ্ঠাংশ (১/৬) যদি...	৪-নিসা	১১	৫৫৭
পুরুষের জন্য অংশ রয়েছে যা তারা পায়/অর্জন করে তাতে	৪-নিসা	৩২	৫৬১
পুরুষের জন্য দুই নারীর অংশের সমান অংশ	৪-নিসা	১১	৫৫৭
পুরুষের অংশ দুই নারীর অংশের সমান (কালালাহ প্রসঙ্গ)	৪-নিসা	১৭৬	৫৭৯
পুরুষের অংশ(পিতামাতা/আত্মীয়-স্বজনের রেখে যাওয়া সম্পদে)	৪-নিসা	৭	৫৫৭
প্রত্যেক দলের একটি অংশ বের হবে দ্বীনের গভীর জ্ঞান অর্জনে...	৯-তাওবা	১২২	৬৫৩
প্রদান(যাদের সাথে অঙ্গীকার দৃঢ় হয়েছে তাদের অংশ প্রদান)	৪-নিসা	৩৩	৫৬১
ফসলের অংশ আখিরাতে পাবে না (যে দুনিয়ার ফসল চায়)	৪২-শূরা	২০	৮৯৩
বান্দাদের নির্দিষ্ট অংশকে শয়তান তার অনুসারী করবে	৪-নিসা	১১৮	৫৭২
ভাই/বোনের অংশ (ভাই/বোনের সম্পদে)- এক ষষ্ঠাংশ- যদি...	৪-নিসা	১২	৫৫৮
ভাল সুপারিশের ফলের অংশ পাবে (ভাল সুপারিশ করলে)	৪-নিসা	৮৫	৫৬৭
ভুলে যাওয়া নিষেধ (নিজের অংশ)	২৮-কাসাস	৭৭	৮১৪
মুমিন নারী ও পুরুষ একে অপরের অংশ (দাসীকে বিয়ে প্রসঙ্গ)	৪-নিসা	২৫	৫৬০

শব্দ বিষয়/প্রসঙ্গ	সূরা নং ও নাম	আয়াত নং	পৃষ্ঠা
মুনাফিক নারীপুরষ পরস্পরের অংশ	৯-তাওবা	৬৭	৬৪৭
রাজত্বের অংশ না থাকা (আহলে কিতাব প্রসঙ্গ)	৪-নিসা	৫৩	৫৬৩
রাতের বিভিন্ন অংশে দাঁড়িয়ে আনুগত্য প্রকাশ (তাহাজ্জুদ)	৩৯-যুমার	৯	৮৭২
রাতের কিছু অংশে প্রতিপালকের পবিত্রতা ঘোষণার নির্দেশ	২০-ত্বা-হা	১৩০	৭৪৯
রাতের কোন এক অংশে লূতকে সপরিবারে বের হওয়ার নির্দেশ	১৫-হিজর	৬৫	৭০১
রিযিকের অংশবিশেষ মিথ্যা উপাস্যের জন্য নির্ধারণ (মুশরিকদের)	১৬-নাহ্‌ল	৫৬	৭০৭
রিযিকের অংশ পৌঁছবে দুনিয়ার জীবনে, তাদের নিকট যারা...	৭-আ'রাফ	৩৭	৬১৬
শাস্তির অংশ রয়েছে তাদের জন্য যারা জুলুম করেছে	৫১-যারিয়াত	৫৯	৯২৮
শাস্তির (মুশরিকদের প্রাপ্য শাস্তির অংশ পুরোপুরি দিবেন আল্লাহ)	১১-হূদ	১০৯	৬৭৫
সম্পদের অংশ গ্রাস করার জন্য বিচারকের নিকট পেশ...	২-বাক্বারা	১৮৮	৫২১
সাথীদের ন্যায় জালিমদেরও শাস্তির অংশ রয়েছে	৫১-যারিয়াত	৫৯	৯২৮
স্ত্রীর অংশ স্বামীর সম্পদে (এক চতুর্থাংশ, এক-অষ্টমাংশ) যদি...	৪-নিসা	১২	৫৫৮
স্বামীর অংশ স্ত্রীর সম্পদে (অর্ধাংশ, এক-চতুর্থাংশ) যদি...	৪-নিসা	১২	৫৫৮
অংশ (কোন এক সময়)			
রাতের কোন অংশে বের হয়ে যাওয়ার পরামর্শ (লূতকে)	১১-হূদ	৮১	৬৭৩
অংশ নেয়া			
যুদ্ধে (মুনাফিকরা যুদ্ধে সামান্যই অংশ নেয়,খন্দক প্রসঙ্গ)	৩৩-আহযাব	১৮	৮৩৪
অংশ (প্রতিদান)			
আখিরাতে অংশ নেই (জাদু শিক্ষাকারীর)	২-বাক্বারা	১০২	৫১২
অংশ/ভাগ			
স্থলভাগ ধ্বসিয়ে দেয়ার ব্যাপারে কি মুশরিকরা নিরাপদ?	১৭-ইস্‌রা	৬৮	৭২০
অংশ (মোহর)			
নির্ধারিত মোহরের অর্ধেক দিতে হবে, যদি স্পর্শ...	২-বাক্বারা	২৩৭	৫২৭
নির্ধারণ (মোহর নির্ধারণের পূর্বে স্ত্রীকে তালাক দেয়া...)	২-বাক্বারা	২৩৬	৫২৭
অংশ (সন্তান)			
আল্লাহর অংশ বানানো! (আল্লাহর বান্দাদের কতককে)	৪৩-যুখরুফ	১৫	৮৯৭
অংশীদার (আরো দেখুন শরীক শব্দটি)			
জুলুম (অংশীদারদের অনেকে একে অন্যের উপর জুলুম করে)	৩৮-সোয়াদ	২৪	৮৬৭
পশুর মৃত বাচ্চার অংশীদার হওয়া সম্পর্কে মুশরিকদের ভুল ধারণা	৬-আন্'আম	১৩৯	৬০৯
মূসার কাজে হারুনকে অংশীদার বানানোর দোয়া ...	২০-ত্বা-হা	৩২	৭৪২
শাস্তিতে অংশীদার হবে (শয়তান ও আল্লাহবিমুখ লোক)	৪৩-যুখরুফ	৩৯	৮৯৮
শাস্তিতে অংশীদার হবে জালিম নেতা ও সহচররা (কিয়ামতে)	৩৭-সাফ্‌ফাত	৩৩	৮৫৮
সম্পদে অংশীদার (একাধিক বৈপিত্রেয় ভাই/বোন)	৪-নিসা	১২	৫৫৮
অংশীদারিত্ব			
আকাশে অংশীদারিত্ব নেই (আল্লাহ ছাড়া যাদেরকে ডাকা হয়)	৪৬-আহ্‌কাফ	৪	৯০৮
ইলাহদের (কথিত) কোন অংশীদারিত্ব নেই (আকাশ ও পৃথিবীতে)	৩৪-সাবা	২২	৮৪৩
অকল্যাণ (আরো দেখুন অমঙ্গল শব্দটি)			
আঘাত (অকল্যাণ আঘাত করলে নিরাশ হয় মানুষ)	৩০-রূম	৩৬	৮২৪
আঘাত (অকল্যাণের আঘাতকে মূসা/তার সঙ্গীদের কুলক্ষণ মনে করা)	৭-আ'রাফ	১৩১	৬২৪
কল্যাণের পূর্বে অকল্যাণ তাড়াতাড়ি পেতে চাওয়া(ছামূদ সম্প্রদায়ের)	২৭-নামল	৪৬	৮০৪
তাড়াতাড়ি অকল্যাণ পেতে চাওয়া,ছামূদ সম্প্রদায়ের (কল্যাণের পূর্বে)	২৭-নামল	৪৬	৮০৪
ত্বরান্বিত (অকল্যাণ ত্বরান্বিত করতে বলে কাফিররা রাসূল স. কে)	১৩-রা'দ	৬	৬৮৮
ত্বরান্বিত (মানুষের অকল্যাণকে যদি ত্বরান্বিত করা হত...)	১০-ইউনুস	১১	৬৫৫
দূর হওয়া (নিয়মত দিলে মানুষ ভাবে অকল্যাণ দূর হয়েছে)	১১-হূদ	১০	৬৬৬
নিজের পক্ষ থেকেই অকল্যাণ (নবী স. প্রসঙ্গ)	৪-নিসা	৭৯	৫৬৭
পরীক্ষা (কল্যাণ ও অকল্যাণ দ্বারা বনী ইসরাঈলকে পরীক্ষা)	৭-আ'রাফ	১৬৮	৬২৮
প্রার্থনা (অকল্যাণ প্রার্থনা করে মানুষ কল্যাণ প্রার্থনা করার মত)	১৭-ইস্‌রা	১১	৭১৫
প্রতিস্থাপন (আল্লাহ অকল্যাণের স্থানে কল্যাণ প্রতিস্থাপন করেন)	৭-আ'রাফ	৯৫	৬২১
মানুষের অকল্যাণকে আল্লাহ যদি ত্বরান্বিত করতেন...	১০-ইউনুস	১১	৬৫৫
মুমিনদেরকে অকল্যাণ আঘাত করলে কাফিররা উৎফুল্ল হয়	৩-আলে ইমরান	১২০	৫৪৭
রাসূল স. কে অকল্যাণ আঘাত করলে মুনাফিক/কাফিররা বলে...	৯-তাওবা	৫০	৬৪৫
স্পর্শ (অকল্যাণ স্পর্শ করলে মানুষ বিচলিত হয়ে পড়ে)	৭০-মা'আরিজ	২০	৯৮২

শব্দ	বিষয়/প্রসঙ্গ	সূরা নং ও নাম	আয়াত নং	পৃষ্ঠা
অকল্যাণকর (আরো দেখুন ক্ষতিকর শব্দটি)				
	কৃপণদের জন্য অকল্যাণকর আল্লাহর দেয়া অনুগ্রহ...	৩-আলে ইমরান	১৮০	৫৫৩
	বায়ু (অকল্যাণকর বায়ু প্রেরণ, আদ সম্প্রদায়ের উপর)	৫১-যারিয়াত	৪১	৯২৭
অকুমারী				
	স্ত্রী (আল্লাহ নবীকে অকুমারী স্ত্রী দান করতে পারেন)	৬৬-তাহ্‌রীম	৫	৯৭০
অকৃতজ্ঞ				
	অমুখাপেক্ষী(অকৃতজ্ঞের ব্যাপারে প্রতিপালক অমুখাপেক্ষী)	২৭-নামল	৪০	৮০৩
	অস্বীকার(অকৃতজ্ঞ আয়াত অস্বীকার করে, সমুদ্র থেকে রক্ষা প্রসঙ্গ)	৩১-লুকমান	৩২	৮২৯
	আগুন (অকৃতজ্ঞের শাস্তি .... আগুন-আখিরাতে)	৭৬-দাহ্‌র	৪	৯৯৫
	আনুগত্য (অকৃতজ্ঞের আনুগত্য করতে নিষেধাজ্ঞা, রাসূল স. এর প্রতি)	৭৬-দাহ্‌র	২৪	৯৯৬
	আল্লাহর প্রতি অকৃতজ্ঞ হওয়া নিষেধ	২-বাক্বারা	১৫২	৫১৭
	আল্লাহর দানের প্রতি মুশরিকদের অকৃতজ্ঞতা প্রসঙ্গ	২৯-আনকাবূত	৬৬	৮২১
	আল্লাহর নেয়ামতের প্রতি কি মানুষ অকৃতজ্ঞ হয় !	২৯-আনকাবূত	৬৭	৮২১
	পৃথিবীর সবাই অকৃতজ্ঞ হলেও আল্লাহর কিছু এসে যায় না	১৪-ইবরাহীম	৮	৬৯৩
	প্রতিপালকের প্রতি মানুষ অকৃতজ্ঞ হয় নাকি কৃতজ্ঞ হয় সে পরীক্ষা	২৭-নামল	৪০	৮০৩
	প্রতিদান (অকৃতজ্ঞদের প্রতিদান, সাবাবাসী প্রসঙ্গ)	৩৪-সাবা	১৭	৮৪২
	প্রতিপালকের প্রতি অধিকাংশ মানুষ অকৃতজ্ঞ(যদিও তিনি অনুগ্রহশীল)	২৭-নামল	৭৩	৮০৬
	ভালবাসা (আল্লাহ অকৃতজ্ঞকে ভালবাসেন না)	২২-হাজ্জ	৩৮	৭৬১
	মানুষ অকৃতজ্ঞ (শিরক/আল্লাহর সন্তান সাব্যস্ত করা প্রসঙ্গ)	৪৩-যুখরুফ	১৫	৮৯৭
	মানুষ অকৃতজ্ঞ অথবা কৃতজ্ঞ হবে (হেদায়াত প্রসঙ্গ)	৭৬-দাহ্‌র	৩	৯৯৫
	মানুষ অবশ্যই অতি অকৃতজ্ঞ (জীবন-মৃত্যু প্রসঙ্গ)	২২-হাজ্জ	৬৬	৭৬৪
	মানুষ কতই না অকৃতজ্ঞ ! (ধ্বংস হোক)	৮০-আবাসা	১৭	১০০৬
	মানুষ খুবই অকৃতজ্ঞ (আল্লাহর অপার নেয়ামত সত্ত্বেও)	১৪-ইবরাহীম	৩৪	৬৯৬
	মানুষ অকৃতজ্ঞ (মানুষ তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ)	১০০-'আদিয়াত	৬	১০৩০
	মানুষ অকৃতজ্ঞ হয় (আল্লাহ তার নিকট থেকে দয়া উঠিয়ে নিলে)	১১-হূদ	৯	৬৬৬
	মানুষ অকৃতজ্ঞ হয় (কৃতকর্মের কারণে কোন মন্দ আক্রান্ত করলে)	৪২-শূরা	৪৮	৮৯৫
	মানুষ অকৃতজ্ঞ হয় (শস্য হলদে হওয়ার পর বায়ু প্রেরণ করলে)	৩০-রূম	৫১	৮২৬
৩০। এবং যখন তোমার প্রতিপালক ফেরেশতাদেরকে বলেছিলেন, 'নিশ্চয় আমি পৃথিবীতে একজন প্রতিনিধি বানাব।' তারা বলল, 'আপনি কি সেখানে এমন কাউকে বানাবেন, যে সেখানে ফ্যাসাদ সৃষ্টি করবে এবং রক্তপাত ঘটাবে, অথচ আমরা আপনার প্রশংসাসহ পবিত্রতা (তাসবীহ) ঘোষণা করি এবং আপনার মহিমা ঘোষণা করি?' তিনি বললেন, 'নিশ্চয় আমি জানি, যা তোমরা জান না।'

وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّيْ جَاعِلٌ فِي الْاَرْضِ خَلِيْفَةً ؕ قَالُوْٓا
اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ ۚ وَنَحْنُ نُسَبِّحُ
بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ؕ قَالَ اِنِّيْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٣٠﴾

৩১। এবং তিনি আদমকে নামসমূহ সবই শিক্ষা দিলেন, এরপর সেগুলো ফেরেশতাদের সামনে পেশ করলেন এবং বললেন, 'তোমরা আমাকে এগুলোর নাম জানাও- যদি তোমরা সত্যবাদী হও।'

وَعَلَّمَ اٰدَمَ الْاَسْمَآءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلٰٓئِكَةِ ۙ فَقَالَ
اَنْۢبِئُوْنِيْ بِاَسْمَآءِ هٰٓؤُلَآءِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣١﴾

৩২। তারা বলল, 'পবিত্র আপনি, আপনি আমাদেরকে যা শিক্ষা দিয়েছেন তা ছাড়া আমাদের কোন জ্ঞান নেই। নিশ্চয় আপনি সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।'

قَالُوْا سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا ؕ اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿٣٢﴾

৩৩। তিনি বললেন, 'হে আদম! তুমি তাদেরকে এগুলোর নাম জানিয়ে দাও।' অতঃপর যখন সে তাদেরকে সেগুলোর নাম জানিয়ে দিল, তখন তিনি বললেন, 'আমি কি তোমাদেরকে বলিনি, নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য বিষয় আমি জানি? এবং আমি জানি যা তোমরা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর।'

قَالَ يٰٓاٰدَمُ اَنْۢبِئْهُمْ بِاَسْمَآئِهِمْ ۚ فَلَمَّآ اَنْۢبَاَهُمْ بِاَسْمَآئِهِمْ ۙ
قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ اِنِّيْٓ اَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۙ
وَاَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا كُنْتُمْ تَكْتُمُوْنَ ﴿٣٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى
وَاسْتَكْبَرَ ۖ وَكَانَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿٣٤﴾

৩৪। এবং যখন আমি ফেরেশতাদেরকে বলেছিলাম, 'আদমকে সিজদা কর', তখন তারা সিজদা করল- ইবলিস ছাড়া। সে অস্বীকার করল ও অহংকার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল।

وَقُلْنَا يٰٓاٰدَمُ اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ
شِئْتُمَا ۪ وَلَا تَقْرَبَا هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ﴿٣٥﴾

৩৫। এবং আমি বললাম, 'হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং এর মধ্য থেকে তোমরা দু'জন যেখান থেকে ইচ্ছা স্বাচ্ছন্দ্যে আহার কর এবং এ গাছটির নিকটে যেয়ো না, তাহলে তোমরা দু'জন জালিমদের অন্তর্ভুক্ত হবে।'

فَاَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَاَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيْهِ ۪ وَقُلْنَا
اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ
وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿٣٦﴾

৩৬। অতঃপর শয়তান তাদের দু'জনকে সেখান থেকে বিচ্যুত করল এবং তারা যেখানে ছিল সেখান থেকে তাদেরকে বের করে দিল।* এবং আমি বলেছিলাম*, 'তোমরা নেমে যাও, তোমরা একে অপরের শত্রু, এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত পৃথিবীতে তোমাদের জন্য রয়েছে অবস্থান ও জীবনোপভোগ।'

فَتَلَقّٰٓى اٰدَمُ مِنْ رَّبِّهٖ كَلِمٰتٍ فَتَابَ عَلَيْهِ ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ
الرَّحِيْمُ ﴿٣٧﴾

৩৭। অতঃপর আদম তার প্রতিপালকের নিকট থেকে (ক্ষমা প্রার্থণার) কিছু বাণী লাভ করল এবং তিনি তার তওবা কবুল করলেন। নিশ্চয় তিনিই তওবা কবুলকারী ও পরম দয়ালু।

قُلْنَا اهْبِطُوْا مِنْهَا جَمِيْعًا ۚ فَاِمَّا يَاْتِيَنَّكُمْ مِّنِّىْ هُدًى فَمَنْ
تَبِعَ هُدَاىَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٣٨﴾

৩৮। আমি বলেছিলাম, 'তোমরা সবাই এখান থেকে নেমে যাও, অতঃপর অবশ্যই যখন আমার পক্ষ থেকে তোমাদের কাছে পথনির্দেশিকা আসবে, তখন যারা আমার পথনির্দেশিকা অনুসরণ করবে তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ
فِيْهَا خٰلِدُوْنَ ﴿٣٩﴾ ع ٤ ٤ ٤ রুকূ ٤

৩৯। আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِىَ الَّتِىْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَوْفُوْا
بِعَهْدِىْٓ اُوْفِ بِعَهْدِكُمْ ۚ وَاِيَّاىَ فَارْهَبُوْنِ ﴿٤٠﴾

৪০। হে বনী ইসরাঈল*! আমার নেয়ামতের কথা স্মরণ কর যা আমি তোমাদের উপর দান করেছিলাম এবং তোমরা আমার (সাথে কৃত) অঙ্গীকার পূর্ণ কর, আমিও তোমাদের (সাথে কৃত) অঙ্গীকার পূর্ণ করব, এবং তোমরা কেবল আমাকেই ভয় কর।

وَاٰمِنُوْا بِمَآ اَنْزَلْتُ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلَا تَكُوْنُوْٓا اَوَّلَ كَافِرٍۭ بِهٖ ۪
وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِىْ ثَمَنًا قَلِيْلًا ۫ وَّاِيَّاىَ فَاتَّقُوْنِ ﴿٤١﴾

৪১। এবং তোমরা তাতে ঈমান আন যা আমি অবতীর্ণ করেছি তোমাদের কাছে যা আছে তার সত্যায়নকারীরূপে এবং তোমরা এর প্রথম অস্বীকারকারী হয়ো না, এবং আমার আয়াতসমূহের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করো না, এবং তোমরা কেবল আমাকেই ভয় কর।

وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤٢﴾

৪২। এবং তোমরা সত্যকে বাতিলের (মিথ্যার) সাথে মিশ্রিত করো না এবং জেনে-বুঝে সত্যকে গোপন করো না।

وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ الرّٰكِعِيْنَ ﴿٤٣﴾

৪৩। এবং তোমরা সালাত (নামায) কায়েম কর ও যাকাত প্রদান কর এবং রুকুকারীদের সাথে রুকু কর।

اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ وَاَنْتُمْ تَتْلُوْنَ
الْكِتٰبَ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٤٤﴾

৪৪। তোমরা কি মানুষকে পুণ্যের নির্দেশ দাও আর নিজেদেরকে ভুলে যাও, অথচ তোমরা (আল্লাহ্‌র) কিতাব পাঠ করে থাক? তবে কি তোমরা অনুধাবন কর না?

وَاسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ؕ وَاِنَّهَا لَكَبِيْرَةٌ اِلَّا عَلَى الْخٰشِعِيْنَ ﴿٤٥﴾ ع ٥ ٥ ٥ ٥ রুকূ ٥

৪৫। এবং তোমরা ধৈর্য ও সালাতের (নামাযের) মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। আর নিশ্চয় তা অবশ্যই কঠিন- বিনীতদের জন্য ছাড়া-

الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَاَنَّهُمْ اِلَيْهِ رٰجِعُوْنَ ﴿٤٦﴾

৪৬। যারা মনে করে যে, তারা তাদের প্রতিপালকের সাথে সাক্ষাৎ করবে এবং এও যে তারা তাঁরই দিকে ফিরে যাবে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّيْ فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾

৪৭। হে বনী ইসরাঈল! আমার নেয়ামতের কথা স্মরণ কর যা আমি তোমাদের উপর দান করেছিলাম এবং এও যে আমি জগৎসমূহের (বিভিন্ন মানবগোষ্ঠীর) উপর তোমাদেরকে মর্যাদা দিয়েছিলাম।

وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْـًٔا وَّلَا يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤٨﴾

৪৮। এবং সে দিনকে ভয় কর যেদিন কেউ কারো পক্ষে কিছুই প্রতিদান দিবে না এবং কারো কাছ থেকে কোন সুপারিশ গ্রহণ করা হবে না এবং কারো কাছ থেকে কোন বিনিময় গ্রহণ করা হবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।

وَاِذْ نَجَّيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ۭ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ﴿٤٩﴾

৪৯। এবং যখন আমি ফিরআউনের* বংশ থেকে তোমাদেরকে উদ্ধার করেছিলাম, তারা তোমাদের উপর নিকৃষ্ট শাস্তি চাপিয়ে দিত, তোমাদের পুত্র সন্তানদেরকে জবাই করত এবং তোমাদের নারীদেরকে জীবিত রাখত। এবং এতে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের জন্য ছিল একটি মহাপরীক্ষা।

وَاِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَاَنْجَيْنٰكُمْ وَاَغْرَقْنَآ اٰلَ فِرْعَوْنَ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٠﴾

৫০। এবং যখন আমি সমুদ্রকে তোমাদের জন্য বিভক্ত করেছিলাম এবং তোমাদেরকে উদ্ধার করেছিলাম এবং ফিরআউন বংশকে নিমজ্জিত করেছিলাম, যখন তোমরা (তা) দেখছিলে।

وَاِذْ وٰعَدْنَا مُوْسٰٓى اَرْبَعِيْنَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنْۢ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ﴿٥١﴾

৫১। এবং যখন আমি মূসার জন্য চল্লিশ রাত নির্দিষ্ট করেছিলাম*, এরপর তার (প্রস্থানের) পরে তোমরা বাছুরকে* (উপাস্য হিসেবে) গ্রহণ করেছিলে, যখন তোমরা ছিলে জালিম।

ثُمَّ عَفَوْنَا عَنْكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٢﴾

৫২। অতঃপর এরপরে আমি তোমাদেরকে মার্জনা করেছিলাম যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَاِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿٥٣﴾

৫৩। এবং যখন আমি মূসাকে কিতাব ও ফুরকান দিয়েছিলাম, যাতে তোমরা সঠিকপথ অবলম্বন করতে পার।

وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوْٓا اِلٰى بَارِئِكُمْ فَاقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ۭ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِئِكُمْ ۭ فَتَابَ عَلَيْكُمْ ۭ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿٥٤﴾

৫৪। এবং যখন মূসা তার সম্প্রদায়কে বলল, 'হে আমার সম্প্রদায়! নিশ্চয় তোমরা বাছুরকে (উপাস্য হিসেবে) গ্রহণ করে তোমাদের নিজেদের ওপর জুলুম করেছ, সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার কাছে তওবা কর এবং তোমাদের নিজেদেরকে (একে অপরকে*) হত্যা কর, তোমাদের স্রষ্টার নিকট তোমাদের জন্য এটাই উত্তম।' অতঃপর তিনি তোমাদের তওবা কবুল করলেন। নিশ্চয় তিনিই তওবা কবুলকারী ও পরম দয়ালু।

وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى نَرَى اللّٰهَ جَهْرَةً فَاَخَذَتْكُمُ الصّٰعِقَةُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٥﴾

৫৫। এবং যখন তোমরা বলেছিলে, 'হে মূসা! আমরা কখনো আপনাকে বিশ্বাস করব না যতক্ষণ না আমরা আল্লাহ্‌কে প্রকাশ্যে দেখব', অতঃপর বজ্রধ্বনি* তোমাদেরকে পাকড়াও করল, যখন তোমরা (তা) দেখছিলে।

ثُمَّ بَعَثْنٰكُمْ مِّنْۢ بَعْدِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٦﴾

৫৬। এরপর তোমাদের মৃত্যুর পরে আমি তোমাদেরকে পুনর্জীবিত* করলাম, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَاَنْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوٰى ۭ كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ۭ وَمَا ظَلَمُوْنَا وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٥٧﴾

৫৭। এবং আমি তোমাদের উপর মেঘমালার ছায়া দান করেছিলাম এবং তোমাদের উপর মান্না ও সালওয়া অবতীর্ণ করেছিলাম। (এবং বলেছিলাম) আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে পবিত্র বস্তুসমূহ আহার কর। আর তারা আমার উপর জুলুম করেনি বরং তারা তাদের নিজেদের উপরই জুলুম করত।

وَاِذْ قُلْنَا ادْخُلُوْا هٰذِهِ الْقَرْيَةَ فَكُلُوْا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَّادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُوْلُوْا حِطَّةٌ نَّغْفِرْ لَكُمْ خَطٰيٰكُمْ ۭ وَسَنَزِيْدُ الْمُحْسِنِيْنَ ﴿٥٨﴾

৫৮। এবং যখন আমি বলেছিলাম, 'তোমরা এই জনপদে প্রবেশ কর এবং এর মধ্য থেকে যেখান থেকে ইচ্ছা স্বাচ্ছন্দ্যে আহার কর এবং (জনপদের) দরজা দিয়ে সিজদাবনত হয়ে প্রবেশ কর এবং বল, 'হিত্তাতুন' (ক্ষমা চাই), আমি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করে দিব। এবং শীঘ্রই আমি সৎকর্মপরায়ণদেরকে (অনুগ্রহ) বাড়িয়ে দিব।'

فَبَدَّلَ الَّذِيْنَ ظَلَمُوْا قَوْلًا غَيْرَ الَّذِيْ قِيْلَ لَهُمْ فَاَنْزَلْنَا عَلَى الَّذِيْنَ ظَلَمُوْا رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٥٩﴾

৫৯। অতঃপর যারা জুলুম করেছিল তারা (একে) এমন কথা* দ্বারা পরিবর্তন করল যা তাদেরকে বলা হয়নি, সুতরাং যারা জুলুম করেছিল তাদের উপর আমি আকাশ থেকে শাস্তি অবতীর্ণ করেছিলাম, কারণ তারা পাপাচার করত।

ع ٦ ١١ ٦ রুকূ ৬

وَاِذِ اسْتَسْقٰى مُوْسٰى لِقَوْمِهٖ فَقُلْنَا اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ ؕ فَانْفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ؕ قَدْ عَلِمَ كُلُّ اُنَاسٍ مَّشْرَبَهُمْ ؕ كُلُوْا وَاشْرَبُوْا مِنْ رِّزْقِ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٦٠﴾

৬০। এবং যখন মূসা তার সম্প্রদায়ের জন্য পানি প্রার্থনা করল, তখন আমি বললাম, 'তোমার লাঠি দ্বারা পাথরটিকে আঘাত কর।' অতঃপর তা থেকে বারোটি ঝর্ণা উৎসারিত হল। প্রত্যেক গোত্রই তাদের পানি পানের স্থান জেনে নিল। আল্লাহ্‌র (দেয়া) রিযিক থেকে তোমরা আহার কর ও পান কর এবং ফ্যাসাদসৃষ্টিকারী হয়ে পৃথিবীতে অপরাধ করো না।

وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نَّصْبِرَ عَلٰى طَعَامٍ وَّاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ مِنْۢ بَقْلِهَا وَقِثَّآئِهَا وَفُوْمِهَا وَعَدَسِهَا وَبَصَلِهَا ؕ قَالَ اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ ؕ اِهْبِطُوْا مِصْرًا فَاِنَّ لَكُمْ مَّا سَاَلْتُمْ ؕ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ ۗ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٦١﴾

৬১। এবং যখন তোমরা বলেছিলে, 'হে মূসা! আমরা এক (রকম) খাদ্যের ওপর কখনো ধৈর্য ধারণ করব না, সুতরাং আপনার প্রতিপালকের কাছে আমাদের জন্য আহ্বান করুন যেন তিনি আমাদের জন্য এমন কিছু উৎপন্ন করেন যা ভূমি উৎপাদন করে- এর শাক-শবজি, এর শশা, এর রসুন, এর ডাল এবং এর পেঁয়াজ।' সে (মূসা) বলেছিল, 'তোমরা কি যা উত্তম তা দিয়ে যা নিকৃষ্ট তা বদলে নিতে চাও? তোমরা কোন নগরে অবতরণ কর, (সেখানে) নিশ্চয় তোমাদের জন্য তা আছে যা তোমরা চেয়েছ।' আর লাঞ্ছনা ও দারিদ্র্যকে তাদের সাথে লাগিয়ে দেয়া হল এবং তারা আল্লাহ্‌র ক্রোধ (ডেকে) নিয়ে আসল। এটা একারণে যে, তারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস করত এবং নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করত। এটা একারণে যে, তারা অমান্য করেছিল এবং তারা সীমালঙ্ঘন করত।

ع ٧ ١٢ ٧ রুকূ ৭

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَادُوْا وَالنَّصٰرٰى وَالصّٰبِـِٕيْنَ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٢﴾

৬২। নিশ্চয় যারা ঈমান এনেছে এবং যারা ইহুদী হয়েছে ও যারা নাসারা* ও সাবেয়ী*- যারাই আল্লাহ্‌র প্রতি ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনেছে* এবং সৎকাজ করেছে তাদের প্রতিপালকের কাছে তাদের জন্য রয়েছে তাদের প্রতিদান। এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ ؕ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا مَا فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿٦٣﴾

৬৩। এবং যখন আমি তোমাদের অঙ্গীকার নিয়েছিলাম এবং তূর পর্বতকে* তোমাদের উপর উত্তোলন করেছিলাম*। (এবং বলেছিলাম) 'আমি তোমাদেরকে যা দিয়েছি তা শক্ত করে ধারণ কর এবং তাতে যা আছে তা স্মরণ কর, যাতে তোমরা তাকওয়া অবলম্বন করতে পার।'

ثُمَّ تَوَلَّيْتُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ۚ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٦٤﴾

৬৪। অতঃপর এরপরে তোমরা মুখ ফিরিয়ে নিলে, আর যদি তোমাদের উপর আল্লাহ্‌র অনুগ্রহ ও তাঁর দয়া না থাকত তবে অবশ্যই তোমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হতে।

وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِى السَّبْتِ فَقُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِئِيْنَ ﴿٦٥﴾

৬৫। এবং অবশ্যই তোমরা তাদেরকে জেনেছ যারা তোমাদের মধ্যে শনিবারের বিষয়ে* সীমালঙ্ঘন করেছিল এবং আমি তাদেরকে বলেছিলাম, 'তোমরা ঘৃণিত বানর হয়ে যাও।'

فَجَعَلْنٰهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٦٦﴾

৬৬। এবং আমি একে (তাদের পরিণতিকে) বানিয়েছি এর সমকালীন ও এর পরবর্তীদের জন্য এক (শাস্তির) দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্য এক উপদেশ।

৬৭। এবং যখন মূসা তার সম্প্রদায়কে বলল, 'নিশ্চয় আল্লাহ্ তোমাদেরকে একটি গাভী* জবাই করার নির্দেশ দিচ্ছেন।' তারা বলল, 'আপনি কি আমাদেরকে উপহাস হিসেবে গ্রহণ করছেন?' সে (মূসা) বলল, 'আমি অজ্ঞদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আল্লাহ্‌র কাছে আশ্রয় চাই।'

وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تَذْبَحُوا بَقَرَةً ۖ قَالُوا أَتَتَّخِذُنَا هُزُوًا ۖ قَالَ أَعُوذُ بِاللَّهِ أَنْ أَكُونَ مِنَ الْجَاهِلِينَ ﴿٦٧﴾

৬৮। তারা বলল, 'আপনার প্রতিপালককে আমাদের জন্য আহ্বান করুন যেন তিনি আমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করেন সেটি (গাভীটি) কি (ধরনের)।' সে (মূসা) বলল, 'নিশ্চয় তিনি বলছেন, নিশ্চয় এটি এমন এক গাভী যা পরিণত বয়সের নয় এবং কুমারীও নয় বরং এর মাঝামাঝি।' সুতরাং তোমাদেরকে যা নির্দেশ দেয়া হয়েছে তাই কর।

قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَا فَارِضٌ وَلَا بِكْرٌ عَوَانٌ بَيْنَ ذَٰلِكَ ۖ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ ﴿٦٨﴾

৬৯। তারা বলল, 'আপনার প্রতিপালককে আমাদের জন্য আহ্বান করুন যেন তিনি আমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করেন সেটির রং কি?' সে (মূসা) বলল, 'নিশ্চয় তিনি বলছেন, নিশ্চয় এটি এক হলুদ রংয়ের গাভী, সেটির রং এমন উজ্জ্বল যা দর্শকদেরকে আনন্দ দেয়।'

قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا لَوْنُهَا ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءُ فَاقِعٌ لَوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ﴿٦٩﴾

৭০। তারা বলল, 'আপনার প্রতিপালককে আমাদের জন্য আহ্বান করুন যেন তিনি আমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করেন সেটি (গাভীটি) কী (ধরনের), নিশ্চয় সকল গাভী আমাদের কাছে সাদৃশ্যপূর্ণ (একই রকম) মনে হয়। আর আল্লাহ্ যদি ইচ্ছা করেন তাহলে নিশ্চয় আমরা অবশ্যই সঠিক পথ পাব।'

قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ إِنَّ الْبَقَرَ تَشَابَهَ عَلَيْنَا وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ﴿٧٠﴾

৭১। সে (মূসা) বলল, 'নিশ্চয় তিনি বলছেন, নিশ্চয় এটি এমন একটি গাভী যা বশীভূত নয় যে এটি জমি চাষ করে ও ক্ষেতে সেচ দেয়, নিখুঁত, যার মধ্যে কোন ত্রুটি নেই।' তারা বলল, 'এখন আপনি সত্য নিয়ে এসেছেন।' অতঃপর তারা সেটি জবাই করল, অথচ তারা তা আদৌ করতে চাচ্ছিল না*।

قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ مُسَلَّمَةٌ لَا شِيَةَ فِيهَا ۚ قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ ۚ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ﴿٧١﴾

ع ১৮ রুকু ৮

৭২। আর যখন তোমরা এক ব্যক্তিকে হত্যা করেছিলে এবং সে ব্যাপারে একে অপরকে অভিযুক্ত করছিলে। এবং তোমরা যা গোপন করছিলে আল্লাহ্ তা প্রকাশকারী,

وَإِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادَّارَأْتُمْ فِيهَا ۖ وَاللَّهُ مُخْرِجٌ مَا كُنْتُمْ تَكْتُمُونَ ﴿٧٢﴾

৭৩। অতঃপর আমি বললাম, 'এর (জবাইকৃত গাভীর) অংশ বিশেষ দিয়ে তাকে (নিহত ব্যক্তিকে) আঘাত কর।' এভাবেই আল্লাহ্ মৃতদেরকে জীবিত করেন এবং তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান, যাতে তোমরা অনুধাবন করতে পার।

فَقُلْنَا اضْرِبُوهُ بِبَعْضِهَا ۚ كَذَٰلِكَ يُحْيِي اللَّهُ الْمَوْتَىٰ وَيُرِيكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ﴿٧٣﴾

৭৪। অতঃপর এরপরে তোমাদের হৃদয়সমূহ কঠিন হয়ে গেল, ফলে এগুলো হয়ে গেল পাথরের মত অথবা আরও অধিক কঠিন। আর নিশ্চয় এমন কিছু পাথর আছে যা থেকে নহরসমূহ প্রবলবেগে প্রবাহিত হয়। এবং নিশ্চয় তার মধ্য থেকে কিছু (পাথর) আছে যা ফেটে যায় এবং তা থেকে পানি বের হয়। এবং নিশ্চয় তার মধ্য থেকে কিছু (পাথর) আছে যা আল্লাহ্‌র ভয়ে পতিত হয়। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ বেখবর নন।

ثُمَّ قَسَتْ قُلُوبُكُمْ مِنْ بَعْدِ ذَٰلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ أَوْ أَشَدُّ قَسْوَةً ۚ وَإِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ مِنْهُ الْأَنْهَارُ ۚ وَإِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ فَيَخْرُجُ مِنْهُ الْمَاءُ ۚ وَإِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ مِنْ خَشْيَةِ اللَّهِ ۗ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿٧٤﴾

৭৫। তোমরা কি প্রত্যাশা কর যে, তারা তোমাদেরকে বিশ্বাস করবে, অথচ তাদের মধ্য থেকে একদল আল্লাহ্‌র বাণী শ্রবণ করত, এরপর তা অনুধাবন করার পর জেনে-বুঝে তা বিকৃত করত?

أَفَتَطْمَعُونَ أَنْ يُؤْمِنُوا لَكُمْ وَقَدْ كَانَ فَرِيقٌ مِنْهُمْ يَسْمَعُونَ كَلَامَ اللَّهِ ثُمَّ يُحَرِّفُونَهُ مِنْ بَعْدِ مَا عَقَلُوهُ وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَا بَعْضُهُمْ اِلٰى
بَعْضٍ قَالُوْٓا اَتُحَدِّثُوْنَهُمْ بِمَا فَتَحَ اللّٰهُ عَلَيْكُمْ لِيُحَآجُّوْكُمْ
بِهٖ عِنْدَ رَبِّكُمْ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ۝٧٦

৭৬। এবং যখন তারা যারা ঈমান এনেছে তাদের সাথে সাক্ষাৎ করে তখন বলে, 'আমরা ঈমান এনেছি।' আবার যখন তারা (নিজেরা) একে অন্যের সাথে নির্জনে মিলিত হয় তখন বলে 'তোমরা কি তাদেরকে এমন সব কথা বলে দিচ্ছ যা আল্লাহ্ তোমাদের কাছে প্রকাশ করেছেন* যাতে তারা তোমাদের প্রতিপালকের নিকট তোমাদের বিরুদ্ধে এর দ্বারা যুক্তি-প্রমাণ দিতে পারে? তোমরা কি অনুধাবন কর না?'

اَوَلَا يَعْلَمُوْنَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ۝٧٧

৭৭। তারা কি জানে না যে, আল্লাহ্ জানেন যা তারা গোপন করে এবং যা তারা প্রকাশ করে ?

وَمِنْهُمْ اُمِّيُّوْنَ لَا يَعْلَمُوْنَ الْكِتٰبَ اِلَّآ اَمَانِيَّ وَاِنْ هُمْ اِلَّا
يَظُنُّوْنَ ۝٧٨

৭৮। এবং তাদের মধ্যে কিছু নিরক্ষর লোক আছে যারা কিতাব (সম্পর্কে) জানে না- মিথ্যা আশা ছাড়া, এবং তারা কেবল অনুমান করে থাকে।

فَوَيْلٌ لِّلَّذِيْنَ يَكْتُبُوْنَ الْكِتٰبَ بِاَيْدِيْهِمْ ۣ ثُمَّ يَقُوْلُوْنَ
هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۭ فَوَيْلٌ لَّهُمْ مِّمَّا
كَتَبَتْ اَيْدِيْهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُوْنَ ۝٧٩

৭৯। সুতরাং দুর্ভোগ তাদের জন্য যারা নিজ হাতে কিতাব লিখে, এরপর এর বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করার জন্য বলে, 'এটি আল্লাহ্র পক্ষ থেকে (এসেছে)।' অতএব তাদের হাত (বানিয়ে) যা লিখেছে সে কারণে তাদের জন্য রয়েছে দুর্ভোগ এবং তারা যা উপার্জন করে সে কারণেও তাদের জন্য রয়েছে দুর্ভোগ।

وَقَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّآ اَيَّامًا مَّعْدُوْدَةً ۭ قُلْ اَتَّخَذْتُمْ
عِنْدَ اللّٰهِ عَهْدًا فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗٓ اَمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ
مَا لَا تَعْلَمُوْنَ ۝٨٠

৮০। এবং তারা বলে, 'আগুন আমাদেরকে কখনো স্পর্শ করবে না, গণনাযোগ্য কয়েকটি দিন ছাড়া।' বল, 'তোমরা কি আল্লাহ্র কাছ থেকে কোন প্রতিশ্রুতি নিয়েছ, সুতরাং আল্লাহ্ কখনো তাঁর প্রতিশ্রুতির ব্যতিক্রম করবেন না? নাকি তোমরা আল্লাহ্ সম্পর্কে এমন কিছু বলছ যা তোমরা জান না?'

بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيْۗـَٔتُهٗ فَاُولٰۗىِٕكَ اَصْحٰبُ
النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝٨١

৮১। কিন্তু হ্যাঁ, যে পাপ অর্জন করেছে এবং তার অপরাধ তাকে পরিবেষ্টন করে ফেলেছে তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰۗىِٕكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ
فِيْهَا خٰلِدُوْنَ ۝٨٢

৮২। আর যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَ بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ لَا تَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ ڰ
وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ
وَقُوْلُوْا لِلنَّاسِ حُسْنًا وَّاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۭ ثُمَّ
تَوَلَّيْتُمْ اِلَّا قَلِيْلًا مِّنْكُمْ وَاَنْتُمْ مُّعْرِضُوْنَ ۝٨٣

৮৩। এবং যখন আমি বনী ইসরাঈলের অঙ্গীকার নিয়েছিলাম যে, তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কারো ইবাদত করো না, পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করবে এবং আত্মীয়-স্বজন, ইয়াতিম ও মিসকীনদের (অভাবগ্রস্তদের) প্রতিও এবং মানুষকে সুন্দর কথা বল, সালাত (নামায) কায়েম কর ও যাকাত প্রদান কর। এরপর তোমাদের মধ্য থেকে অল্প সংখ্যক ছাড়া তোমরা (সবাই) উপেক্ষা করে মুখ ফিরিয়ে নিলে।

وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ لَا تَسْفِكُوْنَ دِمَاۗءَكُمْ وَلَا تُخْرِجُوْنَ
اَنْفُسَكُمْ مِّنْ دِيَارِكُمْ ثُمَّ اَقْرَرْتُمْ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ۝٨٤

৮৪। এবং যখন আমি তোমাদের অঙ্গীকার নিয়েছিলাম যে, তোমরা তোমাদের রক্ত প্রবাহিত করবে না এবং তোমরা তোমাদের নিজেদেরকে তোমাদের আবাসসমূহ থেকে বের করে দিবে না, এরপর তোমরা স্বীকার করে নিয়েছিলে, যখন তোমরা (এর) সাক্ষ্য দিচ্ছিলে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ثُمَّ اَنْتُمْ هٰٓؤُلَآءِ تَقْتُلُوْنَ اَنْفُسَكُمْ وَتُخْرِجُوْنَ فَرِيْقًا مِّنْكُمْ
مِّنْ دِيَارِهِمْ ز تَظٰهَرُوْنَ عَلَيْهِمْ بِالْاِثْمِ وَالْعُدْوَانِ ط وَاِنْ
يَّاْتُوْكُمْ اُسٰرٰى تُفٰدُوْهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ اِخْرَاجُهُمْ ط
اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ الْكِتٰبِ وَتَكْفُرُوْنَ بِبَعْضٍ ج فَمَا جَزَآءُ مَنْ
يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْيٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ج وَيَوْمَ الْقِيٰمَةِ
يُرَدُّوْنَ اِلٰٓى اَشَدِّ الْعَذَابِ ط وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٨٥﴾

৮৫। এরপর সেই তোমরাই তোমাদের নিজেদেরকে হত্যা করছ, তোমাদের একদলকে তাদের আবাসসমূহ থেকে বের করে দিচ্ছ, তাদের বিরুদ্ধে পাপ ও সীমালঙ্ঘনে একে অন্যকে* সহযোগিতা করে। এবং তারা যুদ্ধবন্দী হয়ে তোমাদের (অর্থাৎ মিত্র শক্তির) কাছে আসলে তোমরা তাদেরকে মুক্তিপণ দিচ্ছ, অথচ তাদেরকে বের করে দেয়া তোমাদের জন্য হারাম ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশের ওপর ঈমান আনছ এবং অন্য অংশকে অবিশ্বাস করছ? তাহলে তোমাদের মধ্য থেকে যারা এটা করে তাদের প্রতিফল দুনিয়ার জীবনে অপমান ছাড়া আর কী হতে পারে? এবং কিয়ামতের দিন তাদেরকে কঠিনতম শাস্তির দিকে ফিরিয়ে নেয়া হবে। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ বেখবর নন।

ع ١٠ ١٠ ١٠ রুকু ١٠

اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الْحَيٰوةَ الدُّنْيَا بِالْاٰخِرَةِ ز فَلَا يُخَفَّفُ
عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٨٦﴾

৮৬। ওরাই তারা যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবন কিনে নিয়েছে, সুতরাং তাদের থেকে শাস্তি হালকা করা হবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَقَفَّيْنَا مِنْۢ بَعْدِهٖ بِالرُّسُلِ ز وَ
اٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنٰتِ وَاَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ط
اَفَكُلَّمَا جَآءَكُمْ رَسُوْلٌۢ بِمَا لَا تَهْوٰٓى اَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ ج
فَفَرِيْقًا كَذَّبْتُمْ ز وَفَرِيْقًا تَقْتُلُوْنَ ﴿٨٧﴾

৮৭। আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তার পরে পর্যায়ক্রমে রাসূলদেরকে পাঠিয়েছিলাম এবং আমি ঈসা ইবনে মারইয়ামকে স্পষ্ট প্রমাণ দিয়েছিলাম এবং রূহুল কুদুস (জিবরাঈল)-এর মাধ্যমে তাকে সাহায্য করেছিলাম। তবে এটি এমন নয় কি যে, যখনই কোন রাসূল এমন কিছু নিয়ে তোমাদের কাছে এসেছে যা তোমাদের মনের আকাঙ্ক্ষার বিপরীত তখন তোমরা অহংকার করেছ? অতঃপর (রাসুলদের) একদলকে তোমরা মিথ্যাবাদী বলেছ এবং একদলকে হত্যা করেছ।

وَقَالُوْا قُلُوْبُنَا غُلْفٌ ط بَلْ لَّعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ فَقَلِيْلًا مَّا
يُؤْمِنُوْنَ ﴿٨٨﴾

৮৮। এবং তারা বলে, 'আমাদের হৃদয় আচ্ছাদিত (তাই তোমার কথা বুঝিনা)।' বরং তাদের কুফরীর কারণে আল্লাহ্ তাদেরকে লা'নত করেছেন, এবং তারা সামান্যই ঈমান এনে থাকে।

وَلَمَّا جَآءَهُمْ كِتٰبٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ ۙ وَكَانُوْا
مِنْ قَبْلُ يَسْتَفْتِحُوْنَ عَلَى الَّذِيْنَ كَفَرُوْا ۚ فَلَمَّا جَآءَهُمْ مَّا
عَرَفُوْا كَفَرُوْا بِهٖ ز فَلَعْنَةُ اللّٰهِ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٨٩﴾

৮৯। আর যখন তাদের কাছে আল্লাহ্র পক্ষ থেকে এমন এক কিতাব আসল যা তাদের সঙ্গে থাকা কিতাবের সত্যায়নকারী এবং ইতঃপূর্বে তারা (এর সাহায্যে) যারা কুফরী করেছে তাদের বিরুদ্ধে বিজয় কামনা করত। অতঃপর যখন তাদের নিকট তা আসল যা তারা চিনত তখন তারা তাতে অবিশ্বাস করল, অতএব কাফিরদের উপর আল্লাহ্র লা'নত।

بِئْسَمَا اشْتَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ اَنْ يَّكْفُرُوْا بِمَآ اَنْزَلَ اللّٰهُ بَغْيًا اَنْ
يُّنَزِّلَ اللّٰهُ مِنْ فَضْلِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ج فَبَآءُوْ بِغَضَبٍ عَلٰى
غَضَبٍ ط وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ ﴿٩٠﴾

৯০। তা কতই না নিকৃষ্ট যার বিনিময়ে তারা তাদের নিজেদেরকে বিক্রি করেছে (এটা করে) যে, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা তারা অবিশ্বাস করে বাড়াবাড়ি বশতঃ* (এ কারণে) যে, আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্য থেকে যার প্রতি ইচ্ছা করেন তাঁর অনুগ্রহ (ওহী) অবতীর্ণ করেন*। সুতরাং তারা উপর্যুপরি* (আল্লাহ্র) ক্রোধ (ডেকে) নিয়ে এসেছে। এবং কাফিরদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا بِمَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا نُؤْمِنُ بِمَآ اُنْزِلَ
عَلَيْنَا وَيَكْفُرُوْنَ بِمَا وَرَآءَهٗ ق وَهُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا مَعَهُمْ ط قُلْ
فَلِمَ تَقْتُلُوْنَ اَنْۢبِيَآءَ اللّٰهِ مِنْ قَبْلُ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٩١﴾

৯১। এবং যখন তাদেরকে বলা হয়, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তার উপর ঈমান আন তখন তারা বলে, 'আমরা আমাদের উপর যা অবতীর্ণ করা হয়েছে তার উপর ঈমান আনি।' সেটি ছাড়া যা আছে তা তারা অবিশ্বাস করে, অথচ তা সত্য, যা তাদের সঙ্গে থাকা কিতাবের সত্যায়নকারী। বল, ' তাহলে ইতঃপূর্বে আল্লাহ্র নবীদেরকে হত্যা করেছিলে কেন- যদি তোমরা মু'মিন হও?'

وَلَقَدْ جَآءَكُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنْۢ
بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ﴿٩٢﴾

৯২। আর অবশ্যই তোমাদের কাছে মূসা স্পষ্ট প্রমাণাদি নিয়ে এসেছিল, এরপর তার (প্রস্থানের) পরে তোমরা বাছুরকে (উপাস্য রূপে) গ্রহণ করেছিলে, যখন তোমরা ছিলে জালিম।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ ؕ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاسْمَعُوْا ؕ قَالُوْا سَمِعْنَا وَعَصَيْنَا ۪ وَاُشْرِبُوْا فِىْ قُلُوْبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ ؕ قُلْ بِئْسَمَا يَاْمُرُكُمْ بِهٖٓ اِيْمَانُكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٩٣﴾

৯৩। এবং যখন আমি তোমাদের অঙ্গীকার নিয়েছিলাম এবং তূর পর্বতকে তোমাদের উপর উত্তোলন করেছিলাম, (এবং বলেছিলাম) 'যা আমি তোমাদেরকে দিয়েছি তা শক্ত করে ধারণ কর এবং শ্রবণ কর।' তারা বলেছিল, 'আমরা শুনলাম এবং অমান্য করলাম।' এবং তাদের কুফরীর কারণে তাদের হৃদয়ে বাছুর প্রীতি সিঞ্চিত করা হয়েছিল। বল, 'যদি তোমরা মু'মিন হও, তবে তোমাদের ঈমান যে বিষয়ের নির্দেশ দেয় তা কতই না নিকৃষ্ট!'

قُلْ اِنْ كَانَتْ لَكُمُ الدَّارُ الْاٰخِرَةُ عِنْدَ اللّٰهِ خَالِصَةً مِّنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٩٤﴾

৯৪। বল, 'আল্লাহ্‌র নিকট আখিরাতের আবাস সব মানুষকে বাদ দিয়ে যদি একমাত্র তোমাদের জন্যই হয় তবে তোমরা মৃত্যুর আকাঙ্ক্ষা কর- যদি তোমরা সত্যবাদী হও।'

وَلَنْ يَّتَمَنَّوْهُ اَبَدًا ۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ﴿٩٥﴾

৯৫। আর তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে তারা কখনোই তা আকাঙ্ক্ষা করবে না। আর আল্লাহ্ জালিমদের সম্পর্কে ভালভাবে জানেন।

وَلَتَجِدَنَّهُمْ اَحْرَصَ النَّاسِ عَلٰى حَيٰوةٍ ۛ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْا ۛ يَوَدُّ اَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ اَلْفَ سَنَةٍ ۚ وَمَا هُوَ بِمُزَحْزِحِهٖ مِنَ الْعَذَابِ اَنْ يُّعَمَّرَ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿٩٦﴾

৯৬। এবং অবশ্যই তুমি তাদেরকে মানুষের মধ্যে জীবনের প্রতি সবচেয়ে বেশি আগ্রহী (দেখতে) পাবে এবং যারা শরীক করেছে তাদের চেয়েও। তাদের প্রত্যেকেই কামনা করে যদি তাকে হাজার বছর আয়ু দেয়া হত! অথচ সে এমন নয় যে, তার দীর্ঘায়ু তাকে শাস্তি থেকে দূরে রাখবে। এবং তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

ع ١١ ١١ রুকু ১১

قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِّجِبْرِيْلَ فَاِنَّهٗ نَزَّلَهٗ عَلٰى قَلْبِكَ بِاِذْنِ اللّٰهِ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ﴿٩٧﴾

৯৭। বল, 'যে ব্যক্তি জিবরাঈলের শত্রু, তবে (তার জেনে রাখা উচিত) নিশ্চয় সে (জিবরাঈল) আল্লাহ্‌রই নির্দেশে এটি (কুরআন) তোমার হৃদয়ে অবতীর্ণ করেছে, এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারীরূপে এবং মু'মিনদের জন্য পথনির্দেশিকা ও সুসংবাদ স্বরূপ।'

مَنْ كَانَ عَدُوًّا لِّلّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَرُسُلِهٖ وَجِبْرِيْلَ وَمِيْكٰلَ فَاِنَّ اللّٰهَ عَدُوٌّ لِّلْكٰفِرِيْنَ ﴿٩٨﴾

৯৮। যে ব্যক্তি আল্লাহ্‌র, তাঁর ফেরেশতাদের, তাঁর রাসূলদের এবং জিবরাঈল ও মীকাঈলের শত্রু, তবে নিশ্চয় আল্লাহ্ সেই কাফিরদের শত্রু।

وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكَ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ ۚ وَمَا يَكْفُرُ بِهَآ اِلَّا الْفٰسِقُوْنَ ﴿٩٩﴾

৯৯। এবং আমি তোমার প্রতি স্পষ্ট আয়াতসমূহ অবতীর্ণ করেছি, আর পাপাচারীরা ছাড়া কেউ এগুলো অবিশ্বাস করে না।

اَوَكُلَّمَا عٰهَدُوْا عَهْدًا نَّبَذَهٗ فَرِيْقٌ مِّنْهُمْ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠٠﴾

১০০। এটি কি (সত্য) নয় যে, যখনই তারা কোন অঙ্গীকার করেছে তখন তাদের কোন একদল তা নিক্ষেপ করেছে? বরং তাদের অধিকাংশই বিশ্বাস করে না।

وَلَمَّا جَآءَهُمْ رَسُوْلٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ نَبَذَ فَرِيْقٌ مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ ۘ كِتٰبَ اللّٰهِ وَرَآءَ ظُهُوْرِهِمْ كَاَنَّهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٠١﴾

১০১। এবং যখন তাদের কাছে আল্লাহ্‌র পক্ষ থেকে একজন রাসুল আসল, যে তাদের সঙ্গে যা আছে তার (অর্থাৎ তাওরাতের) সত্যায়নকারী, তখন যাদেরকে (আসমানী) কিতাব দেয়া হয়েছিল তাদের একটি দল আল্লাহ্‌র কিতাবকে পিছনে নিক্ষেপ করল যেন তারা (কিছুই) জানে না।

وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيٰطِيْنُ عَلٰى مُلْكِ سُلَيْمٰنَ ۚ وَمَا كَفَرَ سُلَيْمٰنُ
وَلٰكِنَّ الشَّيٰطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ ۗ وَمَآ اُنْزِلَ
عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ وَمَارُوْتَ ۭ وَمَا يُعَلِّمٰنِ مِنْ اَحَدٍ
حَتّٰى يَقُوْلَآ اِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۭ فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا
يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهٖ ۭ وَمَا هُمْ بِضَاۗرِّيْنَ بِهٖ مِنْ
اَحَدٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۭ وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ ۭ وَلَقَدْ
عَلِمُوْا لَمَنِ اشْتَرٰىهُ مَا لَهٗ فِي الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ ۣ وَلَبِئْسَ مَا
شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ ۭ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ۝

১০২।এবং শয়তানরা সুলাইমানের* রাজত্বকালে যা* পাঠ করত তারা (আহলে কিতাব) তা অনুসরণ করল, অথচ সুলাইমান কুফরী করেনি, কিন্তু শয়তানরা কুফরী করেছে- তারা মানুষকে জাদু শিক্ষা দিত। এবং ব্যাবিলনে* দুই ফেরেশতা হারূত ও মারূতের উপর যা অবতীর্ণ করা হয়েছিল (তারা তাও অনুসরণ করল)। আর তারা (ফেরেশতাদ্বয়) কাউকে শিক্ষা দিত না যতক্ষণ না বলত, 'আমরা কেবল একটি পরীক্ষা, সুতরাং তুমি কুফরী করো না।' অতঃপর তারা তাদের দু'জন থেকে এমন কিছু শিখত যা দিয়ে তারা স্বামী ও স্ত্রীর মধ্যে বিচ্ছেদ* ঘটাত। কিন্তু আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া এর মাধ্যমে তারা কারো ক্ষতি করতে পারত না। আর তারা এমন কিছু শিখত যা তাদের ক্ষতি করত কিন্তু কোন উপকার করত না। এবং তারা অবশ্যই জানত, যে ব্যক্তি তা (যাদুবিদ্যা) ক্রয় করে তার জন্য আখিরাতে কোন অংশ (জান্নাত) নেই। আর যার বিনিময়ে তারা তাদের নিজেদেরকে বিক্রয় করেছে তা কতই না নিকৃষ্ট- যদি তারা জানত!

وَلَوْ اَنَّهُمْ اٰمَنُوْا وَاتَّقَوْا لَمَثُوْبَةٌ مِّنْ عِنْدِ اللّٰهِ خَيْرٌ ۭ لَوْ كَانُوْا
يَعْلَمُوْنَ ۝

১০৩।আর যদি তারা ঈমান আনত ও তাকওয়া অবলম্বন করত তাহলে (তাদের জন্য) অবশ্যই আল্লাহ্‌র নিকট থেকে উত্তম পুরস্কার (ছওয়াব) থাকত- যদি তারা জানত।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقُوْلُوْا رَاعِنَا وَقُوْلُوا انْظُرْنَا وَ
اسْمَعُوْا ۭ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ۝

১০৪।ওহে যারা ঈমান এনেছ! তোমরা 'রাইনা' (থামুন*) বলো না বরং 'উনযুরনা' (আমাদের প্রতি লক্ষ্য করুন) বল এবং শ্রবণ কর। আর কাফিরদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

مَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَلَا الْمُشْرِكِيْنَ اَنْ
يُّنَزَّلَ عَلَيْكُمْ مِّنْ خَيْرٍ مِّنْ رَّبِّكُمْ ۭ وَاللّٰهُ يَخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ
يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ۝

১০৫।আহলে কিতাবের* মধ্যে যারা কুফরী করেছে তারা এবং মুশরিকরা কামনা করে না যে, তোমাদের প্রতিপালকের নিকট থেকে তোমাদের প্রতি কোন কল্যাণ অবতীর্ণ হোক। কিন্তু আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাঁর দয়ার জন্য নির্দিষ্ট করেন। এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।

مَا نَنْسَخْ مِنْ اٰيَةٍ اَوْ نُنْسِهَا نَاْتِ بِخَيْرٍ مِّنْهَآ اَوْ مِثْلِهَا ۭ
اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝

১০৬।আমি যে আয়াতই রহিত* করি কিংবা ভুলিয়ে দেই, আমি তার চেয়ে উত্তম অথবা তার অনুরূপ আয়াত নিয়ে আসি। তুমি কি জান না যে, আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান?

اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَمَا لَكُمْ مِّنْ
دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ۝

১০৭।তুমি কি জান না যে, আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্‌রই? এবং আল্লাহ্ ছাড়া তোমাদের আর কোন অভিভাবক ও সাহায্যকারী নেই।

اَمْ تُرِيْدُوْنَ اَنْ تَسْـَٔلُوْا رَسُوْلَكُمْ كَمَا سُىِٕلَ مُوْسٰى مِنْ قَبْلُ ۭ
وَمَنْ يَّتَبَدَّلِ الْكُفْرَ بِالْاِيْمَانِ فَقَدْ ضَلَّ سَوَاۗءَ السَّبِيْلِ ۝

১০৮।তোমরা কি তোমাদের রাসূলকে সেভাবে প্রশ্ন করতে চাও যেভাবে ইতঃপূর্বে মূসাকে প্রশ্ন করা হয়েছিল? আর যে ঈমান দিয়ে কুফরী বদল করে নেয়, সে অবশ্যই সরল পথ হারিয়েছে।

وَدَّ كَثِيْرٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يَرُدُّوْنَكُمْ مِّنْۢ بَعْدِ اِيْمَانِكُمْ كُفَّارًا ۚ
حَسَدًا مِّنْ عِنْدِ اَنْفُسِهِمْ مِّنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْحَقُّ ۚ فَاعْفُوْا وَ
اصْفَحُوْا حَتّٰى يَاْتِيَ اللّٰهُ بِاَمْرِهٖ ۭ اِنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝

১০৯।আহলে কিতাবের অনেকেই তাদের কাছে সত্য সুস্পষ্ট হওয়ার পরও তাদের নিজেদের হিংসার কারণে এটা কামনা করে যে, যদি তারা তোমাদের ঈমানের পরে তোমাদেরকে কাফির অবস্থায় ফিরিয়ে নিতে পারত! সুতরাং তোমরা (তাদেরকে) মার্জনা কর এবং উপেক্ষা কর যতক্ষণ না আল্লাহ্ (তাদের ব্যাপারে) তাঁর নির্দেশ নিয়ে আসেন। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۭ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَيْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ ۭ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝١١٠

১১০। এবং তোমরা সালাত (নামায) কায়েম কর ও যাকাত প্রদান কর। আর তোমাদের নিজেদের জন্য তোমরা কল্যাণকর যা কিছু (পরকালের উদ্দেশ্যে) অগ্রে পাঠাবে, তা তোমরা আল্লাহ্‌র নিকট পাবে। নিশ্চয় আল্লাহ্‌ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ দৃষ্টিবান।

وَقَالُوْا لَنْ يَّدْخُلَ الْجَنَّةَ اِلَّا مَنْ كَانَ هُوْدًا اَوْ نَصٰرٰى ۭ تِلْكَ اَمَانِيُّهُمْ ۭ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝١١١

১১১। এবং তারা বলে, 'ইহুদী অথবা নাসারা ছাড়া অন্য কেউ কখনো জান্নাতে প্রবেশ করবে না।' এগুলো তাদের মিথ্যা আশা মাত্র। বল, 'তোমরা তোমাদের অকাট্য দলীল-প্রমাণ নিয়ে আস- যদি তোমরা সত্যবাদী হও।'

بَلٰى ۤ مَنْ اَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ فَلَهٗٓ اَجْرُهٗ عِنْدَ رَبِّهٖ ۠ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ۝١١٢

ع ١٣ ١٣ রুকু ১৩

১১২। হ্যাঁ, যে সৎকর্মপরায়ণ হয়ে তার চেহারাকে (নিজেকে) আল্লাহ্‌র জন্য সমর্পণ করবে, তার জন্য তার প্রতিপালকের নিকট রয়েছে তার প্রতিদান এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَقَالَتِ الْيَهُوْدُ لَيْسَتِ النَّصٰرٰى عَلٰى شَيْءٍ ۠ وَّقَالَتِ النَّصٰرٰى لَيْسَتِ الْيَهُوْدُ عَلٰى شَيْءٍ ۙ وَّهُمْ يَتْلُوْنَ الْكِتٰبَ ۭ كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ مِثْلَ قَوْلِهِمْ ۚ فَاللّٰهُ يَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ۝١١٣

১১৩। এবং ইহুদীরা বলে, 'নাসারারা কোন কিছুর উপরই নেই'। এবং নাসরারা বলে, 'ইহুদীরা কোন কিছুর উপরই নেই', অথচ তারা (সবাই) কিতাব পাঠ করে। এভাবেই যারা জানে না তারাও তাদের কথার অনুরূপ কথা বলে, সুতরাং যে বিষয়ে তারা মতপার্থক্য করত সে বিষয়ে আল্লাহ্‌ তাদের মধ্যে কিয়ামতের দিন বিচার করে দিবেন।

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ مَّنَعَ مَسٰجِدَ اللّٰهِ اَنْ يُّذْكَرَ فِيْهَا اسْمُهٗ وَسَعٰى فِيْ خَرَابِهَا ۭ اُولٰۗىِٕكَ مَا كَانَ لَهُمْ اَنْ يَّدْخُلُوْهَآ اِلَّا خَاۗىِٕفِيْنَ ۭ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ وَّلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ۝١١٤

১১৪। আর তার চেয়ে অধিক জালিম আর কে, যে আল্লাহ্‌র মসজিদসমূহে তাঁর নাম স্মরণ করতে বাধা দেয় এবং এগুলো ধ্বংস করার চেষ্টা করে? এগুলোতে ভীত না হয়ে প্রবেশ করা তাদের জন্য সঙ্গত নয়। তাদের জন্য দুনিয়াতে রয়েছে অপমান এবং তাদের জন্য আখিরাতে রয়েছে মহাশাস্তি।

وَلِلّٰهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۚ فَاَيْنَمَا تُوَلُّوْا فَثَمَّ وَجْهُ اللّٰهِ ۭ اِنَّ اللّٰهَ وَاسِعٌ عَلِيْمٌ ۝١١٥

১১৫। এবং পূর্ব ও পশ্চিম আল্লাহ্‌রই। অতএব তোমরা যেদিকেই মুখ ফিরাবে সেখানেই আল্লাহ্‌র চেহারা*। নিশ্চয় আল্লাহ্‌ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।

وَقَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا سُبْحٰنَهٗ ۭ بَلْ لَّهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ۝١١٦

১১৬। এবং তারা বলে, 'আল্লাহ্‌ সন্তান গ্রহণ করেছেন', পবিত্র তিনি। বরং আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। প্রত্যেকে তাঁরই অনুগত।

بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَاِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ۝١١٧

১১৭। তিনি আকাশসমূহ ও পৃথিবীর উদ্ভাবক। এবং যখন তিনি কোন বিষয়ের সিদ্ধান্ত নেন তখন তাকে কেবল বলেন 'হও', এবং তা হয়ে যায়।

وَقَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ لَوْلَا يُكَلِّمُنَا اللّٰهُ اَوْ تَاْتِيْنَآ اٰيَةٌ ۭ كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّثْلَ قَوْلِهِمْ ۭ تَشَابَهَتْ قُلُوْبُهُمْ ۭ قَدْ بَيَّنَّا الْاٰيٰتِ لِقَوْمٍ يُّوْقِنُوْنَ ۝١١٨

১১৮। এবং যারা জানে না তারা বলে, 'আল্লাহ্‌ আমাদের সাথে কথা বলেন না কেন অথবা আমাদের কাছে কোন নিদর্শন আসে না কেন*?' এভাবেই তাদের পূর্ববর্তীরাও তাদের কথার অনুরূপ কথা বলত। তাদের হৃদয়সমূহ একই রকম। অবশ্যই আমি আয়াতসমূহ বর্ণনা করেছি এমন সম্প্রদায়ের জন্য যারা নিশ্চিত বিশ্বাস করে।

اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ۙ وَّلَا تُسْـَٔـلُ عَنْ اَصْحٰبِ الْجَحِيْمِ ۝١١٩

১১৯। নিশ্চয় আমি তোমাকে প্রেরণ করেছি সত্যসহ সুসংবাদদাতা ও সতর্ককারী হিসেবে, আর তীব্র আগুনের অধিবাসীদের সম্পর্কে তোমাকে জিজ্ঞাসা করা হবে না*।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَنْ تَرْضٰى عَنْكَ الْيَهُوْدُ وَلَا النَّصٰرٰى حَتّٰى تَتَّبِعَ مِلَّتَهُمْ ؕ قُلْ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ بَعْدَ الَّذِىْ جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١٢٠﴾

১২০। এবং ইহুদী ও নাসারারা তোমার প্রতি কখনো সন্তুষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের মিল্লাত (ধর্মাদর্শ) অনুসরণ করবে। বল, 'নিশ্চয় আল্লাহ্‌র পথনির্দেশিকাই (প্রকৃত) পথনির্দেশিকা।' আর তোমার কাছে যে জ্ঞান এসেছে তারপরও যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর, তাহলে আল্লাহ্‌র বিপরীতে তোমার জন্য কোন অভিভাবক থাকবে না এবং কোন সাহায্যকারীও না।

اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَتْلُوْنَهٗ حَقَّ تِلَاوَتِهٖ ؕ اُولٰٓئِكَ يُؤْمِنُوْنَ بِهٖ ؕ وَمَنْ يَّكْفُرْ بِهٖ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٢١﴾

ع ٩ ١٣ ١٤ রুকূ ١٥

১২১। আমি যাদেরকে কিতাব দিয়েছি, যারা তা (তাদের কিতাব*) যথাযথভাবে পাঠ করে, তারাই এতে (কুরআনে) ঈমান আনে। আর যারা এতে অবিশ্বাস করে, তারাই ক্ষতিগ্রস্ত।

يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِىَ الَّتِىْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّىْ فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٢٢﴾

১২২। হে বনী ইসরাঈল! তোমাদের উপর আমি যে নেয়ামত দান করেছিলাম এবং জগৎসমূহের (বিভিন্ন মানব গোষ্ঠীর) উপর তোমাদেরকে যে মর্যাদা* দান করেছিলাম তা স্মরণ কর।

وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِىْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْـًٔا وَّلَا يُقْبَلُ مِنْهَا عَدْلٌ وَّلَا تَنْفَعُهَا شَفَاعَةٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿١٢٣﴾

১২৩। এবং সেদিনকে ভয় কর যেদিন কেউ কারো পক্ষে কিছুই প্রতিদান দিবে না এবং কারো থেকে কোন বিনিময় গ্রহণ করা হবে না এবং কোন সুপারিশ তার উপকারে আসবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।

وَاِذِ ابْتَلٰٓى اِبْرٰهٖمَ رَبُّهٗ بِكَلِمٰتٍ فَاَتَمَّهُنَّ ؕ قَالَ اِنِّىْ جَاعِلُكَ لِلنَّاسِ اِمَامًا ؕ قَالَ وَمِنْ ذُرِّيَّتِىْ ؕ قَالَ لَا يَنَالُ عَهْدِى الظّٰلِمِيْنَ ﴿١٢٤﴾

১২৪। এবং যখন ইবরাহীমকে তার প্রতিপালক কতিপয় (আদেশ নিষেধ সম্বলিত) বাণী দ্বারা পরীক্ষা* করলেন এবং সে সেগুলো সম্পন্ন করল। তিনি (আল্লাহ্) বললেন, 'নিশ্চয় আমি তোমাকে মানবজাতির জন্য একজন নেতা বানাব।' সে (ইবরাহীম) বলল, 'এবং আমার সন্তানদের মধ্য থেকেও?' তিনি (আল্লাহ্) বললেন, 'আমার এ অঙ্গীকার জালিমদের নিকট পৌঁছবে না।'

وَاِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ وَاَمْنًا ؕ وَاتَّخِذُوْا مِنْ مَّقَامِ اِبْرٰهٖمَ مُصَلًّى ؕ وَعَهِدْنَآ اِلٰٓى اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ اَنْ طَهِّرَا بَيْتِىَ لِلطَّآئِفِيْنَ وَالْعٰكِفِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ ﴿١٢٥﴾

১২৫। এবং যখন আমি এই ঘরকে (কা'বাকে) মানবজাতির মিলনকেন্দ্র ও নিরাপত্তাস্থল বানিয়েছিলাম। এবং (বলেছিলাম) 'ইবরাহীম এর দাঁড়ানোর স্থানকে (মাকামে ইবরাহীমকে) সালাতের (নামাযের) স্থান হিসেবে গ্রহণ কর।' এবং আমি ইবরাহীম ও ইসমাঈলকে নির্দেশ দিয়েছিলাম যে, তোমরা দু'জনে আমার ঘরকে তাওয়াফকারী*, ই'তিকাফকারী* ও রুকূ-সিজদাকারীদের* জন্য পবিত্র রাখ।

وَاِذْ قَالَ اِبْرٰهٖمُ رَبِّ اجْعَلْ هٰذَا بَلَدًا اٰمِنًا وَّارْزُقْ اَهْلَهٗ مِنَ الثَّمَرٰتِ مَنْ اٰمَنَ مِنْهُمْ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ قَالَ وَمَنْ كَفَرَ فَاُمَتِّعُهٗ قَلِيْلًا ثُمَّ اَضْطَرُّهٗٓ اِلٰى عَذَابِ النَّارِ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٢٦﴾

১২৬। এবং যখন ইবরাহীম বলেছিল, 'হে আমার প্রতিপালক! একে (মক্কাকে) নিরাপদ নগরে পরিণত করুন এবং এর অধিবাসীদের মধ্য থেকে যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনবে তাদেরকে ফল-মূল থেকে রিযিক দান করুন।' তিনি (আল্লাহ্) বললেন, 'আর যে কুফরী করবে তাকেও আমি সামান্য ভোগ্য-সামগ্রী দিব, এরপর তাকে আমি আগুনের শাস্তির দিকে বাধ্য করব।' আর কতইনা নিকৃষ্ট সে গন্তব্যস্থল!

وَاِذْ يَرْفَعُ اِبْرٰهٖمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَاِسْمٰعِيْلُ ؕ رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ؕ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١٢٧﴾

১২৭। এবং যখন ইবরাহীম ও ইসমাঈল এই ঘরের ভিত্তি উত্তোলন* করছিল। (তারা দোয়া করেছিল) 'হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে (এ কাজ) কবুল করুন। নিশ্চয় আপনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَآ اُمَّةً مُّسْلِمَةً لَّكَ ۠ وَاَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا ۚ اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٢٨﴾

১২৮। হে আমাদের প্রতিপালক! এবং আপনি আমাদেরকে আপনার নিকট আত্মসমর্পণকারী (মুসলিম) এবং আমাদের বংশধর থেকে আপনার নিকট আত্মসমর্পণকারী এক উম্মত বানান। এবং আমাদেরকে আমাদের (হজ্জের) নিয়ম-কানুন দেখিয়ে দিন এবং আমাদের তওবা কবুল করুন। নিশ্চয় আপনিই তওবা কবুলকারী ও পরম দয়ালু।

رَبَّنَا وَابْعَثْ فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيْهِمْ ؕ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٢٩﴾

ع ١٥ ١٦ ١٧ ١٨ রুকূ ١٦

১২৯। হে আমাদের প্রতিপালক! এবং তাদের মধ্য থেকে তাদের কাছে একজন রাসূল পাঠান যিনি তাদের নিকট আপনার আয়াতসমূহ পাঠ করবেন, তাদেরকে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) শিক্ষা দিবেন এবং তাদেরকে পরিশুদ্ধ করবেন। নিশ্চয় আপনিই মহা প্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

وَمَنْ يَّرْغَبُ عَنْ مِّلَّةِ اِبْرٰهٖمَ اِلَّا مَنْ سَفِهَ نَفْسَهٗ ؕ وَلَقَدِ اصْطَفَيْنٰهُ
فِي الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِي الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿١٣٠﴾

১৩০। আর ইবরাহীমের মিল্লাত (ধর্মাদর্শ) থেকে কে অনাগ্রহী হয় সে ছাড়া যে নিজেকে নির্বোধ বানিয়েছে? এবং অবশ্যই আমি তাকে দুনিয়াতে মনোনীত করেছিলাম, এবং নিশ্চয় সে আখিরাতে অবশ্যই সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।

اِذْ قَالَ لَهٗ رَبُّهٗۤ اَسْلِمْ ۙ قَالَ اَسْلَمْتُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٣١﴾

১৩১। যখন তার প্রতিপালক তাকে বলেছিলেন, 'আত্মসমর্পণ কর', তখন সে বলল, 'আমি জগৎসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করলাম।'

وَوَصّٰى بِهَاۤ اِبْرٰهٖمُ بَنِيْهِ وَيَعْقُوْبُ ؕ يٰبَنِيَّ اِنَّ اللّٰهَ اصْطَفٰى لَكُمُ
الدِّيْنَ فَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٣٢﴾

১৩২। এবং ইবরাহীম তার সন্তানদেরকে সে (মিল্লাতের) ব্যাপারে ওসিয়ত করেছিল এবং ইয়াকুবও। (তারা বলেছিল) 'হে আমার সন্তানেরা! নিশ্চয় আল্লাহ্ তোমাদের জন্য এই দ্বীনকে মনোনীত করেছেন, সুতরাং তোমরা মুসলিম অবস্থায় না থেকে কখনো মৃত্যুবরণ করো না*।'

اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ حَضَرَ يَعْقُوْبَ الْمَوْتُ ۙ اِذْ قَالَ لِبَنِيْهِ
مَا تَعْبُدُوْنَ مِنْۢ بَعْدِيْ ؕ قَالُوْا نَعْبُدُ اِلٰهَكَ وَاِلٰهَ اٰبَآئِكَ اِبْرٰهٖمَ
وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ اِلٰهًا وَّاحِدًا ۚ وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿١٣٣﴾

১৩৩। তোমরা কি তখন উপস্থিত ছিলে যখন ইয়াকুবের নিকট মৃত্যু উপস্থিত হয়েছিল? যখন সে তার সন্তানদেরকে বলেছিল, 'আমার (মৃত্যুর) পর তোমরা কার ইবাদত করবে?' তারা বলল, 'আমরা আপনার ইলাহ্-এর এবং আপনার পিতৃপুরুষ ইবরাহীম, ইসমাঈল ও ইসহাকের ইলাহ্-এর ইবাদত করব যিনি এক ইলাহ্ এবং আমরা তাঁরই নিকট আত্মসমর্পণকারী (মুসলিম)।

تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا
تُسْـَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٣٤﴾

১৩৪। এটি সেই উম্মত যা গত হয়েছে, তার (উম্মতের) জন্য রয়েছে তাই যা সে অর্জন করেছে এবং তোমাদের জন্য রয়েছে তাই যা তোমরা অর্জন করেছ, এবং তারা যা করত সে সম্পর্কে তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না।

وَقَالُوْا كُوْنُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى تَهْتَدُوْا ؕ قُلْ بَلْ مِلَّةَ اِبْرٰهٖمَ
حَنِيْفًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٣٥﴾

১৩৫। এবং তারা বলে, 'ইহুদী অথবা নাসারা হয়ে যাও, তাহলে সঠিক পথ পাবে।' বল, 'বরং ইবরাহীমের মিল্লাতই (ধর্মাদর্শই) একত্ববাদী (মিল্লাত) এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।'

قُوْلُوْۤا اٰمَنَّا بِاللّٰهِ وَمَاۤ اُنْزِلَ اِلَيْنَا وَمَاۤ اُنْزِلَ اِلٰۤى اِبْرٰهٖمَ
وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَاۤ اُوْتِيَ مُوْسٰى
وَعِيْسٰى وَمَاۤ اُوْتِيَ النَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ
مِّنْهُمْ ۖ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿١٣٦﴾

১৩৬। (হে মুসলিমরা!) তোমরা বল, 'আমরা ঈমান এনেছি আল্লাহ্র প্রতি, যা আমাদের প্রতি অবতীর্ণ হয়েছে তার প্রতি, যা ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও (ইয়াকুবের) সন্তান-সন্ততির প্রতি অবতীর্ণ হয়েছিল তার প্রতি এবং যা মূসা, ঈসা ও অন্যান্য নবীদেরকে তাদের প্রতিপালকের পক্ষ থেকে দেয়া হয়েছিল তার প্রতি*, তাদের কারো মধ্যে আমরা পার্থক্য করি না। এবং আমরা তাঁরই নিকট আত্মসমর্পণকারী (মুসলিম)।

فَاِنْ اٰمَنُوْا بِمِثْلِ مَاۤ اٰمَنْتُمْ بِهٖ فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا
هُمْ فِيْ شِقَاقٍ ۚ فَسَيَكْفِيْكَهُمُ اللّٰهُ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١٣٧﴾

১৩৭। অতএব তোমরা তার (রাসূলের) প্রতি যেমন ঈমান এনেছ তারাও যদি অনুরূপ ঈমান আনে তাহলে তারা সঠিক পথ পাবে, আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে তারা কেবল মতবিরোধের মধ্যে রয়েছে, সুতরাং তাদের বিপরীতে তোমার জন্য আল্লাহ্ই যথেষ্ট, এবং তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

صِبْغَةَ اللّٰهِ ۚ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ صِبْغَةً ۖ وَّنَحْنُ لَهٗ عٰبِدُوْنَ ﴿١٣٨﴾

১৩৮। (বল, আমরা ধারণ করেছি) আল্লাহ্র রং*; আল্লাহ্র রং-এর চেয়ে আর কার রং বেশি সুন্দর? এবং আমরা তাঁরই ইবাদতকারী।

قُلْ اَتُحَآجُّوْٓنَنَا فِي اللّٰهِ وَهُوَ رَبُّنَا وَرَبُّكُمْ ۚ وَلَنَاۤ اَعْمَالُنَا وَ
لَكُمْ اَعْمَالُكُمْ ۚ وَنَحْنُ لَهٗ مُخْلِصُوْنَ ﴿١٣٩﴾

১৩৯। বল, 'তোমরা কি আল্লাহ্র ব্যাপারে আমাদের সাথে বিতর্ক করছ, যখন তিনি আমাদের প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক? আর আমাদের কর্ম (এর প্রতিফল) আমাদের জন্য এবং তোমাদের কর্ম (এর প্রতিফল) তোমাদের জন্য, এবং আমরা তাঁরই জন্য একনিষ্ঠ।'

اَمْ تَقُوْلُوْنَ اِنَّ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطَ
كَانُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى ؕ قُلْ ءَاَنْتُمْ اَعْلَمُ اَمِ اللّٰهُ ؕ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ
كَتَمَ شَهَادَةً عِنْدَهٗ مِنَ اللّٰهِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿١٤٠﴾

১৪০। তোমরা কি বলছ যে, নিশ্চয় ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও (তার) সন্তান-সন্ততি ইহুদী অথবা নাসারা ছিল? বল, 'তোমরা বেশি জান নাকি আল্লাহ্?' তার চেয়ে অধিক জালিম আর কে, যে আল্লাহ্র পক্ষ থেকে তার কাছে যে সাক্ষ্য (প্রমাণ) রয়েছে তা গোপন করে? এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ বেখবর নন।

تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَ
لَا تُسْـَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٤١﴾

১৪১। এটি সে উম্মত যা গত হয়েছে, তার (উম্মতের) জন্য রয়েছে তাই যা সে অর্জন করেছে এবং তোমাদের জন্য রয়েছে তাই যা তোমরা অর্জন করেছ, এবং তারা যা করত সে সম্পর্কে তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না।

পারা-২

سَيَقُوْلُ السُّفَهَآءُ مِنَ النَّاسِ مَا وَلّٰىهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِيْ كَانُوْا عَلَيْهَا ۭ قُلْ لِّلّٰهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۭ يَهْدِيْ مَنْ يَّشَاۗءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٤٢﴾

১৪২। শীঘ্রই নির্বোধ লোকেরা বলবে, 'কিসে তাদেরকে ফিরিয়ে দিল তাদের কিবলা হতে* যার উপর তারা ছিল?' বল, 'পূর্ব ও পশ্চিম আল্লাহ্‌রই*। তিনি যাকে ইচ্ছা করেন সরল-সঠিক পথে পরিচালিত করেন।'

وَكَذٰلِكَ جَعَلْنٰكُمْ اُمَّةً وَّسَطًا لِّتَكُوْنُوْا شُهَدَاۗءَ عَلَي النَّاسِ وَيَكُوْنَ الرَّسُوْلُ عَلَيْكُمْ شَهِيْدًا ۭ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِيْ كُنْتَ عَلَيْهَآ اِلَّا لِنَعْلَمَ مَنْ يَّتَّبِعُ الرَّسُوْلَ مِمَّنْ يَّنْقَلِبُ عَلٰي عَقِبَيْهِ ۭ وَاِنْ كَانَتْ لَكَبِيْرَةً اِلَّا عَلَي الَّذِيْنَ هَدَى اللّٰهُ ۭ وَمَا كَانَ اللّٰهُ لِيُضِيْعَ اِيْمَانَكُمْ ۭ اِنَّ اللّٰهَ بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿١٤٣﴾

১৪৩। আর এভাবেই আমি তোমাদেরকে একটি মধ্যপন্থী* উম্মত বানিয়েছি, যাতে তোমরা মানব জাতির উপর সাক্ষী হতে পার এবং রাসূল হতে পারে তোমাদের উপর সাক্ষী। এবং আমি সেটিকে কিবলা বানিয়েছিলাম- যার উপর তুমি ছিলে*, কেবল যাতে আমি জেনে নিতে পারি (স্পষ্ট করতে পারি), কে রাসূলের অনুসরণ করে, (আর) কে তার পিছনের দিকে (পূর্বাবস্থায়) ফিরে যায়। এবং তা ছিল অবশ্যই কঠিন তাদের জন্য ছাড়া যাদেরকে আল্লাহ্‌ সঠিকপথ প্রদর্শন করেছেন। আর আল্লাহ্‌ এমন নন যে তিনি তোমাদের ঈমানকে নষ্ট করবেন। নিশ্চয় আল্লাহ্‌ মানুষের জন্য অত্যন্ত স্নেহশীল ও পরম দয়ালু।

قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاۗءِ ۚ فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضٰىهَا ۠ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۭ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۭ وَاِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۭ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿١٤٤﴾

১৪৪। কখনো কখনো আমি তোমার চেহারাকে আকাশের দিকে ফিরাতে দেখেছি, তাই অবশ্যই আমি সেই কিবলার দিকে তোমাকে ফিরিয়ে দিচ্ছি, যা তুমি পছন্দ কর। অতএব তুমি মসজিদে হারামের* দিকে তোমার চেহারা ফিরাও। এবং তোমরা যেখানেই থাক তার (মসজিদে হারামের) দিকে তোমাদের চেহারা ফিরাও। এবং নিশ্চয় যাদেরকে কিতাব দেয়া হয়েছে তারা অবশ্যই জানে যে, এটি (কিবলা পরিবর্তনের বিষয়টি) তাদের প্রতিপালকের পক্ষ থেকে (আগত) সত্য*। এবং তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্‌ বেখবর নন।

وَلَىِٕنْ اَتَيْتَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ بِكُلِّ اٰيَةٍ مَّا تَبِعُوْا قِبْلَتَكَ ۚ وَمَآ اَنْتَ بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَمَا بَعْضُهُمْ بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ۭ وَلَىِٕنِ اتَّبَعْتَ اَهْوَاۗءَهُمْ مِّنْۢ بَعْدِ مَا جَاۗءَكَ مِنَ الْعِلْمِ ۙ اِنَّكَ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿١٤٥﴾

১৪৫। এবং যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের কাছে যদি তুমি সকল নিদর্শনও নিয়ে আস তবু তারা তোমার কিবলার অনুসরণ করবে না* এবং তুমিও তাদের কিবলার অনুসারী নও, এবং তাদের কেউ কারো কিবলার অনুসারী নয়। এবং তোমার কাছে যে জ্ঞান এসেছে তার পরে যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর, তাহলে নিশ্চয় তুমি তখন অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হবে।

اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْرِفُوْنَهٗ كَمَا يَعْرِفُوْنَ اَبْنَاۗءَهُمْ ۭ وَاِنَّ فَرِيْقًا مِّنْهُمْ لَيَكْتُمُوْنَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿١٤٦﴾

১৪৬। যাদেরকে আমি কিতাব দিয়েছি তারা (অর্থাৎ তাদের আলেমরা) এটি* (কিবলা পরিবর্তনের বিষয়টি) এমনভাবে চিনে যেভাবে তারা তাদের সন্তানদেরকে চিনে। এবং নিশ্চয় তাদের মধ্য থেকে একটি দল অবশ্যই জেনে-বুঝে সত্যকে গোপন করে।

اَلْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿١٤٧﴾

ع ١٧-١٩ রুকু ১

১৪৭। এ সত্য (কিবলা পরিবর্তন) তোমার প্রতিপালকের পক্ষ থেকে (আগত), সুতরাং তুমি কখনো সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হয়ো না।

وَلِكُلٍّ وِّجْهَةٌ هُوَ مُوَلِّيْهَا فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ۭ اَيْنَ مَا تَكُوْنُوْا يَاْتِ بِكُمُ اللّٰهُ جَمِيْعًا ۭ اِنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٤٨﴾

১৪৮। আর প্রত্যেকেরই একটি দিক (কিবলা) আছে, সে তারই দিকে (তার চেহারা) ফিরায়, অতএব তোমরা কল্যাণকর কাজে প্রতিযোগিতা কর। যেখানেই তোমরা থাক আল্লাহ্‌ তোমাদের সবাইকে (কিয়ামতের দিন) নিয়ে আসবেন। নিশ্চয় আল্লাহ্‌ সব কিছুর উপর সর্বশক্তিমান।

وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۭ وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ۭ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿١٤٩﴾

১৪৯। এবং তুমি যেখান থেকেই* বের হও, তোমার চেহারা মসজিদে হারামের দিকে ফিরাও। এবং নিশ্চয় এটি (কিবলা পরিবর্তন) অবশ্যই তোমার প্রতিপালকের পক্ষ থেকে (আগত) সত্য। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্‌ বেখবর নন।

وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۖ وَ
حَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ
عَلَيْكُمْ حُجَّةٌ ۗ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ فَلَا تَخْشَوْهُمْ وَ
اخْشَوْنِيْ ۗ وَلِاُتِمَّ نِعْمَتِيْ عَلَيْكُمْ وَ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿۱۵۰﴾

১৫০। এবং তুমি যেখান থেকেই বের হও, তোমার চেহারা মসজিদে হারামের দিকে ফিরাও। এবং তোমরা যেখানেই থাক তোমাদের চেহারাসমূহ তার (মসজিদে হারামের) দিকে ফিরাও, যাতে তোমাদের বিরুদ্ধে (বিরোধী) লোকদের কোন যুক্তি-প্রমাণ না থাকে, তবে তাদের মধ্যে যারা জুলুম করেছে তাদের কথা ভিন্ন। সুতরাং তোমরা তাদেরকে ভয় করো না বরং আমাকেই ভয় কর। এবং যাতে আমি তোমাদের উপর আমার নেয়ামত পূর্ণ করতে পারি এবং যাতে তোমরা সঠিক পথ অবলম্বন করতে পার-

كَمَآ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَ
يُزَكِّيْكُمْ وَ يُعَلِّمُكُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَ يُعَلِّمُكُمْ مَّا
لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿۱۵۱﴾

১৫১। যেমন আমি তোমাদের মধ্যে তোমাদের মধ্য থেকেই একজন রাসূল প্রেরণ করেছি, যে তোমাদের কাছে আমার আয়াতসমূহ পাঠ করে, তোমাদেরকে পরিশুদ্ধ করে, তোমাদেরকে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) শিক্ষা দেয় এবং তোমাদেরকে (এমন কিছু) শিক্ষা দেয় যা তোমরা জানতে না।

فَاذْكُرُوْنِيْٓ اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَ لَا تَكْفُرُوْنِ ﴿۱۵۲﴾

১৫২। সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদেরকে স্মরণ করব, এবং আমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর এবং আমার প্রতি অকৃতজ্ঞ হয়ো না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۗ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿۱۵۳﴾

১৫৩। ওহে যারা ঈমান এনেছ! তোমরা ধৈর্য ও সালাতের (নামাযের) মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে আছেন।

وَ لَا تَقُوْلُوْا لِمَنْ يُّقْتَلُ فِيْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتٌ ۗ بَلْ اَحْيَآءٌ وَّ
لٰكِنْ لَّا تَشْعُرُوْنَ ﴿۱۵۴﴾

১৫৪। এবং যারা আল্লাহ্‌র পথে নিহত হয় তাদেরকে মৃত বলো না। বরং তারা জীবিত, কিন্তু তোমরা অনুভব কর না।

وَ لَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوْعِ وَ نَقْصٍ مِّنَ الْاَمْوَالِ وَ
الْاَنْفُسِ وَالثَّمَرٰتِ ۗ وَ بَشِّرِ الصّٰبِرِيْنَ ﴿۱۵۵﴾

১৫৫। এবং অবশ্যই আমি কিছু ভয়-ভীতি, ক্ষুধা এবং ধন-সম্পদ, জীবন ও ফল-মূলের ক্ষয়-ক্ষতির মাধ্যমে তোমাদেরকে পরীক্ষা করব। আর ধৈর্যশীলদেরকে সুসংবাদ দাও-

الَّذِيْنَ اِذَآ اَصَابَتْهُمْ مُّصِيْبَةٌ ۙ قَالُوْٓا اِنَّا لِلّٰهِ وَ اِنَّآ اِلَيْهِ رٰجِعُوْنَ ﴿۱۵۶﴾

১৫৬। যারা, যখন তাদেরকে বিপদ-আপদ আঘাত করে তখন বলে, 'নিশ্চয় আমরা আল্লাহ্‌র জন্য এবং নিশ্চয় আমরা তাঁরই দিকে ফিরে যাব।'

اُولٰٓئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَ رَحْمَةٌ ۟ وَ اُولٰٓئِكَ هُمُ
الْمُهْتَدُوْنَ ﴿۱۵۷﴾

১৫৭। তাদেরই উপর রয়েছে তাদের প্রতিপালকের পক্ষ থেকে অনুগ্রহ ও দয়া এবং তারাই সঠিকপথপ্রাপ্ত।

اِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَآئِرِ اللّٰهِ ۚ فَمَنْ حَجَّ الْبَيْتَ اَوِ اعْتَمَرَ
فَلَا جُنَاحَ عَلَيْهِ اَنْ يَّطَّوَّفَ بِهِمَا ۗ وَ مَنْ تَطَوَّعَ خَيْرًا ۙ فَاِنَّ اللّٰهَ
شَاكِرٌ عَلِيْمٌ ﴿۱۵۸﴾

১৫৮। নিশ্চয় সাফা ও মারওয়া* আল্লাহ্‌র নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত, সুতরাং যে (আল্লাহ্‌র) ঘরের হজ্জ অথবা উমরা করে তার জন্য এই দু'টিতে প্রদক্ষিণ (সাঈ) করাতে তার কোন অপরাধ নেই। এবং যে স্বেচ্ছায় কোন ভাল কাজ করে, তবে নিশ্চয় আল্লাহ্ পরম প্রতিদানদাতা ও সর্বজ্ঞানী।

اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلْنَا مِنَ الْبَيِّنٰتِ وَالْهُدٰى مِنْۢ بَعْدِ مَا بَيَّنّٰهُ
لِلنَّاسِ فِي الْكِتٰبِ ۙ اُولٰٓئِكَ يَلْعَنُهُمُ اللّٰهُ وَ يَلْعَنُهُمُ اللّٰعِنُوْنَ ﴿۱۵۹﴾

১৫৯। আমি যে স্পষ্ট প্রমাণাদি ও পথনির্দেশনা অবতীর্ণ করেছি মানুষের জন্য কিতাবে তা বর্ণনা করার পর নিশ্চয় যারা তা গোপন করে তাদেরকে আল্লাহ্ লা'নত করেন এবং সকল লা'নতকারীরাও তাদেরকে লা'নত করে-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৬০।তবে যারা তওবা করে এবং (নিজেদেরকে) সংশোধন করে এবং (যা গোপন করছিল তা) স্পষ্টভাবে বর্ণনা করে, আমি তাদের তওবা কবুল করব, এবং আমিই তওবা কবুলকারী ও পরম দয়ালু।

إِلَّا الَّذِيْنَ تَابُوْا وَأَصْلَحُوْا وَبَيَّنُوْا فَأُولٰٓئِكَ أَتُوْبُ عَلَيْهِمْ ۚ وَأَنَا التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٦٠﴾

১৬১।নিশ্চয় যারা কুফরী করেছে এবং কাফির অবস্থায় মৃত্যুবরণ করেছে, তাদের উপর আল্লাহ্, ফেরেশতাকুল ও সকল মানুষের লা'নত-

إِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ أُولٰٓئِكَ عَلَيْهِمْ لَعْنَةُ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ أَجْمَعِيْنَ ﴿١٦١﴾

১৬২। সেখানে তারা স্থায়ী হবে, তাদের থেকে শাস্তি হালকা করা হবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না।

خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿١٦٢﴾

১৬৩।এবং তোমাদের ইলাহ্ এক ইলাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, যিনি অসীম দয়াময় ও পরম দয়ালু।

وَإِلٰهُكُمْ إِلٰهٌ وَّاحِدٌ ۚ لَآ إِلٰهَ إِلَّا هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿١٦٣﴾

১৬৪।নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিতে, রাত ও দিনের আবর্তনে, মানুষের উপকারী সামগ্রী নিয়ে সাগরে চলমান নৌযানে, আকাশ থেকে আল্লাহ্ যে পানি অবতীর্ণ করেন অতঃপর তা দিয়ে ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর এবং সেখানে ছড়িয়ে দেন প্রত্যেক বিচরণশীল প্রাণী- তাতে, বায়ুর পরিচালনায় এবং আকাশ ও পৃথিবীর মাঝে (তাঁর) নির্দেশাধীন মেঘমালায় অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

إِنَّ فِيْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَالْفُلْكِ الَّتِيْ تَجْرِيْ فِي الْبَحْرِ بِمَا يَنْفَعُ النَّاسَ وَمَآ أَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ مَّآءٍ فَأَحْيَا بِهِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَآبَّةٍ ۖ وَّتَصْرِيْفِ الرِّيٰحِ وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَآءِ وَالْأَرْضِ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿١٦٤﴾

১৬৫।আর মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহ্কে বাদ দিয়ে (অন্যদেরকে তাঁর) সমকক্ষ হিসেবে গ্রহণ করে, তারা তাদেরকে ভালোবাসে আল্লাহ্কে ভালোবাসার মত। এবং যারা ঈমান এনেছে তারা আল্লাহ্র জন্য অধিক ভালবাসা পোষণকারী। আর যারা জুলুম করেছে তারা যদি ভেবে দেখে- যখন তারা শাস্তি দেখতে পাবে (তখন ঠিকই বুঝতে পারবে) যে, সমস্ত শক্তি আল্লাহ্রই, এবং এও যে, আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

وَمِنَ النَّاسِ مَنْ يَّتَّخِذُ مِنْ دُوْنِ اللّٰهِ أَنْدَادًا يُّحِبُّوْنَهُمْ كَحُبِّ اللّٰهِ ۖ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا أَشَدُّ حُبًّا لِّلّٰهِ ۗ وَلَوْ يَرَى الَّذِيْنَ ظَلَمُوْٓا إِذْ يَرَوْنَ الْعَذَابَ ۙ أَنَّ الْقُوَّةَ لِلّٰهِ جَمِيْعًا ۙ وَّأَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعَذَابِ ﴿١٦٥﴾

১৬৬।যাদেরকে অনুসরণ করা হয়েছে তারা যখন যারা অনুসরণ করেছিল তাদের থেকে দায়মুক্ত হবে, এবং তারা শাস্তি দেখতে পাবে ও তাদের মধ্যকার সকল সম্পর্ক ছিন্ন হয়ে যাবে।

إِذْ تَبَرَّأَ الَّذِيْنَ اتُّبِعُوْا مِنَ الَّذِيْنَ اتَّبَعُوْا وَرَأَوُا الْعَذَابَ وَتَقَطَّعَتْ بِهِمُ الْأَسْبَابُ ﴿١٦٦﴾

১৬৭।এবং যারা অনুসরণ করেছিল তারা বলবে, 'যদি আমাদের জন্য একবার (দুনিয়াতে ফেরার) সুযোগ হত, তাহলে আমরাও তাদের থেকে দায়মুক্ত হতাম যেভাবে তারা (আজ) আমাদের থেকে দায়মুক্ত হয়েছে।' এভাবেই আল্লাহ্ তাদেরকে তাদের কর্মসমূহ দেখাবেন তাদের জন্য পরিতাপরূপে। এবং তারা আগুন থেকে বের হবে না।

وَقَالَ الَّذِيْنَ اتَّبَعُوْا لَوْ أَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّأَ مِنْهُمْ كَمَا تَبَرَّءُوْا مِنَّا ۗ كَذٰلِكَ يُرِيْهِمُ اللّٰهُ أَعْمَالَهُمْ حَسَرٰتٍ عَلَيْهِمْ ۗ وَمَا هُمْ بِخٰرِجِيْنَ مِنَ النَّارِ ﴿١٦٧﴾

১৬৮।হে মানুষ! পৃথিবীতে হালাল ও পবিত্র যা কিছু আছে তা থেকে আহার কর, এবং শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু।

يٰٓأَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِي الْأَرْضِ حَلٰلًا طَيِّبًا ۖ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ۚ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿١٦٨﴾

১৬৯।সে (শয়তান) কেবল তোমাদেরকে নির্দেশ দেয় মন্দ ও অশ্লীলতার এবং আল্লাহ্ সম্পর্কে এমন (ভিত্তিহীন) কথা বলতে যা তোমরা জান না।

إِنَّمَا يَأْمُرُكُمْ بِالسُّوْٓءِ وَالْفَحْشَآءِ وَأَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿١٦٩﴾

وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَآ اَلْفَيْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْقِلُوْنَ شَيْـًٔا وَّلَا يَهْتَدُوْنَ ﴿١٧٠﴾

১৭০। এবং যখন তাদেরকে বলা হয়, 'আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা অনুসরণ কর', তখন তারা বলে, 'বরং আমরা তারই অনুসরণ করব যার উপর আমরা আমাদের বাপ-দাদাদেরকে পেয়েছি'। যদিও তাদের বাপ-দাদারা কিছুই অনুধাবন করত না এবং তারা সঠিক পথপ্রাপ্তও ছিল না তবুও কি?

وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِيْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَآءً وَّنِدَآءً ؕ صُمٌّۢ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿١٧١﴾

১৭১। এবং যারা কুফরী করেছে তাদের উপমা যেমন এক ব্যক্তি (রাখাল) এমন কিছুকে (পশুকে) চিৎকার করে ডাকে যা হাক-ডাকের আওয়াজ ছাড়া আর কিছুই শুনতে পায় না। তারা বধির, বোবা ও অন্ধ, সুতরাং তারা অনুধাবন করে না।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَاشْكُرُوْا لِلّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١٧٢﴾

১৭২। ওহে যারা ঈমান এনেছ! আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে পবিত্র বস্তুসমূহ আহার কর এবং আল্লাহ্র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর- যদি তোমরা কেবল তাঁরই ইবাদত কর।

اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَآ اُهِلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَلَاۤ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٧٣﴾

১৭৩। তোমাদের উপর কেবল হারাম করা হয়েছে মৃত (পশু), রক্ত*, শুকরের গোশত এবং যা (জবাইকালে) আল্লাহ্ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে। কিন্তু যে আগ্রহী ও সীমালঙ্ঘনকারী না হয়ে বাধ্য হবে, তবে তার কোন পাপ নেই*। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ الْكِتٰبِ وَيَشْتَرُوْنَ بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۙ اُولٰٓئِكَ مَا يَاْكُلُوْنَ فِيْ بُطُوْنِهِمْ اِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٤﴾

১৭৪। আল্লাহ্ যে কিতাব অবতীর্ণ করেছেন নিশ্চয় যারা তা গোপন করে এবং এর বিনিময়ে সামান্য মূল্য ক্রয় করে (গ্রহণ করে), তারা কেবল তাদের পেটে আগুন ভর্তি করে, এবং কিয়ামতের দিন আল্লাহ্ তাদের সাথে কথা বলবেন না এবং তাদেরকে পরিশুদ্ধও করবেন না, এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٥﴾

১৭৫। ওরাই তারা যারা সঠিক পথের বিনিময়ে পথভ্রষ্টতা এবং ক্ষমার বিনিময়ে শাস্তি ক্রয় করেছে, আগুনের (শাস্তির) ব্যাপারে তারা কতই না ধৈর্যশীল!

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ نَزَّلَ الْكِتٰبَ بِالْحَقِّ ؕ وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِي الْكِتٰبِ لَفِيْ شِقَاقٍ بَعِيْدٍ ﴿١٧٦﴾

ع ١٩ ٥ ٢١ রুকূ ٩

১৭৬। এটা এ জন্য যে, আল্লাহ্ সত্যসহ এ কিতাব অবতীর্ণ করেছেন। এবং নিশ্চয় যারা কিতাব সম্পর্কে মতপার্থক্য করেছে তারা অবশ্যই এক সুদূর মতবিরোধে লিপ্ত রয়েছে।

لَيْسَ الْبِرَّ اَنْ تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلٰكِنَّ الْبِرَّ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلٰٓئِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيّٖنَ ۚ وَاٰتَى الْمَالَ عَلٰى حُبِّهٖ ذَوِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ۙ وَالسَّآئِلِيْنَ وَفِي الرِّقَابِ ۚ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ ۚ وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ اِذَا عٰهَدُوْا ۚ وَالصّٰبِرِيْنَ فِي الْبَاْسَآءِ وَالضَّرَّآءِ وَحِيْنَ الْبَاْسِ ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ صَدَقُوْا ؕ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿١٧٧﴾

১৭৭। পূর্ব অথবা পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানো পুণ্য নয়, বরং পুণ্য হল (তার কাজ) যে ঈমান এনেছে আল্লাহ্, আখেরাতের দিন, ফেরেশতাকুল, (আসমানী) কিতাব ও নবীদের প্রতি এবং সম্পদের প্রতি ভালবাসা থাকা সত্ত্বেও তা আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিসকীন, সম্বলহীন মুসাফির ও সাহায্য প্রার্থীদেরকে এবং দাসমুক্তির* জন্য দান করেছে, এবং সালাত (নামায) কায়েম করেছে, যাকাত প্রদান করেছে, এবং যখন অঙ্গীকার করেছে তখন তা পূর্ণকারী*, এবং অভাব-অনটনে, দুঃখ-দুর্দশায় ও সংগ্রাম-সংকটে ধৈর্যধারণকারী। ওরাই তারা যারা সত্যবাদী হয়েছে* এবং তারাই মুত্তাকী।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلٰى ؕ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى بِالْاُنْثٰى ؕ فَمَنْ عُفِيَ لَهٗ مِنْ اَخِيْهِ شَيْءٌ فَاتِّبَاعٌۢ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ ؕ ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ؕ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٨﴾

১৭৮। ওহে যারা ঈমান এনেছ! হত্যার ক্ষেত্রে তোমাদের উপর কিসাস* বিধিবদ্ধ (ফরয) করা হল। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি*, ক্রীতদাসের বদলে ক্রীতদাস, আর নারীর বদলে নারী। কিন্তু তার (নিহত ব্যক্তির) ভাইয়ের পক্ষ থেকে যাকে কিছু মাফ* করা হয় তবে (তার কর্তব্য হল) যথাযথভাবে তা অনুসরণ করা* এবং তাকে সঠিকভাবে (রক্তপণ) পরিশোধ করা। এটা তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে (দণ্ড) হ্রাস ও দয়া*। কিন্তু এরপরে যে সীমালঙ্ঘন* করবে তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَلَكُمْ فِي الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِي الْاَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧٩﴾

১৭৯। আর হে বুদ্ধিমানরা! কিসাসের মধ্যে তোমাদের জন্য জীবন রয়েছে, যাতে তোমরা তাকওয়া অবলম্বন করতে পার।

كُتِبَ عَلَيْكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ اِنْ تَرَكَ خَيْرَا ۨ ۚ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿١٨٠﴾

১৮০। তোমাদের কারো নিকট মৃত্যু উপস্থিত হলে সে যদি ধন-সম্পত্তি রেখে যায় তবে পিতা-মাতা ও আত্মীয়-স্বজনদের জন্য ন্যায়সঙ্গতভাবে ওসিয়ত* করে যাওয়া তোমাদের উপর বিধিবদ্ধ (ফরয*) করা হল। এটি মুত্তাকীদের উপর কর্তব্য।

فَمَنْۢ بَدَّلَهٗ بَعْدَ مَا سَمِعَهٗ فَاِنَّمَآ اِثْمُهٗ عَلَى الَّذِيْنَ يُبَدِّلُوْنَهٗ ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٨١﴾

১৮১। অতঃপর যে তা (ওসিয়ত) পরিবর্তন করে তা শ্রবণ করার পর, তবে তার পাপ কেবল তাদের উপরই বর্তাবে যারা তা পরিবর্তন করে। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

فَمَنْ خَافَ مِنْ مُّوْصٍ جَنَفًا اَوْ اِثْمًا فَاَصْلَحَ بَيْنَهُمْ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٨٢﴾

১৮২। কিন্তু যে ওসিয়তকারীর পক্ষ থেকে পক্ষপাতিত্ব বা পাপের আশঙ্কা করে এবং তাদের (সংশ্লিষ্ট ব্যক্তিদের) মাঝে আপোষ-নিষ্পত্তি করে দেয়, তার কোন পাপ হবে না। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

ع ٢٢ ٦ ٢٢ রুকূ ৬

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٨٣﴾

১৮৩। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের ওপর রোযা বিধিবদ্ধ (ফরয*) করা হল যেমন বিধিবদ্ধ (ফরয) করা হয়েছিল তোমাদের পূর্ববর্তীদের উপর, যাতে তোমরা তাকওয়া* অবলম্বন করতে পার-

اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١٨٤﴾

১৮৪। গণনাযোগ্য কয়েকটি দিন। তবে তোমাদের মধ্যে যে অসুস্থ* হয়ে যাবে অথবা সফরে থাকবে সে অন্য দিনগুলোতে এই সংখ্যা পূর্ণ করবে। আর যারা রোযা রাখতে সক্ষম (কিন্তু খুব কষ্ট হয়)* তারা (প্রতিটি রোযার জন্য) একজন মিসকিনের খাবার ফিদিয়া প্রদান করবে। আর যে স্বেচ্ছায় কোন ভাল কাজ করবে (অর্থাৎ ফিদিয়ার ক্ষেত্রে অতিরিক্ত দিবে), তা তার জন্য উত্তম। আর রোযা রাখাই তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

شَهْرُ رَمَضَانَ الَّذِيْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ الْهُدٰى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ؕ وَمَنْ كَانَ مَرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيْدُ بِكُمُ الْعُسْرَ ۫ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٨٥﴾

১৮৫। রমযান মাস তা, যাতে কুরআন* অবতীর্ণ করা হয়েছে মানুষের জন্য পথনির্দেশিকা*, সঠিক পথের স্পষ্ট প্রমাণ ও ফুরকান (সত্য-মিথ্যার পার্থক্যকারী) হিসেবে, সুতরাং তোমাদের মধ্যে যে এ মাস প্রত্যেক্ষ করবে সে যেন এতে রোযা রাখে*। তবে যে অসুস্থ হয়ে যাবে অথবা সফরে থাকবে সে অন্য দিনগুলোতে এ সংখ্যা পূর্ণ করবে। আল্লাহ্ তোমাদের জন্য সহজ* করতে চান এবং তিনি তোমাদের জন্য কঠিন করতে চান না, এবং যাতে তোমরা (রোযার) সংখ্যা পূর্ণ করতে পার এবং যাতে আল্লাহ্ তোমাদেরকে যে সঠিকপথ প্রদর্শন করেছেন সেজন্য তাঁর শ্রেষ্ঠত্ব ঘোষণা করতে পার এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَاِذَا سَاَلَكَ عِبَادِيْ عَنِّيْ فَاِنِّيْ قَرِيْبٌ ؕ اُجِيْبُ دَعْوَةَ الدَّاعِ اِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيْبُوْا لِيْ وَلْيُؤْمِنُوْا بِيْ لَعَلَّهُمْ يَرْشُدُوْنَ ﴿١٨٦﴾

১৮৬। আর (হে নবী!) আমার বান্দারা যখন আমার সম্পর্কে তোমাকে জিজ্ঞাসা করে*, তবে নিশ্চয় আমি অতি নিকটে। আমি আহ্বানকারীর আহ্বানে সাড়া* দেই যখন সে আমাকে আহ্বান করে, সুতরাং তারাও যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমার উপর ঈমান আনে, যাতে তারা সঠিক পথ পেতে পারে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

Contents

১৮৭। রোযার রাতে তোমাদের স্ত্রীদের সাথে যৌনসম্ভোগ তোমাদের জন্য হালাল করা হল। তারা তোমাদের জন্য পোশাক এবং তোমরাও তাদের জন্য পোশাক। আল্লাহ্ জেনেছেন যে, তোমরা তোমাদের নিজেদের সাথে খিয়ানত করছিলে, অতঃপর তিনি তোমাদের তওবা কবুল করেছেন এবং তোমাদেরকে মার্জনা করেছেন, সুতরাং এখন তোমরা তাদের সাথে সহবাস কর এবং আল্লাহ্ তোমাদের জন্য যা নির্ধারণ করে রেখেছেন (অর্থাৎ সন্তান) তা অন্বেষণ কর। এবং তোমরা আহার কর ও পান কর যতক্ষণ না তোমাদের জন্য (রাত্রির) কালো রেখা থেকে ফজরের সাদা রেখা স্পষ্ট হয়ে যায়। এরপর রাত পর্যন্ত রোযা পূর্ণ কর। আর তোমরা মসজিদে ই'তিকাফ অবস্থায় তাদের সাথে সহবাস করো না। এগুলো আল্লাহ্র (নির্ধারিত) সীমা, সুতরাং এর নিকটবর্তী হয়ো না। এভাবেই আল্লাহ্ মানুষের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তারা তাকওয়া অবলম্বন করতে পারে।

أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَىٰ نِسَائِكُمْ ۚ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَأَنتُمْ لِبَاسٌ لَّهُنَّ ۗ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ كُنتُمْ تَخْتَانُونَ أَنفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنكُمْ ۖ فَالْآنَ بَاشِرُوهُنَّ وَابْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ ۚ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ۖ ثُمَّ أَتِمُّوا الصِّيَامَ إِلَى اللَّيْلِ ۚ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ ۗ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرَبُوهَا ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿١٨٧﴾

১৮৮। এবং তোমরা একে অন্যের ধন-সম্পদ বাতিল পন্থায় গ্রাস করো না* এবং জেনে-বুঝে পাপের সাথে মানুষের ধন-সম্পদের কিছু অংশ গ্রাস করার উদ্দেশ্যে বিচারকদের নিকট তা পেশ করো না।

وَلَا تَأْكُلُوا أَمْوَالَكُم بَيْنَكُم بِالْبَاطِلِ وَتُدْلُوا بِهَا إِلَى الْحُكَّامِ لِتَأْكُلُوا فَرِيقًا مِّنْ أَمْوَالِ النَّاسِ بِالْإِثْمِ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٨﴾

٢٣ ع ٨ / ২৩ রুকূ ৭

১৮৯। তারা তোমাকে নতুন চাঁদ সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'এটি হচ্ছে মানুষের জন্য ও হজ্জের জন্য সময় নির্দেশক।' এবং এতে পুণ্য নেই যে, তোমরা ঘরে প্রবেশ কর এর পিছন দিক থেকে*, কিন্তু পুণ্য রয়েছে তার জন্য যে তাকওয়া অবলম্বন করে। আর তোমরা দরজা দিয়েই ঘরে প্রবেশ কর এবং আল্লাহ্কে ভয় কর, যাতে তোমরা সফল হতে পার।

يَسْأَلُونَكَ عَنِ الْأَهِلَّةِ ۖ قُلْ هِيَ مَوَاقِيتُ لِلنَّاسِ وَالْحَجِّ ۗ وَلَيْسَ الْبِرُّ بِأَن تَأْتُوا الْبُيُوتَ مِن ظُهُورِهَا وَلَٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقَىٰ ۗ وَأْتُوا الْبُيُوتَ مِنْ أَبْوَابِهَا ۚ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٨٩﴾

১৯০। এবং তোমরা আল্লাহ্র পথে তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, কিন্তু সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ্ সীমালঙ্ঘনকারীদেরকে ভালবাসেন না।

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا ۚ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ ﴿١٩٠﴾

১৯১। এবং তাদেরকে হত্যা কর* যেখানেই তোমরা তাদেরকে পাও এবং তাদেরকে বের করে দাও যেখান থেকে তারা তোমাদেরকে বের করে দিয়েছিল, আর ফিতনা হত্যার চেয়েও মারাত্মক, এবং মসজিদে হারামের নিকট তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করো না যতক্ষণ না তারা সেখানে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, তবে তারা যদি তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, তাহলে তোমরা তাদেরকে হত্যা কর। এরূপই কাফিরদের প্রতিফল।

وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُمُوهُمْ وَأَخْرِجُوهُم مِّنْ حَيْثُ أَخْرَجُوكُمْ ۚ وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ ۚ وَلَا تُقَاتِلُوهُمْ عِندَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتَّىٰ يُقَاتِلُوكُمْ فِيهِ ۖ فَإِن قَاتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ ۗ كَذَٰلِكَ جَزَاءُ الْكَافِرِينَ ﴿١٩١﴾

১৯২। কিন্তু যদি তারা বিরত হয়, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

فَإِنِ انتَهَوْا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٩٢﴾

১৯৩। এবং তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যতক্ষণ না ফিতনা* নির্মূল হয়ে যায় এবং দ্বীন একমাত্র আল্লাহ্র জন্য (নির্দিষ্ট) হয়ে যায়। কিন্তু যদি তারা বিরত হয়, তবে জালিমদের উপর ছাড়া আর কারো উপর সীমালঙ্ঘন নেই।

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ ۖ فَإِنِ انتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ ﴿١٩٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৯৪। হারাম মাসের* বদলে হারাম মাস, এবং হারাম বিষয়সমূহ (ক্ষতিপূরণ ও বদলার দিক থেকে) সমান সমান (কিসাস)। অতএব কেউ (হারাম মাসে) তোমাদের উপর সীমালঙ্ঘন করলে তোমরাও তার উপর সীমালঙ্ঘন কর যেরূপ সে তোমাদের উপর সীমালঙ্ঘন করেছে*। এবং আল্লাহ্‌কে ভয় কর এবং জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদের সাথে আছেন।

اَلشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ ؕ فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ ۪ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾

১৯৫। এবং তোমরা আল্লাহ্‌র পথে ব্যয় কর এবং তোমরা তোমাদের হাতে (নিজেদেরকে) ধ্বংসের দিকে* নিক্ষেপ করো না এবং ইহ্‌সান* কর। নিশ্চয় আল্লাহ্ সৎকর্মপরায়নদেরকে ভালবাসেন।

وَاَنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ ۛۚ وَاَحْسِنُوْا ۛۚ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾

১৯৬। এবং আল্লাহ্‌র (সন্তুষ্টির) জন্য হজ্জ ও উমরা* পূর্ণ কর। আর যদি তোমরা বাধাগ্রস্থ হও, তাহলে কুরবানীর পশু থেকে যা সহজলভ্য হয় (কুরবানী কর), এবং কুরবানীর পশু তার নির্দিষ্ট স্থানে না পৌঁছা পর্যন্ত তোমরা তোমাদের মাথা মুণ্ডন করো না। তবে তোমাদের মধ্যে যে অসুস্থ হয়ে যাবে অথবা তার মাথায় কোন কষ্ট থাকবে (সে জন্য মাথা মুণ্ডন করে ফেলবে) তার ফিদিয়া* হচ্ছে, রোযা রাখা অথবা সদকা করা অথবা কুরবানী করা, অতঃপর যখন তোমরা (হজ্জের আগে মক্কায় পৌঁছে) নিরাপদ হয়ে যাবে এবং তোমাদের মধ্য থেকে যে হজ্জ পর্যন্ত উমরার মাধ্যমে তামাত্তু (উপকার লাভ)* করতে চাইবে, তাহলে কুরবানীর পশু থেকে যা সহজলভ্য হয় (তা কুরবানী করবে)। তবে যে তা (কুরবানীর পশু) পাবে না সে রোযা রাখবে হজ্জের মধ্যে তিন দিন এবং যখন তোমরা (হজ্জ থেকে) ফিরে আসবে তখন সাত দিন- এই পুরো দশ দিন। এটি তার জন্য যার পরিবার মসজিদে হারামের বাসিন্দা নয়। এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জেনে রাখ যে, আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

وَاَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلّٰهِ ؕ فَاِنْ اُحْصِرْتُمْ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ وَلَا تَحْلِقُوْا رُءُوْسَكُمْ حَتّٰى يَبْلُغَ الْهَدْيُ مَحِلَّهٗ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ بِهٖٓ اَذًى مِّنْ رَّاْسِهٖ فَفِدْيَةٌ مِّنْ صِيَامٍ اَوْ صَدَقَةٍ اَوْ نُسُكٍ ۚ فَاِذَآ اَمِنْتُمْ ۫ فَمَنْ تَمَتَّعَ بِالْعُمْرَةِ اِلَى الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ فِي الْحَجِّ وَسَبْعَةٍ اِذَا رَجَعْتُمْ ؕ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ؕ ذٰلِكَ لِمَنْ لَّمْ يَكُنْ اَهْلُهٗ حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿١٩٦﴾

٢٤ ع ٨ ٨ ٢٤ রুকূ ٨

১৯৭। হজ্জ নির্দিষ্ট কয়েক মাস*, সুতরাং যে এগুলোতে হজ্জকে (নিজের উপর) অবশ্য পালনীয় করেছে সে হজ্জের মধ্যে কোন যৌনসম্ভোগ, পাপাচার ও ঝগড়া-বিবাদ করবে না। আর তোমরা যে ভাল কাজ কর আল্লাহ্ তা জানেন। এবং (হজ্জের সফরের জন্য) পাথেয় নাও, তবে নিশ্চয় সর্বোত্তম পাথেয় হচ্ছে তাকওয়া। আর হে বুদ্ধিমানরা! তোমরা আমাকে ভয় কর।

اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ ۚ فَمَنْ فَرَضَ فِيْهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوْقَ ۙ وَلَا جِدَالَ فِي الْحَجِّ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَّعْلَمْهُ اللّٰهُ ؕ وَتَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۫ وَاتَّقُوْنِ يٰٓاُولِي الْاَلْبَابِ ﴿١٩٧﴾

১৯৮। তোমাদের প্রতিপালকের নিকট থেকে অনুগ্রহ (রিযিক) তালাশ করাতে তোমাদের জন্য কোন অপরাধ নেই*। অতঃপর যখন তোমরা আরাফাত থেকে প্রস্থান কর তখন 'মাশআরুল হারাম'* এর কাছে আল্লাহ্‌কে স্মরণ কর এবং তাঁকে স্মরণ কর যেভাবে তিনি তোমাদেরকে পথ প্রদর্শন করেছেন (শিখিয়েছেন), যদিও এরপূর্বে তোমরা অবশ্যই পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত ছিলে।

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ ؕ فَاِذَآ اَفَضْتُمْ مِّنْ عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ الْحَرَامِ ۪ وَاذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ ۚ وَاِنْ كُنْتُمْ مِّنْ قَبْلِهٖ لَمِنَ الضَّآلِّيْنَ ﴿١٩٨﴾

১৯৯। এরপর লোকেরা যেখান থেকে* প্রস্থান করে তোমরাও সেখান থেকে প্রস্থান কর এবং আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

ثُمَّ اَفِيْضُوْا مِنْ حَيْثُ اَفَاضَ النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٩﴾

২০০। অতঃপর যখন তোমরা তোমাদের (হজ্জের) অনুষ্ঠানাদি সম্পন্ন করবে তখন তোমরা আল্লাহ্‌কে স্মরণ কর, তোমাদের পিতৃপুরুষদেরকে তোমাদের স্মরণ করার মত অথবা তার চেয়ে বেশি করে স্মরণ*। আর মানুষের মধ্যে কেউ কেউ বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে দুনিয়াতেই প্রদান করুন', এবং তার জন্য আখিরাতে কোন (প্রাপ্য) অংশ নেই।

فَاِذَا قَضَيْتُمْ مَّنَاسِكَكُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَذِكْرِكُمْ اٰبَآءَكُمْ اَوْ اَشَدَّ ذِكْرًا ؕ فَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ رَبَّنَآ اٰتِنَا فِي الدُّنْيَا وَمَا لَهٗ فِي الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ ﴿٢٠٠﴾

২০১। এবং তাদের মধ্যে কেউ কেউ বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে দুনিয়াতে কল্যাণ দিন এবং আখিরাতেও কল্যাণ দিন এবং আমাদেরকে আগুনের শাস্তি থেকে রক্ষা করুন।'

وَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ رَبَّنَآ اٰتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَّفِي الْاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ ﴿٢٠١﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أُولٰٓئِكَ لَهُمْ نَصِيْبٌ مِّمَّا كَسَبُوْا ۭ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿٢٠٢﴾

২০২। তাদেরই জন্য (উভয়টিতেই*) রয়েছে একটি অংশ যা তারা অর্জন করেছে তার কারণে। আর আল্লাহ্ হিসাবে দ্রুত।

وَاذْكُرُوا اللّٰهَ فِيْٓ اَيَّامٍ مَّعْدُوْدٰتٍ ۭ فَمَنْ تَعَجَّلَ فِيْ يَوْمَيْنِ فَلَآ اِثْمَ عَلَيْهِ ۚ وَمَنْ تَاَخَّرَ فَلَآ اِثْمَ عَلَيْهِ ۙ لِمَنِ اتَّقٰى ۭ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّكُمْ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٢٠٣﴾

২০৩। এবং তোমরা গণনাযোগ্য কয়েকটি দিনে* আল্লাহ্কে স্মরণ কর। তবে যে ব্যক্তি দু'দিনে* তাড়াতাড়ি করে তার জন্য কোন পাপ নেই, আর যে ব্যক্তি বিলম্ব করে তার জন্যও কোন পাপ নেই, (উভয় অবস্থাতেই পাপ নেই) তার জন্য যে তাকওয়া অবলম্বন করে। এবং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং জেনে রাখ যে, তোমাদেরকে তাঁরই দিকে সমবেত করা হবে।

وَمِنَ النَّاسِ مَنْ يُّعْجِبُكَ قَوْلُهٗ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللّٰهَ عَلٰي مَا فِيْ قَلْبِهٖ ۙ وَهُوَ اَلَدُّ الْخِصَامِ ﴿٢٠٤﴾

২০৪। আর মানুষের মধ্যে এমনও আছে যার কথা দুনিয়ার জীবনে তোমাকে মুগ্ধ করে এবং তার হৃদয়ে যা আছে সে ব্যাপারে সে আল্লাহ্কে সাক্ষী* বানায়, অথচ সে (তোমার) প্রচণ্ড বিরোধী।

وَاِذَا تَوَلّٰى سَعٰى فِي الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ ۭ وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ﴿٢٠٥﴾

২০৫। এবং যখন সে (তোমার কাছ থেকে) ফিরে যায় তখন সে পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করতে এবং ফল-ফসল ও (জীব-জন্তুর) বংশ ধ্বংস করতে প্রচেষ্টা চালায়। আর আল্লাহ্ ফ্যাসাদকে ভালবাসেন না।

وَاِذَا قِيْلَ لَهُ اتَّقِ اللّٰهَ اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ ۭ وَلَبِئْسَ الْمِهَادُ ﴿٢٠٦﴾

২০৬। আর যখন তাকে বলা হয়, 'আল্লাহ্কে ভয় কর', তখন তার আত্মসম্মান তাকে পাপ করতে প্ররোচিত করে, সুতরাং তার জন্য জাহান্নামই যথেষ্ট। এবং কতই না নিকৃষ্ট এ বিশ্রামস্থল!

وَمِنَ النَّاسِ مَنْ يَّشْرِيْ نَفْسَهُ ابْتِغَاۗءَ مَرْضَاتِ اللّٰهِ ۭ وَاللّٰهُ رَءُوْفٌۢ بِالْعِبَادِ ﴿٢٠٧﴾

২০৭। আর মানুষের মধ্যে এমনও আছে, যে আল্লাহ্র সন্তুষ্টি কামনায় তার নিজকে বিক্রি (উৎসর্গ) করে দেয়। এবং আল্লাহ্ (এধরণের) বান্দাদের প্রতি অত্যন্ত স্নেহশীল।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا فِي السِّلْمِ كَاۗفَّةً ۠ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ۭ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٢٠٨﴾

২০৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা পরিপূর্ণভাবে* ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু।

فَاِنْ زَلَلْتُمْ مِّنْۢ بَعْدِ مَا جَاۗءَتْكُمُ الْبَيِّنٰتُ فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٠٩﴾

২০৯। আর যদি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণাদি আসার পরে তোমরা বিচ্যুত হও তাহলে জেনে রাখ যে, আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ يَّاْتِيَهُمُ اللّٰهُ فِيْ ظُلَلٍ مِّنَ الْغَمَامِ وَالْمَلٰۗىِٕكَةُ وَقُضِيَ الْاَمْرُ ۭ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٢١٠﴾

২১০। তারা কি কেবল অপেক্ষা করছে যে, মেঘের আড়াল থেকে আল্লাহ্ তাদের কাছে আসবেন এবং ফেরেশতারাও আসবে এবং বিষয়টি* ফয়সালা হয়ে যাবে? আর আল্লাহ্রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

سَلْ بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ كَمْ اٰتَيْنٰهُمْ مِّنْ اٰيَةٍۢ بَيِّنَةٍ ۭ وَمَنْ يُّبَدِّلْ نِعْمَةَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا جَاۗءَتْهُ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿٢١١﴾

২১১। বনী ইসরাঈলকে জিজ্ঞাসা কর, কত স্পষ্ট নিদর্শন আমি তাদেরকে দিয়েছি! আর যে আল্লাহ্র নিয়ামতকে পরিবর্তন করে তার কাছে তা আসার পর, তবে (তার জেনে রাখা উচিত) নিশ্চয় আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوا الْحَيٰوةُ الدُّنْيَا وَيَسْخَرُوْنَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا ۘ وَالَّذِيْنَ اتَّقَوْا فَوْقَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ ۭ وَاللّٰهُ يَرْزُقُ مَنْ يَّشَاۗءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢١٢﴾

২১২। যারা কুফরি করেছে তাদের জন্য দুনিয়ার জীবনকে সুসজ্জিত করা হয়েছে, এবং তারা যারা ঈমান এনেছে তাদেরকে ঠাট্টা-বিদ্রূপ করে। কিন্তু যারা তাকওয়া অবলম্বন করেছে তারা কিয়ামতের দিন (মর্যাদায়) তাদের উপরে থাকবে। আর আল্লাহ্ যাকে ইচ্ছা করেন, বেহিসাব রিযিক দান করেন।

كَانَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً قف فَبَعَثَ اللّٰهُ النَّبِيّٖنَ مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۪ وَاَنْزَلَ مَعَهُمُ الْكِتٰبَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيْمَا اخْتَلَفُوْا فِيْهِ ؕ وَمَا اخْتَلَفَ فِيْهِ اِلَّا الَّذِيْنَ اُوْتُوْهُ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ بَغْيًا بَيْنَهُمْ ۚ فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ ؕ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢١٣﴾

২১৩। মানুষ একই উম্মত (ধর্মভুক্ত) ছিল। অতঃপর আল্লাহ্ নবীদেরকে পাঠালেন সুসংবাদদাতা এবং সতর্ককারী হিসেবে। এবং তাদের সাথে সত্যসহ কিতাব অবতীর্ণ করলেন যাতে তা মানুষের মাঝে সে বিষয়ে ফয়সালা করতে পারে যে বিষয়ে তারা মতপার্থক্য করেছে। আর যাদেরকে তা (কিতাব) দেয়া হয়েছে, তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি আসার পরই তারা তাদের মাঝে বিদ্বেষ বশতঃ এর (কিতাবের) ব্যাপারে মতপার্থক্য করেছে, অতঃপর যারা ঈমান এনেছে, আল্লাহ্ তাঁর ইচ্ছায় তাদেরকে সে ব্যাপারে সঠিকপথ প্রদর্শন করেছেন যে সত্যের ব্যাপারে তারা মতপার্থক্য করেছে। এবং আল্লাহ্ যাকে ইচ্ছা করেন, সরল-সঠিক পথে পরিচালিত করেন।

اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَاْتِكُمْ مَّثَلُ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ؕ مَسَّتْهُمُ الْبَاْسَآءُ وَالضَّرَّآءُ وَزُلْزِلُوْا حَتّٰى يَقُوْلَ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ مَتٰى نَصْرُ اللّٰهِ ؕ اَلَآ اِنَّ نَصْرَ اللّٰهِ قَرِيْبٌ ﴿٢١٤﴾

২১৪। তোমরা কি মনে করেছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে, অথচ তোমাদের উপর তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদের অনুরূপ অবস্থা এখনও আসেনি? তাদেরকে স্পর্শ করেছিল অভাব-অনটন ও বিপদ-মুসিবত এবং তাদেরকে প্রকম্পিত করা হয়েছিল, অবশেষে রাসূল এবং তার সাথে যারা ঈমান এনেছিল তারা বলে উঠেছিল, 'আল্লাহ্র সাহায্য কখন আসবে?' জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্র সাহায্য নিকটবর্তী।

يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ؕ قُلْ مَآ اَنْفَقْتُمْ مِّنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٢١٥﴾

২১৫। তারা তোমাকে জিজ্ঞাসা করে, তারা কী ব্যয় করবে*। বল, 'উত্তম যা কিছু তোমরা ব্যয় করবে তা পিতা-মাতা*, আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিসকীন (অভাবগ্রস্ত*) ও সম্বলহীন মুসাফিরের জন্য।' আর তোমরা যে উত্তম কাজই কর সে সম্পর্কে নিশ্চয় আল্লাহ্ ভালভাবে জানেন।

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۚ وَعَسٰٓى اَنْ تَكْرَهُوْا شَيْـًٔا وَّهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَعَسٰٓى اَنْ تُحِبُّوْا شَيْـًٔا وَّهُوَ شَرٌّ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢١٦﴾ ع

২১৬। তোমাদের উপর যুদ্ধ বিধিবদ্ধ (ফরয) করা হল, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়, কিন্তু হতে পারে কোন কিছুকে তোমরা অপছন্দ কর, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর, আবার হতে পারে কোন কিছুকে তোমরা ভালবাস, অথচ তা তোমাদের জন্য ক্ষতিকর। এবং আল্লাহ্ জানেন আর তোমরা জান না।

٢٦ ع ١٠ ২৬ রুকূ ১০

يَسْـَٔلُوْنَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيْهِ ؕ قُلْ قِتَالٌ فِيْهِ كَبِيْرٌ ؕ وَصَدٌّ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَكُفْرٌۢ بِهٖ وَالْمَسْجِدِ الْحَرَامِ ۗ وَاِخْرَاجُ اَهْلِهٖ مِنْهُ اَكْبَرُ عِنْدَ اللّٰهِ ۚ وَالْفِتْنَةُ اَكْبَرُ مِنَ الْقَتْلِ ؕ وَلَا يَزَالُوْنَ يُقَاتِلُوْنَكُمْ حَتّٰى يَرُدُّوْكُمْ عَنْ دِيْنِكُمْ اِنِ اسْتَطَاعُوْا ؕ وَمَنْ يَّرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِيْنِهٖ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَاُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢١٧﴾

২১৭। তারা তোমাকে হারাম মাসে যুদ্ধ করা সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'এর মধ্যে যুদ্ধ করা গুরুতর (পাপ)। কিন্তু আল্লাহ্র পথ হতে বিরত রাখা, তাঁর সাথে কুফরী করা, মসজিদে হারাম হতে বিরত রাখা এবং এর অধিবাসীদেরকে সেখান থেকে বের করে দেয়া আল্লাহ্র নিকট অধিক গুরুতর (পাপ), এবং ফিতনা হত্যার চেয়েও অধিক গুরুতর।' এবং তারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবে যতক্ষণ না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরাতে পারে যদি তারা (তা করতে) সক্ষম হয়। আর তোমাদের মধ্য থেকে যে তার দ্বীন থেকে ফিরে যাবে (মুরতাদ হবে) এবং কাফির অবস্থায় মারা যাবে, দুনিয়ায় ও আখিরাতে তাদের সমস্ত কর্ম বিফল হয়ে যাবে, এবং তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ۙ اُولٰٓئِكَ يَرْجُوْنَ رَحْمَتَ اللّٰهِ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢١٨﴾

২১৮। নিশ্চয় যারা ঈমান এনেছে এবং যারা হিজরত করেছে ও আল্লাহ্র পথে জিহাদ* করেছে তারাই আল্লাহ্র দয়া প্রত্যাশা করে। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يَسْـَٔلُوْنَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۭ قُلْ فِيْهِمَآ اِثْمٌ كَبِيْرٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ ۡ وَاِثْمُهُمَآ اَكْبَرُ مِنْ نَّفْعِهِمَا ۭ وَيَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ۬ قُلِ الْعَفْوَ ۭ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ۝

২১৯। তারা তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'এ দু'টির মধ্যে রয়েছে গুরুতর পাপ ও মানুষের জন্য কিছু উপকারিতা*, কিন্তু এগুলোর উপকারিতার চেয়ে এগুলোর পাপ অধিক বড়।' এবং তারা তোমাকে জিজ্ঞাসা করে, 'তারা কী ব্যয় করবে।' বল, '(প্রয়োজনের) অতিরিক্ত যা থাকে।' এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা চিন্তা করতে পার-

فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۭ وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْيَتٰمٰى ۭ قُلْ اِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ۭ وَاِنْ تُخَالِطُوْهُمْ فَاِخْوَانُكُمْ ۭ وَاللّٰهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ لَاَعْنَتَكُمْ ۭ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ۝

২২০। -দুনিয়া ও আখিরাত সম্পর্কে। আর তারা তোমাকে ইয়াতীমদের সর্ম্পকে জিজ্ঞাসা করে। বল, 'তাদের জন্য কল্যাণ করাই উত্তম।' এবং যদি তোমরা তাদের সাথে যৌথভাবে থাক, তাহলে তারা তোমাদেরই ভাই। এবং কল্যাণকারী থেকে (অর্থাৎ বিপরীতে) অনিষ্টকারী কে তা আল্লাহ্ জানেন। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে অবশ্যই তোমাদেরকে কষ্টে ফেলতে পারতেন। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَلَا تَنْكِحُوا الْمُشْرِكٰتِ حَتّٰى يُؤْمِنَّ ۭ وَلَاَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكَةٍ وَّلَوْ اَعْجَبَتْكُمْ ۚ وَلَا تُنْكِحُوا الْمُشْرِكِيْنَ حَتّٰى يُؤْمِنُوْا ۭ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ وَّلَوْ اَعْجَبَكُمْ ۭ اُولٰۗىِٕكَ يَدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَاللّٰهُ يَدْعُوْٓا اِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِاِذْنِهٖ ۚ وَيُبَيِّنُ اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ۝

২২১। এবং তোমরা মুশরিক নারীদেরকে বিয়ে করো না, যতক্ষণ না তারা ঈমান আনে। এবং অবশ্যই একজন মু'মিন দাসী একজন (স্বাধীন) মুশরিক নারীর চেয়ে উত্তম যদিও সে তোমাদেরকে মুগ্ধ করে। এবং মুশরিক পুরুষদের সাথে (তোমাদের নারীদের) বিয়ে দিয়ো না যতক্ষণ না তারা ঈমান আনে। এবং অবশ্যই একজন মু'মিন দাস একজন (স্বাধীন) মুশরিক পুরুষের চেয়ে উত্তম যদিও সে তোমাদেরকে মুগ্ধ করে। তারা ডাকে আগুনের দিকে আর আল্লাহ্ তাঁর ইচ্ছায় (অনুগ্রহে) ডাকেন জান্নাত ও ক্ষমার দিকে, এবং তিনি মানুষের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

৩৭ ৩৫ ১১ ২৭ রুকূ ২২

وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْمَحِيْضِ ۭ قُلْ هُوَ اَذًى ۙ فَاعْتَزِلُوا النِّسَاۗءَ فِي الْمَحِيْضِ ۙ وَلَا تَقْرَبُوْهُنَّ حَتّٰى يَطْهُرْنَ ۚ فَاِذَا تَطَهَّرْنَ فَاْتُوْهُنَّ مِنْ حَيْثُ اَمَرَكُمُ اللّٰهُ ۭ اِنَّ اللّٰهَ يُحِبُّ التَّوَّابِيْنَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِيْنَ ۝

২২২। এবং তারা তোমাকে মাসিক (রক্তস্রাব) সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'এটি একটি কষ্ট (অশুচিকর অবস্থা), সুতরাং তোমরা মাসিকের সময় স্ত্রীদের থেকে পৃথক* থাক এবং (উপভোগের উদ্দেশ্যে) তাদের নিকটবর্তী হয়ো না যতক্ষণ না তারা পবিত্র হয়, অতঃপর যখন তারা পবিত্র হয়ে যায় তখন তাদের কাছে যাও যেভাবে আল্লাহ্ তোমাদেরকে নির্দেশ দিয়েছেন। নিশ্চয় আল্লাহ্ তওবাকারীদেরকে* ভালবাসেন এবং তিনি পবিত্রতা অর্জনকারীদেরকেও ভালবাসেন।

نِسَاۗؤُكُمْ حَرْثٌ لَّكُمْ ۠ فَاْتُوْا حَرْثَكُمْ اَنّٰى شِئْتُمْ ۡ وَقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ ۭ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّكُمْ مُّلٰقُوْهُ ۭ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ۝

২২৩। তোমাদের স্ত্রীরা তোমাদের জন্য শস্যক্ষেত্র*। সুতরাং তোমরা যেভাবে ইচ্ছা কর তোমাদের শস্যক্ষেত্রে গমন কর এবং তোমরা তোমাদের নিজেদের জন্য অগ্রে পাঠাও (অর্থাৎ ছওয়াব অর্জন কর*) এবং আল্লাহ্কে ভয় কর, এবং জেনে রাখ যে, তোমরা তাঁর সাথে সাক্ষাৎ করবে। আর (হে নবী!) মু'মিনদেরকে সুসংবাদ দাও।

وَلَا تَجْعَلُوا اللّٰهَ عُرْضَةً لِّاَيْمَانِكُمْ اَنْ تَبَرُّوْا وَتَتَّقُوْا وَتُصْلِحُوْا بَيْنَ النَّاسِ ۭ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

২২৪। আর পুণ্য কাজ করা, তাকওয়া অর্জন করা ও মানুষের মাঝে আপোষ-নিষ্পত্তি করে দেয়া থেকে বিরত থাকতে তোমরা আল্লাহ্কে তোমাদের কসমসমূহের জন্য ঢাল* বানিও না। এবং আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ بِاللَّغْوِ فِيْٓ اَيْمَانِكُمْ وَلٰكِنْ يُّؤَاخِذُكُمْ بِمَا كَسَبَتْ قُلُوْبُكُمْ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ۝

২২৫। তোমাদের অসার কসমের ব্যাপারে আল্লাহ্ তোমাদেরকে পাকড়াও করবেন না, কিন্তু তিনি তোমাদেরকে পাকড়াও করবেন সে (কসমের) কারণে যা তোমাদের হৃদয় অর্জন করেছে। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম সহনশীল।

لِلَّذِيْنَ يُؤْلُوْنَ مِنْ نِّسَاۗىِٕهِمْ تَرَبُّصُ اَرْبَعَةِ اَشْهُرٍ ۚ فَاِنْ فَاۗءُوْ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝

২২৬। যারা তাদের স্ত্রীদের সাথে 'ইলা' (সহবাস না করার কসম) করে তাদের জন্য রয়েছে চার মাসের প্রতীক্ষা*, অতঃপর যদি তারা ফিরে আসে, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَاِنْ عَزَمُوا الطَّلَاقَ فَاِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

২২৭। আর যদি তারা তালাকের* সংকল্প করে, তবে নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

২২৮। আর তালাকপ্রাপ্তারা তিনটি মাসিক (পর্যন্ত) তাদের নিজেদেরকে (বিয়ে করার জন্য) প্রতীক্ষায় রাখবে*। এবং তাদের জন্য হালাল নয় যে, তাদের গর্ভাশয়ে আল্লাহ্ যা সৃষ্টি করেছেন তা তারা গোপন করবে, যদি তারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনে থাকে। এবং তাদের স্বামীরা এর মধ্যে তাদেরকে ফিরিয়ে নেয়ার অধিক হকদার, যদি তারা আপোষ-নিষ্পত্তি করতে চায়। এবং তাদের (স্ত্রীদের) ন্যায়সঙ্গত অধিকার রয়েছে যেমন তাদের (স্বামীদের) অধিকার রয়েছে তাদের (স্ত্রীদের) উপর। আর পুরুষদের জন্য তাদের (অর্থাৎ নারীদের) উপর একটি মর্যাদা* রয়েছে। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَالْمُطَلَّقٰتُ يَتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ ثَلٰثَةَ قُرُوْٓءٍ ۭ وَلَا يَحِلُّ لَهُنَّ اَنْ يَّكْتُمْنَ مَا خَلَقَ اللّٰهُ فِيْٓ اَرْحَامِهِنَّ اِنْ كُنَّ يُؤْمِنَّ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۭ وَبُعُوْلَتُهُنَّ اَحَقُّ بِرَدِّهِنَّ فِيْ ذٰلِكَ اِنْ اَرَادُوْٓا اِصْلَاحًا ۭ وَلَهُنَّ مِثْلُ الَّذِيْ عَلَيْهِنَّ بِالْمَعْرُوْفِ ۠ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ ۭ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ۝

২২৯। তালাক দু'বার*। অতঃপর (হয়) সুন্দরভাবে রেখে দেয়া অথবা সুন্দরভাবে মুক্তি দেয়া। এবং তোমাদের জন্য হালাল নয় যে, তোমরা তাদেরকে যা দিয়েছ তা থেকে কোন কিছু (ফেরত) নিয়ে নিবে এছাড়া যে, তারা দু'জন (স্বামী-স্ত্রী) আশংকা করে যে, তারা দু'জন আল্লাহ্র (নির্ধারিত) সীমা* বজায় রাখতে পারবে না। আর যদি তোমরাও আশংকা কর যে, তারা দু'জন আল্লাহ্র (নির্ধারিত) সীমা বজায় রাখতে পারবে না তাহলে সে (স্ত্রী) যার বিনিময়ে* মুক্তি লাভ করে তাতে তাদের দু'জনের কোন অপরাধ নেই। এগুলো আল্লাহ্র (নির্ধারিত) সীমা, সুতরাং এগুলো লঙ্ঘন করো না। এবং যারা আল্লাহ্র (নির্ধারিত) সীমা লঙ্ঘন করে তারাই জালিম।

اَلطَّلَاقُ مَرَّتٰنِ ۠ فَاِمْسَاكٌۢ بِمَعْرُوْفٍ اَوْ تَسْرِيْحٌۢ بِاِحْسَانٍ ۭ وَلَا يَحِلُّ لَكُمْ اَنْ تَاْخُذُوْا مِمَّآ اٰتَيْتُمُوْهُنَّ شَيْـــًٔا اِلَّآ اَنْ يَّخَافَآ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ۭ فَاِنْ خِفْتُمْ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ۙ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيْمَا افْتَدَتْ بِهٖ ۭ تِلْكَ حُدُوْدُ اللّٰهِ فَلَا تَعْتَدُوْهَا ۚ وَمَنْ يَّتَعَدَّ حُدُوْدَ اللّٰهِ فَاُولٰۗىِٕكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝

২৩০। অতঃপর যদি সে তাকে (তৃতীয়বার) তালাক দেয়, তাহলে এরপরে সে (স্ত্রী) তার জন্য হালাল নয় যে পর্যন্ত না সে তাকে ছাড়া অন্য এক স্বামীকে বিয়ে করে*। অতঃপর যদি সে (দ্বিতীয় স্বামী) তাকে তালাক দেয় তাহলে দু'জন পরস্পরের দিকে ফিরে আসায় তাদের কোন অপরাধ নেই যদি তারা মনে করে যে, তারা আল্লাহ্র (নির্ধারিত) সীমা বজায় রাখতে পারবে। এগুলো আল্লাহ্র (নির্ধারিত) সীমা যা আল্লাহ্ স্পষ্টভাবে বর্ণনা করেন এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

فَاِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهٗ مِنْۢ بَعْدُ حَتّٰى تَنْكِحَ زَوْجًا غَيْرَهٗ ۭ فَاِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَآ اَنْ يَّتَرَاجَعَآ اِنْ ظَنَّآ اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ۭ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ۝

২৩১। আর যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দিয়ে দাও এবং তারা তাদের নির্দিষ্ট সময়ে পৌঁছে (অর্থাৎ ইদ্দত পর্যন্ত) তখন তাদেরকে (হয়) সুন্দরভাবে রেখে দাও অথবা সুন্দরভাবে মুক্তি দাও, এবং তাদেরকে ক্ষতির উদ্দেশ্যে সীমালঙ্ঘন করার জন্য আটকে রেখো না। আর যে তা করবে সে তার নিজের ওপর জুলুম করবে। এবং আল্লাহ্র আয়াতসমূহকে উপহাস হিসেবে গ্রহণ করো না। এবং তোমাদের উপর আল্লাহ্র নেয়ামত এবং তিনি তোমাদের প্রতি যে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) অবতীর্ণ করেছেন যার মাধ্যমে তিনি তোমাদেরকে উপদেশ দেন, তা স্মরণ কর। এবং আল্লাহ্কে ভয় কর এবং জেনে রাখ যে, আল্লাহ্ সব কিছু সম্পর্কে ভালভাবে জানেন।

وَاِذَا طَلَّقْتُمُ النِّسَاۗءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَاَمْسِكُوْهُنَّ بِمَعْرُوْفٍ اَوْ سَرِّحُوْهُنَّ بِمَعْرُوْفٍ ۠ وَّلَا تُمْسِكُوْهُنَّ ضِرَارًا لِّتَعْتَدُوْا ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ۭ وَلَا تَتَّخِذُوْٓا اٰيٰتِ اللّٰهِ هُزُوًا ۠ وَّاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ وَمَآ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنَ الْكِتٰبِ وَالْحِكْمَةِ يَعِظُكُمْ بِهٖ ۚ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝

২৩২। আর যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দিয়ে দাও এবং তারা তাদের নির্দিষ্ট সময়ে পৌঁছে (অর্থাৎ ইদ্দত শেষ হয়), তখন তাদেরকে বাধা দিও না যে, তারা বিয়ে করবে তাদের (পছন্দমত) স্বামীদেরকে যখন তারা তাদের মধ্যে বিধি মোতাবেক রাজি হবে। এর দ্বারা তাকে উপদেশ দেয়া হচ্ছে, যে তোমাদের মধ্য থেকে আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে। এটি তোমাদের জন্য পরিশুদ্ধতম ও পবিত্রতম (পন্থা)। এবং আল্লাহ্ জানেন আর তোমরা জান না।

وَاِذَا طَلَّقْتُمُ النِّسَاۗءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا تَعْضُلُوْهُنَّ اَنْ يَّنْكِحْنَ اَزْوَاجَهُنَّ اِذَا تَرَاضَوْا بَيْنَهُمْ بِالْمَعْرُوْفِ ۭ ذٰلِكَ يُوْعَظُ بِهٖ مَنْ كَانَ مِنْكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۭ ذٰلِكُمْ اَزْكٰى لَكُمْ وَاَطْهَرُ ۭ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ۝

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَالْوَالِدٰتُ يُرْضِعْنَ اَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ لِمَنْ اَرَادَ
اَنْ يُّتِمَّ الرَّضَاعَةَ ۭ وَعَلَى الْمَوْلُوْدِ لَهٗ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ
بِالْمَعْرُوْفِ ۭ لَا تُكَلَّفُ نَفْسٌ اِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَاۗرَّ وَالِدَةٌۢ
بِوَلَدِهَا وَلَا مَوْلُوْدٌ لَّهٗ بِوَلَدِهٖ ۚ وَعَلَى الْوَارِثِ مِثْلُ ذٰلِكَ ۚ
فَاِنْ اَرَادَا فِصَالًا عَنْ تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ۭ
وَاِنْ اَرَدْتُّمْ اَنْ تَسْتَرْضِعُوْٓا اَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِذَا
سَلَّمْتُمْ مَّآ اٰتَيْتُمْ بِالْمَعْرُوْفِ ۭ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ
بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝

২৩৩। আর মায়েরা তাদের সন্তানদেরকে পুরো দু'বছর দুধ পান করাবে তার জন্য যে (পিতা) দুধ পান করানো পূর্ণ করতে চায়। এবং যার সন্তান তার কর্তব্য হল ভালভাবে তাদের (সন্তানদের মায়েদের) ভরণ-পোষণের ব্যবস্থা করা*। কাউকে তার সাধ্যাতীত (দায়িত্ব) চাপিয়ে দেয়া যাবে না। কোন মাকে তার সন্তানের কারণে কষ্ট দেয়া যাবে না এবং যার সন্তান তাকেও তার সন্তানের কারণে (কষ্ট দেয়া যাবে না)। এবং উত্তরাধিকারীর উপরও অনুরূপ দায়িত্ব। কিন্তু যদি তারা দু'জন পারস্পরিক সম্মতি ও পরামর্শক্রমে দুধ ছাড়াতে চায়, তাতে তাদের কোন অপরাধ নেই। আর যদি তোমরা ধাত্রী দ্বারা তোমাদের সন্তানদেরকে দুধ পান করাতে চাও তাতেও কোন অপরাধ নেই, যখন তোমরা ন্যায়সঙ্গত প্রদেয় (পারিশ্রমিক) বুঝিয়ে দিবে। এবং আল্লাহ্‌কে ভয় কর এবং জেনে রাখ যে, তোমারা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا يَّتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ
اَرْبَعَةَ اَشْهُرٍ وَّعَشْرًا ۚ فَاِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا
فَعَلْنَ فِيْٓ اَنْفُسِهِنَّ بِالْمَعْرُوْفِ ۭ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ۝

২৩৪। আর তোমাদের মধ্য থেকে যারা মৃত্যুবরণ করে এবং স্ত্রীদেরকে রেখে যায় তারা (তাদের স্ত্রীরা) চার মাস দশ দিন* তাদের নিজেদেরকে (বিবাহ করার জন্য) প্রতীক্ষায় রাখবে। অতঃপর যখন তারা নির্দিষ্ট সময়ে পৌঁছে (অর্থাৎ ইদ্দত শেষ হয়) তখন তারা তাদের নিজেদের (বিয়ের) ব্যাপারে ন্যায়সঙ্গতভাবে যা করবে তাতে তোমাদের কোন অপরাধ নেই। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا عَرَّضْتُمْ بِهٖ مِنْ خِطْبَةِ النِّسَاۗءِ اَوْ اَكْنَنْتُمْ
فِيْٓ اَنْفُسِكُمْ ۭ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ سَتَذْكُرُوْنَهُنَّ وَلٰكِنْ لَّا تُوَاعِدُوْهُنَّ
سِرًّا اِلَّآ اَنْ تَقُوْلُوْا قَوْلًا مَّعْرُوْفًا ۬ وَلَا تَعْزِمُوْا عُقْدَةَ النِّكَاحِ حَتّٰى
يَبْلُغَ الْكِتٰبُ اَجَلَهٗ ۭ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِيْٓ اَنْفُسِكُمْ
فَاحْذَرُوْهُ ۚ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ۝

২৩৫। (ইদ্দত পালনকারী) নারীদেরকে ইঙ্গিতে বিয়ের প্রস্তাব দাও অথবা তোমাদের মনে (তা) গোপন রাখ তাতে তোমাদের কোন অপরাধ নেই। আল্লাহ্ জানেন যে, শীঘ্রই তোমরা তাদের সম্পর্কে আলোচনা করবে। কিন্তু ন্যায়সঙ্গত কথা বলা ছাড়া গোপনে তাদেরকে কোন প্রতিশ্রুতি দিয়ো না। এবং বিবাহ বন্ধনের সংকল্প করো না যতক্ষণ না বিধান (অর্থাৎ ইদ্দত) তার নির্দিষ্ট সময়ে পৌঁছে। এবং জেনে রাখ যে, আল্লাহ্ তোমাদের মনে যা রয়েছে তা জানেন, সুতরাং তাঁকে ভয় কর, এবং জেনে রাখ যে, আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম সহনশীল।

রুকূ ৩০ ১৪

لَا جُنَاحَ عَلَيْكُمْ اِنْ طَلَّقْتُمُ النِّسَاۗءَ مَا لَمْ تَمَسُّوْهُنَّ اَوْ تَفْرِضُوْا
لَهُنَّ فَرِيْضَةً ۖ وَّمَتِّعُوْهُنَّ ۚ عَلَي الْمُوْسِعِ قَدَرُهٗ وَعَلَي الْمُقْتِرِ قَدَرُهٗ ۚ
مَتَاعًۢا بِالْمَعْرُوْفِ ۚ حَقًّا عَلَي الْمُحْسِنِيْنَ ۝

২৩৬। তোমাদের কোন অপরাধ নেই, যদি তোমরা স্ত্রীদেরকে তালাক দাও যাদেরকে তোমরা স্পর্শ করনি অথবা তাদের জন্য কোন নির্ধারিত অংশ (মোহরানা) নির্ধারণ করনি। কিন্তু (এ ক্ষেত্রে) তাদেরকে (তালাক পরবর্তী) ভোগ্যসামগ্রী দাও, সচ্ছল ব্যক্তির উপর তার সাধ্যমত এবং অসচ্ছল ব্যক্তির উপর তার সাধ্যমত ন্যায়সঙ্গত ভোগ্যসামগ্রী (প্রদান করা কর্তব্য), এটি সৎকর্মপরায়ণদের উপর কর্তব্য।

وَاِنْ طَلَّقْتُمُوْهُنَّ مِنْ قَبْلِ اَنْ تَمَسُّوْهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ
فَرِيْضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ اِلَّآ اَنْ يَّعْفُوْنَ اَوْ يَعْفُوَا الَّذِيْ
بِيَدِهٖ عُقْدَةُ النِّكَاحِ ۭ وَاَنْ تَعْفُوْٓا اَقْرَبُ لِلتَّقْوٰى ۭ وَلَا تَنْسَوُا
الْفَضْلَ بَيْنَكُمْ ۭ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝

২৩৭। আর যদি তাদেরকে স্পর্শ করার পূর্বে তোমরা তাদেরকে তালাক দাও এমন অবস্থায় যে তোমরা তাদের জন্য নির্ধারিত অংশ (মোহরানা) নির্ধারণ করেছ তাহলে তোমরা যা নির্ধারণ করেছ তার অর্ধেক (তারা পাবে), তবে সে (স্ত্রী) মার্জনা করে দিলে (অর্থাৎ পুরোটাই দিয়ে দিলে) কিংবা বিবাহ বন্ধন যার অধিকারে সে (স্বামী) মার্জনা করে দিলে (অর্থাৎ পুরোটাই দিয়ে দিলে) তা ভিন্ন কথা। আর মার্জনা করা তাকওয়ার অধিক নিকটবর্তী। এবং তোমরা তোমাদের মধ্যে অনুগ্রহের বিষয়টি* ভুলে যেয়ো না। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ দৃষ্টিবান।

حٰفِظُوْا عَلَي الصَّلَوٰتِ وَالصَّلٰوةِ الْوُسْطٰى ۤ وَقُوْمُوْا لِلّٰهِ قٰنِتِيْنَ ۝

২৩৮। তোমরা সালাতসমূহের (নামাযসমূহের) প্রতি এবং (বিশেষ করে) মধ্যবর্তী সালাতের* প্রতি যত্নবান হও,* এবং আল্লাহ্‌র (সন্তুষ্টির) জন্য একান্ত অনুগত অবস্থায় দাঁড়াও।

فَإِنْ خِفْتُمْ فَرِجَالًا أَوْ رُكْبَانًا ۚ فَإِذَا أَمِنْتُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَمَا عَلَّمَكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿٢٣٩﴾

২৩৯। কিন্তু যদি তোমরা (আক্রান্ত হওয়ার) আশংকা কর তাহলে পদচারী অথবা আরোহী অবস্থায় (সালাত কায়েম কর), অতঃপর যখন নিরাপদ হও তখন আল্লাহ্‌কে স্মরণ কর (সালাত কায়েম কর) যেভাবে তিনি তোমাদেরকে শিক্ষা দিয়েছেন, যা তোমরা জানতে না।

وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ أَزْوَاجًا ۚۖ وَّصِيَّةً لِّأَزْوَاجِهِمْ مَّتَاعًا إِلَى الْحَوْلِ غَيْرَ إِخْرَاجٍ ۚ فَإِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْ مَا فَعَلْنَ فِيْٓ أَنْفُسِهِنَّ مِنْ مَّعْرُوْفٍ ۗ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٤٠﴾

২৪০। আর তোমাদের মধ্য থেকে যারা মৃত্যুবরণ করবে এবং স্ত্রীদেরকে রেখে যাবে, তারা তাদের স্ত্রীদের জন্য ওসিয়ত করে যাবে (তাদেরকে) এক বছর পর্যন্ত ভোগ্যসামগ্রী দিতে*, (ঘর থেকে) বের না করে, তবে যদি তারা (নিজেরাই) বের হয়ে যায় তাহলে তারা নিজেদের ব্যাপারে ন্যায়সঙ্গতভাবে যাই করুক তাতে তোমাদের কোন অপরাধ নেই। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَلِلْمُطَلَّقٰتِ مَتَاعٌۢ بِالْمَعْرُوْفِ ۖ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿٢٤١﴾

২৪১। আর তালাকপ্রাপ্তা নারীদের জন্য ন্যায়সঙ্গতভাবে (তালাক পরবর্তী) ভোগ্যসামগ্রী দেয়া মুত্তাকীদের উপর কর্তব্য।

كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٢٤٢﴾

২৪২। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা অনুধাবন করতে পার।

٣١ ع ١٥ ৩১ রুকু ১৫

أَلَمْ تَرَ إِلَى الَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ وَهُمْ أُلُوْفٌ حَذَرَ الْمَوْتِ ۖ فَقَالَ لَهُمُ اللّٰهُ مُوْتُوْا ۫ ثُمَّ أَحْيَاهُمْ ۚ إِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٢٤٣﴾

২৪৩। তুমি কি (বনী ইসরাঈল সম্প্রদায়ভুক্ত) তাদেরকে দেখনি, যারা (জিহাদের নির্দেশ আসার পর) মৃত্যুর ভয়ে তাদের আবাসসমূহ থেকে (পালিয়ে) বের হয়ে গিয়েছিল, অথচ তারা ছিল হাজার হাজার? অতঃপর আল্লাহ্ তাদের বললেন- মরে যাও*, এরপর তিনি তাদেরকে জীবিত করলেন। নিশ্চয় আল্লাহ্ মানুষের প্রতি অবশ্যই অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না।

وَقَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَاعْلَمُوْٓا أَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٤٤﴾

২৪৪। আর তোমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ কর এবং জেনে রাখ যে, আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضٰعِفَهٗ لَهٗٓ أَضْعَافًا كَثِيْرَةً ۚ وَاللّٰهُ يَقْبِضُ وَيَبْصُۜطُ ۖ وَإِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢٤٥﴾

২৪৫। এমন কে আছে, যে আল্লাহ্‌কে কর্জ* দিবে- কর্জে হাসানা? তাহলে তার জন্য তিনি তা বহু গুণ (বৃদ্ধি) করে দিবেন। আর আল্লাহ্‌ই (রিযিক) সংকুচিত করেন এবং প্রসারিত করেন এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

أَلَمْ تَرَ إِلَى الْمَلَإِ مِنْۢ بَنِيْٓ إِسْرَآءِيْلَ مِنْۢ بَعْدِ مُوْسٰى ۘ إِذْ قَالُوْا لِنَبِيٍّ لَّهُمُ ابْعَثْ لَنَا مَلِكًا نُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۖ قَالَ هَلْ عَسَيْتُمْ إِنْ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ أَلَّا تُقَاتِلُوْا ۖ قَالُوْا وَمَا لَنَآ أَلَّا نُقَاتِلَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَقَدْ أُخْرِجْنَا مِنْ دِيَارِنَا وَأَبْنَآئِنَا ۖ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ تَوَلَّوْا إِلَّا قَلِيْلًا مِّنْهُمْ ۗ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ﴿٢٤٦﴾

২৪৬। মূসার পরে তুমি কি বনী ইসরাঈলের প্রধানদেরকে দেখনি? যখন তারা তাদের এক নবীকে* বলেছিল, 'আমাদের জন্য একজন বাদশাহ্ পাঠিয়ে দিন- আমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ করব।' তিনি বলেছিলেন, 'তোমাদের উপর যদি যুদ্ধ বিধিবদ্ধ (ফরয) করা হয় তাহলে এমন হবে কি যে তোমরা যুদ্ধ করবে না?' তারা বলেছিল, 'আমাদের কী (অজুহাত) আছে যে, আমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ করব না, অথচ আমাদেরকে বের করে দেয়া হয়েছে আমাদের আবাসসমূহ ও সন্তান-সন্ততি থেকে?' অতঃপর যখন তাদের উপর যুদ্ধ বিধিবদ্ধ (ফরয) করা হল তখন তাদের মধ্য থেকে অল্প সংখ্যক ছাড়া সবাই পৃষ্ঠ প্রদর্শন করল। আর আল্লাহ্ জালিমদের সম্পর্কে ভালভাবে জানেন।

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ اللّٰهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوْتَ مَلِكًا ۚ قَالُوْٓا أَنّٰى يَكُوْنُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ أَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ ۚ قَالَ إِنَّ اللّٰهَ اصْطَفٰىهُ عَلَيْكُمْ وَزَادَهٗ بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ ۖ وَاللّٰهُ يُؤْتِيْ مُلْكَهٗ مَنْ يَّشَآءُ ۚ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٢٤٧﴾

২৪৭। এবং তাদের নবী তাদেরকে বলেছিল, 'নিশ্চয় আল্লাহ্ তোমাদের জন্য তালুতকে বাদশাহ্ করে পাঠিয়েছেন।' তারা বলেছিল, 'কিভাবে আমাদের উপর তার রাজত্ব হবে, অথচ আমরা তার চেয়ে রাজত্বের অধিক হকদার, এবং তাকে ধন-সম্পদের প্রাচুর্যও দেয়া হয়নি?' সে (নবী) বলেছিল, 'নিশ্চয় আল্লাহ্ তোমাদের উপর তাকে মনোনীত করেছেন এবং তাকে জ্ঞানে ও দেহাকৃতিতে প্রশস্ততা বাড়িয়ে দিয়েছেন।' আর আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাঁর রাজত্ব দান করেন এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اٰيَةَ مُلْكِهٖٓ اَنْ يَّاْتِيَكُمُ التَّابُوْتُ فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ اٰلُ مُوْسٰى وَاٰلُ هٰرُوْنَ تَحْمِلُهُ الْمَلٰٓئِكَةُ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝

২৪৮। এবং তাদের নবী তাদেরকে বলেছিল, 'নিশ্চয় তার (তালুতের) রাজত্বের নিদর্শন হচ্ছে এই যে, তোমাদের কাছে সেই সিন্দুকটি আসবে, যার মধ্যে রয়েছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের জন্য প্রশান্তি এবং (তাতে রয়েছে) মূসার পরিবার ও হারুনের পরিবার যা রেখে গেছে তার অবশিষ্টটুকু যেটি বহন করবে ফেরেশতারা। নিশ্চয় এতে তোমাদের জন্য অবশ্যই একটি নিদর্শন রয়েছে- যদি তোমরা মু'মিন হও।' ع ١٦ ٣٢ রুকূ ১৬

فَلَمَّا فَصَلَ طَالُوْتُ بِالْجُنُوْدِ ۙ قَالَ اِنَّ اللّٰهَ مُبْتَلِيْكُمْ بِنَهَرٍ ۚ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّىْ ۚ وَمَنْ لَّمْ يَطْعَمْهُ فَاِنَّهٗ مِنِّىْٓ اِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهٖ ۚ فَشَرِبُوْا مِنْهُ اِلَّا قَلِيْلًا مِّنْهُمْ ۭ فَلَمَّا جَاوَزَهٗ هُوَ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ ۙ قَالُوْا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوْتَ وَجُنُوْدِهٖ ۭ قَالَ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوا اللّٰهِ ۙ كَمْ مِّنْ فِئَةٍ قَلِيْلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيْرَةًۢ بِاِذْنِ اللّٰهِ ۭ وَاللّٰهُ مَعَ الصّٰبِرِيْنَ ۝

২৪৯। অতঃপর তালুত যখন বাহিনীসহ বের হল তখন বলল, 'নিশ্চয় আল্লাহ্ একটি নহর দ্বারা তোমাদেরকে পরীক্ষা করবেন, সুতরাং যে তা থেকে পান করবে সে আমার (দলের) অন্তর্ভুক্ত নয়, এবং যে তার স্বাদ গ্রহণ করবে না সে নিশ্চয় আমার (দলের) অন্তর্ভুক্ত, তবে কেউ তার হাত দিয়ে এক কোষ পানি নিলে তা ভিন্ন কথা।' কিন্তু তারা তা থেকে পান করল- তাদের মধ্য থেকে অল্প সংখ্যক ছাড়া। অতঃপর যখন সে (তালুত) নিজে ও তার সাথে যারা ঈমান এনেছিল তারা তা (নহর) অতিক্রম করল তখন তারা (কেউ কেউ) বলল, 'আজ জালুত ও তার বাহিনীর মুকাবিলার শক্তি আমাদের নেই।' যারা মনে করছিল যে, তারা (একদিন) আল্লাহ্র সাথে সাক্ষাৎ করবে তারা বলল, 'কত ছোট দলই আল্লাহ্র ইচ্ছায় বড় দলকে পরাজিত করেছে।' এবং আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।

وَلَمَّا بَرَزُوْا لِجَالُوْتَ وَجُنُوْدِهٖ قَالُوْا رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ۝

২৫০। আর যখন তারা জালুত ও তার বাহিনীর উদ্দেশ্যে বের হল তখন বলল, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান করুন, এবং আমাদেরকে দৃঢ়পদ রাখুন এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।'

فَهَزَمُوْهُمْ بِاِذْنِ اللّٰهِ ۙ وَقَتَلَ دَاوٗدُ جَالُوْتَ وَاٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهٗ مِمَّا يَشَاۗءُ ۭ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ ۙ لَّفَسَدَتِ الْاَرْضُ وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ۝

২৫১। অতঃপর আল্লাহ্র ইচ্ছায় তারা তাদেরকে (জালুত বাহিনীকে) পরাজিত করল, এবং দাউদ* জালুতকে হত্যা করল এবং আল্লাহ্ তাকে রাজত্ব ও হিকমত (প্রজ্ঞা) দান করলেন এবং যা তিনি ইচ্ছা করেন তা থেকে তাকে শিক্ষা দিলেন। আর যদি আল্লাহ্ মানুষের কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে পৃথিবী অবশ্যই ধ্বংস হয়ে যেত, কিন্তু আল্লাহ্ জগৎসমূহের (মানব জাতির) প্রতি অনুগ্রহশীল।

تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۭ وَاِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ۝

২৫২। এগুলো আল্লাহ্র আয়াত, যা আমি তোমার নিকট সত্যসহ পাঠ করি। এবং নিশ্চয় তুমি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত।

পারা-৩

২৫৩। এই রাসূলরা- আমি তাদের কতককে কতকের উপর মর্যাদা দিয়েছি; তাদের মধ্য হতে কারো সাথে আল্লাহ্ কথা বলেছেন এবং তাদের কতককে মর্যাদায় উন্নীত করেছেন। এবং আমি মারইয়ামের পুত্র ঈসাকে স্পষ্ট প্রমাণাদি দিয়েছিলাম এবং রূহুল কুদুস (জিবরাঈল)-এর মাধ্যমে তাকে সাহায্য করেছিলাম। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে তাদের পরবর্তীরা তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি আসার পর পরস্পর যুদ্ধ করত না, কিন্তু (লোকদেরকে বলপূর্বক মতপার্থক্য থেকে বিরত রাখা আল্লাহ্র ইচ্ছা ছিল না, তাই) তারা মতপার্থক্য করল, এবং তাদের মধ্য থেকে কেউ ঈমান আনল এবং কেউ কুফরী করল। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে তারা পরস্পর যুদ্ধ করত না, কিন্তু আল্লাহ্ যা চান তাই করেন।

تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ۘ مِنْهُمْ مَّنْ كَلَّمَ اللّٰهُ
وَرَفَعَ بَعْضَهُمْ دَرَجٰتٍ ؕ وَاٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنٰتِ
وَاَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا اقْتَتَلَ الَّذِيْنَ مِنْۢ
بَعْدِهِمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ وَلٰكِنِ اخْتَلَفُوْا فَمِنْهُمْ
مَّنْ اٰمَنَ وَمِنْهُمْ مَّنْ كَفَرَ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا اقْتَتَلُوْا ۫ وَلٰكِنَّ
اللّٰهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ۝٢٥٣ ع

ع ٣٣ ٥ ١ ৩৩ রুকূ ১

২৫৪। ওহে যারা ঈমান এনেছ! আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে (আল্লাহ্র পথে) ব্যয় কর- সে দিন আসার পূর্বে, যেদিন কোন ক্রয়-বিক্রয়, বন্ধুত্ব ও সুপারিশ নেই। আর কাফিররাই জালিম।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْفِقُوْا مِمَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ
يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ وَلَا خُلَّةٌ وَّلَا شَفَاعَةٌ ؕ وَالْكٰفِرُوْنَ هُمُ الظّٰلِمُوْنَ ۝٢٥٤

২৫৫। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি চিরঞ্জীব ও চিরস্থায়ী, তন্দ্রা তাঁকে স্পর্শ করে না এবং নিদ্রাও না। আকাশসমূহে যা কিছু আছে এবং পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। এমন কে আছে, যে তাঁর ইচ্ছা ছাড়া তাঁর কাছে সুপারিশ করবে? তিনি জানেন যা কিছু আছে তাদের সামনে এবং যা কিছু আছে তাদের পিছনে, এবং তিনি যতটুকু ইচ্ছা করেন তা ছাড়া তাঁর জ্ঞানের কিছুই তারা* আয়ত্ত করতে পারে না। তাঁর কুরসি আকাশসমূহ ও পৃথিবীকে পরিবেষ্টন করে আছে, এবং উভয়ের রক্ষণাবেক্ষণ তাঁকে ক্লান্ত করে না। এবং তিনিই সুউচ্চ ও সুমহান।

اَللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ ؕ لَهٗ
مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗۤ
اِلَّا بِاِذْنِهٖ ؕ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ
بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖۤ اِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ
وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝٢٥٥

২৫৬। দ্বীনের ব্যাপারে কোন জোর-জবরদস্তি নেই। অবশ্যই ভুল পথ থেকে সঠিক পথ স্পষ্ট হয়েছে, সুতরাং যে তাগুতকে* অস্বীকার করে এবং আল্লাহ্র প্রতি ঈমান আনে, সে অবশ্যই দৃঢ়ভাবে ধারণ করল এমন মজবুত হাতল যা বিছিন্ন হবার নয়। এবং আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

لَاۤ اِكْرَاهَ فِي الدِّيْنِ ۫ قَدْ تَّبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ ۚ فَمَنْ يَّكْفُرْ
بِالطَّاغُوْتِ وَيُؤْمِنْۢ بِاللّٰهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقٰى ۗ
لَا انْفِصَامَ لَهَا ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝٢٥٦

২৫৭। আল্লাহ্ তাদের অভিভাবক যারা ঈমান এনেছে, তিনি তাদেরকে অন্ধকার থেকে বের করে আলোর দিকে নিয়ে আসেন। আর যারা কুফরী করেছে তাদের অভিভাবক হচ্ছে তাগুত, তারা তাদেরকে আলো থেকে বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়। তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

اَللّٰهُ وَلِيُّ الَّذِيْنَ اٰمَنُوْا ۙ يُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ؕ وَ
الَّذِيْنَ كَفَرُوْۤا اَوْلِيٰٓـُٔهُمُ الطَّاغُوْتُ ۙ يُخْرِجُوْنَهُمْ مِّنَ النُّوْرِ
اِلَى الظُّلُمٰتِ ؕ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝٢٥٧ ع

ع ٣٤ ٢ ৩৪ রুকূ ২

২৫৮। তুমি কি তাকে দেখনি, যে ইবরাহীমের সাথে তার প্রতিপালকের ব্যাপারে তর্ক করেছিল এ জন্য যে, আল্লাহ্ তাকে রাজত্ব দিয়েছিলেন? যখন ইবরাহীম বলল, 'আমার প্রতিপালক তিনিই যিনি জীবিত করেন ও মৃত্যু ঘটান', তখন সে বলল,'আমিও জীবিত করি ও মৃত্যু ঘটাই।' ইবরাহীম বলল, 'তবে নিশ্চয় আল্লাহ্ পূর্ব দিক থেকে সূর্য নিয়ে আসেন (উদয় ঘটান), সুতরাং তুমি তা পশ্চিম দিক থেকে নিয়ে আস', তখন যে কুফরী করেছিল সে হতভম্ব হয়ে গেল। আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْ حَآجَّ اِبْرٰهٖمَ فِيْ رَبِّهٖۤ اَنْ اٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ ۘ
اِذْ قَالَ اِبْرٰهٖمُ رَبِّيَ الَّذِيْ يُحْيٖ وَيُمِيْتُ ۙ قَالَ اَنَا۠ اُحْيٖ وَ
اُمِيْتُ ؕ قَالَ اِبْرٰهٖمُ فَاِنَّ اللّٰهَ يَاْتِيْ بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ
فَاْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِيْ كَفَرَ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي
الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝٢٥٨ ع

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أَوْ كَالَّذِي مَرَّ عَلَىٰ قَرْيَةٍ وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا قَالَ أَنَّىٰ يُحْيِي هَٰذِهِ اللَّهُ بَعْدَ مَوْتِهَا فَأَمَاتَهُ اللَّهُ مِائَةَ عَامٍ ثُمَّ بَعَثَهُ قَالَ كَمْ لَبِثْتَ قَالَ لَبِثْتُ يَوْمًا أَوْ بَعْضَ يَوْمٍ قَالَ بَل لَّبِثْتَ مِائَةَ عَامٍ فَانظُرْ إِلَىٰ طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ وَانظُرْ إِلَىٰ حِمَارِكَ وَلِنَجْعَلَكَ آيَةً لِّلنَّاسِ وَانظُرْ إِلَى الْعِظَامِ كَيْفَ نُنشِزُهَا ثُمَّ نَكْسُوهَا لَحْمًا فَلَمَّا تَبَيَّنَ لَهُ قَالَ أَعْلَمُ أَنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٥٩﴾

২৫৯। অথবা (তুমি কি দেখনি) তার দৃষ্টান্ত, যে একটি জনপদ* অতিক্রম করছিল, যখন তা ছিল ধ্বংসস্তূপে পরিণত? সে বলল, 'কিভাবে আল্লাহ্ একে (জনপদটিকে) জীবিত করবেন এর মৃত্যুর পর?' অতঃপর আল্লাহ্ তাকে একশ বছরের জন্য মৃত্যু দিলেন, এরপর তাকে উত্থিত (পুনর্জীবিত) করলেন। তিনি বললেন, 'তুমি কত সময় অবস্থান করেছ?' সে বলল, 'অবস্থান করেছি এক দিন বা এক দিনের কিছু অংশ।' তিনি (আল্লাহ্) বললেন, 'বরং তুমি একশত বছর অবস্থান করেছ, এখন তোমার খাবার ও তোমার পানীয় এর দিকে লক্ষ্য কর, তা বাসী হয়নি, আর তোমার গাধার দিকেও লক্ষ্য কর (তার হাড়গুলোও খুলে গিয়েছে), আর এটি এ জন্য যাতে আমি তোমাকে মানুষের জন্য একটি নিদর্শন বানাতে পারি, এবং এই হাড়গুলোর দিকে লক্ষ্য কর কিভাবে আমি এগুলোকে দাঁড় করাই, এরপর তার উপর গোশতের পোশাক পরিয়ে দেই।' অতঃপর যখন তার কাছে (এই নিদর্শন) স্পষ্ট হয়ে উঠল, তখন সে বলল, 'আমি জানি যে, আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।'

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ أَرِنِي كَيْفَ تُحْيِي الْمَوْتَىٰ قَالَ أَوَلَمْ تُؤْمِن قَالَ بَلَىٰ وَلَٰكِن لِّيَطْمَئِنَّ قَلْبِي قَالَ فَخُذْ أَرْبَعَةً مِّنَ الطَّيْرِ فَصُرْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلَىٰ كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعْيًا وَاعْلَمْ أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ﴿٢٦٠﴾

ع ٣٥ ٢ ৩৫ রুকূ ৩

২৬০। এবং যখন ইবরাহীম বলেছিল, 'হে আমার প্রতিপালক! আমাকে দেখিয়ে দিন কিভাবে আপনি মৃতদেরকে জীবিত করেন।' তিনি (আল্লাহ্) বললেন, 'তবে কি তুমি বিশ্বাস করনি?' সে বলল, 'হ্যাঁ অবশ্যই, কিন্তু (দেখতে চাই) যাতে আমার হৃদয় প্রশান্ত হয়।' তিনি বললেন, 'তাহলে তুমি চারটি পাখি নাও এবং তাদেরকে তোমার কাছে পোষ মানিয়ে নাও, এরপর তাদের এক একটি (কর্তিত) অংশ এক একটি পাহাড়ের ওপর রাখ এরপর তাদেরকে ডাক, তারা তোমার কাছে দৌড়ে আসবে। আর জেনে রাখ যে, আল্লাহ্ মহা প্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

مَّثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُلِّ سُنبُلَةٍ مِّائَةُ حَبَّةٍ وَاللَّهُ يُضَاعِفُ لِمَن يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٢٦١﴾

২৬১। যারা তাদের ধন-সম্পদ আল্লাহ্র পথে ব্যয় করে তাদের (ব্যয়ের) উপমা যেমন একটি শস্যদানা যা সাতটি শীষ উৎপন্ন করে, যার প্রত্যেকটি শীষে থাকে একশত শস্যদানা। এবং আল্লাহ্ যার জন্য ইচ্ছা করেন, বহুগুণ (বৃদ্ধি) করে দেন। এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।

الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ لَا يُتْبِعُونَ مَا أَنفَقُوا مَنًّا وَلَا أَذًى لَّهُمْ أَجْرُهُمْ عِندَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٢٦٢﴾

২৬২। যারা তাদের ধন-সম্পদ আল্লাহ্র পথে ব্যয় করে, এরপর তারা যা ব্যয় করেছে তার জন্য খোঁটা দেয় না এবং কষ্টও দেয় না, তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে তাদের প্রতিদান রয়েছে, এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

قَوْلٌ مَّعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِّن صَدَقَةٍ يَتْبَعُهَا أَذًى وَاللَّهُ غَنِيٌّ حَلِيمٌ ﴿٢٦٣﴾

২৬৩। সৌহার্দ্যপূর্ণ কথা বলা* এবং ক্ষমা করা এমন দানের চেয়ে উত্তম, যার পরে কষ্ট দেয়া হয়। আর আল্লাহ্ অভাবমুক্ত ও পরম সহনশীল।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُبْطِلُوا صَدَقَاتِكُم بِالْمَنِّ وَالْأَذَىٰ كَالَّذِي يُنفِقُ مَالَهُ رِئَاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَمَثَلُهُ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَأَصَابَهُ وَابِلٌ فَتَرَكَهُ صَلْدًا لَّا يَقْدِرُونَ عَلَىٰ شَيْءٍ مِّمَّا كَسَبُوا وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ﴿٢٦٤﴾

২৬৪। ওহে যারা ঈমান এনেছ! তোমরা খোঁটা ও কষ্ট দিয়ে তোমাদের সদকাসমূহকে বাতিল (নষ্ট*) করে দিও না সে ব্যক্তির মত যে নিছক লোক দেখানোর জন্য তার ধন-সম্পদ ব্যয় করে, এবং সে আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে না। সুতরাং তার (ব্যয়ের) উপমা যেমন একটি মসৃণ পাথর যার উপর কিছু মাটি রয়েছে, অতঃপর তাতে প্রবল বর্ষণ হল, ফলে (সমস্ত মাটি ধুয়ে ফেলে) তাকে মসৃণ অবস্থায় রেখে গেল। তারা যা অর্জন করেছে তার কোন কিছুর উপরই তারা সক্ষম নয়। এবং আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

وَمَثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلٌ فَآتَتْ أُكُلَهَا ضِعْفَيْنِ فَإِن لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢٦٥﴾

২৬৫। আর যারা আল্লাহ্র সন্তুষ্টি কামনায় ও নিজেদেরকে সুদৃঢ় করার জন্য তাদের ধন-সম্পদ ব্যয় করে তাদের (ব্যয়ের) উপমা যেমন কোন উঁচু ভূমিতে একটি বাগান যাতে প্রবল বর্ষণ হল, ফলে এটি তার দ্বিগুণ ফল দিল, আর যদি তাতে প্রবল বর্ষণ নাও হয় তবে হালকা বর্ষণই যথেষ্ট। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

২৬৬। তোমাদের কেউ কি কামনা করে যে, তার একটি খেজুর ও আঙ্গুরের বাগান থাকবে, যার নিচে নহরসমূহ প্রবাহিত হবে, এতে তার জন্য সব রকম ফল-মূল থাকবে, এমন অবস্থায় যে বার্ধক্য তাকে আক্রান্ত করেছে এবং তার রয়ছে দুর্বল সন্তান-সন্ততি, অতঃপর এমন এক প্রচণ্ড ঘূর্ণিঝড় তাতে আঘাত হানল যাতে রয়েছে আগুন, ফলে তা (বাগানটি) পুড়ে গেল? এভাবেই আল্লাহ্ তাঁর আয়াতসমূহ তোমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা চিন্তা করতে পার।

اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ لَهٗ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ ۙ وَاَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَآءُ ۖ فَاَصَابَهَآ اِعْصَارٌ فِيْهِ نَارٌ فَاحْتَرَقَتْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿٢٦٦﴾

ع ٣٦ ٤ ٣٦ রুকূ ৪

২৬৭। ওহে যারা ঈমান এনেছ! তোমরা নিজেরা যা অর্জন করেছ এবং ভূমি থেকে যা আমি তোমাদের জন্য উৎপন্ন করেছি, তা থেকে উৎকৃষ্ট বস্তুসমূহ (আল্লাহ্র পথে) ব্যয় কর, এবং তা থেকে নিকৃষ্ট বস্তু ব্যয় করার ইচ্ছা করো না, যখন তোমরা নিজেরা তা গ্রহণ করার নও এছাড়া যে, তাতে (অর্থাৎ তা নেয়ার সময়) তোমরা চোখ বন্ধ করে থাক। এবং তোমরা জেনে রাখ যে, আল্লাহ্ অভাবমুক্ত ও অতি প্রশংসনীয়।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْفِقُوْا مِنْ طَيِّبٰتِ مَا كَسَبْتُمْ وَمِمَّاۤ اَخْرَجْنَا لَكُمْ مِّنَ الْاَرْضِ ۖ وَلَا تَيَمَّمُوا الْخَبِيْثَ مِنْهُ تُنْفِقُوْنَ وَلَسْتُمْ بِاٰخِذِيْهِ اِلَّاۤ اَنْ تُغْمِضُوْا فِيْهِ ؕ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ غَنِيٌّ حَمِيْدٌ ﴿٢٦٧﴾

২৬৮। শয়তান তোমাদেরকে দারিদ্র্যের ভয় দেখায় এবং তোমাদেরকে অশ্লীলতার নির্দেশ দেয়, অথচ আল্লাহ্ তোমাদেরকে তাঁর পক্ষ থেকে ক্ষমা ও অনুগ্রহের প্রতিশ্রুতি দেন। এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।

اَلشَّيْطٰنُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَاْمُرُكُمْ بِالْفَحْشَآءِ ۚ وَاللّٰهُ يَعِدُكُمْ مَّغْفِرَةً مِّنْهُ وَفَضْلًا ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٢٦٨﴾

২৬৯। তিনি যাকে ইচ্ছা করেন হিকমত (প্রজ্ঞা) দান করেন, এবং যাকে হিকমত (প্রজ্ঞা) দান করা হয়েছে তাকে অবশ্যই অনেক কল্যাণ দান করা হয়েছে। আর বুদ্ধিমানরা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করে না।

يُّؤْتِي الْحِكْمَةَ مَنْ يَّشَآءُ ۚ وَمَنْ يُّؤْتَ الْحِكْمَةَ فَقَدْ اُوْتِيَ خَيْرًا كَثِيْرًا ؕ وَمَا يَذَّكَّرُ اِلَّاۤ اُولُوا الْاَلْبَابِ ﴿٢٦٩﴾

২৭০। এবং তোমরা যে ব্যয়ই ব্যয় কর অথবা যে মানতই মানত কর, তবে নিশ্চয় আল্লাহ্ তা জানেন। আর জালিমদের কোন সাহায্যকারী নেই।

وَمَاۤ اَنْفَقْتُمْ مِّنْ نَّفَقَةٍ اَوْ نَذَرْتُمْ مِّنْ نَّذْرٍ فَاِنَّ اللّٰهَ يَعْلَمُهٗ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٢٧٠﴾

২৭১। যদি তোমরা সদকাসমূহ প্রকাশ কর, তবে তা কতই না ভাল, আর যদি তা গোপন রাখ এবং ফকিরদেরকে (গরীবদেরকে) দাও, তবে তা তোমাদের জন্য আরও ভাল। এবং (বিনিময়ে) তিনি তোমাদের কিছু পাপ মোচন করে দিবেন। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

اِنْ تُبْدُوا الصَّدَقٰتِ فَنِعِمَّا هِيَ ۚ وَاِنْ تُخْفُوْهَا وَتُؤْتُوْهَا الْفُقَرَآءَ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ؕ وَيُكَفِّرُ عَنْكُمْ مِّنْ سَيِّاٰتِكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٧١﴾

২৭২। তাদেরকে (অবিশ্বাসীদেরকে) সঠিকপথে পরিচালিত করা তোমার দায়িত্ব নয়। বরং আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাকে সঠিক পথে পরিচালিত করেন। আর (হে মু'মিনরা!) তোমরা যে ধন-সম্পদ (আল্লাহ্র পথে) ব্যয় কর তা তোমাদের নিজেদের জন্যই। এবং তোমরা কেবল আল্লাহ্র সন্তুষ্টির উদ্দেশ্যেই ব্যয় কর। এবং তোমরা যে সম্পদই ব্যয় কর তা (তার বিনিময়) তোমাদেরকে পুরোপুরি দেয়া হবে, এবং তোমাদের প্রতি জুলুম করা হবে না

لَيْسَ عَلَيْكَ هُدٰىهُمْ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَلِاَنْفُسِكُمْ ؕ وَمَا تُنْفِقُوْنَ اِلَّا ابْتِغَآءَ وَجْهِ اللّٰهِ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ يُّوَفَّ اِلَيْكُمْ وَاَنْتُمْ لَا تُظْلَمُوْنَ ﴿٢٧٢﴾

২৭৩। (তোমাদের এ ব্যয়) ফকিরদের (গরীবদের) জন্য যারা আল্লাহ্র পথে অবরুদ্ধ হয়ে পড়েছে, পৃথিবীতে (উপার্জনের জন্য) চলাচল করতে পারে না*, (তাদের) আত্মমর্যাদাবোধের কারণে অজ্ঞ লোকেরা তাদেরকে সচ্ছল মনে করে। তাদের লক্ষণ দিয়ে তুমি তাদেরকে চিনতে পারবে, মানুষের কাছে তারা কাকুতি-মিনতি করে চায় না। এবং তোমরা যে সম্পদই (আল্লাহ্র পথে) ব্যয় কর, তবে নিশ্চয় আল্লাহ্ সে সম্পর্কে ভালভাবে জানেন।

لِلْفُقَرَآءِ الَّذِيْنَ اُحْصِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ لَا يَسْتَطِيْعُوْنَ ضَرْبًا فِي الْاَرْضِ ۫ يَحْسَبُهُمُ الْجَاهِلُ اَغْنِيَآءَ مِنَ التَّعَفُّفِ ۚ تَعْرِفُهُمْ بِسِيْمٰهُمْ ۚ لَا يَسْـَٔلُوْنَ النَّاسَ اِلْحَافًا ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٢٧٣﴾

ع ٣٧ ٥ ٣٧ রুকূ ৫

২৭৪। যারা তাদের ধন-সম্পদ রাতে ও দিনে, গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে তাদের প্রতিদান রয়েছে, এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ سِرًّا وَّعَلَانِيَةً فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٤﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَلَّذِيْنَ يَاْكُلُوْنَ الرِّبٰوا لَا يَقُوْمُوْنَ اِلَّا كَمَا يَقُوْمُ الَّذِىْ يَتَخَبَّطُهُ الشَّيْطٰنُ مِنَ الْمَسِّ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْٓا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا ۘ وَاَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبٰوا ؕ فَمَنْ جَآءَهٗ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهٖ فَانْتَهٰى فَلَهٗ مَا سَلَفَ ؕ وَاَمْرُهٗٓ اِلَى اللّٰهِ ؕ وَمَنْ عَادَ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٧٥﴾

২৭৫। যারা সুদ* খায় তারা (কিয়ামতের দিন) কেবল সে ব্যক্তির দাঁড়ানোর ন্যায় দাঁড়াবে যাকে শয়তান স্পর্শ দ্বারা পাগল করে দেয়। এটি এ কারণে যে, তারা বলে ক্রয়-বিক্রয় তো সুদের মতোই, অথচ আল্লাহ্ ক্রয়-বিক্রয়কে হালাল করেছেন এবং সুদকে করেছেন হারাম। অতঃপর যে ব্যক্তির কাছে তার প্রতিপালকের পক্ষ থেকে উপদেশ পৌঁছে গেছে এবং সে বিরত হয়েছে, তবে যা অতীত হয়েছে তা তারই এবং তার বিষয়টি আল্লাহ্‌রই নিকট (সমর্পিত)। আর যারা পুনরাবৃত্তি করেছে, তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَيُرْبِى الصَّدَقٰتِ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ اَثِيْمٍ ﴿٢٧٦﴾

২৭৬। আল্লাহ্ সুদকে নিশ্চিহ্ন করেন এবং দানকে বর্ধিত করেন। আর আল্লাহ্ কোন অবিশ্বাসী পাপিষ্ঠকে ভালবাসেন না।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ لَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٧﴾

২৭৭। নিশ্চয় যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে, সালাত (নামায) কায়েম করেছে ও যাকাত প্রদান করেছে, তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে তাদের প্রতিদান রয়েছে, এবং তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তগ্রস্তও হবে না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَذَرُوْا مَا بَقِىَ مِنَ الرِّبٰٓوا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٢٧٨﴾

২৭৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং সুদ থেকে যা বাকি রয়েছে তা ছেড়ে দাও- যদি তোমরা মু'মিন হও।

فَاِنْ لَّمْ تَفْعَلُوْا فَاْذَنُوْا بِحَرْبٍ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ ۚ وَاِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوْسُ اَمْوَالِكُمْ ۚ لَا تَظْلِمُوْنَ وَلَا تُظْلَمُوْنَ ﴿٢٧٩﴾

২৭৯। কিন্তু যদি তোমরা তা না কর, তবে আল্লাহ্ ও তাঁর রাসূলের পক্ষ থেকে (তোমাদের বিরুদ্ধে) যুদ্ধের ঘোষণা জেনে নাও, আর যদি তোমরা তওবা কর, তবে তোমাদের মূলধন তোমাদেরই জন্য, তোমরা জুলুম করবে না এবং তোমাদের প্রতিও জুলুম করা হবে না*।

وَاِنْ كَانَ ذُوْ عُسْرَةٍ فَنَظِرَةٌ اِلٰى مَيْسَرَةٍ ؕ وَاَنْ تَصَدَّقُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٨٠﴾

২৮০। এবং যদি সে (ঋণগ্রহীতা) অসচ্ছল* হয় তবে সচ্ছলতা পর্যন্ত তাকে অবকাশ দাও। আর সদকা করে দেয়া তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

وَاتَّقُوْا يَوْمًا تُرْجَعُوْنَ فِيْهِ اِلَى اللّٰهِ ۗ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٨١﴾

৩৮ রুকূ ৬

২৮১। এবং তোমরা সেই দিনকে ভয় কর যেদিন তোমাদেরকে আল্লাহ্‌র দিকে ফিরিয়ে নেয়া হবে। এরপর প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তা (তার প্রতিফল) পুরোপুরি দেয়া হবে, এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا تَدَايَنْتُمْ بِدَيْنٍ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى
فَاكْتُبُوْهُ ۭ وَلْيَكْتُبْ بَّيْنَكُمْ كَاتِبٌۢ بِالْعَدْلِ ۠ وَلَا يَاْبَ كَاتِبٌ
اَنْ يَّكْتُبَ كَمَا عَلَّمَهُ اللّٰهُ فَلْيَكْتُبْ ۚ وَلْيُمْلِلِ الَّذِيْ عَلَيْهِ
الْحَقُّ وَلْيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْـــًٔا ۭ فَاِنْ كَانَ
الَّذِيْ عَلَيْهِ الْحَقُّ سَفِيْهًا اَوْ ضَعِيْفًا اَوْ لَا يَسْتَطِيْعُ اَنْ يُّمِلَّ هُوَ
فَلْيُمْلِلْ وَلِيُّهٗ بِالْعَدْلِ ۭ وَاسْتَشْهِدُوْا شَهِيْدَيْنِ مِنْ رِّجَالِكُمْ ۚ
فَاِنْ لَّمْ يَكُوْنَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَّامْرَاَتٰنِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ
الشُّهَدَاۗءِ اَنْ تَضِلَّ اِحْدٰىهُمَا فَتُذَكِّرَ اِحْدٰىهُمَا الْاُخْرٰى ۭ وَ
لَا يَاْبَ الشُّهَدَاۗءُ اِذَا مَا دُعُوْا ۭ وَلَا تَسْـَٔـــُوْٓا اَنْ تَكْتُبُوْهُ صَغِيْرًا اَوْ
كَبِيْرًا اِلٰٓى اَجَلِهٖ ۭ ذٰلِكُمْ اَقْسَطُ عِنْدَ اللّٰهِ وَاَقْوَمُ لِلشَّهَادَةِ وَاَدْنٰٓى
اَلَّا تَرْتَابُوْٓا اِلَّآ اَنْ تَكُوْنَ تِجَارَةً حَاضِرَةً تُدِيْرُوْنَهَا بَيْنَكُمْ
فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَلَّا تَكْتُبُوْهَا ۭ وَاَشْهِدُوْٓا اِذَا تَبَايَعْتُمْ ۠
وَلَا يُضَاۗرَّ كَاتِبٌ وَّلَا شَهِيْدٌ ۭ وَاِنْ تَفْعَلُوْا فَاِنَّهٗ فُسُوْقٌۢ بِكُمْ ۭ وَ
اتَّقُوا اللّٰهَ ۭ وَيُعَلِّمُكُمُ اللّٰهُ ۭ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝

২৮২। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমরা কোন নির্দিষ্ট সময় পর্যন্ত (মেয়াদ নির্ধারণ করে) ঋণের লেনদেন কর তখন তা লিখে রাখ*। এবং কোন লেখক যেন ন্যায়সঙ্গতভাবে তোমাদের মধ্যে লিখে দেয়। কোন লেখক যেন লিখে দিতে অস্বীকার না করে যেভাবে আল্লাহ্ তাকে (লেখা) শিক্ষা দিয়েছেন, সুতরাং সে যেন লিখে দেয়, এবং যার উপর দায় সে (ঋণগ্রহীতা) যেন লেখার বিষয় বলে দেয় এবং যেন তার প্রতিপালক আল্লাহ্কে ভয় করে এবং তা থেকে কিছুই কম না করে। কিন্তু যার উপর দায় সে (ঋণগ্রহীতা) যদি নির্বোধ বা দুর্বল হয় অথবা লেখার বিষয় বলে দিতে না পারে, তাহলে তার অভিভাবক (প্রতিনিধি) যেন ন্যায়সঙ্গতভাবে লেখার বিষয় বলে দেয়। এবং তোমাদের মধ্য থেকে দু'জন পুরুষকে সাক্ষী রাখ, আর যদি দু'জন পুরুষ না হয় তাহলে যাদের সাক্ষী হওয়ার ব্যাপারে তোমরা সম্মত তাদের থেকে একজন পুরুষ ও দু'জন নারী সাক্ষী* হবে, যাতে তাদের একজন ভুলে গেলে তাদের একজন অন্যজনকে স্মরণ করিয়ে দিতে পারে। এবং সাক্ষীরা যেন (সাক্ষ্য দিতে) অস্বীকার না করে যখন তাদেরকে (সাক্ষ্য দিতে) ডাকা হবে। এবং (ঋণের পরিমাণ) ছোট হোক বা বড় হোক নির্দিষ্ট সময় পর্যন্ত (মেয়াদ নির্ধারণ করে) তা লিখতে তোমরা গড়িমসি করো না। এটি আল্লাহ্র কাছে অধিক ন্যায়সঙ্গত, সাক্ষ্যের জন্য অধিক সঠিক এবং তোমাদের সন্দেহ পোষণ না করার জন্য অধিক উপযোগী। তবে যে নগদ ব্যবসা তোমরা তোমাদের মধ্যে পরিচালনা করে থাক, সেগুলো না লিখাতে তোমাদের কোন অপরাধ নেই। এবং যখন তোমরা লেনদেন কর তখন সাক্ষী রাখ। এবং কোন লেখক ও কোন সাক্ষীকে ক্ষতিগ্রস্ত করা যাবে না। আর যদি তোমরা (তাদেরকে ক্ষতিগ্রস্ত) কর তাহলে সেটি হবে তোমাদেরর পক্ষ থেকে পাপাচার। এবং আল্লাহ্কে ভয় কর। এবং আল্লাহ্ তোমাদেরকে শিক্ষা দান করেন। এবং আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

وَاِنْ كُنْتُمْ عَلٰي سَفَرٍ وَّلَمْ تَجِدُوْا كَاتِبًا فَرِهٰنٌ مَّقْبُوْضَةٌ ۭ فَاِنْ
اَمِنَ بَعْضُكُمْ بَعْضًا فَلْيُؤَدِّ الَّذِي اؤْتُمِنَ اَمَانَتَهٗ وَلْيَتَّقِ اللّٰهَ
رَبَّهٗ ۭ وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ ۭ وَمَنْ يَّكْتُمْهَا فَاِنَّهٗٓ اٰثِمٌ قَلْبُهٗ ۭ وَ
اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ ۝

ع ৭ ৩৯ রুকূ ৭

২৮৩। আর যদি তোমরা সফরে থাক এবং (লেখার জন্য) কোন লেখক না পাও, তাহলে বন্ধকী বস্তু* হস্তগত রাখবে। এবং যদি তোমাদের মধ্যে কোন ব্যক্তি অন্য কারো নিকট আমানত রাখে, তবে যার নিকট তার আমানত রাখা হয়েছে সে যেন তা (যথাযথভাবে) ফেরত দেয় এবং তার প্রতিপালক আল্লাহ্কে ভয় করে। এবং তোমরা সাক্ষ্য গোপন করো না। আর যে তা গোপন করে, তবে নিশ্চয় তার হৃদয় পাপী। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ ভালভাবে জানেন।

لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَاِنْ تُبْدُوْا مَا فِيْٓ
اَنْفُسِكُمْ اَوْ تُخْفُوْهُ يُحَاسِبْكُمْ بِهِ اللّٰهُ ۭ فَيَغْفِرُ لِمَنْ يَّشَاۗءُ وَ
يُعَذِّبُ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝

২৮৪। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে, তা আল্লাহ্রই। এবং তোমাদের মনে যা কিছু আছে তা যদি তোমরা প্রকাশ কর অথবা গোপন রাখ সে সম্পর্কে আল্লাহ্ তোমাদের হিসাব নিবেন। অতঃপর তিনি যাকে ইচ্ছা করবেন ক্ষমা করবেন এবং যাকে ইচ্ছা করবেন শাস্তি দিবেন। এবং আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।

اٰمَنَ الرَّسُوْلُ بِمَآ اُنْزِلَ اِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ ۭ كُلٌّ اٰمَنَ
بِاللّٰهِ وَمَلٰۗىِٕكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ ۣ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْ رُّسُلِهٖ ۣ
وَقَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ۡ غُفْرَانَكَ رَبَّنَا وَاِلَيْكَ الْمَصِيْرُ ۝

২৮৫। রাসূল তার প্রতিপালকের পক্ষ থেকে তার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাতে ঈমান এনেছে এবং মু'মিনরাও। প্রত্যেকেই আল্লাহ্, তাঁর ফেরেশতাকুল, তাঁর কিতাবসমূহ ও তাঁর রাসূলদের প্রতি ঈমান এনেছে। (তারা বলে) 'আমরা তাঁর রাসূলদের মধ্য থেকে কারো মাঝে পার্থক্য করি না।' এবং তারা বলে, 'আমরা শুনলাম এবং আমরা আনুগত্য করলাম, আপনার ক্ষমা চাই, হে আমাদের প্রতিপালক! এবং গন্তব্যস্থল আপনারই দিকে।'

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ؕ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا
اكْتَسَبَتْ ؕ رَبَّنَا لَا تُؤَاخِذْنَآ اِنْ نَّسِيْنَآ اَوْ اَخْطَاْنَا ۚ رَبَّنَا وَ
لَا تَحْمِلْ عَلَيْنَآ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا
وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا ۟ وَاغْفِرْ لَنَا ۟ وَ
ارْحَمْنَا ۟ اَنْتَ مَوْلٰىنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٢٨٦﴾

২৮৬। আল্লাহ্ কাউকে তার সাধ্যাতীত (কিছু) চাপিয়ে দেন না। সে (ভাল) যা অর্জন করেছে তা তারই এবং সে (মন্দ) যা অর্জন করেছে তাও তারই উপর (বর্তাবে)। (তোমরা দোয়া কর) 'হে আমাদের প্রতিপালক! আমরা যদি ভুলে যাই অথবা ভুল করি, আপনি (সে জন্য) আমাদেরকে পাকড়াও করবেন না। হে আমাদের প্রতিপালক! আমাদের উপর এমন বোঝা চাপিয়ে দিবেন না, যেভাবে আপনি আমাদের পূর্ববর্তীদের উপর তা চাপিয়ে* দিয়েছিলেন। হে আমাদের প্রতিপালক! যার সামর্থ্য আমাদের নেই, তা আমাদের উপর চাপিয়ে দিবেন না। এবং আমাদেরকে মার্জনা করুন, আমাদেরকে ক্ষমা করুন এবং আমাদের প্রতি দয়া করুন। আপনি আমাদের প্রভু (রক্ষক)। অতএব কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আপনি আমাদেরকে সাহায্য করুন।'

ع ٤٠ ٢ ٨ ٤٠ রুকূ ٨

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩. সূরা আলে ইমরান, মাদানী

২০০ আয়াত, ২০ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣-سُوْرَةُ اٰلِ عِمْرٰنَ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٢٠٠، رُكُوْعَاتُهَا-٢٠

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ①

১। আলিফ-লাম-মীম।

اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۙ الْحَیُّ الْقَیُّوْمُ ②

২। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, (তিনি) চিরঞ্জীব ও চিরস্থায়ী।

نَزَّلَ عَلَیْكَ الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَیْنَ یَدَیْهِ وَاَنْزَلَ التَّوْرٰىةَ وَالْاِنْجِیْلَ ③

৩। তিনি তোমার প্রতি সত্যসহ এ কিতাব অবতীর্ণ করেছেন এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারীরূপে এবং তিনি অবতীর্ণ করেছিলেন তাওরাত ও ইন্‌জীল-

مِنْ قَبْلُ هُدًى لِّلنَّاسِ وَاَنْزَلَ الْفُرْقَانَ ؕ اِنَّ الَّذِیْنَ كَفَرُوْا بِاٰیٰتِ اللّٰهِ لَهُمْ عَذَابٌ شَدِیْدٌ ؕ وَاللّٰهُ عَزِیْزٌ ذُو انْتِقَامٍ ④

৪। ইতঃপূর্বে মানুষের জন্য পথনির্দেশিকাস্বরূপ এবং তিনি অবতীর্ণ করেছেন ফুরকান। নিশ্চয় যারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস করেছে তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও উচিত শাস্তিদাতা।

اِنَّ اللّٰهَ لَا یَخْفٰى عَلَیْهِ شَیْءٌ فِی الْاَرْضِ وَلَا فِی السَّمَآءِ ⑤

৫। নিশ্চয় আল্লাহ্‌র নিকট পৃথিবীতে কিছুই গোপন নয় এবং আকাশেও না।

هُوَ الَّذِیْ یُصَوِّرُكُمْ فِی الْاَرْحَامِ كَیْفَ یَشَآءُ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِیْزُ الْحَكِیْمُ ⑥

৬। তিনিই মাতৃগর্ভে তোমাদের আকৃতি গঠন করেন যেভাবে তিনি ইচ্ছা করেন। তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

هُوَ الَّذِیْۤ اَنْزَلَ عَلَیْكَ الْكِتٰبَ مِنْهُ اٰیٰتٌ مُّحْكَمٰتٌ هُنَّ اُمُّ الْكِتٰبِ وَاُخَرُ مُتَشٰبِهٰتٌ ؕ فَاَمَّا الَّذِیْنَ فِیْ قُلُوْبِهِمْ زَیْغٌ فَیَتَّبِعُوْنَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَآءَ الْفِتْنَةِ وَابْتِغَآءَ تَاْوِیْلِهٖ ۚ وَمَا یَعْلَمُ تَاْوِیْلَهٗۤ اِلَّا اللّٰهُ ۘ وَالرّٰسِخُوْنَ فِی الْعِلْمِ یَقُوْلُوْنَ اٰمَنَّا بِهٖ ۙ كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا یَذَّكَّرُ اِلَّاۤ اُولُوا الْاَلْبَابِ ⑦

৭। তিনিই তোমার প্রতি এ কিতাব অবতীর্ণ করেছেন, এর মধ্যে কিছু রয়েছে 'মুহ্‌কাম'* আয়াত, এগুলো কিতাবের মূল, আর অন্যগুলো 'মুতাশাবিহ্'। আর যাদের হৃদয়ে বক্রতা রয়েছে তারাই 'মুতাশাবিহ্' এর পিছনে লেগে থাকে ফিতনার উদ্দেশ্যে ও (অপ)ব্যাখ্যার উদ্দেশ্যে, অথচ আল্লাহ্ ছাড়া অন্য কেউ এর ব্যাখ্যা জানে না। এবং যারা জ্ঞানে সুগভীর তারা বলে, 'আমরা এতে ঈমান আনলাম, প্রতিটিই আমাদের প্রতিপালকের নিকট থেকে (এসেছে)', আর বুদ্ধিমানরা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করে না।

رَبَّنَا لَا تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَیْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ⑧

৮। 'হে আমাদের প্রতিপালক! সঠিক পথ প্রদর্শনের পর আপনি আমাদের হৃদয়সমূহ বাঁকা করে দিবেন না এবং আপনার নিকট হতে আমাদেরকে দয়া দান করুন, নিশ্চয় আপনিই পরমদাতা।

رَبَّنَاۤ اِنَّكَ جَامِعُ النَّاسِ لِیَوْمٍ لَّا رَیْبَ فِیْهِ ؕ اِنَّ اللّٰهَ لَا یُخْلِفُ الْمِیْعَادَ ⑨

৯। হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনি মানুষকে সমবেত করবেন এমন এক দিনের জন্য, যে ব্যাপারে কোন সন্দেহ নেই। নিশ্চয় আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।'

১ ع ৭ ১ রুকূ ৯

اِنَّ الَّذِیْنَ كَفَرُوْا لَنْ تُغْنِیَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَاۤ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَیْـًٔا ؕ وَاُولٰٓئِكَ هُمْ وَقُوْدُ النَّارِ ⑩

১০। নিশ্চয় যারা কুফরী করেছে আল্লাহ্‌র (শাস্তির) বিপরীতে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কখনো তাদের কিছুই কাজে আসবে না এবং তারাই আগুনের ইন্ধন-

كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِیْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰیٰتِنَا ۚ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَاللّٰهُ شَدِیْدُ الْعِقَابِ ⑪

১১। (তাদের অভ্যাস) ফিরআউন বংশ ও তাদের পূর্ববর্তীদের অভ্যাসের মত। তারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছিল, ফলে আল্লাহ্ তাদের অপরাধসমূহের কারণে তাদেরকে পাকড়াও করেছিলেন। এবং আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْا سَتُغْلَبُوْنَ وَتُحْشَرُوْنَ اِلٰى جَهَنَّمَ ؕ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٢﴾

১২। যারা কুফরী করেছে তাদেরকে বল, 'শীঘ্রই তোমরা পরাজিত হবে এবং তোমাদেরকে জাহান্নামের দিকে সমবেত করা হবে।' আর কতই না নিকৃষ্ট এ বিশ্রামস্থল!

قَدْ كَانَ لَكُمْ اٰيَةٌ فِىْ فِئَتَيْنِ الْتَقَتَا ؕ فِئَةٌ تُقَاتِلُ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَاُخْرٰى كَافِرَةٌ يَّرَوْنَهُمْ مِّثْلَيْهِمْ رَاْىَ الْعَيْنِ ؕ وَاللّٰهُ يُؤَيِّدُ بِنَصْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِى الْاَبْصَارِ ﴿١٣﴾

১৩। ইতোমধ্যেই তোমাদের জন্য নিদর্শন ছিল দু'টি দলের মধ্যে* - যারা পরস্পর সম্মুখীন হয়েছিল। একটি দল আল্লাহ্‌র পথে যুদ্ধ করছিল, এবং অন্যটি ছিল কাফির; এরা (কাফিররা) তাদেরকে (নিজেদেরকে) চোখের দেখায় তাদের (মু'মিনদের) দ্বিগুণ দেখছিল*। কিন্তু আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাঁর সাহায্য দ্বারা সাহায্য করেন। নিশ্চয় এতে অবশ্যই শিক্ষা রয়েছে দৃষ্টিসম্পন্নদের জন্য।

زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوٰتِ مِنَ النِّسَآءِ وَالْبَنِيْنَ وَالْقَنَاطِيْرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْاَنْعَامِ وَالْحَرْثِ ؕ ذٰلِكَ مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الْمَاٰبِ ﴿١٤﴾

১৪। মানুষের জন্য শোভনীয় করা হয়েছে (তাদের) আকাঙ্ক্ষার সামগ্রী- নারী, সন্তান-সন্ততি, স্তূপীকৃত স্বর্ণ ও রৌপ্য, চিহ্নিত ঘোড়া, গবাদি পশু ও ক্ষেত-খামারের প্রতি ভালবাসা। এসব দুনিয়ার জীবনের ভোগ্যসামগ্রী, আর আল্লাহ্‌র নিকট রয়েছে উত্তম প্রত্যাবর্তনস্থল।

قُلْ اَؤُنَبِّئُكُمْ بِخَيْرٍ مِّنْ ذٰلِكُمْ ؕ لِلَّذِيْنَ اتَّقَوْا عِنْدَ رَبِّهِمْ جَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَاَزْوَاجٌ مُّطَهَّرَةٌ وَّرِضْوَانٌ مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿١٥﴾

১৫। বল, 'আমি কি তোমাদেরকে এগুলোর চেয়ে উত্তম কোন কিছুর সংবাদ দেব?' যারা তাকওয়া অবলম্বন করেছে তাদের জন্যে রয়েছে তাদের প্রতিপালকের নিকট জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত। সেখানে তারা স্থায়ী হবে, এবং তাদের জন্যে রয়েছে পবিত্র সঙ্গী/সঙ্গিনীরা এবং আল্লাহ্‌র পক্ষ থেকে সন্তুষ্টি। আর আল্লাহ্ বান্দাদের প্রতি পূর্ণ দৃষ্টিবান,

اَلَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اِنَّنَآ اٰمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٦﴾

১৬। যারা বলে, হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা ঈমান এনেছি, সুতরাং আপনি আমাদের অপরাধসমূহ ক্ষমা করুন এবং আমাদেরকে আগুনের শাস্তি থেকে রক্ষা করুন,

اَلصّٰبِرِيْنَ وَالصّٰدِقِيْنَ وَالْقٰنِتِيْنَ وَالْمُنْفِقِيْنَ وَالْمُسْتَغْفِرِيْنَ بِالْاَسْحَارِ ﴿١٧﴾

১৭। (তারা) ধৈর্যশীল, সত্যবাদী, অনুগত ও দানশীল এবং শেষ রাতে ক্ষমা প্রার্থনাকারী।

شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۙ وَالْمَلٰٓئِكَةُ وَاُولُوا الْعِلْمِ قَآئِمًۢا بِالْقِسْطِ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١٨﴾

১৮। আল্লাহ্ সাক্ষ্য দেন যে, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, এবং ফেরেশতারা ও জ্ঞানের অধিকারীরাও (অনুরূপ সাক্ষ্য দেয়)। (তিনি) ন্যায়নীতিতে প্রতিষ্ঠিত। তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনিই মহাপ্রতাপশালী ও মহা প্রজ্ঞাবান।

اِنَّ الدِّيْنَ عِنْدَ اللّٰهِ الْاِسْلَامُ ۗ وَمَا اخْتَلَفَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ بَغْيًۢا بَيْنَهُمْ ؕ وَمَنْ يَّكْفُرْ بِاٰيٰتِ اللّٰهِ فَاِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿١٩﴾

১৯। নিশ্চয় আল্লাহ্‌র নিকট (গ্রহণীয়) দ্বীন হল ইসলাম। এবং যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদের নিকট জ্ঞান আসার পর তারা তাদের মাঝে বিদ্বেষবশতঃ মতপার্থক্য করেছিল। আর যে আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস করে, তবে (তার জেনে রাখা উচিত) নিশ্চয় আল্লাহ্ হিসাবে দ্রুত।

فَاِنْ حَآجُّوْكَ فَقُلْ اَسْلَمْتُ وَجْهِىَ لِلّٰهِ وَمَنِ اتَّبَعَنِ ؕ وَقُلْ لِّلَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْاُمِّيّٖنَ ءَاَسْلَمْتُمْ ؕ فَاِنْ اَسْلَمُوْا فَقَدِ اهْتَدَوْا ۚ وَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿٢٠﴾

২০। যদি তারা তোমার সাথে বিতর্ক করে তবে তুমি বল, 'আমি আল্লাহ্‌র নিকট আমার চেহারাকে (নিজেকে) সমর্পণ করেছি এবং যারা আমার অনুসরণ করেছে তারাও।' আর যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদেরকে ও নিরক্ষরদেরকে বল, 'তোমরা কি আত্মসমর্পণ করেছ?' এবং যদি তারা আত্মসমর্পণ করে, তবে নিশ্চয় তারা সঠিক পথ পাবে। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তোমার দায়িত্ব কেবল পৌঁছে দেয়া। আর আল্লাহ্ তাঁর বান্দাদের প্রতি পূর্ণ দৃষ্টিবান।

ع ٢ ١٢ রুকু ১০

إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِآيَاتِ اللَّهِ وَيَقْتُلُونَ النَّبِيِّينَ بِغَيْرِ حَقٍّ وَيَقْتُلُونَ الَّذِينَ يَأْمُرُونَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢١﴾

২১। নিশ্চয় যারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস করে, অন্যায়ভাবে নবীদেরকে হত্যা করে এবং হত্যা করে তাদেরকে যারা মানুষের মধ্য থেকে ন্যায়ের নির্দেশ দেয়, তাদেরকে তুমি যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও।

أُولَٰئِكَ الَّذِينَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمَا لَهُمْ مِنْ نَاصِرِينَ ﴿٢٢﴾

২২। ওরাই তারা যাদের কর্মসমূহ দুনিয়ায় ও আখিরাতে বিফল হবে এবং তাদের কোন সাহায্যকারী থাকবে না।

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ أُوتُوا نَصِيبًا مِنَ الْكِتَابِ يُدْعَوْنَ إِلَىٰ كِتَابِ اللَّهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ ثُمَّ يَتَوَلَّىٰ فَرِيقٌ مِنْهُمْ وَهُمْ مُعْرِضُونَ ﴿٢٣﴾

২৩। তুমি কি তাদেরকে দেখনি যাদেরকে কিতাবের কিছু অংশ* প্রদান করা হয়েছে, যখন তাদেরকে আল্লাহ্‌র কিতাবের (অর্থাৎ তাওরাতের) দিকে আহ্বান করা হল তাদের (নিজেদের) মধ্যে বিচার* করার জন্য? এরপর তাদের একদল (বিচার) পরিহার করে মুখ ফিরিয়ে নিল।

ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لَنْ تَمَسَّنَا النَّارُ إِلَّا أَيَّامًا مَعْدُودَاتٍ وَغَرَّهُمْ فِي دِينِهِمْ مَا كَانُوا يَفْتَرُونَ ﴿٢٤﴾

২৪। এটি এজন্য যে, তারা বলে, 'আগুন আমাদেরকে কখনো স্পর্শ করবে না গণনাযোগ্য কয়েকটি দিন ছাড়া।' এবং তারা যা মিথ্যা রচনা করত তা তাদেরকে তাদের দ্বীনের বিষয়ে ধোঁকায় ফেলে দিয়েছে।

فَكَيْفَ إِذَا جَمَعْنَاهُمْ لِيَوْمٍ لَا رَيْبَ فِيهِ وَوُفِّيَتْ كُلُّ نَفْسٍ مَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٢٥﴾

২৫। অতএব (তখন) কেমন হবে যখন আমি তাদেরকে একত্র করব এমন এক দিনের জন্য, যে ব্যাপারে কোন সন্দেহ নেই? এবং প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তা (তার প্রতিফল) পুরোপুরি দেয়া হবে, এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَاءُ وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ بِيَدِكَ الْخَيْرُ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٦﴾

২৬। বল, 'হে আল্লাহ্, রাজত্বের মালিক! আপনি যাকে ইচ্ছা করেন রাজত্ব প্রদান করেন এবং যার নিকট হতে ইচ্ছা করেন রাজত্ব কেড়ে নেন, এবং আপনি যাকে ইচ্ছা করেন সম্মানিত করেন এবং আপনি যাকে ইচ্ছা করেন অপমানিত করেন। আপনার হাতেই সমস্ত কল্যাণ। নিশ্চয় আপনি সব কিছুর উপর সর্বশক্তিমান।

تُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَتُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَتُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَتُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَتَرْزُقُ مَنْ تَشَاءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢٧﴾

২৭। আপনি রাতকে দিনের মধ্যে প্রবেশ করান এবং দিনকে রাতের মধ্যে প্রবেশ করান, এবং আপনি মৃত হতে জীবিতকে বের করেন, এবং জীবিত হতে মৃতকে বের করেন, এবং আপনি যাকে ইচ্ছা করেন বেহিসাব রিযিক দান করেন।'

لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ وَمَنْ يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَنْ تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ وَإِلَى اللَّهِ الْمَصِيرُ ﴿٢٨﴾

২৮। মু'মিনরা যেন মু'মিনদেরকে বাদ দিয়ে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ না করে, এবং যে তা করবে আল্লাহ্‌র সাথে তার কিছুই (সংশ্লিষ্টতা) থাকবে না, এছাড়া যে, তোমরা তাদের থেকে সাবধানতা অবলম্বন করবে (অর্থাৎ মিশবে) সাবধানতা হিসেবে। আর আল্লাহ্ তাঁর নিজের সম্পর্কে তোমাদেরকে সাবধান করছেন। এবং গন্তব্যস্থল আল্লাহ্‌রই দিকে।

قُلْ إِنْ تُخْفُوا مَا فِي صُدُورِكُمْ أَوْ تُبْدُوهُ يَعْلَمْهُ اللَّهُ وَيَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٩﴾

২৯। বল, 'তোমাদের বক্ষে যা আছে তা যদি তোমরা গোপন কর অথবা তা প্রকাশ কর আল্লাহ্ তা জানেন। এবং তিনি জানেন যা কিছু আছে আকাশসমূহে এবং যা কিছু আছে পৃথিবীতে। এবং আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩০। যেদিন প্রত্যেক ব্যক্তি সে যা ভাল কাজ করেছে তা উপস্থিত দেখতে পাবে এবং সে যা মন্দ কাজ করেছে (তাও দেখতে পাবে), সে কামনা করবে, যদি এগুলোর মাঝে ও তার মাঝে সুদূর দুরত্ব থাকত! আল্লাহ্ তাঁর নিজের সম্পর্কে তোমাদেরকে সাবধান করছেন। আর আল্লাহ্ বান্দাদের প্রতি অত্যন্ত স্নেহশীল।

يَوْمَ تَجِدُ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ مِنْ خَيْرٍ مُّحْضَرًا ۚ وَّمَا عَمِلَتْ مِنْ سُوْٓءٍ ۚ تَوَدُّ لَوْ اَنَّ بَيْنَهَا وَبَيْنَهٗٓ اَمَدًا ۢ بَعِيْدًا ۗ وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ۗ وَاللّٰهُ رَءُوْفٌۢ بِالْعِبَادِ ۝

৩১। বল, 'যদি তোমরা আল্লাহ্‌কে ভালবাস*, তাহলে আমাকে অনুসরণ কর, আল্লাহ্ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

قُلْ اِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِيْ يُحْبِبْكُمُ اللّٰهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ ۗ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝

৩২। বল, 'তোমরা আনুগত্য কর আল্লাহ্‌র ও রাসূলের', আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে (জেনে রাখ) নিশ্চয় আল্লাহ্ কাফিরদেরকে ভালবাসেন না।

قُلْ اَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّوْا فَاِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ ۝

৩৩। নিশ্চয় আল্লাহ্ আদমকে ও নূহ্‌কে এবং ইবরাহীমের বংশধরকে ও ইমরানের বংশধরকে জগৎসমূহের (মানব জাতির) উপর মনোনীত করেছেন-

اِنَّ اللّٰهَ اصْطَفٰٓى اٰدَمَ وَنُوْحًا وَّاٰلَ اِبْرٰهِيْمَ وَاٰلَ عِمْرٰنَ عَلَى الْعٰلَمِيْنَ ۝

৩৪। এরা একে অপরের বংশধর। আর আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী,

ذُرِّيَّةًۢ بَعْضُهَا مِنْۢ بَعْضٍ ۗ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝

৩৫। যখন ইমরানের স্ত্রী বলেছিল, 'হে আমার প্রতিপালক! আমার পেটে (গর্ভে) যা আছে নিশ্চয় আমি তা একান্তভাবে আপনার জন্য মানত করলাম, সুতরাং আপনি আমার নিকট হতে কবুল করুন, নিশ্চয় আপনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।'

اِذْ قَالَتِ امْرَاَتُ عِمْرٰنَ رَبِّ اِنِّيْ نَذَرْتُ لَكَ مَا فِيْ بَطْنِيْ مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّيْ ۚ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝

৩৬। অতঃপর যখন সে তাকে (মারইয়ামকে) প্রসব করল তখন সে বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি নারী (কন্যা সন্তান) প্রসব করেছি।' আর সে যা প্রসব করেছে আল্লাহ্ সে সম্পর্কে অধিক জানেন। এবং (তার কাঙ্ক্ষিত) পুরুষটি (ছেলে সন্তানটি) তো এ নারীর (কন্যা সন্তানের) মত নয়। (ইমরানের স্ত্রী বলল) 'এবং নিশ্চয় আমি তার নাম রেখেছি 'মারইয়াম' এবং নিশ্চয় আমি বিতাড়িত শয়তান থেকে তার জন্য ও তার বংশধরের জন্য আপনার আশ্রয় প্রার্থনা করছি।'

فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ رَبِّ اِنِّيْ وَضَعْتُهَآ اُنْثٰى ۗ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا وَضَعَتْ ۗ وَلَيْسَ الذَّكَرُ كَالْاُنْثٰى ۚ وَاِنِّيْ سَمَّيْتُهَا مَرْيَمَ وَاِنِّيْٓ اُعِيْذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ۝

৩৭। অতঃপর তার প্রতিপালক তাকে (মারইয়ামকে) উত্তমভাবে কবুল করলেন এবং তাকে উত্তমভাবে প্রতিপালন করলেন এবং যাকারিয়া তার তত্ত্বাবধানের দায়িত্ব নিল। যখনই যাকারিয়া নির্দিষ্ট কক্ষে তার নিকট প্রবেশ করত তখন তার কাছে রিযিক (খাদ্য-সামগ্রী) দেখতে পেত। সে বলল, 'হে মারইয়াম! এ (সব) তোমার জন্য কোথা থেকে (আসে)?' সে বলল, 'এটি আল্লাহ্‌র নিকট থেকে।' নিশ্চয় আল্লাহ্ যাকে ইচ্ছা করেন বেহিসাব রিযিক দান করেন।

فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُوْلٍ حَسَنٍ وَّاَنْۢبَتَهَا نَبَاتًا حَسَنًا ۙ وَّكَفَّلَهَا زَكَرِيَّا ۗ كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ ۙ وَجَدَ عِنْدَهَا رِزْقًا ۚ قَالَ يٰمَرْيَمُ اَنّٰى لَكِ هٰذَا ۗ قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۗ اِنَّ اللّٰهَ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ۝

৩৮। সেখানেই যাকারিয়া তার প্রতিপালকের নিকট প্রার্থনা করল, (এবং) বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে আপনি আপনার পক্ষ থেকে একটি নেক সন্তান দান করুন, নিশ্চয় আপনি প্রার্থনা শ্রবণকারী।'

هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهٗ ۚ قَالَ رَبِّ هَبْ لِيْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيْعُ الدُّعَآءِ ۝

فَنَادَتْهُ الْمَلٰٓئِكَةُ وَهُوَ قَآئِمٌ يُّصَلِّيْ فِي الْمِحْرَابِ ۙ اَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى مُصَدِّقًا بِكَلِمَةٍ مِّنَ اللّٰهِ وَسَيِّدًا وَّحَصُوْرًا وَّنَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿٣٩﴾

৩৯। অতঃপর ফেরেশতারা তাকে ডাকল, যখন সে মেহ্‌রাবে সালাতে (নামাযে) দণ্ডায়মান (এই বলে) যে, 'আল্লাহ্ আপনাকে ইয়াহ্ইয়ার সুসংবাদ দিচ্ছেন, সে হবে আল্লাহ্‌র পক্ষ থেকে (আসা) একটি বাণীর (ঈসার) সত্যায়নকারী, নেতা, নারী বিমুখ এবং সৎকর্মশীলদের মধ্য হতে একজন নবী।'

قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَامْرَاَتِيْ عَاقِرٌ ؕ قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَآءُ ﴿٤٠﴾

৪০। সে বলল, 'হে আমার প্রতিপালক! আমার পুত্র হবে কিভাবে, যখন আমার নিকট বার্ধক্য পৌছেছে এবং আমার স্ত্রীও বন্ধ্যা?' তিনি (আল্লাহ্) বললেন, 'এভাবেই আল্লাহ্ যা ইচ্ছা করেন তা করেন।'

قَالَ رَبِّ اجْعَلْ لِّيْٓ اٰيَةً ؕ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَةَ اَيَّامٍ اِلَّا رَمْزًا ؕ وَاذْكُرْ رَّبَّكَ كَثِيْرًا وَّسَبِّحْ بِالْعَشِيِّ وَالْاِبْكَارِ ﴿٤١﴾ ع ١١ ١٣ ٨ رکوع ١٢

৪১। সে বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দিন।' তিনি বললেন, 'তোমার নিদর্শন এই যে, তুমি মানুষের সাথে তিন দিন ইশারা ছাড়া কথা বলতে পারবে না। আর তোমার প্রতিপালককে বেশি করে স্মরণ কর এবং সন্ধ্যায় ও সকালে তাঁর পবিত্রতা ঘোষণা কর।'

وَاِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ اصْطَفٰىكِ وَطَهَّرَكِ وَاصْطَفٰىكِ عَلٰى نِسَآءِ الْعٰلَمِيْنَ ﴿٤٢﴾

৪২। এবং যখন ফেরেশতারা বলেছিল, 'হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ্ তোমাকে মনোনীত করেছেন ও তোমাকে পবিত্র করেছেন এবং জগৎসমূহের (মানব জাতির) নারীদের উপর তোমাকে মনোনীত করেছেন।

يٰمَرْيَمُ اقْنُتِيْ لِرَبِّكِ وَاسْجُدِيْ وَارْكَعِيْ مَعَ الرّٰكِعِيْنَ ﴿٤٣﴾

৪৩। হে মারইয়াম! তোমার প্রতিপালকের অনুগত হও ও সিজদা কর এবং রুকুকারীদের সাথে রুকু কর।'

ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ؕ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ يُلْقُوْنَ اَقْلَامَهُمْ اَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۪ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ يَخْتَصِمُوْنَ ﴿٤٤﴾

৪৪। এটি অদৃশ্যের সংবাদ যা আমি তোমার প্রতি ওহী করছি। আর তুমি তাদের কাছে ছিলে না যখন তারা তাদের কলমসমূহ নিক্ষেপ করছিল (এটি নির্ধারণের জন্যে যে) তাদের মধ্যে কে মারইয়ামের তত্ত্বাবধান করবে এবং তখনও তুমি তাদের কাছে ছিলে না যখন তারা বাদানুবাদ করছিল।

اِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ۖ اسْمُهُ الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ وَجِيْهًا فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٤٥﴾

৪৫। যখন ফেরেশতারা বলল, 'হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ্ তোমাকে তাঁর পক্ষ থেকে একটি বাণীর সুসংবাদ দিচ্ছেন। তার নাম মারইয়ামের পুত্র ঈসা-মাসীহ্, যে হবে দুনিয়া ও আখিরাতে মর্যাদাবান এবং নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত-

وَيُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا وَّمِنَ الصّٰلِحِيْنَ ﴿٤٦﴾

৪৬। এবং সে মানুষের সাথে কথা বলবে কোলে থাকা অবস্থায় ও পরিণত বয়সে এবং সে হবে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।'

قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ وَلَدٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ ؕ قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٤٧﴾

৪৭। সে বলল, 'হে আমার প্রতিপালক! আমার সন্তান হবে কিভাবে, যখন আমাকে কোন পুরুষ স্পর্শ করেনি?' তিনি (আল্লাহ্) বললেন, 'এভাবেই আল্লাহ্ যা ইচ্ছা করেন সৃষ্টি করেন। তিনি যখন কোন বিষয়ে সিদ্ধান্ত নেন তখন তাকে কেবল বলেন, 'হও' এবং তা হয়ে যায়।

وَيُعَلِّمُهُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ﴿٤٨﴾ ع

৪৮। এবং তিনি তাকে শিক্ষা দিবেন কিতাব, হিকমত (প্রজ্ঞা), তাওরাত ও ইন্‌জীল,

وَرَسُوْلًا اِلٰى بَنِيْٓ اِسْرَآئِيْلَ ۙ اَنِّيْ قَدْ جِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ۙ اَنِّيْٓ اَخْلُقُ لَكُمْ مِّنَ الطِّيْنِ كَهَيْئَةِ الطَّيْرِ فَاَنْفُخُ فِيْهِ فَيَكُوْنُ طَيْرًا بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ وَاُحْيِ الْمَوْتٰى بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُنَبِّئُكُمْ بِمَا تَاْكُلُوْنَ وَمَا تَدَّخِرُوْنَ ۙ فِيْ بُيُوْتِكُمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٤٩﴾ ع

৪৯। এবং (তাকে নিযুক্ত করবেন) বনী ইসরাঈলের জন্যে একজন রাসূল (সে বলবে) যে, আমি তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের নিকট নিদর্শন নিয়ে এসেছি। আমি তোমাদের জন্য কাদামাটি থেকে পাখির আকৃতির মত (একটি আকৃতি) সৃষ্টি করি, অতঃপর তাতে আমি ফুঁ দেই, ফলে আল্লাহ্‌র ইচ্ছায় তা পাখি হয়ে যায়। এবং আল্লাহ্‌র ইচ্ছায় আমি জন্মান্ধ ও কুষ্ঠ রোগীকে আরোগ্য করি এবং মৃতকে জীবিত করি। এবং তোমরা তোমাদের ঘরে যা আহার কর এবং যা মজুদ কর তা তোমাদেরকে জানিয়ে দেই। নিশ্চয় এতে অবশ্যই তোমাদের জন্য নিদর্শন রয়েছে- যদি তোমরা মু' মিন হও,

وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَلِاُحِلَّ لَكُمْ بَعْضَ الَّذِيْ حُرِّمَ عَلَيْكُمْ وَجِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ۫ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿٥٠﴾

৫০। এবং (আমি এসেছি) আমার পূর্ববর্তী তাওরাতের সত্যায়নকারীরূপে, আর তোমাদের জন্য যা* হারাম করা হয়েছিল তার কিছু (জিনিস) তোমাদের জন্য হালাল করার জন্য এবং আমি তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের নিকট নিদর্শন নিয়ে এসেছি। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।

اِنَّ اللّٰهَ رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٥١﴾

৫১। নিশ্চয় আল্লাহ্ আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, সুতরাং তোমরা তাঁর ইবাদত কর। এটিই সরল-সঠিক পথ।'

فَلَمَّآ اَحَسَّ عِيْسٰى مِنْهُمُ الْكُفْرَ قَالَ مَنْ اَنْصَارِيْٓ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ ۚ اٰمَنَّا بِاللّٰهِ ۚ وَاشْهَدْ بِاَنَّا مُسْلِمُوْنَ ﴿٥٢﴾

৫২। অতঃপর যখন (অর্থাৎ এ ঘটনাগুলো ঘটার পর) ঈসা তাদের থেকে কুফরী অনুভব করল তখন সে বলল, 'আল্লাহ্‌র দিকে কারা আমার সাহায্যকারী?' হাওয়ারীরা বলল, 'আমরাই আল্লাহ্‌র সাহায্যকারী, আমরা আল্লাহ্‌র প্রতি ঈমান এনেছি, এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা মুসলিম।

رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنْزَلْتَ وَاتَّبَعْنَا الرَّسُوْلَ فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ ﴿٥٣﴾

৫৩। হে আমাদের প্রতিপালক! আপনি যা অবতীর্ণ করেছেন তাতে আমরা ঈমান এনেছি এবং আমরা রাসূলকে অনুসরণ করেছি, সুতরাং আপনি আমাদেরকে সাক্ষ্যদানকারীদের সাথে তালিকাভুক্ত করুন।'

ع ٥ ١٣ ٥ রুকূ ١٦

وَمَكَرُوْا وَمَكَرَ اللّٰهُ ؕ وَاللّٰهُ خَيْرُ الْمٰكِرِيْنَ ﴿٥٤﴾

৫৪। এবং তারা ষড়যন্ত্র করেছিল আর আল্লাহ্‌ও কৌশল করেছিলেন। আর আল্লাহ্ (হচ্ছেন) উত্তম কৌশলী।

اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسٰٓى اِنِّيْ مُتَوَفِّيْكَ وَرَافِعُكَ اِلَيَّ وَمُطَهِّرُكَ مِنَ الَّذِيْنَ كَفَرُوْا وَجَاعِلُ الَّذِيْنَ اتَّبَعُوْكَ فَوْقَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ ۚ ثُمَّ اِلَيَّ مَرْجِعُكُمْ فَاَحْكُمُ بَيْنَكُمْ فِيْمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٥٥﴾

৫৫। যখন আল্লাহ্ বললেন, 'হে ঈসা! নিশ্চয় আমি তোমাকে মৃত্যু দিব এবং আমার নিকট তোমাকে উঠিয়ে নিব এবং যারা কুফরী করেছে তাদের থেকে তোমাকে পবিত্র করব এবং যারা তোমাকে অনুসরণ করেছে তাদেরকে কিয়ামতের দিন পর্যন্ত* তাদের উপরে রাখব যারা কুফরী করেছে, এরপর আমারই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর আমি তোমাদের মধ্যে সে বিষয়ে ফয়সালা করে দিব যে বিষয়ে তোমরা মতপার্থক্য করতে।

فَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَاُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيْدًا فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۫ وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٥٦﴾

৫৬। আর যারা কুফরী করেছে তাদেরকে আমি দুনিয়ায় ও আখিরাতে কঠিন শাস্তি প্রদান করব এবং তাদের কোন সাহায্যকারী নেই।

وَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُوَفِّيْهِمْ اُجُوْرَهُمْ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿٥٧﴾

৫৭। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তিনি তাদেরকে তাদের প্রতিদান পুরোপুরি দিবেন। আর আল্লাহ্ জালিমদেরকে ভালবাসেন না।'

ذٰلِكَ نَتْلُوْهُ عَلَيْكَ مِنَ الْاٰيٰتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ ﴿٥٨﴾

৫৮। এটি তা-ই যা আমি (আমার) আয়াতসমূহ ও* প্রজ্ঞাময় উপদেশ থেকে তোমার নিকট পাঠ করছি।

اِنَّ مَثَلَ عِيْسٰى عِنْدَ اللّٰهِ كَمَثَلِ اٰدَمَ ؕ خَلَقَهٗ مِنْ تُرَابٍ ثُمَّ قَالَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٥٩﴾

৫৯। নিশ্চয় আল্লাহ্‌র কাছে ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তের মত। তিনি তাকে মাটি থেকে সৃষ্টি করেছিলেন, এরপর তাকে বলেছিলেন, 'হয়ে যাও', এবং সে হয়ে গেল।

اَلْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُنْ مِّنَ الْمُمْتَرِيْنَ ﴿٦٠﴾

৬০। (এটি) তোমার প্রতিপালকের নিকট থেকে (আগত) সত্য, সুতরাং তুমি সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হয়ো না।

فَمَنْ حَآجَّكَ فِيْهِ مِنْۢ بَعْدِ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ فَقُلْ تَعَالَوْا نَدْعُ اَبْنَآءَنَا وَاَبْنَآءَكُمْ وَنِسَآءَنَا وَنِسَآءَكُمْ وَاَنْفُسَنَا وَاَنْفُسَكُمْ ۫ ثُمَّ نَبْتَهِلْ فَنَجْعَلْ لَّعْنَتَ اللّٰهِ عَلَى الْكٰذِبِيْنَ ﴿٦١﴾

৬১। সুতরাং তোমার কাছে জ্ঞান আসার পর যারা এ বিষয়ে তোমার সাথে বিতর্ক করে তাদেরকে বল, এসো, আমরা ডাকি আমাদের সন্তানদেরকে ও তোমাদের সন্তানদেরকে, আমাদের নারীদেরকে ও তোমাদের নারীদেরকে, আমাদের নিজদেরকে ও তোমাদের নিজদেরকে, এরপর আমরা (মিলিতভাবে) ঐকান্তিক প্রার্থনা করি, এবং মিথ্যাবাদীদের উপর আল্লাহ্‌র লা'নত বর্ষণ করি*।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৬২। নিশ্চয় এটি অবশ্যই সত্য ঘটনা*, এবং আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই। এবং নিশ্চয় আল্লাহ্ অবশ্যই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

اِنَّ هٰذَا لَهُوَ الْقَصَصُ الْحَقُّ ۚ وَمَا مِنْ اِلٰهٍ اِلَّا اللّٰهُ ؕ وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٦٢﴾

ع ٦ ٩ ١٤ ٦ রুকূ ১৪

৬৩। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে নিশ্চয় আল্লাহ্ ফ্যাসাদ সৃষ্টিকারীদের সম্পর্কে ভালভাবে জানেন।

فَاِنْ تَوَلَّوْا فَاِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِالْمُفْسِدِيْنَ ﴿٦٣﴾

৬৪। (হে নবী!) বল, 'হে আহলে কিতাব! তোমরা এসো এমন একটি বাণীর দিকে যা আমাদের মাঝে ও তোমাদের মাঝে সমান যে, আমরা আল্লাহ্ ছাড়া কারো ইবাদত করব না, তাঁর সাথে কিছুই শরীক করব না এবং আল্লাহ্কে বাদ দিয়ে আমাদের কেউ কাউকে প্রতিপালক হিসেবে গ্রহণ করবে না।' কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয় তবে বল, 'তোমরা সাক্ষী থাক যে, আমরা মুসলিম।'

قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ تَعَالَوْا اِلٰى كَلِمَةٍ سَوَآءٍۭ بَيْنَنَا وَبَيْنَكُمْ اَلَّا نَعْبُدَ اِلَّا اللّٰهَ وَلَا نُشْرِكَ بِهٖ شَيْـًٔا وَّلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ ؕ فَاِنْ تَوَلَّوْا فَقُوْلُوا اشْهَدُوْا بِاَنَّا مُسْلِمُوْنَ ﴿٦٤﴾

৬৫। হে আহলে কিতাব! তোমরা কেন ইবরাহীম সম্পর্কে বিতর্ক কর, অথচ তাওরাত ও ইন্জীল তার পরেই অবতীর্ণ হয়েছিল? তবে কি তোমরা অনুধাবন কর না?

يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تُحَآجُّوْنَ فِيْۤ اِبْرٰهِيْمَ وَمَاۤ اُنْزِلَتِ التَّوْرٰىةُ وَالْاِنْجِيْلُ اِلَّا مِنْۢ بَعْدِهٖ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٥﴾

৬৬। ওহে তোমরাই তারা যারা বিতর্ক করেছ সে বিষয়ে যে বিষয়ে* তোমাদের কিছু জ্ঞান আছে, তবে যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নেই সে বিষয়ে কেন বিতর্ক করছ? এবং আল্লাহ্ জানেন আর তোমরা জান না।

هٰۤاَنْتُمْ هٰۤؤُلَآءِ حَاجَجْتُمْ فِيْمَا لَكُمْ بِهٖ عِلْمٌ فَلِمَ تُحَآجُّوْنَ فِيْمَا لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٦٦﴾

৬৭। ইবরাহীম ইহুদী ছিল না এবং নাসারাও ছিল না, বরং সে ছিল একত্ববাদী মুসলিম। এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।

مَا كَانَ اِبْرٰهِيْمُ يَهُوْدِيًّا وَّلَا نَصْرَانِيًّا وَّلٰكِنْ كَانَ حَنِيْفًا مُّسْلِمًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٦٧﴾

৬৮। নিশ্চয় মানুষের মধ্যে তারাই ইবরাহীমের নিকটজন যারা তাকে অনুসরণ করেছে এবং এই নবী এবং যারা ঈমান এনেছে তারাও। এবং আল্লাহ্ মু'মিনদের অভিভাবক।

اِنَّ اَوْلَى النَّاسِ بِاِبْرٰهِيْمَ لَلَّذِيْنَ اتَّبَعُوْهُ وَهٰذَا النَّبِيُّ وَالَّذِيْنَ اٰمَنُوْا ؕ وَاللّٰهُ وَلِيُّ الْمُؤْمِنِيْنَ ﴿٦٨﴾

৬৯। আহলে কিতাবের একদল কামনা করে যদি তারা তোমাদেরকে পথভ্রষ্ট করতে পারত, অথচ তারা কেবল নিজেদেরকেই পথভ্রষ্ট করে, এবং তারা অনুভব করে না।

وَدَّتْ طَّآئِفَةٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ لَوْ يُضِلُّوْنَكُمْ ؕ وَمَا يُضِلُّوْنَ اِلَّاۤ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿٦٩﴾

৭০। হে আহলে কিতাব! তোমরা কেন আল্লাহ্র আয়াতসমূহকে অবিশ্বাস কর, যখন তোমরা তা প্রত্যক্ষ করছ?

يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ﴿٧٠﴾

৭১। হে আহলে কিতাব! তোমরা কেন সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত কর এবং জেনে-বুঝে সত্যকে গোপন কর?

ع ٧ ٨ ١٥ ٩ রুকূ ১৫

يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَلْبِسُوْنَ الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوْنَ الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٧١﴾

৭২। আর আহলে কিতাবের একদল বলল, 'যারা ঈমান এনেছে তাদের উপর যা অবতীর্ণ হয়েছে তোমরা দিনের প্রথমভাগে তা বিশ্বাস কর এবং এর শেষভাগে তা অবিশ্বাস কর*, হয়তো তারা (তাদের ধর্ম থেকে) ফিরে আসবে,

وَقَالَتْ طَّآئِفَةٌ مِّنْ اَهْلِ الْكِتٰبِ اٰمِنُوْا بِالَّذِيْۤ اُنْزِلَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوْۤا اٰخِرَهٗ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٧٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَا تُؤْمِنُوْٓا اِلَّا لِمَنْ تَبِعَ دِيْنَكُمْ ۭ قُلْ اِنَّ الْهُدٰى هُدَى اللّٰهِ ۙ اَنْ يُّؤْتٰٓى اَحَدٌ مِّثْلَ مَآ اُوْتِيْتُمْ اَوْ يُحَاۗجُّوْكُمْ عِنْدَ رَبِّكُمْ ۭ قُلْ اِنَّ الْفَضْلَ بِيَدِ اللّٰهِ ۚ يُؤْتِيْهِ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ۝۷۳

৭৩। এবং যে ব্যক্তি তোমাদের দ্বীনের অনুসরণ করে তাকে ছাড়া আর কাউকে বিশ্বাস করো না*।' (হে নবী!) বল, 'নিশ্চয় (সত্যিকার) পথনির্দেশিকা হল আল্লাহ্‌র পথনির্দেশিকা, (ষড়যন্ত্র করছ কি এ জন্য) যে, তোমাদেরকে যা দেয়া হয়েছে তা (অন্য) কাউকে দেয়া হবে অথবা (এ জন্য যে) তারা (অনুরূপ কিতাবপ্রাপ্তরা) তোমাদের প্রতিপালকের সামনে তোমাদের সাথে বিতর্ক করবে*?' (হে নবী!) বল, 'নিশ্চয় অনুগ্রহ আল্লাহ্‌রই হাতে, তিনি যাকে ইচ্ছা করেন তা প্রদান করেন। এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।'

يَّخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ۝۷۴

৭৪। তিনি তাঁর দয়ার জন্য যাকে ইচ্ছা করেন মনোনীত করেন। এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।

وَمِنْ اَهْلِ الْكِتٰبِ مَنْ اِنْ تَاْمَنْهُ بِقِنْطَارٍ يُّؤَدِّهٖٓ اِلَيْكَ ۚ وَمِنْهُمْ مَّنْ اِنْ تَاْمَنْهُ بِدِيْنَارٍ لَّا يُؤَدِّهٖٓ اِلَيْكَ اِلَّا مَا دُمْتَ عَلَيْهِ قَاۗىِٕمًا ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لَيْسَ عَلَيْنَا فِي الْاُمِّيّٖنَ سَبِيْلٌ ۚ وَيَقُوْلُوْنَ عَلَي اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ۝۷۵

৭৫। এবং আহলে কিতাবের মধ্যে এমন (লোক) রয়েছে যার নিকট যদি তুমি বিপুল পরিমাণ (সম্পদ) আমানত রাখ সে তা তোমার নিকট ফেরত দেবে, এবং তাদের মধ্যে এমনও (লোক) রয়েছে যার নিকট যদি তুমি একটি দীনারও আমানত রাখ সে তা তোমাকে ফেরত দেবে না, যতক্ষণ না তুমি তার (মাথার) উপর দাঁড়িয়ে থাক। এটা এ কারণে যে, তারা বলে, 'নিরক্ষরদের (সম্পদ ফেরত দেয়ার) ব্যাপারে আমাদের কোন বাধ্যবাধকতা নেই'* এবং তারা জেনে-বুঝে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে।

بَلٰى مَنْ اَوْفٰى بِعَهْدِهٖ وَاتَّقٰى فَاِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ۝۷۶

৭৬। কিন্তু হ্যাঁ, যে তার অঙ্গীকার পূর্ণ করে এবং তাকওয়া অবলম্বন করে, তবে নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদেরকে ভালবাসেন।

اِنَّ الَّذِيْنَ يَشْتَرُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَاَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيْلًا اُولٰۗىِٕكَ لَا خَلَاقَ لَهُمْ فِي الْاٰخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ وَلَا يَنْظُرُ اِلَيْهِمْ يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۠ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝۷۷

৭৭। নিশ্চয় যারা আল্লাহ্‌র (সাথে কৃত) প্রতিশ্রুতি এবং তাদের শপথসমূহের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করে*, আখিরাতে তাদের কোন অংশ নেই, এবং কিয়ামতের দিন আল্লাহ্ তাদের সাথে কথা বলবেন না, তাদের দিকে তাকাবেন না এবং তাদেরকে পরিশুদ্ধও করবেন না। এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَاِنَّ مِنْهُمْ لَفَرِيْقًا يَّلْوٗنَ اَلْسِنَتَهُمْ بِالْكِتٰبِ لِتَحْسَبُوْهُ مِنَ الْكِتٰبِ وَمَا هُوَ مِنَ الْكِتٰبِ ۚ وَيَقُوْلُوْنَ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَيَقُوْلُوْنَ عَلَي اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ۝۷۸

৭৮। এবং নিশ্চয় তাদের মধ্যে অবশ্যই একটি দল রয়েছে যারা কিতাব পাঠে তাদের জিহ্বা বাঁকা করে যাতে তোমরা তা আল্লাহ্‌র কিতাবের অংশ মনে কর, অথচ তা কিতাবের অংশ নয়, এবং তারা বলে, 'তা আল্লাহ্‌র পক্ষ থেকে', অথচ তা আল্লাহ্‌র পক্ষ থেকে নয়, এবং তারা জেনে-বুঝে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে।

مَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّؤْتِيَهُ اللّٰهُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُوْلَ لِلنَّاسِ كُوْنُوْا عِبَادًا لِّيْ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ كُوْنُوْا رَبّٰنِيّٖنَ بِمَا كُنْتُمْ تُعَلِّمُوْنَ الْكِتٰبَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُوْنَ ۝۷۹

৭৯। কোন মানুষের জন্য এটা (সংগত) নয় যে, আল্লাহ্ তাকে কিতাব, বিচার-বিবেচনা ও নবুয়্যত দান করবেন এরপর সে মানুষকে বলবে, 'আল্লাহ্‌কে বাদ দিয়ে তোমরা আমার বান্দা হয়ে যাও,' বরং (সে বলবে) 'তোমরা রাব্বানী (আল্লাহ্ ওয়ালা) হয়ে যাও,' কারণ তোমরা কিতাব শিক্ষা দিয়ে থাক এবং কারণ তোমরা (তা) অধ্যয়ন করে থাক-

وَلَا يَاْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰۗىِٕكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا ۭ اَيَاْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ اِذْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ۝۸۰

৮০। এবং সে তোমাদেরকে (এই) নির্দেশও দিবে না যে, তোমরা ফেরেশতাদেরকে ও নবীদেরকে প্রতিপালক হিসেবে গ্রহণ কর। সে কি তোমাদেরকে কুফরীর নির্দেশ দিবে এরপরেও যখন তোমরা মুসলিম?

৮ ৫ ১২ ৮ রুকু ১৬

وَاِذْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَآ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ ثُمَّ جَآءَكُمْ رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ؕ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ اِصْرِىْ ؕ قَالُوْٓا اَقْرَرْنَا ؕ قَالَ فَاشْهَدُوْا وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ﴿٨١﴾

৮১। এবং যখন আল্লাহ্ নবীদের অঙ্গিকার নিয়েছিলেন* (এই বলে যে), আমি তোমাদেরকে যে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) দিব, এরপর তোমাদের কাছে আসবে একজন রাসূল যে তোমাদের কাছে যা আছে তার সত্যায়নকারী তখন অবশ্যই তোমরা (অর্থাৎ তোমরা ও তোমাদের মাধ্যমে তোমাদের অনুসারীরা) তার প্রতি ঈমান আনবে এবং অবশ্যই তাকে সাহায্য করবে। তিনি বললেন, 'তোমরা কি স্বীকার করলে? এবং এ সম্পর্কে আমার অঙ্গীকার কি গ্রহণ করলে?' তারা বলল, 'আমরা স্বীকার করলাম।' তিনি বললেন, 'তবে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সাথে সাক্ষীদের অন্তর্ভুক্ত।'

فَمَنْ تَوَلّٰى بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٨٢﴾

৮২। অতঃপর যারা এরপরে মুখ ফিরিয়ে নেয় তারাই পাপাচারী (ফাসিক)।

اَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ وَلَهٗٓ اَسْلَمَ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّاِلَيْهِ يُرْجَعُوْنَ ﴿٨٣﴾

৮৩। তবে কি তারা আল্লাহ্র দ্বীন ব্যতীত (অন্য কোন দ্বীন) কামনা করছে, অথচ আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে (সবই) ইচ্ছায় ও অনিচ্ছায় তাঁর নিকট আত্মসমর্পণ করেছে? আর তাঁরই দিকে তাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

قُلْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ عَلَيْنَا وَمَآ اُنْزِلَ عَلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَآ اُوْتِىَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۖ لَا نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۚ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿٨٤﴾

৮৪। বল, 'আমরা ঈমান এনেছি আল্লাহ্র প্রতি এবং যা অবতীর্ণ করা হয়েছে আমাদের উপর তার প্রতি এবং যা অবতীর্ণ করা হয়েছিল ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া'কুব ও তাঁর সন্তান-সন্ততির উপর তার প্রতি এবং যা মূসা, ঈসা ও অন্যান্য নবীদেরকে তাদের প্রতিপালকের পক্ষ থেকে দেয়া হয়েছিল তার প্রতি। আমরা তাদের কারো মধ্যে পার্থক্য করি না এবং আমরা তাঁরই নিকট আত্মসমর্পণকারী।'

وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِى الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٨٥﴾

৮৫। আর যে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন তালাশ করবে তার নিকট থেকে তা কখনো গ্রহণ করা হবে না, এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।

كَيْفَ يَهْدِى اللّٰهُ قَوْمًا كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ وَشَهِدُوْٓا اَنَّ الرَّسُوْلَ حَقٌّ وَّجَآءَهُمُ الْبَيِّنٰتُ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٨٦﴾

৮৬। কিভাবে আল্লাহ্ সে সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করবেন যারা কুফরী করেছে তাদের ঈমানের পর, যখন তারা সাক্ষ্য দিয়েছে যে, এ রাসূল সত্য এবং তাদের নিকট এসেছে স্পষ্ট প্রমাণাদী? আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ اَنَّ عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿٨٧﴾

৮৭। তাদেরই প্রতিফল হচ্ছে যে, তাদের উপর আল্লাহ্, ফেরেশতাকুল এবং সকল মানুষের লা'নত-

خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿٨٨﴾

৮৮। সেখানে তারা স্থায়ী হবে, তাদের থেকে শাস্তি হালকা করা হবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না-

اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْ بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْا ۖ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٨٩﴾

৮৯। তারা ছাড়া যারা এরপরে তওবা করেছে ও (নিজেদেরকে) সংশোধন করেছে। কারণ নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ ثُمَّ ازْدَادُوْا كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَاُولٰٓئِكَ هُمُ الضَّآلُّوْنَ ﴿٩٠﴾

৯০। নিশ্চয় যারা তাদের ঈমানের পর কুফরী করেছে এরপর কুফরীতে বেড়ে গিয়েছে তাদের তওবা (অনুতপ্ত হয়ে ফিরে আসা) কবুল করা হবে না, এবং তারাই পথভ্রষ্ট।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ اَحَدِهِمْ مِّلْءُ الْاَرْضِ ذَهَبًا وَّلَوِ افْتَدٰى بِهٖ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٩١﴾

৯১। নিশ্চয় যারা কুফরী করেছে এবং কাফির অবস্থায় মৃত্যু বরণ করেছে, তাদের কারো নিকট থেকে কখনো পৃথিবীভরা স্বর্ণও গ্রহণ করা হবে না যদিও সে তার বিনিময়ে (মুক্তিপণ দিয়ে) মুক্তিলাভ করতে চায়। তাদেরই জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি এবং তাদের কোন সাহায্যকারী নেই।

ع ৭ ১৭ ৯ রুকু ১৯

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-৪

৯২। তোমরা যা ভালবাস তা থেকে (আল্লাহ্‌র পথে) ব্যয় না করা পর্যন্ত কখনো পুণ্য লাভ করতে পারবে না। আর তোমরা যা কিছুই ব্যয় কর, তবে নিশ্চয় আল্লাহ্ সে সম্পর্কে ভালভাবে জানেন।

لَنْ تَنَالُوا الْبِرَّ حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٩٢﴾

৯৩। বনী ইসরাঈলের জন্য সব খাবারই হালাল ছিল, তবে যা তাওরাত অবতীর্ণ হওয়ার পূর্বে ইসরাঈল তার নিজের উপর হারাম করেছিল তা ছাড়া। বল, 'তাহলে তোমরা তাওরাত নিয়ে এসো এবং তা পাঠ কর- যদি তোমরা সত্যবাদী হও।'

كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِيْٓ اِسْرَآئِيْلَ اِلَّا مَا حَرَّمَ اِسْرَآءِيْلُ عَلٰى نَفْسِهٖ مِنْ قَبْلِ اَنْ تُنَزَّلَ التَّوْرٰىةُ ؕ قُلْ فَاْتُوْا بِالتَّوْرٰىةِ فَاتْلُوْهَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٩٣﴾

৯৪। অতঃপর এরপরে যারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তারাই জালিম।

فَمَنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٩٤﴾

৯৫। বল, 'আল্লাহ্ সত্য বলেছেন। সুতরাং তোমরা একত্ববাদী হয়ে ইবরাহীমের মিল্লাত (আদর্শ) অনুসরণ কর। এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।'

قُلْ صَدَقَ اللّٰهُ ۫ فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٩٥﴾

৯৬। নিশ্চয় মানবজাতির জন্য স্থাপিত প্রথম ঘর হল সেটি যেটি বাক্কায় (মক্কায়* অবস্থিত, যেটি বরকতময় ও জগৎসমূহের (মানব জাতির) জন্য পথনির্দেশিকা,

اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِيْ بِبَكَّةَ مُبٰرَكًا وَّهُدًى لِّلْعٰلَمِيْنَ ﴿٩٦﴾

৯৭। সেখানে রয়েছে স্পষ্ট নিদর্শনাবলী (যেমন)- মাকামে ইবরাহীম। আর যে তাতে (হারামে) প্রবেশ করে সে নিরাপদ। এবং আল্লাহ্‌র উদ্দেশ্যে ঐ ঘরের হজ্জ করা মানুষের উপর অবশ্য কর্তব্য যে তার দিকে পথ ধরতে সক্ষম হয়। আর যে অস্বীকার করে, তবে (তার জেনে রাখা উচিত) নিশ্চয় আল্লাহ্ জগৎসমূহ (মানব জাতি) থেকে অমুখাপেক্ষী।

فِيْهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبْرٰهِيْمَ ۚ وَمَنْ دَخَلَهٗ كَانَ اٰمِنًا ؕ وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ سَبِيْلًا ؕ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ﴿٩٧﴾

৯৮। বল, 'হে আহলে কিতাব! তোমরা কেন আল্লাহ্‌র নিদর্শনাবলীকে অবিশ্বাস কর, অথচ তোমরা যা কর আল্লাহ্ তার প্রত্যক্ষদর্শী?'

قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۖ وَاللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا تَعْمَلُوْنَ ﴿٩٨﴾

৯৯। বল, 'হে আহ্‌লে কিতাব! যে ব্যক্তি ঈমান এনেছে তাকে কেন আল্লাহ্‌র পথ হতে বিরত রাখছ তাতে বক্রতা অন্বেষণ করে, অথচ তোমরাই (তার সত্যতার ব্যাপারে) সাক্ষী? আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ বেখবর নন।'

قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ تَبْغُوْنَهَا عِوَجًا وَّاَنْتُمْ شُهَدَآءُ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٩٩﴾

১০০। ওহে যারা ঈমান এনেছ! তোমরা যদি যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের একটি দলের আনুগত্য কর, তাহলে তারা তোমাদেরকে তোমাদের ঈমানের পর কাফির অবস্থায় ফিরিয়ে নিবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تُطِيْعُوْا فَرِيْقًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ يَرُدُّوْكُمْ بَعْدَ اِيْمَانِكُمْ كٰفِرِيْنَ ﴿١٠٠﴾

১০১। আর কীভাবে তোমরা কুফরী করছ, অথচ তোমাদের নিকট আল্লাহ্‌র আয়াতসমূহ পাঠ করা হয় এবং তোমাদের মধ্যে রয়েছেন তাঁর রাসূল? আর যে আল্লাহ্‌কে দৃঢ়ভাবে আঁকড়ে ধরবে সে অবশ্যই সরল-সঠিক পথে পরিচালিত হবে।

ع ١٠ ١ ١٠ রুকূ ১

وَكَيْفَ تَكْفُرُوْنَ وَاَنْتُمْ تُتْلٰى عَلَيْكُمْ اٰيٰتُ اللّٰهِ وَفِيْكُمْ رَسُوْلُهٗ ؕ وَمَنْ يَّعْتَصِمْ بِاللّٰهِ فَقَدْ هُدِيَ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٠١﴾

১০২। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর যেভাবে তাকে ভয় করা উচিত এবং তোমরা মুসলিম অবস্থায় না থেকে কখনো মৃত্যুবরণ করো না*।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ حَقَّ تُقٰتِهٖ وَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّلَا تَفَرَّقُوْا ۠ وَاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَآءً فَاَلَّفَ بَيْنَ قُلُوْبِكُمْ فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهٖٓ اِخْوَانًا ۚ وَكُنْتُمْ عَلٰى شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَاَنْقَذَكُمْ مِّنْهَا ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٠٣﴾

১০৩। এবং তোমরা সবাই একত্রে আল্লাহ্‌র রশিকে* দৃঢ়ভাবে আঁকড়ে ধর এবং তোমরা বিভক্ত হয়ো না। এবং তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত স্মরণ কর- যখন তোমরা ছিলে পরস্পর শত্রু, অতঃপর তিনি তোমাদের হৃদয়সমূহের মাঝে বন্ধন সৃষ্টি করে দিলেন, ফলে তাঁর নেয়ামতে তোমরা ভাই ভাই হয়ে গেলে, এবং তোমরা ছিলে এক আগুনের গর্তের প্রান্তে অতঃপর তিনি তা থেকে তোমাদেরকে রক্ষা করলেন। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা সঠিক পথ পেতে পার।

وَلْتَكُنْ مِّنْكُمْ اُمَّةٌ يَّدْعُوْنَ اِلَى الْخَيْرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ ؕ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿١٠٤﴾

১০৪। এবং তোমাদের মধ্য থেকে এমন একটি উম্মত (দল) হওয়া উচিত যারা কল্যাণের দিকে আহ্বান করবে এবং সৎকাজের নির্দেশ দিবে ও অসৎকাজ হতে নিষেধ করবে*। এবং তারাই সফল।

وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ تَفَرَّقُوْا وَاخْتَلَفُوْا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْبَيِّنٰتُ ؕ وَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ۙ﴿١٠٥﴾

১০৫। এবং তোমরা তাদের মত হয়ো না যারা তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি আসার পরও বিভক্ত হয়েছে এবং মতপার্থক্য করেছে। এবং তাদেরই জন্য রয়েছে মহাশাস্তি-

يَّوْمَ تَبْيَضُّ وُجُوْهٌ وَّتَسْوَدُّ وُجُوْهٌ ۚ فَاَمَّا الَّذِيْنَ اسْوَدَّتْ وُجُوْهُهُمْ ۫ اَكَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿١٠٦﴾

১০৬। যেদিন কতক চেহারা উজ্জ্বল হবে এবং কতক চেহারা কালো হবে, এবং যাদের চেহারা কালো হবে (তাদেরকে বলা হবে), 'তোমরা কি তোমাদের ঈমানের পর কুফরী করেছিলে? সুতরাং তোমরা যে কুফরী করতে তার কারণে শাস্তি আস্বাদন কর।'

وَاَمَّا الَّذِيْنَ ابْيَضَّتْ وُجُوْهُهُمْ فَفِيْ رَحْمَةِ اللّٰهِ ؕ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١٠٧﴾

১০৭। আর যাদের চেহারা উজ্জ্বল হবে তারা আল্লাহ্‌র দয়ার মধ্যে থাকবে। সেখানে তারা স্থায়ী হবে।

تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ؕ وَمَا اللّٰهُ يُرِيْدُ ظُلْمًا لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٨﴾

১০৮। এগুলো আল্লাহ্‌র আয়াত যা আমি তোমার নিকট পাঠ করছি সত্যসহ। এবং আল্লাহ্ জগৎসমূহের (মানব জাতির) প্রতি জুলুম করতে চান না।

وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿١٠٩﴾ ع

ع ١١ ٨ ٢ ١١ রুকূ ২

১০৯। এবং আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্‌রই। এবং আল্লাহ্‌রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُوْنَ بِاللّٰهِ ؕ وَلَوْ اٰمَنَ اَهْلُ الْكِتٰبِ لَكَانَ خَيْرًا لَّهُمْ ؕ مِنْهُمُ الْمُؤْمِنُوْنَ وَاَكْثَرُهُمُ الْفٰسِقُوْنَ ﴿١١٠﴾

১১০। তোমরাই শ্রেষ্ঠ উম্মত, যাকে মানবজাতির (কল্যাণের*) জন্য বের করা হয়েছে; তোমরা সৎকাজের নির্দেশ দাও, অসৎকাজ হতে নিষেধ কর এবং আল্লাহ্‌র প্রতি ঈমান রাখ। আর আহলে কিতাব যদি ঈমান আনত তাহলে তাদের জন্য ভাল হত। তাদের মধ্যে কিছু মু'মিনও রয়েছে কিন্তু তাদের অধিকাংশই পাপাচারী (ফাসিক)।

لَنْ يَّضُرُّوْكُمْ اِلَّآ اَذًى ؕ وَاِنْ يُّقَاتِلُوْكُمْ يُوَلُّوْكُمُ الْاَدْبَارَ ۫ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١١١﴾

১১১। (কিছু) কষ্ট দেয়া ছাড়া তারা কখনো তোমাদের কোন ক্ষতি করতে পারবে না। এবং যদি তারা তোমাদের সাথে যুদ্ধ করে তাহলে তারা তোমাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করবে (পালাবে); এরপর তাদেরকে সাহায্যও করা হবে না।

ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ اَيْنَ مَا ثُقِفُوْٓا اِلَّا بِحَبْلٍ مِّنَ اللّٰهِ وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَضُرِبَتْ عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ۗ﴿١١٢﴾

১১২। আল্লাহ্‌র পক্ষ থেকে রশি (নিরাপত্তা ব্যবস্থা) ও মানুষের পক্ষ থেকে রশি ছাড়া তাদেরকে যেখানেই পাওয়া যাবে সেখানেই লাঞ্ছনাকে তাদের সাথে লাগিয়ে দেয়া হবে, এবং তারা আল্লাহ্‌র ক্রোধকে (ডেকে) নিয়ে এসেছে এবং দারিদ্র্যকে তাদের সাথে লাগিয়ে দেয়া হবে*। এটা এজন্য যে, তারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস করত এবং অন্যায়ভাবে নবীদেরকে হত্যা করত। এটা এজন্য যে, তারা অমান্য করেছিল এবং সীমালঙ্ঘন করত।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১১৩। তারা (সবাই) সমান নয়। আহলে কিতাবের মধ্যে (সত্যের উপর) দাঁড়িয়ে থাকা একটি উম্মত (দল) রয়েছে, যারা রাতের বেলায় আল্লাহ্‌র আয়াতসমূহ পাঠ করে এবং তারা সিজদা করে*।

لَيْسُوْا سَوَآءً ؕ مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ ﴿١١٣﴾

১১৪। তারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে, সৎকাজের নির্দেশ দেয়, অসৎকাজ হতে নিষেধ করে এবং কল্যাণকর কাজে দ্রুত ধাবিত হয়। এবং তারাই সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।

يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِى الْخَيْرٰتِ ؕ وَاُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿١١٤﴾

১১৫। এবং তারা যে কল্যাণকর কাজই করে তা কখনো অস্বীকার করা হবে না। এবং আল্লাহ্ মুত্তাকীদের সম্পর্কে ভালভাবে জানেন।

وَمَا يَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَلَنْ يُّكْفَرُوْهُ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿١١٥﴾

১১৬। নিশ্চয় যারা কুফরী করেছে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি আল্লাহ্‌র (শাস্তির) বিপরীতে কখনো তাদের কিছুই কাজে আসবে না। এবং তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِىَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١١٦﴾

১১৭। এ দুনিয়ার জীবনে তারা যা ব্যয় করে তার উপমা এক হিমশীতল বায়ুর মত যা এমন এক সম্প্রদায়ের শস্যক্ষেত্রে আঘাত করেছে যারা তাদের নিজেদের প্রতি জুলুম করেছে এবং তা (বায়ু) একে ধ্বংস করে দিয়েছে। আর আল্লাহ্ তাদের প্রতি কোন জুলুম করেননি, বরং তারা তাদের নিজেদের প্রতি জুলুম করে।

مَثَلُ مَا يُنْفِقُوْنَ فِىْ هٰذِهِ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَثَلِ رِيْحٍ فِيْهَا صِرٌّ اَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَاَهْلَكَتْهُ ؕ وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ وَلٰكِنْ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿١١٧﴾

১১৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদেরকে বাদ দিয়ে অপর কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করো না। তারা তোমাদের সর্বনাশ করতে ত্রুটি করবে না। যা তোমাদেরকে দুঃখ-কষ্ট দেয় তা তারা কামনা করে। তাদের মুখ থেকে বিদ্বেষ প্রকাশ পেয়েছে এবং তাদের বক্ষসমূহ যা গোপন করে তা আরও গুরুতর। আমি তোমাদের জন্য আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেছি- যদি তোমরা অনুধাবন কর।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا بِطَانَةً مِّنْ دُوْنِكُمْ لَا يَاْلُوْنَكُمْ خَبَالًا ؕ وَدُّوْا مَا عَنِتُّمْ ۚ قَدْ بَدَتِ الْبَغْضَآءُ مِنْ اَفْوَاهِهِمْ ۖۚ وَمَا تُخْفِىْ صُدُوْرُهُمْ اَكْبَرُ ؕ قَدْ بَيَّنَّا لَكُمُ الْاٰيٰتِ اِنْ كُنْتُمْ تَعْقِلُوْنَ ﴿١١٨﴾

১১৯। ওহে তোমরাই তারা যারা তাদেরকে ভালবাস কিন্তু তারা তোমাদেরকে ভালবাসে না, অথচ তোমরা সব (আসমানী) কিতাবে ঈমান আন, এবং যখন তারা তোমাদের সাথে মিলিত হয় তখন বলে,'আমরা ঈমান এনেছি,' কিন্তু যখন তারা একাকি থাকে তখন তোমাদের প্রতি ক্রোধে তারা (নিজেদের) আঙুলের অগ্রভাগ দাঁতে কাটতে থাকে। বল, 'তোমাদের ক্রোধে তোমরাই মর।' বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় আল্লাহ্ ভালভাবে জানেন।

هٰٓاَنْتُمْ اُولَآءِ تُحِبُّوْنَهُمْ وَلَا يُحِبُّوْنَكُمْ وَتُؤْمِنُوْنَ بِالْكِتٰبِ كُلِّهٖ ۚ وَاِذَا لَقُوْكُمْ قَالُوْٓا اٰمَنَّا ۖۚ وَاِذَا خَلَوْا عَضُّوْا عَلَيْكُمُ الْاَنَامِلَ مِنَ الْغَيْظِ ؕ قُلْ مُوْتُوْا بِغَيْظِكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١١٩﴾

১২০। তোমাদেরকে যদি কোন কল্যাণ স্পর্শ করে তাহলে তা তাদেরকে কষ্ট দেয়; আর যদি কোন অকল্যাণ তোমাদেরকে আঘাত করে তাহলে তারা তাতে উৎফুল্ল হয়। আর যদি তোমরা ধৈর্যধারণ কর ও তাকওয়া অবলম্বন কর তাহলে তাদের ষড়যন্ত্র তোমাদের কিছুই ক্ষতি করতে পারবে না। নিশ্চয় আল্লাহ্ তারা যা করে তা পরিবেষ্টন করে আছেন।

اِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۫ وَاِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَّفْرَحُوْا بِهَا ؕ وَاِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿١٢٠﴾ ع

১২১। এবং যখন তুমি তোমার পরিবার-পরিজনের নিকট থেকে খুব ভোরে বের হয়েছিলে* মু'মিনদেরকে যুদ্ধের জন্য বিভিন্ন অবস্থানে বিন্যস্ত করতে। আর আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَاِذْ غَدَوْتَ مِنْ اَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِيْنَ مَقَاعِدَ لِلْقِتَالِ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٢١﴾

১২২। যখন তোমাদের মধ্যে দু'টি দল* সাহস হারাতে বসেছিল, অথচ আল্লাহ্ উভয়ের অভিভাবক ছিলেন। আর আল্লাহ্‌র উপরই মু'মিনরা যেন ভরসা করে।

اِذْ هَمَّتْ طَّآئِفَتٰنِ مِنْكُمْ اَنْ تَفْشَلَا ۙ وَاللّٰهُ وَلِيُّهُمَا ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٢٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَّاَنْتُمْ اَذِلَّةٌ ۚ فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢٣﴾

১২৩। আর অবশ্যই আল্লাহ্ বদরে তোমাদেরকে সাহায্য করেছিলেন যখন তোমরা ছিলে দুর্বল, সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

اِذْ تَقُوْلُ لِلْمُؤْمِنِيْنَ اَلَنْ يَّكْفِيَكُمْ اَنْ يُّمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلٰثَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ﴿١٢٤﴾

১২৪। যখন তুমি মু'মিনদেরকে বলেছিলে, 'এটি কি তোমাদের জন্য যথেষ্ট নয় যে, তোমাদের প্রতিপালক তিন হাজার* অবতরণকৃত ফেরেশতা দ্বারা তোমাদেরকে সাহায্য করবেন?'

بَلٰٓى ۙ اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ﴿١٢٥﴾

১২৫। হাঁ, যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং তাকওয়া অবলম্বন কর, এবং তারা এর চেয়ে দ্রুতগতিতে তোমাদের উপর (আক্রমণ করতে) আসে তাহলে তোমাদের প্রতিপালক পাঁচ হাজার চিহ্নিত ফেরেশতা দ্বারা তোমাদেরকে সাহায্য করবেন।

وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوْبُكُمْ بِهٖ ۚ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿١٢٦﴾

১২৬। এবং আল্লাহ্ এটি করেছেন কেবল তোমাদের জন্য সুসংবাদস্বরূপ এবং যাতে তা দিয়ে তোমাদের হৃদয়সমূহকে প্রশান্ত করতে পারেন। আর সাহায্য (আসে) কেবল মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্র নিকট থেকেই*-

لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَوْ يَكْبِتَهُمْ فَيَنْقَلِبُوْا خَآئِبِيْنَ ﴿١٢٧﴾

১২৭। যাতে তিনি কাফিরদের এক অংশকে নিশ্চিহ্ন করতে পারেন অথবা তাদেরকে লাঞ্ছিত করতে পারেন, ফলে তারা ব্যর্থ হয়ে ফিরে যাবে।

لَيْسَ لَكَ مِنَ الْاَمْرِ شَيْءٌ اَوْ يَتُوْبَ عَلَيْهِمْ اَوْ يُعَذِّبَهُمْ فَاِنَّهُمْ ظٰلِمُوْنَ ﴿١٢٨﴾

১২৮। (হে নবী!) এ বিষয়ে তোমার কিছুই নেই (বরং তা আল্লাহ্রই এখতিয়ারে*) যে, তিনি হয় তাদের তাওবা কবুল করবেন অথবা তাদেরকে শাস্তি দিবেন, কেননা নিশ্চয় তারা জালিম।

وَلِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ۚ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٢٩﴾

১২৯। আর আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। তিনি যাকে ইচ্ছা করেন ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা করেন শাস্তি দেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

রুকূ ১৩ ৪

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوا الرِّبٰٓوا اَضْعَافًا مُّضٰعَفَةً ۠ وَّاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٣٠﴾

১৩০। ওহে যারা ঈমান এনেছ! তোমরা দ্বিগুণ-বহুগুণে* সুদ খেয়ো না এবং আল্লাহ্কে ভয় কর, যাতে তোমরা সফল হতে পার,

وَاتَّقُوا النَّارَ الَّتِىْٓ اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ﴿١٣١﴾

১৩১। এবং তোমরা সে আগুনকে ভয় কর যা কাফিরদের জন্য প্রস্তুত করা হয়েছে,

وَاَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿١٣٢﴾

১৩২। এবং তোমরা আনুগত্য কর আল্লাহ্র ও রাসূলের, যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার,

وَسَارِعُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمٰوٰتُ وَالْاَرْضُ ۙ اُعِدَّتْ لِلْمُتَّقِيْنَ ﴿١٣٣﴾

১৩৩। এবং তোমরা দ্রুত ধাবিত হও তোমাদের প্রতিপালকের ক্ষমার দিকে এবং এমন জান্নাতের দিকে যার প্রশস্ততা* হল আকাশসমূহ ও পৃথিবী, যা প্রস্তুত করা হয়েছে মুত্তাকীদের জন্য-

الَّذِيْنَ يُنْفِقُوْنَ فِى السَّرَّآءِ وَالضَّرَّآءِ وَالْكٰظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ۗ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٣٤﴾

১৩৪। যারা সচ্ছল ও অসচ্ছল (উভয়) অবস্থায় (আল্লাহ্র পথে) ব্যয় করে এবং যারা ক্রোধ সংবরণকারী* এবং মানুষের প্রতি ক্ষমাশীল। এবং আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন,

وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ ۗ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اللّٰهُ ۖ وَلَمْ يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ ﴿١٣٥﴾

১৩৫। এবং যারা, যখন কোন অশ্লীল কাজ করে অথবা নিজের প্রতি জুলুম করে তখন আল্লাহ্কে স্মরণ করে এবং তাদের অপরাধসমূহের কারনে ক্ষমা প্রার্থনা করে। আর আল্লাহ্ ছাড়া কে অপরাধ ক্ষমা করবে? এবং তারা যা করেছে তাতে জেনে-বুঝে অটল থাকে না।

أُولَٰئِكَ جَزَاؤُهُم مَّغْفِرَةٌ مِّن رَّبِّهِمْ وَجَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ ﴿١٣٦﴾

১৩৬। তাদেরই প্রতিদান হচ্ছে তাদের প্রতিপালকের পক্ষ থেকে ক্ষমা এবং এমন জান্নাতসমূহ, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে। আর (সৎ) কর্মশীলদের প্রতিদান কতই না উত্তম!

قَدْ خَلَتْ مِن قَبْلِكُمْ سُنَنٌ ۖ فَسِيرُوا فِي الْأَرْضِ فَانظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِينَ ﴿١٣٧﴾

১৩৭। তোমাদের পূর্বে বহু সুন্নত (শাস্তিদানের নীতি) গত হয়েছে (বাস্তবায়িত হয়েছে), সুতরাং তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর, কেমন ছিল মিথ্যা অভিহিতকারীদের পরিণাম।

هَٰذَا بَيَانٌ لِّلنَّاسِ وَهُدًى وَمَوْعِظَةٌ لِّلْمُتَّقِينَ ﴿١٣٨﴾

১৩৮। এটি (কুরআন) মানব জাতির জন্য স্পষ্ট বর্ণনা এবং মুত্তাকীদের জন্য পথনির্দেশিকা ও উপদেশ।

وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنتُمُ الْأَعْلَوْنَ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿١٣٩﴾

১৩৯। এবং তোমরা হীনবল হয়ো না এবং দুশ্চিন্তা করো না, এবং তোমরাই বিজয়ী হবে- যদি তোমরা মু'মিন হও।

إِن يَمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِّثْلُهُ ۚ وَتِلْكَ الْأَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ ۚ وَلِيَعْلَمَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَتَّخِذَ مِنكُمْ شُهَدَاءَ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿١٤٠﴾

১৪০। যদি তোমাদেরকে (উহুদে) জখম স্পর্শ করে থাকে, তাহলে সে সম্প্রদায়কেও (বদরে) অনুরূপ জখম স্পর্শ করেছিল। এবং আমি মানুষের মধ্যে এ দিনগুলোকে আবর্তিত করি*, এবং যাতে যারা ঈমান এনেছে তাদেরকে আল্লাহ্ জানতে পারেন (স্পষ্ট করতে পারেন) এবং তোমাদের মধ্য হতে কতককে শহীদরূপে গ্রহণ করতে পারেন। আর আল্লাহ্ জালিমদেরকে ভালবাসেন না-

وَلِيُمَحِّصَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَيَمْحَقَ الْكَافِرِينَ ﴿١٤١﴾

১৪১। এবং যাতে আল্লাহ্ মু'মিনদেরকে পরিশুদ্ধ করতে পারেন এবং কাফিরদেরকে নিশ্চিহ্ন করতে পারেন।

أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنكُمْ وَيَعْلَمَ الصَّابِرِينَ ﴿١٤٢﴾

১৪২। তোমরা কি মনে করেছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে, অথচ আল্লাহ্ এখনো জেনে নেননি তোমাদের মধ্যে যারা জিহাদ করেছে তাদেরকে এবং তিনি জেনে নেননি ধৈর্যশীলদেরকে?

وَلَقَدْ كُنتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِن قَبْلِ أَن تَلْقَوْهُ فَقَدْ رَأَيْتُمُوهُ وَأَنتُمْ تَنظُرُونَ ﴿١٤٣﴾

১৪৩। আর অবশ্যই তোমরা মৃত্যুর (শাহাদাতের) আকাঙ্ক্ষা করতে এর সাথে সাক্ষাতের পূর্বেই। এবং তোমরা এইমাত্র তা দেখতে পেলে, যখন তোমরা তাকিয়ে ছিলে।

ع ١٤ ٥ ١٤ রুকূ ৫

وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ ۚ قَدْ خَلَتْ مِن قَبْلِهِ الرُّسُلُ ۚ أَفَائِن مَّاتَ أَوْ قُتِلَ انقَلَبْتُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ ۚ وَمَن يَنقَلِبْ عَلَىٰ عَقِبَيْهِ فَلَن يَضُرَّ اللَّهَ شَيْئًا ۗ وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ ﴿١٤٤﴾

১৪৪। আর মুহাম্মাদ একজন রাসূল ছাড়া কিছু নয়, তার পূর্বেও রাসূলরা গত হয়েছে*। সুতরাং যদি সে মারা যায় অথবা নিহত হয় তাহলে কি তোমরা তোমাদের পিছনের দিকে (পূর্বাবস্থায়) ফিরে যাবে? আর যে তার পিছনের দিকে ফিরে যাবে সে কখনো আল্লাহ্র কিছুই ক্ষতি করতে পারবে না। আর শীঘ্রই আল্লাহ্ কৃতজ্ঞদেরকে প্রতিদান দিবেন।

وَمَا كَانَ لِنَفْسٍ أَن تَمُوتَ إِلَّا بِإِذْنِ اللَّهِ كِتَابًا مُّؤَجَّلًا ۗ وَمَن يُرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا ۖ وَمَن يُرِدْ ثَوَابَ الْآخِرَةِ نُؤْتِهِ مِنْهَا ۚ وَسَنَجْزِي الشَّاكِرِينَ ﴿١٤٥﴾

১৪৫। এবং কারো জন্য (সম্ভব) নয় যে, সে মৃত্যুবরণ করবে আল্লাহ্র ইচ্ছা ছাড়া, (মৃত্যু লিপিবদ্ধ আছে) সময় নির্ধারিত কিতাব হিসাবে। এবং যে দুনিয়ার পুরস্কার (ছওয়াব) চায় আমি তাকে তা থেকে দেই আর যে আখিরাতের পুরস্কার চায় আমি তাকে তা থেকে দেই এবং শীঘ্রই আমি কৃতজ্ঞদেরকে প্রতিদান দিব।

وَكَأَيِّن مِّن نَّبِيٍّ قَاتَلَ ۚ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ ۚ فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا ۗ وَاللَّهُ يُحِبُّ الصَّابِرِينَ ﴿١٤٦﴾

১৪৬। এবং কত নবীই যুদ্ধ করেছে, তাদের সাথে ছিল অনেক আল্লাহ্ওয়ালা লোক। আল্লাহ্র পথে তাদের উপর যা (বিপদ-আপদ) আপতিত হয়েছিল তাতে তারা হীনবল হয়নি, দুর্বল হয়নি এবং নতিস্বীকারও করেনি। এবং আল্লাহ্ ধৈর্যশীলদেরকে ভালবাসেন।

وَمَا كَانَ قَوْلَهُمْ إِلَّا أَن قَالُوا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ﴿١٤٧﴾

১৪৭। এবং তাদের কথা ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের অপরাধসমূহ ও আমাদের কাজের ক্ষেত্রে আমাদের সীমালঙ্ঘনকে আপনি ক্ষমা করুন, আমাদের পা সুদৃঢ় করুন এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।'

فَاٰتٰىهُمُ اللّٰهُ ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٤٨﴾

১৪৮। অতঃপর আল্লাহ্ তাদেরকে দুনিয়ার পুরস্কার (ছওয়াব) এবং আখিরাতের উত্তম পুরস্কার দান করলেন। এবং আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।

ع ١٥ ٥ ٦ ١٥ রুকূ ৬

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تُطِيْعُوا الَّذِيْنَ كَفَرُوْا يَرُدُّوْكُمْ عَلٰۤى اَعْقَابِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿١٤٩﴾

১৪৯। ওহে যারা ঈমান এনেছ! যদি তোমরা যারা কুফরী করেছে তাদের আনুগত্য কর তাহলে তারা তোমাদেরকে তোমাদের পিছনের দিকে (পূর্বাবস্থায়) ফিরিয়ে নিয়ে যাবে এবং তোমরা (তখন) ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে।

بَلِ اللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ خَيْرُ النّٰصِرِيْنَ ﴿١٥٠﴾

১৫০। বরং আল্লাহ্ই তোমাদের প্রভু (রক্ষক), এবং তিনি উত্তম সাহায্যকারী।

سَنُلْقِيْ فِيْ قُلُوْبِ الَّذِيْنَ كَفَرُوا الرُّعْبَ بِمَاۤ اَشْرَكُوْا بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا ۚ وَمَاْوٰىهُمُ النَّارُ ؕ وَبِئْسَ مَثْوَى الظّٰلِمِيْنَ ﴿١٥١﴾

১৫১। শীঘ্রই আমি যারা কুফরী করেছে তাদের হৃদয়সমূহে ভীতির সঞ্চার করব, তারা আল্লাহ্র সাথে যে শরীক করেছে সে কারণে, যে ব্যাপারে আল্লাহ্ কোন প্রমাণ অবতীর্ণ করেননি, এবং তাদের আশ্রয়স্থল হবে আগুন। আর কতই না নিকৃষ্ট জালিমদের আবাসস্থল!

وَلَقَدْ صَدَقَكُمُ اللّٰهُ وَعْدَهٗۤ اِذْ تَحُسُّوْنَهُمْ بِاِذْنِهٖ ۚ حَتّٰۤى اِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِى الْاَمْرِ وَعَصَيْتُمْ مِّنْۢ بَعْدِ مَاۤ اَرٰىكُمْ مَّا تُحِبُّوْنَ ؕ مِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الْاٰخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۚ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ؕ وَاللّٰهُ ذُوْ فَضْلٍ عَلَى الْمُؤْمِنِيْنَ ﴿١٥٢﴾

১৫২। এবং আল্লাহ্ তোমাদের প্রতি তাঁর প্রতিশ্রুতি অবশ্যই সত্যে পরিণত করেছিলেন যখন তোমরা তাঁর নির্দেশে তাদেরকে হত্যা করছিলে, যতক্ষণ না তোমরা সাহস হারালে এবং (রাসূলের) নির্দেশ সম্বন্ধে মতবিরোধ করলে এবং তোমরা যা ভালবাস তা (বিজয়) তোমাদেরকে দেখানোর পরও তোমরা অমান্য করলে*। তোমাদের কেউ দুনিয়া (গনীমত) চায় এবং কেউ চায় আখিরাত, এরপর তোমাদেরকে পরীক্ষা করার জন্য তিনি তোমাদেরকে তাদের থেকে সরিয়ে দিলেন (পরাজিত করালেন), এবং তিনি তোমাদেরকে মার্জনা করলেন। আর আল্লাহ্ মু'মিনদের প্রতি অনুগ্রহশীল।

اِذْ تُصْعِدُوْنَ وَلَا تَلْوٗنَ عَلٰۤى اَحَدٍ وَّالرَّسُوْلُ يَدْعُوْكُمْ فِىْۤ اُخْرٰىكُمْ فَاَثَابَكُمْ غَمًّا ۢ بِغَمٍّ لِّكَيْلَا تَحْزَنُوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا مَاۤ اَصَابَكُمْ ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٥٣﴾

১৫৩। যখন তোমরা (উহুদ পাহাড়ের) উপরের দিকে আরোহন করছিলে এবং পিছন ফিরে কারো প্রতি তাকাচ্ছিলে না, যখন রাসূল তোমাদেরকে পিছন দিক থেকে আহ্বান করছিল, ফলে (অমান্য করার কারণে) তিনি তোমাদেরকে দুঃখের পর দুঃখ দিলেন যাতে তোমরা যা (নিশ্চিত বিজয়) হারিয়েছ এবং তোমাদের উপর যা (বিপদ) আপতিত হয়েছে তার জন্য বিষণ্ন না হও। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

ثُمَّ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنْۢ بَعْدِ الْغَمِّ اَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ وَطَآئِفَةٌ قَدْ اَهَمَّتْهُمْ اَنْفُسُهُمْ يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ؕ يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْاَمْرِ مِنْ شَىْءٍ ؕ قُلْ اِنَّ الْاَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ؕ يُخْفُوْنَ فِىْۤ اَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ؕ يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَىْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ؕ قُلْ لَّوْ كُنْتُمْ فِىْ بُيُوْتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلٰى مَضَاجِعِهِمْ ۚ وَلِيَبْتَلِىَ اللّٰهُ مَا فِىْ صُدُوْرِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِىْ قُلُوْبِكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١٥٤﴾

১৫৪। এরপর দুঃখের পরে তিনি তোমাদের প্রতি তন্দ্রারূপ প্রশান্তি অবতীর্ণ করলেন যা তোমাদের এক দলকে (মু'মিনদেরকে) আচ্ছন্ন করছিল। আর একটি দল (মুনাফিকরা) নিজেদেরকে উদ্বিগ্ন করছিল আল্লাহ্ সম্বন্ধে অসত্য ধারণা করে- অজ্ঞতামূলক ধারণা। তারা বলে, 'এ বিষয়ে (যুদ্ধ বের হওয়ার বিষয়ে) আমাদের কিছু (এখতিয়ার) আছে কি?' বল, 'নিশ্চয় সকল বিষয় আল্লাহ্রই (এখতিয়ারে)।' তারা তাদের নিজেদের মধ্যে (এমন কিছু) গোপন রাখে যা তোমাদের কাছে প্রকাশ করে না। তারা বলে, 'এ ব্যাপারে আমাদের কিছু (এখতিয়ার) থাকলে আমরা এখানে নিহত হতাম না।' বল, 'যদি তোমরা তোমাদের ঘরে (বসে) থাকতে তবুও নিহত হওয়া যাদের ক্ষেত্রে নির্ধারিত ছিল তারা তাদের মৃত্যুস্থানের উদ্দেশ্যে অবশ্যই বের হত।' এবং (এটা এ জন্য) যাতে আল্লাহ্ তোমাদের বক্ষে যা আছে তা পরীক্ষা করতে পারেন এবং তোমাদের হৃদয়ে যা আছে তা পরিশুদ্ধ করতে পারেন। আর বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে আল্লাহ্ ভালভাবে জানেন।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ع ١٦ ٧ ١٦ রুকূ ٩

اِنَّ الَّذِيْنَ تَوَلَّوْا مِنْكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ ۙ اِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطٰنُ بِبَعْضِ مَا كَسَبُوْا ۚ وَلَقَدْ عَفَا اللّٰهُ عَنْهُمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٥٥﴾

১৫৫। নিশ্চয় তোমাদের মধ্যে যারা দু'টি দলের মুখোমুখি হওয়ার দিনে পৃষ্ঠ প্রদর্শন করেছিল, শয়তান তাদেরকে কেবল বিচ্যুত করতে চেয়েছিল তারা যা অর্জন করেছিল তার কিছুর কারণে*, এবং আল্লাহ্ তাদেরকে মার্জনা করলেন। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম সহনশীল।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ كَفَرُوْا وَقَالُوْا لِاِخْوَانِهِمْ اِذَا ضَرَبُوْا فِي الْاَرْضِ اَوْ كَانُوْا غُزًّى لَّوْ كَانُوْا عِنْدَنَا مَا مَاتُوْا وَمَا قُتِلُوْا ۚ لِيَجْعَلَ اللّٰهُ ذٰلِكَ حَسْرَةً فِيْ قُلُوْبِهِمْ ؕ وَاللّٰهُ يُحْيٖ وَيُمِيْتُ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿١٥٦﴾

১৫৬। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তাদের মত হয়ো না যারা কুফরী করেছে এবং তাদের ভাইদেরকে বলেছে - যখন তারা পৃথিবীতে ভ্রমণ করত অথবা যুদ্ধে রত থাকত - 'যদি তারা আমাদের কাছে থাকত তাহলে তারা মৃত্যুবরণ করত না এবং নিহতও হত না,' যাতে আল্লাহ্ এটাকে (এ ধারণাকে) তাদের হৃদয়ে অনুতাপে পরিণত করেন। আর আল্লাহ্ই জীবিত করেন ও মৃত্যু ঘটান। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

وَلَئِنْ قُتِلْتُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ اَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿١٥٧﴾

১৫৭। এবং যদি তোমরা আল্লাহ্র পথে নিহত হও অথবা মৃত্যু বরণ কর, তাহলে অবশ্যই আল্লাহ্র পক্ষ থেকে (তোমাদের জন্য) রয়েছে ক্ষমা ও দয়া- যা, তারা যা জমা করে তার চেয়ে উত্তম।

وَلَئِنْ مُّتُّمْ اَوْ قُتِلْتُمْ لَاِاْلَى اللّٰهِ تُحْشَرُوْنَ ﴿١٥٨﴾

১৫৮। এবং যদি তোমরা মৃত্যুবরণ কর অথবা নিহত হও তাহলে অবশ্যই আল্লাহ্রই দিকে তোমাদেরকে সমবেত করা হবে।

فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ۚ وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيْظَ الْقَلْبِ لَانْفَضُّوْا مِنْ حَوْلِكَ ۖ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْاَمْرِ ۚ فَاِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَوَكِّلِيْنَ ﴿١٥٩﴾

১৫৯। এবং আল্লাহ্র পক্ষ থেকে দয়ার কারণে তুমি তাদের প্রতি নম্র হয়েছিলে, আর যদি তুমি রূঢ় (ভাষী) ও কঠিন হৃদয়ের হতে তাহলে অবশ্যই তারা তোমার চারপাশ থেকে বিচ্ছিন্ন হয়ে যেত। সুতরাং তুমি তাদেরকে মার্জনা করে দাও, তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর এবং কাজে-কর্মে তাদের সাথে পরামর্শ কর*, এবং যখন তুমি দৃঢ়সংকল্প হও তখন আল্লাহ্র উপর ভরসা কর। নিশ্চয় আল্লাহ্ (তাঁর উপর) ভরসাকারীদেরকে ভালবাসেন।

اِنْ يَّنْصُرْكُمُ اللّٰهُ فَلَا غَالِبَ لَكُمْ ۚ وَاِنْ يَّخْذُلْكُمْ فَمَنْ ذَا الَّذِيْ يَنْصُرُكُمْ مِّنْۢ بَعْدِهٖ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٦٠﴾

১৬০। যদি আল্লাহ্ তোমাদেরকে সাহায্য করেন তাহলে তোমাদের উপর কেউ বিজয়ী হতে পারবে না, আর যদি তিনি তোমাদেরকে ত্যাগ করেন, তাহলে তিনি ছাড়া এমন কে আছে, যে তোমাদেরকে সাহায্য করতে পারে? আর আল্লাহ্রই উপর মু'মিনরা যেন ভরসা করে।

وَمَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّغُلَّ ؕ وَمَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيٰمَةِ ۚ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١٦١﴾

১৬১। এবং কোন নবীর জন্য এটি (সংগত) নয় যে, সে (কোন কিছু) আত্মসাৎ করবে*। এবং যে ব্যক্তি (কিছু) আত্মসাৎ করবে, সে যা আত্মসাৎ করেছিল কিয়ামতের দিন তা নিয়ে আসবে, এরপর প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তা (তার প্রতিফল) পুরোপুরি দেয়া হবে, এবং তাদের প্রতি (কোন) জুলুম করা হবে না।

اَفَمَنِ اتَّبَعَ رِضْوَانَ اللّٰهِ كَمَنْۢ بَآءَ بِسَخَطٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٦٢﴾

১৬২। তবে কি যে ব্যক্তি আল্লাহ্র সন্তুষ্টির (পথ) অনুসরণ করে সে তার মত যে আল্লাহ্র অসন্তুষ্টি নিয়ে এসেছে এবং যার আশ্রয়স্থল জাহান্নাম? আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

هُمْ دَرَجٰتٌ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿١٦٣﴾

১৬৩। আল্লাহ্র নিকট তারা (মানুষেরা) বিভিন্ন মর্যাদার। আর তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

لَقَدْ مَنَّ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ اِذْ بَعَثَ فِيْهِمْ رَسُوْلًا مِّنْ اَنْفُسِهِمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿١٦٤﴾

১৬৪। অবশ্যই আল্লাহ্ মু'মিনদের প্রতি অনুগ্রহ করেছেন যখন তিনি তাদের নিজেদের মধ্য থেকে তাদের নিকট একজন রাসূল প্রেরণ করেছেন, যে তাঁর আয়াতসমূহ তাদেরকে পাঠ করে শোনায়, তাদেরকে পরিশুদ্ধ করে এবং তাদেরকে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) শিক্ষা দেয়, যদিও তারা ইতঃপূর্বে অবশ্যই সুস্পষ্ট পথভ্রষ্টতার মধ্যে ছিল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أَوَلَمَّآ أَصَابَتْكُم مُّصِيبَةٌ قَدْ أَصَبْتُم مِّثْلَيْهَا ۙ قُلْتُمْ أَنَّىٰ هَٰذَا ۖ قُلْ هُوَ مِنْ عِندِ أَنفُسِكُمْ ۗ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٦٥﴾

১৬৫। এমন কেন হল যে, যখন (উহুদে) তোমাদেরকে বিপদ আঘাত করল- যদিও তোমরা (বদরে) তার দ্বিগুণ* আঘাত করেছিলে, তখন তোমরা বললে, 'এটা (এ বিপদ) কিভাবে আসল?' বল, 'এটা তোমাদের নিজেদের কাছ থেকেই (রাসূলকে অমান্য করার কারণে)।' নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَمَآ أَصَابَكُمْ يَوْمَ ٱلْتَقَى ٱلْجَمْعَانِ فَبِإِذْنِ ٱللَّهِ وَلِيَعْلَمَ ٱلْمُؤْمِنِينَ ﴿١٦٦﴾

১৬৬। এবং দু'দলের মুখোমুখি হওয়ার দিন তোমাদেরকে যা আঘাত করেছিল তা হয়েছিল আল্লাহ্র ইচ্ছাতেই, এবং যাতে তিনি জেনে নিতে পারেন (স্পষ্ট করতে পারেন) মু'মিনদেরকে-

وَلِيَعْلَمَ ٱلَّذِينَ نَافَقُوا۟ ۚ وَقِيلَ لَهُمْ تَعَالَوْا۟ قَٰتِلُوا۟ فِى سَبِيلِ ٱللَّهِ أَوِ ٱدْفَعُوا۟ ۖ قَالُوا۟ لَوْ نَعْلَمُ قِتَالًا لَّا ٱتَّبَعْنَٰكُمْ ۗ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَٰنِ ۚ يَقُولُونَ بِأَفْوَٰهِهِم مَّا لَيْسَ فِى قُلُوبِهِمْ ۗ وَٱللَّهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُونَ ﴿١٦٧﴾

১৬৭। এবং যাতে তিনি জেনে নিতে পারেন (স্পষ্ট করতে পারেন) মুনাফিকদেরকে। আর তাদেরকে বলা হয়েছিল, 'তোমরা এসো- আল্লাহ্র পথে যুদ্ধ কর অথবা প্রতিহত কর।' তারা বলেছিল, 'যদি যুদ্ধ (হবে বলে) জানতাম* তাহলে অবশ্যই আমরা তোমাদের অনুসরণ করতাম।' সেদিন তারা ঈমানে যা ছিল তার চেয়ে কুফরীর অধিক নিকটবর্তী ছিল। তারা তাদের মুখ দিয়ে (এমন কথা) বলে যা তাদের হৃদয়ে নেই। এবং তারা যা গোপন করে আল্লাহ্ তা সবচেয়ে বেশি জানেন।

ٱلَّذِينَ قَالُوا۟ لِإِخْوَٰنِهِمْ وَقَعَدُوا۟ لَوْ أَطَاعُونَا مَا قُتِلُوا۟ ۗ قُلْ فَٱدْرَءُوا۟ عَنْ أَنفُسِكُمُ ٱلْمَوْتَ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿١٦٨﴾

১৬৮। যারা তাদের ভাইদের সম্বন্ধে বলল এবং (ঘরে) বসে রইল, 'যদি তারা আমাদের আনুগত্য করত তাহলে তারা নিহত হত না'। (তাদেরকে) বল, 'তাহলে তোমরা তোমাদের নিজেদের থেকে মৃত্যুকে প্রতিরোধ কর- যদি তোমরা সত্যবাদী হও।'

وَلَا تَحْسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُوا۟ فِى سَبِيلِ ٱللَّهِ أَمْوَٰتًۢا ۚ بَلْ أَحْيَآءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ ﴿١٦٩﴾

১৬৯। এবং যারা আল্লাহ্র পথে নিহত হয়েছে তাদেরকে কখনো মৃত মনে করো না, বরং তারা তাদের প্রতিপালকের কাছে জীবিত, তাদেরকে রিযিক দেয়া হয়-

فَرِحِينَ بِمَآ ءَاتَىٰهُمُ ٱللَّهُ مِن فَضْلِهِۦ وَيَسْتَبْشِرُونَ بِٱلَّذِينَ لَمْ يَلْحَقُوا۟ بِهِم مِّنْ خَلْفِهِمْ ۙ أَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١٧٠﴾

১৭০। আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে যা দিয়েছেন তাতে তারা উৎফুল্ল এবং তাদের পিছনে যারা এখনো তাদের সাথে মিলিত হয়নি (শহীদ হয়নি) তাদের ব্যাপারে আনন্দিত হয় (এজন্য) যে, তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

يَسْتَبْشِرُونَ بِنِعْمَةٍ مِّنَ ٱللَّهِ وَفَضْلٍ وَأَنَّ ٱللَّهَ لَا يُضِيعُ أَجْرَ ٱلْمُؤْمِنِينَ ﴿١٧١﴾

ع ١٧ ١٩ রুকূ ৮

১৭১। আল্লাহ্র নেয়ামত ও অনুগ্রহের জন্য তারা আনন্দিত হয়, এবং এও যে, আল্লাহ্ মু'মিনদের প্রতিদান নষ্ট করেন না।

ٱلَّذِينَ ٱسْتَجَابُوا۟ لِلَّهِ وَٱلرَّسُولِ مِنۢ بَعْدِ مَآ أَصَابَهُمُ ٱلْقَرْحُ ۚ لِلَّذِينَ أَحْسَنُوا۟ مِنْهُمْ وَٱتَّقَوْا۟ أَجْرٌ عَظِيمٌ ﴿١٧٢﴾

১৭২। যারা আল্লাহ্ ও রাসূলকে সাড়া দিয়েছে তাদেরকে জখম আঘাত করার পরেও*, তাদের মধ্যে যারা উত্তম কাজ করেছে এবং তাকওয়া অবলম্বন করেছে তাদের জন্য রয়েছে মহাপ্রতিদান,

ٱلَّذِينَ قَالَ لَهُمُ ٱلنَّاسُ إِنَّ ٱلنَّاسَ قَدْ جَمَعُوا۟ لَكُمْ فَٱخْشَوْهُمْ فَزَادَهُمْ إِيمَٰنًا وَقَالُوا۟ حَسْبُنَا ٱللَّهُ وَنِعْمَ ٱلْوَكِيلُ ﴿١٧٣﴾

১৭৩। যাদেরকে লোকেরা (মুনাফিকরা) বলেছিল, নিশ্চয় তোমাদের বিরুদ্ধে লোকেরা জমা হয়েছে, সুতরাং তোমরা তাদেরকে ভয় কর, কিন্তু তা তাদেরকে ঈমানে বৃদ্ধি করল এবং তারা বলল, 'আল্লাহ্ই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কতই না উত্তম তত্ত্বাবধায়ক!'

فَٱنقَلَبُوا۟ بِنِعْمَةٍ مِّنَ ٱللَّهِ وَفَضْلٍ لَّمْ يَمْسَسْهُمْ سُوٓءٌ ۚ وَٱتَّبَعُوا۟ رِضْوَٰنَ ٱللَّهِ ۗ وَٱللَّهُ ذُو فَضْلٍ عَظِيمٍ ﴿١٧٤﴾

১৭৪। অতঃপর তারা আল্লাহ্র নেয়ামত ও অনুগ্রহসহ ফিরে আসল, কোন ক্ষতিই তাদেরকে স্পর্শ করেনি, এবং তারা আল্লাহ্র সন্তুষ্টির (পথ) অনুসরণ করেছিল। এবং আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।

إِنَّمَا ذٰلِكُمُ الشَّيْطٰنُ يُخَوِّفُ أَوْلِيَآءَهٗ ۠ فَلَا تَخَافُوْهُمْ وَ خَافُوْنِ إِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٧٥﴾

১৭৫। এটি কেবল শয়তান, যে (তোমাদেরকে) তার বন্ধুদের ভয় দেখায়, সুতরাং তোমরা তাদেরকে ভয় করো না, আমাকেই ভয় কর- যদি তোমরা মু'মিন হও।

وَ لَا يَحْزُنْكَ الَّذِيْنَ يُسَارِعُوْنَ فِي الْكُفْرِ ۚ إِنَّهُمْ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْئًا ۗ يُرِيْدُ اللّٰهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا فِي الْأٰخِرَةِ ۚ وَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٧٦﴾

১৭৬। এবং যারা কুফরীতে দ্রুত ধাবিত হয়, তারা (অর্থাৎ তাদের আচরণ) যেন তোমাকে দুশ্চিন্তাগ্রস্ত না করে। নিশ্চয় তারা কখনো আল্লাহ্‌র কিছুই ক্ষতি করতে পারবে না। আল্লাহ্ চান যে, তিনি আখিরাতে তাদেরকে কোন অংশ দিবেন না, এবং তাদের জন্য রয়েছে মহাশাস্তি।

إِنَّ الَّذِيْنَ اشْتَرَوُا الْكُفْرَ بِالْإِيْمَانِ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْئًا ۚ وَ لَهُمْ عَذَابٌ أَلِيْمٌ ﴿١٧٧﴾

১৭৭। নিশ্চয় যারা ঈমানের বিনিময়ে কুফরী ক্রয় করেছে তারা কখনো আল্লাহ্‌র কিছুই ক্ষতি করতে পারবে না, এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَ لَا يَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْٓا أَنَّمَا نُمْلِيْ لَهُمْ خَيْرٌ لِّأَنْفُسِهِمْ ۚ إِنَّمَا نُمْلِيْ لَهُمْ لِيَزْدَادُوْٓا إِثْمًا ۚ وَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿١٧٨﴾

১৭৮। এবং যারা কুফরি করেছে তারা যেন কখনো মনে না করে যে, আমি তাদেরকে যে অবকাশ দেই তা তাদের নিজেদের কল্যাণের জন্য। আমি অবকাশ দেই কেবল এ জন্য যাতে তারা পাপে বৃদ্ধি পায়। এবং তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি ।

مَا كَانَ اللّٰهُ لِيَذَرَ الْمُؤْمِنِيْنَ عَلٰى مَآ أَنْتُمْ عَلَيْهِ حَتّٰى يَمِيْزَ الْخَبِيْثَ مِنَ الطَّيِّبِ ۗ وَ مَا كَانَ اللّٰهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَ لٰكِنَّ اللّٰهَ يَجْتَبِيْ مِنْ رُّسُلِهٖ مَنْ يَّشَآءُ ۖ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَ رُسُلِهٖ ۚ وَ إِنْ تُؤْمِنُوْا وَ تَتَّقُوْا فَلَكُمْ أَجْرٌ عَظِيْمٌ ﴿١٧٩﴾

১৭৯। মন্দকে (অর্থাৎ মুনাফিকদেরকে) ভাল (অর্থাৎ মু'মিনদের) থেকে পৃথক না করা পর্যন্ত তোমরা যার উপর (যে অবস্থার উপর) রয়েছ আল্লাহ্ মু'মিনদেরকে তার উপর ছেড়ে দেবার নন। আবার আল্লাহ্ তোমাদেরকে অদৃশ্য সম্পর্কে অবহিত করারও নন, তবে আল্লাহ্ তাঁর রাসূলদের মধ্য থেকে যাকে ইচ্ছা করেন মনোনীত করেন, সুতরাং তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলদের উপর ঈমান আন, এবং যদি তোমরা ঈমান আন ও তাকওয়া অবলম্বন কর, তাহলে তোমাদের জন্য রয়েছে মহাপ্রতিদান।

وَ لَا يَحْسَبَنَّ الَّذِيْنَ يَبْخَلُوْنَ بِمَآ أٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ هُوَ خَيْرًا لَّهُمْ ۚ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ ۚ سَيُطَوَّقُوْنَ مَا بَخِلُوْا بِهٖ يَوْمَ الْقِيٰمَةِ ۗ وَ لِلّٰهِ مِيْرَاثُ السَّمٰوٰتِ وَ الْأَرْضِ ۗ وَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١٨٠﴾

১৮০। আর যারা কৃপণতা* করে তারা যেন কখনো মনে না করে যে, আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে যা দিয়েছেন তা তাদের জন্য কল্যাণকর। বরং তা তাদের জন্য অকল্যাণকর। তারা যা নিয়ে কৃপণতা করেছে কিয়ামতের দিন সেটিকে তাদের গলার বেড়ি* করা হবে। আর আকাশসমূহ ও পৃথিবীর উত্তরাধিকার আল্লাহ্‌রই। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

ع ৭ ১৮ রুকূ ৯

لَقَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّذِيْنَ قَالُوْٓا إِنَّ اللّٰهَ فَقِيْرٌ وَّ نَحْنُ أَغْنِيَآءُ ۘ سَنَكْتُبُ مَا قَالُوْا وَ قَتْلَهُمُ الْأَنْبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّ نَقُوْلُ ذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ﴿١٨١﴾

১৮১। অবশ্যই আল্লাহ্ শুনেছেন তাদের কথা যারা বলে, 'নিশ্চয় আল্লাহ্ ফকির (গরীব) আর আমরা অভাবমুক্ত*।' তারা যা বলেছে তা এবং তাদের (কর্তৃক) নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করার বিষয়টি শীঘ্রই আমি লিখে রাখব এবং বলব, 'তোমরা প্রজ্জ্বলিত আগুনের শাস্তি আস্বাদন কর।'

ذٰلِكَ بِمَا قَدَّمَتْ أَيْدِيْكُمْ وَ أَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿١٨٢﴾

১৮২। এটি সে কারণে যা তোমাদের হাত অগ্রে পাঠিয়েছে, এবং এও যে, আল্লাহ্ বান্দাদের প্রতি জুলুমকারী নন।

اَلَّذِيْنَ قَالُوْٓا إِنَّ اللّٰهَ عَهِدَ إِلَيْنَآ أَلَّا نُؤْمِنَ لِرَسُوْلٍ حَتّٰى يَأْتِيَنَا بِقُرْبَانٍ تَأْكُلُهُ النَّارُ ۗ قُلْ قَدْ جَآءَكُمْ رُسُلٌ مِّنْ قَبْلِيْ بِالْبَيِّنٰتِ وَ بِالَّذِيْ قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوْهُمْ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٨٣﴾

১৮৩। যারা বলে, 'নিশ্চয় আল্লাহ্ আমাদেরকে নির্দেশ দিয়েছেন যেন আমরা কোন রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন না করি যতক্ষণ পর্যন্ত তিনি আমাদের নিকট এমন এক কুরবানী নিয়ে না আসেন যাকে আগুন (এসে) খেয়ে ফেলবে*। বল, 'আমার পূর্বে বহু রাসূল স্পষ্ট প্রমাণাদিসহ এবং তোমরা যা বলেছ তা নিয়ে তোমাদের নিকট এসেছিল, তাহলে কেন তোমরা তাদেরকে হত্যা করেছিলে- যদি তোমরা সত্যবাদী হও?'

فَاِنْ كَذَّبُوْكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّنْ قَبْلِكَ جَآءُوْ بِالْبَيِّنٰتِ وَ الزُّبُرِ وَ الْكِتٰبِ الْمُنِيْرِ ﴿١٨٤﴾

১৮৪। অতঃপর যদি তারা তোমাকে মিথ্যাবাদী বলে*, তবে তোমার পূর্বেও রাসূলদেরকে মিথ্যাবাদী বলা হয়েছিল, যারা স্পষ্ট প্রমাণাদি, যাবুরসমূহ (লিখিত নির্দেশাবলী) এবং দীপ্তিমান কিতাবসহ এসেছিল।

كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ؕ وَ اِنَّمَا تُوَفَّوْنَ اُجُوْرَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ فَمَنْ زُحْزِحَ عَنِ النَّارِ وَ اُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ؕ وَ مَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ﴿١٨٥﴾

১৮৫। প্রত্যেক ব্যক্তিই মৃত্যুর স্বাদ গ্রহণকারী*। এবং কেবল কিয়ামতের দিনই তোমাদেরকে তোমাদের প্রতিদান পুরোপুরি দেয়া হবে। অতঃপর যাকে আগুন থেকে দূরে রাখা হবে এবং জান্নাতে প্রবেশ করানো হবে সে অবশ্যই সফল হবে। আর দুনিয়ার জীবন প্রতারণার সামগ্রী ছাড়া কিছুই নয়।

لَتُبْلَوُنَّ فِيْٓ اَمْوَالِكُمْ وَ اَنْفُسِكُمْ ۫ وَ لَتَسْمَعُنَّ مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَ مِنَ الَّذِيْنَ اَشْرَكُوْٓا اَذًى كَثِيْرًا ؕ وَ اِنْ تَصْبِرُوْا وَ تَتَّقُوْا فَاِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿١٨٦﴾

১৮৬। অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করা হবে তোমাদের ধন-সম্পদে এবং তোমাদের নিজেদের (জীবনের) মধ্যে। আর তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদের নিকট থেকে এবং যারা শরীক করেছে তাদের নিকট থেকে তোমরা অবশ্যই অনেক কষ্টদায়ক কথা শুনবে। আর যদি তোমরা ধৈর্য ধারণ কর ও তাকওয়া অবলম্বন কর, তবে নিশ্চয় এটি হবে দৃঢ় সংকল্পের বিষয়সমূহের অন্তর্ভুক্ত।

وَ اِذْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَتُبَيِّنُنَّهٗ لِلنَّاسِ وَ لَا تَكْتُمُوْنَهٗ فَنَبَذُوْهُ وَرَآءَ ظُهُوْرِهِمْ وَ اشْتَرَوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ؕ فَبِئْسَ مَا يَشْتَرُوْنَ ﴿١٨٧﴾

১৮৭। এবং যখন আল্লাহ্ তাদের অঙ্গীকার নিয়েছিলেন যাদেরকে কিতাব দেয়া হয়েছিল (এই মর্মে যে), 'তোমরা অবশ্যই তা মানুষের নিকট স্পষ্টভাবে বর্ণনা করবে এবং তা গোপন করবে না।' অতঃপর একে তারা তাদের পিছনে নিক্ষেপ করল (অগ্রাহ্য করল) এবং এর বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করল। সুতরাং তারা যে মূল্য গ্রহণ করে তা কতই না নিকৃষ্ট!

لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ يَفْرَحُوْنَ بِمَآ اَتَوْا وَّ يُحِبُّوْنَ اَنْ يُّحْمَدُوْا بِمَا لَمْ يَفْعَلُوْا فَلَا تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِّنَ الْعَذَابِ ۚ وَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٨٨﴾

১৮৮। যারা (নিজেরা) যা করেছে তাতে উৎফুল্ল হয়* এবং যা তারা (নিজেরা) করেনি তার জন্য প্রশংসিত হতে ভালবাসে তাদেরকে তুমি কখনো মনে করো না যে, তারা শাস্তি থেকে পার পেয়ে যাবে। এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَ لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ؕ وَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٨٩﴾

ع ١٩ ١٠ ١٩ রুকু ১০

১৮৯। এবং আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্রই। এবং আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।

اِنَّ فِيْ خَلْقِ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ وَ اخْتِلَافِ الَّيْلِ وَ النَّهَارِ لَاٰيٰتٍ لِّاُولِي الْاَلْبَابِ ﴿١٩٠﴾

১৯০। নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিতে এবং রাত ও দিনের পরিবর্তনে অবশ্যই নির্দশনাবলী রয়েছে বুদ্ধিমানদের জন্য-

الَّذِيْنَ يَذْكُرُوْنَ اللّٰهَ قِيَامًا وَّ قُعُوْدًا وَّ عَلٰى جُنُوْبِهِمْ وَ يَتَفَكَّرُوْنَ فِيْ خَلْقِ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ۚ رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلًا ۚ سُبْحٰنَكَ فَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٩١﴾

১৯১। যারা আল্লাহ্কে স্মরণ করে দাঁড়িয়ে, বসে ও তাদের পার্শ্বের উপর (শয়নে) এবং আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তা করে (এবং বলে), হে আমাদের প্রতিপালক! আপনি একে বাতিল হিসেবে (অযথা) সৃষ্টি করেননি, পবিত্র আপনি, সুতরাং আপনি আমাদেরকে আগুনের শাস্তি থেকে রক্ষা করুন।

رَبَّنَآ اِنَّكَ مَنْ تُدْخِلِ النَّارَ فَقَدْ اَخْزَيْتَهٗ ؕ وَ مَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿١٩٢﴾

১৯২। হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনি যাকে আগুনে প্রবেশ করান তাকে অবশ্যই আপনি অপমানিত করলেন। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।

১৯৩। হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা একজন আহ্বানকারীকে ঈমানের দিকে আহ্বান করতে শুনেছি (এই বলে) যে, 'তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আন,' সুতরাং আমরা ঈমান এনেছি। হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের অপরাধসমূহ ক্ষমা করুন, আমাদের পাপসমূহ মোচন করুন এবং আমাদেরকে পুণ্যবানদের সাথে মৃত্যু দান করুন।

رَبَّنَآ اِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُّنَادِىْ لِلْاِيْمَانِ اَنْ اٰمِنُوْا بِرَبِّكُمْ فَاٰمَنَّا ۖ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّاٰتِنَا وَتَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ ۚ ﴿١٩٣﴾

১৯৪। হে আমাদের প্রতিপালক! আপনার রাসূলদের মাধ্যমে আমাদেরকে যা প্রতিশ্রুতি দিয়েছেন তা আমাদেরকে দান করুন এবং কিয়ামতের দিন আমাদেরকে অপমানিত করবেন না। নিশ্চয় আপনি প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।

رَبَّنَا وَاٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ ﴿١٩٤﴾

১৯৫। সুতরাং তাদের প্রতিপালক তাদেরকে সাড়া দিলেন (এবং বললেন) যে, আমি তোমাদের মধ্যে (সৎ) কর্মশীল কোন নর অথবা নারীর কাজকে বিনষ্ট করি না; তোমরা একে অপরের অংশ। সুতরাং যারা হিজরত করেছে, তাদের আবাসমূহ থেকে বহিস্কৃত হয়েছে, আমার পথে নির্যাতিত হয়েছে এবং যুদ্ধ করেছে ও নিহত হয়েছে অবশ্যই আমি তাদের পাপসমূহ মোচন করব এবং অবশ্যই তাদেরকে প্রবেশ করাব জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত। এটি আল্লাহ্‌র পক্ষ থেকে পুরস্কার (ছওয়াব)। আর আল্লাহ্‌রই নিকট রয়েছে উত্তম পুরস্কার।

فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ اَنِّىْ لَآ اُضِيْعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى ۚ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَالَّذِيْنَ هَاجَرُوْا وَاُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ وَاُوْذُوْا فِىْ سَبِيْلِىْ وَقٰتَلُوْا وَقُتِلُوْا لَاُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَاُدْخِلَنَّهُمْ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ ثَوَابًا مِّنْ عِنْدِ اللّٰهِ ؕ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الثَّوَابِ ﴿١٩٥﴾

১৯৬। যারা কুফরী করেছে, নগরসমূহে তাদের (অবাধ) বিচরণ যেন কখনো তোমাকে প্রতারিত না করে।

لَا يَغُرَّنَّكَ تَقَلُّبُ الَّذِيْنَ كَفَرُوْا فِى الْبِلَادِ ؕ ﴿١٩٦﴾

১৯৭। (দুনিয়ায় তাদের) ভোগ্যসামগ্রী সামান্যই; এরপর তাদের আশ্রয়স্থল হবে জাহান্নাম। আর কতই না নিকৃষ্ট এ বিশ্রামস্থল!

مَتَاعٌ قَلِيْلٌ ۫ ثُمَّ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٩٧﴾

১৯৮। কিন্তু যারা তাদের প্রতিপালককে ভয় করেছে তাদের জন্য রয়েছে জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে- আল্লাহ্‌র পক্ষ থেকে আপ্যায়ন হিসেবে। আর আল্লাহ্‌র নিকট যা আছে তা পুণ্যবানদের জন্য উত্তম।

لٰكِنِ الَّذِيْنَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ جَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا نُزُلًا مِّنْ عِنْدِ اللّٰهِ ؕ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ لِّلْاَبْرَارِ ﴿١٩٨﴾

১৯৯। আর নিশ্চয় আহলে কিতাবের মধ্যে এমন কিছু লোক রয়েছে* যারা আল্লাহ্‌র জন্য বিনয়ী হয়ে অবশ্যই ঈমান আনে আল্লাহ্‌র প্রতি এবং যা অবতীর্ণ করা হয়েছে তোমাদের প্রতি এবং যা অবতীর্ণ করা হয়েছিল তাদের প্রতি, তারা আল্লাহ্‌র আয়াতসমূহের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করে না। তাদেরই জন্য তাদের প্রতিপালকের নিকট রয়েছে তাদের প্রতিদান। নিশ্চয় আল্লাহ্ হিসাবে দ্রুত।

وَاِنَّ مِنْ اَهْلِ الْكِتٰبِ لَمَنْ يُّؤْمِنُ بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ اِلَيْكُمْ وَمَآ اُنْزِلَ اِلَيْهِمْ خٰشِعِيْنَ لِلّٰهِ ۙ لَا يَشْتَرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ثَمَنًا قَلِيْلًا ؕ اُولٰٓئِكَ لَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ؕ اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿١٩٩﴾

২০০। ওহে যারা ঈমান এনেছ! তোমরা ধৈর্য ধারণ কর, (যুদ্ধে) ধৈর্যের ক্ষেত্রে তাদেরকে পরাজিত কর এবং (যুদ্ধের জন্য) সতর্ক-প্রস্তুত থাক এবং আল্লাহ্‌কে ভয় কর, যাতে তোমরা সফল হতে পার।

ع ٢٠ ١١ ٢٠ রুকূ ١١

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اصْبِرُوْا وَصَابِرُوْا وَرَابِطُوْا ۫ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٢٠٠﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪. সূরা আন-নিসা, মাদানী

১৭৬ আয়াত, ২৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤-سُوْرَةُ النِّسَآءِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٧٦، رُكُوْعَاتُهَا-٢٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। হে মানুষ! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর যিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন এবং তার থেকে তার জোড়া সৃষ্টি করেছেন এবং তাদের দু'জন থেকে বহু নর-নারী ছড়িয়ে দিয়েছেন, এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর যাঁর (নামের) মাধ্যমে তোমরা একে অপরের নিকট (কোন কিছু) চেয়ে থাক এবং আত্মীয়তার বন্ধনকেও (ভয় কর)। নিশ্চয় আল্লাহ্ তোমাদের উপর পর্যবেক্ষক।

يٰٓاَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمُ الَّذِىْ خَلَقَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ وَّ خَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيْرًا وَّنِسَآءً ۚ وَاتَّقُوا اللّٰهَ الَّذِىْ تَسَآءَلُوْنَ بِهٖ وَالْاَرْحَامَ ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلَيْكُمْ رَقِيْبًا ①

২। এবং ইয়াতীমদেরকে তাদের ধন-সম্পদ প্রদান কর এবং পবিত্র (বস্তু) দিয়ে নিকৃষ্ট (বস্তু) বদল করে নিও না। এবং তোমাদের সম্পদের সাথে তাদের সম্পদ খেয়ে ফেলো না। নিশ্চয় তা মহাপাপ।

وَاٰتُوا الْيَتٰمٰٓى اَمْوَالَهُمْ وَلَا تَتَبَدَّلُوا الْخَبِيْثَ بِالطَّيِّبِ ۠ وَلَا تَاْكُلُوْٓا اَمْوَالَهُمْ اِلٰٓى اَمْوَالِكُمْ ۭ اِنَّهٗ كَانَ حُوْبًا كَبِيْرًا ②

৩। এবং যদি তোমরা আশঙ্কা কর যে, (তোমাদের অভিভাবকত্বে থাকা) ইয়াতীম মেয়েদের (বিয়ে করে তাদের) প্রতি ন্যায়বিচার* করতে পারবে না, তাহলে (অন্য) নারীদের মধ্য থেকে তোমাদের খুশিমত, দুই দুই*, তিন তিন অথবা চার চার জনকে* বিয়ে কর, আর যদি আশঙ্কা কর যে, তোমরা সমতা রক্ষা করতে পারবে না তবে একজনকে (বিয়ে কর) অথবা তোমাদের ডানহাত যা মালিক হয়েছে তাকে (দাসীকে)। এটিই অধিক উপযোগী যে, তোমরা (অবিচারের দিকে) ঝুঁকে পড়বে না।

وَاِنْ خِفْتُمْ اَلَّا تُقْسِطُوْا فِى الْيَتٰمٰى فَانْكِحُوْا مَا طَابَ لَكُمْ مِّنَ النِّسَآءِ مَثْنٰى وَثُلٰثَ وَرُبٰعَ ۚ فَاِنْ خِفْتُمْ اَلَّا تَعْدِلُوْا فَوَاحِدَةً اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۭ ذٰلِكَ اَدْنٰٓى اَلَّا تَعُوْلُوْا ③

৪। এবং তোমরা স্ত্রীদেরকে তাদের মোহরানা* প্রদান কর খুশি মনে। আর তারা যদি খুশি হয়ে তা থেকে কিছু তোমাদের জন্য ছেড়ে দেয়, তবে তোমরা তা সচ্ছন্দে খাও।

وَاٰتُوا النِّسَآءَ صَدُقٰتِهِنَّ نِحْلَةً ۭ فَاِنْ طِبْنَ لَكُمْ عَنْ شَيْءٍ مِّنْهُ نَفْسًا فَكُلُوْهُ هَنِيْۗـــًٔا مَّرِيْۗـــًٔا ④

৫। এবং তোমাদের ধন-সম্পদ, যা আল্লাহ্ তোমাদের জন্য জীবন ধারণের উপকরণ বানিয়েছেন, তা অবুঝদেরকে প্রদান করো না এবং তা থেকে তাদেরকে ভরণ-পোষণ দাও এবং পোশাক-আশাক দাও এবং তাদের সাথে সৌহার্দ্যপূর্ণ কথা বল।

وَلَا تُؤْتُوا السُّفَهَاۗءَ اَمْوَالَكُمُ الَّتِىْ جَعَلَ اللّٰهُ لَكُمْ قِيٰمًا وَّارْزُقُوْهُمْ فِيْهَا وَاكْسُوْهُمْ وَقُوْلُوْا لَهُمْ قَوْلًا مَّعْرُوْفًا ⑤

৬। এবং তোমরা ইয়াতীমদেরকে যাচাই কর যতক্ষণ না তারা বিবাহ (করার বয়স) পর্যন্ত পৌঁছে, এবং যদি তাদের মধ্যে (ভাল-মন্দের) বিচার-বিবেচনা দেখ তাহলে তাদের ধন-সম্পদ তাদেরকে প্রদান কর এবং তোমরা তা অপচয় করে ও তাড়াতাড়ি করে খেয়ে ফেলো না যে, তারা বড় হয়ে যাচ্ছে। আর যে ধনী সে যেন বিরত থাকে, এবং যে গরীব (ফকির) সে যেন ন্যায়সঙ্গতভাবে খায়। এবং যখন তোমরা তাদেরকে তাদের ধন-সম্পদ প্রদান করবে তখন তাদের ব্যাপারে সাক্ষী রেখো। আর হিসাব গ্রহণকারী হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

وَابْتَلُوا الْيَتٰمٰى حَتّٰٓى اِذَا بَلَغُوا النِّكَاحَ ۚ فَاِنْ اٰنَسْتُمْ مِّنْهُمْ رُشْدًا فَادْفَعُوْٓا اِلَيْهِمْ اَمْوَالَهُمْ ۚ وَلَا تَاْكُلُوْهَآ اِسْرَافًا وَّبِدَارًا اَنْ يَّكْبَرُوْا ۭ وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَعْفِفْ ۚ وَمَنْ كَانَ فَقِيْرًا فَلْيَاْكُلْ بِالْمَعْرُوْفِ ۭ فَاِذَا دَفَعْتُمْ اِلَيْهِمْ اَمْوَالَهُمْ فَاَشْهِدُوْا عَلَيْهِمْ ۭ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ⑥

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ ۪ وَلِلنِّسَآءِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ مِمَّا قَلَّ مِنْهُ اَوْ كَثُرَ ؕ نَصِيْبًا مَّفْرُوْضًا ۝٧

৭। পিতা-মাতা এবং আত্মীয়-স্বজন যা (ধন-সম্পদ) রেখে যায় তাতে পুরুষের জন্য অংশ রয়েছে এবং নারীর জন্যও পিতা-মাতা ও আত্মীয়-স্বজন যা (ধন-সম্পদ) রেখে যায় তাতে অংশ* রয়েছে- তা কম হোক বা বেশি হোক- একটি নির্ধারিত অংশ।

وَاِذَا حَضَرَ الْقِسْمَةَ اُولُوا الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنُ فَارْزُقُوْهُمْ مِّنْهُ وَقُوْلُوْا لَهُمْ قَوْلًا مَّعْرُوْفًا ۝٨

৮। এবং যখন আত্মীয়-স্বজন,* ইয়াতীম ও অভাবগ্রস্তরা (ধন-সম্পদ) বন্টনে উপস্থিত হয় তখন তাদেরকে তা থেকে কিছু রিযিক দাও এবং তাদের সাথে সৌহার্দ্যপূর্ণ কথা বল।

وَلْيَخْشَ الَّذِيْنَ لَوْ تَرَكُوْا مِنْ خَلْفِهِمْ ذُرِّيَّةً ضِعٰفًا خَافُوْا عَلَيْهِمْ ۪ فَلْيَتَّقُوا اللّٰهَ وَلْيَقُوْلُوْا قَوْلًا سَدِيْدًا ۝٩

৯। এবং তারা যেন (ইয়াতীমদের ব্যাপারে) ভয় করে যেমন ভয় করত নিজেদের অসহায় সন্তানদেরকে রেখে (মারা) গেলে। সুতরাং তারা যেন আল্লাহ্‌কে ভয় করে এবং সঠিক কথা বলে।

اِنَّ الَّذِيْنَ يَاْكُلُوْنَ اَمْوَالَ الْيَتٰمٰى ظُلْمًا اِنَّمَا يَاْكُلُوْنَ فِيْ بُطُوْنِهِمْ نَارًا ؕ وَسَيَصْلَوْنَ سَعِيْرًا ۝١٠

ع ১ ৩ ১ রুকূ ১২

১০। নিশ্চয় যারা ইয়াতীমদের ধন-সম্পদ জুলুম করে খায়, তারা কেবল তাদের পেটে আগুন ভর্তি করে। এবং শীঘ্রই তারা জ্বলন্ত আগুনে প্রবেশ করবে।

يُوْصِيْكُمُ اللّٰهُ فِيْٓ اَوْلَادِكُمْ ۗ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْاُنْثَيَيْنِ ۚ فَاِنْ كُنَّ نِسَآءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ ۚ وَاِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ ؕ وَلِاَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ اِنْ كَانَ لَهٗ وَلَدٌ ۚ فَاِنْ لَّمْ يَكُنْ لَّهٗ وَلَدٌ وَّوَرِثَهٗٓ اَبَوٰهُ فَلِاُمِّهِ الثُّلُثُ ۚ فَاِنْ كَانَ لَهٗٓ اِخْوَةٌ فَلِاُمِّهِ السُّدُسُ مِنْۢ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصِيْ بِهَآ اَوْ دَيْنٍ ؕ اٰبَآؤُكُمْ وَاَبْنَآؤُكُمْ لَا تَدْرُوْنَ اَيُّهُمْ اَقْرَبُ لَكُمْ نَفْعًا ؕ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ۝١١

১১। আল্লাহ্‌ তোমাদের সন্তানদের সম্পর্কে নির্দেশ দিচ্ছেন, পুরুষের জন্য রয়েছে দুই নারীর অংশের সমান, কিন্তু যদি তারা (সবাই) নারী (কন্যা) হয়- দুই ও এর অধিক, তাহলে তাদের জন্য তার তিন ভাগের দুই ভাগ যা সে (মৃত ব্যক্তি) রেখে গেছে, এবং যদি সে (কন্যা) একজন হয় তবে তার জন্য অর্ধেক। এবং তার পিতা-মাতা প্রত্যেকের জন্য ছয় ভাগের এক ভাগ যা সে রেখে গেছে তা থেকে- যদি তার (মৃত ব্যক্তির) কোন সন্তান থাকে, আর যদি তার কোন সন্তান না থাকে এবং তার পিতা-মাতা তার উত্তরাধিকারী হয় তাহলে তার মাতার জন্য তিন ভাগের এক ভাগ, আর যদি তার (মৃত ব্যক্তির) ভাই-বোন থাকে তাহলে তার মাতার জন্য ছয় ভাগের এক ভাগ- ওসিয়ত (পূরণ) এর পর, যা সে ওসিয়ত করে অথবা ঋণ (পরিশোধের পর)। তোমাদের পিতা ও সন্তানদের মধ্যে উপকারের দিক থেকে কে তোমাদের নিকটতর তা তোমরা জান না। (এই বন্টন) আল্লাহ্‌র পক্ষ থেকে এক অবশ্য পালনীয় (বিধান)। নিশ্চয় আল্লাহ্‌ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

১২। এবং তোমাদের জন্য রয়েছে তার অর্ধেক যা রেখে গেছে তোমাদের স্ত্রীরা যদি তাদের কোন সন্তান না থাকে, আর যদি তাদের সন্তান থাকে তাহলে তোমাদের জন্য তার চার ভাগের এক ভাগ যা তারা রেখে গেছে- ওসিয়ত (পূরণ) এর পর, যা তারা ওসিয়ত করে অথবা ঋণ (পরিশোধের পর)। এবং তাদের জন্য রয়েছে চার ভাগের এক ভাগ তা থেকে যা তোমরা রেখে যাও, যদি তোমাদের কোন সন্তান না থাকে, আর যদি তোমাদের সন্তান থাকে তাহলে তাদের (স্ত্রীদের) জন্য আট ভাগের এক ভাগ তা থেকে যা তোমরা রেখে যাও-ওসিয়ত (পূরণ) এর পর, যা তোমরা ওসিয়ত কর অথবা ঋণ (পরিশোধের পর)। কোন পুরুষ বা নারী যদি পিতা-মাতা বা সন্তান-সন্ততিকে উত্তরাধিকারী হিসেবে না রেখে যায় এবং তার এক ভাই অথবা এক বোন থাকে তাহলে তাদের দু'জনের প্রত্যেকের জন্য ছয় ভাগের এক ভাগ, আর যদি তারা একের অধিক হয় তাহলে তারা (সবাই) তিন ভাগের এক ভাগে অংশীদার হবে- ওসিয়ত (পূরণ) এর পর, যা ওসিয়ত করা হয় অথবা ঋণ (পরিশোধের পর), কোন প্রকার ক্ষতি না করে। এটি আল্লাহ্‌র পক্ষ থেকে নির্দেশ। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও পরম সহনশীল।

وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ اَزْوَاجُكُمْ اِنْ لَّمْ يَكُنْ لَّهُنَّ وَلَدٌ ۚ فَاِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْۢ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصِيْنَ بِهَآ اَوْ دَيْنٍ ؕ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ اِنْ لَّمْ يَكُنْ لَّكُمْ وَلَدٌ ۚ فَاِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِّنْۢ بَعْدِ وَصِيَّةٍ تُوْصُوْنَ بِهَآ اَوْ دَيْنٍ ؕ وَاِنْ كَانَ رَجُلٌ يُّوْرَثُ كَلٰلَةً اَوِ امْرَاَةٌ وَّلَهٗٓ اَخٌ اَوْ اُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ ۚ فَاِنْ كَانُوْٓا اَكْثَرَ مِنْ ذٰلِكَ فَهُمْ شُرَكَآءُ فِي الثُّلُثِ مِنْۢ بَعْدِ وَصِيَّةٍ يُّوْصٰى بِهَآ اَوْ دَيْنٍ ۙ غَيْرَ مُضَآرٍّ ۚ وَصِيَّةً مِّنَ اللّٰهِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَلِيْمٌ ﴿١٢﴾

১৩। এসব আল্লাহ্‌র (নির্ধারিত) সীমা। এবং যে আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করবে তাকে তিনি প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে। আর এটিই মহাসাফল্য।

تِلْكَ حُدُوْدُ اللّٰهِ ؕ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ يُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١٣﴾

১৪। আর যে আল্লাহ্ ও তাঁর রাসূলকে অমান্য করবে এবং তাঁর (নির্ধারিত) সীমা লঙ্ঘন করবে তাকে তিনি আগুনে প্রবেশ করাবেন। সেখানে সে স্থায়ী হবে এবং তার জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

ع ٢ ١٣ ٢ রুকূ ١٣

وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَتَعَدَّ حُدُوْدَهٗ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيْهَا ۖ وَلَهٗ عَذَابٌ مُّهِيْنٌ ﴿١٤﴾

১৫। আর তোমাদের নারীদের মধ্যে যারা অশ্লীলতা (ব্যাভিচার) করে তাদের বিরুদ্ধে তোমাদের মধ্য থেকে চারজন (সাক্ষী) তলব কর। যদি তারা সাক্ষ্য দেয় তাহলে তাদেরকে (ব্যাভিচারীনিদেরকে) ঘরে আটক রাখ যে পর্যন্ত না মৃত্যু তাদের জীবনাবসান করে অথবা আল্লাহ্ তাদের জন্য কোন পথ করে দেন।

وَالّٰتِيْ يَاْتِيْنَ الْفَاحِشَةَ مِنْ نِّسَآئِكُمْ فَاسْتَشْهِدُوْا عَلَيْهِنَّ اَرْبَعَةً مِّنْكُمْ ۚ فَاِنْ شَهِدُوْا فَاَمْسِكُوْهُنَّ فِي الْبُيُوْتِ حَتّٰى يَتَوَفّٰهُنَّ الْمَوْتُ اَوْ يَجْعَلَ اللّٰهُ لَهُنَّ سَبِيْلًا ﴿١٥﴾

১৬। এবং তোমাদের মধ্যে যে দু'জন তাতে (ব্যাভিচারে) লিপ্ত হবে তাদেরকে তোমরা কষ্ট দাও (অপদস্থ কর)। যদি তারা দু'জন তওবা করে এবং (নিজদেরকে) সংশোধন করে নেয় তাহলে তাদের থেকে নিবৃত্ত থাক। নিশ্চয় আল্লাহ্ তওবা কবুলকারী ও পরম দয়ালু।

وَالَّذٰنِ يَاْتِيٰنِهَا مِنْكُمْ فَاٰذُوْهُمَا ۚ فَاِنْ تَابَا وَاَصْلَحَا فَاَعْرِضُوْا عَنْهُمَا ؕ اِنَّ اللّٰهَ كَانَ تَوَّابًا رَّحِيْمًا ﴿١٦﴾

১৭। আল্লাহ্‌র দায়িত্ব কেবল তাদের তওবা কবুল করা যারা অজ্ঞতাবশতঃ মন্দ কাজ করে এরপর নিকটবর্তী সময়ে তওবা করে এবং তাদের তওবাই আল্লাহ্ কবুল করেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

اِنَّمَا التَّوْبَةُ عَلَى اللّٰهِ لِلَّذِيْنَ يَعْمَلُوْنَ السُّوْٓءَ بِجَهَالَةٍ ثُمَّ يَتُوْبُوْنَ مِنْ قَرِيْبٍ فَاُولٰٓئِكَ يَتُوْبُ اللّٰهُ عَلَيْهِمْ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿١٧﴾

১৮। আর তওবা তাদের জন্য নয়* যারা মন্দ কাজ করে, অবশেষে যখন তাদের কারো নিকট মৃত্যু উপস্থিত হয় তখন বলে, 'নিশ্চয় আমি তওবা করছি' এবং (তওবা) তাদের জন্যও নয় যারা মৃত্যুবরণ করে কাফির অবস্থায়। তাদেরই জন্য আমি প্রস্তুত করেছি যন্ত্রণাদায়ক শাস্তি।

وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ ۚ حَتّٰٓى اِذَا حَضَرَ
اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ اِنِّىْ تُبْتُ الْـٰٔنَ وَلَا الَّذِيْنَ يَمُوْتُوْنَ وَ
هُمْ كُفَّارٌ ؕ اُولٰٓئِكَ اَعْتَدْنَا لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٨﴾

১৯। ওহে যারা ঈমান এনেছ! বলপূর্বক নারীদের উত্তরাধিকারী* হওয়া (মালিক হয়ে বসা) তোমাদের জন্য হালাল নয়। এবং তোমরা তাদেরকে (নারীদেরকে) যা দিয়েছ তার অংশ বিশেষ নেয়ার উদ্দেশ্যে তাদেরকে জ্বালাতন করো না যদি না তারা স্পষ্ট অশ্লীলতায় লিপ্ত হয়। এবং তাদের সাথে সৌহার্দ্যের সাথে জীবন-যাপন কর। আর যদি তোমরা তাদেরকে অপছন্দ কর তাহলে হতে পারে যে, তোমরা এমন কিছুকে অপছন্দ করছ ,অথচ আল্লাহ্ তার মধ্যে অনেক কল্যাণ রেখেছেন।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا يَحِلُّ لَكُمْ اَنْ تَرِثُوا النِّسَآءَ كَرْهًا ؕ
وَلَا تَعْضُلُوْهُنَّ لِتَذْهَبُوْا بِبَعْضِ مَآ اٰتَيْتُمُوْهُنَّ اِلَّآ اَنْ يَّاْتِيْنَ
بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ ۚ وَعَاشِرُوْهُنَّ بِالْمَعْرُوْفِ ۚ فَاِنْ كَرِهْتُمُوْهُنَّ
فَعَسٰٓى اَنْ تَكْرَهُوْا شَيْئًا وَّيَجْعَلَ اللّٰهُ فِيْهِ خَيْرًا كَثِيْرًا ﴿١٩﴾

২০। এবং যদি তোমরা এক স্ত্রীর স্থলে অন্য এক স্ত্রী স্থলাভিষিক্ত করতে চাও এবং তাদের একজনকে বিপুল পরিমাণ (মোহরানা ও যাবতীয় উপহার) দিয়ে থাক তবু তা থেকে কিছুই (ফেরত) গ্রহণ করো না*। তোমরা কি অপবাদ* ও সুস্পষ্ট পাপ হিসেবে (অন্যায়ভাবে) তা গ্রহণ করবে?

وَاِنْ اَرَدْتُّمُ اسْتِبْدَالَ زَوْجٍ مَّكَانَ زَوْجٍ ۙ وَّاٰتَيْتُمْ اِحْدٰىهُنَّ
قِنْطَارًا فَلَا تَاْخُذُوْا مِنْهُ شَيْئًا ؕ اَتَاْخُذُوْنَهٗ بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿٢٠﴾

২১। আর কিভাবে তোমরা তা গ্রহণ করবে, অথচ তোমরা একে অপরের সাথে মিলিত হয়েছ এবং তারা (বিবাহ বন্ধন কালে) তোমাদের নিকট থেকে নিয়েছে দৃঢ় অঙ্গীকার?

وَكَيْفَ تَاْخُذُوْنَهٗ وَقَدْ اَفْضٰى بَعْضُكُمْ اِلٰى بَعْضٍ وَّاَخَذْنَ
مِنْكُمْ مِّيْثَاقًا غَلِيْظًا ﴿٢١﴾

২২। এবং তোমাদের পিতৃপুরুষ যে নারীদেরকে বিয়ে করেছে, তোমরা তাদেরকে বিয়ে করো না, পূর্বে যা হয়ে গেছে তা ছাড়া। নিশ্চয় তা অশ্লীল, ঘৃণ্য ও নিকৃষ্ট পথ।

ع ٣ ٨ ١٤ ৩ রুকু ১৪

وَلَا تَنْكِحُوْا مَا نَكَحَ اٰبَآؤُكُمْ مِّنَ النِّسَآءِ اِلَّا مَا قَدْ سَلَفَ ؕ اِنَّهٗ
كَانَ فَاحِشَةً وَّمَقْتًا ؕ وَسَآءَ سَبِيْلًا ﴿٢٢﴾

২৩। তোমাদের জন্য (বিয়ে করা) হারাম করা হলো তোমাদের মাতা, তোমাদের কন্যা, তোমাদের বোন*, তোমাদের ফুফু, তোমাদের খালা, ভাইয়ের মেয়ে, বোনের মেয়ে, তোমাদের মাতা যারা তোমাদেরকে দুধ পান করিয়েছে, দুধ বোন, তোমাদের স্ত্রীদের মাতা (শাশুড়ী) ও তোমাদের যে সব স্ত্রীদের সাথে তোমরা সহবাস করেছ তাদের সে সব কন্যা যারা লালিত পালিত হয়ে তোমাদের ঘরেই আছে, কিন্তু যদি তোমরা তাদের (অর্থাৎ সেই স্ত্রীদের) সাথে সহবাস না করে থাক তবে তাদের কন্যাদের বিয়ে করাতে তোমাদের কোন অপরাধ নেই, এবং (হারাম করা হল) তোমাদের ঔরসজাত পুত্রদের স্ত্রীদের এবং দুই বোনকে একত্রে বিয়ে করা, পূর্বে যা গত হয়েছে তা ছাড়া। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু-

حُرِّمَتْ عَلَيْكُمْ اُمَّهٰتُكُمْ وَبَنٰتُكُمْ وَاَخَوٰتُكُمْ وَعَمّٰتُكُمْ وَ
خٰلٰتُكُمْ وَبَنٰتُ الْاَخِ وَبَنٰتُ الْاُخْتِ وَاُمَّهٰتُكُمُ الّٰتِىْٓ اَرْضَعْنَكُمْ
وَاَخَوٰتُكُمْ مِّنَ الرَّضَاعَةِ وَاُمَّهٰتُ نِسَآئِكُمْ وَرَبَآئِبُكُمُ الّٰتِىْ
فِىْ حُجُوْرِكُمْ مِّنْ نِّسَآئِكُمُ الّٰتِىْ دَخَلْتُمْ بِهِنَّ ۫ فَاِنْ لَّمْ تَكُوْنُوْا
دَخَلْتُمْ بِهِنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ ۫ وَحَلَآئِلُ اَبْنَآئِكُمُ الَّذِيْنَ مِنْ
اَصْلَابِكُمْ ۙ وَاَنْ تَجْمَعُوْا بَيْنَ الْاُخْتَيْنِ اِلَّا مَا قَدْ سَلَفَ ؕ اِنَّ
اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٢٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-৫

وَّ الْمُحْصَنٰتُ مِنَ النِّسَآءِ اِلَّا مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۚ كِتٰبَ اللّٰهِ عَلَيْكُمْ ۚ وَ اُحِلَّ لَكُمْ مَّا وَرَآءَ ذٰلِكُمْ اَنْ تَبْتَغُوْا بِاَمْوَالِكُمْ مُّحْصِنِيْنَ غَيْرَ مُسٰفِحِيْنَ ؕ فَمَا اسْتَمْتَعْتُمْ بِهٖ مِنْهُنَّ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ فَرِيْضَةً ؕ وَ لَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا تَرٰضَيْتُمْ بِهٖ مِنْۢ بَعْدِ الْفَرِيْضَةِ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ﴿۲۴﴾

২৪। এবং (বিয়ে করা হারাম করা হল) বিবাহ বন্ধনে আবদ্ধ নারীদেরকে, তবে যা মালিক হয়েছে তোমাদের ডান হাত তাদেরকে (যুদ্ধ বন্দিনীদেরকে*) ছাড়া। (এটি) তোমাদের উপর আল্লাহ্‌র বিধান। এবং এরা (এসব নারীরা) ছাড়া (অন্য) যারা রয়েছে তাদেরকে তোমাদের ধন-সম্পদের বিনিময়ে (বিয়ে করতে) চাওয়া তোমাদের জন্য হালাল করা হল, সচ্চরিত্রবান থেকে ব্যভিচারী না হয়ে। অতঃপর তাদের থেকে যাদেরকে তোমরা উপভোগ কর তাদেরকে তাদের প্রাপ্য* (মোহরানা) অবশ্য পালনীয় হিসেবে প্রদান কর। এবং নির্ধারিত অংশের (মোহরানার) পর তোমরা যে বিষয়ে পরস্পর সম্মত হও* তাতে তোমাদের কোন অপরাধ নেই। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَ مَنْ لَّمْ يَسْتَطِعْ مِنْكُمْ طَوْلًا اَنْ يَّنْكِحَ الْمُحْصَنٰتِ الْمُؤْمِنٰتِ فَمِنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ فَتَيٰتِكُمُ الْمُؤْمِنٰتِ ؕ وَ اللّٰهُ اَعْلَمُ بِاِيْمَانِكُمْ ؕ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَانْكِحُوْهُنَّ بِاِذْنِ اَهْلِهِنَّ وَ اٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ بِالْمَعْرُوْفِ مُحْصَنٰتٍ غَيْرَ مُسٰفِحٰتٍ وَّ لَا مُتَّخِذٰتِ اَخْدَانٍ ۚ فَاِذَاۤ اُحْصِنَّ فَاِنْ اَتَيْنَ بِفَاحِشَةٍ فَعَلَيْهِنَّ نِصْفُ مَا عَلَى الْمُحْصَنٰتِ مِنَ الْعَذَابِ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِيَ الْعَنَتَ مِنْكُمْ ؕ وَ اَنْ تَصْبِرُوْا خَيْرٌ لَّكُمْ ؕ وَ اللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۲۵﴾

২৫। এবং তোমাদের মধ্যে যে স্বাধীন মু'মিন নারীকে বিয়ে করার সামর্থ্য রাখে না সে বিয়ে করবে তোমাদের মু'মিন দাসীদের মধ্য থেকে, যা মালিক হয়েছে তোমাদের ডানহাত। এবং আল্লাহ্ তোমাদের ঈমান সম্বন্ধে সবচেয়ে বেশি জানেন। তোমরা একে অপরের অংশ, সুতরাং তাদেরকে বিয়ে কর তাদের অভিভাবকের অনুমতিক্রমে যখন তারা সচ্চরিত্রা, ব্যভিচারিণী নয় এবং উপপতি গ্রহণকারিনীও (পরকীয়ায় লিপ্ত) নয় এবং তাদেরকে তাদের প্রাপ্য (মোহরানা) ন্যায়সঙ্গতভাবে প্রদান কর, যদি তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর ব্যভিচারে লিপ্ত হয় তাহলে তাদের জন্য স্বাধীন নারীর অর্ধেক শাস্তি*। এটা (দাসী বিয়ে করা) তার জন্য যে তোমাদের মধ্যে ব্যাভিচারের আশংকা করে। আর ধৈর্য ধারণ করা তোমাদের জন্য কল্যাণকর। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

রুকু-৪ ১

يُرِيْدُ اللّٰهُ لِيُبَيِّنَ لَكُمْ وَ يَهْدِيَكُمْ سُنَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ وَ يَتُوْبَ عَلَيْكُمْ ؕ وَ اللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۲۶﴾

২৬। আল্লাহ্ চান তোমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করতে এবং তোমাদেরকে তোমাদের পূর্ববর্তীদের সুন্নত (নীতি) প্রদর্শন করতে* এবং তোমাদের তওবা কবুল করতে। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَ اللّٰهُ يُرِيْدُ اَنْ يَّتُوْبَ عَلَيْكُمْ ۖ وَ يُرِيْدُ الَّذِيْنَ يَتَّبِعُوْنَ الشَّهَوٰتِ اَنْ تَمِيْلُوْا مَيْلًا عَظِيْمًا ﴿۲۷﴾

২৭। এবং আল্লাহ্ তোমাদের তওবা কবুল করতে চান, আর যারা কামনার অনুসরণ করে তারা চায় যে, তোমরা (সেদিকে) ভীষণভাবে ঝুঁকে পড়।

يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّخَفِّفَ عَنْكُمْ ۚ وَ خُلِقَ الْاِنْسَانُ ضَعِيْفًا ﴿۲۸﴾

২৮। আল্লাহ্ তোমাদের জন্য (বিয়ের বিধান) হালকা করতে চান। আর মানুষকে (কামনার দিক থেকে) দুর্বল করে সৃষ্টি করা হয়েছে।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوْۤا اَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ اِلَّاۤ اَنْ تَكُوْنَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِّنْكُمْ ۣ وَ لَا تَقْتُلُوْۤا اَنْفُسَكُمْ ؕ اِنَّ اللّٰهَ كَانَ بِكُمْ رَحِيْمًا ﴿۲۹﴾

২৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা একে অপরের ধন-সম্পদ বাতিল পন্থায় খেয়ে ফেলো না, তবে তোমাদের পারস্পরিক সন্তুষ্টিতে ব্যবসা সংঘটিত হওয়া (হারাম নয়)। এবং তোমরা তোমাদের নিজেদেরকে (একে অপরকে) হত্যা করো না। নিশ্চয় আল্লাহ্ তোমাদের প্রতি পরম দয়ালু।

وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ عُدْوَانًا وَّظُلْمًا فَسَوْفَ نُصْلِيْهِ نَارًا ۭ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ۝

৩০। আর যে সীমালঙ্ঘন ও জুলুমবশতঃ এগুলো করবে অচিরেই আমি তাকে আগুনে প্রবেশ করাব। এবং এটা আল্লাহ্‌র জন্য সহজ ।

اِنْ تَجْتَنِبُوْا كَبَاۗىِٕرَ مَا تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَنُدْخِلْكُمْ مُّدْخَلًا كَرِيْمًا ۝

৩১। যদি তোমরা বড় বড় পাপ (কবীরা গোনাহ্) পরিহার কর যা থেকে তোমাদেরকে নিষেধ করা হয় তাহলে আমি তোমাদের ছোট ছোট পাপ মোচন করে দেব এবং তোমাদেরকে সম্মানজনক স্থানে প্রবেশ করাব।

وَلَا تَتَمَنَّوْا مَا فَضَّلَ اللّٰهُ بِهٖ بَعْضَكُمْ عَلٰي بَعْضٍ ۭ لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبُوْا ۭ وَلِلنِّسَاۗءِ نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبْنَ ۭ وَسْـَٔـلُوا اللّٰهَ مِنْ فَضْلِهٖ ۭ اِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ۝

৩২। এবং তোমরা তার আকাঙ্ক্ষা করো না যা দ্বারা (অর্থাৎ মিরাসের অংশ দ্বারা) আল্লাহ্ তোমাদের একজনকে অপর জনের উপর মর্যাদা দিয়েছেন। পুরুষদের জন্য একটি অংশ রয়েছে যা তারা পেয়েছে এবং নারীদের জন্য একটি অংশ রয়েছে যা তারা পেয়েছে। এবং তোমরা আল্লাহ্‌র নিকট তাঁর অনুগ্রহ থেকে চাও*। নিশ্চয় আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

وَلِكُلٍّ جَعَلْنَا مَوَالِيَ مِمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ ۭ وَالَّذِيْنَ عَقَدَتْ اَيْمَانُكُمْ فَاٰتُوْهُمْ نَصِيْبَهُمْ ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰي كُلِّ شَيْءٍ شَهِيْدًا ۝

৩৩। এবং প্রত্যেকের জন্য আমি তাতে উত্তরাধিকার বানিয়েছি যা পিতা-মাতা ও আত্মীয়-স্বজন রেখে যায়। আর যাদের সাথে তোমাদের অঙ্গীকার* দৃঢ় হয়েছে তাদেরকে তাদের (প্রাপ্য) অংশ প্রদান কর। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী।

রুকু ৫ ৫৮৫ ২ ৫ ২

اَلرِّجَالُ قَوّٰمُوْنَ عَلَي النِّسَاۗءِ بِمَا فَضَّلَ اللّٰهُ بَعْضَهُمْ عَلٰي بَعْضٍ وَّبِمَآ اَنْفَقُوْا مِنْ اَمْوَالِهِمْ ۭ فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ حٰفِظٰتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّٰهُ ۭ وَالّٰتِيْ تَخَافُوْنَ نُشُوْزَهُنَّ فَعِظُوْهُنَّ وَاهْجُرُوْهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوْهُنَّ ۚ فَاِنْ اَطَعْنَكُمْ فَلَا تَبْغُوْا عَلَيْهِنَّ سَبِيْلًا ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيًّا كَبِيْرًا ۝

৩৪। পুরুষরা নারীদের পরিচালক*, এ কারণে যে, আল্লাহ্ তাদের একজনকে অপরজনের উপর মর্যাদা দিয়েছেন এবং এ কারণেও যে, তারা (পুরুষরা) তাদের ধন-সম্পদ ব্যয় করে। সুতরাং সৎকর্মশীল স্ত্রীরা হল অনুগতা* ও অদৃশ্যের হেফাজতকারীনি কারণ আল্লাহ্ (তাদেরকে) হেফাজত করেছেন। আর তোমরা (স্ত্রীদের মধ্যে) যাদের অবাধ্যতাকে ভয় কর (যে তারা অশ্লীলতায় জড়িয়ে পড়বে) তাদেরকে সদুপদেশ দাও, এবং শয্যায় তাদেরকে বর্জন কর এবং তাদেরকে (মৃদু) প্রহার কর*। যদি তারা তোমাদের অনুগত হয় তবে তাদের বিরুদ্ধে (অন্য) কোন পথ খোঁজ করো না। নিশ্চয় আল্লাহ্ সুউচ্চ ও মহান।

وَاِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوْا حَكَمًا مِّنْ اَهْلِهٖ وَحَكَمًا مِّنْ اَهْلِهَا ۚ اِنْ يُّرِيْدَآ اِصْلَاحًا يُّوَفِّقِ اللّٰهُ بَيْنَهُمَا ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا خَبِيْرًا ۝

৩৫। এবং যদি তাদের দু'জনের মধ্যে মতবিরোধের আশঙ্কা কর তাহলে তোমরা তার (স্বামীর) পরিবার থেকে একজন সালিস ও তার (স্ত্রীর) পরিবার থেকে একজন সালিস পাঠাও; যদি তারা দু'জন (সালিসদ্বয়) আপোষ-নিষ্পত্তি চায় তাহলে আল্লাহ্ তাদের (স্বামী-স্ত্রীর) মধ্যে মিলমিশ করে দিবেন।* নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও সর্বজ্ঞ।

وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهٖ شَيْـــًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّبِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَالْجَارِ ذِي الْقُرْبٰى وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْۢبِ وَابْنِ السَّبِيْلِ ۙ وَمَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۭ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُوْرَۨا ۝

৩৬। এবং তোমরা আল্লাহ্‌র ইবাদত কর ও কোন কিছুকে তাঁর সাথে শরীক* করো না এবং পিতা-মাতার সাথে সদ্ব্যবহার কর* এবং আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিসকীন, নিকট-প্রতিবেশী*, দূর-প্রতিবেশী, পার্শ্ববর্তী সঙ্গী,সম্বলহীণ মুসাফির ও তোমাদের ডানহাত যা মালিক হয়েছে তার (দাস-দাসীর) প্রতিও*। নিশ্চয় আল্লাহ্ তাকে ভালবাসেন না যে উদ্ধত ও অহঙ্কারী-

الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ بِالْبُخْلِ وَيَكْتُمُوْنَ مَآ اٰتٰىهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَاَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا ﴿۳۷﴾

৩৭। যারা কৃপণতা করে এবং মানুষকে কৃপণতার নির্দেশ দেয় এবং আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে যা দিয়েছেন তা গোপন করে*। এবং আমি কাফিরদের জন্য প্রস্তুত করেছি লাঞ্ছনাদায়ক শাস্তি,

وَالَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ رِئَآءَ النَّاسِ وَلَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ ؕ وَمَنْ يَّكُنِ الشَّيْطٰنُ لَهٗ قَرِيْنًا فَسَآءَ قَرِيْنًا ﴿۳۸﴾

৩৮। এবং যারা মানুষকে দেখানোর জন্য তাদের ধন-সম্পদ ব্যয় করে এবং আল্লাহ্র প্রতি ঈমান আনে না এবং আখিরাতের প্রতিও না। এবং শয়তান যার সঙ্গী হয়, সে কতই না মন্দ সঙ্গী!

وَمَاذَا عَلَيْهِمْ لَوْ اٰمَنُوْا بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقَهُمُ اللّٰهُ ؕ وَكَانَ اللّٰهُ بِهِمْ عَلِيْمًا ﴿۳۹﴾

৩৯। আর তারা যদি আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনত এবং আল্লাহ্ তাদেরকে যে রিযিক দিয়েছেন তা থেকে ব্যয় করত তাহলে তাদের উপর কী (ক্ষতি আপতিত) হত? আর আল্লাহ্ তাদের সম্পর্কে ভালভাবে জানেন।

اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ ۚ وَاِنْ تَكُ حَسَنَةً يُّضٰعِفْهَا وَيُؤْتِ مِنْ لَّدُنْهُ اَجْرًا عَظِيْمًا ﴿۴۰﴾

৪০। নিশ্চয় আল্লাহ্ অণু পরিমাণও জুলুম করেন না, আর যদি তা (অণু পরিমাণ কাজ) পুণ্য কাজ হয় তাহলে তিনি তা বহুগুণ (বৃদ্ধি) করেন এবং তিনি তাঁর পক্ষ থেকে মহাপ্রতিদান প্রদান করেন।

فَكَيْفَ اِذَا جِئْنَا مِنْ كُلِّ اُمَّةٍ بِشَهِيْدٍ وَّجِئْنَا بِكَ عَلٰى هٰٓؤُلَآءِ شَهِيْدًا ﴿۴۱﴾

৪১। আর তখন কেমন হবে যখন আমি প্রত্যেক উম্মত থেকে একজন করে সাক্ষী নিয়ে আসব এবং তোমাকে তাদের বিরুদ্ধে সাক্ষী হিসেবে নিয়ে আসব?

يَوْمَئِذٍ يَّوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا وَعَصَوُا الرَّسُوْلَ لَوْ تُسَوّٰى بِهِمُ الْاَرْضُ ؕ وَلَا يَكْتُمُوْنَ اللّٰهَ حَدِيْثًا ﴿۴۲﴾

ع ১৬ রুকু ৬

৪২। যারা কুফরী করেছে এবং রাসূলকে অমান্য করেছে তারা সেদিন কামনা করবে, যদি তারা মাটির সাথে মিশে যেত! আর তারা আল্লাহ্র কাছে কোন কথাই গোপন করবে না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْرَبُوا الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى تَعْلَمُوْا مَا تَقُوْلُوْنَ وَلَا جُنُبًا اِلَّا عَابِرِيْ سَبِيْلٍ حَتّٰى تَغْتَسِلُوْا ؕ وَاِنْ كُنْتُمْ مَّرْضٰٓى اَوْ عَلٰى سَفَرٍ اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا غَفُوْرًا ﴿۴۳﴾

৪৩। ওহে যারা ঈমান এনেছ! তোমরা সালাত (নামায) এর নিকটবর্তী হয়ো না, যখন তোমরা নেশাগ্রস্ত থাক, যতক্ষণ না তোমরা যা বল তা বুঝতে পার এবং অপবিত্র অবস্থায়ও না, যতক্ষণ না তোমরা গোসল কর, তবে পথ অতিক্রমকারী (মুসাফির) হলে ভিন্ন কথা। আর যদি তোমরা অসুস্থ হও অথবা সফরে থাক অথবা তোমাদের কেউ শৌচাগার থেকে আসে অথবা তোমরা স্ত্রীদেরকে স্পর্শ কর (সহবাস কর) অতঃপর পানি না পাও তাহলে পবিত্র মাটি অনুসন্ধান কর (তায়াম্মুম কর) এবং তোমাদের চেহারা ও হাত মাসেহ্ কর। নিশ্চয় আল্লাহ্ মার্জনাকারী ও অতি ক্ষমাশীল।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ يَشْتَرُوْنَ الضَّلٰلَةَ وَيُرِيْدُوْنَ اَنْ تَضِلُّوا السَّبِيْلَ ﴿۴۴﴾

৪৪। তুমি কি তাদেরকে দেখনি যাদেরকে কিতাবের কিছু অংশ দেয়া হয়েছে? তারা পথভ্রষ্টতা ক্রয় করে এবং তারা চায় যে তোমরাও পথভ্রষ্ট হও।

وَاللّٰهُ اَعْلَمُ بِاَعْدَآئِكُمْ ؕ وَكَفٰى بِاللّٰهِ وَلِيًّا ۙ وَّكَفٰى بِاللّٰهِ نَصِيْرًا ﴿۴۵﴾

৪৫। আর আল্লাহ্ তোমাদের শত্রুদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন। এবং অভিভাবক হিসেবে আল্লাহ্ই যথেষ্ট এবং সাহায্যকারী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪৬। ইহুদীদের মধ্যে কিছু লোক শব্দগুলোকে তার স্থানসমূহ থেকে বিকৃত করে এবং বলে, 'ছামি'না ওয়া আসাইনা' (শ্রবন করলাম এবং অমান্য করলাম) এবং (বলে), 'শুনুন', (তাও আবার) না শুনার মত (করে বলে) এবং (এরপর) তাদের জিহ্বা বাঁকা করে বলে 'রাইনা' (অর্থাৎ থামুন)- দ্বীনের প্রতি উপহাস বশতঃ*। কিন্তু যদি তারা 'ছামি'না ওয়া আতা'না' (শ্রবণ করলাম ও মান্য করলাম) ও শুনুন এবং (রাইনা-এর পরিবর্তে) 'উনযুরনা' (লক্ষ্য করুন) বলত তাহলে অবশ্যই তা তাদের জন্য ভাল ও সঙ্গত হত। কিন্তু তাদের কুফরীর কারণে আল্লাহ্ তাদেরকে লা'নত করেছেন। সুতরাং তারা ঈমান আনে না- অল্প সংখ্যক ছাড়া।

مِنَ الَّذِيْنَ هَادُوْا يُحَرِّفُوْنَ الْكَلِمَ عَنْ مَّوَاضِعِهٖ وَيَقُوْلُوْنَ سَمِعْنَا وَعَصَيْنَا وَاسْمَعْ غَيْرَ مُسْمَعٍ وَّرَاعِنَا لَيًّا بِاَلْسِنَتِهِمْ وَطَعْنًا فِي الدِّيْنِ ؕ وَلَوْ اَنَّهُمْ قَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا وَاسْمَعْ وَانْظُرْنَا لَكَانَ خَيْرًا لَّهُمْ وَاَقْوَمَ ۙ وَلٰكِنْ لَّعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ فَلَا يُؤْمِنُوْنَ اِلَّا قَلِيْلًا ﴿٤٦﴾

৪৭। ওহে যাদেরকে কিতাব দেয়া হয়েছে! তোমাদের নিকট যা আছে তার সত্যায়নকারীরূপে আমি যা অবতীর্ণ করেছি তাতে ঈমান আন- এর পূর্বে যে আমি চেহারাসমূহ বিকৃত করে দিব এবং সেগুলোকে আমি তার পিছনের* দিকে ফিরিয়ে দেব অথবা তাদেরকে আমি সেরূপ লা'নত করব যেরূপ আমি লা'নত করেছিলাম শনিবার ওয়ালাদেরকে। এবং আল্লাহ্র নির্দেশ কার্যকারী হয়েই থাকে।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اٰمِنُوْا بِمَا نَزَّلْنَا مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ مِّنْ قَبْلِ اَنْ نَّطْمِسَ وُجُوْهًا فَنَرُدَّهَا عَلٰۤى اَدْبَارِهَاۤ اَوْ نَلْعَنَهُمْ كَمَا لَعَنَّاۤ اَصْحٰبَ السَّبْتِ ؕ وَكَانَ اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ﴿٤٧﴾

৪৮। নিশ্চয় আল্লাহ্ তাঁর সাথে শরীক করাকে ক্ষমা করেন না, কিন্তু এটা ছাড়া যা আছে তা তিনি যাকে ইচ্ছা করেন ক্ষমা করেন এবং যে আল্লাহ্র সাথে শরীক করে সে এক মহাপাপ উদ্ভাবন করল।

اِنَّ اللّٰهَ لَا يَغْفِرُ اَنْ يُّشْرَكَ بِهٖ وَيَغْفِرُ مَا دُوْنَ ذٰلِكَ لِمَنْ يَّشَآءُ ۚ وَمَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدِ افْتَرٰۤى اِثْمًا عَظِيْمًا ﴿٤٨﴾

৪৯। তুমি কি তাদেরকে দেখনি, যারা তাদের নিজেদেরকে পবিত্র মনে করে*? বরং আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পবিত্র করেন এবং তাদের প্রতি খেজুর বিচির মধ্যস্থিত সুতা পরিমাণও জুলুম করা হবে না।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ يُزَكُّوْنَ اَنْفُسَهُمْ ؕ بَلِ اللّٰهُ يُزَكِّيْ مَنْ يَّشَآءُ وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٤٩﴾

৫০। লক্ষ্য কর, তারা আল্লাহ্ সম্বন্ধে কেমন মিথ্যা রচনা করে। আর সুস্পষ্ট পাপ হিসাবে এটাই যথেষ্ট।

ع ٧ ٨ ٤ ٩ রুকূ ৪

اُنْظُرْ كَيْفَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ؕ وَكَفٰى بِهٖۤ اِثْمًا مُّبِيْنًا ﴿٥٠﴾

৫১। তুমি কি তাদেরকে দেখনি যাদেরকে কিতাবের কিছু অংশ দেয়া হয়েছে? তারা জিব্ত (কুসংস্কার*) ও তাগুতের* প্রতি ঈমান আনে এবং যারা কুফরী করেছে তাদেরকে বলে, 'এরা (কাফির কুরাইশরা) অধিক সঠিক* পথে রয়েছে তাদের চেয়ে যারা ঈমান এনেছে।'

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ يُؤْمِنُوْنَ بِالْجِبْتِ وَالطَّاغُوْتِ وَيَقُوْلُوْنَ لِلَّذِيْنَ كَفَرُوْا هٰۤؤُلَآءِ اَهْدٰى مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا سَبِيْلًا ﴿٥١﴾

৫২। ওরাই তারা যাদেরকে আল্লাহ্ লা'নত করেছেন এবং আল্লাহ্ যাকে লা'নত করেন তুমি কখনো তার জন্য কোন সাহায্যকারী পাবে না।

اُولٰٓئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللّٰهُ ؕ وَمَنْ يَّلْعَنِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ نَصِيْرًا ﴿٥٢﴾

৫৩। রাজত্বে* তাদের কোন অংশ আছে কি? সেক্ষেত্রে তারা খেজুর বীচির আবরণ পরিমাণও মানুষকে দিবে না-

اَمْ لَهُمْ نَصِيْبٌ مِّنَ الْمُلْكِ فَاِذًا لَّا يُؤْتُوْنَ النَّاسَ نَقِيْرًا ﴿٥٣﴾

৫৪। আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে মানুষকে (রাসূল ও মু'মিনদেরকে) যা দিয়েছেন সে ব্যাপারে কি তারা তাদেরকে হিংসা* করে? আমি ইবরাহীমের বংশধরকেও কিতাব ও হিকমত (প্রজ্ঞা) দিয়েছিলাম এবং তাদেরকে বিশাল রাজত্বও দিয়েছিলাম।

اَمْ يَحْسُدُوْنَ النَّاسَ عَلٰى مَاۤ اٰتٰىهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۚ فَقَدْ اٰتَيْنَاۤ اٰلَ اِبْرٰهِيْمَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَاٰتَيْنٰهُمْ مُّلْكًا عَظِيْمًا ﴿٥٤﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَمِنْهُمْ مَّنْ اٰمَنَ بِهٖ وَمِنْهُمْ مَّنْ صَدَّ عَنْهُ ؕ وَكَفٰى بِجَهَنَّمَ سَعِيْرًا ﴿٥٥﴾

৫৫। অতঃপর তাদের কেউ কেউ তাতে ঈমান এনেছিল এবং কেউ কেউ তা হতে বিরত রয়েছে। আর জ্বলন্ত আগুন হিসেবে জাহান্নামই যথেষ্ট।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا سَوْفَ نُصْلِيْهِمْ نَارًا ؕ كُلَّمَا نَضِجَتْ جُلُوْدُهُمْ بَدَّلْنٰهُمْ جُلُوْدًا غَيْرَهَا لِيَذُوْقُوا الْعَذَابَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَزِيْزًا حَكِيْمًا ﴿٥٦﴾

৫৬। নিশ্চয় যারা আমার আয়াতসমূহকে অবিশ্বাস করেছে তাদেরকে অচিরেই আমি আগুনে প্রবেশ করাব। যখনই তাদের চামড়া দগ্ধ হবে তখন তাদেরকে আমি প্রতিস্থাপন করব অন্য চামড়া দিয়ে, যাতে তারা শাস্তি ভোগ করতে পারে। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَنُدْخِلُهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ لَهُمْ فِيْهَآ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ۫ وَّنُدْخِلُهُمْ ظِلًّا ظَلِيْلًا ﴿٥٧﴾

৫৭। এবং যারা ঈমান এনেছে ও সৎ কাজ করেছে তাদেরকে শীঘ্রই আমি প্রবেশ করাব জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। সেখানে তাদের জন্য পবিত্র সঙ্গী/সঙ্গীনীরা থাকবে এবং তাদেরকে আমি চির স্নিগ্ধ ছায়ায় প্রবেশ করাব।

اِنَّ اللّٰهَ يَاْمُرُكُمْ اَنْ تُؤَدُّوا الْاَمٰنٰتِ اِلٰٓى اَهْلِهَا ۙ وَاِذَا حَكَمْتُمْ بَيْنَ النَّاسِ اَنْ تَحْكُمُوْا بِالْعَدْلِ ؕ اِنَّ اللّٰهَ نِعِمَّا يَعِظُكُمْ بِهٖ ؕ اِنَّ اللّٰهَ كَانَ سَمِيْعًا بَصِيْرًا ﴿٥٨﴾

৫৮। নিশ্চয় আল্লাহ্ তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন যে, তোমরা আমানতসমূহ এগুলোর হকদারের নিকট ফেরত দিবে, এবং যখন তোমরা মানুষের মধ্যে বিচার করবে তখন ন্যায়ের সাথে বিচার করবে। নিশ্চয় আল্লাহ্ তোমাদেরকে যে উপদেশ দেন তা কতই না উৎকৃষ্ট! নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاُولِي الْاَمْرِ مِنْكُمْ ۚ فَاِنْ تَنَازَعْتُمْ فِيْ شَيْءٍ فَرُدُّوْهُ اِلَى اللّٰهِ وَالرَّسُوْلِ اِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ ذٰلِكَ خَيْرٌ وَّاَحْسَنُ تَاْوِيْلًا ﴿٥٩﴾

৫৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আনুগত্য কর আল্লাহ্র এবং আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মধ্যে* নির্দেশ দানের অধিকারীদের*, অতঃপর যদি কোন বিষয়ে তোমরা মতবিরোধ কর তবে তা আল্লাহ্ ও রাসূলের দিকে ফিরিয়ে দাও- যদি তোমরা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনে থাক। এটি উত্তম এবং পরিণামে উৎকৃষ্ট।

রুকু ৯

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ يَزْعُمُوْنَ اَنَّهُمْ اٰمَنُوْا بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيْدُوْنَ اَنْ يَّتَحَاكَمُوْٓا اِلَى الطَّاغُوْتِ وَقَدْ اُمِرُوْٓا اَنْ يَّكْفُرُوْا بِهٖ ؕ وَيُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّضِلَّهُمْ ضَلٰلًا بَعِيْدًا ﴿٦٠﴾

৬০। তুমি কি তাদেরকে দেখনি যারা দাবি করে যে, তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে এবং তোমার পূর্বে যা অবতীর্ণ করা হয়েছে তাতে তারা ঈমান এনেছে? তারা তাগুতের কাছে বিচারপ্রার্থনা করতে চায়, অথচ তা অবিশ্বাস করতে তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে। এবং শয়তান তাদেরকে সুদূর পথভ্রষ্টতায় পথভ্রষ্ট করতে চায়।

وَاِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا اِلٰى مَآ اَنْزَلَ اللّٰهُ وَاِلَى الرَّسُوْلِ رَاَيْتَ الْمُنٰفِقِيْنَ يَصُدُّوْنَ عَنْكَ صُدُوْدًا ﴿٦١﴾

৬১। এবং যখন তাদেরকে বলা হয় আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তার দিকে এবং রাসূলের দিকে এসো, তখন তুমি মুনাফিকদেরকে দেখবে তারা তোমাকে সম্পূর্ণরূপে উপেক্ষা করছে।

فَكَيْفَ اِذَآ اَصَابَتْهُمْ مُّصِيْبَةٌ ۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ثُمَّ جَآءُوْكَ يَحْلِفُوْنَ ۖ بِاللّٰهِ اِنْ اَرَدْنَآ اِلَّآ اِحْسَانًا وَّتَوْفِيْقًا ﴿٦٢﴾

৬২। সুতরাং তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে যখন তাদের উপর কোন বিপদ আসবে তখন কেমন হবে? এরপর তারা তোমার কাছে এসে হলফ (কসম) করে বলবে, 'আল্লাহ্র কসম, আমরা কল্যাণ ও সম্প্রীতি ছাড়া কিছুই চাইনি।'

أُولٰٓئِكَ الَّذِيْنَ يَعْلَمُ اللّٰهُ مَا فِيْ قُلُوْبِهِمْ ۗ فَاَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُلْ لَّهُمْ فِيْٓ اَنْفُسِهِمْ قَوْلًا بَلِيْغًا ﴿٦٣﴾

৬৩। ওরাই তারা যাদের হৃদয়সমূহে যা আছে আল্লাহ্ তা জানেন। সুতরাং তুমি তাদেরকে উপেক্ষা কর, তাদেরকে সদুপদেশ দাও এবং তাদেরকে তাদের নিজেদের ব্যাপারে মর্মস্পর্শী কথা বল।

وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا لِيُطَاعَ بِاِذْنِ اللّٰهِ ۗ وَلَوْ اَنَّهُمْ اِذْ ظَّلَمُوْٓا اَنْفُسَهُمْ جَآءُوْكَ فَاسْتَغْفَرُوا اللّٰهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُوْلُ لَوَجَدُوا اللّٰهَ تَوَّابًا رَّحِيْمًا ﴿٦٤﴾

৬৪। আর আমি কোন রাসূল কেবল এ উদ্দেশ্যে প্রেরণ করেছি যেন আল্লাহ্র নির্দেশে তার আনুগত্য করা হয়। এবং যখন তারা তাদের নিজেদের উপর জুলুম করেছে তখন যদি তারা তোমার নিকট আসত ও আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা প্রার্থনা করত তাহলে অবশ্যই তারা আল্লাহ্কে তাওবা কবুলকারী ও পরম দয়ালু হিসেবে পেত।

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُوْنَ حَتّٰى يُحَكِّمُوْكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوْا فِيْٓ اَنْفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿٦٥﴾

৬৫। কিন্তু না, তোমার প্রতিপালকের কসম! তারা ঈমান আনবে না যতক্ষণ না তারা তাদের মধ্যকার ঝগড়া-বিবাদের বিচারের ভার তোমার উপর অর্পণ করবে, এরপর তুমি যে সিদ্ধান্ত দেবে সে ব্যাপার তাদের মনে কোন দ্বিধা থাকবে না এবং তারা সম্পূর্ণরূপে মেনে নিবে।

وَلَوْ اَنَّا كَتَبْنَا عَلَيْهِمْ اَنِ اقْتُلُوْٓا اَنْفُسَكُمْ اَوِ اخْرُجُوْا مِنْ دِيَارِكُمْ مَّا فَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ مِّنْهُمْ ۗ وَلَوْ اَنَّهُمْ فَعَلُوْا مَا يُوْعَظُوْنَ بِهٖ لَكَانَ خَيْرًا لَّهُمْ وَاَشَدَّ تَثْبِيْتًا ﴿٦٦﴾

৬৬। আর যদি আমি তাদের উপর বিধিবদ্ধ (ফরয) করতাম যে, তোমরা তোমাদের নিজদেরকে (একে অপরকে) হত্যা কর অথবা তোমরা তোমাদের ঘর-বাড়ি থেকে বের হয়ে যাও, তাহলে তারা তা করত না- তাদের অল্প সংখ্যক ছাড়া। আর যা করতে তাদেরকে উপদেশ দেয়া হয়েছিল তারা যদি তা করত তাহলে অবশ্যই তাদের জন্য ভাল ও অধিক মজবুত হত-

وَّاِذًا لَّاٰتَيْنٰهُمْ مِّنْ لَّدُنَّآ اَجْرًا عَظِيْمًا ﴿٦٧﴾

৬৭। এবং তখন আমি আমার নিকট থেকে তাদেরকে অবশ্যই মহাপ্রতিদান দান করতাম-

وَّلَهَدَيْنٰهُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿٦٨﴾

৬৮। এবং অবশ্যই আমি তাদেরকে সরল-সঠিক পথ প্রদর্শন করতাম।

وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَالرَّسُوْلَ فَاُولٰٓئِكَ مَعَ الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَآءِ وَالصّٰلِحِيْنَ ۚ وَحَسُنَ اُولٰٓئِكَ رَفِيْقًا ﴿٦٩﴾

৬৯। এবং যারা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য করবে তারা নবী, সত্যবাদী, শহীদ ও সৎকর্মপরায়ণদের সঙ্গী হবে, যাদের উপর আল্লাহ্ নেয়ামত দান করেছেন, এবং তারা কতই না উত্তম সঙ্গী!

ذٰلِكَ الْفَضْلُ مِنَ اللّٰهِ ۗ وَكَفٰى بِاللّٰهِ عَلِيْمًا ﴿٧٠﴾

৭০।এই অনুগ্রহ আল্লাহ্র পক্ষ থেকে। এবং সর্বজ্ঞানী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।

রুকূ ৯

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا خُذُوْا حِذْرَكُمْ فَانْفِرُوْا ثُبَاتٍ اَوِ انْفِرُوْا جَمِيْعًا ﴿٧١﴾

৭১। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদের সতর্কতা গ্রহণ কর, অতঃপর দলে দলে বিভক্ত হয়ে (যুদ্ধের জন্য) বের হও অথবা একসঙ্গে বের হও।

وَاِنَّ مِنْكُمْ لَمَنْ لَّيُبَطِّئَنَّ ۚ فَاِنْ اَصَابَتْكُمْ مُّصِيْبَةٌ قَالَ قَدْ اَنْعَمَ اللّٰهُ عَلَيَّ اِذْ لَمْ اَكُنْ مَّعَهُمْ شَهِيْدًا ﴿٧٢﴾

৭২। এবং নিশ্চয় তোমাদের মধ্যে অবশ্যই এমন লোক আছে, যে অবশ্যই অবশ্যই গড়িমসি করে, এবং যদি তোমাদের উপর কোন বিপদ-আপদ আসে তাহলে বলে, আল্লাহ্ অবশ্যই আমাকে নিয়ামত দিয়েছেন যখন আমি তাদের সাথে উপস্থিত ছিলাম না।

৭৩। আর যদি তোমাদের প্রতি আল্লাহ্‌র পক্ষ থেকে কোন অনুগ্রহ আসে তাহলে সে অবশ্যই অবশ্যই (এমন কথা) বলে যেন তোমাদের ও তার মাঝে কোন হৃদ্যতা ছিল না (তাই তারা যুদ্ধে যায়নি)। (সে বলে) 'হায়! যদি তাদের সাথে থাকতাম তবে আমিও বিরাট সাফল্য লাভ করতাম।

وَلَئِنْ اَصَابَكُمْ فَضْلٌ مِّنَ اللّٰهِ لَيَقُوْلَنَّ كَاَنْ لَّمْ تَكُنْۢ بَيْنَكُمْ وَ
بَيْنَهٗ مَوَدَّةٌ يّٰلَيْتَنِيْ كُنْتُ مَعَهُمْ فَاَفُوْزَ فَوْزًا عَظِيْمًا ﴿٧٣﴾

৭৪। সুতরাং যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবনকে বিক্রয় করে দেয় তারা যেন আল্লাহ্‌র পথে যুদ্ধ করে এবং যে আল্লাহ্‌র পথে যুদ্ধ করে এবং নিহত হয় অথবা বিজয়ী হয় অচিরেই আমি তাকে মহা প্রতিদান দিব।

فَلْيُقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يَشْرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا
بِالْاٰخِرَةِ ؕ وَمَنْ يُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيُقْتَلْ اَوْ يَغْلِبْ فَسَوْفَ
نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿٧٤﴾

৭৫। আর তোমাদের কী (অজুহাত) আছে যে, তোমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ করবে না, অথচ অসহায় নর,নারী ও শিশুরা বলছে, 'হে আমাদের প্রতিপালক! এ জনপদ থেকে আপনি আমাদেরকে বের করুন যার অধিবাসীরা জালিম এবং আপনার নিকট থেকে আমাদের জন্য একজন অভিভাবক নিযুক্ত করুন এবং আপনার নিকট থেকে আমাদের জন্য একজন সাহায্যকারী নিযুক্ত করুন?'

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ
الرِّجَالِ وَالنِّسَآءِ وَالْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَخْرِجْنَا
مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا ۚ وَاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا ۚ
وَّاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِيْرًا ﴿٧٥﴾

৭৬। যারা ঈমান এনেছে তারা আল্লাহ্‌র পথে যুদ্ধ করে এবং যারা কুফরী করেছে তারা তাগুতের পথে যুদ্ধ করে। সুতরাং তোমরা শয়তানের বন্ধুদের বিরুদ্ধে যুদ্ধ কর, নিশ্চয় শয়তানের ষড়যন্ত্র দুর্বল।

اَلَّذِيْنَ اٰمَنُوْا يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ وَالَّذِيْنَ كَفَرُوْا
يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ الطَّاغُوْتِ فَقَاتِلُوْٓا اَوْلِيَآءَ الشَّيْطٰنِ ۚ اِنَّ
كَيْدَ الشَّيْطٰنِ كَانَ ضَعِيْفًا ﴿٧٦﴾

ع ١٠ ٧ ١٥ রুকূ ٩

৭৭। তুমি কি তাদেরকে দেখনি যাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের হাত সংবরণ কর, সালাত (নামায) কায়েম কর এবং যাকাত প্রদান কর? অতঃপর যখন তাদের উপর যুদ্ধ বিধিবদ্ধ (ফরয) করা হল তখন তাদের একদল মানুষকে ভয় করছিল আল্লাহ্‌কে ভয় করার মত অথবা আরও বেশি ভয় এবং বলল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের উপর কেন যুদ্ধ বিধিবদ্ধ (ফরয) করলেন? আমাদেরকে একটি নিকটবর্তী সময় পর্যন্ত অবকাশ কেন দিলেন না?' বল, 'দুনিয়ার ভোগ্য সামগ্রী সামান্য এবং আখিরাত তার জন্য উত্তম যে তাকওয়া অবলম্বন করে। এবং তোমাদের প্রতি খেজুর বীচির মধ্যস্থিত সুতা পরিমাণও জুলুম করা হবে না।'

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ قِيْلَ لَهُمْ كُفُّوْٓا اَيْدِيَكُمْ وَاَقِيْمُوا
الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۚ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ اِذَا فَرِيْقٌ
مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللّٰهِ اَوْ اَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوْا
رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ۚ لَوْلَآ اَخَّرْتَنَآ اِلٰٓى اَجَلٍ
قَرِيْبٍ ؕ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيْلٌ ۚ وَالْاٰخِرَةُ خَيْرٌ لِّمَنِ اتَّقٰى قف
وَلَا تُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧٧﴾

৭৮। তোমরা যেখানেই থাক মৃত্যু তোমাদেরকে নাগাল পাবেই, যদিও তোমরা কোন সুউচ্চ-সুদৃঢ় দূর্গে অবস্থান কর। এবং যদি তাদের কোন কল্যাণ হয় তাহলে তারা বলে, 'এটা আল্লাহ্‌র পক্ষ থেকে,' আর যদি তাদেরকে কোন অকল্যাণ আঘাত করে তখন তারা বলে, 'এটা তোমার পক্ষ থেকে।' বল, 'সবই আল্লাহ্‌র পক্ষ থেকে।' এ সম্প্রদায়ের কী হল যে, এরা কোন কথা একেবারেই বোঝে না!

اَيْنَ مَا تَكُوْنُوْا يُدْرِكْكُّمُ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِيْ بُرُوْجٍ
مُّشَيَّدَةٍ ؕ وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَاِنْ
تُصِبْهُمْ سَيِّئَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِكَ ؕ قُلْ كُلٌّ مِّنْ عِنْدِ اللّٰهِ ؕ
فَمَالِ هٰٓؤُلَآءِ الْقَوْمِ لَا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ حَدِيْثًا ﴿٧٨﴾

مَآ اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ ۘ وَمَآ اَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنْ نَّفْسِكَ ۭ وَاَرْسَلْنٰكَ لِلنَّاسِ رَسُوْلًا ۭ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿٧٩﴾

৭৯। তোমার যে কল্যাণ হয় তা আল্লাহ্‌র পক্ষ থেকে, আর তোমাকে যে অকল্যাণ আঘাত করে তা তোমার নিজের পক্ষ থেকে। এবং তোমাকে আমি মানুষের জন্য রাসূল হিসেবে প্রেরণ করেছি। এবং সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট।

مَنْ يُّطِعِ الرَّسُوْلَ فَقَدْ اَطَاعَ اللّٰهَ ۚ وَمَنْ تَوَلّٰى فَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ﴿٨٠﴾

৮০। যে রাসূলের আনুগত্য করল সে আল্লাহ্‌রই আনুগত্য করল এবং যে মুখ ফিরিয়ে নিল আমি তোমাকে তাদের উপর সংরক্ষক হিসেবে প্রেরণ করিনি।

وَيَقُوْلُوْنَ طَاعَةٌ ۡ فَاِذَا بَرَزُوْا مِنْ عِنْدِكَ بَيَّتَ طَآئِفَةٌ مِّنْهُمْ غَيْرَ الَّذِيْ تَقُوْلُ ۭ وَاللّٰهُ يَكْتُبُ مَا يُبَيِّتُوْنَ ۚ فَاَعْرِضْ عَنْهُمْ وَتَوَكَّلْ عَلَي اللّٰهِ ۭ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿٨١﴾

৮১। এবং তারা বলে, 'আনুগত্য' (আমাদের কাজ)। অতঃপর যখন তারা তোমার কাছ থেকে চলে যায় তখন তাদের একদল রাতে পরামর্শ করে তুমি যা বল তার বিপরীত। এবং তারা যা রাতে পরামর্শ করে আল্লাহ্‌ তা লিখে রাখেন, সুতরাং তুমি তাদেরকে উপেক্ষা কর এবং আল্লাহ্‌র উপর ভরসা কর। আর তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

اَفَلَا يَتَدَبَّرُوْنَ الْقُرْاٰنَ ۭ وَلَوْ كَانَ مِنْ عِنْدِ غَيْرِ اللّٰهِ لَوَجَدُوْا فِيْهِ اخْتِلَافًا كَثِيْرًا ﴿٨٢﴾

৮২। তবে কি তারা কুরআন নিয়ে গভীর চিন্তা করে না? এবং তা যদি আল্লাহ্‌ ছাড়া অন্য কারো কাছ থেকে হত তবে অবশ্যই তারা তাতে অনেক অসঙ্গতি পেত।

وَاِذَا جَاۗءَهُمْ اَمْرٌ مِّنَ الْاَمْنِ اَوِ الْخَوْفِ اَذَاعُوْا بِهٖ ۭ وَلَوْ رَدُّوْهُ اِلَى الرَّسُوْلِ وَاِلٰٓى اُولِي الْاَمْرِ مِنْهُمْ لَعَلِمَهُ الَّذِيْنَ يَسْتَنْۢبِطُوْنَهٗ مِنْهُمْ ۭ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَاتَّبَعْتُمُ الشَّيْطٰنَ اِلَّا قَلِيْلًا ﴿٨٣﴾

৮৩। এবং যখন নিরাপত্তা অথবা ভীতির কোন বিষয় তাদের কাছে আসে তখন তারা তা প্রচার করে। কিন্তু যদি তারা তা রাসূল্‌ এবং তাদের মধ্যে নির্দেশদানের অধিকারীদের (নেতৃবর্গের) গোচরিভূত করত তাহলে তাদের মধ্যে যারা তা (তথ্য) অনুসন্ধান করে তারা অবশ্যই তা (যাচাই -বাছাই করে) জানতে পারত। আর তোমাদের প্রতি যদি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকত তাহলে অবশ্যই অল্প সংখ্যক ছাড়া তোমরা (সবাই) শয়তানের অনুসরণ করতে।

فَقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ لَا تُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ ۚ عَسَى اللّٰهُ اَنْ يَّكُفَّ بَاْسَ الَّذِيْنَ كَفَرُوْا ۭ وَاللّٰهُ اَشَدُّ بَاْسًا وَّاَشَدُّ تَنْكِيْلًا ﴿٨٤﴾

৮৪। সুতরাং (হে নবী!) তুমি আল্লাহ্‌র পথে যুদ্ধ কর, তোমাকে কেবল তোমার নিজের জন্য দায়ী করা হবে এবং মু'মিনদেরকে উদ্বুদ্ধ কর, শীঘ্রই আল্লাহ্‌ যারা কুফরী করেছে তাদের শক্তি খর্ব করবেন। আর আল্লাহ্‌ প্রবল শক্তিধর ও শাস্তিদানে কঠোর।

مَنْ يَّشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَّكُنْ لَّهٗ نَصِيْبٌ مِّنْهَا ۚ وَمَنْ يَّشْفَعْ شَفَاعَةً سَيِّئَةً يَّكُنْ لَّهٗ كِفْلٌ مِّنْهَا ۭ وَكَانَ اللّٰهُ عَلٰي كُلِّ شَيْءٍ مُّقِيْتًا ﴿٨٥﴾

৮৫। যে কোন ভাল সুপারিশ করবে তাতে তার (প্রাপ্য) অংশ থাকবে এবং যে কোন মন্দ সুপারিশ করবে তাতে তার দায়-দায়িত্ব থাকবে। আর আল্লাহ্‌ সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَاِذَا حُيِّيْتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوْا بِاَحْسَنَ مِنْهَآ اَوْ رُدُّوْهَا ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰي كُلِّ شَيْءٍ حَسِيْبًا ﴿٨٦﴾

৮৬। আর যখন তোমাদেরকে অভিবাদন (সালাম*) জানানো হয়, তখন (তার জবাবে) তোমরা এর চেয়ে সুন্দর অভিবাদন জানাও অথবা অনুরূপ জবাব দাও। নিশ্চয় আল্লাহ্‌ সবকিছুর হিসাব গ্রহণকারী।

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ لَيَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ ؕ وَ مَنْ اَصْدَقُ مِنَ اللّٰهِ حَدِيْثًا ﴿٨٧﴾

৮৭। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। তিনি তোমাদেরকে অবশ্যই একত্র করবেন কিয়ামতের দিনে, যে ব্যাপারে কোন সন্দেহ নেই। আর কথায় আল্লাহ্র চেয়ে কে অধিক সত্যবাদী?

ع ١١ ١٨ ١١ রুকূ ৮

فَمَا لَكُمْ فِى الْمُنٰفِقِيْنَ فِئَتَيْنِ وَ اللّٰهُ اَرْكَسَهُمْ بِمَا كَسَبُوْا ؕ اَتُرِيْدُوْنَ اَنْ تَهْدُوْا مَنْ اَضَلَّ اللّٰهُ ؕ وَ مَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ سَبِيْلًا ﴿٨٨﴾

৮৮। তোমাদের কী (অজুহাত) আছে যে, তোমরা মুনাফিকদের ব্যাপারে দু'দল হয়ে গেলে, যখন আল্লাহ্ তারা যা অর্জন করেছে সে কারণে তাদেরকে পূর্বাবস্থায় (কুফরির দিকে) ফিরিয়ে দিয়েছেন? আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেছেন তোমরা কি তাকে সঠিক পথ প্রদর্শন করতে চাও? আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তুমি কখনো তার জন্য কোন পথ পাবে না।

وَدُّوْا لَوْ تَكْفُرُوْنَ كَمَا كَفَرُوْا فَتَكُوْنُوْنَ سَوَآءً فَلَا تَتَّخِذُوْا مِنْهُمْ اَوْلِيَآءَ حَتّٰى يُهَاجِرُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ ؕ فَاِنْ تَوَلَّوْا فَخُذُوْهُمْ وَ اقْتُلُوْهُمْ حَيْثُ وَجَدْتُّمُوْهُمْ ۪ وَ لَا تَتَّخِذُوْا مِنْهُمْ وَلِيًّا وَّ لَا نَصِيْرًا ﴿٨٩﴾

৮৯। তারা কামনা করে যে, যদি তোমরা কুফরী করতে যেমন তারা কুফরী করেছে, ফলে তোমরা (তাদের) সমান হয়ে যাও, সুতরাং আল্লাহ্র পথে হিজরত না করা পর্যন্ত তাদের মধ্য থেকে কাউকে তোমরা বন্ধু হিসেবে গ্রহণ করো না। এবং যদি তারা (হিজরত করা থেকে) মুখ ফিরিয়ে নেয়, তবে তাদেরকে ধর ও হত্যা কর যেখানেই তাদেরকে তোমরা পাও এবং তাদের মধ্য থেকে কাউকে বন্ধু হিসেবে গ্রহণ করো না এবং সাহায্যকারী হিসেবেও না-

اِلَّا الَّذِيْنَ يَصِلُوْنَ اِلٰى قَوْمٍ بَيْنَكُمْ وَ بَيْنَهُمْ مِّيْثَاقٌ اَوْ جَآءُوْكُمْ حَصِرَتْ صُدُوْرُهُمْ اَنْ يُّقَاتِلُوْكُمْ اَوْ يُقَاتِلُوْا قَوْمَهُمْ ؕ وَ لَوْ شَآءَ اللّٰهُ لَسَلَّطَهُمْ عَلَيْكُمْ فَلَقٰتَلُوْكُمْ ۚ فَاِنِ اعْتَزَلُوْكُمْ فَلَمْ يُقَاتِلُوْكُمْ وَ اَلْقَوْا اِلَيْكُمُ السَّلَمَ ۙ فَمَا جَعَلَ اللّٰهُ لَكُمْ عَلَيْهِمْ سَبِيْلًا ﴿٩٠﴾

৯০। তাদেরকে ছাড়া যারা এমন সম্প্রদায়ের কাছে পৌঁছে যায় (আশ্রয় গ্রহণ করে) যাদের ও তোমাদের মাঝে চুক্তি রয়েছে অথবা যারা তোমাদের কাছে আসে এমন অবস্থায় যে, তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে অথবা তাদের (নিজ) সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করতে তাদের বক্ষ সংকুচিত হয়। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তবে অবশ্যই তাদেরকে তোমাদের উপর ক্ষমতা দিতেন এবং অবশ্যই তারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করত, সুতরাং যদি তারা তোমাদের কাছ থেকে সরে যায়, এবং তোমাদের বিরুদ্ধে যুদ্ধ না করে এবং তোমাদের কাছে শান্তি প্রস্তাব দেয়, তাহলে আল্লাহ্ তোমাদের জন্য তাদের বিরুদ্ধে কোন (ব্যবস্থা গ্রহণের) পথ রাখেননি।

سَتَجِدُوْنَ اٰخَرِيْنَ يُرِيْدُوْنَ اَنْ يَّاْمَنُوْكُمْ وَ يَاْمَنُوْا قَوْمَهُمْ ؕ كُلَّمَا رُدُّوْٓا اِلَى الْفِتْنَةِ اُرْكِسُوْا فِيْهَا ۚ فَاِنْ لَّمْ يَعْتَزِلُوْكُمْ وَ يُلْقُوْٓا اِلَيْكُمُ السَّلَمَ وَ يَكُفُّوْٓا اَيْدِيَهُمْ فَخُذُوْهُمْ وَ اقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ ؕ وَ اُولٰٓئِكُمْ جَعَلْنَا لَكُمْ عَلَيْهِمْ سُلْطٰنًا مُّبِيْنًا ﴿٩١﴾

ع ١٢ ٩ ١٢ রুকূ ৯

৯১। শীঘ্রই তোমরা অন্যদেরকে পাবে যারা তোমাদের থেকে নিরাপত্তা পেতে চায় এবং তাদের (নিজ) সম্প্রদায় থেকেও নিরাপত্তা পেতে চায়। যখনই তাদেরকে ফিতনার (মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ বা কুফরীর) দিকে ফিরানো হয় তখনই তারা তাতে ফিরে যায়, সুতরাং যদি তারা তোমাদের (বিরুদ্ধে যুদ্ধ) থেকে সরে না যায় এবং তোমাদের কাছে শান্তি প্রস্তাব না দেয় এবং তাদের হাত সংবরণ না করে, তবে তাদেরকে ধর ও হত্যা কর যেখানেই তাদেরকে তোমরা পাও। এবং আমি তোমাদের জন্য তাদের বিরুদ্ধে সুস্পষ্ট ক্ষমতা প্রদান করলাম।

وَ مَا كَانَ لِمُؤْمِنٍ اَنْ يَّقْتُلَ مُؤْمِنًا اِلَّا خَطَـًٔا ۚ وَ مَنْ قَتَلَ مُؤْمِنًا خَطَـًٔا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ وَّ دِيَةٌ مُّسَلَّمَةٌ اِلٰٓى اَهْلِهٖٓ اِلَّآ اَنْ يَّصَّدَّقُوْا ؕ فَاِنْ كَانَ مِنْ قَوْمٍ عَدُوٍّ لَّكُمْ وَ هُوَ مُؤْمِنٌ فَتَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ ؕ وَ اِنْ كَانَ مِنْ قَوْمٍۭ بَيْنَكُمْ وَ بَيْنَهُمْ مِّيْثَاقٌ فَدِيَةٌ مُّسَلَّمَةٌ اِلٰٓى اَهْلِهٖ وَ تَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ ۙ تَوْبَةً مِّنَ اللّٰهِ ؕ وَ كَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿٩٢﴾

৯২। কোন মু'মিনকে হত্যা করা কোন মু'মিনের জন্য সঙ্গত নয়, তবে ভুলবশতঃ করলে ভিন্ন কথা, কেউ কোন মু'মিনকে ভুলবশতঃ হত্যা করলে (তার দন্ড হচ্ছে) একজন মু'মিন দাস মুক্ত করা এবং তার পরিবারকে দিয়াত (রক্তপণ*) প্রদান করা- তবে তারা (নিহতের পরিবার) সদকা (মাফ) করে দিলে ভিন্ন কথা। আর যদি সে (নিহত ব্যক্তি) তোমাদের শত্রু সম্প্রদায়ের কেউ হয় এবং সে মু'মিন হয় (নিহত ব্যক্তি মু'মিন কিন্তু তার সম্প্রদায় কাফির হয়) তাহলে (দন্ড হচ্ছে) একজন মু'মিন দাস মুক্ত করা। আর যদি সে এমন এক সম্প্রদায়ভুক্ত হয় যাদের ও তোমাদের মাঝে চুক্তি রয়েছে তাহলে (দন্ড হচ্ছে) তার পরিবার-পরিজনকে দিয়াত (রক্তপণ) প্রদান করা এবং একজন মু'মিন দাস মুক্ত করা। আর যদি সে (কোন মু'মিন দাস) না পায় তাহলে তাকে একাধারে দু'মাস রোযা পালন করতে হবে। এটা আল্লাহ্র পক্ষ থেকে তওবা (করার নিয়ম)। আর আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَمَنْ يَّقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَآؤُهٗ جَهَنَّمُ خَالِدًا فِيْهَا وَ غَضِبَ اللّٰهُ عَلَيْهِ وَ لَعَنَهٗ وَ اَعَدَّ لَهٗ عَذَابًا عَظِيْمًا ﴿٩٣﴾

৯৩। আর যে ইচ্ছাকৃতভাবে কোন মু'মিনকে হত্যা করে* তার প্রতিফল জাহান্নাম*, সেখানে সে স্থায়ী হবে এবং আল্লাহ্ তার উপর ক্রোধান্বিত হন, তাকে লা'নত করেন এবং তার জন্য প্রস্তুত করেছেন মহা শাস্তি।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا ضَرَبْتُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَتَبَيَّنُوْا وَ لَا تَقُوْلُوْا لِمَنْ اَلْقٰۤى اِلَيْكُمُ السَّلٰمَ لَسْتَ مُؤْمِنًا ۚ تَبْتَغُوْنَ عَرَضَ الْحَيٰوةِ الدُّنْيَا ۫ فَعِنْدَ اللّٰهِ مَغَانِمُ كَثِيْرَةٌ ۭ كَذٰلِكَ كُنْتُمْ مِّنْ قَبْلُ فَمَنَّ اللّٰهُ عَلَيْكُمْ فَتَبَيَّنُوْا ۭ اِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ﴿٩٤﴾

৯৪। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমরা আল্লাহ্র পথে সফর করবে তখন (অপরিচিতদেরকে) পরীক্ষা করে নিবে এবং কেউ তোমাদেরকে সালাম পেশ করলে দুনিয়ার জীবনের অস্থায়ী সম্পদ (গনীমত) কামনায় তাকে বলো না, 'তুমি মু'মিন নও', কেননা আল্লাহ্র কাছে অনেক গনীমত রয়েছে। তোমরা ইতঃপূর্বে এমনই (অমুসলিম) ছিলে, অতঃপর আল্লাহ্ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন, সুতরাং তোমরা পরীক্ষা করে নিবে। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

لَا يَسْتَوِي الْقٰعِدُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ غَيْرُ اُولِي الضَّرَرِ وَ الْمُجٰهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ ۭ فَضَّلَ اللّٰهُ الْمُجٰهِدِيْنَ بِاَمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ عَلَى الْقٰعِدِيْنَ دَرَجَةً ۭ وَ كُلًّا وَّعَدَ اللّٰهُ الْحُسْنٰى ۭ وَ فَضَّلَ اللّٰهُ الْمُجٰهِدِيْنَ عَلَى الْقٰعِدِيْنَ اَجْرًا عَظِيْمًا ﴿٩٥﴾

৯৫। অক্ষম না হয়েও (ঘরে) বসে থাকা মু'মিনরা এবং আল্লাহ্র পথে নিজেদের ধন-সম্পদ ও জীবন দিয়ে জিহাদকারীরা (মুজাহিদরা) সমান নয়। ধন-সম্পদ ও জীবন দিয়ে জিহাদকারীদেরকে আল্লাহ্ (ঘরে) বসে থাকাদের উপর মর্যাদায় শ্রেষ্ঠত্ব দিয়েছেন। এবং আল্লাহ্ প্রত্যেককেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু আল্লাহ্ মুজাহিদদেরকে (ঘরে) বসে থাকাদের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন মহাপ্রতিদানের দিক দিয়ে-

دَرَجٰتٍ مِّنْهُ وَ مَغْفِرَةً وَّ رَحْمَةً ۭ وَ كَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٩٦﴾

ع ١٣ ١٠ ١٥ রুকু ١٥

৯৬। তাঁর পক্ষ থেকে বহু মর্যাদা, ক্ষমা ও দয়ার দিক দিয়ে। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

اِنَّ الَّذِيْنَ تَوَفّٰىهُمُ الْمَلٰٓئِكَةُ ظَالِمِيْۤ اَنْفُسِهِمْ قَالُوْا فِيْمَ كُنْتُمْ ۭ قَالُوْا كُنَّا مُسْتَضْعَفِيْنَ فِي الْاَرْضِ ۭ قَالُوْۤا اَلَمْ تَكُنْ اَرْضُ اللّٰهِ وَاسِعَةً فَتُهَاجِرُوْا فِيْهَا ۭ فَاُولٰٓئِكَ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ۭ وَ سَآءَتْ مَصِيْرًا ﴿٩٧﴾

৯৭। নিশ্চয় ফেরেশতারা যাদের মৃত্যু দেয় তাদের নিজেদের প্রতি জুলুম করা অবস্থায় (তাদেরকে) বলে, 'তোমরা কী অবস্থায় ছিলে?' তারা বলে, 'পৃথিবীতে আমরা অসহায় ছিলাম।' তারা (ফেরেশতারা) বলে, 'আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যেখানে তোমরা হিজরত করতে পারতে?' সুতরাং তাদেরই আশ্রয়স্থল জাহান্নাম। আর তা কতই না নিকৃষ্ট আবাসস্থল!

اِلَّا الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَ النِّسَآءِ وَ الْوِلْدَانِ لَا يَسْتَطِيْعُوْنَ حِيْلَةً وَّ لَا يَهْتَدُوْنَ سَبِيْلًا ﴿٩٨﴾

৯৮। অসহায় পুরুষ, নারী ও শিশুদের ছাড়া যারা (হিজরতের) কোন উপায় অবলম্বন করতে সক্ষম নয় এবং তারা কোন পথও পায় না-

فَاُولٰٓئِكَ عَسَى اللّٰهُ اَنْ يَّعْفُوَ عَنْهُمْ ۭ وَ كَانَ اللّٰهُ عَفُوًّا غَفُوْرًا ﴿٩٩﴾

৯৯। সুতরাং শীঘ্রই আল্লাহ্ তাদেরকে মার্জনা করবেন। এবং আল্লাহ্ মার্জনাকারী ও অতি ক্ষমাশীল।

وَمَنْ يُّهَاجِرْ فِيْ سَبِيْلِ اللّٰهِ يَجِدْ فِي الْاَرْضِ مُرٰغَمًا كَثِيْرًا وَّسَعَةً ۭ وَمَنْ يَّخْرُجْ مِنْۢ بَيْتِهٖ مُهَاجِرًا اِلَى اللّٰهِ وَ رَسُوْلِهٖ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ اَجْرُهٗ عَلَى اللّٰهِ ۭ وَ كَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٠٠﴾

ع ١٣ ١١ ١٨ রুকু ١٧

১০০। আর যে আল্লাহ্র পথে হিজরত করবে সে পৃথিবীতে অনেক আশ্রয়স্থল ও প্রাচুর্য পাবে এবং যে তার ঘর থেকে আল্লাহ্ ও রাসূলের দিকে হিজরতকারী হয়ে বের হয় এরপর মৃত্যু তার নাগাল পায়, তাহলে অবশ্যই তার প্রতিদানের ভার আল্লাহ্র উপর ন্যস্ত। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০১। এবং যখন তোমরা পৃথিবীতে ভ্রমণ কর তখন সালাত (নামায) সংক্ষিপ্ত (কসর) করাতে তোমাদের কোন অপরাধ নেই যদি তোমরা আশঙ্কা কর যে, যারা কুফরী করেছে তারা তোমাদেরকে ফিতনায় ফেলবে। নিশ্চয় কাফিররা তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু।

وَاِذَا ضَرَبْتُمْ فِى الْاَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَقْصُرُوْا مِنَ الصَّلٰوةِ ۖ اِنْ خِفْتُمْ اَنْ يَّفْتِنَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا ؕ اِنَّ الْكٰفِرِيْنَ كَانُوْا لَكُمْ عَدُوًّا مُّبِيْنًا ﴿١٠١﴾

১০২। আর যখন তুমি তাদের মধ্যে থাকবে ও তাদের জন্য সালাত (নামায) কায়েম করবে তখন তাদের মধ্য থেকে একদল যেন তোমার সাথে দাঁড়ায় এবং তারা যেন তাদের অস্ত্র-শস্ত্র (সঙ্গে) রাখে। অতঃপর তারা যখন সিজদা করবে তখন তারা যেন তোমাদের পিছনে অবস্থান নেয়; আর অপর একদল যারা সালাত আদায় করেনি তারা যেন আসে এবং তোমার সাথে সালাত আদায় করে এবং তারা যেন তাদের সতর্কতা গ্রহণ করে ও তাদের অস্ত্র-শস্ত্র (সঙ্গে) রাখে। যারা কুফরী করেছে তারা কামনা করে যদি তোমরা তোমাদের অস্ত্র-শস্ত্র ও দ্রব্যসামগ্রী সম্পর্কে অসতর্ক হও তাহলে তারা তোমাদের উপর একবারে ঝাঁপিয়ে পড়বে। আর বৃষ্টির কারণে যদি তোমাদের কষ্ট হয় অথবা তোমরা অসুস্থ থাক তাহলে অস্ত্র-শস্ত্র রেখে দেয়াতে তোমাদের কোন অপরাধ নেই, কিন্তু তোমরা তোমাদের সতর্কতা গ্রহণ কর। নিশ্চয় আল্লাহ্ কাফিরদের জন্য প্রস্তুত করেছেন লাঞ্ছনাদায়ক শাস্তি।

وَاِذَا كُنْتَ فِيْهِمْ فَاَقَمْتَ لَهُمُ الصَّلٰوةَ فَلْتَقُمْ طَآئِفَةٌ مِّنْهُمْ مَّعَكَ وَلْيَاْخُذُوْٓا اَسْلِحَتَهُمْ ۫ فَاِذَا سَجَدُوْا فَلْيَكُوْنُوْا مِنْ وَّرَآئِكُمْ ۪ وَلْتَاْتِ طَآئِفَةٌ اُخْرٰى لَمْ يُصَلُّوْا فَلْيُصَلُّوْا مَعَكَ وَلْيَاْخُذُوْا حِذْرَهُمْ وَاَسْلِحَتَهُمْ ۚ وَدَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ تَغْفُلُوْنَ عَنْ اَسْلِحَتِكُمْ وَاَمْتِعَتِكُمْ فَيَمِيْلُوْنَ عَلَيْكُمْ مَّيْلَةً وَّاحِدَةً ؕ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِنْ كَانَ بِكُمْ اَذًى مِّنْ مَّطَرٍ اَوْ كُنْتُمْ مَّرْضٰٓى اَنْ تَضَعُوْٓا اَسْلِحَتَكُمْ ۚ وَخُذُوْا حِذْرَكُمْ ؕ اِنَّ اللّٰهَ اَعَدَّ لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا ﴿١٠٢﴾

১০৩। অতঃপর যখন তোমরা সালাত (নামায) সমাপ্ত করবে তখন দাঁড়িয়ে, বসে এবং শুয়ে আল্লাহ্‌কে স্মরণ কর, অতঃপর যখন তোমরা নিরাপদ বোধ করবে তখন (পূর্ণাঙ্গ) সালাত কায়েম কর, নিশ্চয় সালাত (নামায) মু'মিনদের উপর একটি সময় নির্ধারিত ফরয।

فَاِذَا قَضَيْتُمُ الصَّلٰوةَ فَاذْكُرُوا اللّٰهَ قِيَامًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِكُمْ ۚ فَاِذَا اطْمَاْنَنْتُمْ فَاَقِيْمُوا الصَّلٰوةَ ۚ اِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا ﴿١٠٣﴾

১০৪। আর (শত্রু) সম্প্রদায়ের পশ্চাদ্ধাবনে* তোমরা হীনবল হয়ো না। যদি তোমরা যন্ত্রণা বোধ কর, তবে নিশ্চয় তারাও যন্ত্রণা বোধ করে যেমন তোমরা যন্ত্রনা বোধ কর। এবং আল্লাহ্‌র কাছ থেকে তোমরা আশা কর, যা তারা আশা করে না। আর আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَلَا تَهِنُوْا فِى ابْتِغَآءِ الْقَوْمِ ؕ اِنْ تَكُوْنُوْا تَاْلَمُوْنَ فَاِنَّهُمْ يَاْلَمُوْنَ كَمَا تَاْلَمُوْنَ ۚ وَتَرْجُوْنَ مِنَ اللّٰهِ مَا لَا يَرْجُوْنَ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿١٠٤﴾ ع

১৫ ع ৫ ১৫ রুকূ ১২

১০৫। নিশ্চয় আমি তোমার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করেছি যাতে আল্লাহ্ তোমাকে যা (সঠিকপথ) দেখিয়েছেন তদানুয়ায়ী মানুষের মাঝে তুমি বিচার-ফয়সালা করতে পার*। আর খিয়ানতকারীদের জন্য তুমি বিতণ্ডাকারী হয়ো না-

اِنَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَآ اَرٰىكَ اللّٰهُ ؕ وَلَا تَكُنْ لِّلْخَآئِنِيْنَ خَصِيْمًا ﴿١٠٥﴾

১০৬। এবং আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَّاسْتَغْفِرِ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٠٦﴾ ع

১০৭। এবং যারা তাদের নিজেদের সাথে খিয়ানত করে তাদের পক্ষে তুমি বিতর্ক করো না। নিশ্চয় আল্লাহ্ তাকে ভালবাসেন না যে খিয়ানতকারী ও পাপিষ্ঠ-

وَلَا تُجَادِلْ عَنِ الَّذِيْنَ يَخْتَانُوْنَ اَنْفُسَهُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ خَوَّانًا اَثِيْمًا ﴿١٠٧﴾ ع

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يَّسْتَخْفُوْنَ مِنَ النَّاسِ وَلَا يَسْتَخْفُوْنَ مِنَ اللّٰهِ وَهُوَ مَعَهُمْ
اِذْ يُبَيِّتُوْنَ مَا لَا يَرْضٰى مِنَ الْقَوْلِ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ
مُحِيْطًا ﴿١٠٨﴾

১০৮। তারা মানুষের কাছে গোপন করতে চায় কিন্তু আল্লাহ্‌র কাছে গোপন করতে চায় না, অথচ তিনি তাদের সঙ্গেই আছেন যখন তারা রাতে পরামর্শ করে এমন কথা বলার যা আল্লাহ্ পছন্দ করেন না। আর তারা যা করে তা আল্লাহ্ পরিবেষ্টন করে আছেন।

هٰٓاَنْتُمْ هٰٓؤُلَآءِ جٰدَلْتُمْ عَنْهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۫ فَمَنْ يُّجَادِلُ
اللّٰهَ عَنْهُمْ يَوْمَ الْقِيٰمَةِ اَمْ مَّنْ يَّكُوْنُ عَلَيْهِمْ وَكِيْلًا ﴿١٠٩﴾

১০৯। ওহে তোমরাই তারা যারা দুনিয়ার জীবনে তাদের পক্ষে বিতর্ক করছ; কিন্তু কিয়ামতের দিন আল্লাহ্‌র সামনে কে তাদের পক্ষে বিতর্ক করবে অথবা কে তাদের তত্ত্বাবধায়ক হবে?

وَمَنْ يَّعْمَلْ سُوْٓءًا اَوْ يَظْلِمْ نَفْسَهٗ ثُمَّ يَسْتَغْفِرِ اللّٰهَ يَجِدِ اللّٰهَ
غَفُوْرًا رَّحِيْمًا ﴿١١٠﴾

১১০। আর যে কোন মন্দ কাজ করে অথবা তার নিজের প্রতি জুলুম করে এরপর আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা করে সে আল্লাহ্‌কে অতি ক্ষমাশীল ও পরম দয়ালু হিসাবে পাবে।

وَمَنْ يَّكْسِبْ اِثْمًا فَاِنَّمَا يَكْسِبُهٗ عَلٰى نَفْسِهٖ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا
حَكِيْمًا ﴿١١١﴾

১১১। এবং যে পাপ অর্জন করে সে কেবল তা তার নিজের বিরুদ্ধেই অর্জন করে। আর আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَمَنْ يَّكْسِبْ خَطِيْٓئَةً اَوْ اِثْمًا ثُمَّ يَرْمِ بِهٖ بَرِيْٓئًا فَقَدِ احْتَمَلَ
بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿١١٢﴾ ع

১৬ ع ৮ ১৩ রুকূ ১৩

১১২। এবং যে কোন অপরাধ বা পাপ অর্জন করে এরপর তা কোন নির্দোষ ব্যক্তির প্রতি আরোপ করে, সে অপবাদ ও সুস্পষ্ট পাপের বোঝা বহন করল।

وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكَ وَرَحْمَتُهٗ لَهَمَّتْ طَّآئِفَةٌ مِّنْهُمْ اَنْ
يُّضِلُّوْكَ ؕ وَمَا يُضِلُّوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَضُرُّوْنَكَ مِنْ شَيْءٍ ؕ
وَاَنْزَلَ اللّٰهُ عَلَيْكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَعَلَّمَكَ مَا لَمْ تَكُنْ
تَعْلَمُ ؕ وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا ﴿١١٣﴾

১১৩। আর যদি তোমার প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকত তাহলে তাদের একদল অবশ্যই তোমাকে পথভ্রষ্ট করতে মনস্থ করত*। কিন্তু তারা কেবল তাদের নিজদেরকেই পথভ্রষ্ট করে এবং তারা তোমার কিছুই ক্ষতি করতে পারে না। এবং আল্লাহ্ তোমার প্রতি কিতাব ও হিকমত অবতীর্ণ করেছেন এবং তুমি যা জানতে না তা তোমাকে শিক্ষা দিয়েছেন। এবং তোমার উপর আল্লাহ্‌র অনুগ্রহ (সত্যিই) মহান।

لَا خَيْرَ فِيْ كَثِيْرٍ مِّنْ نَّجْوٰىهُمْ اِلَّا مَنْ اَمَرَ بِصَدَقَةٍ اَوْ مَعْرُوْفٍ اَوْ
اِصْلَاحٍۭ بَيْنَ النَّاسِ ؕ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ
فَسَوْفَ نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿١١٤﴾

১১৪। তাদের অনেক গোপন কথায় কোন কল্যাণ নেই তার (গোপন কথা) ছাড়া যে দান-খয়রাত বা সৎকাজ অথবা মানুষের মাঝে আপোষ-নিষ্পত্তির নির্দেশ দেয়। আর যে আল্লাহ্‌র সন্তুষ্টি কামনায় তা করে অচিরেই আমি তাকে মহাপ্রতিদান দিব।

وَمَنْ يُّشَاقِقِ الرَّسُوْلَ مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدٰى وَيَتَّبِعْ
غَيْرَ سَبِيْلِ الْمُؤْمِنِيْنَ نُوَلِّهٖ مَا تَوَلّٰى وَنُصْلِهٖ جَهَنَّمَ ؕ وَسَآءَتْ
مَصِيْرًا ﴿١١٥﴾ ع

১৭ ع ৮ ১৪ ১৭ রুকূ ১৪

১১৫। আর যে ব্যক্তি তার নিকট সঠিকপথ স্পষ্ট হওয়ার পর রাসূলের বিরুদ্ধাচরণ করে এবং মু'মিনদের পথ ছাড়া অন্য পথ অনুসরণ করে তাকে আমি যেদিকেই সে ফিরে যায় সেদিকেই ফিরিয়ে দিব এবং তাকে জাহান্নামে প্রবেশ করাব। আর তা কতই না মন্দ গন্তব্যস্থল!

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِنَّ اللّٰهَ لَا يَغْفِرُ أَنْ يُّشْرَكَ بِهٖ وَيَغْفِرُ مَا دُوْنَ ذٰلِكَ لِمَنْ يَّشَآءُ ۚ وَمَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا ﴿١١٦﴾

১১৬। নিশ্চয় আল্লাহ্ তাঁর সাথে শরীক করাকে ক্ষমা করেন না, কিন্তু এটা ছাড়া যা আছে তা তিনি যাকে ইচ্ছা করেন ক্ষমা করেন। এবং যে আল্লাহ্র সাথে শরীক করে সে অবশ্যই সুদূর পথভ্রষ্ট হয়েছে।

إِنْ يَّدْعُوْنَ مِنْ دُوْنِهٖٓ إِلَّآ إِنٰثًا ۚ وَإِنْ يَّدْعُوْنَ إِلَّا شَيْطٰنًا مَّرِيْدًا ﴿١١٧﴾

১১৭। তারা তাঁকে বাদ দিয়ে কেবল নারীদেরকে (দেবীদেরকে) ডাকে এবং তারা কেবল বিদ্রোহী শয়তানকে ডাকে-

لَّعَنَهُ اللّٰهُ ۘ وَقَالَ لَأَتَّخِذَنَّ مِنْ عِبَادِكَ نَصِيْبًا مَّفْرُوْضًا ﴿١١٨﴾

১১৮। যাকে আল্লাহ্ লা'নত করেছেন, এবং সে (শয়তান) বলেছিল, 'অবশ্যই অবশ্যই আমি আপনার বান্দাদের মধ্য থেকে একটি নির্ধারিত অংশকে (আমার অনুসারী হিসেবে) গ্রহণ করব-

وَّلَأُضِلَّنَّهُمْ وَلَأُمَنِّيَنَّهُمْ وَلَآمُرَنَّهُمْ فَلَيُبَتِّكُنَّ اٰذَانَ الْأَنْعَامِ وَلَآمُرَنَّهُمْ فَلَيُغَيِّرُنَّ خَلْقَ اللّٰهِ ۚ وَمَنْ يَّتَّخِذِ الشَّيْطٰنَ وَلِيًّا مِّنْ دُوْنِ اللّٰهِ فَقَدْ خَسِرَ خُسْرَانًا مُّبِيْنًا ﴿١١٩﴾

১১৯। এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে পথভ্রষ্ট করব, এবং অবশ্যই অবশ্যই আমি (তাদের হৃদয়ে) মিথ্যা আশার সৃষ্টি করব, এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে নির্দেশ দিব ফলে অবশ্যই অবশ্যই তারা গবাদিপশুর কান চিরে দিবে, এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে নির্দেশ দিব ফলে অবশ্যই অবশ্যই তারা আল্লাহ্র সৃষ্টিকে বিকৃত করবে।' আর যে আল্লাহ্কে বাদ দিয়ে শয়তানকে অভিভাবক হিসেবে গ্রহণ করে সে সুস্পষ্টভাবেই ক্ষতিগ্রস্ত হবে।

يَعِدُهُمْ وَيُمَنِّيْهِمْ ۚ وَمَا يَعِدُهُمُ الشَّيْطٰنُ إِلَّا غُرُوْرًا ﴿١٢٠﴾

১২০। সে তাদেরকে প্রতিশ্রুতি দেয় এবং তাদেরকে মিথ্যা আশা দেয়। আর শয়তান তাদেরকে কোন প্রতিশ্রুতি দেয় না- প্রতারণা ছাড়া।

أُولٰٓئِكَ مَأْوٰىهُمْ جَهَنَّمُ ۖ وَلَا يَجِدُوْنَ عَنْهَا مَحِيْصًا ﴿١٢١﴾

১২১। তাদেরই আশ্রয়স্থল জাহান্নাম, এবং তা থেকে তারা পালানোর জায়গা পাবে না।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَنُدْخِلُهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْأَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ أَبَدًا ۚ وَعْدَ اللّٰهِ حَقًّا ۚ وَمَنْ أَصْدَقُ مِنَ اللّٰهِ قِيْلًا ﴿١٢٢﴾

১২২। আর যারা ঈমান এনেছে ও সৎ কাজ করেছে তাদেরকে শীঘ্রই আমি প্রবেশ করাব জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। (এটি) আল্লাহ্র সত্য প্রতিশ্রুতি। আর কথায় আল্লাহ্র চেয়ে কে অধিক সত্যবাদী?

لَيْسَ بِأَمَانِيِّكُمْ وَلَآ أَمَانِيِّ أَهْلِ الْكِتٰبِ ۗ مَنْ يَّعْمَلْ سُوْٓءًا يُّجْزَ بِهٖ ۙ وَلَا يَجِدْ لَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿١٢٣﴾

১২৩। (আল্লাহ্র প্রতিশ্রুতি) তোমাদের আকাঙ্ক্ষা ও আহলি কিতাবের আকাঙ্ক্ষা অনুযায়ী নয়। যে মন্দ কাজ করে তাকে এর প্রতিফল দেয়া হবে এবং সে আল্লাহ্কে বাদ দিয়ে তার জন্য কোনো অভিভাবক পাবে না এবং কোনো সাহায্যকারীও না।

وَمَنْ يَّعْمَلْ مِنَ الصّٰلِحٰتِ مِنْ ذَكَرٍ أَوْ أُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَأُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُوْنَ نَقِيْرًا ﴿١٢٤﴾

১২৪। এবং পুরুষ অথবা নারীর মধ্যে যে মু'মিন হয়ে সৎ কাজ করে তারা জান্নাতে প্রবেশ করবে এবং তাদের প্রতি খেজুর বিচির আবরণ পরিমাণও জুলুম করা হবে না।

وَمَنْ أَحْسَنُ دِيْنًا مِّمَّنْ أَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ وَّاتَّبَعَ مِلَّةَ إِبْرٰهِيْمَ حَنِيْفًا ۗ وَاتَّخَذَ اللّٰهُ إِبْرٰهِيْمَ خَلِيْلًا ﴿١٢٥﴾

১২৫। এবং দ্বীনের দিক দিয়ে তার চেয়ে উত্তম আর কে, যে সৎকর্মপরায়ণ হয়ে তার চেহারাকে (নিজেকে) আল্লাহ্র কাছে সমর্পণ করেছে এবং একত্ববাদী হয়ে ইবরাহীমের মিল্লাত (ধর্মাদর্শ) অনুসরণ করেছে? আর আল্লাহ্ ইবরাহীমকে বন্ধু হিসেবে গ্রহণ করেছেন।

وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ۗ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ مُّحِيْطًا ﴿١٢٦﴾

১২৬। এবং আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। এবং আল্লাহ্ সব কিছুকে পরিবেষ্টন করে আছেন।

১৮ ع ১৫ ১৮ রুকূ ১৫

وَيَسْتَفْتُوْنَكَ فِي النِّسَآءِ ۭ قُلِ اللّٰهُ يُفْتِيْكُمْ فِيْهِنَّ ۙ وَمَا يُتْلٰى عَلَيْكُمْ فِي الْكِتٰبِ فِيْ يَتٰمَى النِّسَاۗءِ الّٰتِيْ لَا تُؤْتُوْنَهُنَّ مَا كُتِبَ لَهُنَّ وَتَرْغَبُوْنَ اَنْ تَنْكِحُوْهُنَّ وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ الْوِلْدَانِ ۙ وَاَنْ تَقُوْمُوْا لِلْيَتٰمٰى بِالْقِسْطِ ۭ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ كَانَ بِهٖ عَلِيْمًا ١٢٧

১২৭। আর তারা তোমার কাছে নারীদের ব্যাপারে ফতওয়া জানতে চায়। বল, 'আল্লাহ্ তোমাদেরকে তাদের ব্যাপারে ফতওয়া দিচ্ছেন এবং (ফতওয়া দিচ্ছে সে আয়াতসমূহও) যা কিতাবে তোমাদেরকে পাঠ করে শোনানো হয় ইয়াতীম নারীদের ব্যাপারে, যাদেরকে তোমরা তা দাও না যা তাদের জন্য নির্ধারিত করে দেয়া হয়েছে অথচ তোমরা তাদেরকে বিয়ে করতে আগ্রহী হও এবং (যা পাঠ করে শোনানো হয়) অসহায় শিশুদের ব্যাপারে এবং এ ব্যাপারে যে তোমরা ইয়াতীম নারীদের জন্য ন্যায়নীতিতে কায়েম থাকবে। আর তোমরা কল্যাণকর যে কাজই কর, তবে নিশ্চয় আল্লাহ্ তা ভালভাবে জানেন।

وَاِنِ امْرَاَةٌ خَافَتْ مِنْۢ بَعْلِهَا نُشُوْزًا اَوْ اِعْرَاضًا فَلَا جُنَاحَ عَلَيْهِمَآ اَنْ يُّصْلِحَا بَيْنَهُمَا صُلْحًا ۭ وَالصُّلْحُ خَيْرٌ ۭ وَاُحْضِرَتِ الْاَنْفُسُ الشُّحَّ ۭ وَاِنْ تُحْسِنُوْا وَتَتَّقُوْا فَاِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ١٢٨

১২৮। এবং কোন স্ত্রী যদি তার স্বামীর পক্ষ থেকে অবজ্ঞা অথবা উপেক্ষাকে ভয় করে (যে তা বিচ্ছেদের দিকে নিয়ে যাবে) তাহলে তারা দু'জন তাদের (নিজেদের) মধ্যে আপোষ-নিষ্পত্তি* করাতে তাদের কোন অপরাধ নেই। আর আপোষ-নিষ্পত্তিই উত্তম। কিন্তু (মানুষের) প্রবৃত্তিতে উপস্থিত করা হয়েছে স্বার্থপরতা। আর যদি তোমরা অনুগ্রহ কর এবং (আল্লাহ্কে) ভয় কর, তবে নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

وَلَنْ تَسْتَطِيْعُوْٓا اَنْ تَعْدِلُوْا بَيْنَ النِّسَاۗءِ وَلَوْ حَرَصْتُمْ فَلَا تَمِيْلُوْا كُلَّ الْمَيْلِ فَتَذَرُوْهَا كَالْمُعَلَّقَةِ ۭ وَاِنْ تُصْلِحُوْا وَتَتَّقُوْا فَاِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ١٢٩

১২৯। আর তোমরা আগ্রহী হলেও স্ত্রীদের মধ্যে কখনো সমতা রক্ষা করতে সক্ষম হবে না, অতএব তোমরা (কোন একজনের দিকে) সম্পূর্ণভাবে ঝুঁকে পড়ো না এবং তাকে (অপর জনকে) ঝুলন্তের মত ফেলে রেখো না। আর যদি তোমরা (নিজদেরকে) সংশোধন কর ও তাকওয়া অবলম্বন কর, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَاِنْ يَّتَفَرَّقَا يُغْنِ اللّٰهُ كُلًّا مِّنْ سَعَتِهٖ ۭ وَكَانَ اللّٰهُ وَاسِعًا حَكِيْمًا ١٣٠

১৩০। আর যদি তারা দু'জন পৃথক হয়ে যায় তাহলে আল্লাহ্ তাঁর প্রাচুর্য দ্বারা (তাদের) প্রত্যেককে অভাবমুক্ত করে দিবেন। এবং আল্লাহ্ প্রাচুর্যময় ও মহাপ্রজ্ঞাবান।

وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَلَقَدْ وَصَّيْنَا الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَاِيَّاكُمْ اَنِ اتَّقُوا اللّٰهَ ۭ وَاِنْ تَكْفُرُوْا فَاِنَّ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَكَانَ اللّٰهُ غَنِيًّا حَمِيْدًا ١٣١

১৩১। এবং আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। আর তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদেরকে এবং তোমাদেরকেও অবশ্যই নির্দেশ দিয়েছি যে, তোমরা আল্লাহ্কে ভয় কর। আর যদি তোমরা কুফরী কর, তবে নিশ্চয় আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। এবং আল্লাহ্ অমুখাপেক্ষী ও অতি প্রশংসনীয়।

وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ١٣٢

১৩২। এবং আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্র। এবং তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।

اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ اَيُّهَا النَّاسُ وَيَاْتِ بِاٰخَرِيْنَ ۭ وَكَانَ اللّٰهُ عَلٰي ذٰلِكَ قَدِيْرًا ١٣٣

১৩৩। হে মানুষ! তিনি যদি ইচ্ছা করেন তাহলে তোমাদেরকে সরিয়ে দিতে পারেন ও অন্যদেরকে (তোমাদের জায়গায়) নিয়ে আসতে পারেন। এবং আল্লাহ্ এ ব্যাপারে পূর্ণ সক্ষম।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

مَنْ كَانَ يُرِيْدُ ثَوَابَ الدُّنْيَا فَعِنْدَ اللّٰهِ ثَوَابُ الدُّنْيَا وَ
الْاٰخِرَةِ ؕ وَكَانَ اللّٰهُ سَمِيْعًا بَصِيْرًا ﴿١٣٤﴾

১৩৪।যে দুনিয়ার পুরস্কার (ছওয়াব) চায়, তবে (তার জেনে রাখা উচিত) আল্লাহ্‌র কাছে দুনিয়া ও আখিরাতের পুরস্কার (ছওয়াব) রয়েছে। আর আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْا قَوّٰمِيْنَ بِالْقِسْطِ شُهَدَآءَ لِلّٰهِ وَلَوْ عَلٰۤى
اَنْفُسِكُمْ اَوِ الْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ ۚ اِنْ يَّكُنْ غَنِيًّا اَوْ فَقِيْرًا
فَاللّٰهُ اَوْلٰى بِهِمَا ۟ فَلَا تَتَّبِعُوا الْهَوٰۤى اَنْ تَعْدِلُوْا ۚ وَاِنْ تَلْوٗۤا اَوْ
تُعْرِضُوْا فَاِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ﴿١٣٥﴾

১৩৫।ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে ন্যায় সাক্ষ্যদানে অবিচল থাকবে, যদিও তোমাদের নিজেদের অথবা পিতা-মাতা এবং আত্মীয়-স্বজনের বিরুদ্ধে হয়, সে ধনী হোক অথবা গরীব (ফকির) হোক আল্লাহ্ তাদের দু'জনেরই নিকটজন। সুতরাং তোমরা ন্যায়বিচার করতে গিয়ে প্রবৃত্তির* অনুসরণ করো না, আর যদি তোমরা পেঁচানো কথা বল অথবা (সাক্ষ্যকে) এড়িয়ে যাও, তবে নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَالْكِتٰبِ الَّذِيْ
نَزَّلَ عَلٰى رَسُوْلِهٖ وَالْكِتٰبِ الَّذِيْۤ اَنْزَلَ مِنْ قَبْلُ ؕ وَمَنْ يَّكْفُرْ
بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا
بَعِيْدًا ﴿١٣٦﴾

১৩৬।ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্, তাঁর রাসূল, যে কিতাব তিনি তাঁর রাসূলের প্রতি অবতীর্ণ করেছেন তাতে এবং যে কিতাব তিনি পূর্বে অবতীর্ণ করেছিলেন তাতে ঈমান আন। এবং যে আল্লাহ্, তাঁর ফেরেশতাকুল, তাঁর কিতাবসমূহ, তাঁর রাসূলদেরকে এবং আখিরাতের দিনে অবিশ্বাস করে সে অবশ্যই সুদূর পথভ্রষ্ট হয়েছে।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا ثُمَّ كَفَرُوْا ثُمَّ اٰمَنُوْا ثُمَّ كَفَرُوْا ثُمَّ ازْدَادُوْا
كُفْرًا لَّمْ يَكُنِ اللّٰهُ لِيَغْفِرَ لَهُمْ وَلَا لِيَهْدِيَهُمْ سَبِيْلًا ﴿١٣٧﴾

১৩৭। নিশ্চয় যারা ঈমান এনেছে এরপর কুফরী করেছে, এরপর ঈমান এনেছে এরপর কুফরী করেছে, এরপর কুফরীতে বেড়ে গিয়েছে, আল্লাহ্ এমন নন যে, তিনি তাদেরকে ক্ষমা করবেন এবং তাদেরকে সঠিকপথ প্রদর্শন করবেন।

بَشِّرِ الْمُنٰفِقِيْنَ بِاَنَّ لَهُمْ عَذَابًا اَلِيْمَا ۙ﴿١٣٨﴾

১৩৮।মুনাফিকদেরকে সুসংবাদ দাও যে, তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি-

الَّذِيْنَ يَتَّخِذُوْنَ الْكٰفِرِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ؕ
اَيَبْتَغُوْنَ عِنْدَهُمُ الْعِزَّةَ فَاِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا ﴿١٣٩﴾

১৩৯। -যারা মু'মিনদেরকে বাদ দিয়ে কাফিরদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করে। তারা কি তাদের (কাফিরদের) কাছে ইজ্জত (সম্মান) চায়? তাহলে নিশ্চয় সমস্ত ইজ্জত আল্লাহ্‌রই।

وَقَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِى الْكِتٰبِ اَنْ اِذَا سَمِعْتُمْ اٰيٰتِ اللّٰهِ يُكْفَرُ
بِهَا وَيُسْتَهْزَاُ بِهَا فَلَا تَقْعُدُوْا مَعَهُمْ حَتّٰى يَخُوْضُوْا فِىْ حَدِيْثٍ
غَيْرِهٖۤ ۚ اِنَّكُمْ اِذًا مِّثْلُهُمْ ؕ اِنَّ اللّٰهَ جَامِعُ الْمُنٰفِقِيْنَ وَالْكٰفِرِيْنَ
فِىْ جَهَنَّمَ جَمِيْعَا ۙ﴿١٤٠﴾

১৪০।আর ইতোমধ্যে কিতাবে তিনি তোমাদের প্রতি (এ মর্মে নির্দেশ) অবতীর্ণ করেছেন যে, যখন তোমরা শুনবে- আল্লাহ্‌র আয়াতসমূহ অবিশ্বাস করা হচ্ছে এবং তা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা হচ্ছে, তখন তোমরা তাদের সাথে বসবে না যতক্ষণ না তারা অন্য কথায় লিপ্ত হবে, নিশ্চয় তোমরা তখন তাদের মত (গণ্য) হবে। নিশ্চয় আল্লাহ্ মুনাফিক ও কাফিরদের সবাইকে জাহান্নামে একত্র করবেন-

الَّذِيْنَ يَتَرَبَّصُوْنَ بِكُمْ ۚ فَاِنْ كَانَ لَكُمْ فَتْحٌ مِّنَ اللّٰهِ قَالُوْٓا اَلَمْ نَكُنْ مَّعَكُمْ ۖ وَاِنْ كَانَ لِلْكٰفِرِيْنَ نَصِيْبٌ ۙ قَالُوْٓا اَلَمْ نَسْتَحْوِذْ عَلَيْكُمْ وَنَمْنَعْكُمْ مِّنَ الْمُؤْمِنِيْنَ ۭ فَاللّٰهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ ۭ وَلَنْ يَّجْعَلَ اللّٰهُ لِلْكٰفِرِيْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ سَبِيْلًا ﴿١٤١﴾

১৪১।-যারা তোমাদের (পরিণতি দেখার) জন্য প্রতীক্ষা করে। অতঃপর যদি আল্লাহ্‌র পক্ষ থেকে তোমাদের কোন বিজয় হয় তাহলে তারা বলে,'আমরা কি তোমাদের সাথে ছিলাম না?' আর যদি কাফিরদের কোন সাফল্য হয় তাহলে তারা (কাফিরদেরকে) বলে, 'আমরা কি তোমাদের উপর বিজয়ী হতে পারতাম না এবং মু'মিনদের থেকে তোমাদেরকে রক্ষা করিনি*?' সুতরাং আল্লাহ্ কিয়ামতের দিন তোমাদের মধ্যে বিচার করবেন। এবং আল্লাহ্ মু'মিনদের বিরুদ্ধে কাফিরদের জন্য কোনো পথ রাখেন না।

ع ١٧ ٢٠ রুকু ١٩

اِنَّ الْمُنٰفِقِيْنَ يُخٰدِعُوْنَ اللّٰهَ وَهُوَ خَادِعُهُمْ ۚ وَاِذَا قَامُوْٓا اِلَى الصَّلٰوةِ قَامُوْا كُسَالٰى ۙ يُرَاۗءُوْنَ النَّاسَ وَلَا يَذْكُرُوْنَ اللّٰهَ اِلَّا قَلِيْلًا ﴿١٤٢﴾

১৪২।নিশ্চয় মুনাফিকরা (মনে করে যে তারা) আল্লাহ্‌কে ধোকা দেয়, অথচ তিনি তাদেরকে ধোকা দেন*, এবং যখন তারা সালাতে (নামাযে) দাঁড়ায় তখন তারা অলসতা করে দাঁড়ায়- তারা মানুষকে দেখায়, এবং আল্লাহ্‌কে তারা সামান্যই স্মরণ করে-

مُّذَبْذَبِيْنَ بَيْنَ ذٰلِكَ ۡ لَآ اِلٰٓى هٰٓؤُلَاۗءِ وَلَآ اِلٰى هٰٓؤُلَاۗءِ ۭ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ سَبِيْلًا ﴿١٤٣﴾

১৪৩। তারা এর মাঝে দোদুল্যমান- এদের দিকে না এবং ওদের দিকেও না। এবং আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তুমি তার জন্য কখনো কোন পথ পাবে না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوا الْكٰفِرِيْنَ اَوْلِيَاۗءَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ۭ اَتُرِيْدُوْنَ اَنْ تَجْعَلُوْا لِلّٰهِ عَلَيْكُمْ سُلْطٰنًا مُّبِيْنًا ﴿١٤٤﴾

১৪৪।ওহে যারা ঈমান এনেছ! মু'মিনদেরকে বাদ দিয়ে কাফিরদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তোমরা কি (এ কাজ করার মাধ্যমে) তোমাদের (নিজেদের) বিরুদ্ধে আল্লাহ্‌র জন্য সুস্পষ্ট প্রমাণ বানিয়ে দিতে চাও?

اِنَّ الْمُنٰفِقِيْنَ فِي الدَّرْكِ الْاَسْفَلِ مِنَ النَّارِ ۚ وَلَنْ تَجِدَ لَهُمْ نَصِيْرًا ﴿١٤٥﴾

১৪৫।নিশ্চয় মুনাফিকরা আগুনের (জাহান্নামের) সর্বনিম্ন স্তরে থাকবে এবং তাদের জন্য তুমি কখনো কোন সাহায্যকারী পাবে না-

اِلَّا الَّذِيْنَ تَابُوْا وَاَصْلَحُوْا وَاعْتَصَمُوْا بِاللّٰهِ وَاَخْلَصُوْا دِيْنَهُمْ لِلّٰهِ فَاُولٰۗىِٕكَ مَعَ الْمُؤْمِنِيْنَ ۭ وَسَوْفَ يُؤْتِ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ اَجْرًا عَظِيْمًا ﴿١٤٦﴾

১৪৬।তবে তারা নয় যারা তাওবা করেছে, (নিজেদেরকে) সংশোধন করেছে, আল্লাহ্‌কে দৃঢ়ভাবে আকড়ে ধরেছে এবং তারা তাদের দ্বীনকে আল্লাহ্‌র জন্য একনিষ্ঠ করেছে, তারাই মু'মিনদের সাথে থাকবে এবং মু'মিনদেরকে আল্লাহ্ অচিরেই মহাপ্রতিদান দিবেন।

مَا يَفْعَلُ اللّٰهُ بِعَذَابِكُمْ اِنْ شَكَرْتُمْ وَاٰمَنْتُمْ ۭ وَكَانَ اللّٰهُ شَاكِرًا عَلِيْمًا ﴿١٤٧﴾

১৪৭।তোমাদেরকে শাস্তি দিয়ে আল্লাহ্ কি করবেন যদি তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর ও ঈমান আন? আর আল্লাহ্ পরম প্রতিদানদাতা ও সর্বজ্ঞানী।

পারা-৬

১৪৮।মন্দ কথা প্রকাশ করা আল্লাহ্ ভালবাসেন না, তবে যার প্রতি জুলুম করা হয়েছে তার কথা ভিন্ন। আর আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْٓءِ مِنَ الْقَوْلِ اِلَّا مَنْ ظُلِمَ ؕ وَكَانَ اللّٰهُ سَمِيْعًا عَلِيْمًا ﴿١٤٨﴾

১৪৯।তোমরা যদি কোন ভালকাজ প্রকাশ কর অথবা তা গোপন রাখ অথবা (কারো) দোষ মার্জনা কর, তবে নিশ্চয় আল্লাহ্ মার্জনাকারী ও সর্বশক্তিমান।

اِنْ تُبْدُوْا خَيْرًا اَوْ تُخْفُوْهُ اَوْ تَعْفُوْا عَنْ سُوْٓءٍ فَاِنَّ اللّٰهَ كَانَ عَفُوًّا قَدِيْرًا ﴿١٤٩﴾

১৫০।নিশ্চয় যারা আল্লাহ্ ও তাঁর রাসূলদেরকে অবিশ্বাস করে এবং আল্লাহ্ ও তাঁর রাসূলদের মধ্যে পার্থক্য করতে চায় এবং বলে, 'আমরা (রাসূলদের) কিছু সংখ্যকের উপর ঈমান আনি আর কিছু সংখ্যককে অবিশ্বাস করি, এবং এর মাঝে (ভিন্ন) একটি পথ গ্রহণ করতে চায়-

اِنَّ الَّذِيْنَ يَكْفُرُوْنَ بِاللّٰهِ وَرُسُلِهٖ وَيُرِيْدُوْنَ اَنْ يُّفَرِّقُوْا بَيْنَ اللّٰهِ وَرُسُلِهٖ وَيَقُوْلُوْنَ نُؤْمِنُ بِبَعْضٍ وَّنَكْفُرُ بِبَعْضٍ ۙ وَّيُرِيْدُوْنَ اَنْ يَّتَّخِذُوْا بَيْنَ ذٰلِكَ سَبِيْلًا ﴿١٥٠﴾

১৫১।তারাই প্রকৃত কাফির, এবং আমি কাফিরদের জন্য প্রস্তুত করেছি লাঞ্ছনাদায়ক শাস্তি।

اُولٰٓئِكَ هُمُ الْكٰفِرُوْنَ حَقًّا ۚ وَاَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا ﴿١٥١﴾

১৫২।আর যারা আল্লাহ্ ও তাঁর রাসূলদের প্রতি ঈমান এনেছে এবং তাদের মধ্য থেকে কারো মাঝে পার্থক্য করেনি, তাদেরকেই তিনি অচিরেই তাদের প্রতিদান দিবেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

পা ৬ আ ১১ রুকূ ১

وَالَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ وَلَمْ يُفَرِّقُوْا بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ اُولٰٓئِكَ سَوْفَ يُؤْتِيْهِمْ اُجُوْرَهُمْ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٥٢﴾

১৫৩।আহলে কিতাব তোমার কাছে চায় যে তুমি তাদের উপর আকাশ থেকে (লিখিত) একটি কিতাব অবতীর্ণ কর, আর অবশ্যই তারা মূসার কাছে এর চেয়েও বড় কিছু চেয়েছিল এবং বলেছিল, 'তুমি আমাদেরকে প্রকাশ্যভাবে আল্লাহ্কে দেখাও', তখন বজ্রধ্বনি তাদেরকে পাকড়াও করেছিল তাদের জুলুমের কারণে, অধিকন্তু তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি আসার পরে তারা বাছুরকে (উপাস্যরূপে) গ্রহণ করেছিল, অতঃপর আমি তা মার্জনা করেছিলাম এবং মূসাকে সুস্পষ্ট প্রমাণ দিয়েছিলাম।

يَسْـَٔلُكَ اَهْلُ الْكِتٰبِ اَنْ تُنَزِّلَ عَلَيْهِمْ كِتٰبًا مِّنَ السَّمَآءِ فَقَدْ سَاَلُوْا مُوْسٰٓى اَكْبَرَ مِنْ ذٰلِكَ فَقَالُوْٓا اَرِنَا اللّٰهَ جَهْرَةً فَاَخَذَتْهُمُ الصّٰعِقَةُ بِظُلْمِهِمْ ۚ ثُمَّ اتَّخَذُوا الْعِجْلَ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ فَعَفَوْنَا عَنْ ذٰلِكَ ۚ وَاٰتَيْنَا مُوْسٰى سُلْطٰنًا مُّبِيْنًا ﴿١٥٣﴾

১৫৪।এবং তাদের অঙ্গীকার গ্রহণের জন্য তূর পর্বতকে আমি তাদের উপর উত্তোলন করেছিলাম, এবং তাদেরকে বলেছিলাম, 'এ দরজা দিয়ে সিজদাবনত হয়ে প্রবেশ কর,' এবং তাদেরকে বলেছিলাম, 'শনিবারের বিষয়ে সীমালঙ্ঘন করো না', এবং তাদের নিকট থেকে আমি দৃঢ় অঙ্গীকার গ্রহণ করেছিলাম।

وَرَفَعْنَا فَوْقَهُمُ الطُّوْرَ بِمِيْثَاقِهِمْ وَقُلْنَا لَهُمُ ادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُلْنَا لَهُمْ لَا تَعْدُوْا فِى السَّبْتِ وَاَخَذْنَا مِنْهُمْ مِّيْثَاقًا غَلِيْظًا ﴿١٥٤﴾

১৫৫। অতঃপর তাদের অঙ্গীকার ভঙ্গের কারণে এবং আল্লাহ্র আয়াতসমূহকে তাদের অবিশ্বাস করার কারণে এবং নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করার কারণে এবং 'আমাদের হৃদয় আচ্ছাদিত' তাদের এ উক্তির কারণে (তারা অভিশপ্ত হয়েছিল)। উপরন্তু তাদের কুফরীর কারণে আল্লাহ্ তাতে (তাদের হৃদয়ে) মোহর মেরে দিয়েছেন, সুতরাং তারা ঈমান আনে না- অল্প সংখ্যক ছাড়া।

فَبِمَا نَقْضِهِمْ مِّيْثَاقَهُمْ وَكُفْرِهِمْ بِاٰيٰتِ اللّٰهِ وَقَتْلِهِمُ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ وَّقَوْلِهِمْ قُلُوْبُنَا غُلْفٌ ۭ بَلْ طَبَعَ اللّٰهُ عَلَيْهَا بِكُفْرِهِمْ فَلَا يُؤْمِنُوْنَ اِلَّا قَلِيْلًا ﴿١٥٥﴾

১৫৬। এবং (অভিশপ্ত হয়েছিল) তাদের কুফরীর কারণে ও মারইয়ামের প্রতি গুরুতর অপবাদ দিয়ে উক্তির কারণে-

وَّبِكُفْرِهِمْ وَقَوْلِهِمْ عَلٰى مَرْيَمَ بُهْتَانًا عَظِيْمًا ﴿١٥٦﴾

১৫৭। এবং (অভিশপ্ত হয়েছিল) তাদের এ উক্তির কারণে- 'আমরা মারইয়ামের পুত্র ঈসা মাসীহকে হত্যা করেছি- যে আল্লাহ্‌র রাসূল, অথচ তারা তাকে হত্যা করেনি, ক্রুশবিদ্ধও করেনি, কিন্তু তাকে (তার পরিবর্তে অন্যকে) তাদের জন্য সাদৃশ্যপূর্ণ করে দেয়া হয়েছিল। আর নিশ্চয় যারা এ বিষয়ে মতপার্থক্য করেছিল, তারা অবশ্যই তার ব্যাপারে সন্দেহের মধ্যে ছিল। তার ব্যাপারে অনুমানের অনুসরণ ছাড়া তাদের কোন জ্ঞানই ছিল না, এবং নিশ্চিত* যে তারা তাকে হত্যা করেনি-

وَّقَوْلِهِمْ اِنَّا قَتَلْنَا الْمَسِيْحَ عِيْسَى ابْنَ مَرْيَمَ رَسُوْلَ اللّٰهِ ۚ وَمَا قَتَلُوْهُ وَمَا صَلَبُوْهُ وَلٰكِنْ شُبِّهَ لَهُمْ ؕ وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ لَفِيْ شَكٍّ مِّنْهُ ؕ مَا لَهُمْ بِهٖ مِنْ عِلْمٍ اِلَّا اتِّبَاعَ الظَّنِّ ۚ وَمَا قَتَلُوْهُ يَقِيْنًا ﴿١٥٧﴾

১৫৮। বরং আল্লাহ্ তাকে তাঁর কাছে তুলে নিয়েছেন এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

بَلْ رَّفَعَهُ اللّٰهُ اِلَيْهِ ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿١٥٨﴾

১৫৯। এবং আহলে কিতাবের (ইহুদীদের) মধ্যে প্রত্যেকেই* তার (নিজের) মৃত্যুর পূর্বে অবশ্যই তার (ঈসার) উপর ঈমান আনবে এবং কিয়ামতের দিন সে তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে।

وَاِنْ مِّنْ اَهْلِ الْكِتٰبِ اِلَّا لَيُؤْمِنَنَّ بِهٖ قَبْلَ مَوْتِهٖ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكُوْنُ عَلَيْهِمْ شَهِيْدًا ﴿١٥٩﴾

১৬০। এবং যারা ইহুদী হয়েছে তাদের জুলুমের কারণে আমি তাদের উপর হারাম করেছিলাম এমন পবিত্র বস্তুগুলো* যা তাদের জন্য (পূর্বে) হালাল ছিল এবং অনেককে আল্লাহ্‌র পথ থেকে বিরত রাখার কারণে-

فَبِظُلْمٍ مِّنَ الَّذِيْنَ هَادُوْا حَرَّمْنَا عَلَيْهِمْ طَيِّبٰتٍ اُحِلَّتْ لَهُمْ وَبِصَدِّهِمْ عَنْ سَبِيْلِ اللّٰهِ كَثِيْرًا ﴿١٦٠﴾

১৬১। এবং তাদের সুদ গ্রহণের কারণে, অথচ তা (গ্রহণ করতে) তাদেরকে নিষেধ করা হয়েছিল এবং মানুষের ধন-সম্পদ বাতিল পন্থায় গ্রাস করার কারণে। এবং তাদের মধ্য থেকে কাফিরদের জন্য আমি যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত করেছি।

وَّاَخْذِهِمُ الرِّبٰوا وَقَدْ نُهُوْا عَنْهُ وَاَكْلِهِمْ اَمْوَالَ النَّاسِ بِالْبَاطِلِ ؕ وَاَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ مِنْهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٦١﴾

১৬২। কিন্তু তাদের (ইহুদীদের) মধ্যে জ্ঞানে গভীরতা সম্পন্ন ব্যক্তিরা এবং (তাদের) মু'মিনরা যারা ঈমান আনে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাতে ও তোমার পূর্বে যা অবতীর্ণ করা হয়েছিল তাতে, এবং সালাত (নামায) কায়েমকারীরা, যাকাত প্রদানকারীরা এবং আল্লাহ্ ও আখিরাতের দিনে বিশ্বাসীরা, শীঘ্রই আমি তাদেরকে* মহাপ্রতিদান দিব।

ع ٢٢ ٢ ٢٢ রুকূ ২

لٰكِنِ الرّٰسِخُوْنَ فِي الْعِلْمِ مِنْهُمْ وَالْمُؤْمِنُوْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ وَالْمُقِيْمِيْنَ الصَّلٰوةَ وَالْمُؤْتُوْنَ الزَّكٰوةَ وَالْمُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ اُولٰٓئِكَ سَنُؤْتِيْهِمْ اَجْرًا عَظِيْمًا ﴿١٦٢﴾

১৬৩। নিশ্চয় আমি তোমার প্রতি ওহী করেছি যেভাবে আমি ওহী করেছিলাম নূহ্ ও তার পরবর্তী নবীদের প্রতি এবং আমি ওহী করেছিলাম ইবরাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব ও (তার) সন্তান-সন্ততি, ঈসা, আইউব, ইউনুস, হারুন ও সুলাইমানের প্রতি, এবং দাঊদকে দিয়েছিলাম 'যাবুর',

اِنَّآ اَوْحَيْنَآ اِلَيْكَ كَمَآ اَوْحَيْنَآ اِلٰى نُوْحٍ وَّالنَّبِيّٖنَ مِنْۢ بَعْدِهٖ ۚ وَاَوْحَيْنَآ اِلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَعِيْسٰى وَاَيُّوْبَ وَيُوْنُسَ وَهٰرُوْنَ وَسُلَيْمٰنَ ۚ وَاٰتَيْنَا دَاوٗدَ زَبُوْرًا ﴿١٦٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৬৪। এবং অনেক রাসূল যাদের ঘটনা আমি তোমার কাছে ইতঃপূর্বে বর্ণনা করেছি এবং অনেক রাসূল যাদের ঘটনা তোমার কাছে বর্ণনা করিনি এবং মূসার সাথে আল্লাহ্ সরাসরি কথা বলেছেন।

وَرُسُلًا قَدْ قَصَصْنٰهُمْ عَلَيْكَ مِنْ قَبْلُ وَرُسُلًا لَّمْ نَقْصُصْهُمْ عَلَيْكَ ؕ وَكَلَّمَ اللّٰهُ مُوْسٰى تَكْلِيْمًا ﴿١٦٤﴾

১৬৫। এসব রাসুল (সবাই) সুসংবাদদাতা ও সতর্ককারী, যাতে রাসূলদের (আগমণের) পর আল্লাহ্র বিরুদ্ধে মানুষের কোন যুক্তি-প্রমাণ না থাকে। আর আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

رُسُلًا مُّبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَى اللّٰهِ حُجَّةٌۢ بَعْدَ الرُّسُلِ ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿١٦٥﴾

১৬৬। তবে আল্লাহ্ সাক্ষ্য দিচ্ছেন যে, তিনি তোমার প্রতি যা অবতীর্ণ করেছেন তা তিনি তাঁর জ্ঞানের ভিত্তিতে অবতীর্ণ করেছেন এবং ফেরেশতারাও (এ ব্যাপারে) সাক্ষী দেয়। আর সাক্ষী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।

لٰكِنِ اللّٰهُ يَشْهَدُ بِمَآ اَنْزَلَ اِلَيْكَ اَنْزَلَهٗ بِعِلْمِهٖ ۚ وَالْمَلٰٓئِكَةُ يَشْهَدُوْنَ ؕ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿١٦٦﴾

১৬৭। নিশ্চয় যারা কুফরী করেছে ও আল্লাহ্র পথ হতে বিরত রেখেছে তারা সুদূর পথভ্রষ্ট হয়েছে।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ قَدْ ضَلُّوْا ضَلٰلًۢا بَعِيْدًا ﴿١٦٧﴾

১৬৮। নিশ্চয় যারা কুফরী করেছে ও জুলুম করেছে, আল্লাহ্ তাদেরকে ক্ষমা করার নন এবং তাদেরকে পথ প্রদর্শন করারও নন-

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَظَلَمُوْا لَمْ يَكُنِ اللّٰهُ لِيَغْفِرَ لَهُمْ وَلَا لِيَهْدِيَهُمْ طَرِيْقًا ﴿١٦٨﴾

১৬৯। জাহান্নামের পথ ছাড়া, সেখানে তারা চিরস্থায়ী হবে। এবং এটা আল্লাহ্র জন্য সহজ।

اِلَّا طَرِيْقَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ﴿١٦٩﴾

১৭০। হে মানুষ! রাসূল তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের কাছ থেকে সত্য নিয়ে এসেছে, সুতরাং তোমরা ঈমান আন, তোমাদের জন্য কল্যাণকর হবে। আর যদি তোমরা কুফরী কর তাহলে (জেনে রাখ) নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الرَّسُوْلُ بِالْحَقِّ مِنْ رَّبِّكُمْ فَاٰمِنُوْا خَيْرًا لَّكُمْ ؕ وَاِنْ تَكْفُرُوْا فَاِنَّ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿١٧٠﴾

১৭১। হে আহলে কিতাব! তোমাদের দ্বীনের ব্যাপারে বাড়াবাড়ি করো না এবং আল্লাহ্ সম্পর্কে সত্য ছাড়া (অন্য কিছু) বলো না। মারইয়াম-পুত্র ঈসা মাসীহ্ কেবল আল্লাহ্র রাসূল এবং তাঁর কালিমাহ্ (বাণী), যা তিনি মারইয়ামের প্রতি অর্পণ করেছেন এবং তাঁর পক্ষ থেকে একটি রূহ্। সুতরাং তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলদের প্রতি ঈমান আন এবং বলো না যে, (ইলাহ্) 'তিনজন।' (এটা বলা থেকে) তোমরা বিরত থাক; তোমাদের জন্য কল্যাণকর হবে। আল্লাহ্ কেবল এক ইলাহ্। তাঁর কোন সন্তান হওয়া থেকে তিনি পবিত্র। আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। আর তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।

يٰٓاَهْلَ الْكِتٰبِ لَا تَغْلُوْا فِىْ دِيْنِكُمْ وَلَا تَقُوْلُوْا عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ؕ اِنَّمَا الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ رَسُوْلُ اللّٰهِ وَكَلِمَتُهٗ ۚ اَلْقٰىهَآ اِلٰى مَرْيَمَ وَرُوْحٌ مِّنْهُ ۫ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ۫ۚ وَلَا تَقُوْلُوْا ثَلٰثَةٌ ؕ اِنْتَهُوْا خَيْرًا لَّكُمْ ؕ اِنَّمَا اللّٰهُ اِلٰهٌ وَّاحِدٌ ؕ سُبْحٰنَهٗٓ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ ۘ لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ؕ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿١٧١﴾

ع ٢٣ ٩ ٣ ٢٣ রুকু ৩

১৭২।মাসীহ্ (ঈসা) আল্লাহ্‌র বান্দা হওয়াকে কখনো লজ্জাজনক মনে করে না এবং নৈকট্যপ্রাপ্ত ফেরেশতারাও না। আর যে তাঁর 'ইবাদতকে লজ্জাজনক মনে করে এবং অহংকার করে শীঘ্রই তিনি তাদের সকলকে তাঁর কাছে সমবেত করবেন।

لَنْ يَّسْتَنْكِفَ الْمَسِيْحُ اَنْ يَّكُوْنَ عَبْدًا لِّلّٰهِ وَلَا الْمَلٰٓئِكَةُ الْمُقَرَّبُوْنَ ؕ وَمَنْ يَّسْتَنْكِفْ عَنْ عِبَادَتِهٖ وَيَسْتَكْبِرْ فَسَيَحْشُرُهُمْ اِلَيْهِ جَمِيْعًا ﴿١٧٢﴾

১৭৩।এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে তিনি তাদের প্রতিদান পুরোপুরি দিবেন এবং তাদেরকে তাঁর অনুগ্রহ থেকে বাড়িয়ে দিবেন। আর যারা লজ্জাজনক মনে করেছে ও অহঙ্কার করেছে তাদেরকে তিনি যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে তাদের জন্য কোন অভিভাবক পাবে না এবং কোনো সাহায্যকারীও না।

فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُوَفِّيْهِمْ اُجُوْرَهُمْ وَيَزِيْدُهُمْ مِّنْ فَضْلِهٖ ۚ وَاَمَّا الَّذِيْنَ اسْتَنْكَفُوْا وَاسْتَكْبَرُوْا فَيُعَذِّبُهُمْ عَذَابًا اَلِيْمًا ۙ وَّلَا يَجِدُوْنَ لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿١٧٣﴾

১৭৪।হে মানুষ! অবশ্যই তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের কাছে অকাট্য দলিল-প্রমাণ এসেছে এবং আমি তোমাদের প্রতি সুস্পষ্ট আলো (কুরআন) অবতীর্ণ করেছি।

يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمْ بُرْهَانٌ مِّنْ رَّبِّكُمْ وَاَنْزَلْنَآ اِلَيْكُمْ نُوْرًا مُّبِيْنًا ﴿١٧٤﴾

১৭৫।আর যারা আল্লাহ্‌র প্রতি ঈমান এনেছে ও তাঁকে দৃঢ়ভাবে আকড়ে ধরেছে তাদেরকে শীঘ্রই তিনি তাঁর পক্ষ থেকে দয়া ও অনুগ্রহের মধ্যে প্রবেশ করাবেন এবং তাদেরকে তাঁর দিকে সরল-সঠিক পথে পরিচালিত করবেন।

فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَاعْتَصَمُوْا بِهٖ فَسَيُدْخِلُهُمْ فِيْ رَحْمَةٍ مِّنْهُ وَفَضْلٍ ۙ وَّيَهْدِيْهِمْ اِلَيْهِ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿١٧٥﴾

১৭৬।তারা তোমার কাছে ফতওয়া চায়। বল, 'আল্লাহ্ তোমাদেরকে কালালাহ্ (পিতা-মাতা ও সন্তান জীবিত নেই এমন ব্যক্তি) সম্পর্কে ফতওয়া দিচ্ছেন- যদি কোন পুরুষ মারা যায় যার কোন সন্তান নেই এবং তার এক বোন থাকে তাহলে সে পাবে তার অর্ধেক যা সে (মৃত ব্যক্তি) রেখে গেছে এবং সে (ভাই) তার (মৃত বোনের) উত্তরাধিকারী হবে যদি তার (মৃত বোনের) কোন সন্তান না থাকে। আর যদি তারা (বোনেরা) দু'জন হয় তাহলে তাদের জন্য তার তিন ভাগের দুই ভাগ যা সে (মৃত ভাই) রেখে গেছে। আর যদি ভাই-বোন (উভয়ই) থাকে তবে পুরুষের অংশ দুইজন নারীর অংশের সমান।' আল্লাহ্ তোমাদের জন্য স্পষ্টভাবে বর্ণনা করছেন যাতে তোমরা পথভ্রষ্ট না হও এবং আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

يَسْتَفْتُوْنَكَ ؕ قُلِ اللّٰهُ يُفْتِيْكُمْ فِي الْكَلٰلَةِ ؕ اِنِ امْرُؤٌا هَلَكَ لَيْسَ لَهٗ وَلَدٌ وَّلَهٗٓ اُخْتٌ فَلَهَا نِصْفُ مَا تَرَكَ ۚ وَهُوَ يَرِثُهَآ اِنْ لَّمْ يَكُنْ لَّهَا وَلَدٌ ؕ فَاِنْ كَانَتَا اثْنَتَيْنِ فَلَهُمَا الثُّلُثٰنِ مِمَّا تَرَكَ ؕ وَاِنْ كَانُوْٓا اِخْوَةً رِّجَالًا وَّنِسَآءً فَلِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْاُنْثَيَيْنِ ؕ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اَنْ تَضِلُّوْا ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿١٧٦﴾

٢٤ ع ٥ ٤ ٢٨ রুকূ ৪

৫. সূরা আল-মায়িদা, মাদানী

১২০ আয়াত, ১৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٧-سُوْرَةُ الْمَآئِدَةِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا ١٢٠ رُكُوْعَاتُهَا ١٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَوْفُوْا بِالْعُقُوْدِ ؕ اُحِلَّتْ لَكُمْ بَهِيْمَةُ الْاَنْعَامِ اِلَّا مَا يُتْلٰى عَلَيْكُمْ غَيْرَ مُحِلِّى الصَّيْدِ وَاَنْتُمْ حُرُمٌ ؕ اِنَّ اللّٰهَ يَحْكُمُ مَا يُرِيْدُ ①

১। ওহে যারা ঈমান এনেছ! তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর। তোমাদের জন্য চতুষ্পদ গবাদি পশু হালাল করা হল তোমাদের নিকট যা পাঠ করা হয় তা ছাড়া, ইহ্‌রাম* অবস্থায় (পশু) শিকার হালাল (মনে) না করে। নিশ্চয় আল্লাহ্‌ তাই আদেশ করেন যা তিনি চান।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُحِلُّوْا شَعَآئِرَ اللّٰهِ وَلَا الشَّهْرَ الْحَرَامَ وَلَا الْهَدْىَ وَلَا الْقَلَآئِدَ وَلَآ آٰمِّيْنَ الْبَيْتَ الْحَرَامَ يَبْتَغُوْنَ فَضْلًا مِّنْ رَّبِّهِمْ وَرِضْوَانًا ؕ وَاِذَا حَلَلْتُمْ فَاصْطَادُوْا ؕ وَلَا يَجْرِمَنَّكُمْ شَنَاٰنُ قَوْمٍ اَنْ صَدُّوْكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ اَنْ تَعْتَدُوْا ۘ وَتَعَاوَنُوْا عَلَى الْبِرِّ وَالتَّقْوٰى ۘ وَلَا تَعَاوَنُوْا عَلَى الْاِثْمِ وَالْعُدْوَانِ ۘ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ②

২। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌র নিদর্শনসমূহকে (হজ্জের স্থানসমূহ ও অনুষ্ঠানাদিকে) অবমাননা করো না, এবং (অবমাননা করো না) পবিত্র মাসকে, কুরবানীর জন্য কা'বায় প্রেরিত পশুকে, গলায় মালা পরানো* কুরবানীর পশুকে এবং তাদের প্রতিপালকের অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায় পবিত্র ঘর অভিমুখী যাত্রীদেরকে। এবং যখন তোমরা (ইহ্‌রাম থেকে) হালাল হবে তখন শিকার কর। আর তোমাদেরকে মসজিদে হারাম হতে বিরত* রাখার কারণে কোন সম্প্রদায়ের প্রতি বিদ্বেষ যেন তোমাদেরকে কখনো সীমালঙ্ঘনে প্ররোচিত না করে। এবং পুণ্য ও তাকওয়ার ব্যাপারে তোমরা একে অপরকে সাহায্য কর এবং পাপ ও সীমালঙ্ঘনে একে অপরকে সাহায্য করো না। এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্‌ শাস্তিদানে কঠোর।

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْتَةُ وَالدَّمُ وَلَحْمُ الْخِنْزِيْرِ وَمَآ اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ وَالْمُنْخَنِقَةُ وَالْمَوْقُوْذَةُ وَالْمُتَرَدِّيَةُ وَالنَّطِيْحَةُ وَمَآ اَكَلَ السَّبُعُ اِلَّا مَا ذَكَّيْتُمْ ۘ وَمَا ذُبِحَ عَلَى النُّصُبِ وَاَنْ تَسْتَقْسِمُوْا بِالْاَزْلَامِ ؕ ذٰلِكُمْ فِسْقٌ ؕ اَلْيَوْمَ يَئِسَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ دِيْنِكُمْ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِ ؕ اَلْيَوْمَ اَكْمَلْتُ لَكُمْ دِيْنَكُمْ وَاَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِىْ وَرَضِيْتُ لَكُمُ الْاِسْلَامَ دِيْنًا ؕ فَمَنِ اضْطُرَّ فِىْ مَخْمَصَةٍ غَيْرَ مُتَجَانِفٍ لِّاِثْمٍ ۙ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ③

৩। তোমাদের জন্য হারাম করা হল মৃত পশু, রক্ত*, শুকরের গোশত, যা (জবাইকালে) আল্লাহ্‌ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে তা, শ্বাসরোধে মৃত পশু, প্রহারে মৃত পশু, উপর থেকে পড়ে মৃত পশু, শিং এর আঘাতে মৃত পশু এবং হিংস্র জন্তুতে খাওয়া পশু - তবে যা তোমরা জবাই করতে পেরেছ তা ছাড়া, যা বেদীতে জবাই করা হয়েছে তা এবং জুয়ার তীর দ্বারা ভাগ্য নির্ণয় করা; এ সব পাপাচার। যারা কুফরী করেছে তারা আজ তোমাদের দ্বীন থেকে (অর্থাৎ বিরুদ্ধাচরণে) হতাশ হয়ে গেছে, সুতরাং তাদেরকে ভয় করো না, বরং আমাকে ভয় কর। আজ তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করে দিলাম ও তোমাদের প্রতি আমার নেয়ামত পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের জন্য দ্বীন হিসেবে মনোনীত করলাম। তবে যে পাপের দিকে না ঝুঁকে তীব্র ক্ষুধার তাড়নায় (হারাম খেতে) বাধ্য হবে, তবে নিশ্চয় আল্লাহ্‌ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يَسْـَٔلُوْنَكَ مَاذَآ اُحِلَّ لَهُمْ ؕ قُلْ اُحِلَّ لَكُمُ الطَّيِّبٰتُ ۙ وَمَا عَلَّمْتُمْ مِّنَ الْجَوَارِحِ مُكَلِّبِيْنَ تُعَلِّمُوْنَهُنَّ مِمَّا عَلَّمَكُمُ اللّٰهُ ۖ فَكُلُوْا مِمَّآ اَمْسَكْنَ عَلَيْكُمْ وَاذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلَيْهِ ۘ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ④

৪। তারা তোমাকে জিজ্ঞাসা করে, তাদের জন্য কী হালাল করা হয়েছে। বল, 'তোমাদের জন্য হালাল করা হল পবিত্র বস্তুসমূহ এবং (সেই শিকারী প্রাণী কর্তৃক ধৃত শিকার) যে শিকারী প্রাণীগুলোকে তোমরা শিক্ষা দিয়েছ-যেগুলোকে তোমরা শিক্ষা দিয়ে থাক তা থেকে যা আল্লাহ্‌ তোমাদেরকে শিক্ষা দিয়েছেন; সুতরাং সেগুলো তোমাদের জন্য যা (শিকার) ধরে আনে তা আহার কর এবং তাতে আল্লাহ্‌র নাম উল্লেখ কর। এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্‌ হিসাবে দ্রুত।'

اَلْيَوْمَ اُحِلَّ لَكُمُ الطَّيِّبٰتُ ؕ وَطَعَامُ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ
حِلٌّ لَّكُمْ ۖ وَطَعَامُكُمْ حِلٌّ لَّهُمْ ؗ وَالْمُحْصَنٰتُ مِنَ الْمُؤْمِنٰتِ
وَالْمُحْصَنٰتُ مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ اِذَآ
اٰتَيْتُمُوْهُنَّ اُجُوْرَهُنَّ مُحْصِنِيْنَ غَيْرَ مُسٰفِحِيْنَ وَلَا مُتَّخِذِيْٓ
اَخْدَانٍ ؕ وَمَنْ يَّكْفُرْ بِالْاِيْمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهٗ ۫ وَهُوَ فِى الْاٰخِرَةِ
مِنَ الْخٰسِرِيْنَ ۝٥

১৬ ৫ ১২ রুকূ ৫

৫। আজ তোমাদের জন্য পবিত্র বস্তুসমূহ হালাল করা হল। এবং যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের খাদ্য* তোমাদের জন্য হালাল ও তোমাদের খাদ্য তাদের জন্য হালাল। এবং মু'মিন সচ্চরিত্রা নারী ও তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের সচ্চরিত্রা নারী (তোমাদের জন্য হালাল)- যখন তোমরা তাদেরকে তাদের প্রাপ্য (মোহরানা) প্রদান করবে সচ্চরিত্রবান থেকে; ব্যভিচারী হয়ে বা গোপন প্রেমিকা গ্রহণকারী হয়ে নয়। আর যে (আল্লাহ্‌র বিধানে) ঈমান আনতে অস্বীকার করে তার কর্ম বিফল হবে এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا قُمْتُمْ اِلَى الصَّلٰوةِ فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ
وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ وَاَرْجُلَكُمْ
اِلَى الْكَعْبَيْنِ ؕ وَاِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوْا ؕ وَاِنْ كُنْتُمْ مَّرْضٰٓى
اَوْ عَلٰى سَفَرٍ اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ
فَلَمْ تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَ
اَيْدِيْكُمْ مِّنْهُ ؕ مَا يُرِيْدُ اللّٰهُ لِيَجْعَلَ عَلَيْكُمْ مِّنْ حَرَجٍ وَّلٰكِنْ
يُّرِيْدُ لِيُطَهِّرَكُمْ وَلِيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝٦

৬। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমরা সালাতে (নামাযে) দাঁড়ানোর ইচ্ছা কর তখন তোমরা তোমাদের চেহারা ও হাত কনুই পর্যন্ত ধৌত কর, তোমাদের মাথা মাসেহ্ কর এবং তোমাদের পা গিরা পর্যন্ত (ধৌত কর)। আর যদি তোমরা অপবিত্র থাক তাহলে পবিত্রতা অর্জন কর। এবং যদি তোমরা অসুস্থ হও অথবা সফরে থাক অথবা তোমাদের কেউ শৌচাগার থেকে আসে অথবা তোমরা স্ত্রীদেরকে স্পর্শ কর (সহবাস কর) অতঃপর পানি না পাও তাহলে পবিত্র মাটি অনুসন্ধান কর (তায়াম্মুম কর), অতঃপর তা দিয়ে তোমাদের চেহারা ও হাত মাসেহ্ কর। আল্লাহ্ তোমাদের উপর কোন অসুবিধা আরোপ করতে চান না বরং তিনি তোমাদেরকে পবিত্র করতে চান এবং তোমাদের উপর তাঁর নেয়ামত পূর্ণ করতে চান, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَاذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ وَمِيْثَاقَهُ الَّذِىْ وَاثَقَكُمْ بِهٖٓ ۙ اِذْ
قُلْتُمْ سَمِعْنَا وَاَطَعْنَا ؗ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ
الصُّدُوْرِ ۝٧

৭। এবং তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত এবং যে অঙ্গীকারে তিনি তোমাদেরকে আবদ্ধ করেছিলেন তা স্মরণ কর, যখন তোমরা বলেছিলে, 'শ্রবণ করলাম ও মান্য করলাম।' এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় আল্লাহ্ ভালভাবে জানেন।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْا قَوّٰمِيْنَ لِلّٰهِ شُهَدَآءَ بِالْقِسْطِ ۫ وَ
لَا يَجْرِمَنَّكُمْ شَنَاٰنُ قَوْمٍ عَلٰٓى اَلَّا تَعْدِلُوْا ؕ اِعْدِلُوْا ۟ هُوَ اَقْرَبُ
لِلتَّقْوٰى ۫ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝٨

৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে ন্যায় সাক্ষ্যদানে অবিচল থাক; এবং কোন সম্প্রদায়ের প্রতি বিদ্বেষ যেন তোমাদেরকে কখনো ন্যায় বিচার না করতে প্ররোচিত না করে। তোমরা ন্যায়বিচার কর, এটি তাকওয়ার নিকটতর এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ
عَظِيْمٌ ۝٩

৯। যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য আল্লাহ্ ক্ষমা ও মহাপ্রতিদানের প্রতিশ্রুতি দিয়েছেন।

وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ۝١٠

১০। আর যারা কুফরী করেছে ও আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তারাই তীব্র আগুনের অধিবাসী।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ هَمَّ قَوْمٌ اَنْ
يَّبْسُطُوْٓا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ فَكَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ ۚ وَاتَّقُوا اللّٰهَ ؕ
وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝١١

২৫ ৭ ১২ রুকূ ৬

১১। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত স্মরণ কর যখন এক সম্প্রদায় তোমাদের দিকে হাত বাড়াতে মনস্থ করেছিল, তখন তিনি তোমাদের থেকে তাদের হাত নিবৃত্ত করেছিলেন, এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর। আর আল্লাহ্‌র উপরই মু'মিনরা যেন ভরসা করে।

وَلَقَدْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ بَنِيْٓ اِسْرَآئِيْلَ ۚ وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَىْ عَشَرَ نَقِيْبًا ۭ وَقَالَ اللّٰهُ اِنِّىْ مَعَكُمْ ۭ لَئِنْ اَقَمْتُمُ الصَّلٰوةَ وَاٰتَيْتُمُ الزَّكٰوةَ وَاٰمَنْتُمْ بِرُسُلِىْ وَعَزَّرْتُمُوْهُمْ وَاَقْرَضْتُمُ اللّٰهَ قَرْضًا حَسَنًا لَّاُكَفِّرَنَّ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَلَاُدْخِلَنَّكُمْ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ فَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ﴿١٢﴾

১২। আর অবশ্যই আল্লাহ্ বনী ইসরাঈলের অঙ্গীকার গ্রহণ করেছিলেন এবং তাদের মধ্য থেকে আমি (আল্লাহ্) বার* জন নেতা পাঠিয়েছিলাম (নিযুক্ত করেছিলাম)।' এবং আল্লাহ্ বলেছিলেন, 'নিশ্চয় আমি তোমাদের সাথে আছি। যদি তোমরা সালাত (নামায) কায়েম কর, যাকাত প্রদান কর, আমার রাসূলদের প্রতি ঈমান আন ও তাদেরকে সহযোগিতা কর এবং আল্লাহ্কে কর্জ দাও-কর্জে হাসানা, তাহলে অবশ্যই আমি তোমাদের থেকে তোমাদের পাপসমূহ মোচন করব এবং অবশ্যই অবশ্যই তোমাদেরকে প্রবেশ করাব জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সুতরাং এরপরে তোমাদের মধ্যে যে কুফরী করবে সে অবশ্যই সরল পথ হারাবে।'

فَبِمَا نَقْضِهِمْ مِّيْثَاقَهُمْ لَعَنّٰهُمْ وَجَعَلْنَا قُلُوْبَهُمْ قٰسِيَةً ۚ يُحَرِّفُوْنَ الْكَلِمَ عَنْ مَّوَاضِعِهٖ ۙ وَنَسُوْا حَظًّا مِّمَّا ذُكِّرُوْا بِهٖ ۚ وَلَا تَزَالُ تَطَّلِعُ عَلٰى خَآئِنَةٍ مِّنْهُمْ اِلَّا قَلِيْلًا مِّنْهُمْ فَاعْفُ عَنْهُمْ وَاصْفَحْ ۭ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٣﴾

১৩। সুতরাং তাদের অঙ্গীকার ভঙ্গের কারণে আমি তাদেরকে লা'নত করেছি ও তাদের হৃদয়সমূহ কঠিন করে দিয়েছি, তারা শব্দগুলোকে স্থানচ্যুত করে বিকৃত করে এবং তাদেরকে যে বিষয়ে উপদেশ দেয়া হয়েছিল তার একটি অংশ তারা ভুলে গেছে। আর তুমি তাদের সামান্য সংখ্যক ছাড়া তাদের (সবার) মধ্যে সর্বদা খিয়ানত দেখতে পাবে, সুতরাং তাদেরকে মার্জনা কর এবং (তাদের দোষ-ত্রুটি) উপেক্ষা কর। নিশ্চয় আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।

وَمِنَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّا نَصٰرٰٓى اَخَذْنَا مِيْثَاقَهُمْ فَنَسُوْا حَظًّا مِّمَّا ذُكِّرُوْا بِهٖ ۠ فَاَغْرَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ ۭ وَسَوْفَ يُنَبِّئُهُمُ اللّٰهُ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿١٤﴾

১৪। এবং যারা বলে,'নিশ্চয় আমরা নাসারা', আমি তাদেরও অঙ্গীকার গ্রহণ করেছিলাম, কিন্তু তাদেরকে যে বিষয়ে উপদেশ দেয়া হয়েছিল তার একটি অংশ তারাও ভুলে গেছে। সুতরাং আমি তাদের মাঝে কিয়ামতের দিন পর্যন্ত শত্রুতা ও বিদ্বেষ সঞ্চার করেছি। আর তারা যা করত আল্লাহ্ তাদেরকে তা অচিরেই জানিয়ে দিবেন।

يٰٓاَهْلَ الْكِتٰبِ قَدْ جَاۗءَكُمْ رَسُوْلُنَا يُبَيِّنُ لَكُمْ كَثِيْرًا مِّمَّا كُنْتُمْ تُخْفُوْنَ مِنَ الْكِتٰبِ وَيَعْفُوْا عَنْ كَثِيْرٍ ۭ قَدْ جَاۗءَكُمْ مِّنَ اللّٰهِ نُوْرٌ وَّكِتٰبٌ مُّبِيْنٌ ﴿١٥﴾

১৫। হে আহলে কিতাব! আমার রাসূল তোমাদের নিকট এসেছে, তোমরা কিতাবের যা গোপন করতে সে তার অনেক কিছু তোমাদের নিকট প্রকাশ করে এবং অনেক কিছু উপেক্ষা করে। অবশ্যই তোমাদের কাছে এসেছে আল্লাহ্র পক্ষ থেকে এক আলো ও সুস্পষ্ট কিতাব-

يَّهْدِيْ بِهِ اللّٰهُ مَنِ اتَّبَعَ رِضْوَانَهٗ سُبُلَ السَّلٰمِ وَيُخْرِجُهُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ بِاِذْنِهٖ وَيَهْدِيْهِمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٦﴾

১৬। যার দ্বারা আল্লাহ্ শান্তির পথ প্রদর্শন করেন তাদেরকে যারা তাঁর সন্তুষ্টির অনুগামী হয় এবং তাঁর ইচ্ছায় তাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে বের করেন এবং তাদেরকে সরল-সঠিক পথে পরিচালিত করেন।

لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ۭ قُلْ فَمَنْ يَّمْلِكُ مِنَ اللّٰهِ شَيْـــًٔا اِنْ اَرَادَ اَنْ يُّهْلِكَ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗ وَمَنْ فِي الْاَرْضِ جَمِيْعًا ۭ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۭ يَخْلُقُ مَا يَشَاۗءُ ۭ وَاللّٰهُ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٧﴾

১৭। অবশ্যই তারা কুফরী করেছে যারা বলে, 'নিশ্চয় আল্লাহ্ই মারইয়ামের পুত্র মাসীহ্।' বল, আল্লাহ্র বিপক্ষে কিছু করার ক্ষমতা কার আছে, যদি মারইয়ামের পুত্র মাসীহ্, তার মাতা, এবং পৃথিবীতে যারা আছে তাদের সবাইকে তিনি ধ্বংস করতে চান? আর আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার রাজত্ব আল্লাহ্রই। তিনি যা ইচ্ছা করেন সৃষ্টি করেন। এবং আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

১৮। এবং ইহুদী ও নাসারারা বলে, 'আমরা আল্লাহ্‌র পুত্র ও তাঁর প্রিয়পাত্র।' বল, তবে কেন তিনি তোমাদের অপরাধসমূহের কারণে তোমাদেরকে শাস্তি দিবেন? বরং তোমরা তাদেরই অন্তর্ভুক্ত মানুষ যাদেরকে তিনি সৃষ্টি করেছেন। তিনি যাকে ইচ্ছা করেন, ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা করেন শাস্তি দেন। এবং আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার রাজত্ব আল্লাহ্‌রই, এবং গন্তব্যস্থল তাঁরই দিকে।

وَقَالَتِ الْيَهُوْدُ وَالنَّصٰرٰى نَحْنُ اَبْنٰٓؤُا اللّٰهِ وَاَحِبَّآؤُهٗ ؕ قُلْ فَلِمَ يُعَذِّبُكُمْ بِذُنُوْبِكُمْ ؕ بَلْ اَنْتُمْ بَشَرٌ مِّمَّنْ خَلَقَ ؕ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ؕ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۫ وَاِلَيْهِ الْمَصِيْرُ ﴿١٨﴾

১৯। হে আহলে কিতাব! রাসূলদের (আগমনের) বিরতির পর তোমাদের নিকট এসেছে আমার রাসূল, যে তোমাদের জন্য (তাঁর বাণীসমূহ) স্পষ্টভাবে বর্ণনা করছে যাতে তোমরা বলতে না পার, 'আমাদের কাছে কোন সুসংবাদদাতা ও সতর্ককারী আসেনি।' অতঃপর অবশ্যই তোমাদের কাছে একজন সুসংবাদদাতা ও সতর্ককারী এসেছে। আর আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

يٰٓاَهْلَ الْكِتٰبِ قَدْ جَآءَكُمْ رَسُوْلُنَا يُبَيِّنُ لَكُمْ عَلٰى فَتْرَةٍ مِّنَ الرُّسُلِ اَنْ تَقُوْلُوْا مَا جَآءَنَا مِنْۢ بَشِيْرٍ وَّلَا نَذِيْرٍ ۫ فَقَدْ جَآءَكُمْ بَشِيْرٌ وَّنَذِيْرٌ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٩﴾

ع ٣ ٨ ٧ ٥ রুকূ ٩

২০। আর যখন মূসা তার সম্প্রদায়কে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত স্মরণ কর যখন তিনি তোমাদের মধ্য থেকে বহু নবী বানিয়েছিলেন ও তোমাদেরকে রাজ্যাধিপতি করেছিলেন এবং তিনি তোমাদেরকে তা দিয়েছিলেন যা তিনি জগৎসমূহের (মানবজাতির) কাউকে দেননি।

وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ جَعَلَ فِيْكُمْ اَنْۢبِيَآءَ وَجَعَلَكُمْ مُّلُوْكًا ۖ وَّاٰتٰىكُمْ مَّا لَمْ يُؤْتِ اَحَدًا مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٢٠﴾

২১। হে আমার সম্প্রদায়! আল্লাহ্ তোমাদের জন্য যে পবিত্র ভূমি* নির্ধারণ করেছেন তাতে তোমরা প্রবেশ কর এবং তোমরা তোমাদের পিছনে (কুফরীতে) ফিরে যেয়ো না, তাহলে তোমরা ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে।'

يٰقَوْمِ ادْخُلُوا الْاَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِيْ كَتَبَ اللّٰهُ لَكُمْ وَلَا تَرْتَدُّوْا عَلٰٓى اَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿٢١﴾

২২। তারা বলল, 'হে মূসা! নিশ্চয় সেখানে রয়েছে এক শক্তিধর সম্প্রদায়* এবং নিশ্চয় আমরা সেখানে কখনো প্রবেশ করব না যতক্ষণ না তারা সেখান থেকে বের হয়ে যায়, আর যদি তারা সেখান থেকে বের হয়ে যায়, তবে নিশ্চয় আমরা প্রবেশ করব।'

قَالُوْا يٰمُوْسٰٓى اِنَّ فِيْهَا قَوْمًا جَبَّارِيْنَ ۖ وَاِنَّا لَنْ نَّدْخُلَهَا حَتّٰى يَخْرُجُوْا مِنْهَا ۚ فَاِنْ يَّخْرُجُوْا مِنْهَا فَاِنَّا دٰخِلُوْنَ ﴿٢٢﴾

২৩। যারা (আল্লাহ্‌কে) ভয় করে তাদের মধ্যে দু'জন - যাদের উপর আল্লাহ্ নেয়ামত দান করেছিলেন - বলল, 'তোমরা তাদের কাছে দরজা দিয়ে প্রবেশ কর, এবং যখন তোমরা সেখানে প্রবেশ করবে তখন নিশ্চয় তোমরা বিজয়ী হবে এবং তোমরা আল্লাহ্‌র উপরই ভরসা কর- যদি তোমরা মু'মিন হও।'

قَالَ رَجُلٰنِ مِنَ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمَا ادْخُلُوْا عَلَيْهِمُ الْبَابَ ۚ فَاِذَا دَخَلْتُمُوْهُ فَاِنَّكُمْ غٰلِبُوْنَ ۚ وَعَلَى اللّٰهِ فَتَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٢٣﴾

২৪। তারা বলল, 'হে মূসা! নিশ্চয় আমরা কখনোই সেখানে প্রবেশ করব না যতক্ষণ তারা সেখানে থাকবে, সুতরাং আপনি ও আপনার প্রতিপালক যান এবং দু'জনে যুদ্ধ করুন, নিশ্চয় আমরা এখানেই বসে থাকব।'

قَالُوْا يٰمُوْسٰٓى اِنَّا لَنْ نَّدْخُلَهَآ اَبَدًا مَّا دَامُوْا فِيْهَا فَاذْهَبْ اَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَآ اِنَّا هٰهُنَا قٰعِدُوْنَ ﴿٢٤﴾

২৫। সে (মূসা) বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি আমার নিজ ও আমার ভাই ছাড়া আর কারো উপর ক্ষমতা রাখি না, সুতরাং আপনি আমাদের মাঝে ও পাপাচারী সম্প্রদায়ের মাঝে সম্পর্কচ্ছেদ করে দিন।'

قَالَ رَبِّ اِنِّيْ لَآ اَمْلِكُ اِلَّا نَفْسِيْ وَاَخِيْ فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿٢٥﴾

২৬। তিনি (আল্লাহ্) বললেন, 'তাহলে নিশ্চয় তা চল্লিশ বছর পর্যন্ত তাদের জন্য হারাম (নিষিদ্ধ) করা হল, তারা পৃথিবীতে উদভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে। সুতরাং তুমি পাপাচারী সম্প্রদায়ের জন্য দুঃখ করো না।'

قَالَ فَاِنَّهَا مُحَرَّمَةٌ عَلَيْهِمْ اَرْبَعِيْنَ سَنَةً ۚ يَتِيْهُوْنَ فِي الْاَرْضِ ؕ فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿٢٦﴾

ع ٤ ٧ ٨ ৪ রুকূ ৮

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ ابْنَىْ اٰدَمَ بِالْحَقِّ ۘ اِذْ قَرَّبَا قُرْبَانًا فَتُقُبِّلَ مِنْ اَحَدِهِمَا وَلَمْ يُتَقَبَّلْ مِنَ الْاٰخَرِ ؕ قَالَ لَاَقْتُلَنَّكَ ؕ قَالَ اِنَّمَا يَتَقَبَّلُ اللّٰهُ مِنَ الْمُتَّقِيْنَ ﴿۲۷﴾

২৭। আর তুমি তাদের নিকট আদমের দুই পুত্রের সংবাদ* সত্যসহ পাঠ কর। যখন তারা দু'জন কুরবানী পেশ করল তখন তাদের দু'জনের একজন থেকে কবুল (গ্রহণ) করা হল এবং অন্যজন থেকে কবুল করা হল না। সে বলল, 'অবশ্যই আমি তোমাকে হত্যা করব।' সে (অন্যজন) বলল, 'আল্লাহ্ কেবল মুত্তাকীদের থেকে কবুল করেন।

لَئِنْۢ بَسَطْتَّ اِلَىَّ يَدَكَ لِتَقْتُلَنِىْ مَآ اَنَا بِبَاسِطٍ يَّدِىَ اِلَيْكَ لِاَقْتُلَكَ ۚ اِنِّىْٓ اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِيْنَ ﴿۲۸﴾

২৮। যদি আমাকে হত্যা করার জন্য তুমি তোমার হাত আমার দিকে প্রসারিত কর তবে তোমাকে হত্যা করার জন্য আমি আমার হাত তোমার দিকে প্রসারিত করব না, নিশ্চয় আমি জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্কে ভয় করি।

اِنِّىْٓ اُرِيْدُ اَنْ تَبُوْٓاَ بِاِثْمِىْ وَاِثْمِكَ فَتَكُوْنَ مِنْ اَصْحٰبِ النَّارِ ۚ وَذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِيْنَ ﴿۲۹﴾

২৯। নিশ্চয় আমি চাই যে, তুমি আমার পাপ ও তোমার পাপ বহন কর, অতঃপর আগুনের অধিবাসীদের অন্তর্ভুক্ত হও, এবং এটা জালিমদের প্রতিফল।'

فَطَوَّعَتْ لَهٗ نَفْسُهٗ قَتْلَ اَخِيْهِ فَقَتَلَهٗ فَاَصْبَحَ مِنَ الْخٰسِرِيْنَ ﴿۳۰﴾

৩০। কিন্তু তার প্রবৃত্তি তাকে তার ভাইকে হত্যা করতে প্ররোচিত করল এবং সে তাকে হত্যা করল, ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হল।

فَبَعَثَ اللّٰهُ غُرَابًا يَّبْحَثُ فِى الْاَرْضِ لِيُرِيَهٗ كَيْفَ يُوَارِىْ سَوْءَةَ اَخِيْهِ ؕ قَالَ يٰوَيْلَتٰٓى اَعَجَزْتُ اَنْ اَكُوْنَ مِثْلَ هٰذَا الْغُرَابِ فَاُوَارِىَ سَوْءَةَ اَخِىْ ۚ فَاَصْبَحَ مِنَ النّٰدِمِيْنَ ﴿۳۱﴾

৩১। অতঃপর আল্লাহ্ একটি কাক পাঠালেন যমীনে অনুসন্ধান করতে (খনন করতে), তাকে দেখানোর জন্য কিভাবে সে তার ভাইয়ের মৃতদেহ গোপন করবে। সে বলল, 'হায়! আমি কি এ কাকের মত হতেও ব্যর্থ হলাম যে, আমি আমার ভাইয়ের মৃতদেহ গোপন করতে পারি!' অতঃপর সে অনুতপ্তদের অন্তর্ভুক্ত হল-

مِنْ اَجْلِ ذٰلِكَ ۛ كَتَبْنَا عَلٰى بَنِىْٓ اِسْرَآءِيْلَ اَنَّهٗ مَنْ قَتَلَ نَفْسًۢا بِغَيْرِ نَفْسٍ اَوْ فَسَادٍ فِى الْاَرْضِ فَكَاَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيْعًا ؕ وَمَنْ اَحْيَاهَا فَكَاَنَّمَآ اَحْيَا النَّاسَ جَمِيْعًا ؕ وَلَقَدْ جَآءَتْهُمْ رُسُلُنَا بِالْبَيِّنٰتِ ۫ ثُمَّ اِنَّ كَثِيْرًا مِّنْهُمْ بَعْدَ ذٰلِكَ فِى الْاَرْضِ لَمُسْرِفُوْنَ ﴿۳۲﴾

৩২। এ কারণেই, আমি বনী ইসরাঈলের উপর বিধিবদ্ধ (ফরয) করেছিলাম যে, যে ব্যক্তি কোন মানুষ হত্যা বা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করার কারণ ছাড়া কোন মানুষকে হত্যা করল, সে যেন সব মানুষকেই হত্যা করল। আর যে কারো জীবন রক্ষা করল সে যেন সব মানুষেরই জীবন রক্ষা করল। আর অবশ্যই তাদের নিকট আমার রাসূলরা স্পষ্ট প্রমাণাদিসহ এসেছিল, অতঃপর এরপরে নিশ্চয় তাদের মধ্যে অধিকাংশই পৃথিবীতে অবশ্যই সীমালঙ্ঘনকারী।

اِنَّمَا جَزٰٓؤُا الَّذِيْنَ يُحَارِبُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَسْعَوْنَ فِى الْاَرْضِ فَسَادًا اَنْ يُّقَتَّلُوْٓا اَوْ يُصَلَّبُوْٓا اَوْ تُقَطَّعَ اَيْدِيْهِمْ وَاَرْجُلُهُمْ مِّنْ خِلَافٍ اَوْ يُنْفَوْا مِنَ الْاَرْضِ ؕ ذٰلِكَ لَهُمْ خِزْىٌ فِى الدُّنْيَا وَلَهُمْ فِى الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ﴿۳۳﴾

৩৩। যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করে এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করতে প্রচেষ্টা চালায় তাদের প্রতিফল কেবল এই যে, তাদেরকে হত্যা করা হবে বা তাদেরকে ক্রুশবিদ্ধ করা হবে অথবা বিপরীত দিক থেকে তাদের হাত ও পা কেটে ফেলা হবে অথবা তাদেরকে (আবাস) ভূমি থেকে বিতাড়িত করা হবে। এটা দুনিয়াতে তাদের জন্য অপমান, আর আখিরাতে তাদের জন্য রয়েছে মহাশাস্তি-

اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْ قَبْلِ اَنْ تَقْدِرُوْا عَلَيْهِمْ ۚ فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۳۴﴾

৩৪। তোমরা তাদের উপর সক্ষম হওয়ার পূর্বেই যারা তওবা করবে তারা ছাড়া, এবং এও জেনে রাখ যে, আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

রুকূ ৫

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَابْتَغُوْٓا اِلَيْهِ الْوَسِيْلَةَ وَجَاهِدُوْا فِىْ سَبِيْلِهٖ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿۳۵﴾

৩৫। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্কে ভয় কর এবং তাঁর দিকে (নৈকট্য লাভের) উপায় তালাশ কর এবং তাঁর পথে জিহাদ কর, যাতে তোমরা সফল হতে পার।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِنَّ الَّذِينَ كَفَرُوا لَوْ أَنَّ لَهُمْ مَا فِي الْأَرْضِ جَمِيعًا وَمِثْلَهُ مَعَهُ لِيَفْتَدُوا بِهِ مِنْ عَذَابِ يَوْمِ الْقِيَامَةِ مَا تُقُبِّلَ مِنْهُمْ ۚ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٣٦﴾

৩৬। নিশ্চয় যারা কুফরী করেছে তাদের যদি পৃথিবীতে যা আছে তা সবই এবং তার সাথে তার সমপরিমাণ আরও থাকে - তার বিনিময়ে (অর্থাৎ মুক্তিপণ দিয়ে) কিয়ামতের দিনের শাস্তি থেকে মুক্তি পাওয়ার জন্য - তবুও তাদের কাছ থেকে তা কবুল করা হবে না, এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

يُرِيدُونَ أَنْ يَخْرُجُوا مِنَ النَّارِ وَمَا هُمْ بِخَارِجِينَ مِنْهَا ۖ وَلَهُمْ عَذَابٌ مُقِيمٌ ﴿٣٧﴾

৩৭। তারা আগুন থেকে বের হতে চাইবে, অথচ তারা সেখান থেকে বের হতে পারবে না। এবং তাদের জন্য রয়েছে স্থায়ী শাস্তি।

وَالسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُوا أَيْدِيَهُمَا جَزَاءً بِمَا كَسَبَا نَكَالًا مِنَ اللَّهِ ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿٣٨﴾

৩৮। আর পুরুষ চোর ও নারী চোর, তোমরা উভয়ের হাত কেটে দাও, তারা যা অর্জন করেছে তার প্রতিফল স্বরূপ - আল্লাহ্‌র পক্ষ থেকে দৃষ্টান্তমূলক শাস্তি হিসেবে*। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

فَمَنْ تَابَ مِنْ بَعْدِ ظُلْمِهِ وَأَصْلَحَ فَإِنَّ اللَّهَ يَتُوبُ عَلَيْهِ ۗ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿٣٩﴾

৩৯। অতঃপর যে তওবা করে তার জুলুমের পর ও (নিজেকে) সংশোধন করে, তবে নিশ্চয় আল্লাহ্ তার তওবা কবুল করবেন। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۖ يُعَذِّبُ مَنْ يَشَاءُ وَيَغْفِرُ لِمَنْ يَشَاءُ ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٤٠﴾

৪০। তুমি কি জান না যে, আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্‌রই? তিনি যাকে ইচ্ছা করেন শাস্তি দেন এবং যাকে ইচ্ছা করেন ক্ষমা করেন। এবং আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

يَا أَيُّهَا الرَّسُولُ لَا يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُوا آمَنَّا بِأَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِنْ قُلُوبُهُمْ ۛ وَمِنَ الَّذِينَ هَادُوا ۛ سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمٍ آخَرِينَ ۙ لَمْ يَأْتُوكَ ۖ يُحَرِّفُونَ الْكَلِمَ مِنْ بَعْدِ مَوَاضِعِهِ ۖ يَقُولُونَ إِنْ أُوتِيتُمْ هَٰذَا فَخُذُوهُ وَإِنْ لَمْ تُؤْتَوْهُ فَاحْذَرُوا ۚ وَمَنْ يُرِدِ اللَّهُ فِتْنَتَهُ فَلَنْ تَمْلِكَ لَهُ مِنَ اللَّهِ شَيْئًا ۚ أُولَٰئِكَ الَّذِينَ لَمْ يُرِدِ اللَّهُ أَنْ يُطَهِّرَ قُلُوبَهُمْ ۚ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ ۖ وَلَهُمْ فِي الْآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ ﴿٤١﴾

৪১। হে রাসূল! যারা কুফরীতে দ্রুত ধাবিত হয় তারা (তাদের আচরণ) যেন তোমাকে দুশ্চিন্তাগ্রস্ত না করে, যারা মুখে বলে, 'আমরা ঈমান এনেছি' অথচ তাদের হৃদয় ঈমান আনেনি, এবং যারা ইহুদী হয়েছে, তারা অতি মাত্রায় মিথ্যা শ্রবণকারী; তারা অতি মাত্রায় শ্রবণকারী অন্য লোকদের (অর্থাৎ তাদের পণ্ডিতদের) যারা তোমার কাছে আসেনি। তারা শব্দগুলোকে তার স্থানসমূহ থেকে বিকৃত করে, তারা (যারা আসেনি) বলে, যদি তোমাদেরকে তা (পরিবর্তিত বিধান) দেয়া হয় তাহলে তা গ্রহণ কর আর যদি তা না দেয়া হয় তাহলে তা বর্জন কর। আর আল্লাহ্ যাকে তাঁর ফিতনায় (পরীক্ষায়) ফেলতে চান তার জন্য আল্লাহ্‌র (ইচ্ছার) বিপরীতে কখনো তুমি কিছুই করার ক্ষমতা রাখ না। ওরাই তারা যাদের হৃদয়কে আল্লাহ্ পবিত্র করতে চাননি। তাদের জন্য দুনিয়ায় রয়েছে অপমান এবং তাদের জন্য আখিরাতে রয়েছে মহাশাস্তি ।

سَمَّاعُونَ لِلْكَذِبِ أَكَّالُونَ لِلسُّحْتِ ۚ فَإِنْ جَاءُوكَ فَاحْكُمْ بَيْنَهُمْ أَوْ أَعْرِضْ عَنْهُمْ ۖ وَإِنْ تُعْرِضْ عَنْهُمْ فَلَنْ يَضُرُّوكَ شَيْئًا ۖ وَإِنْ حَكَمْتَ فَاحْكُمْ بَيْنَهُمْ بِالْقِسْطِ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿٤٢﴾

৪২। তারা অতি মাত্রায় মিথ্যা শ্রবণকারী; তারা অতি মাত্রায় অবৈধ ভক্ষণকারী*। সুতরাং যদি তারা তোমার নিকট আসে তাহলে তাদের মধ্যে বিচার-ফয়সালা কর অথবা তাদেরকে উপেক্ষা কর। এবং যদি তুমি তাদেরকে উপেক্ষা কর, তবে তারা কখনো তোমার কিছুই ক্ষতি করতে পারবে না। আর যদি বিচার-ফয়সালা কর, তবে তাদের মাঝে বিচার-ফয়সালা কর ন্যায়ের সাথে। নিশ্চয় আল্লাহ্ ন্যায়বিচারকারীদেরকে ভালবাসেন।

وَكَيْفَ يُحَكِّمُونَكَ وَعِنْدَهُمُ التَّوْرَاةُ فِيهَا حُكْمُ اللَّهِ ثُمَّ يَتَوَلَّوْنَ مِنْ بَعْدِ ذَٰلِكَ ۚ وَمَا أُولَٰئِكَ بِالْمُؤْمِنِينَ ﴿٤٣﴾

৪৩। আর কিভাবে তারা তোমার নিকট বিচারের ভার অর্পণ করবে, অথচ তাদের নিকট রয়েছে তাওরাত যাতে রয়েছে আল্লাহ্‌র বিধান, অতঃপর এরপরে তারা মুখ ফিরিয়ে নেয়*? আর তারা মু'মিনও নয়।

৬ পারা ১০ রুকূ ১০

إِنَّآ أَنزَلْنَا التَّوْرٰىةَ فِيهَا هُدًى وَّنُوْرٌ ۚ يَحْكُمُ بِهَا النَّبِيُّوْنَ
الَّذِيْنَ أَسْلَمُوْا لِلَّذِيْنَ هَادُوْا وَالرَّبّٰنِيُّوْنَ وَالْأَحْبَارُ بِمَا
اسْتُحْفِظُوْا مِنْ كِتٰبِ اللّٰهِ وَكَانُوْا عَلَيْهِ شُهَدَآءَ ۚ فَلَا تَخْشَوُا
النَّاسَ وَاخْشَوْنِ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ۚ وَمَنْ
لَّمْ يَحْكُمْ بِمَآ أَنزَلَ اللّٰهُ فَأُولٰٓئِكَ هُمُ الْكٰفِرُوْنَ ﴿٤٤﴾

৪৪। নিশ্চয় আমি তাওরাত অবতীর্ণ করেছি, তাতে ছিল পথনির্দেশ ও আলো, এর দ্বারা নবীরা - যারা আত্মসমর্পণ করেছিল - ইহুদীদের বিচার-ফায়সালা করত এবং রাব্বানীরা (আল্লাহ্ ওয়ালারা) ও পন্ডিতরাও, কারণ তাদেরকে আল্লাহ্‌র কিতাব সংরক্ষণের দায়িত্ব দেয়া হয়েছিল এবং তারা ছিল এর (তাওরাতের) সাক্ষী। সুতরাং তোমরা মানুষকে ভয় করো না, আমাকেই ভয় কর এবং আমার আয়াতসমূহের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করো না। আর আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা দ্বারা যারা বিচার-ফায়সালা করে না, তারাই কাফির।

وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَآ أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ ۙ وَالْعَيْنَ بِالْعَيْنِ
وَالْأَنْفَ بِالْأَنْفِ وَالْأُذُنَ بِالْأُذُنِ وَالسِّنَّ بِالسِّنِّ ۙ وَالْجُرُوْحَ
قِصَاصٌ ۚ فَمَنْ تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَّهُ ۚ وَمَنْ لَّمْ يَحْكُمْ بِمَآ
أَنزَلَ اللّٰهُ فَأُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٤٥﴾

৪৫। এবং আমি তাতে (তাওরাতে) তাদের উপর বিধিবদ্ধ (ফরয) করেছিলাম যে, প্রাণের বদলে প্রাণ, চোখের বদলে চোখ, নাকের বদলে নাক, কানের বদলে কান, দাঁতের বদলে দাঁত এবং জখমসমূহও (ক্ষতিপূরণ ও বদলার দিক থেকে) সমান সমান (কিসাস)। অতঃপর যে তা সদকা করে (বদলা না নেয়) সেটি তার (ক্ষমাকারীর) জন্য কাফ্‌ফারা (পাপ মোচন)। আর আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা দ্বারা যারা বিচার-ফয়সালা করে না, তারাই জালিম।

وَقَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِعِيْسَى ابْنِ مَرْيَمَ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ
مِنَ التَّوْرٰىةِ ۖ وَاٰتَيْنٰهُ الْإِنْجِيْلَ فِيْهِ هُدًى وَّنُوْرٌ ۙ وَّمُصَدِّقًا
لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرٰىةِ وَهُدًى وَّمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٤٦﴾

৪৬। এবং আমি তাদের পরে মারইয়ামের পুত্র ঈসাকে পাঠিয়েছিলাম তার সামনে বিদ্যমান তাওরাতের সত্যায়নকারীরূপে এবং আমি তাকে দিয়েছিলাম ইন্‌জীল যার মধ্যে ছিল পথনির্দেশ ও আলো এবং (তা ছিল) তার সামনে বিদ্যমান তাওরাতের সত্যায়নকারী এবং মুত্তাকীদের জন্য পথনির্দেশ ও উপদেশস্বরূপ।

وَلْيَحْكُمْ أَهْلُ الْإِنْجِيْلِ بِمَآ أَنزَلَ اللّٰهُ فِيْهِ ۚ وَمَنْ لَّمْ يَحْكُمْ
بِمَآ أَنزَلَ اللّٰهُ فَأُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٤٧﴾

৪৭। আর ইন্‌জীলের ধারকরা যেন আল্লাহ্ তাতে যা অবতীর্ণ করেছেন তা দ্বারা বিচার-ফয়সালা করে। এবং আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা দ্বারা যারা বিচার-ফয়সালা করে না, তারাই পাপাচারী (ফাসিক)।

وَأَنزَلْنَآ إِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ
الْكِتٰبِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ بَيْنَهُمْ بِمَآ أَنزَلَ اللّٰهُ وَلَا تَتَّبِعْ
أَهْوَآءَهُمْ عَمَّا جَآءَكَ مِنَ الْحَقِّ ۚ لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَّ
مِنْهَاجًا ۚ وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَّاحِدَةً وَّلٰكِنْ لِّيَبْلُوَكُمْ
فِيْ مَآ اٰتٰىكُمْ فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ۚ إِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا
فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٤٨﴾

৪৮। এবং আমি তোমার প্রতি সত্যসহ এ কিতাব অবতীর্ণ করেছি এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারী ও এর (পূর্ববর্তী কিতাবের) সংরক্ষকরূপে। সুতরাং আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা দ্বারা তুমি তাদের মাঝে বিচার-ফয়সালা কর এবং যে সত্য তোমার নিকট এসেছে তা থেকে দূরে থেকে তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আমি তোমাদের প্রত্যেকের জন্য শরীয়ত ও কর্মপন্থা নির্ধারণ করে দিয়েছি। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে তোমাদেরকে অবশ্যই এক উম্মত (ধর্মভুক্ত) করতে পারতেন, কিন্তু তিনি তোমাদেরকে যা দিয়েছেন তা দ্বারা তোমাদেরকে পরীক্ষা করতে চান, সুতরাং কল্যাণকর কাজে তোমরা প্রতিযোগিতা কর। আল্লাহ্‌রই দিকে তোমাদের সকলের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তোমরা যে বিষয়ে মতপার্থক্য করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন-

وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَآ أَنزَلَ اللّٰهُ وَلَا تَتَّبِعْ أَهْوَآءَهُمْ وَ
احْذَرْهُمْ أَنْ يَّفْتِنُوْكَ عَنْ بَعْضِ مَآ أَنزَلَ اللّٰهُ إِلَيْكَ ۚ فَإِنْ
تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيْدُ اللّٰهُ أَنْ يُّصِيْبَهُمْ بِبَعْضِ ذُنُوْبِهِمْ ۗ وَ
إِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ لَفٰسِقُوْنَ ﴿٤٩﴾

৪৯। এবং আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা দ্বারা তুমি তাদের মাঝে বিচার-ফায়সালা কর, তাদের প্রবৃত্তির অনুসরণ করো না এবং তাদের সম্বন্ধে সতর্ক হও যাতে আল্লাহ্ যা তোমার প্রতি অবতীর্ণ করেছেন তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করতে না পারে। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখ, তাদের কতক অপরাধের কারণে আল্লাহ্ তাদেরকে শাস্তি দিতে চান এবং নিশ্চয় মানুষের মধ্যে অনেকেই অবশ্যই পাপাচারী (ফাসিক)।

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللّٰهِ حُكْمًا لِّقَوْمٍ
يُّوْقِنُوْنَ ﴿٥٠﴾

৫০। তবে কি তারা জাহিলী যুগের বিধান কামনা করে? আর নিশ্চিত বিশ্বাস করে এমন সম্প্রদায়ের জন্য বিধান দানে কে আল্লাহ্‌র চেয়ে অধিক উত্তম?

ع ১১ ৭ রুকূ ১১

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوا الْيَهُوْدَ وَالنَّصٰرٰٓى اَوْلِيَآءَ ۘ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۭ وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ ۭ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝۵۱

৫১। ওহে যারা ঈমান এনেছ! তোমরা ইহুদী ও নাসারাদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। এবং তোমাদের মধ্যে যে তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করবে নিশ্চয় সে তাদের অন্তর্ভুক্ত হবে। নিশ্চয় আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

فَتَرَى الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يُّسَارِعُوْنَ فِيْهِمْ يَقُوْلُوْنَ نَخْشٰٓى اَنْ تُصِيْبَنَا دَاۗىِٕرَةٌ ۭ فَعَسَى اللّٰهُ اَنْ يَّاْتِيَ بِالْفَتْحِ اَوْ اَمْرٍ مِّنْ عِنْدِهٖ فَيُصْبِحُوْا عَلٰي مَآ اَسَرُّوْا فِيْٓ اَنْفُسِهِمْ نٰدِمِيْنَ ۝۵۲

৫২। এবং যাদের হৃদয়ে রোগ* আছে তুমি তাদেরকে তাদের (ইহুদী ও নাসারাদের) দিকে দ্রুত ধাবিত হতে দেখবে এ বলে যে, 'আমরা আশঙ্কা করি, মন্দ অবস্থা আমাদেরকে আঘাত করবে।' শীঘ্রই আল্লাহ্ (তোমাদেরকে) বিজয় অথবা তাঁর পক্ষ থেকে এমন সিদ্ধান্ত দিবেন, ফলে তারা তাদের অন্তরে যা গোপন রেখেছিল তার জন্য অনুতপ্ত হবে।

وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَهٰٓؤُلَاۗءِ الَّذِيْنَ اَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ ۙ اِنَّهُمْ لَمَعَكُمْ ۭ حَبِطَتْ اَعْمَالُهُمْ فَاَصْبَحُوْا خٰسِرِيْنَ ۝۵۳

৫৩। এবং যারা ঈমান এনেছে তারা বলবে, এরাই কি তারা যারা আল্লাহ্র নামে কসম করেছিল- তাদের দৃঢ় কসম যে, নিশ্চয় তারা অবশ্যই তোমাদের সঙ্গে আছে? তাদের কর্মসমূহ বিফল হয়েছে, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়েছে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَنْ يَّرْتَدَّ مِنْكُمْ عَنْ دِيْنِهٖ فَسَوْفَ يَاْتِي اللّٰهُ بِقَوْمٍ يُّحِبُّهُمْ وَيُحِبُّوْنَهٗٓ ۙ اَذِلَّةٍ عَلَي الْمُؤْمِنِيْنَ اَعِزَّةٍ عَلَي الْكٰفِرِيْنَ ۡ يُجَاهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا يَخَافُوْنَ لَوْمَةَ لَاۗىِٕمٍ ۭ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ۝۵۴

৫৪। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের মধ্যে যে তার দ্বীন হতে ফিরে যাবে (মুরতাদ হবে), অচিরেই আল্লাহ্ (তার স্থলে) এমন এক সম্প্রদায়কে আনবেন যাদেরকে তিনি ভালবাসেন এবং তারাও তাঁকে ভালবাসে; তারা মু'মিনদের প্রতি বিনয়ী ও কাফিরদের প্রতি কঠোর হবে, তারা আল্লাহ্র পথে জিহাদ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারকে ভয় করবে না। এটি আল্লাহ্র অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা করেন তাকে তা দান করেন এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।

اِنَّمَا وَلِيُّكُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ وَالَّذِيْنَ اٰمَنُوا الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ رٰكِعُوْنَ ۝۵۵

৫৫। তোমাদের বন্ধু কেবল আল্লাহ্, তাঁর রাসূল এবং যারা ঈমান এনেছে তারা- যারা বিনীত হয়ে সালাত (নামায) কায়েম করে ও যাকাত প্রদান করে।

وَمَنْ يَّتَوَلَّ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَالَّذِيْنَ اٰمَنُوْا فَاِنَّ حِزْبَ اللّٰهِ هُمُ الْغٰلِبُوْنَ ۝۵۶

ع ১২ ৮ রুকু ১৯

৫৬। এবং যে ব্যক্তি আল্লাহ্, তাঁর রাসূল এবং যারা ঈমান এনেছে তাদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করবে, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্র দলই বিজয়ী হবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوا الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَكُمْ هُزُوًا وَّلَعِبًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَالْكُفَّارَ اَوْلِيَاۗءَ ۚ وَاتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝۵۷

৫৭। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদের মধ্যে যারা তোমাদের দ্বীনকে উপহাস ও খেলা হিসেবে গ্রহণ করেছে তাদেরকে ও কাফিরদেরকে তোমরা বন্ধুরূপে গ্রহণ করো না এবং আল্লাহ্কে ভয় কর- যদি তোমরা মু'মিন হও।

وَاِذَا نَادَيْتُمْ اِلَى الصَّلٰوةِ اتَّخَذُوْهَا هُزُوًا وَّلَعِبًا ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُوْنَ ۝۵۸

৫৮। এবং যখন তোমরা সালাতের (নামাযের) দিকে ডাক তখন তারা একে উপহাস ও খেলা হিসেবে গ্রহণ করে। এটা এ কারণে যে, তারা এমন এক সম্প্রদায় যারা অনুধাবন করে না।

قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ هَلْ تَنْقِمُوْنَ مِنَّآ اِلَّآ اَنْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ اِلَيْنَا وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلُ ۙ وَاَنَّ اَكْثَرَكُمْ فٰسِقُوْنَ ۝۵۹

৫৯। বল, 'হে আহলে কিতাব! কেবল এ কারণেই কি তোমরা আমাদের থেকে প্রতিশোধ নিচ্ছ যে, আমরা ঈমান এনেছি আল্লাহ্র প্রতি ও আমাদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তার প্রতি এবং যা পূর্বে অবতীর্ণ করা হয়েছিল তার প্রতি, এবং এ কারণেও যে, তোমাদের অধিকাংশই পাপাচারী (ফাসিক)?'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قُلْ هَلْ اُنَبِّئُكُمْ بِشَرٍّ مِّنْ ذٰلِكَ مَثُوْبَةً عِنْدَ اللّٰهِ ؕ مَنْ لَّعَنَهُ اللّٰهُ وَغَضِبَ عَلَيْهِ وَجَعَلَ مِنْهُمُ الْقِرَدَةَ وَالْخَنَازِيْرَ وَعَبَدَ الطَّاغُوْتَ ؕ اُولٰٓئِكَ شَرٌّ مَّكَانًا وَّاَضَلُّ عَنْ سَوَآءِ السَّبِيْلِ ﴿٦٠﴾

৬০। বল, 'আমি কি তোমাদেরকে আল্লাহ্‌র পক্ষ থেকে প্রতিফলস্বরূপ এর চেয়েও নিকৃষ্ট কিছুর সংবাদ দেব যাদেরকে আল্লাহ্ লা'নত করেছিলেন, যাদের উপর তিনি ক্রুদ্ধ হয়েছিলেন এবং তাদের মধ্য থেকে কিছু সংখ্যককে তিনি বানর ও শুকর বানিয়েছিলেন এবং তারা তাগুতের ইবাদত করেছিল? তারাই মর্যাদার দিক থেকে নিকৃষ্ট এবং সরল পথ হতে সর্বাধিক পথভ্রষ্ট।'

وَاِذَا جَآءُوْكُمْ قَالُوْٓا اٰمَنَّا وَقَدْ دَّخَلُوْا بِالْكُفْرِ وَهُمْ قَدْ خَرَجُوْا بِهٖ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا كَانُوْا يَكْتُمُوْنَ ﴿٦١﴾

৬১। এবং যখন তারা তোমাদের নিকট আসে তখন বলে, 'আমরা ঈমান এনেছি', অথচ তারা (তোমার নিকট) কুফর নিয়েই প্রবেশ করেছে এবং তা নিয়েই বের হয়েছে। এবং তারা যা গোপন করত সে সম্পর্কে আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন।

وَتَرٰى كَثِيْرًا مِّنْهُمْ يُسَارِعُوْنَ فِى الْاِثْمِ وَالْعُدْوَانِ وَاَكْلِهِمُ السُّحْتَ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٢﴾

৬২। এবং তুমি তাদের মধ্য থেকে অধিকাংশকেই দেখবে তারা পাপে, সীমালঙ্ঘনে এবং অবৈধ ভক্ষণে দ্রুত ধাবিত হচ্ছে। তারা যা করে তা কতই না নিকৃষ্ট!

لَوْلَا يَنْهٰهُمُ الرَّبّٰنِيُّوْنَ وَالْاَحْبَارُ عَنْ قَوْلِهِمُ الْاِثْمَ وَاَكْلِهِمُ السُّحْتَ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿٦٣﴾

৬৩। রব্বানীরা (আল্লাহ্ ওয়ালা ব্যক্তিরা) ও পন্ডিতরা কেন তাদেরকে তাদের পাপকথা বলা ও অবৈধ ভক্ষণ হতে নিষেধ করে না? এরা যা করে তা কতই না নিকৃষ্ট!

وَقَالَتِ الْيَهُوْدُ يَدُ اللّٰهِ مَغْلُوْلَةٌ ؕ غُلَّتْ اَيْدِيْهِمْ وَلُعِنُوْا بِمَا قَالُوْا ۘ بَلْ يَدٰهُ مَبْسُوْطَتٰنِ ۙ يُنْفِقُ كَيْفَ يَشَآءُ ؕ وَلَيَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا ؕ وَاَلْقَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ ؕ كُلَّمَآ اَوْقَدُوْا نَارًا لِّلْحَرْبِ اَطْفَاَهَا اللّٰهُ ۙ وَيَسْعَوْنَ فِى الْاَرْضِ فَسَادًا ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ ﴿٦٤﴾

৬৪। এবং ইহুদিরা বলে, 'আল্লাহ্‌র হাত শৃঙ্খলিত; (আসলে) তাদের হাতই (ঘাড়ের সাথে) শৃঙ্খলিত এবং তারা যা বলেছে তার জন্য তাদেরকে লা'নত করা হয়েছে। বরং তাঁর দু'হাতই প্রসারিত; যেভাবে ইচ্ছা করেন তিনি ব্যয় করেন। আর তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা তাদের অনেকের অবাধ্যতা ও কুফরী অবশ্যই বৃদ্ধি করবে। এবং তাদের মাঝে আমি কিয়ামতের দিন পর্যন্ত শত্রুতা ও বিদ্বেষ সঞ্চার করেছি। যখনই তারা যুদ্ধের* আগুন জ্বালিয়েছে তখন আল্লাহ্ তা নিভিয়ে দিয়েছেন, এবং তারা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করতে প্রচেষ্টা চালায়। আর আল্লাহ্ ফ্যাসাদ সৃষ্টিকারীদেরকে ভালবাসেন না।

وَلَوْ اَنَّ اَهْلَ الْكِتٰبِ اٰمَنُوْا وَاتَّقَوْا لَكَفَّرْنَا عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَاَدْخَلْنٰهُمْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٦٥﴾

৬৫। আর যদি আহলে কিতাব ঈমান আনত ও তাকওয়া অবলম্বন করত তাহলে আমি তাদের থেকে তাদের পাপসমূহ অবশ্যই মোচন করে দিতাম এবং তাদেরকে নেয়ামতপূর্ণ জান্নাতসমূহে অবশ্যই প্রবেশ করাতাম।

وَلَوْ اَنَّهُمْ اَقَامُوا التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ وَمَآ اُنْزِلَ اِلَيْهِمْ مِّنْ رَّبِّهِمْ لَاَكَلُوْا مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ ؕ مِنْهُمْ اُمَّةٌ مُّقْتَصِدَةٌ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ سَآءَ مَا يَعْمَلُوْنَ ﴿٦٦﴾ ع

৬৬। এবং যদি তারা তাওরাত, ইন্‌জীল ও তাদের প্রতিপালকের নিকট থেকে তাদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা কায়েম করত তাহলে অবশ্যই তারা তাদের উপর দিক থেকে ও পায়ের নিচ থেকে (আসা রিযিক) আহার করত। তাদের মধ্যে রয়েছে একটি মধ্যপন্থী উম্মত (দল)। কিন্তু তাদের অনেকেই যা করে তা কতই না নিকৃষ্ট!

يٰٓاَيُّهَا الرَّسُوْلُ بَلِّغْ مَآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ ؕ وَاِنْ لَّمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسٰلَتَهٗ ؕ وَاللّٰهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٦٧﴾

৬৭। হে রাসূল! তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা পৌঁছে দাও*। আর যদি না কর তাহলে তুমি তাঁর রিসালাত (পয়গাম) পৌঁছালে না। এবং আল্লাহ্ তোমাকে মানুষ (এর ক্ষতি) থেকে রক্ষা করবেন। নিশ্চয় আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لَسْتُمْ عَلٰى شَىْءٍ حَتّٰى تُقِيْمُوا التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ وَمَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ ؕ وَلَيَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا ۚ فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٦٨﴾

৬৮। বল, 'হে আহলে কিতাব! তোমরা কোন কিছুর উপরই (প্রতিষ্ঠিত) নও যতক্ষণ না তোমরা তাওরাত, ইন্‌জীল ও তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে যা অবতীর্ণ করা হয়েছে তা (কুরআন) কায়েম কর।' আর তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা অবশ্যই তাদের অনেককে অবাধ্যতা ও কুফরীতে বৃদ্ধি করবে, সুতরাং তুমি কাফির সম্প্রদায়ের জন্য দুঃখ করো না।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَادُوْا وَالصّٰبِـُٔوْنَ وَالنَّصٰرٰى مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٩﴾

৬৯। নিশ্চয় যারা ঈমান এনেছে এবং যারা ইহুদী হয়েছে এবং যারা সাবেয়ী ও নাসারা- যারাই আল্লাহ্‌র প্রতি ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনেছে এবং সৎকাজ করেছে তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

لَقَدْ اَخَذْنَا مِيْثَاقَ بَنِىْٓ اِسْرَآءِيْلَ وَاَرْسَلْنَآ اِلَيْهِمْ رُسُلًا ؕ كُلَّمَا جَآءَهُمْ رَسُوْلٌ بِمَا لَا تَهْوٰٓى اَنْفُسُهُمْ ۙ فَرِيْقًا كَذَّبُوْا وَفَرِيْقًا يَّقْتُلُوْنَ ﴿٧٠﴾

৭০। অবশ্যই আমি বনী ইসরাঈলের অঙ্গীকার গ্রহণ করেছিলাম এবং তাদের নিকট বহু রাসূল প্রেরণ করেছিলাম। যখনই কোন রাসূল তাদের নিকট এমন কিছু নিয়ে এসেছে যা তাদের মনের আকাঙ্ক্ষার বিপরীত তখন তারা তাদের (রাসূলদের) একদলকে মিথ্যাবাদী বলেছে এবং একদলকে হত্যা করেছে।

وَحَسِبُوْٓا اَلَّا تَكُوْنَ فِتْنَةٌ فَعَمُوْا وَصَمُّوْا ثُمَّ تَابَ اللّٰهُ عَلَيْهِمْ ثُمَّ عَمُوْا وَصَمُّوْا كَثِيْرٌ مِّنْهُمْ ؕ وَاللّٰهُ بَصِيْرٌ ۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿٧١﴾

৭১। এবং তারা মনে করেছিল যে, (তাদের) কোন ফিতনা (বিপর্যয়) হবে না, ফলে তারা অন্ধ ও বধির হয়ে রইল, এরপর আল্লাহ্ তাদের তওবা কবুল করেছিলেন, এরপর তাদের অনেকেই অন্ধ ও বধির হয়ে রইল। আর তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ؕ وَقَالَ الْمَسِيْحُ يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اعْبُدُوا اللّٰهَ رَبِّىْ وَرَبَّكُمْ ؕ اِنَّهٗ مَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ حَرَّمَ اللّٰهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَاْوٰىهُ النَّارُ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٧٢﴾

৭২। অবশ্যই তারা কুফরী করেছে যারা বলে, 'নিশ্চয় আল্লাহ্‌ই মারইয়ামের পুত্র মাসীহ্', অথচ মাসীহ্ বলেছিল, 'হে বনী ইসরাঈল! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর যিনি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক। নিশ্চয় যে আল্লাহ্‌র সাথে শরীক করবে অবশ্যই আল্লাহ্ তার জন্য জান্নাত হারাম করবেন এবং তার আশ্রয়স্থল হবে জাহান্নাম। এবং জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।'

لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ ثَالِثُ ثَلٰثَةٍ ۘ وَمَا مِنْ اِلٰهٍ اِلَّآ اِلٰهٌ وَّاحِدٌ ؕ وَاِنْ لَّمْ يَنْتَهُوْا عَمَّا يَقُوْلُوْنَ لَيَمَسَّنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٣﴾

৭৩। অবশ্যই তারা কুফরী করেছে যারা বলে, 'নিশ্চয় আল্লাহ্ তিন জনের তৃতীয়জন', অথচ এক ইলাহ্ ছাড়া অন্য কোন ইলাহ্ নেই। আর তারা যা বলে তা থেকে যদি তারা নিবৃত্ত না হয় তাহলে তাদের মধ্যে যারা কুফরী করেছে তাদেরকে অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি স্পর্শ করবে।

اَفَلَا يَتُوْبُوْنَ اِلَى اللّٰهِ وَيَسْتَغْفِرُوْنَهٗ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٧٤﴾

৭৪। তবে কি তারা আল্লাহ্‌র দিকে অনুতপ্ত হয়ে ফিরে আসবে না এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করবে না, অথচ আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু?

مَا الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ اِلَّا رَسُوْلٌ ۚ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ؕ وَ اُمُّهٗ صِدِّيْقَةٌ ؕ كَانَا يَاْكُلٰنِ الطَّعَامَ ؕ اُنْظُرْ كَيْفَ نُبَيِّنُ لَهُمُ الْاٰيٰتِ ثُمَّ انْظُرْ اَنّٰى يُؤْفَكُوْنَ ﴿۷۵﴾

৭৫। মারইয়ামের পুত্র মাসীহ্ একজন রাসূল ছাড়া আর কিছু নয়, তার পূর্বেও রাসূলরা গত হয়েছে। এবং তার মা ছিল সত্যবাদী। তারা দু'জন খাবার খেত। লক্ষ্য কর, কিভাবে আমি তাদের জন্য আয়াতসমূহ বর্ণনা করি, এরপর লক্ষ্য কর, কিভাবে তাদেরকে বিভ্রান্ত করা হচ্ছে!

قُلْ اَتَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَمْلِكُ لَكُمْ ضَرًّا وَّ لَا نَفْعًا ؕ وَ اللّٰهُ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۷۶﴾

৭৬। বল, 'তোমরা কি আল্লাহ্কে বাদ দিয়ে এমন কিছুর ইবাদত কর যা তোমাদের কোন ক্ষতি বা উপকারের মালিক নয়, অথচ আল্লাহ্ই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী?'

قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ لَا تَغْلُوْا فِيْ دِيْنِكُمْ غَيْرَ الْحَقِّ وَ لَا تَتَّبِعُوْۤا اَهْوَآءَ قَوْمٍ قَدْ ضَلُّوْا مِنْ قَبْلُ وَ اَضَلُّوْا كَثِيْرًا وَّ ضَلُّوْا عَنْ سَوَآءِ السَّبِيْلِ ﴿۷۷﴾

৭৭। বল, 'হে আহলে কিতাব! তোমরা তোমাদের দ্বীনের ব্যাপারে অন্যায়ভাবে বাড়াবাড়ি করো না এবং তোমরা এমন লোকদের প্রবৃত্তির অনুসরণ করো না যারা ইতোপূর্বে পথভ্রষ্ট হয়ে গেছে, এবং অনেককেই পথভ্রষ্ট করেছে এবং সরল পথ হতে বিচ্যুত হয়েছে।'

لُعِنَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ بَنِيْۤ اِسْرَآءِيْلَ عَلٰى لِسَانِ دَاوٗدَ وَ عِيْسَى ابْنِ مَرْيَمَ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّ كَانُوْا يَعْتَدُوْنَ ﴿۷۸﴾

৭৮। বনী ইসরাঈলের মধ্যে যারা কুফরী করেছিল তাদেরকে (যাবূরে) দাউদের ও (ইন্জীলে) মারইয়ামের পুত্র ঈসার ভাষায় লা'নত করা হয়েছিল। এটা এ কারণে যে, তারা অমান্য করেছিল এবং তারা সীমালঙ্ঘন করত।

كَانُوْا لَا يَتَنَاهَوْنَ عَنْ مُّنْكَرٍ فَعَلُوْهُ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَفْعَلُوْنَ ﴿۷۹﴾

৭৯। তারা যে মন্দ কাজ করত তা থেকে তারা একে অপরকে নিষেধ করত না। তারা যা করত তা কতই না নিকৃষ্ট!

تَرٰى كَثِيْرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ اَنْفُسُهُمْ اَنْ سَخِطَ اللّٰهُ عَلَيْهِمْ وَ فِي الْعَذَابِ هُمْ خٰلِدُوْنَ ﴿۸۰﴾

৮০। তাদের অনেককে তুমি যারা কুফরী করেছে তাদের সাথে বন্ধুত্ব করতে দেখবে। তারা তাদের নিজেদের জন্য যা অগ্রে পাঠিয়েছে তা কতই না নিকৃষ্ট যে, আল্লাহ্ তাদের উপর অসন্তুষ্ট হয়েছেন এবং তারা শাস্তির মধ্যে স্থায়ী হবে।

وَ لَوْ كَانُوْا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَ النَّبِيِّ وَ مَاۤ اُنْزِلَ اِلَيْهِ مَا اتَّخَذُوْهُمْ اَوْلِيَآءَ وَ لٰكِنَّ كَثِيْرًا مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿۸۱﴾

৮১। আর যদি তারা আল্লাহ্, নবী ও তার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাতে ঈমান আনত তাহলে তারা তাদেরকে (কাফিরদেরকে) বন্ধুরূপে গ্রহণ করত না, কিন্তু তাদের অধিকাংশই পাপাচারী (ফাসিক)।

لَتَجِدَنَّ اَشَدَّ النَّاسِ عَدَاوَةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الْيَهُوْدَ وَ الَّذِيْنَ اَشْرَكُوْا ۚ وَ لَتَجِدَنَّ اَقْرَبَهُمْ مَّوَدَّةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الَّذِيْنَ قَالُوْۤا اِنَّا نَصٰرٰى ؕ ذٰلِكَ بِاَنَّ مِنْهُمْ قِسِّيْسِيْنَ وَ رُهْبَانًا وَّ اَنَّهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ ﴿۸۲﴾

৮২। যারা ঈমান এনেছে তাদের প্রতি শত্রুতায় মানুষের মধ্যে ইহুদীদেরকে ও যারা শরীক করেছে তাদেরকে অবশ্যই তুমি সবচেয়ে কঠোর (দেখতে) পাবে। আর যারা ঈমান এনেছে তাদের প্রতি হৃদ্যতায় তাদের (মানুষের) মধ্যে অবশ্যই তাদেরকে সবচেয়ে নিকটবর্তী (দেখতে) পাবে যারা বলে, 'আমরা নাসারা।'এটা এ কারণে যে, তাদের (নাসারাদের) মধ্যে রয়েছে বহু পাদ্রী ও সংসার-বিরাগী, এবং এ কারণেও যে, তারা অহংকার করে না।

পারা-৭

৮৩। এবং রাসূলের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা যখন তারা শোনে তখন তারা যে সত্য জেনেছে তার কারণে তুমি তাদের চক্ষুসমূহকে অশ্রুপ্লাবিত হতে দেখবে। তারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি, সুতরাং আপনি আমাদেরকে সাক্ষ্যদানকারীদের সাথে তালিকাভুক্ত করুন।

وَاِذَا سَمِعُوْا مَآ اُنْزِلَ اِلَى الرَّسُوْلِ تَرٰٓى اَعْيُنَهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ مِمَّا عَرَفُوْا مِنَ الْحَقِّ ۚ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ ﴿٨٣﴾

৮৪। আর আমাদের কী (অজুহাত) আছে যে, আমরা আল্লাহ্‌র প্রতি এবং আমাদের কাছে যে সত্য এসেছে তার প্রতি ঈমান আনব না, অথচ আমরা প্রত্যাশা করি যে, আমাদের প্রতিপালক আমাদেরকে সৎকর্মশীল সম্প্রদায়ের সাথে (জান্নাতে) প্রবেশ করাবেন?'

وَمَا لَنَا لَا نُؤْمِنُ بِاللّٰهِ وَمَا جَآءَنَا مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ اَنْ يُّدْخِلَنَا رَبُّنَا مَعَ الْقَوْمِ الصّٰلِحِيْنَ ﴿٨٤﴾

৮৫। সুতরাং তারা যা বলেছে সে কারণে আল্লাহ্ তাদেরকে পুরস্কার দিয়েছেন জান্নাতসমূহ, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে। এবং এটি সৎকর্মপরায়ণদের প্রতিদান।

فَاَثَابَهُمُ اللّٰهُ بِمَا قَالُوْا جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَذٰلِكَ جَزَآءُ الْمُحْسِنِيْنَ ﴿٨٥﴾

ع ١١ ٩ ١ ١١ রুকূ ١

৮৬। আর যারা কুফরী করেছে ও আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তারাই তীব্র আগুনের অধিবাসী।

وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿٨٦﴾

৮৭। ওহে যারা ঈমান এনেছ! আল্লাহ্ তোমাদের জন্য যেসব পবিত্র বস্তু হালাল করেছেন তা তোমরা হারাম করো না এবং সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ্ সীমালঙ্ঘনকারীদেরকে ভালবাসেন না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُحَرِّمُوْا طَيِّبٰتِ مَآ اَحَلَّ اللّٰهُ لَكُمْ وَلَا تَعْتَدُوْا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿٨٧﴾

৮৮। এবং আল্লাহ্ তোমাদেরকে যে হালাল ও পবিত্র রিযিক* দিয়েছেন তা থেকে খাও এবং আল্লাহ্‌কে ভয় কর, যার প্রতি তোমরা বিশ্বাসী (মু'মিন)।

وَكُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۪ وَّاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اَنْتُمْ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٨٨﴾

৮৯। তোমাদের অসার কসমসমূহের ব্যাপারে আল্লাহ্ তোমাদেরকে পাকড়াও করবেন না, কিন্তু যে কসম তোমরা দৃঢ়ভাবে কর সে ব্যাপারে তিনি তোমাদেরকে পাকড়াও করবেন। অতএব এর কাফ্‌ফারা হল দশজন মিসকিনকে (অভাবগ্রস্তকে) মধ্যম মানের খাদ্য দান, যা তোমরা তোমাদের পরিবার পরিজনকে খেতে দাও, অথবা তাদেরকে বস্ত্রদান, কিংবা একজন দাস মুক্তি। কিন্তু যদি কেউ (তা) না পায় তাহলে (তার জন্য বিধান হল) তিন দিন রোযা রাখা। এটা তোমাদের কসমসমূহের কাফ্‌ফারা যখন তোমরা কসম কর। এবং তোমরা তোমাদের কসমসমূহের হেফাজত কর। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ بِاللَّغْوِ فِيْٓ اَيْمَانِكُمْ وَلٰكِنْ يُّؤَاخِذُكُمْ بِمَا عَقَّدْتُّمُ الْاَيْمَانَ ۚ فَكَفَّارَتُهٗٓ اِطْعَامُ عَشَرَةِ مَسٰكِيْنَ مِنْ اَوْسَطِ مَا تُطْعِمُوْنَ اَهْلِيْكُمْ اَوْ كِسْوَتُهُمْ اَوْ تَحْرِيْرُ رَقَبَةٍ ؕ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ ؕ ذٰلِكَ كَفَّارَةُ اَيْمَانِكُمْ اِذَا حَلَفْتُمْ ؕ وَاحْفَظُوْٓا اَيْمَانَكُمْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٨٩﴾

৯০। ওহে যারা ঈমান এনেছ! মদ*, জুয়া, (মূর্তিপূজার) বেদী ও ভাগ্য নির্ণায়ক তীর কেবল অপবিত্রতা ও শয়তানে কাজ, সুতরাং তোমরা তা পরিহার কর, যাতে তোমরা সফল হতে পার।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطٰنِ فَاجْتَنِبُوْهُ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٩٠﴾

৯১। মদ ও জুয়ার মাধ্যমে শয়তান কেবল তোমাদের মাঝে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে এবং আল্লাহ্‌র স্মরণ ও সালাত (নামায) হতে তোমাদেরকে বিরত রাখতে চায়, তবে কি তোমরা (এগুলো থেকে) বিরত* হবে?

اِنَّمَا يُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ وَعَنِ الصَّلٰوةِ ۚ فَهَلْ اَنْتُمْ مُّنْتَهُوْنَ ﴿٩١﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاحْذَرُوْا ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٩٢﴾

৯২। এবং তোমরা আল্লাহ্‌র আনুগত্য কর ও রাসূলের আনুগত্য কর এবং সতর্ক হও, কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে জেনে রাখ যে, আমার রাসূলের দায়িত্ব কেবল সুস্পষ্টভাবে পৌঁছে দেয়া।

لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوْٓا اِذَا مَا اتَّقَوْا وَّاٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ثُمَّ اتَّقَوْا وَّاٰمَنُوْا ثُمَّ اتَّقَوْا وَّاَحْسَنُوْا ۗ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿٩٣﴾

৯৩। যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারা (পূর্বে) যা খেয়েছে তার জন্য তাদের কোন অপরাধ নেই, যখন তারা (আল্লাহ্‌কে) ভয় করে, ঈমান আনে ও সৎকাজ করে, এরপর (আল্লাহ্‌কে) ভয় করে ও ঈমান আনে, এরপর (আল্লাহ্‌কে) ভয় করে ও সৎকর্ম করে এবং আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।

ع ١٣ ١٢ রুকূ ২

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَيَبْلُوَنَّكُمُ اللّٰهُ بِشَيْءٍ مِّنَ الصَّيْدِ تَنَالُهٗٓ اَيْدِيْكُمْ وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّخَافُهٗ بِالْغَيْبِ ۚ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿٩٤﴾

৯৪। ওহে যারা ঈমান এনেছ! অবশ্যই অবশ্যই আল্লাহ্ তোমাদেরকে পরীক্ষা করবেন (ইহ্‌রাম অবস্থায়) কিছু শিকার দিয়ে যা (সহজে) তোমাদের হাত ও বর্শার নাগালে আসে, যাতে আল্লাহ্ জেনে নিতে পারেন (স্পষ্ট করতে পারেন) কে তাঁকে না দেখেও ভয় করে, সুতরাং এরপরে যে সীমালঙ্ঘন করবে তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْتُلُوا الصَّيْدَ وَاَنْتُمْ حُرُمٌ ۗ وَمَنْ قَتَلَهٗ مِنْكُمْ مُّتَعَمِّدًا فَجَزَآءٌ مِّثْلُ مَا قَتَلَ مِنَ النَّعَمِ يَحْكُمُ بِهٖ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ هَدْيًا ۢ بٰلِغَ الْكَعْبَةِ اَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسٰكِيْنَ اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا لِّيَذُوْقَ وَبَالَ اَمْرِهٖ ۗ عَفَا اللّٰهُ عَمَّا سَلَفَ ۗ وَمَنْ عَادَ فَيَنْتَقِمُ اللّٰهُ مِنْهُ ۗ وَاللّٰهُ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ﴿٩٥﴾

৯৫। ওহে যারা ঈমান এনেছ! ইহ্‌রাম অবস্থায় শিকার হত্যা করো না। এবং তোমাদের মধ্যে যে ইচ্ছাকৃতভাবে তা হত্যা করবে তার দণ্ড হল যেটি সে হত্যা করেছে তার অনুরূপ গবাদি পশু, যার ফয়সালা করবে তোমাদের মধ্যে দু'জন ন্যায়পরায়ণ ব্যক্তি, যা কুরবানীর পশু হিসাবে কা'বাতে পৌঁছানো হবে অথবা (এর) কাফ্‌ফারা হল মিসকীনকে (অভাবগ্রস্তকে) খাদ্য দান করা কিংবা সমসংখ্যক* রোযা রাখা, যাতে সে তার কাজের মন্দ ফল ভোগ করতে পারে। যা হয়ে গেছে আল্লাহ্ তা মার্জনা করেছেন। কিন্তু যে পুনরাবৃত্তি করবে আল্লাহ্ তাকে উচিত শাস্তি দিবেন। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও উচিত শাস্তিদাতা।

اُحِلَّ لَكُمْ صَيْدُ الْبَحْرِ وَطَعَامُهٗ مَتَاعًا لَّكُمْ وَلِلسَّيَّارَةِ ۚ وَحُرِّمَ عَلَيْكُمْ صَيْدُ الْبَرِّ مَا دُمْتُمْ حُرُمًا ۗ وَاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٩٦﴾

৯৬। তোমাদের জন্য সমুদ্রের শিকার ও তা খাওয়া হালাল করা হল, তোমাদের জন্য ও যাত্রীদলের জন্য ভোগ্য সামগ্রী হিসেবে, কিন্তু যতক্ষণ তোমরা ইহ্‌রাম অবস্থায় থাকবে ততক্ষণ স্থলের শিকার তোমাদের জন্য হারাম করা হল। এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর, যাঁর কাছে তোমাদেরকে সমবেত করা হবে।

جَعَلَ اللّٰهُ الْكَعْبَةَ الْبَيْتَ الْحَرَامَ قِيٰمًا لِّلنَّاسِ وَالشَّهْرَ الْحَرَامَ وَالْهَدْيَ وَالْقَلَآئِدَ ۗ ذٰلِكَ لِتَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَاَنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٩٧﴾

৯৭। আল্লাহ্ পবিত্র ঘর কা'বাকে মানুষের জন্য জীবনধারণের অবলম্বন বানিয়েছেন এবং হারাম মাস, কুরবানীর জন্য কা'বায় প্রেরিত পশু ও গলায় মালা পরানো কুরবানীর পশুকেও। এটি (এ জন্য), যাতে তোমরা জানতে পার যে, আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্ জানেন, এবং এও যে, আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

اِعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ وَاَنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٩٨﴾

৯৮। জেনে রাখ যে, আল্লাহ্ শাস্তিদানে কঠোর, এবং এও যে, আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

مَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ ۗ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا تَكْتُمُوْنَ ﴿٩٩﴾

৯৯। রাসূলের দায়িত্ব কেবল পৌঁছে দেয়া। আর তোমরা যা প্রকাশ কর ও যা গোপন রাখ আল্লাহ্ তা জানেন।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قُلْ لَّا يَسْتَوِي الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ اَعْجَبَكَ كَثْرَةُ الْخَبِيْثِ ۚ فَاتَّقُوا اللّٰهَ يٰٓاُولِي الْاَلْبَابِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٠٠﴾

১০০। বল, 'মন্দ ও ভাল সমান নয়, যদিও মন্দের আধিক্য তোমাকে মুগ্ধ করে, সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর হে বুদ্ধিমানরা! যাতে তোমরা সফল হতে পার।'

ع ١٣ ٦ ١٦ ٦ ركوع

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَسْـَٔلُوْا عَنْ اَشْيَآءَ اِنْ تُبْدَ لَكُمْ تَسُؤْكُمْ ۚ وَاِنْ تَسْـَٔلُوْا عَنْهَا حِيْنَ يُنَزَّلُ الْقُرْاٰنُ تُبْدَ لَكُمْ ۭ عَفَا اللّٰهُ عَنْهَا ۭ وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٠١﴾

১০১। ওহে যারা ঈমান এনেছ! তোমরা এমন সব বিষয়ে প্রশ্ন করো না, যদি তা তোমাদের নিকট প্রকাশ করা হয় তবে তা তোমাদেরকে কষ্ট দিবে, আর যদি কুরআন অবতীর্ণ করার সময় তোমরা সেগুলো সম্পর্কে প্রশ্ন কর তাহলে তা তোমাদের নিকট প্রকাশ করে দেয়া হবে। আল্লাহ্ (যেগুলো অতীত) সেগুলো মার্জনা করেছেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম সহনশীল।

قَدْ سَاَلَهَا قَوْمٌ مِّنْ قَبْلِكُمْ ثُمَّ اَصْبَحُوْا بِهَا كٰفِرِيْنَ ﴿١٠٢﴾

১০২। তোমাদের পূর্বেও এক সম্প্রদায় এমন প্রশ্ন করেছিল, এরপর তারা সে কারণে অবিশ্বাসী হয়ে গিয়েছিল।

مَا جَعَلَ اللّٰهُ مِنْۢ بَحِيْرَةٍ وَّلَا سَآئِبَةٍ وَّلَا وَصِيْلَةٍ وَّلَا حَامٍ ۙ وَّلٰكِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ ۭ وَاَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿١٠٣﴾

১০৩। আল্লাহ্ কোন বাহীরা* সাইবা, ওয়াসীলা ও হাম বানাননি, কিন্তু যারা কুফরী করেছে তারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে। এবং তাদের অধিকাংশই অনুধাবন করে না।

وَاِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا اِلٰى مَآ اَنْزَلَ اللّٰهُ وَاِلَى الرَّسُوْلِ قَالُوْا حَسْبُنَا مَا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ۭ اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْلَمُوْنَ شَيْـــًٔا وَّلَا يَهْتَدُوْنَ ﴿١٠٤﴾

১০৪। এবং যখন তাদেরকে বলা হয়,'আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার দিকে ও রাসূলের দিকে এসো', তখন তারা বলে, 'আমাদের জন্য তাই যথেষ্ট যার উপর আমরা আমাদের বাপ-দাদাদেরকে পেয়েছি।' যদিও তাদের বাপ-দাদারা কিছুই জানত না এবং তারা সঠিকপথপ্রাপ্তও ছিল না।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلَيْكُمْ اَنْفُسَكُمْ ۚ لَا يَضُرُّكُمْ مَّنْ ضَلَّ اِذَا اهْتَدَيْتُمْ ۭ اِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٠٥﴾

১০৫। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদের নিজেদের ব্যাপারে যত্নবান হও। যে পথভ্রষ্ট হয়েছে সে তোমাদের কোন ক্ষতি করতে পারবে না যখন তোমরা সঠিকপথ অবলম্বন করবে। আল্লাহ্‌রই দিকে তোমাদের সকলের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا شَهَادَةُ بَيْنِكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ حِيْنَ الْوَصِيَّةِ اثْنٰنِ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ اَوْ اٰخَرٰنِ مِنْ غَيْرِكُمْ اِنْ اَنْتُمْ ضَرَبْتُمْ فِي الْاَرْضِ فَاَصَابَتْكُمْ مُّصِيْبَةُ الْمَوْتِ ۭ تَحْبِسُوْنَهُمَا مِنْۢ بَعْدِ الصَّلٰوةِ فَيُقْسِمٰنِ بِاللّٰهِ اِنِ ارْتَبْتُمْ لَا نَشْتَرِيْ بِهٖ ثَمَنًا وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ۙ وَلَا نَكْتُمُ شَهَادَةَ اللّٰهِ اِنَّآ اِذًا لَّمِنَ الْاٰثِمِيْنَ ﴿١٠٦﴾

১০৬। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের কারো কাছে যখন মৃত্যু উপস্থিত হয় তখন ওসিয়ত করার সময় তোমাদের মধ্য থেকে দু'জন ন্যায়পরায়ণ ব্যক্তিকে সাক্ষী রাখবে অথবা তোমাদের ছাড়া অন্যদের মধ্য থেকে দু'জন সাক্ষী রাখবে যদি তোমরা যমীনে সফরে থাক এবং মৃত্যুর বিপদ তোমাদেরকে আক্রান্ত করে; নামাযের পর তাদের দু'জনকে অপেক্ষমান রাখবে এবং যদি তোমরা (তাদের সততার ব্যাপারে) সন্দেহ কর তাহলে তারা আল্লাহ্‌র নামে কসম করবে (এই বলে যে), 'এর (কসমের) বিনিময়ে আমরা কোন মূল্য গ্রহণ করব না (তার পক্ষেও) যদিও সে আত্মীয় হয় এবং আমরা আল্লাহ্‌র (নির্দেশিত) সাক্ষ্য গোপন করব না, (করলে) তখন নিশ্চয় আমরা অবশ্যই পাপীদের অন্তর্ভুক্ত হব।'

فَاِنْ عُثِرَ عَلٰٓى اَنَّهُمَا اسْتَحَقَّآ اِثْمًا فَاٰخَرٰنِ يَقُوْمٰنِ مَقَامَهُمَا مِنَ الَّذِيْنَ اسْتَحَقَّ عَلَيْهِمُ الْاَوْلَيٰنِ فَيُقْسِمٰنِ بِاللّٰهِ لَشَهَادَتُنَآ اَحَقُّ مِنْ شَهَادَتِهِمَا وَمَا اعْتَدَيْنَآ ۡ اِنَّآ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٧﴾

১০৭। অতঃপর যদি এটা প্রকাশ পায় যে, তারা দু'জন (মিথ্যা সাক্ষ্য দিয়ে) পাপের পাত্র হয়েছে তাহলে যারা (মীরাসের) অধিক হকদার তাদের মধ্য থেকে নিকটতম দু'জন তাদের দু'জনের স্থলাভিষিক্ত হবে এবং তারা আল্লাহ্‌র নামে কসম করে বলবে, 'অবশ্যই আমাদের সাক্ষ্য তাদের সাক্ষ্য থেকে অধিক সত্য এবং আমরা সীমালঙ্ঘন করিনি, (করলে) তখন নিশ্চয় আমরা অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হব।'

ذٰلِكَ اَدْنٰٓى اَنْ يَّاْتُوْا بِالشَّهَادَةِ عَلٰى وَجْهِهَآ اَوْ يَخَافُوْٓا اَنْ تُرَدَّ اَيْمَانٌۢ بَعْدَ اَيْمَانِهِمْ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاسْمَعُوْا ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿١٠٨﴾

১০৮। এটি নিকটতর (পদ্ধতি) যে, তারা যথাযথভাবে সাক্ষ্য দিবে অথবা তারা ভয় করবে যে, তাদের কসমের পর (অন্য সাক্ষীদের) কসমের পুনরাবৃত্তি করা হবে। এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর ও শ্রবণ কর। আর আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

১৩ ع ৮ ২ ১৪ রুকূ ৪

يَوْمَ يَجْمَعُ اللّٰهُ الرُّسُلَ فَيَقُوْلُ مَاذَآ اُجِبْتُمْ ؕ قَالُوْا لَا عِلْمَ لَنَا ؕ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ ﴿١٠٩﴾

১০৯। যেদিন আল্লাহ্ রাসূলদেরকে একত্র করবেন এবং বলবেন, 'তোমাদেরকে কী উত্তর দেয়া হয়েছিল?' তারা বলবে, 'আমাদের কোন জ্ঞান নেই। নিশ্চয় আপনিই অদৃশ্য বিষয়াদি সম্পর্কে সবচেয়ে ভাল জানেন।'

اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ اذْكُرْ نِعْمَتِىْ عَلَيْكَ وَعَلٰى وَالِدَتِكَ ۘ اِذْ اَيَّدْتُّكَ بِرُوْحِ الْقُدُسِ ۫ تُكَلِّمُ النَّاسَ فِى الْمَهْدِ وَكَهْلًا ۚ وَاِذْ عَلَّمْتُكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ۚ وَاِذْ تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْـَٔةِ الطَّيْرِ بِاِذْنِىْ فَتَنْفُخُ فِيْهَا فَتَكُوْنُ طَيْرًا بِاِذْنِىْ وَتُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ بِاِذْنِىْ ۚ وَاِذْ تُخْرِجُ الْمَوْتٰى بِاِذْنِىْ ۚ وَاِذْ كَفَفْتُ بَنِىْٓ اِسْرَآءِيْلَ عَنْكَ اِذْ جِئْتَهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١١٠﴾

১১০। যখন আল্লাহ্ বলবেন, 'হে মারইয়ামের পুত্র ঈসা! তোমার প্রতি ও তোমার মায়ের প্রতি আমার নেয়ামত স্মরণ কর, যখন রূহুল কুদুস (জিবরাঈল) -এর মাধ্যমে আমি তোমাকে সাহায্য করেছিলাম, তুমি মানুষের সাথে কথা বলতে কোলে থাকা অবস্থায় এবং পরিণত বয়সেও, এবং যখন আমি তোমাকে কিতাব, হিকমত (প্রজ্ঞা), তাওরাত ও ইনজীল শিক্ষা দিয়েছিলাম, এবং যখন তুমি কাদা মাটি দ্বারা আমার ইচ্ছায় পাখীর আকৃতি সদৃশ তৈরী করতে এবং এতে ফুঁ দিতে, ফলে আমার ইচ্ছায় তা পাখী হয়ে যেত, এবং জন্মান্ধ ও কুষ্ঠ রোগীকে তুমি আমার ইচ্ছায় নিরাময় করতে, এবং যখন তুমি আমার ইচ্ছায় মৃতকে (কবর থেকে জীবিত করে) বের করতে, এবং যখন আমি তোমার থেকে বনী ইসরাঈলকে নিবৃত্ত করেছিলাম যখন তুমি তাদের নিকট স্পষ্ট প্রমাণাদিসহ এসেছিলে এবং তাদের মধ্যে যারা কুফরী করেছিল তারা বলেছিল, 'এটা সুস্পষ্ট জাদু ছাড়া আর কিছু নয়।'

وَاِذْ اَوْحَيْتُ اِلَى الْحَوَارِيّٖنَ اَنْ اٰمِنُوْا بِىْ وَبِرَسُوْلِىْ ۚ قَالُوْٓا اٰمَنَّا وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ ﴿١١١﴾

১১১। এবং যখন আমি হাওয়ারীদের প্রতি ওহী করেছিলাম যে, 'তোমরা আমার প্রতি ও আমার রাসূলের প্রতি ঈমান আন,' তারা বলেছিল, 'আমরা ঈমান আনলাম এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা মুসলিম।'

اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ؕ قَالَ اتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١١٢﴾

১১২। যখন হাওয়ারীরা বলেছিল,'হে মারইয়ামের পুত্র ঈসা! আপনার প্রতিপালক কি আমাদের জন্য আকাশ থেকে একটি খাদ্যপূর্ণ পাত্র অবতীর্ণ করতে সক্ষম?' সে বলেছিল, 'তোমরা আল্লাহ্‌কে ভয় কর- যদি তোমরা মু'মিন হও।'

قَالُوْا نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا وَتَطْمَئِنَّ قُلُوْبُنَا وَنَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُوْنَ عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ﴿١١٣﴾

১১৩। তারা বলেছিল,'আমরা চাই যে, আমরা তা থেকে খাব ও আমাদের হৃদয় প্রশান্ত হবে এবং জানব যে, আপনি আমাদেরকে সত্য বলেছেন এবং আমরা এ বিষয়ে সাক্ষীদের অন্তর্ভুক্ত হব।'

قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ اَنْزِلْ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ۚ وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿١١٤﴾

১১৪। মারইয়ামের পুত্র ঈসা বলল, 'হে আল্লাহ্, আমাদের প্রতিপালক! আমাদের জন্য আকাশ থেকে খাদ্যপূর্ণ পাত্র অবতীর্ণ করুন যেটি হবে আমাদের জন্য একটি আনন্দোৎসব- আমাদের সমসাময়িকদের জন্য ও আমাদের পরবর্তীদের জন্য এবং আপনার পক্ষ থেকে একটি নিদর্শন। আর আমাদেরকে রিযিক দান করুন এবং আপনিই উত্তম রিযিকদাতা।'

১১৫। আল্লাহ্ বললেন, 'নিশ্চয় আমি তোমাদের জন্য তা অবতীর্ণ করব, কিন্তু এরপরে তোমাদের মধ্যে যে কুফরী করবে, নিশ্চয় আমি তাকে এমন শাস্তি দেব যে শাস্তি আমি জগৎসমূহের কাউকে দেব না।'

قَالَ اللّٰهُ اِنِّیْ مُنَزِّلُهَا عَلَیْكُمْ ۚ فَمَنْ یَّكْفُرْ بَعْدُ مِنْكُمْ فَاِنِّیْۤ اُعَذِّبُهٗ عَذَابًا لَّاۤ اُعَذِّبُهٗۤ اَحَدًا مِّنَ الْعٰلَمِیْنَ ﴿۱۱۵﴾

১১৬। এবং যখন (হাশরের মাঠে) আল্লাহ্ বলবেন, 'হে মারইয়ামের পুত্র ঈসা! তুমি কি মানুষকে বলেছিলে যে, তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে আমাকে ও আমার মা'কে দুই ইলাহরূপে গ্রহণ কর?' সে বলবে, 'পবিত্র আপনি, যে বিষয়ে আমার কোন অধিকার নেই সে বিষয়ে কিছু বলা আমার পক্ষে শোভনীয় নয়। যদি আমি তা বলতাম তবে অবশ্যই আপনি তা জানতেন। আমার মনে যা আছে তা আপনি জানেন, কিন্তু আপনার মনে যা অছে তা আমি জানি না। নিশ্চয় আপনিই অদৃশ্য বিষয়াদি সম্পর্কে সবচেয়ে ভাল জানেন।

وَاِذْ قَالَ اللّٰهُ یٰعِیْسَی ابْنَ مَرْیَمَ ءَاَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُوْنِیْ وَاُمِّیَ اِلٰهَیْنِ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالَ سُبْحٰنَكَ مَا یَكُوْنُ لِیْۤ اَنْ اَقُوْلَ مَا لَیْسَ لِیْ ۗ بِحَقٍّ ؕ اِنْ كُنْتُ قُلْتُهٗ فَقَدْ عَلِمْتَهٗ ؕ تَعْلَمُ مَا فِیْ نَفْسِیْ وَلَاۤ اَعْلَمُ مَا فِیْ نَفْسِكَ ؕ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُیُوْبِ ﴿۱۱۶﴾

১১৭। আপনি আমাকে যা নির্দেশ করেছিলেন তা ছাড়া তাদেরকে আমি কিছুই বলিনি (তা এই) যে, তোমরা আল্লাহ্র ইবাদত কর যিনি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক, এবং আমি তাদের (কার্যকলাপের) সাক্ষী ছিলাম যত দিন আমি তাদের মধ্যে ছিলাম, কিন্তু যখন আপনি আমাকে মৃত্যু দিলেন তখন আপনিই ছিলেন তাদের (কার্যকলাপের) পর্যবেক্ষক। এবং আপনি সব কিছুর প্রত্যক্ষদর্শী।

مَا قُلْتُ لَهُمْ اِلَّا مَاۤ اَمَرْتَنِیْ بِهٖۤ اَنِ اعْبُدُوا اللّٰهَ رَبِّیْ وَ رَبَّكُمْ ۚ وَكُنْتُ عَلَیْهِمْ شَهِیْدًا مَّا دُمْتُ فِیْهِمْ ۚ فَلَمَّا تَوَفَّیْتَنِیْ كُنْتَ اَنْتَ الرَّقِیْبَ عَلَیْهِمْ ؕ وَاَنْتَ عَلٰی كُلِّ شَیْءٍ شَهِیْدٌ ﴿۱۱۷﴾

১১৮। আপনি যদি তাদেরকে শাস্তি দেন তাহলে তারা আপনারই বান্দা, আর যদি তাদেরকে ক্ষমা করেন, তাহলে নিশ্চয় আপনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

اِنْ تُعَذِّبْهُمْ فَاِنَّهُمْ عِبَادُكَ ۚ وَاِنْ تَغْفِرْ لَهُمْ فَاِنَّكَ اَنْتَ الْعَزِیْزُ الْحَكِیْمُ ﴿۱۱۸﴾

১১৯। আল্লাহ্ বলবেন, 'এই দিন সত্যবাদীদের সত্যবাদীতা তাদের উপকারে আসবে। তাদের জন্য রয়েছে জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট হয়েছে। এটিই মহাসাফল্য।'

قَالَ اللّٰهُ هٰذَا یَوْمُ یَنْفَعُ الصّٰدِقِیْنَ صِدْقُهُمْ ؕ لَهُمْ جَنّٰتٌ تَجْرِیْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِیْنَ فِیْهَاۤ اَبَدًا ؕ رَضِیَ اللّٰهُ عَنْهُمْ وَ رَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِیْمُ ﴿۱۱۹﴾

১২০। আকাশসমূহ ও পৃথিবী এবং এদের মধ্যে যা কিছু আছে তার রাজত্ব আল্লাহ্রই এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান।

لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا فِیْهِنَّ ؕ وَهُوَ عَلٰی كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ﴿۱۲۰﴾

٦-سُوْرَةُ الْاَنْعَامِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-١٦٥، رُكُوْعَاتُهَا-٢٠

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৬. সূরা আন'আম, মাক্কী
১৬৫ আয়াত, ২০ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَجَعَلَ الظُّلُمٰتِ وَالنُّوْرَ ۗ ثُمَّ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ يَعْدِلُوْنَ ①

১। সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য যিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন, এবং বানিয়েছেন অন্ধকার ও আলো। এরপরও যারা কুফরী করেছে তারা তাদের প্রতিপালকের সমকক্ষ নির্ধারণ করে।

هُوَ الَّذِىْ خَلَقَكُمْ مِّنْ طِيْنٍ ثُمَّ قَضٰٓى اَجَلًا ۭ وَاَجَلٌ مُّسَمًّى عِنْدَهٗ ثُمَّ اَنْتُمْ تَمْتَرُوْنَ ②

২। তিনিই তোমাদেরকে কাদা মাটি থেকে সৃষ্টি করেছেন, এরপর একটি সময় (মৃত্যুর সময়) নির্দিষ্ট করেছেন এবং তাঁর নিকট রয়েছে একটি নির্ধারিত সময় (কিয়ামত), এরপরও তোমরা সন্দেহ কর।

وَهُوَ اللّٰهُ فِى السَّمٰوٰتِ وَفِى الْاَرْضِ ۭ يَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُوْنَ ③

৩। এবং আকাশসমূহ ও পৃথিবীতে তিনিই আল্লাহ্। তোমাদের গোপন বিষয় ও তোমাদের প্রকাশ্য বিষয় তিনি জানেন এবং তোমরা যা অর্জন কর তাও তিনি জানেন।

وَمَا تَاْتِيْهِمْ مِّنْ اٰيَةٍ مِّنْ اٰيٰتِ رَبِّهِمْ اِلَّا كَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ④

৪। আর তাদের প্রতিপালকের নিদর্শনসমূহ থেকে এমন কোন নিদর্শন তাদের নিকট আসে না যা থেকে তারা মুখ ফিরিয়ে নেয়নি।

فَقَدْ كَذَّبُوْا بِالْحَقِّ لَمَّا جَاۗءَهُمْ ۭ فَسَوْفَ يَاْتِيْهِمْ اَنْۢبٰٓؤُا مَا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ⑤

৫। তারা তো সত্যকে মিথ্যা অভিহিত করেছে যখন তা তাদের কাছে এসেছে। কিন্তু অচিরেই তাদের কাছে সে সংবাদ (কিয়ামত) আসবে যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত।

اَلَمْ يَرَوْا كَمْ اَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِّنْ قَرْنٍ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ مَا لَمْ نُمَكِّنْ لَّكُمْ وَاَرْسَلْنَا السَّمَاۗءَ عَلَيْهِمْ مِّدْرَارًا ۡ وَّجَعَلْنَا الْاَنْهٰرَ تَجْرِىْ مِنْ تَحْتِهِمْ فَاَهْلَكْنٰهُمْ بِذُنُوْبِهِمْ وَاَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ⑥

৬। তারা কি দেখেনি, আমি তাদের পূর্বে কত প্রজন্মকে ধ্বংস করে দিয়েছি? তাদেরকে আমি পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করেছিলাম যেভাবে আমি তোমাদেরকে প্রতিষ্ঠিত করিনি এবং তাদের উপর আকাশ থেকে প্রচুর বৃষ্টি প্রেরণ করেছিলাম, এবং তাদের নীচে নহরসমূহ প্রবাহিত করেছিলাম, অতঃপর তাদের অপরাধসমূহের কারণে তাদেরকে আমি ধ্বংস করেছি এবং তাদের পরে অপর এক প্রজন্মকে সৃষ্টি করেছি।

وَلَوْ نَزَّلْنَا عَلَيْكَ كِتٰبًا فِىْ قِرْطَاسٍ فَلَمَسُوْهُ بِاَيْدِيْهِمْ لَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ⑦

৭। আর যদি আমি তোমার নিকট কাগজে (লিখিত) কিতাবও অবতীর্ণ করতাম, অতঃপর তারা তা তাদের হাত দিয়ে স্পর্শও করত তবুও যারা কুফরী করেছে তারা অবশ্যই বলত, 'এটা সুস্পষ্ট জাদু ছাড়া আর কিছু নয়।'

وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ مَلَكٌ ۭ وَلَوْ اَنْزَلْنَا مَلَكًا لَّقُضِىَ الْاَمْرُ ثُمَّ لَا يُنْظَرُوْنَ ⑧

৮। এবং তারা বলে, 'তার নিকট (সতর্ককারীরূপে) কোন ফেরেশতা অবতীর্ণ করা হল না কেন?' আর যদি আমি ফেরেশতা অবতীর্ণ করতাম তাহলে অবশ্যই বিষয়টি ফয়সালা হয়ে যেত, এরপর তাদেরকে কোন অবকাশ দেয়া হত না।

وَلَوْ جَعَلْنٰهُ مَلَكًا لَّجَعَلْنٰهُ رَجُلًا وَّلَلَبَسْنَا عَلَيْهِمْ مَّا يَلْبِسُوْنَ ⑨

৯। এবং যদি আমি তাকে (রাসূলকে) ফেরেশতা বানাতাম তাহলে অবশ্যই তাকে আমি মানুষ হিসেবে বানাতাম এবং তাদেরকে অবশ্যই সেরূপ বিভ্রমে ফেলতাম যেরূপ বিভ্রমে তারা (এখন) রয়েছে।

وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِيْنَ سَخِرُوْا مِنْهُمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ⑩

১০। আর অবশ্যই তোমার পূর্বে রাসূলদেরকে ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল, অতঃপর তারা যা* নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তা যারা তাদেরকে ঠাট্টা-বিদ্রূপ করেছিল তাদেরকে (বিদ্রূপকারীদেরকে) পরিবেষ্টন করেছিল।

ع ١٠ ٧ ١ রুকূ ٩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১১। বল, 'তোমরা পৃথিবীতে ভ্রমণ কর, এরপর লক্ষ্য কর, কেমন ছিল মিথ্যা অভিহিতকারীদের পরিণাম।'

قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ ثُمَّ انْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿١١﴾

১২। বল, 'আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা কার?' বল, 'আল্লাহ্‌রই', 'দয়া করা'কে তিনি তাঁর নিজের উপর আবশ্যক করে নিয়েছেন। তিনি তোমাদেরকে অবশ্যই একত্র করবেন কিয়ামতের দিনে, যে ব্যাপারে কোনো সন্দেহ নেই। যারা তাদের নিজেদের ক্ষতি করেছে তারা ঈমান আনবে না।

قُلْ لِّمَنْ مَّا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلْ لِّلّٰهِ ؕ كَتَبَ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ؕ لَيَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ ؕ اَلَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٢﴾

১৩। এবং রাতে ও দিনে যা কিছু (অর্থাৎ তারকা, চন্দ্র ও সূর্য) অবস্থান করে তা তাঁরই। এবং তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَلَهٗ مَا سَكَنَ فِي الَّيْلِ وَالنَّهَارِ ؕ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١٣﴾

১৪। বল, 'আমি কি আল্লাহ্ ছাড়া অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করব যিনি আকাশসমূহ ও পৃথিবীর স্রষ্টা, যখন তিনিই (সবাইকে) আহার করান কিন্তু তাঁকে আহার করানো হয় না?' বল, 'নিশ্চয় আমি আদিষ্ট হয়েছি যেন আমি প্রথম আত্মসমর্পণকারী হই।' আর তুমি কখনো মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

قُلْ اَغَيْرَ اللّٰهِ اَتَّخِذُ وَلِيًّا فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَهُوَ يُطْعِمُ وَلَا يُطْعَمُ ؕ قُلْ اِنِّيْٓ اُمِرْتُ اَنْ اَكُوْنَ اَوَّلَ مَنْ اَسْلَمَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٤﴾

১৫। বল, 'আমি যদি আমার প্রতিপালককে অমান্য করি তাহলে নিশ্চয় আমি ভয় করি এক ভয়াবহ দিনের শাস্তির।'

قُلْ اِنِّيْٓ اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥﴾

১৬। সে দিন যাকে তা (শাস্তি) থেকে সরিয়ে রাখা হবে তার প্রতি তিনি দয়াই করে থাকবেন। এবং এটি সুস্পষ্ট সাফল্য।

مَنْ يُّصْرَفْ عَنْهُ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمَهٗ ؕ وَذٰلِكَ الْفَوْزُ الْمُبِيْنُ ﴿١٦﴾

১৭। আর যদি আল্লাহ্ তোমাকে কোনো ক্ষতি দ্বারা স্পর্শ করেন, তবে তিনি ছাড়া তা দূরকারী আর কেউ নেই। আর যদি তিনি তোমাকে কোনো কল্যাণ দ্বারা স্পর্শ করেন, তবে তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗٓ اِلَّا هُوَ ؕ وَاِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٧﴾

১৮। এবং তিনিই তাঁর বান্দাদের উপর একচ্ছত্র অধিপতি। এবং তিনিই মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞ।

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهٖ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ﴿١٨﴾

১৯। বল, 'সাক্ষ্য হিসেবে সর্বশ্রেষ্ঠ কী?' বল, 'আল্লাহ্‌ই আমার মাঝে ও তোমার মাঝে সাক্ষী, এবং এই কুরআন আমার প্রতি ওহী করা হয়েছে যাতে আমি তোমাদেরকে এবং যার নিকট এটা পৌঁছবে তাকে এর মাধ্যমে সতর্ক করতে পারি। তোমরাই কি এ সাক্ষ্য দাও যে, আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্‌ও আছে?' বল, 'আমি সে সাক্ষ্য দেই না'। বল, 'তিনি কেবল এক ইলাহ্ এবং তোমরা যা শরীক কর তা থেকে নিশ্চয় আমি দায়িত্বমুক্ত।'

قُلْ اَيُّ شَيْءٍ اَكْبَرُ شَهَادَةً ؕ قُلِ اللّٰهُ ۙ شَهِيْدٌۢ بَيْنِيْ وَبَيْنَكُمْ ۫ وَاُوْحِيَ اِلَيَّ هٰذَا الْقُرْاٰنُ لِاُنْذِرَكُمْ بِهٖ وَمَنْۢ بَلَغَ ؕ اَئِنَّكُمْ لَتَشْهَدُوْنَ اَنَّ مَعَ اللّٰهِ اٰلِهَةً اُخْرٰى ؕ قُلْ لَّآ اَشْهَدُ ۚ قُلْ اِنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ وَّاِنَّنِيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿١٩﴾

২০। আমি যাদেরকে কিতাব দিয়েছি তারা (অর্থাৎ তাদের আলেমরা) এটিকে* (কুরআনকে) এমনভাবে চিনে যেভাবে তারা তাদের সন্তানদেরকে চিনে। যারা তাদের নিজেদের ক্ষতি করেছে, তারা ঈমান আনবে না।

ع ٢ ٨ ٢ রুকূ ٧

اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْرِفُوْنَهٗ كَمَا يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ۘ اَلَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٢٠﴾

২১। এবং তার চেয়ে অধিক জালিম আর কে যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে অথবা তাঁর আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করে? নিশ্চয় জালিমরা সফল হয় না।

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٢١﴾

২২। এবং যেদিন আমি তাদের সকলকে সমবেত করব, এরপর যারা শরীক করেছিল তাদেরকে বলব, 'তোমাদের শরীকরা কোথায়, যাদেরকে তোমরা (আমার শরীক) ধারণা করতে?'

وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ نَقُوْلُ لِلَّذِيْنَ اَشْرَكُوْٓا اَيْنَ شُرَكَآؤُكُمُ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٢٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ثُمَّ لَمْ تَكُنْ فِتْنَتُهُمْ اِلَّآ اَنْ قَالُوْا وَاللّٰهِ رَبِّنَا مَا كُنَّا مُشْرِكِيْنَ ﴿٢٣﴾

২৩। এরপর তাদের ফিতনা (মিথ্যা কৈফিয়ত) এ ছাড়া আর কিছুই হবে না যে, তারা বলবে, 'আমাদের প্রতিপালক আল্লাহ্‌র কসম! আমরা মুশরিক ছিলাম না।'

اُنْظُرْ كَيْفَ كَذَبُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٤﴾

২৪। লক্ষ্য কর, তারা তাদের নিজেদের সম্পর্কে কিরূপ মিথ্যা বলবে এবং তারা যে মিথ্যা রচনা করত তা (অর্থাৎ মিথ্যা উপাস্যরা) তাদের থেকে উধাও হয়ে যাবে।

وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ وَجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ۭ وَاِنْ يَّرَوْا كُلَّ اٰيَةٍ لَّا يُؤْمِنُوْا بِهَا ۭ حَتّٰٓى اِذَا جَاۗءُوْكَ يُجَادِلُوْنَكَ يَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٢٥﴾

২৫। আর তাদের মধ্যে কেউ কেউ তোমার দিকে কান পেতে রাখে, কিন্তু আমি তাদের হৃদয়ের উপর আবরণ তৈরি করেছি, যাতে তারা তা বুঝতে না পারে এবং তাদের কানে রয়েছে বধিরতা। এবং যদি তারা প্রতিটি নিদর্শন দেখে তবুও তারা এতে ঈমান আনবে না। এমনকি যখন তারা তোমার নিকট এসে তোমার সাথে বিতর্ক করে তখন যারা কুফরী করেছে তারা বলে, 'এটা পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়।'

وَهُمْ يَنْهَوْنَ عَنْهُ وَيَنْـَٔوْنَ عَنْهُ ۚ وَاِنْ يُّهْلِكُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿٢٦﴾

২৬। এবং তারা (অন্যকে) তা (শ্রবণ করা) থেকে নিষেধ করে এবং তারা (নিজেরাও) তা থেকে দূরে থাকে, আর তারা কেবল তাদের নিজেদেরকেই ধ্বংস করে, অথচ তারা অনুভব করে না।

وَلَوْ تَرٰٓى اِذْ وُقِفُوْا عَلَى النَّارِ فَقَالُوْا يٰلَيْتَنَا نُرَدُّ وَلَا نُكَذِّبَ بِاٰيٰتِ رَبِّنَا وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٧﴾

২৭। এবং যদি তুমি দেখতে যখন তাদেরকে আগুনের সামনে দাঁড় করানো হবে এবং তারা বলবে, 'হায়! যদি আমাদেরকে (দুনিয়ায়) ফিরিয়ে নেয়া হত তাহলে আমরা আমাদের প্রতিপালকের আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করতাম না এবং আমরা মু'মিনদের অন্তর্ভুক্ত হয়ে যেতাম।'

بَلْ بَدَا لَهُمْ مَّا كَانُوْا يُخْفُوْنَ مِنْ قَبْلُ ۭ وَلَوْ رُدُّوْا لَعَادُوْا لِمَا نُهُوْا عَنْهُ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٢٨﴾

২৮। বরং পূর্বে তারা যা গোপন করত তা (এখন) তাদের নিকট প্রকাশ পেয়েছে। আর যদি তারা প্রত্যাবর্তিত হয়ও তবে যা থেকে তাদেরকে নিষেধ করা হয়েছিল তারা পুনরায় তাই করবে এবং নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

وَقَالُوْٓا اِنْ هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ﴿٢٩﴾

২৯। এবং তারা বলে, 'এটি (অর্থাৎ জীবন) কেবল আমাদের দুনিয়ার জীবন এবং আমরা পুনরুত্থিত হবার নই।'

وَلَوْ تَرٰٓى اِذْ وُقِفُوْا عَلٰي رَبِّهِمْ ۭ قَالَ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ۭ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ۭ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٠﴾

৩০। এবং যদি তুমি দেখতে যখন তাদেরকে তাদের প্রতিপালকের সামনে দাঁড় করানো হবে। তিনি (আল্লাহ্) বলবেন, 'এটা কি সত্য নয়?' তারা বলবে, 'হ্যাঁ অবশ্যই, আমাদের প্রতিপালকের কসম।' তিনি বলবেন, 'তাহলে তোমরা যে কুফরী করতে তার জন্য তোমরা শাস্তি আস্বাদন কর।'

৩ ৩৬ ৭ রুকূ ৯

قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَاۗءِ اللّٰهِ ۭ حَتّٰٓى اِذَا جَاۗءَتْهُمُ السَّاعَةُ بَغْتَةً قَالُوْا يٰحَسْرَتَنَا عَلٰي مَا فَرَّطْنَا فِيْهَا ۙ وَهُمْ يَحْمِلُوْنَ اَوْزَارَهُمْ عَلٰي ظُهُوْرِهِمْ ۭ اَلَا سَاۗءَ مَا يَزِرُوْنَ ﴿٣١﴾

৩১। অবশ্যই তারা ক্ষতিগ্রস্ত হয়েছে যারা আল্লাহ্‌র সাক্ষাৎকে মিথ্যা বলেছে। অবশেষে যখন হঠাৎ তাদের নিকট কিয়ামত আসবে তখন তারা বলবে, 'এ ব্যাপারে আমরা যে অবহেলা করেছি তার জন্য আফসোস', যখন তারা তাদের পিঠে তাদের (পাপের) বোঝা বহন করবে। জেনে রাখ, তারা যা বহন করবে তা কতই না নিকৃষ্ট!

وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَعِبٌ وَّلَهْوٌ ۭ وَلَلدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٣٢﴾

৩২। আর দুনিয়ার জীবন খেল-তামাশা ছাড়া আর কিছু নয়। এবং যারা তাকওয়া অবলম্বন করে তাদের জন্য অবশ্যই আখিরাতের আবাস উত্তম। তবে কি তোমরা অনুধাবন কর না?

قَدْ نَعْلَمُ اِنَّهٗ لَيَحْزُنُكَ الَّذِيْ يَقُوْلُوْنَ فَاِنَّهُمْ لَا يُكَذِّبُوْنَكَ وَلٰكِنَّ الظّٰلِمِيْنَ بِاٰيٰتِ اللّٰهِ يَجْحَدُوْنَ ﴿٣٣﴾

৩৩। অবশ্যই আমি জানি যে, তারা যা বলে তা নিশ্চয় তোমাকে অবশ্যই দুশ্চিন্তাগ্রস্ত করে, তবে নিশ্চয় তারা তোমাকে (ব্যক্তিগতভাবে) মিথ্যাবাদী বলে না, বরং জালিমরা আল্লাহ্‌র আয়াতসমূহকে অস্বীকার করে*।

وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ فَصَبَرُوْا عَلٰى مَا كُذِّبُوْا وَاُوْذُوْا حَتّٰٓى اَتٰهُمْ نَصْرُنَا ۚ وَلَا مُبَدِّلَ لِكَلِمٰتِ اللّٰهِ ۚ وَلَقَدْ جَآءَكَ مِنْ نَّبَاِى الْمُرْسَلِيْنَ ﴿٣٤﴾

৩৪। আর অবশ্যই তোমার পূর্বে রাসূলদেরকে মিথ্যাবাদী বলা হয়েছিল, কিন্তু তাদেরকে মিথ্যাবাদী বলার উপর তারা ধৈর্যধারণ করেছিল এবং তাদেরকে কষ্ট দেয়া হয়েছিল যতক্ষণ না তাদের নিকট আমার সাহায্য এসেছিল, এবং আল্লাহ্‌র বাণীসমূহের* কোন পরিবর্তনকারী নেই, এবং অবশ্যই তোমার নিকট রাসূলদের কিছু সংবাদ এসেছে।

وَاِنْ كَانَ كَبُرَ عَلَيْكَ اِعْرَاضُهُمْ فَاِنِ اسْتَطَعْتَ اَنْ تَبْتَغِىَ نَفَقًا فِى الْاَرْضِ اَوْ سُلَّمًا فِى السَّمَآءِ فَتَاْتِيَهُمْ بِاٰيَةٍ ۚ وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَمَعَهُمْ عَلَى الْهُدٰى فَلَا تَكُوْنَنَّ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٣٥﴾

৩৫। আর যদি তাদের উপেক্ষা তোমার নিকট অসহনীয় হয় তাহলে পারলে ভূগর্ভে কোন সুড়ঙ্গ অথবা আকাশে কোন সিঁড়ি খোঁজ কর এবং তাদের নিকট কোন নিদর্শন নিয়ে আস। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে অবশ্যই তিনি তাদেকে সঠিকপথের উপর একত্র করতেন, সুতরাং তুমি অজ্ঞদের অন্তর্ভুক্ত হয়ো না।

اِنَّمَا يَسْتَجِيْبُ الَّذِيْنَ يَسْمَعُوْنَ ۘ وَالْمَوْتٰى يَبْعَثُهُمُ اللّٰهُ ثُمَّ اِلَيْهِ يُرْجَعُوْنَ ﴿٣٦﴾

৩৬। যারা (মন দিয়ে) শ্রবণ করে তারাই কেবল (রাসূলের) ডাকে সাড়া দেয়। আর মৃতদেরকে আল্লাহ্ পুনরুত্থিত করবেন, এরপর তাঁরই দিকে তাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

وَقَالُوْا لَوْ لَا نُزِّلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ قُلْ اِنَّ اللّٰهَ قَادِرٌ عَلٰٓى اَنْ يُّنَزِّلَ اٰيَةً وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٧﴾

৩৭। এবং তারা বলে, 'তার প্রতিপালকের পক্ষ থেকে তার নিকট কোন নিদর্শন অবতীর্ণ করা হল না কেন?' বল, ' নিশ্চয় আল্লাহ্ নিদর্শন অবতীর্ণ করতে সক্ষম', কিন্তু তাদের অধিকাংশই জানে না।

وَمَا مِنْ دَآبَّةٍ فِى الْاَرْضِ وَلَا طٰٓئِرٍ يَّطِيْرُ بِجَنَاحَيْهِ اِلَّآ اُمَمٌ اَمْثَالُكُمْ ۚ مَا فَرَّطْنَا فِى الْكِتٰبِ مِنْ شَىْءٍ ثُمَّ اِلٰى رَبِّهِمْ يُحْشَرُوْنَ ﴿٣٨﴾

৩৮। পৃথিবীতে বিচরণশীল এমন কোন জীব নেই অথবা তার দুই ডানার সাহায্যে উড়ে এমন কোন পাখী নেই যারা তোমাদের মত এক একটি উম্মত(জাতি) নয়। আমি কিতাবে কোন কিছুই অবহেলা করিনি, এরপর তাদের প্রতিপালকেরই দিকে তাদেরকে সমবেত করা হবে।

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا صُمٌّ وَّبُكْمٌ فِى الظُّلُمٰتِ ۚ مَنْ يَّشَاِ اللّٰهُ يُضْلِلْهُ ۚ وَمَنْ يَّشَاْ يَجْعَلْهُ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٣٩﴾

৩৯। আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তারা অন্ধকারে নিমজ্জিত বধির ও বোবা। আল্লাহ্ যাকে ইচ্ছা করেন, পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন, সরল-সঠিক পথের উপর রাখেন।

قُلْ اَرَءَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ اَوْ اَتَتْكُمُ السَّاعَةُ اَغَيْرَ اللّٰهِ تَدْعُوْنَ ۚ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٠﴾

৪০। বল, 'তোমরা ভেবে দেখেছ কি? যদি আল্লাহ্‌র শাস্তি তোমাদের উপর এসে পড়ে অথবা তোমাদের নিকট কিয়ামত এসে পড়ে তাহলে তোমরা কি আল্লাহ্ ছাড়া (অন্য কাউকে) ডাকবে- যদি তোমরা সত্যবাদী হও?

بَلْ اِيَّاهُ تَدْعُوْنَ فَيَكْشِفُ مَا تَدْعُوْنَ اِلَيْهِ اِنْ شَآءَ وَتَنْسَوْنَ مَا تُشْرِكُوْنَ ﴿٤١﴾

ع ١١ ٤ রুকু ১০

৪১। বরং (তখন) তোমরা কেবল তাঁকেই ডাকবে এবং তোমরা যে (শাস্তির) কারণে তাঁকে ডাকবে তিনি ইচ্ছা করলে তা দূর করে দিবেন এবং (তখন) তোমরা যা শরীক করতে তা ভুলে যাবে।'

وَلَقَدْ اَرْسَلْنَآ اِلٰٓى اُمَمٍ مِّنْ قَبْلِكَ فَاَخَذْنٰهُمْ بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ يَتَضَرَّعُوْنَ ﴿٤٢﴾

৪২। আর অবশ্যই আমি তোমার পূর্বে বহু উম্মতের নিকট (রাসূল) প্রেরণ করেছি, অতঃপর তাদেরকে অভাব-অনটন ও দুঃখ-কষ্ট দিয়ে পাকড়াও করেছি, যাতে তারা কাকুতি-মিনতি করে।

فَلَوْلَآ اِذْ جَآءَهُمْ بَاْسُنَا تَضَرَّعُوْا وَلٰكِنْ قَسَتْ قُلُوْبُهُمْ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٤٣﴾

৪৩। অতঃপর যখন আমার শাস্তি তাদের উপর আসল তখন তারা কেন কাকুতি-মিনতি করল না? কিন্তু তাদের হৃদয় কঠিন হয়ে গিয়েছিল এবং তারা যা করত শয়তান তা তাদের নিকট শোভনীয় করেছিল।

فَلَمَّا نَسُوْا مَا ذُكِّرُوْا بِهٖ فَتَحْنَا عَلَيْهِمْ اَبْوَابَ كُلِّ شَىْءٍ ۚ حَتّٰٓى اِذَا فَرِحُوْا بِمَآ اُوْتُوْٓا اَخَذْنٰهُمْ بَغْتَةً فَاِذَا هُمْ مُّبْلِسُوْنَ ﴿٤٤﴾

৪৪। অতঃপর যখন তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল তারা তা ভুলে গেল তখন আমি তাদের জন্য সব কিছুর দরজা উন্মুক্ত করে দিলাম। অবশেষে যখন তাদেরকে যা দেয়া হয়েছিল তাতে তারা উৎফুল্ল হল তখন হঠাৎ তাদেরকে আমি পাকড়াও করলাম, ফলে তৎক্ষনাৎ তারা হতাশাগ্রস্থ হল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَقُطِعَ دَابِرُ الْقَوْمِ الَّذِيْنَ ظَلَمُوْا ؕ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٥﴾

৪৫। অতঃপর জালিম সম্প্রদায়ের মূল কেটে দেয়া হল। আর সকল প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র জন্য।

قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَخَذَ اللّٰهُ سَمْعَكُمْ وَاَبْصَارَكُمْ وَخَتَمَ عَلٰى قُلُوْبِكُمْ مَّنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِهٖ ؕ اُنْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْاٰيٰتِ ثُمَّ هُمْ يَصْدِفُوْنَ ﴿٤٦﴾

৪৬। বল, 'তোমরা কি ভেবে দেখেছ, যদি আল্লাহ্ তোমাদের শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি কেড়ে নেন এবং তোমাদের হৃদয়ে মোহর মেরে দেন তাহলে আল্লাহ্ ছাড়া কে সেই ইলাহ্ যে তোমাদেরকে তা ফিরিয়ে দিবে?' লক্ষ্য কর, কিভাবে আমি নিদর্শনসমূহ বিভিন্নভাবে বর্ণনা করি, এরপরও তারা মুখ ফিরিয়ে নেয়।

قُلْ اَرَءَيْتَكُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ بَغْتَةً اَوْ جَهْرَةً هَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الظّٰلِمُوْنَ ﴿٤٧﴾

৪৭। বল, 'তোমরা কি ভেবে দেখেছ, যদি আল্লাহ্‌র শাস্তি হঠাৎ অথবা প্রকাশ্যে তোমাদের উপর এসে পড়ে তাহলে জালিম সম্প্রদায় ছাড়া আর কাউকে ধ্বংস করা হবে কি?'

وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ فَمَنْ اٰمَنَ وَاَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٤٨﴾

৪৮। আর আমি রাসূলদেরকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারী হিসেবেই প্রেরণ করি, সুতরাং যারা ঈমান আনবে ও (নিজেদেরকে) সংশোধন করবে তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا يَمَسُّهُمُ الْعَذَابُ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٤٩﴾

৪৯। আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে, তাদেরকে শাস্তি স্পর্শ করবে,কারণ তারা পাপাচার করত।

قُلْ لَّاۤ اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَآئِنُ اللّٰهِ وَلَاۤ اَعْلَمُ الْغَيْبَ وَلَاۤ اَقُوْلُ لَكُمْ اِنِّيْ مَلَكٌ ۚ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰۤى اِلَيَّ ؕ قُلْ هَلْ يَسْتَوِي الْاَعْمٰى وَالْبَصِيْرُ ؕ اَفَلَا تَتَفَكَّرُوْنَ ﴿٥٠﴾ ع ١١ ٥ রুকু ১১

৫০। বল, 'আমি তোমাদেরকে বলি না যে, আমার নিকট আল্লাহ্‌র ধনভাণ্ডারসমূহ রয়েছে এবং আমি অদৃশ্যও জানি না এবং আমি তোমাদেরকে বলি না যে, নিশ্চয় আমি ফেরেশতা, আমি কেবল তা-ই অনুসরণ করি যা আমার প্রতি ওহী করা হয়।' বল, 'দৃষ্টিহীন ও দৃষ্টিসম্পন্ন কি সমান? তবে কি তোমরা চিন্তা কর না?'

وَاَنْذِرْ بِهِ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْ يُّحْشَرُوْۤا اِلٰى رَبِّهِمْ لَيْسَ لَهُمْ مِّنْ دُوْنِهٖ وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ لَّعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿٥١﴾

৫১। এবং তুমি এর (কুরআন) দ্বারা তাদেরকে সতর্ক কর যারা ভয় করে যে, তাদেরকে তাদের প্রতিপালকের দিকে সমবেত করা হবে, যখন তিনি ছাড়া তাদের কোন অভিভাবক ও কোন সুপারিশকারী থাকবে না, যাতে তারা তাকওয়া অবলম্বন করতে পারে।

وَلَا تَطْرُدِ الَّذِيْنَ يَدْعُوْنَ رَبَّهُمْ بِالْغَدٰوةِ وَالْعَشِيِّ يُرِيْدُوْنَ وَجْهَهٗ ؕ مَا عَلَيْكَ مِنْ حِسَابِهِمْ مِّنْ شَيْءٍ وَّمَا مِنْ حِسَابِكَ عَلَيْهِمْ مِّنْ شَيْءٍ فَتَطْرُدَهُمْ فَتَكُوْنَ مِنَ الظّٰلِمِيْنَ ﴿٥٢﴾

৫২। এবং যারা তাদের প্রতিপালককে সকালে ও সন্ধ্যায় তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ডাকে তাদেরকে তুমি বিতাড়িত* করো না। তাদের হিসাবের কোনো কিছুই তোমার উপর নয় এবং তোমার হিসাবের কোনো কিছুই তাদের উপর নয়, সুতরাং তাদেরকে বিতাড়িত করলে তুমি জালিমদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

وَكَذٰلِكَ فَتَنَّا بَعْضَهُمْ بِبَعْضٍ لِّيَقُوْلُوْۤا اَهٰۤؤُلَآءِ مَنَّ اللّٰهُ عَلَيْهِمْ مِّنْۢ بَيْنِنَا ؕ اَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ بِالشّٰكِرِيْنَ ﴿٥٣﴾

৫৩। এবং এভাবেই আমি তাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করেছি যাতে তারা বলতে পারে, আমাদের মধ্য থেকে তাদের উপরই কি আল্লাহ্ অনুগ্রহ করলেন? আল্লাহ্ কি কৃতজ্ঞ লোকদের সম্পর্কে সবচেয়ে বেশি অবগত নন?

وَاِذَا جَآءَكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاٰيٰتِنَا فَقُلْ سَلٰمٌ عَلَيْكُمْ كَتَبَ رَبُّكُمْ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ۙ اَنَّهٗ مَنْ عَمِلَ مِنْكُمْ سُوْٓءًا بِجَهَالَةٍ ثُمَّ تَابَ مِنْ بَعْدِهٖ وَاَصْلَحَ فَاَنَّهٗ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٥٤﴾

৫৪। এবং যারা আমার আয়াতসমূহের প্রতি ঈমান আনে তারা যখন তোমার কাছে আসে তখন তাদেরকে তুমি বলবে, 'তোমাদের প্রতি সালাম (শান্তি), তোমাদের প্রতিপালক 'দয়া করা'কে তাঁর নিজের উপর আবশ্যক করে নিয়েছেন যে, তোমাদের মধ্যে যে ব্যক্তি অজ্ঞতাবশতঃ মন্দ কাজ করে, অতঃপর এরপরে তওবা করে ও (নিজেকে) সংশোধন করে তাহলে তিনি (আল্লাহ্) অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَكَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ وَلِتَسْتَبِيْنَ سَبِيْلُ الْمُجْرِمِيْنَ ﴿٥٥﴾

৫৫। এবং এভাবেই আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি এবং যাতে অপরাধীদের পথ স্পষ্ট হয়ে যায়।

قُلْ اِنِّيْ نُهِيْتُ اَنْ اَعْبُدَ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۭ قُلْ لَّآ اَتَّبِعُ اَهْوَاۗءَكُمْ ۙ قَدْ ضَلَلْتُ اِذًا وَّمَآ اَنَا مِنَ الْمُهْتَدِيْنَ ﴿٥٦﴾

৫৬। বল, 'তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে ডাক তাদের ইবাদত করতে নিশ্চয় আমাকে নিষেধ করা হয়েছে।' বল, 'আমি তোমাদের প্রবৃত্তির অনুসরণ করি না, করলে অবশ্যই আমি পথভ্রষ্ট হব এবং আমি সঠিক পথপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হব না।'

قُلْ اِنِّيْ عَلٰي بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَكَذَّبْتُمْ بِهٖ ۭ مَا عِنْدِيْ مَا تَسْتَعْجِلُوْنَ بِهٖ ۭ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ۭ يَقُصُّ الْحَقَّ وَهُوَ خَيْرُ الْفٰصِلِيْنَ ﴿٥٧﴾

৫৭। বল, 'নিশ্চয় আমি আমার প্রতিপালকের পক্ষ হতে স্পষ্ট প্রমাণের উপর প্রতিষ্ঠিত, এবং তোমরা তা মিথ্যা অভিহিত করেছ। তোমরা যা (আযাব) তাড়াতাড়ি পেতে চাচ্ছ, তা আমার কাছে নেই। হুকুম আল্লাহ্‌রই, তিনি সত্য বর্ণনা করেন এবং তিনিই উত্তম ফয়সালাকারী।'

قُلْ لَّوْ اَنَّ عِنْدِيْ مَا تَسْتَعْجِلُوْنَ بِهٖ لَقُضِيَ الْاَمْرُ بَيْنِيْ وَبَيْنَكُمْ ۭ وَاللّٰهُ اَعْلَمُ بِالظّٰلِمِيْنَ ﴿٥٨﴾

৫৮। বল, 'তোমরা যা তাড়াতাড়ি পেতে চাচ্ছ* তা যদি আমার নিকট থাকত তাহলে আমার মাঝে ও তোমাদের মাঝে বিষয়টি অবশ্যই ফয়সালা হয়ে যেত।' আর আল্লাহ্ জালিমদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন।

وَعِنْدَهٗ مَفَاتِحُ الْغَيْبِ لَا يَعْلَمُهَآ اِلَّا هُوَ ۭ وَيَعْلَمُ مَا فِي الْبَرِّ وَالْبَحْرِ ۭ وَمَا تَسْقُطُ مِنْ وَّرَقَةٍ اِلَّا يَعْلَمُهَا وَلَا حَبَّةٍ فِيْ ظُلُمٰتِ الْاَرْضِ وَلَا رَطْبٍ وَّلَا يَابِسٍ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٥٩﴾

৫৯। এবং তাঁরই কাছে রয়েছে অদৃশ্যের চাবিসমূহ, তিনি ছাড়া অন্য কেউ সেগুলো সম্পর্কে জানে না। এবং স্থলে ও সমুদ্রে যা কিছু আছে তা তিনিই জানেন। এবং তার অজ্ঞাতসারে একটি পাতাও পড়ে না এবং যমীনের অন্ধকারে কোন শস্য দানা নেই এবং নেই কোনো ভেজা ও শুষ্ক বস্তু বরং তা (সবই) একটি সুস্পষ্ট কিতাবে (লিপিবদ্ধ) রয়েছে।

وَهُوَ الَّذِيْ يَتَوَفّٰىكُمْ بِالَّيْلِ وَيَعْلَمُ مَا جَرَحْتُمْ بِالنَّهَارِ ثُمَّ يَبْعَثُكُمْ فِيْهِ لِيُقْضٰٓى اَجَلٌ مُّسَمًّى ۚ ثُمَّ اِلَيْهِ مَرْجِعُكُمْ ثُمَّ يُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٦٠﴾

৬০। এবং তিনিই রাতে তোমাদের মৃত্যু ঘটান - এবং দিনে তোমরা যা কামাই কর তা তিনি জানেন - এরপর তাতে (দিনে) তোমাদেরকে তিনি পুনর্জীবিত করেন যাতে একটি নির্ধারিত মেয়াদ পূর্ণ হয়, এরপর তাঁরই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, এরপর তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهٖ وَيُرْسِلُ عَلَيْكُمْ حَفَظَةً ۭ حَتّٰٓى اِذَا جَاۗءَ اَحَدَكُمُ الْمَوْتُ تَوَفَّتْهُ رُسُلُنَا وَهُمْ لَا يُفَرِّطُوْنَ ﴿٦١﴾

৬১। এবং তিনিই তার বান্দাদের উপর একচ্ছত্র অধিপতি এবং তিনিই প্রেরণ করেন তোমাদের উপর (আমলনামা) সংরক্ষণকারীদেরকে। অবশেষে যখন তোমাদের কারো নিকট মৃত্যু আসে তখন আমার রাসূলরা (ফেরেশতারা) তার মৃত্যু ঘটায় এবং তারা অবহেলা করে না।

ثُمَّ رُدُّوْٓا اِلَى اللّٰهِ مَوْلٰىهُمُ الْحَقِّ ۭ اَلَا لَهُ الْحُكْمُ ڬ وَهُوَ اَسْرَعُ الْحٰسِبِيْنَ ﴿٦٢﴾

৬২। এরপর তাদের সত্য প্রভু আল্লাহ্‌র দিকে তাদেরকে ফিরিয়ে নেয়া হয়। জেনে রাখ, বিচার তাঁরই কর্তৃত্বে এবং তিনিই সবচেয়ে দ্রুত হিসাব গ্রহণকারী।

قُلْ مَنْ يُّنَجِّيْكُمْ مِّنْ ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ تَدْعُوْنَهٗ تَضَرُّعًا وَّخُفْيَةً ۚ لَىِٕنْ اَنْجٰىنَا مِنْ هٰذِهٖ لَنَكُوْنَنَّ مِنَ الشّٰكِرِيْنَ ﴿٦٣﴾

৬৩। বল, 'কে তোমাদেরকে উদ্ধার করেন স্থলের ও সমুদ্রের অন্ধকার থেকে, যখন তোমরা বিনীতভাবে ও গোপনে তাঁকে ডাক (এ কথা বলে যে) 'অবশ্যই যদি তিনি আমাদেরকে এ (বিপদ) থেকে উদ্ধার করেন তাহলে অবশ্যই আমরা কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব?'

قُلِ اللّٰهُ يُنَجِّيْكُمْ مِّنْهَا وَمِنْ كُلِّ كَرْبٍ ثُمَّ اَنْتُمْ تُشْرِكُوْنَ ﴿٦٤﴾

৬৪। বল, 'আল্লাহ্‌ই তোমাদেরকে এ (বিপদ) থেকে এবং সমস্ত দুঃখ-কষ্ট থেকে উদ্ধার করেন, এরপরও তোমরা শরীক কর।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৬৫। বল, 'তোমাদের উপর থেকে অথবা তোমাদের পায়ের নিচ থেকে তোমাদের উপর শাস্তি পাঠাতে কিংবা তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত করতে এবং তোমাদের একদলকে অপর দলের শক্তির স্বাদ আস্বাদন করাতে তিনিই সক্ষম।' লক্ষ্য কর, কিভাবে আমি নিদর্শনসমূহ বিভিন্নভাবে বর্ণনা করি, যাতে তারা বুঝতে পারে।

قُلْ هُوَ الْقَادِرُ عَلٰٓى اَنْ يَّبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِّنْ فَوْقِكُمْ اَوْ مِنْ تَحْتِ اَرْجُلِكُمْ اَوْ يَلْبِسَكُمْ شِيَعًا وَّيُذِيْقَ بَعْضَكُمْ بَاْسَ بَعْضٍ ؕ اُنْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْاٰيٰتِ لَعَلَّهُمْ يَفْقَهُوْنَ ﴿٦٥﴾

৬৬। আর তোমার সম্প্রদায় এটিকে (কুরআনকে) মিথ্যা অভিহিত করেছে, অথচ তা সত্য। বল, 'আমি তোমাদের তত্ত্বাবধায়ক নই।

وَكَذَّبَ بِهٖ قَوْمُكَ وَهُوَ الْحَقُّ ؕ قُلْ لَّسْتُ عَلَيْكُمْ بِوَكِيْلٍ ؕ﴿٦٦﴾

৬৭। প্রত্যেক সংবাদের (ঘটনার) জন্য একটি নির্ধারিত সময় রয়েছে এবং অচিরেই তোমরা জানতে পারবে।'

لِكُلِّ نَبَاٍ مُّسْتَقَرٌّ ۫ وَّسَوْفَ تَعْلَمُوْنَ ﴿٦٧﴾

৬৮। এবং যখন তুমি তাদেরকে দেখ, যারা আমার আয়াতসমূহ সম্বন্ধে অনর্থক কথায় লিপ্ত হয় তখন তুমি তাদেরকে উপেক্ষা করবে, যে পর্যন্ত না তারা অন্য কথায় লিপ্ত হয় এবং শয়তান যদি তোমাকে ভুলিয়ে দেয় তাহলে স্মরণ হওয়ার পরে জালিম সম্প্রদায়ের সাথে বসবে না।

وَاِذَا رَاَيْتَ الَّذِيْنَ يَخُوْضُوْنَ فِيْٓ اٰيٰتِنَا فَاَعْرِضْ عَنْهُمْ حَتّٰى يَخُوْضُوْا فِيْ حَدِيْثٍ غَيْرِهٖ ؕ وَاِمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطٰنُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرٰى مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٦٨﴾

৬৯। এবং তাদের (জালিমদের) হিসাবের কোন কিছুই তাদের উপর নয় যারা তাকওয়া অবলম্বন করে। কিন্তু উপদেশ দেয়া (তাদের কর্তব্য) যাতে তারা (আল্লাহ্‌কে) ভয় করতে পারে।

وَمَا عَلَى الَّذِيْنَ يَتَّقُوْنَ مِنْ حِسَابِهِمْ مِّنْ شَيْءٍ وَّلٰكِنْ ذِكْرٰى لَعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿٦٩﴾

৭০। আর তুমি তাদেরকে (আমার কাছে) ছেড়ে দাও যারা তাদের দ্বীনকে খেল-তামাশারূপে গ্রহণ করেছে এবং দুনিয়ার জীবন যাদেরকে প্রতারিত করেছে, এবং তুমি এর (কুরআন) মাধ্যমে উপদেশ দাও যাতে কেউ সে যা অর্জন করেছে সে কারণে ধ্বংস না হয়। আল্লাহ্‌কে বাদ দিয়ে তার জন্য কোনো অভিভাবক থাকবে না এবং কোনো সুপারিশকারীও না, এবং যদি সে বিনিময় হিসেবে সবকিছু প্রদান করে তবুও তার থেকে তা গ্রহণ করা হবে না। ওরাই তারা যাদেরকে ধ্বংস করা হয়েছে, তারা যা অর্জন করত সে কারণে, তাদেরই জন্য রয়েছে উত্তপ্ত পানীয় ও যন্ত্রণাদায়ক শাস্তি, তারা যে কুফরী করত সে কারণে।

وَذَرِ الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَهُمْ لَعِبًا وَّلَهْوًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَذَكِّرْ بِهٖٓ اَنْ تُبْسَلَ نَفْسٌۢ بِمَا كَسَبَتْ ۖ لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ ۚ وَاِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ لَّا يُؤْخَذْ مِنْهَا ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ اُبْسِلُوْا بِمَا كَسَبُوْا ۚ لَهُمْ شَرَابٌ مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ اَلِيْمٌۢ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ﴿٧٠﴾ ع

ع ٨ ١٠ ١٤ ٨ ৮ রুকু ১৪

৭১। বল, 'আমরা কি আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন কিছুকে ডাকব যা আমাদের উপকার করে না এবং আমাদের অপকারও করে না? এবং আল্লাহ্ আমাদেরকে সঠিকপথ প্রদর্শনের পর আমাদেরকে কি সেই ব্যক্তির মত পিছনে ফিরিয়ে নেয়া হবে যাকে শয়তানরা পৃথিবীতে হতবুদ্ধি করে প্ররোচিত করেছে?' তার রয়েছে অনেক সহচর যারা তাকে ডেকে বলে, 'সঠিক পথে আমাদের নিকট আস।' বল, 'আল্লাহ্‌র প্রদর্শিত পথই সঠিক পথ এবং আমরা আদিষ্ট হয়েছি জগৎসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করতে-

قُلْ اَنَدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُنَا وَلَا يَضُرُّنَا وَنُرَدُّ عَلٰٓى اَعْقَابِنَا بَعْدَ اِذْ هَدٰىنَا اللّٰهُ كَالَّذِي اسْتَهْوَتْهُ الشَّيٰطِيْنُ فِي الْاَرْضِ حَيْرَانَ ۖ لَهٗٓ اَصْحٰبٌ يَّدْعُوْنَهٗٓ اِلَى الْهُدَى ائْتِنَا ؕ قُلْ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ؕ وَاُمِرْنَا لِنُسْلِمَ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٧١﴾

৭২। এবং (বল) যে, তোমরা সালাত (নামায) কায়েম কর এবং তাঁকে ভয় কর। এবং তাঁরই দিকে তোমাদেরকে সমবেত করা হবে।'

وَاَنْ اَقِيْمُوا الصَّلٰوةَ وَاتَّقُوْهُ ؕ وَهُوَ الَّذِيْٓ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٧٢﴾

৭৩। এবং তিনিই সত্যসহ (সঠিক লক্ষ্যে) আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন। এবং (ধ্বংস হয়ে যাওয়ার পর) যে দিন তিনি বলবেন, 'হও' তখন তা হয়ে যাবে। তাঁর কথাই সত্য। এবং যেদিন শিঙ্গায় ফুঁ দেয়া হবে সেদিন রাজত্ব তাঁরই। তিনি অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী। এবং তিনিই মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞ।

وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ وَيَوْمَ يَقُوْلُ كُنْ فَيَكُوْنُ ؕ قَوْلُهُ الْحَقُّ ؕ وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ ؕ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ﴿٧٣﴾

৭৪। এবং যখন ইবরাহীম তার পিতা আযরকে বলেছিল, 'আপনি কি মূর্তিগুলোকে ইলাহ্ হিসেবে গ্রহণ করেন? নিশ্চয় আমি আপনাকে ও আপনার সম্প্রদায়কে সুস্পষ্ট পথভ্রষ্টতার মধ্যে দেখছি।'

وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ اٰزَرَ اَتَتَّخِذُ اَصْنَامًا اٰلِهَةً ۚ اِنِّيْٓ اَرٰىكَ وَقَوْمَكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٧٤﴾

৭৫। এবং এভাবেই আমি ইবরাহীমকে আকাশসমূহ ও পৃথিবীর কর্তৃত্ব দেখাই এবং যাতে সে নিশ্চিত বিশ্বাসীদের অন্তর্ভুক্ত হতে পারে।

وَكَذٰلِكَ نُرِيْٓ اِبْرٰهِيْمَ مَلَكُوْتَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلِيَكُوْنَ مِنَ الْمُوْقِنِيْنَ ﴿٧٥﴾

৭৬। এবং যখন রাত্রি তাকে (অন্ধকার দ্বারা) আচ্ছন্ন করল তখন সে একটি (উজ্জ্বল) নক্ষত্র দেখল, সে বলল, 'এটি আমার প্রতিপালক।' অতঃপর যখন তা অস্তমিত হল তখন সে বলল, 'অস্তমিতদেরকে আমি ভালবাসি না।'

فَلَمَّا جَنَّ عَلَيْهِ الَّيْلُ رَاٰ كَوْكَبًا ۚ قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّآ اَفَلَ قَالَ لَآ اُحِبُّ الْاٰفِلِيْنَ ﴿٧٦﴾

৭৭। অতঃপর যখন সে চন্দ্রকে উদিত হতে দেখল তখন বলল, 'এটি আমার প্রতিপালক।' অতঃপর যখন তা অস্তমিত হল তখন সে বলল, 'আমার প্রতিপালক যদি আমাকে সঠিকপথ প্রদর্শন না করেন তাহলে অবশ্যই আমি পথভ্রষ্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে যাব।'

فَلَمَّا رَاَ الْقَمَرَ بَازِغًا قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّآ اَفَلَ قَالَ لَئِنْ لَّمْ يَهْدِنِيْ رَبِّيْ لَاَكُوْنَنَّ مِنَ الْقَوْمِ الضَّآلِّيْنَ ﴿٧٧﴾

৭৮। অতঃপর যখন সে সূর্যকে উদিত হতে দেখল তখন সে বলল, 'এটি আমার প্রতিপালক, এটি সবচেয়ে বড়।' অতঃপর যখন তা অস্তমিত হল, তখন সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা যা শরীক কর নিশ্চয় আমি তা থেকে দায়িত্বমুক্ত।

فَلَمَّا رَاَ الشَّمْسَ بَازِغَةً قَالَ هٰذَا رَبِّيْ هٰذَآ اَكْبَرُ ۚ فَلَمَّآ اَفَلَتْ قَالَ يٰقَوْمِ اِنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿٧٨﴾

৭৯। নিশ্চয় আমি একত্ববাদী হয়ে আমার চেহারাকে তাঁর দিকে ফিরাচ্ছি যিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই,'

اِنِّيْ وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِيْ فَطَرَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ حَنِيْفًا وَّمَآ اَنَا۠ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٧٩﴾

৮০। এবং তার সম্প্রদায় তার সাথে বিতর্ক করল। সে বলল, 'তোমরা কি আল্লাহ্ সম্বন্ধে আমার সাথে বিতর্ক করছ, যখন তিনি আমাকে সঠিক পথ দেখিয়েছেন? এবং তোমরা যা তাঁর সাথে শরীক কর তা আমি ভয় করি না (কারণ তা আমার কোনো ক্ষতি করতে পারবে না) যদি না আমার প্রতিপালক কিছু (ক্ষতির) ইচ্ছা করেন। আমার প্রতিপালক সবকিছুকে জ্ঞানে পরিবেষ্টন করে রেখেছেন। তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَحَآجَّهٗ قَوْمُهٗ ؕ قَالَ اَتُحَآجُّوْٓنِّيْ فِي اللّٰهِ وَقَدْ هَدٰىنِ ؕ وَلَآ اَخَافُ مَا تُشْرِكُوْنَ بِهٖٓ اِلَّآ اَنْ يَّشَآءَ رَبِّيْ شَيْـًٔا ؕ وَسِعَ رَبِّيْ كُلَّ شَيْءٍ عِلْمًا ؕ اَفَلَا تَتَذَكَّرُوْنَ ﴿٨٠﴾

৮১। আর তোমরা যা শরীক কর তা আমি কিভাবে ভয় করব, অথচ তোমরা আল্লাহ্‌র সাথে শরীক করতে ভয় কর না- যে বিষয়ে তিনি তোমাদের উপর কোন দলীল-প্রমাণ অবতীর্ণ করেননি? সুতরাং দুই দলের মধ্যে কোনটি নিরাপত্তার অধিক হকদার- যদি তোমরা জান?

وَكَيْفَ اَخَافُ مَآ اَشْرَكْتُمْ وَلَا تَخَافُوْنَ اَنَّكُمْ اَشْرَكْتُمْ بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ عَلَيْكُمْ سُلْطٰنًا ؕ فَاَيُّ الْفَرِيْقَيْنِ اَحَقُّ بِالْاَمْنِ ۚ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٨١﴾

৮২। যারা ঈমান এনেছে এবং তাদের ঈমানকে জুলুম (শির্‌ক)* দ্বারা মিশ্রিত করেনি, তাদেরই জন্য নিরাপত্তা এবং তারাই সঠিক পথপ্রাপ্ত।'

ع ৭ ১২ ১৫ ৯ রুকূ ১৫

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَلَمْ يَلْبِسُوْٓا اِيْمَانَهُمْ بِظُلْمٍ اُولٰٓئِكَ لَهُمُ الْاَمْنُ وَهُمْ مُّهْتَدُوْنَ ﴿٨٢﴾

৮৩। আর এটি আমার যুক্তি-প্রমাণ যা আমি ইবরাহীমকে দিয়েছিলাম তার সম্প্রদায়ের মোকাবিলায়। আমি যাকে ইচ্ছা করি তাকে মর্যাদায় উন্নীত করি। নিশ্চয় তোমার প্রতিপালক মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।

وَتِلْكَ حُجَّتُنَآ اٰتَيْنٰهَآ اِبْرٰهِيْمَ عَلٰى قَوْمِهٖ ؕ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿٨٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ؕ كُلًّا هَدَيْنَا ۚ وَنُوْحًا هَدَيْنَا مِنْ قَبْلُ وَمِنْ ذُرِّيَّتِهٖ دَاوٗدَ وَسُلَيْمٰنَ وَاَيُّوْبَ وَيُوْسُفَ وَمُوْسٰى وَهٰرُوْنَ ؕ وَكَذٰلِكَ نَجْزِي الْمُحْسِنِيْنَ ﴿٨٤﴾

৮৪। এবং আমি তাকে দান করেছিলাম ইসহাক ও ইয়াকুবকে। এদের প্রত্যেককে সঠিকপথ প্রদর্শন করেছিলাম এবং এর পূর্বে নূহকেও সঠিকপথ প্রদর্শন করেছিলাম এবং তার বংশধরের মধ্য থেকে দাউদ, সুলাইমান, আইয়ুব, ইউসুফ, মূসা ও হারুনকেও। আর এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই-

وَزَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ ؕ كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ ﴿٨٥﴾

৮৫। এবং যাকারিয়া, ইয়াহ্ইয়া, ঈসা এবং ইলইয়াসকেও (সঠিক পথ প্রদর্শন করেছিলাম)। তারা সবাই পুণ্যবানদের অন্তর্ভুক্ত-

وَاِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَيُوْنُسَ وَلُوْطًا ؕ وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعٰلَمِيْنَ ﴿٨٦﴾

৮৬। এবং (সঠিক পথ প্রদর্শন করেছিলাম) ইসমা'ঈল, আল-ইয়াসা'আ, ইউনুস ও লূতকে। এবং প্রত্যেককে আমি জগৎসমূহের (বিভিন্ন মানব গোষ্ঠীর) উপর মর্যাদা দান করেছিলাম-

وَمِنْ اٰبَآئِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَاِخْوَانِهِمْ ۚ وَاجْتَبَيْنٰهُمْ وَهَدَيْنٰهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٨٧﴾

৮৭। এবং এদের পিতৃ-পুরুষ, বংশধর ও ভাইদের কয়েকজনকেও। এবং আমি তাদেরকে মনোনীত করেছিলাম এবং সরল-সঠিক পথে পরিচালিত করেছিলাম।

ذٰلِكَ هُدَى اللّٰهِ يَهْدِيْ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَلَوْ اَشْرَكُوْا لَحَبِطَ عَنْهُمْ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٨٨﴾

৮৮। এটি আল্লাহ্র পথ নির্দেশনা (হেদায়াত), তার বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করেন তিনি এর মাধ্যমে সঠিক পথ প্রদর্শন করেন। আর যদি তারা শরীক করত তাহলে তারা যা করত তা অবশ্যই বিফল হত।

اُولٰٓئِكَ الَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ۚ فَاِنْ يَّكْفُرْ بِهَا هٰٓؤُلَآءِ فَقَدْ وَكَّلْنَا بِهَا قَوْمًا لَّيْسُوْا بِهَا بِكٰفِرِيْنَ ﴿٨٩﴾

৮৯। ওরাই তারা যাদেরকে আমি কিতাব, বিচার-বিবেচনা ও নবুয়্যত দান করেছিলাম, সুতরাং যদি এরা এগুলোকে অবিশ্বাস করে, তবে অবশ্যই আমি এমন এক সম্প্রদায়ের উপর এগুলোর দায়িত্ব অর্পণ করব যারা এগুলোকে অবিশ্বাস করবে না।

اُولٰٓئِكَ الَّذِيْنَ هَدَى اللّٰهُ فَبِهُدٰىهُمُ اقْتَدِهْ ؕ قُلْ لَّآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا ؕ اِنْ هُوَ اِلَّا ذِكْرٰى لِلْعٰلَمِيْنَ ﴿٩٠﴾

ع ١٢ ١٠ রুকু ১৬

৯০। ওরাই তারা যাদেরকে আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেছিলেন, সুতরাং তুমি তাদের সঠিক পথ অনুসরণ কর। বল, 'এর বিনিময়ে আমি তোমাদের কাছে কোনো প্রতিদান চাই না। এটি (কুরআন) জগৎসমূহের জন্য একটি উপদেশ ছাড়া আর কিছু নয়।'

وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖٓ اِذْ قَالُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ عَلٰى بَشَرٍ مِّنْ شَيْءٍ ؕ قُلْ مَنْ اَنْزَلَ الْكِتٰبَ الَّذِيْ جَآءَ بِهٖ مُوْسٰى نُوْرًا وَّهُدًى لِّلنَّاسِ تَجْعَلُوْنَهٗ قَرَاطِيْسَ تُبْدُوْنَهَا وَتُخْفُوْنَ كَثِيْرًا ۚ وَعُلِّمْتُمْ مَّا لَمْ تَعْلَمُوْٓا اَنْتُمْ وَلَآ اٰبَآؤُكُمْ ؕ قُلِ اللّٰهُ ۙ ثُمَّ ذَرْهُمْ فِيْ خَوْضِهِمْ يَلْعَبُوْنَ ﴿٩١﴾

৯১। আর তারা আল্লাহকে তাঁর যথাযথ মুল্যায়ন করেনি যখন তারা বলেছিল, 'আল্লাহ্ মানুষের উপর কিছুই অবতীর্ণ করেননি'। বল, 'মূসা মানুষের জন্য আলো ও পথনির্দেশনাস্বরূপ যে কিতাব নিয়ে এসেছিল তা অবতীর্ণ করেছেন কে, যাকে তোমরা বিভিন্ন পাতা বানাও (অর্থাৎ লিখে রাখ) ও যা (অর্থাৎ যার কিছু) তোমরা প্রকাশ কর এবং যার অধিকাংশ তোমরা গোপন কর, অথচ তোমাদেরকে (কুরআনের মাধ্যমে) এমন কিছু শিক্ষা দেয়া হয়েছে যা তোমরা জানতে না এবং তোমাদের পিতৃপুরুষরাও না? বল, 'আল্লাহ্ই (তা অবতীর্ণ করেছেন)', এরপর তাদেরকে তাদের অনর্থক কথায় খেলাচ্ছলে লিপ্ত থাকতে দাও।

وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ مُّصَدِّقُ الَّذِيْ بَيْنَ يَدَيْهِ وَلِتُنْذِرَ اُمَّ الْقُرٰى وَمَنْ حَوْلَهَا ؕ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ يُؤْمِنُوْنَ بِهٖ وَهُمْ عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ﴿٩٢﴾

৯২। এবং এটি একটি কিতাব যা আমি অবতীর্ণ করেছি, এটি বরকতময় এবং এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারী এবং যাতে তুমি সতর্ক করতে পার জনপদসমূহের মা'কে (মক্কার লোকদেরকে) ও যারা আছে এর চারপাশে তাদেরকে। এবং যারা ঈমান আনে আখিরাতের উপর এবং ঈমান আনে এটির উপর এবং তারা তাদের সালাতের (নামাযের) ব্যাপারে যত্নবান।

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ قَالَ اُوْحِيَ
اِلَيَّ وَلَمْ يُوْحَ اِلَيْهِ شَيْءٌ وَّمَنْ قَالَ سَاُنْزِلُ مِثْلَ مَآ اَنْزَلَ
اللّٰهُ ۭ وَلَوْ تَرٰٓى اِذِ الظّٰلِمُوْنَ فِيْ غَمَرٰتِ الْمَوْتِ وَالْمَلٰۗىِٕكَةُ
بَاسِطُوْٓا اَيْدِيْهِمْ ۚ اَخْرِجُوْٓا اَنْفُسَكُمْ ۭ اَلْيَوْمَ تُجْزَوْنَ
عَذَابَ الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ غَيْرَ الْحَقِّ وَ
كُنْتُمْ عَنْ اٰيٰتِهٖ تَسْتَكْبِرُوْنَ ۝۹۳

৯৩। আর তার চেয়ে অধিক জালিম আর কে যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে কিংবা বলে, 'আমার নিকট ওহী করা হয়েছে, অথচ তার প্রতি কিছুই ওহী করা হয়নি এবং যে বলে, 'আল্লাহ যা অবতীর্ণ করেছেন শীঘ্রই আমি তার অনুরূপ অবতীর্ণ করব।' আর যদি তুমি দেখতে যখন জালিমরা মৃত্যু যন্ত্রণায় থাকবে এবং ফেরেশতারা তাদের হাত বাড়িয়ে দিবে (এবং বলবে), 'বের কর তোমাদের প্রাণ। আজ তোমাদেরকে লাঞ্ছনার শাস্তি দেয়া হবে, কারণ তোমরা আল্লাহ্ সম্বন্ধে অসত্য বলতে ও তাঁর আয়াতসমূহ হতে অহঙ্কার করে বিরত থাকতে।'

وَلَقَدْ جِئْتُمُوْنَا فُرَادٰى كَمَا خَلَقْنٰكُمْ اَوَّلَ مَرَّةٍ وَّتَرَكْتُمْ مَّا
خَوَّلْنٰكُمْ وَرَاۗءَ ظُهُوْرِكُمْ ۚ وَمَا نَرٰى مَعَكُمْ شُفَعَاۗءَكُمُ الَّذِيْنَ
زَعَمْتُمْ اَنَّهُمْ فِيْكُمْ شُرَكٰۗؤُا ۭ لَقَدْ تَّقَطَّعَ بَيْنَكُمْ وَضَلَّ عَنْكُمْ
مَّا كُنْتُمْ تَزْعُمُوْنَ ۝۹۴

৯৪। এবং অবশ্যই তোমরা আমার নিকট একা একা এসেছ যেভাবে আমি প্রথমবার তোমাদেরকে সৃষ্টি করেছিলাম, এবং তোমাদেরকে যা দিয়েছিলাম তোমরা তা তোমাদের পিছনে ফেলে এসেছ, আর তোমাদের সাথে তোমাদের সুপারিশকারীদেরকেও দেখছি না যাদেরকে তোমরা তোমাদের (ইবাদতের) মধ্যে শরীক ধারণা করতে। তোমাদের মধ্যকার সম্পর্ক অবশ্যই ছিন্ন হয়ে গেছে এবং তোমরা যা ধারণা করতে তা তোমাদের থেকে উধাও হয়ে গেছে।

ع ١٧ ١١ রুকূ ١٩

اِنَّ اللّٰهَ فَالِقُ الْحَبِّ وَالنَّوٰى ۭ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَ
مُخْرِجُ الْمَيِّتِ مِنَ الْحَيِّ ۭ ذٰلِكُمُ اللّٰهُ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝۹۵

৯৫। নিশ্চয় আল্লাহ্ শস্যদানা ও বীজ অঙ্কুরিত করেন, তিনি মৃত থেকে জীবিত বের করেন এবং জীবিত থেকে মৃত বের করেন। এই হচ্ছেন আল্লাহ্; সুতরাং তোমাদেরকে কিভাবে বিভ্রান্ত করা হচ্ছে?

فَالِقُ الْاِصْبَاحِ ۚ وَجَعَلَ الَّيْلَ سَكَنًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ
حُسْبَانًا ۭ ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ۝۹۶

৯৬। তিনি প্রভাত রশ্মির উন্মেষক এবং তিনি বানিয়েছেন বিশ্রামের জন্য রাত এবং গণনার জন্য সূর্য ও চন্দ্রকে। এটি মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানীর নির্ধারণ।

وَهُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ النُّجُوْمَ لِتَهْتَدُوْا بِهَا فِيْ ظُلُمٰتِ الْبَرِّ
وَالْبَحْرِ ۭ قَدْ فَصَّلْنَا الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ۝۹۷

৯৭। এবং তিনিই তোমাদের জন্য তারকারাজি বানিয়েছেন যাতে এগুলো দ্বারা স্থল ও সমুদ্রের অন্ধকারে তোমরা পথ পেতে পার। আমি নিদর্শনসমূহ বিস্তারিত বর্ণনা করেছি এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

وَهُوَ الَّذِيْٓ اَنْشَاَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ فَمُسْتَقَرٌّ وَّمُسْتَوْدَعٌ ۭ قَدْ
فَصَّلْنَا الْاٰيٰتِ لِقَوْمٍ يَّفْقَهُوْنَ ۝۹۸

৯৮। এবং তিনিই তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন এবং তোমাদের জন্য রয়েছে অবস্থানস্থল ও বিশ্রামস্থল। আমি নিদর্শনসমূহ বিস্তারিত বর্ণনা করেছি এমন সম্প্রদায়ের জন্য যারা বুঝে।

وَهُوَ الَّذِيْٓ اَنْزَلَ مِنَ السَّمَاۗءِ مَاۗءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ نَبَاتَ
كُلِّ شَيْءٍ فَاَخْرَجْنَا مِنْهُ خَضِرًا نُّخْرِجُ مِنْهُ حَبًّا مُّتَرَاكِبًا ۚ
وَمِنَ النَّخْلِ مِنْ طَلْعِهَا قِنْوَانٌ دَانِيَةٌ وَّجَنّٰتٍ مِّنْ
اَعْنَابٍ وَّالزَّيْتُوْنَ وَالرُّمَّانَ مُشْتَبِهًا وَّغَيْرَ مُتَشَابِهٍ ۭ
اُنْظُرُوْٓا اِلٰى ثَمَرِهٖٓ اِذَآ اَثْمَرَ وَيَنْعِهٖ ۭ اِنَّ فِيْ ذٰلِكُمْ لَاٰيٰتٍ
لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝۹۹

৯৯। এবং তিনিই আকাশ থেকে পানি অবতীর্ণ করেন, অতঃপর আমি (আল্লাহ্) তা দিয়ে সবকিছুর চারা উৎপন্ন করি, অতঃপর তা থেকে সবুজ (উদ্ভিদ) উৎপন্ন করি, যা থেকে উৎপন্ন করি ঘন সন্নিবিষ্ট শস্যদানা, এবং খেজুর গাছের মাথি থেকে নাগালে থাকা (ঝুলন্ত) কাঁদি, এবং আংগুরের বাগান, যায়তুন* ও আনার- যেগুলো পরস্পর সাদৃশ্যপূর্ণ ও সাদৃশ্যহীন। লক্ষ্য কর এর ফলের প্রতি যখন তা ফলবান হয় এবং এর পরিপক্কতার প্রতি। নিশ্চয় এগুলোতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

وَجَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ الْجِنَّ وَخَلَقَهُمْ وَخَرَقُوْا لَهٗ بَنِيْنَ وَبَنٰتٍۢ بِغَيْرِ عِلْمٍ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يَصِفُوْنَ ﴿١٠٠﴾

১০০। এবং তারা জ্বীনদেরকে (অর্থাৎ জ্বীন শয়তানদেরকে) আল্লাহ্‌র জন্য শরীক নির্ধারণ করেছে, অথচ তিনি এদেরকে সৃষ্টি করেছেন এবং তারা কোন জ্ঞান ছাড়াই তাঁর জন্য পুত্র ও কন্যা সন্তান উদ্ভাবন করেছে। তারা যে গুণ বর্ণনা করে তা হতে তিনি পবিত্র এবং অনেক উর্ধ্বে।

ع ١٢ ١٨ ١٢ রুকু ١٨

بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اَنّٰى يَكُوْنُ لَهٗ وَلَدٌ وَّلَمْ تَكُنْ لَّهٗ صَاحِبَةٌ ؕ وَخَلَقَ كُلَّ شَىْءٍ ۚ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿١٠١﴾

১০১। তিনি আকাশসমূহ ও পৃথিবীর উদ্ভাবক। তাঁর সন্তান হবে কিভাবে যখন তাঁর কোন সঙ্গিনী নেই? এবং তিনি সব কিছু সৃষ্টি করেছেন এবং তিনি সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ خَالِقُ كُلِّ شَىْءٍ فَاعْبُدُوْهُ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ وَّكِيْلٌ ﴿١٠٢﴾

১০২। এই হচ্ছেন আল্লাহ্, তোমাদের প্রতিপালক, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি সব কিছুর স্রষ্টা, সুতরাং তোমরা তাঁর ইবাদত কর, এবং তিনি সব কিছুর তত্ত্বাবধায়ক।

لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ۫ وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ﴿١٠٣﴾

১০৩। দৃষ্টিসমূহ তাঁকে প্রত্যক্ষ করতে পারে না কিন্তু তিনি দৃষ্টিসমূহকে প্রত্যক্ষ করছেন, এবং তিনিই সূক্ষ্মদর্শী ও সর্বজ্ঞ।

قَدْ جَآءَكُمْ بَصَآئِرُ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنْ اَبْصَرَ فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ عَمِىَ فَعَلَيْهَا ؕ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِحَفِيْظٍ ﴿١٠٤﴾

১০৪। (হে নবী বল) 'তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের কাছে এসেছে (জ্ঞানের) আলোকবর্তিকা, সুতরাং যে (তা) দেখবে সেটি তার নিজেরই কল্যাণের জন্য, আর যে অন্ধ হয়ে থাকবে তার দায়ভার তার নিজেরই উপর। আর আমি তোমাদের সংরক্ষক নই।'

وَكَذٰلِكَ نُصَرِّفُ الْاٰيٰتِ وَلِيَقُوْلُوْا دَرَسْتَ وَلِنُبَيِّنَهٗ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿١٠٥﴾

১০৫। এবং এভাবেই আমি আয়াতসমূহ বিভিন্নভাবে বর্ণনা করি, ফলে তারা বলে, 'তুমি (অন্য কারো কাছ থেকে) শিখেছ,'* আর আমি তা স্পষ্টভাবে বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

اِتَّبِعْ مَآ اُوْحِىَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ﴿١٠٦﴾

১০৬। তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যা ওহী করা হয়েছে তুমি তা অনুসরণ কর, তিনি ছাড়া অন্য কোন ইলাহ্ নেই এবং তুমি মুশরিকদেরকে উপেক্ষা কর।

وَلَوْ شَآءَ اللّٰهُ مَآ اَشْرَكُوْا ؕ وَمَا جَعَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ۚ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ﴿١٠٧﴾

১০৭। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে তারা শরীক করত না। এবং আমি তোমাকে তাদের উপর কোন সংরক্ষক বানাইনি, এবং তুমি তাদের তত্ত্বাবধায়কও নও।

وَلَا تَسُبُّوا الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ فَيَسُبُّوا اللّٰهَ عَدْوًاۢ بِغَيْرِ عِلْمٍ ؕ كَذٰلِكَ زَيَّنَّا لِكُلِّ اُمَّةٍ عَمَلَهُمْ ۪ ثُمَّ اِلٰى رَبِّهِمْ مَّرْجِعُهُمْ فَيُنَبِّئُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٠٨﴾

১০৮। এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে তারা ডাকে তাদেরকে তোমরা গালি দিও না, কারণ তারা সীমালঙ্ঘন করে কোন জ্ঞান ছাড়াই আল্লাহ্‌কে গালি দিবে*। এভাবেই আমি প্রত্যেক উম্মতের (ধর্মীয় গোষ্ঠীর) জন্য তাদের কাজকর্মকে শোভণীয় করেছি। এরপর তাদের প্রতিপালকের দিকেই তাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তারা যা করত সে সম্পর্কে তিনি তাদেরকে জানিয়ে দিবেন।

وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَآءَتْهُمْ اٰيَةٌ لَّيُؤْمِنُنَّ بِهَا ؕ قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ؕ وَمَا يُشْعِرُكُمْ ۙ اَنَّهَآ اِذَا جَآءَتْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠٩﴾

১০৯। এবং তারা আল্লাহ্‌র নামে কসম করেছে- তাদের দৃঢ় কসম যে, যদি তাদের নিকট কোন নিদর্শন আসে তাহলে অবশ্যই তারা এতে (কুরআনে) ঈমান আনবে। বল, 'নিদর্শনাবলী (দেয়ার এখতিয়ার) কেবল আল্লাহ্‌র নিকট।' আর কিসে তোমাকে অনুভব করাবে যে, যখন তা আসবে তখন তারা ঈমান আনবে না?

ع ١٣ ١٩ ١٣ রুকু ١٩

وَنُقَلِّبُ اَفْـِٕدَتَهُمْ وَاَبْصَارَهُمْ كَمَا لَمْ يُؤْمِنُوْا بِهٖٓ اَوَّلَ مَرَّةٍ وَّنَذَرُهُمْ فِىْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١١٠﴾

১১০। এবং আমি তাদের অন্তর ও তাদের দৃষ্টিকে পরিবর্তন করে দিব যেভাবে তারা এতে (কুরআনে) প্রথমবার ঈমান আনেনি এবং তাদেরকে তাদের অবাধ্যতায় দিশেহারা হয়ে ঘুরে বেড়ানোর অবকাশ দিব।

পারা-৮

وَلَوْ اَنَّنَا نَزَّلْنَآ اِلَيْهِمُ الْمَلٰٓئِكَةَ وَكَلَّمَهُمُ الْمَوْتٰى وَحَشَرْنَا عَلَيْهِمْ كُلَّ شَيْءٍ قُبُلًا مَّا كَانُوْا لِيُؤْمِنُوْٓا اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ يَجْهَلُوْنَ ﴿١١١﴾

১১১। আর যদি আমি তাদের প্রতি ফেরেশতাদেরকে অবতীর্ণ করতাম এবং মৃতরা তাদের সাথে কথা বলত এবং সব কিছুকে তাদের সম্মুখে সমবেত করতাম তবুও তারা ঈমান আনার ছিল না যদি না আল্লাহ্ ইচ্ছা করেন, কিন্তু তাদের অধিকাংশই অজ্ঞ।

وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَالْجِنِّ يُوْحِيْ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُوْرًا ۭ وَلَوْ شَاۗءَ رَبُّكَ مَا فَعَلُوْهُ فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ ﴿١١٢﴾

১১২। এবং এভাবেই আমি মানুষ ও জ্বীন শয়তানদেরকে প্রত্যেক নবীর জন্য শত্রু বানিয়েছি, তাদের কতক কতকের প্রতি প্রতারণার উদ্দেশ্যে চমকপ্রদ কথা ওহী করে (অর্থাৎ প্ররোচনা দেয়)। আর যদি তোমার প্রতিপালক ইচ্ছা করতেন তবে তারা তা করত না, সুতরাং তুমি তাদেরকে ও তারা যা মিথ্যা রচনা করে তা ছেড়ে দাও (উপেক্ষা কর)।

وَلِتَصْغٰٓى اِلَيْهِ اَفْـِٕدَةُ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ وَلِيَرْضَوْهُ وَلِيَقْتَرِفُوْا مَا هُمْ مُّقْتَرِفُوْنَ ﴿١١٣﴾

১১৩। এবং (তারা প্ররোচনা দেয়) যাতে যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের অন্তর এর (চমকপ্রদ কথার) প্রতি অনুরাগী হতে পারে এবং যাতে তারা এতে পরিতুষ্ট হতে পারে এবং যাতে তারা যা (পাপ) সম্পাদন করে তা তারা করতে পারে।

اَفَغَيْرَ اللّٰهِ اَبْتَغِيْ حَكَمًا وَّهُوَ الَّذِيْٓ اَنْزَلَ اِلَيْكُمُ الْكِتٰبَ مُفَصَّلًا ۭ وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْلَمُوْنَ اَنَّهٗ مُنَزَّلٌ مِّنْ رَّبِّكَ بِالْحَقِّ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿١١٤﴾

১১৪। (হে নবী বল) 'তবে কি আমি আল্লাহ্ ছাড়া অন্য কোন বিচারক খোঁজ করব যখন তিনিই তোমাদের প্রতি বিস্তারিতভাবে কিতাব অবতীর্ণ করেছেন?' আর আমি যাদেরকে কিতাব দিয়েছি তারা (অর্থাৎ তাদের আলেমরা) জানে যে, এটি (কুরআন) তোমার প্রতিপালকের পক্ষ থেকে সত্যসহ অবতীর্ণ হয়েছে, সুতরাং তুমি সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হয়ো না।

وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ صِدْقًا وَّعَدْلًا ۭ لَا مُبَدِّلَ لِكَلِمٰتِهٖ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١١٥﴾

১১৫। এবং সত্য ও ন্যায়পরায়ণতায় তোমার প্রতিপালকের বাণী পরিপূর্ণ। তাঁর বাণীসমূহের কোনো পরিবর্তনকারী নেই, এবং তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَاِنْ تُطِعْ اَكْثَرَ مَنْ فِي الْاَرْضِ يُضِلُّوْكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ۭ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿١١٦﴾

১১৬। আর যদি তুমি পৃথিবীতে যারা আছে তাদের অধিকাংশের আনুগত্য কর তাহলে তারা তোমাকে আল্লাহ্র পথ হতে বিচ্যুত করবে। তারা কেবল ধারণার অনুসরণ করে; এবং তারা কেবল অনুমান করে।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ مَنْ يَّضِلُّ عَنْ سَبِيْلِهٖ ۚ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿١١٧﴾

১১৭। নিশ্চয় তোমার প্রতিপালক সবচেয়ে বেশি জানেন কে তাঁর পথ ছেড়ে পথভ্রষ্ট হয়, এবং তিনি সঠিক পথপ্রাপ্তদের সম্পর্কেও সবচেয়ে বেশি জানেন।

فَكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ اِنْ كُنْتُمْ بِاٰيٰتِهٖ مُؤْمِنِيْنَ ﴿١١٨﴾

১১৮। সুতরাং তোমরা তা থেকে খাও যাতে আল্লাহ্র নাম স্মরণ করা হয়েছে- যদি তোমরা তাঁর আয়াতসমূহের প্রতি ঈমান এনে থাক।

وَمَا لَكُمْ اَلَّا تَاْكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَقَدْ فَصَّلَ لَكُمْ مَّا حَرَّمَ عَلَيْكُمْ اِلَّا مَا اضْطُرِرْتُمْ اِلَيْهِ ۭ وَاِنَّ كَثِيْرًا لَّيُضِلُّوْنَ بِاَهْوَاۗىِٕهِمْ بِغَيْرِ عِلْمٍ ۭ اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِالْمُعْتَدِيْنَ ﴿١١٩﴾

১১৯। আর তোমাদের কী (অজুহাত) আছে যে, যাতে আল্লাহ্র নাম স্মরণ করা হয়েছে তোমরা তা থেকে খাও না, অথচ তিনি তোমাদের জন্য যা হারাম* করেছেন তা তোমাদের জন্য বিস্তারিত বর্ণনা করেছেন? তবে তোমরা তাতে বাধ্য হলে ভিন্ন কথা। এবং নিশ্চয় অনেকে (হালাল-হারামের ব্যাপারে) কোন জ্ঞান ছাড়াই তাদের প্রবৃত্তি দ্বারা অবশ্যই (অন্যকে) পথভ্রষ্ট করে। নিশ্চয় তোমার প্রতিপালকই সীমালঙ্ঘনকারীদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন।

وَذَرُوْا ظَاهِرَ الْاِثْمِ وَبَاطِنَهٗ ۭ اِنَّ الَّذِيْنَ يَكْسِبُوْنَ الْاِثْمَ سَيُجْزَوْنَ بِمَا كَانُوْا يَقْتَرِفُوْنَ ﴿١٢٠﴾

১২০। আর তোমরা প্রকাশ্য ও অপ্রকাশ্য পাপ বর্জন কর। নিশ্চয় যারা পাপ অর্জন করে শীঘ্রই তাদেরকে তার প্রতিফল দেয়া হবে যা (পাপ) তারা সম্পাদন করত।

وَلَا تَاْكُلُوْا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَاِنَّهٗ لَفِسْقٌ ؕ وَاِنَّ الشَّيٰطِيْنَ لَيُوْحُوْنَ اِلٰٓى اَوْلِيٰٓئِهِمْ لِيُجَادِلُوْكُمْ ۚ وَاِنْ اَطَعْتُمُوْهُمْ اِنَّكُمْ لَمُشْرِكُوْنَ ﴿۱۲۱﴾

১২১। এবং (জবাই কালে) যাতে আল্লাহ্‌র নাম স্মরণ করা হয়নি তা থেকে তোমরা খেয়ো না, এবং নিশ্চয় তা অবশ্যই পাপাচার। এবং নিশ্চয় শয়তানরা তোমাদের সাথে বিতর্ক করার জন্য তাদের বন্ধুদের প্রতি অবশ্যই ওহী করে (অর্থাৎ প্ররোচনা দেয়)। আর যদি তোমরা তাদের আনুগত্য কর তাহলে নিশ্চয় তোমরা অবশ্যই মুশরিক।

ع ١٤ ١١ ١٨ রুকূ ১

اَوَمَنْ كَانَ مَيْتًا فَاَحْيَيْنٰهُ وَجَعَلْنَا لَهٗ نُوْرًا يَّمْشِىْ بِهٖ فِى النَّاسِ كَمَنْ مَّثَلُهٗ فِى الظُّلُمٰتِ لَيْسَ بِخَارِجٍ مِّنْهَا ؕ كَذٰلِكَ زُيِّنَ لِلْكٰفِرِيْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۲۲﴾

১২২। যে ব্যক্তি মৃত ছিল (অর্থাৎ অন্ধকারে ছিল), অতঃপর যাকে আমি জীবিত করেছি এবং যাকে মানুষের মধ্যে চলার জন্য আলো দিয়েছি সে ব্যক্তি কি ঐ ব্যক্তির উপমার মত যে অন্ধকারে রয়েছে, যা থেকে সে বের হবার নয়? এভাবেই কাফিরদের জন্য তা শোভনীয় করা হয়েছিল যা তারা করত।

وَكَذٰلِكَ جَعَلْنَا فِىْ كُلِّ قَرْيَةٍ اَكٰبِرَ مُجْرِمِيْهَا لِيَمْكُرُوْا فِيْهَا ؕ وَمَا يَمْكُرُوْنَ اِلَّا بِاَنْفُسِهِمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿۱۲۳﴾

১২৩। এবং এভাবেই আমি প্রত্যেক জনপদে সেখানকার বড় বড় অপরাধীদেরকে নিযুক্ত করেছিলাম যাতে তারা সেখানে ষড়যন্ত্র করতে পারে। কিন্তু তারা কেবল তাদের নিজেদের বিরুদ্ধেই ষড়যন্ত্র করে, অথচ তারা অনুভব করে না।

وَاِذَا جَآءَتْهُمْ اٰيَةٌ قَالُوْا لَنْ نُّؤْمِنَ حَتّٰى نُؤْتٰى مِثْلَ مَآ اُوْتِىَ رُسُلُ اللّٰهِ ؔۘ اَللّٰهُ اَعْلَمُ حَيْثُ يَجْعَلُ رِسَالَتَهٗ ؕ سَيُصِيْبُ الَّذِيْنَ اَجْرَمُوْا صَغَارٌ عِنْدَ اللّٰهِ وَعَذَابٌ شَدِيْدٌ ۢ بِمَا كَانُوْا يَمْكُرُوْنَ ﴿۱۲۴﴾

১২৪। এবং যখন তাদের* নিকট কোন নিদর্শন আসে তখন তারা বলে, 'আমরা কখনো ঈমান আনব না যতক্ষণ না আল্লাহ্‌র রাসূলদেরকে যা দেয়া হয়েছিল আমাদেরকেও তা দেয়া হয়।' আল্লাহ্‌ই সবচেয়ে বেশি জানেন, কোথায় তিনি তাঁর রিসালাত রাখবেন। যারা অপরাধ করেছে, শীঘ্রই তাদেরকে লাঞ্ছনা ও কঠোর শাস্তি আঘাত করবে-আল্লাহ্‌র নিকট (অর্থাৎ আখিরাতে), কারণ তারা ষড়যন্ত্র করত।

فَمَنْ يُّرِدِ اللّٰهُ اَنْ يَّهْدِيَهٗ يَشْرَحْ صَدْرَهٗ لِلْاِسْلَامِ ۚ وَمَنْ يُّرِدْ اَنْ يُّضِلَّهٗ يَجْعَلْ صَدْرَهٗ ضَيِّقًا حَرَجًا كَاَنَّمَا يَصَّعَّدُ فِى السَّمَآءِ ؕ كَذٰلِكَ يَجْعَلُ اللّٰهُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿۱۲۵﴾

১২৫। অতএব আল্লাহ্‌ যাকে সঠিক পথ প্রদর্শন করতে চান তিনি তার বক্ষকে ইসলামের জন্য প্রশস্ত করে দেন, এবং যাকে পথভ্রষ্ট করতে চান তিনি তার বক্ষকে সংকীর্ণ ও কঠিন করে দেন, যেন সে আকাশে আরোহণ করছে*। এভাবেই আল্লাহ্‌ যারা ঈমান আনে না তাদের উপর অপবিত্রতা স্থাপন করেন।

وَهٰذَا صِرَاطُ رَبِّكَ مُسْتَقِيْمًا ؕ قَدْ فَصَّلْنَا الْاٰيٰتِ لِقَوْمٍ يَّذَّكَّرُوْنَ ﴿۱۲۶﴾

১২৬। আর এটি (ইসলাম) তোমার প্রতিপালকের (নির্দেশিত) সরল-সঠিক পথ। আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করেছি এমন সম্প্রদায়ের জন্য যারা উপদেশ গ্রহণ করে।

لَهُمْ دَارُ السَّلٰمِ عِنْدَ رَبِّهِمْ وَهُوَ وَلِيُّهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۲۷﴾

১২৭। তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে রয়েছে শান্তির আবাস এবং তারা যা করত সে সম্পর্কে তিনি তাদের অভিভাবক।

وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ۚ يٰمَعْشَرَ الْجِنِّ قَدِ اسْتَكْثَرْتُمْ مِّنَ الْاِنْسِ ۚ وَقَالَ اَوْلِيٰٓؤُهُمْ مِّنَ الْاِنْسِ رَبَّنَا اسْتَمْتَعَ بَعْضُنَا بِبَعْضٍ وَّبَلَغْنَآ اَجَلَنَا الَّذِىْٓ اَجَّلْتَ لَنَا ؕ قَالَ النَّارُ مَثْوٰىكُمْ خٰلِدِيْنَ فِيْهَآ اِلَّا مَا شَآءَ اللّٰهُ ؕ اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿۱۲۸﴾

১২৮। এবং যেদিন তিনি তাদের সকলকে সমবেত করবেন (এবং বলবেন), 'হে জ্বীনের দল! অবশ্যই তোমরা মানুষের মধ্য হতে অনেককে (তোমাদের) অনুগামী করেছিলে।' এবং মানুষের মধ্য হতে তাদের বন্ধুরা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের মধ্যে কতক কতকের দ্বারা লাভবান হয়েছে, এবং আমরা আমাদের নির্ধারিত সময়ে উপনীত হয়েছি যা আমাদের জন্য আপনি নির্ধারিত করেছিলেন। তিনি (আল্লাহ্‌) বলবেন, 'আগুনই তোমাদের আবাসস্থল, তোমরা সেখানে স্থায়ী হবে, তবে আল্লাহ্‌ যা ইচ্ছা করবেন তা ভিন্ন কথা।' নিশ্চয় তোমার প্রতিপালক মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।

ع ١٥ ٢ ١٥ রুকূ ২

وَكَذٰلِكَ نُوَلِّىْ بَعْضَ الظّٰلِمِيْنَ بَعْضًا بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿۱۲۹﴾

১২৯। এবং এভাবেই তারা যা অর্জন করত সে কারণে আমি জালিমদের এক দলকে অন্য দলের সাথে যুক্ত করে দিব।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اَلَمْ يَاْتِكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ
عَلَيْكُمْ اٰيٰتِيْ وَيُنْذِرُوْنَكُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا ؕ قَالُوْا شَهِدْنَا
عَلٰٓى اَنْفُسِنَا وَغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَشَهِدُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ
اَنَّهُمْ كَانُوْا كٰفِرِيْنَ ﴿١٣٠﴾

১৩০। (আমি তাদেরকে বলব) 'হে জ্বীন ও মানুষের দল! তোমাদের নিকট কি তোমাদের মধ্য থেকে রাসূলরা আসেনি যারা আমার আয়াতসমূহ তোমাদের নিকট বর্ণনা করত এবং তোমাদেরকে তোমাদের এই দিনের সম্মুখীন হওয়া সম্পর্কে সতর্ক করত?' তারা বলবে, 'আমরা আমাদের নিজেদের বিরুদ্ধে সাক্ষ্য দিলাম' - আর দুনিয়ার জীবন তাদেরকে প্রতারিত করেছিল - এবং তারা নিজেদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে যে, তারা ছিল কাফির।

ذٰلِكَ اَنْ لَّمْ يَكُنْ رَّبُّكَ مُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا غٰفِلُوْنَ ﴿١٣١﴾

১৩১। এটা এ জন্য যে, তোমার প্রতিপালক কোন জনপদকে জুলুমের কারণে ধ্বংস করার নন, যখন তার অধিবাসীরা (রাসূল ও আয়াত সম্পর্কে) অনবহিত।

وَلِكُلٍّ دَرَجٰتٌ مِّمَّا عَمِلُوْا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿١٣٢﴾

১৩২। আর প্রত্যেকের জন্যই তারা যা করে সে অনুযায়ী মর্যাদা রয়েছে। এবং তারা যা করে সে সম্পর্কে তোমার প্রতিপালক বেখবর নন।

وَرَبُّكَ الْغَنِيُّ ذُو الرَّحْمَةِ ؕ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَسْتَخْلِفْ مِنْۢ
بَعْدِكُمْ مَّا يَشَآءُ كَمَآ اَنْشَاَكُمْ مِّنْ ذُرِّيَّةِ قَوْمٍ اٰخَرِيْنَ ﴿١٣٣﴾

১৩৩। এবং তোমার প্রতিপালক অমুখাপেক্ষী ও দয়াশীল। যদি তিনি ইচ্ছা করেন তাহলে তোমাদেরকে সরিয়ে দিতে পারেন এবং তোমাদের পরে যাকে ইচ্ছা করেন (তোমাদের) স্থলাভিষিক্ত করতে পারেন, যেভাবে তিনি তোমাদেরকে অন্য এক সম্প্রদায়ের বংশধর* থেকে সৃষ্টি করেছেন।

اِنَّ مَا تُوْعَدُوْنَ لَاٰتٍ ۙ وَّمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿١٣٤﴾

১৩৪। নিশ্চয় তোমাদেরকে যা প্রতিশ্রুতি দেয়া হচ্ছে তা অবশ্যই আসবে, এবং তোমরা (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না।

قُلْ يٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّيْ عَامِلٌ ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ۙ
مَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿١٣٥﴾

১৩৫। বল, 'হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের অবস্থান (পথ-পদ্ধতি) অনুসারে কাজ কর, নিশ্চয় আমিও কাজ করছি, অতঃপর অচিরেই তোমরা জানতে পারবে, কার জন্য থাকবে শুভ পরিণাম। নিশ্চয় জালিমরা সফল হয় না।'

وَجَعَلُوْا لِلّٰهِ مِمَّا ذَرَاَ مِنَ الْحَرْثِ وَالْاَنْعَامِ نَصِيْبًا فَقَالُوْا هٰذَا
لِلّٰهِ بِزَعْمِهِمْ وَهٰذَا لِشُرَكَآئِنَا ۚ فَمَا كَانَ لِشُرَكَآئِهِمْ فَلَا يَصِلُ
اِلَى اللّٰهِ ۚ وَمَا كَانَ لِلّٰهِ فَهُوَ يَصِلُ اِلٰى شُرَكَآئِهِمْ ؕ سَآءَ مَا
يَحْكُمُوْنَ ﴿١٣٦﴾

১৩৬। আর আল্লাহ্‌ যে শস্য ও গবাদি পশু সৃষ্টি করেছেন তার মধ্য থেকে তারা আল্লাহ্‌র জন্য একটি অংশ নির্দিষ্ট করে এবং তাদের ধারণা অনুযায়ী বলে, 'এটি আল্লাহ্‌র জন্য এবং এটি আমাদের শরীকদের (উপাস্যদের) জন্য।' কিন্তু যা তাদের শরীকদের অংশ তা আল্লাহ্‌র নিকট পৌঁছে না অথচ যা আল্লাহ্‌র অংশ তা তাদের শরীকদের নিকট পৌঁছে। তারা যা বিচার করে* তা কতই না নিকৃষ্ট!

وَكَذٰلِكَ زَيَّنَ لِكَثِيْرٍ مِّنَ الْمُشْرِكِيْنَ قَتْلَ اَوْلَادِهِمْ شُرَكَآؤُهُمْ
لِيُرْدُوْهُمْ وَلِيَلْبِسُوْا عَلَيْهِمْ دِيْنَهُمْ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا فَعَلُوْهُ
فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ ﴿١٣٧﴾

১৩৭। আর এভাবেই তাদের শরীকরা (উপাস্যরা) অনেক মুশরিকদের কাছে তাদের সন্তানদের হত্যা করাকে শোভনীয় করেছে যেন তারা তাদেরকে ধ্বংস করতে পারে এবং যেন তারা তাদের দ্বীনকে তাদের নিকট (জুলুম বা শির্‌ক দ্বারা) মিশ্রিত করতে পারে। আর যদি আল্লাহ্‌ ইচ্ছা করতেন তাহলে তারা তা করত না, সুতরাং তুমি তাদেরকে এবং তারা যা মিথ্যা রচনা করে তা ছেড়ে দাও (উপেক্ষা কর)।

وَقَالُوْا هٰذِهٖٓ اَنْعَامٌ وَّحَرْثٌ حِجْرٌ ۖ لَّا يَطْعَمُهَآ اِلَّا مَنْ نَّشَآءُ
بِزَعْمِهِمْ وَاَنْعَامٌ حُرِّمَتْ ظُهُوْرُهَا وَاَنْعَامٌ لَّا يَذْكُرُوْنَ اسْمَ اللّٰهِ
عَلَيْهَا افْتِرَآءً عَلَيْهِ ؕ سَيَجْزِيْهِمْ بِمَا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿١٣٨﴾

১৩৮। এবং তারা তাদের ধারণা অনুসারে বলে, 'এ গবাদি পশুগুলো ও ক্ষেতের ফসল নিষিদ্ধ, আমরা যাকে ইচ্ছা করি সে ছাড়া কেউ এগুলো খেতে পারবে না, এবং কতক গবাদি পশুর পৃষ্ঠ হারাম করা হয়েছে,' এবং কতক গবাদি পশুর উপর (জবাইকালে) তারা আল্লাহ্‌র নাম স্মরণ করে না তাঁর সম্পর্কে মিথ্যা রচনার উদ্দেশ্যে। শীঘ্রই তিনি তাদেরকে প্রতিফল দিবেন তারা যা মিথ্যা রচনা করত সে কারণে।

وَقَالُوْا مَا فِيْ بُطُوْنِ هٰذِهِ الْاَنْعَامِ خَالِصَةٌ لِّذُكُوْرِنَا وَمُحَرَّمٌ
عَلٰٓى اَزْوَاجِنَا ۚ وَاِنْ يَّكُنْ مَّيْتَةً فَهُمْ فِيْهِ شُرَكَآءُ ؕ سَيَجْزِيْهِمْ
وَصْفَهُمْ ؕ اِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿١٣٩﴾

১৩৯। এবং তারা বলে, 'এ গবাদি পশুগুলোর পেটে যা আছে তা আমাদের পুরুষদের জন্য নির্দিষ্ট এবং (তা) আমাদের স্ত্রীদের জন্য নিষিদ্ধ,' কিন্তু যদি তা মৃত হয় তবে তারা (সকলেই) এতে অংশীদার। শীঘ্রই তিনি তাদের এরূপ গুণ বর্ণনার প্রতিফল তাদেরকে দিবেন। নিশ্চয় তিনি মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।

قَدْ خَسِرَ الَّذِيْنَ قَتَلُوْٓا اَوْلَادَهُمْ سَفَهًا بِغَيْرِ عِلْمٍ وَّحَرَّمُوْا مَا رَزَقَهُمُ اللّٰهُ افْتِرَآءً عَلَى اللّٰهِ ؕ قَدْ ضَلُّوْا وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿١٤٠﴾ ع

১৪০। অবশ্যই তারা ক্ষতিগ্রস্ত হয়েছে যারা নির্বুদ্ধিতা বশতঃ কোন জ্ঞান ছাড়াই তাদের সন্তানদেরকে হত্যা করেছে এবং আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে আল্লাহ্ প্রদত্ত রিজিককে হারাম করেছে। অবশ্যই তারা পথভ্রষ্ট হয়েছে এবং তারা সঠিক পথপ্রাপ্তও ছিল না।

ع ١٦ ١١ ٣ ١٦ রুকূ ৩

وَهُوَ الَّذِيْٓ اَنْشَاَ جَنّٰتٍ مَّعْرُوْشٰتٍ وَّغَيْرَ مَعْرُوْشٰتٍ وَّالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا اُكُلُهٗ وَالزَّيْتُوْنَ وَالرُّمَّانَ مُتَشَابِهًا وَّغَيْرَ مُتَشَابِهٍ ؕ كُلُوْا مِنْ ثَمَرِهٖٓ اِذَآ اَثْمَرَ وَاٰتُوْا حَقَّهٗ يَوْمَ حَصَادِهٖ ۖ وَلَا تُسْرِفُوْا ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُسْرِفِيْنَ ﴿١٤١﴾

১৪১। এবং তিনিই মাচাযুক্ত (কাণ্ডবিহীন*) ও মাচাবিহীন (কাণ্ডবিশিষ্ট) বৃক্ষ-লতা সম্বলিত বাগানসমূহ, খেজুর গাছ, বিভিন্ন স্বাদের খাদ্য শস্য, যায়তুন ও আনার সৃষ্টি করেছেন- যেগুলো পরস্পর সাদৃশ্যপূর্ণ ও সাদৃশ্যহীণ। যখন তা ফলবান হয় তখন তোমরা তার ফল খাও এবং ফসল সংগ্রহের দিনে তার হক (অর্থাৎ উশর*) প্রদান কর এবং অপচয় করো না। নিশ্চয় তিনি অপচয়কারীদেরকে ভালবাসেন না-

وَمِنَ الْاَنْعَامِ حَمُوْلَةً وَّفَرْشًا ؕ كُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿١٤٢﴾

১৪২। এবং (তিনি সৃষ্টি করেছেন) গবাদি পশুর মধ্যে কতক ভারবাহী পশু ও কতক ছোট আকৃতির পশু। আল্লাহ্ তোমাদেরকে যে রিযিক দিয়েছেন তা থেকে তোমরা খাও এবং শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু-

ثَمٰنِيَةَ اَزْوَاجٍ ۚ مِنَ الضَّاْنِ اثْنَيْنِ وَمِنَ الْمَعْزِ اثْنَيْنِ ؕ قُلْ ءٰٓالذَّكَرَيْنِ حَرَّمَ اَمِ الْاُنْثَيَيْنِ اَمَّا اشْتَمَلَتْ عَلَيْهِ اَرْحَامُ الْاُنْثَيَيْنِ ؕ نَبِّئُوْنِيْ بِعِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٤٣﴾

১৪৩। (এবং তিনি সৃষ্টি করেছেন) আট ধরনের (পশু)। ভেড়ার মধ্যে দুই ধরনের (অর্থাৎ পুরুষ ও মাদী) এবং ছাগলের মধ্যে দুই ধরনের। বল, 'পুরুষ দু'টিই কি তিনি হারাম করেছেন নাকি মাদী দু'টি অথবা মাদী দু'টির গর্ভ যা ধারণ করে তা? যদি তোমরা সত্যবাদী হও তাহলে জ্ঞানের ভিত্তিতে আমাকে অবহিত কর-

وَمِنَ الْاِبِلِ اثْنَيْنِ وَمِنَ الْبَقَرِ اثْنَيْنِ ؕ قُلْ ءٰٓالذَّكَرَيْنِ حَرَّمَ اَمِ الْاُنْثَيَيْنِ اَمَّا اشْتَمَلَتْ عَلَيْهِ اَرْحَامُ الْاُنْثَيَيْنِ ؕ اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ وَصّٰىكُمُ اللّٰهُ بِهٰذَا ۚ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا لِّيُضِلَّ النَّاسَ بِغَيْرِ عِلْمٍ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿١٤٤﴾ ع

১৪৪। এবং (তিনি সৃষ্টি করেছেন) উটের মধ্যে দুই ধরনের এবং গরুর মধ্যে দুই ধরনের। বল, 'পুরুষ দু'টিই কি তিনি হারাম করেছেন নাকি মাদী দু'টি অথবা মাদী দু'টির গর্ভে যা আছে তা? আল্লাহ্ যখন তোমাদেরকে এসব নির্দেশ দিচ্ছিলেন তখন কি তোমরা উপস্থিত ছিলে? সুতরাং যে ব্যক্তি কোন জ্ঞান ছাড়াই মানুষকে পথভ্রষ্ট করার জন্য আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তার চেয়ে অধিক জালিম আর কে? নিশ্চয় আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

ع ١٧ ٤ ٤ ١٩ রুকূ ৪

قُلْ لَّآ اَجِدُ فِيْ مَآ اُوْحِيَ اِلَيَّ مُحَرَّمًا عَلٰى طَاعِمٍ يَّطْعَمُهٗٓ اِلَّآ اَنْ يَّكُوْنَ مَيْتَةً اَوْ دَمًا مَّسْفُوْحًا اَوْ لَحْمَ خِنْزِيْرٍ فَاِنَّهٗ رِجْسٌ اَوْ فِسْقًا اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَاِنَّ رَبَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٤٥﴾

১৪৫। বল, 'আমার প্রতি যা ওহী করা হয়েছে তার মধ্যে খাবার গ্রহণকারীর জন্য আমি হারাম কিছু পাই না, যা সে খায়, মৃত (পশু) বা প্রবাহিত রক্ত বা শূকরের গোশ্ত ছাড়া - কেননা তা (শূকরের গোশ্ত) অপবিত্র - অথবা পাপ বশতঃ (জবাইকৃত পশু) যা আল্লাহ্ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে। কিন্তু যে ব্যক্তি আগ্রহী ও সীমালঙ্ঘনকারী না হয়ে বাধ্য হবে তাহলে নিশ্চয় তোমার প্রতিপালক অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَعَلَى الَّذِيْنَ هَادُوْا حَرَّمْنَا كُلَّ ذِيْ ظُفُرٍ ۚ وَمِنَ الْبَقَرِ وَالْغَنَمِ حَرَّمْنَا عَلَيْهِمْ شُحُوْمَهُمَآ اِلَّا مَا حَمَلَتْ ظُهُوْرُهُمَآ اَوِ الْحَوَايَآ اَوْ مَا اخْتَلَطَ بِعَظْمٍ ؕ ذٰلِكَ جَزَيْنٰهُمْ بِبَغْيِهِمْ ۖ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿١٤٦﴾

১৪৬। আর যারা ইহুদী হয়েছে তাদের জন্য আমি সকল নখযুক্ত (পশু) হারাম করেছিলাম এবং গরু ও ভেড়ার চর্বিও তাদের জন্য হারাম করেছিলাম, তবে যা এগুলোর পিঠের সাথে বা অন্ত্রের সাথে লেগে থাকে অথবা যা হাড়ের সাথে মিশে থাকে তা ছাড়া। এর মাধ্যমে আমি তাদেরকে প্রতিফল (শাস্তি) দিয়েছিলাম তাদের অবাধ্যতার কারণে। এবং নিশ্চয় আমি অবশ্যই সত্যবাদী।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ رَّبُّكُمْ ذُوْ رَحْمَةٍ وَّاسِعَةٍ ۚ وَلَا يُرَدُّ بَاْسُهٗ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ ﴿١٤٧﴾

১৪৭। সুতরাং যদি তারা তোমাকে মিথ্যাবাদী বলে তাহলে বল, 'তোমাদের প্রতিপালক ব্যাপক দয়াশীল, কিন্তু অপরাধী সম্প্রদায় হতে তাঁর শাস্তি নিবৃত্ত করা হয় না।'

سَيَقُوْلُ الَّذِيْنَ اَشْرَكُوْا لَوْ شَآءَ اللّٰهُ مَآ اَشْرَكْنَا وَلَآ اٰبَآؤُنَا وَلَا حَرَّمْنَا مِنْ شَيْءٍ ۭ كَذٰلِكَ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ حَتّٰى ذَاقُوْا بَاْسَنَا ۭ قُلْ هَلْ عِنْدَكُمْ مِّنْ عِلْمٍ فَتُخْرِجُوْهُ لَنَا ۭ اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ اَنْتُمْ اِلَّا تَخْرُصُوْنَ ﴿١٤٨﴾

১৪৮। যারা শরীক করেছে শীঘ্রই তারা বলবে, 'যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে আমরা শরীক করতাম না এবং আমাদের পিতৃপুরুষরাও না এবং আমরা কোন কিছুই হারাম করতাম না।' এভাবেই তাদের পূর্ববর্তীরা (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল যতক্ষণ না তারা আমার শাস্তি ভোগ করেছিল। বল, 'তোমাদের কাছে (কিতাবের) কোন জ্ঞান আছে কি যা আমাদের জন্য বের করবে? তোমরা কেবল অনুমানের অনুসরণ কর এবং তোমরা কেবল মনগড়া কথা বল।'

قُلْ فَلِلّٰهِ الْحُجَّةُ الْبَالِغَةُ ۚ فَلَوْ شَآءَ لَهَدٰىكُمْ اَجْمَعِيْنَ ﴿١٤٩﴾

১৪৯। বল, 'চূড়ান্ত যুক্তি-প্রমাণ আল্লাহ্রই। আর যদি তিনি ইচ্ছা করতেন তাহলে তোমাদের সবাইকে অবশ্যই সঠিকপথ প্রদর্শন করতেন।'

قُلْ هَلُمَّ شُهَدَآءَكُمُ الَّذِيْنَ يَشْهَدُوْنَ اَنَّ اللّٰهَ حَرَّمَ هٰذَا ۚ فَاِنْ شَهِدُوْا فَلَا تَشْهَدْ مَعَهُمْ ۚ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ وَهُمْ بِرَبِّهِمْ يَعْدِلُوْنَ ﴿١٥٠﴾

১৫০। বল, 'তোমরা তোমাদের সাক্ষীদেরকে উপস্থিত কর যারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ্ এটি (যা হারাম নয় তা) হারাম করেছেন।' অতঃপর যদি তারা সাক্ষ্য দেয় তবুও তুমি তাদের সাথে সাক্ষ্য দিয়ো না। এবং তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ করো না যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং যারা আখিরাতের প্রতি ঈমান আনে না, যখন তারা তাদের প্রতিপালকের সমকক্ষ নির্ধারণ করে।

১৮ ع ৫ ১৬ রুকূ ৫

قُلْ تَعَالَوْا اَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ عَلَيْكُمْ ۭ اَلَّا تُشْرِكُوْا بِهٖ شَيْـــًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ۚ وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ مِّنْ اِمْلَاقٍ ۭ نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ ۚ وَلَا تَقْرَبُوا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ ۚ وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ ۭ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿١٥١﴾

১৫১। বল, 'এসো, তোমাদের প্রতিপালক যা হারাম করেছেন তা তোমাদেরকে পাঠ করে শুনাই যে, তোমরা তাঁর সাথে কোন কিছুকে শরীক করো না, পিতা-মাতার সাথে সদ্ব্যবহার কর, দারিদ্র্যের কারণে তোমরা তোমাদের সন্তানদেরকে হত্যা করো না। আমিই তোমাদেরকে ও তাদেরকে রিযিক দিয়ে থাকি। এবং তোমরা প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতার নিকটবর্তী হয়ো না, এবং ন্যায়সঙ্গত কারণ ছাড়া কোন ব্যক্তিকে হত্যা করো না যাকে (হত্যা করা) আল্লাহ্ হারাম করেছেন।' তিনি তোমাদেরকে এ নির্দেশ দিলেন, যাতে তোমরা অনুধাবন করতে পার।

وَلَا تَقْرَبُوْا مَالَ الْيَتِيْمِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ حَتّٰى يَبْلُغَ اَشُدَّهٗ ۚ وَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ ۚ لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ۚ وَاِذَا قُلْتُمْ فَاعْدِلُوْا وَلَوْ كَانَ ذَا قُرْبٰى ۚ وَبِعَهْدِ اللّٰهِ اَوْفُوْا ۭ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿١٥٢﴾

১৫২। এবং তোমরা ইয়াতিমের ধন-সম্পদের নিকটবর্তী হয়ো না উত্তম পদ্ধতিতে ছাড়া, যতক্ষণ না সে (শক্তি-সামর্থ্য ও বয়সের) পূর্ণতায় পৌঁছে, এবং পরিমাপ ও ওজন ন্যায্যভাবে পুরোপুরি দাও। আমি কাউকে তার সাধ্যাতীত (কিছু) চাপিয়ে দেই না। এবং যখন তোমরা কথা বল তখন ন্যায় বিচার কর যদিও সে আত্মীয় হয়, এবং আল্লাহ্র (সাথে কৃত) প্রতিশ্রুতি পূর্ণ কর। তিনি তোমাদেরকে এ নির্দেশ দিলেন, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার-

وَاَنَّ هٰذَا صِرَاطِيْ مُسْتَقِيْمًا فَاتَّبِعُوْهُ ۚ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيْلِهٖ ۭ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٥٣﴾

১৫৩। এবং এও যে, এটিই আমার পথ যা সরল-সঠিক, সুতরাং তোমরা তা অনুসরণ কর, এবং বহু পথ অনুসরণ করো না, তাহলে তা তোমাদেরকে তাঁর পথ হতে বিচ্ছিন্ন করে দিবে। তোমাদেরকে তিনি এ নির্দেশ দিলেন, যাতে তোমরা তাকওয়া অবলম্বন করতে পার।

ثُمَّ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ تَمَامًا عَلَى الَّذِيْٓ اَحْسَنَ وَتَفْصِيْلًا لِّكُلِّ شَيْءٍ وَّهُدًى وَّرَحْمَةً لَّعَلَّهُمْ بِلِقَآءِ رَبِّهِمْ يُؤْمِنُوْنَ ﴿١٥٤﴾

১৫৪। এবং আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, যে সৎকর্ম করেছে তার জন্য পূর্ণাঙ্গ করে, এবং সব কিছুর বিস্তারিত বর্ণনা, পথনির্দেশিকা ও দয়াস্বরূপ, যাতে তারা তাদের প্রতিপালকের সাথে সাক্ষাতের ব্যাপারে ঈমান আনতে পারে।

১৯ ع ৬ ১৭ রুকূ ৬

وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ فَاتَّبِعُوْهُ وَاتَّقُوْا لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿١٥٥﴾

১৫৫। আর এটি একটি কিতাব যা আমি অবতীর্ণ করেছি, এটি বরকতময়, সুতরাং তোমরা তা অনুসরণ কর এবং (আল্লাহ্কে) ভয় কর, যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার।

اَنْ تَقُوْلُوْٓا اِنَّمَآ اُنْزِلَ الْكِتٰبُ عَلٰى طَآئِفَتَيْنِ مِنْ قَبْلِنَا ۪ وَاِنْ كُنَّا عَنْ دِرَاسَتِهِمْ لَغٰفِلِيْنَ ﴿١٥٦﴾

১৫৬। (এটি অবতীর্ণ করেছি) যেন, তোমরা (কিয়ামতের দিন) বলতে না পার, 'কিতাব কেবল আমাদের পূর্বে দু'টি দলের উপর অবতীর্ণ করা হয়েছিল। এবং আমরা তাদের পঠন-পাঠন সম্বন্ধে অবশ্যই বেখবর ছিলাম'-

اَوْ تَقُوْلُوْا لَوْ اَنَّآ اُنْزِلَ عَلَيْنَا الْكِتٰبُ لَكُنَّآ اَهْدٰى مِنْهُمْ ۚ فَقَدْ جَآءَكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَهُدًى وَّرَحْمَةٌ ۚ فَمَنْ اَظْلَمُ مِمَّنْ كَذَّبَ بِاٰيٰتِ اللّٰهِ وَصَدَفَ عَنْهَا ۭ سَنَجْزِي الَّذِيْنَ يَصْدِفُوْنَ عَنْ اٰيٰتِنَا سُوْٓءَ الْعَذَابِ بِمَا كَانُوْا يَصْدِفُوْنَ ﴿١٥٧﴾

১৫৭। অথবা তোমরা বলতে না পার, 'যদি আমাদের উপর কিতাব অবতীর্ণ হত তাহলে অবশ্যই আমরা তাদের চেয়ে অধিক সঠিকপথপ্রাপ্ত হতাম।' সুতরাং তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে স্পষ্ট প্রমাণ, পথনির্দেশিকা ও দয়া এসেছে। অতঃপর তার চেয়ে অধিক জালিম আর কে, যে আল্লাহর আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং তা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে? যারা আমার আয়াতসমূহ থেকে মুখ ফিরিয়ে নেয় শীঘ্রই আমি তাদেরকে প্রতিফল দিব নিকৃষ্ট শাস্তি কারণ তারা মুখ ফিরিয়ে নিত।

هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ تَاْتِيَهُمُ الْمَلٰٓئِكَةُ اَوْ يَاْتِيَ رَبُّكَ اَوْ يَاْتِيَ بَعْضُ اٰيٰتِ رَبِّكَ ۭ يَوْمَ يَاْتِيْ بَعْضُ اٰيٰتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا اِيْمَانُهَا لَمْ تَكُنْ اٰمَنَتْ مِنْ قَبْلُ اَوْ كَسَبَتْ فِيْٓ اِيْمَانِهَا خَيْرًا ۭ قُلِ انْتَظِرُوْٓا اِنَّا مُنْتَظِرُوْنَ ﴿١٥٨﴾

১৫৮। তারা কি কেবল অপেক্ষা করছে যে, তাদের নিকট ফেরেশতারা আসবে, বা তোমার প্রতিপালক আসবেন অথবা তোমার প্রতিপালকের কিছু নিদর্শন আসবে? যেদিন তোমার প্রতিপালকের কিছু নিদর্শন আসবে সেদিন কোন ব্যক্তিকে তার ঈমান উপকার দিবে না, যে ইতঃপূর্বে ঈমান আনেনি কিংবা যে তার ঈমানের মাধ্যমে কল্যাণ অর্জন করেনি। বল, 'তোমরা প্রতীক্ষা কর, নিশ্চয় আমরাও প্রতীক্ষা করছি।'

اِنَّ الَّذِيْنَ فَرَّقُوْا دِيْنَهُمْ وَكَانُوْا شِيَعًا لَّسْتَ مِنْهُمْ فِيْ شَيْءٍ ۭ اِنَّمَآ اَمْرُهُمْ اِلَى اللّٰهِ ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا كَانُوْا يَفْعَلُوْنَ ﴿١٥٩﴾

১৫৯। নিশ্চয় যারা তাদের দ্বীনকে বিভক্ত করেছে এবং বিভিন্ন দলে বিভক্ত হয়েছে তাদের কোন বিষয়ে তোমার কোন সম্পর্ক নেই। তাদের বিষয় কেবল আল্লাহ্‌র নিকট, এরপর তারা যা করত সে সম্পর্কে তিনি তাদেরকে জানিয়ে দিবেন।

مَنْ جَاۗءَ بِالْحَسَنَةِ فَلَهٗ عَشْرُ اَمْثَالِهَا ۚ وَمَنْ جَاۗءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزٰٓى اِلَّا مِثْلَهَا وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١٦٠﴾

১৬০। যে ভাল কাজ নিয়ে আসবে তার জন্য রয়েছে তার দশ গুণ (প্রতিদান) এবং যে মন্দ কাজ নিয়ে আসবে তাকে কেবল তার অনুরূপ প্রতিফল দেয়া হবে, এবং তাদের উপর জুলুম করা হবে না।

قُلْ اِنَّنِيْ هَدٰىنِيْ رَبِّيْٓ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ڬ دِيْنًا قِيَمًا مِّلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۚ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٦١﴾

১৬১। বল, 'নিশ্চয় আমার প্রতিপালক আমাকে সরল পথে পরিচালিত করেছেন। এটি সঠিক দ্বীন, ইবরাহীমের মিল্লাত (আদর্শ), যে ছিল একত্ববাদী, এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।'

قُلْ اِنَّ صَلَاتِيْ وَنُسُكِيْ وَمَحْيَايَ وَمَمَاتِيْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٦٢﴾

১৬২। বল, 'নিশ্চয় আমার সালাত (নামায), আমার কুরবানী, আমার জীবন ও আমার মরণ জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র জন্য-

لَا شَرِيْكَ لَهٗ ۚ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ ﴿١٦٣﴾

১৬৩। তাঁর কোন শরীক নেই, এবং আমি এ ব্যাপারে আদিষ্ট হয়েছি এবং আমি প্রথম মুসলিম।'

قُلْ اَغَيْرَ اللّٰهِ اَبْغِيْ رَبًّا وَّهُوَ رَبُّ كُلِّ شَيْءٍ ۭ وَلَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ اِلَّا عَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ۚ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿١٦٤﴾

১৬৪। বল, 'আমি কি আল্লাহ্ ছাড়া অন্য কোন প্রতিপালক খোঁজ করব, যখন তিনিই সব কিছুর প্রতিপালক?' আর প্রত্যেক ব্যক্তি কিছুই অর্জন করে না যা (অর্থাৎ দায়-দায়িত্ব) তার উপর বর্তায় না এবং কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না, এরপর তোমাদের প্রতিপালকেরই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তোমরা যে বিষয়ে মতপার্থক্য করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।

وَهُوَ الَّذِيْ جَعَلَكُمْ خَلٰۗئِفَ الْاَرْضِ وَرَفَعَ بَعْضَكُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ لِّيَبْلُوَكُمْ فِيْ مَآ اٰتٰىكُمْ ۭ اِنَّ رَبَّكَ سَرِيْعُ الْعِقَابِ ۡ وَاِنَّهٗ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٦٥﴾

১৬৫। এবং তিনিই তোমাদেরকে পৃথিবীর প্রতিনিধি বানিয়েছেন এবং তিনি তোমাদেরকে যা দিয়েছেন সে সম্বন্ধে তোমাদেরকে পরীক্ষা করার জন্য তোমাদের কতককে কতকের উপর মর্যাদায় উন্নীত করেছেন। নিশ্চয় তোমার প্রতিপালক শাস্তিদানে দ্রুত, আর নিশ্চয় তিনি অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

২০ ع ১১ ৮ ২০ রুকূ ৭

৭. সূরা আল-আ'রাফ, মাক্কী

২০৬ আয়াত, ২৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧-سُوْرَةُ الْاَعْرَافِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٠٦، رُكُوْعَاتُهَا-٢٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। আলিফ-লাম-মীম-সোয়াদ।

الٓمّٓصٓ ۚ ﴿١﴾

২। এটি একটি কিতাব যা তোমার প্রতি অবতীর্ণ করা হল- সুতরাং এর ব্যাপারে তোমার বক্ষে যেন কোন সংকীর্ণতা না থাকে- যাতে তুমি এর দ্বারা সতর্ক করতে পার এবং (এটি) মু'মিনদের জন্য উপদেশস্বরূপ।

كِتٰبٌ اُنْزِلَ اِلَيْكَ فَلَا يَكُنْ فِيْ صَدْرِكَ حَرَجٌ مِّنْهُ لِتُنْذِرَ بِهٖ وَ ذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ﴿٢﴾

৩। তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা তোমরা অনুসরণ কর এবং তাঁকে বাদ দিয়ে অন্য অভিভাবকদেরকে অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ কর।

اِتَّبِعُوْا مَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ وَ لَا تَتَّبِعُوْا مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءَ ؕ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ﴿٣﴾

৪। আর কত জনপদই আমি ধ্বংস করেছি! এবং আমার শাস্তি তাদের নিকট এসেছিল রাতে অথবা যখন তারা দুপুরে বিশ্রামরত ছিল।

وَكَمْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا فَجَآءَهَا بَاْسُنَا بَيَاتًا اَوْ هُمْ قَآئِلُوْنَ ﴿٤﴾

৫। এবং যখন আমার শাস্তি তাদের নিকট এসেছিল তখন তাদের আর্তনাদ ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'নিশ্চয় আমরা জালিম ছিলাম।'

فَمَا كَانَ دَعْوٰىهُمْ اِذْ جَآءَهُمْ بَاْسُنَآ اِلَّآ اَنْ قَالُوْٓا اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٥﴾

৬। অতঃপর যাদের কাছে (রাসূল) প্রেরণ করা হয়েছিল অবশ্যই অবশ্যই আমি তাদেরকে জিজ্ঞাসা করব এবং অবশ্যই অবশ্যই আমি জিজ্ঞাসা করব প্রেরিতদেরকেও (রাসূলদেরকেও)-

فَلَنَسْـَٔلَنَّ الَّذِيْنَ اُرْسِلَ اِلَيْهِمْ وَ لَنَسْـَٔلَنَّ الْمُرْسَلِيْنَ ۙ﴿٦﴾

৭। এবং অবশ্যই অবশ্যই আমি জ্ঞানের ভিত্তিতে তাদের কাছে (তাদের কাহিনী) বর্ণনা করব, এবং আমি অনুপস্থিত ছিলাম না।

فَلَنَقُصَّنَّ عَلَيْهِمْ بِعِلْمٍ وَّ مَا كُنَّا غَآئِبِيْنَ ﴿٧﴾

৮। এবং সেদিন (পাপ পুণ্যের) ওজন (করার বিষয়টি) সত্য, সুতরাং যাদের (পুণ্যের) পাল্লা ভারী হবে তারাই সফল।

وَ الْوَزْنُ يَوْمَئِذِ ۨ الْحَقُّ ۚ فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٨﴾

৯। আর যাদের (পুণ্যের) পাল্লা হাল্কা হবে, ওরাই তারা যারা তাদের নিজেদের ক্ষতি করেছে, কেননা তারা আমার আয়াতসমূহের প্রতি জুলুম করত।

وَ مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ بِمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَظْلِمُوْنَ ﴿٩﴾

১০। এবং অবশ্যই আমি তোমাদেরকে পৃথিবীতে (ক্ষমতা ও সম্পদ দ্বারা) প্রতিষ্ঠিত করেছি এবং সেখানে তোমাদের জীবিকার ব্যবস্থাও করেছি। তোমরা সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ কর।

ع ١ ٨ ١ রুকূ ٨

وَ لَقَدْ مَكَّنّٰكُمْ فِي الْاَرْضِ وَ جَعَلْنَا لَكُمْ فِيْهَا مَعَايِشَ ؕ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ ﴿١٠﴾

১১। এবং অবশ্যই আমি তোমাদেরকে সৃষ্টি করেছি, এরপর তোমাদেরকে আকৃতি দিয়েছি, এরপর ফেরেশতাদেরকে বলেছি, 'আদমকে সিজদা কর;' তখন তারা সিজদা করল- ইবলিস ছাড়া। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হল না।

وَ لَقَدْ خَلَقْنٰكُمْ ثُمَّ صَوَّرْنٰكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ ۖ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ لَمْ يَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ﴿١١﴾

১২। তিনি বললেন, 'যখন আমি তোমাকে নির্দেশ দিলাম তখন কিসে তোমাকে বাধা দিল যে, তুমি সিজদা করলে না?' সে বলল, 'আমি তার চেয়ে উত্তম; আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছন এবং তাকে সৃষ্টি করেছেন কাদা মাটি থেকে।'

قَالَ مَا مَنَعَكَ اَلَّا تَسْجُدَ اِذْ اَمَرْتُكَ ؕ قَالَ اَنَا۠ خَيْرٌ مِّنْهُ ۚ خَلَقْتَنِيْ مِنْ نَّارٍ وَّ خَلَقْتَهٗ مِنْ طِيْنٍ ﴿١٢﴾

১৩। তিনি বললেন, 'তাহলে তুমি এখান থেকে নেমে যাও, কেননা তোমার জন্য এটি (সঙ্গত) নয় যে, তুমি এখানে অহঙ্কার করবে, সুতরাং বের হয়ে যাও, নিশ্চয় তুমি অপদস্থদের অন্তর্ভুক্ত।'

قَالَ فَاهْبِطْ مِنْهَا فَمَا يَكُوْنُ لَكَ اَنْ تَتَكَبَّرَ فِيْهَا فَاخْرُجْ اِنَّكَ مِنَ الصّٰغِرِيْنَ ﴿١٣﴾

قَالَ اَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٤﴾

১৪। সে বলল, 'আমাকে অবকাশ দিন সেদিন পর্যন্ত যেদিন (সবাইকে) পুণরুত্থিত করা হবে।'

قَالَ اِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ ﴿١٥﴾

১৫। তিনি বললেন, 'নিশ্চয় তুমি অবকাশপ্রাপ্তদের অন্তর্ভুক্ত।'

قَالَ فَبِمَآ اَغْوَيْتَنِيْ لَاَقْعُدَنَّ لَهُمْ صِرَاطَكَ الْمُسْتَقِيْمَ ۙ﴿١٦﴾

১৬। সে বলল, 'আপনি যেহেতু আমাকে বিপথগামী করলেন, তাই আমিও আপনার সরল-সঠিক পথে তাদের জন্য অবশ্যই অবশ্যই (ওঁৎ পেতে) বসে থাকব-

ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِّنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ وَمِنْ خَلْفِهِمْ وَعَنْ اَيْمَانِهِمْ وَعَنْ شَمَآئِلِهِمْ ؕ وَلَا تَجِدُ اَكْثَرَهُمْ شٰكِرِيْنَ ﴿١٧﴾

১৭। এরপর অবশ্যই অবশ্যই আমি তাদের কাছে আসব তাদের সামনের দিক থেকে ও তাদের পিছনের দিক থেকে এবং তাদের ডান দিক থেকে ও তাদের বাম দিক থেকে। এবং আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ হিসেবে পাবেন না।'

قَالَ اخْرُجْ مِنْهَا مَذْءُوْمًا مَّدْحُوْرًا ؕ لَمَنْ تَبِعَكَ مِنْهُمْ لَاَمْلَئَنَّ جَهَنَّمَ مِنْكُمْ اَجْمَعِيْنَ ﴿١٨﴾

১৮। তিনি বললেন, 'এখান থেকে নিন্দিত ও বিতাড়িত অবস্থায় বের হয়ে যাও। তাদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে অবশ্যই অবশ্যই আমি তোমাদের সকলের দ্বারা জাহান্নাম পূর্ণ করব।'

وَيٰٓاٰدَمُ اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ﴿١٩﴾

১৯। আর হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং তোমরা যেখান থেকে ইচ্ছা আহার কর, কিন্তু এই গাছের নিকটবর্তী হয়ো না, তাহলে তোমরা জালিমদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطٰنُ لِيُبْدِيَ لَهُمَا مَا وٗرِيَ عَنْهُمَا مِنْ سَوْاٰتِهِمَا وَقَالَ مَا نَهٰىكُمَا رَبُّكُمَا عَنْ هٰذِهِ الشَّجَرَةِ اِلَّآ اَنْ تَكُوْنَا مَلَكَيْنِ اَوْ تَكُوْنَا مِنَ الْخٰلِدِيْنَ ﴿٢٠﴾

২০। অতঃপর শয়তান তাদের দু'জনকে কুমন্ত্রণা দিল, তাদের লজ্জাস্থান - যা তাদের কাছে গোপন রাখা হয়েছিল - তাদের কাছে প্রকাশ করার জন্য এবং বলল, 'তোমাদের প্রতিপালক এই গাছ থেকে তোমাদের দু'জনকে নিষেধ করেছেন কেবল এই জন্য যে, তোমরা ফেরেশতা হয়ে যাবে কিংবা তোমরা হয়ে যাবে অমরদের অন্তর্ভুক্ত।'

وَقَاسَمَهُمَآ اِنِّيْ لَكُمَا لَمِنَ النّٰصِحِيْنَ ۙ﴿٢١﴾

২১। এবং সে তাদের দু'জনের কাছে (আল্লাহ্‌র নামে) কসম করে বলল, 'নিশ্চয় আমি অবশ্যই তোমাদের কল্যাণকামীদের অন্তর্ভুক্ত'-

فَدَلّٰىهُمَا بِغُرُوْرٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْاٰتُهُمَا وَطَفِقَا يَخْصِفٰنِ عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ ؕ وَنَادٰىهُمَا رَبُّهُمَآ اَلَمْ اَنْهَكُمَا عَنْ تِلْكُمَا الشَّجَرَةِ وَاَقُلْ لَّكُمَآ اِنَّ الشَّيْطٰنَ لَكُمَا عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٢٢﴾

২২। এভাবে সে তাদেরকে প্রতারণার মাধ্যমে অধঃপতিত করল, অতঃপর যখন তারা সেই গাছের স্বাদ গ্রহণ করল তখন তাদের লজ্জাস্থান তাদের কাছে প্রকাশ হয়ে পড়ল এবং তারা জান্নাতের পাতা দিয়ে নিজেদেরকে আবৃত করতে লাগল। এবং তাদের প্রতিপালক তাদেরকে ডেকে বললেন, 'আমি কি তোমাদেরকে এ গাছের কাছে যেতে নিষেধ করিনি এবং আমি কি তোমাদেরকে বলিনি যে, নিশ্চয় শয়তান তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু?'

قَالَا رَبَّنَا ظَلَمْنَآ اَنْفُسَنَا ۫ وَاِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٢٣﴾

২৩। তারা দু'জন বলল, 'হে আমাদের প্রতিপালক! আমরা নিজেদের প্রতি জুলুম করেছি, আর যদি আপনি আমাদেরকে ক্ষমা না করেন এবং আমাদেরকে দয়া না করেন তাহলে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হব।'

قَالَ اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِي الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿٢٤﴾

২৪। তিনি বললেন, 'তোমরা নেমে যাও, তোমরা একে অপরের শত্রু এবং পৃথিবীতে তোমাদের জন্য একটি সময় পর্যন্ত অবস্থান ও জীবনোপভোগ রয়েছে।'

قَالَ فِيْهَا تَحْيَوْنَ وَفِيْهَا تَمُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُوْنَ ﴿٢٥﴾

২৫। তিনি বললেন, 'সেখানেই তোমরা জীবন যাপন করবে, সেখানেই তোমরা মৃত্যুবরণ করবে এবং সেখান থেকেই তোমাদেরকে বের করে আনা হবে।'

ع ٢ ١٥ ٩ ٢ রুকূ ৯

يٰبَنِيْٓ اٰدَمَ قَدْ اَنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُّوَارِيْ سَوْاٰتِكُمْ وَرِيْشًا ؕ وَلِبَاسُ التَّقْوٰى ۙ ذٰلِكَ خَيْرٌ ؕ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٢٦﴾

২৬। হে বনী আদম! আমি তোমাদের জন্য পোশাক অবতীর্ণ করেছি যা তোমাদের লজ্জাস্থানসমূহকে আবৃত রাখে এবং (তা তোমাদের জন্য) সৌন্দর্যস্বরূপ। আর তাকওয়ার পোশাক- এটিই উত্তম। এটি (পোশাক অবতীর্ণ করা) আল্লাহ্‌র নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

يٰبَنِيْٓ اٰدَمَ لَا يَفْتِنَنَّكُمُ الشَّيْطٰنُ كَمَآ اَخْرَجَ اَبَوَيْكُمْ مِّنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا سَوْاٰتِهِمَا ؕ اِنَّهٗ يَرٰىكُمْ هُوَ وَقَبِيْلُهٗ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ ؕ اِنَّا جَعَلْنَا الشَّيٰطِيْنَ اَوْلِيَآءَ لِلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿٢٧﴾

২৭। হে বনী আদম! শয়তান যেন তোমাদেরকে কিছুতেই ফিতনায় না ফেলে যেভাবে তোমাদের পিতামাতাকে সে জান্নাত থেকে বের করেছিল, সে তাদের দু'জন থেকে তাদের পোশাক অপসারিত করেছিল যেন সে তাদেরকে তাদের লজ্জাস্থানসমূহ দেখাতে পারে। নিশ্চয় সে (নিজে) এবং তার দল তোমাদেরকে এমন স্থান থেকে দেখে যে, তোমরা তাদেরকে দেখতে পাও না। নিশ্চয় আমি শয়তানদেরকে তাদের বন্ধু বানিয়ে দিয়েছি যারা ঈমান আনে না।

وَاِذَا فَعَلُوْا فَاحِشَةً قَالُوْا وَجَدْنَا عَلَيْهَآ اٰبَآءَنَا وَاللّٰهُ اَمَرَنَا بِهَا ؕ قُلْ اِنَّ اللّٰهَ لَا يَاْمُرُ بِالْفَحْشَآءِ ؕ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٢٨﴾

২৮। এবং যখন তারা কোন অশ্লীল কাজ করে তখন বলে, 'আমরা আমাদের বাপ-দাদাদেরকে এর উপরই পেয়েছি এবং আল্লাহ্ আমাদেরকে এর নির্দেশ দিয়েছেন।' বল, 'নিশ্চয় আল্লাহ্ অশ্লীল কাজের নির্দেশ দেন না। তোমরা কি আল্লাহ্ সম্পর্কে (এমন কিছু) বলছ যা তোমরা জান না?'

قُلْ اَمَرَ رَبِّيْ بِالْقِسْطِ ۫ وَاَقِيْمُوْا وُجُوْهَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَّادْعُوْهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ؕ كَمَا بَدَاَكُمْ تَعُوْدُوْنَ ﴿٢٩﴾

২৯। বল, 'আমার প্রতিপালক আমাকে ন্যায়বিচারের নির্দেশ দিয়েছেন। আর তোমরা প্রত্যেক সিজদার সময় (অর্থাৎ প্রত্যেক সালাতে) তোমাদের চেহারাকে (কিবলামুখী করে) সোজা কর এবং তাঁকে ডাক দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে। তোমরা সেভাবেই ফিরে যাবে (পুণরুত্থিত হবে) যেভাবে তিনি তোমাদের (সৃষ্টির) সূচনা করেছিলেন।

فَرِيْقًا هَدٰى وَفَرِيْقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلٰلَةُ ؕ اِنَّهُمُ اتَّخَذُوا الشَّيٰطِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ اللّٰهِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ﴿٣٠﴾

৩০। একদলকে তিনি সঠিক পথ প্রদর্শন করেছেন এবং অপর দলের উপর পথভ্রষ্টতা অবধারিত হয়েছে। নিশ্চয় তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে শয়তানদেরকে তাদের অভিভাবক হিসেবে গ্রহণ করেছে এবং তারা মনে করে যে তারা সঠিক পথপ্রাপ্ত।

يٰبَنِيْٓ اٰدَمَ خُذُوْا زِيْنَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَّكُلُوْا وَاشْرَبُوْا وَلَا تُسْرِفُوْا ۚ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُسْرِفِيْنَ ﴿٣١﴾ ع ٣ ١٠ ٦ রুকু ১০

৩১। হে বনী আদম! প্রত্যেক সিজদার সময় (অর্থাৎ প্রত্যেক সালাতে) তোমরা তোমাদের সৌন্দর্য (সৌন্দর্যের পোশাক)* গ্রহণ কর এবং তোমরা আহার কর ও পান কর কিন্তু অপচয় করো না, নিশ্চয় তিনি অপচয়কারীদেরকে ভালবাসেন না।

قُلْ مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ الَّتِيْٓ اَخْرَجَ لِعِبَادِهٖ وَالطَّيِّبٰتِ مِنَ الرِّزْقِ ؕ قُلْ هِيَ لِلَّذِيْنَ اٰمَنُوْا فِي الْحَيٰوةِ الدُّنْيَا خَالِصَةً يَّوْمَ الْقِيٰمَةِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿٣٢﴾

৩২। বল, 'আল্লাহ্‌র সৌন্দর্য* - যা তিনি তাঁর বান্দাদের জন্য বের করেছেন - এবং পবিত্র রিযিক কে হারাম করেছে?' বল, 'এসব দুনিয়ার জীবনে যারা ঈমান এনেছে তাদের জন্য (যদিও তা কাফিররাও ভোগ করে), বিশেষ করে কিয়ামতের দিনে (তাদের জন্য, কাফিরদের জন্য নয়)। এভাবেই আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

قُلْ اِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْاِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَاَنْ تُشْرِكُوْا بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا وَّاَنْ تَقُوْلُوْا عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٣٣﴾

৩৩। বল, 'আমার প্রতিপালক কেবল হারাম করেছেন প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতা, পাপকাজ, অন্যায় বাড়াবাড়ি, আল্লাহ্‌র সাথে শরীক করা যার সম্পর্কে (সমর্থনে) তিনি কোন প্রমাণ অবতীর্ণ করেননি এবং আল্লাহ্ সম্পর্কে তোমাদের এমন কিছু বলা যা তোমরা জান না।'

وَلِكُلِّ اُمَّةٍ اَجَلٌ ۚ فَاِذَا جَآءَ اَجَلُهُمْ لَا يَسْتَاْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ﴿٣٤﴾

৩৪। আর প্রত্যেক উম্মতের (জনগোষ্ঠির) একটি নির্দিষ্ট সময় আছে। অতঃপর যখন তাদের নির্দিষ্ট সময় আসবে তখন তারা এক মুহূর্ত বিলম্বিত করতে পারবে না এবং ত্বরান্বিতও করতে পারবে না।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰبَنِيْٓ اٰدَمَ اِمَّا يَاْتِيَنَّكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ عَلَيْكُمْ اٰيٰتِيْ ۙ فَمَنِ اتَّقٰى وَاَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٣٥﴾

৩৫। হে বনী আদম! যদি তোমাদের মধ্য থেকে রাসূলরা তোমাদের কাছে এসে আমার আয়াতসমূহ বর্ণনা করে, তবে যারা তাকওয়া অবলম্বন করবে এবং (নিজেদেরকে) সংশোধন করবে, তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاسْتَكْبَرُوْا عَنْهَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٣٦﴾

৩৬। এবং যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং সেগুলো থেকে অহংকার করে বিরত থেকেছে তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اُولٰٓئِكَ يَنَالُهُمْ نَصِيْبُهُمْ مِّنَ الْكِتٰبِ ؕ حَتّٰٓى اِذَا جَآءَتْهُمْ رُسُلُنَا يَتَوَفَّوْنَهُمْ ۙ قَالُوْٓا اَيْنَ مَا كُنْتُمْ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالُوْا ضَلُّوْا عَنَّا وَشَهِدُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ اَنَّهُمْ كَانُوْا كٰفِرِيْنَ ﴿٣٧﴾

৩৭। সুতরাং যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করেছে অথবা তাঁর আয়তসমূহকে মিথ্যা অভিহিত করেছে তার চেয়ে অধিক জালিম আর কে? ওরাই তারা যাদের কাছে কিতাব (লওহে মাহফুজ) থেকে তাদের অংশ (রিযিক, জীবনকাল ইত্যাদি) পৌঁছবে। অবশেষে যখন আমার রাসূলরা (ফেরেশতারা) মৃত্যু ঘটানোর জন্য তাদের কাছে আসবে তখন বলবে, 'আল্লাহ্কে বাদ দিয়ে যাদেরকে তোমরা ডাকতে তারা কোথায়?' তারা বলবে, 'তারা আমাদের থেকে উধাও হয়ে গেছে' এবং তারা তাদের নিজেদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে যে, তারা কাফির ছিল।

قَالَ ادْخُلُوْا فِيْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ فِي النَّارِ ؕ كُلَّمَا دَخَلَتْ اُمَّةٌ لَّعَنَتْ اُخْتَهَا ؕ حَتّٰٓى اِذَا ادَّارَكُوْا فِيْهَا جَمِيْعًا ۙ قَالَتْ اُخْرٰىهُمْ لِاُوْلٰىهُمْ رَبَّنَا هٰٓؤُلَآءِ اَضَلُّوْنَا فَاٰتِهِمْ عَذَابًا ضِعْفًا مِّنَ النَّارِ ؕ قَالَ لِكُلٍّ ضِعْفٌ وَّلٰكِنْ لَّا تَعْلَمُوْنَ ﴿٣٨﴾

৩৮। তিনি (আল্লাহ্) বলবেন, 'তোমরা তোমাদের পূর্বে গত হওয়া জ্বীন ও মানুষের উম্মতসমূহের (দলসমূহের) মধ্যে প্রবেশ কর- আগুনে।' যখনই কোন উম্মত (দল) প্রবেশ করবে তখন অপর দলকে তারা লা'নত করবে, অবশেষে যখন সবাই তাতে একত্র হবে তখন তাদের পরবর্তীরা পূর্ববর্তীদের সম্পর্কে বলবে, 'হে আমাদের প্রতিপালক! এরাই আমাদেরকে পথভ্রষ্ট করেছিল, সুতরাং এদেরকে আগুনের দ্বিগুণ শাস্তি দিন।' তিনি (আল্লাহ্) বলবেন, 'প্রত্যেকের জন্য রয়েছে দ্বিগুণ (শাস্তি), কিন্তু তোমরা জান না।'

وَقَالَتْ اُوْلٰىهُمْ لِاُخْرٰىهُمْ فَمَا كَانَ لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْسِبُوْنَ ﴿٣٩﴾ ع ٤ ٨ ١١ ٤ রুকূ ১১

৩৯। তাদের পূর্ববর্তীরা তাদের পরবর্তীদেরকে* বলবে, 'আমাদের উপর তোমাদের কোন মর্যাদা (ভাল দিক) নেই, সুতরাং তোমরা যা অর্জন করতে সে কারণে শাস্তি ভোগ কর।'

اِنَّ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاسْتَكْبَرُوْا عَنْهَا لَا تُفَتَّحُ لَهُمْ اَبْوَابُ السَّمَآءِ وَلَا يَدْخُلُوْنَ الْجَنَّةَ حَتّٰى يَلِجَ الْجَمَلُ فِيْ سَمِّ الْخِيَاطِ ؕ وَكَذٰلِكَ نَجْزِي الْمُجْرِمِيْنَ ﴿٤٠﴾

৪০। নিশ্চয় যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং সেগুলো থেকে অহংকার করে বিরত থেকেছে, তাদের জন্য আকাশের দরজাসমূহ উন্মুক্ত করা হবে না এবং তারা জান্নাতেও প্রবেশ করবে না - যতক্ষণ না সুচের ছিদ্রপথে উট প্রবেশ করে। এবং এভাবেই আমি অপরাধীদেরকে প্রতিফল দেই।

لَهُمْ مِّنْ جَهَنَّمَ مِهَادٌ وَّمِنْ فَوْقِهِمْ غَوَاشٍ ؕ وَكَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ﴿٤١﴾

৪১। তাদের জন্য রয়েছে জাহান্নামের (আগুনের) বিছানা এবং তাদের উপরে থাকবে (আগুনের) আচ্ছাদন। এবং এভাবেই আমি জালিমদেরকে প্রতিফল দেই।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَآ ۫ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٤٢﴾

৪২। কিন্তু যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে- আমি কারো উপর তার সাধ্যাতীত (কিছু) চাপিয়ে দেই না- তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَنَزَعْنَا مَا فِيْ صُدُوْرِهِمْ مِّنْ غِلٍّ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ ۚ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ هَدٰىنَا لِهٰذَا قف وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَآ اَنْ هَدٰىنَا اللّٰهُ ۚ لَقَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ؕ وَنُوْدُوْٓا اَنْ تِلْكُمُ الْجَنَّةُ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٤٣﴾

৪৩। এবং আমি তাদের বক্ষসমূহ থেকে বিদ্বেষ দূর করব, তাদের নীচে প্রবাহিত হবে নহরসমূহ এবং তারা বলবে, 'সকল প্রশংসা আল্লাহ্র জন্য যিনি আমাদেরকে এর জন্য সঠিকপথ প্রদর্শন করেছিলেন। আল্লাহ্ আমাদেরকে সঠিকপথ প্রদর্শন না করলে আমরা সঠিক পথ পেতাম না। আমাদের প্রতিপালকের রাসূলরা অবশ্যই সত্যসহ এসেছিলেন।' এবং তাদেরকে ডেকে বলা হবে, 'তোমরা যা করতে তার বিনিময়ে তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হয়েছে।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَنَادٰٓى اَصْحٰبُ الْجَنَّةِ اَصْحٰبَ النَّارِ اَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا
رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُّمْ مَّا وَعَدَ رَبُّكُمْ حَقًّا ؕ قَالُوْا نَعَمْ ۚ
فَاَذَّنَ مُؤَذِّنٌۢ بَيْنَهُمْ اَنْ لَّعْنَةُ اللّٰهِ عَلَى الظّٰلِمِيْنَ ﴿٤٤﴾

৪৪। এবং জান্নাতের অধিবাসীরা আগুনের অধিবাসীদেরকে ডেকে বলবে, 'আমাদের প্রতিপালক আমাদেরকে যা প্রতিশ্রুতি দিয়েছিলেন আমরা তা ইতোমধ্যেই সত্য হিসেবে পেয়েছি, সুতরাং তোমাদের প্রতিপালক তোমাদেরকে যা প্রতিশ্রুতি দিয়েছিলেন তোমরা তা সত্য হিসেবে পেয়েছ কি?' তারা বলবে, 'হ্যাঁ', অতঃপর এক ঘোষণাকারী তাদের মধ্যে ঘোষণা করবে যে, ' আল্লাহ্‌র লা'নত জালিমদের উপর-

الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَهُمْ
بِالْاٰخِرَةِ كٰفِرُوْنَ ﴿٤٥﴾

৪৫। যারা আল্লাহ্‌র পথ হতে বিরত রাখত এবং তাতে বক্রতা অন্বেষণ করত এবং তারা ছিল আখিরাতে অবিশ্বাসী।'

وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى الْاَعْرَافِ رِجَالٌ يَّعْرِفُوْنَ كُلًّا
بِسِيْمٰهُمْ ۚ وَنَادَوْا اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ سَلٰمٌ عَلَيْكُمْ ۫
لَمْ يَدْخُلُوْهَا وَهُمْ يَطْمَعُوْنَ ﴿٤٦﴾

৪৬। এবং (জান্নাত ও জাহান্নামের অধিবাসী) উভয়ের মাঝে থাকবে একটি পর্দা (প্রাচীর) এবং আ'রাফে কিছু লোক থাকবে যারা প্রত্যেককে তাদের চিহ্নসমূহ দ্বারা চিনতে পারবে এবং তারা জান্নাতের অধিবাসীদেরকে ডেকে বলবে, 'তোমাদের উপর সালাম (শান্তি)।' তারা এতে (জান্নাতে) প্রবেশ করেনি, কিন্তু প্রত্যাশা করে।

وَاِذَا صُرِفَتْ اَبْصَارُهُمْ تِلْقَآءَ اَصْحٰبِ النَّارِ ۙ قَالُوْا رَبَّنَا
لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٤٧﴾

৪৭। এবং যখন তাদের দৃষ্টি আগুনের অধিবাসীদের দিকে ফিরানো হবে তখন তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে জালিম সম্প্রদায়ের সঙ্গী করবেন না।'

وَنَادٰٓى اَصْحٰبُ الْاَعْرَافِ رِجَالًا يَّعْرِفُوْنَهُمْ بِسِيْمٰهُمْ قَالُوْا
مَآ اَغْنٰى عَنْكُمْ جَمْعُكُمْ وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ ﴿٤٨﴾

৪৮। আর আ'রাফের অধিবাসীরা (জাহান্নামের) কিছু লোককে তাদের চিহ্নসমূহ দ্বারা চিনবে, তারা তাদেরকে ডেকে বলবে, 'তোমাদের জমা করা (ধন-জন) তোমাদের কোন কাজে আসল না ও তোমরা যে অহংকার করতে (তাও না)।'

اَهٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ اللّٰهُ بِرَحْمَةٍ ؕ اُدْخُلُوا الْجَنَّةَ
لَا خَوْفٌ عَلَيْكُمْ وَلَآ اَنْتُمْ تَحْزَنُوْنَ ﴿٤٩﴾

৪৯। (জান্নাতীদের দেখিয়ে আ'রাফবাসীরা বলবে) এরাই কি তারা, যাদের সম্পর্কে তোমরা কসম করতে যে, আল্লাহ্ এদের প্রতি কোন দয়া প্রদর্শন করবেন না? (আ'রাফবাসীদেরকে বলা হবে), 'তোমরা জান্নাতে প্রবেশ কর, তোমাদের কোন ভয় নেই এবং তোমরা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।'

وَنَادٰٓى اَصْحٰبُ النَّارِ اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ اَفِيْضُوْا عَلَيْنَا مِنَ الْمَآءِ
اَوْ مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ ؕ قَالُوْٓا اِنَّ اللّٰهَ حَرَّمَهُمَا عَلَى الْكٰفِرِيْنَ ﴿٥٠﴾

৫০। এবং আগুনের অধিবাসীরা জান্নাতের অধিবাসীদেরকে ডেকে বলবে, 'তোমরা আমাদের উপর কিছু পানি ঢেলে দাও, অথবা আল্লাহ্ তোমাদেরকে যে রিযিক দিয়েছেন (তা থেকে কিছু দাও)।' তারা বলবে, 'নিশ্চয় আল্লাহ্ দু'টিই কাফিরদের জন্য হারাম করেছেন-

الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَهُمْ لَهْوًا وَّلَعِبًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ
الدُّنْيَا ۚ فَالْيَوْمَ نَنْسٰىهُمْ كَمَا نَسُوْا لِقَآءَ يَوْمِهِمْ هٰذَا ۙ وَمَا
كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ﴿٥١﴾

৫১। যারা তাদের দ্বীনকে খেল-তামাশারূপে গ্রহণ করেছিল এবং দুনিয়ার জীবন যাদেরকে প্রতারিত করেছিল।' সুতরাং আজ আমি তাদেরকে ভুলে যাব, যেভাবে তারা তাদের এ দিনের সাক্ষাৎকে ভুলে গিয়েছিল এবং যেভাবে তারা আমার আয়াতসমূহকে অস্বীকার করত।

وَلَقَدْ جِئْنٰهُمْ بِكِتٰبٍ فَصَّلْنٰهُ عَلٰى عِلْمٍ هُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ
يُّؤْمِنُوْنَ ﴿٥٢﴾

৫২। আর আমি তাদের কাছে একটি কিতাব নিয়ে এসেছিলাম যা আমি জেনে-বুঝে বিস্তারিত বর্ণনা করেছিলাম পথনির্দেশিকা ও দয়াস্বরূপ এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ ؕ يَوْمَ يَاْتِىْ تَاْوِيْلُهٗ يَقُوْلُ الَّذِيْنَ
نَسُوْهُ مِنْ قَبْلُ قَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلْ لَّنَا مِنْ
شُفَعَآءَ فَيَشْفَعُوْا لَنَآ اَوْ نُرَدُّ فَنَعْمَلَ غَيْرَ الَّذِىْ كُنَّا نَعْمَلُ ؕ قَدْ
خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٥٣﴾

৫৩। (যারা দ্বীনকে খেল-তামাশারূপে গ্রহণ করেছে) তারা কি কেবল এর (অর্থাৎ কিতাবে উল্লেখিত) পরিণামের অপেক্ষা করছে? যেদিন এর পরিণাম এসে যাবে, সেদিন যারা পূর্বে তা (কিতাবে উল্লিখিত বিষয়) ভুলে গিয়েছিল তারা বলবে, 'আমাদের প্রতিপালকের রাসূলগণ সত্যসহ এসেছিলেন, সুতরাং (আজ) আমাদের জন্য কি কোন সুপারিশকারী আছে যারা আমাদের জন্য সুপারিশ করবে অথবা আমাদেরকে কি (দুনিয়ার) ফিরিয়ে নেয়া হবে? তাহলে আমরা (পূর্বে) যা করতাম তার বিপরীত (ভাল) কাজ করব। অবশ্যই তারা তাদের নিজেদের ক্ষতি করেছে এবং তারা যে মিথ্যা রচনা করত তাও তাদের থেকে উধাও হয়ে গেছে।

৫৪। নিশ্চয় তোমাদের প্রতিপালক আল্লাহ্ যিনি আকাশসমূহ ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছেন, এরপর তিনি 'আরশে' সমাসীন হয়েছেন। তিনি রাতকে দিন দ্বারা আচ্ছাদিত করেন, সে (পরবর্তী রাত) তাকে (দিনকে) অনুসরণ করে দ্রুতগতিতে এবং তিনি সূর্য, চন্দ্র ও তারকারাজিকে তাঁর নির্দেশের অধীন করেছেন। জেনে রাখ, সৃষ্টি ও নির্দেশ তাঁরই। বরকতময় আল্লাহ্, জগৎসমূহের প্রতিপালক।

اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِىْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۫ يُغْشِى الَّيْلَ النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍۭ بِاَمْرِهٖ ؕ اَلَا لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ؕ تَبٰرَكَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٥٤﴾

৫৫। তোমরা তোমাদের প্রতিপালককে ডাক বিনীতভাবে ও গোপনে। নিশ্চয় তিনি সীমালঙ্ঘনকারীদেরকে ভালবাসেন না।

اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا وَّخُفْيَةً ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿٥٥﴾

৫৬। এবং তোমরা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করো না একে সংস্কার করার পর এবং তোমরা তাঁকে ডাক ভয় ও প্রত্যাশা নিয়ে। নিশ্চয় আল্লাহ্র দয়া সৎকর্মপরায়নদের নিকটবর্তী।

وَلَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا وَادْعُوْهُ خَوْفًا وَّطَمَعًا ؕ اِنَّ رَحْمَتَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ ﴿٥٦﴾

৫৭। এবং তিনিই তাঁর দয়ার (বৃষ্টির) পূর্বে বাতাসকে সুসংবাদবাহীরূপে প্রেরণ করেন। অবশেষে যখন তা ভারী মেঘমালা বহন করে তখন আমি তা মৃত ভূমির দিকে পরিচালিত করি, অতঃপর তা থেকে পানি অবতীর্ণ করি, অতঃপর তা দিয়ে সব ধরনের ফল-মূল বের করি। এভাবেই আমি মৃতদেরকে বের করে আনব, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।

وَهُوَ الَّذِىْ يُرْسِلُ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَىْ رَحْمَتِهٖ ؕ حَتّٰۤى اِذَاۤ اَقَلَّتْ سَحَابًا ثِقَالًا سُقْنٰهُ لِبَلَدٍ مَّيِّتٍ فَاَنْزَلْنَا بِهِ الْمَآءَ فَاَخْرَجْنَا بِهٖ مِنْ كُلِّ الثَّمَرٰتِ ؕ كَذٰلِكَ نُخْرِجُ الْمَوْتٰى لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٥٧﴾

৫৮। আর উৎকৃষ্ট ভূমির ফসল তার প্রতিপালকের ইচ্ছায় উৎপন্ন হয়, এবং যা নিকৃষ্ট (তার ফসল) কঠিন পরিশ্রম ছাড়া উৎপন্ন হয় না। এভাবেই আমি নিদর্শনসমূহ বিভিন্নভাবে বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা কৃতজ্ঞতা প্রকাশ করে।

ع ٧ ٥ ١٤ ٩ রুকূ ১৪

وَالْبَلَدُ الطَّيِّبُ يَخْرُجُ نَبَاتُهٗ بِاِذْنِ رَبِّهٖ ۚ وَالَّذِىْ خَبُثَ لَا يَخْرُجُ اِلَّا نَكِدًا ؕ كَذٰلِكَ نُصَرِّفُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّشْكُرُوْنَ ﴿٥٨﴾

৫৯। অবশ্যই আমি নূহ্কে প্রেরণ করেছিলাম তার সম্প্রদায়ের কাছে এবং সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। নিশ্চয় আমি তোমাদের উপর এক ভয়াবহ দিনের শাস্তির আশঙ্কা করছি।'

لَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنِّىْۤ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿٥٩﴾

৬০। তার সম্প্রদায়ের প্রধানরা বলেছিল, 'নিশ্চয় আমরা অবশ্যই তোমাকে সুস্পষ্ট পথভ্রষ্টতায় দেখতে পাচ্ছি।'

قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهٖۤ اِنَّا لَنَرٰىكَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٦٠﴾

৬১। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! আমার মধ্যে কোন পথভ্রষ্টতা নেই, বরং আমি জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে একজন রাসূল।

قَالَ يٰقَوْمِ لَيْسَ بِىْ ضَلٰلَةٌ وَّلٰكِنِّىْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٦١﴾

৬২। আমি আমার প্রতিপালকের রিসালাত (পয়গাম) তোমাদের কাছে পৌঁছাই ও তোমাদেরকে উপদেশ দেই এবং আমি আল্লাহ্র কাছ থেকে এমন কিছু জানি যা তোমরা জান না।

اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّىْ وَاَنْصَحُ لَكُمْ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٢﴾

৬৩। তোমরা কি আশ্চর্য হয়েছ যে, তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এক উপদেশ এসেছে তোমাদেরই মধ্যকার এক ব্যক্তির উপর, যাতে সে তোমাদেরকে সতর্ক করতে পারে এবং তোমরা (আল্লাহ্কে) ভয় করতে পার এবং যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার?'

اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ وَلِتَتَّقُوْا وَلَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٦٣﴾

৬৪। কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, সুতরাং আমি তাকে ও তার সাথে যারা নৌযানে ছিল তাদেরকে উদ্ধার করেছিলাম, আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছিল তাদেরকে নিমজ্জিত করেছিলাম। নিশ্চয় তারা ছিল এক অন্ধ সম্প্রদায়।

ع ٨ ١٥ ٨ রুকূ ১৫

فَكَذَّبُوْهُ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ فِى الْفُلْكِ وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا عَمِيْنَ ﴿٦٤﴾

৬৫। এবং আদ* -এর প্রতি আমি তাদের ভাই হূদকে (প্রেরণ করেছিলাম)। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। তবে কি তোমরা (আল্লাহ্কে) ভয় করবে না?'

وَاِلٰى عَادٍ اَخَاهُمْ هُوْدًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٦٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖٓ اِنَّا لَنَرٰىكَ فِيْ سَفَاهَةٍ وَّاِنَّا لَنَظُنُّكَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٦٦﴾

৬৬। প্রধানরা - যারা তার সম্প্রদায়ের মধ্য থেকে কুফরী করেছিল - বলেছিল, 'নিশ্চয় আমরা অবশ্যই তোমাকে নির্বুদ্ধিতার মধ্যে দেখছি এবং নিশ্চয় আমরা অবশ্যই তোমাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত মনে করছি।'

قَالَ يٰقَوْمِ لَيْسَ بِيْ سَفَاهَةٌ وَّلٰكِنِّيْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٦٧﴾

৬৭। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! আমার মধ্যে কোন নির্বুদ্ধিতা নেই বরং আমি জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে একজন রাসূল।

اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَاَنَا لَكُمْ نَاصِحٌ اَمِيْنٌ ﴿٦٨﴾

৬৮। আমি আমার প্রতিপালকের রিসালাত (পয়গাম) তোমাদের কাছে পৌছাই এবং আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত কল্যাণকামী।

اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ ۭ وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَاۗءَ مِنْۢ بَعْدِ قَوْمِ نُوْحٍ وَّزَادَكُمْ فِي الْخَلْقِ بَصْۜطَةً ۚ فَاذْكُرُوْٓا اٰلَاۗءَ اللّٰهِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٦٩﴾

৬৯। তোমরা কি আশ্চর্য হয়েছ যে, তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এক উপদেশ এসেছে তোমাদেরই মধ্যকার এক ব্যক্তির উপর যাতে সে তোমাদেরকে সতর্ক করতে পারে? এবং তোমরা স্মরণ কর যখন তিনি তোমাদেরকে নূহের সম্প্রদায়ের পরে (তাদের) স্থলাভিষিক্ত করেছেন এবং তোমাদেরকে দেহাকৃতিতে প্রশস্ততা বাড়িয়ে দিয়েছেন, সুতরাং তোমরা আল্লাহ্‌র অনুগ্রহসমূহ স্মরণ কর, যাতে তোমরা সফল হতে পার।'

قَالُوْٓا اَجِئْتَنَا لِنَعْبُدَ اللّٰهَ وَحْدَهٗ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ اٰبَاۗؤُنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٧٠﴾

৭০। তারা বলল, 'তুমি কি আমাদের কাছে এসেছ এ উদ্দেশ্যে যে, আমরা যেন একা আল্লাহ্‌র ইবাদত করি এবং আমাদের পিতৃ-পুরুষরা যা উপাসনা করত তা বর্জন করি? তাহলে তুমি আমাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দিচ্ছ তা নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

قَالَ قَدْ وَقَعَ عَلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ رِجْسٌ وَّغَضَبٌ ۭ اَتُجَادِلُوْنَنِيْ فِيْٓ اَسْمَاۗءٍ سَمَّيْتُمُوْهَآ اَنْتُمْ وَاٰبَاۗؤُكُمْ مَّا نَزَّلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ۭ فَانْتَظِرُوْٓا اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿٧١﴾

৭১। সে বলল, 'তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে শাস্তি ও ক্রোধ তোমাদের জন্য নির্ধারিত হয়েই আছে। তবে কি তোমরা আমার সাথে বিতর্ক করতে চাও এমন কতগুলো নাম সম্পর্কে যেগুলো তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা রেখেছ, যেগুলো সম্পর্কে আল্লাহ্ কোন প্রমাণ অবতীর্ণ করেননি? সুতরাং তোমরা অপেক্ষা কর, নিশ্চয় আমি তোমাদের সাথে অপেক্ষাকারীদের অন্তর্ভুক্ত।'

فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٧٢﴾

৭২। অতঃপর আমি তাকে ও যারা তার সাথে ছিল তাদেরকে আমার দয়ায় উদ্ধার করেছিলাম, আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছিল তাদের মূল কেটে দিয়েছিলাম এবং তারা মু'মিন ছিল না।

ع ৯ ১৭ ৯ রুকূ ১৬

وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۭ قَدْ جَاۗءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ ۭ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْۗءٍ فَيَاْخُذَكُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٣﴾

৭৩। এবং ছামূদ-এর প্রতি তাদের ভাই সালিহ্‌কে (প্রেরণ করেছিলাম)। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে স্পষ্ট প্রমাণ এসেছে। এটি আল্লাহ্‌র উষ্ট্রী - তোমাদের জন্য নিদর্শনস্বরূপ, সুতরাং একে আল্লাহ্‌র যমীনে (চরে) খেতে দাও এবং একে কোন মন্দ দ্বারা স্পর্শ করো না, তাহলে এক যন্ত্রণাদায়ক শাস্তি তোমাদেরকে পাকড়াও করবে।

وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَاۗءَ مِنْۢ بَعْدِ عَادٍ وَّبَوَّاَكُمْ فِي الْاَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتًا ۚ فَاذْكُرُوْٓا اٰلَاۗءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٧٤﴾

৭৪। এবং স্মরণ কর যখন তিনি তোমাদেরকে আদ-এর পরে (তাদের) স্থলাভিষিক্ত করেছেন এবং তিনি তোমাদেরকে পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠিত করেছেন যে, তোমরা সমতল ভূমিতে প্রাসাদ নির্মাণ ও পাহাড় কেটে বাসগৃহ নির্মাণ করছ, সুতরাং তোমরা আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টিকারী হয়ে অপরাধ করো না।'

قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ اَنَّ صٰلِحًا مُّرْسَلٌ مِّنْ رَّبِّهٖ ۭ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٧٥﴾

৭৫। প্রধানরা - যারা তার সম্প্রদায়ের মধ্য থেকে অহংকার করেছিল - বলেছিল তাদেরকে যাদেরকে দুর্বল মনে করা হয়েছিল, যারা তাদের মধ্যে ঈমান এনেছিল, 'তোমরা কি জান যে, সালিহ্ তার প্রতিপালকের পক্ষ থেকে প্রেরিত?' তারা বলেছিল, 'যা সহ তাকে প্রেরণ করা হয়েছে নিশ্চয় আমরা তাতে বিশ্বাসী।'

قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا بِالَّذِيْٓ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٧٦﴾

৭৬। যারা অহংকার করেছিল তারা বলল, 'তোমরা যা বিশ্বাস কর নিশ্চয় আমরা তাতে অবিশ্বাসী।'

فَعَقَرُوا النَّاقَةَ وَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ وَقَالُوْا يٰصٰلِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٧٧﴾

৭৭। অতঃপর তারা সে উষ্ট্রীকে হত্যা করল ও তাদের প্রতিপালকের নির্দেশের অবাধ্য হল এবং বলল,'হে সালিহ্! যদি তুমি প্রেরিতদের (রাসূলদের) অন্তর্ভুক্ত হয়ে থাক তাহলে আমাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দিচ্ছ তা নিয়ে আস।'

فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٧٨﴾

৭৮। সুতরাং ভূমিকম্প তাদেরকে পাকড়াও করল, এবং তারা তাদের আবাসস্থলে উপুড় হয়ে পড়ে রইল।

فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ وَلٰكِنْ لَّا تُحِبُّوْنَ النّٰصِحِيْنَ ﴿٧٩﴾

৭৯। সুতরাং সে তাদের কাছ থেকে মুখ ফিরিয়ে নিল এবং বলল, 'হে আমার সম্প্রদায়! অবশ্যই আমি আমার প্রতিপালকের রিসালাত (পয়গাম) তোমাদের কাছে পৌঁছে দিয়েছি এবং তোমাদেরকে উত্তম উপদেশ দিয়েছি, কিন্তু তোমরা উত্তম উপদেশ দানকারীদেরকে ভালবাস না।'

وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٨٠﴾

৮০। এবং লূত, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা কি এমন অশ্লীল কাজ করছ যা তোমাদের পূর্বে জগৎসমূহের (মানব জাতির) কেউ করেনি।

اِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ۭ بَلْ اَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿٨١﴾

৮১। নিশ্চয় তোমরা কামনা চরিতার্থ করার জন্য নারীদেরকে ছেড়ে পুরুষদের কাছে গমন কর। বরং তোমরা এক সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।'

وَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوْٓا اَخْرِجُوْهُمْ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ﴿٨٢﴾

৮২। এবং তার সম্প্রদায়ের জবাব ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'এদেরকে তোমাদের জনপদ থেকে বের করে দাও, নিশ্চয় এরা এমন লোক যারা পবিত্র থাকতে চায়।'

فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ڰ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٨٣﴾

৮৩। অতঃপর আমি তাকে ও তার পরিবার-পরিজনকে উদ্ধার করেছিলাম-তার স্ত্রীকে ছাড়া, সে ছিল পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত।

وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۭ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿٨٤﴾

ع ١٠ ١٧ ١٥ রুকু ١٩

৮৪। এবং আমি তাদের উপর বর্ষণ করেছিলাম এক (পাথরের) বৃষ্টি। সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল অপরাধীদের পরিণাম।

وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۭ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۭ قَدْ جَاۗءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ فَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَاۗءَهُمْ وَلَا تُفْسِدُوْا فِي الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا ۭ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٨٥﴾

৮৫। এবং মাদইয়ান-এর প্রতি তাদের ভাই শু'আইবকে (প্রেরণ করেছিলাম)। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ এসেছে, সুতরাং তোমরা মাপ ও ওজন পুরোপুরি দিবে, লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিবে না এবং সংস্কারের পর পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করো না। এটি তোমাদের জন্য কল্যাণকর- যদি তোমরা মু'মিন হও।

وَلَا تَقْعُدُوْا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُوْنَ وَتَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ بِهٖ وَتَبْغُوْنَهَا عِوَجًا ۚ وَاذْكُرُوْٓا اِذْ كُنْتُمْ قَلِيْلًا فَكَثَّرَكُمْ ۡ وَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿٨٦﴾

৮৬। এবং তোমরা প্রতিটি পথে বসে থেকো না, যারা তাঁর প্রতি ঈমান এনেছে তাদেরকে ভীতি প্রদর্শন করে এবং আল্লাহ্‌র পথ হতে বিরত রেখে এবং তাতে (আল্লাহ্‌র পথে) বক্রতা অন্বেষণ করে। এবং স্মরণ কর যখন তোমরা ছিলে সংখ্যায় অল্প, অতঃপর তিনি তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছেন এবং লক্ষ্য কর, কেমন ছিল ফ্যাসাদ সৃষ্টিকারীদের পরিণাম।

وَاِنْ كَانَ طَاۗىِٕفَةٌ مِّنْكُمْ اٰمَنُوْا بِالَّذِيْٓ اُرْسِلْتُ بِهٖ وَطَاۗىِٕفَةٌ لَّمْ يُؤْمِنُوْا فَاصْبِرُوْا حَتّٰى يَحْكُمَ اللّٰهُ بَيْنَنَا ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿٨٧﴾

৮৭। এবং আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তাতে যদি তোমাদের কোন দল ঈমান আনে এবং কোন দল ঈমান না আনে তাহলে ধৈর্য ধারণ কর, যতক্ষণ না আল্লাহ্ আমাদের মাঝে ফয়সালা করে দেন, আর তিনিই উত্তম ফয়সালাকারী।'

পারা-৯

قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لَنُخْرِجَنَّكَ يٰشُعَيْبُ وَ الَّذِيْنَ اٰمَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ؕ قَالَ اَوَ لَوْ كُنَّا كٰرِهِيْنَ ﴿۸۸﴾

৮৮। প্রধানরা - যারা তার সম্প্রদায়ের মধ্য থেকে অহংকার করেছিল - বলেছিল, 'হে শু'আইব! অবশ্যই অবশ্যই আমরা তোমাকে ও তোমার সাথে যারা ঈমান এনেছে তাদেরকে আমাদের জনপদ থেকে বের করে দিব অথবা অবশ্যই অবশ্যই তোমরা আমাদের মিল্লাতে (ধর্মাদর্শে) ফিরে আসবে।' সে বলল, 'যদি আমরা (ওটা) অপছন্দ করি তবুও?

قَدِ افْتَرَيْنَا عَلَى اللّٰهِ كَذِبًا اِنْ عُدْنَا فِيْ مِلَّتِكُمْ بَعْدَ اِذْ نَجّٰىنَا اللّٰهُ مِنْهَا ؕ وَمَا يَكُوْنُ لَنَآ اَنْ نَّعُوْدَ فِيْهَآ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّنَا ؕ وَسِعَ رَبُّنَا كُلَّ شَيْءٍ عِلْمًا ؕ عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَاَنْتَ خَيْرُ الْفٰتِحِيْنَ ﴿۸۹﴾

৮৯। আমরা যদি তোমাদের মিল্লাতে (ধর্মাদর্শে) ফিরে যাই - আল্লাহ্ তা থেকে আমাদেরকে উদ্ধার করার পর - তাহলে তো আমরা আল্লাহ্র প্রতি মিথ্যা আরোপ করলাম। আর আমাদের প্রতিপালক আল্লাহ্ ইচ্ছা না করলে এতে ফিরে যাওয়া আমাদের জন্য (সঙ্গত) নয়। আমাদের প্রতিপালক সব কিছু জ্ঞানে পরিবেষ্টন করে আছেন। আল্লাহ্রই উপর আমরা ভরসা করি। হে আমাদের প্রতিপালক! আমাদের মাঝে ও আমাদের সম্প্রদায়ের মাঝে সত্যসহ মীমাংসা করে দিন এবং আপনিই উত্তম মীমাংসাকারী।'

وَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ لَئِنِ اتَّبَعْتُمْ شُعَيْبًا اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿۹۰﴾

৯০। এবং প্রধানরা - যারা তার সম্প্রদায়ের মধ্যে থেকে কুফরী করেছিল - বলেছিল, 'যদি তোমরা শু'আইবকে অনুসরণ কর তাহলে নিশ্চয় তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে।'

فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿۹۱﴾

৯১। সুতরাং ভূমিকম্প তাদেরকে পাকড়াও করল, এবং তারা তাদের আবাসস্থলে উপুড় হয়ে পড়ে রইল।

اَلَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۚ اَلَّذِيْنَ كَذَّبُوْا شُعَيْبًا كَانُوْا هُمُ الْخٰسِرِيْنَ ﴿۹۲﴾

৯২। যারা শু'আইবকে মিথ্যাবাদী বলেছিল তারা যেন সেখানে বসবাসই করেনি। যারা শু'আইবকে মিথ্যাবাদী বলেছিল তারাই ক্ষতিগ্রস্ত হয়েছিল।

فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ ۚ فَكَيْفَ اٰسٰى عَلٰى قَوْمٍ كٰفِرِيْنَ ﴿۹۳﴾

ع ١١ ١ ١١ রুকূ ১

৯৩। সুতরাং সে তাদের থেকে মুখ ফিরিয়ে নিল এবং বলল, 'হে আমার সম্প্রদায়! অবশ্যই আমি আমার প্রতিপালকের রিসালাত (পয়গাম) তোমাদের কাছে পৌঁছে দিয়েছি এবং তোমাদেরকে উত্তম উপদেশ দিয়েছি, সুতরাং কাফির সম্প্রদায়ের জন্য আমি কিভাবে দুঃখ করি?'

وَمَآ اَرْسَلْنَا فِيْ قَرْيَةٍ مِّنْ نَّبِيٍّ اِلَّآ اَخَذْنَآ اَهْلَهَا بِالْبَاْسَآءِ وَالضَّرَّآءِ لَعَلَّهُمْ يَضَّرَّعُوْنَ ﴿۹۴﴾

৯৪। আর যখনই আমি কোন জনপদে কোন নবী প্রেরণ করেছি তখনই তার অধিবাসীদেরকে অভাব-অনটন ও দুঃখ-কষ্ট দ্বারা পাকড়াও করেছি, যাতে তারা কাকুতি-মিনতি করে।*

ثُمَّ بَدَّلْنَا مَكَانَ السَّيِّئَةِ الْحَسَنَةَ حَتّٰى عَفَوْا وَّقَالُوْا قَدْ مَسَّ اٰبَآءَنَا الضَّرَّآءُ وَالسَّرَّآءُ فَاَخَذْنٰهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿۹۵﴾

৯৫। এরপর আমি অকল্যাণের স্থলে কল্যাণ প্রতিস্থাপন করেছি, অবশেষে তারা প্রাচুর্যের অধিকারী হয়েছে এবং বলেছে, 'আমাদের পিতৃ-পুরুষদেরকেও দুঃখ-কষ্ট ও সুখ-ভোগ স্পর্শ করেছে।' সুতরাং হঠাৎ তাদেরকে আমি পাকড়াও করেছি, যখন তারা টেরও পায়নি।

وَلَوْ اَنَّ اَهْلَ الْقُرٰٓى اٰمَنُوْا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكٰتٍ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ وَلٰكِنْ كَذَّبُوْا فَاَخَذْنٰهُمْ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿۹۶﴾

৯৬। আর যদি (সেসব) জনপদের অধিবাসীরা ঈমান আনত ও তাকওয়া অবলম্বন করত তাহলে অবশ্যই আমি তাদের জন্য আকাশ ও পৃথিবীর কল্যাণসমূহ উন্মুক্ত করতাম, কিন্তু তারা (নবীদেরকে) মিথ্যাবাদী বলেছিল, সুতরাং তারা যা অর্জন করত সে কারণে তাদেরকে আমি পাকড়াও করেছিলাম।

اَفَاَمِنَ اَهْلُ الْقُرٰٓى اَنْ يَّاْتِيَهُمْ بَاْسُنَا بَيَاتًا وَّهُمْ نَآئِمُوْنَ ﴿۹۷﴾

৯৭। তবে কি জনপদের অধিবাসীরা নিরাপদ মনে করেছে (এ থেকে) যে, আমার শাস্তি তাদের নিকট আসবে রাতে, যখন তারা ঘুমিয়ে থাকবে?

اَوَاَمِنَ اَهْلُ الْقُرٰٓى اَنْ يَّاْتِيَهُمْ بَاْسُنَا ضُحًى وَّهُمْ يَلْعَبُوْنَ ﴿۹۸﴾

৯৮। অথবা জনপদের অধিবাসীরা কি নিরাপদ মনে করেছে (এ থেকে) যে, আমার শাস্তি তাদের নিকট আসবে পূর্বাহ্নে, যখন তারা খেলায় মগ্ন থাকবে?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَفَاَمِنُوْا مَكْرَ اللّٰهِ ۚ فَلَا يَاْمَنُ مَكْرَ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْخٰسِرُوْنَ ﴿٩٩﴾

৯৯। তবে কি তারা আল্লাহ্‌র কৌশল থেকে (নিজেদেরকে) নিরাপদ মনে করেছে? কিন্তু ক্ষতিগ্রস্ত সম্প্রদায় ছাড়া কেউই আল্লাহ্‌র কৌশল থেকে নিরাপদ মনে করে না।

اَوَلَمْ يَهْدِ لِلَّذِيْنَ يَرِثُوْنَ الْاَرْضَ مِنْۢ بَعْدِ اَهْلِهَآ اَنْ لَّوْ نَشَآءُ اَصَبْنٰهُمْ بِذُنُوْبِهِمْ ۚ وَنَطْبَعُ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَسْمَعُوْنَ ﴿١٠٠﴾

১০০। যারা এর (পূর্ববর্তী) অধিবাসীদের পরে পৃথিবীর উত্তরাধিকারী হয়েছে তাদেরকে কি এটা পথপ্রদর্শন করেনি যে, আমি ইচ্ছা করলে তাদের অপরাধসমূহের কারণে তাদেরকে শাস্তি দিতে পারি? কিন্তু আমি তাদের হৃদয়সমূহের উপর মোহর মেরে দেই, ফলে তারা শ্রবণ করে না।

تِلْكَ الْقُرٰى نَقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآئِهَا ۚ وَلَقَدْ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۚ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا مِنْ قَبْلُ ۭ كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى قُلُوْبِ الْكٰفِرِيْنَ ﴿١٠١﴾

১০১। এ সব জনপদের কিছু সংবাদ আমি তোমার কাছে বর্ণনা করছি, এবং অবশ্যই তাদের কাছে তাদের রাসূলরা স্পষ্ট প্রমাণাদীসহ এসেছিল, কিন্তু যা তারা পূর্বে মিথ্যা অভিহিত করেছিল তাতে তারা ঈমান আনার ছিল না। এভাবেই আল্লাহ্ কাফিরদের হৃদয়সমূহে মোহর মেরে দেন।

وَمَا وَجَدْنَا لِاَكْثَرِهِمْ مِّنْ عَهْدٍ ۚ وَاِنْ وَّجَدْنَآ اَكْثَرَهُمْ لَفٰسِقِيْنَ ﴿١٠٢﴾

১০২। এবং আমি তাদের অধিকাংশের জন্য কোনো প্রতিশ্রুতি পাইনি (অর্থাৎ প্রতিশ্রুতি পালনকারী পাইনি), বরং নিশ্চয় তাদের অধিকাংশকে অবশ্যই পাপাচারী হিসেবে পেয়েছি।

ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى بِاٰيٰتِنَآ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَظَلَمُوْا بِهَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿١٠٣﴾

১০৩। এরপর তাদের পরে আমি মূসাকে আমার নিদর্শনাবলীসহ ফিরআউন ও তার পরিষদবর্গের কাছে পাঠিয়েছিলাম, কিন্তু তারা এগুলোর প্রতি জুলুম করেছিল, সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল ফ্যাসাদ সৃষ্টিকারীদের পরিণাম।

وَقَالَ مُوْسٰى يٰفِرْعَوْنُ اِنِّىْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠٤﴾

১০৪। এবং মূসা বলেছিল, 'হে ফিরআউন! নিশ্চয় আমি জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে একজন রাসূল-

حَقِيْقٌ عَلٰٓى اَنْ لَّآ اَقُوْلَ عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ۭ قَدْ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاَرْسِلْ مَعِىَ بَنِىٓ اِسْرَآءِيْلَ ﴿١٠٥﴾

১০৫। (আমার পক্ষে) এটিই মানানসই যে, আমি আল্লাহ্ সম্পর্কে সত্য ছাড়া (কিছু) বলব না। তোমাদের প্রতিপালকের কাছ থেকে স্পষ্ট প্রমাণসহ আমি তোমাদের কাছে এসেছি, সুতরাং বনী ইসরাঈলকে তুমি আমার সাথে প্রেরণ কর।'

قَالَ اِنْ كُنْتَ جِئْتَ بِاٰيَةٍ فَاْتِ بِهَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٠٦﴾

১০৬। সে (ফিরআউন) বলল, 'যদি তুমি কোন নিদর্শন নিয়ে এসে থাক তাহলে তুমি তা পেশ কর- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

فَاَلْقٰى عَصَاهُ فَاِذَا هِىَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿١٠٧﴾

১০৭। অতঃপর সে তার লাঠি নিক্ষেপ করল এবং তৎক্ষণাৎ তা এক সুস্পষ্ট অজগর হয়ে গেল।

وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِىَ بَيْضَاۗءُ لِلنّٰظِرِيْنَ ﴿١٠٨﴾

১০৮। এবং সে তার হাত (জামার গলার ভেতর হতে) টেনে বের করল এবং তৎক্ষণাৎ তা দর্শকদের জন্য শুভ্র উজ্জ্বল হয়ে গেল।*

قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ﴿١٠٩﴾

১০৯। ফিরআউন সম্প্রদায়ের প্রধানরা বলল, 'নিশ্চয় সে অবশ্যই একজন বিজ্ঞ জাদুকর-

يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ مِّنْ اَرْضِكُمْ ۚ فَمَاذَا تَاْمُرُوْنَ ﴿١١٠﴾

১১০। সে তোমাদেরকে তোমাদের যমীন (দেশ) থেকে বের করে দিতে চায়, সুতরাং তোমরা কী পরামর্শ দাও?'

قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ وَاَرْسِلْ فِى الْمَدَاۗئِنِ حٰشِرِيْنَ ﴿١١١﴾

১১১। তারা বলল, 'তাকে ও তার ভাইকে (অর্থাৎ তাদের বিষয়টিকে) স্থগিত রাখুন এবং শহরে শহরে সংগ্রহকারীদের প্রেরণ করুন-

يَاْتُوْكَ بِكُلِّ سَحَّارٍ عَلِيْمٍ ﴿١١٢﴾

১১২। তারা প্রত্যেক বিজ্ঞ যাদুকরকে আপনার নিকট নিয়ে আসবে।'

وَجَاۗءَ السَّحَرَةُ فِرْعَوْنَ قَالُوْٓا اِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ﴿١١٣﴾

১১৩। এবং জাদুকররা ফিরআউনের কাছে আসল (এবং) বলল, 'নিশ্চয় আমাদের জন্য অবশ্যই প্রতিদান থাকবে, যদি আমরাই বিজয়ী হই।'

قَالَ نَعَمْ وَإِنَّكُمْ لَمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿١١٤﴾

১১৪। সে বলল,'হ্যাঁ এবং নিশ্চয় তোমরা অবশ্যই আমার নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে।'

قَالُوْا يٰمُوْسٰٓى إِمَّآ أَنْ تُلْقِيَ وَإِمَّآ أَنْ نَّكُوْنَ نَحْنُ الْمُلْقِيْنَ ﴿١١٥﴾

১১৫। তারা বলল, 'হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর, আর নয় আমরাই নিক্ষেপকারী হই।'

قَالَ أَلْقُوْا ۚ فَلَمَّآ أَلْقَوْا سَحَرُوْٓا أَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ وَجَآءُوْ بِسِحْرٍ عَظِيْمٍ ﴿١١٦﴾

১১৬। সে বলল, 'তোমরাই নিক্ষেপ কর'। এবং যখন তারা নিক্ষেপ করল তখন তারা লোকদের চোখগুলোকে জাদু করল, এবং তাদেরকে আতঙ্কগ্রস্ত করল এবং তারা এক বড় (রকমের) জাদু নিয়ে আসল।

وَأَوْحَيْنَآ إِلٰى مُوْسٰٓى أَنْ أَلْقِ عَصَاكَ ۚ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُوْنَ ﴿١١٧﴾

১১৭। আর আমি মূসার প্রতি ওহী করলাম যে, 'তুমি তোমার লাঠি নিক্ষেপ কর', এবং তৎক্ষণাৎ তা তাদের অলীক সৃষ্টিগুলোকে গিলে ফেলতে লাগল,

فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١١٨﴾

১১৮। ফলে সত্য প্রতিষ্ঠিত হল এবং তারা যা করছিল তা বাতিল (মিথ্যা) হয়ে গেল।

فَغُلِبُوْا هُنَالِكَ وَانْقَلَبُوْا صٰغِرِيْنَ ﴿١١٩﴾

১১৯। সুতরাং সেখানে তারা (ফিরআউন ও তার দল) পরাজিত হল ও অপদস্থ হয়ে ফিরে গেল।

وَأُلْقِيَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ﴿١٢٠﴾

১২০। এবং জাদুকররা সিজদায় লুটিয়ে পড়ল।

قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٢١﴾

১২১। তারা বলল, 'আমরা ঈমান আনলাম জগৎসমূহের প্রতিপালকের প্রতি-

رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ﴿١٢٢﴾

১২২। যিনি মূসা ও হারূনের প্রতিপালক।'

قَالَ فِرْعَوْنُ اٰمَنْتُمْ بِهٖ قَبْلَ أَنْ اٰذَنَ لَكُمْ ۚ إِنَّ هٰذَا لَمَكْرٌ مَّكَرْتُمُوْهُ فِي الْمَدِيْنَةِ لِتُخْرِجُوْا مِنْهَآ أَهْلَهَا ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ﴿١٢٣﴾

১২৩। ফিরআউন বলল, 'তোমরা কি তার প্রতি ঈমান আনলে আমি তোমাদেরকে অনুমতি দেয়ার পূর্বেই? নিশ্চয় এটা অবশ্যই এক ষড়যন্ত্র, তোমরা এ শহরে এই ষড়যন্ত্র করছ এখান থেকে এর অধিবাসীদেরকে বের করে দেয়ার জন্য, সুতরাং অচিরেই তোমরা (এর পরিণাম) জানতে পারবে।

لَأُقَطِّعَنَّ أَيْدِيَكُمْ وَأَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ ثُمَّ لَأُصَلِّبَنَّكُمْ أَجْمَعِيْنَ ﴿١٢٤﴾

১২৪। অবশ্যই অবশ্যই আমি তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক থেকে কেটে দিব, এরপর অবশ্যই অবশ্যই আমি তোমাদের সবাইকে ক্রুশবিদ্ধ করব।'

قَالُوْٓا إِنَّآ إِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ﴿١٢٥﴾

১২৫। তারা বলল, 'নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন করব,

وَمَا تَنْقِمُ مِنَّآ إِلَّآ أَنْ اٰمَنَّا بِاٰيٰتِ رَبِّنَا لَمَّا جَآءَتْنَا ۚ رَبَّنَآ أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّتَوَفَّنَا مُسْلِمِيْنَ ﴿١٢٦﴾

১২৬। আর তুমি আমাদেরকে শাস্তি দিচ্ছ কেবল এজন্য যে, আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনসমূহে ঈমান এনেছি, যখন তা আমাদের কাছে এসেছে। হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান করুন এবং মুসলিমরূপে আমাদেরকে মৃত্যু দিন।'

ع ১৩ ১৭ ৩ ১৪ রুকু ৪

وَقَالَ الْمَلَأُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ أَتَذَرُ مُوْسٰى وَقَوْمَهٗ لِيُفْسِدُوْا فِي الْأَرْضِ وَيَذَرَكَ وَاٰلِهَتَكَ ۚ قَالَ سَنُقَتِّلُ أَبْنَآءَهُمْ وَنَسْتَحْيٖ نِسَآءَهُمْ ۚ وَإِنَّا فَوْقَهُمْ قٰهِرُوْنَ ﴿١٢٧﴾

১২৭। আর ফিরআউন সম্প্রদায়ের প্রধানরা বলল, 'আপনি কি মূসাকে ও তার সম্প্রদায়কে ছেড়ে দিচ্ছেন (সুযোগ দিচ্ছেন) যাতে তারা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করতে পারে এবং আপনাকে ও আপনার উপাস্যদেরকে পরিত্যাগ করতে পারে?' সে বলল, 'শীঘ্রই আমরা তাদের পুত্র সন্তানদেরকে হত্যা করব এবং তাদের নারীদেরকে জীবিত রাখব, এবং নিশ্চয় আমরা তাদের উপর পরাক্রমশালী।'

قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اسْتَعِيْنُوْا بِاللّٰهِ وَاصْبِرُوْا ۚ إِنَّ الْأَرْضَ لِلّٰهِ ۖ يُوْرِثُهَا مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ۚ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ﴿١٢٨﴾

১২৮। মূসা তার সম্প্রদায়কে বলল, 'আল্লাহ্‌র কাছে সাহায্য প্রার্থনা কর এবং ধৈর্যধারণ কর, নিশ্চয় পৃথিবী আল্লাহ্‌রই। তিনি তাঁর বান্দাদের মধ্য থেকে যাকে ইচ্ছা করেন তার উত্তরাধিকারী করেন এবং শুভ পরিণাম মুত্তাকীদের জন্য।'

قَالُوْٓا اُوْذِيْنَا مِنْ قَبْلِ اَنْ تَاْتِيَنَا وَمِنْۢ بَعْدِ مَا جِئْتَنَا ؕ قَالَ عَسٰى رَبُّكُمْ اَنْ يُّهْلِكَ عَدُوَّكُمْ وَيَسْتَخْلِفَكُمْ فِى الْاَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُوْنَ ﴿١٢٩﴾

১২৯।তারা বলল, 'আমাদের কাছে আপনার আসার পূর্বে আমরা নির্যাতিত হয়েছি এবং আমাদের কাছে আপনার আসার পরেও।' সে বলল, 'শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের শত্রুকে ধ্বংস করবেন এবং তিনি তোমাদেরকে পৃথিবীতে (তাদের) স্থলাভিষিক্ত করবেন, অতঃপর তিনি লক্ষ্য করবেন তোমরা কেমন কাজ কর।'

وَلَقَدْ اَخَذْنَآ اٰلَ فِرْعَوْنَ بِالسِّنِيْنَ وَنَقْصٍ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿١٣٠﴾

১৩০।আর অবশ্যই আমি ফিরআউনের বংশকে দুর্ভিক্ষ ও ফল-ফসলের ক্ষতি দ্বারা পাকড়াও করেছিলাম, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

فَاِذَا جَآءَتْهُمُ الْحَسَنَةُ قَالُوْا لَنَا هٰذِهٖ ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَّطَّيَّرُوْا بِمُوْسٰى وَمَنْ مَّعَهٗ ؕ اَلَآ اِنَّمَا طٰٓئِرُهُمْ عِنْدَ اللّٰهِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٣١﴾

১৩১।কিন্তু যখন তাদের নিকট কোন কল্যাণ আসত তখন তারা বলত, 'এটি আমাদের (গুণের) জন্য', আর যদি কোন অকল্যাণ তাদেরকে আঘাত করত তখন তারা মূসা ও তার সঙ্গীদেরকে কুলক্ষণে মনে করত। জেনে রাখ, তাদের ভাগ্য কেবল আল্লাহ্‌র নিকট, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

وَقَالُوْا مَهْمَا تَاْتِنَا بِهٖ مِنْ اٰيَةٍ لِّتَسْحَرَنَا بِهَا ۙ فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ﴿١٣٢﴾

১৩২।এবং তারা বলল, 'আমাদেরকে জাদু করার জন্য তুমি যে নিদর্শনই আমাদের কাছে নিয়ে আস না কেন আমরা তোমাকে বিশ্বাস করব না।'

فَاَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوْفَانَ وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ وَالدَّمَ اٰيٰتٍ مُّفَصَّلٰتٍ فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿١٣٣﴾

১৩৩।সুতরাং আমি স্পষ্ট নিদর্শনস্বরূপ তাদের উপর প্রেরণ করলাম প্লাবন, পঙ্গপাল, উকুন, ব্যাঙ ও রক্ত; তবুও তারা অহঙ্কার করল, এবং তারা ছিল এক অপরাধী সম্প্রদায়।

وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوْا يٰمُوْسَى ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ لَنُؤْمِنَنَّ لَكَ وَلَنُرْسِلَنَّ مَعَكَ بَنِىٓ اِسْرَآءِيْلَ ﴿١٣٤﴾

১৩৪।এবং যখনই তাদের উপর শাস্তি আপতিত হত, তারা বলত, 'হে মূসা! তোমার প্রতিপালকের কাছে আমাদের জন্য দোয়া কর, তোমার কাছে তিনি (দোয়া কবুলের) যে প্রতিশ্রুতি দিয়েছেন সে অনুযায়ী, যদি তুমি আমাদের থেকে শাস্তি অপসারিত কর তাহলে অবশ্যই অবশ্যই আমরা তোমাকে বিশ্বাস করব এবং অবশ্যই অবশ্যই বনী ইসরাঈলকে তোমার সাথে প্রেরণ করব।'

فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجْزَ اِلٰٓى اَجَلٍ هُمْ بٰلِغُوْهُ اِذَا هُمْ يَنْكُثُوْنَ ﴿١٣٥﴾

১৩৫।অতঃপর আমি যখনই তাদের উপর থেকে শাস্তি অপসারিত করতাম এক নির্দিষ্ট সময় পর্যন্ত যাতে তারা পৌঁছাত, তৎক্ষনাৎ তারা প্রতিশ্রুতি ভঙ্গ করত।

فَانْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ فِى الْيَمِّ بِاَنَّهُمْ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَكَانُوْا عَنْهَا غٰفِلِيْنَ ﴿١٣٦﴾

১৩৬।সুতরাং আমি তাদেরকে উচিত শাস্তি দিলাম এবং তাদেরকে সমুদ্রে নিমজ্জিত করলাম, কারণ তারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছিল এবং সে সম্পর্কে তারা ছিল বেখবর।

وَاَوْرَثْنَا الْقَوْمَ الَّذِيْنَ كَانُوْا يُسْتَضْعَفُوْنَ مَشَارِقَ الْاَرْضِ وَمَغَارِبَهَا الَّتِىْ بٰرَكْنَا فِيْهَا ؕ وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنٰى عَلٰى بَنِىٓ اِسْرَآءِيْلَ ۙ بِمَا صَبَرُوْا ؕ وَدَمَّرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ وَقَوْمُهٗ وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ ﴿١٣٧﴾

১৩৭। এবং যে সম্প্রদায়কে দুর্বল করে রাখা হত তাদেরকে আমি পৃথিবীর পূর্বের ও পশ্চিমের উত্তরাধিকারী করলাম যেখানে আমি বরকত দিয়েছি। এবং বনী ইসরাঈল সম্পর্কে তোমার প্রতিপালকের কল্যাণময় বাণী পূর্ণ হল, যেহেতু তারা ধৈর্য ধারণ করেছিল। আর ফিরআউন ও তার সম্প্রদায় যা কিছু তৈরি করত এবং যেসব প্রাসাদ নির্মাণ করত তা আমি ধ্বংস করলাম।

وَجٰوَزْنَا بِبَنِىٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتَوْا عَلٰى قَوْمٍ يَّعْكُفُوْنَ عَلٰٓى اَصْنَامٍ لَّهُمْ ۚ قَالُوْا يٰمُوْسَى اجْعَلْ لَّنَآ اِلٰهًا كَمَا لَهُمْ اٰلِهَةٌ ؕ قَالَ اِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ﴿١٣٨﴾

১৩৮।আর আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করিয়ে দিলাম, অতঃপর তারা এমন এক জাতির কাছে উপস্থিত হল যারা তাদের মূর্তিদের প্রতি (উপাসনায়) লেগে ছিল। তারা বলল, 'হে মূসা! আমাদের জন্য একটি ইলাহ্ (উপাস্য) বানাও যেমন তাদের রয়েছে বহু ইলাহ্।' সে (মূসা) বলল, 'নিশ্চয় তোমরা এক অজ্ঞ সম্প্রদায়।

১৩৯। নিশ্চয় এসব লোক যাতে লিপ্ত রয়েছে তা ধ্বংস হবে এবং তারা যা করত তাও বাতিল হবে।'

اِنَّ هٰٓؤُلَآءِ مُتَبَّرٌ مَّا هُمْ فِيْهِ وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٣٩﴾

১৪০। সে বলল, 'আল্লাহ্ ছাড়া তোমাদের জন্য আমি কি অন্য ইলাহ্ (উপাস্য) খোঁজ করব, অথচ তিনিই তোমাদেরকে জগৎসমূহের (মানব জাতির) উপর মর্যাদা দিয়েছেন?'

قَالَ اَغَيْرَ اللّٰهِ اَبْغِيْكُمْ اِلٰهًا وَّهُوَ فَضَّلَكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٤٠﴾

১৪১। এবং যখন আমি তোমাদেরকে ফিরআউন বংশ থেকে উদ্ধার করেছিলাম যারা তোমাদের উপর নিকৃষ্ট শাস্তি চাপিয়ে দিত, তারা তোমাদের পুত্র সন্তানদেরকে হত্যা করত এবং তোমাদের নারীদেরকে জীবিত রাখত। এবং এতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এক মহাপরীক্ষা।

ع ١٦ ١٢ ٦ ١٦ রুকূ ৬

وَاِذْ اَنْجَيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ ۚ يُقَتِّلُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ﴿١٤١﴾

১৪২। এবং আমি মূসার জন্য ত্রিশ রাত নির্দিষ্ট করেছিলাম এবং আরও দশ দ্বারা তা পূর্ণ করেছিলাম।* এভাবে তার প্রতিপালকের নির্ধারিত সময়-চল্লিশ রাত পূর্ণ হল। এবং মূসা তার ভাই হারূনকে বলেছিল, 'আমার সম্প্রদায়ের মধ্যে তুমি আমার প্রতিনিধিত্ব করবে, সংশোধন করবে এবং ফ্যাসাদ সৃষ্টিকারীদের পথ অনুসরণ করবে না।'

وَوٰعَدْنَا مُوْسٰى ثَلٰثِيْنَ لَيْلَةً وَّاَتْمَمْنٰهَا بِعَشْرٍ فَتَمَّ مِيْقَاتُ رَبِّهٖٓ اَرْبَعِيْنَ لَيْلَةً ۚ وَقَالَ مُوْسٰى لِاَخِيْهِ هٰرُوْنَ اخْلُفْنِيْ فِيْ قَوْمِيْ وَاَصْلِحْ وَلَا تَتَّبِعْ سَبِيْلَ الْمُفْسِدِيْنَ ﴿١٤٢﴾

১৪৩। এবং যখন মূসা আমার নির্ধারিত সময়ে উপনীত হল এবং তার প্রতিপালক তার সাথে কথা বললেন তখন সে বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে দেখা দিন, আমি আপনার দিকে তাকাব'। তিনি বললেন, 'তুমি আমাকে কখনো দেখতে পারবে না, বরং তুমি পাহাড়ের প্রতি লক্ষ্য কর, যদি এটি এর স্থানে স্থির থাকে তাহলে অচিরেই তুমি আমাকে দেখবে', অতঃপর যখন তার প্রতিপালক পাহাড়টিতে জ্যোতি প্রকাশ করলেন তখন তা এটিকে সমতল করে দিল এবং মূসা সংজ্ঞাহীন হয়ে পড়ে গেল, অতঃপর যখন সে জ্ঞান ফিরে পেল তখন বলল, 'পবিত্র আপনি, আমি অনুতপ্ত হয়ে আপনার দিকে ফিরে আসলাম এবং আমি প্রথম মু'মিন।'

وَلَمَّا جَآءَ مُوْسٰى لِمِيْقَاتِنَا وَكَلَّمَهٗ رَبُّهٗ ۙ قَالَ رَبِّ اَرِنِيْٓ اَنْظُرْ اِلَيْكَ ؕ قَالَ لَنْ تَرٰىنِيْ وَلٰكِنِ انْظُرْ اِلَى الْجَبَلِ فَاِنِ اسْتَقَرَّ مَكَانَهٗ فَسَوْفَ تَرٰىنِيْ ۚ فَلَمَّا تَجَلّٰى رَبُّهٗ لِلْجَبَلِ جَعَلَهٗ دَكًّا وَّخَرَّ مُوْسٰى صَعِقًا ۚ فَلَمَّآ اَفَاقَ قَالَ سُبْحٰنَكَ تُبْتُ اِلَيْكَ وَاَنَا اَوَّلُ الْمُؤْمِنِيْنَ ﴿١٤٣﴾

১৪৪। তিনি বললেন, 'হে মূসা! নিশ্চয় আমি তোমাকে আমার রিসালাত (পয়গাম) ও বাক্যালাপ দ্বারা মানুষের উপর মনোনীত করেছি, সুতরাং আমি যা দিলাম তা গ্রহণ কর এবং কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হও।'

قَالَ يٰمُوْسٰٓى اِنِّي اصْطَفَيْتُكَ عَلَى النَّاسِ بِرِسٰلٰتِيْ وَبِكَلَامِيْ ۖ فَخُذْ مَآ اٰتَيْتُكَ وَكُنْ مِّنَ الشّٰكِرِيْنَ ﴿١٤٤﴾

১৪৫। এবং আমি তার জন্য ফলকসমূহে সকল বিষয়ে উপদেশ ও সকল বিষয়ের বিস্তারিত বর্ণনা লিখে দিয়েছি, সুতরাং এগুলো শক্তভাবে ধর এবং তোমার সম্প্রদায়কে সেগুলোর যা উত্তম তা গ্রহণ করতে নির্দেশ দাও। শীঘ্রই আমি তোমাদেরকে পাপাচারীদের বাসস্থান দেখাব।

وَكَتَبْنَا لَهٗ فِي الْاَلْوَاحِ مِنْ كُلِّ شَيْءٍ مَّوْعِظَةً وَّتَفْصِيْلًا لِّكُلِّ شَيْءٍ ۚ فَخُذْهَا بِقُوَّةٍ وَّاْمُرْ قَوْمَكَ يَاْخُذُوْا بِاَحْسَنِهَا ؕ سَاُورِيْكُمْ دَارَ الْفٰسِقِيْنَ ﴿١٤٥﴾

১৪৬। যারা পৃথিবীতে অন্যায়ভাবে অহংকার করে তাদেরকে আমি আমার নিদর্শনসমূহ থেকে সরিয়ে নেব। আর যদি তারা প্রতিটি নিদর্শন দেখে তবুও তারা তার প্রতি ঈমান আনবে না, এবং যদি তারা সঠিক পথ দেখে তবুও তারা একে পথ হিসেবে গ্রহণ করবে না, কিন্তু যদি তারা ভুল পথ দেখে তাহলে তাকেই তারা পথ হিসেবে গ্রহণ করে নেয়। এটা এ জন্য যে, তারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং সেগুলো সম্পর্কে তারা ছিল বেখবর।

سَاَصْرِفُ عَنْ اٰيٰتِيَ الَّذِيْنَ يَتَكَبَّرُوْنَ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ؕ وَاِنْ يَّرَوْا كُلَّ اٰيَةٍ لَّا يُؤْمِنُوْا بِهَا ۚ وَاِنْ يَّرَوْا سَبِيْلَ الرُّشْدِ لَا يَتَّخِذُوْهُ سَبِيْلًا ۚ وَاِنْ يَّرَوْا سَبِيْلَ الْغَيِّ يَتَّخِذُوْهُ سَبِيْلًا ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَكَانُوْا عَنْهَا غٰفِلِيْنَ ﴿١٤٦﴾

১৪৭। এবং যারা আমার নিদর্শনসমূহকে ও আখিরাতের সাক্ষাতকে মিথ্যা বলেছে তাদের কর্মসমূহ বিফল হয়েছে। তাদেরকে কি এছাড়া (অন্য কিছুর) প্রতিফল দেয়া হবে যা তারা করত?

ع ١٧ ٦ ٧ ١٩ রুকূ ৭

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَلِقَآءِ الْاٰخِرَةِ حَبِطَتْ اَعْمَالُهُمْ ؕ هَلْ يُجْزَوْنَ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٤٧﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاتَّخَذَ قَوْمُ مُوْسٰى مِنْۢ بَعْدِهٖ مِنْ حُلِيِّهِمْ عِجْلًا جَسَدًا لَّهٗ خُوَارٌ ؕ اَلَمْ يَرَوْا اَنَّهٗ لَا يُكَلِّمُهُمْ وَلَا يَهْدِيْهِمْ سَبِيْلًا ۘ اِتَّخَذُوْهُ وَكَانُوْا ظٰلِمِيْنَ ﴿١٤٨﴾

১৪৮। এবং মূসার সম্প্রদায় তার পরে (মূসার অনুপস্থিতিতে) তাদের অলঙ্কার দ্বারা বানিয়ে নিল একটি বাছুর- একটি দেহাকৃতি, যার ছিল 'হাম্বা' শব্দ। তারা কি দেখেনি যে, এটা তাদের সাথে কথা বলে না এবং তাদেরকে পথও দেখায় না? তারা এটাকে (উপাস্যরূপে) গ্রহণ করল এবং তারা ছিল জালিম।

وَلَمَّا سُقِطَ فِيْٓ اَيْدِيْهِمْ وَرَاَوْا اَنَّهُمْ قَدْ ضَلُّوْا ۙ قَالُوْا لَئِنْ لَّمْ يَرْحَمْنَا رَبُّنَا وَيَغْفِرْ لَنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ﴿١٤٩﴾

১৪৯। এবং যখন তারা গভীরভাবে অনুতপ্ত হল ও দেখল যে, তারা পথভ্রষ্ট হয়ে গেছে, তখন তারা বলল,'আমাদের প্রতিপালক যদি আমাদের প্রতি দয়া না করেন এবং আমাদেরকে ক্ষমা না করেন তাহলে অবশ্যই অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হব।'

وَلَمَّا رَجَعَ مُوْسٰٓى اِلٰى قَوْمِهٖ غَضْبَانَ اَسِفًا ۙ قَالَ بِئْسَمَا خَلَفْتُمُوْنِيْ مِنْۢ بَعْدِيْ ۚ اَعَجِلْتُمْ اَمْرَ رَبِّكُمْ ۚ وَاَلْقَى الْاَلْوَاحَ وَاَخَذَ بِرَاْسِ اَخِيْهِ يَجُرُّهٗٓ اِلَيْهِ ؕ قَالَ ابْنَ اُمَّ اِنَّ الْقَوْمَ اسْتَضْعَفُوْنِيْ وَكَادُوْا يَقْتُلُوْنَنِيْ ۖ فَلَا تُشْمِتْ بِيَ الْاَعْدَآءَ وَلَا تَجْعَلْنِيْ مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿١٥٠﴾

১৫০। এবং যখন মূসা ক্রুদ্ধ ও মনক্ষুন্ন হয়ে তার সম্প্রদায়ের কাছে ফিরে আসল তখন বলল, 'আমার পরে (অনুপস্থিতিতে) তোমরা আমার কতই না নিকৃষ্ট প্রতিনিধিত্ব করেছ! তোমরা কি তোমাদের প্রতিপালকের নির্দেশের ব্যাপারে তাড়াহুরা করলে?' এবং সে ফলকগুলো ফেলে দিল এবং তার ভাইয়ের মাথা (চুল) ধরে তার দিকে টেনে আনল। সে (হারুন) বলল, 'হে আমার মায়ের ছেলে! নিশ্চয় লোকেরা আমাকে দুর্বল মনে করেছিল এবং আমাকে হত্যা করতে উদ্যত হয়েছিল, সুতরাং আপনি আমার সাথে এমন করবেন না যাতে শত্রুরা আনন্দিত হয় এবং আমাকে জালিম সম্প্রদায়ের সঙ্গী করবেন না।'

قَالَ رَبِّ اغْفِرْ لِيْ وَلِاَخِيْ وَاَدْخِلْنَا فِيْ رَحْمَتِكَ ۖ وَاَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿١٥١﴾ ع

১৫১। সে (মূসা) বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে ও আমার ভাইকে ক্ষমা করুন এবং আমাদেরকে আপনার দয়ার মধ্যে প্রবেশ করান। আর আপনি সর্বশ্রেষ্ঠ দয়ালু।'

ع ١٨ ٨ ١٢ রুকূ ٨

اِنَّ الَّذِيْنَ اتَّخَذُوا الْعِجْلَ سَيَنَالُهُمْ غَضَبٌ مِّنْ رَّبِّهِمْ وَذِلَّةٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَكَذٰلِكَ نَجْزِي الْمُفْتَرِيْنَ ﴿١٥٢﴾

১৫২। নিশ্চয় যারা বাছুরকে (উপাস্য হিসেবে) গ্রহণ করেছে, দুনিয়ার জীবনে শীঘ্রই তাদের কাছে তাদের প্রতিপালকের পক্ষ থেকে ক্রোধ ও লাঞ্ছনা পৌঁছবে। আর এভাবেই আমি মিথ্যা রচনাকারীদেরকে প্রতিফল দেই।

وَالَّذِيْنَ عَمِلُوا السَّيِّاٰتِ ثُمَّ تَابُوْا مِنْۢ بَعْدِهَا وَاٰمَنُوْٓا ۙ اِنَّ رَبَّكَ مِنْۢ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٥٣﴾

১৫৩। এবং যারা মন্দকাজ করে এরপর তার পরে তওবা করে (অনুতপ্ত হয়ে ফিরে আসে) ও ঈমান আনে, নিশ্চয় তোমার প্রতিপালক এর পরে (তাদের প্রতি) অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَلَمَّا سَكَتَ عَنْ مُّوْسَى الْغَضَبُ اَخَذَ الْاَلْوَاحَ ۚ وَفِيْ نُسْخَتِهَا هُدًى وَّرَحْمَةٌ لِّلَّذِيْنَ هُمْ لِرَبِّهِمْ يَرْهَبُوْنَ ﴿١٥٤﴾

১৫৪। এবং যখন মূসার ক্রোধ প্রশমিত হল তখন সে ফলকগুলো তুলে নিল, আর এগুলোতে লিখিত বিষয়ের মধ্যে রয়েছে পথনির্দেশিকা ও দয়া তাদের জন্য যারা তাদের প্রতিপালককে ভয় করে।

وَاخْتَارَ مُوْسٰى قَوْمَهٗ سَبْعِيْنَ رَجُلًا لِّمِيْقَاتِنَا ۚ فَلَمَّآ اَخَذَتْهُمُ الرَّجْفَةُ قَالَ رَبِّ لَوْ شِئْتَ اَهْلَكْتَهُمْ مِّنْ قَبْلُ وَاِيَّايَ ؕ اَتُهْلِكُنَا بِمَا فَعَلَ السُّفَهَآءُ مِنَّا ۚ اِنْ هِيَ اِلَّا فِتْنَتُكَ ؕ تُضِلُّ بِهَا مَنْ تَشَآءُ وَتَهْدِيْ مَنْ تَشَآءُ ؕ اَنْتَ وَلِيُّنَا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَاَنْتَ خَيْرُ الْغٰفِرِيْنَ ﴿١٥٥﴾

১৫৫। আর মূসা তার সম্প্রদায় থেকে সত্তরজন লোককে আমার নির্ধারিত সময়ের জন্য মনোনীত করেছিল, অতঃপর যখন তাদেরকে ভূমিকম্প পাকড়াও করল, তখন সে (মূসা) বলেছিল, 'হে আমার প্রতিপালক! যদি আপনি ইচ্ছা করতেন তাহলে পূর্বেই এদেরকে ধ্বংস করতে পারতেন এবং আমাকেও। আমাদের মধ্যে যারা নির্বোধ, তারা যা করেছে সে জন্য কি আপনি আমাদেরকে ধ্বংস করবেন? এটা (বাছুর পূজার ফেতনা) তো কেবল আপনার পরীক্ষা। এর দ্বারা (এ জাতীয় পরীক্ষা দ্বারা) আপনি যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন সঠিকপথ প্রদর্শন করেন। আপনিই আমাদের অভিভাবক, সুতরাং আমাদেরকে ক্ষমা করুন, আমাদেরকে দয়া করুন এবং আপনিই উত্তম ক্ষমাকারী।

وَاكْتُبْ لَنَا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةً وَّفِي الْاٰخِرَةِ اِنَّا هُدْنَآ اِلَيْكَ ۭ قَالَ عَذَابِيْٓ اُصِيْبُ بِهٖ مَنْ اَشَاۗءُ ۚ وَرَحْمَتِيْ وَسِعَتْ كُلَّ شَيْءٍ ۭ فَسَاَكْتُبُهَا لِلَّذِيْنَ يَتَّقُوْنَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَالَّذِيْنَ هُمْ بِاٰيٰتِنَا يُؤْمِنُوْنَ ۝

১৫৬। এবং আমাদের জন্য এই দুনিয়ায় কল্যাণ নির্ধারণ করুন এবং আখিরাতেও, নিশ্চয় আমরা আপনার দিকে প্রত্যাবর্তন করেছি।' তিনি (আল্লাহ্) বললেন, 'আমার শাস্তি দ্বারা আমি যাকে ইচ্ছা করি আঘাত করি, আর আমার দয়া প্রতিটি জিনিসকেই পরিবেষ্টন করে আছে। সুতরাং শীঘ্রই আমি তা তাদের জন্য নির্ধারিত করব যারা তাকওয়া অবলম্বন করে, যাকাত প্রদান করে এবং যারা আমার আয়াতসমূহের প্রতি ঈমান আনে।'

اَلَّذِيْنَ يَتَّبِعُوْنَ الرَّسُوْلَ النَّبِيَّ الْاُمِّيَّ الَّذِيْ يَجِدُوْنَهٗ مَكْتُوْبًا عِنْدَهُمْ فِي التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ ۡ يَاْمُرُهُمْ بِالْمَعْرُوْفِ وَيَنْهٰىهُمْ عَنِ الْمُنْكَرِ وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبٰتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبٰۗىِٕثَ وَيَضَعُ عَنْهُمْ اِصْرَهُمْ وَالْاَغْلٰلَ الَّتِيْ كَانَتْ عَلَيْهِمْ ۭ فَالَّذِيْنَ اٰمَنُوْا بِهٖ وَعَزَّرُوْهُ وَنَصَرُوْهُ وَاتَّبَعُوا النُّوْرَ الَّذِيْٓ اُنْزِلَ مَعَهٗٓ ۙ اُولٰۗىِٕكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝

১৫৭। যারা (এই) রাসূলের অনুসরণ করে, যে উম্মী (নিরক্ষর) নবী, যাকে (যার সম্পর্কে) তারা তাদের নিকট (বিদ্যমান) তাওরাত ও ইন্‌জীলে লিখিত দেখতে পায়, যে তাদেরকে সৎকাজের নির্দেশ দেয় ও অসৎকাজ হতে নিষেধ করে, এবং তাদের জন্য পবিত্র বস্তুসমূহ হালাল করে ও তাদের উপর অপবিত্র বস্তুসমূহ হারাম করে এবং তাদের থেকে নামিয়ে দেয় তাদের বোঝা ও বেড়ি (শৃঙ্খল) যা তাদের উপর ছিল। সুতরাং যারা তার প্রতি ঈমান এনেছে, তাকে সম্মান করেছে, তাকে সাহায্য করেছে এবং যে আলো* তার সাথে অবতীর্ণ করা হয়েছে তার অনুসরণ করেছে তারাই সফল।

ع ١٩ ١٩ রুকূ ٩

قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ جَمِيْعَا ۨ الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ يُحْيٖ وَيُمِيْتُ ۠ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهِ النَّبِيِّ الْاُمِّيِّ الَّذِيْ يُؤْمِنُ بِاللّٰهِ وَكَلِمٰتِهٖ وَاتَّبِعُوْهُ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۝

১৫৮। বল 'হে মানুষ! নিশ্চয় আমি তোমাদের সবার প্রতি আল্লাহ্‌র রাসূল, যিনি আকাশসমূহ ও পৃথিবীর রাজত্বের অধিকারী, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি জীবিত করেন ও মৃত্যু ঘটান। সুতরাং তোমরা ঈমান আন আল্লাহ্‌র প্রতি ও তাঁর রাসূলের প্রতি যে উম্মী (নিরক্ষর) নবী, যে আল্লাহ্ ও তাঁর বাণীসমূহে ঈমান আনে, এবং তোমরা তার অনুসরণ কর, যাতে তোমরা সঠিকপথ পেতে পার।'

وَمِنْ قَوْمِ مُوْسٰٓى اُمَّةٌ يَّهْدُوْنَ بِالْحَقِّ وَبِهٖ يَعْدِلُوْنَ ۝

১৫৯। মূসার সম্প্রদায়ের মধ্যে একটি উম্মত (দল) রয়েছে যারা (অন্যকে) সত্যের দ্বারা পথ দেখায় ও সে অনুযায়ী ন্যায়বিচার করে।

وَقَطَّعْنٰهُمُ اثْنَتَيْ عَشْرَةَ اَسْبَاطًا اُمَمًا ۭ وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اِذِ اسْتَسْقٰىهُ قَوْمُهٗٓ اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ ۭ فَانْۢبَجَسَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ۭ قَدْ عَلِمَ كُلُّ اُنَاسٍ مَّشْرَبَهُمْ ۭ وَظَلَّلْنَا عَلَيْهِمُ الْغَمَامَ وَاَنْزَلْنَا عَلَيْهِمُ الْمَنَّ وَالسَّلْوٰى ۭ كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ۭ وَمَا ظَلَمُوْنَا وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝

১৬০। এবং তাদেরকে আমি বারটি গোত্রে একেকটি উম্মতে বিভক্ত করেছি। এবং আমি মূসার প্রতি ওহী করলাম - যখন তার সম্প্রদায় তার কাছে পানি চাইল - যে, 'তোমার লাঠি দিয়ে পাথরটিকে আঘাত কর', ফলে তা থেকে বারটি ঝর্ণা উৎসারিত হল। প্রত্যেক গোত্র তাদের পানি পানের স্থান চিনে নিল, এবং তাদের উপর মেঘ দ্বারা ছায়া দিলাম, তাদের উপর মান্না ও সালওয়া অবতীর্ণ করলাম, এবং বললাম, 'আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে পবিত্র বস্তুসমূহ আহার কর।' আর তারা আমার প্রতি কোন জুলুম করেনি বরং তারা তাদের নিজেদের উপরই জুলুম করত।

وَاِذْ قِيْلَ لَهُمُ اسْكُنُوْا هٰذِهِ الْقَرْيَةَ وَكُلُوْا مِنْهَا حَيْثُ شِئْتُمْ وَقُوْلُوْا حِطَّةٌ وَّادْخُلُوا الْبَابَ سُجَّدًا نَّغْفِرْ لَكُمْ خَطِيْۗـــَٔتِكُمْ ۭ سَنَزِيْدُ الْمُحْسِنِيْنَ ۝

১৬১। এবং যখন তাদেরকে বলা হয়েছিল, 'তোমরা এ জনপদে বসবাস কর এবং এর মধ্য থেকে যেখান থেকে ইচ্ছা আহার কর এবং বল, 'হিত্তাতুন' (ক্ষমা চাই) এবং সিজদাবনত হয়ে (নতশিরে) দরজা দিয়ে প্রবেশ কর; আমি তোমাদের জন্য তোমাদের অপরাধসমূহ ক্ষমা করব। শীঘ্রই আমি সৎকর্মপরায়ণদেরকে বাড়িয়ে দেব।

فَبَدَّلَ الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ قَوْلًا غَيْرَ الَّذِيْ قِيْلَ لَهُمْ فَاَرْسَلْنَا عَلَيْهِمْ رِجْزًا مِّنَ السَّمَاۗءِ بِمَا كَانُوْا يَظْلِمُوْنَ ۝

ع ٢٠ ٥ ٢٠ রুকূ ١٠

১৬২। কিন্তু তাদের মধ্য থেকে যারা জুলুম করেছিল তারা একে যা তাদেরকে বলা হয়েছিল তা ব্যতীত অন্য এক কথা দ্বারা পরিবর্তন করল, ফলে আমি তাদের উপর আকাশ থেকে শাস্তি প্রেরণ করলাম, কারণ তারা জুলুম করত।

وَسْئَلْهُمْ عَنِ الْقَرْيَةِ الَّتِيْ كَانَتْ حَاضِرَةَ الْبَحْرِ ۘ اِذْ يَعْدُوْنَ فِي السَّبْتِ اِذْ تَاْتِيْهِمْ حِيْتَانُهُمْ يَوْمَ سَبْتِهِمْ شُرَّعًا وَّيَوْمَ لَا يَسْبِتُوْنَ ۙ لَا تَاْتِيْهِمْ ۚ كَذٰلِكَ ۚ نَبْلُوْهُمْ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿١٦٣﴾

১৬৩। এবং তাদেরকে সেই জনপদ সম্পর্কে জিজ্ঞাসা কর যা ছিল সমুদ্রের পাশে। যখন তারা শনিবারের বিষয়ে সীমালঙ্ঘন করত; যখন তাদের মাছগুলো তাদের শনিবারে পানিতে ভেসে তাদের কাছে আসত, কিন্তু যেদিন তাদের শনিবার হত না (অর্থাৎ অন্যদিন) সেদিন তারা তাদের কাছে আসত না। এভাবেই আমি তাদেরকে পরীক্ষা করেছিলাম, কারণ তারা পাপাচার করত।

وَاِذْ قَالَتْ اُمَّةٌ مِّنْهُمْ لِمَ تَعِظُوْنَ قَوْمَا ۙ اللّٰهُ مُهْلِكُهُمْ اَوْ مُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيْدًا ؕ قَالُوْا مَعْذِرَةً اِلٰى رَبِّكُمْ وَلَعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿١٦٤﴾

১৬৪। এবং যখন তাদের একটি উম্মত (দল) বলেছিল (অন্য একটি দলকে), 'তোমরা কেন এমন সম্প্রদায়কে উপদেশ দিচ্ছ যাদেরকে আল্লাহ্ ধ্বংস করবেন কিংবা শাস্তি দিবেন-কঠোর শাস্তি?' তারা বলেছিল, 'তোমাদের প্রতিপালকের কাছে ওজর পেশ করার জন্য এবং যাতে তারা (আল্লাহ্‌কে) ভয় করতে পারে।'

فَلَمَّا نَسُوْا مَا ذُكِّرُوْا بِهٖٓ اَنْجَيْنَا الَّذِيْنَ يَنْهَوْنَ عَنِ السُّوْٓءِ وَاَخَذْنَا الَّذِيْنَ ظَلَمُوْا بِعَذَابٍۭ بَئِيْسٍۭ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿١٦٥﴾

১৬৫। অতঃপর যখন তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল তারা তা ভুলে গিয়েছিল তখন যারা অসৎকাজ থেকে নিষেধ করত তাদেরকে আমি উদ্ধার করেছিলাম, আর যারা জুলুম করেছিল তাদেরকে আমি অতি কঠিন শাস্তি দ্বারা পাকড়াও করেছিলাম, কারণ তারা পাপাচার করত।

فَلَمَّا عَتَوْا عَنْ مَّا نُهُوْا عَنْهُ قُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِئِيْنَ ﴿١٦٦﴾

১৬৬। এবং যখন তাদেরকে যা থেকে নিষেধ করা হয়েছিল তারা তার অবাধ্য হল তখন আমি তাদেরকে বললাম, 'তোমরা ঘৃণীত বানর হয়ে যাও।'

وَاِذْ تَاَذَّنَ رَبُّكَ لَيَبْعَثَنَّ عَلَيْهِمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ يَّسُوْمُهُمْ سُوْٓءَ الْعَذَابِ ؕ اِنَّ رَبَّكَ لَسَرِيْعُ الْعِقَابِ ۖ وَاِنَّهٗ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٦٧﴾

১৬৭। এবং যখন তোমার প্রতিপালক ঘোষণা করলেন যে, অবশ্যই তিনি কিয়ামতের দিন পর্যন্ত তাদের উপর এমন লোকদেরকে পাঠাবেন যারা তাদেরকে নিকৃষ্ট শাস্তি চাপিয়ে দিবে। নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই শাস্তিদানে দ্রুত এবং নিশ্চয় তিনি অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَقَطَّعْنٰهُمْ فِي الْاَرْضِ اُمَمًا ۚ مِنْهُمُ الصّٰلِحُوْنَ وَمِنْهُمْ دُوْنَ ذٰلِكَ ۫ وَبَلَوْنٰهُمْ بِالْحَسَنٰتِ وَالسَّيِّاٰتِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿١٦٨﴾

১৬৮। এবং পৃথিবীতে আমি তাদেরকে বহু উম্মতে (দলে) বিভক্ত করেছি, তাদের কিছু সৎকর্মশীল ও কিছু তার ব্যতিক্রম এবং কল্যাণ ও অকল্যাণ দ্বারা আমি তাদেরকে পরীক্ষা করেছি, যাতে তারা ফিরে আসতে পারে।

فَخَلَفَ مِنْۢ بَعْدِهِمْ خَلْفٌ وَّرِثُوا الْكِتٰبَ يَاْخُذُوْنَ عَرَضَ هٰذَا الْاَدْنٰى وَيَقُوْلُوْنَ سَيُغْفَرُ لَنَا ۚ وَاِنْ يَّاْتِهِمْ عَرَضٌ مِّثْلُهٗ يَاْخُذُوْهُ ؕ اَلَمْ يُؤْخَذْ عَلَيْهِمْ مِّيْثَاقُ الْكِتٰبِ اَنْ لَّا يَقُوْلُوْا عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ وَدَرَسُوْا مَا فِيْهِ ؕ وَالدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٦٩﴾

১৬৯। অতঃপর তাদের পরে তাদের এমন উত্তরসূরী এসেছে যারা কিতাবের উত্তরাধিকারী হয়েছে। তারা এই নগণ্য জীবনের অস্থায়ী সম্পদ গ্রহণ করে এবং বলে, 'আমাদেরকে ক্ষমা করে দেয়া হবে', এবং যদি এর অনুরূপ অস্থায়ী সম্পদ তাদের কাছে (আবারও) আসে তাও তারা গ্রহণ করবে। তাদের থেকে কি কিতাবের এমন অঙ্গীকার নেয়া হয়নি যে, তারা আল্লাহ্ সম্পর্কে সত্য ছাড়া কিছু বলবে না, অথচ তারা তাতে যা আছে তা অধ্যয়নও করেছে? আর আখিরাতের আবাস তাদের জন্যই উত্তম যারা তাকওয়া অবলম্বন করে। তবে কি তোমরা অনুধাবন কর না?

وَالَّذِيْنَ يُمَسِّكُوْنَ بِالْكِتٰبِ وَاَقَامُوا الصَّلٰوةَ ؕ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ الْمُصْلِحِيْنَ ﴿١٧٠﴾

১৭০। কিন্তু যারা কিতাবকে দৃঢ়ভাবে ধারণ করেছে ও সালাত (নামায) কায়েম করেছে, নিশ্চয় আমি (এরূপ) সংশোধনকারীদের কর্মফল নষ্ট করি না।

وَاِذْ نَتَقْنَا الْجَبَلَ فَوْقَهُمْ كَاَنَّهٗ ظُلَّةٌ وَّظَنُّوْٓا اَنَّهٗ وَاقِعٌۢ بِهِمْ ۚ خُذُوْا مَآ اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا مَا فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧١﴾ ع

১৭১। এবং যখন আমি পর্বতকে তাদের উপরে তুলে ধরলাম, যেন তা ছিল একটি তাঁবু এবং তারা মনে করল যে, ওটা তাদের উপর পতিত হবে, (বললাম) 'আমি তোমাদেরকে যা দিয়েছি তা শক্ত করে ধারণ কর এবং তাতে যা আছে তা স্মরণ কর, যাতে তোমরা তাকওয়া অবলম্বন করতে পার।'

ع ٣١ ٩ ١١ ٢١ রুকূ ১১

وَاِذْ اَخَذَ رَبُّكَ مِنْۢ بَنِيْٓ اٰدَمَ مِنْ ظُهُوْرِهِمْ ذُرِّيَّتَهُمْ وَاَشْهَدَهُمْ عَلٰٓى اَنْفُسِهِمْ ۚ اَلَسْتُ بِرَبِّكُمْ ؕ قَالُوْا بَلٰى ۛۚ شَهِدْنَا ۛۚ اَنْ تَقُوْلُوْا يَوْمَ الْقِيٰمَةِ اِنَّا كُنَّا عَنْ هٰذَا غٰفِلِيْنَ ۙ﴿١٧٢﴾

১৭২। এবং যখন তোমার প্রতিপালক আদমের সন্তানদের পিঠ থেকে তাদের বংশধরকে বের করলেন এবং তাদের নিজেদের বিষয়ে সাক্ষ্য গ্রহণ করলেন (এবং বললেন), 'আমি কি তোমাদের প্রতিপালক নই?' তারা বলল, 'হ্যাঁ অবশ্যই, আমরা সাক্ষী দিলাম।' (এটা) এজন্য যে, তোমরা যাতে কিয়ামতের দিন বলতে না পার, নিশ্চয় আমরা এ বিষয়ে বেখবর ছিলাম-

اَوْ تَقُوْلُوْٓا اِنَّمَآ اَشْرَكَ اٰبَآؤُنَا مِنْ قَبْلُ وَكُنَّا ذُرِّيَّةً مِّنْۢ بَعْدِهِمْ ۚ اَفَتُهْلِكُنَا بِمَا فَعَلَ الْمُبْطِلُوْنَ ﴿١٧٣﴾

১৭৩। কিংবা তোমরা যাতে বলতে না পার, 'আমাদের পিতৃপুরুষরাই আমাদের পূর্বে শরীক করেছে, আর আমরা ছিলাম তাদের পরবর্তী বংশধর, তবে কি বাতিলপন্থীরা যা করেছে তার জন্য আপনি আমাদেরকে ধ্বংস করবেন?'

وَكَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ وَلَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿١٧٤﴾

১৭৪। এবং এভাবেই আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি এবং যাতে তারা ফিরে আসতে পারে।

وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ الَّذِيْٓ اٰتَيْنٰهُ اٰيٰتِنَا فَانْسَلَخَ مِنْهَا فَاَتْبَعَهُ الشَّيْطٰنُ فَكَانَ مِنَ الْغٰوِيْنَ ﴿١٧٥﴾

১৭৫। এবং তাদেরকে ঐ ব্যক্তির সংবাদ পাঠ করে শোনাও যাকে আমি আমার আয়াতসমূহ (এর জ্ঞান) দিয়েছিলাম, অতঃপর সে এগুলো থেকে নিজেকে বিচ্ছিন্ন করল, ফলে শয়তান তার পিছনে লাগল এবং সে বিপথগামীদের অন্তর্ভুক্ত হল।

وَلَوْ شِئْنَا لَرَفَعْنٰهُ بِهَا وَلٰكِنَّهٗٓ اَخْلَدَ اِلَى الْاَرْضِ وَاتَّبَعَ هَوٰىهُ ۚ فَمَثَلُهٗ كَمَثَلِ الْكَلْبِ ۚ اِنْ تَحْمِلْ عَلَيْهِ يَلْهَثْ اَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ؕ ذٰلِكَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ﴿١٧٦﴾

১৭৬। এবং যদি আমি ইচ্ছা করতাম তাহলে এগুলো দ্বারা তাকে উচ্চ মর্যাদা দান করতাম, কিন্তু সে পৃথিবীর প্রতি ঝুঁকে পড়ল এবং তার প্রবৃত্তির অনুসরণ করল, সুতরাং তার উপমা হল কুকুরের উপমার মত, যদি তুমি তাকে ধাওয়া* কর তবে সে জিহ্বা বের করে হাঁপায় আর যদি তাকে (এমনিতেই) ছেড়ে দাও তবুও সে জিহ্বা বের করে হাঁপায়। এটা সেই সম্প্রদায়ের উপমা যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে, সুতরাং এসব কাহিনী বর্ণনা কর, যাতে তারা চিন্তা করতে পারে।

سَآءَ مَثَلَا ۨ الْقَوْمُ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاَنْفُسَهُمْ كَانُوْا يَظْلِمُوْنَ ﴿١٧٧﴾

১৭৭। সে সম্প্রদায়ের উপমা কতই না মন্দ যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে এবং তারা তাদের নিজেদের প্রতি জুলুম করত।

مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِيْ ۚ وَمَنْ يُّضْلِلْ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٧٨﴾

১৭৮। আল্লাহ্ যাকে পথ প্রদর্শন করেন সেই পথ পায় এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন তারাই ক্ষতিগ্রস্ত।

وَلَقَدْ ذَرَاْنَا لِجَهَنَّمَ كَثِيْرًا مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۫ لَهُمْ قُلُوْبٌ لَّا يَفْقَهُوْنَ بِهَا ۫ وَلَهُمْ اَعْيُنٌ لَّا يُبْصِرُوْنَ بِهَا ۫ وَلَهُمْ اٰذَانٌ لَّا يَسْمَعُوْنَ بِهَا ؕ اُولٰٓئِكَ كَالْاَنْعَامِ بَلْ هُمْ اَضَلُّ ؕ اُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ﴿١٧٩﴾

১৭৯। এবং অবশ্যই আমি অনেক জ্বীন ও মানুষকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি; তাদের হৃদয় আছে, তা দিয়ে তারা বুঝে না, তাদের চোখ আছে, তা দিয়ে তারা দেখে না এবং তাদের কান আছে, তা দিয়ে তারা শোনে না। তারা পশুর মত, বরং তারা অধিক পথভ্রষ্ট। তারাই বেখবর।

وَلِلّٰهِ الْاَسْمَآءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا ۪ وَذَرُوا الَّذِيْنَ يُلْحِدُوْنَ فِيْٓ اَسْمَآئِهٖ ؕ سَيُجْزَوْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٨٠﴾

১৮০। এবং সুন্দরতম নামসমূহ আল্লাহরই, সুতরাং তোমরা তাকে এগুলো দ্বারা ডাক; এবং যারা তাঁর নামসমূহে বিচ্যুতি ঘটায় তাদেরকে বর্জন কর। শীঘ্রই তাদেরকে তারা যা করত তার প্রতিফল দেয়া হবে।

وَمِمَّنْ خَلَقْنَآ اُمَّةٌ يَّهْدُوْنَ بِالْحَقِّ وَبِهٖ يَعْدِلُوْنَ ﴿١٨١﴾ ع

১৮১। এবং যাদেরকে আমি সৃষ্টি করেছি তাদের মধ্যে একটি উম্মত (দল) রয়েছে যারা সত্যের দ্বারা পথ দেখায় এবং সে অনুযায়ী ন্যায়বিচার করে।

ع ١٠ ١٣ ٢٢ রুকূ ١٢

وَالَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا سَنَسْتَدْرِجُهُمْ مِّنْ حَيْثُ لَا يَعْلَمُوْنَ ۚۖ ﴿١٨٢﴾

১৮২। আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে শীঘ্রই আমি তাদেরকে পর্যায়ক্রমে এমনভাবে ধরব যে, তারা জানতেও পারবে না।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاُمْلِيْ لَهُمْ ۭ اِنَّ كَيْدِيْ مَتِيْنٌ ﴿١٨٣﴾

১৮৩।এবং আমি তাদেরকে অবকাশ দিচ্ছি; নিশ্চয় আমার কৌশল অত্যন্ত শক্ত।

اَوَلَمْ يَتَفَكَّرُوْا ۣ مَا بِصَاحِبِهِمْ مِّنْ جِنَّةٍ ۭ اِنْ هُوَ اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿١٨٤﴾

১৮৪।তারা কি চিন্তা করে না যে, তাদের সহচর (মুহাম্মদ)-এর মধ্যে মোটেও পাগলামী নেই। সে কেবল এক সুস্পষ্ট সতর্ককারী।

اَوَلَمْ يَنْظُرُوْا فِيْ مَلَكُوْتِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا خَلَقَ اللّٰهُ مِنْ شَيْءٍ ۙ وَّاَنْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ قَدِ اقْتَرَبَ اَجَلُهُمْ ۚ فَبِاَيِّ حَدِيْثٍۢ بَعْدَهٗ يُؤْمِنُوْنَ ﴿١٨٥﴾

১৮৫।তারা কি লক্ষ্য করে না, আকাশসমূহ ও পৃথিবীর কর্তৃত্ব সম্পর্কে এবং আল্লাহ্ যা কিছু সৃষ্টি করেছেন সে সম্পর্কে এবং এ সম্পর্কেও যে, সম্ভবত তাদের নির্দিষ্ট সময় নিকটবর্তী হয়েছে? সুতরাং এরপরে (কুরআনের পরে) তারা কোন্ কথায় ঈমান আনবে!

مَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَا هَادِيَ لَهٗ ۭ وَيَذَرُهُمْ فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١٨٦﴾

১৮৬।আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোনো পথপ্রদর্শক নেই। এবং তাদেরকে তিনি তাদের অবাধ্যতায় দিশেহারা হয়ে ঘুরে বেড়ানোর অবকাশ দেন।

يَسْـَٔلُوْنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ مُرْسٰىهَا ۭ قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّيْ ۚ لَا يُجَلِّيْهَا لِوَقْتِهَآ اِلَّا هُوَ ۙ ثَقُلَتْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ لَا تَاْتِيْكُمْ اِلَّا بَغْتَةً ۭ يَسْـَٔلُوْنَكَ كَاَنَّكَ حَفِيٌّ عَنْهَا ۭ قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللّٰهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿١٨٧﴾

১৮৭।তারা তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে, কখন তা ঘটবে। বল 'এর জ্ঞান কেবল আমার প্রতিপালকের কাছে রয়েছে। তিনি ছাড়া অন্য কেউ এর সময় প্রকাশ করতে পারবে না। সেটা হবে আকাশসমূহ ও পৃথিবীতে একটি ভয়ঙ্কর ঘটনা। এটি তোমাদের নিকট কেবল হঠাৎ আসবে।' তারা তোমাকে প্রশ্ন করে (এ মনে করে) যেন তুমি এ বিষয়ে ভাল জান। বল,'এর জ্ঞান কেবল আল্লাহ্‌র কাছে রয়েছে, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।'

قُلْ لَّآ اَمْلِكُ لِنَفْسِيْ نَفْعًا وَّلَا ضَرًّا اِلَّا مَا شَاۗءَ اللّٰهُ ۭ وَلَوْ كُنْتُ اَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ ۚ وَمَا مَسَّنِيَ السُّوْۗءُ ۚ اِنْ اَنَا اِلَّا نَذِيْرٌ وَّبَشِيْرٌ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿١٨٨﴾

১৮৮।বল, 'আমি আমার নিজের জন্য উপকার বা ক্ষতির মালিক নই- আল্লাহ্ যা ইচ্ছা করেন তা ছাড়া। আর যদি আমি অদৃশ্য জানতাম তাহলে অবশ্যই আমি অনেক কল্যাণ লাভ করতাম এবং কোন অনিষ্টই আমাকে স্পর্শ করত না। আমি কেবল একজন সতর্ককারী ও সুসংবাদদাতা সে সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।'

ع ٢٣ ١٣ ٢٣ রুকু ١٣

هُوَ الَّذِيْ خَلَقَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ وَّجَعَلَ مِنْهَا زَوْجَهَا لِيَسْكُنَ اِلَيْهَا ۚ فَلَمَّا تَغَشّٰىهَا حَمَلَتْ حَمْلًا خَفِيْفًا فَمَرَّتْ بِهٖ ۚ فَلَمَّآ اَثْقَلَتْ دَّعَوَا اللّٰهَ رَبَّهُمَا لَىِٕنْ اٰتَيْتَنَا صَالِحًا لَّنَكُوْنَنَّ مِنَ الشّٰكِرِيْنَ ﴿١٨٩﴾

১৮৯।তিনিই তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন এবং তার থেকে তার জোড়া বানিয়েছেন যাতে সে তার কাছে প্রশান্তি লাভ করতে পারে। অতঃপর যখন সে (স্বামী) তাকে আবৃত করল তখন সে এক হালকা গর্ভধারণ করল এবং এটা নিয়ে সে চলাফেরা করল। অতঃপর যখন তা (গর্ভ) ভারী হল তখন তারা দু'জন তাদের প্রতিপালক আল্লাহ্‌র কাছে প্রার্থনা করল, 'যদি আপনি আমাদেরকে সুস্থ সন্তান দান করেন তাহলে অবশ্যই অবশ্যই আমরা কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব।'

فَلَمَّآ اٰتٰىهُمَا صَالِحًا جَعَلَا لَهٗ شُرَكَاۗءَ فِيْمَآ اٰتٰىهُمَا ۚ فَتَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٩٠﴾

১৯০।অতঃপর যখন তিনি তাদেরকে এক সুস্থ সন্তান দান করলেন, তখন তাদের দু'জনকে যা দেয়া হয়েছে সে সম্পর্কে তারা দু'জন আল্লাহ্‌র জন্য শরীক নির্ধারণ করল। আর তারা (মুশরিকরা) যা শরীক করে তা হতে আল্লাহ্ অনেক ঊর্ধ্বে।

اَيُشْرِكُوْنَ مَا لَا يَخْلُقُ شَيْـًٔا وَّهُمْ يُخْلَقُوْنَ ﴿١٩١﴾

১৯১।তারা কি এমন কিছুকে শরীক করে যা কিছুই সৃষ্টি করে না, অথচ তারাই সৃষ্ট?

وَلَا يَسْتَطِيْعُوْنَ لَهُمْ نَصْرًا وَّلَآ اَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٢﴾

১৯২।এবং তারা তাদেরকে কোন প্রকার সাহায্য করতে সক্ষম নয় এমনকি তারা তাদের নিজেদেরকেও সাহায্য করতে পারে না।

وَاِنْ تَدْعُوْهُمْ اِلَى الْهُدٰى لَا يَتَّبِعُوْكُمْ ۭ سَوَاۗءٌ عَلَيْكُمْ اَدَعَوْتُمُوْهُمْ اَمْ اَنْتُمْ صَامِتُوْنَ ﴿١٩٣﴾

১৯৩।আর যদি তোমরা তাদেরকে সঠিকপথের দিকে ডাক তাহলে তারা তোমাদেরকে অনুসরণ করবে না। তোমরা তাদেরকে ডাক অথবা চুপ করে থাক, তোমাদের জন্য (উভয়ই) সমান।

১৯৪। নিশ্চয় আল্লাহ্কে বাদ দিয়ে তোমরা যাদেরকে ডাক তারা তোমাদেরই মত বান্দা, সুতরাং তোমরা তাদেরকে ডাক, তারা তোমাদেরকে সাড়া দিক- যদি তোমরা সত্যবাদী হও।

إِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللهِ عِبَادٌ أَمْثَالُكُمْ فَادْعُوْهُمْ فَلْيَسْتَجِيْبُوْا لَكُمْ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٩٤﴾

১৯৫। তাদের কি পা আছে যার মাধ্যমে তারা চলে? অথবা তাদের কি হাত আছে যার মাধ্যমে তারা ধরে? অথবা তাদের কি চোখ আছে যার মাধ্যমে তারা দেখে? অথবা তাদের কি কান আছে যার মাধ্যমে তারা শোনে? বল, 'তোমরা তোমাদের শরীকদেরকে ডাক, এরপর আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর এবং আমাকে অবকাশ দিও না।

أَلَهُمْ أَرْجُلٌ يَّمْشُوْنَ بِهَآ ز أَمْ لَهُمْ أَيْدٍ يَّبْطِشُوْنَ بِهَآ ز أَمْ لَهُمْ أَعْيُنٌ يُّبْصِرُوْنَ بِهَآ ز أَمْ لَهُمْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ بِهَا ط قُلِ ادْعُوْا شُرَكَآءَكُمْ ثُمَّ كِيْدُوْنِ فَلَا تُنْظِرُوْنِ ﴿١٩٥﴾

১৯৬। নিশ্চয় আমার অভিভাবক আল্লাহ্ যিনি কিতাব অবতীর্ণ করেছেন এবং তিনিই সৎকর্মশীলদের অভিভাবকত্ব করে থাকেন।

إِنَّ وَلِيِّيَ اللهُ الَّذِيْ نَزَّلَ الْكِتٰبَ صلى وَهُوَ يَتَوَلَّى الصّٰلِحِيْنَ ﴿١٩٦﴾

১৯৭। এবং তাঁকে বাদ দিয়ে যাদেরকে তোমরা ডাক তারা তোমাদেরকে সাহায্য করতে সক্ষম নয় এবং তারা তাদের নিজেদেরকেও সাহায্য করতে পারে না।'

وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَكُمْ وَلَآ أَنْفُسَهُمْ يَنْصُرُوْنَ ﴿١٩٧﴾

১৯৮। আর যদি তোমরা তাদেরকে সঠিকপথের দিকে ডাক তাহলে তারা শুনবে না। এবং তুমি তাদেরকে দেখতে পাবে যে, তারা তোমার দিকে তাকিয়ে আছে, অথচ তারা দেখে না।

وَإِنْ تَدْعُوْهُمْ إِلَى الْهُدٰى لَا يَسْمَعُوْا ط وَتَرٰىهُمْ يَنْظُرُوْنَ إِلَيْكَ وَهُمْ لَا يُبْصِرُوْنَ ﴿١٩٨﴾

১৯৯। তুমি ক্ষমাপরায়ণতা অবলম্বন কর, সৎকাজের নির্দেশ দাও এবং অজ্ঞদেরকে উপেক্ষা কর।

خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ وَأَعْرِضْ عَنِ الْجٰهِلِيْنَ ﴿١٩٩﴾

২০০। আর যদি শয়তানের প্ররোচনা তোমাকে প্ররোচনা দেয় তাহলে আল্লাহ্র আশ্রয় প্রার্থনা কর। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَإِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللهِ ط إِنَّهٗ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٠٠﴾

২০১। নিশ্চয় যারা তাকওয়া অবলম্বন করেছে তাদেরকে যখন শয়তান থেকে কোনো প্ররোচনা স্পর্শ করে তখন তারা (আল্লাহ্কে) স্মরণ করে এবং তৎক্ষণাৎ তারা দৃষ্টিসম্পন্ন হয়ে পড়ে।

إِنَّ الَّذِيْنَ اتَّقَوْا إِذَا مَسَّهُمْ طٰٓئِفٌ مِّنَ الشَّيْطٰنِ تَذَكَّرُوْا فَإِذَا هُمْ مُّبْصِرُوْنَ ﴿٢٠١﴾

২০২। কিন্তু তাদের ভাইয়েরা (শয়তানের অনুসারীরা) তাদেরকে (অজ্ঞদেরকে) ভুলপথে সাহায্য করে, এরপর (এ বিষয়ে) তারা কোন কমতি করে না।

وَإِخْوَانُهُمْ يَمُدُّوْنَهُمْ فِي الْغَيِّ ثُمَّ لَا يُقْصِرُوْنَ ﴿٢٠٢﴾

২০৩। এবং যখন তুমি তাদের কাছে কোন নিদর্শন নিয়ে না আস তখন তারা বলে,'তুমি তা (কোন নিদর্শন) বেছে নিলে না কেন?' বল, 'আমার প্রতিপালকের পক্ষ থেকে আমার প্রতি যা ওহী করা হয়, আমি কেবল তারই অনুসরণ করি, এটি (কুরআন) তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে (জ্ঞানের) আলোকবর্তিকা, এবং বিশ্বাসী সম্প্রদায়ের জন্য পথনির্দেশিকা ও দয়া।

وَإِذَا لَمْ تَأْتِهِمْ بِاٰيَةٍ قَالُوْا لَوْلَا اجْتَبَيْتَهَا ط قُلْ إِنَّمَآ أَتَّبِعُ مَا يُوْحٰٓى إِلَيَّ مِنْ رَّبِّيْ ج هٰذَا بَصَآئِرُ مِنْ رَّبِّكُمْ وَهُدًى وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٢٠٣﴾

২০৪। এবং যখন কুরআন পড়া হয় তখন তোমরা মনোযোগ সহকারে তা শ্রবণ কর এবং চুপ করে থাক যাতে তোমারা দয়াপ্রাপ্ত হতে পার।

وَإِذَا قُرِئَ الْقُرْاٰنُ فَاسْتَمِعُوْا لَهٗ وَأَنْصِتُوْا لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٢٠٤﴾

২০৫। আর তোমার প্রতিপালককে স্মরণ কর তোমার মনের মধ্যে, বিনয়ের সাথে, ভয়ের সাথে এবং অনুচ্চস্বরে সকালে ও সন্ধ্যায়* এবং তুমি বেখবরদের অন্তর্ভুক্ত হয়ো না।

وَاذْكُرْ رَّبَّكَ فِيْ نَفْسِكَ تَضَرُّعًا وَّخِيْفَةً وَّدُوْنَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ وَلَا تَكُنْ مِّنَ الْغٰفِلِيْنَ ﴿٢٠٥﴾

২০৬। নিশ্চয় যারা (ফেরেশতারা) তোমার প্রতিপালকের কাছে রয়েছে তারা অহংকার করে তাঁর ইবাদত থেকে বিরত থাকে না এবং তারা তাঁর পবিত্রতা ঘোষণা করে এবং তাঁকেই সিজদা করে।

৩৪ ع ۱۳ ২৪ রুকু ১৪

إِنَّ الَّذِيْنَ عِنْدَ رَبِّكَ لَا يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِهٖ وَيُسَبِّحُوْنَهٗ وَلَهٗ يَسْجُدُوْنَ ﴿٢٠٦﴾ (সেজদা)

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৮.সূরা আল-আনফাল, মাদানী

৭৫ আয়াত, ১০ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨-سُوْرَةُ الْاَنْفَالِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٧٥، رُكُوْعَاتُهَا-١٠

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يَسْـَٔلُوْنَكَ عَنِ الْاَنْفَالِ ؕ قُلِ الْاَنْفَالُ لِلّٰهِ وَالرَّسُوْلِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَاَصْلِحُوْا ذَاتَ بَيْنِكُمْ ۪ وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗۤ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝١

১। তারা তোমাকে যুদ্ধলব্ধ সম্পদ সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, 'যুদ্ধলব্ধ সম্পদ আল্লাহ্‌ ও রাসূলের জন্য, সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং তোমাদের পারস্পরিক বিষয়ে আপোষ-নিষ্পত্তি কর। এবং তোমরা আল্লাহ্‌ ও তাঁর রাসূলের আনুগত্য কর- যদি তোমরা মু'মিন হও।'

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اِذَا ذُكِرَ اللّٰهُ وَجِلَتْ قُلُوْبُهُمْ وَاِذَا تُلِيَتْ عَلَيْهِمْ اٰيٰتُهٗ زَادَتْهُمْ اِيْمَانًا وَّعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ۝٢ۚ

২। মু'মিন কেবল তারাই যারা যখন আল্লাহ্‌কে স্মরণ করা হয় তখন তাদের হৃদয়সমূহ ভীত হয় এবং যখন তাদের কাছে তাঁর আয়াতসমূহ পাঠ করা হয় তখন তাদের ঈমান বৃদ্ধি পায় এবং তারা তাদের প্রতিপালকের উপরই ভরসা করে-

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ۝٣ۚ

৩। যারা সালাত (নামায) কায়েম করে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে ব্যয় করে।

اُولٰٓئِكَ هُمُ الْمُؤْمِنُوْنَ حَقًّا ؕ لَهُمْ دَرَجٰتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ۝٤ۚ

৪। তারাই প্রকৃত মু'মিন। তাদের প্রতিপালকের কাছে তাদের জন্য রয়েছে মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক রিযিক,

كَمَاۤ اَخْرَجَكَ رَبُّكَ مِنْۢ بَيْتِكَ بِالْحَقِّ ۪ وَاِنَّ فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ لَكٰرِهُوْنَ ۝٥ۚ

৫। (এটি সেরকম) যেমন* তোমার প্রতিপালক তোমাকে সত্যসহ (সঠিক লক্ষ্যে) তোমার ঘর থেকে তোমাকে বের করেছিলেন, যখন নিশ্চয় মু'মিনদের এক দল তা অবশ্যই অপছন্দ করেছিল-

يُجَادِلُوْنَكَ فِى الْحَقِّ بَعْدَمَا تَبَيَّنَ كَاَنَّمَا يُسَاقُوْنَ اِلَى الْمَوْتِ وَهُمْ يَنْظُرُوْنَ ۝٦ۚ

৬। তারা তোমার সাথে সত্যের বিষয়ে বিতর্ক করছিল তা (সত্য*) স্পষ্ট হয়ে যাওয়ার পর, যেন তাদেরকে মৃত্যুর দিকে তাড়িয়ে নেয়া হচ্ছে, এমন অবস্থায় যে তারা (তা) দেখছে।

وَاِذْ يَعِدُكُمُ اللّٰهُ اِحْدَى الطَّآئِفَتَيْنِ اَنَّهَا لَكُمْ وَتَوَدُّوْنَ اَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُوْنُ لَكُمْ وَيُرِيْدُ اللّٰهُ اَنْ يُّحِقَّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَيَقْطَعَ دَابِرَ الْكٰفِرِيْنَ ۝٧ۙ

৭। এবং যখন আল্লাহ্‌ তোমাদেরকে প্রতিশ্রুতি দিলেন, দু'টি দলের* একটিকে যে, এটি হবে তোমাদের জন্য (অর্থাৎ তোমাদের আয়ত্বাধীন), যখন তোমরা কামনা করছিলে যে, নিরস্ত্র দলটি তোমাদের জন্য হোক, আর আল্লাহ্‌ চাচ্ছিলেন যে, তিনি তাঁর বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করবেন এবং কাফিরদের মূল কেটে দিবেন-

لِيُحِقَّ الْحَقَّ وَيُبْطِلَ الْبَاطِلَ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ ۝٨ۚ

৮। যেন তিনি সত্যকে সত্যে প্রতিষ্ঠিত করতে পারেন এবং বাতিলকে উচ্ছেদ করতে পারেন, যদিও অপরাধীরা তা অপছন্দ করে,

اِذْ تَسْتَغِيْثُوْنَ رَبَّكُمْ فَاسْتَجَابَ لَكُمْ اَنِّىْ مُمِدُّكُمْ بِاَلْفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُرْدِفِيْنَ ۝٩

৯। যখন তোমরা তোমাদের প্রতিপালকের কাছে সাহায্য প্রার্থনা করছিলে, তখন তিনি তোমাদেরকে সাড়া দিলেন যে, 'আমি তোমাদেরকে ফেরেশতাদের মধ্য থেকে এক হাজার (ফেরেশতা) দ্বারা সাহায্য করব যারা একের পর এক আসবে।'

وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى وَلِتَطْمَئِنَّ بِهٖ قُلُوْبُكُمْ ۚ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ۝١٠

ع ١ ١٥ د রুকূ ১৫

১০। এবং আল্লাহ্‌ এটি করেছেন কেবল সুসংবাদ দেয়ার জন্য এবং যেন এর দ্বারা তোমাদের হৃদয়সমূহ প্রশান্তি লাভ করে, আর সাহায্য কেবল আল্লাহ্‌র কাছ থেকেই আসে। নিশ্চয় আল্লাহ্‌ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

إِذْ يُغَشِّيكُمُ النُّعَاسَ أَمَنَةً مِّنْهُ وَيُنَزِّلُ عَلَيْكُم مِّنَ السَّمَاءِ مَاءً لِّيُطَهِّرَكُم بِهِ وَيُذْهِبَ عَنكُمْ رِجْزَ الشَّيْطَانِ وَلِيَرْبِطَ عَلَىٰ قُلُوبِكُمْ وَيُثَبِّتَ بِهِ الْأَقْدَامَ ﴿١١﴾

১১। যখন তিনি তাঁর পক্ষ থেকে প্রশান্তির জন্য তোমাদেরকে তন্দ্রায় আচ্ছন্ন* করলেন এবং আকাশ থেকে তোমাদের উপর পানি অবতীর্ণ করলেন যাতে এর দ্বারা তিনি তোমাদেরকে পবিত্র করতে পারেন, তোমাদের থেকে শয়তানের অপবিত্রতা দূর করতে পারেন, তোমাদের হৃদয়সমূহকে দৃঢ় করতে পারেন এবং এর দ্বারা (তোমাদের) পাগুলোকে দৃঢ় করতে পারেন।

إِذْ يُوحِي رَبُّكَ إِلَى الْمَلَائِكَةِ أَنِّي مَعَكُمْ فَثَبِّتُوا الَّذِينَ آمَنُوا ۚ سَأُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ فَاضْرِبُوا فَوْقَ الْأَعْنَاقِ وَاضْرِبُوا مِنْهُمْ كُلَّ بَنَانٍ ﴿١٢﴾

১২। যখন তোমাদের প্রতিপালক ফেরেশতাদের প্রতি ওহী করলেন যে, 'আমি তোমাদের সাথে আছি, সুতরাং যারা ঈমান এনেছে তাদেরকে দৃঢ় কর। যারা কুফরী করেছে শীঘ্রই আমি তাদের হৃদয়সমূহে ভীতি সঞ্চার করব, সুতরাং তোমরা তাদের ঘাড়ের উপরে আঘাত কর এবং তাদেরকে আঘাত কর প্রত্যেকটি জোড়ায়।'

ذَٰلِكَ بِأَنَّهُمْ شَاقُّوا اللَّهَ وَرَسُولَهُ ۚ وَمَن يُشَاقِقِ اللَّهَ وَرَسُولَهُ فَإِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ﴿١٣﴾

১৩। এটি এজন্য যে , তারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরোধিতা করেছে এবং যে ব্যক্তি আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরোধিতা করে, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

ذَٰلِكُمْ فَذُوقُوهُ وَأَنَّ لِلْكَافِرِينَ عَذَابَ النَّارِ ﴿١٤﴾

১৪। এটাই (তোমাদের শাস্তি), সুতরাং তা আস্বাদন কর, এবং এও যে, (আখিরাতে) কাফিরদের জন্য রয়েছে আগুনের শাস্তি।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ ﴿١٥﴾

১৫। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমরা যুদ্ধের ময়দানে কাফিরদের সাথে সাক্ষাৎ করবে, তখন তাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করো না,

وَمَن يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلَّا مُتَحَرِّفًا لِّقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلَىٰ فِئَةٍ فَقَدْ بَاءَ بِغَضَبٍ مِّنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١٦﴾

১৬। এবং যে সেদিন যুদ্ধ কৌশল হিসেবে কিংবা (তার পক্ষের কোন) দলে মিলিত হওয়ার জন্য ছাড়া তাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করবে সে আল্লাহ্র ক্রোধ (ডেকে) নিয়ে আসবে এবং জাহান্নামই তার আশ্রয়স্থল। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

فَلَمْ تَقْتُلُوهُمْ وَلَٰكِنَّ اللَّهَ قَتَلَهُمْ ۚ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَٰكِنَّ اللَّهَ رَمَىٰ ۚ وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلَاءً حَسَنًا ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿١٧﴾

১৭। আর তোমরা তাদেরকে হত্যা করনি, বরং আল্লাহ্ই তাদেরকে হত্যা করেছেন, এবং যখন তুমি (কংকর) নিক্ষেপ* করছিলে তখন তুমি নিক্ষেপ করনি বরং আল্লাহ্ই নিক্ষেপ করেছিলেন, এবং (তা এ জন্য) যাতে তিনি মু'মিনদেরকে তাঁর পক্ষ থেকে পরীক্ষা করতে পারেন- উত্তম পরীক্ষা। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

ذَٰلِكُمْ وَأَنَّ اللَّهَ مُوهِنُ كَيْدِ الْكَافِرِينَ ﴿١٨﴾

১৮। এটিই (তোমাদের পরীক্ষা), এবং এও যে, আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র দুর্বল করে দেন।

إِن تَسْتَفْتِحُوا فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ ۖ وَإِن تَنتَهُوا فَهُوَ خَيْرٌ لَّكُمْ ۖ وَإِن تَعُودُوا نَعُدْ ۚ وَلَن تُغْنِيَ عَنكُمْ فِئَتُكُمْ شَيْئًا وَلَوْ كَثُرَتْ ۙ وَأَنَّ اللَّهَ مَعَ الْمُؤْمِنِينَ ﴿١٩﴾

১৯। (হে কাফিররা!) যদি তোমরা মীমাংসা চাও* তবে মীমাংসা তোমাদের কাছে এসে গেছে, আর যদি তোমরা বিরত হও তাহলে তা তোমাদের জন্যে কল্যাণকর, এবং যদি তোমরা (যুদ্ধে) ফিরে আস তাহলে আমিও (শাস্তিতে) ফিরে আসব, এবং তোমাদের জন্য তোমাদের দল কখনো কিছুই কাজে আসবে না যদিও সংখ্যায় অধিক হয়, এবং এও যে, আল্লাহ্ মু'মিনদের সাথে আছেন।

ع ২ ১৭ ২ রুকু ১৬

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَأَنتُمْ تَسْمَعُونَ ﴿٢٠﴾

২০। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য কর এবং তোমরা তার থেকে মুখ ফিরিয়ে নিও না, এমন অবস্থায় যে তোমরা (তার নির্দেশ) শুনছ,

وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ قَالُوْا سَمِعْنَا وَهُمْ لَا يَسْمَعُوْنَ ﴿٢١﴾

২১। এবং তোমরা তাদের মতো হয়ো না যারা বলে, 'শুনলাম', অথচ তারা শোনে না।

اِنَّ شَرَّ الدَّوَآبِّ عِنْدَ اللّٰهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿٢٢﴾

২২। নিশ্চয় আল্লাহ্‌র নিকট নিকৃষ্টতম জীব হচ্ছে সেই সব বধির ও বোবা যারা অনুধাবন করে না।

وَلَوْ عَلِمَ اللّٰهُ فِيْهِمْ خَيْرًا لَّاَسْمَعَهُمْ ؕ وَلَوْ اَسْمَعَهُمْ لَتَوَلَّوْا وَّهُمْ مُّعْرِضُوْنَ ﴿٢٣﴾

২৩। আর যদি আল্লাহ্ তাদের মধ্যে ভাল কিছু (আছে বলে) জানতেন তাহলে অবশ্যই তিনি তাদেরকে শোনাতেন। এবং যদি তিনি তাদেরকে শোনাতেন তাহলে অবশ্যই তারা উপেক্ষা করে মুখ ফিরিয়ে নিত।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اسْتَجِيْبُوْا لِلّٰهِ وَلِلرَّسُوْلِ اِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيْكُمْ ۚ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ يَحُوْلُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهٖ وَاَنَّهٗۤ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٢٤﴾

২৪। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলকে সাড়া দাও যখন সে এমন কিছুর জন্য আহ্বান করে যা তোমাদেরকে জীবন্ত করে, এবং জেনে রাখ যে, আল্লাহ্ ব্যক্তি ও তার হৃদয়ের মাঝখানে* থাকেন এবং তাঁরই দিকে তোমাদেরকে সমবেত করা হবে।

وَاتَّقُوْا فِتْنَةً لَّا تُصِيْبَنَّ الَّذِيْنَ ظَلَمُوْا مِنْكُمْ خَآصَّةً ۚ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿٢٥﴾

২৫। এবং তোমরা সেই ফিতনাকে ভয় কর যা বিশেষ করে তোমাদের মধ্যে যারা জুলুম করেছে কেবল তাদেরকেই আঘাত করবে না, এবং জেনে রাখ যে, আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

وَاذْكُرُوْۤا اِذْ اَنْتُمْ قَلِيْلٌ مُّسْتَضْعَفُوْنَ فِى الْاَرْضِ تَخَافُوْنَ اَنْ يَّتَخَطَّفَكُمُ النَّاسُ فَاٰوٰىكُمْ وَاَيَّدَكُمْ بِنَصْرِهٖ وَرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٢٦﴾

২৬। এবং স্মরণ কর যখন তোমরা ছিলে অল্প (সংখ্যক) ও পৃথিবীতে দুর্বল, তোমরা আশঙ্কা করতে যে, লোকেরা তোমাদেরকে হঠাৎ ধরে নিয়ে যাবে, অতঃপর তিনি তোমাদেরকে আশ্রয় দিয়েছেন এবং তাঁর সাহায্য দ্বারা তোমাদেরকে সাহায্য করেছেন, এবং তোমাদেরকে পবিত্র বস্তুসমূহ থেকে রিযিক দিয়েছেন, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَخُوْنُوا اللّٰهَ وَالرَّسُوْلَ وَتَخُوْنُوْۤا اَمٰنٰتِكُمْ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٧﴾

২৭। ওহে যারা ঈমান এনেছ! তোমরা জেনে-বুঝে আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে খিয়ানত করো না এবং তোমাদের (পরস্পরের) আমানতসমূহেরও খিয়ানত করো না।

وَاعْلَمُوْۤا اَنَّمَاۤ اَمْوَالُكُمْ وَاَوْلَادُكُمْ فِتْنَةٌ ۙ وَّاَنَّ اللّٰهَ عِنْدَهٗۤ اَجْرٌ عَظِيْمٌ ﴿٢٨﴾

২৮। এবং জেনে রাখ যে, তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কেবল পরীক্ষাস্বরূপ,* এবং এও যে, আল্লাহ্‌রই কাছে রয়েছে মহাপ্রতিদান।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تَتَّقُوا اللّٰهَ يَجْعَلْ لَّكُمْ فُرْقَانًا وَّيُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٢٩﴾

২৯। ওহে যারা ঈমান এনেছো! যদি তোমরা আল্লাহ্‌কে ভয় কর তাহলে তিনি তোমাদেরকে সত্য-মিথ্যার পার্থক্য (করার শক্তি) দিবেন, তোমাদের থেকে তোমাদের পাপসমূহ মোচন করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।

وَاِذْ يَمْكُرُ بِكَ الَّذِيْنَ كَفَرُوْا لِيُثْبِتُوْكَ اَوْ يَقْتُلُوْكَ اَوْ يُخْرِجُوْكَ ؕ وَيَمْكُرُوْنَ وَيَمْكُرُ اللّٰهُ ؕ وَاللّٰهُ خَيْرُ الْمٰكِرِيْنَ ﴿٣٠﴾

৩০। এবং যখন যারা কুফরী করেছে তারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিল* তোমাকে বন্দী করার জন্য, বা তোমাকে হত্যা করার জন্য অথবা তোমাকে বের করে দেয়ার জন্য। এবং তারা ষড়যন্ত্র করে, আর আল্লাহ্‌ও কৌশল করেন। আর আল্লাহ্‌ই উত্তম কৌশলী।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا قَالُوْا قَدْ سَمِعْنَا لَوْ نَشَآءُ لَقُلْنَا مِثْلَ هٰذَآ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٣١﴾

৩১। এবং যখন তাদের কাছে আমার আয়াতসমূহ পাঠ করা হত তখন তারা বলত, 'আমরা শুনলাম, যদি আমরা ইচ্ছা করি তাহলে অবশ্যই আমরা এটির মত বলতে পারি, এটি পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়*।'

وَاِذْ قَالُوا اللّٰهُمَّ اِنْ كَانَ هٰذَا هُوَ الْحَقَّ مِنْ عِنْدِكَ فَاَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِّنَ السَّمَآءِ اَوِ ائْتِنَا بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٣٢﴾

৩২। এবং যখন তারা বলেছিল, 'হে আল্লাহ্! যদি আপনার পক্ষ থেকে এটিই সেই সত্য* হয় তাহলে আমাদের উপর আকাশ থেকে পাথরের বৃষ্টি বর্ষণ করুন কিংবা আমাদের নিকট যন্ত্রণাদায়ক শাস্তি নিয়ে আসুন।'

وَمَا كَانَ اللّٰهُ لِيُعَذِّبَهُمْ وَاَنْتَ فِيْهِمْ ؕ وَمَا كَانَ اللّٰهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُوْنَ ﴿٣٣﴾

৩৩। কিন্তু আল্লাহ্ এমন নন যে, তিনি তাদেরকে শাস্তি দিবেন, যখন তুমি তাদের মধ্যে রয়েছ এবং আল্লাহ্ এমনও নন যে, তিনি তাদেরকে শাস্তি দিবেন, এমন অবস্থায় যে তারা (কেউ কেউ) ক্ষমা প্রার্থনা করছে।

وَمَا لَهُمْ اَلَّا يُعَذِّبَهُمُ اللّٰهُ وَهُمْ يَصُدُّوْنَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَمَا كَانُوْٓا اَوْلِيَآءَهٗ ؕ اِنْ اَوْلِيَآؤُهٗٓ اِلَّا الْمُتَّقُوْنَ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٤﴾

৩৪। তাদের কী (যুক্তি) আছে যে, আল্লাহ্ তাদেরকে শাস্তি দিবেন না, যখন তারা (লোকদেরকে) মসজিদে হারাম থেকে বিরত রাখে, অথচ তারা এর তত্ত্বাবধায়ক নয়? মুত্তাকীরা ছাড়া কেউ এর তত্ত্বাবধায়ক নয়, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

وَمَا كَانَ صَلَاتُهُمْ عِنْدَ الْبَيْتِ اِلَّا مُكَآءً وَّتَصْدِيَةً ؕ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٥﴾

৩৫। এবং (কা'বা) ঘরের কাছে তাদের সালাত (নামায) হল কেবল শিস ও করতালি দেয়া। সুতরাং তোমরা শাস্তি আস্বাদন কর কারণ তোমরা কুফরী করতে।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ لِيَصُدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ فَسَيُنْفِقُوْنَهَا ثُمَّ تَكُوْنُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُوْنَ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْٓا اِلٰى جَهَنَّمَ يُحْشَرُوْنَ ﴿٣٦﴾

৩৬। নিশ্চয় যারা কুফরী করেছে তারা (লোকদেরকে) আল্লাহ্র পথ হতে বিরত রাখার জন্য তাদের ধন-সম্পদ ব্যয় করে। সুতরাং শীঘ্রই তারা তা ব্যয় করবে, এরপর তা তাদের আফসোস (এর কারণ) হবে, এরপর তারা পরাজিত হবে। এবং যারা কুফরী করেছে তাদেরকে জাহান্নামের দিকে সমবেত করা হবে-

لِيَمِيْزَ اللّٰهُ الْخَبِيْثَ مِنَ الطَّيِّبِ وَيَجْعَلَ الْخَبِيْثَ بَعْضَهٗ عَلٰى بَعْضٍ فَيَرْكُمَهٗ جَمِيْعًا فَيَجْعَلَهٗ فِيْ جَهَنَّمَ ؕ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٣٧﴾ ع

৩৭। (এটি এজন্য) যাতে আল্লাহ্ মন্দকে (মন্দ লোকদেরকে) ভাল (বিশ্বাসীদের) থেকে পৃথক করতে পারেন এবং মন্দের (মন্দ লোকদের) কতককে কতকের উপর রাখতে পারেন এবং তাদের সকলকে স্তুপীকৃত করতে পারেন, অতঃপর একে জাহান্নামে রাখতে পারেন। তারাই ক্ষতিগ্রস্ত।

ع ٩ ١٨ ٤ রুকূ ১৮

قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ يَّنْتَهُوْا يُغْفَرْ لَهُمْ مَّا قَدْ سَلَفَ ۚ وَاِنْ يَّعُوْدُوْا فَقَدْ مَضَتْ سُنَّتُ الْاَوَّلِيْنَ ﴿٣٨﴾

৩৮। যারা কুফরী করছে তাদেরকে বল, 'যদি তারা বিরত হয় তাহলে যা অতীত হয়েছে তা তাদেরকে ক্ষমা করে দেয়া হবে, কিন্তু যদি তারা পুনরাবৃত্তি করে তাহলে পূর্ববর্তীদের (প্রতি গৃহীত) সুন্নত (নীতি) তো অতিক্রান্ত হয়েছেই (যার পুনারাবৃত্তি তাদের ক্ষেত্রেও ঘটবে)।

وَقَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ ۚ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٣٩﴾

৩৯। এবং তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যতক্ষণ না ফিতনা না থাকে এবং দ্বীন সম্পূর্ণরূপে আল্লাহ্র জন্যই হয়ে যায়, তবে যদি তারা বিরত হয়, তাহলে তারা যা করে সে সম্পর্কে নিশ্চয় আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

وَاِنْ تَوَلَّوْا فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَوْلٰىكُمْ ؕ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ﴿٤٠﴾

৪০। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রাখ যে, আল্লাহ্ই তোমাদের প্রভু (রক্ষক)। কতই না উত্তম প্রভু এবং কতই না উত্তম সাহায্যকারী!

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاعْلَمُوْٓا اَنَّمَا غَنِمْتُمْ مِّنْ شَيْءٍ فَاَنَّ لِلّٰهِ خُمُسَهٗ وَلِلرَّسُوْلِ وَ
لِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ اِنْ
كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ وَمَآ اَنْزَلْنَا عَلٰى عَبْدِنَا يَوْمَ الْفُرْقَانِ يَوْمَ
الْتَقَى الْجَمْعٰنِ ۗ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٤١﴾

৪১। এবং জেনে রাখ যে, তোমরা যে গনীমত লাভ কর তার এক-পঞ্চমাংশ আল্লাহ্‌র, রাসূলের, (রাসূলের) আত্মীয়-স্বজনদের, ইয়াতীমদের, মিসকীনদের এবং সম্বলহীন মুসাফিরের জন্য, যদি তোমরা আল্লাহ্‌র প্রতি ঈমান এনে থাক এবং (ঈমান এনে থাক) তাতে যা (সাহায্যস্বরূপ) আমি অবতীর্ণ করেছিলাম আমার বান্দার প্রতি সত্য-মিথ্যার পার্থক্যের দিন* - যেদিন দু'টি দল মুখোমুখি হয়েছিল। এবং আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

اِذْ اَنْتُمْ بِالْعُدْوَةِ الدُّنْيَا وَهُمْ بِالْعُدْوَةِ الْقُصْوٰى وَ
الرَّكْبُ اَسْفَلَ مِنْكُمْ ۗ وَلَوْ تَوَاعَدْتُّمْ لَاخْتَلَفْتُمْ فِي
الْمِيْعٰدِ ۙ وَلٰكِنْ لِّيَقْضِيَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ۙ لِّيَهْلِكَ
مَنْ هَلَكَ عَنْۢ بَيِّنَةٍ وَّيَحْيٰى مَنْ حَيَّ عَنْۢ بَيِّنَةٍ ۗ وَاِنَّ اللّٰهَ
لَسَمِيْعٌ عَلِيْمٌ ﴿٤٢﴾

৪২। যখন তোমরা ছিলে উপত্যকার নিকট প্রান্তে* এবং তারা ছিল উপত্যকার দূর প্রান্তে আর উষ্ট্রারোহী দল (বাণিজ্য কাফেলা) ছিল তোমাদের চেয়ে নীচুতে। এবং যদি তোমরা (মুসলিম ও কুরাইশরা) পরস্পর (যুদ্ধের) সময় নির্ধারণ করতে তাহলে অবশ্যই তোমরা (যুদ্ধের) নির্ধারিত সময়ে পৌঁছতে ব্যর্থ হতে। কিন্তু (এটি ঘটেছিল) যাতে আল্লাহ্ একটি বিষয় সম্পন্ন করতে পারেন যা ঘটার ছিল- যাতে যে ধ্বংস হয় সে স্পষ্ট প্রমাণের ভিত্তিতেই ধ্বংস হয় আর যে জীবিত থাকে সেও স্পষ্ট প্রমাণের ভিত্তিতেই জীবিত থাকে। আর নিশ্চয় আল্লাহ্ অবশ্যই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

اِذْ يُرِيْكَهُمُ اللّٰهُ فِيْ مَنَامِكَ قَلِيْلًا ۗ وَلَوْ اَرٰىكَهُمْ كَثِيْرًا لَّفَشِلْتُمْ
وَلَتَنَازَعْتُمْ فِي الْاَمْرِ وَلٰكِنَّ اللّٰهَ سَلَّمَ ۗ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ
الصُّدُوْرِ ﴿٤٣﴾

৪৩। যখন আল্লাহ্ তোমার নিকট তাদেরকে তোমার স্বপ্নে অল্প (সংখ্যক) দেখিয়েছিলেন। আর যদি তিনি তোমার নিকট তাদেরকে বেশি (সংখ্যক) দেখাতেন তাহলে অবশ্যই তোমরা সাহস হারাতে এবং অবশ্যই (যুদ্ধের) বিষয় নিয়ে মত-বিরোধ করতে, কিন্তু আল্লাহ্ (তোমাদেরকে) রক্ষা করেছিলেন। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

وَاِذْ يُرِيْكُمُوْهُمْ اِذِ الْتَقَيْتُمْ فِيْٓ اَعْيُنِكُمْ قَلِيْلًا وَّيُقَلِّلُكُمْ فِيْٓ اَعْيُنِهِمْ
لِيَقْضِيَ اللّٰهُ اَمْرًا كَانَ مَفْعُوْلًا ۗ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٤٤﴾

ع ১৫ রুকূ ১

৪৪। এবং যখন তোমরা মুখোমুখি হয়েছিলে তখন তিনি তাদেরকে তোমাদের দৃষ্টিতে অল্প (সংখ্যক) দেখিয়েছিলেন এবং তোমাদেরকে তাদের দৃষ্টিতে অল্প (সংখ্যক) দেখিয়েছিলেন, যাতে আল্লাহ্ একটি বিষয় সম্পন্ন করতে পারেন যা ঘটার ছিল। এবং আল্লাহ্‌রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا لَقِيْتُمْ فِئَةً فَاثْبُتُوْا وَاذْكُرُوا اللّٰهَ
كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٤٥﴾

৪৫। ওহে যারা ঈমান এনেছ! তোমরা যখন (যুদ্ধের ময়দানে) কোন দলের মুখোমুখি হও তখন দৃঢ় থাক এবং আল্লাহ্‌কে বেশি বেশি স্মরণ কর, যাতে তোমরা সফল হতে পার।

وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَا تَنَازَعُوْا فَتَفْشَلُوْا وَتَذْهَبَ
رِيْحُكُمْ وَاصْبِرُوْا ۗ اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ﴿٤٦﴾

৪৬। এবং তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য কর এবং পরস্পর বিবাদ করো না, তাহলে তোমরা সাহস হারাবে এবং তোমাদের শক্তি চলে যাবে, এবং তোমরা ধৈর্য ধারণ কর। নিশ্চয় আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।

وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ بَطَرًا وَّرِئَآءَ النَّاسِ
وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ۗ وَاللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿٤٧﴾

৪৭। এবং তোমরা তাদের মত হয়ো না যারা দম্ভভরে ও লোক দেখানোর জন্য তাদের আবাসসমূহ থেকে বের হয়েছে এবং (লোকদেরকে) আল্লাহ্‌র পথ হতে বিরত রাখে। আর আল্লাহ্ তারা যা করে তা পরিবেষ্টন করে আছেন।

وَاِذْ زَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ وَقَالَ لَا غَالِبَ لَكُمُ الْيَوْمَ
مِنَ النَّاسِ وَاِنِّيْ جَارٌ لَّكُمْ ۚ فَلَمَّا تَرَاۤءَتِ الْفِئَتٰنِ نَكَصَ
عَلٰى عَقِبَيْهِ وَقَالَ اِنِّيْ بَرِيْٓءٌ مِّنْكُمْ اِنِّيْٓ اَرٰى مَا لَا تَرَوْنَ اِنِّيْٓ
اَخَافُ اللّٰهَ ۗ وَاللّٰهُ شَدِيْدُ الْعِقَابِ ﴿٤٨﴾

ع ১৬ রুকূ ২

৪৮। এবং যখন শয়তান তাদের কাজসমূহকে তাদের কাছে শোভনীয় করেছিল এবং বলেছিল, 'আজ মানুষের মধ্যে কেউ তোমাদের উপর বিজয়ী হতে পারবে না, এবং নিশ্চয় আমি তোমাদের রক্ষাকারী।' অতঃপর যখন দু'টি দল পরস্পর সামনাসামনি হল তখন সে পিছনে সরে পড়ল এবং বলল, 'নিশ্চয় আমি তোমাদের থেকে দায়িত্বমুক্ত, নিশ্চয় আমি তা দেখি যা তোমরা দেখতে পাও না,* নিশ্চয় আমি আল্লাহ্‌কে ভয় করি।' আর আল্লাহ্ শাস্তিদানে কঠোর।

৪৯। যখন মুনাফিকরা ও* যাদের হৃদয়ে ব্যাধি আছে তারা বলে, 'এদের দ্বীন এদেরকে প্রতারিত করেছে।' এবং যে আল্লাহ্‌র উপর ভরসা করে, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

اِذْ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ غَرَّ هٰٓؤُلَاۤءِ دِيْنُهُمْ ؕ وَمَنْ يَّتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَاِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٤٩﴾

৫০। আর যদি তুমি দেখতে যখন ফেরেশতারা যারা কুফরী করেছে তাদের মৃত্যু ঘটায় তখন তারা তাদের চেহারায় ও তাদের পিছনে আঘাত করে, এবং (কিয়ামতের দিন বলা হবে) 'তোমরা প্রজ্জ্বলিত আগুনের শাস্তি আস্বাদন কর।'

وَلَوْ تَرٰٓى اِذْ يَتَوَفَّى الَّذِيْنَ كَفَرُوا الْمَلٰٓئِكَةُ يَضْرِبُوْنَ وُجُوْهَهُمْ وَاَدْبَارَهُمْ ۚ وَذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ﴿٥٠﴾

৫১। এটা তোমাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে, এবং এ কারণেও যে, আল্লাহ্ বান্দাদের প্রতি জুলুমকারী নন-

ذٰلِكَ بِمَا قَدَّمَتْ اَيْدِيْكُمْ وَاَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ۙ﴿٥١﴾

৫২। (এদের অভ্যাস) ফিরআউন বংশ ও তাদের পূর্ববর্তীদের অভ্যাসের মত। তারা আল্লাহ্‌র নিদর্শনসমূহকে অবিশ্বাস করেছিল, সুতরাং আল্লাহ্ তাদের অপরাধসমূহের কারণে তাদেরকে পাকড়াও করেছিলেন। নিশ্চয় আল্লাহ্ মহাশক্তিধর ও শাস্তিদানে কঠোর।

كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ اِنَّ اللّٰهَ قَوِيٌّ شَدِيْدُ الْعِقَابِ ﴿٥٢﴾

৫৩। এটা এজন্য যে, আল্লাহ্ কোন নেয়ামত পরিবর্তন করার নন যা তিনি কোন সম্প্রদায়ের উপর দান করেছেন যতক্ষণ না তারা তাদের নিজেদের মধ্যে যা আছে তা পরিবর্তন (নষ্ট) করে, এবং এও যে, আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী-

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ لَمْ يَكُ مُغَيِّرًا نِّعْمَةً اَنْعَمَهَا عَلٰى قَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ۙ وَاَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ۙ﴿٥٣﴾

৫৪। (এদের অভ্যাস) ফিরআউন বংশ ও তাদের পূর্ববর্তীদের অভ্যাসের মত। তারা তাদের প্রতিপালকের নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছিল, সুতরাং তাদের অপরাধসমূহের কারণে আমি তাদেরকে ধ্বংস করেছিলাম এবং ফিরআউন বংশকে নিমজ্জিত করেছিলাম, এবং তারা সবাই ছিল জালিম।

كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ فَاَهْلَكْنٰهُمْ بِذُنُوْبِهِمْ وَاَغْرَقْنَآ اٰلَ فِرْعَوْنَ ۚ وَكُلٌّ كَانُوْا ظٰلِمِيْنَ ﴿٥٤﴾

৫৫। নিশ্চয় আল্লাহ্‌র নিকট নিকৃষ্টতম জীব হচ্ছে তারা যারা কুফরী করেছে, সুতরাং তারা ঈমান আনবে না।

اِنَّ شَرَّ الدَّوَآبِّ عِنْدَ اللّٰهِ الَّذِيْنَ كَفَرُوْا فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ۚۖ﴿٥٥﴾

৫৬। তাদের মধ্যে যাদের সাথে তুমি চুক্তি করেছ, এরপর প্রত্যেকবার* তারা তাদের চুক্তি ভঙ্গ করে এবং তারা (আল্লাহ্‌কে) ভয় করে না।

اَلَّذِيْنَ عٰهَدْتَّ مِنْهُمْ ثُمَّ يَنْقُضُوْنَ عَهْدَهُمْ فِيْ كُلِّ مَرَّةٍ وَّهُمْ لَا يَتَّقُوْنَ ﴿٥٦﴾

৫৭। সুতরাং যদি তুমি তাদেরকে যুদ্ধে (তোমার) নাগালে পাও, তাহলে তাদের দ্বারা তাদের পিছনে যারা আছে তাদেরকে ছিন্ন-বিচ্ছিন্ন করে ফেল, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

فَاِمَّا تَثْقَفَنَّهُمْ فِي الْحَرْبِ فَشَرِّدْ بِهِمْ مَّنْ خَلْفَهُمْ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٥٧﴾

৫৮। এবং যদি তুমি কোন সম্প্রদায় থেকে খিয়ানতের (চুক্তি ভঙ্গের) আশঙ্কা কর, তাহলে তুমিও একইভাবে তাদের দিকে (চুক্তি) নিক্ষেপ কর। নিশ্চয় আল্লাহ্ খিয়ানতকারীদেরকে ভালবাসেন না।

ع ٧ ٣ ٩ রুকূ ৩

وَاِمَّا تَخَافَنَّ مِنْ قَوْمٍ خِيَانَةً فَانْۢبِذْ اِلَيْهِمْ عَلٰى سَوَآءٍ ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْخَآئِنِيْنَ ﴿٥٨﴾

৫৯। আর যারা কুফরী করেছে তারা যেন কখনো মনে না করে যে, তারা (আমাকে) ছাড়িয়ে গেছে (পরিত্রান পেয়েছে)। নিশ্চয় তারা (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না।

وَلَا يَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْا سَبَقُوْا ؕ اِنَّهُمْ لَا يُعْجِزُوْنَ ﴿٥٩﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاَعِدُّوْا لَهُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَّمِنْ رِّبَاطِ الْخَيْلِ تُرْهِبُوْنَ
بِهٖ عَدُوَّ اللّٰهِ وَعَدُوَّكُمْ وَاٰخَرِيْنَ مِنْ دُوْنِهِمْ ۚ لَا تَعْلَمُوْنَهُمْ ۚ اَللّٰهُ
يَعْلَمُهُمْ ۚ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فِيْ سَبِيْلِ اللّٰهِ يُوَفَّ اِلَيْكُمْ وَ
اَنْتُمْ لَا تُظْلَمُوْنَ ﴿٦٠﴾

৬০। এবং তোমরা তাদের (মুকাবিলার) জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ব-বাহিনী* প্রস্তুত কর, এর দ্বারা তোমরা আল্লাহ্‌র শত্রু ও তোমাদের শত্রুকে ভয় দেখাবে এবং তাদেরকে ছাড়া অন্যদেরকেও (ভয় দেখাবে) যাদেরকে তোমরা জান না, আল্লাহ্ তাদেরকে জানেন। এবং আল্লাহ্‌র পথে তোমরা যা কিছুই ব্যয় করবে তোমাদেরকে তা (তার প্রতিদান) পুরোপুরি দেয়া হবে এবং তোমাদের প্রতি জুলুম করা হবে না।

وَاِنْ جَنَحُوْا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ۚ اِنَّهٗ هُوَ
السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٦١﴾

৬১। আর যদি তারা শান্তির জন্য ঝুঁকে, তাহলে তুমিও এর জন্য ঝুঁক* এবং আল্লাহ্‌র উপর ভরসা কর। নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَاِنْ يُّرِيْدُوْٓا اَنْ يَّخْدَعُوْكَ فَاِنَّ حَسْبَكَ اللّٰهُ ۚ هُوَ الَّذِيْٓ
اَيَّدَكَ بِنَصْرِهٖ وَبِالْمُؤْمِنِيْنَ ﴿٦٢﴾

৬২। আর যদি তারা তোমাকে ধোঁকা দিতে চায়*, তাহলে নিশ্চয় তোমার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট। তিনিই তোমাকে তাঁর সাহায্য দ্বারা ও মু'মিনদের দ্বারা সাহায্য করেছেন-

وَاَلَّفَ بَيْنَ قُلُوْبِهِمْ ۚ لَوْ اَنْفَقْتَ مَا فِي الْاَرْضِ جَمِيْعًا مَّآ
اَلَّفْتَ بَيْنَ قُلُوْبِهِمْ وَلٰكِنَّ اللّٰهَ اَلَّفَ بَيْنَهُمْ ۚ اِنَّهٗ عَزِيْزٌ
حَكِيْمٌ ﴿٦٣﴾

৬৩। এবং তিনি তাদের হৃদয়সমূহের মাঝে বন্ধন সৃষ্টি করেছেন। যদি তুমি পৃথিবীতে যা আছে সবই ব্যয় করতে তবুও তুমি তাদের হৃদয়সমূহের মাঝে বন্ধন সৃষ্টি করতে পারতে না, কিন্তু আল্লাহ্ তাদের মাঝে বন্ধন সৃষ্টি করেছেন। নিশ্চয় তিনি মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

يٰٓاَيُّهَا النَّبِيُّ حَسْبُكَ اللّٰهُ وَمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٦٤﴾

৬৪। হে নবী! তোমার জন্য এবং মু'মিনদের মধ্যে যারা তোমার অনুসরণ করে তাদের জন্য আল্লাহ্‌ই যথেষ্ট।

يٰٓاَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَلَى الْقِتَالِ ۚ اِنْ يَّكُنْ
مِّنْكُمْ عِشْرُوْنَ صٰبِرُوْنَ يَغْلِبُوْا مِائَتَيْنِ ۚ وَاِنْ يَّكُنْ
مِّنْكُمْ مِّائَةٌ يَّغْلِبُوْٓا اَلْفًا مِّنَ الَّذِيْنَ كَفَرُوْا بِاَنَّهُمْ قَوْمٌ
لَّا يَفْقَهُوْنَ ﴿٦٥﴾

৬৫। হে নবী! মু'মিনদেরকে যুদ্ধের জন্য উদ্বুদ্ধ কর।* যদি তোমাদের মধ্যে বিশজন ধৈর্যশীল (যোদ্ধা) থাকে তাহলে তারা দুইশত জনের উপর বিজয়ী হবে এবং যদি তোমাদের মধ্যে একশত জন থাকে তাহলে তারা যারা কুফরী করেছে তাদের এক হাজার জনের উপর বিজয়ী হবে, কারণ তারা এমন এক সম্প্রদায় যারা বোঝে না।

اَلْـٰٔنَ خَفَّفَ اللّٰهُ عَنْكُمْ وَعَلِمَ اَنَّ فِيْكُمْ ضَعْفًا ۚ فَاِنْ يَّكُنْ
مِّنْكُمْ مِّائَةٌ صَابِرَةٌ يَّغْلِبُوْا مِائَتَيْنِ ۚ وَاِنْ يَّكُنْ مِّنْكُمْ اَلْفٌ
يَّغْلِبُوْٓا اَلْفَيْنِ بِاِذْنِ اللّٰهِ ۚ وَاللّٰهُ مَعَ الصّٰبِرِيْنَ ﴿٦٦﴾

৬৬। এখন আল্লাহ্ তোমাদের জন্য হালকা করেছেন এবং তিনি জানেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে। সুতরাং তোমাদের মধ্যে যদি একশত জন ধৈর্যশীল (যোদ্ধা) থাকে তাহলে (তাদের) দুইশত জনের উপর বিজয়ী হবে, এবং যদি তোমাদের মধ্যে এক হাজার জন থাকে তাহলে আল্লাহ্‌র ইচ্ছায় তারা দুই হাজার জনের উপর বিজয়ী হবে। এবং আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে আছেন।

مَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّكُوْنَ لَهٗٓ اَسْرٰى حَتّٰى يُثْخِنَ فِي
الْاَرْضِ ۚ تُرِيْدُوْنَ عَرَضَ الدُّنْيَا ۖ وَاللّٰهُ يُرِيْدُ الْاٰخِرَةَ ۚ وَ
اللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٦٧﴾

৬৭। কোন নবীর জন্য এটি (সঙ্গত) নয় যে, যমীনে (শত্রুকে) সম্পূর্ণরূপে পরাভূত না করা পর্যন্ত* (গণীমত গ্রহণের জন্য) তার যুদ্ধবন্দি থাকবে। তোমরা চাও দুনিয়ার অস্থায়ী সম্পদ, আর আল্লাহ্ চান আখিরাত।* এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

لَوْلَا كِتٰبٌ مِّنَ اللّٰهِ سَبَقَ لَمَسَّكُمْ فِيْمَآ اَخَذْتُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿٦٨﴾

৬৮। যদি আল্লাহ্‌র পক্ষ থেকে (তোমাদেরকে ক্ষমা করার) একটি কিতাব গত হয়ে (লিখিত আকারে লওহে মাহ্‌ফুজে) না থাকত তাহলে তোমরা যা গ্রহণ করেছ সে জন্য তোমাদেরকে অবশ্যই মহাশাস্তি স্পর্শ করত।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৬৯। অতএব যে গনীমত তোমরা লাভ করেছ তা থেকে খাও- হালাল ও পবিত্র হিসেবে,* এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ অতিক্ষমাশীল ও পরম দয়ালু।

ع ৭ ৫ ৯ রুকূ ৫

فَكُلُوْا مِمَّا غَنِمْتُمْ حَلٰلًا طَيِّبًا ۖ وَّاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٦٩﴾

৭০। হে নবী! তোমাদের হাতে যে সব যুদ্ধবন্দী রয়েছে তাদেরকে বল, 'আল্লাহ্ যদি তোমাদের হৃদয়সমূহে ভাল কিছু (আছে বলে) জানেন তাহলে তোমাদের কাছ থেকে যা নেয়া হয়েছে তার চেয়ে উত্তম কিছু তিনি তোমাদেরকে দান করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন।* এবং আল্লাহ্ অতিক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰۤاَيُّهَا النَّبِيُّ قُلْ لِّمَنْ فِيْۤ اَيْدِيْكُمْ مِّنَ الْاَسْرٰۤى ۙ اِنْ يَّعْلَمِ اللّٰهُ فِيْ قُلُوْبِكُمْ خَيْرًا يُّؤْتِكُمْ خَيْرًا مِّمَّاۤ اُخِذَ مِنْكُمْ وَيَغْفِرْ لَكُمْ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٧٠﴾

৭১। এবং যদি তারা তোমার সাথে খিয়ানত করতে চায়- আর তারা ইতঃপূর্বে আল্লাহ্‌র সাথেও খিয়ানত করেছে, ফলে তিনি (তোমাদেরকে) তাদের উপর শক্তিশালী করেছেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَاِنْ يُّرِيْدُوْا خِيَانَتَكَ فَقَدْ خَانُوا اللّٰهَ مِنْ قَبْلُ فَاَمْكَنَ مِنْهُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٧١﴾

৭২। নিশ্চয় যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং তাদের ধন-সম্পদ ও তাদের জীবন দিয়ে আল্লাহ্‌র পথে জিহাদ করেছে, এবং যারা আশ্রয় দিয়েছে ও সাহায্য করেছে তারা একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে কিন্তু হিজরত করেনি, তাদের অভিভাবকত্বের ক্ষেত্রে তোমাদের কিছুই করার নেই যতক্ষণ না তারা হিজরত করে। কিন্তু যদি দ্বীনের স্বার্থে তারা তোমাদের সাহায্য প্রার্থনা করে তাহলে তাদেরকে সাহায্য করা তোমাদের দায়িত্ব, তবে যে সম্প্রদায় ও তোমাদের মধ্যে চুক্তি রয়েছে তাদের বিরুদ্ধে (গিয়ে সাহায্য) নয়। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالَّذِيْنَ اٰوَوْا وَّنَصَرُوْۤا اُولٰٓئِكَ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَلَمْ يُهَاجِرُوْا مَا لَكُمْ مِّنْ وَّلَايَتِهِمْ مِّنْ شَيْءٍ حَتّٰى يُهَاجِرُوْا ۚ وَاِنِ اسْتَنْصَرُوْكُمْ فِي الدِّيْنِ فَعَلَيْكُمُ النَّصْرُ اِلَّا عَلٰى قَوْمٍۭ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِّيْثَاقٌ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿٧٢﴾

৭৩। আর যারা কুফরী করেছে তারা একে অপরের বন্ধু। যদি তোমরা (মু'মিনরা) তা না কর (নিজেদের মধ্যে বন্ধুত্ব না কর) তবে পৃথিবীতে ফিতনা ও মহাফ্যাসাদ হবে।

وَالَّذِيْنَ كَفَرُوْا بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ؕ اِلَّا تَفْعَلُوْهُ تَكُنْ فِتْنَةٌ فِي الْاَرْضِ وَفَسَادٌ كَبِيْرٌ ﴿٧٣﴾

৭৪। এবং যারা ঈমান এনেছে, হিজরত করেছে ও আল্লাহ্‌র পথে জিহাদ করেছে এবং যারা আশ্রয় দিয়েছে ও সাহায্য করেছে, তারাই প্রকৃত মু'মিন। তাদের জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযিক।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالَّذِيْنَ اٰوَوْا وَّنَصَرُوْۤا اُولٰٓئِكَ هُمُ الْمُؤْمِنُوْنَ حَقًّا ؕ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٧٤﴾

৭৫। এবং যারা পরে ঈমান এনেছে, হিজরত করেছে ও তোমাদের সাথে (থেকে) জিহাদ করেছে তারাও তোমাদের অন্তর্ভুক্ত এবং আল্লাহ্‌র কিতাবে (বিধানে) রক্ত সম্পর্কীয় আত্মীয়রা (মীরাসে অংশীদারিত্ব ও অভিভাবকত্বের ক্ষেত্রে) পরস্পর নিকটজন। নিশ্চয় আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

ع ١٠ ٦ ١٠ রুকূ ৬

وَالَّذِيْنَ اٰمَنُوْا مِنْۢ بَعْدُ وَهَاجَرُوْا وَجٰهَدُوْا مَعَكُمْ فَاُولٰٓئِكَ مِنْكُمْ ؕ وَاُولُوا الْاَرْحَامِ بَعْضُهُمْ اَوْلٰى بِبَعْضٍ فِيْ كِتٰبِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٧٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯. সূরা আত- তাওবা,* মাদানী

১২৯ আয়াত, ১৬ রুকূ

٩-سُوْرَةُ التَّوْبَةِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٢٩، رُكُوْعَاتُهَا-١٦

بَرَآءَةٌ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖٓ اِلَى الَّذِيْنَ عٰهَدْتُّمْ مِّنَ الْمُشْرِكِيْنَ ①

১। (এটি) একটি সম্পর্কচ্ছেদ (এর ঘোষণা) আল্লাহ্ ও তাঁর রাসূলের পক্ষ থেকে তাদের প্রতি, মুশরিকদের মধ্যে যাদের সাথে তোমরা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ হয়েছিলে।

فَسِيْحُوْا فِى الْاَرْضِ اَرْبَعَةَ اَشْهُرٍ وَّاعْلَمُوْٓا اَنَّكُمْ غَيْرُ مُعْجِزِى اللّٰهِ ۙ وَاَنَّ اللّٰهَ مُخْزِى الْكٰفِرِيْنَ ②

২। সুতরাং তোমরা পৃথিবীতে চার মাস ভ্রমণ করে নাও এবং জেনে রাখ যে, তোমরা আল্লাহ্কে অক্ষম করতে পারবে না, এবং এও যে, আল্লাহ্ কাফিরদেরকে অপমানিত করবেন।

وَاَذَانٌ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖٓ اِلَى النَّاسِ يَوْمَ الْحَجِّ الْاَكْبَرِ اَنَّ اللّٰهَ بَرِىْٓءٌ مِّنَ الْمُشْرِكِيْنَ ۙ وَرَسُوْلُهٗ ۭ فَاِنْ تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّكُمْ غَيْرُ مُعْجِزِى اللّٰهِ ۭ وَبَشِّرِ الَّذِيْنَ كَفَرُوْا بِعَذَابٍ اَلِيْمٍ ۙ ③

৩। এবং বড় হজ্জের দিনে আল্লাহ্ ও তাঁর রাসূলের পক্ষ থেকে মানুষের প্রতি একটি ঘোষণা (এই) যে, মুশরিকদের থেকে আল্লাহ্ দায়িত্বমুক্ত এবং তাঁর রাসূলও। তবে যদি তোমরা তওবা কর তা তোমাদের জন্য উত্তম, আর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে জেনে রাখ, তোমরা আল্লাহ্কে অক্ষম করতে পারবে না। এবং যারা কুফরী করেছে তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও-

اِلَّا الَّذِيْنَ عٰهَدْتُّمْ مِّنَ الْمُشْرِكِيْنَ ثُمَّ لَمْ يَنْقُصُوْكُمْ شَيْـًٔا وَّلَمْ يُظَاهِرُوْا عَلَيْكُمْ اَحَدًا فَاَتِمُّوْٓا اِلَيْهِمْ عَهْدَهُمْ اِلٰى مُدَّتِهِمْ ۭ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ④

৪। তবে মুশরিকদের মধ্যে যাদের সাথে তোমরা চুক্তিতে আবদ্ধ হও, এরপর তারা তোমাদের সাথে (চুক্তি পালনে) কিছুই ত্রুটি করেনি এবং তোমাদের বিরুদ্ধে কাউকে সাহায্যও করেনি, তাদের সাথে তাদের মেয়াদ (শেষ না হওয়া) পর্যন্ত চুক্তি পূর্ণ করবে। নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদেরকে ভালবাসেন।

فَاِذَا انْسَلَخَ الْاَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِيْنَ حَيْثُ وَجَدْتُّمُوْهُمْ وَخُذُوْهُمْ وَاحْصُرُوْهُمْ وَاقْعُدُوْا لَهُمْ كُلَّ مَرْصَدٍ ۚ فَاِنْ تَابُوْا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَخَلُّوْا سَبِيْلَهُمْ ۭ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ⑤

৫। অতঃপর যখন হারাম মাসসমূহ অতিবাহিত হয়ে যাবে, তখন মুশরিকদেরকে যেখানে পাবে হত্যা করবে, তাদেরকে বন্দী করবে, অবরোধ করবে এবং প্রত্যেক ঘাঁটিতে তাদের জন্য (ওঁৎ পেতে) বসে থাকবে,* কিন্তু যদি তারা তওবা করে, সালাত (নামায) কায়েম করে ও যাকাত প্রদান করে তবে তাদের পথ ছেড়ে দিবে। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَاِنْ اَحَدٌ مِّنَ الْمُشْرِكِيْنَ اسْتَجَارَكَ فَاَجِرْهُ حَتّٰى يَسْمَعَ كَلٰمَ اللّٰهِ ثُمَّ اَبْلِغْهُ مَاْمَنَهٗ ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْلَمُوْنَ ⑥

ع ١٧ ١ রুকূ ٩

৬। এবং যদি মুশরিকদের মধ্যে কেউ তোমার কাছে আশ্রয় প্রার্থনা করে, তাহলে তুমি তাকে আশ্রয় দিবে যাতে সে আল্লাহ্র বাণী শুনতে পায়, এরপর তাকে তার নিরাপদ স্থানে পৌঁছে দিবে। এটি এ জন্য যে, তারা এমন এক সম্প্রদায় যারা জানে না।

كَيْفَ يَكُوْنُ لِلْمُشْرِكِيْنَ عَهْدٌ عِنْدَ اللّٰهِ وَعِنْدَ رَسُوْلِهٖٓ اِلَّا الَّذِيْنَ عٰهَدْتُّمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ ۚ فَمَا اسْتَقَامُوْا لَكُمْ فَاسْتَقِيْمُوْا لَهُمْ ۭ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ⑦

৭। মুশরিকদের জন্য আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে চুক্তি কিভাবে (বলবৎ) থাকবে তাদের জন্য ছাড়া যাদের সাথে মসজিদে হারামের নিকটে তোমরা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ হয়েছিলে? সুতরাং যে পর্যন্ত তারা তোমাদের জন্য (চুক্তিতে) অটল থাকবে তোমরাও তাদের জন্য (চুক্তিতে) অটল থাকবে। নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদেরকে ভালবাসেন।

كَيْفَ وَاِنْ يَّظْهَرُوْا عَلَيْكُمْ لَا يَرْقُبُوْا فِيْكُمْ اِلًّا وَّلَا ذِمَّةً ۭ يُرْضُوْنَكُمْ بِاَفْوَاهِهِمْ وَتَاْبٰى قُلُوْبُهُمْ ۚ وَاَكْثَرُهُمْ فٰسِقُوْنَ ⑧

৮। কিভাবে (চুক্তি বলবৎ থাকবে)? অথচ যদি তারা তোমাদের উপর জয়ী হয় তাহলে তারা তোমাদের সাথে আত্মীয়তার বন্ধন এবং চুক্তির কোন মর্যাদা দিবে না। তারা তাদের মুখ দিয়ে তোমাদেরকে সন্তুষ্ট করে কিন্তু তাদের হৃদয় অস্বীকার করে, এবং তাদের অধিকাংশই পাপাচারী,

اِشْتَرَوْا بِاٰيٰتِ اللّٰهِ ثَمَنًا قَلِيْلًا فَصَدُّوْا عَنْ سَبِيْلِهٖ ۭ اِنَّهُمْ سَاۗءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ⑨

৯। তারা (মুশরিকরা) আল্লাহ্র আয়াতসমূহের পরিবর্তে সামান্য মূল্য গ্রহণ করেছে এবং তারা (লোকদেরকে) তাঁর পথ হতে বিরত রেখেছে। নিশ্চয় তারা যা করছিল তা কতই না নিকৃষ্ট!

لَا يَرْقُبُوْنَ فِيْ مُؤْمِنٍ اِلًّا وَّ لَا ذِمَّةً ؕ وَ اُولٰٓئِكَ هُمُ الْمُعْتَدُوْنَ ۝١٠

১০। তারা কোন মু'মিনের সাথে আত্মীয়তার বন্ধন এবং চুক্তির মর্যাদা দেয় না। এবং তারাই সীমালঙ্ঘনকারী।

فَاِنْ تَابُوْا وَ اَقَامُوا الصَّلٰوةَ وَ اٰتَوُا الزَّكٰوةَ فَاِخْوَانُكُمْ فِي الدِّيْنِ ؕ وَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ۝١١

১১। কিন্তু তারা যদি তওবা করে, সালাত (নামায) কায়েম করে ও যাকাত প্রদান করে, তবে তারা তোমাদের দ্বীনের সম্পর্কে ভাই। এবং আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

وَ اِنْ نَّكَثُوْٓا اَيْمَانَهُمْ مِّنْۢ بَعْدِ عَهْدِهِمْ وَ طَعَنُوْا فِيْ دِيْنِكُمْ فَقَاتِلُوْٓا اَئِمَّةَ الْكُفْرِ ۙ اِنَّهُمْ لَآ اَيْمَانَ لَهُمْ لَعَلَّهُمْ يَنْتَهُوْنَ ۝١٢

১২। আর তাদের চুক্তির পর তারা যদি তাদের শপথমসমূহ ভঙ্গ করে ও তোমাদের দ্বীনের প্রতি তিরস্কার করে, তাহলে কাফিরদের প্রধানদের বিরুদ্ধে যুদ্ধ কর, নিশ্চয় তাদের কোন শপথ নেই, শীঘ্রই তারা বিরত হবে।

اَلَا تُقَاتِلُوْنَ قَوْمًا نَّكَثُوْٓا اَيْمَانَهُمْ وَ هَمُّوْا بِاِخْرَاجِ الرَّسُوْلِ وَ هُمْ بَدَءُوْكُمْ اَوَّلَ مَرَّةٍ ؕ اَتَخْشَوْنَهُمْ ۚ فَاللّٰهُ اَحَقُّ اَنْ تَخْشَوْهُ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۝١٣

১৩। তোমরা কি এমন সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করবে না যারা তাদের শপথসমূহ ভঙ্গ করেছিল এবং রাসূলকে বহিস্কারের জন্য মনস্থ করেছিল এবং তারাই প্রথমবার তোমাদের বিরুদ্ধে (যুদ্ধ) শুরু করেছিল? তোমরা কি তাদেরকে ভয় কর? কিন্তু আল্লাহ্ই অধিক হকদার যে, তোমরা তাকে ভয় করবে- যদি তোমরা মু'মিন হও।

قَاتِلُوْهُمْ يُعَذِّبْهُمُ اللّٰهُ بِاَيْدِيْكُمْ وَ يُخْزِهِمْ وَ يَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَ يَشْفِ صُدُوْرَ قَوْمٍ مُّؤْمِنِيْنَ ۝١٤

১৪। তোমরা তাদের সাথে যুদ্ধ কর, আল্লাহ্ তোমাদের হাতে তাদেরকে শাস্তি দিবেন এবং তাদেরকে অপমানিত করবেন ও তাদের উপর তোমাদেরকে বিজয়ী করবেন এবং মু'মিন সম্প্রদায়ের বক্ষসমূহকে প্রশান্ত করবেন-

وَ يُذْهِبْ غَيْظَ قُلُوْبِهِمْ ؕ وَ يَتُوْبُ اللّٰهُ عَلٰى مَنْ يَّشَآءُ ؕ وَ اللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝١٥

১৫। এবং তাদের হৃদয়সমূহের ক্ষোভ দূর করবেন। আর আল্লাহ্ (মুশরীকদের) যাকে ইচ্ছা করবেন তার তওবা কবুল করবেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহা প্রজ্ঞাবান।

اَمْ حَسِبْتُمْ اَنْ تُتْرَكُوْا وَ لَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَ لَمْ يَتَّخِذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ وَ لَا رَسُوْلِهٖ وَ لَا الْمُؤْمِنِيْنَ وَلِيْجَةً ؕ وَ اللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝١٦

ع ١٦ ١٠ ١٠ রুকূ ৮

১৬। তোমরা কি মনে করেছ যে, তোমাদেরকে (এমনি) ছেড়ে দেয়া হবে, অথচ আল্লাহ্ জেনে নেননি (স্পষ্ট করেননি) তোমাদের মধ্যে কারা জিহাদ করেছে এবং কারা আল্লাহ্, তাঁর রাসূল ও মু'মিনদেরকে বাদ দিয়ে অন্যকে অন্তরঙ্গ বন্ধু হিসেবে গ্রহণ করেনি? এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

مَا كَانَ لِلْمُشْرِكِيْنَ اَنْ يَّعْمُرُوْا مَسٰجِدَ اللّٰهِ شٰهِدِيْنَ عَلٰٓى اَنْفُسِهِمْ بِالْكُفْرِ ؕ اُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ ۚ وَ فِي النَّارِ هُمْ خٰلِدُوْنَ ۝١٧

১৭। মুশরিকদের জন্য এটি (অধিকার) নয় যে, তারা আল্লাহ্র মসজিদসমূহকে আবাদ করবে, যখন তারা তাদের নিজেদের বিরুদ্ধেই কুফরীর সাক্ষ্য দিচ্ছে। ওরাই তারা যাদের কর্মসমূহ বিফল হয়েছে এবং তারাই আগুনে স্থায়ী হবে।

اِنَّمَا يَعْمُرُ مَسٰجِدَ اللّٰهِ مَنْ اٰمَنَ بِاللّٰهِ وَ الْيَوْمِ الْاٰخِرِ وَ اَقَامَ الصَّلٰوةَ وَ اٰتَى الزَّكٰوةَ وَ لَمْ يَخْشَ اِلَّا اللّٰهَ ۫ فَعَسٰٓى اُولٰٓئِكَ اَنْ يَّكُوْنُوْا مِنَ الْمُهْتَدِيْنَ ۝١٨

১৮। আল্লাহ্র মসজিদসমূহকে আবাদ করবে কেবল তারাই যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনেছে, সালাত (নামায) কায়েম করেছে, যাকাত প্রদান করেছে এবং আল্লাহ্ ছাড়া (অন্য কাউকে) ভয় করে না। অতএব আশা করা যায় যে, তারাই সঠিকপথপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে।

اَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَآجِّ وَ عِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ اٰمَنَ بِاللّٰهِ وَ الْيَوْمِ الْاٰخِرِ وَ جٰهَدَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ؕ لَا يَسْتَوٗنَ عِنْدَ اللّٰهِ ؕ وَ اللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝١٩

১৯। হাজীদেরকে পানি পান করানো এবং মসজিদে হারামের আবাদ করাকে তোমরা (মুশরিকরা) কি তাদের সমান (গণ্য) করেছ যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান এনেছে এবং আল্লাহ্র পথে জিহাদ করেছে? আল্লাহ্র নিকট তারা সমান নয়। আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করেন না।

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِهِمْ وَ
اَنْفُسِهِمْ ۙ اَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللّٰهِ ۭ وَاُولٰۗىِٕكَ هُمُ الْفَاۗىِٕزُوْنَ ۝٢٠

২০। যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং তাদের ধন-সম্পদ ও তাদের জীবন দিয়ে আল্লাহ্‌র পথে জিহাদ করেছে তারা আল্লাহ্‌র নিকট মর্যাদায় শ্রেষ্ঠ। এবং তারাই সফল।

يُبَشِّرُهُمْ رَبُّهُمْ بِرَحْمَةٍ مِّنْهُ وَرِضْوَانٍ وَّجَنّٰتٍ لَّهُمْ فِيْهَا نَعِيْمٌ
مُّقِيْمٌ ۝٢١

২১। তাদের প্রতিপালক তাদেরকে সুসংবাদ দিচ্ছেন, তাঁর থেকে দয়া, সন্তুষ্টি এবং জান্নাতসমূহের, যেগুলোতে তাদের জন্য রয়েছে স্থায়ী নেয়ামত-

خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۭ اِنَّ اللّٰهَ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ۝٢٢

২২। সেখানে তারা চিরস্থায়ী হবে। নিশ্চয় আল্লাহ্‌র নিকট রয়েছে মহাপ্রতিদান।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْٓا اٰبَاۗءَكُمْ وَاِخْوَانَكُمْ اَوْلِيَاۗءَ
اِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَي الْاِيْمَانِ ۭ وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ
فَاُولٰۗىِٕكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝٢٣

২৩। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের পিতাদেরকে ও তোমাদের ভাইদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করো না যদি তারা ঈমানের উপর কুফরীকে প্রাধান্য দেয়। আর তোমাদের মধ্যে যারা তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করে, তারাই জালিম।

قُلْ اِنْ كَانَ اٰبَاۗؤُكُمْ وَاَبْنَاۗؤُكُمْ وَاِخْوَانُكُمْ وَاَزْوَاجُكُمْ
وَعَشِيْرَتُكُمْ وَاَمْوَالُۨ اقْتَرَفْتُمُوْهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ
كَسَادَهَا وَمَسٰكِنُ تَرْضَوْنَهَآ اَحَبَّ اِلَيْكُمْ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ
وَجِهَادٍ فِيْ سَبِيْلِهٖ فَتَرَبَّصُوْا حَتّٰى يَاْتِيَ اللّٰهُ بِاَمْرِهٖ ۭ وَاللّٰهُ
لَا يَهْدِي الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝٢٤

২৪। বল, 'তোমাদের পিতারা, তোমাদের সন্তানেরা, তোমাদের ভাইয়েরা, তোমাদের স্ত্রীরা, তোমাদের আত্মীয়-স্বজন, সম্পদ যা তোমরা উপার্জন করেছ, এবং ব্যবসা যাতে মন্দার আশঙ্কা কর এবং বাসস্থান যা তোমরা পছন্দ কর এসব যদি তোমাদের নিকট আল্লাহ্, তাঁর রাসূল এবং তাঁর পথে জিহাদ করার চেয়ে অধিক প্রিয় হয়, তাহলে আল্লাহ্‌র নির্দেশ আসা পর্যন্ত প্রতীক্ষা কর।' আর আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

রুকূ ৩

لَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ فِيْ مَوَاطِنَ كَثِيْرَةٍ ۙ وَّيَوْمَ حُنَيْنٍ ۙ اِذْ
اَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْـــًٔا وَّضَاقَتْ عَلَيْكُمُ
الْاَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُمْ مُّدْبِرِيْنَ ۝٢٥

২৫। অবশ্যই আল্লাহ্ তোমাদেরকে বহু স্থানে সাহায্য করেছেন এবং হুনাইনের* দিনেও,* যখন তোমাদেরকে তোমাদের সংখ্যাধিক্য মুগ্ধ করেছিল, কিন্তু তা তোমাদের কিছুই কাজে আসেনি এবং পৃথিবী তোমাদের জন্য সংকুচিত হয়ে পড়েছিল তা বিস্তৃত হওয়া সত্ত্বেও, এরপর তোমরা পিছনে ফিরে পালিয়েছিলে।

ثُمَّ اَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰي رَسُوْلِهٖ وَعَلَي الْمُؤْمِنِيْنَ وَاَنْزَلَ
جُنُوْدًا لَّمْ تَرَوْهَا وَعَذَّبَ الَّذِيْنَ كَفَرُوْا ۭ وَذٰلِكَ جَزَاۗءُ
الْكٰفِرِيْنَ ۝٢٦

২৬। এরপর আল্লাহ্ তাঁর রাসূলের উপর ও মু'মিনদের উপর প্রশান্তি অবতীর্ণ করলেন এবং অবতীর্ণ করলেন এমন বাহিনী যাদেরকে তোমরা দেখতে পাওনি এবং যারা কুফরী করেছে তাদেরকে তিনি শাস্তি দিলেন। এবং এটি কাফিরদের প্রতিফল।

ثُمَّ يَتُوْبُ اللّٰهُ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَلٰي مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٢٧

২৭। অতঃপর এরপরে আল্লাহ্ যাকে ইচ্ছা করবেন তার তওবা কবুল করবেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا
الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هٰذَا ۚ وَاِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ
يُغْنِيْكُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖٓ اِنْ شَاۗءَ ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ حَكِيْمٌ ۝٢٨

২৮। ওহে যারা ঈমান এনেছ! মুশরিকরা তো অপবিত্র, সুতরাং এ বছরের পর তারা যেন মসজিদে হারামের নিকটে না আসে,* আর যদি তোমরা দারিদ্রের আশঙ্কা কর, তাহলে অচিরেই আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে তোমাদেরকে অভাবমুক্ত করবেন- যদি তিনি ইচ্ছা করেন। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

قَاتِلُوا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ وَ
لَا يُحَرِّمُوْنَ مَا حَرَّمَ اللّٰهُ وَرَسُوْلُهٗ وَلَا يَدِيْنُوْنَ دِيْنَ الْحَقِّ
مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَّدٍ وَّهُمْ
صٰغِرُوْنَ ﴿٢٩﴾

২৯। যাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের মধ্যে যারা আল্লাহ্‌র প্রতি ঈমান আনে না এবং আখিরাতের দিনের প্রতিও না এবং আল্লাহ্ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম (গণ্য) করে না এবং সত্য দ্বীন অনুসরণ করে না তাদের সাথে যুদ্ধ কর,* যে পর্যন্ত না তারা অপদস্থ হয়ে নির্দ্বিধায় জিযিয়া* দেয়।

৪ রুকূ ১০

وَقَالَتِ الْيَهُوْدُ عُزَيْرُ ِۨ ابْنُ اللّٰهِ وَقَالَتِ النَّصٰرَى الْمَسِيْحُ
ابْنُ اللّٰهِ ؕ ذٰلِكَ قَوْلُهُمْ بِاَفْوَاهِهِمْ ۚ يُضَاهِـُٔوْنَ قَوْلَ الَّذِيْنَ
كَفَرُوْا مِنْ قَبْلُ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۚ اَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٣٠﴾

৩০। আর ইহুদীরা বলে, 'উযাইর আল্লাহ্‌র পুত্র' এবং নাসারারা বলে, 'মাসীহ্ আল্লাহ্‌র পুত্র।' এটা তাদের মুখের কথা, তারা তাদের কথার অনুকরণ করে যারা পূর্বে কুফরী করেছিল। আল্লাহ্ তাদেরকে ধ্বংস করুন। কিভাবে তাদেরকে বিভ্রান্ত করা হচ্ছে!

اِتَّخَذُوْٓا اَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ وَ
الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ ۚ وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوْٓا اِلٰهًا وَّاحِدًا ۚ لَآ
اِلٰهَ اِلَّا هُوَ ؕ سُبْحٰنَهٗ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٣١﴾

৩১। তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে তাদের পণ্ডিতদেরকে ও সংসার-বিরাগীদেরকে প্রতিপালকরূপে* গ্রহণ করেছে এবং মারইয়মের পুত্র মাসীহ্‌কেও,* অথচ তারা কেবল এক ইলাহ্-এর ইবাদত করার জন্য আদিষ্ট হয়েছিল, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। তারা যা শরীক করে তা হতে তিনি পবিত্র।

يُرِيْدُوْنَ اَنْ يُّطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَيَاْبَى اللّٰهُ اِلَّآ اَنْ
يُّتِمَّ نُوْرَهٗ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ﴿٣٢﴾

৩২। তারা তাদের মুখ দিয়ে (অর্থাৎ ফুঁ দিয়ে) আল্লাহ্‌র আলোকে নিভিয়ে দিতে চায়, অথচ আল্লাহ্ তাঁর আলোর পূর্ণতা ছাড়া (অন্য কিছু) অস্বীকার করেন, যদিও কাফিররা তা অপছন্দ করে।

هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى
الدِّيْنِ كُلِّهٖ ۙ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ﴿٣٣﴾

৩৩। তিনিই তাঁর রাসূলকে পথনির্দেশিকা ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন এটিকে সকল দ্বীনের উপর জয়ী করার জন্য, যদিও মুশরিকরা (তা) অপছন্দ করে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ كَثِيْرًا مِّنَ الْاَحْبَارِ وَالرُّهْبَانِ
لَيَاْكُلُوْنَ اَمْوَالَ النَّاسِ بِالْبَاطِلِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ
اللّٰهِ ؕ وَالَّذِيْنَ يَكْنِزُوْنَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُوْنَهَا فِيْ
سَبِيْلِ اللّٰهِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٣٤﴾

৩৪। ওহে যারা ঈমান এনেছ! নিশ্চয় পণ্ডিতদের ও সংসার-বিরাগীদের মধ্যে অনেকে অবশ্যই মানুষের ধন-সম্পদ বাতিল পন্থায় ভোগ করে থাকে এবং (লোকদেরকে) আল্লাহ্‌র পথ হতে বিরত রাখে। আর যারা স্বর্ণ ও রৌপ্য সঞ্চয়* করে রাখে এবং তা আল্লাহ্‌র পথে ব্যয় করে না তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও-

يَّوْمَ يُحْمٰى عَلَيْهَا فِيْ نَارِ جَهَنَّمَ فَتُكْوٰى بِهَا جِبَاهُهُمْ وَ
جُنُوْبُهُمْ وَظُهُوْرُهُمْ ؕ هٰذَا مَا كَنَزْتُمْ لِاَنْفُسِكُمْ فَذُوْقُوْا مَا
كُنْتُمْ تَكْنِزُوْنَ ﴿٣٥﴾

৩৫। যেদিন জাহান্নামের আগুনে তা উত্তপ্ত করা হবে এবং এর দ্বারা তাদের কপাল, পার্শ্বদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে। (বলা হবে) এটি তা যা তোমরা নিজেদের জন্য সঞ্চয় করতে, সুতরাং তোমরা যা সঞ্চয় করতে তা আস্বাদন কর।

اِنَّ عِدَّةَ الشُّهُوْرِ عِنْدَ اللّٰهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِيْ كِتٰبِ اللّٰهِ يَوْمَ
خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ مِنْهَآ اَرْبَعَةٌ حُرُمٌ ؕ ذٰلِكَ الدِّيْنُ
الْقَيِّمُ ۙ فَلَا تَظْلِمُوْا فِيْهِنَّ اَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَآفَّةً
كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَآفَّةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿٣٦﴾

৩৬। নিশ্চয় আল্লাহ্‌র নিকট আল্লাহ্‌র কিতাবে মাসগুলোর সংখ্যা বারটি (সেদিন থেকেই) যে দিন তিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন- তার মধ্যে চারটি হারাম (মাস),* এটিই সঠিক দ্বীন। সুতরাং এর মধ্যে (হারাম মাসে)* তোমরা তোমাদের নিজেদের প্রতি জুলুম করো না। আর তোমরা মুশরিকদের বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধ কর, যেমন তারা তোমাদের বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধ করে থাকে এবং জেনে রাখ যে, আল্লাহ্ মুত্তাকীদের সাথে আছেন।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩৭। প্রকৃতপক্ষে 'নাসী' (হারাম মাসকে পিছিয়ে দেয়া) হল কুফরীতে বাড়াবাড়ি করা যা দ্বারা যারা কুফরী করেছে তাদেরকে পথভ্রষ্ট করা হয়, তারা একে কোন বছর হালাল করে এবং কোন বছর হারাম করে যাতে তারা আল্লাহ্ যে সংখ্যাগুলোকে (মাসগুলোকে) হারাম করেছেন সেগুলোর সাথে মিশিয়ে নিতে পারে এবং আল্লাহ্ যা হারাম* করেছেন তা হালাল করতে পারে। তাদের মন্দ কাজগুলো তাদের নিকট আকর্ষণীয় করা হয়েছে। আর আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করেন না।

ع ٥ ٨ ١١ ٥ রুকু ১১

اِنَّمَا النَّسِيْٓءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِيْنَ كَفَرُوْا يُحِلُّوْنَهٗ عَامًا وَّيُحَرِّمُوْنَهٗ عَامًا لِّيُوَاطِئُوْا عِدَّةَ مَا حَرَّمَ اللّٰهُ فَيُحِلُّوْا مَا حَرَّمَ اللّٰهُ ؕ زُيِّنَ لَهُمْ سُوْٓءُ اَعْمَالِهِمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٣٧﴾

৩৮। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের কী হয়েছে যে, যখন তোমাদেরকে বলা হয়, 'আল্লাহ্র পথে (যুদ্ধের জন্য) বের হও' তখন তোমরা ভারী হয়ে যমীনের সাথে লেগে থাক*? তোমরা কি আখিরাতের পরিবর্তে দুনিয়ার জীবন দ্বারাই সন্তুষ্ট হয়েছ? কিন্তু আখিরাতের তুলনায় দুনিয়ার জীবনের ভোগ্য সামগ্রী (খুবই) সামান্য।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَا لَكُمْ اِذَا قِيْلَ لَكُمُ انْفِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اثَّاقَلْتُمْ اِلَى الْاَرْضِ ؕ اَرَضِيْتُمْ بِالْحَيٰوةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا فِي الْاٰخِرَةِ اِلَّا قَلِيْلٌ ﴿٣٨﴾

৩৯। যদি তোমরা (যুদ্ধের জন্য) বের না হও তাহলে তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন এবং অন্য জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন আর তোমরা তাঁর কিছুই ক্ষতি করতে পারবে না। এবং আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

اِلَّا تَنْفِرُوْا يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا ۙ وَّيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوْهُ شَيْـًٔا ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٣٩﴾

৪০। যদি তোমরা তাকে (রাসূলকে) সাহায্য না কর, তবে আল্লাহ্ ইতোমধ্যেই তাকে সাহায্য করেছেন যখন যারা কুফরী করেছে তারা তাকে (মক্কা থেকে) বের করে দিয়েছিল- দু'জনের দ্বিতীয়জন হিসেবে যখন তারা দু'জন ছিল গুহার মধ্যে, যখন সে তার সাথীকে বলেছিল, 'দুশ্চিন্তা করো না, নিশ্চয় আল্লাহ্ আমাদের সাথে আছেন।' অতঃপর আল্লাহ্ তার উপর তাঁর প্রশান্তি অবতীর্ণ করলেন এবং তাকে সাহায্য করলেন এমন বাহিনী দ্বারা যা তোমরা দেখনি এবং যারা কুফরী করেছে তাদের কথাকে নীচুতম করে দিলেন। আর আল্লাহ্র বাণীই সর্বোচ্চ। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

اِلَّا تَنْصُرُوْهُ فَقَدْ نَصَرَهُ اللّٰهُ اِذْ اَخْرَجَهُ الَّذِيْنَ كَفَرُوْا ثَانِيَ اثْنَيْنِ اِذْ هُمَا فِي الْغَارِ اِذْ يَقُوْلُ لِصَاحِبِهٖ لَا تَحْزَنْ اِنَّ اللّٰهَ مَعَنَا ۚ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلَيْهِ وَاَيَّدَهٗ بِجُنُوْدٍ لَّمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِيْنَ كَفَرُوا السُّفْلٰى ؕ وَكَلِمَةُ اللّٰهِ هِيَ الْعُلْيَا ؕ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٤٠﴾

৪১। তোমরা (যুদ্ধের জন্য) বের হও, হালকা অবস্থায় এবং ভারি অবস্থায়,* এবং জিহাদ (সংগ্রাম) কর আল্লাহ্র পথে তোমাদের ধন-সম্পদ ও তোমাদের জীবন দিয়ে। এটিই তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

اِنْفِرُوْا خِفَافًا وَّثِقَالًا وَّجَاهِدُوْا بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤١﴾

৪২। যদি নিকটবর্তী সামগ্রী (গনীমত লাভের সম্ভাবনা) থাকত ও সহজ সফর হত তাহলে অবশ্যই তারা তোমার অনুসরণ করত, কিন্তু তাদের নিকট কষ্টকর সফর সুদূর মনে হল। এবং শীঘ্রই তারা আল্লাহ্র নামে কসম করে বলবে, 'যদি আমরা সক্ষম হতাম তাহলে অবশ্যই আমরা তোমাদের সাথে বের হতাম', তারা তাদের নিজদেরকেই ধ্বংস করে, আর আল্লাহ্ জানেন নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

ع ٦ ٥ ١٢ ٦ রুকু ১২

لَوْ كَانَ عَرَضًا قَرِيْبًا وَّسَفَرًا قَاصِدًا لَّاتَّبَعُوْكَ وَلٰكِنْۢ بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَّةُ ؕ وَسَيَحْلِفُوْنَ بِاللّٰهِ لَوِ اسْتَطَعْنَا لَخَرَجْنَا مَعَكُمْ ۚ يُهْلِكُوْنَ اَنْفُسَهُمْ ۚ وَاللّٰهُ يَعْلَمُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٤٢﴾

৪৩। আল্লাহ্ তোমাকে মার্জনা করেছেন, তুমি তাদেরকে কেন (যুদ্ধে না যাওয়ার) অনুমতি দিলে যতক্ষণ না তোমার নিকট স্পষ্ট হল যারা সত্য বলেছে এবং তুমি জানলে মিথ্যাবাদীদেরকে?*

عَفَا اللّٰهُ عَنْكَ ۚ لِمَ اَذِنْتَ لَهُمْ حَتّٰى يَتَبَيَّنَ لَكَ الَّذِيْنَ صَدَقُوْا وَتَعْلَمَ الْكٰذِبِيْنَ ﴿٤٣﴾

৪৪। যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে তারা তোমার নিকট তাদের ধন-সম্পদ ও তাদের জীবন দিয়ে জিহাদ করা থেকে (বিরত থাকার) অনুমতি চায় না। এবং আল্লাহ্ মুত্তাকীদের সম্বন্ধে ভালভাবে জানেন।

لَا يَسْتَاْذِنُكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿٤٤﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَ
ارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ ﴿٤٥﴾

৪৫। তোমার নিকট অনুমতি চায় কেবল তারাই যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে না এবং যাদের হৃদয় সন্দেহ পোষণ করেছে, সুতরাং তারা তাদের সন্দেহের মধ্যে দ্বিধা-দ্বন্দ্বে ভুগছে।

وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً وَلَٰكِنْ كَرِهَ اللَّهُ انْبِعَاثَهُمْ
فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ ﴿٤٦﴾

৪৬। আর তারা যদি বের হতে চাইত তবে অবশ্যই তারা এর জন্য সরঞ্জাম প্রস্তুত করত, কিন্তু তাদের প্রেরিত হওয়া আল্লাহ্ অপছন্দ করলেন, সুতরাং তিনি তাদেরকে বিরত রাখলেন এবং তাদেরকে বলা হল,'(ঘরে) বসে থাকাদের সাথে* তোমরা বসে থাক।'

لَوْ خَرَجُوا فِيكُمْ مَا زَادُوكُمْ إِلَّا خَبَالًا وَلَأَوْضَعُوا خِلَالَكُمْ
يَبْغُونَكُمُ الْفِتْنَةَ وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ وَاللَّهُ عَلِيمٌ
بِالظَّالِمِينَ ﴿٤٧﴾

৪৭। তারা যদি তোমাদের সাথে বের হত তাহলে তারা কেবল তোমাদের সর্বনাশই বৃদ্ধি করত এবং তোমাদের মধ্যে ফিতনার উদ্দেশ্যে তোমাদের মধ্যে ছুটাছুটি করত, এবং তোমাদের মধ্যে তাদের পক্ষে কথা শুনবার লোক আছে। আর আল্লাহ্ জালিমদের সম্বন্ধে ভালভাবে জানেন।

لَقَدِ ابْتَغَوُا الْفِتْنَةَ مِنْ قَبْلُ وَقَلَّبُوا لَكَ الْأُمُورَ حَتَّىٰ جَاءَ
الْحَقُّ وَظَهَرَ أَمْرُ اللَّهِ وَهُمْ كَارِهُونَ ﴿٤٨﴾

৪৮। অবশ্যই তারা এর পূর্বেও ফিতনা কামনা করেছিল এবং তোমার বহু কাজ উলট-পালট করেছিল, অবশেষে প্রকৃত সত্য আসল এবং আল্লাহ্র নির্দেশ (বিজয়) স্পষ্ট হল, এমন অবস্থায় যে তারা (তা) অপছন্দকারী।

وَمِنْهُمْ مَنْ يَقُولُ ائْذَنْ لِي وَلَا تَفْتِنِّي أَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوا
وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيطَةٌ بِالْكَافِرِينَ ﴿٤٩﴾

৪৯। এবং তাদের মধ্যে এমন লোক আছে যে বলে, 'আমাকে (যুদ্ধে না যাওয়ার) অনুমতি দিন এবং আমাকে ফিতনায়* ফেলবেন না।' জেনে রাখ! তারা ফিতনাতেই পড়ে আছে। এবং নিশ্চয় জাহান্নাম কাফিরদেরকে পরিবেষ্টন করেই আছে।

إِنْ تُصِبْكَ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِنْ تُصِبْكَ مُصِيبَةٌ يَقُولُوا قَدْ
أَخَذْنَا أَمْرَنَا مِنْ قَبْلُ وَيَتَوَلَّوا وَهُمْ فَرِحُونَ ﴿٥٠﴾

৫০। যদি তোমার কল্যাণ ঘটে তবে তা তাদেরকে কষ্ট দেয়, এবং যদি কোন অকল্যাণ তোমাকে আঘাত করে তখন তারা বলে, 'আমরা তো পূর্বেই আমাদের বিষয় (অর্থাৎ পূর্ব সর্তকতা) গ্রহণ করেছি' এবং তারা উৎফুল্ল হয়ে সরে পড়ে।

قُلْ لَنْ يُصِيبَنَا إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَنَا هُوَ مَوْلَانَا وَعَلَى اللَّهِ
فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿٥١﴾

৫১। বল, 'আমাদের জন্য আল্লাহ্ যা নির্ধারণ করেছেন তা ছাড়া আমাদেরকে কখনো অন্য কিছু আঘাত করবে না, তিনি আমাদের প্রভু (রক্ষক)', আর আল্লাহ্র উপরই মু'মিনরা যেন ভরসা করে।

قُلْ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسْنَيَيْنِ وَنَحْنُ نَتَرَبَّصُ
بِكُمْ أَنْ يُصِيبَكُمُ اللَّهُ بِعَذَابٍ مِنْ عِنْدِهِ أَوْ بِأَيْدِينَا
فَتَرَبَّصُوا إِنَّا مَعَكُمْ مُتَرَبِّصُونَ ﴿٥٢﴾

৫২। বল, তোমরা কি আমাদের জন্য কেবল দু'টি কল্যাণের* একটির প্রতীক্ষা করছ? আর আমরা তোমাদের জন্য প্রতীক্ষা করছি, আল্লাহ্ তোমাদেরকে শাস্তি দ্বারা আঘাত করবেন, তাঁর পক্ষ থেকে অথবা আমাদের হাত দিয়ে। অতএব তোমরা প্রতীক্ষা কর, নিশ্চয় আমরা তোমাদের সাথে প্রতীক্ষমান।

قُلْ أَنْفِقُوا طَوْعًا أَوْ كَرْهًا لَنْ يُتَقَبَّلَ مِنْكُمْ إِنَّكُمْ كُنْتُمْ
قَوْمًا فَاسِقِينَ ﴿٥٣﴾

৫৩। বল, 'তোমরা (আল্লাহ্র পথে যা) ব্যয় কর ইচ্ছায় বা অনিচ্ছায়, তোমাদের কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না। নিশ্চয় তোমরা হলে এক পাপাচারী সম্প্রদায়।'

وَمَا مَنَعَهُمْ أَنْ تُقْبَلَ مِنْهُمْ نَفَقَاتُهُمْ إِلَّا أَنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَ
بِرَسُولِهِ وَلَا يَأْتُونَ الصَّلَاةَ إِلَّا وَهُمْ كُسَالَىٰ وَلَا يُنْفِقُونَ إِلَّا
وَهُمْ كَارِهُونَ ﴿٥٤﴾

৫৪। এবং তাদের থেকে তাদের ব্যয় গ্রহণ করা নিষেধ করেছে কেবল তা-ই যে, তারা আল্লাহ্ ও তাঁর রাসূলকে অবিশ্বাস করেছে, এবং তারা সালাতে (নামাযে) উপস্থিত হয় কেবল শৈথিল্যের সাথে এবং তারা কেবল ব্যয় করে অনিচ্ছাকৃতভাবে।

فَلَا تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُمْ إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُعَذِّبَهُمْ
بِهَا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَتَزْهَقَ أَنْفُسُهُمْ وَهُمْ كَافِرُونَ ﴿٥٥﴾

৫৫। সুতরাং তাদের ধন-সম্পদ ও তাদের সন্তান-সন্ততি তোমাকে যেন মুগ্ধ না করে। আল্লাহ্ এগুলো দ্বারা কেবল তাদেরকে দুনিয়ার জীবনে শাস্তি দিতে চান, এবং তাদের আত্মা চলে যাবে, এমন অবস্থায় যে তারা কাফির।

وَيَحْلِفُوْنَ بِاللّٰهِ اِنَّهُمْ لَمِنْكُمْ ۗ وَمَا هُمْ مِّنْكُمْ وَلٰكِنَّهُمْ قَوْمٌ يَّفْرَقُوْنَ ﴿٥٦﴾

৫৬। এবং তারা আল্লাহ্‌র নামে কসম করে যে, নিশ্চয় তারা অবশ্যই তোমাদের অন্তর্ভুক্ত, অথচ তারা তোমাদের অন্তর্ভুক্ত নয়, বরং তারা এক ভীতু সম্প্রদায়।

لَوْ يَجِدُوْنَ مَلْجَاً اَوْ مَغٰرٰتٍ اَوْ مُدَّخَلًا لَّوَلَّوْا اِلَيْهِ وَهُمْ يَجْمَحُوْنَ ﴿٥٧﴾

৫৭। যদি তারা কোন আশ্রয়স্থল বা কোন গিরিগুহা অথবা কোন প্রবেশস্থল পায় তাহলে তারা এর দিকে অবশ্যই পলায়ন করবে দ্রুতবেগে।

وَمِنْهُمْ مَّنْ يَّلْمِزُكَ فِى الصَّدَقٰتِ ۚ فَاِنْ اُعْطُوْا مِنْهَا رَضُوْا وَاِنْ لَّمْ يُعْطَوْا مِنْهَآ اِذَا هُمْ يَسْخَطُوْنَ ﴿٥٨﴾

৫৮। এবং তাদের মধ্যে এমন লোক আছে, যে সদকার (যাকাত বণ্টনের) বিষয়ে তোমাকে দোষারোপ করে, তবে যদি তা থেকে তাদেরকে কিছু দেয়া হয় তাহলে তারা সন্তুষ্ট হয়, আর যদি তা থেকে তাদেরকে কিছু দেয়া না হয় তৎক্ষনাৎ তারা অসন্তুষ্ট হয়।

وَلَوْ اَنَّهُمْ رَضُوْا مَآ اٰتٰىهُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ ۙ وَقَالُوْا حَسْبُنَا اللّٰهُ سَيُؤْتِيْنَا اللّٰهُ مِنْ فَضْلِهٖ وَرَسُوْلُهٗٓ ۙ اِنَّآ اِلَى اللّٰهِ رٰغِبُوْنَ ﴿٥٩﴾

৫৯। আর (ভাল হত) যদি তারা আল্লাহ্‌ ও তাঁর রাসূল তাদেরকে যা দিয়েছেন তাতে সন্তুষ্ট হত এবং বলত, 'আল্লাহ্‌ই আমাদের জন্য যথেষ্ট, শীঘ্রই আল্লাহ্‌ আমাদেরকে তাঁর অনুগ্রহ থেকে দান করবেন এবং তাঁর রাসূলও, নিশ্চয় আমরা আল্লাহ্‌র প্রতি প্রত্যাশী।'

ع ١٧ ١٣ ٩ রুকূ ১৩

اِنَّمَا الصَّدَقٰتُ لِلْفُقَرَآءِ وَالْمَسٰكِيْنِ وَالْعٰمِلِيْنَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِى الرِّقَابِ وَالْغٰرِمِيْنَ وَفِىْ سَبِيْلِ اللّٰهِ وَابْنِ السَّبِيْلِ ۗ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٦٠﴾

৬০। সদকা (যাকাত) কেবল ফকির (গরীব),* মিসকীন (অভাবগ্রস্ত) ও তৎসংশ্লিষ্ট কর্মচারীদের জন্য, (তোমাদের সাথে) যাদের হৃদয়সমূহ সংযুক্ত* তাদের জন্য, দাসমুক্তির জন্য, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহ্‌র পথে ও (সম্বলহীন) মুসাফিরের জন্য। (এই বন্টন) আল্লাহ্‌র পক্ষ থেকে এক অবশ্য পালনীয় (বিধান)। এবং আল্লাহ্‌ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ النَّبِىَّ وَيَقُوْلُوْنَ هُوَ اُذُنٌ ۗ قُلْ اُذُنُ خَيْرٍ لَّكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۗ وَالَّذِيْنَ يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٦١﴾

৬১। তাদের মধ্যে এমনও আছে যারা নবীকে কষ্ট দেয় এবং বলে, 'সে একটি কান।' বল, '(সে) তোমাদের কল্যাণের জন্য কান, সে আল্লাহ্‌র প্রতি ঈমান আনে এবং মু'মিনদেরকে বিশ্বাস করে এবং তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে তাদের জন্য এক দয়া (রহমত)।' আর যারা আল্লাহ্‌র রাসূলকে কষ্ট দেয় তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

يَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ لِيُرْضُوْكُمْ ۚ وَاللّٰهُ وَرَسُوْلُهٗٓ اَحَقُّ اَنْ يُّرْضُوْهُ اِنْ كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٦٢﴾

৬২। তারা তোমাদেরকে সন্তুষ্ট করার জন্যে তোমাদের নিকট আল্লাহ্‌র নামে কসম করে, অথচ আল্লাহ্‌ ও তাঁর রাসূলই বেশি হকদার যে, তারা তাঁকে (আল্লাহ্‌কে) সন্তুষ্ট করবে- যদি তারা মু'মিন হয়।

اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّهٗ مَنْ يُّحَادِدِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاَنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيْهَا ۗ ذٰلِكَ الْخِزْىُ الْعَظِيْمُ ﴿٦٣﴾

৬৩। তারা কি জানে না, যে ব্যক্তি আল্লাহ্‌ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণ করে তার জন্যে রয়েছে জাহান্নামের আগুন, সেখানে সে স্থায়ী হবে? এটাই চরম অপমান।

يَحْذَرُ الْمُنٰفِقُوْنَ اَنْ تُنَزَّلَ عَلَيْهِمْ سُوْرَةٌ تُنَبِّئُهُمْ بِمَا فِىْ قُلُوْبِهِمْ ۗ قُلِ اسْتَهْزِءُوْٓا ۚ اِنَّ اللّٰهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُوْنَ ﴿٦٤﴾

৬৪। মুনাফিকরা তাদের সম্পর্কে এমন একটি সূরা অবতীর্ণ হওয়ার আশংকা করে, যা তাদের হৃদয়সমূহে যা কিছু আছে তা জানিয়ে দিবে। বল, 'ঠাট্টা-বিদ্রূপ করতে থাক, তোমরা যা আশংকা কর নিশ্চয় আল্লাহ্‌ তা প্রকাশকারী।'

وَلَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَنَلْعَبُ ۗ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ﴿٦٥﴾

৬৫। এবং যদি তুমি তাদেরকে প্রশ্ন কর তাহলে অবশ্যই তারা বলবে, 'আমরা তো অনর্থক কথায় ও খেলায় লিপ্ত ছিলাম।' বল, তোমরা কি আল্লাহ্‌, তাঁর আয়াতসমূহ ও তাঁর রাসূলের প্রতি ঠাট্টা-বিদ্রূপ করছিলে!

لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ۗ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةً بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٦﴾

ع ١٤ ٨ রুকূ ১৪

৬৬। তোমরা অজুহাত পেশ করো না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করেছ। যদি আমি তোমাদের এক দলকে মার্জনা করিও তবে তোমাদের অন্য দলকে শাস্তি দিব, কারণ তারা ছিল অপরাধী।

اَلْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ بَعْضُهُمْ مِّنْۢ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ بِالْمُنْكَرِ وَ
يَنْهَوْنَ عَنِ الْمَعْرُوْفِ وَيَقْبِضُوْنَ اَيْدِيَهُمْ ۭ نَسُوا اللّٰهَ فَنَسِيَهُمْ ۭ
اِنَّ الْمُنٰفِقِيْنَ هُمُ الْفٰسِقُوْنَ ۝۶۷

৬৭। মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী একে অপরের অংশ, তারা অসৎকাজের নির্দেশ দেয় এবং সৎকাজ হতে নিষেধ করে, তারা হাত গুটিয়ে রাখে, তারা আল্লাহ্‌কে ভুলে গেছে, ফলে তিনিও তাদেরকে ভুলে গেছেন। নিশ্চয় মুনাফিকরাই পাপাচারী (ফাসিক)।

وَعَدَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْكُفَّارَ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ
فِيْهَا ۭ هِىَ حَسْبُهُمْ ۚ وَلَعَنَهُمُ اللّٰهُ ۚ وَلَهُمْ عَذَابٌ مُّقِيْمٌ ۝۶۸

৬৮। আল্লাহ্ মুনাফিক পুরুষ, মুনাফিক নারী ও কাফিরদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন জাহান্নামের আগুনের, সেখানে তারা স্থায়ী হবে। এটাই তাদের জন্য যথেষ্ট, এবং আল্লাহ্ তাদেরকে লা'নত করেছেন এবং তাদের জন্য রয়েছে স্থায়ী শাস্তি-

كَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ كَانُوْٓا اَشَدَّ مِنْكُمْ قُوَّةً وَّاَكْثَرَ اَمْوَالًا
وَّاَوْلَادًا ۭ فَاسْتَمْتَعُوْا بِخَلَاقِهِمْ فَاسْتَمْتَعْتُمْ بِخَلَاقِكُمْ كَمَا
اسْتَمْتَعَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ بِخَلَاقِهِمْ وَخُضْتُمْ كَالَّذِيْ
خَاضُوْا ۭ اُولٰۗىِٕكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَ
اُولٰۗىِٕكَ هُمُ الْخٰسِرُوْنَ ۝۶۹

৬৯। (তোমরা) তোমাদের পূর্ববর্তীদের মত, তারা ছিল তোমাদের চেয়ে শক্তিতে প্রবল এবং ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে অধিক। সুতরাং তারা তাদের (প্রাপ্য) অংশ ভোগ করেছে, আর তোমরা তোমাদের (প্রাপ্য) অংশ ভোগ করেছ, যেমন তোমাদের পূর্ববর্তীরা তাদের (প্রাপ্য) অংশ ভোগ করেছে এবং তারা যেরূপ অনর্থক কথায় লিপ্ত ছিল তোমরাও সেরূপ অনর্থক কথায় লিপ্ত রয়েছ। ওরাই তারা যাদের কর্মসমূহ দুনিয়া ও আখিরাতে বিফল হয়েছে এবং তারাই ক্ষতিগ্রস্ত।

اَلَمْ يَاْتِهِمْ نَبَاُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۙ وَ
قَوْمِ اِبْرٰهِيْمَ وَاَصْحٰبِ مَدْيَنَ وَالْمُؤْتَفِكٰتِ ۭ اَتَتْهُمْ رُسُلُهُمْ
بِالْبَيِّنٰتِ ۚ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ
يَظْلِمُوْنَ ۝۷۰

৭০। তাদের নিকট কি তাদের পূর্ববর্তী নূহ্, আদ ও ছামূদ সম্প্রদায় এবং ইবরাহীমের সম্প্রদায় এবং মাদইয়ান-এর অধিবাসী ও উল্টে দেয়া জনপদসমূহের সংবাদ আসেনি? তাদের নিকট তাদের রাসূলরা এসেছিলো স্পষ্ট প্রমাণাদিসহ। আর আল্লাহ্ এমন ছিলেন না যে, তিনি তাদের উপর জুলুম করবেন, বরং তারাই তাদের নিজেদের উপর জুলুম করত।

وَالْمُؤْمِنُوْنَ وَالْمُؤْمِنٰتُ بَعْضُهُمْ اَوْلِيَاۗءُ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ
بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ
الزَّكٰوةَ وَيُطِيْعُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ۭ اُولٰۗىِٕكَ سَيَرْحَمُهُمُ اللّٰهُ ۭ اِنَّ
اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ۝۷۱

৭১। আর মু'মিন পুরুষ ও মু'মিন নারী একে অপরের বন্ধু, তারা সৎকাজের নির্দেশ দেয় এবং অসৎ কাজ হতে নিষেধ করে,* সালাত (নামায) কায়েম করে, যাকাত প্রদান করে এবং আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করে। তাদেরকেই আল্লাহ্ শীঘ্রই দয়া* করবেন। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَعَدَ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا
الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَمَسٰكِنَ طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ۭ وَرِضْوَانٌ
مِّنَ اللّٰهِ اَكْبَرُ ۭ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝۷۲

৭২। আল্লাহ্ মু'মিন পুরুষ ও মু'মিন নারীকে প্রতিশ্রুতি দিয়েছেন জান্নাতসমূহের, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে এবং (প্রতিশ্রুতি দিয়েছেন) উত্তম বাসস্থানসমূহের, যা চিরস্থায়ী জান্নাতসমূহে অবস্থিত। আর আল্লাহ্‌র পক্ষ থেকে সন্তুষ্টিই সবচেয়ে বড়। এটিই মহাসাফল্য।

ع ১৫ ৯ রুকু ১৫

يٰٓاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ۭ وَ
مَاْوٰىهُمْ جَهَنَّمُ ۭ وَبِئْسَ الْمَصِيْرُ ۝۷۳

৭৩। হে নবী! কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর ও তাদের উপর কঠোর হও। এবং তাদের আশ্রয়স্থল হবে জাহান্নাম। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

يَحْلِفُوْنَ بِاللّٰهِ مَا قَالُوْا ؕ وَلَقَدْ قَالُوْا كَلِمَةَ الْكُفْرِ وَكَفَرُوْا
بَعْدَ اِسْلَامِهِمْ وَهَمُّوْا بِمَا لَمْ يَنَالُوْا ۚ وَمَا نَقَمُوْٓا اِلَّآ اَنْ اَغْنٰىهُمُ
اللّٰهُ وَرَسُوْلُهٗ مِنْ فَضْلِهٖ ۚ فَاِنْ يَّتُوْبُوْا يَكُ خَيْرًا لَّهُمْ ۚ وَاِنْ
يَّتَوَلَّوْا يُعَذِّبْهُمُ اللّٰهُ عَذَابًا اَلِيْمًا ۙ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَ
مَا لَهُمْ فِى الْاَرْضِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿٩٤﴾

৭৪। তারা আল্লাহ্‌র নামে কসম করে যে, তারা (রাসূলের বিরুদ্ধে) বলেনি, অথচ অবশ্যই তারা কুফরীর কথা বলেছে এবং তাদের ইসলাম গ্রহণের পর তারা কাফির হয়েছে, এবং তারা (তা) মনস্থ* করেছিল যা লাভ করতে পারেনি। তারা প্রতিশোধ নিয়েছে কেবল এ কারণে যে, আল্লাহ্ ও তাঁর রাসূল নিজ অনুগ্রহ থেকে তাদেরকে অভাবমুক্ত করেছিলেন, সুতরাং যদি তারা তওবা করে তাহলে তাদের জন্যে ভাল হবে, কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে আল্লাহ্ দুনিয়া ও আখিরাতে তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন, এবং পৃথিবীতে তাদের জন্য কোন অভিভাবক নেই এবং কোনো সাহায্যকারীও নেই।

وَمِنْهُمْ مَّنْ عٰهَدَ اللّٰهَ لَئِنْ اٰتٰىنَا مِنْ فَضْلِهٖ لَنَصَّدَّقَنَّ وَلَنَكُوْنَنَّ
مِنَ الصّٰلِحِيْنَ ﴿٩٥﴾

৭৫। এবং তাদের মধ্যে কেউ কেউ আল্লাহ্‌র সাথে অঙ্গীকার করেছিল (এই বলে যে) 'যদি তিনি তাঁর অনুগ্রহ থেকে আমাদেরকে দান করেন তবে অবশ্যই আমরা সদকা দেব এবং অবশ্যই আমরা সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত হব।'

فَلَمَّآ اٰتٰىهُمْ مِّنْ فَضْلِهٖ بَخِلُوْا بِهٖ وَتَوَلَّوْا وَّهُمْ مُّعْرِضُوْنَ ﴿٩٦﴾

৭৬। অতঃপর যখন তিনি তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে দান করলেন তখন তারা এ বিষয়ে কৃপণতা করল এবং উপেক্ষা করে মুখ ফিরিয়ে নিল।

فَاَعْقَبَهُمْ نِفَاقًا فِىْ قُلُوْبِهِمْ اِلٰى يَوْمِ يَلْقَوْنَهٗ بِمَآ اَخْلَفُوا اللّٰهَ
مَا وَعَدُوْهُ وَبِمَا كَانُوْا يَكْذِبُوْنَ ﴿٩٧﴾

৭৭। ফলে তিনি তাদের হৃদয়সমূহে মুনাফিকী বদ্ধমূল করলেন তাঁর সাথে তাদের সাক্ষাতের দিন পর্যন্ত, এ কারণে যে, তারা আল্লাহ্‌র সাথে যে অঙ্গীকার করেছিল তা ভঙ্গ করেছিল এবং এ কারণে যে, তারা মিথ্যা বলত।

اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ وَاَنَّ اللّٰهَ عَلَّامُ
الْغُيُوْبِ ﴿٩٨﴾

৭৮। তারা কি জানত না যে, আল্লাহ্ তাদের গোপন বিষয় ও তাদের গোপন পরামর্শ জানেন, এবং এও যে, আল্লাহ্ অদৃশ্য বিষয়াবলি সম্পর্কে সবচেয়ে ভাল জানেন?

اَلَّذِيْنَ يَلْمِزُوْنَ الْمُطَّوِّعِيْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ فِى الصَّدَقٰتِ وَ
الَّذِيْنَ لَا يَجِدُوْنَ اِلَّا جُهْدَهُمْ فَيَسْخَرُوْنَ مِنْهُمْ ؕ سَخِرَ اللّٰهُ
مِنْهُمْ ۫ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٩٩﴾

৭৯। মু'মিনদের মধ্য থেকে স্বতঃস্ফূর্তভাবে দানকারীদেরকে যারা (তাদের) সদকার ব্যাপারে দোষারোপ করে এবং (দোষারোপ করে তাদেরকে) যারা নিজ শ্রম ছাড়া (সদকা করার মত) কিছুই পায় না এবং তাদেরকে (উভয় দলকে) বিদ্রূপ করে, আল্লাহ্ তাদেরকে বিদ্রূপ করেন। এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

اِسْتَغْفِرْ لَهُمْ اَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ؕ اِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِيْنَ مَرَّةً
فَلَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ؕ وَاللّٰهُ
لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿٨٠﴾

৮০। তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা* কর অথবা তাদের জন্য ক্ষমা প্রার্থনা না কর (একই কথা)। যদি তুমি সত্তর বারও তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর তবুও আল্লাহ্ তাদেরকে কখনো ক্ষমা করবেন না। এটা এজন্য যে, তারা আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে কুফরী করেছে। এবং আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

ع ١٠ ١٦ ١٠ রুকূ ১৬

فَرِحَ الْمُخَلَّفُوْنَ بِمَقْعَدِهِمْ خِلٰفَ رَسُوْلِ اللّٰهِ وَكَرِهُوْٓا اَنْ
يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَقَالُوْا لَا تَنْفِرُوْا
فِى الْحَرِّ ؕ قُلْ نَارُ جَهَنَّمَ اَشَدُّ حَرًّا ؕ لَوْ كَانُوْا يَفْقَهُوْنَ ﴿٨١﴾

৮১। পিছনে থেকে যাওয়া লোকেরা আল্লাহ্‌র রাসূলের (প্রস্থানের) পর তাদের বসে থাকাতে উৎফুল্ল বোধ করল এবং তারা অপছন্দ করল যে, তারা তাদের ধন-সম্পদ ও তাদের জীবন দিয়ে আল্লাহ্‌র পথে জিহাদ করবে এবং বলল, 'তাপের মধ্যে (যুদ্ধে) বের হয়ো না। বল, 'জাহান্নামের আগুন অধিক উত্তপ্ত'- যদি তারা বুঝত।

فَلْيَضْحَكُوْا قَلِيْلًا وَّلْيَبْكُوْا كَثِيْرًا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٨٢﴾

৮২। সুতরাং তারা (দুনিয়াতে) কম (সময়ের জন্য) হেসে নিক এবং (আখিরাতে) বেশী (সময়ের জন্য) কাঁদুক (অর্থাৎ কাঁদবে), তারা যা অর্জন করেছে তার প্রতিফল স্বরূপ।

فَاِنْ رَّجَعَكَ اللّٰهُ اِلٰى طَآئِفَةٍ مِّنْهُمْ فَاسْتَاْذَنُوْكَ لِلْخُرُوْجِ
فَقُلْ لَّنْ تَخْرُجُوْا مَعِىَ اَبَدًا وَّلَنْ تُقَاتِلُوْا مَعِىَ عَدُوًّا ؕ اِنَّكُمْ
رَضِيْتُمْ بِالْقُعُوْدِ اَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوْا مَعَ الْخٰلِفِيْنَ ﴿٨٣﴾

৮৩। অতঃপর যদি আল্লাহ্ তোমাকে তাদের কোন দলের দিকে ফিরিয়ে আনেন এবং তারা (যুদ্ধে) বের হওয়ার জন্য তোমার অনুমতি প্রার্থনা করে, তখন তুমি বলবে, 'তোমরা আমার সাথে কখনোই বের হয়ো না এবং তোমরা আমার সাথে কখনো শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করো না। নিশ্চয় তোমরা প্রথমবার বসে থাকাতেই সন্তুষ্ট হয়েছিলে, সুতরাং তোমরা পিছনে থেকে যাওয়াদের সাথেই বসে থাক।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَا تُصَلِّ عَلٰٓى اَحَدٍ مِّنْهُمْ مَّاتَ اَبَدًا وَّلَا تَقُمْ عَلٰى قَبْرِهٖ ۭ اِنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَمَاتُوْا وَهُمْ فٰسِقُوْنَ ﴿٨٤﴾

৮৪। এবং তাদের মধ্যে কেউ মৃত্যুবরণ করলে তুমি কখনোই তার জন্য প্রার্থনা করো না (জানাযা পড়ো না) এবং তার কবরের উপর দাঁড়িও না। নিশ্চয় তারা আল্লাহ্ ও তাঁর রাসূলকে অবিশ্বাস করেছে এবং তারা মৃত্যুবরণ করেছে, এমন অবস্থায় যে তারা পাপাচারী (ফাসিক)।

وَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ وَاَوْلَادُهُمْ ۭ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّعَذِّبَهُمْ بِهَا فِي الدُّنْيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ﴿٨٥﴾

৮৫। এবং তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি যেন তোমাকে মুগ্ধ না করে। আল্লাহ্ এসবের দ্বারা কেবল তাদেরকে দুনিয়ায় শাস্তি দিতে চান এবং তাদের আত্মা চলে যাবে, এমন অবস্থায় যে তারা কাফির।

وَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ اَنْ اٰمِنُوْا بِاللّٰهِ وَجَاهِدُوْا مَعَ رَسُوْلِهِ اسْتَاْذَنَكَ اُولُوا الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوْا ذَرْنَا نَكُنْ مَّعَ الْقٰعِدِيْنَ ﴿٨٦﴾

৮৬। এবং যখন কোন সূরা অবতীর্ণ হয় (এ মর্মে) যে, তোমরা আল্লাহ্র প্রতি ঈমান আন এবং তাঁর রাসূলের সাথে জিহাদ কর তখন তাদের মধ্যে শক্তি-সামর্থ্যের অধিকারীরা তোমার নিকট (যুদ্ধে না যাওয়ার) অনুমতি চায় এবং বলে, 'আমাদেরকে ছেড়ে দিন, আমরা (ঘরে) বসে থাকাদের সাথে থাকব।'

رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلٰي قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٨٧﴾

৮৭। তারা পিছনে থেকে যাওয়াদের সাথে থেকেই সন্তুষ্ট হল, এবং তাদের হৃদয়ের উপর মোহর মেরে দেয়া হয়েছে, ফলে তারা বুঝে না।

لٰكِنِ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ جٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ۚ وَاُولٰۗىِٕكَ لَهُمُ الْخَيْرٰتُ ۡ وَاُولٰۗىِٕكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٨٨﴾

৮৮। কিন্তু রাসূল এবং যারা তার সাথে ঈমান এনেছে তারা তাদের ধন-সম্পদ ও তাদের জীবন দিয়ে (আল্লাহ্র পথে) জিহাদ করেছে। এবং তাদেরই জন্য রয়েছে কল্যাণ এবং তারাই সফল।

اَعَدَّ اللّٰهُ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۭ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٨٩﴾

ع ١٢ ١١ ١٥

৮৯। আল্লাহ্ তাদের জন্য প্রস্তুত করেছেন জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে। এটিই মহাসাফল্য।

وَجَاۗءَ الْمُعَذِّرُوْنَ مِنَ الْاَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِيْنَ كَذَبُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۭ سَيُصِيْبُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٩٠﴾

৯০। আর বেদুইনদের মধ্য থেকে অজুহাত পেশকারীরা আসল* যেন তাদেরকে (যুদ্ধে না যাওয়ার) অনুমতি দেয়া হয় এবং যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে মিথ্যা বলেছিল তারা (ঘরে) বসে রইল। তাদের মধ্যে যারা কুফরী করেছে শীঘ্রই তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি আঘাত করবে।

لَيْسَ عَلَي الضُّعَفَاۗءِ وَلَا عَلَي الْمَرْضٰى وَلَا عَلَي الَّذِيْنَ لَا يَجِدُوْنَ مَا يُنْفِقُوْنَ حَرَجٌ اِذَا نَصَحُوْا لِلّٰهِ وَرَسُوْلِهٖ ۭ مَا عَلَي الْمُحْسِنِيْنَ مِنْ سَبِيْلٍ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٩١﴾

৯১। যারা দুর্বল, যারা পীড়িত এবং যারা ব্যয় করার জন্য কিছু পায় না, তাদের কোন দোষ নেই যখন তারা আল্লাহ্ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়। সৎকর্মপরায়ণদের বিরুদ্ধে (ব্যবস্থা গ্রহণের) কোন পথ নেই। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু-

وَّلَا عَلَي الَّذِيْنَ اِذَا مَآ اَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَآ اَجِدُ مَآ اَحْمِلُكُمْ عَلَيْهِ ۠ تَوَلَّوْا وَّاَعْيُنُهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ حَزَنًا اَلَّا يَجِدُوْا مَا يُنْفِقُوْنَ ﴿٩٢﴾

৯২। এবং তাদেরও (কোনো দোষ) নেই যারা যখন তারা তোমার নিকট এসেছিল যাতে তুমি তাদেরকে বাহন দিতে পার তখন তুমি বলেছিলে, 'আমি এমন কিছু পাচ্ছি না যার উপর তোমাদেরকে আরোহন করাব;' তারা অশ্রুপ্লাবিত* চোখে ফিরে গেল এই দুশ্চিন্তায় যে তারা (আল্লাহ্র পথে) ব্যয় করার মত কিছু পাচ্ছে না।

اِنَّمَا السَّبِيْلُ عَلَي الَّذِيْنَ يَسْتَاْذِنُوْنَكَ وَهُمْ اَغْنِيَاۗءُ ۚ رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ ۚ وَطَبَعَ اللّٰهُ عَلٰي قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٩٣﴾

৯৩। (ব্যবস্থা গ্রহণের) পথ তো কেবল তাদের বিরুদ্ধে যারা বিত্তবান হয়েও (যুদ্ধে না যাওয়ার জন্য) তোমার কাছে অনুমতি চায়, তারা পিছনে থেকে যাওয়াদের সাথে থেকেই সন্তুষ্ট হল, এবং আল্লাহ্ তাদের হৃদয়ের উপর মোহর মেরে দিয়েছে, ফলে তারা জানে না।

পারা-১১

يَعْتَذِرُوْنَ اِلَيْكُمْ اِذَا رَجَعْتُمْ اِلَيْهِمْ ؕ قُلْ لَّا تَعْتَذِرُوْا لَنْ نُّؤْمِنَ لَكُمْ قَدْ نَبَّاَنَا اللّٰهُ مِنْ اَخْبَارِكُمْ ؕ وَسَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٤﴾

৯৪। যখন তোমরা তাদের নিকট ফিরে আসবে তখন তারা তোমাদের নিকট অজুহাত পেশ করবে। বল, 'অজুহাত পেশ করো না, আমরা তোমাদেরকে কখনো বিশ্বাস করব না, ইতোমধ্যে আল্লাহ্ আমাদেরকে তোমাদের সংবাদ জানিয়ে দিয়েছেন। এবং শীঘ্রই আল্লাহ্ তোমাদের কার্যকলাপ দেখবেন এবং তাঁর রাসূলও, এরপর অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানীর নিকট তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে এবং তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।'

سَيَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ اِذَا انْقَلَبْتُمْ اِلَيْهِمْ لِتُعْرِضُوْا عَنْهُمْ ؕ فَاَعْرِضُوْا عَنْهُمْ ؕ اِنَّهُمْ رِجْسٌ ۖ وَّمَاْوٰىهُمْ جَهَنَّمُ ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٩٥﴾

৯৫। যখন তোমরা তাদের নিকট ফিরে আসবে তখন শীঘ্রই তারা আল্লাহ্র নামে কসম করবে যাতে তোমরা তাদেরকে উপেক্ষা কর। সুতরাং তোমরা তাদেরকে উপেক্ষা কর। নিশ্চয় তারা অপবিত্র এবং তাদের আশ্রয়স্থল হবে জাহান্নাম, তারা যা অর্জন করত তার প্রতিফল স্বরূপ।

يَحْلِفُوْنَ لَكُمْ لِتَرْضَوْا عَنْهُمْ ۚ فَاِنْ تَرْضَوْا عَنْهُمْ فَاِنَّ اللّٰهَ لَا يَرْضٰى عَنِ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿٩٦﴾

৯৬। তারা তোমাদের নিকট কসম করবে যাতে তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হও। কিন্তু যদি তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হও, তবে নিশ্চয় আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়ের প্রতি সন্তুষ্ট হবেন না।

اَلْاَعْرَابُ اَشَدُّ كُفْرًا وَّنِفَاقًا وَّاَجْدَرُ اَلَّا يَعْلَمُوْا حُدُوْدَ مَآ اَنْزَلَ اللّٰهُ عَلٰى رَسُوْلِهٖ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٩٧﴾

৯৭। বেদুঈনরা কুফরী ও মুনাফিকীতে কঠোরতর এবং আল্লাহ্ তাঁর রাসূলের প্রতি যা অবতীর্ণ করেছেন তার সীমা না জানার দিক থেকে অধিক উপযোগী। আর আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَمِنَ الْاَعْرَابِ مَنْ يَّتَّخِذُ مَا يُنْفِقُ مَغْرَمًا وَّيَتَرَبَّصُ بِكُمُ الدَّوَآئِرَ ؕ عَلَيْهِمْ دَآئِرَةُ السَّوْءِ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٩٨﴾

৯৮। এবং বেদুঈনদের মধ্যে কেউ কেউ, যা তারা (আল্লাহ্র পথে) ব্যয় করে তাকে অর্থদণ্ড হিসেবে গ্রহণ করে এবং তোমাদের মন্দ অবস্থার প্রতীক্ষা করে। মন্দ অবস্থা তাদেরই উপর। আর আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَمِنَ الْاَعْرَابِ مَنْ يُّؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَتَّخِذُ مَا يُنْفِقُ قُرُبٰتٍ عِنْدَ اللّٰهِ وَصَلَوٰتِ الرَّسُوْلِ ؕ اَلَآ اِنَّهَا قُرْبَةٌ لَّهُمْ ؕ سَيُدْخِلُهُمُ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٩٩﴾

৯৯। এবং বেদুঈনদের মধ্যে কেউ কেউ আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে এবং যা ব্যয় করে তাকে আল্লাহ্র নৈকট্য ও রাসূলের দোয়া লাভের উপায় হিসেবে গ্রহণ করে। জেনে রাখ, এটা তাদের জন্য আল্লাহ্র নৈকট্য লাভের উপায়। শীঘ্রই আল্লাহ্ তাদেরকে তাঁর দয়ার মধ্যে প্রবেশ করাবেন। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

১৩ পারা ১১ রুকূ ১

وَالسّٰبِقُوْنَ الْاَوَّلُوْنَ مِنَ الْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ وَالَّذِيْنَ اتَّبَعُوْهُمْ بِاِحْسَانٍ ۙ رَّضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ وَاَعَدَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ تَحْتَهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١٠٠﴾

১০০। এবং মুহাজির* ও আনসারদের* মধ্যে যারা প্রথম অগ্রগামী এবং যারা সঠিকভাবে তাদের অনুসরণ করেছে, আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট এবং তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। এটিই মহাসাফল্য।

وَمِمَّنْ حَوْلَكُمْ مِّنَ الْاَعْرَابِ مُنٰفِقُوْنَ ۛ وَمِنْ اَهْلِ الْمَدِيْنَةِ ۛ مَرَدُوْا عَلَى النِّفَاقِ ۖ لَا تَعْلَمُهُمْ ؕ نَحْنُ نَعْلَمُهُمْ ؕ سَنُعَذِّبُهُمْ مَّرَّتَيْنِ ثُمَّ يُرَدُّوْنَ اِلٰى عَذَابٍ عَظِيْمٍ ﴿١٠١﴾

১০১। এবং বেদুঈনদের মধ্যে যারা তোমাদের আশেপাশে আছে তাদের মধ্যে কেউ কেউ মুনাফিক এবং মদীনাবাসীদের মধ্যেও কেউ কেউ, তারা মুনাফিকীর উপর অনড় । তুমি তাদেরকে জান না; আমি তাদেরকে জানি। শীঘ্রই আমি তাদেরকে দু'বার শাস্তি দেব, এরপর তাদেরকে ফিরিয়ে নেয়া হবে মহাশাস্তির দিকে,

وَاٰخَرُوْنَ اعْتَرَفُوْا بِذُنُوْبِهِمْ خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ سَيِّئًا ؕ عَسَى اللّٰهُ اَنْ يَّتُوْبَ عَلَيْهِمْ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٠٢﴾

১০২। এবং অন্যরা* তাদের অপরাধ স্বীকার করেছে, তারা সৎকাজকে মিশিয়েছে অন্য আরেকটির সাথে যা মন্দ। শীঘ্রই আল্লাহ্ তাদের তওবা কবুল করবেন। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

خُذْ مِنْ اَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ؕ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿١٠٣﴾

১০৩। তাদের সম্পদ থেকে সদকা (যাকাত) গ্রহণ কর, যার মাধ্যমে তুমি তাদেরকে পবিত্র করবে এবং তাদেরকে পরিশুদ্ধ করবে এবং তুমি তাদের জন্য দোয়া কর। নিশ্চয় তোমার দোয়া তাদের জন্যে প্রশান্তিদায়ক। এবং আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَاْخُذُ الصَّدَقٰتِ وَاَنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾

১০৪। তারা কি জানে না যে, আল্লাহ্ তাঁর বান্দাদের তওবা কবুল করেন এবং সদকা গ্রহণ করেন, এবং এও যে, আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু?

وَقُلِ اعْمَلُوْا فَسَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ وَالْمُؤْمِنُوْنَ ؕ وَسَتُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٠٥﴾

১০৫। এবং বল, 'তোমরা কাজ কর, কারণ শীঘ্রই আল্লাহ্ তোমাদের কাজ দেখবেন এবং তাঁর রাসূল ও মু'মিনরাও। এবং শীঘ্রই তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানীর নিকট, এবং তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।'

وَاٰخَرُوْنَ مُرْجَوْنَ لِاَمْرِ اللّٰهِ اِمَّا يُعَذِّبُهُمْ وَاِمَّا يَتُوْبُ عَلَيْهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿١٠٦﴾

১০৬। এবং অন্যরা (যাদের বিষয়) আল্লাহ্র নির্দেশের জন্য স্থগিত রইল,* তিনি হয় তাদেরকে শাস্তি দিবেন, না হয় তাদের তওবা কবুল করবেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَالَّذِيْنَ اتَّخَذُوْا مَسْجِدًا ضِرَارًا وَّكُفْرًا وَّتَفْرِيْقًا بَيْنَ الْمُؤْمِنِيْنَ وَاِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللّٰهَ وَرَسُوْلَهٗ مِنْ قَبْلُ ؕ وَلَيَحْلِفُنَّ اِنْ اَرَدْنَآ اِلَّا الْحُسْنٰى ؕ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿١٠٧﴾

১০৭। এবং যারা মসজিদ বানিয়েছে ক্ষতিসাধন, কুফরী ও মু'মিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে* এবং যে ব্যক্তি ইতঃপূর্বে আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করেছে তার ওঁৎ পেতে থাকার ঘাঁটিস্বরূপ। এবং তারা অবশ্যই কসম করবে যে, 'আমরা কেবল উত্তম কিছু করতে চেয়েছি।' কিন্তু আল্লাহ্ সাক্ষ্য দিচ্ছেন, নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

لَا تَقُمْ فِيْهِ اَبَدًا ؕ لَمَسْجِدٌ اُسِّسَ عَلَى التَّقْوٰى مِنْ اَوَّلِ يَوْمٍ اَحَقُّ اَنْ تَقُوْمَ فِيْهِ ؕ فِيْهِ رِجَالٌ يُّحِبُّوْنَ اَنْ يَّتَطَهَّرُوْا ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُطَّهِّرِيْنَ ﴿١٠٨﴾

১০৮। তুমি তাতে কখনো (সালাতের উদ্দেশ্যে) দাঁড়িও না। অবশ্যই যে মসজিদ প্রথম দিন থেকেই তাকওয়ার উপর স্থাপিত হয়েছে, সেটিই অধিক হকদার যে তুমি তাতে দাঁড়াবে। সেখানে কিছু লোক আছে যারা পবিত্রতা অর্জন করতে ভালবাসে। আর আল্লাহ্ পবিত্রতা অর্জনকারীদেরকে ভালবাসেন।*

اَفَمَنْ اَسَّسَ بُنْيَانَهٗ عَلٰى تَقْوٰى مِنَ اللّٰهِ وَرِضْوَانٍ خَيْرٌ اَمْ مَّنْ اَسَّسَ بُنْيَانَهٗ عَلٰى شَفَا جُرُفٍ هَارٍ فَانْهَارَ بِهٖ فِيْ نَارِ جَهَنَّمَ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿١٠٩﴾

১০৯। যে ব্যক্তি তার ঘরের ভিত্তি স্থাপন করেছে আল্লাহ্র ভয় ও (তাঁর) সন্তুষ্টির উপর সে উত্তম, নাকি ঐ ব্যক্তি যে তার ঘরের ভিত্তি স্থাপন করেছে ভেঙ্গে পড়ার উপক্রম এক খাড়া পাহাড়ের প্রান্তে, ফলে তা তাকে নিয়ে জাহান্নামের আগুনে পতিত হয়েছে? আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِيْ بَنَوْا رِيْبَةً فِيْ قُلُوْبِهِمْ اِلَّآ اَنْ تَقَطَّعَ قُلُوْبُهُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿١١٠﴾

১১০। তাদের ঘর, যা তারা নির্মাণ করেছে, তাদের হৃদয়সমূহে সন্দেহের (মুনাফিকীর) কারণ হয়ে থাকবে, যে পর্যন্ত না তাদের হৃদয়সমূহ ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যায়। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

ع ١٣ ١١ ٢ ১৩ রুকূ ২

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১১১। নিশ্চয় আল্লাহ্ মু'মিনদের নিকট থেকে তাদের জীবন ও তাদের ধন-সম্পদ ক্রয় করে নিয়েছেন এর বিনিময়ে যে তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহ্র পথে যুদ্ধ করে,* সুতরাং তারা (শত্রুকে) হত্যা করে এবং (নিজেরাও) নিহত হয়। (এটি) তাঁর উপর (পালনীয়) একটি সত্য প্রতিশ্রুতি যা আছে তাওরাত, ইন্জীল ও কুরআনে। আর স্বীয় অঙ্গীকারের ক্ষেত্রে আল্লাহ্র চেয়ে অধিক পূর্ণকারী কে আছে? অতএব তোমরা তোমাদের সেই ক্রয় বিক্রয়ের ব্যাপারে সুসংবাদ গ্রহণ কর যে ক্রয় বিক্রয় তোমরা তাঁর সাথে সম্পাদন করেছ। আর এটিই মহাসাফল্য।

اِنَّ اللّٰهَ اشْتَرٰى مِنَ الْمُؤْمِنِيْنَ اَنْفُسَهُمْ وَاَمْوَالَهُمْ بِاَنَّ لَهُمُ الْجَنَّةَ ؕ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيَقْتُلُوْنَ وَيُقْتَلُوْنَ ۫ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ وَالْقُرْاٰنِ ؕ وَمَنْ اَوْفٰى بِعَهْدِهٖ مِنَ اللّٰهِ فَاسْتَبْشِرُوْا بِبَيْعِكُمُ الَّذِيْ بَايَعْتُمْ بِهٖ ؕ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١١١﴾

১১২। (তারা) তওবাকারী, ইবাদতকারী, (আল্লাহ্র) প্রশংসাকারী, (আল্লাহ্র পথে) ভ্রমণকারী, রুকুকারী, সিজদাকারী, সৎকাজের নির্দেশ দানকারী, অসৎকাজ হতে নিষেধকারী এবং আল্লাহ্র (নির্ধারিত) সীমা সংরক্ষণকারী। এবং (এ সব) মু'মিনদেরকে তুমি সুসংবাদ দাও।

اَلتَّآئِبُوْنَ الْعٰبِدُوْنَ الْحٰمِدُوْنَ السَّآئِحُوْنَ الرّٰكِعُوْنَ السّٰجِدُوْنَ الْاٰمِرُوْنَ بِالْمَعْرُوْفِ وَالنَّاهُوْنَ عَنِ الْمُنْكَرِ وَالْحٰفِظُوْنَ لِحُدُوْدِ اللّٰهِ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٢﴾

১১৩। নবীর জন্য এবং যারা ঈমান এনেছে তাদের জন্য (সঙ্গত) নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে যদিও তারা আত্মীয় হয় যখন তাদের নিকট এটি স্পষ্ট হয়েছে যে, তারা তীব্র আগুনের অধিবাসী।

مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ وَلَوْ كَانُوْٓا اُولِيْ قُرْبٰى مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ اَنَّهُمْ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿١١٣﴾

১১৪। আর স্বীয় পিতার জন্য ইবরাহীমের ক্ষমা প্রার্থনা ছিল কেবল একটি প্রতিশ্রুতির কারণে, যে প্রতিশ্রুতি সে তাকে দিয়েছিল*, অতঃপর যখন তার নিকট স্পষ্ট হল যে, সে আল্লাহ্র শত্রু তখন ইবরাহীম তার থেকে দায়মুক্ত হল। নিশ্চয় ইবরাহীম অবশ্যই কোমল হৃদয় সম্পন্ন ও সহনশীল।

وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ﴿١١٤﴾

১১৫। এবং আল্লাহ্ এমন নন যে, তিনি কোন সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করার পর তাদেরকে পথভ্রষ্ট করবেন যতক্ষণ না তিনি তাদের জন্য স্পষ্ট করেন কী কী তারা পরিহার করবে। নিশ্চয় আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

وَمَا كَانَ اللّٰهُ لِيُضِلَّ قَوْمًۢا بَعْدَ اِذْ هَدٰىهُمْ حَتّٰى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُوْنَ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿١١٥﴾

১১৬। নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্রই। তিনিই জীবিত করেন ও মৃত্যু ঘটান। এবং আল্লাহ্কে বাদ দিয়ে তোমাদের কোনো অভিভাবক নেই এবং কোনো সাহায্যকারীও নেই।

اِنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يُحْيٖ وَيُمِيْتُ ؕ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١١٦﴾

১১৭। আল্লাহ্ তওবা কবুল করলেন নবীর এবং মুহাজির ও আনসারদের যারা তার অনুসরণ করেছিল সংকটকালে* - (এমনকি) যখন তাদের এক দলের হৃদয় বক্র হয়ে যাওয়ার উপক্রম হয়েছিল, এরপর আল্লাহ্ তাদের তওবা কবুল করলেন। নিশ্চয় তিনি তাদের প্রতি অত্যন্ত স্নেহশীল ও পরম দয়ালু-

لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ وَالْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ سَاعَةِ الْعُسْرَةِ مِنْۢ بَعْدِ مَا كَادَ يَزِيْغُ قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ؕ اِنَّهٗ بِهِمْ رَءُوْفٌ رَّحِيْمٌ ۙ﴿١١٧﴾

১১৮। এবং (তিনি তওবা কবুল করলেন) অপর তিনজনেরও, যাদেরকে পিছনে ফেলে (এক ঘরে করে) রাখা হয়েছিল, যে পর্যন্ত না পৃথিবী তাদের উপর সংকুচিত হয়ে গেল যদিও তা ছিল বিস্তৃত এবং তাদের জীবন তাদের জন্য দুর্বিষহ হয়ে উঠেছিল এবং তারা বুঝতে পেরেছিল যে, আল্লাহ্ থেকে (বাঁচার জন্য) তাঁর দিকে প্রত্যাবর্তন ছাড়া কোন আশ্রয়স্থল নেই।এরপর তিনি তাদের তওবা কবুল করলেন যাতে তারা ফিরে আসতে পারে। নিশ্চয় আল্লাহ্ তওবা কবুলকারী ও পরম দয়ালু।

وَّعَلَى الثَّلٰثَةِ الَّذِيْنَ خُلِّفُوْا ؕ حَتّٰٓى اِذَا ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقَتْ عَلَيْهِمْ اَنْفُسُهُمْ وَظَنُّوْٓا اَنْ لَّا مَلْجَاَ مِنَ اللّٰهِ اِلَّآ اِلَيْهِ ؕ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا ؕ اِنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١١٨﴾

১৪ রুকু ৩

১১৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্কে ভয় কর এবং সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَكُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ﴿١١٩﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

مَا كَانَ لِاَهْلِ الْمَدِيْنَةِ وَمَنْ حَوْلَهُمْ مِّنَ الْاَعْرَابِ اَنْ يَّتَخَلَّفُوْا عَنْ رَّسُوْلِ اللّٰهِ وَلَا يَرْغَبُوْا بِاَنْفُسِهِمْ عَنْ نَّفْسِهٖ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ لَا يُصِيْبُهُمْ ظَمَاٌ وَّلَا نَصَبٌ وَّلَا مَخْمَصَةٌ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا يَطَـُٔوْنَ مَوْطِئًا يَّغِيْظُ الْكُفَّارَ وَلَا يَنَالُوْنَ مِنْ عَدُوٍّ نَّيْلًا اِلَّا كُتِبَ لَهُمْ بِهٖ عَمَلٌ صَالِحٌ ؕ اِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿١٢٠﴾

১২০। মদীনাবাসী ও তাদের চার পাশের বেদুঈনদের জন্য (সঙ্গত) নয় যে, তারা আল্লাহ্‌র রাসূল থেকে পিছনে থেকে যাবে, এবং এও নয় যে, তারা তার (রাসূলের) জীবনের চেয়ে তাদের নিজেদেরকে বেশি পছন্দ করবে। এটি এজন্য যে, আল্লাহ্‌র পথে যে তৃষ্ণা, ক্লান্তি ও ক্ষুধাই তাদেরকে স্পর্শ করে এবং তারা যে পদার্পণস্থলেই পদার্পণ করে - যা কাফিরদের মনে ক্রোধের সঞ্চার করে - এবং শত্রুদের পক্ষ থেকে তারা যা-ই (দুঃখ-কষ্ট) লাভ করে তার (প্রত্যেকটির) পরিবর্তে তাদের জন্য লিখিত হয় সৎকাজ। নিশ্চয় আল্লাহ্ সৎকর্মপরায়ণদের কর্মফল নষ্ট করেন না-

وَلَا يُنْفِقُوْنَ نَفَقَةً صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً وَّلَا يَقْطَعُوْنَ وَادِيًا اِلَّا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٢١﴾

১২১। এবং তারা ছোট বা বড় যে ব্যয়ই ব্যয় করে এবং যে উপত্যকাই অতিক্রম করে তা তাদের জন্য লিখা হয়, যাতে তারা যা করে আল্লাহ্ তাদেরকে তার উত্তম প্রতিদান দিতে পারেন।

وَمَا كَانَ الْمُؤْمِنُوْنَ لِيَنْفِرُوْا كَآفَّةً ؕ فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَآئِفَةٌ لِّيَتَفَقَّهُوْا فِي الدِّيْنِ وَلِيُنْذِرُوْا قَوْمَهُمْ اِذَا رَجَعُوْٓا اِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُوْنَ ﴿١٢٢﴾

ع ١٥ ٢ ١٥ রুকু ৪

১২২। এবং (বেদুঈন) মু'মিনদের জন্য (সম্ভব) নয় যে তারা সবাই (একসঙ্গে জ্ঞানার্জনে মদীনার উদ্দেশ্যে) বের হবে। তবে তাদের প্রত্যেক দল থেকে একটি অংশ কেন বের হয় না, যাতে তারা দ্বীন সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করতে পারে এবং তাদের সম্প্রদায়কে সতর্ক করতে পারে যখন তারা তাদের নিকট ফিরে আসবে, যাতে তারা সতর্ক হতে পারে?

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قَاتِلُوا الَّذِيْنَ يَلُوْنَكُمْ مِّنَ الْكُفَّارِ وَلْيَجِدُوْا فِيْكُمْ غِلْظَةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٢٣﴾

১২৩। ওহে যারা ঈমান এনেছ! কাফিরদের মধ্যে যারা তোমাদের নিকটবর্তী* তাদের বিরুদ্ধে যুদ্ধ কর এবং তারা যেন তোমাদের মধ্যে কঠোরতা (দেখতে) পায়। এবং জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদের সাথে আছেন।

وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ فَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ اَيُّكُمْ زَادَتْهُ هٰذِهٖٓ اِيْمَانًا ۚ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَزَادَتْهُمْ اِيْمَانًا وَّهُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿١٢٤﴾

১২৪। আর যখনই কোন সূরা অবতীর্ণ হয় তখন তাদের কেউ কেউ বলে, 'এটা তোমাদের কার ঈমান বৃদ্ধি করল?' আর যারা ঈমান এনেছে এটি তাদেরকে ঈমানে বৃদ্ধি করেছে, যখন তারা আনন্দিত হয়।

وَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا اِلٰى رِجْسِهِمْ وَمَاتُوْا وَهُمْ كٰفِرُوْنَ ﴿١٢٥﴾

১২৫। আর যাদের হৃদয়ে ব্যাধি আছে,* এটি তাদের অপবিত্রতার সাথে আরো অপবিত্রতা বৃদ্ধি করে এবং তারা মৃত্যুবরণ করে, এমন অবস্থায় যে তারা কাফির।

اَوَلَا يَرَوْنَ اَنَّهُمْ يُفْتَنُوْنَ فِيْ كُلِّ عَامٍ مَّرَّةً اَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوْبُوْنَ وَلَا هُمْ يَذَّكَّرُوْنَ ﴿١٢٦﴾

১২৬। তারা কি দেখে না যে, তাদেরকে (তাদের মুনাফেকী প্রকাশ করে দেয়ার উদ্দেশ্যে) প্রতি বছর একবার বা দু'বার পরীক্ষায় ফেলা হয়? এরপরও তারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না।

وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ نَّظَرَ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ ؕ هَلْ يَرٰىكُمْ مِّنْ اَحَدٍ ثُمَّ انْصَرَفُوْا ؕ صَرَفَ اللّٰهُ قُلُوْبَهُمْ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ﴿١٢٧﴾

১২৭। এবং যখনই কোন সূরা অবতীর্ণ হয় তখন তারা একে অপরের দিকে তাকায়। (এবং ইশারায় জিজ্ঞাসা করে) 'তোমাদেরকে কেউ দেখে ফেলেছে কি?' এরপর তারা সরে পড়ে। আল্লাহ্ তাদের হৃদয়সমূহকে (সত্য থেকে) সরিয়ে দিয়েছেন, কারণ তারা এমন এক সম্প্রদায় যারা বুঝে না।

لَقَدْ جَآءَكُمْ رَسُوْلٌ مِّنْ اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿١٢٨﴾

১২৮। অবশ্যই তোমাদের নিজেদের মধ্য থেকে তোমাদের নিকট এসেছে একজন রাসূল। তোমরা যাতে কষ্ট পাও তা তার কাছে কঠিন (দুঃসহ), (সে) তোমাদের বিষয়ে উদ্বিগ্ন, (এবং) মু'মিনদের প্রতি স্নেহশীল ও দয়ালু।

فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللّٰهُ ۖ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿١٢٩﴾

ع ١٦ ٥ ١٥ রুকু ৫

১২৯। অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তাহলে তুমি বল, 'আল্লাহ্‌ই আমার জন্য যথেষ্ট, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। আমি তারই উপর ভরসা করি এবং তিনিই মহান আরশের অধিপতি।'

১০.সূরা ইউনুস, মাক্কী

১০৯ আয়াত, ১১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠-سُوْرَةُ يُوْنُسَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٠٩، رُكُوْعَاتُهَا-١١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ۝١

১। আলিফ-লাম-রা। এগুলো প্রজ্ঞাময় কিতাবের আয়াত।

اَكَانَ لِلنَّاسِ عَجَبًا اَنْ اَوْحَيْنَآ اِلٰى رَجُلٍ مِّنْهُمْ اَنْ اَنْذِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ عِنْدَ رَبِّهِمْ ۭ قَالَ الْكٰفِرُوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ مُّبِيْنٌ ۝٢

২। মানুষের জন্য এটা কি আশ্চর্যের বিষয়* যে, আমি তাদেরই একজনের কাছে ওহী করেছি এই মর্মে যে, তুমি মানুষকে সতর্ক কর এবং যারা ঈমান এনেছে তাদেরকে সুসংবাদ দাও যে, তাদের জন্য তাদের প্রতিপালকের কাছে রয়েছে উচ্চ মর্যাদা? কাফিররা বলে, 'নিশ্চয় এই ব্যক্তি অবশ্যই এক সুস্পষ্ট জাদুকর।'

اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَي الْعَرْشِ يُدَبِّرُ الْاَمْرَ ۭ مَا مِنْ شَفِيْعٍ اِلَّا مِنْۢ بَعْدِ اِذْنِهٖ ۭ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ فَاعْبُدُوْهُ ۭ اَفَلَا تَذَكَّرُوْنَ ۝٣

৩। নিশ্চয় তোমাদের প্রতিপালক আল্লাহ্, যিনি আকাশসমূহ ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছেন, এরপর আরশে সমাসীন হয়েছেন। তিনি সকল বিষয় পরিচালনা করেন। তার অনুমতি ছাড়া সুপারিশ করার কেউ নেই। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, সুতরাং তাঁর ইবাদত কর। তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

اِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا ۭ وَعْدَ اللّٰهِ حَقًّا ۭ اِنَّهٗ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ لِيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ بِالْقِسْطِ ۭ وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ شَرَابٌ مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ اَلِيْمٌۢ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ۝٤

৪। তাঁরই দিকে তোমাদের সকলের প্রত্যাবর্তনস্থল। (এটি) আল্লাহ্‌র সত্য প্রতিশ্রুতি। নিশ্চয় তিনি সৃষ্টির সূচনা করেন, এরপর এর পুনরাবৃত্তি করবেন, যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে ন্যায্য প্রতিদান দেয়ার জন্য। আর যারা অবিশ্বাস করেছে তাদের জন্য রয়েছে উত্তপ্ত পানীয় ও যন্ত্রণাদায়ক শাস্তি, কারণ তারা অবিশ্বাস করত।

هُوَ الَّذِيْ جَعَلَ الشَّمْسَ ضِيَاۗءً وَّالْقَمَرَ نُوْرًا وَّقَدَّرَهٗ مَنَازِلَ لِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ۭ مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ ۚ يُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ۝٥

৫। তিনিই সূর্যকে উজ্জ্বল আলো ও চন্দ্রকে স্নিগ্ধ আলো বানিয়েছেন এবং তার (চাঁদের) মনযিলসমূহ* নির্দিষ্ট করে দিয়েছেন যাতে তোমরা বছরের সংখ্যা ও (সময়ের) হিসাব জানতে পার। আল্লাহ্ এটা যথার্থ কারণ ছাড়া সৃষ্টি করেননি, তিনি নিদর্শনসমূহ বিস্তারিত বর্ণনা করেন এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

اِنَّ فِي اخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَا خَلَقَ اللّٰهُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَّقُوْنَ ۝٦

৬। নিশ্চয় রাত ও দিনের পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু সৃষ্টি করেছেন তাতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা তাকওয়া অবলম্বন করে।

اِنَّ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَاۗءَنَا وَرَضُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا وَاطْمَاَنُّوْا بِهَا وَالَّذِيْنَ هُمْ عَنْ اٰيٰتِنَا غٰفِلُوْنَ ۝٧

৭। নিশ্চয় যারা আমার সাক্ষাতের আশা করে না এবং দুনিয়ার জীবন নিয়েই সন্তুষ্ট এবং এতেই পরিতৃপ্ত থাকে এবং যারা আমার নিদর্শনাবলী সম্পর্কে বেখবর-

اُولٰۗىِٕكَ مَاْوٰىهُمُ النَّارُ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ۝٨

৮। তাদের আশ্রয়স্থল হবে আগুন, তারা যা অর্জন করেছে সে কারণে।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝٩

৯। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের প্রতিপালক তাদের ঈমানের কারণে তাদেরকে সঠিক পথ প্রদর্শন করবেন যাদের (যে ব্যক্তিদের) নীচে নহরসমূহ প্রবাহিত হবে- নিয়ামতপূর্ণ জান্নাতসমূহে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

دَعْوٰىهُمْ فِيْهَا سُبْحٰنَكَ اللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ۚ وَاٰخِرُ
دَعْوٰىهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠﴾ ع

ع ١ ٦ ١ রুকূ ৬

১০। সেখানে তাদের বক্তব্য হবে, 'হে আল্লাহ্! আপনি পবিত্র' এবং সেখানে তাদের অভিবাদন হবে, 'সালাম', এবং তাদের শেষ বক্তব্য হবে, 'সকল প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র জন্য।'

وَلَوْ يُعَجِّلُ اللّٰهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتِعْجَالَهُمْ بِالْخَيْرِ لَقُضِيَ
اِلَيْهِمْ اَجَلُهُمْ ؕ فَنَذَرُ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا فِيْ طُغْيَانِهِمْ
يَعْمَهُوْنَ ﴿١١﴾

১১। আল্লাহ্ যদি মানুষের অকল্যাণ ত্বরান্বিত করতেন, যেভাবে তারা কল্যাণ তাড়াতাড়ি পেতে চায়, অবশ্যই তাদের মেয়াদ শেষ হয়ে যেত। সুতরাং যারা আমার সাক্ষাতের আশা করে না আমি তাদেরকে তাদের সীমালঙ্ঘনে দিশেহারা হয়ে ঘুরে বেড়ানোর অবকাশ দেই।

وَاِذَا مَسَّ الْاِنْسَانَ الضُّرُّ دَعَانَا لِجَنْۢبِهٖۤ اَوْ قَاعِدًا اَوْ قَآئِمًا ۚ
فَلَمَّا كَشَفْنَا عَنْهُ ضُرَّهٗ مَرَّ كَاَنْ لَّمْ يَدْعُنَاۤ اِلٰى ضُرٍّ مَّسَّهٗ ؕ كَذٰلِكَ
زُيِّنَ لِلْمُسْرِفِيْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٢﴾

১২। আর মানুষকে যখন দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন সে শুয়ে, বসে অথবা দাঁড়িয়ে আমাকে ডাকে, অতঃপর যখন আমি তার দুঃখ-দুর্দশা দূর করি তখন সে এমন পথ অবলম্বন করে যেন তাকে যে দুঃখ-দুর্দশা স্পর্শ করেছিল তা থেকে মুক্তির জন্য সে আমাকে ডাকেনি। এভাবেই সীমালঙ্ঘনকারীদের কাছে তারা যা করত তা শোভনীয় করা হয়েছিল।

وَلَقَدْ اَهْلَكْنَا الْقُرُوْنَ مِنْ قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوْا ۙ وَجَآءَتْهُمْ
رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا ؕ كَذٰلِكَ نَجْزِي الْقَوْمَ
الْمُجْرِمِيْنَ ﴿١٣﴾

১৩। আর অবশ্যই আমি তোমাদের পূর্বে বহু প্রজন্ম ধ্বংস করেছি, যখন তারা জুলুম করেছিল এবং তাদের কাছে স্পষ্ট নিদর্শনাবলীসহ তাদের রাসূলরা এসেছিল, কিন্তু তারা ঈমান আনার জন্য প্রস্তুত ছিল না। এভাবেই আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দেই।

ثُمَّ جَعَلْنٰكُمْ خَلٰٓئِفَ فِي الْاَرْضِ مِنْۢ بَعْدِهِمْ لِنَنْظُرَ كَيْفَ
تَعْمَلُوْنَ ﴿١٤﴾

১৪। এরপর আমি তাদের পরে পৃথিবীতে তোমাদেরকে স্থলাভিষিক্ত করেছি এ জন্য যে, আমি দেখব তোমরা কেমন কাজ কর।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيَاتُنَا بَيِّنٰتٍ ۙ قَالَ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ
لِقَآءَنَا ائْتِ بِقُرْاٰنٍ غَيْرِ هٰذَاۤ اَوْ بَدِّلْهُ ؕ قُلْ مَا يَكُوْنُ لِيْۤ اَنْ
اُبَدِّلَهٗ مِنْ تِلْقَآئِ نَفْسِيْ ۚ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰۤى اِلَيَّ ۚ اِنِّيْۤ
اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥﴾

১৫। এবং যখন তাদের নিকট আমার আয়াতসমূহকে স্পষ্ট প্রমাণ হিসেবে পাঠ করা হয় তখন যারা আমার সাক্ষাতের আশা করে না তারা বলে, 'এটা ছাড়া অন্য এক কুরআন নিয়ে আস, অথবা এটাকে পরিবর্তন কর।' বল, 'নিজ থেকে এটা পরিবর্তন করা আমার কাজ নয়, আমার প্রতি যা ওহী করা হয় আমি কেবল তারই অনুসরণ করি, যদি আমি আমার প্রতিপালকে অমান্য করি তাহলে নিশ্চয় আমি ভয় করি এক ভয়াবহ দিনের শাস্তির।'

قُلْ لَّوْ شَآءَ اللّٰهُ مَا تَلَوْتُهٗ عَلَيْكُمْ وَلَاۤ اَدْرٰىكُمْ بِهٖ ۖ فَقَدْ لَبِثْتُ
فِيْكُمْ عُمُرًا مِّنْ قَبْلِهٖ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٦﴾

১৬। বল, 'যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে আমি তোমাদের কাছে তা পাঠ করতাম না এবং তিনিও তোমাদেরকে এ বিষয়ে জানাতেন না। আমি এর পূর্বে তোমাদের মধ্যে দীর্ঘকাল অবস্থান করেছি। তবে কি তোমরা অনুধাবন কর না?'

فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اِنَّهٗ
لَا يُفْلِحُ الْمُجْرِمُوْنَ ﴿١٧﴾

১৭। অতএব যে ব্যক্তি আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে অথবা আল্লাহ্‌র আয়াতকে মিথ্যা অভিহিত করে তার চেয়ে অধিক জালিম আর কে? নিশ্চয় অপরাধীরা সফল হয় না।

وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُوْلُوْنَ
هٰۤؤُلَآءِ شُفَعَآؤُنَا عِنْدَ اللّٰهِ ؕ قُلْ اَتُنَبِّئُوْنَ اللّٰهَ بِمَا لَا يَعْلَمُ فِي
السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٨﴾

১৮। আর তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন সত্তার ইবাদত করে যা তাদের অপকার করে না এবং উপকারও করে না এবং তারা বলে, 'এগুলো আল্লাহ্‌র কাছে আমাদের সুপারিশকারী।' বল, 'তোমরা কি আল্লাহ্‌কে আকাশসমূহ ও পৃথিবীর এমন কিছুর সংবাদ দিচ্ছ যা তিনি জানেন না? তারা যা শরীক করে তা হতে তিনি পবিত্র এবং অনেক ঊর্ধ্বে।'

وَمَا كَانَ النَّاسُ اِلَّآ اُمَّةً وَّاحِدَةً فَاخْتَلَفُوْا ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ فِيْمَا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٩﴾

১৯। এবং মানুষ একই উম্মত (ধর্মভুক্ত) ছিল, অতঃপর তারা মতপার্থক্য করল। আর যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে একটি বাণী গত হয়ে (পূর্ব ঘোষিত) না থাকত তাহলে যে বিষয়ে তারা মতপার্থক্য করে সে বিষয়ে তাদের মাঝে মীমাংসা করে দেয়া হত।

وَيَقُوْلُوْنَ لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ فَقُلْ اِنَّمَا الْغَيْبُ لِلّٰهِ فَانْتَظِرُوْا ۚ اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿٢٠﴾

ع ٢ ٧ রুকূ ٢

২০। এবং তারা বলে, 'তার প্রতিপালকের কাছ থেকে তার কাছে কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন?' তবে বল, 'অদৃশ্যের জ্ঞান কেবল আল্লাহ্‌রই, সুতরাং তোমরা প্রতীক্ষা কর, নিশ্চয় আমি তোমাদের সাথে অপেক্ষাকারীদের অন্তর্ভুক্ত।'

وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّنْۢ بَعْدِ ضَرَّآءَ مَسَّتْهُمْ اِذَا لَهُمْ مَّكْرٌ فِيْٓ اٰيَاتِنَا ؕ قُلِ اللّٰهُ اَسْرَعُ مَكْرًا ؕ اِنَّ رُسُلَنَا يَكْتُبُوْنَ مَا تَمْكُرُوْنَ ﴿٢١﴾

২১। আর মানুষকে তাদের দুঃখ-দুর্দশা স্পর্শ করার পর যখন আমি দয়া আস্বাদন করাই তখনই তারা আমার নিদর্শনসমূহের বিরুদ্ধে ষড়যন্ত্র করে। বল, 'আল্লাহ্ কৌশল অবলম্বনের ক্ষেত্রে দ্রুততর।' তোমরা যে ষড়যন্ত্র কর তা নিশ্চয় আমার রাসূলরা (ফেরেশতারা) লিখে রাখে।

هُوَ الَّذِيْ يُسَيِّرُكُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ ؕ حَتّٰٓى اِذَا كُنْتُمْ فِي الْفُلْكِ ۚ وَجَرَيْنَ بِهِمْ بِرِيْحٍ طَيِّبَةٍ وَّفَرِحُوْا بِهَا جَآءَتْهَا رِيْحٌ عَاصِفٌ وَّجَآءَهُمُ الْمَوْجُ مِنْ كُلِّ مَكَانٍ وَّظَنُّوْٓا اَنَّهُمْ اُحِيْطَ بِهِمْ ۙ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ لَئِنْ اَنْجَيْتَنَا مِنْ هٰذِهٖ لَنَكُوْنَنَّ مِنَ الشّٰكِرِيْنَ ﴿٢٢﴾

২২। তিনিই তোমাদেরকে স্থলে ও সমুদ্রে ভ্রমণ করান। এক পর্যায়ে যখন তোমরা নৌযানে আরোহণ কর, এবং এগুলো তাদেরকে নিয়ে অনুকূল বাতাসে চলতে থাকে এবং তারা তাতে উৎফুল্ল হয় তখন এক ঝড়ো হাওয়া তাতে আঘাত হানে এবং সবদিক থেকে তরঙ্গ তাদের দিকে ধেয়ে আসে এবং তারা তা দ্বারা পরিবেষ্টিত হয়ে পড়েছে বলে মনে করে, তখন তারা আল্লাহ্‌কে ডাকে দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে, (এবং বলে) 'যদি আপনি আমাদেরকে এ অবস্থা থেকে রক্ষা করেন তাহলে অবশ্যই আমরা কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হব।'

فَلَمَّآ اَنْجٰىهُمْ اِذَا هُمْ يَبْغُوْنَ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ؕ يٰٓاَيُّهَا النَّاسُ اِنَّمَا بَغْيُكُمْ عَلٰٓى اَنْفُسِكُمْ ۙ مَّتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ۫ ثُمَّ اِلَيْنَا مَرْجِعُكُمْ فَنُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٣﴾

২৩। অতঃপর যখনই তিনি তাদেরকে উদ্ধার করেন তখনই তারা পৃথিবীতে অন্যায়ভাবে বাড়াবাড়ি করতে থাকে। হে মানুষ! তোমাদের এ বাড়াবাড়ি আসলে তোমাদের নিজেদেরই বিরুদ্ধে, দুনিয়ার জীবনের ভোগ্যসামগ্রী (উপভোগ)-এর কারণে। এরপর আমারই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তোমরা যা করতে সে সম্পর্কে আমি তোমাদেরকে জানিয়ে দিব।

اِنَّمَا مَثَلُ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ مِمَّا يَاْكُلُ النَّاسُ وَالْاَنْعَامُ ؕ حَتّٰٓى اِذَآ اَخَذَتِ الْاَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ اَهْلُهَآ اَنَّهُمْ قٰدِرُوْنَ عَلَيْهَآ ۙ اَتٰىهَآ اَمْرُنَا لَيْلًا اَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَاَنْ لَّمْ تَغْنَ بِالْاَمْسِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢٤﴾

২৪। বস্তুত দুনিয়ার জীবনের উপমা হল পানির মত যা আমি আকাশ থেকে অবতীর্ণ করি, অতঃপর এর সাথে ভূমিজাত উদ্ভিদের সংমিশ্রণ হয়- যা থেকে মানুষ ও গবাদি পশু আহার করে। অবশেষে যখন ভূমি তার শোভা ধারণ করে ও আকর্ষণীয় হয় এবং এর অধিকারীরা মনে করে যে, তারা এগুলোর উপর সক্ষম (আহরণ ও ভোগ করতে) তখনই তাতে দিনে অথবা রাতে আমার নির্দেশ এসে পড়ে, অতঃপর আমি তা এমন উৎপাটিত শস্যে পরিণত করি যেন গতকালও এর কোন অস্তিত্ব ছিল না। এভাবেই আমি নিদর্শনসমূহ বিস্তারিত বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

وَاللّٰهُ يَدْعُوْٓا اِلٰى دَارِ السَّلٰمِ ؕ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢٥﴾

২৫। আর আল্লাহ্ শান্তির আবাসের দিকে ডাকেন এবং যাকে ইচ্ছা করেন সরল-সঠিক পথে পরিচালিত করেন।

لِلَّذِيْنَ اَحْسَنُوا الْحُسْنٰى وَزِيَادَةٌ ؕ وَلَا يَرْهَقُ وُجُوْهَهُمْ قَتَرٌ وَّلَا ذِلَّةٌ ؕ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٦﴾

২৬। যারা ভালকাজ করে তাদের জন্য রয়েছে কল্যাণ এবং আরও অধিক কিছু, এবং কোন মলিনতা ও অপমান তাদের চেহারাসমূহকে আচ্ছন্ন করবে না। তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَالَّذِيْنَ كَسَبُوا السَّيِّاٰتِ جَزَآءُ سَيِّئَةٍ بِمِثْلِهَا ۙ وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ ۭ مَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ عَاصِمٍ ۚ كَاَنَّمَآ اُغْشِيَتْ وُجُوْهُهُمْ قِطَعًا مِّنَ الَّيْلِ مُظْلِمًا ۭ اُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝

২৭। আর যারা মন্দ অর্জন করেছে তাদের প্রতিফল অনুরূপ মন্দ এবং অপমান তাদেরকে আচ্ছন্ন করবে। আল্লাহ্‌র বিপরীতে তাদের জন্য কোন রক্ষাকারী থাকবে না, তাদের চেহারাসমূহ যেন রাতের অন্ধকারের আস্তরণে আচ্ছাদিত। তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ نَقُوْلُ لِلَّذِيْنَ اَشْرَكُوْا مَكَانَكُمْ اَنْتُمْ وَشُرَكَاۗؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ وَقَالَ شُرَكَاۗؤُهُمْ مَّا كُنْتُمْ اِيَّانَا تَعْبُدُوْنَ ۝

২৮। এবং যেদিন আমি তাদের সকলকে একত্র করব, এরপর যারা শরীক করেছিল তাদেরকে আমি বলব, 'তোমরা এবং তোমরা যাদেরকে শরীক করেছিলে তারা নিজ নিজ স্থানে অবস্থান কর,' এবং আমি তাদেরকে (পরস্পর থেকে) পৃথক করে দেব এবং তারা যাদেরকে শরীক করেছিল তারা বলবে, 'তোমরা তো আমাদের ইবাদত করতে না।

فَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًۢا بَيْنَنَا وَبَيْنَكُمْ اِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ لَغٰفِلِيْنَ ۝

২৯। সুতরাং আল্লাহ্‌ই আমাদের মাঝে ও তোমাদের মাঝে সাক্ষী হিসেবে যথেষ্ট যে, আমরা তোমাদের ইবাদত সম্পর্কে অবশ্যই বেখবর ছিলাম।'

هُنَالِكَ تَبْلُوْا كُلُّ نَفْسٍ مَّآ اَسْلَفَتْ وَرُدُّوْٓا اِلَى اللّٰهِ مَوْلٰىهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ۝

৩০। সেখানে প্রত্যেকে যা করেছিল তা পরখ করে নিবে এবং তাদেরকে তাদের সত্য প্রভু আল্লাহ্‌র কাছে ফিরিয়ে আনা হবে এবং তারা যা কিছু মিথ্যা রচনা করত তা তাদের থেকে উধাও হয়ে যাবে।

রুকু ৩ ৮

قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَاۗءِ وَالْاَرْضِ اَمَّنْ يَّمْلِكُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَبِّرُ الْاَمْرَ ۭ فَسَيَقُوْلُوْنَ اللّٰهُ ۚ فَقُلْ اَفَلَا تَتَّقُوْنَ ۝

৩১। বল, 'কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী থেকে রিযিক দান করেন অথবা শ্রবণ ও দৃষ্টিশক্তির মালিক কে? এবং জীবিতকে মৃত থেকে কে বের করেন? এবং মৃতকে জীবিত থেকে কে বের করেন? এবং কে সকল বিষয় পরিচালনা করেন?' তখনই তারা বলবে, 'আল্লাহ্‌।' অতএব বল, 'তবে কি তোমরা (আল্লাহ্‌কে) ভয় করবে না?'

فَذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمُ الْحَقُّ ۚ فَمَاذَا بَعْدَ الْحَقِّ اِلَّا الضَّلٰلُ ۚ فَاَنّٰى تُصْرَفُوْنَ ۝

৩২। তিনিই আল্লাহ্‌, তোমাদের সত্য প্রতিপালক, সত্যের পরে পথভ্রষ্টতা ছাড়া আর কী আছে? সুতরাং কিভাবে তোমাদেরকে (সত্য থেকে) সরিয়ে নেয়া হচ্ছে?

كَذٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ فَسَقُوْٓا اَنَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝

৩৩। এভাবেই যারা পাপাচার করেছে তাদের ব্যাপারে তোমার প্রতিপালকের বাণী অবধারিত হয়েছে যে, তারা ঈমান আনবে না।

قُلْ هَلْ مِنْ شُرَكَاۗئِكُمْ مَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ۭ قُلِ اللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝

৩৪। বল, 'তোমাদের শরীকদের (মিথ্যা প্রভুদের) মধ্যে কি এমন কেউ আছে, যে সৃষ্টির সূচনা করে, এরপর এর পুনরাবৃত্তি করবে?' বল, 'আল্লাহ্‌ই সৃষ্টির সূচনা করেন, এরপর এর পুনরাবৃত্তি করবেন, সুতরাং কিভাবে তোমাদেরকে বিভ্রান্ত করা হচ্ছে?

قُلْ هَلْ مِنْ شُرَكَاۗئِكُمْ مَّنْ يَّهْدِيْٓ اِلَى الْحَقِّ ۭ قُلِ اللّٰهُ يَهْدِيْ لِلْحَقِّ ۭ اَفَمَنْ يَّهْدِيْٓ اِلَى الْحَقِّ اَحَقُّ اَنْ يُّتَّبَعَ اَمَّنْ لَّا يَهِدِّيْٓ اِلَّآ اَنْ يُّهْدٰى ۚ فَمَا لَكُمْ ۣ كَيْفَ تَحْكُمُوْنَ ۝

৩৫। বল, 'তোমাদের শরীকদের (মিথ্যা প্রভুদের) মধ্যে কি এমন কেউ আছে, যে সত্যের দিকে পরিচালিত করে?' বল, 'আল্লাহ্‌ই সত্যের দিকে পরিচালিত করেন।' তবে কি যিনি সত্যের দিকে পরিচালিত করেন তিনি আনুগত্যের অধিকতর যোগ্য, নাকি যাকে পথ না দেখালে পথ পায় না-সে? তোমাদের কী হয়েছে, তোমরা কেমন বিচার করছ?

وَمَا يَتَّبِعُ اَكْثَرُهُمْ اِلَّا ظَنًّا ۭ اِنَّ الظَّنَّ لَا يُغْنِيْ مِنَ الْحَقِّ شَيْـــًٔا ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ۝

৩৬। আর তাদের অধিকাংশই কেবল অনুমানের অনুসরণ করে। নিশ্চয় সত্যের বিপরীতে অনুমান কিছুই কাজে আসে না। নিশ্চয় আল্লাহ্‌ তারা যা করে সে সম্পর্কে ভালভাবে জানেন।

وَمَا كَانَ هٰذَا الْقُرْاٰنُ اَنْ يُّفْتَرٰى مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ تَصْدِيْقَ الَّذِيْ بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٧﴾

৩৭। এ কুরআন এমন নয় যে, আল্লাহ্ ছাড়া অন্য কেউ তা রচনা করতে পারে বরং এটি এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়ণকারী এবং সকল (আসমানী) কিতাবের বিস্তারিত বর্ণনা, যে ব্যাপারে কোন সন্দেহ নেই, যা জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে (অবতীর্ণ)।

اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ فَاْتُوْا بِسُوْرَةٍ مِّثْلِهٖ وَادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣٨﴾

৩৮। তারা কি বলে, 'সে এটি রচনা করেছে?' বল, 'তবে তোমরা এর অনুরূপ একটি সূরা নিয়ে আস এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে যাকে পার ডেকে আন- যদি তোমরা সত্যবাদী হও।'

بَلْ كَذَّبُوْا بِمَا لَمْ يُحِيْطُوْا بِعِلْمِهٖ وَلَمَّا يَاْتِهِمْ تَاْوِيْلُهٗ ؕ كَذٰلِكَ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٣٩﴾

৩৯। বরং তারা যা জ্ঞান দ্বারা আয়ত্ত করেনি তা মিথ্যা অভিহিত করেছে, অথচ এখনও এর তাৎপর্য তাদের কাছে আসেনি। এভাবেই তাদের পূর্ববর্তীরাও মিথ্যা অভিহিত করেছিল, সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল জালিমদের পরিণাম!

وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهٖ وَمِنْهُمْ مَّنْ لَّا يُؤْمِنُ بِهٖ ؕ وَرَبُّكَ اَعْلَمُ بِالْمُفْسِدِيْنَ ﴿٤٠﴾

৪০। তাদের মধ্যে কেউ এতে বিশ্বাস করে এবং কেউ এতে বিশ্বাস করে না এবং তোমার প্রতিপালক ফ্যাসাদ সৃষ্টিকারীদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন।

ع ٤ ٩ ٤ ٨ রুকু

وَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ لِّيْ عَمَلِيْ وَلَكُمْ عَمَلُكُمْ ۚ اَنْتُمْ بَرِيْٓـُٔوْنَ مِمَّآ اَعْمَلُ وَاَنَا بَرِيْٓـُٔ مِّمَّا تَعْمَلُوْنَ ﴿٤١﴾

৪১। এবং তারা যদি তোমাকে মিথ্যাবাদী বলে তবে তুমি বল, 'আমার কাজের দায় আমার এবং তোমাদের কাজের দায় তোমাদের। আমি যা করি সে বিষয়ে তোমরা দায়িত্বমুক্ত এবং তোমরা যা কর সে বিষয়ে আমিও দায়িত্বমুক্ত।'

وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُوْنَ اِلَيْكَ ؕ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ وَلَوْ كَانُوْا لَا يَعْقِلُوْنَ ﴿٤٢﴾

৪২। এবং তাদের মধ্যে কেউ কেউ তোমার দিকে কান পেতে শোনে (মন দিয়ে শোনে না)। তুমি কি বধিরকে শুনাতে পারবে, তারা অনুধাবন না করলেও?

وَمِنْهُمْ مَّنْ يَّنْظُرُ اِلَيْكَ ؕ اَفَاَنْتَ تَهْدِي الْعُمْيَ وَلَوْ كَانُوْا لَا يُبْصِرُوْنَ ﴿٤٣﴾

৪৩। এবং তাদের মধ্যে কেউ কেউ তোমার দিকে তাকিয়ে থাকে (সত্যকে দেখতে চায় না)। তুমি কি অন্ধকে পথ দেখাতে পারবে, তারা না দেখলেও?

اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ النَّاسَ شَيْـًٔا وَّلٰكِنَّ النَّاسَ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٤٤﴾

৪৪। নিশ্চয় আল্লাহ্ মানুষের প্রতি কোন জুলুম করেন না বরং মানুষই তাদের নিজেদের প্রতি জুলুম করে থাকে।

وَيَوْمَ يَحْشُرُهُمْ كَاَنْ لَّمْ يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوْنَ بَيْنَهُمْ ؕ قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَآءِ اللّٰهِ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿٤٥﴾

৪৫। এবং যেদিন তিনি তাদেরকে সমবেত করবেন (সেদিন তাদের মনে হবে), যেন তারা দিনের এক মুহূর্তকাল ছাড়া অবস্থান করেনি; তারা পরস্পরকে চিনবে। আল্লাহ্‌র সাক্ষাৎকে যারা মিথ্যা বলেছে তারাই ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তারা সঠিকপথপ্রাপ্তও ছিল না।

وَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا يَفْعَلُوْنَ ﴿٤٦﴾

৪৬। আর আমি তাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দেই তার কিছু যদি তোমাকে দেখাই অথবা তোমার মৃত্যু ঘটাই (উভয় ক্ষেত্রেই) তাদের প্রত্যাবর্তন আমারই দিকে, অধিকন্তু তারা যা করে আল্লাহ্ তার প্রত্যক্ষদর্শী।

وَلِكُلِّ أُمَّةٍ رَّسُوْلٌ ۚ فَإِذَا جَآءَ رَسُوْلُهُمْ قُضِيَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٤٧﴾

৪৭। এবং প্রত্যেক উম্মতের জন্য রয়েছে একজন রাসূল, অতঃপর যখন তাদের রাসূল আসে তখন তাদের মাঝে ন্যায়ের সাথে ফয়সালা করা হয় এবং তাদের প্রতি জুলুম করা হয় না।

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾

৪৮। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এই প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

قُلْ لَّآ أَمْلِكُ لِنَفْسِيْ ضَرًّا وَّلَا نَفْعًا إِلَّا مَا شَآءَ اللّٰهُ ۗ لِكُلِّ أُمَّةٍ أَجَلٌ ۗ إِذَا جَآءَ أَجَلُهُمْ فَلَا يَسْتَأْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ﴿٤٩﴾

৪৯। বল, 'আমি আমার নিজের জন্য কোন ক্ষতি বা উপকারের মালিক নই- আল্লাহ্ যা ইচ্ছা করেন তা ছাড়া। প্রত্যেক উম্মতের (জনগোষ্ঠীর) একটি নির্দিষ্ট সময় আছে। যখন তাদের নির্দিষ্ট সময় আসবে তখন তারা (তা) এক মুহূর্ত বিলম্বিত করতে পারবে না এবং তারা ত্বরান্বিতও করতে পারবে না।'

قُلْ أَرَءَيْتُمْ إِنْ أَتٰىكُمْ عَذَابُهُ بَيَاتًا أَوْ نَهَارًا مَّاذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُوْنَ ﴿٥٠﴾

৫০। বল, 'তোমরা কি ভেবে দেখেছ, যদি তাঁর শাস্তি তোমাদের উপর রাতে অথবা দিনে এসে পড়ে (তোমরা কি প্রতিরোধ করতে পারবে)?' তাহলে অপরাধীরা কী তাড়াতাড়ি পেতে চায়?

أَثُمَّ إِذَا مَا وَقَعَ آمَنْتُمْ بِهٖ ۗ آلْـٰٔنَ وَقَدْ كُنْتُمْ بِهٖ تَسْتَعْجِلُوْنَ ﴿٥١﴾

৫১। এরপর যখন তা (শাস্তি) আপতিত হবে তখন কি তোমরা তাতে ঈমান আনবে? এখন (শাস্তি আসার পর ঈমান আনলে)! অথচ তোমরা তা তাড়াতাড়ি পেতে চেয়েছিলে।

ثُمَّ قِيْلَ لِلَّذِيْنَ ظَلَمُوْا ذُوْقُوْا عَذَابَ الْخُلْدِ ۚ هَلْ تُجْزَوْنَ إِلَّا بِمَا كُنْتُمْ تَكْسِبُوْنَ ﴿٥٢﴾

৫২। এরপর যারা জুলুম করেছে তাদেরকে বলা হবে, 'স্থায়ী শাস্তি আস্বাদন কর, তোমাদেরকে কি এছাড়া (অন্য কিছুর) প্রতিফল দেয়া হচ্ছে যা তোমরা অর্জন করতে?'

وَيَسْتَنْبِـُٔوْنَكَ أَحَقٌّ هُوَ ۚ قُلْ إِيْ وَرَبِّيْٓ إِنَّهٗ لَحَقٌّ ۚ وَمَآ أَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿٥٣﴾

৫৩। এবং তারা তোমার কাছে জানতে চায়, 'তা কি সত্য?' বল, 'হ্যাঁ, আমার প্রতিপালকের কসম! নিশ্চয় তা অবশ্যই সত্য এবং তোমরা (আল্লাহ্কে) অক্ষম করতে পারবে না।'

وَلَوْ أَنَّ لِكُلِّ نَفْسٍ ظَلَمَتْ مَا فِي الْأَرْضِ لَافْتَدَتْ بِهٖ ۗ وَأَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَأَوُا الْعَذَابَ ۚ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٥٤﴾

৫৪। পৃথিবীতে যা কিছু আছে যদি তা জুলুম করেছে এমন প্রত্যেক ব্যাক্তির থাকত তবে সে (সেদিন) অবশ্যই তার বিনিময়ে (মুক্তিপণ দিয়ে) মুক্তি পেতে চাইত। এবং যখন তারা শাস্তি দেখবে তখন তারা অনুতাপ গোপন করবে, এবং তাদের মাঝে ফয়সালা করা হবে ন্যায়ের সাথে এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

أَلَآ إِنَّ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ أَلَآ إِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٥٥﴾

৫৫। জেনে রাখ, নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

هُوَ يُحْيٖ وَيُمِيْتُ وَإِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٥٦﴾

৫৬। তিনি জীবিত করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

يٰٓأَيُّهَا النَّاسُ قَدْ جَآءَتْكُمْ مَّوْعِظَةٌ مِّنْ رَّبِّكُمْ وَشِفَآءٌ لِّمَا فِي الصُّدُوْرِ ۙ وَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٥٧﴾

৫৭। হে মানুষ! তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের কাছ থেকে এসেছে উপদেশ ও তোমাদের বক্ষে (অন্তরে) যা আছে তার নিরাময়* এবং মু'মিনদের জন্য পথনির্দেশিকা ও দয়া।

قُلْ بِفَضْلِ اللّٰهِ وَبِرَحْمَتِهٖ فَبِذٰلِكَ فَلْيَفْرَحُوْا ۚ هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿٥٨﴾

৫৮। বল, 'আল্লাহ্র অনুগ্রহে ও তাঁর দয়ায় (কুরআন এসেছে), সুতরাং এতে তাদের উৎফুল্ল হওয়া উচিত। তারা যা জমা করে রাখে তার চেয়ে এটা উত্তম।'

৫৯। বল, 'তোমরা কি ভেবে দেখেছ, আল্লাহ্ তোমাদের জন্য যে রিযিক অবতীর্ণ করেছেন, অতঃপর তোমরা তার মধ্য থেকে কিছু হালাল* ও কিছু হারাম করেছ?' বল, 'আল্লাহ্ কি তোমাদেরকে এর অনুমতি দিয়েছেন, নাকি তোমরা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করছ?'

قُلْ اَرَءَيْتُمْ مَّآ اَنْزَلَ اللّٰهُ لَكُمْ مِّنْ رِّزْقٍ فَجَعَلْتُمْ مِّنْهُ حَرَامًا وَّحَلٰلًا ؕ قُلْ آٰللّٰهُ اَذِنَ لَكُمْ اَمْ عَلَى اللّٰهِ تَفْتَرُوْنَ ﴿٥٩﴾

৬০। যারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে, কিয়ামতের দিন সম্পর্কে তাদের কী ধারণা? নিশ্চয় আল্লাহ্ মানুষের প্রতি অবশ্যই অনুগ্রহশীল, কিন্তু তাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না।

ع ٦ ١١ ٦ রুকু ١١

وَمَا ظَنُّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٦٠﴾

৬১। আর তুমি যে অবস্থাতেই থাক এবং তুমি কুরআন থেকে যাই পাঠ কর এবং তোমরা যে কাজই কর, আমি তোমাদের প্রত্যক্ষদর্শী- যখন তোমরা তাতে মনোনিবেশ কর। আকাশসমূহ ও পৃথিবীর অণু পরিমাণ এমনকি তার চেয়েও ক্ষুদ্রতর অথবা বৃহত্তর কিছুই তোমার প্রতিপালক থেকে গোপন নয় বরং তা সুস্পষ্ট কিতাবে রয়েছে।

وَمَا تَكُوْنُ فِيْ شَاْنٍ وَّمَا تَتْلُوْا مِنْهُ مِنْ قُرْاٰنٍ وَّلَا تَعْمَلُوْنَ مِنْ عَمَلٍ اِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُوْدًا اِذْ تُفِيْضُوْنَ فِيْهِ ؕ وَمَا يَعْزُبُ عَنْ رَّبِّكَ مِنْ مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ وَلَآ اَصْغَرَ مِنْ ذٰلِكَ وَلَآ اَكْبَرَ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٦١﴾

৬২। জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্র বন্ধুদের* কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না,

اَلَآ اِنَّ اَوْلِيَآءَ اللّٰهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٢﴾

৬৩। যারা ঈমান এনেছিল এবং তাকওয়া অবলম্বন করত।

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٦٣﴾

৬৪। তাদের জন্য রয়েছে সুসংবাদ* দুনিয়ার জীবনে ও আখিরাতে। আল্লাহ্র বাণীর কোন পরিবর্তন নেই। এটিই মহাসাফল্য।

لَهُمُ الْبُشْرٰى فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ؕ لَا تَبْدِيْلَ لِكَلِمٰتِ اللّٰهِ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٦٤﴾

৬৫। তাদের কথা যেন তোমাকে কষ্ট না দেয়। নিশ্চয় সমস্ত ইজ্জত আল্লাহ্র জন্য। তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا ؕ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٦٥﴾

৬৬। জেনে রাখ, নিশ্চয় যারা আকাশসমূহে আছে এবং যারা আছে পৃথিবীতে তারা আল্লাহ্রই। আর যারা আল্লাহ্কে বাদ দিয়ে শরীকদেরকে ডাকে তারা কিসের অনুসরণ করে? তারা কেবল অনুমানেরই অনুসরণ করে এবং তারা কেবল মিথ্যাই বলে।

اَلَآ اِنَّ لِلّٰهِ مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ ؕ وَمَا يَتَّبِعُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ شُرَكَآءَ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿٦٦﴾

৬৭। তিনিই তোমাদের জন্য বানিয়েছেন রাত যাতে তোমরা তাতে বিশ্রাম নিতে পার এবং দিনকে করেছেন আলোকোজ্জ্বল। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা শ্রবণ করে।

هُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ الَّيْلَ لِتَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿٦٧﴾

৬৮। তারা বলে, 'আল্লাহ্ সন্তান গ্রহণ করেছেন,' পবিত্র তিনি। তিনি অমুখাপেক্ষী। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। এ বিষয়ে তোমাদের কাছে কোন প্রমাণ নেই। তোমরা কি আল্লাহ্ সম্পর্কে এমন কিছু বলছ যা তোমরা জান না?

قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا سُبْحٰنَهٗ ؕ هُوَ الْغَنِيُّ ؕ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ اِنْ عِنْدَكُمْ مِّنْ سُلْطٰنٍۭ بِهٰذَا ؕ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٨﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قُلْ اِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ﴿٦٩﴾

৬৯। বল, ' নিশ্চয় যারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তারা সফল হবে না।'

مَتَاعٌ فِى الدُّنْيَا ثُمَّ اِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيْقُهُمُ الْعَذَابَ الشَّدِيْدَ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ﴿٧٠﴾

ع ٧ ٣ ٩ রুকু ১২

৭০। (তাদের জন্য) দুনিয়ায় কিছু ভোগ্যসামগ্রী রয়েছে, এরপর আমারই দিকে তাদের প্রত্যাবর্তনস্থল, এরপর তাদেরকে আমি কঠোর শাস্তি আস্বাদন করাব, কারণ তারা কুফরী করত।

وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ نُوْحٍ ۘ اِذْ قَالَ لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَّقَامِىْ وَتَذْكِيْرِىْ بِاٰيٰتِ اللّٰهِ فَعَلَى اللّٰهِ تَوَكَّلْتُ فَاَجْمِعُوْٓا اَمْرَكُمْ وَشُرَكَآءَكُمْ ثُمَّ لَا يَكُنْ اَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوْٓا اِلَىَّ وَلَا تُنْظِرُوْنِ ﴿٧١﴾

৭১। এবং তাদেরকে নূহ্-এর সংবাদ পাঠ করে শোনাও। যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! আমার অবস্থান এবং আল্লাহ্র আয়াতসমূহের মাধ্যমে উপদেশ দান তোমাদের কাছে যদি দুঃসহ হয়ে থাকে তবে আমি আল্লাহ্র উপরই ভরসা করি। সুতরাং তোমরা তোমাদের শরীকদেরকে নিয়ে তোমাদের (করণীয়) বিষয়ে একমত হও। এরপর যেন তোমাদের (করণীয়) বিষয় তোমাদের কাছে অপস্পষ্ট না থাকে। এরপর তোমরা (যা স্থির করবে তা) আমার প্রতি কার্যকর কর এবং আমাকে অবকাশ দিও না।

فَاِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ ۭ اِنْ اَجْرِىَ اِلَّا عَلَى اللّٰهِ ۙ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٧٢﴾

৭২। এরপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে আমি তোমাদের কাছে কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল আল্লাহ্রই উপর। এবং আমি মুসলিমদের অন্তর্ভুক্ত হতে আদিষ্ট হয়েছি।

فَكَذَّبُوْهُ فَنَجَّيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِى الْفُلْكِ وَجَعَلْنٰهُمْ خَلٰٓئِفَ وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿٧٣﴾

৭৩। কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলল, অতঃপর তাকে ও তার সাথে যারা নৌযানে ছিল তাদেরকে আমি উদ্ধার করলাম এবং তাদেরকে (পূর্ববর্তীদের) স্থলাভিষিক্ত করলাম আর যারা আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছিল তাদেরকে ডুবিয়ে দিলাম, সুতরাং লক্ষ্য কর, যাদেরকে সতর্ক করা হয়েছিল কেমন ছিল তাদের পরিণাম।

ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهٖ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا بِهٖ مِنْ قَبْلُ ۭ كَذٰلِكَ نَطْبَعُ عَلٰى قُلُوْبِ الْمُعْتَدِيْنَ ﴿٧٤﴾

৭৪। অতঃপর এরপরে আমি রাসূলদেরকে তাদের সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছি এবং তারা স্পষ্ট নিদর্শনাবলীসহ তাদের কাছে এসেছিল, কিন্তু ইতঃপূর্বে তারা যা মিথ্যা অভিহিত করেছিল তার প্রতি তারা ঈমান আনতে প্রস্তুত ছিল না। এভাবেই আমি সীমালঙ্ঘনকারীদের হৃদয়সমূহের উপর মোহর* মেরে দেই।

ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ بِاٰيٰتِنَا فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿٧٥﴾

৭৫। অতঃপর এরপরে আমি আমার নিদর্শনাবলীসহ মূসা ও হারূনকে ফিরআউন ও তার পরিষদবর্গের কাছে প্রেরণ করি, কিন্তু তারা অহঙ্কার করল এবং তারা ছিল এক অপরাধী সম্প্রদায়।

فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ﴿٧٦﴾

৭৬। অতঃপর যখন তাদের কাছে আমার পক্ষ থেকে সত্য আসল তখন তারা বলল, ' নিশ্চয় এটা অবশ্যই সুস্পষ্ট জাদু।'

قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ۭ اَسِحْرٌ هٰذَا ۭ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ﴿٧٧﴾

৭৭। মূসা বলল, 'তোমরা কি সত্য সম্পর্কে এমন কথা বলছ, যখন তা তোমাদের কাছে এসেছে? এটা কি জাদু? আর জাদুকররা সফল হয় না।'

قَالُوْٓا اَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا وَتَكُوْنَ لَكُمَا الْكِبْرِيَآءُ فِى الْاَرْضِ ۭ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِيْنَ ﴿٧٨﴾

৭৮। তারা বলল, 'আমরা আমাদের বাপ-দাদাদেরকে যার উপর পেয়েছি তুমি কি তা থেকে আমাদেরকে বিচ্যুত করতে এবং যাতে পৃথিবীতে তোমাদের দু'জনের প্রতিপত্তি প্রতিষ্ঠিত হয় সে জন্য আমাদের কাছে এসেছ? আমরা তোমাদের দু'জনকে বিশ্বাস করার নই।'

وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِيْ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ﴿٧٩﴾

৭৯। এবং ফিরআউন বলল, 'তোমরা প্রত্যেক বিজ্ঞ জাদুকরকে আমার কাছে নিয়ে আস।'

فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٨٠﴾

৮০। অতঃপর যখন জাদুকররা আসল তখন মূসা তাদেরকে বলল, 'তোমাদের যা নিক্ষেপ করার তা নিক্ষেপ কর।'

فَلَمَّآ اَلْقَوْا قَالَ مُوْسٰى مَا جِئْتُمْ بِهِ السِّحْرُ ۭ اِنَّ اللّٰهَ سَيُبْطِلُهٗ ۭ اِنَّ اللّٰهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِيْنَ ﴿٨١﴾

৮১। অতঃপর যখন তারা নিক্ষেপ করল তখন মূসা বলল, 'তোমরা যা নিয়ে এসেছ তা জাদু, নিশ্চয় আল্লাহ্ শীঘ্রই তা নিষ্ফল করে দিবেন। নিশ্চয় আল্লাহ্ ফ্যাসাদ সৃষ্টিকারীদের কাজ সংশোধন করেন না।'

وَيُحِقُّ اللّٰهُ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ ﴿٨٢﴾

৮২। আর অপরাধীরা অপছন্দ করলেও আল্লাহ্ তাঁর বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করবেন।

রুকু ১৩

فَمَآ اٰمَنَ لِمُوْسٰٓى اِلَّا ذُرِّيَّةٌ مِّنْ قَوْمِهٖ عَلٰى خَوْفٍ مِّنْ فِرْعَوْنَ وَمَلَا۟ئِهِمْ اَنْ يَّفْتِنَهُمْ ۭ وَاِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِي الْاَرْضِ ۚ وَاِنَّهٗ لَمِنَ الْمُسْرِفِيْنَ ﴿٨٣﴾

৮৩। অতঃপর ফিরআউন ও তার পরিষদবর্গ নির্যাতন করবে এ আশঙ্কায় মূসার সম্প্রদায়ের কিছু সন্তান-সন্ততি* ছাড়া আর কেউ তার প্রতি ঈমান আনেনি। আর নিশ্চয় ফিরআউন ছিল পৃথিবীতে অবশ্যই উদ্ধত এবং নিশ্চয় সে অবশ্যই সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত।

وَقَالَ مُوْسٰى يٰقَوْمِ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ فَعَلَيْهِ تَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّسْلِمِيْنَ ﴿٨٤﴾

৮৪। এবং মূসা বলেছিল, 'হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহ্র প্রতি ঈমান এনে থাক, তবে তোমরা তাঁরই উপর ভরসা কর যদি তোমরা মুসলিম হও।'

فَقَالُوْا عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ۚ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٨٥﴾

৮৫। অতঃপর তারা বলল, 'আমরা আল্লাহ্রই উপর ভরসা করলাম, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে জালিম সম্প্রদায়ের পরীক্ষার পাত্র বানাবেন না-

وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٨٦﴾

৮৬। এবং আমাদেরকে আপনার দয়ায় কাফির সম্প্রদায় থেকে উদ্ধার করুন।'

وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰى وَاَخِيْهِ اَنْ تَبَوَّاٰ لِقَوْمِكُمَا بِمِصْرَ بُيُوْتًا وَّاجْعَلُوْا بُيُوْتَكُمْ قِبْلَةً وَّاَقِيْمُوا الصَّلٰوةَ ۭ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿٨٧﴾

৮৭। এবং আমি মূসা ও তার ভাইকে ওহী করলাম, 'মিসরে তোমাদের সম্প্রদায়ের জন্য ঘরসমূহ তৈরী কর এবং তোমাদের (তৈরী করা) ঘরসমূহকে* কিবলা (ইবাদাতের স্থান) বানাও, সালাত (নামায) কায়েম কর এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও।'

وَقَالَ مُوْسٰى رَبَّنَآ اِنَّكَ اٰتَيْتَ فِرْعَوْنَ وَمَلَاَهٗ زِيْنَةً وَّاَمْوَالًا فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۙ رَبَّنَا لِيُضِلُّوْا عَنْ سَبِيْلِكَ ۚ رَبَّنَا اطْمِسْ عَلٰٓى اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰي قُلُوْبِهِمْ فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٨٨﴾

৮৮। এবং মূসা বলল, 'হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনি ফিরআউন ও তার পরিষদবর্গকে দুনিয়ার জীবনে সৌন্দর্য ও সম্পদ দিয়েছেন, হে আমাদের প্রতিপালক! যাতে তারা (মানুষকে) আপনার পথ হতে বিচ্যুত করতে পারে, হে আমাদের প্রতিপালক! তাদের সম্পদ নষ্ট করে দিন, তাদের হৃদয়কে কঠিন করে দিন, কেননা তারা যন্ত্রণাদায়ক শাস্তি না দেখা পর্যন্ত ঈমান আনবে না।'

قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿٨٩﴾

৮৯। তিনি বললেন, 'তোমাদের দু'জনের দোয়া কবুল করা হল, সুতরাং তোমরা অবিচল থাক এবং তোমরা কখনো তাদের পথ অনুসরণ করো না যারা জানে না।'

وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا وَّعَدْوًا ۭ حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِيْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٩٠﴾

৯০। এবং আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করালাম এবং ফিরআউন ও তার বাহিনী বাড়াবাড়ি ও সীমালঙ্ঘন করে তাদের পশ্চাদ্ধাবন করল। অবশেষে যখন সে ডুবে যেতে লাগলো তখন বলল, 'আমি ঈমান আনলাম যে, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই যার উপর বনী ইসরাঈল ঈমান এনেছে এবং আমি মুসলিমদের অন্তর্ভুক্ত।'

آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ﴿٩١﴾

৯১। এখন (ঈমান আনলে)? অথচ ইতঃপূর্বে তুমি অমান্য করেছ এবং তুমি ফ্যাসাদ সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত ছিলে।

فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰيَةً ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ عَنْ اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ ﴿٩٢﴾

ع ٩ ١٢ ৯ রুকু ১৪

৯২। সুতরাং আজ আমি তোমার দেহটি উদ্ধার করব যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য একটি নিদর্শন হয়ে থাক। আর নিশ্চয় মানুষের মধ্যে অনেকে আমার নিদর্শনাবলী সম্পর্কে অবশ্যই বেখবর।

وَلَقَدْ بَوَّاْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰى جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٩٣﴾

৯৩। এবং আমি বনী ইসরাঈলকে যথাযথ আবাসনের ব্যবস্থা করলাম এবং আমি তাদেরকে পবিত্র বস্তুসমূহ থেকে রিযিক দিলাম, অতঃপর তাদের কাছে জ্ঞান আসার পরই তারা মতপার্থক্য করেছিল। নিশ্চয় তোমার প্রতিপালক তাদের মাঝে কিয়ামতের দিন তার ফয়সালা করবেন যে বিষয়ে তারা মতপার্থক্য করত।

فَاِنْ كُنْتَ فِيْ شَكٍّ مِّمَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ فَسْـَٔلِ الَّذِيْنَ يَقْرَءُوْنَ الْكِتٰبَ مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿٩٤﴾

৯৪। অতঃপর আমি তোমার প্রতি যা অবতীর্ণ করেছি সে ব্যাপারে যদি তুমি কোন প্রকার সন্দেহে থাক তবে তোমার পূর্ববর্তী কিতাব যারা পাঠ করে তাদেরকে জিজ্ঞাসা কর, অবশ্যই তোমার প্রতিপালকের কাছ থেকে তোমার কাছে সত্য এসেছে, অতএব তুমি কখনো সন্দেহ পোষণকারীদের অন্তর্ভুক্ত হয়ো না-

وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوْنَ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٩٥﴾

৯৫। এবং যারা আল্লাহ্‌র আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তুমি কখনো তাদেরও অন্তর্ভুক্ত হয়ো না, তাহলে তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।

اِنَّ الَّذِيْنَ حَقَّتْ عَلَيْهِمْ كَلِمَتُ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ ﴿٩٦﴾

৯৬। নিশ্চয় যাদের উপর তোমার প্রতিপালকের বাণী অবধারিত হয়েছে, তারা ঈমান আনবে না-

وَلَوْ جَآءَتْهُمْ كُلُّ اٰيَةٍ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٩٧﴾

৯৭। যদিও তাদের কাছে প্রতিটি নিদর্শন আসে, যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি দেখবে।

فَلَوْلَا كَانَتْ قَرْيَةٌ اٰمَنَتْ فَنَفَعَهَآ اِيْمَانُهَآ اِلَّا قَوْمَ يُوْنُسَ ؕ لَمَّآ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْيِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿٩٨﴾

৯৮। সুতরাং ইউনুসের সম্প্রদায় ছাড়া কোন জনপদবাসী কেন এমন হল না যারা ঈমান আনত এবং তাদের ঈমান তাদের উপকারে আসত? তারা যখন ঈমান আনল তখন আমি তাদের থেকে দুনিয়ার জীবনের অপমানজনক শাস্তি দূর করলাম* এবং তাদেরকে একটি সময় পর্যন্ত জীবনোপভোগ করতে দিলাম।

وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمْ جَمِيْعًا ؕ اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٩٩﴾

৯৯। আর তোমার প্রতিপালক যদি ইচ্ছা করতেন তাহলে পৃথিবীতে যারা আছে তারা সবাই অবশ্যই একত্রে ঈমান আনত। তবে কি তুমি মানুষকে মু'মিন হতে বাধ্য করবে?

وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تُؤْمِنَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿١٠٠﴾

১০০। আর আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া ঈমান আনার সাধ্য কারো নেই এবং তিনি অপবিত্রতা (কুফরী) স্থাপন করেন তাদের উপর যারা অনুধাবন করে না।

قُلِ انْظُرُوْا مَاذَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَا تُغْنِي الْاٰيٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ﴿١٠١﴾

১০১। বল, 'তোমরা লক্ষ্য কর আকাশসমূহ ও পৃথিবীতে কী আছে।' কিন্তু নিদর্শনাবলী ও সতর্কীকরণ সেই সম্প্রদায়ের কাজে আসবে না যারা ঈমান আনে না।

فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ۭ قُلْ فَانْتَظِرُوْٓا اِنِّىْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ۝

১০২। তবে কি তারা তাদের পূর্বে যারা গত হয়েছে কেবল তাদের অনুরূপ দিনগুলোর অপেক্ষা করছে? বল, 'তাহলে তোমরা অপেক্ষা কর, নিশ্চয় আমি তোমাদের সাথে অপেক্ষাকারীদের অন্তর্ভুক্ত।'

ثُمَّ نُنَجِّيْ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ۚ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ۝

১০৩। এরপর আমি আমার রাসূলদেরকে এবং যারা ঈমান এনেছে তাদেরকে উদ্ধার করি। এভাবেই মু'মিনদেরকে উদ্ধার করা আমার দায়িত্ব।

ع ١٥ ١٠ ١٤

قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِيْ شَكٍّ مِّنْ دِيْنِيْ فَلَآ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِيْ يَتَوَفّٰىكُمْ ۚ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ۝

১০৪। বল, 'হে মানুষ! তোমরা যদি আমার দ্বীন* সম্পর্কে কোন সন্দেহের মধ্যে থাক, তবে (জেনে রাখ) তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের ইবাদত কর আমি তাদের ইবাদত করি না, বরং আমি ইবাদত করি আল্লাহ্‌র যিনি তোমাদের মৃত্যু দেন, এবং আমাকে মু'মিনদের অন্তর্ভুক্ত হওয়ার জন্য আদেশ করা হয়েছে-

وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ۝

১০৫। এবং (আদেশ করা হয়েছে) যে, তুমি একত্ববাদী হয়ে তোমার চেহারাকে (নিজকে) দ্বীনের জন্য সোজা কর এবং কখনো মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ۝

১০৬। এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন কিছুকে ডেকো না যা তোমার উপকার করে না এবং তোমার অপকারও করে না, আর যদি তুমি তা কর, তবে নিশ্চয় তখন তুমি জালিমদের অন্তর্ভুক্ত হবে।

وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗٓ اِلَّا هُوَ ۚ وَاِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَاۗدَّ لِفَضْلِهٖ ۭ يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَاۗءُ مِنْ عِبَادِهٖ ۭ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ۝

১০৭। আর যদি আল্লাহ্ তোমাকে কোন কষ্ট দিয়ে স্পর্শ করেন, তবে তিনি ছাড়া তা দূর করার আর কেউ নেই, এবং যদি তিনি তোমার কোন কল্যাণ চান, তবে তাঁর অনুগ্রহ রোধ করার কেউ নেই। তিনি তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করেন তাকে তা দান করেন। এবং তিনিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَاۗءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِوَكِيْلٍ ۝

১০৮। বল, 'হে মানুষ! তোমাদের প্রতিপালকের কাছ থেকে তোমাদের কাছে সত্য এসেছে, সুতরাং যে সঠিকপথ অবলম্বন করে সে সঠিকপথ অবলম্বন করে নিজেরই কল্যাণের জন্য, এবং যে পথভ্রষ্ট হয় সে পথভ্রষ্ট হয় নিজেরই অকল্যাণের জন্য, এবং আমি তোমাদের তত্ত্বাবধায়ক নই।'

ع ١٦ ١١ ١٥

وَاتَّبِعْ مَا يُوْحٰٓى اِلَيْكَ وَاصْبِرْ حَتّٰى يَحْكُمَ اللّٰهُ ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ۝

১০৯। তোমার প্রতি যা ওহী করা হয় তুমি তা অনুসরণ কর এবং ধৈর্য ধারণ কর যতক্ষণ না আল্লাহ্ ফয়সালা করেন এবং তিনি উত্তম ফয়সালাকারী।

١١-سُوْرَةُ هُوْدٍ-مَكِّيَّةٌ
১১. সূরা হূদ, মাক্কী

آيَاتُهَا-١٢٣، رُكُوْعَاتُهَا-١٠
১২৩ আয়াত, ১০ রুকূ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

الٓرٰ ۚ كِتٰبٌ اُحْكِمَتْ اٰيٰتُهٗ ثُمَّ فُصِّلَتْ مِنْ لَّدُنْ حَكِيْمٍ خَبِيْرٍ ۙ﴿١﴾

১। আলিফ-লাম-রা। এটি একটি কিতাব যার আয়াতসমূহকে সুস্পষ্ট করা হয়েছে, এরপর তা বিস্তারিত বর্ণনা করা হয়েছে- মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞের পক্ষ থেকে-

اَلَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ۭ اِنَّنِيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ وَّبَشِيْرٌ ۙ﴿٢﴾

২। (এই মর্মে) যে, তোমরা আল্লাহ্‌ ছাড়া কারো ইবাদত করো না। নিশ্চয় আমি তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য সতর্ককারী ও সুসংবাদদাতা-

وَّاَنِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ يُمَتِّعْكُمْ مَّتَاعًا حَسَنًا اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى وَّيُؤْتِ كُلَّ ذِيْ فَضْلٍ فَضْلَهٗ ۭ وَاِنْ تَوَلَّوْا فَاِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيْرٍ ۭ﴿٣﴾

৩। এবং এও যে, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর, এরপর তাঁর দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস, তিনি তোমাদেরকে এক নির্ধারিত সময় পর্যন্ত উত্তম ভোগ্যসামগ্রী দান করবেন এবং তিনি প্রত্যেক মর্যাদাবানকে তার মর্যাদা দান করবেন। কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে (জেনে রাখ) নিশ্চয় আমি তোমাদের জন্য এক মহাদিনের শাস্তির ভয় করছি।

اِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ ۚ وَهُوَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۭ﴿٤﴾

৪। আল্লাহ্‌রই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, এবং তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

اَلَآ اِنَّهُمْ يَثْنُوْنَ صُدُوْرَهُمْ لِيَسْتَخْفُوْا مِنْهُ ۭ اَلَا حِيْنَ يَسْتَغْشُوْنَ ثِيَابَهُمْ ۙ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ۚ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ۝﴿٥﴾

৫। জেনে রাখ, নিশ্চয় তারা তাঁর কাছ থেকে গোপন করার জন্য তাদের বক্ষসমূহ ভাঁজ করে। জেনে রাখ, তারা যখন নিজেদেরকে তাদের কাপড়ে আবৃত করে তখন তারা যা গোপন করে ও প্রকাশ করে তা তিনি জানেন, বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

পারা-১২

৬। এবং পৃথিবীতে এমন কোন বিচরণশীল জীব নেই যার রিযিক আল্লাহ্‌র দায়িত্বে নয় এবং তিনি তাদের অবস্থানস্থল ও বিশ্রামস্থল সম্পর্কে জানেন। সবই সুস্পষ্ট কিতাবে রয়েছে।

وَمَا مِنْ دَآبَّةٍ فِي الْأَرْضِ إِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَمُسْتَوْدَعَهَا ۚ كُلٌّ فِي كِتٰبٍ مُّبِيْنٍ ۝٦

৭। এবং তিনিই আকাশসমূহ ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেছেন- যখন তাঁর আরশ ছিল পানির উপর- তোমাদের মধ্যে কে কাজে উত্তম তা পরীক্ষা করার জন্য। আর যদি তুমি বল, মৃত্যুর পর নিশ্চয় তোমরা পুনরুত্থিত হবে তখন যারা কুফরী করেছে অবশ্যই অবশ্যই তারা বলবে, 'এটা সুস্পষ্ট জাদু ছাড়া আর কিছু নয়।'

وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ فِيْ سِتَّةِ أَيَّامٍ وَّكَانَ عَرْشُهٗ عَلَى الْمَآءِ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا ۗ وَلَئِنْ قُلْتَ إِنَّكُمْ مَّبْعُوْثُوْنَ مِنْ بَعْدِ الْمَوْتِ لَيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْٓا إِنْ هٰذَآ إِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝٧

৮। আর যদি আমি একটি নির্দিষ্ট সময় পর্যন্ত তাদের থেকে শাস্তি বিলম্বিত করি তাহলে অবশ্যই অবশ্যই তারা বলবে, 'কিসে তা আটকে রেখেছে?' জেনে রাখ, যেদিন তাদের কাছে তা আসবে সেদিন তাদের কাছ থেকে তা ফিরানো হবে না এবং যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করে তা তাদেরকে পরিবেষ্টন করবে।

وَلَئِنْ أَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ إِلٰٓى أُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ ۗ أَلَا يَوْمَ يَأْتِيْهِمْ لَيْسَ مَصْرُوْفًا عَنْهُمْ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝٨ ع ١ ١

৯। আর যদি আমি মানুষকে আমার কাছ থেকে কোন দয়া আস্বাদন করাই, এরপর তার কাছ থেকে তা প্রত্যাহার করি, তখন নিশ্চয় সে অবশ্যই হতাশ ও অকৃতজ্ঞ হয়ে পড়ে।

وَلَئِنْ أَذَقْنَا الْإِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنٰهَا مِنْهُ إِنَّهٗ لَيَئُوْسٌ كَفُوْرٌ ۝٩

১০। এবং যদি দুঃখ-দুর্দশা স্পর্শ করার পর আমি তাকে নেয়ামত আস্বাদন করাই তখন সে অবশ্যই অবশ্যই বলবে, 'অকল্যাণ আমার কাছ থেকে দূর হয়েছে'। নিশ্চয় সে অবশ্যই উৎফুল্ল ও অতি অহঙ্কারী হয়ে উঠে-

وَلَئِنْ أَذَقْنٰهُ نَعْمَآءَ بَعْدَ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ ذَهَبَ السَّيِّاٰتُ عَنِّيْ ۚ إِنَّهٗ لَفَرِحٌ فَخُوْرٌ ۝١٠

১১। তারা ছাড়া যারা ধৈর্যধারণ করেছে ও সৎকাজ করেছে। তাদেরই জন্য রয়েছে ক্ষমা ও মহাপ্রতিদান।

إِلَّا الَّذِيْنَ صَبَرُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ أُولٰٓئِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّأَجْرٌ كَبِيْرٌ ۝١١

১২। তবে কি তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তার কিছু তুমি বর্জন করবে* এবং এতে তোমার বক্ষ সংকুচিত হবে এজন্য যে, তারা বলে, 'তার উপর ধন-ভাণ্ডার অবতীর্ণ করা হল না কেন অথবা তার সাথে কোন ফেরেশতা আসল না কেন?' তুমি তো কেবল একজন সতর্ককারী। আর আল্লাহ্ সব কিছুর তত্ত্বাবধায়ক।

فَلَعَلَّكَ تَارِكٌ بَعْضَ مَا يُوْحٰٓى إِلَيْكَ وَضَآئِقٌ بِهٖ صَدْرُكَ أَنْ يَّقُوْلُوْا لَوْلَآ أُنْزِلَ عَلَيْهِ كَنْزٌ أَوْ جَآءَ مَعَهٗ مَلَكٌ ۗ إِنَّمَآ أَنْتَ نَذِيْرٌ ۗ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ وَّكِيْلٌ ۝١٢

১৩। তারা কি বলে, 'সে এটি রচনা করেছে?' বল, 'তবে তোমরা এর মত রচিত দশটি সূরা নিয়ে আস এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে যাকে তোমরা পার (সাহায্যের জন্য) ডাক- যদি তোমরা সত্যবাদী হও।'

أَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۖ قُلْ فَأْتُوْا بِعَشْرِ سُوَرٍ مِّثْلِهٖ مُفْتَرَيٰتٍ وَّادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝١٣

১৪। অতঃপর যদি তারা (সাহায্যকারীরা) তোমাদেরকে সাড়া না দেয় তবে জেনে রাখ যে, এটি অবতীর্ণ করা হয়েছে আল্লাহ্‌র জ্ঞানসহ এবং তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, অতএব তোমরা মুসলিম হবে কি?

فَإِلَّمْ يَسْتَجِيْبُوْا لَكُمْ فَاعْلَمُوْٓا أَنَّمَآ أُنْزِلَ بِعِلْمِ اللّٰهِ وَأَنْ لَّآ إِلٰهَ إِلَّا هُوَ ۚ فَهَلْ أَنْتُمْ مُّسْلِمُوْنَ ۝١٤

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

مَنْ كَانَ يُرِيْدُ الْحَيٰوةَ الدُّنْيَا وَزِيْنَتَهَا نُوَفِّ اِلَيْهِمْ اَعْمَالَهُمْ فِيْهَا وَهُمْ فِيْهَا لَا يُبْخَسُوْنَ ﴿١٥﴾

১৫। যারা দুনিয়ার জীবন ও এর চাকচিক্য কামনা করে, সেখানে (দুনিয়াতে) আমি তাদেরকে তাদের কাজের পূর্ণ প্রতিফল দান করি এবং সেখানে তাদেরকে কম দেয়া হয় না।

اُولٰٓئِكَ الَّذِيْنَ لَيْسَ لَهُمْ فِى الْاٰخِرَةِ اِلَّا النَّارُ ۖ وَحَبِطَ مَا صَنَعُوْا فِيْهَا وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٦﴾

১৬। ওরাই তারা যাদের জন্য আখিরাতে আগুন ছাড়া অন্য কিছু নেই এবং তারা সেখানে (দুনিয়াতে) যা করেছে তা (আখিরাতে) বিফল হয়ে যাবে এবং তারা যা করত তা বাতিল হবে।

اَفَمَنْ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ وَيَتْلُوْهُ شَاهِدٌ مِّنْهُ وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ۗ اُولٰٓئِكَ يُؤْمِنُوْنَ بِهٖ ۗ وَمَنْ يَّكْفُرْ بِهٖ مِنَ الْاَحْزَابِ فَالنَّارُ مَوْعِدُهٗ ۚ فَلَا تَكُ فِىْ مِرْيَةٍ مِّنْهُ ۗ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ﴿١٧﴾

১৭। সুতরাং তাদের মত কি সে ব্যক্তি যে তার প্রতিপালকের পক্ষ থেকে স্পষ্ট প্রমাণের (কুরআনের) উপর রয়েছে এবং যা পাঠ করে তাঁর পক্ষ থেকে একজন সাক্ষী (রাসূল*) এবং যার পূর্বে ছিল মূসার কিতাব-পথপ্রদর্শক ও দয়া স্বরূপ। তারাই (স্পষ্ট প্রমাণের উপর প্রতিষ্ঠিত ব্যক্তিরাই) এতে (কুরআনে) বিশ্বাস করে। অন্যান্য দলসমূহের মধ্য থেকে যে একে অবিশ্বাস করে, আগুনই হচ্ছে তার প্রতিশ্রুত স্থান। সুতরাং তুমি এ ব্যাপারে সন্দেহে থেকো না। এটি তোমার প্রতিপালকের পক্ষ থেকে (আসা) সত্য, কিন্তু অধিকাংশ মানুষ ঈমান আনে না।

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ۗ اُولٰٓئِكَ يُعْرَضُوْنَ عَلٰى رَبِّهِمْ وَيَقُوْلُ الْاَشْهَادُ هٰٓؤُلَآءِ الَّذِيْنَ كَذَبُوْا عَلٰى رَبِّهِمْ ۚ اَلَا لَعْنَةُ اللّٰهِ عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٨﴾

১৮। এবং যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তার চেয়ে অধিক জালিম আর কে? তাদেরকে উপস্থিত করা হবে তাদের প্রতিপালকের সামনে এবং সাক্ষীরা* বলবে, 'এরাই এদের প্রতিপালকের বিরুদ্ধে মিথ্যা বলেছিল।' জেনে রাখ, আল্লাহ্র লা'নত জালিমদের উপর-

الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۗ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿١٩﴾

১৯। যারা আল্লাহ্র পথ হতে বিরত রাখে এবং এতে বক্রতা অন্বেষণ করে। এবং তারাই আখিরাতে অবিশ্বাসী।

اُولٰٓئِكَ لَمْ يَكُوْنُوْا مُعْجِزِيْنَ فِى الْاَرْضِ وَمَا كَانَ لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ لَهُمُ الْعَذَابُ ۗ مَا كَانُوْا يَسْتَطِيْعُوْنَ السَّمْعَ وَمَا كَانُوْا يُبْصِرُوْنَ ﴿٢٠﴾

২০। তারা পৃথিবীতে (আল্লাহ্কে) অক্ষম করতে পারেনি এবং আল্লাহ্ ছাড়া তাদের অন্য কোন অভিভাবকও ছিল না, তাদের শাস্তি দ্বিগুণ করা হবে। তারা শুনতে পারত না এবং তারা দেখতও না*।

اُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢١﴾

২১। ওরাই তারা যারা তাদের নিজেদের ক্ষতি করেছে এবং তারা যে মিথ্যা রচনা করত তা তাদের থেকে উধাও হয়ে গিয়েছে।

لَا جَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ﴿٢٢﴾

২২। সন্দেহ নেই যে তারাই আখিরাতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَخْبَتُوْٓا اِلٰى رَبِّهِمْ ۙ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٣﴾

২৩। নিশ্চয় যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে এবং তাদের প্রতিপালকের প্রতি বিনয়াবনত হয়েছে, তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْاَعْمٰى وَالْاَصَمِّ وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ ۗ هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ۗ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٤﴾

ع ١٢ ٢ ٢ রুকু

২৪। দল দু'টির উপমা হলো, দৃষ্টিহীন ও বধির এবং দৃষ্টিশক্তিসম্পন্ন ও শ্রবন শক্তি সম্পন্ন ব্যক্তির মত। উপমার দিক থেকে উভয়ে কি সমান? তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖٓ ۫ اِنِّىْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٢٥﴾

২৫। আর অবশ্যই আমি নূহকে তার সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছিলাম। (সে বলেছিল) 'নিশ্চয় আমি তোমাদের জন্য একজন সুস্পষ্ট সতর্ককারী-

اَنْ لَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ۭ اِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ اَلِيْمٍ ﴿٢٦﴾

২৬। যে, তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কারো ইবাদত করো না। নিশ্চয় আমি তোমাদের জন্য এক যন্ত্রণাদায়ক দিনের শাস্তির ভয় করি।'

فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا مِّثْلَنَا وَمَا نَرٰىكَ اتَّبَعَكَ اِلَّا الَّذِيْنَ هُمْ اَرَاذِلُنَا بَادِيَ الرَّاْيِ ۚ وَمَا نَرٰى لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍۢ بَلْ نَظُنُّكُمْ كٰذِبِيْنَ ﴿٢٧﴾

২৭। অতঃপর প্রধানরা -যারা তার সম্প্রদায়ের মধ্য থেকে কুফরী করেছিল- বলল, 'আমরা তোমাকে আমাদের মত একজন মানুষ ছাড়া কিছুই মনে করছি না এবং আমাদের মধ্যে যারা বাহ্যিক দৃষ্টিতে নিম্ন শ্রেণীর তাদেরকে ছাড়া কাউকে তোমার অনুসরণ করতে দেখছি না, এবং আমরা আমাদের উপর তোমাদের কোন মর্যাদা দেখছি না, বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী মনে করি।'

قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّىْ وَاٰتٰىنِىْ رَحْمَةً مِّنْ عِنْدِهٖ فَعُمِّيَتْ عَلَيْكُمْ ۭ اَنُلْزِمُكُمُوْهَا وَاَنْتُمْ لَهَا كٰرِهُوْنَ ﴿٢٨﴾

২৮। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা ভেবে দেখেছ কি, যদি আমি আমার প্রতিপালকের পক্ষ থেকে স্পষ্ট প্রমাণের উপর থেকে থাকি এবং তিনি আমাকে তাঁর পক্ষ থেকে দয়া (নবুয়্যত) দান করেন, অতঃপর তা তোমাদের কাছে অস্পষ্ট করে রাখা হয় তাহলে আমি কি তাতে (বিশ্বাস স্থাপন করতে) তোমাদেরকে বাধ্য করতে পারি, অথচ তোমরা সেটিকে অপছন্দ কর?

وَيٰقَوْمِ لَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مَالًا ۭ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَي اللّٰهِ وَمَآ اَنَا بِطَارِدِ الَّذِيْنَ اٰمَنُوْا ۭ اِنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَلٰكِنِّىْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٩﴾

২৯। আর হে আমার সম্প্রদায়! এর বিনিময়ে আমি তোমাদের কাছে কোন ধন-সম্পদ চাই না। আমার প্রতিদান কেবল আল্লাহ্রই উপর এবং যারা ঈমান এনেছে তাদেরকে আমি তাড়িয়ে দেয়ার কেউ নই*। নিশ্চয় তারা তাদের প্রতিপালকের সাথে সাক্ষাত করবে, কিন্তু আমি তোমাদেরকে দেখছি এক অজ্ঞ সম্প্রদায়।

وَيٰقَوْمِ مَنْ يَّنْصُرُنِىْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُّهُمْ ۭ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٣٠﴾

৩০। আর হে আমার সম্প্রদায়! আমি যদি তাদেরকে তাড়িয়ে দেই তাহলে আল্লাহ্ থেকে কে আমাকে সাহায্য (রক্ষা) করবে? তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَلَآ اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَاۗىِٕنُ اللّٰهِ وَلَآ اَعْلَمُ الْغَيْبَ وَلَآ اَقُوْلُ اِنِّىْ مَلَكٌ وَّلَآ اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِيْٓ اَعْيُنُكُمْ لَنْ يُّؤْتِيَهُمُ اللّٰهُ خَيْرًا ۭ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِيْٓ اَنْفُسِهِمْ ۚ اِنِّىْٓ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿٣١﴾

৩১। এবং আমি তোমাদেরকে বলি না, আমার কাছে আল্লাহ্র ধন-ভাণ্ডার রয়েছে এবং আমি অদৃশ্যও জানি না এবং আমি বলি না যে, নিশ্চয় আমি ফেরেশতা এবং তোমাদের দৃষ্টি যাদেরকে নীচু মনে করে তাদের সম্পর্কে আমি বলি না যে, আল্লাহ্ তাদেরকে কখনো কল্যাণ দান করবেন না। তাদের অন্তরে যা আছে তা আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন, (যদি বলি) তখন নিশ্চয় আমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হব।'

قَالُوْا يٰنُوْحُ قَدْ جٰدَلْتَنَا فَاَكْثَرْتَ جِدَالَنَا فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾

৩২। তারা বলল, 'হে নূহ্! তুমি আমাদের সাথে বিতর্ক করেছ এবং তুমি আমাদের সাথে অনেক বেশিই বিতর্ক করে ফেলেছ, তবে তুমি আমাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দিচ্ছ তা নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

قَالَ اِنَّمَا يَاْتِيْكُمْ بِهِ اللّٰهُ اِنْ شَاۗءَ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿٣٣﴾

৩৩। সে বলল, 'আল্লাহ্ই তা তোমাদের কাছে নিয়ে আসবেন যদি তিনি ইচ্ছা করেন এবং তোমরা (আল্লাহ্কে) অক্ষম করতে পারবে না।

وَلَا يَنْفَعُكُمْ نُصْحِيْٓ اِنْ اَرَدْتُّ اَنْ اَنْصَحَ لَكُمْ اِنْ كَانَ اللّٰهُ يُرِيْدُ اَنْ يُّغْوِيَكُمْ ۭ هُوَ رَبُّكُمْ ڰ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٣٤﴾

৩৪। এবং আমি তোমাদেরকে উপদেশ দিতে চাইলেও আমার উপদেশ তোমাদের উপকারে আসবে না যদি আল্লাহ্ তোমাদেরকে বিপথগামী করতে চান। তিনি তোমাদের প্রতিপালক এবং তাঁরই দিকে তোমদেরকে ফিরিয়ে নেয়া হবে।'

اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۭ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَعَلَيَّ اِجْرَامِيْ وَاَنَا بَرِيْۗءٌ مِّمَّا تُجْرِمُوْنَ ﴿٣٥﴾

৩৫। তারা কি বলে যে, 'সে এটি রচনা করেছে?' বল, 'আমি যদি এটি রচনা করে থাকি, তবে আমার অপরাধের দায় আমার উপরই (বর্তাবে), আর তোমরা যে অপরাধ করছ তা থেকে আমি দায়িত্বমুক্ত।'

রুকূ ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاُوْحِيَ اِلٰى نُوْحٍ اَنَّهٗ لَنْ يُّؤْمِنَ مِنْ قَوْمِكَ اِلَّا مَنْ قَدْ اٰمَنَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَفْعَلُوْنَ ﴿٣٦﴾

৩৬। আর নূহের প্রতি ওহী করা হয়েছিল যে, 'যারা ইতোমধ্যে ঈমান এনেছে তারা ছাড়া তোমার সম্প্রদায় থেকে অন্য কেউ কখনো ঈমান আনবে না, সুতরাং তারা যা করে তার জন্য তুমি দুঃখিত হয়ো না।

وَاصْنَعِ الْفُلْكَ بِاَعْيُنِنَا وَوَحْيِنَا وَلَا تُخَاطِبْنِيْ فِي الَّذِيْنَ ظَلَمُوْا ۚ اِنَّهُمْ مُّغْرَقُوْنَ ﴿٣٧﴾

৩৭। এবং তুমি আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও আমার ওহী অনুযায়ী নৌকাটি নির্মাণ কর এবং যারা জুলুম করেছে তাদের সম্পর্কে তুমি আমাকে সম্বোধন করো না, নিশ্চয় তারা নিমজ্জিত হবে।

وَيَصْنَعُ الْفُلْكَ ۖ وَكُلَّمَا مَرَّ عَلَيْهِ مَلَاٌ مِّنْ قَوْمِهٖ سَخِرُوْا مِنْهُ ۚ قَالَ اِنْ تَسْخَرُوْا مِنَّا فَاِنَّا نَسْخَرُ مِنْكُمْ كَمَا تَسْخَرُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং সে নৌকাটি তৈরি করতে লাগল। এবং যখনই তার সম্প্রদায়ের প্রধানরা তার কাছ দিয়ে যেত তখন তাকে বিদ্রুপ করত। সে বলল, 'যদি তোমরা আমাদেরকে বিদ্রুপ কর, তবে নিশ্চয় আমরাও (একদিন) তোমাদেরকে বিদ্রুপ করব, যেমন তোমরা বিদ্রুপ করছ*।

فَسَوْفَ تَعْلَمُوْنَ ۙ مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيْمٌ ﴿٣٩﴾

৩৯। অতঃপর অচিরেই তোমরা জানতে পারবে, কার নিকট আসবে এমন শাস্তি যা তাকে অপমানিত করবে এবং আপতিত হবে তার উপর স্থায়ী শাস্তি।'

حَتّٰۤى اِذَا جَآءَ اَمْرُنَا وَفَارَ التَّنُّوْرُ ۙ قُلْنَا احْمِلْ فِيْهَا مِنْ كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَاَهْلَكَ اِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ وَمَنْ اٰمَنَ ۭ وَمَآ اٰمَنَ مَعَهٗۤ اِلَّا قَلِيْلٌ ﴿٤٠﴾

৪০। অবশেষে যখন আমার নির্দেশ আসল এবং চুলাটি উথলে উঠল, আমি বললাম, 'প্রত্যেক (জীব) থেকে এক জোড়া- দু'টি করে এবং তোমার পরিবার পরিজনকে- তারা ছাড়া যাদের উপর (শাস্তির) কথা অতিবাহিত (সিদ্ধান্ত) হয়েছে- এবং যারা ঈমান এনেছে তাদেরকে এতে উঠিয়ে নাও। আর তার সাথে কেবল অল্প সংখ্যকই ঈমান এনেছিল।

وَقَالَ ارْكَبُوْا فِيْهَا بِسْمِ اللّٰهِ مَجْرٖىهَا وَمُرْسٰىهَا ۭ اِنَّ رَبِّيْ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٤١﴾

৪১। এবং সে বলল, 'তোমরা এতে আরোহণ কর, আল্লাহ্‌র নামে এর গতি ও স্থিতি। নিশ্চয় আমার প্রতিপালক অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

وَهِيَ تَجْرِيْ بِهِمْ فِيْ مَوْجٍ كَالْجِبَالِ ۫ وَنَادٰى نُوْحُ ِۨ ابْنَهٗ وَكَانَ فِيْ مَعْزِلٍ يّٰبُنَيَّ ارْكَبْ مَّعَنَا وَلَا تَكُنْ مَّعَ الْكٰفِرِيْنَ ﴿٤٢﴾

৪২। এবং পর্বতসদৃশ ঢেউয়ের মধ্যে এটা তাদেরকে নিয়ে চলতে থাকল। এবং নূহ্ তার পুত্রকে- যে পৃথক ছিল- ডেকে বলল, 'হে আমার পুত্র! আমাদের সাথে আরোহণ কর এবং কাফিরদের সাথে থেকো না।'

قَالَ سَاٰوِيْۤ اِلٰى جَبَلٍ يَّعْصِمُنِيْ مِنَ الْمَآءِ ۭ قَالَ لَا عَاصِمَ الْيَوْمَ مِنْ اَمْرِ اللّٰهِ اِلَّا مَنْ رَّحِمَ ۚ وَحَالَ بَيْنَهُمَا الْمَوْجُ فَكَانَ مِنَ الْمُغْرَقِيْنَ ﴿٤٣﴾

৪৩। সে বলল, 'শীঘ্রই আমি এমন এক পর্বতে আশ্রয় নেব যা আমাকে পানি (প্লাবন) থেকে রক্ষা করবে।' সে বলল, 'আজ আল্লাহ্‌র নির্দেশের বিপরীতে রক্ষাকারী কেউ থাকবে না, তবে যাকে তিনি দয়া করবেন সে ছাড়া।' এবং ঢেউ তাদের মাঝে চলে আসল এবং সে নিমজ্জিতদের অন্তর্ভুক্ত হল।

وَقِيْلَ يٰۤاَرْضُ ابْلَعِيْ مَآءَكِ وَيٰسَمَآءُ اَقْلِعِيْ وَغِيْضَ الْمَآءُ وَقُضِيَ الْاَمْرُ وَاسْتَوَتْ عَلَى الْجُوْدِيِّ وَقِيْلَ بُعْدًا لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٤٤﴾

৪৪। এবং বলা হল, 'হে পৃথিবী! তোমার পানি গ্রাস করে নাও এবং হে আকাশ! (বর্ষণ) বন্ধ কর।' এবং পানি (বন্যা) কমে গেল এবং (আল্লাহ্‌র) নির্দেশ বাস্তবায়িত হল এবং তা (নৌকা) জুদী পর্বতের উপর স্থির হল এবং বলা হল, জালিম সম্প্রদায় ধ্বংস হোক।

وَنَادٰى نُوْحٌ رَّبَّهٗ فَقَالَ رَبِّ اِنَّ ابْنِيْ مِنْ اَهْلِيْ وَاِنَّ وَعْدَكَ الْحَقُّ وَاَنْتَ اَحْكَمُ الْحٰكِمِيْنَ ﴿٤٥﴾

৪৫। এবং নূহ্ তার প্রতিপালককে ডেকেছিল এবং বলেছিল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমার পুত্র আমার পরিবারের অন্তর্ভুক্ত এবং নিশ্চয় আপনার প্রতিশ্রুতি সত্য, আর আপনি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالَ يٰنُوْحُ اِنَّهٗ لَيْسَ مِنْ اَهْلِكَ ۚ اِنَّهٗ عَمَلٌ غَيْرُ صَالِحٍ ۫ فَلَا تَسْـَٔلْنِ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ؕ اِنِّيْۤ اَعِظُكَ اَنْ تَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿۴۶﴾

৪৬। তিনি বললেন, 'হে নূহ্! নিশ্চয় সে তোমার পরিবারের অন্তর্ভুক্ত নয়, নিশ্চয় এটি (তোমার প্রার্থনাটি) সঠিক কাজ নয়। সুতরাং তুমি আমার কাছে এমন বিষয়ে প্রার্থনা করো না যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই। নিশ্চয় আমি তোমাকে উপদেশ দিচ্ছি, যেন তুমি অজ্ঞদের অন্তর্ভুক্ত না হয়ে যাও।'

قَالَ رَبِّ اِنِّيْۤ اَعُوْذُ بِكَ اَنْ اَسْـَٔلَكَ مَا لَيْسَ لِيْ بِهٖ عِلْمٌ ؕ وَ اِلَّا تَغْفِرْ لِيْ وَ تَرْحَمْنِيْۤ اَكُنْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿۴۷﴾

৪৭। সে বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি আপনার নিকট এমন বিষয়ে প্রার্থনা করা থেকে আশ্রয় চাই যে বিষয়ে আমার কোন জ্ঞান নেই। অর আপনি যদি আমাকে ক্ষমা না করেন এবং আমার প্রতি দয়া না করেন তাহলে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব।'

قِيْلَ يٰنُوْحُ اهْبِطْ بِسَلٰمٍ مِّنَّا وَ بَرَكٰتٍ عَلَيْكَ وَ عَلٰۤى اُمَمٍ مِّمَّنْ مَّعَكَ ؕ وَ اُمَمٌ سَنُمَتِّعُهُمْ ثُمَّ يَمَسُّهُمْ مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ﴿۴۸﴾

৪৮। বলা হল, 'হে নূহ্! আমার পক্ষ থেকে সালাম (শান্তি)সহ অবতরণ কর এবং বরকত (কল্যাণ) তোমার উপর এবং তোমার সাথে যারা আছে তাদের উম্মত সমূহের (নেক বংশধরদের) উপরও। আর অন্যান্য উম্মতদেরকে (যারা কুফরী করবে) শীঘ্রই আমি জীবনোপভোগ করতে দিব। এরপর আমার পক্ষ থেকে যন্ত্রণাদায়ক শাস্তি তাদেরকে স্পর্শ করবে।

تِلْكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهَاۤ اِلَيْكَ ۚ مَا كُنْتَ تَعْلَمُهَاۤ اَنْتَ وَ لَا قَوْمُكَ مِنْ قَبْلِ هٰذَا ۛؕ فَاصْبِرْ ؕ اِنَّ الْعَاقِبَةَ لِلْمُتَّقِيْنَ ﴿۴۹﴾ ع ۴ ۸ রুকূ ৪

৪৯। এগুলো অদৃশ্যের সংবাদ যা আমি তোমার প্রতি ওহী করছি, যা এর পূর্বে তুমি জানতে না এবং তোমার সম্প্রদায়ও না। সুতরাং ধৈর্য ধারণ কর। নিশ্চয় শুভ পরিণাম মুত্তাকীদের জন্য।

وَ اِلٰى عَادٍ اَخَاهُمْ هُوْدًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنْ اَنْتُمْ اِلَّا مُفْتَرُوْنَ ﴿۵۰﴾

৫০। আর আদ-এর প্রতি তাদের ভাই হূদকে (প্রেরণ করেছিলাম) । সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। তোমরা মিথ্যা রচনাকারী ছাড়া আর কিছুই নও।

يٰقَوْمِ لَاۤ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا ؕ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَى الَّذِيْ فَطَرَنِيْ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿۵۱﴾

৫১। হে আমার সম্প্রদায়! আমি এর বিনিময়ে তোমাদের কাছে কোন প্রতিদান চাই না। আমার প্রতিদান কেবল তাঁরই উপর, যিনি আমাকে সৃষ্টি করেছেন। তবে কি তোমরা অনুধাবন কর না?

وَ يٰقَوْمِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْۤا اِلَيْهِ يُرْسِلِ السَّمَآءَ عَلَيْكُمْ مِّدْرَارًا وَّ يَزِدْكُمْ قُوَّةً اِلٰى قُوَّتِكُمْ وَ لَا تَتَوَلَّوْا مُجْرِمِيْنَ ﴿۵۲﴾

৫২। আর হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর, এরপর তাঁর দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস, তিনি তোমাদের জন্য আকাশ থেকে প্রচুর (বৃষ্টি) প্রেরণ করবেন এবং তিনি তোমাদের শক্তির সাথে (আরো শক্তি দিয়ে) তোমাদের শক্তি বৃদ্ধি করবেন, আর তোমরা অপরাধী হয়ে মুখ ফিরিয়ে নিও না।'

قَالُوْا يٰهُوْدُ مَا جِئْتَنَا بِبَيِّنَةٍ وَّ مَا نَحْنُ بِتَارِكِيْۤ اٰلِهَتِنَا عَنْ قَوْلِكَ وَ مَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ﴿۵۳﴾

৫৩। তারা বলল, 'হে হূদ! তুমি আমাদের কাছে কোন স্পষ্ট প্রমাণ নিয়ে আসনি, তোমার কথায় আমরা আমাদের উপাস্যদেরকে পরিত্যাগ করার নই এবং আমরা তোমার প্রতি বিশ্বাসীও নই।

اِنْ نَّقُوْلُ اِلَّا اعْتَرٰىكَ بَعْضُ اٰلِهَتِنَا بِسُوْٓءٍ ؕ قَالَ اِنِّيْۤ اُشْهِدُ اللّٰهَ وَ اشْهَدُوْۤا اَنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ﴿۵۴﴾

৫৪। আমরা শুধু এটাই বলি, আমাদের কিছু উপাস্য তোমাকে অনিষ্ট দ্বারা* আক্রান্ত করেছে ।' সে বলল, 'নিশ্চয় আমি আল্লাহ্‌কে সাক্ষী রাখছি এবং তোমরাও সাক্ষী হও যে, আমি তা থেকে দায়িত্বমুক্ত যা তোমরা শরীক কর-

مِنْ دُوْنِهٖ فَكِيْدُوْنِيْ جَمِيْعًا ثُمَّ لَا تُنْظِرُوْنِ ﴿۵۵﴾

৫৫। -তাঁকে বাদ দিয়ে, অতএব তোমরা সবাই আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর, এরপর আমাকে অবকাশ দিও না।

اِنِّيْ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ رَبِّيْ وَ رَبِّكُمْ ؕ مَا مِنْ دَآبَّةٍ اِلَّا هُوَ اٰخِذٌ بِنَاصِيَتِهَا ؕ اِنَّ رَبِّيْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۵۶﴾

৫৬। নিশ্চয় আমি ভরসা করি আল্লাহ্‌র উপর যিনি আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক। এমন কোন জীব-জন্তু নেই যার নিয়ন্ত্রক তিনি নন। নিশ্চয় আমার প্রতিপালক সরল-সঠিক* পথে রয়েছেন।

فَإِنْ تَوَلَّوْا فَقَدْ أَبْلَغْتُكُمْ مَّا أُرْسِلْتُ بِهٖٓ إِلَيْكُمْ ۚ وَيَسْتَخْلِفُ رَبِّيْ قَوْمًا غَيْرَكُمْ ۚ وَلَا تَضُرُّوْنَهٗ شَيْئًا ۚ إِنَّ رَبِّيْ عَلٰى كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ﴿٥٧﴾

৫৭। সুতরাং যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে আমি যা সহ তোমাদের কাছে প্রেরিত হয়েছি তা আমি ইতোমধ্যেই তোমাদের কাছে পৌঁছে দিয়েছি। এবং আমার প্রতিপালক তোমাদেরকে ছাড়া অন্য কোন সম্প্রদায়কে তোমাদের স্থলাভিষিক্ত করবেন, এবং তোমরা তাঁর কিছুই ক্ষতি করতে পারবে না। নিশ্চয় আমার প্রতিপালক সব কিছুর সংরক্ষক।'

وَلَمَّا جَآءَ أَمْرُنَا نَجَّيْنَا هُوْدًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا ۚ وَنَجَّيْنٰهُمْ مِّنْ عَذَابٍ غَلِيْظٍ ﴿٥٨﴾

৫৮। এবং যখন আমার নির্দেশ আসল তখন আমি হূদ ও তার সাথে যারা ঈমান এনেছিল তাদেরকে আমার দয়ায় উদ্ধার করলাম এবং উদ্ধার করলাম তাদেরকে কঠিন শাস্তি থেকে।

وَتِلْكَ عَادٌ ۖ جَحَدُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ وَعَصَوْا رُسُلَهٗ وَاتَّبَعُوْٓا أَمْرَ كُلِّ جَبَّارٍ عَنِيْدٍ ﴿٥٩﴾

৫৯। এই ছিল আদ- তারা তাদের প্রতিপালকের নিদর্শনসমূহ অস্বীকার করেছিল, এবং তাঁর (আল্লাহ্‌র) রাসূলদেরকে অমান্য করেছিল এবং তারা প্রত্যেক স্বেচ্ছাচারী ও একগুঁয়ে-এর নির্দেশ অনুসরণ করেছিল।

وَأُتْبِعُوْا فِيْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً وَّيَوْمَ الْقِيٰمَةِ ۗ أَلَآ إِنَّ عَادًا كَفَرُوْا رَبَّهُمْ ۗ أَلَا بُعْدًا لِّعَادٍ قَوْمِ هُوْدٍ ﴿٦٠﴾

৬০। এবং লা'নতকে তাদের অনুগামী করা হল এই দুনিয়ায় এবং কিয়ামতের দিনেও। জেনে রাখ, নিশ্চয় আদ তাদের প্রতিপালককে অবিশ্বাস করেছিল। জেনে রাখ, হূদের সম্প্রদায় আদ-এর জন্য ধ্বংস।

وَإِلٰى ثَمُوْدَ أَخَاهُمْ صٰلِحًا ۗ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ إِلٰهٍ غَيْرُهٗ ۗ هُوَ أَنْشَأَكُمْ مِّنَ الْأَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيْهَا فَاسْتَغْفِرُوْهُ ثُمَّ تُوْبُوْٓا إِلَيْهِ ۗ إِنَّ رَبِّيْ قَرِيْبٌ مُّجِيْبٌ ﴿٦١﴾

৬১। আর ছামূদ-এর প্রতি তাদের ভাই সালিহ্‌কে (প্রেরণ করেছিলাম)। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই। তিনি তোমাদেরকে যমীন(মাটি) থেকে সৃষ্টি করেছেন এবং তাতে তিনি তোমাদেরকে বসবাস করতে দিয়েছেন, সুতরাং তোমরা তাঁর কাছে ক্ষমা প্রার্থনা কর, এরপর তাঁর দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস। নিশ্চয় আমার প্রতিপালক অতি নিকটবর্তী ও (ডাকে) সাড়াদানকারী।'

قَالُوْا يٰصٰلِحُ قَدْ كُنْتَ فِيْنَا مَرْجُوًّا قَبْلَ هٰذَآ ۗ أَتَنْهٰنَآ أَنْ نَّعْبُدَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَا ۗ وَإِنَّنَا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَآ إِلَيْهِ مُرِيْبٍ ﴿٦٢﴾

৬২। তারা বলেছিল, 'হে সালিহ্! এর পূর্বে তুমি ছিলে আমাদের আশাস্থল। তুমি কি আমাদেরকে তাদের উপাসনা করতে নিষেধ করছ যাদের উপাসনা করত আমাদের পিতৃপুরুষরা? আর নিশ্চয় আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রয়েছি সে ব্যাপারে যার প্রতি তুমি আমাদেরকে আহ্বান করছ।'

قَالَ يٰقَوْمِ أَرَءَيْتُمْ إِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰنِيْ مِنْهُ رَحْمَةً فَمَنْ يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ إِنْ عَصَيْتُهٗ ۖ فَمَا تَزِيْدُوْنَنِيْ غَيْرَ تَخْسِيْرٍ ﴿٦٣﴾

৬৩। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কি ভেবে দেখেছ, যদি আমি আমার প্রতিপালকের পক্ষ থেকে সুস্পষ্ট প্রমাণের উপর থেকে থাকি এবং যদি তিনি আমাকে তাঁর পক্ষ থেকে দয়া (নবুয়্যত) দান করে থাকেন তাহলে আল্লাহ্ থেকে কে আমাকে সাহায্য (রক্ষা) করবে- যদি আমি তাঁকে অমান্য করি? সুতরাং তোমরা আমার ক্ষতি ছাড়া কিছুই বৃদ্ধি করছ না।

وَيٰقَوْمِ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَأْكُلْ فِيْٓ أَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَأْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ ﴿٦٤﴾

৬৪। আর হে আমার সম্প্রদায়! এটি আল্লাহ্‌র উষ্ট্রী- তোমাদের জন্য একটি নিদর্শন,* সুতরাং তোমরা একে আল্লাহ্‌র যমীনে (চরে) খেতে দাও এবং একে কোন মন্দ দ্বারা স্পর্শ করো না, তাহলে তোমাদেরকে পাকড়াও করবে এক নিকটবর্তী শাস্তি।'

فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوْا فِيْ دَارِكُمْ ثَلٰثَةَ أَيَّامٍ ۗ ذٰلِكَ وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ ﴿٦٥﴾

৬৫। কিন্তু তারা একে হত্যা করল, অতঃপর সে বলল, 'তোমরা তোমাদের আবাসমূহে তিনদিন ভোগ করে নাও। এটি এমন এক প্রতিশ্রুতি যা মিথ্যা নয়।'

فَلَمَّا جَآءَ أَمْرُنَا نَجَّيْنَا صٰلِحًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَمِنْ خِزْيِ يَوْمِئِذٍ ۗ إِنَّ رَبَّكَ هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ﴿٦٦﴾

৬৬। অতঃপর যখন আমার নির্দেশ আসল তখন আমি সালিহ্ ও তার সাথে যারা ঈমান এনেছিল তাদেরকে আমার দয়ায় উদ্ধার করলাম এবং (উদ্ধার করলাম) সে দিনের অপমান থেকে। নিশ্চয় তোমার প্রতিপালকই মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاَخَذَ الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٦٧﴾

৬৭। আর যারা জুলুম করেছিল তাদেরকে বিকট শব্দ পাকড়াও করল, ফলে তারা তাদের আবাসমূহে উপুড় হয়ে পড়ে রইল-

كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ؕ اَلَآ اِنَّ ثَمُوْدَا۟ كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّثَمُوْدَ ﴿٦٨﴾

৬৮। যেন তারা সেখানে কখনো বসবাস করেনি। জেনে রাখ, নিশ্চয় ছামূদ তাদের প্রতিপালককে অবিশ্বাস করেছিল। জেনে রাখ, ছামূদ -এর জন্য ধ্বংস।

ع ٨ ٦ ٦ ৬ রুকূ ৬

وَلَقَدْ جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى قَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ فَمَا لَبِثَ اَنْ جَآءَ بِعِجْلٍ حَنِيْذٍ ﴿٦٩﴾

৬৯। আর অবশ্যই আমার রাসুলরা (ফেরেশতারা) সুসংবাদ নিয়ে ইবরাহীমের কাছে এসেছিল, তারা বলেছিল, 'সালাম।' সেও বলেছিল, 'সালাম' এবং সে এক ভাজা বাছুর নিয়ে আসতে বিলম্ব করল না।

فَلَمَّا رَآٰ اَيْدِيَهُمْ لَا تَصِلُ اِلَيْهِ نَكِرَهُمْ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمِ لُوْطٍ ﴿٧٠﴾

৭০। অতঃপর সে যখন দেখল তাদের হাত সেদিকে* পৌঁছাচ্ছে না, তখন তাদেরকে অপরিচিত ভাবল এবং তাদের থেকে ভীতি অনুভব করল। তারা বলল, 'ভয় করবেন না, নিশ্চয় আমরা লূতের সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি।'

وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ ۙ وَمِنْ وَّرَآءِ اِسْحٰقَ يَعْقُوْبَ ﴿٧١﴾

৭১। আর তার স্ত্রী দাঁড়ানো ছিল এবং সে (ভয় দূর হওয়াতে) হাসল। অতঃপর আমি তাকে (স্ত্রীকে) ইসহাক ও ইসহাকের পরবর্তী ইয়াকুবের সুসংবাদ দিলাম।

قَالَتْ يٰوَيْلَتٰٓى ءَاَلِدُ وَاَنَا۠ عَجُوْزٌ وَّهٰذَا بَعْلِيْ شَيْخًا ؕ اِنَّ هٰذَا لَشَيْءٌ عَجِيْبٌ ﴿٧٢﴾

৭২। সে বলল, 'কী আশ্চর্য, সন্তান জন্ম দেব আমি, অথচ আমি বৃদ্ধা এবং এই আমার স্বামীও বৃদ্ধ! নিশ্চয় এটি অবশ্যই এক বিস্ময়কর ব্যাপার।'

قَالُوْٓا اَتَعْجَبِيْنَ مِنْ اَمْرِ اللّٰهِ رَحْمَتُ اللّٰهِ وَبَرَكٰتُهٗ عَلَيْكُمْ اَهْلَ الْبَيْتِ ؕ اِنَّهٗ حَمِيْدٌ مَّجِيْدٌ ﴿٧٣﴾

৭৩। তারা বলল, 'আল্লাহ্‌র নির্দেশের ব্যাপারে আপনি বিস্ময় বোধ করছেন? হে (ইবরাহীমের) পরিবার! আপনাদের উপর (রয়েছে) আল্লাহ্‌র দয়া ও বরকত। নিশ্চয় তিনি অতি প্রশংসনীয় ও মহামর্যাদাবান।'

فَلَمَّا ذَهَبَ عَنْ اِبْرٰهِيْمَ الرَّوْعُ وَجَآءَتْهُ الْبُشْرٰى يُجَادِلُنَا فِيْ قَوْمِ لُوْطٍ ﴿٧٤﴾

৭৪। অতঃপর যখন ইবরাহীমের ভয় দূর হল এবং তার কাছে সুসংবাদ আসল তখন সে লূতের সম্প্রদায় সম্পর্কে আমার (ফেরেশতাদের) সাথে বিতর্ক করতে লাগল।

اِنَّ اِبْرٰهِيْمَ لَحَلِيْمٌ اَوَّاهٌ مُّنِيْبٌ ﴿٧٥﴾

৭৫। নিশ্চয় ইবরাহীম অবশ্যই সহনশীল, কোমল হৃদয়ের ও (আল্লাহ্‌র দিকে অনুতাপের সাথে) প্রত্যাবর্তনকারী।

يٰٓاِبْرٰهِيْمُ اَعْرِضْ عَنْ هٰذَا ۚ اِنَّهٗ قَدْ جَآءَ اَمْرُ رَبِّكَ ۚ وَاِنَّهُمْ اٰتِيْهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُوْدٍ ﴿٧٦﴾

৭৬। (ফেরেশতারা বলল) 'হে ইবরাহীম! এ (যুক্তি-তর্ক) থেকে বিরত হোন, নিশ্চয় আপনার প্রতিপালকের নির্দেশ এসে গেছে এবং নিশ্চয় তাদের কাছে আসবে অপ্রতিরোধ্য শাস্তি।'

وَلَمَّا جَآءَتْ رُسُلُنَا لُوْطًا سِيْٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالَ هٰذَا يَوْمٌ عَصِيْبٌ ﴿٧٧﴾

৭৭। এবং যখন আমার রাসূলরা (ফেরেশতারা) লূতের কাছে আসল তখন সে তাদেরকে নিয়ে চিন্তিত হল এবং তাদেরকে নিয়ে সংকটে পড়ল এবং বলল, 'এটা এক সংকটপূর্ণ দিন।'

وَجَآءَهٗ قَوْمُهٗ يُهْرَعُوْنَ اِلَيْهِ ؕ وَمِنْ قَبْلُ كَانُوْا يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ ؕ قَالَ يٰقَوْمِ هٰٓؤُلَآءِ بَنَاتِيْ هُنَّ اَطْهَرُ لَكُمْ فَاتَّقُوا اللّٰهَ وَلَا تُخْزُوْنِ فِيْ ضَيْفِيْ ؕ اَلَيْسَ مِنْكُمْ رَجُلٌ رَّشِيْدٌ ﴿٧٨﴾

৭৮। এবং তার সম্প্রদায় তার কাছে দৌড়ে আসল এবং আগে থেকেই তারা মন্দ কাজে (সমকামিতায়) অভ্যস্ত ছিল। সে বলল, 'হে আমার সম্প্রদায়! এরা আমার কন্যা,* এরা তোমাদের জন্য পবিত্রতম, সুতরাং আল্লাহ্‌কে ভয় কর এবং আমার মেহমানদের ব্যাপারে আমাকে অপমানিত করো না। তোমাদের মধ্যে কি কোন সঠিকপথপ্রাপ্ত ব্যাক্তি নেই?'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالُوْا لَقَدْ عَلِمْتَ مَا لَنَا فِيْ بَنٰتِكَ مِنْ حَقٍّ ۚ وَاِنَّكَ لَتَعْلَمُ مَا نُرِيْدُ ﴿٧٩﴾

৭৯। তারা বলল, 'তুমি তো জানই, তোমার (সম্প্রদায়ের) কন্যাদের ব্যাপারে আমাদের কোন দাবী নেই, আর নিশ্চয় তুমি অবশ্যই তা জান যা আমরা চাই।'

قَالَ لَوْ اَنَّ لِيْ بِكُمْ قُوَّةً اَوْ اٰوِيْٓ اِلٰى رُكْنٍ شَدِيْدٍ ﴿٨٠﴾

৮০। সে বলল, 'তোমাদের উপর যদি আমার শক্তি থাকত অথবা যদি আমি কোন শক্ত খুটির (জ্ঞাতি-গোষ্ঠীর) আশ্রয় নিতে পারতাম!'

قَالُوْا يٰلُوْطُ اِنَّا رُسُلُ رَبِّكَ لَنْ يَّصِلُوْٓا اِلَيْكَ فَاَسْرِ بِاَهْلِكَ بِقِطْعٍ مِّنَ الَّيْلِ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ اَحَدٌ اِلَّا امْرَاَتَكَ ؕ اِنَّهٗ مُصِيْبُهَا مَآ اَصَابَهُمْ ؕ اِنَّ مَوْعِدَهُمُ الصُّبْحُ ؕ اَلَيْسَ الصُّبْحُ بِقَرِيْبٍ ﴿٨١﴾

৮১। তারা বলল, 'হে লূত! নিশ্চয় আমরা আপনার প্রতিপালকের রাসূল (ফেরেশতা)। তারা কখনো আপনার কাছে পৌঁছাতে পারবে না, সুতরাং আপনি রাতের কোন এক অংশে আপনার স্ত্রী ছাড়া আপনার পরিবার-পরিজনসহ বের হয়ে পড়ুন এবং আপনাদের মধ্য থেকে কেউ যেন পিছনে ফিরে না তাকায়। নিশ্চয় তার (স্ত্রীর) উপর তাই (শাস্তি) আপতিত হবে যা আপতিত হবে তাদের উপর। নিশ্চয় তাদের (শাস্তির) জন্য নির্ধারিত সময় হল সকাল। সকাল কি নিকটবর্তী নয়?'

فَلَمَّا جَآءَ اَمْرُنَا جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَاَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِّنْ سِجِّيْلٍ ۙ مَّنْضُوْدٍ ﴿٨٢﴾

৮২। অতঃপর যখন আমার নির্দেশ আসল তখন আমি একে (জনপদকে) উল্টে দিলাম এবং এর উপর বর্ষণ করলাম ক্রমাগত পোড়ামাটির পাথর-

مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ ؕ وَمَا هِيَ مِنَ الظّٰلِمِيْنَ بِبَعِيْدٍ ﴿٨٣﴾

৮৩। -যা চিহ্নিত (ছিল) তোমার প্রতিপালকের নিকট। আর সেটা (জনপদটা) জালিমদের থেকে বেশি দূরে নয়।

ع ٧ ١٥ ٧ ٩ রুকু ٩

وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ وَلَا تَنْقُصُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ اِنِّيْٓ اَرٰىكُمْ بِخَيْرٍ وَّاِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ مُّحِيْطٍ ﴿٨٤﴾

৮৪। আর মাদইয়ান-এর প্রতি তাদের ভাই শু'আইবকে (প্রেরণ করেছিলাম)। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই এবং তোমরা মাপে ও ওজনে কম দিও না, নিশ্চয় আমি তোমাদেরকে সম্পদশালী দেখছি এবং নিশ্চয় আমি তোমাদের জন্য আশঙ্কা করছি এক পরিবেষ্টনকারী দিনের শাস্তির।

وَيٰقَوْمِ اَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٨٥﴾

৮৫। আর হে আমার সম্প্রদায়! তোমরা ন্যায্যভাবে মাপ ও ওজন পূর্ণ কর এবং মানুষকে তাদের প্রাপ্য বস্তু কম দিও না এবং ফ্যাসাদ সৃষ্টিকারী হয়ে পৃথিবীতে অপরাধ করো না।

بَقِيَّتُ اللّٰهِ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۚ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِحَفِيْظٍ ﴿٨٦﴾

৮৬। আল্লাহ্‌র (দেয়া) অবশিষ্ট (লাভ*) তোমাদের জন্য উত্তম- যদি তোমরা মু'মিন হও। আর আমি তোমাদের সংরক্ষক নই।'

قَالُوْا يٰشُعَيْبُ اَصَلٰوتُكَ تَاْمُرُكَ اَنْ نَّتْرُكَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَآ اَوْ اَنْ نَّفْعَلَ فِيْٓ اَمْوَالِنَا مَا نَشٰٓؤُا ؕ اِنَّكَ لَاَنْتَ الْحَلِيْمُ الرَّشِيْدُ ﴿٨٧﴾

৮৭। তারা বলল, 'হে শু'আইব! তোমার সালাত (নামায) কি তোমাকে এ নির্দেশ দেয় যে, আমরা তাকে বর্জন করব যার উপাসনা করে আমাদের পিতৃপুরুষেরা অথবা (বর্জন করব) আমাদের ধন-সম্পদের ক্ষেত্রে যা চাচ্ছি তা করা (ওজনে কম দেয়া)? নিশ্চয় তুমিই সহনশীল ও সুবোধ!*'

قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَرَزَقَنِيْ مِنْهُ رِزْقًا حَسَنًا ؕ وَمَآ اُرِيْدُ اَنْ اُخَالِفَكُمْ اِلٰى مَآ اَنْهٰىكُمْ عَنْهُ ؕ اِنْ اُرِيْدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ؕ وَمَا تَوْفِيْقِيْٓ اِلَّا بِاللّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ ﴿٨٨﴾

৮৮। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা ভেবে দেখেছ কি, যদি আমি আমার প্রতিপালকের পক্ষ থেকে স্পষ্ট প্রমাণের উপর থেকে থাকি এবং যদি তিনি তাঁর কাছ থেকে আমাকে উত্তম রিযিক দান করে থাকেন (তবে তোমাদেরকে অপরাধ থেকে নিষেধ করা কি আমার দায়িত্ব নয়)? আর আমি যা থেকে তোমাদেরকে নিষেধ করছি আমি তার বিপরীত* কিছু করতে চাই না। আমি কেবল আমার সাধ্যমত সংশোধন করতে চাই। আর আল্লাহ্‌র সাহায্য ছাড়া আমার কোন সাধ্য নেই। আমি তাঁরই উপর ভরসা করি এবং আমি তাঁরই দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করি।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَيٰقَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِيْٓ اَنْ يُّصِيْبَكُمْ مِّثْلُ مَآ اَصَابَ قَوْمَ نُوْحٍ اَوْ قَوْمَ هُوْدٍ اَوْ قَوْمَ صٰلِحٍ ۭ وَمَا قَوْمُ لُوْطٍ مِّنْكُمْ بِبَعِيْدٍ ۝

৮৯। আর হে আমার সম্প্রদায়! আমার সাথে বিরোধ যেন কিছুতেই তোমাদেরকে (এমন অপরাধ করতে) প্ররোচিত না করে যাতে তোমাদের উপর আপতিত হয় অনুরূপ বিপদ যা আপতিত হয়েছিল নূহের সম্প্রদায়ের উপর অথবা হূদের সম্প্রদায় অথবা সালিহ্-এর সম্প্রদায়ের উপর। আর লূতের সম্প্রদায় তোমাদের থেকে বেশি দূরে নয়।

وَاسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ۭ اِنَّ رَبِّيْ رَحِيْمٌ وَّدُوْدٌ ۝

৯০। এবং তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর ও তাঁর দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস। নিশ্চয় আমার প্রতিপালক পরম দয়ালু ও পরম স্নেহপরায়ণ।'

قَالُوْا يٰشُعَيْبُ مَا نَفْقَهُ كَثِيْرًا مِّمَّا تَقُوْلُ وَاِنَّا لَنَرٰىكَ فِيْنَا ضَعِيْفًا ۚ وَلَوْلَا رَهْطُكَ لَرَجَمْنٰكَ ۡ وَمَآ اَنْتَ عَلَيْنَا بِعَزِيْزٍ ۝

৯১। তারা বলল, 'হে শু'আইব! তুমি যা বল তার অনেক কিছুই আমরা বুঝি না এবং নিশ্চয় আমরা অবশ্যই আমাদের মধ্যে তোমাকে দুর্বল দেখছি। আর যদি তোমার জ্ঞাতি-গোষ্ঠী না থাকত তাহলে অবশ্যই আমরা তোমাকে পাথর নিক্ষেপ করতাম। আর আমাদের উপর তুমি প্রতাপশালীও নও।'

قَالَ يٰقَوْمِ اَرَهْطِيْٓ اَعَزُّ عَلَيْكُمْ مِّنَ اللّٰهِ ۭ وَاتَّخَذْتُمُوْهُ وَرَاۗءَكُمْ ظِهْرِيًّا ۭ اِنَّ رَبِّيْ بِمَا تَعْمَلُوْنَ مُحِيْطٌ ۝

৯২। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমাদের কাছে কি আমার জ্ঞাতি-গোষ্ঠী আল্লাহ্‌র চেয়ে বেশি প্রতাপশালী? আর তোমরা তাঁকে তোমাদের পিছনে ফেলে রেখেছ (অবহেলা করছ)। নিশ্চয় আমার প্রতিপালক তোমারা যা কর তা পরিবেষ্টন করে আছেন।

وَيٰقَوْمِ اعْمَلُوْا عَلٰي مَكَانَتِكُمْ اِنِّىْ عَامِلٌ ۭ سَوْفَ تَعْلَمُوْنَ ۙ مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ۭ وَارْتَقِبُوْٓا اِنِّىْ مَعَكُمْ رَقِيْبٌ ۝

৯৩। আর হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের অবস্থান (পথ-পদ্ধতি) অনুসারে কাজ কর, নিশ্চয় আমিও কাজ করছি। অচিরেই তোমরা জানতে পারবে কার নিকট আসবে এমন শাস্তি যা তাকে অপমানিত করবে এবং কে মিথ্যাবাদী। আর তোমরা পর্যবেক্ষণ কর, নিশ্চয় আমি তোমাদের সাথে পর্যবেক্ষণ করছি।'

وَلَمَّا جَاۗءَ اَمْرُنَا نَجَّيْنَا شُعَيْبًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَاَخَذَتِ الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ۝

৯৪। এবং যখন আমার নির্দেশ আসল তখন আমি শুআ'ইব ও তার সাথে যারা ঈমান এনেছিল তাদেরকে আমার দয়ায় উদ্ধার করলাম, আর যারা জুলুম করেছিল তাদেরকে বিকট শব্দ পাকড়াও করল, ফলে তারা তাদের আবাসসমূহে উপুড় হয়ে পড়ে রইল-

كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۭ اَلَا بُعْدًا لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُوْدُ ۝

৯৫। যেন তারা সেখানে কখনো বসবাস করেনি। জেনে রাখ, মাদইয়ান-এর জন্য ধ্বংস যেমন ধ্বংস করা হয়েছিল ছামূদকে।

রুকূ ৮

وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ۝

৯৬। আর অবশ্যই আমি মূসাকে আমার নিদর্শনাবলি ও সুস্পষ্ট প্রমাণসহ (প্রেরণ করেছিলাম)-

اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَاتَّبَعُوْٓا اَمْرَ فِرْعَوْنَ ۚ وَمَآ اَمْرُ فِرْعَوْنَ بِرَشِيْدٍ ۝

৯৭। ফিরআউন ও তার পরিষদবর্গের প্রতি, কিন্তু তারা ফিরআউনের নির্দেশের অনুসরণ করল, এবং ফিরআউনের নির্দেশ সঠিক ছিল না।

يَقْدُمُ قَوْمَهٗ يَوْمَ الْقِيٰمَةِ فَاَوْرَدَهُمُ النَّارَ ۭ وَبِئْسَ الْوِرْدُ الْمَوْرُوْدُ ۝

৯৮। সে কিয়ামতের দিন তার সম্প্রদায়ের অগ্রভাগে থাকবে এবং সে তাদেরকে আগুনে প্রবেশ করাবে। আর কতই না নিকৃষ্ট সে প্রবেশস্থল যেখানে তাদেরকে প্রবেশ করানো হবে!

وَاُتْبِعُوْا فِيْ هٰذِهٖ لَعْنَةً وَّيَوْمَ الْقِيٰمَةِ ۭ بِئْسَ الرِّفْدُ الْمَرْفُوْدُ ۝

৯৯। এবং এখানে (দুনিয়াতে) লা'নত তাদের পিছু লাগিয়ে দেয়া হল এবং কিয়ামতের দিনেও। কতই না নিকৃষ্ট সেই পুরস্কার যে পুরস্কার তাদেরকে দেয়া হবে!

ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْقُرٰى نَقُصُّهٗ عَلَيْكَ مِنْهَا قَآئِمٌ وَّحَصِيْدٌ ﴿١٠٠﴾

১০০।এটি জনপদসমূহের কিছু সংবাদ যা আমি তোমার কাছে বর্ণনা করছি, এর (জনপদসমূহের) মধ্যে কিছু (এখনো) বিদ্যমান এবং কিছু কর্তিত (ধ্বংস প্রাপ্ত)।

وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَمَآ اَغْنَتْ عَنْهُمْ اٰلِهَتُهُمُ الَّتِيْ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مِنْ شَيْءٍ لَّمَّا جَآءَ اَمْرُ رَبِّكَ ؕ وَمَا زَادُوْهُمْ غَيْرَ تَتْبِيْبٍ ﴿١٠١﴾

১০১।এবং আমি তাদের প্রতি জুলুম করিনি, বরং তারাই তাদের নিজেদের প্রতি জুলুম করেছিল এবং যখন তোমার প্রতিপালকের নির্দেশ এসেছিল তখন আল্লাহ্‌কে বাদ দিয়ে তারা যাদেরকে ডাকত সেই উপাস্যরা তাদের কিছুই কাজে অসেনি। এবং তারা তাদের ধ্বংস ছাড়া কিছুই বৃদ্ধি করেনি।

وَكَذٰلِكَ اَخْذُ رَبِّكَ اِذَآ اَخَذَ الْقُرٰى وَهِيَ ظَالِمَةٌ ؕ اِنَّ اَخْذَهٗٓ اَلِيْمٌ شَدِيْدٌ ﴿١٠٢﴾

১০২।এবং এমনই তোমার প্রতিপালকের পাকড়াও যখন তিনি জনপদসমূহকে পাকড়াও করেন, এমন অবস্থায় যে সেগুলো জালিম। নিশ্চয় তাঁর পাকড়াও যন্ত্রণাদায়ক ও কঠিন।

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّمَنْ خَافَ عَذَابَ الْاٰخِرَةِ ؕ ذٰلِكَ يَوْمٌ مَّجْمُوْعٌ ۙ لَّهُ النَّاسُ وَذٰلِكَ يَوْمٌ مَّشْهُوْدٌ ﴿١٠٣﴾

১০৩।নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে তার জন্য যে আখিরাতের শাস্তিকে ভয় করে। এটা সেই দিন যেদিনের জন্য মানুষকে একত্র করা হবে, এবং এটা সেই দিন যেদিন (সকলকে) উপস্থিত করা হবে।

وَمَا نُؤَخِّرُهٗٓ اِلَّا لِاَجَلٍ مَّعْدُوْدٍ ﴿١٠٤﴾

১০৪।এবং আমি কেবল গণনাযোগ্য নির্দিষ্ট সময়ের জন্য তা বিলম্বিত করছি।

يَوْمَ يَاْتِ لَا تَكَلَّمُ نَفْسٌ اِلَّا بِاِذْنِهٖ ۚ فَمِنْهُمْ شَقِيٌّ وَّسَعِيْدٌ ﴿١٠٥﴾

১০৫।যেদিন তা আসবে সেদিন তাঁর (আল্লাহ্‌র) অনুমতি ছাড়া কেউ কথা বলবে না, এবং তাদের মধ্যে কেউ হবে দুর্ভাগা এবং কেউ ভাগ্যবান।

فَاَمَّا الَّذِيْنَ شَقُوْا فَفِي النَّارِ لَهُمْ فِيْهَا زَفِيْرٌ وَّشَهِيْقٌ ﴿١٠٦﴾

১০৬।অতঃপর যারা দুর্ভাগা হবে তারা থাকবে আগুনে, সেখানে তাদের জন্য রয়েছে দীর্ঘশ্বাস ও দীর্ঘপ্রশ্বাস-

خٰلِدِيْنَ فِيْهَا مَا دَامَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ رَبُّكَ ؕ اِنَّ رَبَّكَ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ﴿١٠٧﴾

১০৭।সেখানে তারা স্থায়ী হবে যতদিন আকাশসমূহ ও পৃথিবী থাকবে, তবে তোমার প্রতিপালক যা ইচ্ছা করবেন তা ভিন্ন কথা*। নিশ্চয় তোমার প্রতিপালক যা চান তা-ই করেন।

وَاَمَّا الَّذِيْنَ سُعِدُوْا فَفِي الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا مَا دَامَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ رَبُّكَ ؕ عَطَآءً غَيْرَ مَجْذُوْذٍ ﴿١٠٨﴾

১০৮।আর যারা ভাগ্যবান হবে তারা থাকবে জান্নাতে, সেখানে তারা স্থায়ী হবে যতদিন আকাশসমূহ ও পৃথিবী থাকবে, তবে তোমার প্রতিপালক যা ইচ্ছা করবেন তা ভিন্ন কথা। (এটি) এক নিরবচ্ছিন্ন পুরস্কার।

فَلَا تَكُ فِيْ مِرْيَةٍ مِّمَّا يَعْبُدُ هٰٓؤُلَآءِ ؕ مَا يَعْبُدُوْنَ اِلَّا كَمَا يَعْبُدُ اٰبَآؤُهُمْ مِّنْ قَبْلُ ؕ وَاِنَّا لَمُوَفُّوْهُمْ نَصِيْبَهُمْ غَيْرَ مَنْقُوْصٍ ﴿١٠٩﴾

১০৯।সুতরাং তারা যাদের উপাসনা করে তাদের (পরিণতি) সম্পর্কে কোন সন্দেহে থেকো না। পূর্বে তাদের পিতৃপুরুষেরা (মুশরিকরা) যেভাবে উপাসনা করত তারা সেভাবেই উপাসনা করে। আর নিশ্চয় আমি অবশ্যই তাদেরকে তাদের প্রাপ্য অংশ পুরোপুরি দেবো- কম নয়।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ﴿١١٠﴾

১১০।আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তাতে মতপার্থক্য করা হয়েছিল। আর যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে একটি বাণী গত (পূর্ব ঘোষিত) হয়ে না থাকত তাহলে তাদের মাঝে অবশ্যই মীমাংসা করে দেয়া হত। এবং নিশ্চয় তারা অবশ্যই এ (কুরআন) সম্পর্কে বিভ্রান্তিকর সন্দেহে রয়েছে।

وَاِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُمْ رَبُّكَ اَعْمَالَهُمْ ؕ اِنَّهٗ بِمَا يَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١١١﴾

১১১।আর নিশ্চয় তোমার প্রতিপালক সবাইকে অবশ্যই তাদের কর্মের জন্য পুরোপুরি (প্রতিফল) প্রদান করবেন। তারা যা করে সে সম্পর্কে নিশ্চয় তিনি পূর্ণ অবগত।

فَاسْتَقِمْ كَمَآ اُمِرْتَ وَمَنْ تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ۭ اِنَّهٗ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿١١٢﴾

১১২। সুতরাং তুমি অবিচল থাক যেভাবে তুমি আদিষ্ট হয়েছ এবং তোমার সাথে যারা (কুফরী থেকে) অনুতপ্ত হয়ে ফিরে এসেছে তারাও, এবং তোমরা সীমালঙ্ঘন করো না। তোমরা যা কর সে সম্পর্কে নিশ্চয় তিনি পূর্ণ দৃষ্টিবান।

وَلَا تَرْكَنُوْٓا اِلَى الَّذِيْنَ ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَاۗءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ﴿١١٣﴾

১১৩। আর যারা জুলুম করেছে তোমরা তাদের প্রতি ঝুঁকে পড়ো না, তাহলে আগুন তোমাদেরকে স্পর্শ করবে, আর এ অবস্থায় আল্লাহ্‌কে বাদ দিয়ে তোমাদের কোন অভিভাবক থাকবে না, এরপর তোমাদেরকে সাহায্যও করা হবে না।

وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ۭ اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ السَّيِّاٰتِ ۭ ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ﴿١١٤﴾

১১৪। এবং তুমি সালাত (নামায) কায়েম কর দিনের দুই প্রান্তে ও রাতের প্রথমাংশে। নিশ্চয় ভাল কাজ মন্দ কাজকে মিটিয়ে দেয়। উপদেশ গ্রহণকারীদের জন্য এটি এক উপদেশ,

وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿١١٥﴾

১১৫। এবং তুমি ধৈর্য ধারণ কর, কারণ নিশ্চয় আল্লাহ্‌ সৎকর্মপরায়নদের কর্মফল নষ্ট করেন না।

فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُوْنِ مِنْ قَبْلِكُمْ اُولُوْا بَقِيَّةٍ يَّنْهَوْنَ عَنِ الْفَسَادِ فِي الْاَرْضِ اِلَّا قَلِيْلًا مِّمَّنْ اَنْجَيْنَا مِنْهُمْ ۚ وَاتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْا مَآ اُتْرِفُوْا فِيْهِ وَكَانُوْا مُجْرِمِيْنَ ﴿١١٦﴾

১১৬। সুতরাং তোমাদের পূর্ববর্তী প্রজন্মসমূহের মধ্য হতে পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করা থেকে নিষেধ করার মত শুভবুদ্ধি সম্পন্ন লোকজন কেন ছিল না, তবে তাদের অল্প সংখ্যক ছাড়া (যারা নিষেধ করত), যাদেরকে আমি তাদের মধ্য থেকে উদ্ধার করেছিলাম? আর যারা জুলুম করেছিল তারা পেছনে ছুটেছিল বিলাস সামগ্রীর যার মধ্যে তাদেরকে (ডুবিয়ে) রাখা হয়েছিল এবং তারা ছিল অপরাধী।

وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا مُصْلِحُوْنَ ﴿١١٧﴾

১১৭। আর তোমার প্রতিপালক এমন নন যে, তিনি জনপদসমূহ অন্যায়ভাবে ধ্বংস করবেন, এমন অবস্থায় যে তার অধিবাসীরা সংশোধনকারী।

وَلَوْ شَاۗءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ اُمَّةً وَّاحِدَةً وَّلَا يَزَالُوْنَ مُخْتَلِفِيْنَ ﴿١١٨﴾

১১৮। আর যদি তোমার প্রতিপালক ইচ্ছা করতেন তাহলে (সব) মানুষকে এক উম্মত (ধর্মাবলম্বী) করতেন, কিন্তু তারা মতপার্থক্য করতেই থাকবে-

اِلَّا مَنْ رَّحِمَ رَبُّكَ ۭ وَلِذٰلِكَ خَلَقَهُمْ ۭ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ لَاَمْلَــَٔنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١١٩﴾

১১৯। তারা ছাড়া, যাদেরকে তোমার প্রতিপালক দয়া করেন। এবং তিনি তাদেরকে এজন্যই সৃষ্টি করেছেন। আর তোমার প্রতিপালকের (এ) বাণী পূর্ণ হবেই, 'অবশ্যই আমি জ্বীন ও মানুষ উভয়ের দ্বারা জাহান্নাম পূর্ণ করব'।

وَكُلًّا نَّقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَاۗءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهٖ فُؤَادَكَ ۚ وَجَاۗءَكَ فِيْ هٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَّذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ﴿١٢٠﴾

১২০। এবং রাসূলদের সংবাদসমূহ থেকে প্রত্যেক (কাহিনী) যা আমি তোমার কাছে বর্ণনা করি তা দ্বারা আমি তোমার অন্তরকে দৃঢ় করি এবং এতে (কাহিনীসমূহে) তোমার কাছে এসেছে সত্য এবং মু'মিনদের জন্য উপদেশ ও সাবধানবাণী।

وَقُلْ لِّلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ اعْمَلُوْا عَلٰي مَكَانَتِكُمْ ۭ اِنَّا عٰمِلُوْنَ ﴿١٢١﴾

১২১। আর যারা ঈমান আনে না তাদেরকে বল, 'তোমরা তোমাদের অবস্থান (পথ-পদ্ধতি) অনুসারে কাজ কর, নিশ্চয় আমরাও কাজ করছি।

وَانْتَظِرُوْا ۚ اِنَّا مُنْتَظِرُوْنَ ﴿١٢٢﴾

১২২। এবং অপেক্ষা কর, নিশ্চয় আমরাও অপেক্ষা করছি।'

وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاِلَيْهِ يُرْجَعُ الْاَمْرُ كُلُّهٗ فَاعْبُدْهُ وَتَوَكَّلْ عَلَيْهِ ۭ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿١٢٣﴾

১২৩। আর আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য (বিষয়ের জ্ঞান) আল্লাহ্‌রই এবং তাঁরই কাছে সব বিষয় ফিরে যাবে, সুতরাং তুমি তাঁর ইবাদত কর এবং তাঁর উপর ভরসা কর। আর তোমরা যা কর সে সম্পর্কে তোমার প্রতিপালক বেখবর নন।

ع ১০ রুকু ১০

১২. সূরা ইউসুফ, মাক্কী

১১১ আয়াত, ১২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٢-سُوْرَةُ يُوْسُفَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١١، رُكُوْعَاتُهَا-١٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ۙ﴿١﴾

১। আলিফ-লাম-রা। এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত।

اِنَّاۤ اَنْزَلْنٰهُ قُرْءٰنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٢﴾

২। নিশ্চয় আমি এটিকে আরবী কুরআন হিসেবে অবতীর্ণ করেছি, যাতে তোমরা অনুধাবন করতে পার।

نَحْنُ نَقُصُّ عَلَيْكَ اَحْسَنَ الْقَصَصِ بِمَاۤ اَوْحَيْنَاۤ اِلَيْكَ هٰذَا الْقُرْاٰنَ ۖ وَاِنْ كُنْتَ مِنْ قَبْلِهٖ لَمِنَ الْغٰفِلِيْنَ ﴿٣﴾

৩। আমি তোমার কাছে সর্বোত্তম কাহিনী বর্ণনা করছি, তোমার প্রতি এই কুরআন ওহী করার মাধ্যমে, যদিও এর পূর্বে তুমি (এ ব্যাপারে) ছিলে অবশ্যই বেখবরদের অন্তর্ভুক্ত।

اِذْ قَالَ يُوْسُفُ لِاَبِيْهِ يٰۤاَبَتِ اِنِّيْ رَاَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ رَاَيْتُهُمْ لِيْ سٰجِدِيْنَ ﴿٤﴾

৪। যখন ইউসুফ তার পিতাকে বলেছিল, 'হে আমার পিতা! নিশ্চয় আমি (স্বপ্নে) এগারটি নক্ষত্র, সূর্য এবং চন্দ্রকে দেখেছি, আমি তাদেরকে দেখেছি তারা আমাকে সিজদা করছে।'

قَالَ يٰبُنَيَّ لَا تَقْصُصْ رُءْيَاكَ عَلٰۤى اِخْوَتِكَ فَيَكِيْدُوْا لَكَ كَيْدًا ؕ اِنَّ الشَّيْطٰنَ لِلْاِنْسَانِ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٥﴾

৫। সে বলল, 'হে আমার পুত্র! তোমার স্বপ্ন তোমার ভাইদের কাছে বর্ণনা করো না, তাহলে তারা তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করবে। নিশ্চয় শয়তান মানুষের জন্য সুস্পষ্ট শত্রু।'

وَكَذٰلِكَ يَجْتَبِيْكَ رَبُّكَ وَيُعَلِّمُكَ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ وَيُتِمُّ نِعْمَتَهٗ عَلَيْكَ وَعَلٰۤى اٰلِ يَعْقُوْبَ كَمَاۤ اَتَمَّهَا عَلٰۤى اَبَوَيْكَ مِنْ قَبْلُ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ ؕ اِنَّ رَبَّكَ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٦﴾ ع ١١ ١ رُكُوْع ١٢

৬। আর এভাবে তোমার প্রতিপালক তোমাকে মনোনীত করবেন এবং তোমাকে স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিবেন এবং তোমার উপর ও ইয়াকুবের পরিবার-পরিজনের উপর তাঁর নেয়ামত পূর্ণ করবেন, যেভাবে তিনি ইতঃপূর্বে তা পূর্ণ করেছিলেন তোমার দুই পিতৃপুরুষ ইবরাহীম ও ইসহাকের উপর। নিশ্চয় তোমার প্রতিপালক সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

لَقَدْ كَانَ فِيْ يُوْسُفَ وَاِخْوَتِهٖۤ اٰيٰتٌ لِّلسَّآئِلِيْنَ ﴿٧﴾

৭। প্রশ্নকারীদের জন্য ইউসুফ এবং তার ভাইদের (ঘটনার) মধ্যে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে।

اِذْ قَالُوْا لَيُوْسُفُ وَاَخُوْهُ اَحَبُّ اِلٰۤى اَبِيْنَا مِنَّا وَنَحْنُ عُصْبَةٌ ؕ اِنَّ اَبَانَا لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنِ ۖ﴿٨﴾

৮। যখন তারা বলেছিল, 'অবশ্যই ইউসুফ ও তার ভাই আমাদের পিতার কাছে আমাদের থেকে বেশি প্রিয়,* অথচ আমরা একটি দল। নিশ্চয় আমাদের পিতা অবশ্যই সুস্পষ্ট বিভ্রান্তিতে রয়েছেন,

اقْتُلُوْا يُوْسُفَ اَوِ اطْرَحُوْهُ اَرْضًا يَّخْلُ لَكُمْ وَجْهُ اَبِيْكُمْ وَتَكُوْنُوْا مِنْۢ بَعْدِهٖ قَوْمًا صٰلِحِيْنَ ﴿٩﴾

৯। তোমরা ইউসুফকে হত্যা কর অথবা তাকে কোন স্থানে ফেলে আস, (এতে) তোমাদের পিতার দৃষ্টি শুধু তোমাদের প্রতি নিবিষ্ট হবে এবং তার (মৃত্যু অথবা হারিয়ে যাওয়ার) পর তোমরা সৎ লোক হয়ে যাবে।'

قَالَ قَآئِلٌ مِّنْهُمْ لَا تَقْتُلُوْا يُوْسُفَ وَاَلْقُوْهُ فِيْ غَيٰبَتِ الْجُبِّ يَلْتَقِطْهُ بَعْضُ السَّيَّارَةِ اِنْ كُنْتُمْ فٰعِلِيْنَ ﴿١٠﴾

১০। তাদের মধ্যে একজন কথক বলল, 'তোমরা ইউসুফকে হত্যা করো না বরং তাকে কূপের গভীরে নিক্ষেপ কর, যাত্রীদলের কেউ তাকে কুড়িয়ে নিবে-যদি তোমরা (কিছু) করতেই চাও।'

قَالُوْا يٰۤاَبَانَا مَا لَكَ لَا تَاْمَنَّا عَلٰى يُوْسُفَ وَاِنَّا لَهٗ لَنٰصِحُوْنَ ﴿١١﴾

১১। তারা বলল, 'হে আমাদের পিতা! আপনার কী (যুক্তি) আছে যে, ইউসুফের ব্যাপারে আপনি আমাদেরকে বিশ্বাস করছেন না, অথচ নিশ্চয় আমরা অবশ্যই তার শুভাকাঙ্ক্ষী?

١٢। আপনি আগামীকাল তাকে আমাদের সঙ্গে পাঠান, সে তৃপ্তি সহকারে খাবে ও খেলাধুলা করবে এবং নিশ্চয় আমরা তার অবশ্যই রক্ষণাবেক্ষণকারী।'

اَرْسِلْهُ مَعَنَا غَدًا يَّرْتَعْ وَيَلْعَبْ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ﴿١٢﴾

১৩। সে বলল, 'নিশ্চয় এটি আমাকে অবশ্যই দুশ্চিন্তাগ্রস্ত করে যে, তোমরা তাকে নিয়ে যাবে, আর আমি আশঙ্কা করছি যে, তাকে নেকড়ে (বাঘ) খেয়ে ফেলবে, যখন তোমরা থাকবে তার ব্যাপারে বেখবর।'

قَالَ اِنِّىْ لَيَحْزُنُنِىْٓ اَنْ تَذْهَبُوْا بِهٖ وَاَخَافُ اَنْ يَّاْكُلَهُ الذِّئْبُ وَاَنْتُمْ عَنْهُ غٰفِلُوْنَ ﴿١٣﴾

১৪। তারা বলল, 'আমরা একটি দল হওয়া সত্ত্বেও যদি নেকড়ে (বাঘ) তাকে খেয়ে ফেলে তাহলে নিশ্চয় আমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হব।'

قَالُوْا لَئِنْ اَكَلَهُ الذِّئْبُ وَنَحْنُ عُصْبَةٌ اِنَّآ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿١٤﴾

১৫। অতঃপর যখন তারা তাকে নিয়ে চলে গেল এবং তাকে কূপের গভীরে ফেলে দিতে একমত হল, এবং আমি তার প্রতি ওহী করলাম যে, 'তুমি তাদেরকে তাদের এই কাজের সংবাদ (একদিন) অবশ্যই বলে দিবে, যখন তারা (তোমাকে) বুঝতে পারবে না।'

فَلَمَّا ذَهَبُوْا بِهٖ وَاَجْمَعُوْٓا اَنْ يَّجْعَلُوْهُ فِىْ غَيٰبَتِ الْجُبِّ ۚ وَاَوْحَيْنَآ اِلَيْهِ لَتُنَبِّئَنَّهُمْ بِاَمْرِهِمْ هٰذَا وَهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٥﴾

১৬। এবং তারা রাতের প্রথম প্রহরে কাঁদতে কাঁদতে তাদের পিতার কাছে আসল।

وَجَآءُوْٓ اَبَاهُمْ عِشَآءً يَّبْكُوْنَ ؕ ﴿١٦﴾

১৭। তারা বলল, 'হে আমাদের পিতা! নিশ্চয় আমরা দৌড় প্রতিযোগিতা করতে গিয়েছিলাম এবং ইউসুফকে আমাদের মালপত্রের কাছে রেখে গিয়েছিলাম, অতঃপর নেকড়ে (বাঘ) তাকে খেয়ে ফেলল, কিন্তু আপনি আমাদেরকে বিশ্বাস করার নন যদিও আমরা সত্যবাদী হই।'

قَالُوْا يٰٓاَبَانَآ اِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوْسُفَ عِنْدَ مَتَاعِنَا فَاَكَلَهُ الذِّئْبُ ۚ وَمَآ اَنْتَ بِمُؤْمِنٍ لَّنَا وَلَوْ كُنَّا صٰدِقِيْنَ ﴿١٧﴾

১৮। এবং তারা তার জামা নিয়ে আসল মিথ্যা রক্ত লাগিয়ে। সে (ইয়াকুব) বলল, 'বরং (তার ব্যাপারে) তোমাদের মন তোমাদেরকে (কোন) একটি কাজ করতে প্ররোচিত করেছে। সুতরাং ধৈর্য ধারণই উত্তম। আর তোমরা যা বর্ণনা করছ সে ব্যাপারে আল্লাহ্ই (আমার) সহায়স্থল।'

وَجَآءُوْ عَلٰى قَمِيْصِهٖ بِدَمٍ كَذِبٍ ؕ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ اَنْفُسُكُمْ اَمْرًا ؕ فَصَبْرٌ جَمِيْلٌ ؕ وَاللّٰهُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ﴿١٨﴾

১৯। এবং একটি যাত্রীদল আসল, এবং তারা তাদের পানি সংগ্রহকারীকে প্রেরণ করল, অতঃপর সে তার বালতি নামিয়ে দিল। সে বলল, 'কী সুখবর! এ যে এক কিশোর!' এবং তারা তাকে পণ্য* হিসেবে লুকিয়ে রাখল। আর তারা যা করছিল সে বিষয়ে আল্লাহ্ ভালভাবে জানতেন।

وَجَآءَتْ سَيَّارَةٌ فَاَرْسَلُوْا وَارِدَهُمْ فَاَدْلٰى دَلْوَهٗ ؕ قَالَ يٰبُشْرٰى هٰذَا غُلٰمٌ ؕ وَاَسَرُّوْهُ بِضَاعَةً ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿١٩﴾

২০। এবং তারা তাকে বিক্রয় করল স্বল্প মূল্যে- মাত্র কয়েক দিরহামে, আর তারা ছিল তার ব্যাপারে অনাগ্রহী।

وَشَرَوْهُ بِثَمَنٍۭ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُوْدَةٍ ۚ وَكَانُوْا فِيْهِ مِنَ الزَّاهِدِيْنَ ﴿٢٠﴾

ع ١٢ ٢ রুকূ ١٢

২১। আর মিসরের যে ব্যক্তি তাকে ক্রয় করেছিল সে তার স্ত্রীকে বলল, 'তার সম্মানজনক আবাসের ব্যবস্থা কর, আশা করা যায় যে, সে আমাদের উপকারে আসবে অথবা আমরা তাকে পুত্ররূপে গ্রহণ করব।' এবং এভাবেই আমি ইউসুফকে যমীনে (মিসরে) প্রতিষ্ঠিত করলাম, এবং যাতে আমি তাকে স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিতে পারি। আর আল্লাহ্ তার কাজ সম্পাদনে বিজয়ী, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

وَقَالَ الَّذِى اشْتَرٰىهُ مِنْ مِّصْرَ لِامْرَاَتِهٖٓ اَكْرِمِىْ مَثْوٰىهُ عَسٰٓى اَنْ يَّنْفَعَنَآ اَوْ نَتَّخِذَهٗ وَلَدًا ؕ وَكَذٰلِكَ مَكَّنَّا لِيُوْسُفَ فِى الْاَرْضِ ۫ وَلِنُعَلِّمَهٗ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ ؕ وَاللّٰهُ غَالِبٌ عَلٰٓى اَمْرِهٖ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢١﴾

২২। এবং যখন সে তার (শক্তি-সামর্থ্য ও বয়সের) পূর্ণতায় পৌঁছল তখন আমি তাকে প্রজ্ঞা ও জ্ঞান দান করলাম, আর এভাবেই আমি সৎকর্মপরায়নদেরকে প্রতিদান দেই।

وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗٓ اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿٢٢﴾

২৩। এবং যার ঘরে সে ছিল সে (নারী) তাকে দৈহিক মিলনে প্ররোচনা দিল এবং (ঘরের) দরজাসমূহ বন্ধ করে দিল ও বলল, 'কাছে আস।' সে বলল, 'আমি আল্লাহ্র আশ্রয় চাচ্ছি,* নিশ্চয় তিনি (আযিয) আমার প্রভু*, তিনি আমার আবাসের সুন্দর ব্যবস্থা করেছেন। নিশ্চয় জালিমরা সফল হয় না।'

وَرَاوَدَتْهُ الَّتِىْ هُوَ فِىْ بَيْتِهَا عَنْ نَّفْسِهٖ وَغَلَّقَتِ الْاَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ ؕ قَالَ مَعَاذَ اللّٰهِ اِنَّهٗ رَبِّىْٓ اَحْسَنَ مَثْوَاىَ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٢٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ هَمَّتْ بِهٖ ۚ وَهَمَّ بِهَا لَوْلَآ اَنْ رَّاٰ بُرْهَانَ رَبِّهٖ ؕ كَذٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوْٓءَ وَالْفَحْشَآءَ ؕ اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِيْنَ ﴿٢٤﴾

২৪। এবং সে (নারী) অবশ্যই তার সাথে (দৈহিক মিলনে) মনস্থ করেছিল এবং সেও তার সাথে মনস্থ করত যদি না সে তার প্রতিপালকের প্রমাণ (নিদর্শন) দেখত। এভাবেই (করেছি), যাতে আমি তাকে বিরত রাখতে পারি মন্দকাজ ও অশ্লীলতা থেকে। নিশ্চয় সে ছিল আমার বাছাইকৃত বান্দাদের অন্তর্ভুক্ত।

وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيْصَهٗ مِنْ دُبُرٍ وَّاَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ؕ قَالَتْ مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا اِلَّآ اَنْ يُّسْجَنَ اَوْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٥﴾

২৫। এবং তারা দু'জনে দরজার দিকে দৌড়ে গেল এবং সে (নারী) পিছন থেকে তার জামা (ধরে) ছিঁড়ে ফেলল, এবং তারা তার পতিকে দরজার কাছে পেল। সে (নারী) বলল, 'যে তোমার স্ত্রীর সাথে কুকর্ম করতে চায় তাকে কারাগারে প্রেরণ অথবা যন্ত্রণাদায়ক শাস্তি ছাড়া তার আর কী প্রতিফল হতে পারে?'

قَالَ هِيَ رَاوَدَتْنِيْ عَنْ نَّفْسِيْ ۚ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ اَهْلِهَا ۚ اِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٢٦﴾

২৬। সে (ইউসুফ) বলল, 'সে আমাকে দৈহিক মিলনে প্ররোচণা দিয়েছিল এবং তার (নারীর) পরিবারের একজন সাক্ষী সাক্ষ্য দিল, 'যদি তার জামা সামনে থেকে ছেঁড়া হয়ে থাকে তবে সে (নারী) সত্য বলেছে এবং সে (ইউসুফ) মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত।

وَاِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ دُبُرٍ فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٧﴾

২৭। আর তার জামা যদি পিছন দিক থেকে ছেঁড়া হয়ে থাকে তাহলে সে (নারী) মিথ্যা বলেছে এবং সে (ইউসুফ) সত্যবাদীদের অন্তর্ভুক্ত।

فَلَمَّا رَاٰ قَمِيْصَهٗ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ اِنَّهٗ مِنْ كَيْدِكُنَّ ؕ اِنَّ كَيْدَكُنَّ عَظِيْمٌ ﴿٢٨﴾

২৮। অতঃপর যখন সে (নারীর পতি) দেখল যে, তার জামা পিছন দিক থেকে ছেঁড়া হয়েছে তখন সে বলল, 'নিশ্চয় এটা তোমাদের (নারীদের) ষড়যন্ত্র, নিশ্চয় তোমাদের ষড়যন্ত্র ভয়ানক!

يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا ۫ وَاسْتَغْفِرِيْ لِذَنْۢبِكِ ۚ اِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِـِٕيْنَ ﴿٢٩﴾

২৯। হে ইউসুফ! তুমি এটা উপেক্ষা কর আর (হে নারী!) তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয় তুমি ছিলে অপরাধীদের অন্তর্ভুক্ত।' (রুকু ১৩ ৩ ৩৫)

وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِيْنَةِ امْرَاَتُ الْعَزِيْزِ تُرَاوِدُ فَتٰىهَا عَنْ نَّفْسِهٖ ۚ قَدْ شَغَفَهَا حُبًّا ؕ اِنَّا لَنَرٰىهَا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٠﴾

৩০। এবং শহরের নারীরা বলল, 'আযিযের স্ত্রী তার যুবককে দৈহিক মিলনের প্ররোচণা দিচ্ছে, সে (ইউসুফ) তাকে প্রেমে আসক্ত করেছে। নিশ্চয় আমরা তাকে (আযিযের স্ত্রীকে) অবশ্যই সুস্পষ্ট পথভ্রষ্টতায় দেখতে পাচ্ছি।'

فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ اَرْسَلَتْ اِلَيْهِنَّ وَاَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَـًٔا وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّيْنًا وَّقَالَتِ اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهٗٓ اَكْبَرْنَهٗ وَقَطَّعْنَ اَيْدِيَهُنَّ وَقُلْنَ حَاشَ لِلّٰهِ مَا هٰذَا بَشَرًا ؕ اِنْ هٰذَآ اِلَّا مَلَكٌ كَرِيْمٌ ﴿٣١﴾

৩১। অতঃপর যখন সে (আযিযের স্ত্রী) তাদের ষড়যন্ত্রের কথা শুনল, তখন তাদেরকে ডেকে পাঠাল এবং তাদের জন্য আসন প্রস্তুত করল এবং তাদের প্রত্যেককে (ফল কেটে খেতে) একটি করে ছুরি দিল এবং (ইউসুফকে) বলল, 'তাদের সামনে বের হও ।' অতঃপর যখন তারা তাকে দেখল তখন তারা তাকে মহান (অপূর্ব সুন্দর) মনে করল এবং তাদের (নিজেদের) হাত কেটে ফেলল এবং বলল, ' মহিমা আল্লাহ্‌র! এ তো মানুষ নয়, এ এক সম্মানিত ফেরেশতা ছাড়া আর কিছু নয়।'

قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِيْ لُمْتُنَّنِيْ فِيْهِ ؕ وَلَقَدْ رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ فَاسْتَعْصَمَ ؕ وَلَئِنْ لَّمْ يَفْعَلْ مَآ اٰمُرُهٗ لَيُسْجَنَنَّ وَلَيَكُوْنًا مِّنَ الصّٰغِرِيْنَ ﴿٣٢﴾

৩২। সে (আযিযের স্ত্রী) বলল, 'এই সে যার ব্যাপারে তোমরা আমাকে তিরস্কার করেছ। আর অবশ্যই আমি তাকে দৈহিক মিলনের প্ররোচণা দিয়েছি, কিন্তু সে নিজেকে রক্ষা করেছে। আর আমি তাকে যা নির্দেশ দিয়েছি সে যদি তা না করে তাহলে তাকে অবশ্যই কারারুদ্ধ করা হবে এবং সে অবশ্যই অপদস্থদের অন্তর্ভুক্ত হবে।'

قَالَ رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَيَّ مِمَّا يَدْعُوْنَنِيْٓ اِلَيْهِ ۚ وَاِلَّا تَصْرِفْ عَنِّيْ كَيْدَهُنَّ اَصْبُ اِلَيْهِنَّ وَاَكُنْ مِّنَ الْجٰهِلِيْنَ ﴿٣٣﴾

৩৩। সে (ইউসুফ) বলল, 'হে আমার প্রতিপালক! তারা (নারীরা) আমাকে যার প্রতি আহ্বান করছে তার চেয়ে কারাগার আমার কাছে বেশি প্রিয়, আর আপনি যদি তাদের ষড়যন্ত্র আমার থেকে সরিয়ে না দেন তাহলে আমি তাদের প্রতি আকৃষ্ট হয়ে পড়ব এবং অজ্ঞদের অন্তর্ভুক্ত হয়ে যাব।'

فَاسْتَجَابَ لَهٗ رَبُّهٗ فَصَرَفَ عَنْهُ كَيْدَهُنَّ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٣٤﴾

৩৪। অতঃপর তার প্রতিপালক তার ডাকে সাড়া দিলেন এবং তার থেকে তাদের ষড়যন্ত্রকে সরিয়ে দিলেন, নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

ثُمَّ بَدَا لَهُمْ مِّنْۢ بَعْدِ مَا رَاَوُا الْاٰيٰتِ لَيَسْجُنُنَّهٗ حَتّٰى حِيْنٍ ﴿٣٥﴾

৩৫। এবং নিদর্শনসমূহ (আলামত) দেখার পর তাদের (আযিযের লোকদের) মনে হল যে, সে (আযিয) তাকে কিছু সময় পর্যন্ত কারারুদ্ধ করবেই (যদিও সে নির্দোষ)।

وَدَخَلَ مَعَهُ السِّجْنَ فَتَيٰنِ ؕ قَالَ اَحَدُهُمَاۤ اِنِّيْۤ اَرٰىنِيْۤ اَعْصِرُ خَمْرًا ؕ وَقَالَ الْاٰخَرُ اِنِّيْۤ اَرٰىنِيْۤ اَحْمِلُ فَوْقَ رَاْسِيْ خُبْزًا تَاْكُلُ الطَّيْرُ مِنْهُ ؕ نَبِّئْنَا بِتَاْوِيْلِهٖ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿٣٦﴾

৩৬। এবং তার সাথে দু'জন যুবক কারাগারে প্রবেশ করল। তাদের একজন বলল, 'নিশ্চয় আমি স্বপ্নে আমাকে মদ নিংড়াতে (বানাতে) দেখেছি,' এবং অপরজন বলল, 'নিশ্চয় আমি স্বপ্নে আমাকে আমার মাথায় রুটি বহন করতে দেখেছি, এমনবস্থায় যে পাখী তা থেকে খাচ্ছে। আমাদেরকে আপনি এর ব্যাখ্যা জানিয়ে দিন, নিশ্চয় আমরা আপনাকে সৎকর্মপরায়নদের অন্তর্ভুক্ত দেখতে পাচ্ছি।'

قَالَ لَا يَاْتِيْكُمَا طَعَامٌ تُرْزَقٰنِهٖۤ اِلَّا نَبَّاْتُكُمَا بِتَاْوِيْلِهٖ قَبْلَ اَنْ يَّاْتِيَكُمَا ؕ ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِيْ رَبِّيْ ؕ اِنِّيْ تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿٣٧﴾

৩৭। সে (ইউসুফ) বলল, 'তোমাদেরকে যে খাদ্য দেয়া হয় তা তোমাদের কাছে আসার পূর্বেই আমি তোমাদেরকে এর ব্যাখ্যা জানিয়ে দেব। এটি তার অন্তর্ভূক্ত যা আমার প্রতিপালক আমাকে শিক্ষা দিয়েছেন। নিশ্চয় আমি সে সম্প্রদায়ের আদর্শ (মিল্লাত) বর্জন করেছি যারা আল্লাহ্‌কে বিশ্বাস করে না এবং তারাই আখিরাতে অবিশ্বাসী।

وَاتَّبَعْتُ مِلَّةَ اٰبَآءِيْۤ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ ؕ مَا كَانَ لَنَاۤ اَنْ نُّشْرِكَ بِاللّٰهِ مِنْ شَيْءٍ ؕ ذٰلِكَ مِنْ فَضْلِ اللّٰهِ عَلَيْنَا وَعَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং আমি আমার পিতৃপুরুষ ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবের আদর্শ অনুসরণ করেছি। আল্লাহ্‌র সাথে কোন কিছুকে শরীক করা আমাদের জন্য সমীচীন নয়। এটি (মিল্লাতে ইবরাহীমের অনুসরণ) আমাদের ও সব মানুষের উপর আল্লাহ্‌র অনুগ্রহ, কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না।

يٰصَاحِبَيِ السِّجْنِ ءَاَرْبَابٌ مُّتَفَرِّقُوْنَ خَيْرٌ اَمِ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٣٩﴾

৩৯। হে আমার কারা-সঙ্গীদ্বয়! বিভিন্ন প্রতিপালক উত্তম, নাকি মহাপরাক্রমশালী এক আল্লাহ্?

مَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِهٖۤ اِلَّاۤ اَسْمَآءً سَمَّيْتُمُوْهَاۤ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّاۤ اَنْزَلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ اَمَرَ اَلَّا تَعْبُدُوْۤا اِلَّاۤ اِيَّاهُ ؕ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٤٠﴾

৪০। তাঁকে বাদ দিয়ে তোমরা কেবল কতগুলো নামের উপাসনা করছ, যেগুলোর নাম রেখেছ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা, যেগুলো সম্পর্কে কোন প্রমাণ আল্লাহ্ অবতীর্ণ করেননি। (ইবাদতের বিষয়ে) হুকুমের মালিক কেবল আল্লাহ্। তিনি নির্দেশ দিয়েছেন তাঁকে ছাড়া কারো ইবাদত না করতে। এটি সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

يٰصَاحِبَيِ السِّجْنِ اَمَّاۤ اَحَدُكُمَا فَيَسْقِيْ رَبَّهٗ خَمْرًا ؕ وَاَمَّا الْاٰخَرُ فَيُصْلَبُ فَتَاْكُلُ الطَّيْرُ مِنْ رَّاْسِهٖ ؕ قُضِيَ الْاَمْرُ الَّذِيْ فِيْهِ تَسْتَفْتِيٰنِ ﴿٤١﴾

৪১। হে আমার কারা-সঙ্গীদ্বয়! আর তোমাদের দু'জনের একজন তার প্রভুকে মদ পান করাবে, এবং অপরজনকে ক্রুশবিদ্ধ করা হবে, অতঃপর পাখি তার মাথা থেকে (অর্থাৎ মাথায় বসে) খাবে। যে বিষয়ে তোমরা দু'জন জিজ্ঞাসা করছ তার ফয়সালা হয়ে গেছে।'

وَقَالَ لِلَّذِيْ ظَنَّ اَنَّهٗ نَاجٍ مِّنْهُمَا اذْكُرْنِيْ عِنْدَ رَبِّكَ ۖ فَاَنْسٰىهُ الشَّيْطٰنُ ذِكْرَ رَبِّهٖ فَلَبِثَ فِي السِّجْنِ بِضْعَ سِنِيْنَ ﴿٤٢﴾

৪২। এবং তাদের দু'জনের মধ্যে যে মুক্তি পাবে বলে সে (ইউসুফ) ধারণা করল, তাকে বলল, 'তোমার প্রভুর কাছে আমার কথা বলো', কিন্তু শয়তান তাকে তার প্রভুর কাছে (বিষয়টি) উল্লেখ করতে ভুলিয়ে দিল, ফলে ইউসুফ কয়েক (তিন থেকে নয়) বছর কারাগারে অবস্থান করল।

وَقَالَ الْمَلِكُ اِنِّيْٓ اَرٰى سَبْعَ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعَ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ ۭ يٰٓاَيُّهَا الْمَلَاُ اَفْتُوْنِيْ فِيْ رُءْيَايَ اِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُوْنَ ۝۴۳

৪৩। এবং রাজা বলল, 'নিশ্চয় আমি স্বপ্নে দেখেছি সাতটি মোটাতাজা গাভী, তাদেরকে সাতটি শীর্ণকায় (গাভী) খেয়ে ফেলছে এবং (দেখেছি) সাতটি সবুজ শীষ ও অন্য (সাতটি) শুকনো (শীষ)। হে পরিষদবর্গ! যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যা করতে পার তবে আমার স্বপ্ন সম্পর্কে অভিমত (ফতওয়া) দাও।'

قَالُوْٓا اَضْغَاثُ اَحْلَامٍ ۚ وَمَا نَحْنُ بِتَاْوِيْلِ الْاَحْلَامِ بِعٰلِمِيْنَ ۝۴۴

৪৪। তারা বলল, 'এটা এলোমেলো স্বপ্ন এবং আমরা স্বপ্নের ব্যাখ্যায় অভিজ্ঞ নই'

وَقَالَ الَّذِيْ نَجَا مِنْهُمَا وَادَّكَرَ بَعْدَ اُمَّةٍ اَنَا اُنَبِّئُكُمْ بِتَاْوِيْلِهٖ فَاَرْسِلُوْنِ ۝۴۵

৪৫। এবং তাদের দু'জনের মধ্যে যে মুক্তি পেয়েছিল এবং একটি সময় পর স্মরণ করল সে বলল, 'আমি এর ব্যাখ্যা আপনাদেরকে জানিয়ে দেব, সুতরাং আপনারা আমাকে (ইউসুফের নিকট) প্রেরণ করুন।'

يُوْسُفُ اَيُّهَا الصِّدِّيْقُ اَفْتِنَا فِيْ سَبْعِ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعِ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ ۙ لَّعَلِّيْٓ اَرْجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُوْنَ ۝۴۶

৪৬। (সে বলল) 'হে ইউসুফ! হে সত্যবাদী! সাতটি মোটাতাজা গাভী, তাদেরকে সাতটি শীর্ণকায় (গাভী) খেয়ে ফেলছে এবং সাতটি সবুজ শীষ ও অন্য (সাতটি) শুকনো (শীষ) সম্পর্কে আপনি আমাদেরকে অভিমত (ফতওয়া) দিন, যাতে আমি লোকদের (রাজা ও পরিষদবর্গের) কাছে ফিরে যেতে পারি, যাতে তারা জানতে পারে।'

قَالَ تَزْرَعُوْنَ سَبْعَ سِنِيْنَ دَاَبًا ۚ فَمَا حَصَدْتُّمْ فَذَرُوْهُ فِيْ سُنْۢبُلِهٖٓ اِلَّا قَلِيْلًا مِّمَّا تَاْكُلُوْنَ ۝۴۷

৪৭। সে (ইউসুফ) বলল, তোমরা সাত বছর একাধারে চাষ করবে এবং তোমরা যে শস্য কাটবে তা শীষসহ রেখে দিবে সামান্য কিছু ছাড়া যা তোমরা খাবে।

ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ سَبْعٌ شِدَادٌ يَّاْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ اِلَّا قَلِيْلًا مِّمَّا تُحْصِنُوْنَ ۝۴۸

৪৮। অতঃপর এরপরে আসবে সাতটি কঠিন (বছর), যে (বছর) গুলো* খেয়ে ফেলবে এগুলোর জন্য তোমরা যা সঞ্চয় করবে, সামান্য কিছু ছাড়া যা তোমরা সংরক্ষণ করবে।

ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ يُغَاثُ النَّاسُ وَفِيْهِ يَعْصِرُوْنَ ۝۴۹ ع ١٢ ٦ রুকু ১৬

৪৯। অতঃপর এর (কঠিন সাত বছরের) পরে আসবে একটি বছর, যাতে মানুষকে বৃষ্টি দেয়া হবে এবং তাতে তারা (ফল) নিংড়াবে।*

وَقَالَ الْمَلِكُ ائْتُوْنِيْ بِهٖ ۚ فَلَمَّا جَاۗءَهُ الرَّسُوْلُ قَالَ ارْجِعْ اِلٰى رَبِّكَ فَسْـَٔـلْهُ مَا بَالُ النِّسْوَةِ الّٰتِيْ قَطَّعْنَ اَيْدِيَهُنَّ ۭ اِنَّ رَبِّيْ بِكَيْدِهِنَّ عَلِيْمٌ ۝۵۰

৫০। আর (এ ব্যাখ্যা শুনে) রাজা বলল, 'তোমরা তাকে (ইউসুফকে) আমার কাছে নিয়ে আস,' কিন্তু যখন বার্তাবাহক তার কাছে আসল তখন সে বলল, 'তুমি তোমার প্রভুর কাছে ফিরে যাও এবং তাকে জিজ্ঞেস কর, যে নারীরা হাত কেটে ফেলেছিল তাদের অবস্থা কী! নিশ্চয় আমার প্রতিপালক (আল্লাহ্) তাদের ষড়যন্ত্র সম্পর্কে ভালভাবে জানেন।'

قَالَ مَا خَطْبُكُنَّ اِذْ رَاوَدْتُّنَّ يُوْسُفَ عَنْ نَّفْسِهٖ ۭ قُلْنَ حَاشَ لِلّٰهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِنْ سُوْۗءٍ ۭ قَالَتِ امْرَاَتُ الْعَزِيْزِ الْـٰٔنَ حَصْحَصَ الْحَقُّ ڰ اَنَا رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ وَاِنَّهٗ لَمِنَ الصّٰدِقِيْنَ ۝۵۱

৫১। সে (নারীদেরকে) বলল, 'যখন তোমরা ইউসুফকে দৈহিক মিলনে প্ররোচনা দিয়েছিলে তখন তোমাদের ব্যাপার কী ছিল?' তারা বলল, মহিমা আল্লাহ্‌র, আমরা তার সম্পর্কে মন্দ কিছু জানি না।' আযিযের স্ত্রী বলল, 'এখন সত্য প্রকাশ পেয়ে গেল, আমি তাকে দৈহিক মিলনে প্ররোচনা দিয়েছিলাম, এবং সে অবশ্যই সত্যবাদীদের অন্তর্ভুক্ত।'

ذٰلِكَ لِيَعْلَمَ اَنِّيْ لَمْ اَخُنْهُ بِالْغَيْبِ وَاَنَّ اللّٰهَ لَا يَهْدِيْ كَيْدَ الْخَاۗىِٕنِيْنَ ۝۵۲

৫২। (ইউসুফ বলল) 'এটা এজন্য যাতে সে (আযিয) জানতে পারে যে, (তার) অনুপস্থিতিতে আমি তার প্রতি খিয়ানত (বিশ্বাসঘাতকতা) করিনি, এবং এও যে, আল্লাহ্ খিয়ানতকারীদের ষড়যন্ত্র সফল করেন না।

পারা-১৩

وَمَآ اُبَرِّئُ نَفْسِىْ ۚ اِنَّ النَّفْسَ لَاَمَّارَةٌ ۢ بِالسُّوْٓءِ اِلَّا مَا رَحِمَ رَبِّىْ ۚ اِنَّ رَبِّىْ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٥٣﴾

৫৩। এবং আমি নিজেকে নির্দোষ মনে করি না, নিশ্চয় (মানুষের) মন অবশ্যই মন্দকাজের কুমন্ত্রণাদাতা, তাকে ছাড়া, যার প্রতি আমার প্রতিপালক দয়া করেন। নিশ্চয় আমার প্রতিপালক অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

وَقَالَ الْمَلِكُ ائْتُوْنِىْ بِهٖٓ اَسْتَخْلِصْهُ لِنَفْسِىْ ۚ فَلَمَّا كَلَّمَهٗ قَالَ اِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِيْنٌ اَمِيْنٌ ﴿٥٤﴾

৫৪। এবং রাজা বলল, 'তাকে (ইউসুফকে) আমার কাছে নিয়ে আস, আমি তাকে একান্তভাবে আমার নিজের জন্য নিযুক্ত করব,' অতঃপর যখন সে (রাজা) তার সাথে কথা বলল, তখন বলল, 'নিশ্চয় তুমি আজ আমাদের কাছে প্রতিষ্ঠিত ও বিশ্বস্ত।'

قَالَ اجْعَلْنِىْ عَلٰى خَزَآئِنِ الْاَرْضِ ۚ اِنِّىْ حَفِيْظٌ عَلِيْمٌ ﴿٥٥﴾

৫৫। সে (ইউসুফ) বলল, 'আমাকে যমীনের (মিসরের) ধনভাণ্ডারসমূহের দায়িত্বে নিযুক্ত করুন,* নিশ্চয় আমি হেফাজতকারী ও বিজ্ঞ।'

وَكَذٰلِكَ مَكَّنَّا لِيُوْسُفَ فِى الْاَرْضِ ۚ يَتَبَوَّاُ مِنْهَا حَيْثُ يَشَآءُ ۗ نُصِيْبُ بِرَحْمَتِنَا مَنْ نَّشَآءُ وَلَا نُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿٥٦﴾

৫৬। এবং এভাবেই ইউসুফকে আমি যমীনে (মিসরে) প্রতিষ্ঠিত করলাম, তাতে যেখানে ইচ্ছা বাসস্থান গড়তে। আমি যাকে ইচ্ছা করি তার প্রতি দয়া করি এবং আমি সৎকর্মপরায়নদের কর্মফল নষ্ট করি না।

৭৫ ১৭ রুকূ ১

وَلَاَجْرُ الْاٰخِرَةِ خَيْرٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٥٧﴾

৫৭। আর অবশ্যই আখিরাতের প্রতিদান উত্তম তাদের জন্য যারা ঈমান এনেছে ও তাকওয়া অবলম্বন করত।

وَجَآءَ اِخْوَةُ يُوْسُفَ فَدَخَلُوْا عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٥٨﴾

৫৮। এবং ইউসুফের ভাইয়েরা (খাদ্য সামগ্রীর জন্য) আসল এবং তার কাছে প্রবেশ করল এবং সে তাদেরকে চিনল, অথচ তারা তাকে চিনতে পারল না।

وَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ قَالَ ائْتُوْنِىْ بِاَخٍ لَّكُمْ مِّنْ اَبِيْكُمْ ۚ اَلَا تَرَوْنَ اَنِّىْٓ اُوْفِى الْكَيْلَ وَاَنَا خَيْرُ الْمُنْزِلِيْنَ ﴿٥٩﴾

৫৯। এবং যখন সে তাদের (প্রয়োজনীয়) সামগ্রীর ব্যবস্থা করে দিল তখন সে বলল, 'তোমরা আমার কাছে তোমাদের বৈমাত্রেয় ভাইকে নিয়ে আস, তোমরা কি দেখছ না যে, আমি (খাদ্যের) পরিমাপ (বরাদ্দ) পুরোপুরি দেই এবং আমি উত্তম অতিথিপরায়ন?

فَاِنْ لَّمْ تَاْتُوْنِىْ بِهٖ فَلَا كَيْلَ لَكُمْ عِنْدِىْ وَلَا تَقْرَبُوْنِ ﴿٦٠﴾

৬০। কিন্তু যদি তোমরা তাকে আমার কাছে নিয়ে না আস তবে আমার কাছে তোমাদের জন্য (পরবর্তীতে) কোন পরিমাপ (বরাদ্দ) থাকবে না এবং (এমনকি) তোমরা আমার নিকটেও আসতে পারবে না।'

قَالُوْا سَنُرَاوِدُ عَنْهُ اَبَاهُ وَاِنَّا لَفٰعِلُوْنَ ﴿٦١﴾

৬১। তারা বলল, 'তার বিষয়ে আমরা তার পিতাকে রাজী করাতে চেষ্টা করব এবং নিশ্চয় আমরা (এটা) করব।'

وَقَالَ لِفِتْيٰنِهِ اجْعَلُوْا بِضَاعَتَهُمْ فِىْ رِحَالِهِمْ لَعَلَّهُمْ يَعْرِفُوْنَهَآ اِذَا انْقَلَبُوْٓا اِلٰٓى اَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٦٢﴾

৬২। এবং ইউসুফ তার চাকরদেরকে বলল, 'তাদের পণ্যমূল্য তাদের জিন-ব্যাগসমূহে রেখে দাও, যাতে পরিবার-পরিজনের কাছে ফিরে যাওয়ার পর তারা তা চিনতে পারে- যাতে তারা ফিরে আসতে পারে।'

فَلَمَّا رَجَعُوْٓا اِلٰٓى اَبِيْهِمْ قَالُوْا يٰٓاَبَانَا مُنِعَ مِنَّا الْكَيْلُ فَاَرْسِلْ مَعَنَآ اَخَانَا نَكْتَلْ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ﴿٦٣﴾

৬৩। অতঃপর যখন তারা তাদের পিতার কাছে ফিরে আসল তখন তারা বলল, 'হে আমাদের পিতা! আমাদের জন্য পরিমাপ (বরাদ্দ) নিষেধ করা হয়েছে, সুতরাং আমাদের ভাইকে* আমাদের সাথে প্রেরণ করুন যাতে আমরা পরিমাপ (বরাদ্দ) পেতে পারি এবং নিশ্চয় আমরা অবশ্যই তার রক্ষণাবেক্ষণকারী।'

قَالَ هَلْ اٰمَنُكُمْ عَلَيْهِ اِلَّا كَمَآ اَمِنْتُكُمْ عَلٰٓى اَخِيْهِ مِنْ قَبْلُ ۗ فَاللّٰهُ خَيْرٌ حٰفِظًا ۖ وَّهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٦٤﴾

৬৪। সে বলল, 'আমি কি তোমাদেরকে তার সম্পর্কে সেরূপ বিশ্বাস করব, যেরূপ বিশ্বাস ইতঃপূর্বে তোমাদেরকে করেছিলাম তার ভাই সম্পর্কে? আর আল্লাহ্ই রক্ষণাবেক্ষণকারী হিসেবে উত্তম এবং তিনি সর্বশ্রেষ্ঠ দয়ালু।'

৬৫। এবং যখন তারা তাদের দ্রব্য সামগ্রী খুলল তখন তারা দেখতে পেল তাদের পণ্যমূল্য তাদেরকে ফিরিয়ে দেয়া হয়েছে । তারা বলল, 'হে আমাদের পিতা! আমরা আর কী প্রত্যাশা করতে পারি? এই আমাদের পণ্যমূল্য, আমাদেরকে ফিরিয়ে দেয়া হয়েছে, এবং আমরা আমাদের পরিবার-পরিজনের জন্য খাদ্য-সামগ্রী এনে দেব এবং আমরা আমাদের ভাইকে রক্ষণাবেক্ষণ করব এবং (আরও) এক উট বোঝাই পরিমাপ (বরাদ্দ) বৃদ্ধি করব। এটি (যা এনেছি তা) সামান্য পরিমাপ (বরাদ্দ)।'

وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ وَجَدُوْا بِضَاعَتَهُمْ رُدَّتْ اِلَيْهِمْ ؕ قَالُوْا
يٰۤاَبَانَا مَا نَبْغِيْ ؕ هٰذِهٖ بِضَاعَتُنَا رُدَّتْ اِلَيْنَا ۚ وَنَمِيْرُ اَهْلَنَا وَ
نَحْفَظُ اَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيْرٍ ؕ ذٰلِكَ كَيْلٌ يَّسِيْرٌ ﴿٦٥﴾

৬৬। সে (পিতা) বলল, 'আমি তাকে কখনো তোমাদের সাথে পাঠাব না যতক্ষণ না তোমরা আল্লাহ্‌র নামে অঙ্গীকার কর যে, তোমরা তাকে অবশ্যই আমার কাছে নিয়ে আসবে যদি না তোমরা (শত্রু দ্বারা) পরিবেষ্টিত হয়ে পড়,' অতঃপর যখন তারা তার সাথে অঙ্গীকার করল তখন সে বলল, 'আমরা যে বিষয়ে কথা বলছি আল্লাহ্ তার তত্ত্বাবধায়ক।'

قَالَ لَنْ اُرْسِلَهٗ مَعَكُمْ حَتّٰى تُؤْتُوْنِ مَوْثِقًا مِّنَ اللّٰهِ لَتَاْتُنَّنِيْ
بِهٖۤ اِلَّاۤ اَنْ يُّحَاطَ بِكُمْ ۚ فَلَمَّاۤ اٰتَوْهُ مَوْثِقَهُمْ قَالَ اللّٰهُ عَلٰى مَا
نَقُوْلُ وَكِيْلٌ ﴿٦٦﴾

৬৭। এবং সে বলল, 'হে আমার পুত্ররা! তোমরা একটি দরজা দিয়ে প্রবেশ করো না, বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ কর।* আর আল্লাহ্‌র (ফয়সালার) বিরুদ্ধে আমি তোমাদের জন্য কিছুই করতে পারব না। হুকুম (ফয়সালা) আল্লাহ্‌রই। তাঁরই উপর আমি ভরসা করি, এবং তাঁরই উপর ভরসাকারীরা যেন ভরসা করে।'

وَقَالَ يٰبَنِيَّ لَا تَدْخُلُوْا مِنْۢ بَابٍ وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ
مُّتَفَرِّقَةٍ ؕ وَمَاۤ اُغْنِيْ عَنْكُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ
عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ﴿٦٧﴾

৬৮। এবং যখন তারা তাদের পিতা তাদেরকে যেভাবে নির্দেশ দিয়েছিল সেভাবে প্রবেশ করল, তখন আল্লাহ্‌র (ফয়সালার) বিরুদ্ধে তা তাদের কোন কাজে আসেনি, এছাড়া যে, (এটি ছিল) ইয়াকুবের মনের একটি প্রয়োজন যা সে পূর্ণ করেছিল এবং নিশ্চয় সে (ছিল) জ্ঞানবান, কারণ আমি তাকে শিক্ষা দিয়েছিলাম, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

ع ٨ ١١ ٢ ٨ রুকু ٢

وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِيْ عَنْهُمْ
مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ اِلَّا حَاجَةً فِيْ نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ وَاِنَّهٗ لَذُوْ
عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦٨﴾

৬৯। এবং তারা যখন ইউসুফের কাছে প্রবেশ করল তখন সে তার (সহোদর) ভাইকে তার কাছে আশ্রয় দিল এবং বলল, 'নিশ্চয় আমি তোমার ভাই, সুতরাং তারা যা করত তার জন্য দুঃখিত হয়ো না।'

وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ اِنِّيْۤ اَنَا۠ اَخُوْكَ
فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٩﴾

৭০। অতঃপর যখন সে তাদের প্রয়োজনীয় সামগ্রীর ব্যবস্থা করে দিল তখন সে তার (সহোদর) ভাইয়ের জিন-ব্যাগের মধ্যে পানপাত্র রেখে দিল, এরপর এক ঘোষণাকারী করল, 'হে কাফেলা! নিশ্চয় তোমরা অবশ্যই চোর।'

فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ جَعَلَ السِّقَايَةَ فِيْ رَحْلِ اَخِيْهِ ثُمَّ
اَذَّنَ مُؤَذِّنٌ اَيَّتُهَا الْعِيْرُ اِنَّكُمْ لَسٰرِقُوْنَ ﴿٧٠﴾

৭১। তারা তাদের দিকে ফিরে বলল, 'তোমরা কী হারিয়েছ?'

قَالُوْا وَاَقْبَلُوْا عَلَيْهِمْ مَّاذَا تَفْقِدُوْنَ ﴿٧١﴾

৭২। তারা বলল, 'আমরা রাজার পানপাত্র হারিয়েছি, আর যে তা এনে দিবে সে এক উট বোঝাই (মাল) পাবে এবং আমি এর জামিনদার।'

قَالُوْا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ وَلِمَنْ جَآءَ بِهٖ حِمْلُ بَعِيْرٍ وَّاَنَا۠ بِهٖ
زَعِيْمٌ ﴿٧٢﴾

৭৩। তারা বলল, 'আল্লাহ্‌র কসম! তোমরা অবশ্যই জান আমরা এ যমীনে (মিসরে) ফ্যাসাদ সৃষ্টি করতে আসিনি এবং আমরা চোরও নই।'

قَالُوْا تَاللّٰهِ لَقَدْ عَلِمْتُمْ مَّا جِئْنَا لِنُفْسِدَ فِي الْاَرْضِ وَمَا كُنَّا
سٰرِقِيْنَ ﴿٧٣﴾

৭৪। তারা বলল, 'যদি তোমরা মিথ্যাবাদী হও তবে তার প্রতিফল কী?

قَالُوْا فَمَا جَزَآؤُهٗۤ اِنْ كُنْتُمْ كٰذِبِيْنَ ﴿٧٤﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالُوْا جَزَآؤُهٗ مَنْ وُّجِدَ فِيْ رَحْلِهٖ فَهُوَ جَزَآؤُهٗ ؕ كَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ﴿٧٥﴾

৭৫। তারা বলল, 'এর প্রতিফল হলো, যার জিন-ব্যাগের মধ্যে এটি পাওয়া যাবে, (স্বয়ং) সে-ই তার প্রতিফল (বিনিময়)। এভাবেই আমরা জালিমদেরকে শাস্তি দেই।'

فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ؕ كَذٰلِكَ كِدْنَا لِيُوْسُفَ ؕ مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِيْ دِيْنِ الْمَلِكِ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ وَفَوْقَ كُلِّ ذِيْ عِلْمٍ عَلِيْمٌ ﴿٧٦﴾

৭৬। অতঃপর সে তার (সহোদর) ভাইয়ের ব্যাগের (তল্লাশির) পূর্বে তাদের ব্যাগসমূহ দিয়ে (তল্লাশি) শুরু করল, এরপর তার ব্যাগ থেকে এটি (পাত্রটি) বের করল। এভাবেই আমি ইউসুফের জন্য কৌশল করেছিলাম। আল্লাহ্ ইচ্ছা না করলে রাজার বিধানে তার ভাইকে সে (নিজের কাছে) রাখতে পারত না। আমি যাকে ইচ্ছা করি তাকে মর্যাদায় উন্নীত করি। আর প্রত্যেক জ্ঞানী ব্যক্তির উপর আছেন একজন সর্বজ্ঞানী (আল্লাহ্)।

قَالُوْۤا اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ مِنْ قَبْلُ ۚ فَاَسَرَّهَا يُوْسُفُ فِيْ نَفْسِهٖ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ قَالَ اَنْتُمْ شَرٌّ مَّكَانًا ۚ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا تَصِفُوْنَ ﴿٧٧﴾

৭৭। তারা বলল, 'সে যদি চুরি করে থাকে তবে (অস্বাভাবিক নয় কারণ) তার ভাইও তো পূর্বে চুরি* করেছিল,' কিন্তু ইউসুফ তা (প্রকৃত ব্যাপার) তার মনে গোপন রাখল এবং তাদের কাছে তা প্রকাশ করল না, সে (মনে মনে) বলল, 'তোমরা অবস্থানের দিক থেকে নিকৃষ্টতর, এবং তোমরা যা বর্ণনা করছ সে সম্পর্কে আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন।'

قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ اِنَّ لَهٗۤ اَبًا شَيْخًا كَبِيْرًا فَخُذْ اَحَدَنَا مَكَانَهٗ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿٧٨﴾

৭৮। তারা বলল, 'হে আযিয, নিশ্চয় তার একজন পিতা রয়েছেন (যিনি) অতি বৃদ্ধ, সুতরাং তার স্থানে আপনি আমাদের একজনকে রাখুন, নিশ্চয় আমরা আপনাকে দেখছি মহানুভব ব্যক্তিদের অন্তর্ভুক্ত।'

قَالَ مَعَاذَ اللّٰهِ اَنْ نَّاْخُذَ اِلَّا مَنْ وَّجَدْنَا مَتَاعَنَا عِنْدَهٗۤ ۙ اِنَّاۤ اِذًا لَّظٰلِمُوْنَ ﴿٧٩﴾

৭৯। সে বলল, 'যার কাছে আমরা আমাদের দ্রব্যসামগ্রী (পানপাত্র) পেয়েছি, তাকে ছাড়া অন্যকে রাখা থেকে আমরা আল্লাহ্র আশ্রয় চাচ্ছি, সেক্ষেত্রে নিশ্চয় আমরা অবশ্যই জালিম হয়ে যাব।'

রুকু ৭ আ ৭৯

فَلَمَّا اسْتَيْـَٔسُوْا مِنْهُ خَلَصُوْا نَجِيًّا ؕ قَالَ كَبِيْرُهُمْ اَلَمْ تَعْلَمُوْۤا اَنَّ اَبَاكُمْ قَدْ اَخَذَ عَلَيْكُمْ مَّوْثِقًا مِّنَ اللّٰهِ وَمِنْ قَبْلُ مَا فَرَّطْتُّمْ فِيْ يُوْسُفَ ۚ فَلَنْ اَبْرَحَ الْاَرْضَ حَتّٰى يَاْذَنَ لِيْۤ اَبِيْۤ اَوْ يَحْكُمَ اللّٰهُ لِيْ ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿٨٠﴾

৮০। অতঃপর যখন তারা তার ব্যাপারে নিরাশ হল তখন তারা গোপনে কথা বলতে নির্জনে গেল। তাদের বড় জন বলল, 'তোমরা কি জান না যে, তোমাদের পিতা তোমাদের কাছ থেকে আল্লাহ্র নামে অঙ্গীকার নিয়েছেন এবং পূর্বেও তোমরা ইউসুফের ব্যাপারে অবহেলা করেছিলে? সুতরাং আমি কখনো এ যমীন (মিসর) ত্যাগ করব না যতক্ষণ না আমার পিতা আমাকে অনুমতি দেন অথবা আল্লাহ্ আমার জন্য (অন্য কোন) ফয়সালা করেন, এবং তিনি উত্তম ফয়সালাকারী।'

اِرْجِعُوْۤا اِلٰۤى اَبِيْكُمْ فَقُوْلُوْا يٰۤاَبَانَاۤ اِنَّ ابْنَكَ سَرَقَ ۚ وَمَا شَهِدْنَاۤ اِلَّا بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيْنَ ﴿٨١﴾

৮১। তোমরা তোমাদের পিতার কাছে ফিরে যাও এবং বল, 'হে আমাদের পিতা! নিশ্চয় আপনার ছেলে চুরি করেছে, এবং আমরা যা জেনেছি তারই সাক্ষী দিচ্ছি এবং আমরা অদৃশ্যের ব্যাপারে সংরক্ষণকারী নই।

وَسْـَٔلِ الْقَرْيَةَ الَّتِيْ كُنَّا فِيْهَا وَالْعِيْرَ الَّتِيْۤ اَقْبَلْنَا فِيْهَا ۫ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿٨٢﴾

৮২। আর যে জনপদে আমরা ছিলাম তাকে (তার অধিবাসীদেরকে) জিজ্ঞাসা করুন এবং যে কাফেলার সাথে আমরা এসেছি তাদেরকেও। এবং নিশ্চয় আমরা অবশ্যই সত্যবাদী।'

قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ اَنْفُسُكُمْ اَمْرًا ؕ فَصَبْرٌ جَمِيْلٌ ؕ عَسَى اللّٰهُ اَنْ يَّاْتِيَنِيْ بِهِمْ جَمِيْعًا ؕ اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿٨٣﴾

৮৩। সে (ইয়াকুব) বলল, 'বরং (তার ব্যাপারে) তোমাদের মন তোমাদেরকে (কোন) একটি কাজ করতে প্ররোচিত করেছে, সুতরাং সুন্দরভাবে ধৈর্য ধারণই (উত্তম)। শীঘ্রই আল্লাহ্ এদের সবাইকে আমার কাছে এনে দিবেন। নিশ্চয় তিনি সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰٓاَسَفٰى عَلٰى يُوْسُفَ وَابْيَضَّتْ عَيْنٰهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيْمٌ ﴿٨٤﴾

৮৪। এবং সে তাদের থেকে মুখ ফিরিয়ে নিল এবং বলল, 'হায়! ইউসুফের জন্য আমার আফসোস,' এবং শোকে তার দুই চোখ সাদা হয়ে গেল, কারণ সে ছিল দুঃখভারাক্রান্ত।

قَالُوْا تَاللّٰهِ تَفْتَؤُا تَذْكُرُ يُوْسُفَ حَتّٰى تَكُوْنَ حَرَضًا اَوْ تَكُوْنَ مِنَ الْهٰلِكِيْنَ ﴿٨٥﴾

৮৫। তারা বলল, 'আল্লাহ্‌র কসম! আপনি তো ইউসুফের কথা সবসময় স্মরণ করতেই থাকবেন যতক্ষণ না আপনি গুরুতর অসুস্থ হবেন, অথবা ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবেন (মৃত্যু বরণ করবেন)।'

قَالَ اِنَّمَآ اَشْكُوْا بَثِّيْ وَحُزْنِيْٓ اِلَى اللّٰهِ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٨٦﴾

৮৬। সে বলল, 'আমি আমার অসহনীয় কষ্ট ও আমার দুঃখের অভিযোগ করছি কেবল আল্লাহ্‌র কাছে এবং আমি আল্লাহ্‌র কাছ থেকে যা জানি তোমরা তা জান না।

يٰبَنِيَّ اذْهَبُوْا فَتَحَسَّسُوْا مِنْ يُّوْسُفَ وَاَخِيْهِ وَلَا تَايْـَٔسُوْا مِنْ رَّوْحِ اللّٰهِ ۭ اِنَّهٗ لَا يَايْـَٔسُ مِنْ رَّوْحِ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْكٰفِرُوْنَ ﴿٨٧﴾

৮৭। হে আমার পুত্ররা! তোমরা যাও, ইউসুফ ও তার ভাইয়ের অনুসন্ধান কর এবং আল্লাহ্‌র অনুগ্রহ থেকে তোমরা হতাশ হয়ো না। নিশ্চয় কাফির সম্প্রদায় ছাড়া আল্লাহ্‌র অনুগ্রহ থেকে কেউ হতাশ হয় না।'

فَلَمَّا دَخَلُوْا عَلَيْهِ قَالُوْا يٰٓاَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا وَاَهْلَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجٰىةٍ فَاَوْفِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا ۭ اِنَّ اللّٰهَ يَجْزِي الْمُتَصَدِّقِيْنَ ﴿٨٨﴾

৮৮। অতঃপর যখন তারা তার কাছে প্রবেশ করল তখন বলল, 'হে আযিয! আমাদেরকে ও আমাদের পরিবার-পরিজনকে দুঃখ-দুর্দশা স্পর্শ করেছে এবং আমরা অল্প পণ্যমূল্য নিয়ে এসেছি, সুতরাং আপনি আমাদের পরিমাপ (বরাদ্দ) পুরোপরি দিন এবং আমাদেরকে সদকা করুন। নিশ্চয় আল্লাহ্ সদকাকারীদেরকে প্রতিদান দেন।'

قَالَ هَلْ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوْسُفَ وَاَخِيْهِ اِذْ اَنْتُمْ جٰهِلُوْنَ ﴿٨٩﴾

৮৯। সে বলল, 'তোমরা কি জান, তোমরা ইউসুফ ও তার ভাইয়ের সাথে কি (আচরণ) করেছিলে, যখন তোমরা ছিলে অজ্ঞ?'

قَالُوْٓا ءَاِنَّكَ لَاَنْتَ يُوْسُفُ ۭ قَالَ اَنَا يُوْسُفُ وَهٰذَآ اَخِيْ ۡ قَدْ مَنَّ اللّٰهُ عَلَيْنَا ۭ اِنَّهٗ مَنْ يَّتَّقِ وَيَصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿٩٠﴾

৯০। তারা বলল, 'তুমিই কি অবশ্যই ইউসুফ?' সে বলল, 'আমিই ইউসুফ এবং এই আমার ভাই; আল্লাহ্ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন। নিশ্চয় যে তাকওয়া অবলম্বন করে ও ধৈর্য ধারণ করে, তবে নিশ্চয় আল্লাহ্ (সেরূপ) সৎকর্মপরায়নদের কর্মফল নষ্ট করেন না।'

قَالُوْا تَاللّٰهِ لَقَدْ اٰثَرَكَ اللّٰهُ عَلَيْنَا وَاِنْ كُنَّا لَخٰطِـِٕيْنَ ﴿٩١﴾

৯১। তারা বলল, 'আল্লাহ্‌র কসম! অবশ্যই আল্লাহ্ তোমাকে আমাদের উপর প্রাধান্য দিয়েছেন এবং আমরা অবশ্যই অপরাধী ছিলাম।'

قَالَ لَا تَثْرِيْبَ عَلَيْكُمُ الْيَوْمَ ۭ يَغْفِرُ اللّٰهُ لَكُمْ ۡ وَهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٩٢﴾

৯২। সে বলল, 'আজ তোমাদের বিরুদ্ধে কোন তিরস্কার নেই। আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন; আর তিনি সর্বশ্রেষ্ঠ দয়ালু।'

اِذْهَبُوْا بِقَمِيْصِيْ هٰذَا فَاَلْقُوْهُ عَلٰى وَجْهِ اَبِيْ يَاْتِ بَصِيْرًا ۚ وَاْتُوْنِيْ بِاَهْلِكُمْ اَجْمَعِيْنَ ﴿٩٣﴾

পারা ১৩ রুকু ১০ ৪

৯৩। তোমরা আমার এই জামাটি নিয়ে যাও এবং এটি আমার পিতার চেহারার উপর রেখো, তিনি দৃষ্টিশক্তি ফিরে পাবেন, আর তোমাদের পরিবারের সবাইকে আমার কাছে নিয়ে এসো।'

وَلَمَّا فَصَلَتِ الْعِيْرُ قَالَ اَبُوْهُمْ اِنِّىْ لَاَجِدُ رِيْحَ يُوْسُفَ لَوْلَآ اَنْ تُفَنِّدُوْنِ ﴿٩٤﴾

৯৪। এবং যখন যাত্রীদল (মিসর) প্রস্থান করল তখন তাদের পিতা বলল, 'নিশ্চয় আমি ইউসুফের ঘ্রাণ পাচ্ছি- যদি তোমরা আমাকে পাগল মনে না কর।'

قَالُوْا تَاللّٰهِ اِنَّكَ لَفِيْ ضَلٰلِكَ الْقَدِيْمِ ﴿٩٥﴾

৯৫। তারা বলল, 'আল্লাহ্‌র কসম! নিশ্চয় আপনি অবশ্যই আপনার পুরনো বিভ্রান্তিতে রয়েছেন।'*

فَلَمَّآ اَنْ جَآءَ الْبَشِيْرُ اَلْقٰىهُ عَلٰى وَجْهِهٖ فَارْتَدَّ بَصِيْرًا ۚ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ ۚ اِنِّيْٓ اَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٩٦﴾

৯৬। অতঃপর যখন সুসংবাদবাহক আসল এবং তার চেহারার উপর জামাটি রাখল তখন সে দৃষ্টি শক্তি ফিরে পেল, সে বলল, 'আমি কি তোমাদেরকে বলিনি যে, আমি আল্লাহ্‌র নিকট থেকে তা জানি যা তোমরা জান না?'

قَالُوْا يٰٓاَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَآ اِنَّا كُنَّا خٰطِـِٕيْنَ ﴿٩٧﴾

৯৭। তারা বলল, 'হে আমাদের পিতা! আমাদের অপরাধসমূহের জন্য ক্ষমা প্রার্থনা করুন, নিশ্চয় আমরা অপরাধী ছিলাম।'

قَالَ سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّيْ ۭ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٩٨﴾

৯৮। সে বলল, 'অচিরেই আমি আমার প্রতিপালকের কাছে তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করব। নিশ্চয় তিনিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

فَلَمَّا دَخَلُوْا عَلٰي يُوْسُفَ اٰوٰٓى اِلَيْهِ اَبَوَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرَ اِنْ شَاۗءَ اللّٰهُ اٰمِنِيْنَ ﴿٩٩﴾

৯৯। অতঃপর যখন তারা ইউসুফের কাছে প্রবেশ করল তখন সে তার পিতা-মাতাকে তার কাছে আশ্রয় দিল এবং বলল, 'আপনারা মিসরে প্রবেশ করুন, আল্লাহ্‌র ইচ্ছায়, নিরাপদে।'

وَرَفَعَ اَبَوَيْهِ عَلَي الْعَرْشِ وَخَرُّوْا لَهٗ سُجَّدًا ۚ وَقَالَ يٰٓاَبَتِ هٰذَا تَاْوِيْلُ رُءْيَايَ مِنْ قَبْلُ ۡ قَدْ جَعَلَهَا رَبِّيْ حَقًّا ۭ وَقَدْ اَحْسَنَ بِيْٓ اِذْ اَخْرَجَنِيْ مِنَ السِّجْنِ وَجَاۗءَ بِكُمْ مِّنَ الْبَدْوِ مِنْۢ بَعْدِ اَنْ نَّزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ ۭ اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَاۗءُ ۭ اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿١٠٠﴾

১০০। সে তার পিতা-মাতাকে সিংহাসনে বসাল এবং তারা সবাই তার প্রতি সিজদায় পড়ে গেল এবং সে বলল, 'হে আমার পিতা! এটাই আমার পূর্বের স্বপ্নের ব্যাখ্যা; আমার প্রতিপালক তা সত্যে পরিণত করেছেন। এবং তিনি আমার প্রতি অনুগ্রহ করেছেন যখন তিনি আমাকে কারাগার থেকে মুক্ত করেছেন এবং শয়তান আমার মাঝে ও আমার ভাইদের মাঝে (বিচ্ছেদের) প্ররোচনা দেয়ার পরও আপনাদেরকে মরু অঞ্চল থেকে এখানে নিয়ে এসেছেন। নিশ্চয় আমার প্রতিপালক সুক্ষদর্শী তাতে যা তিনি ইচ্ছা করেন। নিশ্চয় তিনিই সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

رَبِّ قَدْ اٰتَيْتَنِيْ مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِيْ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ ۚ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ڎ اَنْتَ وَلِيّٖ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ تَوَفَّنِيْ مُسْلِمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿١٠١﴾

১০১। হে আমার প্রতিপালক! আপনি আমাকে রাজত্বের কিছু (ক্ষমতা) দান করেছেন এবং স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিয়েছেন, (হে) আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিকর্তা! আপনি দুনিয়া ও আখিরাতে আমার অভিভাবক, আপনি আমাকে মুসলিম হিসেবে মৃত্যু দিন এবং আমাকে সৎকর্মশীলদের সাথে মিলিত করুন।'

ذٰلِكَ مِنْ اَنْۢبَاۗءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ اَجْمَعُوْٓا اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ﴿١٠٢﴾

১০২। এটি অদৃশ্যের সংবাদ যা আমি তোমার প্রতি ওহী করছি,* আর তুমি তাদের সাথে ছিলে না যখন তারা ষড়যন্ত্রকালে তাদের বিষয়ে (পরিকল্পনায়) একমত হয়েছিল।

وَمَآ اَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ بِمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾

১০৩। কিন্তু অধিকাংশ মানুষ মু'মিন নয়- যদিও তুমি আগ্রহী হও।

وَمَا تَسْـَٔـلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۭ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٤﴾

১০৪। এবং তুমি তাদের কাছে এজন্য কোন প্রতিদানও চাচ্ছ না। এটি (কুরআন) জগৎসমূহের (মানব জাতির) জন্য একটি উপদেশ ছাড়া আর কিছু নয়।

রুকু ১১ = ৫

وَكَاَيِّنْ مِّنْ اٰيَةٍ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَمُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُعْرِضُوْنَ ﴿١٠٥﴾

১০৫। আর কত নিদর্শনই রয়েছে আকাশসমূহে ও পৃথিবীতে, তারা এগুলোর পাশ দিয়ে চলাচল করে, অথচ তারা এগুলোকে উপেক্ষা করে।

وَمَا يُؤْمِنُ اَكْثَرُهُمْ بِاللّٰهِ اِلَّا وَهُمْ مُّشْرِكُوْنَ ﴿١٠٦﴾

১০৬। এবং তাদের অধিকাংশই আল্লাহ্‌র প্রতি ঈমান আনে না এ ছাড়া (অর্থাৎ ঈমান আনে) যখন তারা শরীক করে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَفَاَمِنُوْٓا اَنْ تَاْتِيَهُمْ غَاشِيَةٌ مِّنْ عَذَابِ اللّٰهِ اَوْ تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٠٧﴾

১০৭। তবে কি তারা (নিজেদেরকে) নিরাপদ মনে করেছে আল্লাহ্‌র সর্বগ্রাসী শাস্তি আসা থেকে অথবা তাদের নিকট হঠাৎ কিয়ামত আসা থেকে, যখন তারা টেরও পাবে না?

قُلْ هٰذِهٖ سَبِيْلِيْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ ۣ عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِيْ ؕ وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٨﴾

১০৮। বল, 'এটাই আমার পথ; আমি এবং আমার অনুসারীরা নিশ্চিত জ্ঞানের ভিত্তিতে আল্লাহ্‌র প্রতি মানুষকে আহ্বান করি। আর আল্লাহ্ পবিত্র এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই।'

وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ مِّنْ اَهْلِ الْقُرٰى ؕ اَفَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ وَلَدَارُ الْاٰخِرَةِ خَيْرٌ لِّلَّذِيْنَ اتَّقَوْا ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٠٩﴾

১০৯। আর তোমার পূর্বে আমি মানুষকেই (রাসূল হিসেবে) প্রেরণ করেছিলাম, জনপদবাসীর মধ্য থেকে যাদেরকে আমি ওহী করেছিলাম। তবে কি তারা পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি কেমন ছিল তাদের পূর্ববর্তীদের পরিণাম? যারা তাকওয়া অবলম্বন করেছে তাদের জন্য পরকালের আবাসই উত্তম। তবে কি তোমরা অনুধাবন কর না?

حَتّٰٓى اِذَا اسْتَيْئَسَ الرُّسُلُ وَظَنُّوْٓا اَنَّهُمْ قَدْ كُذِبُوْا جَآءَهُمْ نَصْرُنَا ۙ فَنُجِّيَ مَنْ نَّشَآءُ ؕ وَلَا يُرَدُّ بَاْسُنَا عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ ﴿١١٠﴾

১১০। অবশেষে যখন রাসূলরা (লোকদের থেকে) নিরাশ হল এবং মনে করল যে, তাদেরকে অস্বীকার করা হয়েছে, তখন তাদের কাছে আমার সাহায্য আসল। এভাবে আমি যাকে ইচ্ছা করেছি তাকে উদ্ধার করা হয়েছে। কিন্তু অপরাধী সম্প্রদায় হতে আমার শাস্তি নিবৃত্ত করা হয় না।

لَقَدْ كَانَ فِيْ قَصَصِهِمْ عِبْرَةٌ لِّاُولِي الْاَلْبَابِ ؕ مَا كَانَ حَدِيْثًا يُّفْتَرٰى وَلٰكِنْ تَصْدِيْقَ الَّذِيْ بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ كُلِّ شَيْءٍ وَّهُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿١١١﴾

১১১। অবশ্যই তাদের ঘটনাবলিতে বুদ্ধিমানদের জন্য শিক্ষা রয়েছে। এটি (কুরআন) এমন কথা নয় যা রচনা করা হয়েছে, বরং এটি এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারী, প্রত্যেক বিষয়ের বিস্তারিত বর্ণনা এবং মু'মিন সম্প্রদায়ের জন্য পথনির্দেশিকা ও দয়াস্বরূপ।

ع ١٢ ٧ ١٢ রুকূ ৬

١٣-سُوْرَةُ الرَّعْدِ-مَدَنِيَّةٌ
اٰيَاتُهَا-٤٣، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১৩. সূরা আর-রা'দ, মাদানী
৪৩ আয়াত, ৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

الٓمّٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ ۭ وَالَّذِيْٓ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ الْحَقُّ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ①

১। আলিফ-লাম-মীম-রা। এগুলো কিতাবের আয়াত। এবং যা তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি অবতীর্ণ করা হয়েছে তা সত্য, কিন্তু অধিকাংশ মানুষ ঈমান আনে না।

اَللّٰهُ الَّذِيْ رَفَعَ السَّمٰوٰتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۭ كُلٌّ يَّجْرِيْ لِاَجَلٍ مُّسَمًّى ۭ يُدَبِّرُ الْاَمْرَ يُفَصِّلُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ بِلِقَاۗءِ رَبِّكُمْ تُوْقِنُوْنَ ②

২। তিনিই আল্লাহ্, যিনি কোন খুঁটি ছাড়াই আকাশসমূহকে উঁচু করেছেন যা তোমরা দেখছ, এরপর তিনি আরশে সমাসীন হলেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করলেন। প্রতিটি একটি নির্দিষ্ট সময়ের জন্য চলছে। তিনি সকল বিষয় পরিচালনা করেন এবং আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করেন, যাতে তোমরা তোমাদের প্রতিপালকের সাথে সাক্ষাৎ সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করতে পার।

وَهُوَ الَّذِيْ مَدَّ الْاَرْضَ وَجَعَلَ فِيْهَا رَوَاسِيَ وَاَنْهٰرًا ۭ وَمِنْ كُلِّ الثَّمَرٰتِ جَعَلَ فِيْهَا زَوْجَيْنِ اثْنَيْنِ يُغْشِي الَّيْلَ النَّهَارَ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ③

৩। এবং তিনিই পৃথিবীকে বিস্তৃত করেছেন এবং তাতে বানিয়েছেন সুদৃঢ় পর্বতমালা ও নহরসমূহ। এবং বানিয়েছেন প্রত্যেক (প্রকারের) ফল থেকে এক জোড়া-দু'টি করে, তিনি রাতকে দিন দ্বারা আচ্ছাদিত করেন। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

وَفِي الْاَرْضِ قِطَعٌ مُّتَجٰوِرٰتٌ وَّجَنّٰتٌ مِّنْ اَعْنَابٍ وَّزَرْعٌ وَّنَخِيْلٌ صِنْوَانٌ وَّغَيْرُ صِنْوَانٍ يُّسْقٰى بِمَاۗءٍ وَّاحِدٍ ۣ وَنُفَضِّلُ بَعْضَهَا عَلٰي بَعْضٍ فِي الْاُكُلِ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ④

৪। এবং পৃথিবীতে রয়েছে পরস্পর সংলগ্ন ভূখণ্ড, আঙ্গুর বাগান, শস্যক্ষেত্র, একাধিক শাখাবিশিষ্ট অথবা এক শাখাবিশিষ্ট খেজুর গাছ যা একই পানিতে সিঞ্চিত। আর ফলের দিক থেকে তাদের কিছুকে আমি কিছুর উপর মর্যাদা দিয়ে থাকি। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

وَاِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُرٰبًا ءَاِنَّا لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ۭ اُولٰۗىِٕكَ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ ۚ وَاُولٰۗىِٕكَ الْاَغْلٰلُ فِيْٓ اَعْنَاقِهِمْ ۚ وَاُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ⑤

৫। এবং যদি তুমি বিস্মিত হও, তবে বিস্ময়কর তো তাদের এ কথা, 'যখন আমরা মাটিতে পরিণত হব তখনও কি আমরা অবশ্যই নতুন সৃষ্টিতে পরিণত হব?' ওরাই তারা যারা তাদের প্রতিপালককে অবিশ্বাস করেছে, এবং তাদেরই গলায় থাকবে (লোহার) বেড়ি, এবং তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে।

وَيَسْتَعْجِلُوْنَكَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ وَقَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمُ الْمَثُلٰتُ ۭ وَاِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ لِّلنَّاسِ عَلٰي ظُلْمِهِمْ ۚ وَاِنَّ رَبَّكَ لَشَدِيْدُ الْعِقَابِ ⑥

৬। এবং কল্যাণের পূর্বে তারা তোমাকে অকল্যাণ তাড়াতাড়ি করতে বলে,* অথচ তাদের পূর্বে অনুরূপ শাস্তি গত হয়েছে। এবং নিশ্চয় তোমার প্রতিপালক মানুষের প্রতি অবশ্যই ক্ষমাশীল- তাদের জুলুম সত্ত্বেও, এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই শাস্তিদানে কঠোর।

وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۭ اِنَّمَآ اَنْتَ مُنْذِرٌ وَّلِكُلِّ قَوْمٍ هَادٍ ⑦

ع ١ ٧ ١ রুকূ ٩

৭। আর যারা কুফরী করেছে তারা বলে, 'তার প্রতিপালকের নিকট থেকে তার উপর কোন নিদর্শন অবতীর্ণ হল না কেন?' তুমি কেবল একজন সতর্ককারী এবং প্রত্যেক সম্প্রদায়ের জন্য আছে একজন পথ প্রদর্শক।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَللّٰهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ اُنْثٰى وَمَا تَغِيْضُ الْاَرْحَامُ وَمَا تَزْدَادُ ؕ وَكُلُّ شَيْءٍ عِنْدَهٗ بِمِقْدَارٍ ۝٨

৮। প্রত্যেক নারী যা গর্ভে ধারণ করে এবং জরায়ু যা সংকুচিত করে (অর্থাৎ স্বাভাবিক সময়ের পূর্বেই ঝরে যায়) এবং তা (জরায়ু) যা (স্বাভাবিক সময় পর্যন্ত) অতিক্রম করায়, আল্লাহ্ তা জানেন এবং তাঁর কাছে প্রত্যেক বস্তু রয়েছে একটি (নির্দিষ্ট) পরিমাপে।

عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ ۝٩

৯। তিনি অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী, মহান ও সুউচ্চ।

سَوَآءٌ مِّنْكُمْ مَّنْ اَسَرَّ الْقَوْلَ وَمَنْ جَهَرَ بِهٖ وَمَنْ هُوَ مُسْتَخْفٍۢ بِالَّيْلِ وَسَارِبٌۢ بِالنَّهَارِ ۝١٠

১০। তোমাদের মধ্যে যে কথা গোপন করে এবং যে তা প্রকাশ করে এবং যে রাতে আত্মগোপন করে এবং দিনে প্রকাশ্যে বিচরণ করে তারা সবাই (আল্লাহ্র কাছে) সমান।

لَهٗ مُعَقِّبٰتٌ مِّنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ يَحْفَظُوْنَهٗ مِنْ اَمْرِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ؕ وَاِذَآ اَرَادَ اللّٰهُ بِقَوْمٍ سُوْٓءًا فَلَا مَرَدَّ لَهٗ ۚ وَمَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّالٍ ۝١١

১১। তার (প্রত্যেকের) জন্য তার সামনে ও পিছনে সংরক্ষণকারীরা (ফেরেশতারা) রয়েছে যারা আল্লাহ্র নির্দেশে তার (কার্যকলাপ) সংরক্ষণ করে। নিশ্চয় আল্লাহ্ কোন সম্প্রদায়ের যা আছে তা পরিবর্তন (ক্ষতি) করেন না যতক্ষন না তাদের নিজেদের যা আছে তা তারা পরিবর্তন করে। আর যখন আল্লাহ্ কোন সম্প্রদায়ের ক্ষতি করতে চান তবে তা প্রতিরোধ করার নয়, এবং তাঁকে বাদ দিয়ে তাদের জন্য কোন অভিভাবক নেই।

هُوَ الَّذِيْ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ ۝١٢

১২। তিনিই তোমাদেরকে বিজলী দেখান ভয় ও প্রত্যাশা স্বরূপ এবং (তিনিই) ভারী মেঘমালা সৃষ্টি করেন,

وَيُسَبِّحُ الرَّعْدُ بِحَمْدِهٖ وَالْمَلٰٓئِكَةُ مِنْ خِيْفَتِهٖ ۚ وَيُرْسِلُ الصَّوَاعِقَ فَيُصِيْبُ بِهَا مَنْ يَّشَآءُ وَهُمْ يُجَادِلُوْنَ فِي اللّٰهِ ۚ وَهُوَ شَدِيْدُ الْمِحَالِ ۝١٣

১৩। এবং বজ্রের গর্জন প্রশংসাসহ তাঁর পবিত্রতা ঘোষণা করে এবং তার (অর্থাৎ বজ্র গর্জনের) ভয়ে ফেরেশতারাও (তাঁর পবিত্রতা ঘোষণা করে), এবং তিনি বজ্র প্রেরণ করেন এবং যাকে ইচ্ছা করেন এর দ্বারা আঘাত করেন যখন তারা আল্লাহ্ সম্বন্ধে বিতর্ক করে, এবং তিনি শাস্তিদানে কঠোর।

لَهٗ دَعْوَةُ الْحَقِّ ؕ وَالَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا يَسْتَجِيْبُوْنَ لَهُمْ بِشَيْءٍ اِلَّا كَبَاسِطِ كَفَّيْهِ اِلَى الْمَآءِ لِيَبْلُغَ فَاهُ وَمَا هُوَ بِبَالِغِهٖ ؕ وَمَا دُعَآءُ الْكٰفِرِيْنَ اِلَّا فِيْ ضَلٰلٍ ۝١٤

১৪। 'সত্যের আহ্বান' তাঁরই জন্য।* আর যারা তাঁকে বাদ দিয়ে অন্যদেরকে ডাকে, তাদেরকে তারা কিছুই সাড়া দেয় না সে ব্যক্তির মত ছাড়া যে তার হস্তদ্বয় সম্প্রসারণ করে পানির দিকে যাতে তা তার মুখে পৌছায়, অথচ তা তাতে পৌছার নয়। আর (এমনিভাবে) কাফিরদের আহ্বান কেবল লক্ষ্যভ্রষ্ট হয়ে থাকে।

وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ۝١٥

১৫। আর আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা আল্লাহ্কে সিজদা করে ইচ্ছায় ও অনিচ্ছায় এবং তাদের ছায়াগুলোও সকালে ও সন্ধ্যায় ।

قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ؕ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّلَا ضَرًّا ؕ قُلْ هَلْ يَسْتَوِي الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ اَمْ هَلْ تَسْتَوِي الظُّلُمٰتُ وَالنُّوْرُ ۚ اَمْ جَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ خَلَقُوْا كَخَلْقِهٖ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ؕ قُلِ اللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَّهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ۝١٦

১৬। বল, 'কে আকাশসমূহ ও পৃথিবীর প্রতিপালক?' বল, 'আল্লাহ্।' বল, 'তবে কি তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে অন্যদেরকে অভিভাবকরূপে গ্রহণ করেছ যারা নিজেদের জন্য কোন উপকার বা কোন ক্ষতির মালিক নয়?' বল, 'দৃষ্টিহীন ও দৃষ্টিসম্পন্ন কি সমান অথবা অন্ধকার ও আলো কি সমান?' নাকি তারা আল্লাহ্র সাথে এমন কাউকে শরীক করেছে, যারা তাঁর (আল্লাহ্র) সৃষ্টির মত সৃষ্টি করেছে, অতঃপর সৃষ্টিটি তাদের নিকট (তাঁর সৃষ্টির) অনুরূপ মনে হয়েছে? বল, 'আল্লাহ্ সব কিছুর স্রষ্টা এবং তিনি এক ও মহা পরাক্রমশালী।'

أَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَسَالَتْ أَوْدِيَةٌ بِقَدَرِهَا فَاحْتَمَلَ السَّيْلُ زَبَدًا رَّابِيًا ۚ وَمِمَّا يُوقِدُونَ عَلَيْهِ فِي النَّارِ ابْتِغَاءَ حِلْيَةٍ أَوْ مَتَاعٍ زَبَدٌ مِّثْلُهُ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْحَقَّ وَالْبَاطِلَ ۚ فَأَمَّا الزَّبَدُ فَيَذْهَبُ جُفَاءً ۖ وَأَمَّا مَا يَنفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِي الْأَرْضِ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ ﴿١٧﴾

১৭। তিনি আকাশ থেকে পানি অবতীর্ণ করেন, ফলে উপত্যকাসমূহ তাদের পরিমাণ অনুযায়ী প্লাবিত হয় এবং প্লাবন স্ফীত ফেনা বহন করে নিয়ে যায়। এবং অনুরূপ ফেনা হয় তা থেকে যখন তারা অলংকার বা তৈজস পত্র তৈরীর উদ্দেশ্যে (ধাতুকে) আগুনে উত্তপ্ত করে। এভাবেই আল্লাহ্ সত্য ও বাতিলের (মিথ্যার) বর্ণনা দিয়ে থাকেন। সুতরাং যা আবর্জনা তা ফেলে দেয়া হয় আর যা মানুষের উপকারে আসে তা জমিতে থেকে যায়। এভাবেই আল্লাহ্ উপমাসমূহ পেশ করে থাকেন।

لِلَّذِينَ اسْتَجَابُوا لِرَبِّهِمُ الْحُسْنَىٰ ۚ وَالَّذِينَ لَمْ يَسْتَجِيبُوا لَهُ لَوْ أَنَّ لَهُم مَّا فِي الْأَرْضِ جَمِيعًا وَمِثْلَهُ مَعَهُ لَافْتَدَوْا بِهِ ۚ أُولَٰئِكَ لَهُمْ سُوءُ الْحِسَابِ ۖ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٨﴾

১৮। যারা তাদের প্রতিপালকের ডাকে সাড়া দিয়েছে তাদের জন্য রয়েছে কল্যাণ। আর যারা তাঁর ডাকে সাড়া দেয়নি, পৃথিবীতে যা কিছু আছে তা সবই যদি তাদের থাকে এবং তার সাথে আরও সমপরিমাণ থাকে তাহলে তারা তার বিনিময়ে (মুক্তিপণ দিয়ে) মুক্তি পেতে চাইবে। তাদেরই জন্য রয়েছে নিকৃষ্ট (চুলচেরা) হিসাব, এবং তাদের আশ্রয়স্থল হবে জাহান্নাম। আর কতই না নিকৃষ্ট এ বিশ্রামস্থল!

أَفَمَن يَعْلَمُ أَنَّمَا أُنزِلَ إِلَيْكَ مِن رَّبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ أَعْمَىٰ ۚ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ ﴿١٩﴾

১৯। তবে যে ব্যক্তি জানে যে, তোমার প্রতিপালকের কাছ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা সত্য, সে কি তার মত যে অন্ধ?* কেবল বুদ্ধিমানরাই উপদেশ গ্রহণ করে-

الَّذِينَ يُوفُونَ بِعَهْدِ اللَّهِ وَلَا يَنقُضُونَ الْمِيثَاقَ ﴿٢٠﴾

২০। যারা আল্লাহ্র (সাথে কৃত) প্রতিশ্রুতি রক্ষা করে এবং চুক্তি ভঙ্গ করে না-

وَالَّذِينَ يَصِلُونَ مَا أَمَرَ اللَّهُ بِهِ أَن يُوصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ وَيَخَافُونَ سُوءَ الْحِسَابِ ﴿٢١﴾

২১। এবং আল্লাহ্ যা (সম্পর্ক) অক্ষুণ্ন রাখার নির্দেশ দিয়েছেন, যারা তা অক্ষুণ্ন রাখে,* তাদের প্রতিপালককে ভয় করে এবং ভয় করে নিকৃষ্ট (চুলচেরা) হিসাবকে।

وَالَّذِينَ صَبَرُوا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِمْ وَأَقَامُوا الصَّلَاةَ وَأَنفَقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَعَلَانِيَةً وَيَدْرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ أُولَٰئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ﴿٢٢﴾

২২। এবং যারা তাদের প্রতিপালকের সন্তুষ্টির উদ্দেশ্যে ধৈর্য ধারণ করে, সালাত (নামায) কায়েম করে, আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে গোপনে ও প্রকাশ্যে (আল্লাহ্র পথে) ব্যয় করে এবং যারা ভাল দ্বারা মন্দকে প্রতিরোধ করে, তাদেরই জন্য রয়েছে (আখিরাতের) আবাসের শুভ পরিণাম-

جَنَّاتُ عَدْنٍ يَدْخُلُونَهَا وَمَن صَلَحَ مِنْ آبَائِهِمْ وَأَزْوَاجِهِمْ وَذُرِّيَّاتِهِمْ ۖ وَالْمَلَائِكَةُ يَدْخُلُونَ عَلَيْهِم مِّن كُلِّ بَابٍ ﴿٢٣﴾

২৩। স্থায়ী জান্নাত, এতে তারা প্রবেশ করবে এবং তাদের পিতা-মাতা, স্বামী-স্ত্রী ও সন্তান-সন্ততির মধ্যে যারা সৎকাজ করেছে তারাও এবং ফেরেশতারা (জান্নাতের) প্রত্যেক দরজা দিয়ে তাদের কাছে প্রবেশ করবে।

سَلَامٌ عَلَيْكُم بِمَا صَبَرْتُمْ ۚ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ﴿٢٤﴾

২৪। (তারা বলবে) 'তোমাদের উপর 'সালাম' (শান্তি), কারণ তোমরা ধৈর্য ধারণ করেছ।' আর কতই না উত্তম এই (আখিরাতের)আবাসের শুভ পরিণাম!

وَالَّذِينَ يَنقُضُونَ عَهْدَ اللَّهِ مِن بَعْدِ مِيثَاقِهِ وَيَقْطَعُونَ مَا أَمَرَ اللَّهُ بِهِ أَن يُوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ ۙ أُولَٰئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوءُ الدَّارِ ﴿٢٥﴾

২৫। আর যারা আল্লাহ্র (সাথে কৃত) প্রতিশ্রুতি ভঙ্গ করে তা সম্পাদন করার পর এবং আল্লাহ্ যা (সম্পর্ক) অক্ষুণ্ন রাখতে নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করে বেড়ায়, তাদেরই জন্য রয়েছে লা'নত এবং তাদের জন্য রয়েছে (আখিরাতের) নিকৃষ্ট আবাস।

اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ۚ وَفَرِحُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا ۗ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا مَتَاعٌ ﴿٢٦﴾

২৬। আল্লাহ্ যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন। এবং তারা দুনিয়ার জীবন নিয়ে উৎফুল্ল, অথচ দুনিয়ার জীবন আখিরাতের তুলনায় (সামান্য) ভোগ্য-সামগ্রী মাত্র।

وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۗ قُلْ اِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِىْٓ اِلَيْهِ مَنْ اَنَابَ ﴿٢٧﴾

২৭। যারা কুফরী করেছে তারা বলে, 'তার প্রতিপালকের নিকট থেকে তার প্রতি* কোন নিদর্শন অবতীর্ণ করা হয় না কেন?' বল, 'নিশ্চয় আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন, এবং তিনি তাকে তাঁর দিকে পরিচালিত করেন যে তাঁর দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করে-

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَئِنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللّٰهِ ۗ اَلَا بِذِكْرِ اللّٰهِ تَطْمَئِنُّ الْقُلُوْبُ ﴿٢٨﴾

২৮। যারা ঈমান এনেছে এবং আল্লাহ্র স্মরণে যাদের হৃদয় প্রশান্ত হয়।' জেনে রাখ, আল্লাহ্র স্মরণে হৃদয় প্রশান্তি লাভ করে।

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ طُوْبٰى لَهُمْ وَحُسْنُ مَاٰبٍ ﴿٢٩﴾

২৯। যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তাদের জন্য রয়েছে পরম আনন্দ ও উত্তম প্রত্যাবর্তনস্থল।

كَذٰلِكَ اَرْسَلْنٰكَ فِىْٓ اُمَّةٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهَآ اُمَمٌ لِّتَتْلُوَا عَلَيْهِمُ الَّذِىْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ وَهُمْ يَكْفُرُوْنَ بِالرَّحْمٰنِ ۗ قُلْ هُوَ رَبِّىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۗ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ مَتَابِ ﴿٣٠﴾

৩০। এভাবেই আমি তোমাকে একটি উম্মতের মধ্যে প্রেরণ করেছি যার পূর্বে বহু উম্মত গত হয়েছে যাতে তুমি তাদেরকে পাঠ করে শুনাতে পার যা আমি তোমার প্রতি ওহী করেছি, এমন অবস্থায় যে তারা দয়াময়কে অবিশ্বাস করে। বল, 'তিনিই আমার প্রতিপালক, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই নিকট আমার প্রত্যাবর্তন।'

وَلَوْ اَنَّ قُرْاٰنًا سُيِّرَتْ بِهِ الْجِبَالُ اَوْ قُطِّعَتْ بِهِ الْاَرْضُ اَوْ كُلِّمَ بِهِ الْمَوْتٰى ۗ بَلْ لِّلّٰهِ الْاَمْرُ جَمِيْعًا ۗ اَفَلَمْ يَايْئَسِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ لَهَدَى النَّاسَ جَمِيْعًا ۗ وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا تُصِيْبُهُمْ بِمَا صَنَعُوْا قَارِعَةٌ اَوْ تَحُلُّ قَرِيْبًا مِّنْ دَارِهِمْ حَتّٰى يَاْتِىَ وَعْدُ اللّٰهِ ۗ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ﴿٣١﴾

৩১। আর (মু'মিনদের আকাঙ্ক্ষা অনুযায়ী) যদি এমন একটি কুরআন হত যার মাধ্যমে পাহাড়কে চালিত করা যেত অথবা পৃথিবীকে টুকরো টুকরো করা যেত অথবা মৃতকে কথা বলানো যেত (তাহলে এই কুরআনই হত এটি)। বরং সকল বিষয়ই আল্লাহ্র জন্য (ইচ্ছাধীন)। তবে কি যারা ঈমান এনেছে তারা (এখনো সকল মানুষের সঠিকপথ লাভের বিষয়ে) হতাশ হয়নি যে (কেবল) যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে অবশ্যই সকল মানুষকে সঠিকপথ প্রদর্শন করতেন?* আর যারা কুফরী করেছে তাদের কৃতকর্মের কারণে বিপর্যয় তাদেরকে আক্রান্ত করতেই থাকবে অথবা বিপর্যয় তাদের আবাসস্থলের আশেপাশে আপতিত হতেই থাকবে যতক্ষণ না আল্লাহ্র প্রতিশ্রুতি এসে পড়ে। নিশ্চয় আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।

وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَاَمْلَيْتُ لِلَّذِيْنَ كَفَرُوْا ثُمَّ اَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ عِقَابِ ﴿٣٢﴾

৩২। আর অবশ্যই তোমার পূর্বে রাসূলদেরকে ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল এবং যারা কুফরী করেছিল তাদেরকে আমি (কিছুকাল) অবকাশ দিয়েছিলাম, এরপর তাদেরকে পাকড়াও করেছিলাম। সুতরাং কেমন ছিল আমার শাস্তি!

اَفَمَنْ هُوَ قَآئِمٌ عَلٰى كُلِّ نَفْسٍ ۢ بِمَا كَسَبَتْ ۗ وَجَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ ۗ قُلْ سَمُّوْهُمْ ۗ اَمْ تُنَبِّئُوْنَهٗ بِمَا لَا يَعْلَمُ فِى الْاَرْضِ اَمْ بِظَاهِرٍ مِّنَ الْقَوْلِ ۗ بَلْ زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوْا مَكْرُهُمْ وَصُدُّوْا عَنِ السَّبِيْلِ ۗ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ﴿٣٣﴾

৩৩। প্রত্যেক ব্যক্তি যা অর্জন করে তার উপর যিনি পর্যবেক্ষক তিনি কি (তাদের অক্ষম ইলাহ্গুলোর মত)? কিন্তু তারা আল্লাহ্র জন্য বহু শরীক নির্ধারণ করেছে। বল, 'তোমরা তাদের পরিচয় দাও'।* তোমরা কি তাঁকে পৃথিবীর মধ্যে এমন কিছুর সংবাদ দিতে চাও যা তিনি জানেন না, নাকি এটা বাহ্যিক কথা মাত্র? বরং কাফিরদের নিকট তাদের ষড়যন্ত্রকে শোভনীয় করা হয়েছে এবং তাদেরকে (সঠিক) পথ হতে বিরত রাখা হয়েছে। আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথপ্রদর্শক নেই।

لَهُمْ عَذَابٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَقُّ ۚ وَمَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿٣٤﴾

৩৪। তাদের জন্য রয়েছে দুনিয়ার জীবনে শাস্তি এবং অবশ্যই আখিরাতের শাস্তি আরো কঠোর, এবং তাদের জন্য আল্লাহ্ থেকে রক্ষাকারী কেউ নেই।

مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۭ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ اُكُلُهَا دَاۗىِٕمٌ وَّظِلُّهَا ۭ تِلْكَ عُقْبَى الَّذِيْنَ اتَّقَوْا ۠ وَّعُقْبَى الْكٰفِرِيْنَ النَّارُ ﴿٣٥﴾

৩৫। মুত্তাকীদের যে জান্নাতের প্রতিশ্রুতি দেয়া হয়েছে তার দৃষ্টান্ত হল, এর নীচে নহরসমূহ প্রবাহিত, এর ফলসমূহ স্থায়ী এবং ছায়াসমূহও। যারা তাকওয়া অবলম্বন করেছে এটা তাদের পরিণাম আর কাফিরদের পরিণাম হল আগুন।

وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ الْاَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ۭ قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ وَلَآ اُشْرِكَ بِهٖ ۭ اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ﴿٣٦﴾

৩৬। এবং যাদেরকে আমি কিতাব দিয়েছিলাম তারা (অর্থাৎ তাদের মধ্যকার ঈমানদাররা) যা তোমার প্রতি অবতীর্ণ করা হয়েছে তাতে উৎফুল্ল হয়, কিন্তু (বিরোধিতাকারী) দলসমূহের মধ্য থেকে কেউ এর (কুরআনের) কিছু অংশ অস্বীকার করে। বল, 'আমি কেবল আদিষ্ট হয়েছি আল্লাহ্র ইবাদত করতে ও তাঁর সাথে শরীক না করতে। আমি তাঁর দিকে আহ্বান করি এবং তাঁরই দিকে আমার প্রত্যাবর্তন।'

وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ حُكْمًا عَرَبِيًّا ۭ وَلَىِٕنِ اتَّبَعْتَ اَهْوَاۗءَهُمْ بَعْدَ مَا جَاۗءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ﴿٣٧﴾

৩৭। আর এভাবেই আমি একে (কুরআনকে) বিধানরূপে আরবীতে অবতীর্ণ করেছি। এবং তোমার কাছে জ্ঞান আসার পরও যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর তাহলে আল্লাহ্ থেকে (রক্ষা করার জন্য) তোমার জন্য কোন অভিভাবক নেই এবং কোন রক্ষকও নেই।

৫ ع ١١ ৫ রুকূ ১১

وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ۭ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۭ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ﴿٣٨﴾

৩৮। আর অবশ্যই আমি তোমার পূর্বে রাসূলদেরকে প্রেরণ করেছিলাম এবং তাদেরকে স্ত্রী ও সন্তান-সন্ততি দিয়েছিলাম। এবং আল্লাহ্র ইচ্ছা ছাড়া কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের জন্য সম্ভব ছিল না। প্রতিটি মেয়াদের জন্য রয়েছে একটি কিতাব।

يَمْحُوا اللّٰهُ مَا يَشَاۗءُ وَيُثْبِتُ ۚ وَعِنْدَهٗٓ اُمُّ الْكِتٰبِ ﴿٣٩﴾

৩৯। আল্লাহ্ যা ইচ্ছা করেন তা (পূর্ববর্তী বিধান থেকে) নিশ্চিহ্ন করেন এবং (যা ইচ্ছা করেন তা) দৃঢ় করেন এবং তাঁরই নিকট আছে মূল কিতাব (লওহে মাহ্ফুজ)।*

وَاِنْ مَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴿٤٠﴾

৪০। এবং তাদেরকে যার (শাস্তির) প্রতিশ্রুতি দিয়েছি তার কিছু যদি আমি তোমাকে দেখাই অথবা যদি (এর পূর্বে) তোমার মৃত্যু ঘটাই (অবস্থা যাই হোক), তোমার দায়িত্ব কেবল পৌঁছে দেয়া, আর হিসাব-নিকাশ আমারই উপর।

اَوَلَمْ يَرَوْا اَنَّا نَاْتِي الْاَرْضَ نَنْقُصُهَا مِنْ اَطْرَافِهَا ۭ وَاللّٰهُ يَحْكُمُ لَا مُعَقِّبَ لِحُكْمِهٖ ۭ وَهُوَ سَرِيْعُ الْحِسَابِ ﴿٤١﴾

৪১। তারা কি ভেবে দেখেনি যে আমি তাদের যমীনকে এর সীমানাসমূহের দিক থেকে সংকুচিত করছি?* আর আল্লাহ্ হুকুম করেন, তাঁর হুকুম রদ করার কেউ নেই। এবং তিনি হিসাবে দ্রুত।

وَقَدْ مَكَرَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَلِلّٰهِ الْمَكْرُ جَمِيْعًا ۭ يَعْلَمُ مَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ ۭ وَسَيَعْلَمُ الْكُفّٰرُ لِمَنْ عُقْبَى الدَّارِ ﴿٤٢﴾

৪২। আর তাদের পূর্বে যারা ছিল তারাও ষড়যন্ত্র করেছিল, কিন্তু সকল ষড়যন্ত্র আল্লাহ্র জন্য (ইচ্ছাধীন)। প্রত্যেক ব্যক্তি যা অর্জন করে তা তিনি জানেন এবং শীঘ্রই কাফিররা জানবে আখিরাতের শুভ পরিণাম কাদের জন্য।

وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَسْتَ مُرْسَلًا ۭ قُلْ كَفٰى بِاللّٰهِ شَهِيْدًۢا بَيْنِيْ وَبَيْنَكُمْ ۙ وَمَنْ عِنْدَهٗ عِلْمُ الْكِتٰبِ ﴿٤٣﴾

৪৩। এবং যারা কুফরী করেছে তারা বলে, 'তুমি প্রেরিত (রাসূল) নও।' বল, 'আমার মাঝে ও তোমাদের মাঝে এবং যাদের নিকট কিতাবের জ্ঞান রয়েছে* তাদের (ব্যাপারে) সাক্ষী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট।'

৬ ع ١٢ ৬ রুকূ ১২

১৪. সূরা ইবরাহীম, মাক্কী

৫২ আয়াত, ৭ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٤-سُوْرَةُ اِبْرٰهِيْمَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٢، رُكُوْعَاتُهَا-٧

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। আলিফ-লাম-রা। এটি একটি কিতাব যা আমি তোমার প্রতি অবতীর্ণ করেছি যাতে তুমি মানুষকে তাদের প্রতিপালকের ইচ্ছায় বের করতে পার অন্ধকার থেকে আলোর দিকে, তাঁর পথের দিকে, যিনি মহাপ্রতাপশালী ও অতি প্রশংসনীয়-

الٓرٰ ۣ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ بِاِذْنِ رَبِّهِمْ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۙ﴿١﴾

২। আল্লাহ্, যিনি আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তার মালিক। আর কঠিন শাস্তির দুর্ভোগ রয়েছে কাফিরদের জন্য-

اللّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَوَيْلٌ لِّلْكٰفِرِيْنَ مِنْ عَذَابٍ شَدِيْدِ ۙ﴿٢﴾

৩। যারা দুনিয়ার জীবনকে আখিরাতের উপর প্রাধান্য দেয়, আল্লাহ্‌র পথ হতে (লোকদেরকে) বিরত রাখে এবং তাতে বক্রতা অন্বেষণ করে। তারাই চরম পথভ্রষ্টতায় রয়েছে।

الَّذِيْنَ يَسْتَحِبُّوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ اُولٰٓئِكَ فِيْ ضَلٰلٍۭ بَعِيْدٍ ﴿٣﴾

৪। আর আমি প্রত্যেক রাসূলকেই তার সম্প্রদায়ের ভাষায়* প্রেরণ করেছি যাতে সে তাদের জন্য (অবতীর্ণ কিতাব) স্পষ্টভাবে বর্ণনা করতে পারে। অতঃপর আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন। এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا بِلِسَانِ قَوْمِهٖ لِيُبَيِّنَ لَهُمْ ؕ فَيُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٤﴾

৫। আর অবশ্যই আমি মূসাকে আমার নিদর্শনাবলীসহ প্রেরণ করেছিলাম (এই বলে) যে, 'তোমার সম্প্রদায়কে অন্ধকার থেকে আলোর দিকে বের করে আন, এবং তাদেরকে আল্লাহ্‌র (বিশেষ)* দিনগুলোর মাধ্যমে উপদেশ দাও।' নিশ্চয় এতে অবশ্যই প্রত্যেক অতি ধৈর্যশীল ও অত্যন্ত কৃতজ্ঞ ব্যক্তির জন্য নিদর্শনাবলী রয়েছে।

وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ اَنْ اَخْرِجْ قَوْمَكَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ وَذَكِّرْهُمْ بِاَيّٰىمِ اللّٰهِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿٥﴾

৬। এবং যখন মূসা তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামতকে স্মরণ কর যখন তিনি তোমাদেরকে ফিরআউন বংশ থেকে উদ্ধার করেছিলেন যারা তোমাদের উপর নিকৃষ্ট শাস্তি চাপিয়ে দিত, তোমাদের ছেলে সন্তানদেরকে জবাই করত ও নারীদেরকে জীবিত রাখত। এবং এতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এক বিরাট পরীক্ষা।'

ع ١ ١٣ ١ রুকূ ١٣

وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ اَنْجٰىكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ وَيُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ﴿٦﴾

৭। এবং যখন তোমাদের প্রতিপালক ঘোষণা করলেন, 'যদি তোমরা কৃতজ্ঞ হও তাহলে অবশ্যই আমি তোমাদেরকে (নেয়ামত) বাড়িয়ে দেব, আর যদি অকৃতজ্ঞ হও তাহলে নিশ্চয় আমার শাস্তি অবশ্যই কঠোর।'

وَاِذْ تَاَذَّنَ رَبُّكُمْ لَئِنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِيْ لَشَدِيْدٌ ﴿٧﴾

৮। এবং মূসা বলেছিল, 'তোমরা এবং পৃথিবীতে যারা আছে সবাই যদি অকৃতজ্ঞ হও,* তবে নিশ্চয় আল্লাহ্ অবশ্যই অমুখাপেক্ষী ও অতি প্রশংসনীয়।'

وَقَالَ مُوْسٰٓى اِنْ تَكْفُرُوْٓا اَنْتُمْ وَمَنْ فِي الْاَرْضِ جَمِيْعًا ۙ فَاِنَّ اللّٰهَ لَغَنِيٌّ حَمِيْدٌ ﴿٨﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯। তোমাদের কাছে কি তোমাদের পূর্ববর্তী নূহের সম্প্রদায়, আদ ও ছামূদ এবং তাদের পরবর্তীদের সংবাদ আসেনি? তাদেরকে আল্লাহ্ ছাড়া অন্য কেউ জানে না। তাদের কাছে স্পষ্ট প্রমাণাদিসহ তাদের রাসূলরা এসেছিল, তারা তাদের হাত তাদের মুখে রাখত এবং বলত, 'তোমরা যা সহ প্রেরিত হয়েছ নিশ্চয় আমরা তা অবিশ্বাস করি এবং তোমরা যার দিকে আমাদেরকে ডাকছ সে ব্যাপারে নিশ্চয় আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রয়েছি।'

اَلَمْ يَاْتِكُمْ نَبَؤُا الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۛ۬ وَالَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ ۛ۬ لَا يَعْلَمُهُمْ اِلَّا اللّٰهُ ؕ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَرَدُّوْٓا اَيْدِيَهُمْ فِيْٓ اَفْوَاهِهِمْ وَقَالُوْٓا اِنَّا كَفَرْنَا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ وَاِنَّا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَنَآ اِلَيْهِ مُرِيْبٍ ۝٩

১০। তাদের রাসূলরা বলেছিল, 'আকাশসমূহ ও পৃথিবীর স্রষ্টা আল্লাহ্ সম্পর্কে কি কোন সন্দেহ আছে? তিনি তোমাদেরকে ডাকেন (তাঁর পথের দিকে) যাতে তিনি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করতে পারেন এবং তোমাদেরকে অবকাশ দিতে পারেন একটি নির্দিষ্ট সময় পর্যন্ত।' তারা বলেছিল , 'তোমরা আমাদের মত মানুষ ছাড়া আর কিছু নও। আমাদের পিতৃপুরুষরা যাদের উপাসানা করত তোমরা তাদের উপাসনা থেকে আমাদেরকে বিরত রাখতে চাচ্ছ। অতএব তোমরা আমাদের কাছে কোন সুস্পষ্ট প্রমাণ উপস্থিত কর।'

قَالَتْ رُسُلُهُمْ اَفِي اللّٰهِ شَكٌّ فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَدْعُوْكُمْ لِيَغْفِرَ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُؤَخِّرَكُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ؕ قَالُوْٓا اِنْ اَنْتُمْ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ؕ تُرِيْدُوْنَ اَنْ تَصُدُّوْنَا عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَآؤُنَا فَاْتُوْنَا بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ۝١٠

১১। তাদের রাসূলরা তাদেরকে বলেছিল, 'আমরা তোমাদের মত মানুষ ছাড়া আর কিছু নই, কিন্তু আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করেন তার উপর অনুগ্রহ করেন। এবং আল্লাহ্র ইচ্ছা ছাড়া তোমাদের কাছে প্রমাণ নিয়ে আসা আমাদের পক্ষে সম্ভব নয়। আর মু'মিনরা যেন আল্লাহ্র উপরই ভরসা করে।

قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ اِنْ نَّحْنُ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ وَلٰكِنَّ اللّٰهَ يَمُنُّ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَمَا كَانَ لَنَآ اَنْ نَّاْتِيَكُمْ بِسُلْطٰنٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝١١

১২। আমাদের কী (যুক্তি) আছে যে, আমরা আল্লাহ্র উপর ভরসা করব না, অথচ তিনিই আমাদেরকে আমাদের পথসমূহ দেখিয়েছেন? তোমরা আমাদেরকে যে কষ্ট দিচ্ছ, নিশ্চয় আমরা তাতে অবশ্যই ধৈর্য ধারণ করব । আর ভরসাকারীরা যেন আল্লাহ্র উপরই ভরসা করে ।'

ع ٢ ١٤ ٢ রুকূ ١٨

وَمَا لَنَآ اَلَّا نَتَوَكَّلَ عَلَى اللّٰهِ وَقَدْ هَدٰىنَا سُبُلَنَا ؕ وَلَنَصْبِرَنَّ عَلٰى مَآ اٰذَيْتُمُوْنَا ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ۝١٢

১৩। আর কাফিররা তাদের রাসূলদেরকে বলেছিল, 'নিশ্চয় আমরা অবশ্যই তোমাদেরকে আমাদের যমীন (আবাসভূমি) থেকে বের করে দেব অথবা তোমাদেরকে আমাদের মিল্লাতে (ধর্মাদর্শে) ফিরে আসতে হবে।' অতঃপর রাসূলদেরকে তাদের প্রতিপালক ওহী করলেন, 'নিশ্চয় আমি অবশ্যই জালিমদেরকে ধ্বংস করব-

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِّنْ اَرْضِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ؕ فَاَوْحٰٓى اِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظّٰلِمِيْنَ ۝١٣

১৪। এবং তাদের পরে নিশ্চয় আমি অবশ্যই তোমাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করব। এটা তাদের জন্য যারা আমার অবস্থানকে ভয় করে এবং ভয় করে আমার শাস্তির প্রতিশ্রুতিকে।'

وَلَنُسْكِنَنَّكُمُ الْاَرْضَ مِنْۢ بَعْدِهِمْ ؕ ذٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِيْ وَخَافَ وَعِيْدِ ۝١٤

১৫। এবং তারা (রাসূলরা) ফয়সালা কামনা করল এবং প্রত্যেক স্বেচ্ছাচারী ও একগুঁয়ে ব্যর্থ হল-

وَاسْتَفْتَحُوْا وَخَابَ كُلُّ جَبَّارٍ عَنِيْدٍ ۝١٥

১৬। তার সামনে রয়েছে জাহান্নাম এবং তাকে পান করানো হবে পুঁজের পানি-

مِّنْ وَّرَآئِهٖ جَهَنَّمُ وَيُسْقٰى مِنْ مَّآءٍ صَدِيْدٍ ۝١٦

১৭। তারা তা গলধকরণ করবে কিন্তু তা গেলা সহজ হবে না এবং সবদিক থেকে তার কাছে আসবে মৃত্যু, কিন্তু তার মৃত্যু ঘটবে না। এবং তার সামনে রয়েছে কঠিন শাস্তি।

يَّتَجَرَّعُهٗ وَلَا يَكَادُ يُسِيْغُهٗ وَيَاْتِيْهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَّمَا هُوَ بِمَيِّتٍ ؕ وَمِنْ وَّرَآئِهٖ عَذَابٌ غَلِيْظٌ ۝١٧

مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ اَعْمَالُهُمْ كَرَمَادِ ِاشْتَدَّتْ بِهِ
الرِّيْحُ فِيْ يَوْمٍ عَاصِفٍ ؕ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى شَيْءٍ ؕ ذٰلِكَ
هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ﴿١٨﴾

১৮। যারা তাদের প্রতিপালককে অবিশ্বাস করেছে তাদের উপমা হল, তাদের কাজসমূহ ছাইয়ের মত যা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়িয়ে নিয়ে যায়। যা তারা অর্জন করেছে তার কিছুর উপরই তারা সক্ষম নয়। এটাই চরম পথভ্রষ্টতা।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ اِنْ يَّشَاْ
يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ﴿١٩﴾

১৯। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীকে সত্যসহ (সঠিক লক্ষ্যে) সৃষ্টি করেছেন? যদি তিনি ইচ্ছা করেন তবে তোমাদেরকে সরিয়ে দিতে পারেন এবং নিয়ে আসতে পারেন এক নতুন সৃষ্টি।

وَّمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ﴿٢٠﴾

২০। আর এটি আল্লাহ্র জন্য কঠিন কিছু নয়।

وَبَرَزُوْا لِلّٰهِ جَمِيْعًا فَقَالَ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا
لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا مِنْ عَذَابِ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ
قَالُوْا لَوْ هَدٰىنَا اللّٰهُ لَهَدَيْنٰكُمْ ؕ سَوَآءٌ عَلَيْنَآ اَجَزِعْنَآ اَمْ صَبَرْنَا
مَا لَنَا مِنْ مَّحِيْصٍ ﴿٢١﴾

২১। এবং তারা সবাই আল্লাহ্র সামনে বের হয়ে আসবে, অতঃপর যারা অহংকার করত তাদেরকে দুর্বলেরা বলবে, 'নিশ্চয় আমরা তোমাদের অনুসারী ছিলাম, সুতরাং তোমরা কি আমাদেরকে আল্লাহ্র শাস্তি থেকে কিছু মাত্র রক্ষা করতে পারবে?' তারা বলবে, 'যদি আল্লাহ্ আমাদেরকে সঠিকপথ প্রদর্শন করতেন তাহলে আমরাও তোমাদেরকে সঠিক পথ প্রদর্শন করতাম। (আজ) আমরা বিচলিত হই অথবা ধৈর্যধারণ করি (উভয়ই) আমাদের জন্য সমান, আমাদের কোন পালানোর জায়গা নেই।'

পারা ১৩ রুকু ১৫

وَقَالَ الشَّيْطٰنُ لَمَّا قُضِيَ الْاَمْرُ اِنَّ اللّٰهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَ
وَعَدْتُّكُمْ فَاَخْلَفْتُكُمْ ؕ وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّآ اَنْ
دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِيْ ۚ فَلَا تَلُوْمُوْنِيْ وَلُوْمُوْٓا اَنْفُسَكُمْ ؕ مَآ
اَنَا بِمُصْرِخِكُمْ وَمَآ اَنْتُمْ بِمُصْرِخِيَّ ؕ اِنِّيْ كَفَرْتُ بِمَآ اَشْرَكْتُمُوْنِ
مِنْ قَبْلُ ؕ اِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٢﴾

২২। যখন বিষয়টি (অর্থাৎ বিচার কার্য) ফয়সালা হয়ে যাবে তখন শয়তান বলবে, 'নিশ্চয় আল্লাহ্ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলেন সত্য প্রতিশ্রুতি, আমিও তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিলাম, কিন্তু আমি তোমাদের সাথে (প্রতিশ্রুতি) ভঙ্গ করেছি। এবং আমার তো তোমাদের উপর কোন ক্ষমতা ছিল না এছাড়া যে, আমি তোমাদেরকে ডেকেছিলাম আর তোমরা আমাকে সাড়া দিয়েছিলে। সুতরাং তোমরা আমাকে তিরস্কার করো না, বরং তোমরা তোমাদের নিজেদেরকে তিরস্কার কর। আমি তোমাদেরকে সাহায্য করতে সক্ষম নই এবং তোমরাও আমাকে সাহায্য করতে সক্ষম নও। তোমরা পূর্বে (আল্লাহ্র সাথে) আমাকে যে শরীক করেছিলে তা নিশ্চয় আমি অস্বীকার করছি।' নিশ্চয় জালিমদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَاُدْخِلَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ
تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ﴿٢٣﴾

২৩। আর যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে প্রবেশ করানো হবে জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা স্থায়ী হবে, তাদের প্রতিপালকের ইচ্ছায়। সেখানে তাদের (প্রতি) অভিবাদন হবে 'সালাম'।

اَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ
اَصْلُهَا ثَابِتٌ وَّفَرْعُهَا فِي السَّمَآءِ ﴿٢٤﴾

২৪। তুমি কি ভেবে দেখনি , আল্লাহ্ কিভাবে উপমা পেশ করেন? একটি ভাল বাণী একটি ভাল গাছের মত যার মূল সুদৃঢ় ও শাখা-প্রশাখা আকাশে (বিস্তৃত)-

تُؤْتِيْٓ اُكُلَهَا كُلَّ حِيْنٍ بِاِذْنِ رَبِّهَا ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ
لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٢٥﴾

২৫। যা প্রত্যেক মওসুমে তার প্রতিপালকের ইচ্ছায় তার ফলদান করে। এবং আল্লাহ্ মানুষের জন্য উপমা পেশ করেন যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

وَمَثَلُ كَلِمَةٍ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةِ ِاجْتُثَّتْ مِنْ فَوْقِ الْاَرْضِ
مَا لَهَا مِنْ قَرَارٍ ﴿٢٦﴾

২৬। এবং একটি মন্দ বাণী একটি মন্দ গাছের মত যাকে যমীনের উপর থেকে উৎপাটিত করা হয়েছে, যার কোন স্থায়িত্ব নেই।

يُثَبِّتُ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيْنَ ۙ وَيَفْعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿٢٧﴾

২৭। যারা দৃঢ় কথায়* ঈমান এনেছে তাদেরকে আল্লাহ্ দুনিয়ার জীবনে ও আখিরাতে দৃঢ় রাখেন, আর আল্লাহ্ জালিমদেরকে পথভ্রষ্ঠ করেন, এবং আল্লাহ্ যা ইচ্ছা করেন তা-ই করেন।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ بَدَّلُوْا نِعْمَتَ اللّٰهِ كُفْرًا وَّاَحَلُّوْا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ ﴿٢٨﴾

২৮। তুমি কি তাদেরকে দেখনি যারা আল্লাহ্র নেয়ামতকে প্রতিস্থাপন করেছে অকৃতজ্ঞতা দ্বারা? এবং তারা তাদের সম্প্রদায়কে নামিয়ে এনেছে ধ্বংসের আবাসে-

جَهَنَّمَ ۚ يَصْلَوْنَهَا ۭ وَبِئْسَ الْقَرَارُ ﴿٢٩﴾

২৯। জাহান্নামে, যার মধ্যে তারা প্রবেশ করবে। আর কতই না নিকৃষ্ট এ স্থায়ী আবাসস্থল!

وَجَعَلُوْا لِلّٰهِ اَنْدَادًا لِّيُضِلُّوْا عَنْ سَبِيْلِهٖ ۭ قُلْ تَمَتَّعُوْا فَاِنَّ مَصِيْرَكُمْ اِلَى النَّارِ ﴿٣٠﴾

৩০। এবং তারা আল্লাহ্র সমকক্ষ নির্ধারণ করে তাঁর পথ হতে (মানুষকে) বিচ্যুত করার জন্য। বল, 'তোমরা ভোগ করে নাও, কেননা তোমাদের প্রত্যাবর্তনস্থল হল আগুনের দিকে।'

قُلْ لِّعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْا يُقِيْمُوا الصَّلٰوةَ وَيُنْفِقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ وَلَا خِلٰلٌ ﴿٣١﴾

৩১। আমার বান্দাদের মধ্যে যারা ঈমান এনেছে তাদেরকে তুমি বল 'সালাত (নামায) কায়েম করতে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে গোপনে ও প্রকাশ্যে (আল্লাহ্র পথে) ব্যয় করতে সেই দিন আসার পূর্বে যেদিন কোন ক্রয়-বিক্রয় (বিনিময়) ও বন্ধুত্ব থাকবে না।'

اَللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ وَسَخَّرَ لَكُمُ الْفُلْكَ لِتَجْرِيَ فِي الْبَحْرِ بِاَمْرِهٖ ۚ وَسَخَّرَ لَكُمُ الْاَنْهٰرَ ﴿٣٢﴾

৩২। আল্লাহ্ তিনিই যিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং আকাশ থেকে পানি অবতীর্ণ করেছেন এবং তা দ্বারা তোমাদের রিযিক স্বরূপ ফলমূল উৎপন্ন করেছেন, এবং নৌযানকে তোমাদের অধীন করে দিয়েছেন যাতে তাঁর নির্দেশে তা সমুদ্রে চলাচল করে, এবং যিনি নহরসমূহকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন,

وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَآئِبَيْنِ ۚ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ﴿٣٣﴾

৩৩। এবং তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন সূর্য ও চন্দ্রকে, যারা অবিরাম (চলছে), এবং তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন রাত ও দিনকে,

وَاٰتٰىكُمْ مِّنْ كُلِّ مَا سَاَلْتُمُوْهُ ۭ وَاِنْ تَعُدُّوْا نِعْمَتَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ۭ اِنَّ الْاِنْسَانَ لَظَلُوْمٌ كَفَّارٌ ﴿٣٤﴾

৩৪। এবং তোমরা তাঁর কাছে যা কিছু চেয়েছ তা সবই তিনি তোমাদেরকে দিয়েছেন।* আর যদি তোমরা আল্লাহ্র নেয়ামত গণনা কর তাহলে এর সংখ্যা নির্ণয় করতে পারবে না। নিশ্চয় মানুষ অবশ্যই অত্যন্ত জালিম ও খুবই অকৃতজ্ঞ।

وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿٣٥﴾

৩৫। এবং যখন ইবরাহীম বলেছিল, 'হে আমার প্রতিপালক! আপনি এই নগরকে* নিরাপদ করুন এবং আমাকে ও আমার পুত্রদেরকে মূর্তি পূজা থেকে দূরে রাখুন।

رَبِّ اِنَّهُنَّ اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِيْ فَاِنَّهٗ مِنِّيْ ۚ وَمَنْ عَصَانِيْ فَاِنَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٦﴾

৩৬। হে আমার প্রতিপালক! নিশ্চয় তারা (মূর্তিগুলো) বহু মানুষকে পথভ্রষ্ট করেছে। সুতরাং যে আমার অনুসরণ করবে নিশ্চয় সে আমার দলভুক্ত, কিন্তু যে আমাকে অমান্য করবে নিশ্চয় আপনি অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

رَبَّنَآ اِنِّيْٓ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْئِدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْٓ اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ ﴿٣٧﴾

৩৭। হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমি আমার বংশধরের এক অংশকে বসবাসের ব্যবস্থা করলাম এক শস্যহীণ উপত্যকায় আপনার পবিত্র ঘরের কাছে, হে আমাদের প্রতিপালক! যাতে তারা সালাত (নামায) কায়েম করতে পারে, সুতরাং আপনি কিছু লোকের অন্তর তাদের প্রতি অনুরাগী করে দিন এবং তাদেরকে রিযিক দিন ফলমূল থেকে, যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করতে পারে।

رَبَّنَآ اِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِيْ وَمَا نُعْلِنُ ۭ وَمَا يَخْفٰى عَلَى اللّٰهِ مِنْ شَيْءٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ ﴿٣٨﴾

৩৮। হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনি জানেন আমরা যা গোপন করি ও যা প্রকাশ করি। এবং আল্লাহ্র নিকট পৃথিবীতে ও আকাশে কিছুই গোপন নয়।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَى الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ؕ اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَآءِ ﴿٣٩﴾

৩৯। সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমার বার্ধক্যে ইসমা'ঈল ও ইসহাককে দান করেছেন। নিশ্চয় আমার প্রতিপালক অবশ্যই প্রার্থনা শ্রবনকারী।

رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ ۖ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَآءِ ﴿٤٠﴾

৪০। হে আমার প্রতিপালক! আমাকে সালাত (নামায) কায়েমকারী বানান এবং আমার বংশধরের মধ্য থেকেও। হে আমাদের প্রতিপালক! আমার প্রার্থনা কবুল করুন।

رَبَّنَا اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ ﴿٤١﴾ ع

৪১। হে আমাদের প্রতিপালক! আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনদেরকে সেদিন ক্ষমা করুন যেদিন হিসাব অনুষ্ঠিত হবে।'

وَلَا تَحْسَبَنَّ اللّٰهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ الظّٰلِمُوْنَ ۬ؕ اِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيْهِ الْاَبْصَارُ ﴿٤٢﴾

৪২। আর (হে মুহাম্মাদ!) জালিমরা যা করে সে সম্পর্কে তুমি আল্লাহ্‌কে কখনো বেখবর মনে করো না। তিনি কেবল তাদেরকে সেদিনের জন্য অবকাশ দেন যেদিন চক্ষুসমূহ (আতঙ্কে) স্থির হয়ে যাবে-

مُهْطِعِيْنَ مُقْنِعِيْ رُءُوْسِهِمْ لَا يَرْتَدُّ اِلَيْهِمْ طَرْفُهُمْ ۚ وَاَفْئِدَتُهُمْ هَوَآءٌ ﴿٤٣﴾

৪৩। তারা তাদের মাথা উপরের দিকে উঠিয়ে দৌড়াতে থাকবে, তাদের দৃষ্টি তাদের (নিজেদের) দিকে ফিরবে না এবং তাদের অন্তর হবে (আশা) শূণ্য।

وَاَنْذِرِ النَّاسَ يَوْمَ يَاْتِيْهِمُ الْعَذَابُ فَيَقُوْلُ الَّذِيْنَ ظَلَمُوْا رَبَّنَآ اَخِّرْنَآ اِلٰٓى اَجَلٍ قَرِيْبٍ ۙ نُّجِبْ دَعْوَتَكَ وَنَتَّبِعِ الرُّسُلَ ؕ اَوَلَمْ تَكُوْنُوْٓا اَقْسَمْتُمْ مِّنْ قَبْلُ مَا لَكُمْ مِّنْ زَوَالٍ ﴿٤٤﴾

৪৪। এবং মানুষকে সতর্ক কর সেদিন সম্পর্কে যেদিন তাদের নিকট শাস্তি আসবে এবং যারা জুলুম করেছিল তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে একটি নিকটবর্তী সময় পর্যন্ত অবকাশ দিন, আমরা আপনার ডাকে সাড়া দেব এবং রাসূলদের অনুসরণ করব।'(তাদেরকে বলা হবে) 'তোমরা কি পূর্বে কসম করতে না যে, তোমাদের কোন পতন নেই?'

وَّسَكَنْتُمْ فِيْ مَسٰكِنِ الَّذِيْنَ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمُ الْاَمْثَالَ ﴿٤٥﴾

৪৫। এবং তোমরা বাস করতে তাদের বাসভূমিতে যারা নিজেদের প্রতি জুলুম করেছিল এবং তোমাদের কাছে স্পষ্ট ছিল তাদের প্রতি আমি কেমন (আচরণ) করেছিলাম এবং তোমাদের কাছে আমি দৃষ্টান্তসমূহও পেশ করেছিলাম।

وَقَدْ مَكَرُوْا مَكْرَهُمْ وَعِنْدَ اللّٰهِ مَكْرُهُمْ ؕ وَاِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُوْلَ مِنْهُ الْجِبَالُ ﴿٤٦﴾

৪৬। এবং তারা তাদের ষড়যন্ত্র করেছিল, কিন্তু তাদের ষড়যন্ত্র আল্লাহ্‌র কাছে (জানা ছিল), যদিও তাদের ষড়যন্ত্র এমন ছিল, যাতে পর্বত টলে যেত।

فَلَا تَحْسَبَنَّ اللّٰهَ مُخْلِفَ وَعْدِهٖ رُسُلَهٗ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ﴿٤٧﴾

৪৭। সুতরাং তুমি আল্লাহ্‌কে কখনো তাঁর রাসূলদের সাথে তাঁর প্রতিশ্রুতি ভঙ্গকারী* মনে করো না। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও উচিত শাস্তিদাতা।

يَوْمَ تُبَدَّلُ الْاَرْضُ غَيْرَ الْاَرْضِ وَالسَّمٰوٰتُ وَبَرَزُوْا لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿٤٨﴾

৪৮। যেদিন এ যমীনকে অন্য যমীনে পরিবর্তিত করা হবে এবং আকাশসমূহেকেও এবং তারা (মানুষ) এক ও মহা পরাক্রমশালী আল্লাহ্‌র সামনে বের হয়ে আসবে।

وَتَرَى الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ مُّقَرَّنِيْنَ فِي الْاَصْفَادِ ﴿٤٩﴾ ع

৪৯। এবং সেদিন তুমি অপরাধীদেরকে দেখবে একত্রে শিকল বাঁধা অবস্থায়,

سَرَابِيْلُهُمْ مِّنْ قَطِرَانٍ وَّتَغْشٰى وُجُوْهَهُمُ النَّارُ ﴿٥٠﴾

৫০। তাদের জামা হবে আলকাতরার এবং আগুন তাদের চেহারাসমূহ আচ্ছন্ন করবে-

لِيَجْزِيَ اللّٰهُ كُلَّ نَفْسٍ مَّا كَسَبَتْ ؕ اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿٥١﴾

৫১। যেন আল্লাহ্ প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তার প্রতিফল দিতে পারেন। নিশ্চয় আল্লাহ্ হিসাবে দ্রুত।

هٰذَا بَلٰغٌ لِّلنَّاسِ وَلِيُنْذَرُوْا بِهٖ وَلِيَعْلَمُوْٓا اَنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ وَّلِيَذَّكَّرَ اُولُوا الْاَلْبَابِ ﴿٥٢﴾ ع

৫২। এটি (কুরআন) মানুষের জন্য এক বার্তা এবং যাতে এর মাধ্যমে তাদেরকে সতর্ক করা যেতে পারে এবং যাতে তারা জানতে পারে যে, তিনিই এক ইলাহ্ এবং যাতে বুদ্ধিমানরা উপদেশ গ্রহণ করতে পারে।

১৫. সূরা আল-হিজর, মাক্কী
৯৯ আয়াত, ৬ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٥-سُوْرَةُ الْحِجْرِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٩٩، رُكُوْعَاتُهَا-٦
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-১৪

الٓرٰ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ وَقُرْاٰنٍ مُّبِيْنٍ ①

১। আলিফ-লাম-রা। এগুলো কিতাবের ও সুস্পষ্ট কুরআনের আয়াত।

رُبَمَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ كَانُوْا مُسْلِمِيْنَ ②

২। কখনো (এমন একদিন আসবে যেদিন) কাফিররা কামনা করবে যে, তারা যদি মুসলিম হত!

ذَرْهُمْ يَاْكُلُوْا وَيَتَمَتَّعُوْا وَيُلْهِهِمُ الْاَمَلُ فَسَوْفَ يَعْلَمُوْنَ ③

৩। তাদেরকে ছেড়ে দাও, তারা খেতে থাকুক ও ভোগ করতে থাকুক এবং (মিথ্যা) আশা তাদেরকে মোহাচ্ছন্ন রাখুক, কারণ অচিরেই তারা জানতে পারবে।

وَمَآ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا وَلَهَا كِتَابٌ مَّعْلُوْمٌ ④

৪। আমি যে জনপদকেই ধ্বংস করেছি তার জন্য ছিল একটি নির্দিষ্ট কিতাব (লিপিবদ্ধ সময়)।

مَا تَسْبِقُ مِنْ اُمَّةٍ اَجَلَهَا وَمَا يَسْتَاْخِرُوْنَ ⑤

৫। কোন উম্মত (জনগোষ্ঠী) তার নির্দিষ্ট সময়কে এগিয়ে আনতে পারে না এবং বিলম্বিতও করতে পারে না।

وَقَالُوْا يٰٓاَيُّهَا الَّذِيْ نُزِّلَ عَلَيْهِ الذِّكْرُ اِنَّكَ لَمَجْنُوْنٌ ⑥

৬। এবং তারা বলে, 'ওহে যার প্রতি যিকির (কুরআন) অবতীর্ণ করা হয়েছে! নিশ্চয় তুমি অবশ্যই পাগল।

لَوْ مَا تَاْتِيْنَا بِالْمَلٰٓئِكَةِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ⑦

৭। তুমি আমাদের নিকট ফেরেশতাদেরকে নিয়ে আস না কেন- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভূক্ত হও?'

مَا نُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ اِلَّا بِالْحَقِّ وَمَا كَانُوْٓا اِذًا مُّنْظَرِيْنَ ⑧

৮। আমি ফেরেশতাদেরকে কেবল সত্যসহ (ফয়সালাসহ) প্রেরণ করি, এবং তখন তারা (কাফিররা) অবকাশ পাবে না।

اِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ⑨

৯। নিশ্চয় আমিই যিকির (কুরআন) অবতীর্ণ করেছি এবং নিশ্চয় আমি অবশ্যই এর সংরক্ষণকারী।

وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِيْ شِيَعِ الْاَوَّلِيْنَ ⑩

১০। আর অবশ্যই আমি তোমার পূর্বে পূর্ববর্তী বহু দলের (সম্প্রদায়ের) নিকট (রাসূল) প্রেরণ করেছি।

وَمَا يَاْتِيْهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ⑪

১১। আর তাদের কাছে এমন কোন রাসূল আসেনি যার সাথে তারা ঠাট্টা-বিদ্রূপ করত না।

كَذٰلِكَ نَسْلُكُهٗ فِيْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ⑫

১২। এভাবেই আমি অপরাধীদের হৃদয়ে তা (বিদ্রূপ প্রবণতা) সঞ্চার করি-

لَا يُؤْمِنُوْنَ بِهٖ وَقَدْ خَلَتْ سُنَّةُ الْاَوَّلِيْنَ ⑬

১৩। তারা এর (অর্থাৎ কুরআনের) প্রতি ঈমান আনবে না এবং পূর্ববর্তীদের (প্রতি আমার গৃহীত) সুন্নত (রীতি) ইতোমধ্যে (এভাবেই) গত হয়েছে।*

وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِّنَ السَّمَآءِ فَظَلُّوْا فِيْهِ يَعْرُجُوْنَ ⑭

১৪। আর যদি তাদের জন্য আকাশের কোন একটি দরজা খুলে দিতাম, অতঃপর তারা তাতে উঠতে থাকত-

لَقَالُوْٓا اِنَّمَا سُكِّرَتْ اَبْصَارُنَا بَلْ نَحْنُ قَوْمٌ مَّسْحُوْرُوْنَ ⑮

ع ١ ١٥ ١ রুকূ ১

১৫। তাহলে অবশ্যই তারা বলত, 'আমাদের দৃষ্টি সম্মোহিত করা হয়েছে, উপরন্তু আমরা এক জাদুগ্রস্ত সম্প্রদায়।'

وَلَقَدْ جَعَلْنَا فِي السَّمَآءِ بُرُوْجًا وَّزَيَّنّٰهَا لِلنّٰظِرِيْنَ ⑯

১৬। আর অবশ্যই আমি আকাশে বুরুজ (নক্ষত্র পুঞ্জ) বানিয়েছি এবং তাকে দর্শকদের জন্য সুসজ্জিত করেছি-

وَحَفِظْنٰهَا مِنْ كُلِّ شَيْطٰنٍ رَّجِيْمٍ ⑰

১৭। এবং প্রত্যেক বিতাড়িত শয়তান থেকে আমি তাকে সুরক্ষা করেছি-

إِلَّا مَنِ اسْتَرَقَ السَّمْعَ فَأَتْبَعَهُ شِهَابٌ مُّبِينٌ ﴿١٨﴾

১৮। তবে যে চুরি করে (আকাশের সংবাদ) শুনতে চায় জ্বলন্ত শিখা তার পিছু ধাওয়া করে।

وَالْأَرْضَ مَدَدْنَاهَا وَأَلْقَيْنَا فِيهَا رَوَاسِيَ وَأَنْبَتْنَا فِيهَا مِن كُلِّ شَيْءٍ مَّوْزُونٍ ﴿١٩﴾

১৯। আর আমি পৃথিবীকে বিস্তৃত করেছি, তাতে সুদৃঢ় পর্বতমালা স্থাপন করেছি এবং আমি তাতে প্রত্যেক ভারসাম্যপূর্ণ বস্তু উৎপাদন করেছি।

وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ وَمَن لَّسْتُمْ لَهُ بِرَازِقِينَ ﴿٢٠﴾

২০। এবং তাতে তোমাদের জন্য জীবিকার ব্যবস্থা করেছি এবং তাদের জন্যও যাদের রিযিকদাতা তোমরা নও।

وَإِن مِّن شَيْءٍ إِلَّا عِندَنَا خَزَائِنُهُ وَمَا نُنَزِّلُهُ إِلَّا بِقَدَرٍ مَّعْلُومٍ ﴿٢١﴾

২১। এবং এমন কোন বস্তু নেই যার ভাণ্ডার আমার কাছে নেই এবং তা নির্দিষ্ট পরিমাণে অবতীর্ণ করি না।

وَأَرْسَلْنَا الرِّيَاحَ لَوَاقِحَ فَأَنزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً فَأَسْقَيْنَاكُمُوهُ وَمَا أَنتُمْ لَهُ بِخَازِنِينَ ﴿٢٢﴾

২২। এবং আমি প্রেরণ করি মেঘ বহনকারী বাতাস, অতঃপর আকাশ থেকে পানি অবতীর্ণ করি এবং তা তোমাদেরকে পান করাই, আর তোমরা এর ভাণ্ডার রক্ষকও নও।

وَإِنَّا لَنَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَنَحْنُ الْوَارِثُونَ ﴿٢٣﴾

২৩। এবং নিশ্চয় আমিই জীবিত করি ও মৃত্যু ঘটাই এবং আমিই উত্তরাধিকারী।

وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَأْخِرِينَ ﴿٢٤﴾

২৪। আর অবশ্যই আমি তোমাদের মধ্য থেকে পূর্ববর্তীদেরকে জানি এবং অবশ্যই আমি পরবর্তী আগমণকারীদেরকেও জানি।

وَإِنَّ رَبَّكَ هُوَ يَحْشُرُهُمْ إِنَّهُ حَكِيمٌ عَلِيمٌ ﴿٢٥﴾

২৫। নিশ্চয় তোমার প্রতিপালকই তাদেরকে সমবেত করবেন। নিশ্চয় তিনি মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।

وَلَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ مِن صَلْصَالٍ مِّنْ حَمَإٍ مَّسْنُونٍ ﴿٢٦﴾

২৬। আর আমি মানুষ সৃষ্টি করেছি গলিত কাদা মাটির শুকনো খণ্ড থেকে,

وَالْجَانَّ خَلَقْنَاهُ مِن قَبْلُ مِن نَّارِ السَّمُومِ ﴿٢٧﴾

২৭। এবং এর পূর্বে জ্বীন জাতিকে সৃষ্টি করেছি ঝলসে দেয়া আগুন থেকে।

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي خَالِقٌ بَشَرًا مِّن صَلْصَالٍ مِّنْ حَمَإٍ مَّسْنُونٍ ﴿٢٨﴾

২৮। এবং যখন তোমার প্রতিপালক ফেরেশতাদেরকে বলেছিলেন, 'নিশ্চয় আমি গলিত কাদা মাটির শুকনো খণ্ড হতে মানুষ সৃষ্টি করব।

فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ مِن رُّوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ ﴿٢٩﴾

২৯। এবং যখন আমি তাকে সুগঠিত করব এবং আমার রূহ্ থেকে তার মধ্যে ফুঁকে দেব তখন তোমরা তার প্রতি সিজদাবনত হবে।'

فَسَجَدَ الْمَلَائِكَةُ كُلُّهُمْ أَجْمَعُونَ ﴿٣٠﴾

৩০। অতঃপর ফেরেশতারা সকলেই সিজদা করল-

إِلَّا إِبْلِيسَ أَبَىٰ أَن يَكُونَ مَعَ السَّاجِدِينَ ﴿٣١﴾

৩১। ইবলিস ছাড়া। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হতে অস্বীকার করল।

قَالَ يَا إِبْلِيسُ مَا لَكَ أَلَّا تَكُونَ مَعَ السَّاجِدِينَ ﴿٣٢﴾

৩২। তিনি (আল্লাহ্) বললেন, 'হে ইবলিস! তোমার কী (অজুহাত) আছে যে, তুমি সিজদাকারীদের সঙ্গী হলে না?'

قَالَ لَمْ أَكُن لِّأَسْجُدَ لِبَشَرٍ خَلَقْتَهُ مِن صَلْصَالٍ مِّنْ حَمَإٍ مَّسْنُونٍ ﴿٣٣﴾

৩৩। সে বলল, 'আমি এমন ছিলাম না যে, আমি সিজদা করব একজন মানুষকে যাকে আপনি গলিত কাদা মাটির শুকনো খণ্ড থেকে সৃষ্টি করেছেন।'

قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ ﴿٣٤﴾

৩৪। তিনি বললেন, 'তবে তুমি এখান থেকে বের হয়ে যাও, কারণ নিশ্চয় তুমি বিতাড়িত-

وَإِنَّ عَلَيْكَ اللَّعْنَةَ إِلَىٰ يَوْمِ الدِّينِ ﴿٣٥﴾

৩৫। এবং নিশ্চয় তোমার উপর লা'নত বিচারের দিন পর্যন্ত।'

قَالَ رَبِّ فَأَنظِرْنِي إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ﴿٣٦﴾

৩৬। সে বলল, 'হে আমার প্রতিপালক! তাহলে আমাকে অবকাশ দিন সেদিন পর্যন্ত যেদিন পুনরুত্থিত করা হবে।'

قَالَ فَاِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ ۙ﴿٣٧﴾

৩৭। তিনি বললেন, ' তাহলে নিশ্চয় তুমি অবকাশ প্রাপ্তদের অন্তর্ভুক্ত-

اِلٰى يَوْمِ الْوَقْتِ الْمَعْلُوْمِ ﴿٣٨﴾

৩৮। নির্দিষ্ট সময়ের দিন পর্যন্ত।'

قَالَ رَبِّ بِمَآ اَغْوَيْتَنِىْ لَاُزَيِّنَنَّ لَهُمْ فِى الْاَرْضِ وَلَاُغْوِيَنَّهُمْ اَجْمَعِيْنَ ۙ﴿٣٩﴾

৩৯। সে বলল, 'হে আমার প্রতিপালক! আপনি যেহেতু আমাকে বিপথগামী করলেন তাই আমি পৃথিবীতে (পাপ কাজকে) তাদের কাছে অবশ্যই অবশ্যই শোভনীয় করে তুলব এবং অবশ্যই অবশ্যই আমি তাদের সবাইকে বিপথগামী করব-

اِلَّا عِبَادَكَ مِنْهُمُ الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾

৪০। তাদের মধ্যে আপনার বাছাইকৃত বান্দাদেরকে ছাড়া।'

قَالَ هٰذَا صِرَاطٌ عَلَىَّ مُسْتَقِيْمٌ ﴿٤١﴾

৪১। তিনি বললেন, 'এটি (বাছাইকৃতদের পথটি) আমার নিকট (পৌঁছার) সরল পথ।

اِنَّ عِبَادِىْ لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ اِلَّا مَنِ اتَّبَعَكَ مِنَ الْغٰوِيْنَ ﴿٤٢﴾

৪২। নিশ্চয় আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা থাকবে না তাদের ব্যতীত, বিপথগামীদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে।'

وَاِنَّ جَهَنَّمَ لَمَوْعِدُهُمْ اَجْمَعِيْنَ ۗ﴿٤٣﴾

৪৩। আর নিশ্চয় জাহান্নাম অবশ্যই তাদের* সবার প্রতিশ্রুত স্থান,

ع ١٩ ٣ ٣ রুকূ

لَهَا سَبْعَةُ اَبْوَابٍ ؕ لِكُلِّ بَابٍ مِّنْهُمْ جُزْءٌ مَّقْسُوْمٌ ﴿٤٤﴾

৪৪। এর সাতটি দরজা আছে, প্রত্যেক দরজার জন্য তাদের মধ্য থেকে একেকটি অংশকে (দলকে) বন্টন করে দেয়া হবে।

اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ؕ﴿٤٥﴾

৪৫। নিশ্চয় মুত্তাকীরা থাকবে জান্নাতে ও ঝর্ণাসমূহের মধ্যে।

اُدْخُلُوْهَا بِسَلٰمٍ اٰمِنِيْنَ ﴿٤٦﴾

৪৬। (তাদেরকে বলা হবে) 'তোমরা তাতে প্রবেশ কর সালামের (শান্তির) সাথে, নিরাপদে।'

وَنَزَعْنَا مَا فِىْ صُدُوْرِهِمْ مِّنْ غِلٍّ اِخْوَانًا عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٧﴾

৪৭। এবং তাদের বক্ষসমূহে যে বিদ্বেষ রয়েছে তা আমি দূর করে দেব; (ফলে তারা হয়ে যাবে) ভাই ভাই; (থাকবে) আসনসমূহের উপর পরস্পর মুখোমুখি হয়ে।

لَا يَمَسُّهُمْ فِيْهَا نَصَبٌ وَّمَا هُمْ مِّنْهَا بِمُخْرَجِيْنَ ﴿٤٨﴾

৪৮। সেখানে কোন অবসাদ তাদেরকে স্পর্শ করবে না এবং তারা সেখান থেকে বহিষ্কৃতও হবে না।

نَبِّئْ عِبَادِىْٓ اَنِّىْٓ اَنَا الْغَفُوْرُ الرَّحِيْمُ ۙ﴿٤٩﴾

৪৯। আমার বান্দাদেরকে জানিয়ে দাও যে, আমিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু-

وَاَنَّ عَذَابِىْ هُوَ الْعَذَابُ الْاَلِيْمُ ﴿٥٠﴾

৫০। এবং এও যে, আমার শাস্তিই অতি যন্ত্রণাদায়ক শাস্তি।

وَنَبِّئْهُمْ عَنْ ضَيْفِ اِبْرٰهِيْمَ ۘ﴿٥١﴾

৫১। আর তাদেরকে জানিয়ে দাও, ইবরাহীমের অতিথিদের সম্পর্কে।

اِذْ دَخَلُوْا عَلَيْهِ فَقَالُوْا سَلٰمًا ؕ قَالَ اِنَّا مِنْكُمْ وَجِلُوْنَ ﴿٥٢﴾

৫২। যখন তারা তার নিকট প্রবেশ করল এবং বলল, 'সালাম', তখন সে বলল, 'নিশ্চয় আমরা তোমাদের ব্যাপারে আতঙ্কিত।'

قَالُوْا لَا تَوْجَلْ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمٍ عَلِيْمٍ ﴿٥٣﴾

৫৩। তারা বলল, 'আতঙ্কিত হবেন না, নিশ্চয় আমরা আপনাকে এক জ্ঞানী পুত্রের সুসংবাদ দিচ্ছি।'

قَالَ اَبَشَّرْتُمُوْنِىْ عَلٰٓى اَنْ مَّسَّنِىَ الْكِبَرُ فَبِمَ تُبَشِّرُوْنَ ﴿٥٤﴾

৫৪। সে বলল, 'তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ এ সত্বেও যে, আমাকে বার্ধক্য স্পর্শ করেছে? তবে তোমরা কিসের সুসংবাদ দিচ্ছ!

قَالُوْا بَشَّرْنٰكَ بِالْحَقِّ فَلَا تَكُنْ مِّنَ الْقٰنِطِيْنَ ﴿٥٥﴾

৫৫। তারা বলল, 'আমরা সত্য সুসংবাদ দিচ্ছি, সুতরাং আপনি নিরাশ হবেন না।'

قَالَ وَمَنْ يَّقْنَطُ مِنْ رَّحْمَةِ رَبِّهٖٓ اِلَّا الضَّآلُّوْنَ ﴿٥٦﴾

৫৬। সে বলল, 'পথভ্রষ্টরা ছাড়া আর কে তার প্রতিপালকের দয়া থেকে নিরাশ হয়?'

قَالَ فَمَا خَطْبُكُمْ اَيُّهَا الْمُرْسَلُوْنَ ﴿٥٧﴾

৫৭। সে বলল, 'হে প্রেরিতরা (ফেরেশতারা)! অতঃপর তোমাদের ব্যাপার কি?'

قَالُوْٓا اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمٍ مُّجْرِمِيْنَ ۙ﴿٥٨﴾

৫৮। তারা বলল, 'নিশ্চয় আমাদেরকে এক অপরাধী সম্প্রদায়ের প্রতি প্রেরণ করা হয়েছে-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِلَّآ ءَالَ لُوطٍ ۖ إِنَّا لَمُنَجُّوهُمْ أَجْمَعِينَ ﴿٥٩﴾

৫৯। লূতের পরিবার-পরিজন ছাড়া। নিশ্চয় আমরা তাদের সবাইকে অবশ্যই উদ্ধার করব-

إِلَّا ٱمْرَأَتَهُۥ قَدَّرْنَآ ۙ إِنَّهَا لَمِنَ ٱلْغَٰبِرِينَ ﴿٦٠﴾

৬০। তার স্ত্রীকে ছাড়া, আমরা নির্ধারণ করেছি যে, নিশ্চয় সে অবশ্যই পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত।'

فَلَمَّا جَآءَ ءَالَ لُوطٍ ٱلْمُرْسَلُونَ ﴿٦١﴾

৬১। অতঃপর প্রেরিতরা (ফেরেশতারা) যখন লূতের পরিবারের নিকট আসল-

قَالَ إِنَّكُمْ قَوْمٌ مُّنكَرُونَ ﴿٦٢﴾

৬২। তখন সে বলল, 'তোমরা তো অপরিচিত লোক।'

قَالُوا۟ بَلْ جِئْنَٰكَ بِمَا كَانُوا۟ فِيهِ يَمْتَرُونَ ﴿٦٣﴾

৬৩। তারা বলল, 'বরং আমরা আপনার নিকট তা নিয়ে এসেছি যে বিষয়ে তারা সন্দেহের মধ্যে ছিল।*

وَأَتَيْنَٰكَ بِٱلْحَقِّ وَإِنَّا لَصَٰدِقُونَ ﴿٦٤﴾

৬৪। এবং আমরা আপনার নিকট সত্য (ফয়সালা) নিয়ে এসেছি এবং নিশ্চয় আমরা অবশ্যই সত্যবাদী।

فَأَسْرِ بِأَهْلِكَ بِقِطْعٍ مِّنَ ٱلَّيْلِ وَٱتَّبِعْ أَدْبَٰرَهُمْ وَلَا يَلْتَفِتْ مِنكُمْ أَحَدٌ وَٱمْضُوا۟ حَيْثُ تُؤْمَرُونَ ﴿٦٥﴾

৬৫। সুতরাং আপনি রাতের কোন এক সময়ে আপনার পরিবার-পরিজনসহ বের হয়ে পড়ুন এবং আপনি তাদের পশ্চাদানুসরণ করুন এবং আপনাদের মধ্য থেকে কেউ যেন পিছনে ফিরে না তাকায়, আপনাদেরকে যেখানে যেতে নির্দেশ দেয়া হচ্ছে আপনারা সেখানে চলে যান।'

وَقَضَيْنَآ إِلَيْهِ ذَٰلِكَ ٱلْأَمْرَ أَنَّ دَابِرَ هَٰٓؤُلَآءِ مَقْطُوعٌ مُّصْبِحِينَ ﴿٦٦﴾

৬৬। এবং আমি তাকে এ বিষয়টি জানিয়ে দিলাম যে, সকালেই তাদের মূল কেটে দেয়া হবে।

وَجَآءَ أَهْلُ ٱلْمَدِينَةِ يَسْتَبْشِرُونَ ﴿٦٧﴾

৬৭। এবং শহরবাসীরা উপস্থিত হল উল্লসিত হয়ে ।

قَالَ إِنَّ هَٰٓؤُلَآءِ ضَيْفِى فَلَا تَفْضَحُونِ ﴿٦٨﴾

৬৮। সে বলল, 'নিশ্চয় তারা আমার অতিথি, সুতরাং তোমরা আমাকে অসম্মানিত করো না-

وَٱتَّقُوا۟ ٱللَّهَ وَلَا تُخْزُونِ ﴿٦٩﴾

৬৯। এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর ও আমাকে অপমানিত করো না।'

قَالُوٓا۟ أَوَلَمْ نَنْهَكَ عَنِ ٱلْعَٰلَمِينَ ﴿٧٠﴾

৭০। তারা বলল, 'আমরা কি জগৎসমূহ থেকে (সকল মানুষকে রক্ষা করা থেকে) তোমাকে নিষেধ করিনি?'

قَالَ هَٰٓؤُلَآءِ بَنَاتِىٓ إِن كُنتُمْ فَٰعِلِينَ ﴿٧١﴾

৭১। সে (লূত) বলল, 'এরা আমার কন্যা- যদি তোমরা কিছু করতে চাও।'*

لَعَمْرُكَ إِنَّهُمْ لَفِى سَكْرَتِهِمْ يَعْمَهُونَ ﴿٧٢﴾

৭২। (হে মুহাম্মদ!) তোমার জীবনের কসম, নিশ্চয় তারা অবশ্যই ছিল তাদের নেশায় দিশেহারা ।*

فَأَخَذَتْهُمُ ٱلصَّيْحَةُ مُشْرِقِينَ ﴿٧٣﴾

৭৩। অতঃপর সূর্যোদয়ের সময় বিকট শব্দ তাদেরকে পাকড়াও করল-

فَجَعَلْنَا عَٰلِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهِمْ حِجَارَةً مِّن سِجِّيلٍ ﴿٧٤﴾

৭৪। আর আমি একে (জনপদকে) উল্টিয়ে দিলাম এবং তাদের উপর পোঁড়া মাটির পাথর বর্ষণ করলাম।

إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَٰتٍ لِّلْمُتَوَسِّمِينَ ﴿٧٥﴾

৭৫। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শণাবলী রয়েছে পর্যবেক্ষণকারীদের জন্য।

وَإِنَّهَا لَبِسَبِيلٍ مُّقِيمٍ ﴿٧٦﴾

৭৬। এবং নিশ্চয় তা (ধ্বংসপ্রাপ্ত নগর)* প্রতিষ্ঠিত রাস্তার পাশেই বিদ্যমান।

إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَةً لِّلْمُؤْمِنِينَ ﴿٧٧﴾

৭৭। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে মু'মিনদের জন্য।

وَإِن كَانَ أَصْحَٰبُ ٱلْأَيْكَةِ لَظَٰلِمِينَ ﴿٧٨﴾

৭৮। আর 'আইকা'বাসীরাও* ছিল জালিম-

فَٱنتَقَمْنَا مِنْهُمْ ۖ وَإِنَّهُمَا لَبِإِمَامٍ مُّبِينٍ ﴿٧٩﴾

৭৯। সুতরাং আমি তাদেরকে উচিত শাস্তি দিয়েছি, এবং নিশ্চয় উভয়টি* সুস্পষ্ট পথের পাশেই বিদ্যমান।

রুকূ ৪ | রুকূ ৫

৮০। আর অবশ্যই হিজরবাসীরা* প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল-

وَلَقَدْ كَذَّبَ اَصْحٰبُ الْحِجْرِ الْمُرْسَلِيْنَ ۙ﴿٨٠﴾

৮১। আর আমি তাদেরকে আমার নিদর্শনসমূহ দিয়েছিলাম, কিন্তু তারা তা উপেক্ষা করত-

وَاٰتَيْنٰهُمْ اٰيٰتِنَا فَكَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ۙ﴿٨١﴾

৮২। এবং তারা পাহাড় কেটে ঘর নির্মাণ করত নিরাপদ (মনে করে)।

وَكَانُوْا يَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا اٰمِنِيْنَ ﴿٨٢﴾

৮৩। অতঃপর সকালে বিকট শব্দ তাদেরকে পাকড়াও করল-

فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُصْبِحِيْنَ ۙ﴿٨٣﴾

৮৪। ফলে তারা যা অর্জন করত তা তাদের কোন কাজে আসেনি।

فَمَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ؕ﴿٨٤﴾

৮৫। আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে কোন কিছুই আমি অযথা (সঠিক লক্ষ্যে ছাড়া) সৃষ্টি করিনি এবং নিশ্চয় কিয়ামত অবশ্যই আসবে, সুতরাং তুমি (তাদেরকে) সুন্দরভাবে উপেক্ষা কর।*

وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ ؕ وَاِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ فَاصْفَحِ الصَّفْحَ الْجَمِيْلَ ﴿٨٥﴾

৮৬। নিশ্চয় তোমার প্রতিপালকই মহান স্রষ্টা ও সর্বজ্ঞানী ।

اِنَّ رَبَّكَ هُوَ الْخَلّٰقُ الْعَلِيْمُ ﴿٨٦﴾

৮৭। আর অবশ্যই আমি তোমাকে দিয়েছি পুনঃপুনঃ পঠিত সাতটি আয়াত ও মহা কুরআন।

وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِيْ وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ﴿٨٧﴾

৮৮। আমি তাদের বিভিন্ন শ্রেণীকে যে ভোগ্য সামগ্রী দিয়েছি তার প্রতি তুমি কখনো তোমার দু'চোখ প্রসারিত করো না,* তাদের জন্য দুঃখ করো না এবং মু'মিনদের জন্য তোমার বাহু অবনমিত কর (ঘনিষ্ট হও)।

لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖٓ اَزْوَاجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَاخْفِضْ جَنَاحَكَ لِلْمُؤْمِنِيْنَ ﴿٨٨﴾

৮৯। এবং বল, নিশ্চয় আমিই সুস্পষ্ট সতর্ককারী,

وَقُلْ اِنِّيْٓ اَنَا النَّذِيْرُ الْمُبِيْنُ ۚ﴿٨٩﴾

৯০। যেভাবে আমি অবতীর্ণ করেছিলাম (বিভিন্ন মতে) বিভক্তদের উপর-*

كَمَآ اَنْزَلْنَا عَلَى الْمُقْتَسِمِيْنَ ۙ﴿٩٠﴾

৯১। (সতর্ককারী তাদের জন্য) যারা কুরআনকে বিভিন্ন ভাগে বিভক্ত করেছে।*

الَّذِيْنَ جَعَلُوا الْقُرْاٰنَ عِضِيْنَ ﴿٩١﴾

৯২। সুতরাং কসম তোমার প্রতিপালকের, অবশ্যই অবশ্যই আমি তাদের সকলকে প্রশ্ন করব-

فَوَرَبِّكَ لَنَسْئَلَنَّهُمْ اَجْمَعِيْنَ ۙ﴿٩٢﴾

৯৩। তারা যা করত সে বিষয়ে।

عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ۝﴿٩٣﴾

৯৪। অতএব তুমি যে বিষয়ে আদিষ্ট হয়েছ তা প্রকাশ্যে প্রচার কর এবং মুশরিকদেরকে উপেক্ষা কর।

فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ﴿٩٤﴾

৯৫। নিশ্চয় তোমার জন্য আমিই যথেষ্ট ঠাট্টা-বিদ্রূপকারীদের বিরুদ্ধে-

اِنَّا كَفَيْنٰكَ الْمُسْتَهْزِءِيْنَ ۙ﴿٩٥﴾

৯৬। যারা আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্ নির্ধারণ করেছে, সুতরাং অচিরেই তারা জানতে পারবে।

الَّذِيْنَ يَجْعَلُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۚ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٩٦﴾

৯৭। এবং অবশ্যই আমি জানি, তারা যা বলে তাতে তোমার বক্ষ সংকুচিত হয়-

وَلَقَدْ نَعْلَمُ اَنَّكَ يَضِيْقُ صَدْرُكَ بِمَا يَقُوْلُوْنَ ۙ﴿٩٧﴾

৯৮। সুতরাং (প্রতিকার এই যে) তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা কর এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হও-

فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ۙ﴿٩٨﴾

৯৯। এবং তুমি তোমার প্রতিপালকের ইবাদত করতে থাক যতক্ষনা তোমার ইয়াকীন (মৃত্যু) আসে।

وَاعْبُدْ رَبَّكَ حَتّٰى يَاْتِيَكَ الْيَقِيْنُ ۚ﴿٩٩﴾

ع ٦ ٦ ٦ রুকূ ৬

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৬. সূরা আন-নাহ্‌ল, মাক্কী

১২৮ আয়াত, ১৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٦-سُوْرَةُ النَّحْلِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٢٨، رُكُوْعَاتُهَا-١٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। আল্লাহ্‌র নির্দেশ* আসবেই, সুতরাং তোমরা তা ত্বরান্বিত করতে চেয়ো না। তারা যা শরীক করে তা হতে তিনি পবিত্র এবং অনেক ঊর্ধ্বে।

اَتٰٓى اَمْرُ اللّٰهِ فَلَا تَسْتَعْجِلُوْهُ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ۝١

২। তিনি তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করেন তার উপর তাঁর নির্দেশের রূহ্‌সহ (ওহীসহ) ফেরেশতাদেরকে অবতীর্ণ করেন (এই বলে), 'তোমরা সতর্ক কর যে, নিশ্চয় আমি ছাড়া কোন ইলাহ্ নেই, সুতরাং আমাকে ভয় কর।'

يُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ مِنْ اَمْرِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اَنْ اَنْذِرُوْٓا اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ اَنَا۠ فَاتَّقُوْنِ ۝٢

৩। তিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন সত্যসহ (সঠিক লক্ষ্যে)। তারা যা শরীক করে তা হতে তিনি অনেক ঊর্ধ্বে।

خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ تَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ۝٣

৪। তিনি বীর্যবিন্দু থেকে মানুষ সৃষ্টি করেছেন, অতঃপর সহসা সে (হয়ে পড়ে) সুস্পষ্ট বিতণ্ডাকারী।

خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ۝٤

৫। এবং তিনি গবাদি পশু সৃষ্টি করেছেন, তোমাদের জন্য তাতে শীত নিবারণকারী উপকরণ ও বহু উপকার রয়েছে এবং তা থেকে তোমরা আহার করে থাক।

وَالْاَنْعَامَ خَلَقَهَا ۚ لَكُمْ فِيْهَا دِفْءٌ وَّمَنَافِعُ وَمِنْهَا تَاْكُلُوْنَ ۝٥

৬। এবং তোমাদের জন্য এগুলোর মধ্যে রয়েছে সৌন্দর্য যখন তোমরা এগুলোকে (সন্ধ্যা বেলা) বিশ্রামে নিয়ে আস এবং যখন এগুলোকে (সকালে চারণভূমিতে) নিয়ে যাও।

وَلَكُمْ فِيْهَا جَمَالٌ حِيْنَ تُرِيْحُوْنَ وَحِيْنَ تَسْرَحُوْنَ ۝٦

৭। এবং তারা তোমাদের ভার বহন করে নিয়ে যায় এমন নগরের দিকে যেখানে প্রাণান্ত কষ্ট করা ছাড়া তোমরা পৌঁছতে পারতে না। নিশ্চয় তোমাদের প্রতিপালক অবশ্যই অতি অনুগ্রহশীল ও পরম দয়ালু।

وَتَحْمِلُ اَثْقَالَكُمْ اِلٰى بَلَدٍ لَّمْ تَكُوْنُوْا بٰلِغِيْهِ اِلَّا بِشِقِّ الْاَنْفُسِ ؕ اِنَّ رَبَّكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ۝٧

৮। এবং তোমাদের আরোহণের জন্য ও শোভার জন্য (তিনি সৃষ্টি করেছেন) ঘোড়া, খচ্চর ও গাধা এবং তিনি সৃষ্টি করেন এমন অনেক কিছু যা তোমরা জান না।

وَّالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيْرَ لِتَرْكَبُوْهَا وَزِيْنَةً ؕ وَيَخْلُقُ مَا لَا تَعْلَمُوْنَ ۝٨

৯। আর পথ প্রদর্শনের দায়িত্ব আল্লাহ্‌রই এবং এগুলোর মধ্যে বাঁকা পথও আছে। আর যদি তিনি ইচ্ছা করতেন তাহলে তোমাদের সকলকে সঠিক পথ প্রদর্শন করতেন।

ع ١ ٧ ١ রুকূ ٩

وَعَلَى اللّٰهِ قَصْدُ السَّبِيْلِ وَمِنْهَا جَآئِرٌ ؕ وَلَوْ شَآءَ لَهَدٰىكُمْ اَجْمَعِيْنَ ۝٩

১০। তিনিই আকাশ থেকে পানি অবতীর্ণ করেন, তা থেকে তোমাদের জন্য রয়েছে পানীয় এবং তা থেকে (উৎপন্ন হয়) উদ্ভিদ* যাতে তোমরা (পশু) চারণ করে থাক।

هُوَ الَّذِيْٓ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً لَّكُمْ مِّنْهُ شَرَابٌ وَّمِنْهُ شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ ۝١٠

১১। তিনি তোমাদের জন্য এর মাধ্যমে শস্য, যায়তূন,* খেজুর গাছ, আঙ্গুর এবং সবরকমের ফল উৎপন্ন করেন। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

يُنْۢبِتُ لَكُمْ بِهِ الزَّرْعَ وَالزَّيْتُوْنَ وَالنَّخِيْلَ وَالْاَعْنَابَ وَمِنْ كُلِّ الثَّمَرٰتِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ۝١١

১২। এবং তিনি রাত ও দিন এবং সূর্য ও চন্দ্রকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন। আর তারকারাজিও তাঁরই নির্দেশের অধীন। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে-

وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ۙ وَالشَّمْسَ وَالْقَمَرَ ؕ وَالنُّجُوْمُ مُسَخَّرٰتٌۢ بِاَمْرِهٖ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝١٢

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَمَا ذَرَاَ لَكُمْ فِي الْاَرْضِ مُخْتَلِفًا اَلْوَانُهٗ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّذَّكَّرُوْنَ ﴿١٣﴾

১৩। এবং পৃথিবীতে নানা রঙের* যা কিছু তিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন (তাও তাঁর নির্দেশের অধীন)। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা উপদেশ গ্রহণ করে।

وَهُوَ الَّذِيْ سَخَّرَ الْبَحْرَ لِتَاْكُلُوْا مِنْهُ لَحْمًا طَرِيًّا وَّ تَسْتَخْرِجُوْا مِنْهُ حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى الْفُلْكَ مَوَاخِرَ فِيْهِ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٤﴾

১৪। এবং তিনিই সমুদ্রকে নিয়োজিত করেছেন যাতে তোমরা তা থেকে তাজা গোশত আহার* করতে পার এবং যাতে তা থেকে আহরণ করতে পার অলঙ্কার (মুক্তা) যা তোমরা পরে থাক এবং তোমরা দেখতে পাও যে, এর বুক চিরে নৌযান চলাচল করে এবং যাতে তোমরা তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পার* এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَاَلْقٰى فِي الْاَرْضِ رَوَاسِيَ اَنْ تَمِيْدَ بِكُمْ وَاَنْهٰرًا وَّسُبُلًا لَّعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٥﴾

১৫। এবং তিনি পৃথিবীতে সুদৃঢ় পর্বতমালা স্থাপন করেছেন যাতে তা (পৃথিবী) তোমাদেরকে নিয়ে আন্দোলিত না হয় এবং নহরসমূহ ও পথসমূহও (স্থাপন করেছেন) যাতে তোমরা (গন্তব্যস্থলের) পথ পেতে পার-

وَعَلٰمٰتٍ ؕ وَبِالنَّجْمِ هُمْ يَهْتَدُوْنَ ﴿١٦﴾

১৬। এবং (স্থাপন করেছেন পথ নির্ণায়ক) চিহ্নসমূহও। আর নক্ষত্রের মাধ্যমেও তারা পথ চলে।

اَفَمَنْ يَّخْلُقُ كَمَنْ لَّا يَخْلُقُ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿١٧﴾

১৭। সুতরাং যিনি সৃষ্টি করেন, তিনি কি তার মত যে সৃষ্টি করে না? তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَاِنْ تَعُدُّوْا نِعْمَةَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ؕ اِنَّ اللّٰهَ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٨﴾

১৮। আর যদি তোমরা আল্লাহ্‌র নেয়ামত গণনা কর তাহলে তার সংখ্যা নির্ণয় করতে পারবে না। নিশ্চয় আল্লাহ্ অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَاللّٰهُ يَعْلَمُ مَا تُسِرُّوْنَ وَمَا تُعْلِنُوْنَ ﴿١٩﴾

১৯। আর আল্লাহ্ জানেন তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর।

وَالَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَخْلُقُوْنَ شَيْـًٔا وَّهُمْ يُخْلَقُوْنَ ﴿٢٠﴾

২০। এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে ডাকে তারা কিছুই সৃষ্টি করে না, অথচ তারাই সৃষ্ট।

اَمْوَاتٌ غَيْرُ اَحْيَآءٍ ۚ وَمَا يَشْعُرُوْنَ ۙ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿٢١﴾

২১। তারা মৃত, নির্জীব* এবং তারা অনুভব করে না কখন তাদেরকে পুনরুত্থিত করা হবে।

اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ قُلُوْبُهُمْ مُّنْكِرَةٌ وَّهُمْ مُّسْتَكْبِرُوْنَ ﴿٢٢﴾

২২। তোমাদের ইলাহ্ এক ইলাহ্, সুতরাং যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের হৃদয়সমূহ (সত্য) অস্বীকারকারী, এবং তারা অহংকারী।

لَا جَرَمَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُسْتَكْبِرِيْنَ ﴿٢٣﴾

২৩। সন্দেহ নেই যে, আল্লাহ্ জানেন যা তারা গোপন করে এবং যা তারা প্রকাশ করে। নিশ্চয় তিনি অহংকারীদেরকে ভালবাসেন না।

وَاِذَا قِيْلَ لَهُمْ مَّاذَآ اَنْزَلَ رَبُّكُمْ ۙ قَالُوْٓا اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٢٤﴾

২৪। এবং যখন তাদেরকে বলা হয়, 'তোমাদের প্রতিপালক কী অবতীর্ণ করেছেন?' তখন তারা বলে, 'পূর্ববর্তীদের উপকথা'-

لِيَحْمِلُوْٓا اَوْزَارَهُمْ كَامِلَةً يَّوْمَ الْقِيٰمَةِ ۙ وَمِنْ اَوْزَارِ الَّذِيْنَ يُضِلُّوْنَهُمْ بِغَيْرِ عِلْمٍ ؕ اَلَا سَآءَ مَا يَزِرُوْنَ ﴿٢٥﴾

২৫। যাতে তারা কিয়ামতের দিন তাদের (পাপের) বোঝা পুরোপুরি বহন করতে পারে এবং তাদের (পাপের) বোঝাও যাদেরকে তারা কোন জ্ঞান ছাড়াই পথভ্রষ্ট করেছে। জেনে রাখ, তারা যা বহন করবে তা কতই না নিকৃষ্ট!

ع ١٣ ٢ ٢ ٨

قَدْ مَكَرَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَاَتَى اللّٰهُ بُنْيَانَهُمْ مِّنَ الْقَوَاعِدِ فَخَرَّ عَلَيْهِمُ السَّقْفُ مِنْ فَوْقِهِمْ وَاَتٰىهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُوْنَ ﴿٢٦﴾

২৬। তাদের পূর্ববর্তীরাও ষড়যন্ত্র করেছিল, এবং আল্লাহ্‌ তাদের ইমারতসমূহ ভিত্তি থেকে ধ্বংস করেছিলেন, ফলে উপর থেকে ছাদ তাদের উপর ধসে পড়ল এবং তাদের প্রতি এমন দিক থেকে শাস্তি আসল যা তারা টেরও পায় নি।

ثُمَّ يَوْمَ الْقِيٰمَةِ يُخْزِيْهِمْ وَيَقُوْلُ اَيْنَ شُرَكَآءِيَ الَّذِيْنَ كُنْتُمْ تُشَآقُّوْنَ فِيْهِمْ ۭ قَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ اِنَّ الْخِزْيَ الْيَوْمَ وَالسُّوْۗءَ عَلَي الْكٰفِرِيْنَ ﴿٢٧﴾

২৭। এরপর কিয়ামতের দিন তিনি তাদেরকে অপমাণিত করবেন এবং তিনি বলবেন, 'কোথায় আমার সেসব শরীকরা যাদের সম্পর্কে তোমরা মতবিরোধ করতে?' যাদেরকে জ্ঞান দান করা হয়েছিল তারা বলবে, 'নিশ্চয় আজ অপমান ও অমঙ্গল কাফিরদের উপর-

الَّذِيْنَ تَتَوَفّٰىهُمُ الْمَلٰۗىِٕكَةُ ظَالِمِيْٓ اَنْفُسِهِمْ ۠ فَاَلْقَوُا السَّلَمَ مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوْۗءٍ ۭ بَلٰٓى اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٨﴾

২৮। যাদের মৃত্যু ঘটায় ফেরেশতারা তাদের নিজেদের প্রতি জুলুম করতে থাকা অবস্থায়,* এবং তারা আত্মসমর্পণ করে বলে, 'আমরা কোন মন্দ কাজ করতাম না।' হ্যাঁ, নিশ্চয় আল্লাহ্‌ তোমরা যা করতে তা ভালভাবে জানেন।

فَادْخُلُوْٓا اَبْوَابَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۭ فَلَبِئْسَ مَثْوَى الْمُتَكَبِّرِيْنَ ﴿٢٩﴾

২৯। (বলা হবে) সুতরাং তোমরা জাহান্নামের দরজাসমূহ দিয়ে প্রবেশ কর, সেখানে স্থায়ীভাবে অবস্থানের জন্য। সুতরাং কতই না নিকৃষ্ট অহংকারীদের আবাসস্থল!

وَقِيْلَ لِلَّذِيْنَ اتَّقَوْا مَاذَآ اَنْزَلَ رَبُّكُمْ ۭ قَالُوْا خَيْرًا ۭ لِلَّذِيْنَ اَحْسَنُوْا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةٌ ۭ وَلَدَارُ الْاٰخِرَةِ خَيْرٌ ۭ وَلَنِعْمَ دَارُ الْمُتَّقِيْنَ ﴿٣٠﴾

৩০। এবং যারা তাকওয়া অবলম্বন করত তাদেরকে বলা হবে, 'তোমাদের প্রতিপালক কী অবতীর্ণ করেছিলেন?' তারা বলবে, 'মহাকল্যাণ।' যারা ভালকাজ করে তাদের জন্য আছে এই দুনিয়ায় কল্যাণ এবং আখিরাতের আবাস আরও উৎকৃষ্ট এবং মুত্তাকীদের আবাস কতই না উত্তম-

جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ لَهُمْ فِيْهَا مَا يَشَاۗءُوْنَ ۭ كَذٰلِكَ يَجْزِي اللّٰهُ الْمُتَّقِيْنَ ﴿٣١﴾

৩১। -স্থায়ী জান্নাতসমূহ, যেগুলোতে তারা প্রবেশ করবে; যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত; সেখানে তারা যা ইচ্ছা করবে তা-ই তাদের জন্য থাকবে। এভাবেই আল্লাহ্‌ মুত্তাকীদেরকে পুরস্কৃত করেন-

الَّذِيْنَ تَتَوَفّٰىهُمُ الْمَلٰۗىِٕكَةُ طَيِّبِيْنَ ۙ يَقُوْلُوْنَ سَلٰمٌ عَلَيْكُمُ ۙ ادْخُلُوا الْجَنَّةَ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٣٢﴾

৩২। যাদের মৃত্যু ঘটায় ফেরেশতারা পবিত্র থাকা অবস্থায়, তারা (ফেরেশতারা) বলে, 'তোমাদের প্রতি সালাম (শান্তি)।' (বলা হবে) তোমরা জান্নাতে প্রবেশ কর, তোমরা যা করতে তার বিনিময়ে।

هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ تَاْتِيَهُمُ الْمَلٰۗىِٕكَةُ اَوْ يَاْتِيَ اَمْرُ رَبِّكَ ۭ كَذٰلِكَ فَعَلَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۭ وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٣٣﴾

৩৩। তারা (কাফিররা) কি কেবল তাদের কাছে (মৃত্যুর) ফেরেশতাদের আগমনের অথবা তোমার প্রতিপালকের নির্দেশ (শাস্তি) আসার প্রতীক্ষায় রয়েছে? তাদের পূর্ববর্তীরাও এমনই করত। আর আল্লাহ তাদের প্রতি কোন জুলুম করেননি,বরং তারাই তাদের নিজেদের প্রতি জুলুম করত।

فَاَصَابَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٣٤﴾

ع ১০ ৪ রুকূ ১০

৩৪। সুতরাং তাদের কাজের মন্দ ফলসমূহ তাদেরকে আঘাত করেছিল এবং তাদেরকে পরিবেষ্টন করেছিল তা-ই, যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত।

وَقَالَ الَّذِيْنَ اَشْرَكُوْا لَوْ شَاۗءَ اللّٰهُ مَا عَبَدْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ نَّحْنُ وَلَآ اٰبَاۗؤُنَا وَلَا حَرَّمْنَا مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ ۭ كَذٰلِكَ فَعَلَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ فَهَلْ عَلَي الرُّسُلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٣٥﴾

৩৫। এবং যারা শরীক করেছে তারা বলে, 'আল্লাহ্‌ যদি ইচ্ছা করতেন তাহলে তাঁকে বাদ দিয়ে কোন কিছুর উপাসনা করতাম না, না আমরা আর না আমাদের পিতৃ-পুরুষরা, এবং তাঁকে বাদ দিয়ে (অর্থাৎ তাঁর ইচ্ছা ছাড়া) কোন কিছুকে হারাম করতাম না।' তাদের পূর্ববর্তীরা এমনই করেছে, সুতরাং সুস্পষ্টভাবে পৌঁছে দেয়া ছাড়া রাসূলের উপর আর কিছু (দায়িত্ব) আছে কি?

وَلَقَدْ بَعَثْنَا فِيْ كُلِّ اُمَّةٍ رَّسُوْلًا اَنِ اعْبُدُوا اللّٰهَ وَاجْتَنِبُوا الطَّاغُوْتَ ۚ فَمِنْهُمْ مَّنْ هَدَى اللّٰهُ وَمِنْهُمْ مَّنْ حَقَّتْ عَلَيْهِ الضَّلٰلَةُ ؕ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿٣٦﴾

৩৬। এবং অবশ্যই আমি প্রত্যেক উম্মতের মধ্যে একজন রাসূল পাঠিয়েছি (যারা বলত) যে, আল্লাহ্‌র ইবাদত কর ও তাগুতকে* পরিহার কর, অতঃপর তাদের কাউকে আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেছেন এবং তাদের কারো উপর পথভ্রষ্টতা অবধারিত হয়েছিল। সুতরাং পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর, কেমন ছিল মিথ্যা অভিহিতকারীদের পরিণাম।

اِنْ تَحْرِصْ عَلٰى هُدٰىهُمْ فَاِنَّ اللّٰهَ لَا يَهْدِيْ مَنْ يُّضِلُّ وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٣٧﴾

৩৭। যদি তুমি তাদেরকে সঠিক পথ প্রদর্শন করতে উৎসাহী হও, তবে (জেনে রাখ) নিশ্চয় আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তাকে তিনি সঠিক পথ প্রদর্শন করেন না এবং তাদের কোন সাহায্যকারী নেই।

وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ ۙ لَا يَبْعَثُ اللّٰهُ مَنْ يَّمُوْتُ ؕ بَلٰى وَعْدًا عَلَيْهِ حَقًّا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং তারা আল্লাহ্‌র নামে কসম করেছে- তাদের দৃঢ় কসম যে, 'আল্লাহ্ যাকে মৃত্যু দেন তাকে পুনরুত্থিত করবেন না।' হ্যা (অবশ্যই), তার প্রতিশ্রুতি (পুনরুত্থান) সত্য, কিন্তু অধিকাংশ মানুষ জানে না-

لِيُبَيِّنَ لَهُمُ الَّذِيْ يَخْتَلِفُوْنَ فِيْهِ وَلِيَعْلَمَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنَّهُمْ كَانُوْا كٰذِبِيْنَ ﴿٣٩﴾

৩৯। (পুনরুত্থিত করবেন) যাতে তিনি তাদের জন্য (তা) সুস্পষ্ট করতে পারেন যে বিষয়ে তারা মতবিরোধ করছিল এবং যাতে যারা কুফরী করেছে তারা জানতে পারে যে, তারা ছিল মিথ্যাবাদী।

ع ٥ ١١ ৫ রুকূ ১১

اِنَّمَا قَوْلُنَا لِشَيْءٍ اِذَآ اَرَدْنٰهُ اَنْ نَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٤٠﴾

৪০। আমি কোন কিছুর ইচ্ছা করলে সে বিষয়ে আমার কথা শুধু এই যে, আমি বলি, 'হও'; এবং তা হয়ে যায়।

وَالَّذِيْنَ هَاجَرُوْا فِي اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا ظُلِمُوْا لَنُبَوِّئَنَّهُمْ فِي الدُّنْيَا حَسَنَةً ؕ وَلَاَجْرُ الْاٰخِرَةِ اَكْبَرُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٤١﴾

৪১। এবং যারা অত্যাচারিত হওয়ার পর আল্লাহ্‌র জন্য হিজরত করেছে, আমি অবশ্যই অবশ্যই তাদেরকে দুনিয়ায় উত্তম বাসস্থান দিব। আর আখিরাতের প্রতিদানই শ্রেষ্ঠ, যদি তারা জানত-

الَّذِيْنَ صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٤٢﴾

৪২। যারা ধৈর্য ধারণ করেছে ও তাদের প্রতিপালকের উপর ভরসা করেছে।

وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ فَسْئَلُوْٓا اَهْلَ الذِّكْرِ اِنْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٤٣﴾

৪৩। আর তোমার পূর্বে আমি মানুষকেই (রাসূল হিসেবে) প্রেরণ করেছিলাম যাদের প্রতি ওহী করতাম, সুতরাং তোমরা যদি না জান তবে যিকির ধারীদেরকে (অর্থাৎ কিতাবধারীদেরকে) জিজ্ঞাসা কর-

بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ ؕ وَاَنْزَلْنَآ اِلَيْكَ الذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ اِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ﴿٤٤﴾

৪৪। (প্রেরণ করেছিলাম) স্পষ্ট প্রমাণাদি ও যাবুরসমূহ (লিখিত কিতাবসমূহ) সহ। এবং তোমার প্রতি যিকির (কুরআন) অবতীর্ণ করেছি যাতে তুমি মানুষের জন্য তা স্পষ্ট করতে পার যা তাদের প্রতি অবতীর্ণ করা হয়েছিল এবং যাতে তারা চিন্তা করতে পারে।

اَفَاَمِنَ الَّذِيْنَ مَكَرُوا السَّيِّاٰتِ اَنْ يَّخْسِفَ اللّٰهُ بِهِمُ الْاَرْضَ اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُوْنَ ﴿٤٥﴾

৪৫। যারা হীন ষড়যন্ত্র করেছে তারা কি নিরাপদ মনে করেছে যে, আল্লাহ্ তাদেরকেসহ ভূমিকে ধ্বসিয়ে দিবেন না অথবা তাদের কাছে শাস্তি আসবে না এমন দিক থেকে যা তারা টেরও পারবে না-

اَوْ يَاْخُذَهُمْ فِيْ تَقَلُّبِهِمْ فَمَا هُمْ بِمُعْجِزِيْنَ ﴿٤٦﴾

৪৬। অথবা তাদেরকে তিনি পাকড়াও করবেন না চলাফেরা করা অবস্থায়? এবং তারা (তাঁকে) অক্ষম করতে পারবে না-

اَوْ يَاْخُذَهُمْ عَلٰى تَخَوُّفٍ ؕ فَاِنَّ رَبَّكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٤٧﴾

৪৭। অথবা তাদেরকে তিনি পাকড়াও করবেন না ভীত-সন্ত্রস্ত অবস্থায়? কিন্তু তোমাদের প্রতিপালক অবশ্যই পরম স্নেহশীল ও পরম দয়ালু।

اَوَلَمْ يَرَوْا اِلٰى مَا خَلَقَ اللّٰهُ مِنْ شَيْءٍ يَّتَفَيَّؤُا ظِلٰلُهٗ عَنِ الْيَمِيْنِ وَالشَّمَآئِلِ سُجَّدًا لِّلّٰهِ وَهُمْ دٰخِرُوْنَ ﴿٤٨﴾

৪৮। তারা কি ভেবে দেখেনি যা কিছু আল্লাহ্ সৃষ্টি করেছেন তার দিকে যার ছায়াসমূহ ডানে ও বামে ঢলে পড়ে আল্লাহ্‌র প্রতি বিনীতভাবে সিজদাবনত হয়ে?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلِلّٰهِ يَسْجُدُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ مِنْ دَآبَّةٍ وَّ
الْمَلٰٓئِكَةُ وَهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ ﴿٤٩﴾

৪৯। এবং আকাশসমূহে যা কিছু আছে এবং পৃথিবীতে যে জীবজন্তু আছে সবই আল্লাহ্‌কে সিজদা করে এবং ফেরেশতারাও, এবং তারা অহংকার করে না।

يَخَافُوْنَ رَبَّهُمْ مِّنْ فَوْقِهِمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ ﴿٥٠﴾ ع

৫০। তারা তাদের উপরে (অর্থাৎ আরশে সমাসীন) তাদের প্রতিপালককে ভয় করে এবং তারা তা-ই করে যা তাদেরকে নির্দেশ দেয়া হয়।

وَقَالَ اللّٰهُ لَا تَتَّخِذُوْٓا اِلٰهَيْنِ اثْنَيْنِ ۚ اِنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ ۚ
فَاِيَّايَ فَارْهَبُوْنِ ﴿٥١﴾

৫১। এবং আল্লাহ্‌ বলেছেন, 'তোমরা দুই ইলাহ্‌ গ্রহণ করো না; তিনি কেবল এক ইলাহ্‌, সুতরাং তোমরা কেবল আমাকেই ভয় কর।'

وَلَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَلَهُ الدِّيْنُ وَاصِبًا ۭ اَفَغَيْرَ اللّٰهِ
تَتَّقُوْنَ ﴿٥٢﴾

৫২। আর আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই এবং দ্বীন* (আনুগত্য) নিরবচ্ছিন্নভাবে তাঁরই জন্য। তোমরা কি আল্লাহ্‌ ছাড়া অন্যকে ভয় কর?

وَمَا بِكُمْ مِّنْ نِّعْمَةٍ فَمِنَ اللّٰهِ ثُمَّ اِذَا مَسَّكُمُ الضُّرُّ فَاِلَيْهِ
تَجْـَٔرُوْنَ ﴿٥٣﴾ ع

৫৩। তোমাদের কাছে যে সমস্ত নেয়ামত রয়েছে তা আল্লাহ্‌র পক্ষ থেকেই, এরপর যখন দুঃখ-দুর্দশা তোমাদেরকে স্পর্শ করে তখন তোমরা তাঁর কাছেই ফরিয়াদ করতে থাক।

ثُمَّ اِذَا كَشَفَ الضُّرَّ عَنْكُمْ اِذَا فَرِيْقٌ مِّنْكُمْ بِرَبِّهِمْ يُشْرِكُوْنَ ﴿٥٤﴾

৫৪। এরপর যখন আল্লাহ্‌ তোমাদের থেকে দুঃখ-দুর্দশা দূর করেন তখন তোমাদের একদল তাদের প্রতিপালকের সাথে শরীক করে-

لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ ۭ فَتَمَتَّعُوْا ۣ فَسَوْفَ تَعْلَمُوْنَ ﴿٥٥﴾

৫৫। যাতে আমি তাদেরকে যা দান করেছি তার প্রতি অকৃতজ্ঞতা প্রকাশ করতে পারে। সুতরাং ভোগ করে নাও, অতঃপর অচিরেই তোমরা জানতে পারবে।

وَيَجْعَلُوْنَ لِمَا لَا يَعْلَمُوْنَ نَصِيْبًا مِّمَّا رَزَقْنٰهُمْ ۭ تَاللّٰهِ لَتُسْـَٔلُنَّ
عَمَّا كُنْتُمْ تَفْتَرُوْنَ ﴿٥٦﴾

৫৬। এবং আমি তাদেরকে যে রিযিক দান করি তার এক অংশ তারা নির্ধারণ করে তাদের* জন্য যাদের সম্পর্কে তারা কিছুই জানে না। কসম আল্লাহ্‌র, তোমরা যা মিথ্যা রচনা কর সে সম্পর্কে তোমাদেরকে অবশ্যই প্রশ্ন করা হবে।

وَيَجْعَلُوْنَ لِلّٰهِ الْبَنٰتِ سُبْحٰنَهٗ ۙ وَلَهُمْ مَّا يَشْتَهُوْنَ ﴿٥٧﴾

৫৭। এবং তারা আল্লাহ্‌র জন্য কন্যা সন্তান নির্ধারণ করে- পবিত্র তিনি- আর তাদের জন্য তা-ই রয়েছে যা তারা আকাঙ্ক্ষা করে!

وَاِذَا بُشِّرَ اَحَدُهُمْ بِالْأُنْثٰى ظَلَّ وَجْهُهٗ مُسْوَدًّا وَّهُوَ كَظِيْمٌ ﴿٥٨﴾ ع

৫৮। এবং তাদের কাউকে যখন কোন নারীর (অর্থাৎ কন্যা সন্তানের) সুসংবাদ* দেয়া হয় তখন তার চেহারা কালো হয়ে যায় এবং সে হয় দুঃখ ভারাক্রান্ত।

يَتَوٰرٰى مِنَ الْقَوْمِ مِنْ سُوْٓءِ مَا بُشِّرَ بِهٖ ۭ اَيُمْسِكُهٗ عَلٰى هُوْنٍ اَمْ
يَدُسُّهٗ فِي التُّرَابِ ۭ اَلَا سَاۗءَ مَا يَحْكُمُوْنَ ﴿٥٩﴾

৫৯। তাকে যে সুসংবাদ দেয়া হয়েছে, তার মন্দের কারণে সে (নিজ) সম্প্রদায় থেকে আত্মগোপন করে। (সে চিন্তা করে) লাঞ্ছনা সত্ত্বেও তাকে (জীবিত) রেখে দিবে না মাটিতে পুতে ফেলবে! জেনে রাখ, তারা যা বিচার করে তা কতই না নিকৃষ্ট!

لِلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ مَثَلُ السَّوْءِ ۚ وَلِلّٰهِ الْمَثَلُ الْاَعْلٰى ۭ
وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٦٠﴾

৬০। যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের জন্য মন্দ উপমা, আর আল্লাহ্‌র জন্য সর্বোচ্চ উপমা*। এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَلَوْ يُؤَاخِذُ اللّٰهُ النَّاسَ بِظُلْمِهِمْ مَّا تَرَكَ عَلَيْهَا مِنْ دَآبَّةٍ
وَّلٰكِنْ يُّؤَخِّرُهُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ۚ فَاِذَا جَاۗءَ اَجَلُهُمْ
لَا يَسْتَاْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ﴿٦١﴾

৬১। আর যদি আল্লাহ্‌ মানুষকে তাদের জুলুমের কারণে শাস্তি দিতেন তাহলে এর (অর্থাৎ যমীনের) উপর কোন জীব-জন্তুকেই ছেড়ে দিতেন না, কিন্তু তিনি তাদেরকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অবকাশ দিয়ে থাকেন,* অতঃপর যখন তাদের নির্দিষ্ট সময়* আসবে তখন তারা এক মুহূর্ত বিলম্বিত করতে পারবে না এবং তারা ত্বরান্বিতও করতে পারবে না।

وَيَجْعَلُوْنَ لِلّٰهِ مَا يَكْرَهُوْنَ وَتَصِفُ اَلْسِنَتُهُمُ الْكَذِبَ اَنَّ
لَهُمُ الْحُسْنٰى ۭ لَا جَرَمَ اَنَّ لَهُمُ النَّارَ وَاَنَّهُمْ مُّفْرَطُوْنَ ﴿٦٢﴾

৬২। আর যা তারা অপছন্দ করে তা-ই তারা আল্লাহ্‌র প্রতি আরোপ করে,* এবং তাদের জিহ্বা মিথ্যা বর্ণনা করে যে, তাদেরই জন্য উত্তম (প্রতিদান)। সন্দেহ নেই যে, তাদের জন্য রয়েছে আগুন এবং তারাই তাতে সর্বাগ্রে নিক্ষিপ্ত হবে।

تَاللّٰهِ لَقَدْ اَرْسَلْنَآ اِلٰٓى اُمَمٍ مِّنْ قَبْلِكَ فَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَهُوَ وَلِيُّهُمُ الْيَوْمَ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٦٣﴾

৬৩। কসম আল্লাহ্‌র, আমি তোমার পূর্বেও বহু উম্মতের কাছে (রাসূল) প্রেরণ করেছিলাম, এবং শয়তান তাদের কাজকর্মকে তাদের কাছে শোভনীয় করেছিল, এবং সে-ই আজ তাদের অভিভাবক এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَمَآ اَنْزَلْنَا عَلَيْكَ الْكِتٰبَ اِلَّا لِتُبَيِّنَ لَهُمُ الَّذِى اخْتَلَفُوْا فِيْهِ ۙ وَهُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٦٤﴾

৬৪। আর আমি তোমার প্রতি কিতাব অবতীর্ণ করেছি কেবল (এ জন্য) যাতে তারা যে বিষয়ে মতপার্থক্য করেছে তা তুমি তাদের জন্য স্পষ্ট করতে পার এবং (তা) পথনির্দেশিকা ও দয়াস্বরূপ এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

وَاللّٰهُ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿٦٥﴾ ع

ع ٨ ٥ ١٣ ৮ রুকূ ১৪

৬৫। এবং আল্লাহ্ আকাশ থেকে পানি অবতীর্ণ করেন এবং এর মাধ্যমে তিনি ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা শ্রবণ করে।

وَاِنَّ لَكُمْ فِى الْاَنْعَامِ لَعِبْرَةً ؕ نُسْقِيْكُمْ مِّمَّا فِىْ بُطُوْنِهٖ مِنْۢ بَيْنِ فَرْثٍ وَّدَمٍ لَّبَنًا خَالِصًا سَآئِغًا لِّلشّٰرِبِيْنَ ﴿٦٦﴾

৬৬। এবং নিশ্চয় গবাদি পশুর মধ্যে অবশ্যই তোমাদের জন্য শিক্ষা রয়েছে। আমি তোমাদেরকে পান করাই তা থেকে যা রয়েছে তাদের পেটে (ওলানে)- গোবর ও রক্তের মধ্যে থেকে- খাঁটি দুধ, যা পানকারীদের জন্য সুস্বাদু।

وَمِنْ ثَمَرٰتِ النَّخِيْلِ وَالْاَعْنَابِ تَتَّخِذُوْنَ مِنْهُ سَكَرًا وَّرِزْقًا حَسَنًا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٦٧﴾

৬৭। এবং খেজুর গাছের ফল ও আঙ্গুর থেকে তোমরা মাদক ও উত্তম রিযিক গ্রহণ করে থাক। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

وَاَوْحٰى رَبُّكَ اِلَى النَّحْلِ اَنِ اتَّخِذِىْ مِنَ الْجِبَالِ بُيُوْتًا وَّمِنَ الشَّجَرِ وَمِمَّا يَعْرِشُوْنَ ﴿٦٨﴾ ۙ

৬৮। এবং তোমার প্রতিপালক মৌমাছির প্রতি ওহী করেছেন যে, পাহাড়ে, গাছে ও যে মাচা তারা (মানুষেরা) তৈরি করে তাতে বাসা বানাও।

ثُمَّ كُلِىْ مِنْ كُلِّ الثَّمَرٰتِ فَاسْلُكِىْ سُبُلَ رَبِّكِ ذُلُلًا ؕ يَخْرُجُ مِنْۢ بُطُوْنِهَا شَرَابٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهٗ فِيْهِ شِفَآءٌ لِّلنَّاسِ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٦٩﴾

৬৯। এরপর প্রত্যেক ফল থেকে কিছু কিছু খাও,* এবং তোমার প্রতিপালকের সহজ পথ অনুসরণ কর।'* তার পেট থেকে বের হয় নানা রং-এর পানীয়, যাতে মানুষের জন্য রয়েছে আরোগ্য।* নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

وَاللّٰهُ خَلَقَكُمْ ثُمَّ يَتَوَفّٰىكُمْ ۫ وَمِنْكُمْ مَّنْ يُّرَدُّ اِلٰٓى اَرْذَلِ الْعُمُرِ لِكَىْ لَا يَعْلَمَ بَعْدَ عِلْمٍ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ قَدِيْرٌ ﴿٧٠﴾ ع

ع ٩ ٥ ١٥ ৯ রুকূ ১৫

৭০। এবং আল্লাহ্ তোমাদেরকে সৃষ্টি করেছেন, এরপর তিনি তোমাদের মৃত্যু ঘটাবেন এবং তোমাদের মধ্য থেকে কাউকে হীনতম বয়সের দিকে পৌঁছানো হয় যাতে সে (অনেক) জ্ঞান লাভের পরও কিছুই না জানে। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও সর্বশক্তিমান।

وَاللّٰهُ فَضَّلَ بَعْضَكُمْ عَلٰى بَعْضٍ فِى الرِّزْقِ ۚ فَمَا الَّذِيْنَ فُضِّلُوْا بِرَآدِّىْ رِزْقِهِمْ عَلٰى مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَهُمْ فِيْهِ سَوَآءٌ ؕ اَفَبِنِعْمَةِ اللّٰهِ يَجْحَدُوْنَ ﴿٧١﴾

৭১। এবং আল্লাহ্ রিযিকের ক্ষেত্রে তোমাদের কাউকে কারো উপর মর্যাদা দিয়েছেন,* আর যাদেরকে মর্যাদা দেয়া হয়েছে তারা তাদের ডান হাত যা মালিক হয়েছে (দাস-দাসী) তাদেরকে তাদের (নিজেদের) রিযিক দিয়ে দেয় না যাতে তারা তাতে তাদের সমান হয়ে যায়। তবে কি তারা আল্লাহ্‌র নেয়ামতকে অস্বীকার করে?

وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا وَّجَعَلَ لَكُمْ مِّنْ اَزْوَاجِكُمْ بَنِيْنَ وَحَفَدَةً وَّرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ ؕ اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَتِ اللّٰهِ هُمْ يَكْفُرُوْنَ ﴿٧٢﴾ ۙ

৭২। এবং আল্লাহ্ তোমাদের নিজেদের থেকে তোমাদের জোড়া বানিয়েছেন এবং তোমাদের জোড়াসমূহ থেকে তোমাদের জন্য পুত্র-পৌত্রাদি বানিয়েছেন এবং তোমাদেরকে পবিত্র বস্তুসমূহ থেকে রিযিক দিয়েছেন। তবে কি তারা বাতিলে (মিথ্যাতে) বিশ্বাস করে এবং আল্লাহ্‌র নেয়ামতকে অবিশ্বাস করে?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَمْلِكُ لَهُمْ رِزْقًا مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ شَيْـًٔا وَّلَا يَسْتَطِيْعُوْنَ ﴿٧٣﴾

৭৩। এবং (তারা কি) আল্লাহ্‌কে বাদ দিয়ে তাদের উপাসনা করে যারা আকাশসমূহ ও পৃথিবী থেকে তাদের জন্যে রিযিকের কিছুই মালিক নয় এবং তারা সক্ষমও নয়?

فَلَا تَضْرِبُوْا لِلّٰهِ الْاَمْثَالَ ؕ اِنَّ اللّٰهَ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٧٤﴾

৭৪। সুতরাং তোমরা আল্লাহ্‌র জন্য উপমা (অনুরূপ বা সমকক্ষ) পেশ করো না। নিশ্চয় আল্লাহ্ জানেন এবং তোমরা জান না।

ضَرَبَ اللّٰهُ مَثَلًا عَبْدًا مَّمْلُوْكًا لَّا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّمَنْ رَّزَقْنٰهُ مِنَّا رِزْقًا حَسَنًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ سِرًّا وَّجَهْرًا ؕ هَلْ يَسْتَوٗنَ ؕ اَلْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٧٥﴾

৭৫। আল্লাহ্ উপমা পেশ করেছেন মালিকানাধীন এক দাসের,* যে কোন কিছুর উপর শক্তি রাখে না এবং এমন এক ব্যক্তির যাকে আমি (আল্লাহ্) আমার পক্ষ থেকে উত্তম রিযিক দান করেছি এবং সে তা থেকে (আমার পথে) গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে; তারা দু'জন কি সমান? সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য। বরং তাদের অধিকাংশই জানে না।

وَضَرَبَ اللّٰهُ مَثَلًا رَّجُلَيْنِ اَحَدُهُمَآ اَبْكَمُ لَا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّهُوَ كَلٌّ عَلٰى مَوْلٰىهُ ۙ اَيْنَمَا يُوَجِّهْهُّ لَا يَاْتِ بِخَيْرٍ ؕ هَلْ يَسْتَوِيْ هُوَ ۙ وَمَنْ يَّاْمُرُ بِالْعَدْلِ ۙ وَهُوَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٧٦﴾

৭৬। এবং আল্লাহ্ উপমা পেশ করেছেন দুই ব্যক্তির- যাদের একজন বোবা, যে কোন কিছুর উপর শক্তি রাখে না এবং সে তার প্রভুর উপর একটি বোঝা, তাকে সে যেখানেই পাঠায় সে কোন কল্যাণ নিয়ে আসতে পারে না। সে কি ঐ ব্যক্তির সমান যে ন্যায়ের নির্দেশ দেয় এবং যে সরল-সঠিক পথের উপর রয়েছে?

ع ١٠ ١٢ ١٥ রুকূ ١٦

وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَآ اَمْرُ السَّاعَةِ اِلَّا كَلَمْحِ الْبَصَرِ اَوْ هُوَ اَقْرَبُ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٧٧﴾

৭৭। এবং আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য (বিষয়ের জ্ঞান) আল্লাহ্‌রই এবং কিয়ামতের বিষয় তো চোখের পলকের মত, বরং তা অধিক নিকটবর্তী। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَاللّٰهُ اَخْرَجَكُمْ مِّنْۢ بُطُوْنِ اُمَّهٰتِكُمْ لَا تَعْلَمُوْنَ شَيْـًٔا ۙ وَّجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْـِٕدَةَ ۙ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٧٨﴾

৭৮। এবং আল্লাহ্ তোমাদেরকে বের করেছেন তোমাদের মাতৃগর্ভ থেকে, যখন তোমরা কিছুই জানতে না। এবং তিনি তোমাদেরকে শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি এবং অন্তর দিয়েছেন, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

اَلَمْ يَرَوْا اِلَى الطَّيْرِ مُسَخَّرٰتٍ فِيْ جَوِّ السَّمَآءِ ؕ مَا يُمْسِكُهُنَّ اِلَّا اللّٰهُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٧٩﴾

৭৯। তারা কি আকাশের শূন্যে নির্দেশাধীন পাখিদেরকে দেখেনি? আল্লাহ্ ছাড়া অন্য কেউই সেগুলিকে স্থির রাখে না। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنْۢ بُيُوْتِكُمْ سَكَنًا وَّجَعَلَ لَكُمْ مِّنْ جُلُوْدِ الْاَنْعَامِ بُيُوْتًا تَسْتَخِفُّوْنَهَا يَوْمَ ظَعْنِكُمْ وَيَوْمَ اِقَامَتِكُمْ ۙ وَمِنْ اَصْوَافِهَا وَاَوْبَارِهَا وَاَشْعَارِهَآ اَثَاثًا وَّمَتَاعًا اِلٰى حِيْنٍ ﴿٨٠﴾

৮০। এবং আল্লাহ্ তোমাদের ঘরসমূহ থেকে তোমাদের জন্য বানিয়েছেন তোমাদের বিশ্রামের স্থান এবং তিনি তোমাদের জন্য গবাদিপশুর চামড়া দিয়ে ঘর (তাঁবু) বানিয়েছেন, যাকে তোমরা হালকা মনে কর তোমাদের ভ্রমণ ও অবস্থানের দিনে এবং তিনি তাদের পশম, লোম ও চুল থেকে বানিয়েছেন আসবাবপত্র ও ভোগ্যসামগ্রী- একটি সময়ের জন্য।

وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلٰلًا وَّجَعَلَ لَكُمْ مِّنَ الْجِبَالِ اَكْنَانًا وَّجَعَلَ لَكُمْ سَرَابِيْلَ تَقِيْكُمُ الْحَرَّ وَسَرَابِيْلَ تَقِيْكُمْ بَاْسَكُمْ ؕ كَذٰلِكَ يُتِمُّ نِعْمَتَهٗ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تُسْلِمُوْنَ ﴿٨١﴾

৮১। এবং আল্লাহ্ যা কিছু সৃষ্টি করেছেন তা থেকে তিনি তোমাদের জন্য বানিয়েছেন ছায়া এবং তোমাদের জন্য পাহাড়ে বানিয়েছেন আশ্রয় এবং তোমাদের জন্য বানিয়েছেন এমন পোশাক-আশাক যা তোমাদেরকে তাপ থেকে রক্ষা করে। এবং এমন পোশাক-আশাক যা তোমাদেরকে যুদ্ধের সময় রক্ষা করে। এভাবেই তিনি তোমাদের প্রতি তাঁর নেয়ামত পূর্ণ করেন যাতে তোমরা আত্মসমর্পণ করতে পার।

فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٨٢﴾

৮২। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তোমার দায়িত্ব কেবল সুস্পষ্টভাবে পৌঁছে দেয়া।

يَعْرِفُوْنَ نِعْمَتَ اللّٰهِ ثُمَّ يُنْكِرُوْنَهَا وَاَكْثَرُهُمُ الْكٰفِرُوْنَ ﴿٨٣﴾

ع ١١ ١٧ ١٨ ١٩ রুকূ ١٩

৮৩। তারা আল্লাহ্‌র নেয়ামতকে চিনতে পারে, এরপর সেগুলো অস্বীকার করে এবং তাদের অধিকাংশই কাফির।

وَيَوْمَ نَبْعَثُ مِنْ كُلِّ أُمَّةٍ شَهِيدًا ثُمَّ لَا يُؤْذَنُ لِلَّذِينَ كَفَرُوا وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ ﴿٨٤﴾

৮৪। যেদিন আমি প্রত্যেক উম্মত থেকে এক একজন সাক্ষী উত্থিত করব,* এরপর কাফিরদেরকে (ওযর পেশ করার) অনুমতি দেয়া হবে না এবং তাদেরকে (আল্লাহ্‌র) সন্তুষ্টি লাভেরও সুযোগ দেয়া হবে না।

وَإِذَا رَأَى الَّذِينَ ظَلَمُوا الْعَذَابَ فَلَا يُخَفَّفُ عَنْهُمْ وَلَا هُمْ يُنْظَرُونَ ﴿٨٥﴾

৮৫। এবং যারা জুলুম করেছিল তারা যখন শাস্তি দেখবে, তখন তাদের থেকে তা হালকা করা হবেনা এবং তাদেরকে কোন অবকাশও দেয়া হবে না।

وَإِذَا رَأَى الَّذِينَ أَشْرَكُوا شُرَكَاءَهُمْ قَالُوا رَبَّنَا هَٰؤُلَاءِ شُرَكَاؤُنَا الَّذِينَ كُنَّا نَدْعُو مِنْ دُونِكَ ۖ فَأَلْقَوْا إِلَيْهِمُ الْقَوْلَ إِنَّكُمْ لَكَاذِبُونَ ﴿٨٦﴾

৮৬। এবং যারা (আল্লাহ্‌র সাথে) শরীক করেছিল তারা যখন তাদের শরীকদেরকে (মিথ্যা উপাস্যদেরকে) দেখবে তখন বলবে, 'হে আমাদের প্রতিপালক! এরাই আমাদের শরীক যাদেরকে আমরা আপনাকে বাদ দিয়ে ডাকতাম,' অতঃপর (জবাবে) তারা তাদের প্রতি এই কথা ছুড়ে দিবে, 'নিশ্চয় তোমরা অবশ্যই মিথ্যাবাদী।'

وَأَلْقَوْا إِلَى اللَّهِ يَوْمَئِذٍ السَّلَمَ وَضَلَّ عَنْهُمْ مَا كَانُوا يَفْتَرُونَ ﴿٨٧﴾

৮৭। এবং সে দিন তারা আল্লাহ্‌র কাছে আত্মসমর্পণ করবে এবং তারা যে মিথ্যা রচনা করত তা তাদের থেকে উধাও হয়ে যাবে।*

الَّذِينَ كَفَرُوا وَصَدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ زِدْنَاهُمْ عَذَابًا فَوْقَ الْعَذَابِ بِمَا كَانُوا يُفْسِدُونَ ﴿٨٨﴾

৮৮। যারা কুফরী করেছে এবং আল্লাহ্‌র পথ হতে (মানুষকে) বিরত রেখেছে আমি তাদের শাস্তির পর শাস্তি বৃদ্ধি করব, কারণ তারা ফ্যাসাদ সৃষ্টি করত।

وَيَوْمَ نَبْعَثُ فِي كُلِّ أُمَّةٍ شَهِيدًا عَلَيْهِمْ مِنْ أَنْفُسِهِمْ وَجِئْنَا بِكَ شَهِيدًا عَلَىٰ هَٰؤُلَاءِ ۚ وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ ﴿٨٩﴾

ع ١٣ ١٨ ١٢ রুকূ ১৮

৮৯। এবং যেদিন আমি প্রত্যেক উম্মতের মধ্যে তাদের নিজেদের মধ্য থেকে তাদের বিরুদ্ধে এক একজন সাক্ষী উত্থিত করব এবং তোমাকে আমি এদের (তোমার উম্মতের কাফির-মুশরিকদের) বিরুদ্ধে সাক্ষী হিসাবে আনব। এবং আমি তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করেছি প্রতিটি বিষয়ের স্পষ্ট বর্ণনা,* পথনির্দেশিকা, দয়া এবং মুসলিমদের জন্য সুসংবাদস্বরূপ।

إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَىٰ وَيَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ ۚ يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٩٠﴾

৯০। নিশ্চয় আল্লাহ্ ন্যায়বিচার, সদাচরণ ও আত্মীয়-স্বজনকে দানের নির্দেশ দেন এবং তিনি নিষেধ করেন অশ্লীলতা, অসৎকাজ ও সীমালঙ্ঘন, তিনি তোমাদেরকে উপদেশ দেন, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।*

وَأَوْفُوا بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدْتُمْ وَلَا تَنْقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللَّهَ عَلَيْكُمْ كَفِيلًا ۚ إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ﴿٩١﴾

৯১। এবং তোমরা আল্লাহ্‌র (সাথে কৃত) প্রতিশ্রুতি পূর্ণ কর যখন তোমরা (তাতে) আবদ্ধ হও, এবং তোমরা শপথ ভঙ্গ করো না তা পাকাপোক্ত করার পর, অথচ তোমরা আল্লাহ্‌কে তোমাদের উপর সাক্ষী বানিয়েছ। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর তা জানেন।

وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ غَزْلَهَا مِنْ بَعْدِ قُوَّةٍ أَنْكَاثًا تَتَّخِذُونَ أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ أَنْ تَكُونَ أُمَّةٌ هِيَ أَرْبَىٰ مِنْ أُمَّةٍ ۚ إِنَّمَا يَبْلُوكُمُ اللَّهُ بِهِ ۚ وَلَيُبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيَامَةِ مَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٩٢﴾

৯২। তোমরা সে নারীর মত হয়ো না, যে তার সুতা মজবুত করার (পাকাবার) পর তা খুলে নষ্ট করে দেয়।* তোমরা তোমাদের শপথসমূহকে তোমাদের মধ্যে প্রবঞ্চনা করার জন্য ব্যবহার করে থাক, যাতে একটি উম্মত (ধর্মীয় গোষ্ঠি) অন্য উম্মত থেকে (সংখ্যায় ও প্রাচুর্যে) অধিক বৃদ্ধিপ্রাপ্ত হয়। আল্লাহ্ কেবল এর দ্বারা তোমাদেরকে পরীক্ষা করেন। এবং তিনি কিয়ামতের দিন তোমাদের জন্য অবশ্যই অবশ্যই তা স্পষ্ট করে দিবেন যে বিষয়ে তোমরা মতপার্থক্য করতে।

وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَعَلَكُمْ اُمَّةً وَّاحِدَةً وَّلٰكِنْ يُّضِلُّ مَنْ يَّشَآءُ وَ
يَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَلَتُسْـَٔلُنَّ عَمَّا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٣﴾

৯৩। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে তোমাদেরকে একই উম্মত (ধর্মভুক্ত) করতেন, কিন্তু তিনি যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন। এবং তোমরা যা কর সে বিষয়ে তোমাদেরকে অবশ্যই প্রশ্ন করা হবে।

وَلَا تَتَّخِذُوْٓا اَيْمَانَكُمْ دَخَلًاۢ بَيْنَكُمْ فَتَزِلَّ قَدَمٌۢ بَعْدَ ثُبُوْتِهَا
وَتَذُوْقُوا السُّوْٓءَ بِمَا صَدَدْتُّمْ عَنْ سَبِيْلِ اللّٰهِ ۚ وَلَكُمْ عَذَابٌ
عَظِيْمٌ ﴿٩٤﴾

৯৪। এবং তোমরা তোমাদের শপথসমূহকে তোমাদের মধ্যে প্রবঞ্চনা হিসেবে গ্রহণ করো না, তাহলে পা পিছলে যাবে তা স্থির হওয়ার পর এবং আল্লাহ্‌র পথ হতে বিরত রাখার কারণে তোমরা মন্দ (পরিণতি) আস্বাদন করবে, এবং তোমাদের জন্য রয়েছে মহাশাস্তি।

وَلَا تَشْتَرُوْا بِعَهْدِ اللّٰهِ ثَمَنًا قَلِيْلًا ؕ اِنَّمَا عِنْدَ اللّٰهِ هُوَ خَيْرٌ لَّكُمْ
اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٩٥﴾

৯৫। তোমরা আল্লাহ্‌র (সাথে কৃত) প্রতিশ্রুতির বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করো না।* আল্লাহ্‌র কাছে যা আছে কেবল তা-ই তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

مَا عِنْدَكُمْ يَنْفَدُ وَمَا عِنْدَ اللّٰهِ بَاقٍ ؕ وَلَنَجْزِيَنَّ الَّذِيْنَ
صَبَرُوْٓا اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩٦﴾

৯৬। তোমাদের কাছে যা আছে তা শেষ হয়ে যাবে এবং আল্লাহ্‌র কাছে যা আছে তা স্থায়ী। আর যারা ধৈর্য ধারণ করে, অবশ্যই আমি তাদেরকে তারা যা করত তার চেয়েও উত্তম প্রতিদান দেব।

مَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهٗ حَيٰوةً
طَيِّبَةً ۚ وَلَنَجْزِيَنَّهُمْ اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩٧﴾

৯৭। মু'মিন অবস্থায় পুরুষ কিংবা নারীর* মধ্যে যে-ই সৎকাজ করবে তাকে অবশ্যই অবশ্যই আমি উত্তম জীবন দিব এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে তারা যা করত তার চেয়েও উত্তম প্রতিদান দেব।

فَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ فَاسْتَعِذْ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ﴿٩٨﴾

৯৮। সুতরাং যখন কুরআন পাঠ করবে তখন বিতাড়িত শয়তান থেকে আল্লাহ্‌র আশ্রয় চাইবে।

اِنَّهٗ لَيْسَ لَهٗ سُلْطٰنٌ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٩٩﴾

৯৯। নিশ্চয় তার* কোন ক্ষমতা নেই তাদের উপর যারা ঈমান এনেছে এবং (তারা এমন যে) তারা তাদের প্রতিপালকের উপর ভরসা করে।

ع ١٣ ١١ ١٩ ١٣ রুকূ ١٩

اِنَّمَا سُلْطٰنُهٗ عَلَى الَّذِيْنَ يَتَوَلَّوْنَهٗ وَالَّذِيْنَ هُمْ بِهٖ مُشْرِكُوْنَ ﴿١٠٠﴾

১০০। তার ক্ষমতা কেবল তাদেরই উপর যারা তাকে অভিভাবকরূপে গ্রহণ করে এবং যারা তাঁর (আল্লাহ্‌র) সাথে শরীক করে।

وَاِذَا بَدَّلْنَآ اٰيَةً مَّكَانَ اٰيَةٍ ۙ وَّاللّٰهُ اَعْلَمُ بِمَا يُنَزِّلُ قَالُوْٓا اِنَّمَآ
اَنْتَ مُفْتَرٍ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٠١﴾

১০১। আর যখন আমি এক আয়াতের স্থলে অন্য এক আয়াত প্রতিস্থাপন করি- আর আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন সে সম্পর্কে যা তিনি অবতীর্ণ করেন- তখন তারা বলে, 'তুমি কেবল মিথ্যা রচনাকারী।' বরং তাদের অধিকাংশই জানে না।

قُلْ نَزَّلَهٗ رُوْحُ الْقُدُسِ مِنْ رَّبِّكَ بِالْحَقِّ لِيُثَبِّتَ الَّذِيْنَ اٰمَنُوْا
وَهُدًى وَّبُشْرٰى لِلْمُسْلِمِيْنَ ﴿١٠٢﴾

১০২। বল, 'তোমার প্রতিপালকের কাছ থেকে রূহুল কুদুস (জিবরাঈল) সত্যসহ তা (কুরআন) অবতীর্ণ করেছে, যারা ঈমান এনেছে তাদেরকে দৃঢ় করার জন্য এবং মুসলিমদের জন্য পথনির্দেশিকা ও সুসংবাদস্বরূপ।'

وَلَقَدْ نَعْلَمُ اَنَّهُمْ يَقُوْلُوْنَ اِنَّمَا يُعَلِّمُهٗ بَشَرٌ ؕ لِسَانُ الَّذِيْ
يُلْحِدُوْنَ اِلَيْهِ اَعْجَمِيٌّ وَّهٰذَا لِسَانٌ عَرَبِيٌّ مُّبِيْنٌ ﴿١٠٣﴾

১০৩। এবং অবশ্যই আমি জানি যে, তারা বলে, 'তাকে তো শিক্ষা দেয় একজন মানুষ।' তারা যার প্রতি ইঙ্গিত করে সে তো অনারব,* অথচ এটি (কুরআন) সুস্পষ্ট আরবী ভাষা।

اِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۙ لَا يَهْدِيْهِمُ اللّٰهُ وَلَهُمْ
عَذَابٌ اَلِيْمٌ ﴿١٠٤﴾

১০৪। নিশ্চয় যারা আল্লাহ্‌র আয়াতসমূহে ঈমান আনে না, তাদেরকে আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেন না এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০৫। কেবল তারাই মিথ্যা রচনা করে যারা আল্লাহ্‌র আয়াতসমূহের প্রতি ঈমান আনে না, এবং তারাই মিথ্যাবাদী।

اِنَّمَا يَفْتَرِى الْكَذِبَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۚ وَ اُولٰٓئِكَ هُمُ الْكٰذِبُوْنَ ﴿١٠٥﴾

১০৬। যে ব্যক্তি তার ঈমানের পর আল্লাহ্‌কে অবিশ্বাস করেছে (তার উপর রয়েছে আল্লাহ্‌র ক্রোধ), তবে সে ব্যক্তি ছাড়া যাকে (কুফরীর জন্য) বাধ্য করা হয়েছে, অথচ তার হৃদয় ছিল ঈমানে প্রশান্ত, কিন্তু যে (ইচ্ছাকৃতভাবে) কুফরীর জন্য তার বক্ষ প্রশস্ত করেছে তার উপর রয়েছে আল্লাহ্‌র ক্রোধ এবং তার জন্য রয়েছে মহা শাস্তি।*

مَنْ كَفَرَ بِاللّٰهِ مِنْۢ بَعْدِ اِيْمَانِهٖٓ اِلَّا مَنْ اُكْرِهَ وَ قَلْبُهٗ مُطْمَئِنٌّۢ بِالْاِيْمَانِ وَ لٰكِنْ مَّنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبٌ مِّنَ اللّٰهِ ۚ وَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٠٦﴾

১০৭। এটা এজন্য যে, তারা দুনিয়ার জীবনকে আখিরাতের উপর প্রাধান্য দেয়, এবং এও যে, আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

ذٰلِكَ بِاَنَّهُمُ اسْتَحَبُّوا الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ ۙ وَ اَنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿١٠٧﴾

১০৮। ওরাই তারা যাদের হৃদয়, কান ও চোখের উপর আল্লাহ্ মোহর মেরে দিয়েছেন, এবং তারাই বেখবর।

اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَ سَمْعِهِمْ وَ اَبْصَارِهِمْ ۚ وَ اُولٰٓئِكَ هُمُ الْغٰفِلُوْنَ ﴿١٠٨﴾

১০৯। সন্দেহ নেই যে, তারাই আখিরাতে ক্ষতিগ্রস্ত।

لَا جَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٠٩﴾

১১০। এরপর নিশ্চয় তোমার প্রতিপালক তাদের জন্য যারা নির্যাতিত হওয়ার পর হিজরত করেছে, এরপর জিহাদ করেছে ও ধৈর্য ধারণ করেছে,* নিশ্চয় তোমার প্রতিপালক এ সবের পর অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

ع ١٤ ١٠ ٢٠ ١٤ রুকু ২০

ثُمَّ اِنَّ رَبَّكَ لِلَّذِيْنَ هَاجَرُوْا مِنْۢ بَعْدِ مَا فُتِنُوْا ثُمَّ جٰهَدُوْا وَ صَبَرُوْٓا ۙ اِنَّ رَبَّكَ مِنْۢ بَعْدِهَا لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١٠﴾

১১১। যে দিন প্রত্যেক ব্যক্তি নিজের পক্ষে বিতর্ক করতে আসবে এবং প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তা (তার প্রতিফল) পুরোপুরি দেয়া হবে এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

يَوْمَ تَاْتِىْ كُلُّ نَفْسٍ تُجَادِلُ عَنْ نَّفْسِهَا وَ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَ هُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١١١﴾

১১২। আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন এক জনপদের যা ছিল নিরাপদ ও নিশ্চিন্ত, যার নিকট তার (অর্থাৎ জনপদের) প্রচুর রিযিক আসত সব দিক থেকে। কিন্তু তা (জনপদ) আল্লাহ্‌র নেয়ামত অস্বীকার করল, ফলে তারা (জনপদবাসীরা) যা করত সেজন্য আল্লাহ্ তাকে(জনপদকে) ক্ষুধা ও ভীতির পোশাক* আস্বাদন করালেন।

وَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا قَرْيَةً كَانَتْ اٰمِنَةً مُّطْمَئِنَّةً يَّاْتِيْهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِاَنْعُمِ اللّٰهِ فَاَذَاقَهَا اللّٰهُ لِبَاسَ الْجُوْعِ وَ الْخَوْفِ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿١١٢﴾

১১৩। এবং অবশ্যই তাদের কাছে তাদের মধ্য থেকে একজন রাসূল এসেছিল, কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, ফলে শাস্তি তাদেরকে গ্রাস করল, এমন অবস্থায় যে তারা ছিল জালিম।

وَ لَقَدْ جَآءَهُمْ رَسُوْلٌ مِّنْهُمْ فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمُ الْعَذَابُ وَ هُمْ ظٰلِمُوْنَ ﴿١١٣﴾

১১৪। সুতরাং আল্লাহ্ তোমাদেরকে যে হালাল ও পবিত্র রিযিক দিয়েছেন তা থেকে আহার কর এবং আল্লাহ্‌র নেয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ কর- যদি তোমরা কেবল তারই ইবাদত কর।

فَكُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۪ وَّ اشْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١١٤﴾

১১৫। আল্লাহ্ তোমাদের জন্য হারাম করেছেন কেবল মৃত পশু, রক্ত*, শূকরের গোশত এবং যা জবাইকালে আল্লাহ্ ছাড়া অন্যের নামে উৎসর্গ করা হয়েছে, কিন্তু যে ব্যক্তি আগ্রহী ও সীমালঙ্ঘনকারী না হয়ে বাধ্য হবে, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَ الدَّمَ وَ لَحْمَ الْخِنْزِيْرِ وَ مَآ اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّ لَا عَادٍ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَا تَقُولُوا لِمَا تَصِفُ أَلْسِنَتُكُمُ الْكَذِبَ هَٰذَا حَلَالٌ وَهَٰذَا
حَرَامٌ لِّتَفْتَرُوا عَلَى اللَّهِ الْكَذِبَ ۚ إِنَّ الَّذِينَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ
الْكَذِبَ لَا يُفْلِحُونَ ﴿١١٦﴾

১১৬। তোমাদের জিহ্বা যেহেতু মিথ্যা বর্ণনা করে তাই আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনার উদ্দেশ্যে তোমরা বলো না, 'এটা হালাল আর ওটা হারাম'। নিশ্চয় যারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তারা সফল হবে না।

مَتَاعٌ قَلِيلٌ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١١٧﴾

১১৭। এটি (কেবল) সামান্য ভোগ্য সামগ্রী এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَعَلَى الَّذِينَ هَادُوا حَرَّمْنَا مَا قَصَصْنَا عَلَيْكَ مِن قَبْلُ ۖ وَمَا
ظَلَمْنَاهُمْ وَلَٰكِن كَانُوا أَنفُسَهُمْ يَظْلِمُونَ ﴿١١٨﴾

১১৮। এবং যারা ইহুদী হয়েছে তাদের উপর আমি তা হারাম করেছিলাম যা আমি তোমার কাছে পূর্বে উল্লেখ করেছি এবং আমি তাদের উপর কোন জুলুম করিনি,বরং তারাই তাদের নিজেদের উপর জুলুম করত।

ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِينَ عَمِلُوا السُّوءَ بِجَهَالَةٍ ثُمَّ تَابُوا مِن
بَعْدِ ذَٰلِكَ وَأَصْلَحُوا إِنَّ رَبَّكَ مِن بَعْدِهَا لَغَفُورٌ رَّحِيمٌ ﴿١١٩﴾

১৫ ع ২১ | ১৫ রুকু ২১

১১৯। এরপর নিশ্চয় তোমার প্রতিপালক তাদের জন্য যারা অজ্ঞতাবশতঃ খারাপ কাজ করেছে, অতঃপর এরপরে তওবা করেছে ও (নিজেদেরকে) সংশোধন করেছে, তাদের জন্য নিশ্চয় তোমার প্রতিপালক এসবের পর অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

إِنَّ إِبْرَاهِيمَ كَانَ أُمَّةً قَانِتًا لِّلَّهِ حَنِيفًا وَلَمْ يَكُ مِنَ
الْمُشْرِكِينَ ﴿١٢٠﴾

১২০। নিশ্চয় ইবরাহীম ছিল আল্লাহ্‌র অনুগত ও একত্ববাদী একটি 'উম্মত' (ধর্মাদর্শ) এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না-

شَاكِرًا لِّأَنْعُمِهِ ۚ اجْتَبَاهُ وَهَدَاهُ إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿١٢١﴾

১২১। (সে ছিল) তাঁর নেয়ামতসমূহের জন্য কৃতজ্ঞ, আল্লাহ তাকে মনোনীত করেছিলেন এবং তাকে সরল-সঠিক পথে পরিচালিত করেছিলেন।

وَآتَيْنَاهُ فِي الدُّنْيَا حَسَنَةً ۖ وَإِنَّهُ فِي الْآخِرَةِ لَمِنَ الصَّالِحِينَ ﴿١٢٢﴾

১২২। এবং আমি তাকে দুনিয়াতে কল্যাণ দান করেছিলাম এবং নিশ্চয় সে অবশ্যই আখিরাতে সৎকর্মশীলদের অন্তর্ভূক্ত।

ثُمَّ أَوْحَيْنَا إِلَيْكَ أَنِ اتَّبِعْ مِلَّةَ إِبْرَاهِيمَ حَنِيفًا ۖ وَمَا كَانَ مِنَ
الْمُشْرِكِينَ ﴿١٢٣﴾

১২৩। এরপর আমি তোমার প্রতি ওহী করলাম যে, 'তুমি একত্ববাদী হয়ে ইবরাহীমের মিল্লাত (ধর্মাদর্শ) অনুসরণ কর। এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।

إِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِينَ اخْتَلَفُوا فِيهِ ۚ وَإِنَّ رَبَّكَ
لَيَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ ﴿١٢٤﴾

১২৪। শনিবার পালন তো কেবল তাদের জন্য নির্ধারিণ করা হয়েছিল যারা এ সম্পর্কে (জুমাবার সম্পর্কে) মতপার্থক্য করত। এবং তারা যে বিষয়ে মতপার্থক্য করত নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই কিয়ামতের দিন সে বিষয়ে তাদের মাঝে বিচার করবেন।

ادْعُ إِلَىٰ سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ ۖ وَجَادِلْهُم
بِالَّتِي هِيَ أَحْسَنُ ۚ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَن ضَلَّ عَن سَبِيلِهِ ۖ وَ
هُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ﴿١٢٥﴾

১২৫। তুমি (মানুষকে) তোমার প্রতিপালকের পথের দিকে ডাক প্রজ্ঞা ও উত্তম উপদেশ দ্বারা এবং তাদের সাথে বিতর্ক কর অধিক সুন্দর পন্থায়। নিশ্চয় তোমার প্রতিপালকই সবচেয়ে বেশি জানেন কে তাঁর পথ হতে বিচ্যুত হয়েছে এবং তিনি সঠিক পথপ্রাপ্তদের সম্পর্কেও সবচেয়ে বেশি জানেন।

وَإِنْ عَاقَبْتُمْ فَعَاقِبُوا بِمِثْلِ مَا عُوقِبْتُم بِهِ ۖ وَلَئِن صَبَرْتُمْ
لَهُوَ خَيْرٌ لِّلصَّابِرِينَ ﴿١٢٦﴾

১২৬। এবং যদি (শত্রুদের থেকে) তোমরা প্রতিশোধ নাও, তবে প্রতিশোধ নাও ততটুকু যতটুকু ক্ষতি তোমাদের হয়েছে। আর যদি তোমরা ধৈর্য ধারণ কর তবে তা ধৈর্যশীলদের জন্য অবশ্যই উত্তম।

وَاصْبِرْ وَمَا صَبْرُكَ إِلَّا بِاللَّهِ ۚ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِي
ضَيْقٍ مِّمَّا يَمْكُرُونَ ﴿١٢٧﴾

১২৭। এবং তুমি ধৈর্য ধারণ কর, আর তোমার ধৈর্য তো আল্লাহ্‌রই মাধ্যমে (সাহায্যে), এবং তাদের জন্য দুঃখ করো না এবং তারা যে ষড়যন্ত্র করে তাতে তুমি মনঃক্ষুণ্ন হয়ো না।

إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ اتَّقَوا وَّالَّذِينَ هُم مُّحْسِنُونَ ﴿١٢٨﴾

১৬ ع ২২ | ১৬ রুকু ২২

১২৮। নিশ্চয় আল্লাহ্ তাদের সংগে আছেন যারা তাকওয়া অবলম্বন করেছে এবং যারা সৎকর্মপরায়ন।

১৭. সূরা আল-ইস্‌রা, মাক্কী
১১১ আয়াত, ১২ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٧-سُوْرَةُ بَنِيْٓ اِسْرَآءِيْلَ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-١١١، رُكُوْعَاتُهَا-١٢
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-১৫

سُبْحٰنَ الَّذِيْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ الْاَقْصَا الَّذِيْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ۭ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ①

১। পবিত্র তিনি যিনি তাঁর বান্দাকে রাতে ভ্রমণ* করালেন মসজিদে হারাম থেকে মসজিদে আকসা পর্যন্ত, যার চারপাশকে আমি বরকতময় করেছি, যাতে আমি তাকে আমার নিদর্শনাবলীর কিছু দেখাতে পারি। নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

وَاٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِيْٓ اِسْرَاۗءِيْلَ اَلَّا تَتَّخِذُوْا مِنْ دُوْنِيْ وَكِيْلًا ②

২। এবং আমি মূসাকে কিতাব দিয়েছিলাম ও তাকে বানিয়েছিলাম বনী ইসরাঈলের জন্য পথনির্দেশক (এবং তাতে আদেশ করেছিলাম) যে, 'তোমরা আমাকে বাদ দিয়ে কাউকে তত্ত্বাবধায়ক হিসেবে গ্রহণ করো না।'

ذُرِّيَّةَ مَنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ۭ اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا ③

৩। হে তাদের বংশধর! যাদেরকে আমি নূহের সাথে আরোহণ করিয়েছিলাম। নিশ্চয় সে ছিল অত্যন্ত কৃতজ্ঞ বান্দা।

وَقَضَيْنَآ اِلٰى بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ فِي الْكِتٰبِ لَتُفْسِدُنَّ فِي الْاَرْضِ مَرَّتَيْنِ وَلَتَعْلُنَّ عُلُوًّا كَبِيْرًا ④

৪। এবং আমি কিতাবের মধ্যে বনী ইসরাইলকে জানিয়েছিলাম, 'অবশ্যই তোমরা পৃথিবীতে দু'বার বিপর্যয় সৃষ্টি করবে* এবং অবশ্যই তোমরা প্রচণ্ড অহংকারী হবে।'

فَاِذَا جَاۗءَ وَعْدُ اُوْلٰىهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَآ اُولِيْ بَاْسٍ شَدِيْدٍ فَجَاسُوْا خِلٰلَ الدِّيَارِ ۭ وَكَانَ وَعْدًا مَّفْعُوْلًا ⑤

৫। সুতরাং যখন এ দু'টির প্রথম প্রতিশ্রুতি (এর সময়) আসল তখন আমি তোমাদের বিরুদ্ধে আমার বান্দাদেরকে পাঠিয়েছিলাম, যারা ছিল প্রচন্ড শক্তির অধিকারী, এবং তারা ঘরে ঘরে তল্লাশী চালাল। আর এটি ছিল এমন এক প্রতিশ্রুতি যা কার্যকর হয়েছিল।

ثُمَّ رَدَدْنَا لَكُمُ الْكَرَّةَ عَلَيْهِمْ وَاَمْدَدْنٰكُمْ بِاَمْوَالٍ وَّبَنِيْنَ وَجَعَلْنٰكُمْ اَكْثَرَ نَفِيْرًا ⑥

৬। এরপর আমি তোমাদেরকে পুনরায় তাদের উপর বিজয়ী করলাম, তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা সাহায্য করলাম ও তোমাদেরকে সংখ্যাগরিষ্ঠ করলাম।

اِنْ اَحْسَنْتُمْ اَحْسَنْتُمْ لِاَنْفُسِكُمْ ۣ وَاِنْ اَسَاْتُمْ فَلَهَا ۭ فَاِذَا جَاۗءَ وَعْدُ الْاٰخِرَةِ لِيَسُوْۗءٗا وُجُوْهَكُمْ وَلِيَدْخُلُوا الْمَسْجِدَ كَمَا دَخَلُوْهُ اَوَّلَ مَرَّةٍ وَّلِيُتَبِّرُوْا مَا عَلَوْا تَتْبِيْرًا ⑦

৭। যদি তোমরা ভাল কাজ কর তাহলে তোমাদের নিজেদের জন্যই ভাল কাজ কর, আর যদি তোমরা মন্দকাজ কর তাও তোমাদের নিজেদের জন্য। অতঃপর যখন পরবর্তী প্রতিশ্রুতি (এর সময়) আসল তখন (আমি আমার বান্দাদেরকে পাঠিয়েছিলাম) তোমাদের চেহারাসমূহ কালিমাচ্ছন্ন করার জন্য এবং প্রথমবার তারা যেভাবে মসজিদে প্রবেশ করেছিল সেভাবে তাতে প্রবেশ করার জন্য এবং তারা যা অধিকার করেছিল তা সম্পূর্ণভাবে ধ্বংস করার জন্য।

عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ ۚ وَاِنْ عُدْتُّمْ عُدْنَا ۘ وَجَعَلْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ حَصِيْرًا ⑧

৮। (অতঃপর আমি জানিয়ে দিলাম) শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের প্রতি দয়া করবেন (যদি তোমরা অনুতপ্ত হও), কিন্তু তোমরা যদি (পাপ কাজে) ফিরে আস তবে আমিও (শাস্তিতে) ফিরে আসব। আর জাহান্নামকে আমি কাফিরদের জন্য কারাগার বানিয়েছি।

اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَهْدِيْ لِلَّتِيْ هِيَ اَقْوَمُ وَيُبَشِّرُ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا كَبِيْرًا ⑨

৯। নিশ্চয় এ কুরআন পথপ্রদর্শন করে সে (পথের) দিকে যা সর্বাধিক সরল-সঠিক এবং সুসংবাদ দেয় মু'মিনদেরকে -যারা সৎকাজ করে- যে, তাদের জন্য রয়েছে মহা প্রতিদান-

وَّاَنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ اَعْتَدْنَا لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٠﴾

১০। এবং এও যে, যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের জন্য আমি প্রস্তুত করেছি যন্ত্রণাদায়ক শাস্তি।

ع ১ ১ রুকূ ১

وَيَدْعُ الْاِنْسَانُ بِالشَّرِّ دُعَآءَهٗ بِالْخَيْرِ ؕ وَكَانَ الْاِنْسَانُ عَجُوْلًا ﴿١١﴾

১১। আর মানুষ অকল্যাণ প্রার্থনা করে* এমনভাবে যেভাবে সে কল্যাণ প্রার্থনা করে। এবং মানুষ খুবই ত্বরা প্রবণ।

وَجَعَلْنَا الَّيْلَ وَالنَّهَارَ اٰيَتَيْنِ فَمَحَوْنَآ اٰيَةَ الَّيْلِ وَجَعَلْنَآ اٰيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّتَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ وَلِتَعْلَمُوْا عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابَ ؕ وَكُلَّ شَيْءٍ فَصَّلْنٰهُ تَفْصِيْلًا ﴿١٢﴾

১২। এবং আমি রাত ও দিনকে করেছি দু'টি নিদর্শন। অতঃপর রাতের নিদর্শনকে (চন্দ্রকে) করেছি আলোহীন এবং দিনের নিদর্শনকে (সূর্যকে) করেছি আলোকপ্রদ, যাতে তোমরা তোমাদের প্রতিপালকের অনুগ্রহ তালাশ করতে পার এবং যাতে তোমরা বছরের সংখ্যা ও হিসাব জানতে পার। আর সব কিছু আমি বিস্তারিত বর্ণনা করেছি।

وَكُلَّ اِنْسَانٍ اَلْزَمْنٰهُ طٰٓئِرَهٗ فِيْ عُنُقِهٖ ؕ وَنُخْرِجُ لَهٗ يَوْمَ الْقِيٰمَةِ كِتٰبًا يَّلْقٰىهُ مَنْشُوْرًا ﴿١٣﴾

১৩। এবং আমি প্রত্যেক মানুষের কাজকে (যা সে করে) তার গলায় ঝুলিয়ে দিয়েছি এবং কিয়ামতের দিন আমি তার জন্য একটি কিতাব (আমলনামা) বের করব যা সে পাবে উন্মুক্ত অবস্থায়।

اِقْرَاْ كِتٰبَكَ ؕ كَفٰى بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيْبًا ﴿١٤﴾

১৪। (বলা হবে) 'তুমি তোমার কিতাব পাঠ কর। আজ তুমি নিজেই তোমার বিরুদ্ধে হিসাবগ্রহণকারী হিসেবে যথেষ্ট।'

مَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ؕ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَمَا كُنَّا مُعَذِّبِيْنَ حَتّٰى نَبْعَثَ رَسُوْلًا ﴿١٥﴾

১৫। যে সঠিকপথ অবলম্বন করে সে সঠিকপথ অবলম্বন করে নিজেরই কল্যানের জন্য এবং যে পথভ্রষ্ট হয় সে পথভ্রষ্ট হয় নিজেরই অকল্যানের জন্য এবং কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। আর রাসূল না পাঠানো পর্যন্ত কাউকে আমি শাস্তি দেই না।

وَاِذَآ اَرَدْنَآ اَنْ نُّهْلِكَ قَرْيَةً اَمَرْنَا مُتْرَفِيْهَا فَفَسَقُوْا فِيْهَا فَحَقَّ عَلَيْهَا الْقَوْلُ فَدَمَّرْنٰهَا تَدْمِيْرًا ﴿١٦﴾

১৬। এবং যখন আমি কোন জনপদকে ধ্বংস করার ইচ্ছা করি তখন তার বিত্তবানদেরকে (সৎকাজের) নির্দেশ করি, কিন্তু তারা সেখানে পাপাচার করে, অতঃপর তার (জনপদের) উপর (শাস্তির) কথা অবধারিত হয়ে যায় এবং আমি তা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করি।

وَكَمْ اَهْلَكْنَا مِنَ الْقُرُوْنِ مِنْۢ بَعْدِ نُوْحٍ ؕ وَكَفٰى بِرَبِّكَ بِذُنُوْبِ عِبَادِهٖ خَبِيْرًا ۢ بَصِيْرًا ﴿١٧﴾

১৭। এবং নূহের পর আমি কত প্রজন্মকে ধ্বংস করেছি! তোমার প্রতিপালকই তাঁর বান্দাদের অপরাধসমূহ সম্পর্কে সর্বজ্ঞ ও সর্বদ্রষ্টা হিসেবে যথেষ্ট।

مَنْ كَانَ يُرِيْدُ الْعَاجِلَةَ عَجَّلْنَا لَهٗ فِيْهَا مَا نَشَآءُ لِمَنْ نُّرِيْدُ ثُمَّ جَعَلْنَا لَهٗ جَهَنَّمَ ۚ يَصْلٰىهَا مَذْمُوْمًا مَّدْحُوْرًا ﴿١٨﴾

১৮। যে নগদকে (দুনিয়ার জীবনকে) কামনা করে আমি তাকে তাতেই (দুনিয়াতেই) নগদে দিয়ে দেই- যা ইচ্ছা করি, যাকে ইচ্ছা করি, এরপর তার জন্য নির্ধারিত করি জাহান্নাম যেখানে সে প্রবেশ করবে নিন্দিত ও বিতাড়িত অবস্থায়।

وَمَنْ اَرَادَ الْاٰخِرَةَ وَسَعٰى لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ كَانَ سَعْيُهُمْ مَّشْكُوْرًا ﴿١٩﴾

১৯। আর যে আখিরাত কামনা করে মু'মিন অবস্থায় এবং তার জন্য যথাযথ প্রচেষ্টা চালায় তাদের প্রচেষ্টা প্রশংসাযোগ্য।

كُلًّا نُّمِدُّ هٰٓؤُلَآءِ وَهٰٓؤُلَآءِ مِنْ عَطَآءِ رَبِّكَ ؕ وَمَا كَانَ عَطَآءُ رَبِّكَ مَحْظُوْرًا ﴿٢٠﴾

২০। (দু'টি দলের) প্রত্যেকটিকে- এদেরকে এবং ওদেরকে- তোমার প্রতিপালকের দান থেকে আমি প্রদান করি। আর তোমার প্রতিপালকের দান সীমাবদ্ধ নয়।

اُنْظُرْ كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ؕ وَلَلْاٰخِرَةُ اَكْبَرُ دَرَجٰتٍ وَّاَكْبَرُ تَفْضِيْلًا ﴿٢١﴾

২১। লক্ষ্য কর, কিভাবে আমি তাদের এক দলকে অপরের উপর (দুনিয়াতেই) মর্যাদা দিয়েছি। আর অবশ্যই আখিরাত সম্মানের দিক থেকে বড় এবং মর্যাদার দিক থেকেও বড়।

لَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَقْعُدَ مَذْمُوْمًا مَّخْذُوْلًا ﴿٢٢﴾

২২। আল্লাহ্‌র সাথে অন্য কোন ইলাহ্ নির্ধারন করো না, তাহলে নিন্দিত ও পরিত্যাক্ত হয়ে বসে পড়বে।

ع ١٢ ٢ ٢ রুকূ ২

وَقَضٰى رَبُّكَ اَلَّا تَعْبُدُوْٓا اِلَّآ اِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ۭ اِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ اَحَدُهُمَآ اَوْ كِلٰهُمَا فَلَا تَقُلْ لَّهُمَآ اُفٍّ وَّلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَّهُمَا قَوْلًا كَرِيْمًا ﴿٢٣﴾

২৩। এবং তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তাকে ছাড়া অন্য কারো ইবাদত করো না ও পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার কর। যদি তাদের একজন অথবা উভয়েই তোমার কাছে বার্ধক্যে পৌঁছে যায় তবে তাদেরকে 'উফ'* বলো না এবং তাদেরকে ধমক দিও না বরং তাদের সাথে সম্মানজনক কথা বল।

وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيٰنِيْ صَغِيْرًا ﴿٢٤﴾

২৪। এবং তাদের দু'জনের জন্য মমতাবশে বিনয়ের বাহু অবনমিত কর এবং বল, 'হে আমার প্রতিপালক! তাদের প্রতি দয়া করুন* যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছিলেন।'

رَبُّكُمْ اَعْلَمُ بِمَا فِيْ نُفُوْسِكُمْ ۭ اِنْ تَكُوْنُوْا صٰلِحِيْنَ فَاِنَّهٗ كَانَ لِلْاَوَّابِيْنَ غَفُوْرًا ﴿٢٥﴾

২৫। তোমাদের প্রতিপালক তোমাদের অন্তরে যা আছে তা সবচেয়ে বেশি জানেন। যদি তোমরা সৎকর্মশীল হও তবে তিনি (আল্লাহ্) অভিমুখীদের জন্য অতি ক্ষমাশীল।

وَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ وَلَا تُبَذِّرْ تَبْذِيْرًا ﴿٢٦﴾

২৬। এবং আত্মীয়-স্বজনকে তার প্রাপ্য দিয়ে দাও* এবং মিসকীন (অভাবগ্রস্ত) ও সম্বলহীন মুসাফিরকেও এবং কিছুতেই অপব্যয় (মন্দ কাজে ব্যয়) করো না।

اِنَّ الْمُبَذِّرِيْنَ كَانُوْٓا اِخْوَانَ الشَّيٰطِيْنِ ۭ وَكَانَ الشَّيْطٰنُ لِرَبِّهٖ كَفُوْرًا ﴿٢٧﴾

২৭। নিশ্চয় অপব্যয়কারীরা শয়তানের ভাই। আর শয়তান তার প্রতিপালকের প্রতি বড়ই অকৃতজ্ঞ।

وَاِمَّا تُعْرِضَنَّ عَنْهُمُ ابْتِغَاۗءَ رَحْمَةٍ مِّنْ رَّبِّكَ تَرْجُوْهَا فَقُلْ لَّهُمْ قَوْلًا مَّيْسُوْرًا ﴿٢٨﴾

২৮। এবং তোমার প্রতিপালকের নিকট থেকে দয়া লাভের উদ্দেশ্যে যদি তাদের দিক থেকে তোমাকে মুখ ফিরাতেই হয়, তবে তাদের সাথে সহজভাবে কথা বল।

وَلَا تَجْعَلْ يَدَكَ مَغْلُوْلَةً اِلٰى عُنُقِكَ وَلَا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُوْمًا مَّحْسُوْرًا ﴿٢٩﴾

২৯। এবং তুমি তোমার হাত তোমার ঘাড়ের সাথে শৃঙ্খলিত করে রেখো না এবং তা সম্পূর্ণরূপে প্রসারিতও করো না, তাহলে তুমি তিরস্কৃত ও নিঃস্ব হয়ে বসে পড়বে।

ع ٣٢ ٣ ٣ রুকূ ৩

اِنَّ رَبَّكَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاۗءُ وَيَقْدِرُ ۭ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًۢا بَصِيْرًا ﴿٣٠﴾

৩০। নিশ্চয় তোমার প্রতিপালক যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ* করে দেন এবং নিশ্চয় তিনি তাঁর বান্দাদের সম্পর্কে পূর্ণ অবগত ও পূর্ণ দৃষ্টিবান।

وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ خَشْيَةَ اِمْلَاقٍ ۭ نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ ۭ اِنَّ قَتْلَهُمْ كَانَ خِطْاً كَبِيْرًا ﴿٣١﴾

৩১। এবং তোমাদের সন্তানদেরকে দারিদ্র্যের আশংকায় হত্যা করো না। আমিই তাদেরকে রিযিক দেই এবং তোমাদেরকেও। নিশ্চয় তাদেরকে হত্যা করা বড় অপরাধ।

وَلَا تَقْرَبُوا الزِّنٰٓى اِنَّهٗ كَانَ فَاحِشَةً ۭ وَسَاۗءَ سَبِيْلًا ﴿٣٢﴾

৩২। এবং ব্যভিচারের নিকটবর্তী হয়ো না, নিশ্চয় তা অশ্লীল ও নিকৃষ্ট পথ।

وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ ۭ وَمَنْ قُتِلَ مَظْلُوْمًا فَقَدْ جَعَلْنَا لِوَلِيِّهٖ سُلْطٰنًا فَلَا يُسْرِفْ فِّي الْقَتْلِ ۭ اِنَّهٗ كَانَ مَنْصُوْرًا ﴿٣٣﴾

৩৩। এবং ন্যায়সঙ্গত কারণ ছাড়া কোন ব্যক্তিকে তোমরা হত্যা করো না, যাকে (হত্যা করা) আল্লাহ্ হারাম করেছেন।* আর যে অন্যায়ভাবে নিহত হবে তার অভিভাবককে (প্রতিকারের) ক্ষমতা দিয়েছি, তবে সে যেন হত্যায় সীমালঙ্ঘন না করে। নিশ্চয় সে (আইন দ্বারা) সাহায্যপ্রাপ্ত।

وَلَا تَقْرَبُوْا مَالَ الْيَتِيْمِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ حَتّٰى يَبْلُغَ اَشُدَّهٗ ۖ وَاَوْفُوْا بِالْعَهْدِ ۚ اِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُوْلًا ﴿٣٤﴾

৩৪। এবং তোমরা ইয়াতীমের ধন-সম্পদের নিকটবর্তী হয়ো না উত্তম পদ্ধতিতে ছাড়া যতক্ষণ না সে (শক্তি-সামর্থ ও বয়সের) পূর্ণতায় পৌঁছে। এবং তোমরা প্রতিশ্রুতি পূর্ণ কর,* নিশ্চয় প্রতিশ্রুতি সম্পর্কে প্রশ্ন করা হবে।

وَاَوْفُوا الْكَيْلَ اِذَا كِلْتُمْ وَزِنُوْا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ؕ ذٰلِكَ خَيْرٌ وَّاَحْسَنُ تَاْوِيْلًا ﴿٣٥﴾

৩৫। এবং তোমরা যখন পরিমাপ করবে তখন মাপ পুরোপুরি দাও এবং ওজন কর সঠিক দাঁড়িপাল্লায়।* এটিই উত্তম এবং পরিণামে উৎকৃষ্ট।

وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ؕ اِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ اُولٰٓئِكَ كَانَ عَنْهُ مَسْئُوْلًا ﴿٣٦﴾

৩৬। এবং যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই তার পিছনে যেয়ো না* (অর্থাৎ অনুমান করে বলো না)। নিশ্চয় কান, চোখ, অন্তর- এদের প্রত্যেকটি সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।

وَلَا تَمْشِ فِي الْاَرْضِ مَرَحًا ۚ اِنَّكَ لَنْ تَخْرِقَ الْاَرْضَ وَلَنْ تَبْلُغَ الْجِبَالَ طُوْلًا ﴿٣٧﴾

৩৭। এবং পৃথিবীতে দম্ভভরে বিচরণ করো না, নিশ্চয় তুমি যমীনকে ছিঁড়ে আলাদা করতে পারবে না এবং উচ্চতার দিক থেকে কখনো পর্বত পর্যন্ত পৌঁছতে* পারবে না।

كُلُّ ذٰلِكَ كَانَ سَيِّئُهٗ عِنْدَ رَبِّكَ مَكْرُوْهًا ﴿٣٨﴾

৩৮। এগুলোর (উপরোক্ত নিষিদ্ধ কাজগুলোর) প্রত্যেকটির মন্দ তোমার প্রতিপালকের নিকট ঘৃণ্য।

ذٰلِكَ مِمَّآ اَوْحٰٓى اِلَيْكَ رَبُّكَ مِنَ الْحِكْمَةِ ؕ وَلَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتُلْقٰى فِيْ جَهَنَّمَ مَلُوْمًا مَّدْحُوْرًا ﴿٣٩﴾

৩৯। তোমার প্রতিপালক তোমার প্রতি যে হিকমত (প্রজ্ঞা) ওহী করেছেন এগুলো তার অন্তর্ভুক্ত। এবং তুমি আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্ নির্ধারণ করো না, তাহলে তুমি তিরস্কৃত ও বিতাড়িত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হবে।

اَفَاَصْفٰىكُمْ رَبُّكُمْ بِالْبَنِيْنَ وَاتَّخَذَ مِنَ الْمَلٰٓئِكَةِ اِنَاثًا ؕ اِنَّكُمْ لَتَقُوْلُوْنَ قَوْلًا عَظِيْمًا ﴿٤٠﴾ ع ٤ ٤ ٤ রুকূ ٤

৪০। তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে পুত্র সন্তানের জন্য মনোনীত করেছেন এবং তিনি (নিজে) ফেরেশতাদেরকে কন্যা সন্তান হিসেবে গ্রহণ করেছেন? নিশ্চয় তোমরা অবশ্যই এক ভয়ানক কথা বলছ।

وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ لِيَذَّكَّرُوْا ؕ وَمَا يَزِيْدُهُمْ اِلَّا نُفُوْرًا ﴿٤١﴾

৪১। আর অবশ্যই আমি এই কুরআনে (বহু বিষয়) বিভিন্নভাবে বর্ণনা করেছি যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে। কিন্তু তা কেবল তাদের (সত্য) বিমুখতাই বৃদ্ধি করে।

قُلْ لَّوْ كَانَ مَعَهٗٓ اٰلِهَةٌ كَمَا يَقُوْلُوْنَ اِذًا لَّابْتَغَوْا اِلٰى ذِي الْعَرْشِ سَبِيْلًا ﴿٤٢﴾

৪২। বল, 'যদি তাঁর সাথে আরও ইলাহ্ থাকত যেমনটি তারা বলে, তবে তারা (শরীকরা) আরশের মালিকের দিকে পথ খোঁজ করত (তাঁর সন্তুষ্টি লাভের চেষ্টায়)।

سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يَقُوْلُوْنَ عُلُوًّا كَبِيْرًا ﴿٤٣﴾

৪৩। পবিত্র তিনি এবং তারা যা বলে তা হতে তিনি অনেক ঊর্ধ্বে।

تُسَبِّحُ لَهُ السَّمٰوٰتُ السَّبْعُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ؕ وَاِنْ مِّنْ شَيْءٍ اِلَّا يُسَبِّحُ بِحَمْدِهٖ وَلٰكِنْ لَّا تَفْقَهُوْنَ تَسْبِيْحَهُمْ ؕ اِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا ﴿٤٤﴾

৪৪। সাত আকাশ, পৃথিবী এবং এদের মধ্যবর্তী সব কিছু তাঁরই পবিত্রতা ঘোষণা করে এবং এমন কিছু নেই যা তাঁর প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করে না, কিন্তু তাদের পবিত্রতা ঘোষণা তোমরা বুঝতে পার না। নিশ্চয় তিনি পরম সহনশীল ও অতিক্ষমাশীল।

وَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ حِجَابًا مَّسْتُوْرًا ﴿٤٥﴾

৪৫। এবং তুমি যখন কুরআন পাঠ কর তখন আমি তোমার মাঝে এবং যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের মাঝে প্রচ্ছন্ন পর্দা টেনে দেই-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَّجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِذَا ذَكَرْتَ رَبَّكَ فِي الْقُرْاٰنِ وَحْدَهٗ وَلَّوْا عَلٰٓى اَدْبَارِهِمْ نُفُوْرًا ﴿٤٦﴾

৪৬। আমি তাদের হৃদয়ের উপর আবরণ তৈরী করেছি যাতে তারা তা বুঝতে না পারে এবং তাদের কানে রয়েছে বধিরতা। এবং যখন তুমি কুরআনে একা তোমার প্রতিপালকের উল্লেখ কর তখন তারা ঘৃণাভরে পৃষ্ঠপ্রদর্শন করে।

نَحْنُ اَعْلَمُ بِمَا يَسْتَمِعُوْنَ بِهٖٓ اِذْ يَسْتَمِعُوْنَ اِلَيْكَ وَاِذْ هُمْ نَجْوٰٓى اِذْ يَقُوْلُ الظّٰلِمُوْنَ اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا ﴿٤٧﴾

৪৭। যখন তারা তোমার দিকে কান পেতে শোনে তখন তারা কেন তা (কুরআন) কান পেতে শোনে তা আমি ভাল করে জানি এবং যখন তারা গোপন কথায় রত থাকে, যখন জালিমরা বলে, 'তোমরা কেবল এক জাদুগ্রস্ত ব্যক্তির অনুসরণ করছ (তাও ভাল করে জানি)।'

اُنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا يَسْتَطِيْعُوْنَ سَبِيْلًا ﴿٤٨﴾

৪৮। লক্ষ্য কর, তারা তোমার জন্য কেমন উপমা পেশ করে! আর তারা পথভ্রষ্ট হয়েছে, সুতরাং তারা পথ পেতে সক্ষম হবে না।

وَقَالُوْٓا ءَاِذَا كُنَّا عِظَامًا وَّرُفَاتًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ خَلْقًا جَدِيْدًا ﴿٤٩﴾

৪৯। এবং তারা বলে, 'যখন আমরা হাড়ে পরিণত হব ও টুকরো টুকরো হব তখনও কি অবশ্যই আমরা নতুন সৃষ্টিরূপে পুনরুত্থিত হব?'

قُلْ كُوْنُوْا حِجَارَةً اَوْ حَدِيْدًا ﴿٥٠﴾

৫০। বল 'তোমরা পাথর অথবা লোহা হয়ে যাও-

اَوْ خَلْقًا مِّمَّا يَكْبُرُ فِيْ صُدُوْرِكُمْ ۚ فَسَيَقُوْلُوْنَ مَنْ يُّعِيْدُنَا ؕ قُلِ الَّذِيْ فَطَرَكُمْ اَوَّلَ مَرَّةٍ ۚ فَسَيُنْغِضُوْنَ اِلَيْكَ رُءُوْسَهُمْ وَيَقُوْلُوْنَ مَتٰى هُوَ ؕ قُلْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ قَرِيْبًا ﴿٥١﴾

৫১। অথবা এমন এক সৃষ্টি যা তোমাদের বক্ষে (ধারণায়) খুবই বড়,' এবং শীঘ্রই তারা বলবে, 'কে আমাদের (সৃষ্টির) পুনরাবৃত্তি করবে?' বল, 'তিনি, যিনি তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন,' অতঃপর তারা তোমার সামনে মাথা নাড়বে ও বলবে, 'এটা কবে হবে?' বল, 'নিকটবর্তী সময়েই তা (সংঘটিত) হবে।

ع ١٢ ٥ ٥ ٥ রুকূ ٥

يَوْمَ يَدْعُوْكُمْ فَتَسْتَجِيْبُوْنَ بِحَمْدِهٖ وَتَظُنُّوْنَ اِنْ لَّبِثْتُمْ اِلَّا قَلِيْلًا ﴿٥٢﴾

৫২। যেদিন তিনি তোমাদেরকে ডাকবেন, অতঃপর তোমরা তাঁকে সাড়া দিবে তাঁর প্রশংসার সাথে এবং তোমরা ধারণা করবে, তোমরা সামান্যই অবস্থান করেছিলে।'

وَقُلْ لِّعِبَادِيْ يَقُوْلُوا الَّتِيْ هِيَ اَحْسَنُ ؕ اِنَّ الشَّيْطٰنَ يَنْزَغُ بَيْنَهُمْ ؕ اِنَّ الشَّيْطٰنَ كَانَ لِلْاِنْسَانِ عَدُوًّا مُّبِيْنًا ﴿٥٣﴾

৫৩। এবং আমার বান্দাদেরকে বলতে বল যা উত্তম তা-ই। নিশ্চয় শয়তান তাদের মধ্যে (বিভেদ সৃষ্টির) প্ররোচনা দেয়। নিশ্চয় শয়তান মানুষের জন্য সুস্পষ্ট শত্রু।

رَبُّكُمْ اَعْلَمُ بِكُمْ ؕ اِنْ يَّشَاْ يَرْحَمْكُمْ اَوْ اِنْ يَّشَاْ يُعَذِّبْكُمْ ؕ وَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ وَكِيْلًا ﴿٥٤﴾

৫৪। তোমাদের প্রতিপালক তোমাদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন। তিনি যদি ইচ্ছা করেন তাহলে তিনি তোমাদের প্রতি দয়া করবেন অথবা যদি ইচ্ছা করেন তাহলে তোমাদেরকে শাস্তি দিবেন। আর আমি তোমাকে তাদের তত্ত্বাবধায়ক হিসাবে প্রেরণ করিনি।

وَرَبُّكَ اَعْلَمُ بِمَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَلَقَدْ فَضَّلْنَا بَعْضَ النَّبِيّٖنَ عَلٰى بَعْضٍ وَّاٰتَيْنَا دَاوٗدَ زَبُوْرًا ﴿٥٥﴾

৫৫। এবং আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তাদেরকে তোমার প্রতিপালক ভালভাবে জানেন। এবং আমি নবীদের কতককে কতকের উপর মর্যাদা দিয়েছি এবং দাঊদকে দিয়েছিলাম যাবূর (লিখিত কিতাব)।

قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِهٖ فَلَا يَمْلِكُوْنَ كَشْفَ الضُّرِّ عَنْكُمْ وَلَا تَحْوِيْلًا ﴿٥٦﴾

৫৬। বল 'তোমরা তাঁকে বাদ দিয়ে যাদেরকে (ইলাহ্) ধারনা করেছ তাদেরকে ডাক, কিন্তু তারা তোমাদের দুঃখ-দুর্দশা দূর করা বা (তা অন্য কোন দিকে) স্থানান্তর করার মালিক নয়।

اُولٰٓئِكَ الَّذِيْنَ يَدْعُوْنَ يَبْتَغُوْنَ اِلٰى رَبِّهِمُ الْوَسِيْلَةَ اَيُّهُمْ اَقْرَبُ وَيَرْجُوْنَ رَحْمَتَهٗ وَيَخَافُوْنَ عَذَابَهٗ ؕ اِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُوْرًا ﴿٥٧﴾

৫৭। তারা যাদেরকে ডাকে তারাই তাদের প্রতিপালকের দিকে উপায় তালাশ করে (এই চেষ্টায় যে), তাদের মধ্যে কে অধিক নিকটবর্তী (হতে পারে), এবং তাঁর দয়া প্রত্যাশা করে ও তাঁর শাস্তিকে ভয় করে। নিশ্চয় তোমার প্রতিপালকের শাস্তি ভয় করার মত।

وَاِنْ مِّنْ قَرْيَةٍ اِلَّا نَحْنُ مُهْلِكُوْهَا قَبْلَ يَوْمِ الْقِيٰمَةِ اَوْ مُعَذِّبُوْهَا عَذَابًا شَدِيْدًا ؕ كَانَ ذٰلِكَ فِي الْكِتٰبِ مَسْطُوْرًا ﴿٥٨﴾

৫৮। আর এমন কোন জনপদ নেই যা আমি কিয়ামতের দিনের পূর্বে ধ্বংস করব না অথবা যাকে (জনপদকে) কঠোর শাস্তি দেব না। এটা কিতাবেই (লওহে মাহ্‌ফুজে) লিপিবদ্ধ আছে।

وَمَا مَنَعَنَآ اَنْ نُّرْسِلَ بِالْاٰيٰتِ اِلَّآ اَنْ كَذَّبَ بِهَا الْاَوَّلُوْنَ ؕ وَاٰتَيْنَا ثَمُوْدَ النَّاقَةَ مُبْصِرَةً فَظَلَمُوْا بِهَا ؕ وَمَا نُرْسِلُ بِالْاٰيٰتِ اِلَّا تَخْوِيْفًا ﴿٥٩﴾

৫৯। এবং আমাকে নিদর্শনাবলী প্রেরণ করা থেকে বিরত রেখেছে শুধু তা-ই যে, পূর্ববর্তীরা এগুলোকে মিথ্যা অভিহিত করেছিল এবং আমি ছামূদকে দিয়েছিলাম একটি উষ্ট্রী- আলোকপ্রদ হিসেবে,* অতঃপর তারা এর প্রতি জুলুম করেছিল। আর আমি কেবল ভীতি প্রদর্শনের জন্যই নিদর্শন প্রেরণ করি।

وَاِذْ قُلْنَا لَكَ اِنَّ رَبَّكَ اَحَاطَ بِالنَّاسِ ؕ وَمَا جَعَلْنَا الرُّءْيَا الَّتِيْٓ اَرَيْنٰكَ اِلَّا فِتْنَةً لِّلنَّاسِ وَالشَّجَرَةَ الْمَلْعُوْنَةَ فِي الْقُرْاٰنِ ؕ وَنُخَوِّفُهُمْ ۙ فَمَا يَزِيْدُهُمْ اِلَّا طُغْيَانًا كَبِيْرًا ﴿٦٠﴾

ع ٨ ٦ ٦ ৬ রুকূ ৬

৬০। এবং যখন আমি তোমাকে বলেছিলাম, নিশ্চয় তোমার প্রতিপালক (জ্ঞানে ও ক্ষমতায়) মানুষকে পরিবেষ্টন করে রেখেছেন। এবং আমি যে স্বপ্ন তোমাকে দেখিয়েছি তা এবং কুরআনে (উল্লিখিত) অভিশপ্ত গাছটিও কেবল মানুষের পরীক্ষার জন্য। আমি তাদেরকে ভীতি প্রদর্শন করি, কিন্তু তা কেবল তাদের চরম অবাধ্যতাই বাড়িয়ে দেয়।

وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ قَالَ ءَاَسْجُدُ لِمَنْ خَلَقْتَ طِيْنًا ﴿٦١﴾

৬১। এবং যখন আমি ফেরেশতাদেকে বলেছিলাম, 'আদমকে সিজদা কর', তখন তারা সিজদা করল- ইবলিস ছাড়া। সে বলল, 'আমি কি তাকে সিজদা করব যাকে আপনি মাটি থেকে সৃষ্টি করেছেন!'

قَالَ اَرَءَيْتَكَ هٰذَا الَّذِيْ كَرَّمْتَ عَلَيَّ ۫ لَئِنْ اَخَّرْتَنِ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَاَحْتَنِكَنَّ ذُرِّيَّتَهٗٓ اِلَّا قَلِيْلًا ﴿٦٢﴾

৬২। সে বলল, 'আপনি কি ভেবে দেখেছেন, আপনি আমার উপর এই যাকে সম্মানিত করলেন! যদি আমাকে আপনি কিয়ামতের দিন পর্যন্ত অবকাশ দেন তাহলে আমি অল্প কয়েকজন ছাড়া তার বংশধরকে অবশ্যই বশীভূত করে ফেলব।'

قَالَ اذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ فَاِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُمْ جَزَآءً مَّوْفُوْرًا ﴿٦٣﴾

৬৩। তিনি (আল্লাহ্) বললেন, 'যাও! তবে তাদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে, নিশ্চয় জাহান্নাম তোমাদের (সকলের) প্রতিফল-এক পূর্ণ প্রতিফল।

وَاسْتَفْزِزْ مَنِ اسْتَطَعْتَ مِنْهُمْ بِصَوْتِكَ وَاَجْلِبْ عَلَيْهِمْ بِخَيْلِكَ وَرَجِلِكَ وَشَارِكْهُمْ فِي الْاَمْوَالِ وَالْاَوْلَادِ وَعِدْهُمْ ؕ وَمَا يَعِدُهُمُ الشَّيْطٰنُ اِلَّا غُرُوْرًا ﴿٦٤﴾

৬৪। এবং তোমার আওয়াজ দ্বারা তাদের মধ্যে যাকে পার প্ররোচিত কর, তোমার অশ্বারোহী ও পদাতিক বাহিনীকে তাদের উপর হাকাও এবং তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে শরীক হয়ে যাও ও তাদেরকে প্রতিশ্রুতি দাও। আর শয়তান তাদেরকে কোন প্রতিশ্রুতিই দেয় না- প্রতারণা ছাড়া।

اِنَّ عِبَادِيْ لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ ؕ وَكَفٰى بِرَبِّكَ وَكِيْلًا ﴿٦٥﴾

৬৫। নিশ্চয় আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা নেই।' এবং তত্ত্বাবধায়ক হিসেবে তোমার প্রতিপালকই যথেষ্ট।

رَبُّكُمُ الَّذِيْ يُزْجِيْ لَكُمُ الْفُلْكَ فِي الْبَحْرِ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ ؕ اِنَّهٗ كَانَ بِكُمْ رَحِيْمًا ﴿٦٦﴾

৬৬। তোমাদের প্রতিপালক তিনি যিনি তোমাদের জন্য সমুদ্রে নৌযান পরিচালিত করেন, যাতে তোমরা তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পার। নিশ্চয় তিনি তোমাদের প্রতি পরম দয়ালু।

وَاِذَا مَسَّكُمُ الضُّرُّ فِي الْبَحْرِ ضَلَّ مَنْ تَدْعُوْنَ اِلَّآ اِيَّاهُ ۚ فَلَمَّا نَجّٰىكُمْ اِلَى الْبَرِّ اَعْرَضْتُمْ ؕ وَكَانَ الْاِنْسَانُ كَفُوْرًا ﴿٦٧﴾

৬৭। এবং সমুদ্রে যখন তোমাদেরকে কোন দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন কেবল তিনি ছাড়া অন্য যাদেরকে তোমরা ডাক তারা উধাও হয়ে যায়, অতঃপর যখন তিনি তোমাদেরকে উদ্ধার করে স্থলে আনেন তখন তোমরা মুখ ফিরিয়ে নাও। আর মানুষ বড়ই অকৃতজ্ঞ।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَفَاَمِنْتُمْ اَنْ يَّخْسِفَ بِكُمْ جَانِبَ الْبَرِّ اَوْ يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا ثُمَّ لَا تَجِدُوْا لَكُمْ وَكِيْلًا ﴿٦٨﴾

৬৮। তোমরা কি নিরাপদ মনে করেছ যে, তিনি তোমাদেরকেসহ কোন স্থলভাগ ধ্বসিয়ে দিবেন না অথবা তোমাদের উপর প্রেরণ করবেন না পাথর বহনকারী এক প্রচণ্ড ঝড়? এরপর তোমরা তোমাদের জন্য কোন তত্ত্বাবধায়ক পাবে না।

اَمْ اَمِنْتُمْ اَنْ يُّعِيْدَكُمْ فِيْهِ تَارَةً اُخْرٰى فَيُرْسِلَ عَلَيْكُمْ قَاصِفًا مِّنَ الرِّيْحِ فَيُغْرِقَكُمْ بِمَا كَفَرْتُمْ ثُمَّ لَا تَجِدُوْا لَكُمْ عَلَيْنَا بِهٖ تَبِيْعًا ﴿٦٩﴾

৬৯। অথবা তোমরা কি নিরাপদ হয়েছ যে, তিনি তোমাদেরকে আরো একবার তাতে (সমুদ্রে) ফিরিয়ে নিবেন না এবং তোমাদের উপর গর্জনকারী বায়ু প্রেরণ করবেন না এবং তোমাদের কুফরীর জন্য তোমাদেরকে নিমজ্জিত করবেন না? এরপর তোমরা এ বিষয়ে আমার বিরুদ্ধে কোন সাহায্যকারী পাবে না।

وَلَقَدْ كَرَّمْنَا بَنِيْٓ اٰدَمَ وَحَمَلْنٰهُمْ فِي الْبَرِّ وَالْبَحْرِ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقْنَا تَفْضِيْلًا ﴿٧٠﴾

৭০। আর অবশ্যই আমি আদম-সন্তানকে সম্মানিত করেছি, তাদেরকে স্থলে ও সমুদ্রে বহন করেছি, তাদেরকে পবিত্র রিযিক দিয়েছি এবং আমি যাদেরকে সৃষ্টি করেছি তাদের অনেকের উপর তাদেরকে মর্যাদা (অগ্রাধিকার) দিয়েছি। ৭ রুকূ ৭

يَوْمَ نَدْعُوْا كُلَّ اُنَاسٍۢ بِاِمَامِهِمْ ۚ فَمَنْ اُوْتِيَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ فَاُولٰٓئِكَ يَقْرَءُوْنَ كِتٰبَهُمْ وَلَا يُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧١﴾

৭১। যেদিন আমি প্রত্যেক মানবদলকে তাদের ইমামসহ (আমলনামাসহ) ডাকব, অতঃপর যাদের কিতাব (আমলনামা) তাদের ডান হাতে দেয়া হবে, তারা তাদের কিতাব (আমলনামা) পাঠ করবে এবং তাদের প্রতি খেজুর বীচির মধ্যস্থিত সুতা পরিমাণও জুলুম করা হবে না।

وَمَنْ كَانَ فِيْ هٰذِهٖٓ اَعْمٰى فَهُوَ فِي الْاٰخِرَةِ اَعْمٰى وَاَضَلُّ سَبِيْلًا ﴿٧٢﴾

৭২। আর যে ব্যক্তি দুনিয়াতে অন্ধ সে আখিরাতেও অন্ধ এবং অধিক পথভ্রষ্ট।

وَاِنْ كَادُوْا لَيَفْتِنُوْنَكَ عَنِ الَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ لِتَفْتَرِيَ عَلَيْنَا غَيْرَهٗ ۖ وَاِذًا لَّاتَّخَذُوْكَ خَلِيْلًا ﴿٧٣﴾

৭৩। এবং সত্যিই আমি তোমার প্রতি যা ওহী করেছি তা থেকে তারা তোমার পদস্খলন ঘটানোর কাছাকাছি চলে গিয়েছিল যাতে তুমি আমার বিরুদ্ধে এর বিপরীত মিথ্যা রচনা করতে পার; আর তখনই তারা তোমাকে বন্ধুরূপে গ্রহণ করত।

وَلَوْلَآ اَنْ ثَبَّتْنٰكَ لَقَدْ كِدْتَّ تَرْكَنُ اِلَيْهِمْ شَيْـًٔا قَلِيْلًا ﴿٧٤﴾

৭৪। আর যদি আমি তোমাকে স্থির না রাখতাম তাহলে অবশ্যই তুমি তাদের দিকে সামান্য ঝুঁকে পড়তে-

اِذًا لَّاَذَقْنٰكَ ضِعْفَ الْحَيٰوةِ وَضِعْفَ الْمَمَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيْرًا ﴿٧٥﴾

৭৫। তাহলে অবশ্যই তোমাকে দুনিয়ার দ্বিগুণ (শাস্তি) ও পরকালের দ্বিগুণ (শাস্তি) আস্বাদন করাতাম, এরপর আমার বিরুদ্ধে তোমার জন্য কোন সাহায্যকারী পেতে না।

وَاِنْ كَادُوْا لَيَسْتَفِزُّوْنَكَ مِنَ الْاَرْضِ لِيُخْرِجُوْكَ مِنْهَا وَاِذًا لَّا يَلْبَثُوْنَ خِلٰفَكَ اِلَّا قَلِيْلًا ﴿٧٦﴾

৭৬। এবং সত্যিই তারা তোমাকে (আবাস) ভূমি থেকে উৎখাত করার কাছাকাছি চলে গিয়েছিল তোমাকে সেখান থেকে বের করার জন্য, আর (যদি সেটা হত) তখন তোমার পর তারাও সেখানে সামান্যই অবস্থান করত।

سُنَّةَ مَنْ قَدْ اَرْسَلْنَا قَبْلَكَ مِنْ رُّسُلِنَا وَلَا تَجِدُ لِسُنَّتِنَا تَحْوِيْلًا ﴿٧٧﴾

৭৭। (এটি) আমার রাসূলদের মধ্যে তোমার পূর্বে যাদেরকে প্রেরণ করেছিলাম তাদের (ক্ষেত্রে গত হওয়া) সুন্নত (নীতি) এবং তুমি আমার সুন্নতে (নীতিতে) কোন পরিবর্তন পাবে না। ৮ রুকূ ৮

اَقِمِ الصَّلٰوةَ لِدُلُوْكِ الشَّمْسِ اِلٰى غَسَقِ الَّيْلِ وَقُرْاٰنَ الْفَجْرِ ۭ اِنَّ قُرْاٰنَ الْفَجْرِ كَانَ مَشْهُوْدًا ﴿٧٨﴾

৭৮। সূর্য হেলে পড়ার পর থেকে রাতের ঘন অন্ধকার পর্যন্ত সালাত (নামায) কায়েম কর এবং (কায়েম কর) ফজরের কুরআন পাঠ ও (অর্থাৎ সালাতুল ফজর)। নিশ্চয় ফজরের কুরআন পাঠ (সালাতুল ফজর) প্রত্যক্ষ করা হয়।

وَمِنَ الَّيْلِ فَتَهَجَّدْ بِهٖ نَافِلَةً لَّكَ ۖ عَسٰٓى اَنْ يَّبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا ﴿٧٩﴾

৭৯। এবং তা সহ (অর্থাৎ কুরআন পাঠসহ) রাতের কিছু অংশে ইবাদতের জন্য উঠ (তাহাজ্জুদ পড়)- তোমার জন্য নফল (অতিরিক্ত) হিসেবে। শীঘ্রই তোমার প্রতিপালক তোমাকে অধিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে (মাকামে মাহ্‌মুদে)।

وَقُلْ رَّبِّ اَدْخِلْنِيْ مُدْخَلَ صِدْقٍ وَّاَخْرِجْنِيْ مُخْرَجَ صِدْقٍ وَّ اجْعَلْ لِّيْ مِنْ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِيْرًا ﴿٨٠﴾

৮০। এবং বল, 'হে আমার প্রতিপালক! আমাকে নিরাপদে প্রবেশ করান এবং নিরাপদে বের করে আনুন এবং আপনার নিকট থেকে আমাকে দান করুন সাহায্যকারী ক্ষমতা।'

وَقُلْ جَآءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ ۭ اِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا ﴿٨١﴾

৮১। এবং বল, 'সত্য এসেছে এবং বাতিল (মিথ্যা) চলে গিয়েছে।' নিশ্চয় বাতিল চলে যাবেই।

وَنُنَزِّلُ مِنَ الْقُرْاٰنِ مَا هُوَ شِفَاۗءٌ وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ۙ وَلَا يَزِيْدُ الظّٰلِمِيْنَ اِلَّا خَسَارًا ﴿٨٢﴾

৮২। এবং আমি কুরআন অবতীর্ণ করি, যা মু'মিনদের জন্য আরোগ্য ও দয়া, আর তা জালিমদের জন্য ক্ষতি ছাড়া কিছুই বৃদ্ধি করে না।

وَاِذَآ اَنْعَمْنَا عَلَي الْاِنْسَانِ اَعْرَضَ وَنَاٰ بِجَانِبِهٖ ۚ وَاِذَا مَسَّهُ الشَّرُّ كَانَ يَـُٔوْسًا ﴿٨٣﴾

৮৩। আর যখন আমি মানুষের উপর নেয়ামত দান করি তখন সে (কৃতজ্ঞতা প্রকাশ থেকে) মুখ ফিরিয়ে নেয় ও তার পাশে সরে যায় এবং যখন তাকে ক্ষতি স্পর্শ করে তখন সে হতাশ হয়ে পড়ে।

قُلْ كُلٌّ يَّعْمَلُ عَلٰي شَاكِلَتِهٖ ۭ فَرَبُّكُمْ اَعْلَمُ بِمَنْ هُوَ اَهْدٰى سَبِيْلًا ﴿٨٤﴾

ع ٩ ٩ রুকূ ৯

৮৪। বল, 'প্রত্যেকেই নিজ পদ্ধতি অনুযায়ী কাজ করে এবং তোমার প্রতিপালক সবচেয়ে বেশি জানেন কে সবচেয়ে সঠিক পথে রয়েছে।'

وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الرُّوْحِ ۭ قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّيْ وَمَآ اُوْتِيْتُمْ مِّنَ الْعِلْمِ اِلَّا قَلِيْلًا ﴿٨٥﴾

৮৫। এবং তোমাকে তারা রূহ্ সম্পর্কে প্রশ্ন করে। বল, 'রূহ্ আমার প্রতিপালকের নির্দেশ এবং তোমাদেরকে জ্ঞানের সামান্যই দেয়া হয়েছে।'

وَلَىِٕنْ شِئْنَا لَنَذْهَبَنَّ بِالَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ ثُمَّ لَا تَجِدُ لَكَ بِهٖ عَلَيْنَا وَكِيْلًا ﴿٨٦﴾

৮৬। আর যদি আমি ইচ্ছা করতাম তাহলে আমি তোমার প্রতি যা ওহী করেছি তা অবশ্যই নিয়ে নিতাম, এরপর এ বিষয়ে তুমি আমার বিরুদ্ধে কোন তত্ত্বাবধায়ক পেতে না-

اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۭ اِنَّ فَضْلَهٗ كَانَ عَلَيْكَ كَبِيْرًا ﴿٨٧﴾

৮৭। তবে তোমার প্রতিপালকের পক্ষ থেকে দয়া থাকায় (তা নিয়ে নিচ্ছি না)। নিশ্চয় তোমার প্রতি তাঁর অনুগ্রহ বিরাট।

قُلْ لَّىِٕنِ اجْتَمَعَتِ الْاِنْسُ وَالْجِنُّ عَلٰٓي اَنْ يَّاْتُوْا بِمِثْلِ هٰذَا الْقُرْاٰنِ لَا يَاْتُوْنَ بِمِثْلِهٖ وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيْرًا ﴿٨٨﴾

৮৮। বল, 'যদি এই কুরআনের অনুরূপ (কুরআন) আনার জন্য মানুষ ও জ্বীন (সবাই) একত্রিত হয় তবু তারা এর অনুরূপ আনতে পারবে না, যদিও তারা একে অপরের সাহায্যকারী হয়।'

وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِيْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ۭ فَاَبٰٓى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ﴿٨٩﴾

৮৯। আর অবশ্যই আমি মানুষের জন্য এ কুরআনে প্রত্যেক দৃষ্টান্ত বিভিন্নভাবে বর্ণনা করেছি। কিন্তু অধিকাংশ মানুষ (তা সবই) অস্বীকার করল- কুফরী ছাড়া*।

وَقَالُوْا لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى تَفْجُرَ لَنَا مِنَ الْاَرْضِ يَنْۢبُوْعًا ﴿٩٠﴾

৯০। এবং তারা বলে, 'আমরা কখনো তোমাকে বিশ্বাস করব না যতক্ষণ না তুমি আমাদের জন্য ভূমি থেকে একটি ঝর্ণা উৎসারিত কর-

اَوْ تَكُوْنَ لَكَ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّعِنَبٍ فَتُفَجِّرَ الْاَنْهٰرَ خِلٰلَهَا تَفْجِيْرًا ﴿٩١﴾

৯১। অথবা তোমার জন্য হবে খেজুরের ও আঙ্গুরের একটি বাগান এবং এর ফাঁকে ফাঁকে তুমি প্রবল বেগে নহরসমূহ প্রবাহিত কর-

৯২। অথবা তুমি আকাশকে খন্ড খণ্ড করে আমাদের উপর ফেল- যেমনটি তুমি দাবী করেছ- অথবা আল্লাহ্ ও ফেরেশতাদেরকে আমাদের সামনে নিয়ে আস-

اَوْ تُسْقِطَ السَّمَآءَ كَمَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًا اَوْ تَاْتِىَ بِاللّٰهِ وَ الْمَلٰٓئِكَةِ قَبِيْلًا ﴿٩٢﴾

৯৩। অথবা তোমার জন্য স্বর্ণের সাজ-সজ্জা সম্বলিত একটি ঘর হয়, অথবা তুমি আকাশে আরোহণ কর, কিন্তু তোমার আকাশ আরোহণকে আমরা কখনো বিশ্বাস করব না যতক্ষণ না তুমি আমাদের প্রতি এমন এক (লিখিত) কিতাব অবতীর্ণ কর যা আমরা পাঠ করব।' বল, 'পবিত্র আমার প্রতিপালক, আমি কি একজন মানুষ ও একজন রাসূল ছাড়া অন্য কিছু?'

اَوْ يَكُوْنَ لَكَ بَيْتٌ مِّنْ زُخْرُفٍ اَوْ تَرْقٰى فِى السَّمَآءِ ؕ وَ لَنْ نُّؤْمِنَ لِرُقِيِّكَ حَتّٰى تُنَزِّلَ عَلَيْنَا كِتٰبًا نَّقْرَؤُهٗ ؕ قُلْ سُبْحَانَ رَبِّىْ هَلْ كُنْتُ اِلَّا بَشَرًا رَّسُوْلًا ﴿٩٣﴾

ع ১০ রুকু ১০

৯৪। এবং যখন তাদের নিকট পথনির্দেশিকা আসে তখন লোকদেরকে ঈমান আনা থেকে কেবল তা-ই বিরত রাখে যে,তারা বলে, 'আল্লাহ্ কি মানুষকেই রাসূল হিসাবে পাঠিয়েছেন ?'

وَ مَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْٓا اِذْ جَآءَهُمُ الْهُدٰٓى اِلَّآ اَنْ قَالُوْٓا اَبَعَثَ اللّٰهُ بَشَرًا رَّسُوْلًا ﴿٩٤﴾

৯৫। বল, 'ফেরেশতারা যদি পৃথিবীতে নিশ্চিন্তে চলাচল করত তবে অবশ্যই আমি আকাশ থেকে তাদের নিকট একজন ফেরেশতাকেই রাসূল হিসেবে অবতীর্ণ করতাম।'

قُلْ لَّوْ كَانَ فِى الْاَرْضِ مَلٰٓئِكَةٌ يَّمْشُوْنَ مُطْمَئِنِّيْنَ لَنَزَّلْنَا عَلَيْهِمْ مِّنَ السَّمَآءِ مَلَكًا رَّسُوْلًا ﴿٩٥﴾

৯৬। বল, 'আমার ও তোমাদের মাঝে সাক্ষী হিসেবে আল্লাহ্ই যথেষ্ট। নিশ্চয় তিনি তাঁর বান্দাদের সম্পর্কে পূর্ণ অবগত ও পূর্ণ দৃষ্টিবান।'

قُلْ كَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ۢ بَيْنِىْ وَ بَيْنَكُمْ ؕ اِنَّهٗ كَانَ بِعِبَادِهٖ خَبِيْرًا ۢ بَصِيْرًا ﴿٩٦﴾

৯৭। আর আল্লাহ্ যাদেরকে সঠিক পথ প্রদর্শন করেন তারা সঠিক পথপ্রাপ্ত এবং যাদেরকে তিনি পথভ্রষ্ট করেন তুমি কখনো তাদের জন্য তাঁকে বাদ দিয়ে কাউকে অভিভাবক হিসেবে পাবে না। এবং কিয়ামতের দিন আমি তাদেরকে সমবেত করব অধোমুখী অবস্থায়- অন্ধ, বোবা, ও বধির করে। তাদের আশ্রয়স্থল হবে জাহান্নাম। যখনই তা স্তিমিত হবে তখন আমি তাদের জন্য বৃদ্ধি করে দেব জ্বলন্ত আগুন।

وَ مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِ ۚ وَ مَنْ يُّضْلِلْ فَلَنْ تَجِدَ لَهُمْ اَوْلِيَآءَ مِنْ دُوْنِهٖ ؕ وَ نَحْشُرُهُمْ يَوْمَ الْقِيٰمَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَّ بُكْمًا وَّ صُمًّا ؕ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ كُلَّمَا خَبَتْ زِدْنٰهُمْ سَعِيْرًا ﴿٩٧﴾

৯৮। এটাই তাদের প্রতিফল, কারণ তারা আমার আয়াতসমূহ অবিশ্বাস করেছিল ও বলেছিল, 'যখন আমরা হাড়ে পরিণত হব ও টুকরো টুকরো হব তখনও কি আমরা নতুন সৃষ্টিরূপে পুনরুত্থিত হব?'

ذٰلِكَ جَزَآؤُهُمْ بِاَنَّهُمْ كَفَرُوْا بِاٰيٰتِنَا وَ قَالُوْٓا ءَاِذَا كُنَّا عِظَامًا وَّ رُفَاتًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ خَلْقًا جَدِيْدًا ﴿٩٨﴾

৯৯। তারা কি ভেবে দেখেনি যে, আল্লাহ্- যিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন তিনি তাদের অনুরূপ সৃষ্টি করতে সক্ষম? এবং তিনি তাদের জন্য এক নির্দিষ্ট সময় নির্ধারণ করেছেন, যে ব্যাপারে কোন সন্দেহ নেই। কিন্তু জালিমরা (তা সবই) অস্বীকার করল- কুফরী ছাড়া*।

اَوَ لَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَ الْاَرْضَ قَادِرٌ عَلٰٓى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ وَ جَعَلَ لَهُمْ اَجَلًا لَّا رَيْبَ فِيْهِ ؕ فَاَبَى الظّٰلِمُوْنَ اِلَّا كُفُوْرًا ﴿٩٩﴾

ع ১১ রুকু ১১

১০০। বল, 'যদি তোমরা আমার প্রতিপালকের দয়ার ভাণ্ডারের মালিক হতে, তবে ব্যয় হয়ে যাওয়ার আশঙ্কায় তা ধরে রাখতে।' আর মানুষ খুবই কৃপণ।

قُلْ لَّوْ اَنْتُمْ تَمْلِكُوْنَ خَزَآئِنَ رَحْمَةِ رَبِّىْٓ اِذًا لَّاَمْسَكْتُمْ خَشْيَةَ الْاِنْفَاقِ ؕ وَ كَانَ الْاِنْسَانُ قَتُوْرًا ﴿١٠٠﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى تِسْعَ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ فَسْـَٔلْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ اِذْ جَآءَهُمْ فَقَالَ لَهٗ فِرْعَوْنُ اِنِّيْ لَاَظُنُّكَ يٰمُوْسٰى مَسْحُوْرًا ﴿١٠١﴾

১০১। আর অবশ্যই আমি মূসাকে নয়টি স্পষ্ট নিদর্শন দিয়েছিলাম, সুতরাং তুমি বনী ইসরাঈলকে জিজ্ঞাসা কর যখন সে তাদের নিকট এসেছিল এবং ফিরআউন তাকে বলেছিল, 'হে মূসা! নিশ্চয় আমি তোমাকে যাদুগ্রস্ত মনে করছি।'

قَالَ لَقَدْ عَلِمْتَ مَآ اَنْزَلَ هٰٓؤُلَآءِ اِلَّا رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ بَصَآئِرَ ۚ وَاِنِّيْ لَاَظُنُّكَ يٰفِرْعَوْنُ مَثْبُوْرًا ﴿١٠٢﴾

১০২। সে (মূসা) বলেছিল, 'তুমি অবশ্যই অবগত আছ যে, এসব স্পষ্ট নিদর্শন আকাশসমূহ ও পৃথিবীর প্রতিপালকই অবতীর্ণ করেছেন আলোকবর্তিকাস্বরূপ, আর হে ফিরআউন! নিশ্চয় আমি অবশ্যই তোমাকে ধ্বংসপ্রাপ্ত ধারণা করছি।'

فَاَرَادَ اَنْ يَّسْتَفِزَّهُمْ مِّنَ الْاَرْضِ فَاَغْرَقْنٰهُ وَمَنْ مَّعَهٗ جَمِيْعًا ﴿١٠٣﴾

১০৩। অতঃপর সে (ফিরআউন) তাদেরকে (আবাস) ভূমি থেকে উৎখাত করতে ইচ্ছা করল, তখন আমি তাকে ও তার সাথে যারা ছিল তাদের সবাইকে নিমজ্জিত করলাম।

وَّقُلْنَا مِنْۢ بَعْدِهٖ لِبَنِيْٓ اِسْرَآءِيْلَ اسْكُنُوا الْاَرْضَ فَاِذَا جَآءَ وَعْدُ الْاٰخِرَةِ جِئْنَا بِكُمْ لَفِيْفًا ﴿١٠٤﴾

১০৪। এবং তারপর আমি বনী ইসরাঈলকে বললাম, 'তোমরা পৃথিবীতে বসবাস কর, অতঃপর যখন আখিরাতের প্রতিশ্রুতি আসবে তখন তোমাদের সবাইকে এক জনসমষ্টিতে নিয়ে আসব।

وَبِالْحَقِّ اَنْزَلْنٰهُ وَبِالْحَقِّ نَزَلَ ؕ وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا مُبَشِّرًا وَّنَذِيْرًا ﴿١٠٥﴾

১০৫। এবং আমি সত্যসহই তা (কুরআন) অবতীর্ণ করেছি এবং তা সত্যসহই অবতীর্ণ হয়েছে। এবং আমি তোমাকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি।

وَقُرْاٰنًا فَرَقْنٰهُ لِتَقْرَاَهٗ عَلَى النَّاسِ عَلٰى مُكْثٍ وَّنَزَّلْنٰهُ تَنْزِيْلًا ﴿١٠٦﴾

১০৬। এবং (এটি) একটি কুরআন, যাকে আমি (বিভিন্ন অংশে) পৃথক করেছি যাতে তুমি তা মানুষের নিকট থেমে থেমে পাঠ করতে পার এবং আমি তা ক্রমে ক্রমে অবতীর্ণ করেছি।

قُلْ اٰمِنُوْا بِهٖٓ اَوْ لَا تُؤْمِنُوْا ؕ اِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مِنْ قَبْلِهٖٓ اِذَا يُتْلٰى عَلَيْهِمْ يَخِرُّوْنَ لِلْاَذْقَانِ سُجَّدًا ﴿١٠٧﴾

১০৭। বল, 'তোমরা এর (অর্থাৎ কুরআনের) উপর ঈমান আন নতুবা ঈমান এনো না।' নিশ্চয় যাদেরকে এর পূর্বে জ্ঞান দেয়া হয়েছে তাদের নিকট যখন তা পাঠ করা হয় তখন তারা অধোমুখে সিজদায় পড়ে যায়-

وَّيَقُوْلُوْنَ سُبْحٰنَ رَبِّنَآ اِنْ كَانَ وَعْدُ رَبِّنَا لَمَفْعُوْلًا ﴿١٠٨﴾

১০৮। এবং তারা বলে,'পবিত্র আমাদের প্রতিপালক, আমাদের প্রতিপালকের প্রতিশ্রুতি অবশ্যই কার্যকর হয়ে থাকে।'

وَيَخِرُّوْنَ لِلْاَذْقَانِ يَبْكُوْنَ وَيَزِيْدُهُمْ خُشُوْعًا ﴿١٠٩﴾

১০৯। এবং তারা কাঁদতে কাঁদতে অধোমুখে (সিজদায়) অবনত হয় এবং তা তাদের বিনয় বাড়িয়ে দেয়।

قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ ؕ اَيًّا مَّا تَدْعُوْا فَلَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۚ وَلَا تَجْهَرْ بِصَلَاتِكَ وَلَا تُخَافِتْ بِهَا وَابْتَغِ بَيْنَ ذٰلِكَ سَبِيْلًا ﴿١١٠﴾

১১০। বল, 'তোমরা আল্লাহ্‌কে ডাক বা রহমানকে ডাক, তোমরা যে নামেই ডাক না কেন, সবচেয়ে সুন্দর নামসমূহ তাঁরই। এবং তোমার নামাযে স্বর উঁচু করো না এবং একেবারে নীচুও করো না, এবং এর মাঝে একটি পথ (অর্থাৎ মধ্য পন্থা) তালাশ কর।'

وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ لَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَّهٗ وَلِيٌّ مِّنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيْرًا ﴿١١١﴾

ع ١٢ ١١ ١٢ ١٢ রুকু ১২

১১১। এবং বল, 'সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য যিনি কোন সন্তান গ্রহণ করেননি, এবং রাজত্বে যার কোন শরীক নেই এবং দুর্বলতাহেতু যার কোন অভিভাবক নেই, এবং তাঁর যথাযথ শ্রেষ্ঠত্ব ঘোষণা কর।

১৮. সূরা আল-কাহ্ফ, মাক্কী

১১০ আয়াত, ১২ রুকূ

١٨-سُوْرَةُ الْكَهْفِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١٠، رُكُوْعَاتُهَا-١٢

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য যিনি তাঁর বান্দার প্রতি এ কিতাব অবতীর্ণ করেছেন এবং তিনি এতে কোন বক্রতা রাখেননি;

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَنْزَلَ عَلٰى عَبْدِهِ الْكِتٰبَ وَلَمْ يَجْعَلْ لَّهٗ عِوَجًا ۜ ﴿١﴾

২। (এটি) সঠিক, যাতে সে তাঁর কাছ থেকে (সংঘটিত) কঠিন শাস্তি সম্পর্কে সতর্ক করতে পারে এবং সুসংবাদ দিতে পারে সেসব মু'মিনদেরকে যারা সৎকাজ করে (এই মর্মে) যে, তাদের জন্য রয়েছে সুন্দর প্রতিদান-

قَيِّمًا لِّيُنْذِرَ بَاْسًا شَدِيْدًا مِّنْ لَّدُنْهُ وَيُبَشِّرَ الْمُؤْمِنِيْنَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ اَجْرًا حَسَنًا ۙ ﴿٢﴾

৩। সেখানে তারা চিরকাল অবস্থান করবে-

مَّاكِثِيْنَ فِيْهِ اَبَدًا ۙ ﴿٣﴾

৪। এবং তাদেরকে সতর্ক করার জন্য যারা বলে, 'আল্লাহ্ সন্তান গ্রহণ করেছেন',

وَّيُنْذِرَ الَّذِيْنَ قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا ۗ ﴿٤﴾

৫। এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই এবং তাদের পিতৃপুরুষদেরও ছিল না। তাদের মুখ থেকে যে কথা বের হয় তা খুবই সাংঘাতিক। তারা কেবল মিথ্যাই বলে।

مَا لَهُمْ بِهٖ مِنْ عِلْمٍ وَّلَا لِاٰبَآئِهِمْ ؕ كَبُرَتْ كَلِمَةً تَخْرُجُ مِنْ اَفْوَاهِهِمْ ؕ اِنْ يَّقُوْلُوْنَ اِلَّا كَذِبًا ﴿٥﴾

৬। অতঃপর হয়ত তুমি তাদের পিছনে ঘুরে মনোকষ্টে নিজেকে ধ্বংস করে ফেলবে, যদি তারা এ কথায়* ঈমান না আনে।

فَلَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ عَلٰٓى اٰثَارِهِمْ اِنْ لَّمْ يُؤْمِنُوْا بِهٰذَا الْحَدِيْثِ اَسَفًا ﴿٦﴾

৭। পৃথিবীর উপর যা কিছু আছে নিশ্চয় আমি সেগুলোকে এর সৌন্দর্যস্বরূপ বানিয়েছি তাদেরকে (মানুষকে) পরীক্ষা করার জন্য তাদের মধ্যে কে কাজে উত্তম।

اِنَّا جَعَلْنَا مَا عَلَى الْاَرْضِ زِيْنَةً لَّهَا لِنَبْلُوَهُمْ اَيُّهُمْ اَحْسَنُ عَمَلًا ﴿٧﴾

৮। এবং এর উপর যা কিছু আছে নিশ্চয় আমি তা অবশ্যই উদ্ভিদশূন্য ভূমিতে পরিণত করব।

وَاِنَّا لَجٰعِلُوْنَ مَا عَلَيْهَا صَعِيْدًا جُرُزًا ؕ ﴿٨﴾

৯। তুমি মনে করেছ* কি যে, গুহা (কাহ্ফ) ও রাকীমের* অধিবাসীরা আমার নিদর্শনাবলীর মধ্যে বিস্ময়কর ছিল?

اَمْ حَسِبْتَ اَنَّ اَصْحٰبَ الْكَهْفِ وَالرَّقِيْمِ ۙ كَانُوْا مِنْ اٰيٰتِنَا عَجَبًا ﴿٩﴾

১০। যখন যুবকরা গুহায় আশ্রয় নিল তখন তারা বলেছিল, 'হে আমাদের প্রতিপালক! আপনি আপনার পক্ষ থেকে আমাদেরকে দয়া দান করুন এবং আমাদের জন্য আমাদের কাজকে সঠিক বানিয়ে দিন।'

اِذْ اَوَى الْفِتْيَةُ اِلَى الْكَهْفِ فَقَالُوْا رَبَّنَآ اٰتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً وَّهَيِّئْ لَنَا مِنْ اَمْرِنَا رَشَدًا ﴿١٠﴾

১১। অতঃপর আমি গুহার মধ্যে তাদের কর্ণসমূহের উপর (ঘুমের চাদর) স্থাপন করলাম বহু সংখ্যক বছরের জন্য-

فَضَرَبْنَا عَلٰٓى اٰذَانِهِمْ فِى الْكَهْفِ سِنِيْنَ عَدَدًا ۙ ﴿١١﴾

১২। এরপর আমি তাদেরকে উত্থিত (জাগ্রত) করলাম যাতে আমি জেনে নিতে পারি (স্পষ্ট করতে পারি) দুই দলের মধ্যে কোনটি তাদের অবস্থানকাল নির্ণয়ের ক্ষেত্রে অধিক সঠিক।

ع ١ ١٢ ١٣ ১ রুকূ ১৩

ثُمَّ بَعَثْنٰهُمْ لِنَعْلَمَ اَىُّ الْحِزْبَيْنِ اَحْصٰى لِمَا لَبِثُوْٓا اَمَدًا ﴿١٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

نَحْنُ نَقُصُّ عَلَيْكَ نَبَاَهُمْ بِالْحَقِّ ؕ اِنَّهُمْ فِتْيَةٌ اٰمَنُوْا بِرَبِّهِمْ وَ
زِدْنٰهُمْ هُدًى ۖ ﴿١٣﴾

১৩। আমি তোমার কাছে তাদের সংবাদ সত্যসহ বর্ণনা করছি। নিশ্চয় তারা ছিল কয়েকজন যুবক, যারা তাদের প্রতিপালকের প্রতি ঈমান এনেছিল এবং আমি তাদেরকে পথনির্দেশনা বাড়িয়ে দিয়েছিলাম,

وَّ رَبَطْنَا عَلٰى قُلُوْبِهِمْ اِذْ قَامُوْا فَقَالُوْا رَبُّنَا رَبُّ السَّمٰوٰتِ وَ
الْاَرْضِ لَنْ نَّدْعُوَا۟ مِنْ دُوْنِهٖۤ اِلٰهًا لَّقَدْ قُلْنَاۤ اِذًا شَطَطًا ﴿١٤﴾

১৪। এবং আমি তাদের হৃদয়সমূহকে দৃঢ় করে দিলাম যখন তারা (অত্যাচারী শাসকগোষ্ঠীর সামনে) দাঁড়াল এবং বলল, 'আকাশসমূহ ও পৃথিবীর প্রতিপালকই আমাদের প্রতিপালক, আমরা কখনো তাঁকে বাদ দিয়ে অন্য কোন ইলাহ্কে ডাকব না, (আর যদি ডাকি) তবে অবশ্যই আমরা অতি অবান্তর কথা বললাম।

هٰۤؤُلَآءِ قَوْمُنَا اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖۤ اٰلِهَةً ؕ لَوْ لَا يَاْتُوْنَ عَلَيْهِمْ
بِسُلْطٰنٍۭ بَيِّنٍ ؕ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ؕ ﴿١٥﴾

১৫। তারা, আমাদের সম্প্রদায়, তাঁকে বাদ দিয়ে বহু ইলাহ্ গ্রহণ করেছে। তারা এদের (উপাসনা) সম্বন্ধে স্পষ্ট প্রমাণ নিয়ে আসে না কেন? আর যে ব্যক্তি আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে তার চেয়ে অধিক জালিম আর কে?'

وَ اِذِ اعْتَزَلْتُمُوْهُمْ وَ مَا يَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ فَاْوٗۤا اِلَى الْكَهْفِ
يَنْشُرْ لَكُمْ رَبُّكُمْ مِّنْ رَّحْمَتِهٖ وَ يُهَيِّئْ لَكُمْ مِّنْ اَمْرِكُمْ
مِّرْفَقًا ﴿١٦﴾

১৬। (যুবকেরা একে অপরকে বলল) 'আর যখন তোমরা তাদের ও তারা আল্লাহ্কে ছাড়া যাদের ইবাদত করে তাদের থেকে পৃথক হয়ে গেলে তখন তোমরা গুহায় আশ্রয় গ্রহণ কর, তোমাদের প্রতিপালক তোমাদের জন্য তাঁর দয়া ছড়িয়ে দিবেন এবং তিনি তোমাদের জন্য তোমাদের কাজে আরামের ব্যবস্থা করবেন।'

وَ تَرَى الشَّمْسَ اِذَا طَلَعَتْ تَّزٰوَرُ عَنْ كَهْفِهِمْ ذَاتَ الْيَمِيْنِ
وَ اِذَا غَرَبَتْ تَّقْرِضُهُمْ ذَاتَ الشِّمَالِ وَ هُمْ فِيْ فَجْوَةٍ مِّنْهُ ؕ
ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ ؕ مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِ ۚ وَ مَنْ يُّضْلِلْ
فَلَنْ تَجِدَ لَهٗ وَلِيًّا مُّرْشِدًا ﴿١٧﴾

১৭। এবং (যদি সেখানে থাকতে) তুমি সূর্যকে দেখতে যখন এটি উদিত হয় তখন সেটি তাদের গুহার ডান পাশ দিয়ে চলে যাচ্ছে এবং যখন এটি অস্ত যায় তখন সেটি তাদের বামপাশ কেটে চলে যাচ্ছে, এমন অবস্থায় যে তারা ছিল এর (গুহার) ফাঁকা স্থানে। এটি আল্লাহ্র নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত। আল্লাহ্ যাকে সঠিকপথ প্রদর্শন করেন সেই সঠিক পথপ্রাপ্ত, আর তিনি যাকে পথভ্রষ্ট করেন তুমি কখনো তার জন্য কোন পথপ্রদর্শনকারী অভিভাবক পাবে না।

ع ٢ ٥ ١٤ ٢ রুকু ١٨

وَ تَحْسَبُهُمْ اَيْقَاظًا وَّ هُمْ رُقُوْدٌ ۖ وَّ نُقَلِّبُهُمْ ذَاتَ الْيَمِيْنِ وَ
ذَاتَ الشِّمَالِ ۖ وَ كَلْبُهُمْ بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيْدِ ؕ لَوِ اطَّلَعْتَ
عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَّ لَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا ﴿١٨﴾

১৮। এবং (যদি দেখতে) তুমি তাদেরকে জাগ্রত মনে করতে, কিন্তু তারা ছিল নিদ্রিত। এবং আমি তাদেরকে ডান দিকে ও বাম দিকে পাশ পরিবর্তন করাতাম, যখন তাদের কুকুরটি ছিল এর সামনের পা দু'টি (গুহার) প্রবেশমুখে প্রসারিত করে। তুমি যদি তাদেরকে দেখতে তাহলে অবশ্যই তুমি তাদের থেকে পিছন ফিরে পলায়ন করতে এবং অবশ্যই তাদের আতঙ্কে পরিপূর্ণ হয়ে যেতে।

وَ كَذٰلِكَ بَعَثْنٰهُمْ لِيَتَسَآءَلُوْا بَيْنَهُمْ ؕ قَالَ قَآئِلٌ مِّنْهُمْ كَمْ
لَبِثْتُمْ ؕ قَالُوْا لَبِثْنَا يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ ؕ قَالُوْا رَبُّكُمْ اَعْلَمُ
بِمَا لَبِثْتُمْ ؕ فَابْعَثُوْۤا اَحَدَكُمْ بِوَرِقِكُمْ هٰذِهٖۤ اِلَى الْمَدِيْنَةِ
فَلْيَنْظُرْ اَيُّهَاۤ اَزْكٰى طَعَامًا فَلْيَاْتِكُمْ بِرِزْقٍ مِّنْهُ وَ لْيَتَلَطَّفْ وَ
لَا يُشْعِرَنَّ بِكُمْ اَحَدًا ﴿١٩﴾

১৯। এবং এভাবেই আমি তাদেরকে উত্থিত করলাম (জাগ্রত করলাম) যাতে তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করতে পারে। তাদের মধ্যে একজন কথক বলল, 'তোমরা কত সময় অবস্থান করেছ?' তারা বলল, 'আমরা অবস্থান করেছি এক দিন অথবা এক দিনের কিছু অংশ।' তারা বলল, 'তোমরা কত সময় অবস্থান করেছ তা তোমাদের প্রতিপালকই ভাল জানেন। সুতরাং তোমাদের একজনকে তোমাদের এ রৌপ্যমুদ্রাসহ শহরে প্রেরণ কর এবং সে যেন লক্ষ্য করে কোন্ খাদ্য পরিশুদ্ধতম এবং সে যেন তা থেকে তোমাদের জন্য রিযিক (খাবার) নিয়ে আসে এবং সে যেন বিচক্ষণতা অবলম্বন করে এবং কিছুতেই যেন তোমাদের সম্বন্ধে কাউকে বুঝতে না দেয়।

اِنَّهُمْ اِنْ يَّظْهَرُوْا عَلَيْكُمْ يَرْجُمُوْكُمْ اَوْ يُعِيْدُوْكُمْ فِيْ مِلَّتِهِمْ
وَ لَنْ تُفْلِحُوْۤا اِذًا اَبَدًا ﴿٢٠﴾

২০। নিশ্চয় তারা যদি তোমাদের সম্পর্কে জানতে পারে তবে তোমাদেরকে পাথর নিক্ষেপ করবে অথবা তোমাদেরকে তাদের মিল্লাতে (ধর্মাদর্শে) ফিরিয়ে নিবে এবং সেক্ষেত্রে তোমরা কখনো সফল হবে না।'

وَكَذٰلِكَ اَعْثَرْنَا عَلَيْهِمْ لِيَعْلَمُوْٓا اَنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّاَنَّ السَّاعَةَ لَا رَيْبَ فِيْهَا ۚ اِذْ يَتَنَازَعُوْنَ بَيْنَهُمْ اَمْرَهُمْ فَقَالُوا ابْنُوْا عَلَيْهِمْ بُنْيَانًا ؕ رَبُّهُمْ اَعْلَمُ بِهِمْ ؕ قَالَ الَّذِيْنَ غَلَبُوْا عَلٰٓى اَمْرِهِمْ لَنَتَّخِذَنَّ عَلَيْهِمْ مَّسْجِدًا ﴿٢١﴾

২১। এবং এভাবেই আমি (মানুষকে) তাদের বিষয় জানিয়ে দিলাম যাতে তারা (মানুষেরা) জানতে পারে যে, আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, এবং এও যে, কিয়ামতের ব্যাপারে কোন সন্দেহ নেই। যখন তারা তাদের বিষয়ে নিজেদের মধ্যে মতবিরোধ করছিল তখন তারা (অনেকে) বলল, 'তাদের উপর সৌধ নির্মাণ কর। তাদের প্রতিপালক তাদের বিষয়ে অধিক জানেন।' তাদের বিষয়ে যারা জয়ী হল তারা বলল, 'অবশ্যই আমরা তাদের উপর একটি মসজিদ বানাব।'

سَيَقُوْلُوْنَ ثَلٰثَةٌ رَّابِعُهُمْ كَلْبُهُمْ ۚ وَيَقُوْلُوْنَ خَمْسَةٌ سَادِسُهُمْ كَلْبُهُمْ رَجْمًا بِالْغَيْبِ ۚ وَيَقُوْلُوْنَ سَبْعَةٌ وَّثَامِنُهُمْ كَلْبُهُمْ ؕ قُلْ رَّبِّيْٓ اَعْلَمُ بِعِدَّتِهِمْ مَّا يَعْلَمُهُمْ اِلَّا قَلِيْلٌ ۗ فَلَا تُمَارِ فِيْهِمْ اِلَّا مِرَآءً ظَاهِرًا ۖ وَّلَا تَسْتَفْتِ فِيْهِمْ مِّنْهُمْ اَحَدًا ﴿٢٢﴾

২২। অন্ধকারে ঢিল মেরে (অর্থাৎ অনুমান করে) শীঘ্রই তারা (আহলে কিতাব) বলবে, '(তারা ছিল) তিনজন, তাদের চতুর্থটি ছিল তাদের কুকুর' এবং তারা (কেউ কেউ) বলবে, '(তারা ছিল) পাঁচজন, তাদের ষষ্ঠটি ছিল তাদের কুকুর'। আবার তারা (কেউ কেউ) বলবে, '(তারা ছিল) সাতজন, তাদের অষ্টমটি ছিল তাদের কুকুর।' বল, 'আমার প্রতিপালকই তাদের সংখ্যা সবচেয়ে বেশি জানেন'; তাদের সংখ্যা (আহলে কিতাবের) অল্প সংখ্যকই জানে। সুতরাং (কুরআনে উল্লিখিত তথ্যের ভিত্তিতে) স্পষ্ট বিতর্ক ছাড়া তুমি তাদের বিষয়ে বিতর্ক করো না এবং তাদের কাউকে তাদের বিষয়ে জিজ্ঞাসা করো না।

ع ٣ ١٥ ٥ ٣ রুকূ ১৫

وَلَا تَقُوْلَنَّ لِشَايْءٍ اِنِّيْ فَاعِلٌ ذٰلِكَ غَدًا ﴿٢٣﴾

২৩। এবং কখনো তুমি কোন বিষয়ে বলো না, নিশ্চয় আমি তা আগামী কাল করব-

اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ۫ وَاذْكُرْ رَّبَّكَ اِذَا نَسِيْتَ وَقُلْ عَسٰٓى اَنْ يَّهْدِيَنِ رَبِّيْ لِاَقْرَبَ مِنْ هٰذَا رَشَدًا ﴿٢٤﴾

২৪। -এ (কথা বলা) ছাড়া, 'যদি আল্লাহ্ ইচ্ছা করেন'। এবং যখন ভুলে যাবে তখন তোমার প্রতিপালককে স্মরণ কর এবং বল, আশা করা যায় আমার প্রতিপালক আমাকে এর চেয়ে নিকটতর সঠিকপথ প্রদর্শন করবেন।

وَلَبِثُوْا فِيْ كَهْفِهِمْ ثَلٰثَ مِائَةٍ سِنِيْنَ وَازْدَادُوْا تِسْعًا ﴿٢٥﴾

২৫। আর তারা তাদের গুহায় অবস্থান করেছিল তিন শত বছর এবং তারা (আহলে কিতাব) বৃদ্ধি করেছে নয় বছর*।

قُلِ اللّٰهُ اَعْلَمُ بِمَا لَبِثُوْا ۚ لَهٗ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اَبْصِرْ بِهٖ وَاَسْمِعْ ؕ مَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّلِيٍّ ۫ وَّلَا يُشْرِكُ فِيْ حُكْمِهٖٓ اَحَدًا ﴿٢٦﴾

২৬। বল, 'তারা কত সময় অবস্থান করেছিল তা আল্লাহ্‌ই সবচেয়ে বেশি জানেন।' আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য (বিষয়ের জ্ঞান) তাঁরই। তিনি কতই না সুন্দর দ্রষ্টা ও কতই না সুন্দর শ্রোতা! তিনি ছাড়া তাদের কোন অভিভাবক নেই। এবং তিনি কাউকে তার হুকুমে শরীক করেন না।

وَاتْلُ مَآ اُوْحِيَ اِلَيْكَ مِنْ كِتَابِ رَبِّكَ ۚ لَا مُبَدِّلَ لِكَلِمٰتِهٖ ۚ وَلَنْ تَجِدَ مِنْ دُوْنِهٖ مُلْتَحَدًا ﴿٢٧﴾

২৭। এবং তোমার প্রতিপালকের যে কিতাব তোমার প্রতি ওহী করা হয়েছে তা পাঠ কর। তাঁর বাণীসমূহের কোন পরিবর্তনকারী নেই। এবং তুমি কখনো তাঁকে বাদ দিয়ে অন্য কোন আশ্রয় পাবে না।

وَاصْبِرْ نَفْسَكَ مَعَ الَّذِيْنَ يَدْعُوْنَ رَبَّهُمْ بِالْغَدٰوةِ وَالْعَشِيِّ يُرِيْدُوْنَ وَجْهَهٗ وَلَا تَعْدُ عَيْنٰكَ عَنْهُمْ ۚ تُرِيْدُ زِيْنَةَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَلَا تُطِعْ مَنْ اَغْفَلْنَا قَلْبَهٗ عَنْ ذِكْرِنَا وَاتَّبَعَ هَوٰىهُ وَكَانَ اَمْرُهٗ فُرُطًا ﴿٢٨﴾

২৮। এবং তুমি তোমার নিজেকে তাদের সাথে (থাকা অবস্থায়) ধৈর্য সহকারে রাখবে যারা সকালে ও সন্ধ্যায় তাদের প্রতিপালককে ডাকে তাঁর সন্তুষ্টির উদ্দেশ্যে, এবং তুমি দুনিয়ার জীবনের সৌন্দর্য কামনা করে তাদের দিক থেকে তোমার দৃষ্টি ফিরিয়ে নিও না, এবং তুমি তার আনুগত্য করো না যার হৃদয়কে আমি আমার স্মরণ থেকে অমনোযোগী করে দিয়েছি ও যে তার প্রবৃত্তির অনুসরণ করেছে এবং যার কার্যকলাপ হল বাড়াবাড়ি।

وَقُلِ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۫ فَمَنْ شَآءَ فَلْيُؤْمِنْ وَّمَنْ شَآءَ فَلْيَكْفُرْ ۙ اِنَّآ اَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ نَارًا ۙ اَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا ؕ وَاِنْ يَّسْتَغِيْثُوْا يُغَاثُوْا بِمَآءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوْهَ ؕ بِئْسَ الشَّرَابُ ؕ وَسَآءَتْ مُرْتَفَقًا ﴿٢٩﴾

২৯। এবং বল, 'এ সত্য (কুরআন) তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে (এসেছে), সুতরাং যার ইচ্ছা ঈমান আনুক ও যার ইচ্ছা কুফরী করুক।' নিশ্চয় আমি জালিমদের জন্য প্রস্তুত করেছি আগুন, যার লেলিহান শিখা তাদেরকে পরিবেষ্টন করবে। এবং যদি তারা সাহায্য চায় তাহলে তাদেরকে সাহায্য দেয়া হবে ফুটন্ত তেলের মত পানি দ্বারা, যা তাদের চেহারাসমূহকে দগ্ধ করবে। কতই না নিকৃষ্ট পানীয় আর কতই না নিকৃষ্ট বিশ্রামস্থল!

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩০। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, নিশ্চয় আমি তার প্রতিদান নষ্ট করি না- যে সুন্দরভাবে কাজ সম্পাদন করেছে।

إِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ إِنَّا لَا نُضِيْعُ اَجْرَ مَنْ اَحْسَنَ عَمَلًا ﴿٣٠﴾

৩১। তাদেরই জন্য রয়েছে স্থায়ী জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তাদেরকে স্বর্ণের বালা দ্বারা অলংকৃত করা হবে,এবং তারা সেখানে সুউচ্চ আসনে হেলান দেয়া অবস্থায় সবুজ মিহি ও পুরু রেশমের পোশাক পরে থাকবে। কতই না সুন্দর পুরস্কার (ছওয়াব) এবং কতই না উৎকৃষ্ট বিশ্রামস্থল!

أُولٰٓئِكَ لَهُمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّيَلْبَسُوْنَ ثِيَابًا خُضْرًا مِّنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَّكِئِيْنَ فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ۚ نِعْمَ الثَّوَابُ ۚ وَحَسُنَتْ مُرْتَفَقًا ﴿٣١﴾

ع ১৬ ৪ রুকু ১৬

৩২। এবং তুমি তাদের নিকট দু'ব্যক্তির দৃষ্টান্ত পেশ কর- তাদের একজনকে আমি দু'টি আঙ্গুর বাগান দিয়েছিলাম এবং এ দু'টিকে আমি খেজুর গাছ দিয়ে বেষ্টন করেছিলাম ও এ দু'য়ের মধ্যবর্তী স্থানে বানিয়েছিলাম শস্যক্ষেত্র।

وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا رَّجُلَيْنِ جَعَلْنَا لِاَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ اَعْنَابٍ وَّحَفَفْنٰهُمَا بِنَخْلٍ وَّجَعَلْنَا بَيْنَهُمَا زَرْعًا ﴿٣٢﴾

৩৩। দু'টি বাগানের প্রতিটি তার ফল দিয়েছিল এবং এতে (অর্থাৎ ফলদানে) কোন জুলুম করেনি এবং আমি উভয়ের ফাঁকে ফাঁকে নহর প্রবাহিত করেছিলাম-

كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِّنْهُ شَيْئًا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا نَهَرًا ﴿٣٣﴾

৩৪। এবং তার (অনেক) ফল-ফসল হল। অতঃপর কথোপকথনের সময় সে তার সাথীকে বলল, 'ধন-সম্পদে আমি তোমার চেয়ে বেশি (সমৃদ্ধশালী) এবং জনবলে তোমার চেয়ে শক্তিশালী।'

وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَّاَعَزُّ نَفَرًا ﴿٣٤﴾

৩৫। এবং নিজের প্রতি জুলুম করা অবস্থায় (অহংকারী ও অকৃতজ্ঞ হয়ে) সে তার বাগানে প্রবেশ করল, সে বলল, 'আমি মনে করি না যে, এটা কখনো ধ্বংস হয়ে যাবে-

وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ﴿٣٥﴾

৩৬। এবং আমি মনে করি না যে, কিয়ামত সংঘটিত হবে, আর যদি আমাকে আমার প্রতিপালকের দিকে ফিরিয়ে নেয়া হয়ও তবে অবশ্যই আমি এর চেয়ে উত্তম প্রত্যাবর্তনস্থল পাব।'

وَّمَآ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّيْ لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ﴿٣٦﴾

৩৭। কথোপকথনের সময় তার সাথী তাকে বলল, 'তুমি কি তাঁর প্রতি অকৃতজ্ঞ হয়েছ যিনি তোমাকে সৃষ্টি করেছেন মাটি থেকে এরপর বীর্যবিন্দু থেকে এরপর তোমাকে মানুষ হিসেবে সুগঠিত করেছেন?

قَالَ لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَكَفَرْتَ بِالَّذِيْ خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوّٰىكَ رَجُلًا ﴿٣٧﴾

৩৮। বরং আমার ব্যাপার হলো, 'তিনি আল্লাহ্ আমার প্রতিপালক এবং আমি আমার প্রতিপালকের সাথে কাউকে শরীক করি না (আল্লাহ্‌কে বাদ দিয়ে নিজেকেই মালিক মনে করি না)।

لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِرَبِّيْٓ اَحَدًا ﴿٣٨﴾

৩৯। এবং যদি তুমি ধন-সম্পদ ও সন্তানে আমাকে তোমার চেয়ে কম মনে কর, তাহলে তুমি যখন তোমার বাগানে প্রবেশ করলে তখন কেন বললে না, আল্লাহ্ যা ইচ্ছা করেন তাই হয়? আল্লাহ্‌র (শক্তি) ছাড়া কোন শক্তি নেই (তোমার কৃতজ্ঞ হওয়া উচিত ছিল),

وَلَوْلَآ اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ مَالًا وَّوَلَدًا ﴿٣٩﴾

৪০। তবে আশা করা যায় আমার প্রতিপালক আমাকে তোমার বাগানের চেয়ে উত্তম কিছু দিবেন এবং এর (তোমার বাগানের) উপর আকাশ থেকে এক বজ্রপাত প্রেরণ করবেন, ফলে তা উদ্ভিদশূন্য মসৃণ ভূমিতে পরিণত হবে-

فَعَسٰى رَبِّيْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَآءِ فَتُصْبِحَ صَعِيْدًا زَلَقًا ﴿٤٠﴾

أَوْ يُصْبِحَ مَاؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيعَ لَهُ طَلَبًا ﴿٤١﴾

৪১। অথবা এর পানি গভীরে চলে যাবে এবং তুমি কখনো এর সন্ধান লাভে সক্ষম হবে না।'

وَأُحِيطَ بِثَمَرِهِ فَأَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلَىٰ مَا أَنْفَقَ فِيهَا وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا وَيَقُولُ يَا لَيْتَنِي لَمْ أُشْرِكْ بِرَبِّي أَحَدًا ﴿٤٢﴾

৪২। এবং তার ফল-ফসল বিনষ্ট হয়ে গেল এবং সে তাতে যা ব্যয় করেছিল তার জন্য দুই হাত চাপড়াতে লাগল, যখন তা ধ্বংসস্তুপে পরিণত হয়ে গেছে এবং সে বলতে লাগল, 'হায়, আমি যদি কাউকে আমার প্রতিপালকের সাথে শরীক না করতাম!'

وَلَمْ تَكُنْ لَهُ فِئَةٌ يَنْصُرُونَهُ مِنْ دُونِ اللَّهِ وَمَا كَانَ مُنْتَصِرًا ﴿٤٣﴾

৪৩। এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে তাকে সাহায্য করার কোন দল ছিল না এবং সে নিজেও রক্ষা করতে সক্ষম হয়নি।

هُنَالِكَ الْوَلَايَةُ لِلَّهِ الْحَقِّ ۚ هُوَ خَيْرٌ ثَوَابًا وَخَيْرٌ عُقْبًا ﴿٤٤﴾

৪৪। সেখানে কর্তৃত্ব আল্লাহ্‌রই, যিনি সত্য। তিনি পুরস্কার (ছওয়াব) দানে উত্তম এবং পরিণামের (অর্থাৎ পরিণাম নির্ধারণের) দিক থেকে উত্তম।

وَاضْرِبْ لَهُمْ مَثَلَ الْحَيَاةِ الدُّنْيَا كَمَاءٍ أَنْزَلْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ فَأَصْبَحَ هَشِيمًا تَذْرُوهُ الرِّيَاحُ ۗ وَكَانَ اللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ مُقْتَدِرًا ﴿٤٥﴾

৪৫। আর তাদের নিকট উপস্থাপন কর দুনিয়ার জীবনের উপমা- (এটি) পানির মত যা আমি আকাশ থেকে অবতীর্ণ করি, অতঃপর এর সাথে সংমিশ্রন ঘটে ভূমিজাত উদ্ভিদের, অতঃপর তা এমন শুকনো চূর্ণ-বিচূর্ণ হয় যাকে বাতাস উড়িয়ে নিয়ে যায়। আর আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَالْبَاقِيَاتُ الصَّالِحَاتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَخَيْرٌ أَمَلًا ﴿٤٦﴾

৪৬। ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দুনিয়ার জীবনের সৌন্দর্য, আর স্থায়ী সৎকাজসমূহ* তোমার প্রতিপালকের নিকট পুরস্কার (ছওয়াব) হিসেবে উত্তম এবং আশা হিসেবেও উত্তম।

وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً ۙ وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ مِنْهُمْ أَحَدًا ﴿٤٧﴾

৪৭। এবং যেদিন আমি পর্বতমালাকে চালিত করব এবং তুমি পৃথিবীকে দেখবে উন্মুক্তরূপে, এবং তাদেরকে আমি সমবেত করব এবং তাদের কাউকে ছেড়ে দেব না,

وَعُرِضُوا عَلَىٰ رَبِّكَ صَفًّا لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ ۚ بَلْ زَعَمْتُمْ أَلَّنْ نَجْعَلَ لَكُمْ مَوْعِدًا ﴿٤٨﴾

৪৮। এবং তাদেরকে তোমার প্রতিপালকের সামনে সারিবদ্ধভাবে উপস্থিত করা হবে। (এবং তিনি বলবেন) 'অবশ্যই তোমরা আমার নিকট এসেছ যেভাবে তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছিলাম, কিন্তু তোমরা ধারণা করতে যে, আমি তোমাদের জন্য কখনো একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করব না।'

وَوُضِعَ الْكِتَابُ فَتَرَى الْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَا وَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٤٩﴾

৪৯। এবং কিতাব (আমলনামা) পেশ করা হবে, এবং তাতে যা (লিপিবদ্ধ) আছে তার কারণে তুমি অপরাধীদেরকে ভীত-শঙ্কিত দেখবে এবং তারা বলবে, 'হায় দুর্ভাগ্য আমাদের! এটি কেমন কিতাব! এটি ছোট বড় কোন কিছুই বাদ দেয়নি এছাড়া যে, এটি তার সংখ্যা নির্ণয় করেনি।' এবং তারা যা করেছে তারা তা উপস্থিত পাবে। এবং তোমার প্রতিপালক কারো প্রতি জুলুম করবেন না।

وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ ۖ كَانَ مِنَ الْجِنِّ فَفَسَقَ عَنْ أَمْرِ رَبِّهِ ۗ أَفَتَتَّخِذُونَهُ وَذُرِّيَّتَهُ أَوْلِيَاءَ مِنْ دُونِي وَهُمْ لَكُمْ عَدُوٌّ ۚ بِئْسَ لِلظَّالِمِينَ بَدَلًا ﴿٥٠﴾

৫০। এবং যখন আমি ফেরেশতাদেরকে বলেছিলাম, 'আদমকে সিজদা কর', তখন তারা সিজদা করল- ইবলিস ছাড়া; সে ছিল জ্বীনদের অন্তর্ভুক্ত, অতঃপর সে তার প্রতিপালকের আনুগত্য থেকে বের হয়ে গেল। তবে কি তোমরা আমাকে বাদ দিয়ে তাকে ও তার বংশধরকে অভিভাবক হিসাবে গ্রহণ করবে, যখন তারা তোমাদের শত্রু? জালিমদের জন্য বিনিময় হিসেবে তা কতই না নিকৃষ্ট!

مَا أَشْهَدْتُهُمْ خَلْقَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَا خَلْقَ أَنْفُسِهِمْ ۖ وَمَا كُنْتُ مُتَّخِذَ الْمُضِلِّينَ عَضُدًا ﴿٥١﴾

৫১। আমি তাদেরকে আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টির সাক্ষী বানাইনি এবং তাদের নিজেদেরকে সৃষ্টির সময়ও নয়, এবং আমি পথভ্রষ্টকারীদেরকে সাহায্যকারী হিসাবেও গ্রহণ করিনি।

وَيَوْمَ يَقُوْلُ نَادُوْا شُرَكَآءِيَ الَّذِيْنَ زَعَمْتُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُمْ مَّوْبِقًا ﴿٥٢﴾

৫২। এবং যেদিন তিনি বলবেন, 'তোমরা যাদেরকে আমার শরীক ধারণা করতে তাদেরকে ডাক,' তখন তারা তাদেরকে ডাকবে কিন্তু তারা তাদেরকে সাড়া দিবে না এবং আমি তাদের উভয়ের মাঝে বানাব এক ধ্বংসস্থল।

وَرَاَ الْمُجْرِمُوْنَ النَّارَ فَظَنُّوْٓا اَنَّهُمْ مُّوَاقِعُوْهَا وَلَمْ يَجِدُوْا عَنْهَا مَصْرِفًا ﴿٥٣﴾

৫৩। এবং অপরাধীরা আগুন দেখবে এবং বুঝতে পারবে যে, তারা তাতে পতিত হচ্ছে এবং তারা তা থেকে কোন বাঁচার পথ পাবে না।

وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ لِلنَّاسِ مِنْ كُلِّ مَثَلٍ ۭ وَكَانَ الْاِنْسَانُ اَكْثَرَ شَيْءٍ جَدَلًا ﴿٥٤﴾

৫৪। এবং অবশ্যই আমি মানুষের জন্য এ কুরআনে প্রত্যেক দৃষ্টান্ত বিভিন্নভাবে বর্ণনা করেছি। কিন্তু মানুষ সবকিছুর চেয়ে বেশি বিতর্কপ্রবণ।

وَمَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْٓا اِذْ جَاۗءَهُمُ الْهُدٰى وَيَسْتَغْفِرُوْا رَبَّهُمْ اِلَّآ اَنْ تَاْتِيَهُمْ سُنَّةُ الْاَوَّلِيْنَ اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ قُبُلًا ﴿٥٥﴾

৫৫। যখন তাদের (মানুষের) নিকট পথনির্দেশিকা এসেছে তখন ঈমান আনা এবং তাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করা থেকে মানুষকে কেবল তা-ই বিরত রেখেছে যে, তাদের নিকট পূর্ববর্তীদের (প্রতি অনুসৃত) সুন্নত (অর্থাৎ ধ্বংস) আসবে অথবা তাদের নিকট (আখিরাতের) শাস্তি আসবে (তাদের) সামনাসামনি।

وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ وَيُجَادِلُ الَّذِيْنَ كَفَرُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَمَآ اُنْذِرُوْا هُزُوًا ﴿٥٦﴾

৫৬। এবং আমি প্রেরিতদেরকে (রাসূলদেরকে) কেবল সুসংবাদদাতা ও সতর্ককারী হিসাবেই প্রেরণ করি, কিন্তু যারা কুফরী করেছে তারা বাতিল (মিথ্যা) দ্বারা বিতর্ক করে যাতে তারা তা দিয়ে সত্যকে ব্যর্থ করতে পারে, এবং তারা আমার আয়াতসমূহ ও যে সব বিষয়ে তাদেরকে সতর্ক করা হয়েছে সেসবকে উপহাস হিসেবে গ্রহণ করে।

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ فَاَعْرَضَ عَنْهَا وَنَسِيَ مَا قَدَّمَتْ يَدٰهُ ۭ اِنَّا جَعَلْنَا عَلٰي قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ۭ وَاِنْ تَدْعُهُمْ اِلَى الْهُدٰى فَلَنْ يَّهْتَدُوْٓا اِذًا اَبَدًا ﴿٥٧﴾

৫৭। আর তার চেয়ে অধিক জালিম আর কে যাকে তার প্রতিপালকের আয়াতসমূহ স্মরণ করিয়ে দেয়া হয়েছে কিন্তু সে তা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে এবং তার দু'হাত যা অগ্রে পাঠিয়েছে তা ভুলে গিয়েছে? নিশ্চয় আমি তাদের হৃদয়ের উপর আবরণ তৈরি করেছি যেন তারা তা (কুর আন) বুঝতে না পারে এবং তাদের কানে রয়েছে বধিরতা। আর যদি তুমি তাদেরকে সঠিকপথে ডাক তবু তারা কখনো সঠিকপথ পাবে না।

وَرَبُّكَ الْغَفُوْرُ ذُو الرَّحْمَةِ ۭ لَوْ يُؤَاخِذُهُمْ بِمَا كَسَبُوْا لَعَجَّلَ لَهُمُ الْعَذَابَ ۭ بَلْ لَّهُمْ مَّوْعِدٌ لَّنْ يَّجِدُوْا مِنْ دُوْنِهٖ مَوْئِلًا ﴿٥٨﴾

৫৮। আর তোমার প্রতিপালক অতি ক্ষমাশীল ও দয়ালু। তারা যা অর্জন করেছে তার জন্য যদি তিনি তাদেরকে পাকড়াও করতেন তাহলে অবশ্যই তিনি তাদের জন্য শাস্তি ত্বরান্বিত করতেন। বরং তাদের জন্য রয়েছে এক নির্দিষ্ট সময়, যা থেকে তারা কখনো কোন পালানোর পথ পাবে না।

وَتِلْكَ الْقُرٰٓى اَهْلَكْنٰهُمْ لَمَّا ظَلَمُوْا وَجَعَلْنَا لِمَهْلِكِهِمْ مَّوْعِدًا ﴿٥٩﴾

৫৯। এবং ঐসব জনপদকে আমি ধ্বংস করেছিলাম যখন তারা জুলুম করেছিল, এবং আমি তাদের ধ্বংসের জন্য একটি নির্দিষ্ট সময় নির্ধারণ করেছিলাম।

وَاِذْ قَالَ مُوْسٰى لِفَتٰىهُ لَآ اَبْرَحُ حَتّٰٓى اَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ اَوْ اَمْضِيَ حُقُبًا ﴿٦٠﴾

৬০। এবং যখন মূসা তার চাকরকে* বলেছিল, 'দুই সমুদ্রের সংযোগস্থলে* না পৌঁছা পর্যন্ত আমি থামব না অথবা আমি বহু যুগ ধরে চলতে থাকব।'

فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوْتَهُمَا فَاتَّخَذَ سَبِيْلَهٗ فِي الْبَحْرِ سَرَبًا ﴿٦١﴾

৬১। তারা উভয়ে যখন দু'টির সংযোগস্থলে পৌঁছল তখন তারা তাদের মাছটিকে ভুলে গেল, এবং এটি (মাছটি) ফাঁক দিয়ে বের হয়ে সমুদ্রে তার পথ করে নিল।

فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتٰىهُ اٰتِنَا غَدَآءَنَا ۫ لَقَدْ لَقِيْنَا مِنْ سَفَرِنَا هٰذَا نَصَبًا ﴿٦٢﴾

৬২। অতঃপর যখন তারা আরো অগ্রসর হল তখন সে তার চাকরকে বলল, 'আমাদের সকালের খাবার আন, অবশ্যই আমরা আমাদের এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি।'

قَالَ اَرَءَيْتَ اِذْ اَوَيْنَاۤ اِلَى الصَّخْرَةِ فَاِنِّىْ نَسِيْتُ الْحُوْتَ ۫ وَمَاۤ اَنْسٰنِيْهُ اِلَّا الشَّيْطٰنُ اَنْ اَذْكُرَهٗ ۚ وَاتَّخَذَ سَبِيْلَهٗ فِى الْبَحْرِ ۖ عَجَبًا ﴿٦٣﴾

৬৩। সে (চাকর) বলল, 'দেখুন, আমরা যখন পাথরের উপর বিশ্রাম নিচ্ছিলাম তখন নিশ্চয় আমি মাছটিকে ভুলে গিয়েছিলাম, এবং শয়তানই আমাকে এটি ভুলিয়ে দিয়েছিল যে, আমি এর উল্লেখ করব, এবং এটি (মাছটি) বিস্ময়করভাবে সমুদ্রে তার পথ করে নিয়েছিল।'

قَالَ ذٰلِكَ مَا كُنَّا نَبْغِ ۖ فَارْتَدَّا عَلٰۤى اٰثَارِهِمَا قَصَصًا ﴿٦٤﴾

৬৪। সে (মূসা) বলল, 'আমি সেটিই অনুসন্ধান করছিলাম।' অতঃপর তারা তাদের পদচিহ্ন অনুসরণ করে ফিরে আসল-

فَوَجَدَا عَبْدًا مِّنْ عِبَادِنَاۤ اٰتَيْنٰهُ رَحْمَةً مِّنْ عِنْدِنَا وَعَلَّمْنٰهُ مِنْ لَّدُنَّا عِلْمًا ﴿٦٥﴾

৬৫। অতঃপর তারা দু'জন আমার বান্দাদের মধ্য থেকে এক বান্দাকে* পেল যাকে আমি আমার পক্ষ থেকে দয়া দান করেছিলাম এবং আমার নিকট থেকে এক (বিশেষ) জ্ঞান শিক্ষা দিয়েছিলাম।

قَالَ لَهٗ مُوْسٰى هَلْ اَتَّبِعُكَ عَلٰۤى اَنْ تُعَلِّمَنِ مِمَّا عُلِّمْتَ رُشْدًا ﴿٦٦﴾

৬৬। মূসা তাকে বলল, 'আমি কি আপনাকে অনুসরণ করব এই শর্তে যে, আপনাকে যে সঠিক বিচার-বিবেচনা শিক্ষা দেয়া হয়েছে তা থেকে আমাকে শিক্ষা দিবেন?'

قَالَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ﴿٦٧﴾

৬৭। সে বলল, 'নিশ্চয় আপনি আমার সঙ্গে ধৈর্য ধারণে কখনো সক্ষম হবেন না।

وَكَيْفَ تَصْبِرُ عَلٰى مَا لَمْ تُحِطْ بِهٖ خُبْرًا ﴿٦٨﴾

৬৮। আর যা আপনি জ্ঞান দ্বারা আয়ত্ত করেননি তাতে আপনি ধৈর্য ধারণ করবেন কিভাবে?'

قَالَ سَتَجِدُنِىْۤ اِنْ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّلَاۤ اَعْصِىْ لَكَ اَمْرًا ﴿٦٩﴾

৬৯। সে (মূসা) বলল, 'যদি আল্লাহ্‌ ইচ্ছা করেন তবে শীঘ্রই আপনি আমাকে ধৈর্যশীল পাবেন এবং আপনার কোন নির্দেশ আমি অমান্য করব না।'

ع ٨ ٢٠ ٨ রুকূ ২০

قَالَ فَاِنِ اتَّبَعْتَنِىْ فَلَا تَسْـَٔلْنِىْ عَنْ شَىْءٍ حَتّٰۤى اُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا ﴿٧٠﴾

৭০। সে বলল, 'আপনি যদি আমার অনুসরণ করেন তাহলে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করবে না যতক্ষণ না আমি সে সম্পর্কে আপনার জন্য কিছু উল্লেখ করি।'

فَانْطَلَقَا ۖ حَتّٰۤى اِذَا رَكِبَا فِى السَّفِيْنَةِ خَرَقَهَا ۭ قَالَ اَخَرَقْتَهَا لِتُغْرِقَ اَهْلَهَا ۚ لَقَدْ جِئْتَ شَيْـًٔا اِمْرًا ﴿٧١﴾

৭১। অতঃপর তারা দু'জন চলতে লাগল, অবশেষে যখন তারা নৌকায় আরোহণ করল তখন সে এটি ছিদ্র করে দিল। সে (মূসা) বলল, 'আপনি কি এর আরোহীদেরকে ডুবিয়ে দেয়ার জন্য এটি ছিদ্র করলেন? অবশ্যই আপনি এক গুরুতর কিছু করলেন!'

قَالَ اَلَمْ اَقُلْ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ﴿٧٢﴾

৭২। সে বলল, 'আমি কি বলিনি যে, নিশ্চয় আপনি আমার সঙ্গে ধৈর্য ধারণে কখনো সক্ষম হবেন না?'

قَالَ لَا تُؤَاخِذْنِىْ بِمَا نَسِيْتُ وَلَا تُرْهِقْنِىْ مِنْ اَمْرِىْ عُسْرًا ﴿٧٣﴾

৭৩। সে (মূসা) বলল, 'আমার ভুলে যাওয়ার কারণে আমাকে পাকড়াও করবেন না এবং আমার ব্যাপারে কঠোরতা চাপিয়ে দিবেন না।'

فَانْطَلَقَا ۖ حَتّٰۤى اِذَا لَقِيَا غُلٰمًا فَقَتَلَهٗ ۙ قَالَ اَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةًۢ بِغَيْرِ نَفْسٍ ۭ لَقَدْ جِئْتَ شَيْـًٔا نُّكْرًا ﴿٧٤﴾

৭৪। অতঃপর তারা দু'জন চলতে লাগল, অবশেষে যখন তারা এক বালকের সাথে সাক্ষাৎ করল এবং সে তাকে হত্যা করল, তখন সে (মূসা) বলল, 'আপনি কি কোন ব্যক্তিকে (হত্যার অপরাধ) ছাড়াই এক নিষ্পাপ ব্যক্তিকে হত্যা করলেন? অবশ্যই আপনি এক ঘৃণ্য কিছু করলেন!'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-১৬

قَالَ اَلَمْ اَقُلْ لَّكَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ﴿٧٥﴾

৭৫। সে বলল, 'আমি কি আপনাকে বলিনি যে, নিশ্চয় আপনি আমার সঙ্গে ধৈর্য ধারণে কখনো সক্ষম হবেন না?'

قَالَ اِنْ سَاَلْتُكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصٰحِبْنِيْ ۚ قَدْ بَلَغْتَ مِنْ لَّدُنِّيْ عُذْرًا ﴿٧٦﴾

৭৬। সে (মূসা) বলল, 'এরপরে যদি আমি আপনাকে কোন কিছু সম্পর্কে প্রশ্ন করি তাহলে আমাকে সঙ্গে রাখবেন না, অবশ্যই আপনি (আমাকে সঙ্গে না রাখার বিষয়ে) আমার পক্ষ হতে অজুহাত লাভ করেছেন।'

فَانْطَلَقَا ۫ حَتّٰۤى اِذَاۤ اَتَيَاۤ اَهْلَ قَرْيَةِ ِۨ اسْتَطْعَمَاۤ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ۭ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا ﴿٧٧﴾

৭৭। অতঃপর তারা দু'জন চলতে লাগল, অবশেষে যখন তারা এক জনপদের অধিবাসীদের নিকট আসল তখন তারা তার অধিবাসীদের নিকট খাবার চাইল, কিন্তু তারা তাদেরকে মেহমানদারী করতে অস্বীকার করল, অতঃপর সেখানে তারা এক পতনোন্মুখ প্রাচীর (দেখতে) পেল এবং সে তা ঠিক করে দিল। সে (মূসা) বলল, 'যদি আপনি ইচ্ছা করতেন তাহলে অবশ্যই এর জন্য পারিশ্রমিক গ্রহণ করতে পারতেন।'

قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِيْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٧٨﴾

৭৮। সে বলল, 'এটিই আপনার মাঝে ও আমার মাঝে সম্পর্কচ্ছেদ; যে ব্যাপারে আপনি ধৈর্য ধারণে সক্ষম হননি শীঘ্রই আমি তার ব্যাখ্যা আপনাকে জানিয়ে দিব।

اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِي الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿٧٩﴾

৭৯। নৌকাটির ব্যাপার হলো, এটি ছিল মিসকিনদের (অভাবগ্রস্তদের), যারা সমুদ্রে কাজ করত, তাই আমি চাইলাম এটিকে ত্রুটিযুক্ত করতে, কারণ তাদের পিছনে ছিল এক রাজা, যে প্রতিটি (ভাল) নৌকা বল প্রয়োগে ছিনিয়ে নিত।

وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ فَخَشِيْنَاۤ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿٨٠﴾

৮০। আর বালকটির ব্যাপার হলো, তার পিতামাতা দু'জন ছিল মু'মিন, সুতরাং আমি* আশঙ্কা করলাম যে, সে অবাধ্যতা ও কুফরীর মাধ্যমে তাদেরকে কষ্ট দিবে,

فَاَرَدْنَاۤ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ زَكٰوةً وَّاَقْرَبَ رُحْمًا ﴿٨١﴾

৮১। সুতরাং আমি চাইলাম যে, তাদের প্রতিপালক তাদেরকে তার চেয়ে পবিত্রতায় উত্তম ও দয়া-মায়ায় অধিক ঘনিষ্ঠ (এক সন্তান) প্রতিস্থাপন করবেন।

وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ فِي الْمَدِيْنَةِ وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَاۤ اَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۖ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِيْ ۭ ذٰلِكَ تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٨٢﴾

ع ١٢ ١ ١٠ রুকু

৮২। আর প্রাচীরটির ব্যাপার হল, এটি ছিল শহরের দুই ইয়াতিম বালকের এবং এর নিচে আছে তাদের দু'জনের ধন-ভাণ্ডার এবং তাদের পিতা ছিল একজন সৎকর্মশীল ব্যক্তি, সুতরাং আপনার প্রতিপালক চাইলেন যে, তারা (শক্তি-সামর্থ্য ও বয়সের) পূর্ণতায় পৌছুক এবং তাদের ধন-ভাণ্ডার উদ্ধার করুক- আপনার প্রতিপালকের পক্ষ থেকে দয়াস্বরূপ, এবং আমি তা নিজের ইচ্ছায় করিনি। আপনি যে বিষয়ে ধৈর্য ধারণে সক্ষম হননি, এটিই তার ব্যাখ্যা।'

وَيَسْـَٔلُوْنَكَ عَنْ ذِي الْقَرْنَيْنِ ۭ قُلْ سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ﴿٨٣﴾

৮৩। এবং তারা তোমাকে জুল-কারনাইন সম্বন্ধে প্রশ্ন করে। বল, 'শীঘ্রই আমি তোমাদের নিকট তার বিষয়ে একটি বর্ণনা পাঠ করব।'

اِنَّا مَكَّنَّا لَهٗ فِي الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَيْءٍ سَبَبًا ﴿٨٤﴾

৮৪। নিশ্চয় আমি (আল্লাহ্) তাকে পৃথিবীতে (ক্ষমতা ও সম্পদ দ্বারা) প্রতিষ্ঠিত করেছিলাম এবং সবকিছুর উপায়-উপকরণ দান করেছিলাম-

فَاَتْبَعَ سَبَبًا ﴿٨٥﴾

৮৫। অতঃপর সে একটি পথ অনুসরণ করল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

حَتّٰٓى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ عَيْنٍ حَمِئَةٍ وَّ وَجَدَ عِنْدَهَا قَوْمًا ؕ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّآ اَنْ تُعَذِّبَ وَ اِمَّآ اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ﴿٨٦﴾

৮৬। অবশেষে যখন সে সূর্যের অস্তাচলে (পশ্চিমে) পৌঁছল তখন সে এটিকে (সূর্যকে) দেখতে পেল (যেন এটি) এক পঙ্কিল জলাশয়ে অস্ত যাচ্ছে এবং সেখানে সে একটি সম্প্রদায়কে দেখতে পেল। আমি বললাম, 'হে জুল-কারনাইন! তুমি (তাদেরকে) শাস্তি দিতে পার অথবা তাদের ক্ষেত্রে সদয় পদক্ষেপও গ্রহণ করতে পার।'

قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ فَيُعَذِّبُهٗ عَذَابًا نُّكْرًا ﴿٨٧﴾

৮৭। সে বলল, 'যে ব্যক্তি জুলুম করে অচিরেই আমি তাকে শাস্তি দিব, এরপর সে তার প্রতিপালকের দিকে প্রত্যাবর্তিত হবে এবং তিনি তাকে নিকৃষ্ট শাস্তি দিবেন।

وَ اَمَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهٗ جَزَآءَ ۨ الْحُسْنٰى ۚ وَسَنَقُوْلُ لَهٗ مِنْ اَمْرِنَا يُسْرًا ﴿٨٨﴾

৮৮। আর যে ঈমান আনে ও সৎকাজ করে তার জন্য রয়েছে সর্বোত্তম প্রতিদান এবং শীঘ্রই তাকে আমি আমার নির্দেশ সহজ করে বলব।'

ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٨٩﴾

৮৯। এরপর সে (অন্য) একটি পথ অনুসরণ করল।

حَتّٰٓى اِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلٰى قَوْمٍ لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ﴿٩٠﴾

৯০। অবশেষে যখন সে সূর্যের উদয়াচলে (পূর্বে) পৌঁছল তখন সে এটিকে (সূর্যকে) দেখতে পেল (যেন এটি) এমন এক সম্প্রদায়ের উপর উদিত হচ্ছে যাদের জন্য এর (সূর্যের) বিপরীতে আমি কোন আড়াল বানাইনি-

كَذٰلِكَ ۛ وَقَدْ اَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ﴿٩١﴾

৯১। এরূপই (জুল-কারনাইনের ঘটনা)। আর তার যা ছিল (তা সবই) আমি জ্ঞান দ্বারা পরিবেষ্টন করে আছি।

ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٩٢﴾

৯২। এরপর সে (আরো) একটি পথ অনুসরণ করল।

حَتّٰٓى اِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِنْ دُوْنِهِمَا قَوْمًا ۙ لَّا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا ﴿٩٣﴾

৯৩। অবশেষে যখন সে দুই প্রাচীরের (পর্বতের) মধ্যবর্তী স্থানে পৌঁছল তখন সেখানে সে তাদেরকে ছাড়াও এক সম্প্রদায়কে দেখতে পেল যারা কোন কথা কমই বুঝতে পারত।

قَالُوْا يٰذَا الْقَرْنَيْنِ اِنَّ يَاْجُوْجَ وَمَاْجُوْجَ مُفْسِدُوْنَ فِى الْاَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلٰٓى اَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا ﴿٩٤﴾

৯৪। তারা বলল, 'হে জুল-কারনাইন! নিশ্চয় ইয়াজূজ ও মাজূজ* পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টিকারী, তবে কি আমরা এর জন্য আপনাকে খরচ দিব যে, আপনি আমাদের ও তাদের মধ্যে একটি প্রাচীর নির্মাণ করে দিবেন'?

قَالَ مَا مَكَّنِّىْ فِيْهِ رَبِّىْ خَيْرٌ فَاَعِيْنُوْنِىْ بِقُوَّةٍ اَجْعَلْ بَيْنَكُمْ وَ بَيْنَهُمْ رَدْمًا ﴿٩٥﴾

৯৫। সে বলল, 'আমার প্রতিপালক আমাকে যার মধ্যে প্রতিষ্ঠিত করেছেন, তা-ই উত্তম, সুতরাং তোমরা আমাকে শক্তি (জনশক্তি) দিয়ে সাহায্য কর, আমি তোমাদের ও তাদের মাঝে এক মজবুত প্রাচীর নির্মাণ করে দেব।'

اٰتُوْنِىْ زُبَرَ الْحَدِيْدِ ؕ حَتّٰٓى اِذَا سَاوٰى بَيْنَ الصَّدَفَيْنِ قَالَ انْفُخُوْا ؕ حَتّٰٓى اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوْنِىْٓ اُفْرِغْ عَلَيْهِ قِطْرًا ﴿٩٦﴾

৯৬। তোমরা আমার কাছে লৌহখণ্ডসমূহ নিয়ে আস, অবশেষে যখন সে দুই পর্বতের মধ্যবর্তী স্থান (পূর্ণ করে) সমান করে ফেলল তখন সে বলল, 'তোমরা (হাঁপরে) ফুঁ দিতে থাক।' অবশেষে যখন সে তা আগুন বানিয়ে ফেলল, তখন সে বলল, 'তোমরা আমার নিকট নিয়ে আস, আমি এর উপর গলিত তামা ঢেলে দেই।'

فَمَا اسْطَاعُوْٓا اَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ﴿٩٧﴾

৯৭। সুতরাং তারা তা অতিক্রম করতে সক্ষম হল না এবং একে ছিদ্র করতেও সক্ষম হল না।

قَالَ هٰذَا رَحْمَةٌ مِّنْ رَّبِّىْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّىْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَ كَانَ وَعْدُ رَبِّىْ حَقًّا ﴿٩٨﴾

৯৮। সে বলল, 'এটা আমার প্রতিপালকের পক্ষ থেকে একটি দয়া, অতঃপর যখন আমার প্রতিপালকের প্রতিশ্রুতি (কিয়ামত) আসবে তখন তিনি তা সমতল করে দিবেন এবং আমার প্রতিপালকের প্রতিশ্রুতি সত্য।'

وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِيْ بَعْضٍ وَّنُفِخَ فِي الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ جَمْعًا ﴿٩٩﴾

৯৯। এবং সেদিন আমি তাদের কতককে ছেড়ে দেব কতকের উপর তরঙ্গের মত এসে পড়তে এবং শিংগায় ফুঁ দেয়া হবে (দ্বিতীয় শিংগা ফুঁ)। এবং আমি তাদের সকলকেই একত্র করব-

وَّعَرَضْنَا جَهَنَّمَ يَوْمَئِذٍ لِّلْكٰفِرِيْنَ عَرْضَا ﴿١٠٠﴾

১০০। এবং সেদিন আমি জাহান্নামকে প্রত্যক্ষ করার জন্য কাফিরদের নিকট উপস্থিত করব-

الَّذِيْنَ كَانَتْ اَعْيُنُهُمْ فِيْ غِطَآءٍ عَنْ ذِكْرِيْ وَكَانُوْا لَا يَسْتَطِيْعُوْنَ سَمْعًا ﴿١٠١﴾

ع ١١ ٢ রুকূ ১১

১০১। যাদের চোখ ছিল আমার যিকির (কুরআন) থেকে আবরণে ঢাকা এবং তারা শুনতেও সক্ষম ছিল না।

اَفَحَسِبَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنْ يَّتَّخِذُوْا عِبَادِيْ مِنْ دُوْنِيْٓ اَوْلِيَآءَ ۭ اِنَّآ اَعْتَدْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ نُزُلًا ﴿١٠٢﴾

১০২। তবে কি যারা কুফরী করেছে তারা মনে করে যে, তারা আমাকে বাদ দিয়ে আমার বান্দাদেরকে অভিভাবক হিসাবে গ্রহণ করবে? নিশ্চয় আমি জাহান্নামকে প্রস্তুত করেছি কাফিরদের জন্য আতিথেয়তাস্বরূপ।

قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا ﴿١٠٣﴾

১০৩। বল, 'আমি কি তোমাদেরকে কাজের দিক থেকে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের সংবাদ দিব?'

اَلَّذِيْنَ ضَلَّ سَعْيُهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَهُمْ يَحْسَبُوْنَ اَنَّهُمْ يُحْسِنُوْنَ صُنْعًا ﴿١٠٤﴾

১০৪। দুনিয়ার জীবনে যাদের প্রচেষ্টা নিস্ফল হয়েছে, অথচ তারা মনে করে যে, তারাই সুন্দরভাবে কাজ করছে,

اُولٰٓئِكَ الَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ وَلِقَآئِهٖ فَحَبِطَتْ اَعْمَالُهُمْ فَلَا نُقِيْمُ لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ وَزْنًا ﴿١٠٥﴾

১০৫। ওরাই তারা যারা তাদের প্রতিপালকের আয়াতসমূহ ও তাঁর সাথে সাক্ষাৎকে অবিশ্বাস করেছে, ফলে তাদের কর্মসমূহ বিফল হয়েছে, এবং তাদের জন্য আমি কিয়ামতের দিন কোন ওজন সম্পাদন করব না।

ذٰلِكَ جَزَآؤُهُمْ جَهَنَّمُ بِمَا كَفَرُوْا وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَرُسُلِيْ هُزُوًا ﴿١٠٦﴾

১০৬। এটাই তাদের প্রতিফল- জাহান্নাম, কারণ তারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহ ও রাসূলদেরকে উপহাস হিসাবে গ্রহণ করেছে।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ كَانَتْ لَهُمْ جَنّٰتُ الْفِرْدَوْسِ نُزُلًا ﴿١٠٧﴾

১০৭। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য আপ্যায়নস্বরূপ রয়েছে ফিরদাউসের জান্নাতসমূহ-

خٰلِدِيْنَ فِيْهَا لَا يَبْغُوْنَ عَنْهَا حِوَلًا ﴿١٠٨﴾

১০৮। সেখানে তারা স্থায়ী হবে, সেখান থেকে তারা স্থানান্তর কামনা করবে না।

قُلْ لَّوْ كَانَ الْبَحْرُ مِدَادًا لِّكَلِمٰتِ رَبِّيْ لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ اَنْ تَنْفَدَ كَلِمٰتُ رَبِّيْ وَلَوْ جِئْنَا بِمِثْلِهٖ مَدَدًا ﴿١٠٩﴾

১০৯। বল, 'আমার প্রতিপালকের বাণীসমূহের জন্য সমুদ্র যদি কালি হয় তাহলে আমার প্রতিপালকের বাণীসমূহ (লিখা) শেষ হওয়ার পূর্বে সমুদ্র অবশ্যই নিঃশেষ হয়ে যাবে- যদিও আমি এর অনুরূপ সাহায্য (আরো কালি) নিয়ে আসি।'

قُلْ اِنَّمَآ اَنَا بَشَرٌ مِّثْلُكُمْ يُوْحٰٓى اِلَيَّ اَنَّمَآ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَمَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ رَبِّهٖ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَّلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهٖٓ اَحَدًا ﴿١١٠﴾

ع ١٢ ٣ রুকূ ১২

১১০। বল, 'আমি কেবল তোমাদের মত একজন মানুষ,* আমার প্রতি ওহী করা হয় যে, তোমাদের ইলাহ্ কেবল এক ইলাহ্, সুতরাং যে তার প্রতিপালকের সাক্ষাৎ আশা করে, সে যেন সৎকাজ করে ও তার প্রতিপালকের ইবাদতে কাউকে শরীক না করে।'

১৯. সূরা মারইয়াম, মাক্কী

৯৮ আয়াত, ৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٩-سُوْرَةُ مَرْيَمَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٩٨، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

كٓهٰيٰعٓصٓ ①

১। কাফ-হা-ইয়া-আইন-সোয়াদ।

ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا ②

২। এটি তোমার প্রতিপালকের দয়ার বর্ণনা -তাঁর বান্দা যাকারিয়ার প্রতি,

اِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً خَفِيًّا ③

৩। যখন সে তার প্রতিপালককে সংগোপনে ডেকেছিল।

قَالَ رَبِّ اِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ وَاشْتَعَلَ الرَّاْسُ شَيْبًا وَّ لَمْ اَكُنْۢ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا ④

৪। সে বলেছিল, 'হে আমার প্রতিপালক! আমার হাড় দুর্বল হয়ে গেছে, (বার্ধক্যে) মাথার চুল সাদা হয়ে গেছে এবং আপনাকে ডেকে আমি কখনো দুর্ভাগা হইনি, হে আমার প্রতিপালক!

وَاِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَّرَآءِيْ وَكَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا ⑤

৫। এবং আমার পর আমার স্বগোত্রীয়দেরকে* (দ্বীনের উত্তরাধিকারী হওয়ার ব্যাপারে) নিশ্চয় আমি ভয় করছি এবং আমার স্ত্রী বন্ধ্যা, সুতরাং আপনার নিকট থেকে আমাকে* দান করুন একজন অনুগামী-

يَّرِثُنِيْ وَيَرِثُ مِنْ اٰلِ يَعْقُوْبَ ۗ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا ⑥

৬। যে উত্তরাধিকারী হবে আমার এবং উত্তরাধিকারী হবে ইয়াকূবের বংশের এবং হে আমার প্রতিপালক! আপনি তাকে সন্তোষভাজন বানিয়ে দিন।'

يٰزَكَرِيَّآ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمِ ِۨاسْمُهٗ يَحْيٰى ۙ لَمْ نَجْعَلْ لَّهٗ مِنْ قَبْلُ سَمِيًّا ⑦

৭। (আল্লাহ্‌ বললেন) 'হে যাকারিয়া! নিশ্চয় আমি তোমাকে একজন পুত্রের সুসংবাদ দিচ্ছি, যার নাম ইয়াহ্‌ইয়া, আমি তার একই নামবিশিষ্ট ইতঃপূর্বে কাউকে করিনি।'

قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّكَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا وَّقَدْ بَلَغْتُ مِنَ الْكِبَرِ عِتِيًّا ⑧

৮। সে বলল, 'হে আমার প্রতিপালক! কিভাবে আমার পুত্র হবে, যখন আমার স্ত্রী বন্ধ্যা এবং আমি বার্ধক্যের শেষ প্রান্তে পৌঁছে গেছি!'

قَالَ كَذٰلِكَ ۚ قَالَ رَبُّكَ هُوَ عَلَيَّ هَيِّنٌ وَّقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَلَمْ تَكُ شَيْـًٔا ⑨

৯। সে (ফেরেশতা) বলল, 'এভাবেই (হবে)।' আপনার প্রতিপালক বলেছেন, 'তা আমার জন্য সহজ, এবং আমি ইতঃপূর্বে তোমাকে সৃষ্টি করেছি, যখন তুমি কিছুই ছিলে না।'

قَالَ رَبِّ اجْعَلْ لِّيْٓ اٰيَةً ۭ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَ لَيَالٍ سَوِيًّا ⑩

১০। সে (যাকারিয়া) বলল, 'হে আমার প্রতিপালক! আমার জন্য একটি নিদর্শন দিন।' তিনি বললেন, 'তোমার নিদর্শন এই যে, তুমি সুস্থ থেকেও তিন রাত* কারো সাথে কথা বলতে পারবে না*।'

فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ مِنَ الْمِحْرَابِ فَاَوْحٰٓى اِلَيْهِمْ اَنْ سَبِّحُوْا بُكْرَةً وَّعَشِيًّا ⑪

১১। অতঃপর সে মেহরাব (ইবাদত কক্ষ) হতে তার সম্প্রদায়ের নিকট বের হল এবং তাদের প্রতি (এ মর্মে) ইশারা করল যে, তোমরা সকালে ও সন্ধ্যায় আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা কর।

يٰيَحْيٰى خُذِ الْكِتٰبَ بِقُوَّةٍ ۭ وَاٰتَيْنٰهُ الْحُكْمَ صَبِيًّا ⑫

১২। (আল্লাহ্‌ বললেন) 'হে ইয়াহ্‌ইয়া! এ কিতাব (তাওরাত) শক্তভাবে ধর। আর আমি তাকে শৈশবেই দিয়েছিলাম বিচার-বিবেচনা-

وَّحَنَانًا مِّنْ لَّدُنَّا وَزَكٰوةً ۭ وَكَانَ تَقِيًّا ⑬

১৩। এবং আমার নিকট থেকে কোমলতা ও পবিত্রতা এবং সে ছিল তাকওয়াবান-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَّبَرًّا بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا ﴿١٤﴾

১৪। তার পিতা-মাতার প্রতি সদয় এবং সে স্বেচ্ছাচারী ও অবাধ্য ছিল না।

وَسَلٰمٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوْتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا ﴿١٥﴾

ع ١٥ ٢ ١ রুকু ৪

১৫। এবং তার প্রতি সালাম (শান্তি) যেদিন সে জন্ম লাভ করেছে, যেদিন সে মৃত্যু বরণ করবে এবং যেদিন তাকে জীবিত অবস্থায় পুনরুত্থিত করা হবে।

وَاذْكُرْ فِي الْكِتٰبِ مَرْيَمَ ۘ اِذِ انْتَبَذَتْ مِنْ اَهْلِهَا مَكَانًا شَرْقِيًّا ﴿١٦﴾

১৬। এবং এ কিতাবে মারইয়ামের (প্রসঙ্গ) উল্লেখ কর। যখন সে তার পরিবার পরিজন হতে (বাইতুল মুকাদ্দাসের) পূর্ব দিকের এক স্থানে পৃথক হয়ে গেল-

فَاتَّخَذَتْ مِنْ دُوْنِهِمْ حِجَابًا ۖ فَاَرْسَلْنَآ اِلَيْهَا رُوْحَنَا فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا ﴿١٧﴾

১৭। এবং সে তাদের থেকে (আড়াল হওয়ার জন্য) পর্দা গ্রহণ করল। অতঃপর আমি তার প্রতি আমার রূহ্‌কে (জিবরাঈলকে) প্রেরণ করলাম এবং সে তার নিকট পূর্ণাঙ্গ মানবাকৃতি ধারণ করল।

قَالَتْ اِنِّيْٓ اَعُوْذُ بِالرَّحْمٰنِ مِنْكَ اِنْ كُنْتَ تَقِيًّا ﴿١٨﴾

১৮। সে (মারইয়াম) বলল, নিশ্চয় আমি তোমার থেকে দয়াময়ের নিকট আশ্রয় প্রার্থনা করছি- যদি তুমি তাকওয়াবান হও।

قَالَ اِنَّمَآ اَنَا رَسُوْلُ رَبِّكِ ۖ لِاَهَبَ لَكِ غُلٰمًا زَكِيًّا ﴿١٩﴾

১৯। সে (জিবরাঈল) বলল, 'আমি কেবল আপনাকে এক পবিত্র পুত্র দানের (সুসংবাদ দেয়ার) জন্য আপনার প্রতিপালকের রাসূল (বাণীবাহক)।

قَالَتْ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ وَّلَمْ اَكُ بَغِيًّا ﴿٢٠﴾

২০। সে (মারইয়াম) বলল, 'কিভাবে আমার পুত্র হবে, যখন আমাকে কোন পুরুষ স্পর্শ করেনি এবং আমি ব্যভিচারিণীও হইনি?'

قَالَ كَذٰلِكِ ۚ قَالَ رَبُّكِ هُوَ عَلَيَّ هَيِّنٌ ۚ وَلِنَجْعَلَهٗٓ اٰيَةً لِّلنَّاسِ وَرَحْمَةً مِّنَّا ۚ وَكَانَ اَمْرًا مَّقْضِيًّا ﴿٢١﴾

২১। সে (জিবরাঈল) বলল, 'এভাবেই হবে।' আপনার প্রতিপালক বলেছেন, 'তা আমার জন্য সহজ,' এবং তা এজন্য যে, আমি (আল্লাহ্) তাকে মানুষের জন্য বানাব এক নিদর্শন ও আমার পক্ষ থেকে এক দয়া এবং তা একটি ফয়সালাকৃত বিষয়।'

فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهٖ مَكَانًا قَصِيًّا ﴿٢٢﴾

২২। অতঃপর সে তাকে গর্ভে ধারণ করল এবং তা সহ (গর্ভস্থ সন্তানসহ) এক দূরবর্তী স্থানে পৃথক হয়ে গেল।

فَاَجَآءَهَا الْمَخَاضُ اِلٰى جِذْعِ النَّخْلَةِ ۚ قَالَتْ يٰلَيْتَنِيْ مِتُّ قَبْلَ هٰذَا وَكُنْتُ نَسْيًا مَّنْسِيًّا ﴿٢٣﴾

২৩। প্রসব-বেদনা তাকে এক খেজুর গাছের কান্ডের কাছে নিয়ে এল, সে বলল, 'হায়, এর পূর্বে যদি আমি মরে যেতাম ও (সবার কাছে) বিস্মৃত ও পরিত্যক্ত হতাম!'

فَنَادٰىهَا مِنْ تَحْتِهَآ اَلَّا تَحْزَنِيْ قَدْ جَعَلَ رَبُّكِ تَحْتَكِ سَرِيًّا ﴿٢٤﴾

২৪। অতঃপর সে (জিবরাঈল) তার নিচ থেকে তাকে ডেকে বলল, 'আপনি দুশ্চিন্তা করবেন না, আপনার নিচে আপনার প্রতিপালক একটি পানির প্রবাহ বানিয়ে দিয়েছেন।

وَهُزِّيْٓ اِلَيْكِ بِجِذْعِ النَّخْلَةِ تُسٰقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا ﴿٢٥﴾

২৫। আপনি আপনার দিকে খেজুর গাছের কাণ্ডে নাড়া দিন, তা আপনার উপর টাটকা পাকা খেজুর ফেলবে।

فَكُلِيْ وَاشْرَبِيْ وَقَرِّيْ عَيْنًا ۚ فَاِمَّا تَرَيِنَّ مِنَ الْبَشَرِ اَحَدًا ۙ فَقُوْلِيْٓ اِنِّيْ نَذَرْتُ لِلرَّحْمٰنِ صَوْمًا فَلَنْ اُكَلِّمَ الْيَوْمَ اِنْسِيًّا ﴿٢٦﴾

২৬। সুতরাং আপনি আহার করুন, পান করুন ও চক্ষু শীতল করুন, এবং মানুষের মধ্যে কাউকে যদি আপনি দেখেন তখন বলবেন, 'নিশ্চয় আমি দয়াময়ের উদ্দেশ্যে রোজা (অর্থাৎ বিরত থাকা) মানত করেছি, সুতরাং আজ আমি কিছুতেই কোন মানুষের সাথে কথা বলব না।'

فَاَتَتْ بِهٖ قَوْمَهَا تَحْمِلُهٗ ۚ قَالُوْا يٰمَرْيَمُ لَقَدْ جِئْتِ شَيْـًٔا فَرِيًّا ﴿٢٧﴾

২৭। অতঃপর সে তাকে (সন্তানকে) বহন করে নিয়ে তার সম্প্রদায়ের নিকট উপস্থিত হল। তারা বলল, 'হে মারইয়াম! তুমি অবশ্যই এক অদ্ভুত কাণ্ড করেছ!

يٰٓاُخْتَ هٰرُوْنَ مَا كَانَ اَبُوْكِ امْرَاَ سَوْءٍ وَّمَا كَانَتْ اُمُّكِ بَغِيًّا ﴿٢٨﴾

২৮। হে হারূনের বোন! তোমার পিতা মন্দলোক ছিলেন না এবং তোমার মাতাও ব্যভিচারিণী ছিলেন না।'

فَاَشَارَتْ اِلَيْهِ ؕ قَالُوْا كَيْفَ نُكَلِّمُ مَنْ كَانَ فِى الْمَهْدِ صَبِيًّا ﴿٢٩﴾

২৯। অতঃপর সে (মারইয়াম) তার (সন্তানের) প্রতি ইশারা করল। তারা বলল, 'যে কোলের শিশু তার সাথে আমরা কিভাবে কথা বলব?'

قَالَ اِنِّىْ عَبْدُ اللّٰهِ ۫ اٰتٰىنِىَ الْكِتٰبَ وَجَعَلَنِىْ نَبِيًّا ﴿٣٠﴾

৩০। সে (শিশু) বলল, 'নিশ্চয় আমি আল্লাহ্‌র বান্দা। তিনি আমাকে কিতাব* দিয়েছেন এবং আমাকে নবী বানিয়েছেন-

وَّجَعَلَنِىْ مُبٰرَكًا اَيْنَ مَا كُنْتُ ۪ وَاَوْصٰنِىْ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ مَا دُمْتُ حَيًّا ﴿٣١﴾

৩১। এবং তিনি আমাকে বরকতময় বানিয়েছেন, যেখানেই আমি থাকি না কেন, এবং আমাকে সালাত (নামায) ও যাকাতের নির্দেশ দিয়েছেন যতদিন আমি জীবিত থাকি-

وَّبَرًّا بِوَالِدَتِىْ ۫ وَلَمْ يَجْعَلْنِىْ جَبَّارًا شَقِيًّا ﴿٣٢﴾

৩২। এবং (আমাকে বানিয়েছেন) আমার মাতার প্রতি সদয় এবং তিনি আমাকে স্বেচ্ছাচারী ও দুর্ভাগা বানাননি।

وَالسَّلٰمُ عَلَىَّ يَوْمَ وُلِدْتُّ وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ﴿٣٣﴾

৩৩। এবং আমার প্রতি সালাম (শান্তি) যেদিন আমি জন্ম লাভ করেছি, যেদিন আমি মৃত্যুবরণ করব এবং যেদিন আমি জীবিত অবস্থায় পুনরুত্থিত হব।'

ذٰلِكَ عِيْسَى ابْنُ مَرْيَمَ ۚ قَوْلَ الْحَقِّ الَّذِىْ فِيْهِ يَمْتَرُوْنَ ﴿٣٤﴾

৩৪। এই হল মারইয়ামের পুত্র ঈসা। এটি সেই সত্য কথা যাতে তারা সন্দেহ পোষণ করে।

مَا كَانَ لِلّٰهِ اَنْ يَّتَّخِذَ مِنْ وَّلَدٍ ۙ سُبْحٰنَهٗ ؕ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٣٥﴾

৩৫। সন্তান গ্রহণ করা আল্লাহ্‌র জন্য শোভনীয় নয়,পবিত্র তিনি । যখন তিনি কোন বিষয় (করার) ফয়সালা করেন তখন তাকে কেবল বলেন, 'হও' এবং তা হয়ে যায়।

وَاِنَّ اللّٰهَ رَبِّىْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٣٦﴾

৩৬। আর নিশ্চয় আল্লাহ্‌ই আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক, সুতরাং তোমরা তাঁর ইবাদত কর। এটি সরল-সঠিক পথ।

فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ مَّشْهَدِ يَوْمٍ عَظِيْمٍ ﴿٣٧﴾

৩৭। অতঃপর তাদের মধ্য থেকে দলগুলো (ঈসার পরিচয় সম্পর্কে) মতপার্থক্য করল, সুতরাং দুর্ভোগ কাফিরদের জন্য এক ভয়াবহ দিনের উপস্থিত কালে।

اَسْمِعْ بِهِمْ وَاَبْصِرْ ۙ يَوْمَ يَاْتُوْنَنَا لٰكِنِ الظّٰلِمُوْنَ الْيَوْمَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾

৩৮। যেদিন তারা আমার নিকট আসবে সেদিন তারা কতই না শুনবে ও কতই না দেখবে! কিন্তু জালিমরা আজ সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছে।

وَاَنْذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ اِذْ قُضِىَ الْاَمْرُ ۘ وَهُمْ فِىْ غَفْلَةٍ وَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٣٩﴾

৩৯। এবং তাদেরকে সতর্ক কর পরিতাপের দিন সম্পর্কে যখন সকল বিষয়ের ফয়সালা করা হবে, অথচ তারা অসতর্কতার মধ্যে রয়েছে এবং তারা বিশ্বাস করে না।

ع ٢ ٢٥ ٥ ٢ রুকূ ٥

اِنَّا نَحْنُ نَرِثُ الْاَرْضَ وَمَنْ عَلَيْهَا وَاِلَيْنَا يُرْجَعُوْنَ ﴿٤٠﴾

৪০। নিশ্চয় আমিই পৃথিবী ও এর উপর যারা আছে তাদের উত্তরাধিকারী (স্বত্বাধিকারী) এবং আমারই দিকে তাদেরকে ফিরিয়ে আনা হবে।

وَاذْكُرْ فِى الْكِتٰبِ اِبْرٰهِيْمَ ؕ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ﴿٤١﴾

৪১। এবং এ কিতাবে ইবরাহীমের (প্রসঙ্গ) উল্লেখ কর। নিশ্চয় সে ছিল সত্যবাদী ও নবী।

اِذْ قَالَ لِاَبِيْهِ يٰٓاَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِىْ عَنْكَ شَيْـًٔا ﴿٤٢﴾

৪২। যখন সে তার পিতাকে বলেছিল, 'হে আমার পিতা! আপনি তার উপাসনা কেন করেন যে শোনে না, দেখে না এবং আপনার কিছুই কাজে আসে না?'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰٓاَبَتِ اِنِّىْ قَدْ جَآءَنِىْ مِنَ الْعِلْمِ مَا لَمْ يَاْتِكَ فَاتَّبِعْنِىْٓ اَهْدِكَ صِرَاطًا سَوِيًّا ﴿٤٣﴾

৪৩। হে আমার পিতা! নিশ্চয় আমার নিকট এমন জ্ঞান এসেছে যা আপনার নিকট আসেনি, সুতরাং আমাকে অনুসরণ করুন, আমি আপনাকে সরল-সঠিক পথ দেখাব।

يٰٓاَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطٰنَ ۭ اِنَّ الشَّيْطٰنَ كَانَ لِلرَّحْمٰنِ عَصِيًّا ﴿٤٤﴾

৪৪। হে আমার পিতা! শয়তানের উপাসনা করবেন না। নিশ্চয় শয়তান দয়াময়ের অবাধ্য।

يٰٓاَبَتِ اِنِّىْٓ اَخَافُ اَنْ يَّمَسَّكَ عَذَابٌ مِّنَ الرَّحْمٰنِ فَتَكُوْنَ لِلشَّيْطٰنِ وَلِيًّا ﴿٤٥﴾

৪৫। হে আমার পিতা! নিশ্চয় আমি আশঙ্কা করছি যে, দয়াময় থেকে কোন শাস্তি আপনাকে স্পর্শ করবে, তখন আপনি শয়তানের বন্ধু হয়ে পড়বেন।'

قَالَ اَرَاغِبٌ اَنْتَ عَنْ اٰلِهَتِىْ يٰٓاِبْرٰهِيْمُ ۚ لَئِنْ لَّمْ تَنْتَهِ لَاَرْجُمَنَّكَ وَاهْجُرْنِىْ مَلِيًّا ﴿٤٦﴾

৪৬। সে (পিতা) বলল, 'হে ইবরাহীম! তুমি কি আমার উপাস্যদের থেকে অনাগ্রহী? যদি তুমি বিরত না হও তবে আমি তোমাকে অবশ্যই অবশ্যই পাথর নিক্ষেপ করব এবং তুমি চিরতরে আমাকে বর্জন কর।'

قَالَ سَلٰمٌ عَلَيْكَ ۚ سَاَسْتَغْفِرُ لَكَ رَبِّىْ ۭ اِنَّهٗ كَانَ بِىْ حَفِيًّا ﴿٤٧﴾

৪৭। সে (ইবরাহীম) বলল, 'আপনাকে সালাম (বিদায়), আমি আমার প্রতিপালকের নিকট আপনার জন্য শীঘ্রই ক্ষমা প্রার্থনা করব। নিশ্চয় তিনি আমার প্রতি অতি অনুগ্রহশীল।

وَاَعْتَزِلُكُمْ وَمَا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَاَدْعُوْا رَبِّىْ ۡ عَسٰٓى اَلَّآ اَكُوْنَ بِدُعَاۗءِ رَبِّىْ شَقِيًّا ﴿٤٨﴾

৪৮। আমি আপনাদের থেকে ও আপনারা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের উপাসনা করেন তাদের থেকে পৃথক হচ্ছি এবং আমি আমার প্রতিপালককে আহ্বান করছি; আশা করি, আমার প্রতিপালককে আহ্বান করে আমি দুর্ভাগা হব না।'

فَلَمَّا اعْتَزَلَهُمْ وَمَا يَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۙ وَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ۭ وَكُلًّا جَعَلْنَا نَبِيًّا ﴿٤٩﴾

৪৯। অতঃপর যখন সে তাদের থেকে ও তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের উপাসনা করে তাদের থেকে পৃথক হয়ে গেল তখন আমি তাকে দান করলাম ইসহাক ও ইয়াকুব এবং প্রত্যেককেই নবী বানালাম ।

وَوَهَبْنَا لَهُمْ مِّنْ رَّحْمَتِنَا وَجَعَلْنَا لَهُمْ لِسَانَ صِدْقٍ عَلِيًّا ﴿٥٠﴾

৫০। এবং তাদেরকে আমি আমার দয়া থেকে দান করলাম ও তাদেরকে দিলাম উচ্চ সুনাম-সুখ্যাতি।

وَاذْكُرْ فِي الْكِتٰبِ مُوْسٰٓى ۡ اِنَّهٗ كَانَ مُخْلَصًا وَّكَانَ رَسُوْلًا نَّبِيًّا ﴿٥١﴾

৫১। এবং এ কিতাবে মূসার (প্রসঙ্গ) উল্লেখ কর। নিশ্চয় সে ছিল বাছাইকৃত (বান্দা) এবং সে ছিল রাসূল ও নবী।

وَنَادَيْنٰهُ مِنْ جَانِبِ الطُّوْرِ الْاَيْمَنِ وَقَرَّبْنٰهُ نَجِيًّا ﴿٥٢﴾

৫২। এবং তাকে আমি ডেকেছিলাম তূর পর্বতের ডান দিক* থেকে এবং একান্ত কথায় আমি তাকে নিকটবর্তী করেছিলাম।

وَوَهَبْنَا لَهٗ مِنْ رَّحْمَتِنَآ اَخَاهُ هٰرُوْنَ نَبِيًّا ﴿٥٣﴾

৫৩। এবং আমি আমার দয়া থেকে তার জন্য তার ভাই হারূনকে নবী হিসেবে দান করেছিলাম।

وَاذْكُرْ فِي الْكِتٰبِ اِسْمٰعِيْلَ ۡ اِنَّهٗ كَانَ صَادِقَ الْوَعْدِ وَكَانَ رَسُوْلًا نَّبِيًّا ﴿٥٤﴾

৫৪। এবং এ কিতাবে ইসমাঈলের (প্রসঙ্গ) উল্লেখ কর। নিশ্চয় সে ছিল প্রতিশ্রুতিকে* সত্যে পরিণতকারী এবং সে ছিল রাসূল ও নবী,

وَكَانَ يَاْمُرُ اَهْلَهٗ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ ۡ وَكَانَ عِنْدَ رَبِّهٖ مَرْضِيًّا ﴿٥٥﴾

৫৫। এবং সে তার পরিবার-পরিজনকে সালাত (নামায) ও যাকাতের নির্দেশ দিত এবং সে ছিল তার প্রতিপালকের নিকট সন্তোষভাজন।

وَاذْكُرْ فِي الْكِتٰبِ اِدْرِيْسَ ۡ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ﴿٥٦﴾

৫৬। এবং এ কিতাবে ইদরিসের (প্রসঙ্গ) উল্লেখ কর। নিশ্চয় সে ছিল সত্যবাদী ও নবী,

রুকু ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৫৭। এবং আমি তাকে উচ্চ স্থানে উঠিয়েছিলাম।

وَّرَفَعْنٰهُ مَكَانًا عَلِيًّا ﴿٥٧﴾

৫৮। ওরাই তারা, নবীদের মধ্য থেকে যাদের উপর আল্লাহ্ নেয়ামত দান করেছেন- আদমের বংশধর থেকে এবং আমি যাদেরকে নূহের সাথে নৌকায় আরোহণ করিয়েছিলাম তাদের থেকে এবং ইবরাহীম ও ইসরাঈলের (ইয়াকুবের) বংশধর থেকে এবং যাদেরকে আমি সঠিক পথ প্রদর্শন করেছিলাম ও মনোনীত করেছিলাম তাদের মধ্য থেকে। যখন তাদের নিকট দয়াময়ের আয়াতসমূহ পাঠ করা হত তখন তারা সিজদায় ও কান্নায় লুটিয়ে পড়ত।

اُولٰٓئِكَ الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ مِنْ ذُرِّيَّةِ اٰدَمَ ۗ وَمِمَّنْ حَمَلْنَا مَعَ نُوْحٍ ۗ وَّمِنْ ذُرِّيَّةِ اِبْرٰهِيْمَ وَاِسْرَآءِيْلَ ۗ وَمِمَّنْ هَدَيْنَا وَاجْتَبَيْنَا ۗ اِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُ الرَّحْمٰنِ خَرُّوْا سُجَّدًا وَّبُكِيًّا ﴿٥٨﴾

৫৯। এবং তাদের পরে আসল এমন উত্তরসূরিরা যারা সালাত (নামায) নষ্ট করল ও কামনার অনুসরণ করল, সুতরাং অচিরেই তারা কুকর্মের শাস্তির সাক্ষাৎ লাভ করবে-

فَخَلَفَ مِنْۢ بَعْدِهِمْ خَلْفٌ اَضَاعُوا الصَّلٰوةَ وَاتَّبَعُوا الشَّهَوٰتِ فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا ﴿٥٩﴾

৬০। -তারা ছাড়া যারা (কুকর্ম থেকে) অনুতপ্ত হয়ে ফিরে এসেছে , ঈমান এনেছে ও সৎকাজ করেছে, সুতরাং তারাই জান্নাতে প্রবেশ করবে এবং তাদের প্রতি কিছুই জুলুম করা হবে না-

اِلَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَاُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُوْنَ شَيْـًٔا ﴿٦٠﴾

৬১। (তারা প্রবেশ করবে) স্থায়ী জান্নাতসমূহে যার প্রতিশ্রুতি দয়াময় অদৃশ্য থেকে তাঁর বান্দাদেরকে দিয়েছেন। নিশ্চয় তাঁর প্রতিশ্রুতি আসবেই।

جَنّٰتِ عَدْنِ ِۨالَّتِيْ وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ ۗ اِنَّهٗ كَانَ وَعْدُهٗ مَاْتِيًّا ﴿٦١﴾

৬২। সেখানে তারা 'সালাম' (শান্তির অভিভাদন) ছাড়া কোন অসার কথা শুনবে না এবং সেখানে তাদের জন্য রিযিক থাকবে সকালে ও সন্ধ্যায়।

لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا اِلَّا سَلٰمًا ۗ وَلَهُمْ رِزْقُهُمْ فِيْهَا بُكْرَةً وَّعَشِيًّا ﴿٦٢﴾

৬৩। এই সে জান্নাত, যার উত্তরাধিকারী করব আমার বান্দাদের মধ্যে তাদেরকে যারা তাকওয়াবান।

تِلْكَ الْجَنَّةُ الَّتِيْ نُوْرِثُ مِنْ عِبَادِنَا مَنْ كَانَ تَقِيًّا ﴿٦٣﴾

৬৪। আর (হে রাসূল)! আমি* (জিবরাঈল) আপনার প্রতিপালকের নির্দেশ ছাড়া অবতরণ করি না, যা আছে আমার সামনে ও যা আছে আমার পিছনে এবং যা আছে এর মধ্যবর্তী তা তাঁরই এবং আপনার প্রতিপালক ভুলে যান না,

وَمَا نَتَنَزَّلُ اِلَّا بِاَمْرِ رَبِّكَ ۚ لَهٗ مَا بَيْنَ اَيْدِيْنَا وَمَا خَلْفَنَا وَمَا بَيْنَ ذٰلِكَ ۚ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا ﴿٦٤﴾

৬৫। তিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা আছে তার প্রতিপালক, সুতরাং তাঁর ইবাদত করুন এবং তাঁর ইবাদতে অবিচল থাকুন। আপনি কি তাঁর সমগুণ সম্পন্ন কাউকে জানেন?

ع ١٥ ٧ ٨ রুকু ٩

رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا فَاعْبُدْهُ وَاصْطَبِرْ لِعِبَادَتِهٖ ۗ هَلْ تَعْلَمُ لَهٗ سَمِيًّا ﴿٦٥﴾

৬৬। আর মানুষ বলে, 'যখন আমি মৃত্যুবরণ করব তখন কি অচিরেই আমাকে অবশ্যই জীবিত করে (মাটি থেকে) বের করা হবে?'

وَيَقُوْلُ الْاِنْسَانُ ءَاِذَا مَا مِتُّ لَسَوْفَ اُخْرَجُ حَيًّا ﴿٦٦﴾

৬৭। মানুষ কি স্মরণ করে না যে, আমি তাকে ইতঃপূর্বে সৃষ্টি করেছি, যখন সে কিছুই ছিল না?*

اَوَلَا يَذْكُرُ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ قَبْلُ وَلَمْ يَكُ شَيْـًٔا ﴿٦٧﴾

৬৮। সুতরাং তোমার প্রতিপালকের কসম, অবশ্যই অবশ্যই আমি তাদেরকে এবং শয়তানদেরকে সমবেত করব, এরপর অবশ্যই অবশ্যই আমি তাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামের কাছে উপস্থিত করব।

فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَالشَّيٰطِيْنَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيًّا ﴿٦٨﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ثُمَّ لَنَنْزِعَنَّ مِنْ كُلِّ شِيْعَةٍ اَيُّهُمْ اَشَدُّ عَلَى الرَّحْمٰنِ عِتِيًّا ﴿٦٩﴾

৬৯। এরপর প্রত্যেক দলের মধ্য থেকে তাকে অবশ্যই অবশ্যই আমি টেনে বের করব, যে দয়াময়ের বিরুদ্ধে অবাধ্যতায় সবচেয়ে কঠিন।

ثُمَّ لَنَحْنُ اَعْلَمُ بِالَّذِيْنَ هُمْ اَوْلٰى بِهَا صِلِيًّا ﴿٧٠﴾

৭০। এরপর অবশ্যই আমি তাদের সম্পর্কে সবচেয়ে বেশি জানি যারা জাহান্নামে প্রবেশের সর্বাধিক উপযুক্ত।

وَاِنْ مِّنْكُمْ اِلَّا وَارِدُهَا ۚ كَانَ عَلٰى رَبِّكَ حَتْمًا مَّقْضِيًّا ﴿٧١﴾

৭১। এবং তোমাদের মধ্যে এমন কেউ নেই যে তাতে প্রবেশ করবে না, এটা তোমার প্রতিপালকের চূড়ান্ত ফয়সালা।

ثُمَّ نُنَجِّي الَّذِيْنَ اتَّقَوْا وَّنَذَرُ الظّٰلِمِيْنَ فِيْهَا جِثِيًّا ﴿٧٢﴾

৭২। এরপর আমি তাদেরকে উদ্ধার করব যারা তাকওয়া অবলম্বন করেছে এবং জালিমদেরকে সেখানে নতজানু অবস্থায় রেখে দিব।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْٓا ۙ اَيُّ الْفَرِيْقَيْنِ خَيْرٌ مَّقَامًا وَّاَحْسَنُ نَدِيًّا ﴿٧٣﴾

৭৩। এবং যখন তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ স্বরূপ আমার আয়াতসমূহ পাঠ করা হয় তখন যারা কুফরী করেছে তারা যারা ঈমান এনেছে তাদেরকে বলে, 'দু'দলের মধ্যে কোনটি মর্যাদায় উত্তম ও মজলিস হিসেবে অধিক সুন্দর?'

وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ هُمْ اَحْسَنُ اَثَاثًا وَّرِءْيًا ﴿٧٤﴾

৭৪। এবং তাদের পূর্বে আমি কত প্রজন্মকে ধ্বংস করেছি যারা উপকরণে (সহায়-সম্পদে) ও দেখতে (দৈহিক অবয়বে) তাদের চেয়ে উত্তম ছিল!

قُلْ مَنْ كَانَ فِي الضَّلٰلَةِ فَلْيَمْدُدْ لَهُ الرَّحْمٰنُ مَدًّا ۚ حَتّٰٓى اِذَا رَاَوْا مَا يُوْعَدُوْنَ اِمَّا الْعَذَابَ وَاِمَّا السَّاعَةَ ۭ فَسَيَعْلَمُوْنَ مَنْ هُوَ شَرٌّ مَّكَانًا وَّاَضْعَفُ جُنْدًا ﴿٧٥﴾

৭৫। বল, 'যে পথভ্রষ্টতার মধ্যে আছে, দয়াময় যেন তাকে প্রচুর অবকাশ দেন, অবশেষে যখন তারা তাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হচ্ছে তা দেখবে- শাস্তি হোক বা কিয়ামতই হোক। অতঃপর শীঘ্রই তারা জানতে পারবে কে মর্যাদায় নিকৃষ্ট ও বাহিনীর দিক থেকে অধিক দুর্বল।

وَيَزِيْدُ اللّٰهُ الَّذِيْنَ اهْتَدَوْا هُدًى ۭ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّخَيْرٌ مَّرَدًّا ﴿٧٦﴾

৭৬। এবং যারা সঠিকপথ অবলম্বন করে আল্লাহ তাদেরকে পথনির্দেশনা বাড়িয়ে দেন। এবং স্থায়ী সৎকাজগুলো* তোমার প্রতিপালকের নিকট পুরস্কার (ছওয়াব) হিসেবে উত্তম এবং প্রতিদান হিসেবেও উত্তম।

اَفَرَءَيْتَ الَّذِيْ كَفَرَ بِاٰيٰتِنَا وَقَالَ لَاُوْتَيَنَّ مَالًا وَّوَلَدًا ﴿٧٧﴾

৭৭। তুমি কি তাকে দেখেছ, যে আমার আয়াতসমূহকে অবিশ্বাস করেছে এবং বলেছে, '(পুনরুত্থান ঘটলে) আমাকে অবশ্যই ধন-সম্পদ ও সন্তান-সন্তুতি দেয়া হবে?'*

اَطَّلَعَ الْغَيْبَ اَمِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٧٨﴾

৭৮। সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হয়েছে অথবা দয়াময়ের নিকট কোন প্রতিশ্রুতি লাভ করেছে?

كَلَّا ۭ سَنَكْتُبُ مَا يَقُوْلُ وَنَمُدُّ لَهٗ مِنَ الْعَذَابِ مَدًّا ﴿٧٩﴾

৭৯। কক্ষনো না। সে যা বলে আমি তা শীঘ্রই লিখে রাখব এবং তার জন্য শাস্তি অতিমাত্রায় দীর্ঘায়িত করব-

وَّنَرِثُهٗ مَا يَقُوْلُ وَيَاْتِيْنَا فَرْدًا ﴿٨٠﴾

৮০। এবং আমি উত্তরাধিকারী (স্বত্ত্বাধিকারী) হব তার (অর্থাৎ ধন-সম্পদ ও সন্তান-সন্ততির) যা সে বলে, এবং সে আমার নিকট আসবে একা।

وَاتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اٰلِهَةً لِّيَكُوْنُوْا لَهُمْ عِزًّا ﴿٨١﴾

৮১। এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে বহু ইলাহ্ (উপাস্য) গ্রহণ করেছে এজন্য যে, তারা তাদের জন্য সহায় হবে-

كَلَّا ۭ سَيَكْفُرُوْنَ بِعِبَادَتِهِمْ وَيَكُوْنُوْنَ عَلَيْهِمْ ضِدًّا ﴿٨٢﴾

৮২। কক্ষনো না। তারা (উপাস্যরা) তাদের ইবাদত শীঘ্রই অস্বীকার করবে এবং তারা হবে তাদের প্রতিপক্ষ।

اَلَمْ تَرَ اَنَّآ اَرْسَلْنَا الشَّيٰطِيْنَ عَلَى الْكٰفِرِيْنَ تَؤُزُّهُمْ اَزًّا ﴿٨٣﴾

৮৩। তুমি কি ভেবে দেখনি যে, আমি কাফিরদের উপর শয়তানদেরকে প্রেরণ করেছি যারা তাদেরকে (মন্দ কাজে) অতিমাত্রায় উস্কানি দেয়?

ع ٥ ١٧ ٨ ٥ রুকূ ৮

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৮৪। সুতরাং তাদের (শাস্তির) ব্যাপারে তুমি তাড়াহুড়া করো না। আমি কেবল তাদের জন্য (সময়) পূর্ণরূপে গণনা করছি,	فَلَا تَعْجَلْ عَلَيْهِمْ ؕ اِنَّمَا نَعُدُّ لَهُمْ عَدًّا ﴿٨٤﴾
৮৫। যেদিন দয়াময়ের নিকট মুত্তাকীদেরকে সম্মানিত দল হিসেবে সমবেত করব-	يَوْمَ نَحْشُرُ الْمُتَّقِيْنَ اِلَى الرَّحْمٰنِ وَفْدًا ﴿٨٥﴾
৮৬। এবং অপরাধীদেরকে পিপাসার্ত অবস্থায় জাহান্নামের দিকে তাড়িয়ে নিয়ে যাব।	وَّنَسُوْقُ الْمُجْرِمِيْنَ اِلٰى جَهَنَّمَ وِرْدًا ﴿٨٦﴾
৮৭। তারা সুপারিশের অধিকারী হবে না কেবল সে ছাড়া, যে দয়াময়ের নিকট প্রতিশ্রুতি গ্রহণ করেছে।	لَا يَمْلِكُوْنَ الشَّفَاعَةَ اِلَّا مَنِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٨٧﴾
৮৮। আর তারা বলে, 'দয়াময় সন্তান গ্রহণ করেছেন।'	وَقَالُوا اتَّخَذَ الرَّحْمٰنُ وَلَدًا ﴿٨٨﴾
৮৯। অবশ্যই তোমরা এক গুরুতর বিষয়ের অবতারণা করেছ-	لَقَدْ جِئْتُمْ شَيْـًٔا اِدًّا ﴿٨٩﴾
৯০। তাতে আকাশসমূহ ভেঙ্গে পড়া, যমীন ফেটে যাওয়া এবং পর্বতমালা ধ্বসে পড়ার উপক্রম হয়।	تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْهُ وَتَنْشَقُّ الْاَرْضُ وَتَخِرُّ الْجِبَالُ هَدًّا ﴿٩٠﴾
৯১। (এজন্য) যে, তারা দয়াময়ের সন্তান (আছে বলে) দাবী করেছে,	اَنْ دَعَوْا لِلرَّحْمٰنِ وَلَدًا ﴿٩١﴾
৯২। অথচ সন্তান গ্রহণ করা দয়াময়ের জন্য মানায় না।	وَمَا يَنْۢبَغِيْ لِلرَّحْمٰنِ اَنْ يَّتَّخِذَ وَلَدًا ﴿٩٢﴾
৯৩। আকাশসমূহ ও পৃথিবীতে এমন কেউ নেই যে, সে দয়াময়ের নিকট বান্দা হিসেবে উপস্থিত হবে না।	اِنْ كُلُّ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ اِلَّاۤ اٰتِي الرَّحْمٰنِ عَبْدًا ﴿٩٣﴾
৯৪। অবশ্যই তিনি তাদের সংখ্যা নির্ণয় করেছেন এবং তাদেরকে পূর্ণরূপে গণনা করেছেন।	لَقَدْ اَحْصٰهُمْ وَعَدَّهُمْ عَدًّا ﴿٩٤﴾
৯৫। এবং তাদের প্রত্যেকেই কিয়ামতের দিন তাঁর নিকট আসবে একা।	وَكُلُّهُمْ اٰتِيْهِ يَوْمَ الْقِيٰمَةِ فَرْدًا ﴿٩٥﴾
৯৬। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে দয়াময় শীঘ্রই তাদের জন্য সৃষ্টি করবেন ভালবাসা।*	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَيَجْعَلُ لَهُمُ الرَّحْمٰنُ وُدًّا ﴿٩٦﴾
৯৭। সুতরাং আমি তোমার ভাষায় কুরআনকে সহজ করে দিয়েছি যাতে তুমি তা দিয়ে মুত্তাকীদেরকে সুসংবাদ দিতে পার এবং বিতণ্ডাকারী সম্প্রদায়কে তা দিয়ে সতর্ক করতে পার।	فَاِنَّمَا يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لِتُبَشِّرَ بِهِ الْمُتَّقِيْنَ وَتُنْذِرَ بِهٖ قَوْمًا لُّدًّا ﴿٩٧﴾
৯৮। আর তাদের পূর্বে আমি কত প্রজন্মকে ধ্বংস করেছি! তুমি কি তাদের কাউকে অনুভব কর অথবা তাদের ক্ষীণ শব্দও শুনতে পাও?	وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ ؕ هَلْ تُحِسُّ مِنْهُمْ مِّنْ اَحَدٍ اَوْ تَسْمَعُ لَهُمْ رِكْزًا ﴿٩٨﴾ ع ٦ ٩ রুকু ৯

٢٠-سُوْرَةُ طٰهٰ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٣٥، رُكُوْعَاتُهَا-٨

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

২০. সূরা ত্বা-হা, মাক্কী

১৩৫ আয়াত, ৮ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

طٰهٰ ﴿١﴾

১। ত্বা-হা।

مَآ اَنْزَلْنَا عَلَيْكَ الْقُرْاٰنَ لِتَشْقٰٓى ﴿٢﴾

২। আমি এজন্য তোমার প্রতি কুরআন অবতীর্ণ করিনি যে, তুমি দুর্ভোগ পোহাবে-*

اِلَّا تَذْكِرَةً لِّمَنْ يَّخْشٰى ﴿٣﴾

৩। বরং (অবতীর্ণ করেছি) একটি স্মারকস্বরূপ তার জন্য যে (আল্লাহ্‌কে) ভয় করে,

تَنْزِيْلًا مِّمَّنْ خَلَقَ الْاَرْضَ وَالسَّمٰوٰتِ الْعُلٰى ﴿٤﴾

৪। এক অবতারণ তাঁর নিকট হতে যিনি পৃথিবী ও সুউচ্চ আকাশসমূহ সৃষ্টি করেছেন।

اَلرَّحْمٰنُ عَلَى الْعَرْشِ اسْتَوٰى ﴿٥﴾

৫। (যিনি) অসীম দয়াময়, আরশে সমাসীন।

لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ الثَّرٰى ﴿٦﴾

৬। যা কিছু আছে আকাশসমূহে, যা কিছু আছে পৃথিবীতে ও যা কিছু আছে উভয়ের মাঝে এবং যা কিছু আছে ভূগর্ভে তা তাঁরই।

وَاِنْ تَجْهَرْ بِالْقَوْلِ فَاِنَّهٗ يَعْلَمُ السِّرَّ وَاَخْفَى ﴿٧﴾

৭। এবং যদি তুমি উচ্চস্বরে কথা বল, তবে নিশ্চয় তিনি গোপন ও অতি গোপন বিষয় (সবই) জানেন।

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۭ لَهُ الْاَسْمَاۗءُ الْحُسْنٰى ﴿٨﴾

৮। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, সুন্দরতম নামসমূহ তাঁরই।

وَهَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ﴿٩﴾

৯। আর মূসার বৃত্তান্ত তোমার কাছে এসেছে কি?

اِذْ رَاٰ نَارًا فَقَالَ لِاَهْلِهِ امْكُثُوْٓا اِنِّىْٓ اٰنَسْتُ نَارًا لَّعَلِّىْٓ اٰتِيْكُمْ مِّنْهَا بِقَبَسٍ اَوْ اَجِدُ عَلَى النَّارِ هُدًى ﴿١٠﴾

১০। যখন সে আগুন দেখল, তখন তার পরিবার-পরিজনকে বলল, 'তোমরা (এখানে) অবস্থান কর, নিশ্চয় আমি আগুন দেখেছি, হয়তো আমি তোমাদের জন্য তা থেকে একটু আগুন আনব অথবা আমি আগুনের নিকট পথনির্দেশনা পাব।'

فَلَمَّآ اَتٰىهَا نُوْدِىَ يٰمُوْسٰٓى ﴿١١﴾

১১। অতঃপর যখন সে তার (আগুনের) নিকট আসল তখন তাকে ডেকে বলা হল, 'হে মূসা!

اِنِّىْٓ اَنَا رَبُّكَ فَاخْلَعْ نَعْلَيْكَ ۚ اِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ﴿١٢﴾

১২। নিশ্চয় আমি তোমার প্রতিপালক, অতএব তোমার জুতা দু'টো খুলে ফেল, নিশ্চয় তুমি পবিত্র উপত্যকা 'তুওয়া'য় রয়েছ।

وَاَنَا اخْتَرْتُكَ فَاسْتَمِعْ لِمَا يُوْحٰٓى ﴿١٣﴾

১৩। এবং আমি তোমাকে মনোনীত করেছি, অতএব যা ওহী করা হয় তুমি তা মনোযোগ সহকারে শ্রবন কর।

اِنَّنِىْٓ اَنَا اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّآ اَنَا فَاعْبُدْنِىْ ۙ وَاَقِمِ الصَّلٰوةَ لِذِكْرِىْ ﴿١٤﴾

১৪। নিশ্চয় আমিই আল্লাহ্, আমি ছাড়া কোন ইলাহ্ নেই, অতএব আমার ইবাদত কর এবং আমার স্মরণের জন্য সালাত (নামায) কায়েম কর।

اِنَّ السَّاعَةَ اٰتِيَةٌ اَكَادُ اُخْفِيْهَا لِتُجْزٰى كُلُّ نَفْسٍۢ بِمَا تَسْعٰى ﴿١٥﴾

১৫। নিশ্চয় কিয়ামত আসবে, আমি এটি গোপন রাখতে চাই যেন প্রত্যেক ব্যক্তিকে প্রতিদান দেয়া যায় তার যা সে চেষ্টা করে।

فَلَا يَصُدَّنَّكَ عَنْهَا مَنْ لَّا يُؤْمِنُ بِهَا وَاتَّبَعَ هَوٰىهُ فَتَرْدٰى ﴿١٦﴾

১৬। সুতরাং যে ব্যক্তি তাতে (কিয়ামতে) বিশ্বাস করে না ও তার প্রবৃত্তির অনুসরণ করেছে, সে যেন তোমাকে তা (বিশ্বাস করা) হতে কখনো বিরত না রাখে, তাহলে তুমি ধ্বংস হয়ে যাবে।'

وَمَا تِلْكَ بِيَمِيْنِكَ يٰمُوْسٰى ﴿١٧﴾

১৭। আর হে মূসা! তোমার ডান হাতে ওটা কী?

قَالَ هِيَ عَصَايَ ۚ أَتَوَكَّؤُا عَلَيْهَا وَأَهُشُّ بِهَا عَلٰى غَنَمِيْ وَلِيَ فِيْهَا مَآرِبُ أُخْرٰى ﴿١٨﴾

১৮। সে বলল, 'এটি আমার লাঠি, আমি এর উপর ভর দেই এবং এটি দ্বারা আমি আমার ভেড়ার জন্য গাছের পাতা ফেলি এবং এটিতে আমার অন্যান্য প্রয়োজনও আছে।'

قَالَ أَلْقِهَا يٰمُوْسٰى ﴿١٩﴾

১৯। তিনি (আল্লাহ্) বললেন, 'হে মূসা! তুমি এটি নিক্ষেপ কর।'

فَأَلْقٰهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعٰى ﴿٢٠﴾

২০। সুতরাং সে (মূসা) তা নিক্ষেপ করল, এবং তৎক্ষণাৎ তা হয়ে গেল একটি সাপ যা দৌড়াতে লাগল।

قَالَ خُذْهَا وَلَا تَخَفْ ۖ سَنُعِيْدُهَا سِيْرَتَهَا الْأُوْلٰى ﴿٢١﴾

২১। তিনি (আল্লাহ্) বললেন, 'তুমি এটাকে ধর এবং ভয় করো না, শীঘ্রই আমি এটাকে এর পূর্ববর্তী অবস্থায় ফিরিয়ে দেব।

وَاضْمُمْ يَدَكَ إِلٰى جَنَاحِكَ تَخْرُجْ بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوْءٍ آيَةً أُخْرٰى ﴿٢٢﴾

২২। এবং তোমার হাত তোমার বাহুর দিকে জড়িয়ে ধর, তা কোন ক্ষতি ছাড়াই শুভ্র-উজ্জ্বল হয়ে বের হয়ে আসবে আরেকটি নিদর্শনস্বরূপ-

لِنُرِيَكَ مِنْ آيَاتِنَا الْكُبْرَى ﴿٢٣﴾

২৩। যেন আমি তোমাকে আমার বড় বড় নিদর্শনাবলীর কিছু দেখাতে পারি,

ع ١ ١٠ ١ রুকু ১০

اِذْهَبْ إِلٰى فِرْعَوْنَ إِنَّهُ طَغٰى ﴿٢٤﴾

২৪। তুমি ফিরাউনের নিকট যাও, নিশ্চয় সে সীমালঙ্ঘন করেছে।'

قَالَ رَبِّ اشْرَحْ لِيْ صَدْرِيْ ﴿٢٥﴾

২৫। সে (মূসা) বলল, 'হে আমার প্রতিপালক! আমার জন্য আমার বক্ষ প্রশস্ত করে দিন-

وَيَسِّرْ لِيْ أَمْرِيْ ﴿٢٦﴾

২৬। এবং আমার জন্য আমার কাজ সহজ করে দিন-

وَاحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِيْ ﴿٢٧﴾

২৭। এবং আমার জিহ্বা থেকে জড়তা দূর করে দিন-

يَفْقَهُوْا قَوْلِيْ ﴿٢٨﴾

২৮। যাতে তারা আমার কথা বুঝতে পারে।

وَاجْعَلْ لِّيْ وَزِيْرًا مِّنْ أَهْلِيْ ﴿٢٩﴾

২৯। এবং আমার জন্য একজন সাহায্যকারী নিযুক্ত করুন আমার পরিবার-পরিজনের মধ্য হতে-

هٰرُوْنَ أَخِيْ ﴿٣٠﴾

৩০। আমার ভাই হারূনকে-

اشْدُدْ بِهٖ أَزْرِيْ ﴿٣١﴾

৩১। তাকে দ্বারা আমার কোমর শক্ত করে দিন-

وَأَشْرِكْهُ فِيْ أَمْرِيْ ﴿٣٢﴾

৩২। এবং তাকে আমার কাজে অংশীদার করুন-

كَيْ نُسَبِّحَكَ كَثِيْرًا ﴿٣٣﴾

৩৩। যাতে আমরা বেশি করে আপনার পবিত্রতা ঘোষণা করতে পারি-

وَّنَذْكُرَكَ كَثِيْرًا ﴿٣٤﴾

৩৪। এবং আপনাকে বেশি করে স্মরণ করতে পারি।

إِنَّكَ كُنْتَ بِنَا بَصِيْرًا ﴿٣٥﴾

৩৫। নিশ্চয় আপনি আমাদের ব্যাপারে সর্বদ্রষ্টা।'

قَالَ قَدْ اُوْتِيْتَ سُؤْلَكَ يٰمُوْسٰى ﴿٣٦﴾

৩৬। তিনি (আল্লাহ্) বললেন, 'হে মূসা! তোমার চাওয়া তোমাকে দেয়া হল।

وَلَقَدْ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً اُخْرٰى ﴿٣٧﴾

৩৭। এবং অবশ্যই আমি তোমার উপর আরও একবার অনুগ্রহ করেছিলাম-

اِذْ اَوْحَيْنَآ اِلٰٓى اُمِّكَ مَا يُوْحٰٓى ﴿٣٨﴾

৩৮। যখন আমি তোমার মাতার প্রতি ওহী করেছিলাম যা ওহী করার-

اَنِ اقْذِفِيْهِ فِى التَّابُوْتِ فَاقْذِفِيْهِ فِى الْيَمِّ فَلْيُلْقِهِ الْيَمُّ بِالسَّاحِلِ يَاْخُذْهُ عَدُوٌّ لِّىْ وَعَدُوٌّ لَّهٗ ؕ وَاَلْقَيْتُ عَلَيْكَ مَحَبَّةً مِّنِّىْ ۚ وَلِتُصْنَعَ عَلٰى عَيْنِىْ ﴿٣٩﴾

৩৯। যে, 'তুমি তাকে সিন্দুকের মধ্যে রেখে দাও এবং তাকে সমুদ্রে (নীল নদে) ফেলে দাও, অতঃপর সমুদ্র যেন তাকে তীরে নিক্ষেপ করে, (সেখান থেকে) তাকে গ্রহণ করবে আমার শত্রু ও তার শত্রু।' এবং আমি আমার পক্ষ হতে তোমার উপর ভালবাসা ঢেলে দিয়েছিলাম এবং যাতে তুমি প্রতিপালিত হও আমার চোখে সামনে।

اِذْ تَمْشِىْٓ اُخْتُكَ فَتَقُوْلُ هَلْ اَدُلُّكُمْ عَلٰى مَنْ يَّكْفُلُهٗ ؕ فَرَجَعْنٰكَ اِلٰٓى اُمِّكَ كَىْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ ؕ وَقَتَلْتَ نَفْسًا فَنَجَّيْنٰكَ مِنَ الْغَمِّ وَفَتَنّٰكَ فُتُوْنًا ۫ فَلَبِثْتَ سِنِيْنَ فِىْٓ اَهْلِ مَدْيَنَ ۙ ثُمَّ جِئْتَ عَلٰى قَدَرٍ يّٰمُوْسٰى ﴿٤٠﴾

৪০। যখন তোমার* বোন (পিছনে পিছনে) চলেছিল এবং বলেছিল, 'আমি কি তোমাদেরকে এমন কাউকে দেখিয়ে দেব, যে তার তত্ত্বাবধান করবে?' অতঃপর আমি তোমাকে তোমার মায়ের নিকট ফিরিয়ে দিয়েছিলাম যাতে তার চক্ষু শীতল হয় এবং সে দুশ্চিন্তা না করে। এবং তুমি এক ব্যক্তিকে হত্যা করেছিলে, অতঃপর আমি তোমাকে দুঃখ হতে মুক্তি দিয়েছিলাম এবং আমি তোমাকে বহু পরীক্ষা করেছি। এবং তুমি কয়েক বছর মাদইয়ানবাসীদের মধ্যে অবস্থান করেছ, এরপর তুমি নির্ধারিত সময়ে এসেছ, হে মূসা!

وَاصْطَنَعْتُكَ لِنَفْسِىْ ﴿٤١﴾

৪১। এবং আমি তোমাকে প্রস্তুত করেছি আমার নিজের জন্য,

اِذْهَبْ اَنْتَ وَاَخُوْكَ بِاٰيٰتِىْ وَلَا تَنِيَا فِىْ ذِكْرِىْ ﴿٤٢﴾

৪২। তুমি ও তোমার ভাই আমার নিদর্শনাবলীসহ যাও এবং তোমরা আমার স্মরণে শিথিল হয়ো না,

اِذْهَبَآ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى ﴿٤٣﴾

৪৩। তোমরা দু'জন ফিরআউনের নিকট যাও, নিশ্চয় সে সীমালঙ্ঘন করেছে,

فَقُوْلَا لَهٗ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهٗ يَتَذَكَّرُ اَوْ يَخْشٰى ﴿٤٤﴾

৪৪। এবং তাকে নম্র কথা বলো, যাতে সে উপদেশ গ্রহণ করতে পারে অথবা ভয় করতে পারে।

قَالَا رَبَّنَآ اِنَّنَا نَخَافُ اَنْ يَّفْرُطَ عَلَيْنَآ اَوْ اَنْ يَّطْغٰى ﴿٤٥﴾

৪৫। তারা দু'জন বলল, 'হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা ভয় করি যে, সে আমাদের উপর (শাস্তি) ত্বরান্বিত করবে অথবা সীমালঙ্ঘন করবে।'

قَالَ لَا تَخَافَآ اِنَّنِىْ مَعَكُمَآ اَسْمَعُ وَاَرٰى ﴿٤٦﴾

৪৬। তিনি (আল্লাহ্) বললেন, 'তোমরা ভয় করো না, নিশ্চয় আমি তোমাদের সাথে আছি- আমি শুনি ও আমি দেখি।'

فَاْتِيٰهُ فَقُوْلَآ اِنَّا رَسُوْلَا رَبِّكَ فَاَرْسِلْ مَعَنَا بَنِىْٓ اِسْرَآءِيْلَ ۫ وَلَا تُعَذِّبْهُمْ ؕ قَدْ جِئْنٰكَ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكَ ؕ وَالسَّلٰمُ عَلٰى مَنِ اتَّبَعَ الْهُدٰى ﴿٤٧﴾

৪৭। অতএব তোমরা তার নিকট যাও এবং বল, 'নিশ্চয় আমরা তোমার প্রতিপালকের দু'জন রাসূল, সুতরাং আমাদের সাথে বনী ইসরাঈলকে প্রেরণ কর এবং তাদেরকে শাস্তি দিও না, আমরা তোমার নিকট তোমার প্রতিপালকের নিকট হতে এক নিদর্শন নিয়ে এসেছি। এবং 'সালাম' (শান্তি) তার প্রতি যে সঠিকপথ অনুসরণ করেছে।

اِنَّا قَدْ اُوْحِىَ اِلَيْنَآ اَنَّ الْعَذَابَ عَلٰى مَنْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿٤٨﴾

৪৮। নিশ্চয় আমাদের প্রতি ওহী করা হয়েছে যে, শাস্তি তার উপর, যে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছে ও মুখ ফিরিয়ে নিয়েছে।'

قَالَ فَمَنْ رَّبُّكُمَا يٰمُوْسٰى ﴿٤٩﴾

৪৯। সে (ফিরআউন) বলল, ' তাহলে কে তোমাদের প্রতিপালক? হে মূসা!'

قَالَ رَبُّنَا الَّذِيْٓ اَعْطٰى كُلَّ شَيْءٍ خَلْقَهٗ ثُمَّ هَدٰى ﴿٥٠﴾

৫০। সে (মূসা) বলল, 'আমাদের প্রতিপালক তিনি, যিনি প্রত্যেক বস্তুকে তার আকৃতি দান করেছেন, এরপর পথপ্রদর্শন করেছেন।'

قَالَ فَمَا بَالُ الْقُرُوْنِ الْاُوْلٰى ﴿٥١﴾

৫১। সে (ফিরআউন) বলল, 'তাহলে পূর্ববর্তী প্রজন্মসমূহের অবস্থা কী?'

قَالَ عِلْمُهَا عِنْدَ رَبِّيْ فِيْ كِتٰبٍ ۚ لَا يَضِلُّ رَبِّيْ وَلَا يَنْسَى ۖ ﴿٥٢﴾

৫২। সে (মূসা) বলল, 'এর জ্ঞান আমার প্রতিপালকের নিকট এক কিতাবে (সংরক্ষিত) রয়েছে, আমার প্রতিপালক (সংরক্ষণ করতে) ভুল করেন না এবং ভুলেও যান না।

الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ مَهْدًا وَّسَلَكَ لَكُمْ فِيْهَا سُبُلًا وَّاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ؕ فَاَخْرَجْنَا بِهٖٓ اَزْوَاجًا مِّنْ نَّبَاتٍ شَتّٰى ﴿٥٣﴾

৫৩। যিনি তোমাদের জন্য যমীনকে বিছানা বানিয়েছেন এবং তাতে তোমাদের জন্য বহু পথ করে দিয়েছেন এবং তিনি আকাশ থেকে পানি অবতীর্ণ করেছেন।' অতঃপর আমি তা দ্বারা বিভিন্ন ধরনের উদ্ভিদ উৎপন্ন করেছি।

كُلُوْا وَارْعَوْا اَنْعَامَكُمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّاُولِي النُّهٰى ﴿٥٤﴾ ع

৫৪। তোমরা আহার কর ও তোমাদের গবাদি পশু চরাও। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে বুদ্ধিমানদের জন্য।

ع ٢ ١١ ٢ রুকু ١١

مِنْهَا خَلَقْنٰكُمْ وَفِيْهَا نُعِيْدُكُمْ وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اُخْرٰى ﴿٥٥﴾

৫৫। আমি তা (যমীন) থেকে তোমাদেরকে সৃষ্টি করেছি এবং তাতেই তোমাদেরকে ফিরিয়ে নেব এবং আরেকবার তা থেকেই তোমাদেরকে বের করে আনব।

وَلَقَدْ اَرَيْنٰهُ اٰيٰتِنَا كُلَّهَا فَكَذَّبَ وَاَبٰى ﴿٥٦﴾

৫৬। আর অবশ্যই আমি তাকে (ফিরআউনকে) আমার নিদর্শনাবলী সবই দেখিয়েছিলাম, কিন্তু সে মিথ্যা অভিহিত করেছিল ও অস্বীকার করেছিল।

قَالَ اَجِئْتَنَا لِتُخْرِجَنَا مِنْ اَرْضِنَا بِسِحْرِكَ يٰمُوْسٰى ﴿٥٧﴾

৫৭। সে (ফিরআউন) বলল, 'হে মূসা! তুমি কি তোমার জাদু দ্বারা আমাদেরকে আমাদের যমীন (আবাস ভূমি) থেকে বের করে দেয়ার জন্য আমাদের নিকট এসেছ?

فَلَنَاْتِيَنَّكَ بِسِحْرٍ مِّثْلِهٖ فَاجْعَلْ بَيْنَنَا وَبَيْنَكَ مَوْعِدًا لَّا نُخْلِفُهٗ نَحْنُ وَلَآ اَنْتَ مَكَانًا سُوًى ﴿٥٨﴾

৫৮। তবে আমরা তোমার নিকট এর অনুরূপ জাদু অবশ্যই অবশ্যই নিয়ে আসব, সুতরাং আমাদের ও তোমার মাঝে সমতল স্থানে একটি নির্দিষ্ট সময় নির্ধারণ কর যার ব্যতিক্রম আমরাও করব না এবং তুমিও করবে না।'

قَالَ مَوْعِدُكُمْ يَوْمُ الزِّيْنَةِ وَاَنْ يُّحْشَرَ النَّاسُ ضُحًى ﴿٥٩﴾

৫৯। সে (মূসা) বলল, 'তোমাদের নির্দিষ্ট সময় হল উৎসবের দিন এবং লোকদেরকে পূর্বাহ্নে সমবেত করা হবে।'

فَتَوَلّٰى فِرْعَوْنُ فَجَمَعَ كَيْدَهٗ ثُمَّ اَتٰى ﴿٦٠﴾

৬০। অতঃপর ফিরআউন ফিরে গেল এবং তার কৌশলসমূহ* জমা করল, এরপর সে আসল।

قَالَ لَهُمْ مُّوْسٰى وَيْلَكُمْ لَا تَفْتَرُوْا عَلَى اللّٰهِ كَذِبًا فَيُسْحِتَكُمْ بِعَذَابٍ ۚ وَقَدْ خَابَ مَنِ افْتَرٰى ﴿٦١﴾

৬১। মূসা তাদেরকে বলল, 'দুর্ভোগ তোমাদের! তোমরা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করো না, তাহলে তিনি তোমাদেরকে শাস্তি দ্বারা সমূলে ধ্বংস করে দিবেন, এবং যে মিথ্যা রচনা করেছে সে ব্যর্থ হয়েছে।'

فَتَنَازَعُوْٓا اَمْرَهُمْ بَيْنَهُمْ وَاَسَرُّوا النَّجْوٰى ﴿٦٢﴾

৬২। অতঃপর তারা তাদের (নিজেদের) মাঝে তাদের (করণীয়) বিষয়ে মতবিরোধ করল এবং তারা (তাদের) গোপন পরামর্শকে গোপন করল।

قَالُوْٓا اِنْ هٰذٰنِ لَسٰحِرٰنِ يُرِيْدٰنِ اَنْ يُّخْرِجٰكُمْ مِّنْ اَرْضِكُمْ بِسِحْرِهِمَا وَيَذْهَبَا بِطَرِيْقَتِكُمُ الْمُثْلٰى ﴿٦٣﴾

৬৩। তারা বলল, 'এ দু'জন অবশ্যই জাদুকর, তারা চায় তাদের জাদু দ্বারা তোমাদেরকে তোমাদের যমীন (আবাস ভূমি) থেকে বের করতে এবং তোমাদের শ্রেষ্ঠ পথ থেকে তোমাদেরকে সরিয়ে নিতে।

فَاَجْمِعُوْا كَيْدَكُمْ ثُمَّ ائْتُوْا صَفًّا ۚ وَقَدْ اَفْلَحَ الْيَوْمَ مَنِ اسْتَعْلٰى ﴿٦٤﴾

৬৪। অতএব তোমরা তোমাদের কৌশলে একমত হও, এরপর সারিবদ্ধ হয়ে আস এবং আজ সে সফল হবে যে জয়ী হবে।'

قَالُوْا يٰمُوْسٰٓى اِمَّآ اَنْ تُلْقِيَ وَاِمَّآ اَنْ نَّكُوْنَ اَوَّلَ مَنْ اَلْقٰى ﴿٦٥﴾

৬৫। তারা বলল, 'হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর আর নয় আমরাই প্রথম নিক্ষেপকারী হই।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالَ بَلْ اَلْقُوْا ۚ فَاِذَا حِبَالُهُمْ وَعِصِيُّهُمْ يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهَا تَسْعٰى ﴿٦٦﴾

৬৬। সে (মূসা) বলল, 'বরং তোমরাই নিক্ষেপ কর,' এবং তৎক্ষণাৎ তাদের জাদুতে তার কাছে মনে হল তাদের দড়ি ও লাঠিগুলো দৌড়াচ্ছে।

فَاَوْجَسَ فِيْ نَفْسِهٖ خِيْفَةً مُّوْسٰى ﴿٦٧﴾

৬৭। এবং মূসা অন্তরে ভীতি অনুভব করল ।

قُلْنَا لَا تَخَفْ اِنَّكَ اَنْتَ الْاَعْلٰى ﴿٦٨﴾

৬৮। আমি বললাম, 'ভয় করো না, নিশ্চয় তুমিই বিজয়ী ।

وَاَلْقِ مَا فِيْ يَمِيْنِكَ تَلْقَفْ مَا صَنَعُوْا ؕ اِنَّمَا صَنَعُوْا كَيْدُ سٰحِرٍ ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُ حَيْثُ اَتٰى ﴿٦٩﴾

৬৯। এবং তোমার ডান হাতে যা আছে তা নিক্ষেপ কর, এটি তারা যা তৈরি করেছে তা গিলে ফেলবে। নিশ্চয় তারা যা তৈরি করেছে তা জাদুকরের কৌশল। এবং জাদুকর যেখান থেকেই আসুক, সফল হবে না।'

فَاُلْقِيَ السَّحَرَةُ سُجَّدًا قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ هٰرُوْنَ وَمُوْسٰى ﴿٧٠﴾

৭০। অতঃপর জাদুকররা সিজদায় লুটিয়ে পড়ল, তারা বলল, 'আমরা হারূন ও মূসার প্রতিপালকের প্রতি ঈমান আনলাম।'

قَالَ اٰمَنْتُمْ لَهٗ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ؕ اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِيْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَاُوصَلِّبَنَّكُمْ فِيْ جُذُوْعِ النَّخْلِ ۫ وَلَتَعْلَمُنَّ اَيُّنَآ اَشَدُّ عَذَابًا وَّاَبْقٰى ﴿٧١﴾

৭১। সে (ফিরআউন) বলল, 'তোমরা কি তাকে বিশ্বাস করলে আমি তোমাদেরকে অনুমতি দেয়ার পূর্বেই? নিশ্চয় সে (মূসা) অবশ্যই তোমাদের প্রধান যে তোমাদেরকে জাদু শিক্ষা দিয়েছে, সুতরাং অবশ্যই অবশ্যই আমি তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক কেটে দিব এবং অবশ্যই অবশ্যই আমি তোমাদেরকে খেজুর গাছের কাণ্ডে ক্রুশবিদ্ধ করব এবং অবশ্যই অবশ্যই তোমরা জানতে পারবে আমাদের মধ্যে কে শাস্তিদানে অধিক কঠিন ও অধিক স্থায়ী।

قَالُوْا لَنْ نُّؤْثِرَكَ عَلٰى مَا جَآءَنَا مِنَ الْبَيِّنٰتِ وَالَّذِيْ فَطَرَنَا فَاقْضِ مَآ اَنْتَ قَاضٍ ؕ اِنَّمَا تَقْضِيْ هٰذِهِ الْحَيٰوةَ الدُّنْيَا ﴿٧٢﴾

৭২। তারা বলল, 'আমাদের নিকট যে স্পষ্ট প্রমাণাদি এসেছে তার উপর এবং যিনি আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁর উপর তোমাকে আমরা কখনো প্রাধান্য দিব না, সুতরাং তোমার যা ফয়সালা করার তা ফয়সালা কর। তুমি কেবল এ দুনিয়ার জীবনে ফয়সালা করতে পার।

اِنَّآ اٰمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطٰيٰنَا وَمَآ اَكْرَهْتَنَا عَلَيْهِ مِنَ السِّحْرِ ؕ وَاللّٰهُ خَيْرٌ وَّاَبْقٰى ﴿٧٣﴾

৭৩। নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের প্রতি ঈমান এনেছি যাতে তিনি আমাদের অপরাধসমূহ ও তুমি আমাদেরকে যে জাদু করতে বাধ্য করেছ তা ক্ষমা করেন। আর আল্লাহ্ উত্তম ও অধিক স্থায়ী।'

اِنَّهٗ مَنْ يَّاْتِ رَبَّهٗ مُجْرِمًا فَاِنَّ لَهٗ جَهَنَّمَ ؕ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ﴿٧٤﴾

৭৪। নিশ্চয় যে তার প্রতিপালকের নিকট আসবে অপরাধী হয়ে নিশ্চয় তার জন্য রয়েছে জাহান্নাম, যেখানে সে মরবে না এবং বাঁচবেও না।

وَمَنْ يَّاْتِهٖ مُؤْمِنًا قَدْ عَمِلَ الصّٰلِحٰتِ فَاُولٰٓئِكَ لَهُمُ الدَّرَجٰتُ الْعُلٰى ﴿٧٥﴾

৭৫। এবং যে তাঁর নিকট আসবে মু'মিন হয়ে - যে সৎকাজ করেছে, তাদের জন্য রয়েছে উচ্চ মর্যাদা-

جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَذٰلِكَ جَزٰٓؤُ مَنْ تَزَكّٰى ﴿٧٦﴾ ع ٣ ٢٢ ١٢ ٣ রুকু ١٢

৭৬। -স্থায়ী জান্নাতসমূহ, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা স্থায়ী হবে। এবং এটি তার প্রতিদান যে পরিশুদ্ধ হয় ।

وَلَقَدْ اَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى ۙ اَنْ اَسْرِ بِعِبَادِيْ فَاضْرِبْ لَهُمْ طَرِيْقًا فِي الْبَحْرِ يَبَسًا ۙ لَّا تَخٰفُ دَرَكًا وَّلَا تَخْشٰى ﴿٧٧﴾

৭৭। আর অবশ্যই আমি মূসার প্রতি ওহী করেছিলাম যে, আমার বান্দাদেরকে নিয়ে রাতে ভ্রমন কর (রওনা কর) এবং তাদের জন্য (লাঠির আঘাতে) সমুদ্রের মধ্যে এক শুকনো পথ তৈরি কর- নাগাল পাওয়ার আশঙ্কা করো না এবং ভয়ও করো না ।

فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ بِجُنُوْدِهٖ فَغَشِيَهُمْ مِّنَ الْيَمِّ مَا غَشِيَهُمْ ﴿٧٨﴾

৭৮। এবং ফিরআউন তার বাহিনীসহ তাদের পশ্চাদ্ধাবন করল, অতঃপর সমুদ্র থেকে তাদেরকে যা ঢাকার তা ঢেকে ফেলল ।

وَاَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهٗ وَمَا هَدٰى ﴿٧٩﴾

৭৯। আর ফিরআউন তার সম্প্রদায়কে পথভ্রষ্ট করেছিল এবং সঠিকপথ প্রদর্শন করেনি।

يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ قَدْ اَنْجَيْنٰكُمْ مِّنْ عَدُوِّكُمْ وَوٰعَدْنٰكُمْ جَانِبَ الطُّوْرِ الْاَيْمَنَ وَنَزَّلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوٰى ﴿٨٠﴾

৮০। হে বনী ইসরাঈল! আমি তোমাদেরকে তোমাদের শত্রু থেকে উদ্ধার করেছিলাম এবং আমি তোমাদেরকে প্রতিশ্রুতি* দিয়েছিলাম তূর পর্বতের ডান পাশে এবং তোমাদের উপর অবতীর্ণ করেছিলাম মান্না ও সালওয়া।

كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَلَا تَطْغَوْا فِيْهِ فَيَحِلَّ عَلَيْكُمْ غَضَبِيْ ۚ وَمَنْ يَّحْلِلْ عَلَيْهِ غَضَبِيْ فَقَدْ هَوٰى ﴿٨١﴾

৮১। আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে পবিত্র বস্তুসমূহ আহার কর এবং তাতে সীমালঙ্ঘন করো না, তাহলে তোমাদের উপর আমার ক্রোধ আপতিত হবে এবং যার উপর আমার ক্রোধ আপতিত হয় সে অবশ্যই পতিত (ধ্বংস) হয়।

وَاِنِّيْ لَغَفَّارٌ لِّمَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَدٰى ﴿٨٢﴾

৮২। এবং নিশ্চয় আমি অবশ্যই পরম ক্ষমাশীল তার জন্য, যে অনুতপ্ত হয়ে ফিরে আসে (তওবা করে), ঈমান আনে ও সৎকাজ করে এরপর সঠিকপথ অবলম্বন করে।

وَمَآ اَعْجَلَكَ عَنْ قَوْمِكَ يٰمُوْسٰى ﴿٨٣﴾

৮৩। আর তোমার সম্প্রদায় থেকে (আগে আসতে) কিসে তোমাকে* তাড়াহুড়া করাল হে মূসা?

قَالَ هُمْ اُولَآءِ عَلٰٓى اَثَرِيْ وَعَجِلْتُ اِلَيْكَ رَبِّ لِتَرْضٰى ﴿٨٤﴾

৮৪। সে (মূসা) বলল, 'তারা আমার পিছনেই আছে এবং আপনার দিকে তাড়াহুড়া করেছি যাতে আপনি সন্তুষ্ট হন, হে আমার প্রতিপালক!'

قَالَ فَاِنَّا قَدْ فَتَنَّا قَوْمَكَ مِنْۢ بَعْدِكَ وَاَضَلَّهُمُ السَّامِرِيُّ ﴿٨٥﴾

৮৫। তিনি (আল্লাহ্) বললেন, 'তবে নিশ্চয় আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি তোমার (চলে আসার) পর এবং সামিরী তাদেরকে পথভ্রষ্ট করেছে।'

فَرَجَعَ مُوْسٰٓى اِلٰى قَوْمِهٖ غَضْبَانَ اَسِفًا ۚ قَالَ يٰقَوْمِ اَلَمْ يَعِدْكُمْ رَبُّكُمْ وَعْدًا حَسَنًا ۚ اَفَطَالَ عَلَيْكُمُ الْعَهْدُ اَمْ اَرَدْتُّمْ اَنْ يَّحِلَّ عَلَيْكُمْ غَضَبٌ مِّنْ رَّبِّكُمْ فَاَخْلَفْتُمْ مَّوْعِدِيْ ﴿٨٦﴾

৮৬। অতঃপর মূসা তার সম্প্রদায়ের নিকট ক্রুদ্ধ ও মনঃক্ষুণ্ন হয়ে ফিরে গেল। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে (তাওরাত দানের) এক উত্তম প্রতিশ্রুতি দেননি? তবে কি সেই প্রতিশ্রুতি (পূরণের সময়) তোমাদের কাছে দীর্ঘ হয়ে গেছে, নাকি তোমরা চেয়েছ যে তোমাদের উপর তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে ক্রোধ আপতিত হোক, তাই তোমরা আমার (প্রতি প্রদত্ত) প্রতিশ্রুতি ভঙ্গ করেছিলে?'

قَالُوْا مَآ اَخْلَفْنَا مَوْعِدَكَ بِمَلْكِنَا وَلٰكِنَّا حُمِّلْنَآ اَوْزَارًا مِّنْ زِيْنَةِ الْقَوْمِ فَقَذَفْنٰهَا فَكَذٰلِكَ اَلْقَى السَّامِرِيُّ ﴿٨٧﴾

৮৭। তারা (মূসার সম্প্রদায়) বলল, 'আমরা আপনার (প্রতি প্রদত্ত) প্রতিশ্রুতি স্বেচ্ছায় ভঙ্গ করিনি, কিন্তু আমাদের উপর সেই সম্প্রদায়ের অলঙ্কারের বোঝাগুলো চাপিয়ে দেয়া হয়েছিল এবং আমরা সেগুলো নিক্ষেপ করেছি,' এবং এভাবেই সামিরী নিক্ষেপ করেছিল-

فَاَخْرَجَ لَهُمْ عِجْلًا جَسَدًا لَّهٗ خُوَارٌ فَقَالُوْا هٰذَآ اِلٰهُكُمْ وَاِلٰهُ مُوْسٰى ۙ فَنَسِيَ ﴿٨٨﴾

৮৮। অতঃপর সে (সামেরী) তাদের জন্য বের করল একটি বাছুর-একটি দেহাকৃতি যার ছিল 'হাম্বা' শব্দ। তখন তারা বলল, 'এটা তোমাদের ইলাহ্, এবং মূসারও ইলাহ্, তবে সে (মূসা) ভুলে গেছে।'

اَفَلَا يَرَوْنَ اَلَّا يَرْجِعُ اِلَيْهِمْ قَوْلًا ۙ وَّلَا يَمْلِكُ لَهُمْ ضَرًّا وَّلَا نَفْعًا ﴿٨٩﴾

৮৯। তবে কি তারা দেখে না যে, তা (বাছুরটা) তাদের প্রতি কোন কথা ফিরায় না এবং তাদের জন্য কোন ক্ষতি বা উপকারের মালিক নয়?

وَلَقَدْ قَالَ لَهُمْ هٰرُوْنُ مِنْ قَبْلُ يٰقَوْمِ اِنَّمَا فُتِنْتُمْ بِهٖ ۚ وَاِنَّ رَبَّكُمُ الرَّحْمٰنُ فَاتَّبِعُوْنِيْ وَاَطِيْعُوْٓا اَمْرِيْ ﴿٩٠﴾

৯০। এবং ইতঃপূর্বে হারূন অবশ্যই তাদেরকে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! এর দ্বারা কেবল তোমাদেরকে পরীক্ষা করা হচ্ছে, এবং নিশ্চয় তোমাদের প্রতিপালক অসীম দয়াময়, সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার নির্দেশের আনুগত্য কর ।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالُوْا لَنْ نَّبْرَحَ عَلَيْهِ عٰكِفِيْنَ حَتّٰى يَرْجِعَ اِلَيْنَا مُوْسٰى ﴿٩١﴾

৯১। তারা বলেছিল, 'আমরা এর প্রতি (উপাসনায়) লেগে থাকা হতে কখনো ক্ষান্ত হব না যতক্ষণ না মূসা আমাদের কাছে ফিরে আসে।'

قَالَ يٰهٰرُوْنُ مَا مَنَعَكَ اِذْ رَاَيْتَهُمْ ضَلُّوْٓا ﴿٩٢﴾

৯২। সে (মূসা) বলল, 'হে হারূন! তুমি যখন দেখলে তারা পথভ্রষ্ট হয়েছে তখন কিসে তোমাকে বাধা দিল-

اَلَّا تَتَّبِعَنِ ؕ اَفَعَصَيْتَ اَمْرِيْ ﴿٩٣﴾

৯৩। আমার অনুসরণ করা হতে? তবে কি তুমি আমার নির্দেশ অমান্য করেছ?'

قَالَ يَبْنَؤُمَّ لَا تَاْخُذْ بِلِحْيَتِيْ وَلَا بِرَاْسِيْ ۚ اِنِّيْ خَشِيْتُ اَنْ تَقُوْلَ فَرَّقْتَ بَيْنَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ وَلَمْ تَرْقُبْ قَوْلِيْ ﴿٩٤﴾

৯৪। সে (হারূন) বলল, 'হে আমার মায়ের ছেলে! আমার দাড়ি ও মাথা (চুল) ধরবেন না, নিশ্চয় আমি আশঙ্কা করছিলাম যে, আপনি বলবেন, 'তুমি বনী ইসরাঈলের মধ্যে বিভেদ সৃষ্টি করেছ ও তুমি আমার কথার প্রতি যত্নবান হওনি।'

قَالَ فَمَا خَطْبُكَ يٰسَامِرِيُّ ﴿٩٥﴾

৯৫। সে (মূসা) বলল, ' তাহলে তোমার ব্যাপার কী, হে সামিরী?'

قَالَ بَصُرْتُ بِمَا لَمْ يَبْصُرُوْا بِهٖ فَقَبَضْتُ قَبْضَةً مِّنْ اَثَرِ الرَّسُوْلِ فَنَبَذْتُهَا وَكَذٰلِكَ سَوَّلَتْ لِيْ نَفْسِيْ ﴿٩٦﴾

৯৬। সে (সামেরী) বলল, 'আমি (এমন কিছু) দেখেছি যা তারা দেখেনি, এবং আমি সেই রাসূলের (জিবরাঈলের) পদচিহ্ন হতে একমুষ্টি নিয়েছিলাম এবং আমি তা নিক্ষেপ করেছিলাম, আর এভাবে আমার মন আমাকে প্ররোচিত করেছিল।'

قَالَ فَاذْهَبْ فَاِنَّ لَكَ فِي الْحَيٰوةِ اَنْ تَقُوْلَ لَا مِسَاسَ ۖ وَاِنَّ لَكَ مَوْعِدًا لَّنْ تُخْلَفَهٗ ۚ وَانْظُرْ اِلٰٓى اِلٰهِكَ الَّذِيْ ظَلْتَ عَلَيْهِ عَاكِفًا ؕ لَنُحَرِّقَنَّهٗ ثُمَّ لَنَنْسِفَنَّهٗ فِي الْيَمِّ نَسْفًا ﴿٩٧﴾

৯৭। সে (মূসা) বলল, 'তাহলে তুমি যাও, আর নিশ্চয় এই জীবনে তোমার জন্য (অবধারিত) রইল যে, তুমি বলবে (আমাকে) স্পর্শ করো না এবং নিশ্চয় তোমার জন্য রইল এক নির্দিষ্ট সময়, (তোমার বেলায়) কখনো যার ব্যতিক্রম করা হবে না এবং তুমি তোমার সেই ইলাহ্-এর দিকে লক্ষ্য কর যার প্রতি (উপাসনায়) তুমি লেগে ছিলে। অবশ্যই অবশ্যই আমরা একে জ্বালিয়ে দেব, এরপর অবশ্যই অবশ্যই একে সম্পূর্ণরূপে সমুদ্রে নিক্ষেপ করব।'

اِنَّمَآ اِلٰهُكُمُ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ وَسِعَ كُلَّ شَيْءٍ عِلْمًا ﴿٩٨﴾

৯৮। তোমাদের ইলাহ্ কেবল আল্লাহ্, যিনি ছাড়া কোন ইলাহ্ নেই। তিনি জ্ঞানে সবকিছুকে পরিবেষ্টন করে রেখেছেন।

كَذٰلِكَ نَقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآءِ مَا قَدْ سَبَقَ ۚ وَقَدْ اٰتَيْنٰكَ مِنْ لَّدُنَّا ذِكْرًا ﴿٩٩﴾

৯৯। এভাবেই আমি যা গত হয়েছে তার সংবাদ তোমার নিকট বর্ণনা করছি, এবং অবশ্যই আমি তোমাকে দান করেছি আমার নিকট থেকে এক যিকির (কুরআন),

مَنْ اَعْرَضَ عَنْهُ فَاِنَّهٗ يَحْمِلُ يَوْمَ الْقِيٰمَةِ وِزْرًا ﴿١٠٠﴾

১০০। যে তা থেকে মুখ ফিরিয়ে নিবে, নিশ্চয় সে কিয়ামতের দিন (পাপের) বোঝা বহন করবে-

خٰلِدِيْنَ فِيْهِ ؕ وَسَآءَ لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ حِمْلًا ﴿١٠١﴾

১০১। তাতে (বোঝা বহনে) তারা স্থায়ী হবে এবং বোঝা হিসেবে কিয়ামতের দিন তাদের জন্য তা কতই না নিকৃষ্ট!

يَّوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ ۚ وَنَحْشُرُ الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ زُرْقًا ﴿١٠٢﴾

১০২। যেদিন শিঙ্গায় ফুঁ দেয়া হবে এবং যেদিন আমি অপরাধীদেরকে দৃষ্টিহীন অবস্থায় সমবেত করব,

يَّتَخَافَتُوْنَ بَيْنَهُمْ اِنْ لَّبِثْتُمْ اِلَّا عَشْرًا ﴿١٠٣﴾

১০৩। (সে দিন) তারা নিজেদের মধ্যে নিচু স্বরে বলবে, 'তোমরা কেবল দশ দিন অবস্থান করেছিলে।'

نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ اِذْ يَقُوْلُ اَمْثَلُهُمْ طَرِيْقَةً اِنْ لَّبِثْتُمْ اِلَّا يَوْمًا ﴿١٠٤﴾

১০৪। আমি সে সম্পর্কে সবচেয়ে বেশী জানি যা তারা বলবে যখন তাদের মধ্যে পথ-পদ্ধতিতে উৎকৃষ্ট ব্যক্তি বলবে, 'তোমরা কেবল একদিন অবস্থান করেছিলে।'

وَيَسْئَلُوْنَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ يَنْسِفُهَا رَبِّيْ نَسْفًا ﴿١٠٥﴾

১০৫। আর তারা তোমাকে পর্বতমালা সম্পর্কে জিজ্ঞাসা করে, সুতরাং বল, 'আমার প্রতিপালক এগুলোকে সম্পূর্ণরূপে উৎপাটন করবেন-

فَيَذَرُهَا قَاعًا صَفْصَفًا ﴿١٠٦﴾

১০৬। অতঃপর তিনি একে (পৃথিবীকে) রেখে দিবেন তৃণহীন সমতলভূমিরূপে-

لَّا تَرٰى فِيْهَا عِوَجًا وَّلَآ اَمْتًا ﴿١٠٧﴾

১০৭। যাতে তুমি বক্রতা ও উঁচুস্থান দেখবে না।'

يَوْمَئِذٍ يَّتَّبِعُوْنَ الدَّاعِيَ لَا عِوَجَ لَهٗ ۚ وَخَشَعَتِ الْاَصْوَاتُ لِلرَّحْمٰنِ فَلَا تَسْمَعُ اِلَّا هَمْسًا ﴿١٠٨﴾

১০৮। সেদিন তারা আহ্বানকারীর অনুসরণ করবে, যার কোন বক্রতা (ব্যাতিক্রম) হবে না এবং অসীম দয়াময়ের সামনে সকল আওয়াজ স্তব্ধ হয়ে যাবে, সুতরাং পদধ্বনি ছাড়া তুমি কিছুই শুনবে না।

يَوْمَئِذٍ لَّا تَنْفَعُ الشَّفَاعَةُ اِلَّا مَنْ اَذِنَ لَهُ الرَّحْمٰنُ وَرَضِيَ لَهٗ قَوْلًا ﴿١٠٩﴾

১০৯। দয়াময় যাকে অনুমতি দিবেন ও যার কথা তিনি পছন্দ করবেন সে ছাড়া (কারও) সুপারিশ সেদিন কোন উপকারে আসবে না।

يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيْطُوْنَ بِهٖ عِلْمًا ﴿١١٠﴾

১১০। তিনি জানেন যা আছে তাদের সামনে ও যা আছে তাদের পিছনে, কিন্তু তারা তাঁকে জ্ঞান দ্বারা পরিবেষ্টন করতে পারে না।

وَعَنَتِ الْوُجُوْهُ لِلْحَيِّ الْقَيُّوْمِ ۭ وَقَدْ خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿١١١﴾

১১১। এবং চিরঞ্জীব ও চিরস্থায়ী (সত্তা) এর নিকট সকল চেহারা অবনত হবে এবং (সেদিন) যে জুলুম বহন করবে সে ব্যর্থ হবে।

وَمَنْ يَّعْمَلْ مِنَ الصّٰلِحٰتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا يَخٰفُ ظُلْمًا وَّلَا هَضْمًا ﴿١١٢﴾

১১২। কিন্তু যে মু'মিন হয়ে সৎকাজ করে, সে কোন জুলুম ও ক্ষতির আশঙ্কা করবে না ।

وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ قُرْاٰنًا عَرَبِيًّا وَّصَرَّفْنَا فِيْهِ مِنَ الْوَعِيْدِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ اَوْ يُحْدِثُ لَهُمْ ذِكْرًا ﴿١١٣﴾

১১৩। আর এভাবেই আমি এটিকে আরবী কুরআনরূপে অবতীর্ণ করেছি এবং তাতে বিভিন্নভাবে শাস্তির প্রতিশ্রুতি বর্ণনা করেছি, যাতে তারা তাকওয়া অবলম্বন করতে পারে অথবা তাদের জন্য উপদেশ সৃষ্টি করতে পারে।

فَتَعٰلَى اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ ۚ وَلَا تَعْجَلْ بِالْقُرْاٰنِ مِنْ قَبْلِ اَنْ يُّقْضٰٓى اِلَيْكَ وَحْيُهٗ ۡ وَقُلْ رَّبِّ زِدْنِيْ عِلْمًا ﴿١١٤﴾

১১৪। অতএব আল্লাহ্ হলেন সুমহান যিনি মালিক ও সত্য, আর তোমার প্রতি তাঁর ওহী সম্পূর্ণ করার পূর্বে কুরআন (পাঠ)-এর ব্যাপারে তুমি তাড়াহুড়া করো না এবং বল, 'হে আমার প্রতিপালক! আমার জ্ঞান বৃদ্ধি করে দিন।'

وَلَقَدْ عَهِدْنَآ اِلٰٓى اٰدَمَ مِنْ قَبْلُ فَنَسِيَ وَلَمْ نَجِدْ لَهٗ عَزْمًا ﴿١١٥﴾

১১৫। এবং অবশ্যই আমি ইতঃপূর্বে আদমকে নির্দেশ দিয়েছিলাম, কিন্তু সে ভুলে গিয়েছিল এবং আমি তার মধ্যে কোন দৃঢ় সংকল্প পাইনি।

وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ۭ اَبٰى ﴿١١٦﴾

১১৬। আর যখন আমি ফেরেশতাদেরকে বলেছিলাম, 'আদমকে সিজদা কর।' তখন তারা সিজদা করল- ইবলিস ছাড়া। সে অস্বীকার করল।

فَقُلْنَا يٰٓاٰدَمُ اِنَّ هٰذَا عَدُوٌّ لَّكَ وَلِزَوْجِكَ فَلَا يُخْرِجَنَّكُمَا مِنَ الْجَنَّةِ فَتَشْقٰى ﴿١١٧﴾

১১৭। অতঃপর আমি বললাম, 'হে আদম! নিশ্চয় এ তোমার ও তোমার স্ত্রীর শত্রু, সুতরাং সে যেন কিছুতেই তোমাদের দু'জনকে জান্নাত থেকে বের না করে , তাহলে তুমি দুর্ভোগ পোহাবে।

اِنَّ لَكَ اَلَّا تَجُوْعَ فِيْهَا وَلَا تَعْرٰى ﴿١١٨﴾

১১৮। নিশ্চয় তোমার জন্য (ব্যবস্থা) রয়েছে যে, তুমি সেখানে (জান্নাতে) ক্ষুধার্ত হবে না এবং নগ্ন হবে না-

وَاَنَّكَ لَا تَظْمَؤُا فِيْهَا وَلَا تَضْحٰى ﴿١١٩﴾

১১৯। এবং তুমি তাতে পিপাসার্ত হবে না এবং রৌদ্রক্লিষ্ট হবে না।

فَوَسْوَسَ اِلَيْهِ الشَّيْطٰنُ قَالَ يٰٓاٰدَمُ هَلْ اَدُلُّكَ عَلٰى شَجَرَةِ الْخُلْدِ وَمُلْكٍ لَّا يَبْلٰى ﴿١٢٠﴾

১২০। অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিল, সে বলল, 'হে আদম! আমি কি আপনাকে দেখিয়ে দেব অমরত্বের বৃক্ষটি ও এমন এক রাজ্য যা ক্ষয় হয় না?'

فَاَكَلَا مِنْهَا فَبَدَتْ لَهُمَا سَوْاٰتُهُمَا وَطَفِقَا يَخْصِفٰنِ عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ ۡ وَعَصٰٓى اٰدَمُ رَبَّهٗ فَغَوٰى ﴿١٢١﴾

১২১। অতঃপর তারা দু'জন তা (সে বৃক্ষ) হতে আহার করল, তখন তাদের লজ্জাস্থান তাদের নিকট প্রকাশ হয়ে পড়ল এবং তারা জান্নাতের (গাছের) পাতা দ্বারা তাদেরকে আবৃত করতে লাগল। আর আদম তার প্রতিপালককে অমান্য করল, ফলে সে ভুলে পতিত হল।

ثُمَّ اجْتَبٰهُ رَبُّهٗ فَتَابَ عَلَيْهِ وَهَدٰى ﴿١٢٢﴾

১২২। এরপর তার প্রতিপালক তাকে মনোনীত করলেন, তার তওবা কবুল করলেন এবং তাকে সঠিক পথ প্রদর্শন করলেন।

قَالَ اهْبِطَا مِنْهَا جَمِيْعًا ۚ بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ فَاِمَّا يَاْتِيَنَّكُمْ مِّنِّيْ هُدًى ۙ فَمَنِ اتَّبَعَ هُدَايَ فَلَا يَضِلُّ وَلَا يَشْقٰى ﴿١٢٣﴾

১২৩। তিনি বললেন, 'তোমরা সবাই* তা (জান্নাত) থেকে নেমে যাও, তোমরা একে অপরের শত্রু, অতঃপর যখন আমার পক্ষ থেকে তোমাদের নিকট পথনির্দেশিকা আসবে তখন যে আমার পথনির্দেশিকা অনুসরণ করবে সে পথভ্রষ্ট হবে না এবং দুর্ভোগ পোহাবে না।

وَمَنْ اَعْرَضَ عَنْ ذِكْرِيْ فَاِنَّ لَهٗ مَعِيْشَةً ضَنْكًا وَّنَحْشُرُهٗ يَوْمَ الْقِيٰمَةِ اَعْمٰى ﴿١٢٤﴾

১২৪। এবং যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নিবে, নিশ্চয় তার জীবিকা হবে সংকুচিত* এবং আমি তাকে কিয়ামতের দিন সমবেত করব দৃষ্টিহীন অবস্থায়।'

قَالَ رَبِّ لِمَ حَشَرْتَنِيْٓ اَعْمٰى وَقَدْ كُنْتُ بَصِيْرًا ﴿١٢٥﴾

১২৫। সে বলবে, 'হে আমার প্রতিপালক! কেন আমাকে দৃষ্টিহীন অবস্থায় সমবেত করলেন, অথচ আমি ছিলাম দৃষ্টিসম্পন্ন?'

قَالَ كَذٰلِكَ اَتَتْكَ اٰيٰتُنَا فَنَسِيْتَهَا ۚ وَكَذٰلِكَ الْيَوْمَ تُنْسٰى ﴿١٢٦﴾

১২৬। তিনি বলবেন, 'এভাবেই আমার আয়াতসমূহ তোমার নিকট এসেছিল, কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে, এবং সেভাবেই আজ তোমাকে ভুলে যাওয়া হবে।'

وَكَذٰلِكَ نَجْزِيْ مَنْ اَسْرَفَ وَلَمْ يُؤْمِنْ بِاٰيٰتِ رَبِّهٖ ۭ وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَدُّ وَاَبْقٰى ﴿١٢٧﴾

১২৭। এবং এভাবেই আমি প্রতিফল দেই তাকে যে সীমালঙ্ঘন করে ও তার প্রতিপালকের আয়াতসমূহে ঈমান আনে না। এবং অবশ্যই আখিরাতের শাস্তি অধিক কঠিন ও অধিক স্থায়ী।

اَفَلَمْ يَهْدِ لَهُمْ كَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنَ الْقُرُوْنِ يَمْشُوْنَ فِيْ مَسٰكِنِهِمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّاُولِي النُّهٰى ﴿١٢٨﴾ ع ١٦ ٩ ركوع ١٦

১২৮। তবে কি এটা তাদেরকে সঠিকপথ দেখাল না যে, আমি তাদের পূর্বে কত প্রজন্মকে ধ্বংস করেছি যাদের আবাসসমূহে তারা বিচরণ করে থাকে? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে বুদ্ধিমানদের জন্যে।

وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَكَانَ لِزَامًا وَّاَجَلٌ مُّسَمًّى ﴿١٢٩﴾

১২৯। আর যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে একটি বাণী ও একটি নির্দিষ্ট সময় গত (পূর্ব ঘোষিত) হয়ে না থাকত তাহলে অবশ্যই তা (শাস্তি এসে পড়া) অপরিহার্য হত।

فَاصْبِرْ عَلٰي مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوْبِهَا ۚ وَمِنْ اٰنَاۗيِٕ الَّيْلِ فَسَبِّحْ وَاَطْرَافَ النَّهَارِ لَعَلَّكَ تَرْضٰى ﴿١٣٠﴾

১৩০। সুতরাং তারা যা বলে তাতে তুমি ধৈর্যধারণ কর এবং সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা কর এবং রাতের কিছু সময়েও পবিত্রতা ঘোষণা কর এবং দিনের প্রান্তসমূহেও যাতে তুমি সন্তুষ্ট হতে পার।

وَلَا تَمُدَّنَّ عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖٓ اَزْوَاجًا مِّنْهُمْ زَهْرَةَ الْحَيٰوةِ الدُّنْيَا ۙ لِنَفْتِنَهُمْ فِيْهِ ۭ وَرِزْقُ رَبِّكَ خَيْرٌ وَّاَبْقٰى ﴿١٣١﴾

১৩১। এবং তুমি তোমার চোখ দু'টো কখনো প্রসারিত করো না তার প্রতি যে ভোগ্যসামগ্রী আমি তাদের বিভিন্ন শ্রেণীকে দিয়েছি দুনিয়ার জীবনের সৌন্দর্যস্বরূপ- তাতে তাদেরকে পরীক্ষা করার জন্য। আর তোমার প্রতিপালকের (দেয়া) রিযিক উত্তম ও অধিক স্থায়ী ।

وَاْمُرْ اَهْلَكَ بِالصَّلٰوةِ وَاصْطَبِرْ عَلَيْهَا ۭ لَا نَسْـَٔـلُكَ رِزْقًا ۭ نَحْنُ نَرْزُقُكَ ۭ وَالْعَاقِبَةُ لِلتَّقْوٰى ﴿١٣٢﴾

১৩২। এবং তোমার পরিবার-পরিজনকে সালাতের (নামাযের) নির্দেশ দাও ও তাতে (নির্দেশ দানে) অবিচল থাক। আমি তোমার নিকট কোন রিযিক চাই না। আমিই তোমাকে রিযিক দেই এবং শুভ পরিণাম তাকওয়ার জন্য।

وَقَالُوْا لَوْلَا يَاْتِيْنَا بِاٰيَةٍ مِّنْ رَّبِّهٖ ۭ اَوَلَمْ تَاْتِهِمْ بَيِّنَةُ مَا فِي الصُّحُفِ الْاُوْلٰى ﴿١٣٣﴾

১৩৩। এবং তারা বলে, 'সে তার প্রতিপালকের নিকট থেকে আমাদের নিকট কোন নিদর্শন নিয়ে আসে না কেন?' তাদের নিকট কি পূর্ববর্তী সহীফাসমূহে যা আছে তার সুস্পষ্ট প্রমাণ (অর্থাৎ কুরআন) আসেনি?

وَلَوْ اَنَّآ اَهْلَكْنٰهُمْ بِعَذَابٍ مِّنْ قَبْلِهٖ لَقَالُوْا رَبَّنَا لَوْلَآ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا فَنَتَّبِعَ اٰيٰتِكَ مِنْ قَبْلِ اَنْ نَّذِلَّ وَنَخْزٰى ﴿١٣٤﴾

১৩৪। এবং যদি আমি তাদেরকে ইতঃপূর্বে শাস্তি দ্বারা ধ্বংস করতাম তাহলে অবশ্যই তারা বলত, 'হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের নিকট একজন রাসূল প্রেরণ করলেন না কেন? তাহলে আমরা লাঞ্ছিত ও অপমানিত হওয়ার পূর্বে আপনার আয়াতসমূহ অনুসরণ করতাম ।

قُلْ كُلٌّ مُّتَرَبِّصٌ فَتَرَبَّصُوْا ۚ فَسَتَعْلَمُوْنَ مَنْ اَصْحٰبُ الصِّرَاطِ السَّوِيِّ وَمَنِ اهْتَدٰى ﴿١٣٥﴾ ع ١٧ ٨ ركوع ١٧

১৩৫। বল, 'প্রত্যেকেই প্রতীক্ষা করছে, সুতরাং তোমরাও প্রতীক্ষা কর, অতঃপর শীঘ্রই তোমরা জানতে পারবে কে সঠিকপথের অধিকারী এবং কে সঠিকপথ অবলম্বন করেছে।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২১. সূরা আল-আম্বিয়া, মাক্কী

১১২ আয়াত, ৭ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢١-سُوْرَةُ الْاَنْبِيَآءِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١٢، رُكُوْعَاتُهَا-٧

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-১৭

১। মানুষের জন্য নিকটবর্তী হয়েছে তাদের হিসাব, অথচ তারা বেখবর হয়ে উপেক্ষা করছে,

اِقْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَهُمْ فِيْ غَفْلَةٍ مُّعْرِضُوْنَ ۚ ﴿١﴾

২। যখনই তাদের নিকট তাদের প্রতিপালকের পক্ষ থেকে কোন নতুন উপদেশ আসে তখন তারা কেবল তা খেলাচ্ছলে শ্রবণ করে-

مَا يَاْتِيْهِمْ مِّنْ ذِكْرٍ مِّنْ رَّبِّهِمْ مُّحْدَثٍ اِلَّا اسْتَمَعُوْهُ وَهُمْ يَلْعَبُوْنَ ۙ ﴿٢﴾

৩। যখন তাদের হৃদয় থাকে অমনোযোগী। এবং যারা জুলুম করেছে তারা (তাদের) গোপন পরামর্শকে গোপন করে*, (এবং বলে) 'এ (ব্যক্তি) কি তোমাদের মত একজন মানুষ ছাড়া অন্য কিছু? তবে কি তোমরা দেখে শুনে জাদুর নিকটে যাবে?'

لَاهِيَةً قُلُوْبُهُمْ ؕ وَاَسَرُّوا النَّجْوَى ۖ الَّذِيْنَ ظَلَمُوْا ۖ هَلْ هٰذَآ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۚ اَفَتَاْتُوْنَ السِّحْرَ وَاَنْتُمْ تُبْصِرُوْنَ ﴿٣﴾

৪। সে (রাসূল) বলল, 'আকাশসমূহ ও পৃথিবীর সমস্ত কথা আমার প্রতিপালক জানেন এবং তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।'

قٰلَ رَبِّيْ يَعْلَمُ الْقَوْلَ فِي السَّمَآءِ وَالْاَرْضِ ز وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٤﴾

৫। বরং তারা বলে, '(এগুলো) এলোমেলো স্বপ্ন, নয়তো সে এটি রচনা করেছে, নয়তো সে একজন কবি। অতএব সে আমাদের নিকট একটি নিদর্শন নিয়ে আসুক যেভাবে (নিদর্শনসহ) পূর্ববর্তীরা প্রেরিত হয়েছিল।'

بَلْ قَالُوْٓا اَضْغَاثُ اَحْلَامٍۭ بَلِ افْتَرٰىهُ بَلْ هُوَ شَاعِرٌ ۖ فَلْيَاْتِنَا بِاٰيَةٍ كَمَآ اُرْسِلَ الْاَوَّلُوْنَ ﴿٥﴾

৬। তাদের পূর্বে কোনো জনপদই ঈমান আনেনি যা আমি ধ্বংস করেছি, তবে কি তারা (জনপদের অধিবাসীরা) ঈমান আনবে?

مَآ اٰمَنَتْ قَبْلَهُمْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا ۚ اَفَهُمْ يُؤْمِنُوْنَ ﴿٦﴾

৭। আর তোমার পূর্বে আমি মানুষকেই (রাসূল হিসেবে) প্রেরণ করেছিলাম, যাদের প্রতি আমি ওহী করেছিলাম, সুতরাং তোমরা যদি না জান তবে যিকির ধারীদেরকে (কিতাবধারীদেরকে) জিজ্ঞাসা কর।

وَمَآ اَرْسَلْنَا قَبْلَكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ فَسْئَلُوْٓا اَهْلَ الذِّكْرِ اِنْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٧﴾

৮। এবং আমি তাদেরকে এমন দেহবিশিষ্ট করিনি যে, তারা খাবার খেত না এবং তারা স্থায়ীও (অমরও) ছিল না।

وَمَا جَعَلْنٰهُمْ جَسَدًا لَّا يَاْكُلُوْنَ الطَّعَامَ وَمَا كَانُوْا خٰلِدِيْنَ ﴿٨﴾

৯। এরপর আমি তাদের প্রতি (আমার) প্রতিশ্রুতি সত্যে পরিণত করলাম, এবং আমি তাদেরকে এবং যাদেরকে ইচ্ছা করলাম উদ্ধার করলাম এবং সীমালংঘনকারীদেরকে ধ্বংস করলাম।

ثُمَّ صَدَقْنٰهُمُ الْوَعْدَ فَاَنْجَيْنٰهُمْ وَمَنْ نَّشَآءُ وَاَهْلَكْنَا الْمُسْرِفِيْنَ ﴿٩﴾

ع ١ ١ ١ রুকূ ١

১০। অবশ্যই আমি তোমাদের প্রতি একটি কিতাব অবতীর্ণ করেছি যাতে তোমাদের উল্লেখ* রয়েছে। তবে কি তোমরা অনুধাবন কর না?

لَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكُمْ كِتٰبًا فِيْهِ ذِكْرُكُمْ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٠﴾

১১। এবং কত জনপদই আমি চুরমার করে দিয়েছি যা (অর্থাৎ যার অদিবাসীরা) ছিল জালিম এবং এর পরে আমি অন্য জাতি সৃষ্টি করেছি।

وَكَمْ قَصَمْنَا مِنْ قَرْيَةٍ كَانَتْ ظَالِمَةً وَّاَنْشَاْنَا بَعْدَهَا قَوْمًا اٰخَرِيْنَ ﴿١١﴾

১২। অতঃপর যখন তারা আমার শাস্তি অনুভব করল তখনই তারা সেখান থেকে পলায়ন করতে লাগল।

فَلَمَّآ اَحَسُّوْا بَاْسَنَآ اِذَا هُمْ مِّنْهَا يَرْكُضُوْنَ ؕ ﴿١٢﴾

১৩। (তাদেরকে বলা হয়েছিল) 'পলায়ন করো না এবং ফিরে আস তোমাদের বিলাস-সামগ্রীর দিকে ও তোমাদের বাসস্থানসমূহে, যাতে তোমাদেরকে জিজ্ঞাসা করা যেতে পারে।'

لَا تَرْكُضُوْا وَارْجِعُوْٓا اِلٰى مَآ اُتْرِفْتُمْ فِيْهِ وَمَسٰكِنِكُمْ لَعَلَّكُمْ تُسْئَلُوْنَ ﴿١٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالُوْا يٰوَيْلَنَآ اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ﴿١٤﴾

১৪। তারা বলেছিল, 'হায় দুর্ভোগ আমাদের! নিশ্চয় আমরা ছিলাম জালিম।'

فَمَا زَالَتْ تِّلْكَ دَعْوٰىهُمْ حَتّٰى جَعَلْنٰهُمْ حَصِيْدًا خٰمِدِيْنَ ﴿١٥﴾

১৫। এবং তাদের এ আর্তনাদ চলছিল যতক্ষণ না আমি তাদেরকে বানিয়ে দিলাম কর্তিত শস্য ও নির্বাপিত আগুন।

وَمَا خَلَقْنَا السَّمَآءَ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا لٰعِبِيْنَ ﴿١٦﴾

১৬। আর আকাশ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা আছে তা আমি খেলাচ্ছলে সৃষ্টি করিনি।

لَوْ اَرَدْنَآ اَنْ نَّتَّخِذَ لَهْوًا لَّاتَّخَذْنٰهُ مِنْ لَّدُنَّآ ۖ اِنْ كُنَّا فٰعِلِيْنَ ﴿١٧﴾

১৭। আমি যদি তামাশার সামগ্রী* (স্ত্রী ও সন্তান) গ্রহণ করতে চাইতাম তাহলে আমি আমার নিকট থেকেই তা গ্রহণ করতাম; আমি তা করিনি।

بَلْ نَقْذِفُ بِالْحَقِّ عَلَى الْبَاطِلِ فَيَدْمَغُهٗ فَاِذَا هُوَ زَاهِقٌ ۭ وَلَكُمُ الْوَيْلُ مِمَّا تَصِفُوْنَ ﴿١٨﴾

১৮। বরং আমি সত্যকে মিথ্যার উপর নিক্ষেপ করি, ফলে তা (সত্য) তাকে (মিথ্যাকে) ধ্বংস করে দেয় এবং তৎক্ষণাৎ তা বিলুপ্ত হয়ে যায়। এবং দুর্ভোগ তোমাদের, তোমরা যে গুণ বর্ণনা করছ তার জন্য।

وَلَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَمَنْ عِنْدَهٗ لَا يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِهٖ وَلَا يَسْتَحْسِرُوْنَ ﴿١٩﴾

১৯। আর আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা তাঁরই। এবং তাঁর কাছে যারা আছে তারা তাঁর ইবাদত থেকে অহঙ্কার করে বিরত থাকে না এবং ক্লান্তও হয় না,

يُسَبِّحُوْنَ الَّيْلَ وَالنَّهَارَ لَا يَفْتُرُوْنَ ﴿٢٠﴾

২০। তারা তাঁর পবিত্রতা ঘোষণা করে রাতে ও দিনে, তারা শিথিল হয় না।

اَمِ اتَّخَذُوْٓا اٰلِهَةً مِّنَ الْاَرْضِ هُمْ يُنْشِرُوْنَ ﴿٢١﴾

২১। তারা (মুশরিকরা) কি পৃথিবী থেকে এমন উপাস্যদেরকে গ্রহণ করেছে যারা (মৃতকে) পুনর্জীবিত করতে পারে?

لَوْ كَانَ فِيْهِمَآ اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا ۚ فَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُوْنَ ﴿٢٢﴾

২২। যদি উভয়টিতে (আকাশসমূহ ও পৃথিবীতে) আল্লাহ্ ছাড়া বহু ইলাহ্ থাকত তাহলে উভয়টিই ধ্বংস হয়ে যেত, অতএব তারা যে গুণ বর্ণনা করে তা হতে আরশের অধিপতি আল্লাহ্ পবিত্র।

لَا يُسْـَٔلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْـَٔلُوْنَ ﴿٢٣﴾

২৩ তিনি যা করেন সে বিষয়ে তাঁকে প্রশ্ন করা হবে না, অথচ তাদেরকেই প্রশ্ন করা হবে।

اَمِ اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً ۭ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ ۚ هٰذَا ذِكْرُ مَنْ مَّعِيَ وَذِكْرُ مَنْ قَبْلِيْ ۭ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ۙ الْحَقَّ فَهُمْ مُّعْرِضُوْنَ ﴿٢٤﴾

২৪। তারা (মুশরিকরা) কি তাঁকে বাদ দিয়ে বহু ইলাহ্ (উপাস্য) গ্রহণ করেছে? বল, 'তোমরা তোমাদের অকাট্য দলীল-প্রমাণ উপস্থিত কর, এটা আমার সাথে যারা আছে তাদের (অর্থাৎ একত্ববাদীদের) কথা এবং আমার পূর্বে যারা (একত্ববাদী) ছিল তাদেরও কথা।' বরং তাদের (মুশরিকদের) অধিকাংশই সত্য জানে না, ফলে তারা উপেক্ষা করে।

وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُوْلٍ اِلَّا نُوْحِيْٓ اِلَيْهِ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ اَنَا فَاعْبُدُوْنِ ﴿٢٥﴾

২৫। এবং আমি তোমার পূর্বে এমন কোন রাসূল প্রেরণ করিনি তার প্রতি (এ) ওহী করা ছাড়া যে, 'আমি ছাড়া কোন ইলাহ্ নেই, সুতরাং তোমরা আমারই ইবাদত কর।'

وَقَالُوا اتَّخَذَ الرَّحْمٰنُ وَلَدًا سُبْحٰنَهٗ ۭ بَلْ عِبَادٌ مُّكْرَمُوْنَ ﴿٢٦﴾

২৬। আর তারা বলে, 'দয়াময় সন্তান গ্রহণ করেছেন', পবিত্র তিনি। বরং তারা (ফেরেশতারা) সম্মানিত বান্দা-

لَا يَسْبِقُوْنَهٗ بِالْقَوْلِ وَهُمْ بِاَمْرِهٖ يَعْمَلُوْنَ ﴿٢٧﴾

২৭। তারা কথায় তাঁর অগ্রগামী হয় না এবং তারা তাঁর নির্দেশ অনুসারেই কাজ করে থাকে।

يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يَشْفَعُوْنَ ۙ اِلَّا لِمَنِ ارْتَضٰى وَهُمْ مِّنْ خَشْيَتِهٖ مُشْفِقُوْنَ ﴿٢٨﴾

২৮। তিনি জানেন যা কিছু আছে তাদের সামনে এবং যা কিছু আছে তাদের পিছনে এবং তারা কেবল তাদের জন্য সুপারিশ করে যাদের প্রতি তিনি (আল্লাহ্) সন্তুষ্ট এবং তারা তাঁর ভয়ে ভীত-শঙ্কিত।

وَمَنْ يَّقُلْ مِنْهُمْ اِنِّيْٓ اِلٰهٌ مِّنْ دُوْنِهٖ فَذٰلِكَ نَجْزِيْهِ جَهَنَّمَ ۭ كَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ۝

২৯। এবং তাদের মধ্যে যে বলবে, 'তিনি ছাড়াও নিশ্চয় আমি একজন ইলাহ্', আমি তাকে এর প্রতিফল দেব জাহান্নাম। এতাবেই আমি জালিমদেরকে প্রতিফল দেই।

اَوَلَمْ يَرَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنَّ السَّمٰوٰتِ وَالْاَرْضَ كَانَتَا رَتْقًا فَفَتَقْنٰهُمَا ۭ وَجَعَلْنَا مِنَ الْمَاۗءِ كُلَّ شَيْءٍ حَيٍّ ۭ اَفَلَا يُؤْمِنُوْنَ ۝

৩০। যারা কুফরী করেছে তারা কি তেবে দেখেনি যে, আকাশসমূহ ও পৃথিবী ওতপ্রোতভাবে মিশেছিল, অতঃপর আমি উভয়কে পৃথক করে দিলাম এবং পানি থেকে বানালাম প্রত্যেক জীবিত বস্তু। তবে কি তারা ঈমান আনবে না?

وَجَعَلْنَا فِي الْاَرْضِ رَوَاسِيَ اَنْ تَمِيْدَ بِهِمْ ۠ وَجَعَلْنَا فِيْهَا فِجَاجًا سُبُلًا لَّعَلَّهُمْ يَهْتَدُوْنَ ۝

৩১। এবং আমি পৃথিবীতে সুদৃঢ় পর্বতমালা বানিয়েছি, যাতে তা (পৃথিবী) তাদেরকে নিয়ে আন্দোলিত না হয় এবং আমি তাতে পাহাড়ী পথ ও সমতল পথ বানিয়েছি, যাতে তারা (গন্তব্যস্থলের) পথ পেতে পারে।

وَجَعَلْنَا السَّمَاۗءَ سَقْفًا مَّحْفُوْظًا ۚ وَّهُمْ عَنْ اٰيٰتِهَا مُعْرِضُوْنَ ۝

৩২। এবং আমি আকাশকে বানিয়েছি সুরক্ষিত ছাদ, কিন্তু তারা এর (আকাশের) নিদর্শনাবলী থেকে মুখ ফিরিয়ে নেয়।

وَهُوَ الَّذِيْ خَلَقَ الَّيْلَ وَالنَّهَارَ وَالشَّمْسَ وَالْقَمَرَ ۭ كُلٌّ فِيْ فَلَكٍ يَّسْبَحُوْنَ ۝

৩৩। এবং তিনিই সৃষ্টি করেছেন রাত ও দিনকে এবং সূর্য ও চন্দ্রকে। প্রতিটিই কক্ষপথে সাঁতার কাটছে।

وَمَا جَعَلْنَا لِبَشَرٍ مِّنْ قَبْلِكَ الْخُلْدَ ۭ اَفَاْىِٕنْ مِّتَّ فَهُمُ الْخٰلِدُوْنَ ۝

৩৪। আর (হে নবী!) আমি তোমার পূর্বেও কোন মানুষকে স্থায়ীত্ব (অমরত্ব) দান করিনি। সুতরাং তুমি যদি মৃত্যুবরণ কর তাহলে তারা কি স্থায়ী (অমর) হয়ে যাবে?

كُلُّ نَفْسٍ ذَاۗىِٕقَةُ الْمَوْتِ ۭ وَنَبْلُوْكُمْ بِالشَّرِّ وَالْخَيْرِ فِتْنَةً ۭ وَاِلَيْنَا تُرْجَعُوْنَ ۝

৩৫। প্রত্যেক ব্যক্তিই* মৃত্যুর স্বাদ গ্রহণকারী এবং আমি তোমাদেরকে মন্দ ও ভাল দ্বারা পরীক্ষা হিসেবে বিপদে ফেলি এবং আমারই দিকে তোমাদেরকে ফিরিয়ে আনা হবে।

وَاِذَا رَاٰكَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ يَّتَّخِذُوْنَكَ اِلَّا هُزُوًا ۭ اَهٰذَا الَّذِيْ يَذْكُرُ اٰلِهَتَكُمْ ۚ وَهُمْ بِذِكْرِ الرَّحْمٰنِ هُمْ كٰفِرُوْنَ ۝

৩৬। এবং যারা কুফরী করেছে তারা যখন তোমাকে দেখে তখন তারা তোমাকে কেবল উপহাস হিসেবে গ্রহণ করে। (তারা বলে) 'একি সেই (ব্যক্তি), যে তোমাদের উপাস্যদের সমালোচনা করে?' অথচ তারাই 'রহমান'-এর আলোচনায় অবিশ্বাসী।

خُلِقَ الْاِنْسَانُ مِنْ عَجَلٍ ۭ سَاُورِيْكُمْ اٰيٰتِيْ فَلَا تَسْتَعْجِلُوْنِ ۝

৩৭। মানুষকে ত্বরা (প্রবণতা) দিয়ে সৃষ্টি করা হয়েছে। শীঘ্রই আমি তোমাদেরকে আমার নিদর্শনাবলী দেখাব, সুতরাং তোমরা আমাকে তাড়াতাড়ি করতে বলো না।

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝

৩৮। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এই প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

لَوْ يَعْلَمُ الَّذِيْنَ كَفَرُوْا حِيْنَ لَا يَكُفُّوْنَ عَنْ وُّجُوْهِهِمُ النَّارَ وَلَا عَنْ ظُهُوْرِهِمْ وَلَا هُمْ يُنْصَرُوْنَ ۝

৩৯। যারা কুফরী করেছে তারা যদি তখনকার কথা জানত যখন তারা তাদের চেহারা (অর্থাৎ সম্মুখ) থেকে আগুনকে বিরত করতে পারবে না এবং তাদের পিছন থেকেও না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।

بَلْ تَاْتِيْهِمْ بَغْتَةً فَتَبْهَتُهُمْ فَلَا يَسْتَطِيْعُوْنَ رَدَّهَا وَلَا هُمْ يُنْظَرُوْنَ ۝

৪০। বরং তা তাদের নিকট হঠাৎ আসবে এবং তাদেরকে হতভম্ব করে দিবে, এবং তারা তা রোধ করতে পারবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না।

وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِيْنَ سَخِرُوْا مِنْهُمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝

৪১। আর অবশ্যই তোমার পূর্বে রাসূলদেরকে ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল, অতঃপর তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তা যারা তাদেরকে ঠাট্টা-বিদ্রূপ করেছিল তাদেরকে (বিদ্রূপকারীদেরকে) পরিবেষ্টন করেছিল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قُلْ مَنْ يَّكْلَؤُكُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ مِنَ الرَّحْمٰنِ ؕ بَلْ هُمْ عَنْ ذِكْرِ رَبِّهِمْ مُّعْرِضُوْنَ ﴿٤٢﴾

৪২। বল, 'রহমান থেকে কে তোমাদেরকে রক্ষা করবে রাতে ও দিনে?' বরং তারা তাদের প্রতিপালকের স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়।

اَمْ لَهُمْ اٰلِهَةٌ تَمْنَعُهُمْ مِّنْ دُوْنِنَا ؕ لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَ اَنْفُسِهِمْ وَلَا هُمْ مِّنَّا يُصْحَبُوْنَ ﴿٤٣﴾

৪৩। তবে কি আমাকে বাদ দিয়ে তাদের এমন উপাস্যরা আছে যারা তাদেরকে রক্ষা করবে? এরা নিজদেরকেই সাহায্য করতে সক্ষম নয় এবং তাদেরকে আমার কাছ থেকে সুরক্ষিত করা হবে না।

بَلْ مَتَّعْنَا هٰٓؤُلَآءِ وَاٰبَآءَهُمْ حَتّٰى طَالَ عَلَيْهِمُ الْعُمُرُ ؕ اَفَلَا يَرَوْنَ اَنَّا نَاْتِى الْاَرْضَ نَنْقُصُهَا مِنْ اَطْرَافِهَا ؕ اَفَهُمُ الْغٰلِبُوْنَ ﴿٤٤﴾

৪৪। বরং আমিই তাদেরকে এবং তাদের পিতৃ-পুরুষদেরকে জীবনোপভোগ করতে দিয়েছিলাম, এমনকি তাদের মেয়াদ দীর্ঘ হয়েছিল। তবে কি তারা দেখছে না যে, আমি তাদের যমীনকে এর সীমানাসমূহের দিক থেকে সংকুচিত করছি। তবে কি তারা বিজয়ী হবে?

قُلْ اِنَّمَآ اُنْذِرُكُمْ بِالْوَحْىِ ۖ وَلَا يَسْمَعُ الصُّمُّ الدُّعَآءَ اِذَا مَا يُنْذَرُوْنَ ﴿٤٥﴾

৪৫। বল, 'আমি কেবল ওহী দ্বারাই তোমাদেরকে সতর্ক করি', কিন্তু যারা বধির তাদেরকে যখন সতর্ক করা হয় তখন তারা আহ্বান শোনে না।

وَلَئِنْ مَّسَّتْهُمْ نَفْحَةٌ مِّنْ عَذَابِ رَبِّكَ لَيَقُوْلُنَّ يٰوَيْلَنَآ اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٤٦﴾

৪৬। আর যদি তোমার প্রতিপালকের শাস্তি থেকে একটি ফুৎকার তাদেরকে স্পর্শ করে তাহলে অবশ্যই তারা বলবে, 'হায় দুর্ভোগ আমাদের! নিশ্চয় আমরা ছিলাম জালিম।'

وَنَضَعُ الْمَوَازِيْنَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيٰمَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْـًٔا ؕ وَاِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ اَتَيْنَا بِهَا ؕ وَكَفٰى بِنَا حٰسِبِيْنَ ﴿٤٧﴾

৪৭। এবং কিয়ামতের দিনের জন্য আমি ন্যায়বিচারের মীযান (মানদণ্ড) স্থাপন করব, সুতরাং কারো প্রতি কিছুই জুলুম করা হবে না। এবং (কারো কৃতকর্ম) যদি সরিষার দানা পরিমাণ হয় তবু আমি তা উপস্থিত করব। এবং হিসাব গ্রহণকারী হিসেবে আমিই যথেষ্ট।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى وَهٰرُوْنَ الْفُرْقَانَ وَضِيَآءً وَّذِكْرًا لِّلْمُتَّقِيْنَ ﴿٤٨﴾

৪৮। আর অবশ্যই আমি মূসা ও হারূনকে দিয়েছিলাম 'ফুরকান' এবং মুত্তাকীদের জন্য একটি আলো ও উপদেশ-

اَلَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَهُمْ مِّنَ السَّاعَةِ مُشْفِقُوْنَ ﴿٤٩﴾

৪৯। যারা না দেখেও তাদের প্রতিপালককে ভয় করে এবং তারা কিয়ামত সম্পর্কে ভীত-শঙ্কিত।

وَهٰذَا ذِكْرٌ مُّبٰرَكٌ اَنْزَلْنٰهُ ؕ اَفَاَنْتُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٥٠﴾

৫০। আর এটি (কুরআন) একটি বরকতময় উপদেশ; আমি এটি অবতীর্ণ করেছি। তবে কি তোমরা এটিকে অস্বীকার কর?

وَلَقَدْ اٰتَيْنَآ اِبْرٰهِيْمَ رُشْدَهٗ مِنْ قَبْلُ وَكُنَّا بِهٖ عٰلِمِيْنَ ﴿٥١﴾

৫১। এবং অবশ্যই আমি এর পূর্বে ইবরাহীমকে তার সঠিক পথ দিয়েছিলাম এবং আমি তার সম্বন্ধে জানতাম।

اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَا هٰذِهِ التَّمَاثِيْلُ الَّتِىْٓ اَنْتُمْ لَهَا عٰكِفُوْنَ ﴿٥٢﴾

৫২। যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বলল, 'এ মূর্তিগুলো কী, যাদের প্রতি (উপাসনায়) তোমরা লেগে থাক?'

قَالُوْا وَجَدْنَآ اٰبَآءَنَا لَهَا عٰبِدِيْنَ ﴿٥٣﴾

৫৩। তারা বলল, 'আমরা আমাদের বাপ-দাদাদেরকে এদের উপাসক হিসেবে পেয়েছি।'

قَالَ لَقَدْ كُنْتُمْ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٥٤﴾

৫৪। সে বলল, 'তোমরা নিজেরা এবং তোমাদের বাপ-দাদারাও সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছ।'

قَالُوْٓا اَجِئْتَنَا بِالْحَقِّ اَمْ اَنْتَ مِنَ اللّٰعِبِيْنَ ﴿٥٥﴾

৫৫। তারা বলল, 'তুমি কি আমাদের নিকট সত্য নিয়ে এসেছ, না কি তুমি তামাশাকারীদের অন্তর্ভুক্ত?'

ع ٣ ٢ ٨ রুকু ٨

قَالَ بَلْ رَّبُّكُمْ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ الَّذِيْ فَطَرَهُنَّ ۖ وَ
اَنَا عَلٰى ذٰلِكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ﴿٥٦﴾

৫৬। সে বলল, 'বরং তোমাদের প্রতিপালক হলেন আকাশসমূহ ও পৃথিবীর প্রতিপালক, যিনি এগুলো সৃষ্টি করেছেন এবং এ বিষয়ে আমি অন্যতম সাক্ষী।

وَتَاللّٰهِ لَاَكِيْدَنَّ اَصْنَامَكُمْ بَعْدَ اَنْ تُوَلُّوْا مُدْبِرِيْنَ ﴿٥٧﴾

৫৭। আর আল্লাহ্‌র কসম, তোমরা চলে যাওয়ার পর অবশ্যই অবশ্যই আমি তোমাদের মূর্তিগুলোর বিরুদ্ধে কৌশল অবলম্বন করব।'

فَجَعَلَهُمْ جُذٰذًا اِلَّا كَبِيْرًا لَّهُمْ لَعَلَّهُمْ اِلَيْهِ يَرْجِعُوْنَ ﴿٥٨﴾

৫৮। অতঃপর সে এগুলোকে (মূর্তিগুলোকে) চূর্ণ-বিচূর্ণ করে দিল- তাদের বড়টি ছাড়া, যাতে তারা তার (বড় মূর্তিটির) দিকে ফিরে আসে।

قَالُوْا مَنْ فَعَلَ هٰذَا بِاٰلِهَتِنَآ اِنَّهٗ لَمِنَ الظّٰلِمِيْنَ ﴿٥٩﴾

৫৯। তারা বলল, 'আমাদের উপাস্যগুলোর সাথে এমন (আচরণ) কে করল? নিশ্চয় সে সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত।'

قَالُوْا سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ يُقَالُ لَهٗٓ اِبْرٰهِيْمُ ﴿٦٠﴾

৬০। তারা বলল, 'এক যুবককে এদের সমালোচনা করতে শুনেছি; তাকে ইবরাহীম বলে ডাকা হয়।'

قَالُوْا فَاْتُوْا بِهٖ عَلٰٓى اَعْيُنِ النَّاسِ لَعَلَّهُمْ يَشْهَدُوْنَ ﴿٦١﴾

৬১। তারা বলল, 'তাকে জনসম্মুখে নিয়ে আস, যাতে তারা (তাকে দেখে) সাক্ষী দিতে পারে।'

قَالُوْٓا ءَاَنْتَ فَعَلْتَ هٰذَا بِاٰلِهَتِنَا يٰٓاِبْرٰهِيْمُ ﴿٦٢﴾

৬২। তারা বলল, 'হে ইবরাহীম! তুমিই কি আমাদের উপাস্যগুলোর প্রতি এরূপ (আচরণ) করেছ?'

قَالَ بَلْ فَعَلَهٗ ۖ كَبِيْرُهُمْ هٰذَا فَسْـَٔلُوْهُمْ اِنْ كَانُوْا يَنْطِقُوْنَ ﴿٦٣﴾

৬৩। সে বলল, 'বরং এদের এই বড়টিই তা করেছে, সুতরাং এদেরকে জিজ্ঞাসা কর- যদি এরা কথা বলতে পারে।'

فَرَجَعُوْٓا اِلٰٓى اَنْفُسِهِمْ فَقَالُوْٓا اِنَّكُمْ اَنْتُمُ الظّٰلِمُوْنَ ﴿٦٤﴾

৬৪। সুতরাং তারা তাদের নিজেদের দিকে ফিরে গেল এবং (একে অপরকে) বলল, 'নিশ্চয় তোমরাই জালিম'-

ثُمَّ نُكِسُوْا عَلٰى رُءُوْسِهِمْ ۚ لَقَدْ عَلِمْتَ مَا هٰٓؤُلَآءِ يَنْطِقُوْنَ ﴿٦٥﴾

৬৫। এরপর তারা পূর্বাবস্থায় ফিরে গেল, (এবং বলল) 'অবশ্যই তুমি জান যে, এরা কথা বলে না।'

قَالَ اَفَتَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكُمْ شَيْـًٔا وَّ
لَا يَضُرُّكُمْ ﴿٦٦﴾

৬৬। সে (ইবরাহীম) বলল, 'তবে কি তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন কিছুর উপাসনা কর যা তোমাদের কিছু উপকার করে না এবং তোমাদের অপকারও করে না?

اُفٍّ لَّكُمْ وَلِمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٧﴾

৬৭। ধিক্ তোমাদের জন্য এবং তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের উপাসনা কর তাদের জন্য। তবে কি তোমরা অনুধাবন কর না?'

قَالُوْا حَرِّقُوْهُ وَانْصُرُوْٓا اٰلِهَتَكُمْ اِنْ كُنْتُمْ فٰعِلِيْنَ ﴿٦٨﴾

৬৮। তারা বলল, 'তাকে পুড়িয়ে ফেল এবং তোমাদের উপাস্যদেরকে সাহায্য কর- যদি তোমরা (কিছু) করতেই চাও।'

قُلْنَا يٰنَارُ كُوْنِيْ بَرْدًا وَّسَلٰمًا عَلٰٓى اِبْرٰهِيْمَ ﴿٦٩﴾

৬৯। আমি বললাম, 'হে আগুন! ইবরাহীমের প্রতি শীতল ও শান্তি হয়ে যাও'-

وَاَرَادُوْا بِهٖ كَيْدًا فَجَعَلْنٰهُمُ الْاَخْسَرِيْنَ ﴿٧٠﴾

৭০। এবং তারা তার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে চেয়েছিল, কিন্তু আমি তাদেরকে সর্বাধিক ক্ষতিগ্রস্ত করে দিলাম,

وَنَجَّيْنٰهُ وَلُوْطًا اِلَى الْاَرْضِ الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا لِلْعٰلَمِيْنَ ﴿٧١﴾

৭১। এবং আমি তাকে ও লূতকে উদ্ধার করে সে যমীনে (দেশে)* নিয়ে গেলাম, যেখানে আমি জগৎসমূহের (মানবজাতির) জন্য বরকত দিয়েছি।

وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ ۭ وَيَعْقُوْبَ نَافِلَةً ۭ وَكُلًّا جَعَلْنَا صٰلِحِيْنَ ﴿٧٢﴾

৭২। আমি তাকে দান করেছিলাম ইসহাক এবং অতিরিক্ত হিসেবে (পৌত্ররূপে) ইয়াকুবকে। এবং প্রত্যেককেই বানিয়েছিলাম সৎকর্মশীল।

وَجَعَلْنٰهُمْ اَىِٕمَّةً يَّهْدُوْنَ بِاَمْرِنَا وَاَوْحَيْنَآ اِلَيْهِمْ فِعْلَ الْخَيْرٰتِ
وَاِقَامَ الصَّلٰوةِ وَاِيْتَاۗءَ الزَّكٰوةِ ۚ وَكَانُوْا لَنَا عٰبِدِيْنَ ﴿٧٣﴾

৭৩। এবং তাদেরকে নেতা বানিয়েছিলাম, তারা আমার নির্দেশ অনুসারে (মানুষকে) সঠিক পথ প্রদর্শন করত, তাদের প্রতি ওহী করেছিলাম কল্যাণের কাজ করতে, সালাত (নামায) কায়েম করতে এবং যাকাত প্রদান করতে, এবং তারা আমারই ইবাদত করত।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلُوْطًا اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا وَّنَجَّيْنٰهُ مِنَ الْقَرْيَةِ الَّتِيْ كَانَتْ تَّعْمَلُ الْخَبٰٓئِثَ ۭ اِنَّهُمْ كَانُوْا قَوْمَ سَوْءٍ فٰسِقِيْنَ ۝٧٤

৭৪। এবং লূত, আমি তাকে প্রজ্ঞা ও জ্ঞান দিয়েছিলাম এবং তাকে উদ্ধার করেছিলাম এমন এক জনপদ থেকে যা (অর্থাৎ যার অধিবাসীরা) অপবিত্র কাজ করত। নিশ্চয় তারা ছিল এক নিকৃষ্ট ও পাপাচারী সম্প্রদায়-

ع ٥ ٢٥ ٥ ٥ রুকূ ৫

وَاَدْخَلْنٰهُ فِيْ رَحْمَتِنَا ۭ اِنَّهٗ مِنَ الصّٰلِحِيْنَ ۝٧٥

৭৫। এবং তাকে আমি আমার দয়ার মধ্যে প্রবেশ করিয়েছিলাম। নিশ্চয় সে ছিল সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।

وَنُوْحًا اِذْ نَادٰى مِنْ قَبْلُ فَاسْتَجَبْنَا لَهٗ فَنَجَّيْنٰهُ وَاَهْلَهٗ مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ۝٧٦ۚ

৭৬। এবং নূহ্, যখন সে (ইবরাহীম ও লূতের) পূর্বে ডেকেছিল এবং আমি তাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে ও তার পরিবার-পরিজনকে মহাসংকট থেকে উদ্ধার করেছিলাম,

وَنَصَرْنٰهُ مِنَ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۭ اِنَّهُمْ كَانُوْا قَوْمَ سَوْءٍ فَاَغْرَقْنٰهُمْ اَجْمَعِيْنَ ۝٧٧

৭৭। এবং আমি তাকে সাহায্য করেছিলাম সে সম্প্রদায়ের বিরুদ্ধে যারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছিল। নিশ্চয় তারা ছিল এক নিকৃষ্ট সম্প্রদায়, সুতরাং তাদের সকলকেই আমি নিমজ্জিত করেছিলাম।

وَدَاوٗدَ وَسُلَيْمٰنَ اِذْ يَحْكُمٰنِ فِي الْحَرْثِ اِذْ نَفَشَتْ فِيْهِ غَنَمُ الْقَوْمِ ۚ وَكُنَّا لِحُكْمِهِمْ شٰهِدِيْنَ ۝٧٨ۙ

৭৮। এবং দাঊদ ও সুলাইমান, যখন তারা শস্যক্ষেত সম্পর্কে বিচার* করছিল যখন তাতে কোন সম্প্রদায়ের ভেড়া রাতের বেলায় চলে গিয়েছিল, এবং আমি তাদের বিচার প্রত্যক্ষ করছিলাম।

فَفَهَّمْنٰهَا سُلَيْمٰنَ ۚ وَكُلًّا اٰتَيْنَا حُكْمًا وَّعِلْمًا ۡ وَّسَخَّرْنَا مَعَ دَاوٗدَ الْجِبَالَ يُسَبِّحْنَ وَالطَّيْرَ ۭ وَكُنَّا فٰعِلِيْنَ ۝٧٩

৭৯। অতঃপর আমি সুলাইমানকে তা (অর্থাৎ এর ফয়সালা) বুঝিয়ে দিয়েছিলাম এবং তাদের প্রত্যেককে* আমি প্রজ্ঞা ও জ্ঞান দিয়েছিলাম। এবং আমি পর্বতমালা ও পাখিকে দাঊদের সাথে নিয়োজিত করেছিলাম, তারা আমার পবিত্রতা ঘোষণা করত। এবং আমিই (এসব) করছিলাম।

وَعَلَّمْنٰهُ صَنْعَةَ لَبُوْسٍ لَّكُمْ لِتُحْصِنَكُمْ مِّنْۢ بَاْسِكُمْ ۚ فَهَلْ اَنْتُمْ شٰكِرُوْنَ ۝٨٠

৮০। আর আমি তাকে (দাঊদকে) তোমাদের জন্য বর্মনির্মাণ শিক্ষা দিয়েছিলাম, যাতে তা তোমাদেরকে তোমাদের যুদ্ধে সুরক্ষিত করতে পারে, সুতরাং তোমরা কৃতজ্ঞ হবে কি?

وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ عَاصِفَةً تَجْرِيْ بِاَمْرِهٖٓ اِلَى الْاَرْضِ الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا ۭ وَكُنَّا بِكُلِّ شَيْءٍ عٰلِمِيْنَ ۝٨١

৮১। এবং সুলাইমানের জন্য উদ্দাম বায়ুকে (নিয়োজিত করেছিলাম), যা তার নির্দেশে সেই যমীনের (অঞ্চলের) দিকে প্রবাহিত হত যেখানে আমি বরকত দিয়েছি। আর আমি সবকিছু সম্পর্কে জানতাম।

وَمِنَ الشَّيٰطِيْنِ مَنْ يَّغُوْصُوْنَ لَهٗ وَيَعْمَلُوْنَ عَمَلًا دُوْنَ ذٰلِكَ ۚ وَكُنَّا لَهُمْ حٰفِظِيْنَ ۝٨٢ۙ

৮২। এবং (জ্বীন) শয়তানদের মধ্য থেকে কেউ কেউ তার জন্য ডুবুরীর কাজ করত, এবং এছাড়াও (অন্যান্য) কাজ করত, আর আমিই ছিলাম তাদের রক্ষণাবেক্ষণকারী-

وَاَيُّوْبَ اِذْ نَادٰى رَبَّهٗٓ اَنِّيْ مَسَّنِيَ الضُّرُّ وَاَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ۝٨٣ۚۖ

৮৩। এবং আইয়ুব,* যখন সে তার প্রতিপালককে ডেকে বলেছিল যে, 'দুঃখ-দুর্দশা আমাকে স্পর্শ করেছে, আর আপনি সর্বশ্রেষ্ঠ দয়ালু',

فَاسْتَجَبْنَا لَهٗ فَكَشَفْنَا مَا بِهٖ مِنْ ضُرٍّ ۡ وَاٰتَيْنٰهُ اَهْلَهٗ وَمِثْلَهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنْ عِنْدِنَا وَذِكْرٰى لِلْعٰبِدِيْنَ ۝٨٤

৮৪। সুতরাং আমি তার ডাকে সাড়া দিলাম এবং তার দুঃখ-দুর্দশা দূর করলাম এবং তার নিকট (ফিরিয়ে) দিলাম তার পরিবার-পরিজনকে এবং তাদের সাথে তাদের মত (আরো বাড়িয়ে দিলাম) আমার পক্ষ থেকে দয়াস্বরূপ এবং ইবাদতকারীদের জন্য উপদেশস্বরূপ।

وَاِسْمٰعِيْلَ وَاِدْرِيْسَ وَذَا الْكِفْلِ ۭ كُلٌّ مِّنَ الصّٰبِرِيْنَ ۝٨٥ۚۖ

৮৫। এবং ইসমা'ঈল, ইদ্‌রিস ও যুল্-কিফ্‌ল, প্রত্যেকেই ছিল ধৈর্যশীলদের অন্তর্ভুক্ত।

وَاَدْخَلْنٰهُمْ فِيْ رَحْمَتِنَا ۭ اِنَّهُمْ مِّنَ الصّٰلِحِيْنَ ۝٨٦

৮৬। এবং তাদেরকে আমি আমার দয়ার মধ্যে প্রবেশ করিয়েছিলাম। নিশ্চয় তারা ছিল সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।

৮৭। এবং যুন্-নূন,* যখন সে ক্রুদ্ধ হয়ে চলে গিয়েছিল* এবং মনে করেছিল আমি তার জন্য শাস্তি নির্ধারণ করব না, অতঃপর সে গভীর অন্ধকারের মধ্যে ডেকে বলেছিল যে, 'আপনি ছাড়া কোন ইলাহ্ নেই, পবিত্র আপনি; নিশ্চয় আমি ছিলাম জালিমদের অন্তর্ভুক্ত।'

وَذَا النُّوْنِ اِذْ ذَّهَبَ مُغَاضِبًا فَظَنَّ اَنْ لَّنْ نَّقْدِرَ عَلَيْهِ فَنَادٰى فِى الظُّلُمٰتِ اَنْ لَّآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ ۖ اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ ﴿٨٧﴾

৮৮। সুতরাং আমি তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে দুঃখ থেকে উদ্ধার করেছিলাম। আর এভাবেই আমি মু'মিনদেরকে উদ্ধার করি।

فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَنَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ ۭ وَكَذٰلِكَ نُنْجِى الْمُؤْمِنِيْنَ ﴿٨٨﴾

৮৯। এবং যাকারিয়া, যখন সে তার প্রতিপালককে ডেকে বলেছিল যে, 'হে আমার প্রতিপালক! আমাকে একা (উত্তরাধিকারী বিহীন) ছেড়ে দিবেন না, এবং আপনি উত্তম উত্তরাধিকারী।'

وَزَكَرِيَّآ اِذْ نَادٰى رَبَّهٗ رَبِّ لَا تَذَرْنِىْ فَرْدًا وَّاَنْتَ خَيْرُ الْوٰرِثِيْنَ ﴿٨٩﴾

৯০। সুতরাং আমি তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে দান করেছিলাম ইয়াহ্ইয়া এবং তার জন্য তার স্ত্রীকে (সন্তান ধারণের লক্ষ্যে) সংশোধন করেছিলাম। নিশ্চয় তারা কল্যাণকর কাজে দ্রুত ধাবিত হত এবং আমাকে আশা ও ভীতির সাথে ডাকত। এবং তারা ছিল আমার নিকট বিনীত।

فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَوَهَبْنَا لَهٗ يَحْيٰى وَاَصْلَحْنَا لَهٗ زَوْجَهٗ ۭ اِنَّهُمْ كَانُوْا يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ وَيَدْعُوْنَنَا رَغَبًا وَّرَهَبًا ۭ وَكَانُوْا لَنَا خٰشِعِيْنَ ﴿٩٠﴾

৯১। এবং (সেই নারী) যে তার লজ্জাস্থানকে সুরক্ষিত রেখেছিল, অতঃপর তার মধ্যে আমি আমার রূহ্ থেকে ফুঁকে দিয়েছিলাম এবং তাকে ও তার পুত্রকে বানিয়েছেলাম জগৎসমূহের (মানবজাতির) জন্য এক নিদর্শন।

وَالَّتِىْٓ اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهَا مِنْ رُّوْحِنَا وَجَعَلْنٰهَا وَابْنَهَآ اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ﴿٩١﴾

৯২। নিশ্চয় তোমাদের এই উম্মত (ধর্ম) একই উম্মত (ধর্ম) এবং আমিই তোমাদের প্রতিপালক, অতএব তোমরা আমার ইবাদত কর।

اِنَّ هٰذِهٖٓ اُمَّتُكُمْ اُمَّةً وَّاحِدَةً ۖ وَّاَنَا رَبُّكُمْ فَاعْبُدُوْنِ ﴿٩٢﴾

৯৩। কিন্তু (এ সত্ত্বেও) তারা তাদের মধ্যে তাদের (দ্বীনের) বিষয়কে বিভক্ত করেছিল। প্রত্যেকেই আমার দিকে প্রত্যাবর্তিত হবে।

وَتَقَطَّعُوْٓا اَمْرَهُمْ بَيْنَهُمْ ۭ كُلٌّ اِلَيْنَا رٰجِعُوْنَ ﴿٩٣﴾

৯৪। সুতরাং যে মু'মিন হয়ে সৎকাজ করে তার প্রচেষ্টা অগ্রাহ্য করা হবে না এবং নিশ্চয় আমি এর লিপিবদ্ধকারী।

فَمَنْ يَّعْمَلْ مِنَ الصّٰلِحٰتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا كُفْرَانَ لِسَعْيِهٖ ۚ وَاِنَّا لَهٗ كٰتِبُوْنَ ﴿٩٤﴾

৯৫। এবং যে জনপদকে আমি ধ্বংস করেছি তার জন্য এটা নিষিদ্ধ করা হয়েছে যে, তারা (অর্থাৎ তার অধিবাসীরা) ফিরে আসবে না-

وَحَرٰمٌ عَلٰى قَرْيَةٍ اَهْلَكْنٰهَآ اَنَّهُمْ لَا يَرْجِعُوْنَ ﴿٩٥﴾

৯৬। যে পর্যন্ত না ইয়াজূজ ও মাজূজকে খুলে দেয়া হবে এবং তারা প্রত্যেক উচ্চভূমি থেকে ছুটে আসবে।

حَتّٰٓى اِذَا فُتِحَتْ يَاْجُوْجُ وَمَاْجُوْجُ وَهُمْ مِّنْ كُلِّ حَدَبٍ يَّنْسِلُوْنَ ﴿٩٦﴾

৯৭। আর (যখন) সত্য প্রতিশ্রুতি নিকটবর্তী হবে তখন তৎক্ষণাৎ কাফিরদের চোখ (আতঙ্কে) স্থির হয়ে যাবে, (তারা বলবে), 'হায় দুর্ভোগ আমাদের! আমরা এ বিষয়ে বেখবর ছিলাম, উপরন্তু আমরা ছিলাম জালিম।'

وَاقْتَرَبَ الْوَعْدُ الْحَقُّ فَاِذَا هِىَ شَاخِصَةٌ اَبْصَارُ الَّذِيْنَ كَفَرُوْا ۭ يٰوَيْلَنَا قَدْ كُنَّا فِىْ غَفْلَةٍ مِّنْ هٰذَا بَلْ كُنَّا ظٰلِمِيْنَ ﴿٩٧﴾

৯৮। নিশ্চয় তোমরা এবং তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে যেগুলোর উপাসনা কর সেগুলো জাহান্নামের ইন্ধন। তোমরা (সবাই) তাতে প্রবেশ করবে।

اِنَّكُمْ وَمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ حَصَبُ جَهَنَّمَ ۭ اَنْتُمْ لَهَا وٰرِدُوْنَ ﴿٩٨﴾

৯৯। যদি এগুলো ইলাহ্ই হত তাহলে এগুলো জাহান্নামে প্রবেশ করত না। এবং সবাই তাতে স্থায়ী হবে।

لَوْ كَانَ هٰٓؤُلَآءِ اٰلِهَةً مَّا وَرَدُوْهَا ؕ وَكُلٌّ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٩٩﴾

১০০। সেখানে তাদের জন্য থাকবে দীর্ঘশ্বাস এবং সেখানে তারা কিছুই শুনতে পাবে না।

لَهُمْ فِيْهَا زَفِيْرٌ وَّهُمْ فِيْهَا لَا يَسْمَعُوْنَ ﴿١٠٠﴾

১০১। নিশ্চয় যাদের জন্য আমার নিকট থেকে কল্যাণ (সৎকাজের সৌভাগ্য) গত হয়েছে, তাদেরকে তা থেকে দূরে রাখা হবে-

اِنَّ الَّذِيْنَ سَبَقَتْ لَهُمْ مِّنَّا الْحُسْنٰٓى ۙ اُولٰٓئِكَ عَنْهَا مُبْعَدُوْنَ ﴿١٠١﴾

১০২। তারা এর ক্ষীণ শব্দও শুনবে না এবং সেখানে তাদের মন যা কামনা করবে তা স্থায়ীভাবে ভোগ করবে।

لَا يَسْمَعُوْنَ حَسِيْسَهَا ۚ وَهُمْ فِيْ مَا اشْتَهَتْ اَنْفُسُهُمْ خٰلِدُوْنَ ﴿١٠٢﴾

১০৩। (হাশরের মাঠের) মহাভীতি তাদেরকে দুশ্চিন্তাগ্রস্ত করবে না এবং ফেরেশতারা তাদের সাথে সাক্ষাৎ করবে (এ বলে যে), 'এই তোমাদের সেই দিন যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল।'

لَا يَحْزُنُهُمُ الْفَزَعُ الْاَكْبَرُ وَتَتَلَقّٰىهُمُ الْمَلٰٓئِكَةُ ؕ هٰذَا يَوْمُكُمُ الَّذِيْ كُنْتُمْ تُوْعَدُوْنَ ﴿١٠٣﴾

১০৪। যেদিন আমি আকাশকে গুটিয়ে ফেলব, লিখিত কাগজ গুটানোর মত। আমি একে ফিরিয়ে আনব যেভাবে আমি প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম। (এটি) আমার উপর পালনীয় প্রতিশ্রুতি। নিশ্চয় আমি এটি করব।

يَوْمَ نَطْوِي السَّمَآءَ كَطَيِّ السِّجِلِّ لِلْكُتُبِ ؕ كَمَا بَدَاْنَآ اَوَّلَ خَلْقٍ نُّعِيْدُهٗ ؕ وَعْدًا عَلَيْنَا ؕ اِنَّا كُنَّا فٰعِلِيْنَ ﴿١٠٤﴾

১০৫। আর (লওহে মাহ্ফুজে) উল্লেখের পর আমি যাবুরে (লিখিত কিতাবে) লিখেছি যে, আমার সৎকর্মশীল বান্দারা (জান্নাতের) যমীনের উত্তরাধিকারী হবে।

وَلَقَدْ كَتَبْنَا فِي الزَّبُوْرِ مِنْۢ بَعْدِ الذِّكْرِ اَنَّ الْاَرْضَ يَرِثُهَا عِبَادِيَ الصّٰلِحُوْنَ ﴿١٠٥﴾

১০৬। নিশ্চয় এতে ইবাদতকারী সম্প্রদায়ের জন্য ঘোষণা রয়েছে।

اِنَّ فِيْ هٰذَا لَبَلٰغًا لِّقَوْمٍ عٰبِدِيْنَ ﴿١٠٦﴾

১০৭। আমি তোমাকে জগতসমূহের জন্য কেবল দয়াস্বরূপ প্রেরণ করেছি।

وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا رَحْمَةً لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٧﴾

১০৮। বল, 'আমার প্রতি ওহী করা হয় যে, তোমাদের ইলাহ্ কেবল এক ইলাহ্, সুতরাং তোমরা মুসলিম হবে কি?'

قُلْ اِنَّمَا يُوْحٰٓى اِلَيَّ اَنَّمَآ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ فَهَلْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٨﴾

১০৯। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয় তবে তুমি বল, 'আমি তোমাদের (সবাইকে) সমানভাবে জানিয়ে দিয়েছি এবং আমি জানি না তোমাদেরকে যে (কিয়ামতের) প্রতিশ্রুতি দেয়া হচ্ছে তা নিকটবর্তী নাকি দূরবর্তী।

فَاِنْ تَوَلَّوْا فَقُلْ اٰذَنْتُكُمْ عَلٰى سَوَآءٍ ؕ وَاِنْ اَدْرِيْٓ اَقَرِيْبٌ اَمْ بَعِيْدٌ مَّا تُوْعَدُوْنَ ﴿١٠٩﴾

১১০। নিশ্চয় তিনি জানেন (তোমাদের) প্রকাশ্য কথা এবং জানেন যা তোমরা গোপন কর।

اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ مِنَ الْقَوْلِ وَيَعْلَمُ مَا تَكْتُمُوْنَ ﴿١١٠﴾

১১১। এবং আমি জানি না এটা (কিয়ামতের সময় প্রকাশ না হওয়াটা) হয়ত তোমাদের জন্য এক পরীক্ষা এবং একটি সময় পর্যন্ত জীবনোপভোগ।'

وَاِنْ اَدْرِيْ لَعَلَّهٗ فِتْنَةٌ لَّكُمْ وَمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿١١١﴾

১১২। সে (রাসূল) বলল, 'হে আমার প্রতিপালক! আপনি (আমাদের মধ্যে) সত্য দ্বারা ফয়সালা করে দিন। আর তোমরা যা বর্ণনা করছ সে ব্যাপারে আমাদের দয়াময় প্রতিপালকই (আমাদের) সহায়স্থল।'

ع ٧ ١٩ ٧ ٩ রুকূ ٩

قٰلَ رَبِّ احْكُمْ بِالْحَقِّ ؕ وَرَبُّنَا الرَّحْمٰنُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ﴿١١٢﴾

২২. সূরা হাজ্জ, মাদানী

৭৮ আয়াত, ১০ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٢-سُوْرَةُ الْحَجِّ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٧٨، رُكُوْعَاتُهَا-١٠

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمْ ۚ اِنَّ زَلْزَلَةَ السَّاعَةِ شَيْءٌ عَظِيْمٌ ①

১। হে মানুষ! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর, নিশ্চয় কিয়ামতের প্রকম্পন এক ভীষণ ব্যাপার।

يَوْمَ تَرَوْنَهَا تَذْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَمَّآ اَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ حَمْلٍ حَمْلَهَا وَتَرَى النَّاسَ سُكٰرٰى وَمَا هُمْ بِسُكٰرٰى وَلٰكِنَّ عَذَابَ اللّٰهِ شَدِيْدٌ ②

২। যেদিন তোমরা তা (প্রকম্পন) প্রত্যক্ষ করবে সেদিন প্রত্যেক স্তন্যদাত্রী তার দুগ্ধপোষ্য শিশুকে ভুলে যাবে এবং প্রত্যেক গর্ভবতী তার গর্ভ ফেলে দিবে এবং তুমি মানুষকে দেখবে নেশাগ্রস্ত, অথচ তারা নেশাগ্রস্ত নয়, কিন্তু আল্লাহ্‌র শাস্তি অতি কঠিন।

وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِى اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّيَتَّبِعُ كُلَّ شَيْطٰنٍ مَّرِيْدٍ ③

৩। আর মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহ্‌ সম্বন্ধে বিতর্ক করে কোন জ্ঞান ছাড়াই এবং অনুসরণ করে প্রত্যেক বিদ্রোহী শয়তানের-

كُتِبَ عَلَيْهِ اَنَّهٗ مَنْ تَوَلَّاهُ فَاَنَّهٗ يُضِلُّهٗ وَيَهْدِيْهِ اِلٰى عَذَابِ السَّعِيْرِ ④

৪। তার সম্বন্ধে বিধিবদ্ধ করা হয়েছে যে, যে তার সাথে বন্ধুত্ব করবে সে তাকে পথভ্রষ্ট করবে এবং তাকে পরিচালিত করবে জ্বলন্ত আগুনের শাস্তির দিকে।

يٰٓاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِىْ رَيْبٍ مِّنَ الْبَعْثِ فَاِنَّا خَلَقْنٰكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ مِنْ مُّضْغَةٍ مُّخَلَّقَةٍ وَّغَيْرِ مُخَلَّقَةٍ لِّنُبَيِّنَ لَكُمْ ۭ وَنُقِرُّ فِى الْاَرْحَامِ مَا نَشَآءُ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ثُمَّ نُخْرِجُكُمْ طِفْلًا ثُمَّ لِتَبْلُغُوْٓا اَشُدَّكُمْ ۚ وَمِنْكُمْ مَّنْ يُّتَوَفّٰى وَمِنْكُمْ مَّنْ يُّرَدُّ اِلٰٓى اَرْذَلِ الْعُمُرِ لِكَيْلَا يَعْلَمَ مِنْۢ بَعْدِ عِلْمٍ شَيْـــًٔا ۭ وَتَرَى الْاَرْضَ هَامِدَةً فَاِذَآ اَنْزَلْنَا عَلَيْهَا الْمَاۗءَ اهْتَزَّتْ وَرَبَتْ وَاَنْۢبَتَتْ مِنْ كُلِّ زَوْجٍۢ بَهِيْجٍ ⑤

৫। হে মানুষ! পুনরুত্থানের ব্যাপারে যদি তোমরা সন্দেহে থাক, তবে (অনুধাবন কর) নিশ্চয় আমি তোমাদেরকে সৃষ্টি করেছি মাটি থেকে, এরপর বীর্যবিন্দু থেকে, এরপর 'আলাকা' (ভ্রূণ যে পর্যায়ে মাতৃগর্ভে ঝুলে থাকে) থেকে, এরপর 'মুদগা' (চিবানো হয়েছে দেখতে এমন পিণ্ড) থেকে, যা আকৃতি বিশিষ্ট (পূর্ণ মানুষে পরিণত হয়) কিংবা আকৃতি বিশিষ্ট নয় (নষ্ট হয়ে যায়) যাতে আমি তোমাদের কাছে (আমার সৃষ্টি প্রক্রিয়া) সুস্পষ্ট করতে পারি, আর আমি যা (পূর্ণ মানুষে পরিণত করতে) ইচ্ছা করি তা জরায়ুতে নির্দিষ্ট সময় পর্যন্ত অবস্থান করাই। এরপর আমি তোমাদেরকে বের করি শিশুরূপে, এরপর যাতে তোমরা তোমাদের পরিণত বয়সে পৌঁছতে পার। এবং তোমাদের মধ্য হতে কাউকে (পূর্বেই) মৃত্যু দেয়া হয়, আবার কাউকে হীনতম বয়সের দিকে পৌঁছানো হয়, যাতে সে (অনেক) জ্ঞান লাভ করার পরও কিছুই না জানে। এবং তুমি ভূমিকে দেখ শুকনো, অতঃপর যখন আমি তাতে পানি অবতীর্ণ করি তখন তা আন্দোলিত ও স্ফীত হয় এবং সব ধরণের মনোরম উদ্ভিদ উদগত করে।

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّهٗ يُحْيِ الْمَوْتٰى وَاَنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ⑥

৬। এটা এজন্য যে, আল্লাহ্‌ই সত্য এবং তিনি মৃতদেরকে জীবিত করেন এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান-

وَّاَنَّ السَّاعَةَ اٰتِيَةٌ لَّا رَيْبَ فِيْهَا ۙ وَاَنَّ اللّٰهَ يَبْعَثُ مَنْ فِى الْقُبُوْرِ ⑦

৭। এবং কিয়ামত আসবে, যে ব্যাপারে কোন সন্দেহ নেই, এবং এও যে, কবরে যারা আছে তাদেরকে আল্লাহ্‌ পুনরুত্থিত করবেন।

وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِى اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّلَا هُدًى وَّلَا كِتٰبٍ مُّنِيْرٍ ⑧

৮। আর মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহ্‌ সম্বন্ধে বিতর্ক করে কোন জ্ঞান বা পথনির্দেশনা বা দীপ্তিমান কিতাব ছাড়াই-

ثَانِيَ عِطْفِهٖ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ لَهٗ فِي الدُّنْيَا خِزْيٌ وَّ نُذِيْقُهٗ يَوْمَ الْقِيٰمَةِ عَذَابَ الْحَرِيْقِ ۝٩

৯। -তার ঘাড় বাঁকিয়ে, যাতে সে (লোকদেরকে) আল্লাহ্‌র পথ হতে বিচ্যুত করতে পারে। তার জন্য দুনিয়াতে রয়েছে অপমান এবং কিয়ামতের দিন আমি তাকে প্রজ্জ্বলিত আগুনের শাস্তি আস্বাদন করাব।

ذٰلِكَ بِمَا قَدَّمَتْ يَدٰكَ وَ اَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ۝١٠

ع-১ ১ রুকূ ৮

১০। (সেদিন তাকে বলা হবে) 'এটা তোমার কৃতকর্মের কারণে', এবং এ কারণেও যে, আল্লাহ্ বান্দার প্রতি জুলুমকারী নন।

وَمِنَ النَّاسِ مَنْ يَّعْبُدُ اللّٰهَ عَلٰى حَرْفٍ ۚ فَاِنْ اَصَابَهٗ خَيْرُ ِۨ اطْمَاَنَّ بِهٖ ۚ وَ اِنْ اَصَابَتْهُ فِتْنَةُ ِۨ انْقَلَبَ عَلٰى وَجْهِهٖ ۚ خَسِرَ الدُّنْيَا وَ الْاٰخِرَةَ ؕ ذٰلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِيْنُ ۝١١

১১। আর মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহ্‌র ইবাদত করে প্রান্তে থেকে (দ্বিধার সাথে), অতঃপর যদি তাকে কল্যাণ স্পর্শ করে তাহলে সে তাতে প্রশান্ত হয় এবং যদি ফিতনা (পরীক্ষা) স্পর্শ করে তাহলে সে তার মুখ ফিরিয়ে নেয় (মুরতাদ হয়ে যায়); সে দুনিয়া ও আখিরাতে ক্ষতিগ্রস্ত হয়েছে। এটাই সুস্পষ্ট ক্ষতি।

يَدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهٗ وَمَا لَا يَنْفَعُهٗ ؕ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ۝١٢

১২ সে আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন কিছুকে ডাকে যা তাকে উপকার করে না এবং অপকারও করে না। এটাই সুদূর পথভ্রষ্টতা,

يَدْعُوْا لَمَنْ ضَرُّهٗۤ اَقْرَبُ مِنْ نَّفْعِهٖ ؕ لَبِئْسَ الْمَوْلٰى وَ لَبِئْسَ الْعَشِيْرُ ۝١٣

১৩। সে এমন কিছুকে ডাকে যার ক্ষতি অবশ্যই তার উপকারের চেয়ে নিকটতর। কতই না নিকৃষ্ট এ প্রভু (রক্ষক) এবং কতই না নিকৃষ্ট এ সহচর!

اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ اِنَّ اللّٰهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ۝١٤

১৪। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে আল্লাহ্ তাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত। নিশ্চয় আল্লাহ্ যা ইচ্ছা করেন তা-ই করেন।

مَنْ كَانَ يَظُنُّ اَنْ لَّنْ يَّنْصُرَهُ اللّٰهُ فِي الدُّنْيَا وَ الْاٰخِرَةِ فَلْيَمْدُدْ بِسَبَبٍ اِلَى السَّمَآءِ ثُمَّ لْيَقْطَعْ فَلْيَنْظُرْ هَلْ يُذْهِبَنَّ كَيْدُهٗ مَا يَغِيْظُ ۝١٥

১৫। যে (ক্রোধান্বিত ও হতাশ) ব্যক্তি মনে করে যে, আল্লাহ্ তাকে দুনিয়াতে ও আখিরাতে কখনো সাহায্য করবেন না, সে (তার ক্রোধ ও হতাশা মিটানোর জন্য) আকাশের দিকে একটি রশি টানাক, এরপর তা কেটে ফেলুক, অতঃপর দেখুক তার কৌশল তার ক্রোধের কারণ দূর করে কি না।

وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ ۙ وَّ اَنَّ اللّٰهَ يَهْدِيْ مَنْ يُّرِيْدُ ۝١٦

১৬। আর এভাবেই আমি সুস্পষ্ট নিদর্শনরূপে তা (কুরআন) অবতীর্ণ করেছি, এবং এও যে, আল্লাহ্ যাকে ইচ্ছা করেন সঠিকপথ প্রদর্শন করেন।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَ الَّذِيْنَ هَادُوْا وَ الصّٰبِـُٔوْنَ وَ النَّصٰرٰى وَ الْمَجُوْسَ وَ الَّذِيْنَ اَشْرَكُوْۤا ۖ اِنَّ اللّٰهَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝١٧

১৭। নিশ্চয় যারা ঈমান এনেছে এবং এবং যারা ইহুদী হয়েছে, এবং যারা সাবিয়ী,* নাসারা ও অগ্নিপূজক এবং যারা শরীক করেছে, নিশ্চয় কিয়ামতের দিন আল্লাহ্ তাদের মধ্যে ফয়সালা করে দিবেন। নিশ্চয় আল্লাহ্ সব কিছুর উপর প্রত্যক্ষদর্শী।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يَسْجُدُ لَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَ مَنْ فِي الْاَرْضِ وَ الشَّمْسُ وَ الْقَمَرُ وَ النُّجُوْمُ وَ الْجِبَالُ وَ الشَّجَرُ وَ الدَّوَآبُّ وَ كَثِيْرٌ مِّنَ النَّاسِ ؕ وَ كَثِيْرٌ حَقَّ عَلَيْهِ الْعَذَابُ ؕ وَ مَنْ يُّهِنِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ مُّكْرِمٍ ؕ اِنَّ اللّٰهَ يَفْعَلُ مَا يَشَآءُ ۝١٨

১৮। তুমি কি ভেবে দেখনি যে, আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে এবং সূর্য, চন্দ্র, তারকারাজি, পর্বতমালা, গাছপালা, জীবজন্তু এবং অনেক মানুষ আল্লাহ্‌কে সিজদা করে? এবং অনেকের উপর শাস্তি অবধারিত হয়েছে। আর আল্লাহ্ যাকে লাঞ্ছিত করেন তার জন্য কোন সম্মানদাতা নেই। নিশ্চয় আল্লাহ্ যা ইচ্ছা করেন তা-ই করেন।

هٰذٰنِ خَصْمٰنِ اخْتَصَمُوْا فِيْ رَبِّهِمْ ۫ فَالَّذِيْنَ كَفَرُوْا قُطِّعَتْ لَهُمْ ثِيَابٌ مِّنْ نَّارٍ ؕ يُصَبُّ مِنْ فَوْقِ رُءُوْسِهِمُ الْحَمِيْمُ ۚ﴿١٩﴾

১৯। এরা (অর্থাৎ মু'মিন ও কাফিররা) দু'টি প্রতিপক্ষ, যারা তাদের প্রতিপালক সম্বন্ধে বিতর্ক করেছে। আর যারা কুফরী করেছে তাদের জন্য আগুনের পোশাক কাটা (তৈরি করা) হয়েছে এবং তাদের মাথার উপর ঢেলে দেয়া হবে উত্তপ্ত পানি,

يُصْهَرُ بِهٖ مَا فِيْ بُطُوْنِهِمْ وَالْجُلُوْدُ ؕ﴿٢٠﴾

২০। যা দ্বারা তাদের পেটে যা আছে তা এবং (তাদের) চামড়া গলিয়ে ফেলা হবে।

وَلَهُمْ مَّقَامِعُ مِنْ حَدِيْدٍ ﴿٢١﴾

২১। এবং তাদের জন্য থাকবে লোহার হাতুড়ি।

كُلَّمَآ اَرَادُوْٓا اَنْ يَّخْرُجُوْا مِنْهَا مِنْ غَمٍّ اُعِيْدُوْا فِيْهَا ۗ وَذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ۚ﴿٢٢﴾

ع ١٢ ٩ ٢ রুকূ ٩

২২। যখনই তারা যন্ত্রনাকাতর হয়ে তা (জাহান্নাম) থেকে বের হতে চাইবে তখন তাদেরকে তাতে ফিরিয়ে নেয়া হবে; এবং (তাদেরকে বলা হবে) 'প্রজ্জ্বলিত আগুনের শাস্তি আস্বাদন কর।'

اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ؕ وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ ﴿٢٣﴾

২৩ যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে নিশ্চয় আল্লাহ্ তাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তাদেরকে অলংকৃত করা হবে স্বর্ণের বালা ও মুক্তা দ্বারা এবং সেখানে তাদের পোশাক-পরিচ্ছদ হবে রেশম।

وَهُدُوْٓا اِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ ۚۖ وَهُدُوْٓا اِلٰى صِرَاطِ الْحَمِيْدِ ﴿٢٤﴾

২৪। আর তারা ভাল কথার দিকে পরিচালিত হয়েছিল এবং তারা পরিচালিত হয়েছিল অতি প্রশংসনীয়-এর পথে।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ الَّذِيْ جَعَلْنٰهُ لِلنَّاسِ سَوَآءَ ۨ الْعَاكِفُ فِيْهِ وَالْبَادِ ؕ وَمَنْ يُّرِدْ فِيْهِ بِاِلْحَادٍۭ بِظُلْمٍ نُّذِقْهُ مِنْ عَذَابٍ اَلِيْمٍ ۚ﴿٢٥﴾

ع ٣ ٣ ١٠ ٣ রুকূ ١٠

২৫। নিশ্চয় যারা কুফরী করেছে এবং (মানুষকে) বিরত রাখে আল্লাহ্‌র পথ ও মসজিদে হারাম হতে - যাকে আমি তাতে অবস্থানকারী (ইতিকাফকারী) ও বহিরাগত লোকদের জন্য সমান করে দিয়েছি - এবং যে ব্যক্তি এর (অর্থাৎ মসজিদে হারামের) মধ্যে (দ্বীনের ব্যাপারে) বিচ্যুতি ঘটাতে বা জুলুম করতে চায়, তাকে (অর্থাৎ প্রত্যেককে) আমি যন্ত্রণাদায়ক শাস্তি আস্বাদন করাব।

وَاِذْ بَوَّاْنَا لِاِبْرٰهِيْمَ مَكَانَ الْبَيْتِ اَنْ لَّا تُشْرِكْ بِيْ شَيْـًٔا وَّطَهِّرْ بَيْتِيَ لِلطَّآئِفِيْنَ وَالْقَآئِمِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ ﴿٢٦﴾

২৬। এবং যখন আমি ইবরাহীমের জন্য সে ঘরের (কা'বার) স্থান নির্ধারণ করেছিলাম (এবং বলেছিলাম) যে, আমার সাথে কিছুই শরীক করো না এবং আমার ঘরকে পবিত্র কর তাওয়াফকারী,* যারা (সালাতে) দাঁড়ায় এবং রুকুকারী ও সিজদাকারীদের জন্য।

وَاَذِّنْ فِي النَّاسِ بِالْحَجِّ يَاْتُوْكَ رِجَالًا وَّعَلٰى كُلِّ ضَامِرٍ يَّاْتِيْنَ مِنْ كُلِّ فَجٍّ عَمِيْقٍ ۙ﴿٢٧﴾

২৭। এবং মানুষের মধ্যে হজ্জের ঘোষণা দাও, তারা তোমার কাছে আসবে পায়ে হেটে ও সর্বপ্রকার ক্ষীণকায় উটে চড়ে, তারা আসবে প্রত্যেক গহিন গিরিপথ থেকে-

لِّيَشْهَدُوْا مَنَافِعَ لَهُمْ وَيَذْكُرُوا اسْمَ اللّٰهِ فِيْٓ اَيَّامٍ مَّعْلُوْمٰتٍ عَلٰى مَا رَزَقَهُمْ مِّنْۢ بَهِيْمَةِ الْاَنْعَامِ ۚ فَكُلُوْا مِنْهَا وَاَطْعِمُوا الْبَآئِسَ الْفَقِيْرَ ۙ﴿٢٨﴾

২৮। যাতে তারা তাদের উপকারসমূহে উপস্থিত হতে পারে এবং তিনি তাদেরকে চতুস্পদ গবাদি পশু থেকে যা রিযিক হিসেবে দান করেছেন তার উপর নির্দিষ্ট* দিনগুলোতে আল্লাহর নাম উচ্চারণ করতে পারে, অতঃপর তোমরা তা থেকে আহার কর এবং দুস্থ ও ফকিরকে (গরীবকে) আহার করাও।

ثُمَّ لْيَقْضُوْا تَفَثَهُمْ وَلْيُوْفُوْا نُذُوْرَهُمْ وَلْيَطَّوَّفُوْا بِالْبَيْتِ الْعَتِيْقِ ﴿٢٩﴾

২৯। এরপর তারা যেন তাদের অপরিচ্ছন্নতা দূর করে এবং তাদের মানতসমূহ পূর্ণ করে এবং প্রাচীন ঘরের তওয়াফ করে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ذٰلِكَ ۚ وَمَنْ يُّعَظِّمْ حُرُمٰتِ اللّٰهِ فَهُوَ خَيْرٌ لَّهٗ عِنْدَ رَبِّهٖ ۗ وَ
اُحِلَّتْ لَكُمُ الْاَنْعَامُ اِلَّا مَا يُتْلٰى عَلَيْكُمْ فَاجْتَنِبُوا الرِّجْسَ
مِنَ الْاَوْثَانِ وَاجْتَنِبُوْا قَوْلَ الزُّوْرِ ﴿٣٠﴾

৩০। এটিই (হজ্জের বিধান), এবং যে ব্যক্তি আল্লাহ্‌র পবিত্র বিধানসমূহকে সম্মান করবে তা তার জন্য তার প্রতিপালকের নিকট উত্তম। এবং তোমাদের জন্য গবাদি পশু হালাল করা হল, তবে তোমাদের নিকট যা পাঠ করা হয় তা ছাড়া, সুতরাং তোমরা মূর্তিপূজার অপবিত্রতা পরিহার কর এবং মিথ্যা* কথা বর্জন কর-

حُنَفَآءَ لِلّٰهِ غَيْرَ مُشْرِكِيْنَ بِهٖ ۗ وَمَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَكَاَنَّمَا خَرَّ
مِنَ السَّمَآءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ اَوْ تَهْوِيْ بِهِ الرِّيْحُ فِيْ مَكَانٍ
سَحِيْقٍ ﴿٣١﴾

৩১। আল্লাহ্‌র জন্য একত্ববাদী হয়ে, তাঁর সাথে শরীককারী না হয়ে। আর যে আল্লাহ্‌র সাথে শরীক করে সে যেন আকাশ থেকে পড়ল এবং পাখি তাকে ছোঁ মেরে নিয়ে গেল অথবা বায়ু তাকে এক দূরবর্তী স্থানে উড়িয়ে নিয়ে গেল।

ذٰلِكَ ۚ وَمَنْ يُّعَظِّمْ شَعَآئِرَ اللّٰهِ فَاِنَّهَا مِنْ تَقْوَى الْقُلُوْبِ ﴿٣٢﴾

৩২। এটিই (আল্লাহ্‌র বিধান), এবং যে আল্লাহ্‌র নিদর্শনসমূহকে সম্মান করবে, তবে নিশ্চয় তা (তার) হৃদয়ের তাকওয়া থেকে।

لَكُمْ فِيْهَا مَنَافِعُ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ثُمَّ مَحِلُّهَآ اِلَى الْبَيْتِ
الْعَتِيْقِ ﴿٣٣﴾

৩৩। তোমাদের জন্য এগুলোতে (কুরবানীর পশুতে) এক নির্দিষ্ট সময় পর্যন্ত (কুরবানী করার আগ পর্যন্ত) বহু উপকার রয়েছে (অর্থাৎ এগুলো থেকে উপকার নেয়া বৈধ), এরপর এদের কুরবানীর স্থান প্রাচীন ঘরের নিকট।

ع ১৫ = ৪ রুকু ১১

وَلِكُلِّ اُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا لِّيَذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلٰى مَا رَزَقَهُمْ
مِّنْۢ بَهِيْمَةِ الْاَنْعَامِ ۗ فَاِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ فَلَهٗٓ اَسْلِمُوْا ۗ وَبَشِّرِ
الْمُخْبِتِيْنَ ﴿٣٤﴾

৩৪। এবং আমি প্রত্যেক উম্মতের জন্য (কুরবানীর) নিয়ম নির্ধারণ করে দিয়েছি যাতে তারা (জবাই কালে) আল্লাহ্‌র নাম স্মরণ করতে পারে, তিনি তাদেরকে যে সকল চতুষ্পদ গবাদি পশু রিযিক দিয়েছেন তার উপর। এবং তোমাদের ইলাহ্ কেবল এক ইলাহ্, সুতরাং তোমরা তাঁরই নিকট আত্মসমর্পণ কর, আর তুমি সুসংবাদ দাও বিনয়ীদেরকে-

الَّذِيْنَ اِذَا ذُكِرَ اللّٰهُ وَجِلَتْ قُلُوْبُهُمْ وَالصّٰبِرِيْنَ عَلٰى مَآ
اَصَابَهُمْ وَالْمُقِيْمِى الصَّلٰوةِ ۙ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٣٥﴾

৩৫। যারা তাদের নিকট যখন আল্লাহ্‌কে স্মরণ করা হয় তখন তাদের হৃদয় ভীত হয়, তাদেরকে যা (দুঃখ-দুর্দশা) আক্রান্ত করে তাতে ধৈর্য ধারণ করে, সালাত (নামায) কায়েম করে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে (আল্লাহ্‌র পথে) ব্যয় করে।

وَالْبُدْنَ جَعَلْنٰهَا لَكُمْ مِّنْ شَعَآئِرِ اللّٰهِ لَكُمْ فِيْهَا خَيْرٌ ۖ
فَاذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلَيْهَا صَوَآفَّ ۚ فَاِذَا وَجَبَتْ جُنُوْبُهَا فَكُلُوْا
مِنْهَا وَاَطْعِمُوا الْقَانِعَ وَالْمُعْتَرَّ ۗ كَذٰلِكَ سَخَّرْنٰهَا لَكُمْ
لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٣٦﴾

৩৬। আর কুরবানীর পশুকে (যা হাজীরা কাবার দিকে নিয়ে যায়) আমি তোমাদের জন্য আল্লাহ্‌র নিদর্শসমূহের অন্যতম নিদর্শন বানিয়েছি, তোমাদের জন্য তাতে রয়েছে কল্যাণ। সুতরাং সারিবদ্ধ অবস্থায় তাদের উপর তোমরা আল্লাহ্‌র নাম স্মরণ কর, অতঃপর যখন তারা কাত হয়ে পড়ে যায়, তখন তোমরা তা থেকে আহার কর এবং আহার করাও তুষ্ট অভাবগ্রস্তকে ও বিনয়ী ভিক্ষাপ্রার্থীকেও। এভাবেই আমি এদেরকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছি, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

لَنْ يَّنَالَ اللّٰهَ لُحُوْمُهَا وَلَا دِمَآؤُهَا وَلٰكِنْ يَّنَالُهُ التَّقْوٰى
مِنْكُمْ ۗ كَذٰلِكَ سَخَّرَهَا لَكُمْ لِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ ۗ وَ
بَشِّرِ الْمُحْسِنِيْنَ ﴿٣٧﴾

৩৭। এদের গোশত ও রক্ত আল্লাহ্‌র নিকট পৌঁছে না, কিন্তু পৌঁছে তোমাদের তাকওয়া। এভাবেই তিনি এগুলোকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন যাতে আল্লাহ্ তোমাদেরকে যে সঠিক পথ প্রদর্শন করেছেন সে জন্য তাঁর শ্রেষ্ঠত্ব ঘোষণা করতে পার। এবং তুমি সৎকর্মপরায়ণদেরকে সুসংবাদ দাও।

اِنَّ اللّٰهَ يُدٰفِعُ عَنِ الَّذِيْنَ اٰمَنُوْا ۗ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ خَوَّانٍ
كَفُوْرٍ ﴿٣٨﴾

৩৮। নিশ্চয় আল্লাহ্ রক্ষা করেন তাদেরকে যারা ঈমান এনেছে। নিশ্চয় তিনি কোন খিয়ানতকারী ও অকৃতজ্ঞকে ভালবাসেন না।

ع ১৬ = ৫ রুকু ১২

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أُذِنَ لِلَّذِيْنَ يُقٰتَلُوْنَ بِاَنَّهُمْ ظُلِمُوْا ؕ وَاِنَّ اللّٰهَ عَلٰى نَصْرِهِمْ لَقَدِيْرُ ۙ﴿٣٩﴾

৩৯। বিরুদ্ধে যুদ্ধ করা হচ্ছে তাদেরকে (যুদ্ধের) অনুমতি দেয়া হল,* কারণ তাদের প্রতি জুলুম করা হয়েছে। আর নিশ্চয় আল্লাহ্ তাদেরকে সাহায্য করতে অবশ্যই সক্ষম-

الَّذِيْنَ اُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ اِلَّاۤ اَنْ يَّقُوْلُوْا رَبُّنَا اللّٰهُ ؕ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَّهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَّصَلَوٰتٌ وَّمَسٰجِدُ يُذْكَرُ فِيْهَا اسْمُ اللّٰهِ كَثِيْرًا ؕ وَلَيَنْصُرَنَّ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ ؕ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ۚ﴿٤٠﴾

৪০। যাদেরকে তাদের আবাসসমূহ থেকে অন্যায়ভাবে বের করে দেয়া হয়েছে শুধু এ কারণে যে, তারা বলে, 'আমাদের প্রতিপালক আল্লাহ্।' আল্লাহ্ যদি মানুষের এক দলকে অন্য দল দ্বারা প্রতিহত না করতেন, তাহলে বিধ্বস্ত হয়ে যেত সংসারবিরাগীদের আশ্রম, গির্জা, ইহুদীদের উপাসনালয় এবং মসজিদেসমূহ– যেখানে আল্লাহ্র নাম বেশি স্মরণ করা হয়। এবং অবশ্যই আল্লাহ্ তাকে সাহায্য করেন যে তাঁকে সাহায্য করে। নিশ্চয় আল্লাহ্ মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

اَلَّذِيْنَ اِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ وَاَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ ؕ وَلِلّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ﴿٤١﴾

৪১। আমি যদি তাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করি (ক্ষমতা ও সম্পদ দ্বারা) তাহলে তারা সালাত (নামায) কায়েম করবে, যাকাত প্রদান করবে, সৎকাজের নির্দেশ দিবে ও অসৎকাজ হতে নিষেধ করবে, আর সকল কাজের পরিণাম আল্লাহ্রই (নিকট)।

وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّعَادٌ وَّثَمُوْدُ ﴿٤٢﴾

৪২। এবং যদি তারা তোমাকে মিথ্যাবাদী বলে, তবে তাদের পূর্বেও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল নূহ্, আদ ও ছামূদ সম্প্রদায়-

وَقَوْمُ اِبْرٰهِيْمَ وَقَوْمُ لُوْطٍ ﴿٤٣﴾

৪৩। এবং ইবরাহীমের সম্প্রদায় ও লূতের সম্প্রদায়-

وَّاَصْحٰبُ مَدْيَنَ ۚ وَكُذِّبَ مُوْسٰى فَاَمْلَيْتُ لِلْكٰفِرِيْنَ ثُمَّ اَخَذْتُهُمْ ۚ فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٤٤﴾

৪৪। এবং মাদইয়ানের অধিবাসীরা, আর মূসাকেও মিথ্যাবাদী বলা হয়েছিল, অতঃপর আমি কাফিরদেরকে অবকাশ দিয়েছিলাম, এরপর তাদেরকে পাকড়াও করেছিলাম, অতএব কেমন ছিল আমার শাস্তি!

فَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا وَهِىَ ظَالِمَةٌ فَهِىَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَبِئْرٍ مُّعَطَّلَةٍ وَّقَصْرٍ مَّشِيْدٍ ﴿٤٥﴾

৪৫। আর আমি কত জনপদই ধ্বংস করেছি, যখন তা (জনপদ) জুলুম করেছিল, এবং তা ধ্বংসস্তুপে পরিণত হয়েছিল, এবং কত পরিত্যক্ত কূপ ও কত সুউচ্চ প্রাসাদ!

اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَتَكُوْنَ لَهُمْ قُلُوْبٌ يَّعْقِلُوْنَ بِهَاۤ اَوْ اٰذَانٌ يَّسْمَعُوْنَ بِهَا ۚ فَاِنَّهَا لَا تَعْمَى الْاَبْصَارُ وَلٰكِنْ تَعْمَى الْقُلُوْبُ الَّتِىْ فِى الصُّدُوْرِ ﴿٤٦﴾

৪৬। তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি? তাহলে তাদের থাকত এমন হৃদয় যা দ্বারা তারা অনুধাবন করত অথবা এমন কান যা দ্বারা শ্রবণ করত, কারণ চোখ অন্ধ হয় না, বরং অন্ধ হয় হৃদয় যা বক্ষে অবস্থিত।

وَيَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ وَلَنْ يُّخْلِفَ اللّٰهُ وَعْدَهٗ ؕ وَاِنَّ يَوْمًا عِنْدَ رَبِّكَ كَاَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّوْنَ ﴿٤٧﴾

৪৭। এবং তারা তোমাকে শাস্তি তাড়াতাড়ি করতে বলে, কিন্তু আল্লাহ্ কখনো তাঁর প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না। আর নিশ্চয় তোমার প্রতিপালকের নিকট একটি দিন তোমরা যা গণনা কর তার এক হাজার বছরের মত।

وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ اَمْلَيْتُ لَهَا وَهِىَ ظَالِمَةٌ ثُمَّ اَخَذْتُهَا ۚ وَاِلَىَّ الْمَصِيْرُ ﴿٤٨﴾

রুকু ৬ ১৩

৪৮। আর আমি কত জনপদকেই অবকাশ দিয়েছি, যখন তা (জনপদ) জুলুম করেছিল, এরপর একে পাকড়াও করেছি, আর গন্তব্যস্থল আমারই দিকে।

قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّمَاۤ اَنَا لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٤٩﴾

৪৯। বল, 'হে মানুষ! আমি কেবল তোমাদের জন্য এক সুস্পষ্ট সতর্ককারী,'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ﴿٥٠﴾

৫০। সুতরাং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযিক।

وَالَّذِيْنَ سَعَوْا فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿٥١﴾

৫১। কিন্তু যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করার প্রচেষ্টা চালিয়েছে তারাই তীব্র আগুনের অধিবাসী।

وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُوْلٍ وَّلَا نَبِيٍّ اِلَّآ اِذَا تَمَنّٰى اَلْقَى الشَّيْطٰنُ فِيْٓ اُمْنِيَّتِهٖ ۚ فَيَنْسَخُ اللّٰهُ مَا يُلْقِى الشَّيْطٰنُ ثُمَّ يُحْكِمُ اللّٰهُ اٰيٰتِهٖ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٥٢﴾

৫২। আর আমি তোমার পূর্বে যে রাসূল কিংবা নবীই প্রেরণ করেছি, সে যখনই কিছু আকাঙ্ক্ষা করেছে (ওহীকৃত আয়াত তিলাওয়াত করে শুনানোর জন্য) তখনই শয়তান তার আকাঙ্ক্ষায় কিছু নিক্ষেপ করেছে, কিন্তু শয়তান যা নিক্ষেপ করে আল্লাহ্ তা রহিত করেন, এরপর আল্লাহ্ তাঁর আয়াতসমূহকে সুস্পষ্ট করেন এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান-

لِّيَجْعَلَ مَا يُلْقِى الشَّيْطٰنُ فِتْنَةً لِّلَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْقَاسِيَةِ قُلُوْبُهُمْ ۗ وَاِنَّ الظّٰلِمِيْنَ لَفِيْ شِقَاقٍ بَعِيْدٍ ﴿٥٣﴾

৫৩। যাতে শয়তান যা নিক্ষিপ্ত করে সেটিকে তিনি (আল্লাহ্) পরীক্ষাস্বরূপ করতে পারেন তাদের জন্য যাদের হৃদয়ে রোগ রয়েছে, এবং যারা পাষাণহৃদয়। আর নিশ্চয় জালিমরা সুদূর মতবিরোধে লিপ্ত রয়েছে-

وَّلِيَعْلَمَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَيُؤْمِنُوْا بِهٖ فَتُخْبِتَ لَهٗ قُلُوْبُهُمْ ۗ وَاِنَّ اللّٰهَ لَهَادِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٥٤﴾

৫৪। এবং যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তারা যাতে জানতে পারে যে, এটি তোমার প্রতিপালকের পক্ষ থেকে (আসা) সত্য, এবং যাতে তারা তাতে ঈমান আনতে পারে এবং যাতে তাদের হৃদয় তার প্রতি বিনয়ী হয়। এবং নিশ্চয় আল্লাহ্ অবশ্যই তাদেরকে সরল সঠিক পথে পরিচালনাকারী যারা ঈমান এনেছে।

وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ مِرْيَةٍ مِّنْهُ حَتّٰى تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً اَوْ يَاْتِيَهُمْ عَذَابُ يَوْمٍ عَقِيْمٍ ﴿٥٥﴾

৫৫। আর যারা কুফরী করেছে তারা এ ব্যাপারে সন্দেহ পোষণ করতেই থাকবে যতক্ষণ না তাদের নিকট আকস্মিক কিয়ামত এসে পড়বে অথবা এসে পড়বে এক বন্ধ্যা দিনের শাস্তি।

اَلْمُلْكُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ۗ يَحْكُمُ بَيْنَهُمْ ۗ فَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٥٦﴾

৫৬। সেদিন রাজত্ব আল্লাহ্রই। তিনি তাদের মাঝে বিচার করবেন। সুতরাং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারা থাকবে নেয়ামতপূর্ণ জান্নাতসমূহে।

وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا فَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿٥٧﴾

৫৭। আর যারা কুফরী করেছে ও আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

وَالَّذِيْنَ هَاجَرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ قُتِلُوْٓا اَوْ مَاتُوْا لَيَرْزُقَنَّهُمُ اللّٰهُ رِزْقًا حَسَنًا ۗ وَاِنَّ اللّٰهَ لَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٥٨﴾

৫৮। এবং যারা আল্লাহ্র পথে হিজরত করেছে, এরপর নিহত হয়েছে অথবা মৃত্যুবরণ করেছে তাদেরকে অবশ্যই আল্লাহ্ উৎকৃষ্ট রিযিক দান করবেন। এবং নিশ্চয় আল্লাহ্ অবশ্যই উত্তম রিযিকদাতা।

لَيُدْخِلَنَّهُمْ مُّدْخَلًا يَّرْضَوْنَهٗ ۗ وَاِنَّ اللّٰهَ لَعَلِيْمٌ حَلِيْمٌ ﴿٥٩﴾

৫৯। তিনি তাদেরকে অবশ্যই অবশ্যই প্রবেশ করাবেন এমন প্রবেশস্থলে যা তারা পছন্দ করবে, এবং নিশ্চয় আল্লাহ্ অবশ্যই সর্বজ্ঞানী ও পরম সহনশীল।

ذٰلِكَ ۚ وَمَنْ عَاقَبَ بِمِثْلِ مَا عُوْقِبَ بِهٖ ثُمَّ بُغِيَ عَلَيْهِ لَيَنْصُرَنَّهُ اللّٰهُ ۗ اِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ﴿٦٠﴾

৬০। এটিই (তাদের পুরস্কার), এবং যে ব্যক্তি প্রতিশোধ নেয় ততটুকু যতটুকু নিপীড়ন তার সাথে করা হয়েছিল, এরপর তার উপর (পুনরায়) নিপীড়ন করা হয়েছে (তখন) অবশ্যই আল্লাহ্ তাকে সাহায্য করবেন। নিশ্চয় আল্লাহ্ অবশ্যই মার্জনাকারী ও অতি ক্ষমাশীল।

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ وَاَنَّ اللّٰهَ سَمِيْعٌ بَصِيْرٌ ﴿٦١﴾

৬১। এটি এজন্য যে, আল্লাহ্ রাতকে প্রবেশ করান দিনের মধ্যে এবং দিনকে প্রবেশ করান রাতের মধ্যে, এবং এও যে, আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ هُوَ الْبَاطِلُ وَاَنَّ اللّٰهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ﴿٦٢﴾

৬২। এটি এজন্য যে, আল্লাহ্ই সত্য, এবং এও যে, তারা তাঁকে বাদ দিয়ে যাকে ডাকে তা বাতিল (মিথ্যা), এবং এও যে, আল্লাহ্ই সুউচ্চ ও মহান।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَتُصْبِحُ الْاَرْضُ مُخْضَرَّةً ؕ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ﴿٦٣﴾

৬৩। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ আকাশ থেকে পানি অবতীর্ণ করেন, ফলে পৃথিবী সবুজ-শ্যামল হয়ে ওঠে? নিশ্চয় আল্লাহ্ সূক্ষ্মদর্শী ও সর্বজ্ঞ।

لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ﴿٦٤﴾

৬৪। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। নিশ্চয় আল্লাহ্ অবশ্যই অভাবমুক্ত ও অতি প্রশংসনীয়।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ سَخَّرَ لَكُمْ مَّا فِي الْاَرْضِ وَالْفُلْكَ تَجْرِيْ فِي الْبَحْرِ بِاَمْرِهٖ ؕ وَيُمْسِكُ السَّمَآءَ اَنْ تَقَعَ عَلَى الْاَرْضِ اِلَّا بِاِذْنِهٖ ؕ اِنَّ اللّٰهَ بِالنَّاسِ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٦٥﴾

৬৫। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ তোমাদের জন্য (কল্যাণে) নিয়োজিত করেছেন পৃথিবীতে যা আছে সবই এবং নৌযানসমূহকে যা তাঁর নির্দেশে সমুদ্রে চলাচল করে? আর তিনিই আকাশকে ধরে রাখেন যাতে তাঁর ইচ্ছা ছাড়া তা পৃথিবীর উপর না পড়ে। নিশ্চয় আল্লাহ্ মানুষের প্রতি অবশ্যই অতি অনুগ্রহশীল ও পরম দয়ালু।

وَهُوَ الَّذِيْٓ اَحْيَاكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ؕ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ ﴿٦٦﴾

৬৬। এবং তিনিই তোমাদেরকে জীবন দান করেছেন; এরপর তিনি তোমাদের মৃত্যু ঘটাবেন, এরপর তোমাদেরকে জীবিত করবেন। নিশ্চয় মানুষ অবশ্যই অকৃতজ্ঞ।

لِكُلِّ اُمَّةٍ جَعَلْنَا مَنْسَكًا هُمْ نَاسِكُوْهُ فَلَا يُنَازِعُنَّكَ فِي الْاَمْرِ وَادْعُ اِلٰى رَبِّكَ ؕ اِنَّكَ لَعَلٰى هُدًى مُّسْتَقِيْمٍ ﴿٦٧﴾

৬৭। আমি প্রত্যেক উম্মতের জন্য (ইবাদতের) নিয়ম নির্ধারণ করে দিয়েছি- যা তারা অনুসরণ করে, সুতরাং তারা যেন এ ব্যাপারে তোমার সাথে বিবাদ না করে, এবং তুমি তাদেরকে তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর। নিশ্চয় তুমি অবশ্যই সরল-সঠিক পথের উপর রয়েছ।

وَاِنْ جٰدَلُوْكَ فَقُلِ اللّٰهُ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿٦٨﴾

৬৮। আর যদি তারা তোমার সাথে বিতর্ক করে, তবে বল, 'তোমার যা কর সে সম্পর্কে আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন।

اَللّٰهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٦٩﴾

৬৯। তোমরা যে বিষয়ে মতপার্থক্য করছ আল্লাহ্ কিয়ামতের দিন সে বিষয়ে তোমাদের মধ্যে বিচার করবেন।

اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِي السَّمَآءِ وَالْاَرْضِ ؕ اِنَّ ذٰلِكَ فِيْ كِتٰبٍ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿٧٠﴾

৭০। তুমি কি জান না যে, আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে আল্লাহ্ তা জানেন? এসবই (লিপিবদ্ধ) আছে একটি কিতাবে। নিশ্চয় এটি আল্লাহ্র জন্য সহজ।

وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا وَّمَا لَيْسَ لَهُمْ بِهٖ عِلْمٌ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ﴿٧١﴾

৭১। এবং তারা আল্লাহ্কে বাদ দিয়ে এমন কিছুর উপাসনা করে যে সম্পর্কে তিনি কোন প্রমাণ অবতীর্ণ করেননি এবং যে সম্পর্কে তাদের কোন জ্ঞান নেই। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ تَعْرِفُ فِيْ وُجُوْهِ الَّذِيْنَ كَفَرُوا الْمُنْكَرَ ؕ يَكَادُوْنَ يَسْطُوْنَ بِالَّذِيْنَ يَتْلُوْنَ عَلَيْهِمْ اٰيٰتِنَا ؕ قُلْ اَفَاُنَبِّئُكُمْ بِشَرٍّ مِّنْ ذٰلِكُمْ ؕ اَلنَّارُ ؕ وَعَدَهَا اللّٰهُ الَّذِيْنَ كَفَرُوْا ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿٧٢﴾

৭২। এবং যখন তাদের নিকট আমার আয়াতসমূহকে সুস্পষ্ট প্রমাণ হিসেবে পাঠ করা হয় তখন তুমি যারা কুফরী করছে তাদের চেহারাসমূহে অস্বীকৃতি লক্ষ্য করবে। যারা তাদের নিকট আমার আয়াতসমূহ পাঠ করে তাদেরকে তারা আক্রমণ করতে উদ্যত হয়। বল, 'তবে কি আমি তোমাদেরকে এর চেয়ে মন্দ কিছুর সংবাদ দিব?' (তা হচ্ছে) আগুন। যারা কুফরী করেছে তাদেরকে আল্লাহ্ এর প্রতিশ্রুতি দিয়েছেন। আর কতই না নিকৃষ্ট সে গন্তব্যস্থল!

يٰٓاَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوْا لَهٗ ۭ اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَنْ يَّخْلُقُوْا ذُبَابًا وَّلَوِ اجْتَمَعُوْا لَهٗ ۭ وَاِنْ يَّسْلُبْهُمُ الذُّبَابُ شَيْـــًٔا لَّا يَسْتَنْقِذُوْهُ مِنْهُ ۭ ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوْبُ ۝٧٣

৭৩। হে মানুষ! একটি উপমা দেয়া হচ্ছে, মনোযোগ সহকারে তা শ্রবণ কর, নিশ্চয় তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে ডাক তারা কখনো একটি মাছিও সৃষ্টি করতে পারবে না, যদিও তারা (সবাই) এর জন্য একত্রিত হয়। আর মাছি যদি তাদের থেকে কিছু ছিনিয়ে নিয়ে যায় তাও তারা তার নিকট থেকে উদ্ধার করতে পারবে না। পশ্চাদ্ধাবনকারী ও পশ্চাদ্ধাবনকৃত (উভয়েই) দুর্বল।

مَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖ ۭ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ۝٧٤

৭৪। তারা আল্লাহ্‌কে তাঁর যথাযথ মূল্যায়ন করেনি। নিশ্চয় আল্লাহ্ অবশ্যই মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

اَللّٰهُ يَصْطَفِيْ مِنَ الْمَلٰۗىِٕكَةِ رُسُلًا وَّمِنَ النَّاسِ ۭ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ۝٧٥

৭৫। আল্লাহ্ ফেরেশতাদের মধ্য থেকে রাসূল (বাণী বাহক) মনোনীত করেন এবং মানুষের মধ্য থেকেও। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۭ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ۝٧٦

৭৬। তিনি জানেন যা আছে তাদের সামনে এবং যা আছে তাদের পিছনে। এবং আল্লাহ্‌রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ارْكَعُوْا وَاسْجُدُوْا وَاعْبُدُوْا رَبَّكُمْ وَافْعَلُوا الْخَيْرَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝٧٧ۚ

৭৭। ওহে যারা ঈমান এনেছ! তোমরা রুকু কর, সিজদা কর এবং তোমাদের প্রতিপালকের ইবাদত কর ও ভালকাজ কর, যাতে তোমরা সফল হতে পার।

وَجَاهِدُوْا فِي اللّٰهِ حَقَّ جِهَادِهٖ ۭ هُوَ اجْتَبٰىكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّيْنِ مِنْ حَرَجٍ ۭ مِلَّةَ اَبِيْكُمْ اِبْرٰهِيْمَ ۭ هُوَ سَمّٰىكُمُ الْمُسْلِمِيْنَ ۙ مِنْ قَبْلُ وَفِيْ هٰذَا لِيَكُوْنَ الرَّسُوْلُ شَهِيْدًا عَلَيْكُمْ وَتَكُوْنُوْا شُهَدَاۗءَ عَلَي النَّاسِ ۚ فَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاعْتَصِمُوْا بِاللّٰهِ ۭ هُوَ مَوْلٰىكُمْ ۚ فَنِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ۝٧٨

ع ١٧ ١٠ রুকু ১৭

৭৮। এবং তোমরা আল্লাহ্‌র জন্য জিহাদ কর- যথাযথ জিহাদ। তিনি তোমাদেরকে মনোনীত করেছেন। এবং তিনি দ্বীনের ব্যাপারে তোমাদের উপর কোন অসুবিধা আরোপ করেননি। (এটি) তোমাদের পিতা ইবরাহীমের মিল্লাত। তিনি পূর্বে তোমাদের নাম রেখেছেন 'মুসলিম' এবং এ কিতাবেও, যাতে রাসূল তোমাদের জন্য সাক্ষীস্বরূপ হন এবং তোমরাও মানব জাতির জন্য সাক্ষীস্বরূপ হও, সুতরাং তোমরা সালাত (নামায) কায়েম কর, যাকাত* প্রদান কর এবং আল্লাহ্‌কে দৃঢ়ভাবে আঁকড়ে ধর। তিনিই তোমাদের প্রভু (রক্ষক), কতই না উত্তম প্রভু (রক্ষক) এবং কতই না উত্তম সাহায্যকারী!

২৩. সূরা আল-মু'মিনুন, মাক্কী

১১৮ আয়াত, ৬ রুকূ'

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٣-سُوْرَةُ الْمُؤْمِنُوْنَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١٨، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-১৮

قَدْ اَفْلَحَ الْمُؤْمِنُوْنَ ۝١

১। অবশ্যই সফল হয়েছে মু'মিনরা-

الَّذِيْنَ هُمْ فِيْ صَلَاتِهِمْ خٰشِعُوْنَ ۝٢

২। যারা তাদের সালাতে (নামাযে) বিনয়ী-*

وَالَّذِيْنَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُوْنَ ۝٣

৩। এবং যারা অসার কথা* থেকে বিরত থাকে-

وَالَّذِيْنَ هُمْ لِلزَّكٰوةِ فٰعِلُوْنَ ۝٤

৪। এবং যারা যাকাত দানে সক্রিয় (যাকাত প্রদানকারী)-

وَالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ حٰفِظُوْنَ ۝٥

৫। এবং যারা তাদের লজ্জাস্থানের হেফাজতকারী-

اِلَّا عَلٰٓى اَزْوَاجِهِمْ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُمْ فَاِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ۝٦

৬। তাদের স্ত্রী অথবা তাদের ডান হাত যা মালিক হয়েছে (দাসী)* তা ছাড়া, কারণ (তখন) নিশ্চয় তারা তিরস্কৃত হবে না,

فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ۝٧

৭। তবে যারা এছাড়া অন্যকে খোঁজ করবে, তারাই সীমালঙ্ঘনকারী,

وَالَّذِيْنَ هُمْ لِاَمٰنٰتِهِمْ وَعَهْدِهِمْ رٰعُوْنَ ۝٨

৮। এবং যারা তাদের আমানতসমূহ ও তাদের প্রতিশ্রুতি রক্ষাকারী-

وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَوٰتِهِمْ يُحَافِظُوْنَ ۝٩

৯। এবং যারা তাদের সালাতসমূহের (নামাযসমূহের) ব্যাপারে যত্নবান।*

اُولٰٓئِكَ هُمُ الْوٰرِثُوْنَ ۝١٠

১০। তারাই উত্তরাধিকারী-

الَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ ۭ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝١١

১১। যারা উত্তরাধিকারী হবে ফিরদাউসের, সেখানে তারা স্থায়ী হবে।

وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ سُلٰلَةٍ مِّنْ طِيْنٍ ۝١٢

১২। আর অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি কাদা মাটির নির্যাস থেকে,

ثُمَّ جَعَلْنٰهُ نُطْفَةً فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ۝١٣

১৩। এরপর আমি তা বীর্যবিন্দুরূপে স্থাপন করেছি এক নিরাপদ স্থানে।

ثُمَّ خَلَقْنَا النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقْنَا الْمُضْغَةَ عِظٰمًا فَكَسَوْنَا الْعِظٰمَ لَحْمًا ۤ ثُمَّ اَنْشَاْنٰهُ خَلْقًا اٰخَرَ ۭ فَتَبٰرَكَ اللّٰهُ اَحْسَنُ الْخٰلِقِيْنَ ۝١٤

১৪। এরপর আমি বীর্যবিন্দুকে পরিণত করেছি 'আলাকা'য় (ভ্রূণ যে পর্যায়ে মাতৃগর্ভে ঝুলে থাকে), অতঃপর 'আলাকা'কে পরিণত করেছি 'মুদগা'য় (চিবানো হয়েছে দেখতে এমন পিণ্ড) এবং 'মুদগা'কে পরিণত করেছি হাড়ে, অতঃপর হাড়কে ঢেকে দিয়েছি গোশত দিয়ে, এরপর তাকে গড়ে তুলেছি অন্য এক সৃষ্টিতে। অতএব বরকতময় আল্লাহ্, সর্বোত্তম স্রষ্টা।

ثُمَّ اِنَّكُمْ بَعْدَ ذٰلِكَ لَمَيِّتُوْنَ ۝١٥

১৫। এরপর নিশ্চয় তোমরা অবশ্যই মৃত্যু বরণ করবে।

ثُمَّ اِنَّكُمْ يَوْمَ الْقِيٰمَةِ تُبْعَثُوْنَ ۝١٦

১৬। এরপর নিশ্চয় তোমাদেরকে কিয়ামতের দিন পুনরুত্থিত করা হবে।

وَلَقَدْ خَلَقْنَا فَوْقَكُمْ سَبْعَ طَرَآئِقَ ۖ وَمَا كُنَّا عَنِ الْخَلْقِ غٰفِلِيْنَ ۝١٧

১৭। এবং অবশ্যই আমি তোমাদের উপর সৃষ্টি করেছি সাতটি স্তর (আকাশ) এবং আমি সৃষ্টির বিষয়ে বেখবর নই।

وَاَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءًۢ بِقَدَرٍ فَاَسْكَنّٰهُ فِي الْاَرْضِ ۚ وَاِنَّا عَلٰى ذَهَابٍۢ بِهٖ لَقٰدِرُوْنَ ﴿١٨﴾

১৮। এবং আমি আকাশ থেকে পানি অবতীর্ণ করি পরিমাণমত, এবং আমি তা মাটিতে অবস্থান করাই, এবং নিশ্চয় আমি তা নিয়ে নিতেও অবশ্যই সক্ষম,

فَاَنْشَاْنَا لَكُمْ بِهٖ جَنّٰتٍ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ ۖ لَكُمْ فِيْهَا فَوَاكِهُ كَثِيْرَةٌ وَّمِنْهَا تَاْكُلُوْنَ ﴿١٩﴾

১৯। অতঃপর আমি এর (পানির) মাধ্যমে তোমাদের জন্য খেজুর ও আঙ্গুরের বাগান সৃষ্টি করি, তাতে তোমাদের জন্য আছে অনেক ফল-মূল এবং তা থেকে তোমরা আহার কর-

وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُوْرِ سَيْنَآءَ تَنْۢبُتُ بِالدُّهْنِ وَصِبْغٍ لِّلْاٰكِلِيْنَ ﴿٢٠﴾

২০। এবং (সৃষ্টি করি) এক প্রকার গাছ যা উৎপন্ন হয় সিনাই পর্বতে, যা উৎপন্ন করে তৈল এবং আহারকারীদের জন্য তরকারির উপাদান।

وَاِنَّ لَكُمْ فِي الْاَنْعَامِ لَعِبْرَةً ۖ نُسْقِيْكُمْ مِّمَّا فِيْ بُطُوْنِهَا وَلَكُمْ فِيْهَا مَنَافِعُ كَثِيْرَةٌ وَّمِنْهَا تَاْكُلُوْنَ ﴿٢١﴾

২১। এবং নিশ্চয় তোমাদের জন্য গবাদি পশুতে অবশ্যই শিক্ষা রয়েছে, তোমাদেরকে আমি পান করাই তা থেকে যা আছে তাদের পেটে* এবং তোমাদের জন্য তাতে রয়েছে অনেক উপকারিতা, এবং তোমরা তা থেকে (গোশত) আহার করে থাক-

ع ١٢-١ রুকু ১

وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُوْنَ ﴿٢٢﴾

২২। এবং তোমাদেরকে এদের উপর ও নৌযানের উপর বহন করা হয়।

وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۭ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٢٣﴾

২৩। আর অবশ্যই আমি নূহ্‌কে প্রেরণ করেছিলাম তার সম্প্রদায়ের কাছে এবং সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের কোন ইলাহ্ নেই। তবে কি তোমরা (আল্লাহ্‌কে) ভয় করবে না?'

فَقَالَ الْمَلَؤُا الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا هٰذَآ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يُرِيْدُ اَنْ يَّتَفَضَّلَ عَلَيْكُمْ ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ لَاَنْزَلَ مَلٰۗىِٕكَةً ۚ مَّا سَمِعْنَا بِهٰذَا فِيْٓ اٰبَاۗىِٕنَا الْاَوَّلِيْنَ ﴿٢٤﴾

২৪। অতঃপর প্রধানরা - যারা তার সম্প্রদায়ের মধ্য থেকে কুফুরী করেছিল - বলল, 'সে তোমাদের মত একজন মানুষ ছাড়া আর কিছু নয়, সে তোমাদের উপর মর্যাদা লাভ করতে চাচ্ছে। আর আল্লাহ্ যদি ইচ্ছা করতেন তাহলে অবশ্যই ফেরেশতাদেরকে অবতীর্ণ করতেন, আমরা আমাদের পূর্বপুরুষদের মধ্যে এমনটি শুনিনি।

اِنْ هُوَ اِلَّا رَجُلٌۢ بِهٖ جِنَّةٌ فَتَرَبَّصُوْا بِهٖ حَتّٰى حِيْنٍ ﴿٢٥﴾

২৫। সে কেবল এমন ব্যক্তি যার মধ্যে পাগলামী রয়েছে, সুতরাং তোমরা তার (পরিণতি দেখার) জন্য কিছু সময় প্রতীক্ষা কর।'

قَالَ رَبِّ انْصُرْنِيْ بِمَا كَذَّبُوْنِ ﴿٢٦﴾

২৬। সে (নূহ্) বলেছিল, 'হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন, কারণ তারা আমাকে মিথ্যাবাদী বলেছে।'

فَاَوْحَيْنَآ اِلَيْهِ اَنِ اصْنَعِ الْفُلْكَ بِاَعْيُنِنَا وَوَحْيِنَا فَاِذَا جَاۗءَ اَمْرُنَا وَفَارَ التَّنُّوْرُ ۙ فَاسْلُكْ فِيْهَا مِنْ كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَاَهْلَكَ اِلَّا مَنْ سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ مِنْهُمْ ۚ وَلَا تُخَاطِبْنِيْ فِي الَّذِيْنَ ظَلَمُوْا ۚ اِنَّهُمْ مُّغْرَقُوْنَ ﴿٢٧﴾

২৭। সুতরাং আমি তার প্রতি ওহী করলাম যে, 'আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও আমার ওহী অনুযায়ী নৌকাটি নির্মাণ কর, অতঃপর যখন আমার নির্দেশ আসবে ও চুলাটি উথলে উঠবে তখন প্রতিটি (জীব) থেকে এক জোড়া- দু'টি করে এবং তোমার পরিবার-পরিজনকে তাতে উঠিয়ে নাও, তাদেরকে ছাড়া- তাদের মধ্যে যাদের উপর (শাস্তির) কথা অতিবাহিত (অর্থাৎ সিদ্ধান্ত) হয়েছে, আর যারা জুলুম করেছে তাদের সম্পর্কে তুমি আমাকে সম্বোধন করো না,* নিশ্চয় তারা নিমজ্জিত হবে।

فَاِذَا اسْتَوَيْتَ اَنْتَ وَمَنْ مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ نَجّٰىنَا مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٨﴾

২৮। অতঃপর যখন তুমি ও তোমার সাথে যারা আছে তারা নৌযানে আরোহণ করবে তখন বল, 'সমস্ত প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমাদেরকে জালিম সম্প্রদায় থেকে উদ্ধার করেছেন।'

وَقُلْ رَّبِّ اَنْزِلْنِيْ مُنْزَلًا مُّبٰرَكًا وَّاَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ ﴿٢٩﴾

২৯। এবং বল, 'হে আমার প্রতিপালক! আমাকে অবতরণ করান বরকতময় অবতরণস্থলে, আর আপনিই সর্বোত্তম অবতরণকারী।'

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ ۭ وَّاِنْ كُنَّا لَمُبْتَلِيْنَ ﴿٣٠﴾

৩০। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে, আর অবশ্যই আমি পরীক্ষাকারী।

ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ﴿٣١﴾

৩১। এরপর তাদের পরে আমি অন্য এক প্রজন্ম* সৃষ্টি করেছিলাম।

فَاَرْسَلْنَا فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ اَنِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣٢﴾

৩২। অতঃপর তাদেরই একজনকে (হূদকে) তাদের নিকট রাসূল হিসেবে প্রেরণ করেছিলাম (সে বলেছিল) যে, 'তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ নেই, তবে কি তোমরা (আল্লাহ্‌কে) ভয় করবে না?'

ع ٢ ٢ ٢ রুকু ২

وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهِ الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِلِقَآءِ الْاٰخِرَةِ وَاَتْرَفْنٰهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ مَا هٰذَآ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يَاْكُلُ مِمَّا تَاْكُلُوْنَ مِنْهُ وَيَشْرَبُ مِمَّا تَشْرَبُوْنَ ﴿٣٣﴾

৩৩। এবং তার সম্প্রদায়ের প্রধানরা - যারা কুফরী করেছিল ও আখিরাতের সাক্ষাৎকে মিথ্যা বলেছিল এবং যাদেরকে আমি দুনিয়ার জীবনে বিলাস সামগ্রী দিয়েছিলাম- বলেছিল, 'সে তোমাদের মত একজন মানুষ ছাড়া আর কিছু নয়, সে তা-ই খায় যা তোমরা খাও এবং তা-ই পান করে যা তোমরা পান কর।

وَلَئِنْ اَطَعْتُمْ بَشَرًا مِّثْلَكُمْ اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ﴿٣٤﴾

৩৪। আর যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর, তখন নিশ্চয় তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে-

اَيَعِدُكُمْ اَنَّكُمْ اِذَا مِتُّمْ وَكُنْتُمْ تُرَابًا وَّعِظَامًا اَنَّكُمْ مُّخْرَجُوْنَ ﴿٣٥﴾

৩৫। সে কি তোমাদেরকে এই প্রতিশ্রুতি দেয় যে, যখন তোমরা মৃত্যু বরণ করবে এবং মাটি ও হাড়ে পরিণত হবে তখন তোমাদেরকে (কবর থেকে) বের করা হবে?

هَيْهَاتَ هَيْهَاتَ لِمَا تُوْعَدُوْنَ ﴿٣٦﴾

৩৬। অসম্ভব, তোমাদেরকে যে বিষয়ে প্রতিশ্রুতি দেয়া হয় তা অসম্ভব-

اِنْ هِىَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ﴿٣٧﴾

৩৭। এটি (অর্থাৎ জীবন) কেবল আমাদের দুনিয়ার জীবন, আমরা (এখানেই) মরি ও বাঁচি এবং আমরা পুনরুত্থিত হবার নই-

اِنْ هُوَ اِلَّا رَجُلٌ ۢ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا وَّمَا نَحْنُ لَهٗ بِمُؤْمِنِيْنَ ﴿٣٨﴾

৩৮। সে কেবল এমন ব্যক্তি যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করেছে এবং আমরা তার উপর বিশ্বাসী নই।'

قَالَ رَبِّ انْصُرْنِىْ بِمَا كَذَّبُوْنِ ﴿٣٩﴾

৩৯। সে বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য করুন, কারণ তারা আমাকে মিথ্যাবাদী বলেছে।'

قَالَ عَمَّا قَلِيْلٍ لَّيُصْبِحُنَّ نٰدِمِيْنَ ﴿٤٠﴾

৪০। তিনি (আল্লাহ্) বললেন, 'কিছু সময়ের মধ্যে অবশ্যই তারা অনুতপ্ত হবে।'

فَاَخَذَتْهُمُ الصَّيْحَةُ بِالْحَقِّ فَجَعَلْنٰهُمْ غُثَآءً ۚ فَبُعْدًا لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٤١﴾

৪১। অতঃপর সত্যিই এক বিকট শব্দ তাদেরকে পাকড়াও করল এবং আমি তাদেরকে বানিয়ে দিলাম আবর্জনা, সুতরাং ধ্বংস হোক জালিম সম্প্রদায়।

ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قُرُوْنًا اٰخَرِيْنَ ﴿٤٢﴾

৪২। এরপর তাদের পরে আমি সৃষ্টি করেছি অন্যান্য প্রজন্ম।

مَا تَسْبِقُ مِنْ اُمَّةٍ اَجَلَهَا وَمَا يَسْتَاْخِرُوْنَ ﴿٤٣﴾

৪৩। কোন উম্মত (জনগোষ্ঠি) তার নির্দিষ্ট সময়কে এগিয়ে আনতে পারে না এবং বিলম্বিতও করতে পারে না।

ثُمَّ اَرْسَلْنَا رُسُلَنَا تَتْرَا ۭ كُلَّمَا جَآءَ اُمَّةً رَّسُوْلُهَا كَذَّبُوْهُ فَاَتْبَعْنَا بَعْضَهُمْ بَعْضًا وَّجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ ۚ فَبُعْدًا لِّقَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ﴿٤٤﴾

৪৪। এরপর আমি একের পর এক আমার রাসূলদেরকে প্রেরণ করেছি। যখনই কোন উম্মতের নিকট তাদের রাসূল এসেছে তখন তারা তাকে মিথ্যাবাদী বলেছে, অতঃপর আমি তাদেরকে একের পর এক ধ্বংস করলাম এবং আমি তাদেরকে বানিয়ে দিলাম কাহিনী, সুতরাং ধ্বংস হোক এমন সম্প্রদায় যারা ঈমান আনে না।

ثُمَّ اَرْسَلْنَا مُوْسٰى وَاَخَاهُ هٰرُوْنَ ۙ بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٤٥﴾

৪৫। এরপর আমি আমার নিদর্শনাবলী ও সুস্পষ্ট প্রমাণসহ মূসা ও তার ভাই হারূনকে প্রেরণ করলাম-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِلٰى فِرْعَوْنَ وَمَلَإِئِهٖ فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا عَالِيْنَ ﴿٤٦﴾

৪৬। ফিরআউন ও তার পরিষদবর্গের কাছে, কিন্তু তারা অহঙ্কার করল, এবং তারা ছিল এক উদ্ধত সম্প্রদায়,

فَقَالُوْٓا اَنُؤْمِنُ لِبَشَرَيْنِ مِثْلِنَا وَقَوْمُهُمَا لَنَا عٰبِدُوْنَ ﴿٤٧﴾

৪৭। অতঃপর তারা বলল, 'আমরা কি আমাদের মত দু'জন মানুষের উপর ঈমান আনব, অথচ তাদের সম্প্রদায় আমাদের দাসত্ব করে?'

فَكَذَّبُوْهُمَا فَكَانُوْا مِنَ الْمُهْلَكِيْنَ ﴿٤٨﴾

৪৮। এবং তারা তাদেরকে মিথ্যাবাদী বলল, ফলে তারা ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভূক্ত হল।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٤٩﴾

৪৯। আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, যাতে তারা সঠিকপথ পেতে পারে।

وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗٓ اٰيَةً وَّاٰوَيْنٰهُمَآ اِلٰى رَبْوَةٍ ذَاتِ قَرَارٍ وَّمَعِيْنٍ ﴿٥٠﴾

ع ٣ ٦ ٤ ٥ রুকু

৫০। এবং আমি মারইয়ামের পুত্র ও তার মাকে করেছিলাম একটি নিদর্শন এবং তাদেরকে আশ্রয় দিয়েছিলাম এক বাসযোগ্য ও ঝর্ণাবিশিষ্ট উঁচু ভূমিতে।

يٰٓاَيُّهَا الرُّسُلُ كُلُوْا مِنَ الطَّيِّبٰتِ وَاعْمَلُوْا صَالِحًا ۭ اِنِّىْ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ ﴿٥١﴾

৫১। হে রাসূলরা! তোমরা পবিত্র বস্তুসমূহ থেকে আহার কর এবং সৎকাজ কর। নিশ্চয় আমি তোমরা যা কর সে সম্পর্কে ভালভাবে জানি।

وَاِنَّ هٰذِهٖٓ اُمَّتُكُمْ اُمَّةً وَّاحِدَةً وَّاَنَا رَبُّكُمْ فَاتَّقُوْنِ ﴿٥٢﴾

৫২। এবং নিশ্চয় তোমাদের এই উম্মত (ধর্ম) একই উম্মত (ধর্ম) এবং আমিই তোমাদের প্রতিপালক, অতএব আমাকে ভয় কর।

فَتَقَطَّعُوْٓا اَمْرَهُمْ بَيْنَهُمْ زُبُرًا ۭ كُلُّ حِزْبٍۢ بِمَا لَدَيْهِمْ فَرِحُوْنَ ﴿٥٣﴾

৫৩। কিন্তু তারা তাদের মধ্যে তাদের (দ্বীনের) বিষয়কে যাবুরসমূহে (বিভিন্ন লিখিত কিতাবে) বিভক্ত করেছে।* প্রত্যেক দলই তাদের কাছে যা আছে তা নিয়ে উৎফুল্ল।*

فَذَرْهُمْ فِىْ غَمْرَتِهِمْ حَتّٰى حِيْنٍ ﴿٥٤﴾

৫৪। সুতরাং কিছু সময় পর্যন্ত তাদেরকে তাদের গোমরাহীতে (বিপথগামীতায়) থাকতে দাও।

اَيَحْسَبُوْنَ اَنَّمَا نُمِدُّهُمْ بِهٖ مِنْ مَّالٍ وَّبَنِيْنَ ﴿٥٥﴾

৫৫। তারা কি মনে করে যে, আমি তাদেরকে যে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দ্বারা সাহায্য করি (তা দিয়ে)-

نُسَارِعُ لَهُمْ فِى الْخَيْرٰتِ ۭ بَلْ لَّا يَشْعُرُوْنَ ﴿٥٦﴾

৫৬। আমি তাদের জন্য সব ধরণের কল্যাণকে ত্বরান্বিত করছি? বরং তারা অনুভব করে না।

اِنَّ الَّذِيْنَ هُمْ مِّنْ خَشْيَةِ رَبِّهِمْ مُّشْفِقُوْنَ ﴿٥٧﴾

৫৭। নিশ্চয় যারা তাদের প্রতিপালকের ভয়ে ভীত-শঙ্কিত-

وَالَّذِيْنَ هُمْ بِاٰيٰتِ رَبِّهِمْ يُؤْمِنُوْنَ ﴿٥٨﴾

৫৮। এবং যারা তাদের প্রতিপালকের নিদর্শনাবলীতে ঈমান আনে-

وَالَّذِيْنَ هُمْ بِرَبِّهِمْ لَا يُشْرِكُوْنَ ﴿٥٩﴾

৫৯। এবং যারা তাদের প্রতিপালকের সাথে শরীক করে না-

وَالَّذِيْنَ يُؤْتُوْنَ مَآ اٰتَوْا وَّقُلُوْبُهُمْ وَجِلَةٌ اَنَّهُمْ اِلٰى رَبِّهِمْ رٰجِعُوْنَ ﴿٦٠﴾

৬০। এবং যারা প্রদান করে যা তারা প্রদান করে থাকে, এমন অবস্থায় যে তাদের হৃদয় ভীত হয়, এ কারণে যে, তাদের প্রতিপালকের দিকে তাদেরকে ফিরে যেতে হবে-

اُولٰٓئِكَ يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ وَهُمْ لَهَا سٰبِقُوْنَ ﴿٦١﴾

৬১। তারাই কল্যাণকর কাজে দ্রুত ধাবিত হয় এবং তারা এর জন্য অগ্রগামী হয়।

وَلَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَا وَلَدَيْنَا كِتٰبٌ يَّنْطِقُ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٦٢﴾

৬২। আমি কাউকে তার সাধ্যাতীত (কিছু) চাপিয়ে দেই না এবং আমার কাছে রয়েছে এমন এক কিতাব (আমলনামা) যা সত্য কথা বলবে এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

بَلْ قُلُوْبُهُمْ فِيْ غَمْرَةٍ مِّنْ هٰذَا وَلَهُمْ اَعْمَالٌ مِّنْ دُوْنِ ذٰلِكَ هُمْ لَهَا عٰمِلُوْنَ ﴿٦٣﴾

৬৩। বরং এ বিষয়ে (অর্থাৎ আমলনামার বিষয়ে) তাদের হৃদয় গোমরাহিতে (বিপথগামিতায়) রয়েছে, এবং এছাড়া তাদের আরও (মন্দ) কর্ম রয়েছে যা তারা করে থাকে।

حَتّٰٓى اِذَآ اَخَذْنَا مُتْرَفِيْهِمْ بِالْعَذَابِ اِذَا هُمْ يَجْـَٔرُوْنَ ﴿٦٤﴾

৬৪। অবশেষে আমি যখন তাদের বিত্তবানদেরকে শাস্তি দ্বারা পাকড়াও করি তখনই তারা ফরিয়াদ করতে থাকে।

لَا تَجْـَٔرُوا الْيَوْمَ ۖ اِنَّكُمْ مِّنَّا لَا تُنْصَرُوْنَ ﴿٦٥﴾

৬৫। (তাদেরকে বলা হবে) 'আজ ফরিয়াদ করো না, নিশ্চয় তোমরা আমার পক্ষ থেকে কোন সাহায্য পাবে না।'

قَدْ كَانَتْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ تَنْكِصُوْنَ ﴿٦٦﴾

৬৬। অবশ্যই আমার আয়াতসমূহ তোমাদের কাছে পাঠ করা হত, কিন্তু তোমরা তোমাদের পিছনে সরে পড়তে (মুখ ফিরিয়ে নিতে)-

مُسْتَكْبِرِيْنَ ۖ بِهٖ سٰمِرًا تَهْجُرُوْنَ ﴿٦٧﴾

৬৭। তা থেকে অহঙ্কার করে, নৈশ গল্প-গুজব করে ও মন্দ কথা বলে।

اَفَلَمْ يَدَّبَّرُوا الْقَوْلَ اَمْ جَآءَهُمْ مَّا لَمْ يَاْتِ اٰبَآءَهُمُ الْاَوَّلِيْنَ ﴿٦٨﴾

৬৮। তবে কি তারা এই কথা (কুরআন) নিয়ে গভীর চিন্তা করে না? অথবা তাদের কাছে কি এমন কিছু এসেছে যা তাদের পূর্বপুরুষদের কাছে আসেনি?

اَمْ لَمْ يَعْرِفُوْا رَسُوْلَهُمْ فَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٦٩﴾

৬৯। অথবা তারা কি তাদের রাসূলকে চিনেনি, তাই তাকে অস্বীকার করে?

اَمْ يَقُوْلُوْنَ بِهٖ جِنَّةٌ ۭ بَلْ جَآءَهُمْ بِالْحَقِّ وَاَكْثَرُهُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧٠﴾

৭০। অথবা তারা কি বলে যে, তার মধ্যে পাগলামী রয়েছে? বরং সে তাদের কাছে সত্য নিয়ে এসেছে, কিন্তু তাদের অধিকাংশই সত্যকে অপছন্দ করে।

وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَآءَهُمْ لَفَسَدَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ۭ بَلْ اَتَيْنٰهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُّعْرِضُوْنَ ﴿٧١﴾

৭১। আর সত্য যদি তাদের প্রবৃত্তির অনুসরণ করত তাহলে আকাশসমূহ ও পৃথিবী এবং তাদের মধ্যে যারা আছে সবই ধ্বংস হয়ে যেত। বরং আমি তাদেরকে তাদের উপদেশ (কুরআন) দিয়েছি, কিন্তু তারা তাদের উপদেশ থেকে মুখ ফিরিয়ে নেয়।

اَمْ تَسْـَٔلُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ خَيْرٌ ۚ وَّهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٧٢﴾

৭২। অথবা তুমি কি তাদের কাছে কোন খরচ চাও? অথচ তোমার প্রতিপালকের দানই উত্তম, এবং তিনিই উত্তম রিযিকদাতা।

وَاِنَّكَ لَتَدْعُوْهُمْ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٧٣﴾

৭৩। আর নিশ্চয় তুমি অবশ্যই তাদেরকে আহ্বান করছ সরল পথের দিকে।

وَاِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ عَنِ الصِّرَاطِ لَنٰكِبُوْنَ ﴿٧٤﴾

৭৪। আর নিশ্চয় যারা আখিরাতে বিশ্বাস করে না তারা (সরল) পথ হতে অবশ্যই বিচ্যুত।

وَلَوْ رَحِمْنٰهُمْ وَكَشَفْنَا مَا بِهِمْ مِّنْ ضُرٍّ لَّلَجُّوْا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿٧٥﴾

৭৫। আর যদি আমি তাদেরকে দয়া করতাম এবং তাদের যে দুঃখ-দুর্দশা রয়েছে তা দূর করতাম তবু তারা দিশেহারা হয়ে তাদের অবাধ্যতায় অবশ্যই অবশ্যই অটল থাকত।

وَلَقَدْ اَخَذْنٰهُمْ بِالْعَذَابِ فَمَا اسْتَكَانُوْا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُوْنَ ﴿٧٦﴾

৭৬। এবং আমি তাদেরকে শাস্তি দ্বারা পাকড়াও করলাম, কিন্তু তারা তাদের প্রতিপালকের প্রতি বিনীত হল না এবং কাকুতি-মিনতি করল না।

حَتّٰٓى اِذَا فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا ذَا عَذَابٍ شَدِيْدٍ اِذَا هُمْ فِيْهِ مُبْلِسُوْنَ ﴿٧٧﴾

৭৭। অবশেষে যখন আমি তাদের জন্য কঠিন শাস্তির দুয়ার খুলে দেই তখন তারা এতে হতাশাগ্রস্ত হয়ে পড়ে।

ع ٧ ٨ রুকু ٨

৭৮। এবং তিনিই তোমাদের জন্য কান, চোখ ও অন্তর সৃষ্টি করেছেন। তোমরা সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ কর।

وَهُوَ الَّذِيْٓ اَنْشَاَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْئِدَةَ ؕ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ ﴿٧٨﴾

৭৯। এবং তিনিই পৃথিবীতে তোমাদের বিস্তার ঘটিয়েছেন এবং তোমাদেরকে তাঁরই দিকে সমবেত করা হবে।

وَهُوَ الَّذِيْ ذَرَاَكُمْ فِي الْاَرْضِ وَاِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٧٩﴾

৮০। এবং তিনিই জীবিত করেন এবং মৃত্যু ঘটান এবং রাত ও দিনের আবর্তন তাঁরই (এখতিয়ারে)। তবে কি তোমরা অনুধাবন কর না?

وَهُوَ الَّذِيْ يُحْيٖ وَيُمِيْتُ وَلَهُ اخْتِلَافُ الَّيْلِ وَالنَّهَارِ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٨٠﴾

৮১। বরং তারা তা-ই বলে, যা বলেছিল পূর্ববর্তীরা।

بَلْ قَالُوْا مِثْلَ مَا قَالَ الْاَوَّلُوْنَ ﴿٨١﴾

৮২। তারা বলে, 'আমরা যখন মৃত্যুবরণ করব এবং মাটি ও হাড়ে পরিণত হব তখনও কি আমরা পুনরুত্থিত হব?

قَالُوْٓا ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿٨٢﴾

৮৩। এই প্রতিশ্রুতি তো আমাদেরকে এবং ইতঃপূর্বে আমাদের পূর্বপুরুষদেরকেও দেয়া হয়েছে (বহুবার)। এটা পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়।'

لَقَدْ وُعِدْنَا نَحْنُ وَاٰبَآؤُنَا هٰذَا مِنْ قَبْلُ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٨٣﴾

৮৪। বল, 'এ পৃথিবী এবং এতে যারা আছে তারা কার- যদি তোমরা জান?'

قُلْ لِّمَنِ الْاَرْضُ وَمَنْ فِيْهَآ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٨٤﴾

৮৫। শীঘ্রই তারা বলবে, 'আল্লাহ্‌র।' বল, 'তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?'

سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٨٥﴾

৮৬। বল, 'কে সাত আকাশ এবং মহান আরশের অধিপতি?'

قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿٨٦﴾

৮৭। শীঘ্রই তারা বলবে, (এ সব) 'আল্লাহ্‌র।' বল, 'তবে কি তোমরা (আল্লাহ্‌কে) ভয় করবে না?'

سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٨٧﴾

৮৮। বল, 'কার হাতে সকল কিছুর কর্তৃত্ব, অথচ তিনি আশ্রয় দান করেন এবং তার বিপক্ষে কেউ আশ্রয় দিতে পারে না- যদি তোমরা জানতে?'

قُلْ مَنْۢ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّهُوَ يُجِيْرُ وَلَا يُجَارُ عَلَيْهِ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٨٨﴾

৮৯। শীঘ্রই তারা বলবে, 'আল্লাহ্‌র।' বল, 'তবে তোমরা কিভাবে সম্মোহিত হচ্ছ?'

سَيَقُوْلُوْنَ لِلّٰهِ ؕ قُلْ فَاَنّٰى تُسْحَرُوْنَ ﴿٨٩﴾

৯০। বরং আমি তাদের নিকট সভ্য এনেছি, কিন্তু নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

بَلْ اَتَيْنٰهُمْ بِالْحَقِّ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٩٠﴾

৯১। আল্লাহ্ কোন সন্তান গ্রহণ করেননি এবং তাঁর সাথে অন্য কোন ইলাহ্ নেই, (যদি থাকত) তবে প্রত্যেক ইলাহ্ সে যা সৃষ্টি করেছে তা নিয়ে (পৃথক হয়ে) যেত এবং অবশ্যই একে অপরের উপর প্রাধান্য বিস্তার করত। তারা যে গুণ বর্ণনা করে তা থেকে পবিত্র আল্লাহ্-

مَا اتَّخَذَ اللّٰهُ مِنْ وَّلَدٍ وَّمَا كَانَ مَعَهٗ مِنْ اِلٰهٍ اِذًا لَّذَهَبَ كُلُّ اِلٰهٍۭ بِمَا خَلَقَ وَلَعَلَا بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يَصِفُوْنَ ﴿٩١﴾

৯২। -অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী। অতএব তারা যা শরীক করে তা হতে তিনি অনেক ঊর্ধ্বে।

عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٩٢﴾

৯৩। বল, 'হে আমার প্রতিপালক! তাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দেয়া হয় তা যদি আপনি আমাকে দেখান-

قُلْ رَّبِّ اِمَّا تُرِيَنِّيْ مَا يُوْعَدُوْنَ ﴿٩٣﴾

رَبِّ فَلَا تَجْعَلْنِيْ فِي الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٩٤﴾

৯৪। হে আমার প্রতিপালক! তবে আপনি আমাকে জালিম সম্প্রদায়ের মধ্যে অন্তর্ভুক্ত করবেন না।'

وَاِنَّا عَلٰٓى اَنْ نُّرِيَكَ مَا نَعِدُهُمْ لَقٰدِرُوْنَ ﴿٩٥﴾

৯৫। আর নিশ্চয় আমি তাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দিচ্ছি আমি তা তোমাকে দেখাতে অবশ্যই সক্ষম।

اِدْفَعْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ السَّيِّئَةَ ۭ نَحْنُ اَعْلَمُ بِمَا يَصِفُوْنَ ﴿٩٦﴾

৯৬। মন্দকে প্রতিহত কর তা দিয়ে যা উত্তম। তারা যে গুণ বর্ণনা করে সে সম্পর্কে আমি সবচেয়ে বেশি জানি।

وَقُلْ رَّبِّ اَعُوْذُبِكَ مِنْ هَمَزٰتِ الشَّيٰطِيْنِ ﴿٩٧﴾

৯৭। এবং বল, 'হে আমার প্রতিপালক! আমি আপনার আশ্রয় প্রার্থনা করি শয়তানদের প্ররোচনা থেকে-

وَاَعُوْذُبِكَ رَبِّ اَنْ يَّحْضُرُوْنِ ﴿٩٨﴾

৯৮। এবং হে আমার প্রতিপালক! আমি আপনার আশ্রয় প্রার্থনা করি (এই আশংকায়) যে, এরা আমার নিকট উপস্থিত হয়ে পড়বে।'

حَتّٰٓى اِذَا جَاۗءَ اَحَدَهُمُ الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُوْنِ ﴿٩٩﴾

৯৯। অবশেষে যখন তাদের কারো নিকট মৃত্যু এসে পড়ে তখন সে বলে, 'হে আমার প্রতিপালক! আমাকে পুনরায় প্রেরণ করুন-

لَعَلِّيْٓ اَعْمَلُ صَالِحًا فِيْمَا تَرَكْتُ كَلَّا ۭ اِنَّهَا كَلِمَةٌ هُوَ قَاۗىِٕلُهَا ۭ وَمِنْ وَّرَاۗىِٕهِمْ بَرْزَخٌ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٠٠﴾

১০০। যাতে আমি সৎকাজ করতে পারি যা আমি (পূর্বে) ছেড়ে দিয়েছি,' কক্ষনো না (তা হওয়ার নয়)। নিশ্চয় এটি একটি কথা যা সে (নিজ থেকেই) বলছে। আর তাদের সামনে রয়েছে বারযাখ (অন্তরায়)* সেদিন পর্যন্ত যেদিন পুনরুত্থিত করা হবে।

فَاِذَا نُفِخَ فِي الصُّوْرِ فَلَآ اَنْسَابَ بَيْنَهُمْ يَوْمَىِٕذٍ وَّلَا يَتَسَاۗءَلُوْنَ ﴿١٠١﴾

১০১। অতঃপর যখন শিঙ্গায় ফুঁ দেয়া হবে, সেদিন তাদের মধ্যে আত্মীয়তার সম্পর্ক* থাকবে না এবং একে অপরকে জিজ্ঞাসাও করবে না।

فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰۗىِٕكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿١٠٢﴾

১০২। অতঃপর যাদের (পুণ্যের) পাল্লা ভারী হবে, তারাই সফল।

وَمَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ فَاُولٰۗىِٕكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فِيْ جَهَنَّمَ خٰلِدُوْنَ ﴿١٠٣﴾

১০৩। এবং যাদের (পুণ্যের) পাল্লা হালকা হবে, ওরাই তারা যারা তাদের নিজেদের ক্ষতি করেছে, তারা জাহান্নামে স্থায়ী হবে।

تَلْفَحُ وُجُوْهَهُمُ النَّارُ وَهُمْ فِيْهَا كٰلِحُوْنَ ﴿١٠٤﴾

১০৪। আগুন তাদের চেহারাসমূহকে ঝলসে দিবে এবং তারা সেখানে থাকবে বীভৎস চেহারায়।

اَلَمْ تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿١٠٥﴾

১০৫। (বলা হবে) 'তোমাদের কাছে কি আমার আয়াতসমূহ পাঠ করা হত না? তখন তোমরা এগুলোকে মিথ্যা অভিহিত করতে।'

قَالُوْا رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا شِقْوَتُنَا وَكُنَّا قَوْمًا ضَاۗلِّيْنَ ﴿١٠٦﴾

১০৬। তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! দুর্ভাগ্য আমাদের উপর বিজয়ী হয়েছিল এবং আমরা ছিলাম এক পথভ্রষ্ট সম্প্রদায়।

رَبَّنَآ اَخْرِجْنَا مِنْهَا فَاِنْ عُدْنَا فَاِنَّا ظٰلِمُوْنَ ﴿١٠٧﴾

১০৭। হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এখান (আগুন) থেকে বের করুন, অতঃপর যদি আমরা (মন্দ কাজে) ফিরে যাই, তবে নিশ্চয় আমরা জালিম হব।'

قَالَ اخْسَـــُٔوْا فِيْهَا وَلَا تُكَلِّمُوْنِ ﴿١٠٨﴾

১০৮। তিনি (আল্লাহ্) বলবেন, 'তোমরা ঘৃণিত অবস্থায় এখানেই থাক এবং আমার সাথে কোন কথা বলো না।'

اِنَّهٗ كَانَ فَرِيْقٌ مِّنْ عِبَادِيْ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ﴿١٠٩﴾

১০৯। নিশ্চয় আমার বান্দাদের মধ্যে একদল (লোক) ছিল যারা বলত, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি, সুতরাং আমাদেরকে ক্ষমা করুন ও দয়া করুন, আর আপনিই সর্বোত্তম দয়ালু,'

فَاتَّخَذْتُمُوْهُمْ سِخْرِيًّا حَتّٰٓى اَنْسَوْكُمْ ذِكْرِيْ وَكُنْتُمْ مِّنْهُمْ تَضْحَكُوْنَ ﴿١١٠﴾

১১০। কিন্তু তাদেরকে তোমরা ঠাট্টা-বিদ্রূপ হিসেবে গ্রহণ করেছিলে, এমনকি তারা (অর্থাৎ তাদেরকে ঠাট্টা-বিদ্রূপ করার ব্যস্ততা) তোমাদেরকে আমার কথা ভুলিয়ে দিয়েছিল। এবং তোমরা তাদেরকে নিয়ে হাসি-ঠাট্টা করতে।

১১১। নিশ্চয় আমি আজ তাদেরকে প্রতিদান দিলাম, তাদের ধৈর্যের কারণে, এবং তারাই সফল।

اِنِّىْ جَزَيْتُهُمُ الْيَوْمَ بِمَا صَبَرُوْٓا ۙ اَنَّهُمْ هُمُ الْفَآئِزُوْنَ ﴿١١١﴾

১১২। তিনি (আল্লাহ্) বলবেন, 'তোমরা পৃথিবীতে কত বছর অবস্থান করেছিলে?'

قٰلَ كَمْ لَبِثْتُمْ فِى الْاَرْضِ عَدَدَ سِنِيْنَ ﴿١١٢﴾

১১৩। তারা বলবে, 'আমরা অবস্থান করেছিলাম একদিন অথবা দিনের কিছু অংশ, সুতরাং আপনি গণনাকারীদেরকে* জিজ্ঞাসা করুন।'

قَالُوْا لَبِثْنَا يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ فَسْئَلِ الْعَآدِّيْنَ ﴿١١٣﴾

১১৪। তিনি (আল্লাহ্) বলবেন, 'তোমরা সামান্যই অবস্থান করেছিলে- যদি তোমরা জানতে।'

قٰلَ اِنْ لَّبِثْتُمْ اِلَّا قَلِيْلًا لَّوْ اَنَّكُمْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١١٤﴾

১১৫। তবে কি তোমরা মনে করেছিলে যে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি এবং তোমাদেরকে আমার কাছে ফিরিয়ে আনা হবে না?

اَفَحَسِبْتُمْ اَنَّمَا خَلَقْنٰكُمْ عَبَثًا وَّاَنَّكُمْ اِلَيْنَا لَا تُرْجَعُوْنَ ﴿١١٥﴾

১১৬। অতএব আল্লাহ্ হলেন সুমহান, যিনি মালিক ও সত্য, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি সম্মানিত আরশের অধিপতি।

فَتَعٰلَى اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ رَبُّ الْعَرْشِ الْكَرِيْمِ ﴿١١٦﴾

১১৭। আর যে আল্লাহ্র সাথে অন্য উপাস্যকে ডাকে, যে বিষয়ে তার কোন অকাট্য দলিল-প্রমাণ নেই, তার হিসাব তার প্রতিপালকের কাছে রয়েছে। নিশ্চয় কাফিররা সফল হয় না।

وَمَنْ يَّدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۙ لَا بُرْهَانَ لَهٗ بِهٖ ۙ فَاِنَّمَا حِسَابُهٗ عِنْدَ رَبِّهٖ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ﴿١١٧﴾

ع ٢ ٦ ٦ রুকু ৬

১১৮। এবং বল, 'হে আমার প্রতিপালক! ক্ষমা করুন ও দয়া করুন, আর আপনি উত্তম দয়ালু।'

وَقُلْ رَّبِّ اغْفِرْ وَارْحَمْ وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ﴿١١٨﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৪. সূরা আন-নূর, মাদানী

৬৪ আয়াত, ৯ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٤-سُوْرَةُ النُّوْرِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٦٤، رُكُوْعَاتُهَا-٩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سُوْرَةٌ اَنْزَلْنٰهَا وَفَرَضْنٰهَا وَاَنْزَلْنَا فِيْهَآ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ لَّعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ۝١

১। (এটি) একটি সূরা যা আমি অবতীর্ণ করেছি এবং যা (যার বিধানসমূহ) অবশ্যপালনীয় করেছি এবং তাতে আমি অবতীর্ণ করেছি সুস্পষ্ট আয়াতসমূহ, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।

اَلزَّانِيَةُ وَالزَّانِيْ فَاجْلِدُوْا كُلَّ وَاحِدٍ مِّنْهُمَا مِائَةَ جَلْدَةٍ ۖ وَّلَا تَاْخُذْكُمْ بِهِمَا رَاْفَةٌ فِيْ دِيْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۚ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَآئِفَةٌ مِّنَ الْمُؤْمِنِيْنَ ۝٢

২। ব্যভিচারিণী ও ব্যভিচারী- তাদের প্রত্যেককে তোমরা একশত বেত্রাঘাত কর, এবং আল্লাহ্‌র দ্বীনের (বিধানের) ক্ষেত্রে তাদের ব্যাপারে কোন করুণা যেন তোমাদেরকে পেয়ে না বসে, যদি তোমরা আল্লাহ্ এবং আখিরাতের দিনের প্রতি ঈমান এনে থাক, এবং মু'মিনদের একটি দল যেন তাদের দু'জনের শাস্তি প্রত্যক্ষ করে।

اَلزَّانِيْ لَا يَنْكِحُ اِلَّا زَانِيَةً اَوْ مُشْرِكَةً ۖ وَّالزَّانِيَةُ لَا يَنْكِحُهَآ اِلَّا زَانٍ اَوْ مُشْرِكٌ ۚ وَحُرِّمَ ذٰلِكَ عَلَى الْمُؤْمِنِيْنَ ۝٣

৩। ব্যভিচারীই কেবল কোনো ব্যভিচারিণী অথবা মুশরিক নারীকে বিয়ে করে; এবং ব্যভিচারিণীকে কেবল কোনো ব্যভিচারী অথবা মুশরিকই বিয়ে করে, আর মু'মিনদের জন্য তা হারাম করা হয়েছে।

وَالَّذِيْنَ يَرْمُوْنَ الْمُحْصَنٰتِ ثُمَّ لَمْ يَاْتُوْا بِاَرْبَعَةِ شُهَدَآءَ فَاجْلِدُوْهُمْ ثَمٰنِيْنَ جَلْدَةً وَّلَا تَقْبَلُوْا لَهُمْ شَهَادَةً اَبَدًا ۚ وَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ۝٤

৪। এবং যারা সচ্চরিত্রা নারীর ব্যাপারে (ব্যভিচারের) অভিযোগ উত্থাপন করে, এরপর চারজন সাক্ষী উপস্থিত করে না, তাদেরকে আশিটি বেত্রাঘাত কর এবং কখনো তাদের সাক্ষ্য গ্রহণ করো না, আর তারাই পাপাচারী-

اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْۢ بَعْدِ ذٰلِكَ وَاَصْلَحُوْا ۚ فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٥

৫। তবে যারা তারপর তওবা করে (অনুতপ্ত হয়ে ফিরে আসে) এবং (নিজেদেরকে) সংশোধন করে, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَالَّذِيْنَ يَرْمُوْنَ اَزْوَاجَهُمْ وَلَمْ يَكُنْ لَّهُمْ شُهَدَآءُ اِلَّآ اَنْفُسُهُمْ فَشَهَادَةُ اَحَدِهِمْ اَرْبَعُ شَهٰدٰتٍۢ بِاللّٰهِ ۙ اِنَّهٗ لَمِنَ الصّٰدِقِيْنَ ۝٦

৬। এবং যারা তাদের স্ত্রীদের ব্যাপারে (ব্যভিচারের) অভিযোগ উত্থাপন করে, অথচ নিজেরা ছাড়া তাদের কোন সাক্ষী থাকে না, তাদের একেকজনের সাক্ষ্য হবে আল্লাহ্‌র নামে (কসম করে) চারবার সাক্ষ্য দেয়া যে, নিশ্চয় সে অবশ্যই সত্যবাদী।

وَالْخَامِسَةُ اَنَّ لَعْنَتَ اللّٰهِ عَلَيْهِ اِنْ كَانَ مِنَ الْكٰذِبِيْنَ ۝٧

৭। এবং পঞ্চমবার (কসম করে বলবে) যে, তার উপর আল্লাহ্‌র লা'নত- যদি সে মিথ্যাবাদী হয়।

وَيَدْرَؤُا عَنْهَا الْعَذَابَ اَنْ تَشْهَدَ اَرْبَعَ شَهٰدٰتٍۢ بِاللّٰهِ ۙ اِنَّهٗ لَمِنَ الْكٰذِبِيْنَ ۝٨

৮। কিন্তু তার (অর্থাৎ স্ত্রীলোকটি) থেকে শাস্তি রহিত করা হবে যদি সে আল্লাহ্‌র নামে (কসম করে) চারবার সাক্ষ্য দেয় যে, নিশ্চয় সে (স্বামী) অবশ্যই মিথ্যাবাদী-

وَالْخَامِسَةَ اَنَّ غَضَبَ اللّٰهِ عَلَيْهَآ اِنْ كَانَ مِنَ الصّٰدِقِيْنَ ۝٩

৯। এবং পঞ্চমবার (কসম করে বলবে) যে, তার (অর্থাৎ স্ত্রীর) উপর (আপতিত হবে) আল্লাহ্‌র ক্রোধ- যদি সে (স্বামী) সত্যবাদী হয়।

وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ تَوَّابٌ حَكِيْمٌ ۝١٠

১০। এবং তোমাদের উপর যদি আল্লাহ্‌র অনুগ্রহ ও তাঁর দয়া না থাকত (তাহলে তোমরা জটিলতায় পড়তে), এবং এও যে, আল্লাহ্ তওবা কবুলকারী ও মহাপ্রজ্ঞাবান।

১ম পারা ১৭ রুকূ ৭

১১। নিশ্চয় যারা (নবীর স্ত্রী সম্পর্কে) মিথ্যাচার নিয়ে এসেছে* তারা তোমাদেরই একটি দল। এটাকে তোমরা তোমাদের জন্য ক্ষতিকর মনে করো না। বরং এটা তোমাদের জন্য কল্যাণকর। তাদের প্রত্যেক ব্যক্তির জন্য রয়েছে তা-ই যে পাপ সে অর্জন করেছে, এবং তাদের মধ্যে যে এর প্রধান দায়িত্ব নিয়েছে তার জন্য রয়েছে মহাশাস্তি।

اِنَّ الَّذِيْنَ جَآءُوْ بِالْاِفْكِ عُصْبَةٌ مِّنْكُمْ ؕ لَا تَحْسَبُوْهُ شَرًّا لَّكُمْ ؕ بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ ؕ لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ مَّا اكْتَسَبَ مِنَ الْاِثْمِ ۚ وَ الَّذِيْ تَوَلّٰى كِبْرَهٗ مِنْهُمْ لَهٗ عَذَابٌ عَظِيْمٌ ﴿١١﴾

১২। যখন তোমরা তা শুনলে তখন মু'মিন পুরুষ এবং মু'মিন নারীরা তাদের নিজেদের সম্পর্কে কেন ভাল ধারণা করল না এবং বলল না, 'এটা সুস্পষ্ট মিথ্যাচার?'

لَوْلَآ اِذْ سَمِعْتُمُوْهُ ظَنَّ الْمُؤْمِنُوْنَ وَ الْمُؤْمِنٰتُ بِاَنْفُسِهِمْ خَيْرًا ۙ وَّ قَالُوْا هٰذَآ اِفْكٌ مُّبِيْنٌ ﴿١٢﴾

১৩। তারা কেন এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি? এবং যখন তারা সাক্ষীদেরকে উপস্থিত করেনি তখন আল্লাহ্‌র নিকট তারাই মিথ্যাবাদী।

لَوْ لَا جَآءُوْ عَلَيْهِ بِاَرْبَعَةِ شُهَدَآءَ ۚ فَاِذْ لَمْ يَاْتُوْا بِالشُّهَدَآءِ فَاُولٰٓئِكَ عِنْدَ اللّٰهِ هُمُ الْكٰذِبُوْنَ ﴿١٣﴾

১৪। আর যদি দুনিয়া ও আখিরাতে তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকত তাহলে তোমরা যাতে লিপ্ত হয়েছিলে সে জন্য মহাশাস্তি তোমাদেরকে অবশ্যই স্পর্শ করত,

وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَ رَحْمَتُهٗ فِي الدُّنْيَا وَ الْاٰخِرَةِ لَمَسَّكُمْ فِيْ مَآ اَفَضْتُمْ فِيْهِ عَذَابٌ عَظِيْمٌ ۚۖ ﴿١٤﴾

১৫। যখন তোমরা তোমাদের মুখে মুখে তা ছড়াচ্ছিলে এবং তোমাদের মুখে এমন কিছু বলছিলে যে ব্যাপারে তোমাদের কোন জ্ঞান ছিল না এবং তোমরা সেটাকে তুচ্ছ গণ্য করছিলে, অথচ আল্লাহ্‌র নিকট তা ছিল গুরুতর (বিষয়)।

اِذْ تَلَقَّوْنَهٗ بِاَلْسِنَتِكُمْ وَ تَقُوْلُوْنَ بِاَفْوَاهِكُمْ مَّا لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ وَّ تَحْسَبُوْنَهٗ هَيِّنًا ۖۗ وَّ هُوَ عِنْدَ اللّٰهِ عَظِيْمٌ ﴿١٥﴾

১৬। এবং যখন তোমরা তা শুনলে তখন কেন বললে না, 'এ বিষয়ে আমাদের কথা বলা উচিত নয়? পবিত্র আপনি (হে আল্লাহ্!), এটা এক গুরুতর অপবাদ!'

وَ لَوْلَآ اِذْ سَمِعْتُمُوْهُ قُلْتُمْ مَّا يَكُوْنُ لَنَآ اَنْ نَّتَكَلَّمَ بِهٰذَا ۖۗ سُبْحٰنَكَ هٰذَا بُهْتَانٌ عَظِيْمٌ ﴿١٦﴾

১৭। আল্লাহ্ তোমাদেরকে উপদেশ দিচ্ছেন, যেন কখনো তোমরা এর অনুরূপ (আচরণের) পুনরাবৃত্তি না কর - যদি তোমরা মু'মিন হও।

يَعِظُكُمُ اللّٰهُ اَنْ تَعُوْدُوْا لِمِثْلِهٖٓ اَبَدًا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۚ ﴿١٧﴾

১৮। আর আল্লাহ্ তোমাদের জন্য আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ؕ وَ اللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿١٨﴾

১৯। নিশ্চয় যারা পছন্দ করে যে, যারা ঈমান এনেছে তাদের মধ্যে অশ্লীলতার বিস্তার ঘটুক, তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি দুনিয়া ও আখিরাতে। এবং আল্লাহ্ জানেন আর তোমরা জান না।

اِنَّ الَّذِيْنَ يُحِبُّوْنَ اَنْ تَشِيْعَ الْفَاحِشَةُ فِي الَّذِيْنَ اٰمَنُوْا لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۙ فِي الدُّنْيَا وَ الْاٰخِرَةِ ؕ وَ اللّٰهُ يَعْلَمُ وَ اَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿١٩﴾

২০। আর যদি তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও তাঁর দয়া না থাকত (তবে তোমাদের কেউ পরিশুদ্ধ হতে পারতে না), এবং এও যে, আল্লাহ্ অত্যন্ত স্নেহশীল ও পরম দয়ালু।

ع ٢ ٨ ٢ রুকূ ٨

وَ لَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَ رَحْمَتُهٗ وَ اَنَّ اللّٰهَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿٢٠﴾

২১। ওহে যারা ঈমান এনেছে! তোমরা শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করো না। আর যে শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করে সে তাকে অশ্লীলতা ও মন্দ কাজের নির্দেশ দেয়। আর যদি তোমাদের উপর আল্লাহ্‌র অনুগ্রহ ও তাঁর দয়া না থাকত তাহলে তোমাদের মধ্য হতে কেউ কখনো পরিশুদ্ধ হতে পারতে না, কিন্তু আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পরিশুদ্ধ করেন এবং আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ وَ مَنْ يَّتَّبِعْ خُطُوٰتِ الشَّيْطٰنِ فَاِنَّهٗ يَاْمُرُ بِالْفَحْشَآءِ وَ الْمُنْكَرِ ؕ وَ لَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَ رَحْمَتُهٗ مَا زَكٰى مِنْكُمْ مِّنْ اَحَدٍ اَبَدًا ۙ وَّ لٰكِنَّ اللّٰهَ يُزَكِّيْ مَنْ يَّشَآءُ ؕ وَ اللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢١﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَا يَأْتَلِ أُولُوا الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبَىٰ وَالْمَسَاكِينَ وَالْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ ۖ وَلْيَعْفُوا وَلْيَصْفَحُوا ۗ أَلَا تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ﴿٢٢﴾

২২। এবং তোমাদের মধ্যে যারা অনুগ্রহশীল ও প্রাচুর্যের অধিকারী তারা যেন কসম না করে যে, তারা আত্মীয়-স্বজন, মিসকীন (অভাবগ্রস্ত) ও আল্লাহ্‌র পথে হিজরতকারীদেরকে (আর্থিক সাহায্য) দিবে না;* তারা যেন (তাদেরকে) মার্জনা করে এবং (তাদের দোষ-ত্রুটি) উপেক্ষা করে। তোমরা কি পছন্দ কর না যে, আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন? এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

إِنَّ الَّذِينَ يَرْمُونَ الْمُحْصَنَاتِ الْغَافِلَاتِ الْمُؤْمِنَاتِ لُعِنُوا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿٢٣﴾

২৩। নিশ্চয় যারা সচ্চরিত্র, অসতর্ক ও মু'মিন নারীদের ব্যাপারে (ব্যভিচারের) অভিযোগ উত্থাপন করে তাদেরকে দুনিয়া ও আখিরাতে লা'নত করা হবে এবং তাদের জন্য রয়েছে মহাশাস্তি।

يَوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ أَلْسِنَتُهُمْ وَأَيْدِيهِمْ وَأَرْجُلُهُمْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿٢٤﴾

২৪। যে দিন তাদের জিহ্বা, তাদের হাত ও তাদের পা তাদের বিরুদ্ধে সে সম্পর্কে সাক্ষ্য দিবে যা তারা করত।

يَوْمَئِذٍ يُوَفِّيهِمُ اللَّهُ دِينَهُمُ الْحَقَّ وَيَعْلَمُونَ أَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ الْمُبِينُ ﴿٢٥﴾

২৫। সেদিন আল্লাহ্ তাদের প্রাপ্য প্রতিফল পুরোপুরি দিবেন এবং তারা জানবে যে আল্লাহ্ই সুস্পষ্ট সত্য।

الْخَبِيثَاتُ لِلْخَبِيثِينَ وَالْخَبِيثُونَ لِلْخَبِيثَاتِ ۖ وَالطَّيِّبَاتُ لِلطَّيِّبِينَ وَالطَّيِّبُونَ لِلطَّيِّبَاتِ ۚ أُولَٰئِكَ مُبَرَّءُونَ مِمَّا يَقُولُونَ ۖ لَهُمْ مَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ﴿٢٦﴾

২৬। নিকৃষ্ট নারীরা নিকৃষ্ট পুরুষদের জন্য এবং নিকৃষ্ট পুরুষরা নিকৃষ্ট নারীদের জন্য, আর পবিত্র নারীরা পবিত্র পুরুষদের জন্য এবং পবিত্র পুরুষরা পবিত্র নারীদের জন্য, তারা (মিথ্যাচারীরা) যা বলে তা থেকে তারা মুক্ত। তাদের জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযিক।

রুকূ-৩

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتًا غَيْرَ بُيُوتِكُمْ حَتَّىٰ تَسْتَأْنِسُوا وَتُسَلِّمُوا عَلَىٰ أَهْلِهَا ۖ ذَٰلِكُمْ خَيْرٌ لَكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٢٧﴾

২৭। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদের ঘর ছাড়া কারও ঘরে প্রবেশ করো না যতক্ষণ না তোমরা অনুমতি গ্রহণ কর ও তার বাসিন্দাদের প্রতি সালাম* দাও। এটি তোমাদের জন্য উত্তম, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।

فَإِنْ لَمْ تَجِدُوا فِيهَا أَحَدًا فَلَا تَدْخُلُوهَا حَتَّىٰ يُؤْذَنَ لَكُمْ ۖ وَإِنْ قِيلَ لَكُمُ ارْجِعُوا فَارْجِعُوا هُوَ أَزْكَىٰ لَكُمْ ۚ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ ﴿٢٨﴾

২৮। এবং যদি তোমরা তাতে (ঘরে) কাউকে না পাও তবে তাতে প্রবেশ করো না যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয়। এবং যদি তোমাদেরকে বলা হয়, 'ফিরে যাও', তবে তোমরা ফিরে যাবে, তা তোমাদের জন্য পরিশুদ্ধতম (পন্থা)। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ ভালভাবে জানেন।

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَدْخُلُوا بُيُوتًا غَيْرَ مَسْكُونَةٍ فِيهَا مَتَاعٌ لَكُمْ ۚ وَاللَّهُ يَعْلَمُ مَا تُبْدُونَ وَمَا تَكْتُمُونَ ﴿٢٩﴾

২৯। যে ঘরগুলোতে বসবাস করা হয় না কিন্তু তাতে তোমাদের দ্রব্যসামগ্রী রয়েছে সেখানে প্রবেশ করতে তোমাদের কোন অপরাধ নেই এবং তোমরা যা প্রকাশ কর এবং যা তোমরা গোপন কর তা আল্লাহ্ জানেন।

قُلْ لِلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ۚ ذَٰلِكَ أَزْكَىٰ لَهُمْ ۗ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا يَصْنَعُونَ ﴿٣٠﴾

৩০। মু'মিন পুরুষদেরকে বল, যেন তারা তাদের দৃষ্টিকে সংযত করে এবং তাদের লজ্জাস্থানকে হেফাজত করে। এটি তাদের জন্য পরিশুদ্ধতম (পন্থা)। নিশ্চয় আল্লাহ্ তারা যা করে সে সম্পর্কে পূর্ণ অবগত।

وَقُلْ لِّلْمُؤْمِنٰتِ يَغْضُضْنَ مِنْ اَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوْجَهُنَّ وَلَا يُبْدِيْنَ زِيْنَتَهُنَّ اِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلٰى جُيُوْبِهِنَّ ۖ وَلَا يُبْدِيْنَ زِيْنَتَهُنَّ اِلَّا لِبُعُوْلَتِهِنَّ اَوْ اٰبَآئِهِنَّ اَوْ اٰبَآءِ بُعُوْلَتِهِنَّ اَوْ اَبْنَآئِهِنَّ اَوْ اَبْنَآءِ بُعُوْلَتِهِنَّ اَوْ اِخْوَانِهِنَّ اَوْ بَنِيْٓ اِخْوَانِهِنَّ اَوْ بَنِيْٓ اَخَوٰتِهِنَّ اَوْ نِسَآئِهِنَّ اَوْ مَا مَلَكَتْ اَيْمَانُهُنَّ اَوِ التّٰبِعِيْنَ غَيْرِ اُولِي الْاِرْبَةِ مِنَ الرِّجَالِ اَوِ الطِّفْلِ الَّذِيْنَ لَمْ يَظْهَرُوْا عَلٰى عَوْرٰتِ النِّسَآءِ ۖ وَلَا يَضْرِبْنَ بِاَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِيْنَ مِنْ زِيْنَتِهِنَّ ؕ وَتُوْبُوْٓا اِلَى اللّٰهِ جَمِيْعًا اَيُّهَ الْمُؤْمِنُوْنَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٣١﴾

৩১। এবং মু'মিন নারীদেরকে বল, যেন তারা তাদের দৃষ্টিকে সংযত করে এবং তাদের লজ্জাস্থানকে হেফাজত করে এবং যেন তারা যা (সাধারণত) প্রকাশ হয়ে থাকে তা ছাড়া তাদের সৌন্দর্য প্রকাশ না করে এবং যেন তারা তাদের মাথার কাপড় তাদের জামার গলার উপর ফেলে রাখে এবং যেন তারা তাদের স্বামীরা বা পিতারা বা শ্বশুররা বা পুত্ররা বা স্বামীর পুত্ররা বা ভাইয়েরা বা ভাইয়ের পুত্ররা বা বোনের পুত্ররা বা তাদের নারীরা* বা তাদের ডান হাত যা মালিক হয়েছে তা (দাসীরা) বা পুরুষদের মধ্যে যৌন কামনা-রহিত পুরুষরা বা নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ বালক ছাড়া কারো কাছে তাদের সৌন্দর্য প্রকাশ না করে এবং যেন তারা তাদের গোপন সৌন্দর্য প্রকাশের জন্য সজোরে পা না ফেলে। আর হে মু'মিনরা! তোমরা সবাই আল্লাহ্‌র দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস, যাতে তোমরা সফল হতে পার।

وَاَنْكِحُوا الْاَيَامٰى مِنْكُمْ وَالصّٰلِحِيْنَ مِنْ عِبَادِكُمْ وَاِمَآئِكُمْ ؕ اِنْ يَّكُوْنُوْا فُقَرَآءَ يُغْنِهِمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٣٢﴾

৩২। এবং তোমাদের মধ্যে আয়্যিমদেরকে (বিবাহ বন্ধনে আবদ্ধ নয় এমন নারী-পুরুষদেরকে)* বিয়ে দাও* এবং তোমাদের দাস-দাসীদের মধ্যে সৎকর্মশীলদেরকেও। যদি তারা ফকির (গরীব) হয় তাহলে আল্লাহ্ তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে অভাবমুক্ত করে দিবেন। এবং আল্লাহ্ সর্বব্যাপী ও সর্বজ্ঞানী।*

وَلْيَسْتَعْفِفِ الَّذِيْنَ لَا يَجِدُوْنَ نِكَاحًا حَتّٰى يُغْنِيَهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ؕ وَالَّذِيْنَ يَبْتَغُوْنَ الْكِتٰبَ مِمَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ فَكَاتِبُوْهُمْ اِنْ عَلِمْتُمْ فِيْهِمْ خَيْرًا ۖ وَّاٰتُوْهُمْ مِّنْ مَّالِ اللّٰهِ الَّذِيْٓ اٰتٰىكُمْ ؕ وَلَا تُكْرِهُوْا فَتَيٰتِكُمْ عَلَى الْبِغَآءِ اِنْ اَرَدْنَ تَحَصُّنًا لِّتَبْتَغُوْا عَرَضَ الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَمَنْ يُّكْرِهْهُّنَّ فَاِنَّ اللّٰهَ مِنْۢ بَعْدِ اِكْرَاهِهِنَّ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٣﴾

৩৩। এবং যারা বিয়ে (করার উপায়-উপকরণ) পায় না, তারা যেন (অবৈধ পন্থা হতে) বিরত থাকে যে পর্যন্ত না আল্লাহ্ নিজ অনুগ্রহ থেকে তাদেরকে অভাবমুক্ত করে দেন। এবং তোমাদের ডান হাত যা মালিক হয়েছে (দাস-দাসী) তার মধ্যে যারা (নিজেদের মুক্তির জন্য) লিখিত চুক্তি* করতে চায় তাদের সাথে তোমরা চুক্তিতে আবদ্ধ হও, যদি তোমরা তাদের মধ্যে কল্যাণ রয়েছে বলে জান। এবং তোমরা তাদেরকে আল্লাহ্‌র সম্পদ থেকে দাও যা তিনি তোমাদেরকে দিয়েছেন। এবং দুনিয়ার জীবনের অস্থায়ী সম্পদ কামনায় তোমরা তোমাদের দাসীদেরকে ব্যভিচারে বাধ্য করো না যদি তারা সচ্চরিত্রা থাকতে চায়। আর যে তাদেরকে বাধ্য করে, তবে তাদেরকে বাধ্য করার পর নিশ্চয় আল্লাহ্ (তাদের ব্যাপারে) অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكُمْ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ وَّمَثَلًا مِّنَ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٣٤﴾ ع ٤ ٨ ١٠ ৪ রুকূ ১০

৩৪। এবং অবশ্যই আমি তোমাদের প্রতি অবতীর্ণ করেছি স্পষ্টকারী আয়াতসমূহ, তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদের দৃষ্টান্ত (শিক্ষা) এবং মুত্তাকীদের জন্য উপদেশ (দিক নির্দেশনা)।

اَللّٰهُ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ مَثَلُ نُوْرِهٖ كَمِشْكٰوةٍ فِيْهَا مِصْبَاحٌ ؕ اَلْمِصْبَاحُ فِيْ زُجَاجَةٍ ؕ اَلزُّجَاجَةُ كَاَنَّهَا كَوْكَبٌ دُرِّيٌّ يُّوْقَدُ مِنْ شَجَرَةٍ مُّبٰرَكَةٍ زَيْتُوْنَةٍ لَّا شَرْقِيَّةٍ وَّلَا غَرْبِيَّةٍ ۙ يَّكَادُ زَيْتُهَا يُضِيْٓءُ وَلَوْ لَمْ تَمْسَسْهُ نَارٌ ؕ نُوْرٌ عَلٰى نُوْرٍ ؕ يَهْدِي اللّٰهُ لِنُوْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ ؕ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٣٥﴾

৩৫। আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীর আলো। তাঁর আলোর উপমা যেন একটি দীপাধার যার মধ্যে আছে একটি প্রদীপ। প্রদীপটি একটি কাঁচের (আবরণের) মধ্যে বিদ্যমান। কাঁচটি যেন এক উজ্জ্বল নক্ষত্র যা প্রজ্বলিত করা হয় এমন বরকতময় যায়তূন গাছের তেল দ্বারা যা পূর্ব দিকের নয় পশ্চিম দিকেরও নয়, আগুন একে (প্রদীপটিকে) স্পর্শ না করলেও এর তেল আলো দানের উপক্রম হয়। আলোর উপর আলো। আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাঁর আলোর দিকে পথ প্রদর্শন করেন। এবং আল্লাহ্ মানুষের জন্য উপমা পেশ করে থাকেন। এবং আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فِيْ بُيُوْتٍ اَذِنَ اللّٰهُ اَنْ تُرْفَعَ وَيُذْكَرَ فِيْهَا اسْمُهٗ ۙ يُسَبِّحُ لَهٗ فِيْهَا بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ﴿٣٦﴾

৩৬। (দীপাধারটি রয়েছে) সে সকল ঘরে* যাকে সমুন্নত করতে এবং সেখানে তাঁর নাম স্মরণ করতে আল্লাহ্ নির্দেশ দিয়েছেন, সেখানে তাঁর পবিত্রতা ঘোষণা করে সকালে ও সন্ধ্যায়-

رِجَالٌ ۙ لَّا تُلْهِيْهِمْ تِجَارَةٌ وَّلَا بَيْعٌ عَنْ ذِكْرِ اللّٰهِ وَاِقَامِ الصَّلٰوةِ وَاِيْتَآءِ الزَّكٰوةِ ۪ يَخَافُوْنَ يَوْمًا تَتَقَلَّبُ فِيْهِ الْقُلُوْبُ وَالْاَبْصَارُ ﴿٣٧﴾

৩৭। -এমন লোকেরা, যাদেরকে ব্যবসা ও ক্রয়-বিক্রয় আল্লাহ্র স্মরণ হতে এবং সালাত (নামায) কায়েম ও যাকাত প্রদান থেকে ভুলিয়ে রাখে না;* তারা ভয় করে সে দিনকে যেদিন বহু হৃদয় ও দৃষ্টি ওলটপালট হয়ে যাবে-

لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا عَمِلُوْا وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ۭ وَاللّٰهُ يَرْزُقُ مَنْ يَّشَاۗءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٣٨﴾

৩৮। যাতে তারা যে কাজ করেছে সেজন্য আল্লাহ্ তাদেরকে উত্তম প্রতিদান দিতে পারেন এবং তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে বাড়িয়ে দিতে পারেন। আর আল্লাহ্ যাকে ইচ্ছা করেন বেহিসাব রিযিক দান করেন।

وَالَّذِيْنَ كَفَرُوْٓا اَعْمَالُهُمْ كَسَرَابٍۢ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ الظَّمْاٰنُ مَاۗءً ۭ حَتّٰٓى اِذَا جَاۗءَهٗ لَمْ يَجِدْهُ شَيْـــًٔا وَّوَجَدَ اللّٰهَ عِنْدَهٗ فَوَفّٰىهُ حِسَابَهٗ ۭ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ﴿٣٩﴾

৩৯। আর যারা কুফরী করেছে তাদের কাজগুলো নিম্নভূমিতে বিদ্যমান মরীচিকার মত, পিপাসার্ত যাকে পানি মনে করে। অবশেষে যখন সে তার কাছে উপস্থিত হয় তখন সে তাতে কিছুই পায় না এবং সে তার (মরীচিকাতুল্য কাজের) কাছে আল্লাহ্কে পায়, অতঃপর তিনি তার হিসাব (কর্মফল) পুরোপুরি দেন। এবং আল্লাহ্ হিসাব গ্রহণে দ্রুত।

اَوْ كَظُلُمٰتٍ فِيْ بَحْرٍ لُّجِّيٍّ يَّغْشٰىهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ۭ ظُلُمٰتٌۢ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ۭ اِذَآ اَخْرَجَ يَدَهٗ لَمْ يَكَدْ يَرٰىهَا ۭ وَمَنْ لَّمْ يَجْعَلِ اللّٰهُ لَهٗ نُوْرًا فَمَا لَهٗ مِنْ نُّوْرٍ ﴿٤٠﴾

ع ١٥ ৫ ১১ রুকূ

৪০। অথবা (তাদের কাজগুলো) গভীর সমুদ্রের মধ্যে অন্ধকারের মত, যাকে আচ্ছন্ন করে ঢেউ, এর উপর ঢেউ, এর উপরে মেঘমালা। অন্ধকার- স্তরে স্তরে। যখন সে হাত বের করে তখন তা একেবারেই দেখতে পায় না। আর আল্লাহ্ যার জন্য কোন আলো রাখেননি তার জন্য কোন আলো নেই।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُسَبِّحُ لَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَالطَّيْرُ صٰۗفّٰتٍ ۭ كُلٌّ قَدْ عَلِمَ صَلَاتَهٗ وَتَسْبِيْحَهٗ ۭ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ﴿٤١﴾

৪১। তুমি কি ভেবে দেখ নি যে, আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা এবং ডানা বিস্তারকারী পাখীরা আল্লাহ্র পবিত্রতা ঘোষণা করে? প্রত্যেকেই তার সালাত (প্রার্থনা) ও পবিত্রতা ঘোষণা (পদ্ধতি) জানে। এবং তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্ ভালভাবে জানেন।

وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿٤٢﴾

৪২। আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্রই, এবং আল্লাহ্রই দিকে গন্তব্যস্থল।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُزْجِيْ سَحَابًا ثُمَّ يُؤَلِّفُ بَيْنَهٗ ثُمَّ يَجْعَلُهٗ رُكَامًا فَتَرَى الْوَدْقَ يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ وَيُنَزِّلُ مِنَ السَّمَاۗءِ مِنْ جِبَالٍ فِيْهَا مِنْۢ بَرَدٍ فَيُصِيْبُ بِهٖ مَنْ يَّشَاۗءُ وَيَصْرِفُهٗ عَنْ مَّنْ يَّشَاۗءُ ۭ يَكَادُ سَنَا بَرْقِهٖ يَذْهَبُ بِالْاَبْصَارِ ﴿٤٣﴾

৪৩। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ মেঘমালাকে পরিচালিত করেন, এরপর এর মাঝে বন্ধন সৃষ্টি করেন, এরপর একে পুঞ্জীভূত করেন? অতঃপর তুমি এর মধ্য থেকে বৃষ্টি বের হতে দেখ। এবং আকাশ থেকে অবতীর্ণ করেন (মেঘের) পর্বতমালা যার মধ্যে থাকে শিলা এবং এর দ্বারা তিনি যাকে ইচ্ছা করেন আঘাত করেন এবং যার থেকে ইচ্ছা করেন এটি (অন্য দিকে) সরিয়ে দেন। এর (মেঘের) বিদ্যুতের ঝলক দৃষ্টিশক্তিকে কেড়ে নেয়ার উপক্রম হয়।

يُقَلِّبُ اللّٰهُ الَّيْلَ وَالنَّهَارَ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّاُولِي الْاَبْصَارِ ﴿٤٤﴾

৪৪। আল্লাহ্ দিন ও রাতের পরিবর্তন ঘটান। নিশ্চয় এতে অবশ্যই শিক্ষা রয়েছে দৃষ্টিসম্পন্নদের জন্য।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاللّٰهُ خَلَقَ كُلَّ دَآبَّةٍ مِّنْ مَّآءٍ ۚ فَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى بَطْنِهٖ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰى رِجْلَيْنِ ۚ وَمِنْهُمْ مَّنْ يَّمْشِيْ عَلٰٓى اَرْبَعٍ ؕ يَخْلُقُ اللّٰهُ مَا يَشَآءُ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٤٥﴾

৪৫। এবং আল্লাহ্ সমস্ত জীবকে সৃষ্টি করেছেন পানি থেকে, এবং তাদের মধ্যে কিছু পেটে ভর দিয়ে চলে, এবং তাদের মধ্যে কিছু দু'পায়ে চলে, এবং তাদের মধ্যে কিছু চলে চারপায়ে। আল্লাহ্ যা ইচ্ছা করেন সৃষ্টি করেন। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

لَقَدْ اَنْزَلْنَآ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ ؕ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٦﴾

৪৬। অবশ্যই আমি স্পষ্টকারী আয়াতসমূহ অবতীর্ণ করেছি। এবং আল্লাহ্ যাকে ইচ্ছা করেন সরল সঠিক পথে পরিচালিত করেন।

وَيَقُوْلُوْنَ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالرَّسُوْلِ وَاَطَعْنَا ثُمَّ يَتَوَلّٰى فَرِيْقٌ مِّنْهُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ؕ وَمَآ اُولٰٓئِكَ بِالْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾

৪৭। আর তারা বলে, 'আমরা আল্লাহ্র প্রতি ও রাসূলের প্রতি ঈমান আনলাম এবং আমরা আনুগত্য করলাম', অতঃপর এরপরে তাদের মধ্য থেকে একদল মুখ ফিরিয়ে নেয়। এবং তারা মু'মিন নয়।

وَاِذَا دُعُوْٓا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ لِيَحْكُمَ بَيْنَهُمْ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ مُّعْرِضُوْنَ ﴿٤٨﴾

৪৮। এবং যখন তাদেরকে আল্লাহ্ ও তাঁর রাসূলের দিকে ডাকা হয় তাদের মধ্যে বিচার করে দেয়ার জন্য তখন তাদের মধ্য থেকে একদল মুখ ফিরিয়ে নেয়।

وَاِنْ يَّكُنْ لَّهُمُ الْحَقُّ يَاْتُوْٓا اِلَيْهِ مُذْعِنِيْنَ ﴿٤٩﴾

৪৯। আর যদি তাদের কোন অধিকার থাকে* তাহলে তারা বিনীতভাবে তার (অর্থাৎ রাসূলের) কাছে ছুটে আসে।

اَفِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ اَمِ ارْتَابُوْٓا اَمْ يَخَافُوْنَ اَنْ يَّحِيْفَ اللّٰهُ عَلَيْهِمْ وَرَسُوْلُهٗ ؕ بَلْ اُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٥٠﴾ ع ٦ ١٢ ٦ রুক্ ١٢

৫০। তাদের হৃদয়ে কি রোগ আছে, নাকি তারা সন্দেহ করে? নাকি তারা ভয় করে যে, আল্লাহ্ ও তাঁর রাসূল তাদের প্রতি অন্যায় আচরণ করবেন? বরং তারাই জালিম।

اِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِيْنَ اِذَا دُعُوْٓا اِلَى اللّٰهِ وَرَسُوْلِهٖ لِيَحْكُمَ بَيْنَهُمْ اَنْ يَّقُوْلُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ؕ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٥١﴾

৫১। মু'মিনদের কথা কেবল এই- যখন তাদের মধ্যে বিচার করার জন্য তাদেরকে আল্লাহ্ ও তাঁর রাসূলের দিকে আহ্বান করা হয়- যে, তারা (শুধু) বলবে, 'আমরা শুনলাম ও আনুগত্য করলাম।' আর তারাই সফল।

وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَيَخْشَ اللّٰهَ وَيَتَّقْهِ فَاُولٰٓئِكَ هُمُ الْفَآئِزُوْنَ ﴿٥٢﴾

৫২। এবং যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করে এবং আল্লাহ্কে ভয় করে ও তাঁর (অবাধ্যতা) থেকে সাবধান থাকে, তারাই সফল।

وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ اَمَرْتَهُمْ لَيَخْرُجُنَّ ؕ قُلْ لَّا تُقْسِمُوْا ۚ طَاعَةٌ مَّعْرُوْفَةٌ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿٥٣﴾

৫৩। আর তারা (মুনাফিকরা) আল্লাহ্র নামে কসম করেছিল- তাদের দৃঢ় কসম যে, যদি তুমি তাদেরকে নির্দেশ দাও তাহলে তারা অবশ্যই (যুদ্ধে) বের* হবে। বল, 'তোমরা কসম করো না, (তোমাদের) আনুগত্য জানা আছে। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।'

قُلْ اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ وَعَلَيْكُمْ مَّا حُمِّلْتُمْ ؕ وَاِنْ تُطِيْعُوْهُ تَهْتَدُوْا ؕ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٥٤﴾

৫৪। বল, 'তোমরা আনুগত্য কর আল্লাহ্র এবং আনুগত্য কর রাসূলের।' কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে তাকে যা (দায়িত্বভার) অর্পণ করা হয়েছে তা কেবল তার উপর (বর্তাবে) এবং তোমাদেরকে যা (দায়িত্বভার) অর্পণ করা হয়েছে তা তোমাদের উপর (বর্তাবে)। আর যদি তোমরা তার আনুগত্য কর তাহলে সঠিক পথ পাবে। আর সুস্পষ্টভাবে পৌঁছে দেয়াই কেবল রাসূলের দায়িত্ব।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْاَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۪ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِيْنَهُمُ الَّذِي ارْتَضٰى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِّنْۢ بَعْدِ خَوْفِهِمْ اَمْنًا ؕ يَعْبُدُوْنَنِيْ لَا يُشْرِكُوْنَ بِيْ شَيْـًٔا ؕ وَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٥٥﴾

৫৫। তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে আল্লাহ্ তাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি অবশ্যই তাদেরকে পৃথিবীতে স্থলাভিষিক্ত করবেন, যেভাবে তিনি স্থলাভিষিক্ত করেছিলেন তাদের পূর্ববর্তীদেরকে; এবং তিনি অবশ্যই অবশ্যই তাদের জন্য প্রতিষ্ঠিত করবেন তাদের দ্বীনকে যা তিনি তাদের জন্য পছন্দ করেছেন এবং তাদের ভয়-ভীতির পর তাদেরকে অবশ্যই অবশ্যই তিনি নিরাপত্তা প্রতিস্থাপন করে দিবেন। তারা আমার ইবাদত করবে, আমার সাথে কিছুই শরীক করবে না। আর এরপরে যারা কুফরী করবে, তারাই পাপাচারী (ফাসিক)।

وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٥٦﴾

৫৬। আর তোমরা সালাত (নামায) কায়েম কর, যাকাত প্রদান কর এবং রাসূলের আনুগত্য কর, যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার।

لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْا مُعْجِزِيْنَ فِي الْاَرْضِ ۚ وَمَاْوٰىهُمُ النَّارُ ؕ وَلَبِئْسَ الْمَصِيْرُ ﴿٥٧﴾

৫৭। তুমি কক্ষনো ধারণা করো না যে, যারা কুফরী করেছে তারা পৃথিবীতে (আল্লাহ্কে) অক্ষম করতে পারবে, আর তাদের আশ্রয়স্থল হবে আগুন। এবং তা কতই না নিকৃষ্ট গন্তব্যস্থল!

ع ٧ ٣ ٩ রুকূ ১৩

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لِيَسْتَاْذِنْكُمُ الَّذِيْنَ مَلَكَتْ اَيْمَانُكُمْ وَالَّذِيْنَ لَمْ يَبْلُغُوا الْحُلُمَ مِنْكُمْ ثَلٰثَ مَرّٰتٍ ؕ مِنْ قَبْلِ صَلٰوةِ الْفَجْرِ وَحِيْنَ تَضَعُوْنَ ثِيَابَكُمْ مِّنَ الظَّهِيْرَةِ وَمِنْۢ بَعْدِ صَلٰوةِ الْعِشَآءِ ؕ ثَلٰثُ عَوْرٰتٍ لَّكُمْ ؕ لَيْسَ عَلَيْكُمْ وَلَا عَلَيْهِمْ جُنَاحٌۢ بَعْدَهُنَّ ؕ طَوّٰفُوْنَ عَلَيْكُمْ بَعْضُكُمْ عَلٰى بَعْضٍ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٥٨﴾

৫৮। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের ডান হাত যা মালিক হয়েছে তা (দাস-দাসীরা) এবং তোমাদের মধ্যে যারা প্রাপ্তবয়স্ক হয়নি তারা যেন (তোমাদের ঘরে প্রবেশ করতে) তোমাদের অনুমতি গ্রহণ করে তিন বার- ফজরের সালাতের (নামাযের) পূর্বে, দুপুরে যখন তোমরা তোমাদের পোশাক খুলে রাখ এবং ঈশার সালাতের (নামাযের) পর; তোমাদের জন্য এ তিনটি গোপনীয়তার সময়। এসব (সময়) ছাড়া (অন্য সময়ে বিনা অনুমতিতে প্রবেশ করলে) তোমাদের জন্য এবং তাদের জন্য কোন অপরাধ নেই। তোমরা একে অপরের কাছে ঘুরাফেরা (আসা যাওয়া) করে থাক। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য আয়াতসমূহে স্পষ্টভাবে বর্ণনা করেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَاِذَا بَلَغَ الْاَطْفَالُ مِنْكُمُ الْحُلُمَ فَلْيَسْتَاْذِنُوْا كَمَا اسْتَاْذَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٥٩﴾

৫৯। আর যখন তোমাদের সন্তান-সন্ততি প্রাপ্ত বয়সে পৌঁছে তখন তারা যেন (সকল সময়েই) অনুমতি প্রার্থনা করে যেমন অনুমতি প্রার্থনা করে তাদের পূর্ববর্তীরা (বয়োজ্যেষ্ঠরা)। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَالْقَوَاعِدُ مِنَ النِّسَآءِ الّٰتِيْ لَا يَرْجُوْنَ نِكَاحًا فَلَيْسَ عَلَيْهِنَّ جُنَاحٌ اَنْ يَّضَعْنَ ثِيَابَهُنَّ غَيْرَ مُتَبَرِّجٰتٍۭ بِزِيْنَةٍ ؕ وَاَنْ يَّسْتَعْفِفْنَ خَيْرٌ لَّهُنَّ ؕ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٦٠﴾

৬০। আর বৃদ্ধা নারীরা যারা বিয়ের আশা করে না, সৌন্দর্য প্রদর্শন না করে তাদের (অতিরিক্ত) কাপড় খুলে রাখাতে তাদের কোন অপরাধ নেই।* কিন্তু (তা থেকে) বিরত থাকাই তাদের জন্য উত্তম। এবং আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لَيْسَ عَلَى الْاَعْمٰى حَرَجٌ وَّلَا عَلَى الْاَعْرَجِ حَرَجٌ وَّلَا عَلَى
الْمَرِيْضِ حَرَجٌ وَّلَا عَلٰٓى اَنْفُسِكُمْ اَنْ تَاْكُلُوْا مِنْۢ بُيُوْتِكُمْ اَوْ
بُيُوْتِ اٰبَآئِكُمْ اَوْ بُيُوْتِ اُمَّهٰتِكُمْ اَوْ بُيُوْتِ اِخْوَانِكُمْ اَوْ
بُيُوْتِ اَخَوٰتِكُمْ اَوْ بُيُوْتِ اَعْمَامِكُمْ اَوْ بُيُوْتِ عَمّٰتِكُمْ اَوْ
بُيُوْتِ اَخْوَالِكُمْ اَوْ بُيُوْتِ خٰلٰتِكُمْ اَوْ مَا مَلَكْتُمْ مَّفَاتِحَهٗٓ
اَوْ صَدِيْقِكُمْ ؕ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَاْكُلُوْا جَمِيْعًا اَوْ
اَشْتَاتًا ؕ فَاِذَا دَخَلْتُمْ بُيُوْتًا فَسَلِّمُوْا عَلٰٓى اَنْفُسِكُمْ تَحِيَّةً
مِّنْ عِنْدِ اللّٰهِ مُبٰرَكَةً طَيِّبَةً ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ
لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٦١﴾ ع

৬১। অন্ধের জন্য দোষ নেই, খোঁড়ার জন্য দোষ নেই, রুগ্নের জন্য দোষ নেই এবং তোমাদের নিজেদের জন্যও দোষ নেই যে, তোমরা আহার করবে তোমাদের ঘরে অথবা তোমাদের পিতাদের ঘরে অথবা তোমাদের মায়েদের ঘরে, অথবা তোমাদের ভাইদের ঘরে অথবা তোমাদের বোনদের ঘরে অথবা তোমাদের চাচাদের ঘরে অথবা তোমাদের ফুফুদের ঘরে অথবা তোমাদের মামাদের ঘরে অথবা তোমাদের খালাদের ঘরে অথবা যার চাবির মালিক তোমরা হয়েছ (সে ঘরে) অথবা তোমাদের বন্ধুদের (ঘরে)। তোমরা একত্রে আহার কর অথবা পৃথক পৃথকভাবে আহার কর তাতে তোমাদের কোন অপরাধ নেই। তবে যখন তোমরা ঘরে প্রবেশ করবে তখন তোমরা তোমাদের নিজেদের (স্বজনদের) প্রতি সালাম দাও- আল্লাহ্‌র পক্ষ থেকে অভিবাদন, যা বরকতময় ও পবিত্র। এভাবেই আল্লাহ্ তোমাদের জন্য আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করেন, যাতে তোমরা অনুধাবন করতে পার।

ع ٨ ١٤ ٣ রুকু ১৪

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَاِذَا كَانُوْا
مَعَهٗ عَلٰٓى اَمْرٍ جَامِعٍ لَّمْ يَذْهَبُوْا حَتّٰى يَسْتَاْذِنُوْهُ ؕ اِنَّ الَّذِيْنَ
يَسْتَاْذِنُوْنَكَ اُولٰٓئِكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ۚ
فَاِذَا اسْتَاْذَنُوْكَ لِبَعْضِ شَاْنِهِمْ فَاْذَنْ لِّمَنْ شِئْتَ مِنْهُمْ وَ
اسْتَغْفِرْ لَهُمُ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٦٢﴾

৬২। মু'মিন কেবল তারাই যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনে এবং যখন তারা কোনো সমষ্টিগত ব্যাপারে তার (রাসূলের) সাথে থাকে তখন তার অনুমতি চাওয়া ছাড়া চলে যায় না। নিশ্চয় যারা তোমার অনুমতি চায় ওরাই তারা যারা আল্লাহ্ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনে, অতএব যখন তারা তাদের কোন কাজের জন্য তোমার অনুমতি চায় তখন তাদের মধ্যে যাদেরকে ইচ্ছা তুমি অনুমতি দাও এবং তাদের জন্য আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

لَا تَجْعَلُوْا دُعَآءَ الرَّسُوْلِ بَيْنَكُمْ كَدُعَآءِ بَعْضِكُمْ بَعْضًا ؕ
قَدْ يَعْلَمُ اللّٰهُ الَّذِيْنَ يَتَسَلَّلُوْنَ مِنْكُمْ لِوَاذًا ۚ فَلْيَحْذَرِ
الَّذِيْنَ يُخَالِفُوْنَ عَنْ اَمْرِهٖٓ اَنْ تُصِيْبَهُمْ فِتْنَةٌ اَوْ يُصِيْبَهُمْ
عَذَابٌ اَلِيْمٌ ﴿٦٣﴾

৬৩। রাসূলের আহ্বানকে তোমরা তোমাদের একে অপরের প্রতি আহ্বানের মত গণ্য করো না। তোমাদের মধ্যে যারা অলক্ষ্যে সরে পড়ে আল্লাহ্ তাদেরকে জানেন, সুতরাং যারা তাঁর নির্দেশের ব্যতিক্রম করে তারা যেন সতর্ক হয় (এ থেকে) যে, বিপর্যয় তাদের উপর আপতিত হবে অথবা তাদের উপর আপতিত হবে যন্ত্রণাদায়ক শাস্তি।

اَلَآ اِنَّ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قَدْ يَعْلَمُ مَآ اَنْتُمْ
عَلَيْهِ ؕ وَيَوْمَ يُرْجَعُوْنَ اِلَيْهِ فَيُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ وَاللّٰهُ بِكُلِّ
شَىْءٍ عَلِيْمٌ ﴿٦٤﴾ ع

৬৪। জেনে রাখ, নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্‌রই। তোমরা যার উপর রয়েছ তা তিনি জানেন। এবং যেদিন তাদেরকে তাঁর দিকে ফিরিয়ে নেয়া হবে এবং তারা যা করেছে তা তিনি তাদেরকে জানিয়ে দিবেন। এবং আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

ع ٩ ١٥ ٨ রুকু ১৫

২৫. সূরা আল-ফুরকান, মাক্কী

৭৭ আয়াত, ৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٥-سُوْرَةُ الْفُرْقَانِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٧٧، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। বরকতময় তিনি যিনি তাঁর বান্দার প্রতি ফুরকান (সত্য মিথ্যার পার্থক্যকারী) অবতীর্ণ করেছেন যাতে সে জগৎসমূহের জন্য সতর্ককারী হতে পারে-

تَبٰرَكَ الَّذِيْ نَزَّلَ الْفُرْقَانَ عَلٰى عَبْدِهٖ لِيَكُوْنَ لِلْعٰلَمِيْنَ نَذِيْرَا ۙ ﴿١﴾

২। যিনি আকাশসমূহ ও পৃথিবীর রাজত্বের অধিকারী, তিনি কোন সন্তান গ্রহণ করেননি এবং রাজত্বে তাঁর কোন শরীক নেই এবং তিনি প্রতিটি বস্তু সৃষ্টি করেছেন এবং তা পরিমাপ করেছেন সঠিক পরিমাপে।

الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِي الْمُلْكِ وَخَلَقَ كُلَّ شَيْءٍ فَقَدَّرَهٗ تَقْدِيْرًا ﴿٢﴾

৩। আর তারা তাঁকে বাদ দিয়ে এমন উপাস্যদেরকে গ্রহণ করেছে যারা কিছুই সৃষ্টি করে না, অথচ তাদেরকেই সৃষ্টি করা হয় এবং তারা নিজেদের জন্য কোন ক্ষতি বা উপকারের মালিক নয় এবং তারা মৃত্যু, জীবন ও পুনর্জীবনেরও মালিক নয়।

وَاتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً لَّا يَخْلُقُوْنَ شَيْئًا وَّهُمْ يُخْلَقُوْنَ وَلَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ ضَرًّا وَّلَا نَفْعًا وَّلَا يَمْلِكُوْنَ مَوْتًا وَّلَا حَيٰوةً وَّلَا نُشُوْرًا ﴿٣﴾

৪। এবং যারা কুফরী করেছে তারা বলে, 'এটা মিথ্যাচার ছাড়া আর কিছু নয়, যা সে রচনা করেছে এবং অন্য সম্প্রদায় তাকে এ ব্যাপারে সাহায্য করেছে।'* আর (এ কথা বলে) অবশ্যই তারা জুলুম ও মিথ্যা নিয়ে এসেছে।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّآ اِفْكُ ۨ افْتَرٰىهُ وَاَعَانَهٗ عَلَيْهِ قَوْمٌ اٰخَرُوْنَ ۚ فَقَدْ جَآءُوْ ظُلْمًا وَّزُوْرًا ۚ ﴿٤﴾

৫। এবং তারা বলে, '(এগুলো) পূবর্তীতের উপকথা, যা সে লিখিয়ে নিয়েছে, এবং এগুলো সকালে ও সন্ধ্যায় তাকে পাঠ করে শোনানো হয়।'

وَقَالُوْٓا اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ اكْتَتَبَهَا فَهِيَ تُمْلٰى عَلَيْهِ بُكْرَةً وَّاَصِيْلًا ﴿٥﴾

৬। বল, 'এটি তিনিই অবতীর্ণ করেছেন যিনি আকাশসমূহ ও পৃথিবীর গোপন বিষয় জানেন।' নিশ্চয় তিনি অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

قُلْ اَنْزَلَهُ الَّذِيْ يَعْلَمُ السِّرَّ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ اِنَّهٗ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٦﴾

৭। এবং তারা বলে,'এ কেমন রাসূল, যে খাবার খায় এবং হাট-বাজারে চলাফেরা করে? তার কাছে কোন ফেরেশতা কেন অবতীর্ণ করা হল না, তাহলে সে (ফেরেশতা) তার সাথে থাকত সতর্ককারীরূপে?

وَقَالُوْا مَالِ هٰذَا الرَّسُوْلِ يَاْكُلُ الطَّعَامَ وَيَمْشِيْ فِي الْاَسْوَاقِ ۭ لَوْلَآ اُنْزِلَ اِلَيْهِ مَلَكٌ فَيَكُوْنَ مَعَهٗ نَذِيْرًا ۙ ﴿٧﴾

৮। অথবা তার নিকট (আকাশ থেকে) ধনভাণ্ডার অর্পণ করা হয় না কেন অথবা তার জন্য একটি বাগান হয় না কেন- যা থেকে সে খেতে পারে?' এবং জালিমরা বলে, 'তোমরা কেবল এক জাদুগ্রস্ত ব্যক্তিকে অনুসরণ করছ।'

اَوْ يُلْقٰٓى اِلَيْهِ كَنْزٌ اَوْ تَكُوْنُ لَهٗ جَنَّةٌ يَّاْكُلُ مِنْهَا ۭ وَقَالَ الظّٰلِمُوْنَ اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا ﴿٨﴾

৯। লক্ষ্য কর, কিভাবে তারা তোমার জন্য উপমা পেশ করছে! সুতরাং তারা পথভ্রষ্ট হয়েছে, এবং তারা কোন পথ পেতে সক্ষম হবে না।

ع ١ ٩ ١٦ ١ রুকূ ১৬

اُنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا يَسْتَطِيْعُوْنَ سَبِيْلًا ﴿٩﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

تَبٰرَكَ الَّذِيْٓ اِنْ شَآءَ جَعَلَ لَكَ خَيْرًا مِّنْ ذٰلِكَ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ وَيَجْعَلْ لَّكَ قُصُوْرًا ﴿١٠﴾

১০। বরকতময় তিনি যিনি ইচ্ছা করলে তোমার জন্য এর চেয়ে উত্তম (কিছু) বানাতে পারেন- এমন বাগানসমূহ, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত এবং তিনি তোমার জন্য বানাতে পারেন প্রাসাদসমূহ।

بَلْ كَذَّبُوْا بِالسَّاعَةِ ۣ وَاَعْتَدْنَا لِمَنْ كَذَّبَ بِالسَّاعَةِ سَعِيْرًا ﴿١١﴾

১১। বরং তারা কিয়ামতকে মিথ্যা বলেছে, এবং কিয়ামতকে যে মিথ্যা বলে তার জন্য আমি প্রস্তুত করেছি জ্বলন্ত আগুন ।

اِذَا رَاَتْهُمْ مِّنْ مَّكَانٍۭ بَعِيْدٍ سَمِعُوْا لَهَا تَغَيُّظًا وَّزَفِيْرًا ﴿١٢﴾

১২। যখন দূরবর্তী স্থান থেকে তা (জ্বলন্ত আগুন) তাদেরকে দেখবে তখন তারা এর ক্রুদ্ধ গর্জন ও দীর্ঘশ্বাস শুনতে পাবে।

وَاِذَآ اُلْقُوْا مِنْهَا مَكَانًا ضَيِّقًا مُّقَرَّنِيْنَ دَعَوْا هُنَالِكَ ثُبُوْرًا ﴿١٣﴾

১৩। এবং যখন শিকল বাঁধা অবস্থায় এর (জ্বলন্ত আগুনের) কোন সংকীর্ণ স্থানে তাদেরকে নিক্ষেপ করা হবে তখন তারা সেখানে ধ্বংসকে (মৃত্যুকে) আহ্বান করবে।

لَا تَدْعُوا الْيَوْمَ ثُبُوْرًا وَّاحِدًا وَّادْعُوْا ثُبُوْرًا كَثِيْرًا ﴿١٤﴾

১৪। (তাদেরকে বলা হবে) 'আজ তোমরা একটি ধ্বংসকে আহ্বান করো না, বরং বহু ধ্বংসকে আহ্বান কর।'

قُلْ اَذٰلِكَ خَيْرٌ اَمْ جَنَّةُ الْخُلْدِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۭ كَانَتْ لَهُمْ جَزَاۗءً وَّمَصِيْرًا ﴿١٥﴾

১৫। বল, 'এটা উত্তম, নাকি স্থায়ী জান্নাত, যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে মুত্তাকীদেরকে?' এটি তাদের প্রতিদান ও গন্তব্যস্থল।

لَهُمْ فِيْهَا مَا يَشَاۗءُوْنَ خٰلِدِيْنَ ۭ كَانَ عَلٰي رَبِّكَ وَعْدًا مَّسْـُٔوْلًا ﴿١٦﴾

১৬। সেখানে তারা যা ইচ্ছা করবে তা-ই তাদের জন্য থাকবে, তারা স্থায়ী হবে। এটি তোমার প্রতিপালকের উপর (পালনীয়) এক প্রার্থিত* প্রতিশ্রুতি ।

وَيَوْمَ يَحْشُرُهُمْ وَمَا يَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ فَيَقُوْلُ ءَاَنْتُمْ اَضْلَلْتُمْ عِبَادِيْ هٰٓؤُلَاۗءِ اَمْ هُمْ ضَلُّوا السَّبِيْلَ ﴿١٧﴾

১৭। এবং যেদিন তিনি তাদেরকে এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের উপাসনা করে তাদেরকে সমবেত করবেন এবং বলবেন, 'তোমরাই কি আমার এই বান্দাদেরকে পথভ্রষ্ট করেছিলে, নাকি তারাই পথভ্রষ্ট হয়েছিল?'

قَالُوْا سُبْحٰنَكَ مَا كَانَ يَنْۢبَغِيْ لَنَآ اَنْ نَّتَّخِذَ مِنْ دُوْنِكَ مِنْ اَوْلِيَاۗءَ وَلٰكِنْ مَّتَّعْتَهُمْ وَاٰبَاۗءَهُمْ حَتّٰى نَسُوا الذِّكْرَ ۚ وَكَانُوْا قَوْمًۢا بُوْرًا ﴿١٨﴾

১৮। তারা (উপাস্যরা) বলবে, 'পবিত্র আপনি, আপনাকে বাদ দিয়ে অন্য কোন অভিভাবক গ্রহণ করা আমাদের জন্য মানায় না, কিন্তু আপনি তাদেরকে ও তাদের পিতৃপুরুষদেরকে ভোগ্যসামগ্রী দিয়েছিলেন, অবশেষে তারা উপদেশ* ভুলে গিয়েছিল এবং তারা ছিল এক ধ্বংসপ্রাপ্ত জাতি।'

فَقَدْ كَذَّبُوْكُمْ بِمَا تَقُوْلُوْنَ ۙ فَمَا تَسْتَطِيْعُوْنَ صَرْفًا وَّلَا نَصْرًا ۚ وَمَنْ يَّظْلِمْ مِّنْكُمْ نُذِقْهُ عَذَابًا كَبِيْرًا ﴿١٩﴾

১৯। সুতরাং তোমরা (মুশরিকরা) যা বলছ সে সম্পর্কে তারা (উপাস্যরা) তোমাদেরকে অবশ্যই মিথ্যাবাদী বলবে, সুতরাং তোমরা (শাস্তি) সরিয়ে দিতে পারবে না এবং সাহায্যও পাবে না, এবং তোমাদের মধ্যে যে জুলুম করবে আমি তাকে বিরাট শাস্তি আস্বাদন করাব।

وَمَآ اَرْسَلْنَا قَبْلَكَ مِنَ الْمُرْسَلِيْنَ اِلَّآ اِنَّهُمْ لَيَاْكُلُوْنَ الطَّعَامَ وَيَمْشُوْنَ فِي الْاَسْوَاقِ ۭ وَجَعَلْنَا بَعْضَكُمْ لِبَعْضٍ فِتْنَةً ۭ اَتَصْبِرُوْنَ ۚ وَكَانَ رَبُّكَ بَصِيْرًا ﴿٢٠﴾

২০। আর তোমার পূর্বে আমি যে রাসূলদেরকে প্রেরণ করেছি নিশ্চয় তারা অবশ্যই খাবার খেত ও হাটে-বাজারে* চলাফেরা করত। এবং আমি তোমাদের পরস্পরকে পরস্পরের জন্য পরীক্ষা বানিয়েছি।* তোমরা ধৈর্য ধারণ করবে কি? আর তোমার প্রতিপালক সর্বদ্রষ্টা ।

৩ ১৭ ২ রুকু ১৯

وَقَالَ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا لَوْلَآ اُنْزِلَ عَلَيْنَا الْمَلٰٓئِكَةُ اَوْ نَرٰى رَبَّنَا ؕ لَقَدِ اسْتَكْبَرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ وَعَتَوْ عُتُوًّا كَبِيْرًا ﴿٢١﴾

২১। আর যারা আমার সাক্ষাৎ আশা করে না তারা বলে, 'আমাদের নিকট ফেরেশতাদেরকে অবতীর্ণ করা হয় না কেন? অথবা আমরা আমাদের প্রতিপালককে দেখি না কেন?' অবশ্যই তারা তাদের নিজেদের ব্যাপারে অহঙ্কার পোষণ করেছে এবং তারা চরম অবাধ্য হয়েছে।

يَوْمَ يَرَوْنَ الْمَلٰٓئِكَةَ لَا بُشْرٰى يَوْمَئِذٍ لِّلْمُجْرِمِيْنَ وَيَقُوْلُوْنَ حِجْرًا مَّحْجُوْرًا ﴿٢٢﴾

২২। যেদিন তারা ফেরেশতাদেরকে দেখবে সেদিন অপরাধীদের জন্য কোন সুসংবাদ নেই এবং তারা (ফেরেশতারা) বলবে, '(তোমাদের জন্য জান্নাত) নিষেধ, নিষিদ্ধ।'

وَقَدِمْنَآ اِلٰى مَا عَمِلُوْا مِنْ عَمَلٍ فَجَعَلْنٰهُ هَبَآءً مَّنْثُوْرًا ﴿٢٣﴾

২৩। এবং তারা যে কাজ করেছে তার প্রতি আমি অগ্রসর হব এবং সেগুলোকে বিক্ষিপ্ত ধূলিকণায় পরিণত করব।

اَصْحٰبُ الْجَنَّةِ يَوْمَئِذٍ خَيْرٌ مُّسْتَقَرًّا وَّاَحْسَنُ مَقِيْلًا ﴿٢٤﴾

২৪। সেদিন জান্নাতের অধিবাসীরা অবস্থানস্থলের দিক থেকে হবে উত্তম এবং বিশ্রামস্থলের দিক থেকে হবে অধিক সুন্দর।

وَيَوْمَ تَشَقَّقُ السَّمَآءُ بِالْغَمَامِ وَنُزِّلَ الْمَلٰٓئِكَةُ تَنْزِيْلًا ﴿٢٥﴾

২৫। আর যেদিন আকাশ মেঘপুঞ্জসহ ফেটে যাবে এবং ফেরেশতাদেরকে পর্যায়ক্রমে অবতীর্ণ করা হবে।

اَلْمُلْكُ يَوْمَئِذِ ِالْحَقُّ لِلرَّحْمٰنِ ؕ وَكَانَ يَوْمًا عَلَى الْكٰفِرِيْنَ عَسِيْرًا ﴿٢٦﴾

২৬। সেদিনের সত্যিকার রাজত্ব অসীম দয়াময়ের জন্য এবং কাফিরদের জন্য সেটি হবে এক কঠিন দিন।

وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلٰى يَدَيْهِ يَقُوْلُ يٰلَيْتَنِى اتَّخَذْتُ مَعَ الرَّسُوْلِ سَبِيْلًا ﴿٢٧﴾

২৭। এবং যেদিন জালিম ব্যক্তি তার দু'হাত কামড়াতে থাকবে, (এবং) বলবে, 'হায়, আমি যদি রাসূলের সাথে পথ গ্রহণ করতাম!

يٰوَيْلَتٰى لَيْتَنِىْ لَمْ اَتَّخِذْ فُلَانًا خَلِيْلًا ﴿٢٨﴾

২৮। হায় দুর্ভোগ আমার! আমি যদি অমুককে বন্ধুরূপে গ্রহণ না করতাম!

لَقَدْ اَضَلَّنِىْ عَنِ الذِّكْرِ بَعْدَ اِذْ جَآءَنِىْ ؕ وَكَانَ الشَّيْطٰنُ لِلْاِنْسَانِ خَذُوْلًا ﴿٢٩﴾

২৯। অবশ্যই সে আমাকে* উপদেশ (কুরআন) থেকে পথভ্রষ্ট করেছিল আমার নিকট তা আসার পর।' এবং শয়তান মানুষের জন্য মহাপ্রতারক।

وَقَالَ الرَّسُوْلُ يٰرَبِّ اِنَّ قَوْمِى اتَّخَذُوْا هٰذَا الْقُرْاٰنَ مَهْجُوْرًا ﴿٣٠﴾

৩০। আর রাসূল বলবে, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমার সম্প্রদায় এই কুরআনকে পরিত্যাক্ত হিসেবে গ্রহণ করেছিল।'

وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِىٍّ عَدُوًّا مِّنَ الْمُجْرِمِيْنَ ؕ وَكَفٰى بِرَبِّكَ هَادِيًا وَّنَصِيْرًا ﴿٣١﴾

৩১। আর এভাবেই আমি অপরাধীদের থেকে প্রত্যেক নবীর জন্য শত্রু বানিয়েছি। আর তোমার প্রতিপালকই পথপ্রদর্শক ও সাহায্যকারী হিসাবে যথেষ্ট।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَا نُزِّلَ عَلَيْهِ الْقُرْاٰنُ جُمْلَةً وَّاحِدَةً ۚ كَذٰلِكَ ۚ لِنُثَبِّتَ بِهٖ فُؤَادَكَ وَرَتَّلْنٰهُ تَرْتِيْلًا ﴿٣٢﴾

৩২। আর যারা কুফরী করেছে তারা বলে, 'কুরআন তার নিকট পুরোটা একবারে অবতীর্ণ হল না কেন?' এভাবেই (পর্যায়ক্রমে অবতীর্ণ করেছি), যাতে আমি তা দিয়ে তোমার হৃদয়কে মজবুত করতে পারি এবং আমি তা পাঠ করেছি ধীরে ধীরে সুন্দরভাবে।

وَلَا يَاْتُوْنَكَ بِمَثَلٍ اِلَّا جِئْنٰكَ بِالْحَقِّ وَاَحْسَنَ تَفْسِيْرًا ﴿٣٣﴾

৩৩। এবং তারা তোমার নিকট এমন কোন দৃষ্টান্ত (যুক্তি-তর্ক, দলিল-প্রমাণ) আনে না যার সত্য ও অধিক সুন্দর ব্যাখ্যা আমি তোমার নিকট নিয়ে আসি না।

اَلَّذِيْنَ يُحْشَرُوْنَ عَلٰى وُجُوْهِهِمْ اِلٰى جَهَنَّمَ ۙ اُولٰٓئِكَ شَرٌّ مَّكَانًا وَّاَضَلُّ سَبِيْلًا ﴿٣٤﴾

৩৪। যাদেরকে অধোমুখী অবস্থায় জাহান্নামের দিকে সমবেত করা হবে, তারাই মর্যাদার দিক থেকে নিকৃষ্ট ও অধিক পথভ্রষ্ট।

রুকূ ৩-৪

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَجَعَلْنَا مَعَهٗٓ اَخَاهُ هٰرُوْنَ وَزِيْرًا ۚ﴿٣٥﴾

৩৫। আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম এবং তার সাথে তার ভাই হারূনকে সাহায্যকারী করেছিলাম,

فَقُلْنَا اذْهَبَآ اِلَى الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ؕ فَدَمَّرْنٰهُمْ تَدْمِيْرًا ؕ﴿٣٦﴾

৩৬। এবং বলেছিলাম, 'তোমরা দু'জন সে সম্প্রদায়ের নিকট যাও যারা আমার নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছে।' অতঃপর আমি তাদেরকে সম্পূর্ণরূপে ধ্বংস করেছিলাম।

وَقَوْمَ نُوْحٍ لَّمَّا كَذَّبُوا الرُّسُلَ اَغْرَقْنٰهُمْ وَجَعَلْنٰهُمْ لِلنَّاسِ اٰيَةً ؕ وَاَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ عَذَابًا اَلِيْمًا ۚ﴿٣٧﴾

৩৭। এবং (ধ্বংস করেছিলাম) নূহের সম্প্রদায়কে, যখন তারা রাসূলদেরকে মিথ্যাবাদী বলল তখন আমি তাদেরকে নিমজ্জিত করলাম এবং তাদেরকে মানবজাতির জন্য একটি নিদর্শন বানালাম। এবং জালিমদের জন্য আমি প্রস্তুত করেছি যন্ত্রণাদায়ক শাস্তি।

وَّعَادًا وَّثَمُوْدَا۟ وَاَصْحٰبَ الرَّسِّ وَقُرُوْنًا بَيْنَ ذٰلِكَ كَثِيْرًا ﴿٣٨﴾

৩৮। এবং (ধ্বংস করেছিলাম) আদ ও ছামূদকে এবং রাস্*-এর অধিবাসীদেরকে এবং এর মাঝখানের বহু প্রজন্মকে।

وَكُلًّا ضَرَبْنَا لَهُ الْاَمْثَالَ ۫ وَكُلًّا تَبَّرْنَا تَتْبِيْرًا ﴿٣٩﴾

৩৯। এবং আমি এর প্রত্যেকের জন্য* দৃষ্টান্তসমূহ বর্ণনা করেছিলাম, এবং (তাদের) প্রত্যেককে আমি সম্পূর্ণরূপে ধ্বংস করেছি।

وَلَقَدْ اَتَوْا عَلَى الْقَرْيَةِ الَّتِيْٓ اُمْطِرَتْ مَطَرَ السَّوْءِ ؕ اَفَلَمْ يَكُوْنُوْا يَرَوْنَهَا ۚ بَلْ كَانُوْا لَا يَرْجُوْنَ نُشُوْرًا ﴿٤٠﴾

৪০। এবং অবশ্যই তারা সেই জনপদে* গমন করেছে যার উপর বর্ষিত হয়েছিল নিকৃষ্ট রকমের (পাথর) বৃষ্টি। তবে কি তারা তা দেখে না? বরং তারা পুনর্জীবনের আশা করে না।

وَاِذَا رَاَوْكَ اِنْ يَّتَّخِذُوْنَكَ اِلَّا هُزُوًا ؕ اَهٰذَا الَّذِيْ بَعَثَ اللّٰهُ رَسُوْلًا ﴿٤١﴾

৪১। এবং যখন তারা তোমাকে দেখে তখন তারা তোমাকে কেবল উপহাস হিসেবে গ্রহণ করে। (এবং বলে) 'এই-ই কি সে ব্যক্তি, যাকে আল্লাহ্ রাসূল হিসেবে পাঠিয়েছেন?

اِنْ كَادَ لَيُضِلُّنَا عَنْ اٰلِهَتِنَا لَوْلَآ اَنْ صَبَرْنَا عَلَيْهَا ؕ وَسَوْفَ يَعْلَمُوْنَ حِيْنَ يَرَوْنَ الْعَذَابَ مَنْ اَضَلُّ سَبِيْلًا ﴿٤٢﴾

৪২। সে আমাদেরকে আমাদের উপাস্যদের থেকে প্রায় দূরে সরিয়েই দিত, যদি না আমরা তাদের উপর ধৈর্যধারণ করতাম।' আর যখন তারা শাস্তি দেখবে তখন অচিরেই তারা জানবে কে অধিক পথভ্রষ্ট।

اَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ ؕ اَفَاَنْتَ تَكُوْنُ عَلَيْهِ وَكِيْلًا ۙ﴿٤٣﴾

৪৩। তুমি কি তাকে দেখেছ, যে তার প্রবৃত্তিকে তার ইলাহ্ হিসাবে গ্রহণ করেছে? তবে কি তুমি তার তত্ত্বাবধায়ক হবে?

اَمْ تَحْسَبُ اَنَّ اَكْثَرَهُمْ يَسْمَعُوْنَ اَوْ يَعْقِلُوْنَ ؕ اِنْ هُمْ اِلَّا كَالْاَنْعَامِ بَلْ هُمْ اَضَلُّ سَبِيْلًا ۧ﴿٤٤﴾

ع ٤ ١٠ ٢ ৪ রুকূ ২

৪৪। তুমি কি মনে কর যে, তাদের অধিকাংশই শোনে অথবা অনুধাবন করে? তারা কেবল গবাদি পশুর মত, বরং তারা অধিক পথভ্রষ্ট।

اَلَمْ تَرَ اِلٰى رَبِّكَ كَيْفَ مَدَّ الظِّلَّ ۚ وَلَوْ شَآءَ لَجَعَلَهٗ سَاكِنًا ۚ ثُمَّ جَعَلْنَا الشَّمْسَ عَلَيْهِ دَلِيْلًا ۙ﴿٤٥﴾

৪৫। তুমি কি তোমার প্রতিপালকের ব্যাপারে ভেবে দেখনি কিভাবে তিনি ছায়াকে সম্প্রসারিত করেন? আর যদি তিনি ইচ্ছা করতেন তবে অবশ্যই একে স্থির বানিয়ে দিতেন, এরপর আমি সূর্যকে এর উপর নির্দেশক বানিয়েছি-

ثُمَّ قَبَضْنٰهُ اِلَيْنَا قَبْضًا يَّسِيْرًا ﴿٤٦﴾

৪৬। এরপর আমি একে (ছায়াকে) আমার দিকে ধীরে ধীরে গুটিয়ে আনি।

وَهُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ الَّيْلَ لِبَاسًا وَّالنَّوْمَ سُبَاتًا وَّجَعَلَ النَّهَارَ نُشُوْرًا ﴿٤٧﴾

৪৭। এবং তিনিই তোমাদের জন্য রাতকে বানিয়েছেন আবরণ এবং ঘুমকে বিশ্রাম এবং দিনকে বানিয়েছেন পুনর্জীবন (অর্থাৎ কর্মব্যস্ত)।

وَهُوَ الَّذِيْٓ اَرْسَلَ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ۚ وَاَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً طَهُوْرًا ۙ﴿٤٨﴾

৪৮। এবং তিনিই তার দয়ার (বৃষ্টির) পূর্বে সুসংবাদস্বরূপ বায়ু প্রেরণ করেন, এবং আমি আকাশ থেকে বিশুদ্ধ পানি অবতীর্ণ করি-

لِّنُحْيِيَ بِهٖ بَلْدَةً مَّيْتًا وَّنُسْقِيَهٗ مِمَّا خَلَقْنَآ اَنْعَامًا وَّاَنَاسِيَّ كَثِيْرًا ﴿٤٩﴾

৪৯। যাতে আমি তা দিয়ে মৃত ভূমিকে জীবিত করতে পারি এবং আমি যে বহু জীব-জন্তু ও মানুষ সৃষ্টি করেছি তাদেরকে তা পান করাতে পারি।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ صَرَّفْنٰهُ بَيْنَهُمْ لِيَذَّكَّرُوْا ۚ فَاَبٰٓى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ﴿٥٠﴾

৫০। এবং অবশ্যই আমি তা (পানি) তাদের মধ্যে বিতরণ করি যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে। কিন্তু অধিকাংশ মানুষ (তা সবই) অস্বীকার করল- কুফরী ছাড়া*।

وَلَوْ شِئْنَا لَبَعَثْنَا فِيْ كُلِّ قَرْيَةٍ نَّذِيْرًا ﴿٥١﴾

৫১। আর যদি আমি ইচ্ছা করতাম* তাহলে অবশ্যই প্রতিটি জনপদে একজন সতর্ককারী পাঠাতাম।

فَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَجَاهِدْهُمْ بِهٖ جِهَادًا كَبِيْرًا ﴿٥٢﴾

৫২। সুতরাং তুমি কাফিরদের আনুগত্য করো না এবং এর (অর্থাৎ কুরআনের) মাধ্যমে* তাদের বিরুদ্ধে জিহাদ কর- বড় জিহাদ।

وَهُوَ الَّذِيْ مَرَجَ الْبَحْرَيْنِ هٰذَا عَذْبٌ فُرَاتٌ وَّهٰذَا مِلْحٌ اُجَاجٌ ۚ وَجَعَلَ بَيْنَهُمَا بَرْزَخًا وَّحِجْرًا مَّحْجُوْرًا ﴿٥٣﴾

৫৩। এবং তিনিই (পাশাপাশি মিলিত) দুই সমুদ্রকে প্রবাহিত করেছেন, এটি মিষ্টি, সুপেয় এবং অপরটি লোনা, বিস্বাদ; উভয়ের মধ্যে রেখে দিয়েছেন এক অন্তরায়, এবং এক অনতিক্রম্য বাধা।

وَهُوَ الَّذِيْ خَلَقَ مِنَ الْمَآءِ بَشَرًا فَجَعَلَهٗ نَسَبًا وَّصِهْرًا ۭ وَكَانَ رَبُّكَ قَدِيْرًا ﴿٥٤﴾

৫৪। এবং তিনিই পানি (বীর্য) থেকে মানুষ সৃষ্টি করেছেন, এবং তাকে বানিয়েছেন বংশসম্পর্কীয় ও বৈবাহিক সম্পর্কীয়। এবং তোমার প্রতিপালক সর্বশক্তিমান।

وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُهُمْ وَلَا يَضُرُّهُمْ ۭ وَكَانَ الْكَافِرُ عَلٰي رَبِّهٖ ظَهِيْرًا ﴿٥٥﴾

৫৫। আর তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে এমন কিছুর উপাসনা করে যা তাদের উপকার করে না এবং তাদের অপকারও করে না। এবং কাফির তার প্রতিপালকের বিরুদ্ধে সাহায্যকারী*।

وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا مُبَشِّرًا وَّنَذِيْرًا ﴿٥٦﴾

৫৬। এবং আমি তোমাকে কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি।

قُلْ مَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ اِلَّا مَنْ شَاۗءَ اَنْ يَّتَّخِذَ اِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿٥٧﴾

৫৭। বল,'আমি তোমাদের নিকট এর জন্য কোন প্রতিদান চাই না এছাড়া যে, কেউ ইচ্ছা করলে সে তার প্রতিপালকের পথ গ্রহণ করবে।'

وَتَوَكَّلْ عَلَى الْحَيِّ الَّذِيْ لَا يَمُوْتُ وَسَبِّحْ بِحَمْدِهٖ ۭ وَكَفٰى بِهٖ بِذُنُوْبِ عِبَادِهٖ خَبِيْرَۨا ﴿٥٨﴾

৫৮। এবং (হে নবী!) তুমি ভরসা কর তাঁর উপর যিনি চিরঞ্জীব, যিনি মৃত্যু বরণ করবেন না এবং তাঁর প্রশংসাসহ পবিত্রতা (তসবীহ) ঘোষণা কর। এবং তিনি তাঁর বান্দাদের অপরাধসমূহ সম্পর্কে সর্বজ্ঞ হিসেবে যথেষ্ট-

الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۚ اَلرَّحْمٰنُ فَسْـَٔلْ بِهٖ خَبِيْرًا ﴿٥٩﴾

৫৯। যিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা আছে তা ছয় দিনে সৃষ্টি করেছেন, এরপর তিনি আরশে সমাসীন হন। (তিনিই) 'রহমান', সুতরাং তাঁর সম্বন্ধে কোন বিশেষজ্ঞকে জিজ্ঞাসা করে দেখ।

وَاِذَا قِيْلَ لَهُمُ اسْجُدُوْا لِلرَّحْمٰنِ قَالُوْا وَمَا الرَّحْمٰنُ اَنَسْجُدُ لِمَا تَاْمُرُنَا وَزَادَهُمْ نُفُوْرًا ﴿٦٠﴾

৬০। এবং যখন তাদেরকে বলা হয়, 'রহমান'কে সিজদা কর, তখন তারা বলে, 'রহমান' (আবার) কী? আমরা কি তাকে সিজদা করব যাকে (সিজদা করতে) তুমি আমাদেরকে নির্দেশ কর? আর তা তাদের (সত্য) বিমুখতাই বৃদ্ধি করেছে।

রুকু ৩

تَبٰرَكَ الَّذِيْ جَعَلَ فِي السَّمَاۗءِ بُرُوْجًا وَّجَعَلَ فِيْهَا سِرٰجًا وَّقَمَرًا مُّنِيْرًا ﴿٦١﴾

৬১। বরকতময় তিনি যিনি আকাশে বুরুজ (নক্ষত্রপুঞ্জ) বানিয়েছেন এবং তাতে বানিয়েছেন একটি প্রদীপ* ও একটি জ্যোতির্ময় চাঁদ।

وَهُوَ الَّذِيْ جَعَلَ الَّيْلَ وَالنَّهَارَ خِلْفَةً لِّمَنْ اَرَادَ اَنْ يَّذَّكَّرَ اَوْ اَرَادَ شُكُوْرًا ﴿٦٢﴾

৬২। এবং তিনিই রাত ও দিনকে পরস্পরের অনুগামী করেছেন তার জন্য যে উপদেশ গ্রহণ করতে চায় অথবা কৃতজ্ঞ হতে চায়।

وَعِبَادُ الرَّحْمٰنِ الَّذِيْنَ يَمْشُوْنَ عَلَى الْاَرْضِ هَوْنًا وَّاِذَا خَاطَبَهُمُ الْجٰهِلُوْنَ قَالُوْا سَلٰمًا ﴿٦٣﴾

৬৩। এবং 'রহমান'-এর বান্দা তারাই, যারা পৃথিবীতে বিনয়ী হয়ে চলে* এবং যখন তাদেরকে অজ্ঞ লোকেরা সম্বোধন করে তখন তারা বলে, 'সালাম' (বিদায়)।

وَالَّذِيْنَ يَبِيْتُوْنَ لِرَبِّهِمْ سُجَّدًا وَّقِيَامًا ﴿٦٤﴾

৬৪। এবং যারা রাত অতিবাহিত করে তাদের প্রতিপালকের উদ্দেশ্যে সিজদা অবস্থায় ও দাঁড়ানো অবস্থায়।

وَالَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۖ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا ﴿٦٥﴾

৬৫। এবং যারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে জাহান্নামের শাস্তি সরিয়ে দিন, নিশ্চয় এর শাস্তি সর্বনাশা।'

إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَّمُقَامًا ﴿٦٦﴾

৬৬। নিশ্চয় অবস্থানস্থল ও বাসস্থান হিসেবে তা কতই না নিকৃষ্ট!

وَالَّذِيْنَ إِذَا أَنْفَقُوْا لَمْ يُسْرِفُوْا وَلَمْ يَقْتُرُوْا وَكَانَ بَيْنَ ذٰلِكَ قَوَامًا ﴿٦٧﴾

৬৭। এবং যারা, যখন ব্যয় করে তখন অপচয়* করে না এবং কৃপণতাও করে না, এবং তারা এর মাঝে মধ্যপন্থী।

وَالَّذِيْنَ لَا يَدْعُوْنَ مَعَ اللّٰهِ إِلٰهًا آخَرَ وَلَا يَقْتُلُوْنَ النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُوْنَ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ يَلْقَ أَثَامًا ﴿٦٨﴾

৬৮। এবং যারা আল্লাহ্‌র সাথে অন্য কোন ইলাহ্‌কে ডাকে না, এবং ন্যায়সঙ্গত কারণ ছাড়া কোন ব্যক্তিকে হত্যা করে না যাকে (হত্যা করা) আল্লাহ্ হারাম করেছেন এবং ব্যভিচার করে না। আর যে এটা করবে সে শাস্তির সম্মুক্ষীন হবে-

يُّضٰعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيٰمَةِ وَيَخْلُدْ فِيْهِ مُهَانًا ﴿٦٩﴾

৬৯। কিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করা হবে এবং সেখানে সে লাঞ্ছিত অবস্থায় স্থায়ীভাবে থাকবে-

إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولٰٓئِكَ يُبَدِّلُ اللّٰهُ سَيِّاٰتِهِمْ حَسَنٰتٍ ۗ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٧٠﴾

৭০। সে ছাড়া যে তওবা করে (অনুতপ্ত হয়ে ফিরে আসে), ঈমান আনে ও সৎকাজ করে, এবং আল্লাহ্ তাদের পাপসমূহকে পুণ্যে পরিবর্তন করে দিবেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَمَنْ تَابَ وَعَمِلَ صَالِحًا فَإِنَّهُ يَتُوْبُ إِلَى اللّٰهِ مَتَابًا ﴿٧١﴾

৭১। আর যে ব্যক্তি তওবা করে ও সৎকাজ করে, নিশ্চয় সে সম্পূর্ণরূপে আল্লাহ্‌র দিকে অনুতপ্ত হয়ে ফিরে আসে।

وَالَّذِيْنَ لَا يَشْهَدُوْنَ الزُّوْرَ ۙ وَإِذَا مَرُّوْا بِاللَّغْوِ مَرُّوْا كِرَامًا ﴿٧٢﴾

৭২। এবং যারা মিথ্যা সাক্ষ্য দেয় না এবং যখন অসার কথার পাশ দিয়ে গমন করে তখন সম্মান বজায় রেখে গমন করে (অর্থাৎ পরিহার করে)।

وَالَّذِيْنَ إِذَا ذُكِّرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ لَمْ يَخِرُّوْا عَلَيْهَا صُمًّا وَّعُمْيَانًا ﴿٧٣﴾

৭৩। এবং যাদেরকে তাদের প্রতিপালকের আয়াতসমূহ স্মরণ করিয়ে দেয়া হলে তারা তার প্রতি বধির ও অন্ধের মত আচরণ করে না।

وَالَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيّٰتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ إِمَامًا ﴿٧٤﴾

৭৪। এবং যারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের স্বামী/স্ত্রীদের ও আমাদের সন্তান-সন্ততিদের থেকে আমাদেরকে চক্ষু শীতলকারী দান করুন এবং আমাদেরকে মুত্তাকিদের জন্য ঈমাম (অনুকরণীয়) বানিয়ে দিন।'

أُولٰٓئِكَ يُجْزَوْنَ الْغُرْفَةَ بِمَا صَبَرُوْا وَيُلَقَّوْنَ فِيْهَا تَحِيَّةً وَّسَلٰمًا ﴿٧٥﴾

৭৫। তাদেরকে প্রতিদান দেয়া হবে (জান্নাতের) সুউচ্চ কক্ষ, কারণ তারা ধৈর্য ধারণ করেছিল এবং সেখানে তাদেরকে অভিবাদন ও সালাম জানানো হবে-

خٰلِدِيْنَ فِيْهَا ۗ حَسُنَتْ مُسْتَقَرًّا وَّمُقَامًا ﴿٧٦﴾

৭৬। সেখানে তারা স্থায়ী হবে । অবস্থানস্থল ও বাসস্থান হিসেবে তা কতই না উৎকৃষ্ট!

قُلْ مَا يَعْبَؤُا بِكُمْ رَبِّيْ لَوْلَا دُعَآؤُكُمْ ۚ فَقَدْ كَذَّبْتُمْ فَسَوْفَ يَكُوْنُ لِزَامًا ﴿٧٧﴾

৭৭। বল, 'আমার প্রতিপালকের কিছুই আসে যায় না যদি তোমরা তাঁকে না ডাক, তোমরা তো মিথ্যা অভিহিত করেছ, সুতরাং অচিরেই তা (শাস্তি এসে পড়াটা) অপরিহার্য হবে।'

রুকূ ৪ ৭৭ ৬ ৭৭

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৬. সূরা আশ-শু'য়ারা, মাক্কী

২২৭ আয়াত, ১১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٦-سُوْرَةُ الشُّعَرَاءِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٢٧، رُكُوْعَاتُهَا-١١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

طٰسٓمٓ ①

১। তোয়া-সীন-মীম।

تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ②

২। এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত।

لَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ اَلَّا يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ③

৩। হয়তো তুমি নিজেকে মনোকষ্টে ধ্বংস করে ফেলবে (এ ভেবে) যে, তারা মু'মিন হয় না।

اِنْ نَّشَاْ نُنَزِّلْ عَلَيْهِمْ مِّنَ السَّمَآءِ اٰيَةً فَظَلَّتْ اَعْنَاقُهُمْ لَهَا خٰضِعِيْنَ ④

৪। যদি আমি ইচ্ছা করতাম তাহলে আকাশ থেকে তাদের উপর একটি নিদর্শন অবতীর্ণ করতাম, ফলে এর প্রতি তাদের ঘাড় বিনত হয়ে পড়ত।

وَمَا يَاْتِيْهِمْ مِّنْ ذِكْرٍ مِّنَ الرَّحْمٰنِ مُحْدَثٍ اِلَّا كَانُوْا عَنْهُ مُعْرِضِيْنَ ⑤

৫। আর তাদের নিকট দয়াময়ের পক্ষ থেকে এমন কোন নতুন উপদেশ আসেনি, যা থেকে তারা মুখ ফিরিয়ে নেয়নি।

فَقَدْ كَذَّبُوْا فَسَيَاْتِيْهِمْ اَنْۢبٰٓؤُا مَا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ⑥

৬। তারা তো মিথ্যা অভিহিত করেছে, ফলে তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তার (প্রকৃত) সংবাদসমূহ শীঘ্রই তাদের নিকট আসবে।

اَوَلَمْ يَرَوْا اِلَى الْاَرْضِ كَمْ اَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيْمٍ ⑦

৭। তারা কি পৃথিবীর ব্যাপারে ভেবে দেখেনি? আমি তাতে প্রত্যেক উৎকৃষ্ট ধরণের কত উদ্ভিদ উদগত করেছি!

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ⑧

৮। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ⑨

৯। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।

وَاِذْ نَادٰى رَبُّكَ مُوْسٰٓى اَنِ ائْتِ الْقَوْمَ الظّٰلِمِيْنَ ⑩

১০। এবং যখন তোমার প্রতিপালক মূসাকে ডেকে বলেছিল যে, তুমি জালিম সম্প্রদায়ের কাছে যাও-

قَوْمَ فِرْعَوْنَ ؕ اَلَا يَتَّقُوْنَ ⑪

১১। -ফিরআউনের সম্প্রদায়ের কাছে। তারা কি (আমাকে) ভয় করবে না?

قَالَ رَبِّ اِنِّيْٓ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ⑫

১২। সে বলেছিল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি আশঙ্কা করি যে, তারা আমাকে মিথ্যাবাদী বলবে,

وَيَضِيْقُ صَدْرِيْ وَلَا يَنْطَلِقُ لِسَانِيْ فَاَرْسِلْ اِلٰى هٰرُوْنَ ⑬

১৩। এবং আমার বক্ষ সংকুচিত হয়ে যাচ্ছে, আর আমার জিহ্বাও (সাবলীলভাবে) চলে না, সুতরাং হারূনের প্রতিও (ওহীসহ জিবরাঈলকে) প্রেরণ করুন।

وَلَهُمْ عَلَيَّ ذَنْۢبٌ فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ⑭

১৪। আর আমার বিরুদ্ধে তাদের একটি অপরাধ (এর অভিযোগ) আছে, তাই আমি আশঙ্কা করি যে, তারা আমাকে হত্যা করবে।'

قَالَ كَلَّا ۚ فَاذْهَبَا بِاٰيٰتِنَآ اِنَّا مَعَكُمْ مُّسْتَمِعُوْنَ ⑮

১৫। তিনি (আল্লাহ্) বললেন, 'কক্ষনো না, অতএব তোমরা উভয়ে আমার নিদর্শনাবলীসহ যাও, নিশ্চয় আমি তোমাদের সাথে শ্রবণকারী।'

فَاْتِيَا فِرْعَوْنَ فَقُوْلَآ اِنَّا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ⑯

১৬। অতএব তোমরা দু'জনে ফিরআউনের নিকট যাও এবং বল, 'নিশ্চয় আমরা জগৎসমূহের প্রতিপালকের রাসূল-

اَنْ اَرْسِلْ مَعَنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ⑰

১৭। (এবং বল) যে, আমাদের সাথে বনী ইসরাঈলকে প্রেরণ কর।'

قَالَ اَلَمْ نُرَبِّكَ فِيْنَا وَلِيْدًا وَّلَبِثْتَ فِيْنَا مِنْ عُمُرِكَ سِنِيْنَ ﴿١٨﴾

১৮। সে (ফিরআউন) বলল, 'আমরা কি তোমাকে শিশু হিসেবে আমাদের মাঝে লালন-পালন করিনি? এবং তুমি তোমার জীবনের বহু বছর আমাদের মাঝে অবস্থান করেছ-

وَفَعَلْتَ فَعْلَتَكَ الَّتِيْ فَعَلْتَ وَاَنْتَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿١٩﴾

১৯। এবং তুমি তোমার কাজ* যা করার তা করেছ, এবং তুমি অকৃতজ্ঞদের অন্তর্ভুক্ত।'

قَالَ فَعَلْتُهَآ اِذًا وَّاَنَا مِنَ الضَّآلِّيْنَ ﴿٢٠﴾

২০। সে (মূসা) বলল, 'আমি তা করেছিলাম তখন, যখন আমি ছিলাম পথহারাদের অন্তর্ভুক্ত।

فَفَرَرْتُ مِنْكُمْ لَمَّا خِفْتُكُمْ فَوَهَبَ لِيْ رَبِّيْ حُكْمًا وَّجَعَلَنِيْ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٢١﴾

২১। অতঃপর আমি তোমাদের নিকট থেকে পালিয়ে গিয়েছিলাম, যখন আমি তোমাদেরকে ভয় করেছিলাম, অতঃপর আমার প্রতিপালক আমাকে প্রজ্ঞা দান করেছেন এবং আমাকে রাসূলদের অন্তর্ভুক্ত করেছেন।

وَتِلْكَ نِعْمَةٌ تَمُنُّهَا عَلَيَّ اَنْ عَبَّدْتَّ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٢٢﴾

২২। এবং সেটি একটি নেয়ামত (হিসেবে কাজ করেছে) যা তুমি আমাকে স্মরণ করিয়ে দিচ্ছ- যে, তুমি বনী ইসরাঈলকে দাসে পরিণত করেছ।'

قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٢٣﴾

২৩। ফিরআউন বলল, 'আর জগৎসমূহের প্রতিপালক কী?'

قَالَ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ؕ اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ ﴿٢٤﴾

২৪। সে (মূসা) বলল, 'তিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা আছে তার প্রতিপালক- যদি তোমরা নিশ্চিত বিশ্বাসী হও।'

قَالَ لِمَنْ حَوْلَهٗٓ اَلَا تَسْتَمِعُوْنَ ﴿٢٥﴾

২৫। সে (ফিরআউন) তার চারপাশের লোকদেরকে বলল, 'তোমরা কি শ্রবণ করছ না!'

قَالَ رَبُّكُمْ وَرَبُّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ﴿٢٦﴾

২৬। সে (মূসা) বলল, 'তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষদেরও প্রতিপালক।'

قَالَ اِنَّ رَسُوْلَكُمُ الَّذِيْٓ اُرْسِلَ اِلَيْكُمْ لَمَجْنُوْنٌ ﴿٢٧﴾

২৭। সে (ফিরআউন) বলল, ' নিশ্চয় তোমাদের রাসূল- যাকে তোমাদের প্রতি প্রেরণ করা হয়েছে- অবশ্যই পাগল।'

قَالَ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَمَا بَيْنَهُمَا ؕ اِنْ كُنْتُمْ تَعْقِلُوْنَ ﴿٢٨﴾

২৮। সে (মূসা) বলল, 'তিনি পূর্ব ও পশ্চিমের এবং উভয়ের মাঝে যা আছে তার প্রতিপালক- যদি তোমরা অনুধাবন করতে!'

قَالَ لَئِنِ اتَّخَذْتَ اِلٰهًا غَيْرِيْ لَاَجْعَلَنَّكَ مِنَ الْمَسْجُوْنِيْنَ ﴿٢٩﴾

২৯। সে (ফিরআউন) বলল, 'তুমি যদি আমাকে ছাড়া অন্য কোন ইলাহ্ গ্রহণ কর তাহলে অবশ্যই আমি তোমাকে কারারুদ্ধদের অন্তর্ভুক্ত করব।'

قَالَ اَوَلَوْ جِئْتُكَ بِشَيْءٍ مُّبِيْنٍ ﴿٣٠﴾

৩০। সে (মূসা) বলল, 'যদিও আমি তোমার নিকট সুস্পষ্ট কিছু (নিদর্শন) নিয়ে আসি, তবুও?'

قَالَ فَاْتِ بِهٖٓ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣١﴾

৩১। সে (ফিরআউন) বলল, 'তবে তুমি তা নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

فَاَلْقٰى عَصَاهُ فَاِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿٣٢﴾

৩২। অতঃপর সে (মূসা) তার লাঠি নিক্ষেপ করল এবং তৎক্ষণাৎ তা এক সুস্পষ্ট অজগর হয়ে গেল।

وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِيَ بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ﴿٣٣﴾

৩৩। এবং সে তার হাত (জামার গলার ভেতর হতে) টেনে বের করল এবং তৎক্ষণাৎ তা দর্শকদের জন্য শুভ্র-উজ্জ্বল হয়ে গেল।

قَالَ لِلْمَلَاِ حَوْلَهٗٓ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ﴿٣٤﴾

৩৪। সে (ফিরআউন) তার চার পাশের পরিষদবর্গকে বলল, 'নিশ্চয় এ এক বিজ্ঞ জাদুকর-

يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ مِّنْ اَرْضِكُمْ بِسِحْرِهٖ ۖ فَمَاذَا تَاْمُرُوْنَ ﴿٣٥﴾

৩৫। সে তোমাদেরকে তোমাদের যমীন (দেশ) থেকে তার জাদুর মাধ্যমে বের করে দিতে চায়। সুতরাং তোমরা কী পরামর্শ দাও?'

قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ وَابْعَثْ فِى الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿٣٦﴾

৩৬। তারা বলল, 'তাকে ও তার ভাইকে অবকাশ দিন এবং শহরে শহরে সংগ্রহকারীদের প্রেরণ করুন-

يَاْتُوْكَ بِكُلِّ سَحَّارٍ عَلِيْمٍ ﴿٣٧﴾

৩৭। তারা আপনার নিকট প্রত্যেক বিজ্ঞ জাদুকরকে নিয়ে আসবে।'

فَجُمِعَ السَّحَرَةُ لِمِيْقَاتِ يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿٣٨﴾

৩৮। অতঃপর এক নির্দিষ্ট দিনের নির্ধারিত সময়ে জাদুকরদেরকে একত্র করা হল-

وَّقِيْلَ لِلنَّاسِ هَلْ اَنْتُمْ مُّجْتَمِعُوْنَ ﴿٣٩﴾

৩৯। এবং লোকদেরকে বলা হল, 'তোমরা কি সমবেত হচ্ছ-

لَعَلَّنَا نَتَّبِعُ السَّحَرَةَ اِنْ كَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ﴿٤٠﴾

৪০। যাতে আমরা জাদুকরদেরকে অনুসরণ করতে পারি- যদি তারাই বিজয়ী হয়?'

فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالُوْا لِفِرْعَوْنَ اَئِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ﴿٤١﴾

৪১। অতঃপর যখন জাদুকররা আসল তখন তারা ফিরআউনকে বলল, 'আমাদের জন্য অবশ্যই কোন প্রতিদান থাকবে কি- যদি আমরাই বিজয়ী হই?'

قَالَ نَعَمْ وَاِنَّكُمْ اِذًا لَّمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٤٢﴾

৪২। সে (ফিরআউন) বলল, 'হ্যাঁ, তখন নিশ্চয় তোমরা অবশ্যই (আমার) নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে।'

قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٤٣﴾

৪৩। মূসা তাদেরকে বলল, 'তোমাদের যা নিক্ষেপ করার তা নিক্ষেপ কর।'

فَاَلْقَوْا حِبَالَهُمْ وَعِصِيَّهُمْ وَقَالُوْا بِعِزَّةِ فِرْعَوْنَ اِنَّا لَنَحْنُ الْغٰلِبُوْنَ ﴿٤٤﴾

৪৪। অতঃপর তারা তাদের দড়ি ও লাঠিগুলো নিক্ষেপ করল এবং বলল, 'ফিরআউনের ইজ্জতের কসম! নিশ্চয় আমরা অবশ্যই বিজয়ী হব।'

فَاَلْقٰى مُوْسٰى عَصَاهُ فَاِذَا هِىَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ﴿٤٥﴾

৪৫। অতঃপর মূসা তার লাঠি নিক্ষেপ করল, এবং তৎক্ষণাৎ তা তাদের অলীক সৃষ্টিগুলোকে গিলে ফেলতে লাগল।

فَاُلْقِىَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ﴿٤٦﴾

৪৬। তখন জাদুকররা সিজদায় লুটিয়ে পড়ল-

قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾

৪৭। তারা বলল, 'আমরা ঈমান আনলাম জগৎসমূহের প্রতিপালকের প্রতি-

رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ﴿٤٨﴾

৪৮। মূসা ও হারূনের প্রতিপালকের প্রতি।'

قَالَ اٰمَنْتُمْ لَهٗ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِىْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَسَوْفَ تَعْلَمُوْنَ ۗ لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَاُوصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ﴿٤٩﴾

৪৯। সে (ফিরআউন) বলল, তোমরা কি তাকে বিশ্বাস করলে আমি তোমাদেরকে অনুমতি দেয়ার পূর্বেই? নিশ্চয় সে অবশ্যই তোমাদের প্রধান, যে তোমাদেরকে জাদু শিক্ষা দিয়েছে, অতএব অবশ্যই তোমরা অচিরেই (এর পরিণাম) জানবে। অবশ্যই অবশ্যই আমি তোমাদের হাত এবং তোমাদের পা বিপরীত দিক থেকে কেটে দিব এবং অবশ্যই অবশ্যই আমি তোমাদের সবাইকে ক্রুশবিদ্ধ করব।'

قَالُوْا لَا ضَيْرَ ۚ اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ﴿٥٠﴾

৫০। তারা বলল, 'কোন ক্ষতি নেই, নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন করব।

اِنَّا نَطْمَعُ اَنْ يَّغْفِرَ لَنَا رَبُّنَا خَطٰيٰنَآ اَنْ كُنَّآ اَوَّلَ الْمُؤْمِنِيْنَ ﴿٥١﴾ ع ٣ ١٨ ٧ রুকু ٧

৫১। নিশ্চয় আমরা প্রত্যাশা করি যে, আমাদের প্রতিপালক আমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন, কারণ আমরা প্রথম মু'মিন।'

وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنْ اَسْرِ بِعِبَادِىْٓ اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿٥٢﴾

৫২। এবং আমি মূসার প্রতি ওহী করলাম যে, 'আমার বান্দাদেরকে নিয়ে রাতে বের হও, নিশ্চয় তোমাদের পশ্চাদ্ধাবন করা হবে।'

فَاَرْسَلَ فِرْعَوْنُ فِى الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿٥٣﴾

৫৩। অতঃপর ফিরআউন শহরে শহরে (সৈন্য) সংগ্রহকারীদেরকে প্রেরণ করল,

৫৪। (এবং বলল) 'নিশ্চয় তারা অবশ্যই ক্ষুদ্র একটি দল-

اِنَّ هٰٓؤُلَآءِ لَشِرْذِمَةٌ قَلِيْلُوْنَ ۙ﴿٥٤﴾

৫৫। এবং নিশ্চয় তারা অবশ্যই আমাদের ক্রোধ উদ্রেগকারী-

وَاِنَّهُمْ لَنَا لَغَآئِظُوْنَ ۙ﴿٥٥﴾

৫৬। এবং নিশ্চয় আমরা অবশ্যই এক সতর্ক দল।'

وَاِنَّا لَجَمِيْعٌ حٰذِرُوْنَ ؕ﴿٥٦﴾

৫৭। ফলে (এভাবেই) আমি তাদেরকে বের করে দিলাম উদ্যানরাজি ও ঝর্ণাসমূহ থেকে-

فَاَخْرَجْنٰهُمْ مِّنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ۙ﴿٥٧﴾

৫৮। এবং ধন-ভাণ্ডারসমূহ ও আকর্ষনীয় স্থান থেকে-

وَّكُنُوْزٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ۙ﴿٥٨﴾

৫৯। এভাবেই (ঘটেছিল)। এবং আমি বনী ইসরাঈলকে এ সবের উত্তরাধিকারী করেছিলাম।

كَذٰلِكَ ؕ وَاَوْرَثْنٰهَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ؕ﴿٥٩﴾

৬০। অতঃপর তারা সূর্যোদয়কালে তাদের পশ্চাদ্ধাবন করল।

فَاَتْبَعُوْهُمْ مُّشْرِقِيْنَ ﴿٦٠﴾

৬১। অতঃপর যখন দুই দল পরস্পরকে দেখল তখন মূসার সঙ্গীরা বলল, 'নিশ্চয় আমরা অবশ্যই ধরা পড়ে গেলাম!'

فَلَمَّا تَرَآءَ الْجَمْعٰنِ قَالَ اَصْحٰبُ مُوْسٰٓى اِنَّا لَمُدْرَكُوْنَ ۚ﴿٦١﴾

৬২। সে (মূসা) বলল, 'কক্ষনো না! নিশ্চয় আমার সাথে আছেন আমার প্রতিপালক, শীঘ্রই তিনি আমাকে পথপ্রদর্শন করবেন।'

قَالَ كَلَّا ۚ اِنَّ مَعِيَ رَبِّيْ سَيَهْدِيْنِ ﴿٦٢﴾

৬৩। অতঃপর আমি মূসার প্রতি ওহী করলাম যে, 'তোমার লাঠি দ্বারা সমুদ্রে আঘাত কর।' ফলে তা বিভক্ত হয়ে গেল এবং প্রত্যেক ভাগ বিশাল পর্বতের মত হয়ে গেল,

فَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْبَحْرَ ؕ فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ كَالطَّوْدِ الْعَظِيْمِ ۚ﴿٦٣﴾

৬৪। এবং আমি সেখানে নিকটবর্তী করলাম অন্যদেরকে,

وَاَزْلَفْنَا ثَمَّ الْاٰخَرِيْنَ ۚ﴿٦٤﴾

৬৫। এবং আমি উদ্ধার করলাম মূসাকে এবং তার সাথে যারা ছিল সবাইকে,

وَاَنْجَيْنَا مُوْسٰى وَمَنْ مَّعَهٗٓ اَجْمَعِيْنَ ۚ﴿٦٥﴾

৬৬। এরপর আমি নিমজ্জিত করলাম অন্যদেরকে (ফিরাউন ও তার সঙ্গী-সাথীদেরকে)।

ثُمَّ اَغْرَقْنَا الْاٰخَرِيْنَ ؕ﴿٦٦﴾

৬৭। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿٦٧﴾

ع ٤ ٧ ٨ ৪ রুকূ ৮

৬৮। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۚ﴿٦٨﴾

৬৯। এবং তাদের নিকট ইবরাহীমের সংবাদ পাঠ কর।

وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ اِبْرٰهِيْمَ ۘ﴿٦٩﴾

৭০। যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা কিসের উপাসনা কর?'

اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَا تَعْبُدُوْنَ ﴿٧٠﴾

৭১। তারা বলল, 'আমরা মূর্তির উপাসনা করি এবং তাদের প্রতি (উপাসনায়) লেগে থাকি।'

قَالُوْا نَعْبُدُ اَصْنَامًا فَنَظَلُّ لَهَا عٰكِفِيْنَ ﴿٧١﴾

৭২। সে বলল, 'তারা কি তোমাদেরকে শোনে যখন তোমরা ডাক-

قَالَ هَلْ يَسْمَعُوْنَكُمْ اِذْ تَدْعُوْنَ ۙ﴿٧٢﴾

৭৩। অথবা তোমাদের উপকার করে কিংবা অপকার করে?'

اَوْ يَنْفَعُوْنَكُمْ اَوْ يَضُرُّوْنَ ﴿٧٣﴾

قَالُوْا بَلْ وَجَدْنَآ اٰبَآءَنَا كَذٰلِكَ يَفْعَلُوْنَ ﴿٧٤﴾

৭৪। তারা বলল, 'বরং আমরা আমাদের বাপদাদাদেরকে পেয়েছি এরূপ করতে।'

قَالَ اَفَرَءَيْتُمْ مَّا كُنْتُمْ تَعْبُدُوْنَ ﴿٧٥﴾

৭৫। সে বলল, 'তোমরা কি ভেবে দেখেছ, তোমরা কিসের উপাসনা করে আসছ-

اَنْتُمْ وَاٰبَآؤُكُمُ الْاَقْدَمُوْنَ ﴿٧٦﴾

৭৬। তোমরা এবং তোমাদের অতীত পিতৃপুরুষেরা?

فَاِنَّهُمْ عَدُوٌّ لِّيْٓ اِلَّا رَبَّ الْعٰلَمِيْنَ ﴿٧٧﴾

৭৭। নিশ্চয় তারা (সবাই) আমার শত্রু, জগৎসমূহের প্রতিপালক ছাড়া-

الَّذِيْ خَلَقَنِيْ فَهُوَ يَهْدِيْنِ ﴿٧٨﴾

৭৮। যিনি আমাকে সৃষ্টি করেছেন, এবং তিনিই আমাকে পথ প্রদর্শন করেন-

وَالَّذِيْ هُوَ يُطْعِمُنِيْ وَيَسْقِيْنِ ﴿٧٩﴾

৭৯। এবং তিনিই আমাকে খাদ্য ও পানীয় দান করেন-

وَاِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِيْنِ ﴿٨٠﴾

৮০। এবং যখন আমি রোগাক্রান্ত হই তখন তিনিই আমাকে আরোগ্য দান করেন-

وَالَّذِيْ يُمِيْتُنِيْ ثُمَّ يُحْيِيْنِ ﴿٨١﴾

৮১। এবং যিনি আমার মৃত্যু ঘটাবেন, এরপর জীবিত করবেন-

وَالَّذِيْٓ اَطْمَعُ اَنْ يَّغْفِرَ لِيْ خَطِيْٓـَٔتِيْ يَوْمَ الدِّيْنِ ﴿٨٢﴾

৮২। এবং যিনি- আমি প্রত্যাশা করি যে- কিয়ামতের দিন আমার অপরাধ ক্ষমা করে দিবেন।'

رَبِّ هَبْ لِيْ حُكْمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿٨٣﴾

৮৩। হে আমার প্রতিপালক! আমাকে প্রজ্ঞা দান করুন এবং আমাকে সৎকর্মশীলদের সাথে মিলিত করুন-

وَاجْعَلْ لِّيْ لِسَانَ صِدْقٍ فِي الْاٰخِرِيْنَ ﴿٨٤﴾

৮৪। এবং আমাকে পরবর্তীদের মাঝে সত্যভাষী হিসেবে প্রতিষ্ঠিত করুন-

وَاجْعَلْنِيْ مِنْ وَّرَثَةِ جَنَّةِ النَّعِيْمِ ﴿٨٥﴾

৮৫। এবং আমাকে নেয়ামতপূর্ণ জান্নাতের উত্তরাধিকারীদের অন্তর্ভুক্ত করুন-

وَاغْفِرْ لِاَبِيْٓ اِنَّهٗ كَانَ مِنَ الضَّآلِّيْنَ ﴿٨٦﴾

৮৬। আর আমার পিতাকে ক্ষমা করুন, নিশ্চয় তিনি হলেন পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত-

وَلَا تُخْزِنِيْ يَوْمَ يُبْعَثُوْنَ ﴿٨٧﴾

৮৭। এবং সেদিন আমাকে অপমাণিত করবেন না যেদিন পুনরুত্থিত করা হবে-

يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَّلَا بَنُوْنَ ﴿٨٨﴾

৮৮। যেদিন ধন-সম্পদ ও সন্তান-সন্ততি উপকারে আসবে না-

اِلَّا مَنْ اَتَى اللّٰهَ بِقَلْبٍ سَلِيْمٍ ﴿٨٩﴾

৮৯। তবে (সেদিন উপকৃত হবে কেবল সে) যে আল্লাহ্‌র নিকট উপস্থিত হবে বিশুদ্ধ হৃদয় নিয়ে।'

وَاُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِيْنَ ﴿٩٠﴾

৯০। আর জান্নাতকে নিকটে আনা হবে মুত্তাকীদের জন্য-

وَبُرِّزَتِ الْجَحِيْمُ لِلْغٰوِيْنَ ﴿٩١﴾

৯১। এবং তীব্র আগুনকে প্রকাশ করা হবে বিপথগামীদের জন্য-

وَقِيْلَ لَهُمْ اَيْنَمَا كُنْتُمْ تَعْبُدُوْنَ ﴿٩٢﴾

৯২। এবং তাদেরকে বলা হবে, 'তোমরা যাদের উপাসনা করতে তারা কোথায়-

مِنْ دُوْنِ اللّٰهِ ۭ هَلْ يَنْصُرُوْنَكُمْ اَوْ يَنْتَصِرُوْنَ ﴿٩٣﴾

৯৩।-আল্লাহ্‌কে বাদ দিয়ে? তারা কি তোমাদেরকে সাহায্য করতে পারে অথবা আত্মরক্ষা করতে পারে?'

৯৪। অতঃপর তাদেরকে (উপাস্যদেরকে) এবং বিপথগামীদেরকে তার মধ্যে (তীব্র আগুনে) নিক্ষেপ করা হবে অধোমুখী করে-

فَكُبْكِبُوْا فِيْهَا هُمْ وَالْغَاوٗنَ ﴿٩٤﴾

৯৫। এবং ইবলিসের বাহিনীর সবাইকে।

وَجُنُوْدُ اِبْلِيْسَ اَجْمَعُوْنَ ﴿٩٥﴾

৯৬। এবং তারা (বিপথগামীরা) সেখানে ঝগড়া করে বলবে-

قَالُوْا وَهُمْ فِيْهَا يَخْتَصِمُوْنَ ﴿٩٦﴾

৯৭। আল্লাহ্‌র কসম, অবশ্যই আমরা সুস্পষ্ট পথভ্রষ্টতার মধ্যে ছিলাম-

تَاللّٰهِ اِنْ كُنَّا لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٩٧﴾

৯৮। যখন আমরা তোমাদেরকে জগৎসমূহের প্রতিপালকের সমকক্ষ গণ্য করতাম।

اِذْ نُسَوِّيْكُمْ بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٩٨﴾

৯৯। আর অপরাধীরাই (ইবলিসের বাহিনীই) আমাদেরকে পথভ্রষ্ট করেছিল।

وَمَآ اَضَلَّنَآ اِلَّا الْمُجْرِمُوْنَ ﴿٩٩﴾

১০০। সুতরাং আমাদের কোন সুপারিশকারী নেই-

فَمَا لَنَا مِنْ شَافِعِيْنَ ﴿١٠٠﴾

১০১। এবং কোন অন্তরঙ্গ বন্ধুও নেই।

وَلَا صَدِيْقٍ حَمِيْمٍ ﴿١٠١﴾

১০২। সুতরাং যদি আমাদের জন্য একটি প্রত্যাবর্তন থাকত, তাহলে আমরা মু'মিনদের অন্তর্ভুক্ত হয়ে যেতাম।

فَلَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٢﴾

১০৩। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٠٣﴾

১০৪। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾

১০৫। নূহের সম্প্রদায় প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল,

كَذَّبَتْ قَوْمُ نُوْحِ ۨ الْمُرْسَلِيْنَ ﴿١٠٥﴾

১০৬। যখন তাদের ভাই নূহ্ তাদেরকে বলল, 'তোমরা কি (আল্লাহ্‌কে) ভয় করবে না?

اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ نُوْحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٠٦﴾

১০৭। নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল-

اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٠٧﴾

১০৮। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর,

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٠٨﴾

১০৯। আর আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল জগৎসমূহের প্রতিপালকেরই উপর,

وَمَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠٩﴾

১১০। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।'

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١١٠﴾

১১১। তারা বলল, 'আমরা কি তোমাকে বিশ্বাস করব, যখন নিম্নশ্রেণীর লোকেরা তোমার অনুসরণ করছে?'

قَالُوْٓا اَنُؤْمِنُ لَكَ وَاتَّبَعَكَ الْاَرْذَلُوْنَ ﴿١١١﴾

১১২। সে (নূহ্) বলল, 'আর তারা কী করত এ ব্যাপারে আমার কী জ্ঞান আছে?

قَالَ وَمَا عِلْمِيْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١١٢﴾

১১৩। তাদের হিসাব কেবল আমার প্রতিপালকেরই দায়িত্বে- যদি তোমরা অনুভব করতে,

اِنْ حِسَابُهُمْ اِلَّا عَلٰى رَبِّيْ لَوْ تَشْعُرُوْنَ ﴿١١٣﴾

১১৪। এবং মু'মিনদেরকে তাড়িয়ে দেয়ার আমি কেউ নই,

وَمَآ اَنَا۠ بِطَارِدِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٤﴾

১১৫। আমি কেবল একজন সুস্পষ্ট সতর্ককারী।'

اِنْ اَنَا۠ اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿١١٥﴾

১১৬। তারা বলল, 'হে নূহ্! যদি তুমি নিবৃত্ত না হও তাহলে অবশ্যই তুমি পাথরে আঘাতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে।'

قَالُوْا لَئِنْ لَّمْ تَنْتَهِ يٰنُوْحُ لَتَكُوْنَنَّ مِنَ الْمَرْجُوْمِيْنَ ﴿١١٦﴾

১১৭। সে (নূহ্) বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমার সম্প্রদায় আমাকে মিথ্যাবাদী বলেছে,

قَالَ رَبِّ اِنَّ قَوْمِيْ كَذَّبُوْنِ ﴿١١٧﴾

১১৮। সুতরাং আপনি আমার মাঝে ও তাদের মাঝে চূড়ান্ত মীমাংসা করে দিন এবং আমাকে ও আমার সাথে যেসব মু'মিন আছে তাদেরকে উদ্ধার করুন।'

فَافْتَحْ بَيْنِيْ وَبَيْنَهُمْ فَتْحًا وَّنَجِّنِيْ وَمَنْ مَّعِيَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١١٨﴾

১১৯। অতঃপর আমি তাকে ও তার সাথে যারা ছিল তাদেরকে বোঝাই নৌযানে (উঠিয়ে) উদ্ধার করলাম,

فَاَنْجَيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِي الْفُلْكِ الْمَشْحُوْنِ ﴿١١٩﴾

১২০। এরপর অবশিষ্ট সবাইকে নিমজ্জিত করলাম।

ثُمَّ اَغْرَقْنَا بَعْدُ الْبٰقِيْنَ ﴿١٢٠﴾

১২১। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٢١﴾

১২২। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহা প্রতাপশালী ও পরম দয়ালু।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٢٢﴾

১২৩। আদও প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল,

كَذَّبَتْ عَادُ ِۨ الْمُرْسَلِيْنَ ﴿١٢٣﴾

১২৪। যখন তাদের ভাই হূদ তাদেরকে বলল, 'তোমরা কি (আল্লাহ্‌কে) ভয় করবে না?

اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ هُوْدٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٢٤﴾

১২৫। নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল-

اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٢٥﴾

১২৬। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর,

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٢٦﴾

১২৭। আর আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল জগৎসমূহের প্রতিপালকেরই উপর।

وَمَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٢٧﴾

১২৮। তোমরা কি প্রতিটি উঁচু স্থানে অনর্থক কীর্তিস্তম্ভ নির্মাণ করছ?

اَتَبْنُوْنَ بِكُلِّ رِيْعٍ اٰيَةً تَعْبَثُوْنَ ﴿١٢٨﴾

১২৯। এবং তোমরা প্রাসাদ নির্মাণ করছ, যাতে তোমরা স্থায়ীভাবে বাস করতে পার,

وَتَتَّخِذُوْنَ مَصَانِعَ لَعَلَّكُمْ تَخْلُدُوْنَ ﴿١٢٩﴾

১৩০। এবং যখন তোমরা আঘাত হান তখন আঘাত হেনে থাক স্বেচ্ছাচারীদের মত,

وَاِذَا بَطَشْتُمْ بَطَشْتُمْ جَبَّارِيْنَ ﴿١٣٠﴾

১৩১। সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর,

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٣١﴾

১৩২। এবং ভয় কর তাকে যিনি তোমাদেরকে সাহায্য করেছেন তা দিয়ে যা তোমরা জান,

وَاتَّقُوا الَّذِيْٓ اَمَدَّكُمْ بِمَا تَعْلَمُوْنَ ﴿١٣٢﴾

১৩৩। তিনি তোমাদেরকে সাহায্য করেছেন গবাদি পশু ও সন্তান-সন্ততি দিয়ে-

اَمَدَّكُمْ بِاَنْعَامٍ وَّبَنِيْنَ ﴿١٣٣﴾

ع ٦ ١٨ ١٠ ٦ রুকূ ١٠

১৩৪।এবং বাগান ও ঝর্ণাসমূহ দিয়ে,	وَّجَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿١٣٤﴾
১৩৫।নিশ্চয় আমি তোমাদের উপর এক ভয়াবহ দিনের শাস্তির আশঙ্কা করছি।'	اِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٣٥﴾
১৩৬।তারা বলল, 'তুমি উপদেশ দাও (ওয়াজ কর) অথবা উপদেশদানকারীদের অন্তর্ভুক্ত না হও, উভয়ই আমাদের জন্য সমান-	قَالُوْا سَوَآءٌ عَلَيْنَآ اَوَعَظْتَ اَمْ لَمْ تَكُنْ مِّنَ الْوٰعِظِيْنَ ﴿١٣٦﴾
১৩৭।এটি (ওয়াজ করা) পূর্ববর্তীদের চরিত্র ছাড়া আর কিছু নয়-	اِنْ هٰذَآ اِلَّا خُلُقُ الْاَوَّلِيْنَ ﴿١٣٧﴾
১৩৮।এবং আমরা শাস্তিপ্রাপ্ত হবার নই,'	وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿١٣٨﴾
১৩৯।এবং তারা তাকে মিথ্যাবাদী বলল, সুতরাং আমি তাদেরকে ধ্বংস করলাম। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।	فَكَذَّبُوْهُ فَاَهْلَكْنٰهُمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٣٩﴾
১৪০।এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٤٠﴾
১৪১।ছামুদও প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল,	كَذَّبَتْ ثَمُوْدُ الْمُرْسَلِيْنَ ﴿١٤١﴾
১৪২।যখন তাদের ভাই সালিহ্ তাদেরকে বলল, 'তোমরা কি (আল্লাহ্কে) ভয় করবে না?	اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ صٰلِحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٤٢﴾
১৪৩।নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল-	اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٤٣﴾
১৪৪।সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং আমার আনুগত্য কর,	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٤٤﴾
১৪৫।আর আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল জগৎসমূহের প্রতিপালকেরই উপর।	وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰي رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٤٥﴾
১৪৬।তোমাদের কি নিরাপদ অবস্থায় ছেড়ে দেয়া হবে, যা এখানে (পৃথিবীতে) আছে তাতে-	اَتُتْرَكُوْنَ فِيْ مَا هٰهُنَآ اٰمِنِيْنَ ﴿١٤٦﴾
১৪৭।বাগানসমূহ ও ঝর্ণাসমূহে-	فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿١٤٧﴾
১৪৮।এবং শস্যক্ষেত ও কোমল গুচ্ছ বিশিষ্ট খেজুর বাগানে?	وَّزُرُوْعٍ وَّنَخْلٍ طَلْعُهَا هَضِيْمٌ ﴿١٤٨﴾
১৪৯।এবং তোমরা দক্ষতার সাথে পাহাড় কেটে গৃহ নির্মাণ করছ,	وَتَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا فٰرِهِيْنَ ﴿١٤٩﴾
১৫০।সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং আমার আনুগত্য কর,	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٥٠﴾
১৫১।এবং সীমালঙ্ঘনকারীদের নির্দেশের আনুগত্য করো না-	وَلَا تُطِيْعُوْٓا اَمْرَ الْمُسْرِفِيْنَ ﴿١٥١﴾
১৫২।যারা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করে এবং সংশোধন করে না।'	الَّذِيْنَ يُفْسِدُوْنَ فِي الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ﴿١٥٢﴾
১৫৩।তারা বলল, 'তুমি কেবল জাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত,	قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ﴿١٥٣﴾

ع ٧ ١١ ٩ রুকু ১১

مَآ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ فَاْتِ بِاٰيَةٍ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٥٤﴾

১৫৪।তুমি আমাদের মত একজন মানুষ ছাড়া আর কিছু নও, সুতরাং তুমি একটি নিদর্শন নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও'

قَالَ هٰذِهٖ نَاقَةٌ لَّهَا شِرْبٌ وَّلَكُمْ شِرْبُ يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿١٥٥﴾

১৫৫।সে (সালিহ্) বলল, 'এটি একটি উষ্ট্রী, এর জন্য আছে পানির অংশ এবং তোমাদের জন্য আছে পানির অংশ, নির্ধারিত দিনে,

وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥٦﴾

১৫৬।এবং একে কোন মন্দ দ্বারা স্পর্শ করো না, (যদি কর) তাহলে তোমাদেরকে এক ভয়াবহ দিনের শাস্তি পাকড়াও করবে।'

فَعَقَرُوْهَا فَاَصْبَحُوْا نٰدِمِيْنَ ﴿١٥٧﴾

১৫৭।কিন্তু তারা একে হত্যা করল, এবং অনুতপ্ত হল-

فَاَخَذَهُمُ الْعَذَابُ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٥٨﴾

১৫৮।অতঃপর শাস্তি তাদেরকে পাকড়াও করল। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٥٩﴾

১৫৯।এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।

كَذَّبَتْ قَوْمُ لُوْطِ ِۨالْمُرْسَلِيْنَ ﴿١٦٠﴾

১৬০।লূতের সম্প্রদায় প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল,

اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ لُوْطٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٦١﴾

১৬১।যখন তাদের ভাই লূত তাদেরকে বলল, 'তোমরা কি (আল্লাহ্কে) ভয় করবে না?

اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٦٢﴾

১৬২।নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল-

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٦٣﴾

১৬৩।সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং আমার আনুগত্য কর,

وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰي رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٦٤﴾

১৬৪।আর আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল জগৎসমূহের প্রতিপালকেরই উপর।

اَتَاْتُوْنَ الذُّكْرَانَ مِنَ الْعٰلَمِيْنَ ﴿١٦٥﴾

১৬৫।জগৎসমূহের মধ্যে তোমরাই কি (জৈবিক চাহিদা পূরণের জন্য) পুরুষের নিকট গমন করে থাক?

وَتَذَرُوْنَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِّنْ اَزْوَاجِكُمْ ۭ بَلْ اَنْتُمْ قَوْمٌ عٰدُوْنَ ﴿١٦٦﴾

১৬৬।এবং তোমাদের প্রতিপালক তোমাদের জন্য যে স্ত্রীদেরকে সৃষ্টি করেছেন তাদেরকে পরিত্যাগ করে থাক। বরং তোমরা সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।'

قَالُوْا لَىِٕنْ لَّمْ تَنْتَهِ يٰلُوْطُ لَتَكُوْنَنَّ مِنَ الْمُخْرَجِيْنَ ﴿١٦٧﴾

১৬৭।তারা বলল, 'হে লূত! যদি তুমি নিবৃত্ত না হও তাহলে অবশ্যই তুমি বহিষ্কৃতদের অন্তর্ভুক্ত হবে।'

قَالَ اِنِّيْ لِعَمَلِكُمْ مِّنَ الْقَالِيْنَ ﴿١٦٨﴾

১৬৮।সে (লূত) বলল, 'নিশ্চয় আমি তোমাদের এই (অপ)কর্মের প্রতি বীতশ্রদ্ধদের অন্তর্ভুক্ত।

رَبِّ نَجِّنِيْ وَاَهْلِيْ مِمَّا يَعْمَلُوْنَ ﴿١٦٩﴾

১৬৯।হে আমার প্রতিপালক! আমাকে এবং আমার পরিবার-পরিজনকে তারা যা করে তা থেকে উদ্ধার করুন।'

فَنَجَّيْنٰهُ وَاَهْلَهٗٓ اَجْمَعِيْنَ ﴿١٧٠﴾

১৭০।অতঃপর আমি তাকে এবং তার পরিবার-পরিজন সবাইকে উদ্ধার করলাম-

اِلَّا عَجُوْزًا فِي الْغٰبِرِيْنَ ﴿١٧١﴾

১৭১।এক বৃদ্ধা (অর্থাৎ তার স্ত্রীকে) ছাড়া, যে ছিল পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত,

ثُمَّ دَمَّرْنَا الْاٰخَرِيْنَ ﴿١٧٢﴾

১৭২।এরপর আমি ধ্বংস করলাম অন্যদেরকে,

রুকু ১২

وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۚ فَسَآءَ مَطَرُ الْمُنْذَرِيْنَ ﴿١٧٣﴾

১৭৩।এবং তাদের উপর আমি বর্ষণ করেছিলাম এক (পাথর) বৃষ্টি, এবং যাদেরকে সতর্ক করা হয়েছিল তাদের (জন্য) এ বৃষ্টি ছিল কতই না নিকৃষ্ট!

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٧٤﴾

১৭৪।নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٧٥﴾

১৭৫।নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহপ্রতাপশালী ও পরম দয়ালু।

كَذَّبَ اَصْحٰبُ لْـَٔيْكَةِ الْمُرْسَلِيْنَ ﴿١٧٦﴾

১৭৬।আইকাবাসীরা* প্রেরিতদেরকে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল,

اِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٧٧﴾

১৭৭।যখন শু'আইব তাদেরকে বলেছিল, 'তোমরা কি (আল্লাহ্‌কে) ভয় করবে না?

اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٧٨﴾

১৭৮।নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল-

فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٧٩﴾

১৭৯।সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর,

وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰي رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٨٠﴾

১৮০।আর আমি এর জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার প্রতিদান কেবল জগৎসমূহের প্রতিপালকেরই উপর।

اَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُوْنُوْا مِنَ الْمُخْسِرِيْنَ ﴿١٨١﴾

১৮১।তোমরা মাপে পুরোপুরি দাও, এবং মাপে কম দানকারীদের অন্তর্ভুক্ত হয়ো না,

وَزِنُوْا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ﴿١٨٢﴾

১৮২।এবং ওজন করবে সঠিক দাঁড়িপাল্লায়,

وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿١٨٣﴾

১৮৩।এবং লোকদেরকে তাদের (প্রাপ্য) বস্তু কম দিও না এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টিকারী হয়ে অপরাধ করো না,

وَاتَّقُوا الَّذِيْ خَلَقَكُمْ وَالْجِبِلَّةَ الْاَوَّلِيْنَ ﴿١٨٤﴾

১৮৪।এবং ভয় কর তাঁকে যিনি সৃষ্টি করেছেন তোমাদেরকে ও তোমাদের পূর্ববর্তী প্রজন্মসমূহকে।'

قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ﴿١٨٥﴾

১৮৫।তারা বলল, 'তুমি কেবল জাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত-

وَمَآ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا وَاِنْ نَّظُنُّكَ لَمِنَ الْكٰذِبِيْنَ ﴿١٨٦﴾

১৮৬।এবং তুমি আমাদের মত একজন মানুষ ছাড়া আর কিছু নও এবং আমরা তোমাকে অবশ্যই মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত মনে করি,

فَاَسْقِطْ عَلَيْنَا كِسَفًا مِّنَ السَّمَآءِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٨٧﴾

১৮৭।সুতরাং তুমি আমাদের উপর আকাশের একটি খণ্ড ফেলে দাও- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

قَالَ رَبِّيْٓ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨٨﴾

১৮৮।সে বলল, 'তোমরা যা কর সে সম্পর্কে আমার প্রতিপালক সবচেয়ে বেশি জানেন।'

فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ ۭ اِنَّهٗ كَانَ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٨٩﴾

১৮৯।এবং তারা তাকে মিথ্যাবাদী বলল, ফলে তাদেরকে (ঘন কালো মেঘ দ্বারা সৃষ্ট) ছায়াময় দিনের শাস্তি পাকড়াও করল। নিশ্চয় তা ছিল এক ভয়াবহ দিনের শাস্তি।

اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٩٠﴾

১৯০।নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٩١﴾

১৯১।এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।

১৯২।এবং নিশ্চয় তা (কুরআন) অবশ্যই জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ।	وَاِنَّهٗ لَتَنْزِيْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٩٢﴾
১৯৩। রূহুল আমীন (জিবরাঈল) তা নিয়ে অবতরণ করেছে-	نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ ﴿١٩٣﴾
১৯৪।তোমার হৃদয়ে,* যাতে তুমি সতর্ককারীদের অন্তর্ভুক্ত হতে পার-	عَلٰى قَلْبِكَ لِتَكُوْنَ مِنَ الْمُنْذِرِيْنَ ﴿١٩٤﴾
১৯৫।(অবতীর্ণ করা হয়েছে) সুস্পষ্ট আরবি ভাষায়।	بِلِسَانٍ عَرَبِيٍّ مُّبِيْنٍ ﴿١٩٥﴾
১৯৬।এবং নিশ্চয় তা অবশ্যই (উল্লিখিত) রয়েছে পূর্ববর্তী যাবুরসমূহে (লিখিত কিতাবসমূহে)।	وَاِنَّهٗ لَفِيْ زُبُرِ الْاَوَّلِيْنَ ﴿١٩٦﴾
১৯৭।এটা কি তাদের জন্য নিদর্শন হয়নি যে, বনী ইসরাঈলের জ্ঞানীরা (আলেমরা) তা জানে?	اَوَلَمْ يَكُنْ لَّهُمْ اٰيَةً اَنْ يَّعْلَمَهٗ عُلَمٰٓؤُا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿١٩٧﴾
১৯৮।আর যদি আমি তা কোন আজমীর (অনারবের)* উপর অবতীর্ণ করতাম-	وَلَوْ نَزَّلْنٰهُ عَلٰى بَعْضِ الْاَعْجَمِيْنَ ﴿١٩٨﴾
১৯৯।এবং সে তাদের নিকট তা পাঠ করত, তবু তারা তাতে বিশ্বাসী হত না।	فَقَرَاَهٗ عَلَيْهِمْ مَّا كَانُوْا بِهٖ مُؤْمِنِيْنَ ﴿١٩٩﴾
২০০। এভাবেই আমি অপরাধীদের হৃদয়ে তা (অবিশ্বাস) সঞ্চার করেছি।	كَذٰلِكَ سَلَكْنٰهُ فِيْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ﴿٢٠٠﴾
২০১। তারা এতে (কুরআনে) ঈমান আনবে না যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি প্রত্যক্ষ করবে-	لَا يُؤْمِنُوْنَ بِهٖ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٢٠١﴾
২০২। এবং তা তাদের নিকট এসে পড়বে আকস্মিকভাবে, যখন তারা টেরও পাবে না-	فَيَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٢٠٢﴾
২০৩। এবং তারা বলবে, 'আমরা কি অবকাশপ্রাপ্ত হব?'	فَيَقُوْلُوْا هَلْ نَحْنُ مُنْظَرُوْنَ ﴿٢٠٣﴾
২০৪। তবে কি তারা আমার শাস্তি তাড়াতাড়ি পেতে চায়?	اَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُوْنَ ﴿٢٠٤﴾
২০৫। তুমি কি ভেবে দেখছ, যদি আমি তাদেরকে বহু বছর জীবনোপভোগ করতে দেই-	اَفَرَءَيْتَ اِنْ مَّتَّعْنٰهُمْ سِنِيْنَ ﴿٢٠٥﴾
২০৬। এরপর তাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হত তা তাদের নিকট এসে পড়ে-	ثُمَّ جَآءَهُمْ مَّا كَانُوْا يُوْعَدُوْنَ ﴿٢٠٦﴾
২০৭। (তখন) তাদেরকে যে উপভোগের সামগ্রী দেয়া হয়েছিল তা তাদের কোন কাজে আসবে না।	مَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يُمَتَّعُوْنَ ﴿٢٠٧﴾
২০৮। এবং আমি এমন কোন জনপদ ধ্বংস করিনি যার জন্য সতর্ককারীরা ছিল না।	وَمَآ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا لَهَا مُنْذِرُوْنَ ﴿٢٠٨﴾
২০৯।(এটি তোমাদের জন্য) উপদেশস্বরূপ, আর আমি জালিম নই।	ذِكْرٰى ۛ وَمَا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٢٠٩﴾
২১০। এবং শয়তানরা তা (কুরআন) নিয়ে অবতীর্ণ হয়নি।	وَمَا تَنَزَّلَتْ بِهِ الشَّيٰطِيْنُ ﴿٢١٠﴾
২১১। এবং তাদের জন্য (এ কাজ) মানায় না এবং তারা এতে সক্ষমও নয়।	وَمَا يَنْۢبَغِيْ لَهُمْ وَمَا يَسْتَطِيْعُوْنَ ﴿٢١١﴾

২১২।নিশ্চয় তাদেরকে (কুরআনের ওহী) শ্রবণ হতে অবশ্যই পৃথক রাখা হয়েছে।	اِنَّهُمْ عَنِ السَّمْعِ لَمَعْزُوْلُوْنَ ﴿٢١٢﴾
২১৩।সুতরাং তুমি আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্‌কে ডেকো না, তাহলে তুমি শাস্তিপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে,	فَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَكُوْنَ مِنَ الْمُعَذَّبِيْنَ ﴿٢١٣﴾
২১৪।এবং সতর্ক কর তোমার আত্মীয়-স্বজনদেরকে-	وَاَنْذِرْ عَشِيْرَتَكَ الْاَقْرَبِيْنَ ﴿٢١٤﴾
২১৫।এবং যারা তোমার অনুসরণ করে সেসব মু'মিনদের জন্য তোমার বাহুকে নিচু কর (দয়াদ্র হও),	وَاخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢١٥﴾
২১৬।আর যদি তারা (তোমার আত্মীয়-স্বজনরা) তোমাকে অমান্য করে তাহলে তুমি বল, 'তোমরা যা কর তা থেকে নিশ্চয় আমি দায়িত্বমুক্ত',	فَاِنْ عَصَوْكَ فَقُلْ اِنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تَعْمَلُوْنَ ﴿٢١٦﴾
২১৭।এবং তুমি ভরসা কর মহাপ্রতাপশালী ও পরম দয়ালুর উপর-	وَتَوَكَّلْ عَلَى الْعَزِيْزِ الرَّحِيْمِ ﴿٢١٧﴾
২১৮।যিনি তোমাকে দেখেন, যখন তুমি (সালাতে) দাঁড়াও-	الَّذِيْ يَرٰىكَ حِيْنَ تَقُوْمُ ﴿٢١٨﴾
২১৯।এবং (দেখেন) সিজদাকারীদের মধ্যে তোমার ওঠা-নামা।	وَتَقَلُّبَكَ فِي السّٰجِدِيْنَ ﴿٢١٩﴾
২২০।নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।	اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٢٢٠﴾
২২১।আমি কি তোমাদেরকে সংবাদ দিব কার উপর শয়তানরা অবতীর্ণ হয়?	هَلْ اُنَبِّئُكُمْ عَلٰى مَنْ تَنَزَّلُ الشَّيٰطِيْنُ ﴿٢٢١﴾
২২২।তারা অবতীর্ণ হয় প্রত্যেক পাপীষ্ঠ মিথ্যাবাদীর (অর্থাৎ গনকের) উপর-	تَنَزَّلُ عَلٰى كُلِّ اَفَّاكٍ اَثِيْمٍ ﴿٢٢٢﴾
২২৩।তারা (শয়তানরা) কান পেতে থাকে (উর্ধ্বাকাশে ফেরেশতাদের প্রতি যা নির্দেশ করা হয় তা শ্রবণের জন্য) এবং তাদের অধিকাংশই মিথ্যাবাদী।	يُّلْقُوْنَ السَّمْعَ وَاَكْثَرُهُمْ كٰذِبُوْنَ ﴿٢٢٣﴾
২২৪।এবং কবিদেরকে অনুসরণ করে বিপথগামীরাই।	وَالشُّعَرَآءُ يَتَّبِعُهُمُ الْغَاوٗنَ ﴿٢٢٤﴾
২২৫।তুমি কি দেখনি, তারা প্রত্যেক উপত্যকায় দিশেহারা হয়ে ঘুরে বেড়ায়?	اَلَمْ تَرَ اَنَّهُمْ فِيْ كُلِّ وَادٍ يَّهِيْمُوْنَ ﴿٢٢٥﴾
২২৬।এবং তারা এমন কিছু বলে যা তারা করে না-	وَاَنَّهُمْ يَقُوْلُوْنَ مَا لَا يَفْعَلُوْنَ ﴿٢٢٦﴾
২২৭। তারা ছাড়া* যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে এবং বেশি বেশি আল্লাহকে স্মরণ করেছে এবং অত্যাচারিত হবার পরই (পাল্টা কবিতার মাধ্যমে) বদলা নিয়েছে। আর শীঘ্রই অত্যাচারীরা জানবে কোন্ প্রত্যাবর্তনস্থলে তারা প্রত্যাবর্তন করছে। ع ১৫ ১১ রুকূ ১৫	اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَذَكَرُوا اللّٰهَ كَثِيْرًا وَّانْتَصَرُوْا مِنْۢ بَعْدِ مَا ظُلِمُوْا ۭ وَسَيَعْلَمُ الَّذِيْنَ ظَلَمُوْٓا اَيَّ مُنْقَلَبٍ يَّنْقَلِبُوْنَ ﴿٢٢٧﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৭. সূরা আন-নামল, মাক্কী

৯৩ আয়াত, ৭ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٧-سُوْرَةُ النَّمْلِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٩٣، رُكُوْعَاتُهَا-٧

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

طٰسٓ تِلْكَ اٰيٰتُ الْقُرْاٰنِ وَكِتَابٍ مُّبِيْنٍ ۙ﴿١﴾

১। তোয়া-সীন। এগুলো কুরআন ও সুস্পষ্ট কিতাবের আয়াত-

هُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ۙ﴿٢﴾

২। মু'মিনদের জন্য পথনির্দেশিকা ও সুসংবাদস্বরূপ-

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ﴿٣﴾

৩। যারা সালাত (নামায) কায়েম করে ও যাকাত প্রদান করে এবং তারাই আখিরাতে নিশ্চিত বিশ্বাসী।

اِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ زَيَّنَّا لَهُمْ اَعْمَالَهُمْ فَهُمْ يَعْمَهُوْنَ ؕ﴿٤﴾

৪। নিশ্চয় যারা আখিরাতে ঈমান আনে না তাদের নিকট তাদের কর্মসমূহকে আমি শোভনীয় করেছি, ফলে তারা দিশেহারা হয়ে ঘুরে বেড়ায়।

اُولٰٓئِكَ الَّذِيْنَ لَهُمْ سُوْٓءُ الْعَذَابِ وَهُمْ فِى الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ﴿٥﴾

৫। ওরাই তারা যাদের জন্য রয়েছে নিকৃষ্ট শাস্তি এবং তারাই আখিরাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত।

وَاِنَّكَ لَتُلَقَّى الْقُرْاٰنَ مِنْ لَّدُنْ حَكِيْمٍ عَلِيْمٍ ﴿٦﴾

৬। এবং নিশ্চয় তোমাকে অবশ্যই কুরআন দেয়া হচ্ছে মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানীর নিকট থেকে।

اِذْ قَالَ مُوْسٰى لِاَهْلِهٖٓ اِنِّىْٓ اٰنَسْتُ نَارًا ؕ سَاٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ اَوْ اٰتِيْكُمْ بِشِهَابٍ قَبَسٍ لَّعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿٧﴾

৭। যখন মূসা তার পরিবার-পরিজনকে বলেছিল, 'নিশ্চয় আমি আগুন* দেখেছি। শীঘ্রই আমি তোমাদের জন্য তা থেকে কোন খবর আনব অথবা তোমাদের জন্য আনব অগ্নিশিখা, যাতে তোমরা আগুন পোহাতে পার।'

فَلَمَّا جَآءَهَا نُوْدِىَ اَنْۢ بُوْرِكَ مَنْ فِى النَّارِ وَمَنْ حَوْلَهَا ؕ وَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٨﴾

৮। অতঃপর যখন সে এর নিকট আসল তখন তাকে ডাক দেয়া হল (এই বলে) যে, 'বরকতপ্রাপ্ত সে যে আছে এই আগুনের মধ্যে এবং যারা আছে এর চারপাশে। আর জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্ পবিত্র।

يٰمُوْسٰٓى اِنَّهٗٓ اَنَا اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۙ﴿٩﴾

৯। হে মূসা! নিশ্চয় আমিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্-

وَاَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰى لَا تَخَفْ ۫ اِنِّىْ لَا يَخَافُ لَدَىَّ الْمُرْسَلُوْنَ ﴿١٠﴾

১০। এবং তুমি তোমার লাঠি নিক্ষেপ কর।' অতঃপর যখন সে এটিকে সাপের মত ছুটোছুটি করতে দেখল তখন সে পিছনে ফিরে পালাতে লাগল এবং ফিরেও তাকাল না। (বলা হল) 'হে মূসা! ভয় পেয়ো না, নিশ্চয় আমার কাছে প্রেরিতরা (রাসূলরা) ভয় পায় না-

اِلَّا مَنْ ظَلَمَ ثُمَّ بَدَّلَ حُسْنًۢا بَعْدَ سُوْٓءٍ فَاِنِّىْ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١﴾

১১। তবে যে জুলুম করেছে, এরপর মন্দ কাজের পর ভালকাজ প্রতিস্থাপন করেছে, তবে নিশ্চয় আমি অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَاَدْخِلْ يَدَكَ فِىْ جَيْبِكَ تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۫ فِىْ تِسْعِ اٰيٰتٍ اِلٰى فِرْعَوْنَ وَقَوْمِهٖ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿١٢﴾

১২। এবং তোমার হাত তোমার জামার গলার ভেতর রাখ, তা কোন ক্ষতি ছাড়াই শুভ্র-উজ্জ্বল হয়ে বের হয়ে আসবে।' (এ দু'টি নিদর্শন ছিল) ফিরআউন ও তার সম্প্রদায়ের প্রতি (প্রেরিত) নয়টি নিদর্শনের অন্তর্ভুক্ত। নিশ্চয় তারা ছিল এক পাপাচারী সম্প্রদায়।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَلَمَّا جَآءَتْهُمْ اٰيٰتُنَا مُبْصِرَةً قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١٣﴾

১৩। অতঃপর যখন তাদের নিকট আমার নিদর্শনসমূহ আসল আলোকপ্রদ হয়ে তখন তারা বলল, 'এটা সুস্পষ্ট জাদু।'

وَجَحَدُوْا بِهَا وَاسْتَيْقَنَتْهَآ اَنْفُسُهُمْ ظُلْمًا وَّعُلُوًّا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿١٤﴾

ع ١٣ ١ রুকূ ১৬

১৪। এবং তারা এগুলোকে জুলুম ও ঔদ্ধত্যবশতঃ অস্বীকার করল, অথচ তাদের অন্তরসমূহ এগুলোতে নিশ্চিত হয়েছিল। সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল ফ্যাসাদসৃষ্টিকারীদের পরিণাম।

وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ وَسُلَيْمٰنَ عِلْمًا ۚ وَقَالَا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ فَضَّلَنَا عَلٰى كَثِيْرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِيْنَ ﴿١٥﴾

১৫। আর অবশ্যই আমি দাউদ ও সুলাইমানকে জ্ঞান দান করেছিলাম এবং তারা দু'জন বলেছিল, 'সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমাদেরকে তার মু'মিন বান্দাদের অনেকের উপর মর্যাদা দিয়েছেন।'

وَوَرِثَ سُلَيْمٰنُ دَاوٗدَ وَقَالَ يٰٓاَيُّهَا النَّاسُ عُلِّمْنَا مَنْطِقَ الطَّيْرِ وَاُوْتِيْنَا مِنْ كُلِّ شَيْءٍ ؕ اِنَّ هٰذَا لَهُوَ الْفَضْلُ الْمُبِيْنُ ﴿١٦﴾

১৬। এবং সুলাইমান দাউদের উত্তরাধিকারী হয়েছিল এবং সে বলেছিল, 'হে মানুষ! আমাকে পাখির ভাষা শিক্ষা দেয়া হয়েছে এবং আমাকে সব কিছু দেয়া হয়েছে। নিশ্চয় এটি অবশ্যই সুস্পষ্ট অনুগ্রহ।'

وَحُشِرَ لِسُلَيْمٰنَ جُنُوْدُهٗ مِنَ الْجِنِّ وَالْاِنْسِ وَالطَّيْرِ فَهُمْ يُوْزَعُوْنَ ﴿١٧﴾

১৭। এবং সুলাইমানের জন্য সমবেত করা হল জ্বীন, মানুষ ও পাখির সমন্বয়ে গঠিত তার বাহিনীকে এবং তারা ছিল (বিভিন্ন দলে) বিভক্ত।

حَتّٰٓى اِذَآ اَتَوْا عَلٰى وَادِ النَّمْلِ ۙ قَالَتْ نَمْلَةٌ يّٰٓاَيُّهَا النَّمْلُ ادْخُلُوْا مَسٰكِنَكُمْ ۚ لَا يَحْطِمَنَّكُمْ سُلَيْمٰنُ وَجُنُوْدُهٗ ۙ وَهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٨﴾

১৮। অবশেষে যখন তারা পিঁপড়ার উপত্যকায় আসল তখন একটি পিঁপড়া বলল, 'হে পিঁপড়ারা! তোমরা তোমাদের ঘরসমূহে প্রবেশ কর, যেন সুলাইমান এবং তার বাহিনী তাদের অজান্তে তোমাদেরকে পিষে না ফেলে।'

فَتَبَسَّمَ ضَاحِكًا مِّنْ قَوْلِهَا وَقَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَدْخِلْنِيْ بِرَحْمَتِكَ فِيْ عِبَادِكَ الصّٰلِحِيْنَ ﴿١٩﴾

১৯। এটির (পিঁপড়াটির) কথায় সে (সুলাইমান) মৃদু হাসল এবং বলল, 'হে আমার প্রতিপালক! আপনি আমাকে সামর্থ্য দিন যাতে আমি আপনার নেয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি যা আপনি দান করেছেন আমার উপর ও আমার পিতামাতার উপর এবং যাতে আমি সৎকাজ করতে পারি যা আপনি পছন্দ করেন এবং আপনার দয়ায় আমাকে আপনার সৎকর্মশীল বান্দাদের অন্তর্ভুক্ত করুন।'

وَتَفَقَّدَ الطَّيْرَ فَقَالَ مَا لِيَ لَآ اَرَى الْهُدْهُدَ ۖ اَمْ كَانَ مِنَ الْغَآئِبِيْنَ ﴿٢٠﴾

২০। এবং সে (সুলাইমান) পাখিদের খোঁজ নিল এবং বলল, ' ব্যাপার কি, আমি হুদহুদকে* দেখতে পাচ্ছিনা! নাকি সে অনুপস্থিতদের অন্তর্ভুক্ত?

لَاُعَذِّبَنَّهٗ عَذَابًا شَدِيْدًا اَوْ لَاَاْذْبَحَنَّهٗٓ اَوْ لَيَاْتِيَنِّيْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٢١﴾

২১। অবশ্যই অবশ্যই আমি তাকে কঠিন শাস্তি দিব অথবা অবশ্যই অবশ্যই তাকে জবাই করব অথবা অবশ্যই অবশ্যই সে সুস্পষ্ট প্রমাণ (অনুপস্থিতির কৈফিয়ত) নিয়ে আসবে।'

فَمَكَثَ غَيْرَ بَعِيْدٍ فَقَالَ اَحَطْتُّ بِمَا لَمْ تُحِطْ بِهٖ وَجِئْتُكَ مِنْ سَبَاٍ بِنَبَاٍ يَّقِيْنٍ ﴿٢٢﴾

২২। অতঃপর এটি (হুদহুদ) নিকটবর্তী (সময়ের মধ্যে) অবস্থান নিল এবং বলল, 'আপনি যা আয়ত্ত করেননি আমি তা আয়ত্ত করেছি এবং সাবা* থেকে আপনার কাছে নিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।

اِنِّيْ وَجَدْتُّ امْرَاَةً تَمْلِكُهُمْ وَاُوْتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَّلَهَا عَرْشٌ عَظِيْمٌ ﴿٢٣﴾

২৩। নিশ্চয় (সেখানে) আমি এক স্ত্রীলোককে* দেখতে পেয়েছি তাদের উপর রাজত্ব করছে, এবং তাকে সব কিছুই দেয়া হয়েছে এবং তার আছে এক বিরাট সিংহাসন।

وَجَدْتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُوْنَ لِلشَّمْسِ مِنْ دُوْنِ اللّٰهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ فَهُمْ لَا يَهْتَدُوْنَ ﴿٢٤﴾

২৪। এবং আমি তাকে এবং তার সম্প্রদায়কে পেয়েছি তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে সূর্যকে সিজদা করছে এবং শয়তান তাদের কাজকর্মকে তাদের নিকট শোভনীয় করেছে এবং তাদেরকে (সঠিক) পথ হতে বিরত রেখেছে, ফলে তারা সঠিকপথ পায় না-

اَلَّا يَسْجُدُوْا لِلّٰهِ الَّذِيْ يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُخْفُوْنَ وَمَا تُعْلِنُوْنَ ﴿٢٥﴾

২৫। যাতে তারা আল্লাহ্‌কে সিজদা না করে', যিনি বের করে আনেন আকাশসমূহ ও পৃথিবীর লুকায়িত (যা আছে), এবং যিনি জানেন যা তোমরা গোপন কর এবং যা তোমরা প্রকাশ কর।

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿٢٦﴾ سجدة

২৬। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি মহান আরশের অধিপতি।

قَالَ سَنَنْظُرُ اَصَدَقْتَ اَمْ كُنْتَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٢٧﴾

২৭। সে (সুলাইমান) বলল, 'শীঘ্রই আমি দেখব তুমি কি সত্য বলেছ, না তুমি মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত।

اِذْهَبْ بِّكِتٰبِيْ هٰذَا فَاَلْقِهْ اِلَيْهِمْ ثُمَّ تَوَلَّ عَنْهُمْ فَانْظُرْ مَاذَا يَرْجِعُوْنَ ﴿٢٨﴾

২৮। তুমি আমার এ পত্র নিয়ে যাও এবং তা তাদের নিকট নিক্ষেপ কর, এরপর তাদের নিকট থেকে সরে থেকো এবং লক্ষ্য করো তারা কী প্রতিক্রিয়া ব্যক্ত করে।'

قَالَتْ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اِنِّيْٓ اُلْقِيَ اِلَيَّ كِتٰبٌ كَرِيْمٌ ﴿٢٩﴾

২৯। সে (রাণী) বলল, 'হে পরিষদবর্গ! নিশ্চয় আমার প্রতি এক সম্মানজনক পত্র নিক্ষেপ করা হয়েছে।

اِنَّهٗ مِنْ سُلَيْمٰنَ وَاِنَّهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ﴿٣٠﴾

৩০। নিশ্চয় এটি সুলাইমানের পক্ষ থেকে এবং নিশ্চয় এটি অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে-

اَلَّا تَعْلُوْا عَلَيَّ وَاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣١﴾

৩১। (এতে বলা হয়েছে) যে, আমার বিরুদ্ধে উদ্ধত হয়ো না (অমান্য করো না), এবং মুসলিম হয়ে আমার নিকট এসে পড়।'

ع ٢ ١٧ ٢ রুকু ١٩

قَالَتْ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَفْتُوْنِيْ فِيْٓ اَمْرِيْ ۚ مَا كُنْتُ قَاطِعَةً اَمْرًا حَتّٰى تَشْهَدُوْنِ ﴿٣٢﴾

৩২। সে (রাণী) বলল, 'হে পরিষদবর্গ! আমার বিষয়ে তোমরা অভিমত (ফতওয়া) দাও, আমি কোন বিষয়ে সিদ্ধান্ত নেই না যতক্ষণ না তোমরা আমার নিকট উপস্থিত হও।'

قَالُوْا نَحْنُ اُولُوْا قُوَّةٍ وَّاُولُوْا بَاْسٍ شَدِيْدٍ ۙ وَّالْاَمْرُ اِلَيْكِ فَانْظُرِيْ مَاذَا تَاْمُرِيْنَ ﴿٣٣﴾

৩৩। তারা বলল, 'আমরা শক্তির অধিকারী এবং (যুদ্ধের ক্ষেত্রে) প্রচণ্ড শক্তির অধিকারী, আর বিষয়টি আপনারই প্রতি (অর্পিত হলো), সুতরাং আপনি ভেবে দেখুন কী নির্দেশ দিবেন।'

قَالَتْ اِنَّ الْمُلُوْكَ اِذَا دَخَلُوْا قَرْيَةً اَفْسَدُوْهَا وَجَعَلُوْٓا اَعِزَّةَ اَهْلِهَآ اَذِلَّةً ۚ وَكَذٰلِكَ يَفْعَلُوْنَ ﴿٣٤﴾

৩৪। সে (রাণী) বলল, 'নিশ্চয় রাজা-বাদশাহ্‌রা যখন কোন জনপদে প্রবেশ করে তখন তাকে ধ্বংস করে দেয় এবং এর সম্মানিত ব্যক্তিদেরকে অপমানিত করে দেয়, এবং তারা (রাজা-বাদশাহ্‌রা) এরূপই করে।

وَاِنِّيْ مُرْسِلَةٌ اِلَيْهِمْ بِهَدِيَّةٍ فَنٰظِرَةٌ ۢ بِمَ يَرْجِعُ الْمُرْسَلُوْنَ ﴿٣٥﴾

৩৫। এবং নিশ্চয় আমি তাদের নিকট উপহার (হাদিয়া) প্রেরণ করছি, এবং দেখি দূতেরা কী (প্রতি উত্তর) নিয়ে ফিরে আসে।'

فَلَمَّا جَآءَ سُلَيْمٰنَ قَالَ اَتُمِدُّوْنَنِ بِمَالٍ ۖ فَمَآ اٰتٰىنِيَ اللّٰهُ خَيْرٌ مِّمَّآ اٰتٰىكُمْ ۚ بَلْ اَنْتُمْ بِهَدِيَّتِكُمْ تَفْرَحُوْنَ ﴿٣٦﴾

৩৬। অতঃপর যখন তারা (দূতেরা) সুলাইমানের নিকট আসল তখন সে (সুলাইমান) বলল, 'তোমরা কি আমাকে ধন-সম্পদ দিয়ে সাহায্য করছ? কিন্তু আল্লাহ্ আমাকে যা দিয়েছেন, তা তোমাদেরকে যা দিয়েছেন তার চেয়ে উত্তম , বরং তোমরাই তোমাদের (প্রাপ্ত) উপহার (হাদিয়া) নিয়ে উৎফুল্ল বোধ করে থাক।

اِرْجِعْ اِلَيْهِمْ فَلَنَاْتِيَنَّهُمْ بِجُنُوْدٍ لَّا قِبَلَ لَهُمْ بِهَا وَ لَنُخْرِجَنَّهُمْ مِّنْهَآ اَذِلَّةً وَّهُمْ صٰغِرُوْنَ ﴿٣٧﴾

৩৭। তাদের নিকট ফিরে যাও, এবং অবশ্যই অবশ্যই আমি তাদের বিরুদ্ধে এমন বাহিনী নিয়ে আসব যাদের মোকাবেলা করার শক্তি তাদের নেই, এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে সেখান থেকে অপমানিত অবস্থায় বের করব, যখন তারা হবে অপদস্থ।'

قَالَ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَيُّكُمْ يَاْتِيْنِيْ بِعَرْشِهَا قَبْلَ اَنْ يَّاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣٨﴾

৩৮। সে (সুলাইমান) বলল, 'হে আমার পরিষদবর্গ! তারা মুসলিম হয়ে আমার নিকট আসার পূর্বে তোমাদের মধ্যে কে তার (রাণীর) সিংহাসন আমার নিকট নিয়ে আসবে?'

قَالَ عِفْرِيْتٌ مِّنَ الْجِنِّ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ تَقُوْمَ مِنْ مَّقَامِكَ ۚ وَاِنِّيْ عَلَيْهِ لَقَوِيٌّ اَمِيْنٌ ﴿٣٩﴾

৩৯। জ্বীনের মধ্য থেকে এক ধূর্ত (জ্বীন) বলল, 'আপনি আপনার স্থান থেকে ওঠার পূর্বেই আমি তা আপনাকে এনে দেব এবং নিশ্চয় আমি এ ব্যাপারে অবশ্যই শক্তিশালী ও বিশ্বস্ত।'

قَالَ الَّذِيْ عِنْدَهٗ عِلْمٌ مِّنَ الْكِتٰبِ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ يَّرْتَدَّ اِلَيْكَ طَرْفُكَ ۚ فَلَمَّا رَاٰهُ مُسْتَقِرًّا عِنْدَهٗ قَالَ هٰذَا مِنْ فَضْلِ رَبِّيْ ۖ لِيَبْلُوَنِيْٓ ءَاَشْكُرُ اَمْ اَكْفُرُ ۚ وَمَنْ شَكَرَ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ رَبِّيْ غَنِيٌّ كَرِيْمٌ ﴿٤٠﴾

৪০। যার নিকট কিতাবের জ্ঞান ছিল, সে বলল, 'আপনার (চোখের) পলক আপনার দিকে ফিরে আসার পূর্বেই আমি তা আপনার কাছে নিয়ে আসব।' অতঃপর সে (সুলাইমান) যখন তা তার নিকট অবস্থিত দেখল তখন সে বলল, 'এটি আমার প্রতিপালকের অনুগ্রহ, যাতে তিনি আমাকে পরীক্ষা করতে পারেন- আমি কৃতজ্ঞতা প্রকাশ করি না অকৃতজ্ঞ হই। আর যে কৃতজ্ঞতা প্রকাশ করে সে কৃতজ্ঞতা প্রকাশ করে নিজেরই (কল্যাণের) জন্য এবং যে অকৃতজ্ঞ হয়, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আমার প্রতিপালক অমুখাপেক্ষী ও মহানুভব।'

قَالَ نَكِّرُوْا لَهَا عَرْشَهَا نَنْظُرْ اَتَهْتَدِيْٓ اَمْ تَكُوْنُ مِنَ الَّذِيْنَ لَا يَهْتَدُوْنَ ﴿٤١﴾

৪১। সে (সুলাইমান) বলল, 'তার জন্যে তার সিংহাসনের আকৃতি পরিবর্তন করে দাও; দেখি সে সঠিক পথ পায়, নাকি সে তাদের অন্তর্ভুক্ত যারা সঠিক পথ পায় না।

فَلَمَّا جَآءَتْ قِيْلَ اَهٰكَذَا عَرْشُكِ ۭ قَالَتْ كَاَنَّهٗ هُوَ ۚ وَاُوْتِيْنَا الْعِلْمَ مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِيْنَ ﴿٤٢﴾

৪২। অতঃপর সে (রাণী) যখন আসল তখন তাকে বলা হল, 'তোমার সিংহাসন কি এরূপই?' সে বলল, 'এটি যেন সেটিই!' এবং আমাদেরকে ইতঃপূর্বেই (প্রকৃত) জ্ঞান দান করা হয়েছে এবং আমরা মুসলিমও হয়েছি।'

وَصَدَّهَا مَا كَانَتْ تَّعْبُدُ مِنْ دُوْنِ اللّٰهِ ۭ اِنَّهَا كَانَتْ مِنْ قَوْمٍ كٰفِرِيْنَ ﴿٤٣﴾

৪৩। আর আল্লাহ্‌কে বাদ দিয়ে সে যার উপাসনা করত তা-ই তাকে তা (সত্য) থেকে বিরত রেখেছিল। নিশ্চয় সে ছিল কাফির সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

قِيْلَ لَهَا ادْخُلِي الصَّرْحَ ۚ فَلَمَّا رَاَتْهُ حَسِبَتْهُ لُجَّةً وَّكَشَفَتْ عَنْ سَاقَيْهَا ۭ قَالَ اِنَّهٗ صَرْحٌ مُّمَرَّدٌ مِّنْ قَوَارِيْرَ ۭ قَالَتْ رَبِّ اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ وَاَسْلَمْتُ مَعَ سُلَيْمٰنَ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٤﴾

ع ١٨ ٦ রুকূ ১৮

৪৪। তাকে বলা হল, 'এই প্রাসাদে প্রবেশ কর,' এবং যখন সে এটি দেখল তখন সে এটিকে এক গভীর জলাশয় মনে করল এবং সে তার পায়ের নলা পর্যন্ত উন্মোচন* করল। সে (সুলাইমান) বলল, 'নিশ্চয় এটি স্ফটিক নির্মিত মসৃণ প্রাসাদ।' সে বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি নিজের প্রতি জুলুম করেছি এবং আমি সুলাইমানের সাথে জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করলাম।'

وَلَقَدْ اَرْسَلْنَآ اِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا اَنِ اعْبُدُوا اللّٰهَ فَاِذَا هُمْ فَرِيْقٰنِ يَخْتَصِمُوْنَ ﴿٤٥﴾

৪৫। আর অবশ্যই আমি ছামূদের নিকট তাদের ভাই সালিহ্‌কে প্রেরণ করেছিলাম, (সে বলেছিল) যে, 'তোমরা আল্লাহ্‌র ইবাদত কর', এবং তৎক্ষণাৎ তারা হয়ে গেল বিবাদমান দু'টি দল।

قَالَ يٰقَوْمِ لِمَ تَسْتَعْجِلُوْنَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ ۚ لَوْلَا تَسْتَغْفِرُوْنَ اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٤٦﴾

৪৬। সে (সালিহ্) বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কেন কল্যাণের পূর্বে অকল্যাণ তাড়াতাড়ি পেতে চাচ্ছ? কেন তোমরা আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করছ না, যাতে তোমারা দয়াপ্রাপ্ত হতে পার?

قَالُوا اطَّيَّرْنَا بِكَ وَبِمَنْ مَّعَكَ ۚ قَالَ طٰٓئِرُكُمْ عِنْدَ اللّٰهِ بَلْ اَنْتُمْ قَوْمٌ تُفْتَنُوْنَ ﴿٤٧﴾

৪৭। তারা বলল, 'তোমাকে ও তোমার সাথে যারা আছে তাদেরকে আমরা অমঙ্গলের কারণ মনে করি।' সে (সালিহ্) বলল, 'তোমাদের অমঙ্গল আল্লাহ্র কাছে, বরং তোমরা এমন এক সম্প্রদায় যাদেরকে পরীক্ষা করা হচ্ছে।'

وَكَانَ فِي الْمَدِيْنَةِ تِسْعَةُ رَهْطٍ يُّفْسِدُوْنَ فِي الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ﴿٤٨﴾

৪৮। আর সে শহরে ছিল এমন নয়জন* পরিবার প্রধান যারা যমীনে ফ্যাসাদ সৃষ্টি করত এবং সংশোধন করত না।

قَالُوْا تَقَاسَمُوْا بِاللّٰهِ لَنُبَيِّتَنَّهٗ وَاَهْلَهٗ ثُمَّ لَنَقُوْلَنَّ لِوَلِيِّهٖ مَا شَهِدْنَا مَهْلِكَ اَهْلِهٖ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿٤٩﴾

৪৯। তারা বলল, 'তোমরা পরস্পর আল্লাহ্র নামে কসম কর, আমরা তাকে ও তার পরিবার-পরিজনকে অবশ্যই রাতে আক্রমণ করব, এরপর অবশ্যই তার অভিভাবককে বলব, তার পরিবার-পরিজনের ধ্বংস আমরা প্রত্যক্ষ করিনি, এবং নিশ্চয় আমরা অবশ্যই সত্যবাদী।'

وَمَكَرُوْا مَكْرًا وَّمَكَرْنَا مَكْرًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٠﴾

৫০। এবং তারা এক ষড়যন্ত্র করেছিল এবং আমিও এক কৌশল করলাম, যখন তারা টেরও পেল না।

فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ ۙ اَنَّا دَمَّرْنٰهُمْ وَقَوْمَهُمْ اَجْمَعِيْنَ ﴿٥١﴾

৫১। সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল তাদের ষড়যন্ত্রের পরিণাম- যে, আমি তাদেরকে ও তাদের সম্প্রদায়ের সবাইকে ধ্বংস করেছি।

فَتِلْكَ بُيُوْتُهُمْ خَاوِيَةً ۢ بِمَا ظَلَمُوْا ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿٥٢﴾

৫২। এবং ওগুলো তাদের ঘর- যা পতিত অবস্থায় পড়ে আছে তাদের জুলুমের কারণে। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা জানে।

وَاَنْجَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٥٣﴾

৫৩। এবং আমি উদ্ধার করেছিলাম তাদেরকে যারা ঈমান এনেছিল ও তাকওয়া অবলম্বন করত।

وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ وَاَنْتُمْ تُبْصِرُوْنَ ﴿٥٤﴾

৫৪। এবং লূত, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা কি দেখে-শুনে অশ্লীল কাজ করছ?

اَئِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ۗ بَلْ اَنْتُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ﴿٥٥﴾

৫৫। তোমরাই কি কামনা চরিতার্থ করার জন্য নারীদেরকে বাদ দিয়ে পুরুষদের নিকট গমন কর? বরং তোমরা এক অজ্ঞ সম্প্রদায়।'

فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوْٓا اَخْرِجُوْٓا اٰلَ لُوْطٍ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ﴿٥٦﴾

৫৬। কিন্তু তার সম্প্রদায়ের জবাব ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'লূত-পরিবারকে তোমাদের জনপদ থেকে বের করে দাও, নিশ্চয় তারা এমন লোক যারা পবিত্র থাকতে চায়।'

فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ۖ قَدَّرْنٰهَا مِنَ الْغٰبِرِيْنَ ﴿٥٧﴾

৫৭। অতঃপর আমি তাকে ও তার পরিবার-পরিজনকে উদ্ধার করলাম, তার স্ত্রীকে ছাড়া, তাকে আমি পেছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) মধ্যে নির্ধারণ করেছিলাম।

وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۚ فَسَآءَ مَطَرُ الْمُنْذَرِيْنَ ﴿٥٨﴾

৫৮। এবং আমি তাদের উপর বর্ষণ করেছিলাম এক (পাথর) বৃষ্টি, এবং যাদেরকে সতর্ক করা হয়েছিল তাদের (জন্য) এ বৃষ্টি ছিল কতই না নিকৃষ্ট!

قُلِ الْحَمْدُ لِلّٰهِ وَسَلٰمٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى ۗ اٰللّٰهُ خَيْرٌ اَمَّا يُشْرِكُوْنَ ﴿٥٩﴾

৫৯। বল, 'সকল প্রশংসা আল্লাহ্র জন্য এবং সালাম (শান্তি) তাঁর বান্দাদের প্রতি যাদেরকে তিনি মনোনীত করেছেন।' আল্লাহ্ কি উত্তম নাকি তারা যা শরীক করে তা?

রুকু ১৬ ৪ ১৭ ২

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-২০

৬০। (তোমাদের উপাস্যরা উত্তম) নাকি তিনি যিনি সৃষ্টি করেছেন আকাশসমূহ ও পৃথিবী এবং আকাশ থেকে তোমাদের জন্য অবতীর্ণ করেছেন পানি? এবং আমিই তা দিয়ে মনোরম বাগান উৎপন্ন করি, এর (বাগানের) গাছপালা উৎপন্ন করবার ক্ষমতা তোমাদের ছিল না। আল্লাহ্‌র সাথে (অন্য কোন) ইলাহ্ আছে কি? বরং তারা এমন এক সম্প্রদায় যারা (আল্লাহ্‌র) সমকক্ষ নির্ধারণ করে।

اَمَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَاَنْزَلَ لَكُمْ مِّنَ السَّمَآءِ مَآءً ۚ فَاَنْۢبَتْنَا بِهٖ حَدَآئِقَ ذَاتَ بَهْجَةٍ ۚ مَا كَانَ لَكُمْ اَنْ تُنْۢبِتُوْا شَجَرَهَا ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ بَلْ هُمْ قَوْمٌ يَّعْدِلُوْنَ ؕ ﴿٦٠﴾

৬১। (তোমাদের উপাস্যরা উত্তম) নাকি তিনি যিনি পৃথিবীকে করেছেন বাসযোগ্য এবং তার মাঝে প্রবাহিত করেছেন নহরসমূহ এবং তাতে স্থাপন করেছেন সুদৃঢ় পর্বতমালা এবং (পাশাপাশি প্রবাহিত) দুই সমুদ্রের মধ্যে স্থাপন করেছেন অন্তরাল? আল্লাহ্‌র সাথে (অন্য কোন) ইলাহ্ আছে কি? বরং তাদের অধিকাংশই জানে না।

اَمَّنْ جَعَلَ الْاَرْضَ قَرَارًا وَّجَعَلَ خِلٰلَهَآ اَنْهٰرًا وَّجَعَلَ لَهَا رَوَاسِيَ وَجَعَلَ بَيْنَ الْبَحْرَيْنِ حَاجِزًا ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ؕ ﴿٦١﴾

৬২। (তোমাদের উপাস্যরা উত্তম) নাকি তিনি যিনি বিপদগ্রস্ত ব্যক্তিকে সাড়া দেন যখন সে তাঁকে ডাকে এবং বিপদ-আপদ দূরীভূত করেন এবং তোমাদেরকে পৃথিবীর উত্তরাধিকারী করেন? আল্লাহ্‌র সাথে (অন্য কোন) ইলাহ্ আছে কি? তোমরা সামান্যই উপদেশ গ্রহণ কর।

اَمَّنْ يُّجِيْبُ الْمُضْطَرَّ اِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوْٓءَ وَيَجْعَلُكُمْ خُلَفَآءَ الْاَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ؕ ﴿٦٢﴾

৬৩। (তোমাদের উপাস্যরা উত্তম) নাকি তিনি যিনি স্থলের ও সমূদ্রের অন্ধকারে তোমাদেরকে পথ প্রদর্শন করেন এবং যিনি তার অনুগ্রহের (বৃষ্টির) পূর্বে সুসংবাদস্বরূপ বাতাসকে প্রেরণ করেন? আল্লাহ্‌র সাথে (অন্য কোন) ইলাহ্ আছে কি? তারা যা শরীক করে তা হতে আল্লাহ্ অনেক ঊর্ধ্বে।

اَمَّنْ يَّهْدِيْكُمْ فِيْ ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ وَمَنْ يُّرْسِلُ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ تَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ؕ ﴿٦٣﴾

৬৪। (তোমাদের উপাস্যরা উত্তম) নাকি তিনি যিনি সৃষ্টির সূচনা করেন, এরপর এর (সৃষ্টির) পুনরাবৃত্তি করবেন এবং যিনি তোমাদেরকে আকাশ ও পৃথিবী থেকে রিযিক দান করেন? আল্লাহ্‌র সাথে (অন্য কোন) ইলাহ্ আছে কি? বল, 'তোমরা অকাট্য দলিল-প্রমাণ পেশ কর- যদি তোমরা সত্যবাদী হও।'

اَمَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَمَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٦٤﴾

৬৫। বল, 'আল্লাহ্ ছাড়া আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা অদৃশ্য জানে না এবং তারা টেরও পাবে না কখন তাদেরকে পুনরুত্থিত করা হবে।'

قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ ؕ وَمَا يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿٦٥﴾

৬৬। বরং আখিরাত সম্পর্কে তাদের জ্ঞান নিঃশেষ হয়েছে; বরং তারা সে ব্যাপারে সন্দেহের মধ্যে রয়েছে; বরং তারা সে ব্যাপারে অন্ধ।

ع ٥ ٨ ١ ٥ রুকূ ١

بَلِ ادّٰرَكَ عِلْمُهُمْ فِي الْاٰخِرَةِ ۫ بَلْ هُمْ فِيْ شَكٍّ مِّنْهَا ۫ بَلْ هُمْ مِّنْهَا عَمُوْنَ ﴿٦٦﴾

৬৭। আর যারা কুফরী করেছে তারা বলে, 'আমরা ও আমাদের পিতৃপুরুষরা যখন মাটিতে পরিণত হয়ে যাব তখনও কি আমাদেরকে (মাটি থেকে) বের করা হবে?

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا ءَاِذَا كُنَّا تُرٰبًا وَّاٰبَآؤُنَآ اَئِنَّا لَمُخْرَجُوْنَ ﴿٦٧﴾

৬৮।এই প্রতিশ্রুতি তো আমাদেরকে এবং ইতঃপূর্বে আমাদের পিতৃপুরুষদেরকেও দেয়া হয়েছে, এটা পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়।'

لَقَدْ وُعِدْنَا هٰذَا نَحْنُ وَاٰبَآؤُنَا مِنْ قَبْلُ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٦٨﴾

৬৯। বল, 'পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর, কেমন ছিল অপরাধীদের পরিণাম।'

قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿٦٩﴾

৭০। এবং (ঈমান না আনার কারণে) তাদের জন্য তুমি দুঃখ করো না এবং তারা যে ষড়যন্ত্র করে তাতে মনঃক্ষুন্ন হয়ো না।

وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُنْ فِيْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ ﴿٧٠﴾

৭১। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এই প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٧١﴾

৭২। বল, 'তোমরা যা তাড়াতাড়ি পেতে চাচ্ছ অবশ্যই তার কিছু তোমাদের নিকটবর্তী হয়েছে।'

قُلْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ رَدِفَ لَكُمْ بَعْضُ الَّذِيْ تَسْتَعْجِلُوْنَ ﴿٧٢﴾

৭৩। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই মানুষের প্রতি অনুগ্রহশীল, কিন্তু তাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না।

وَاِنَّ رَبَّكَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٧٣﴾

৭৪। এবং নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই জানেন তাদের বক্ষসমূহ যা গোপন করে এবং যা তারা প্রকাশ করে।

وَاِنَّ رَبَّكَ لَيَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٤﴾

৭৫। এবং আকাশ ও পৃথিবীতে এমন কোন অদৃশ্য বিষয় নেই, যা সুস্পষ্ট কিতাবে নেই।

وَمَا مِنْ غَآئِبَةٍ فِي السَّمَآءِ وَالْاَرْضِ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٧٥﴾

৭৬। নিশ্চয় এই কুরআন বনী ইসরাঈলের কাছে বর্ণনা করে তার অধিকাংশই যা নিয়ে তারা মতপার্থক্য করে।

اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَقُصُّ عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ اَكْثَرَ الَّذِيْ هُمْ فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٧٦﴾

৭৭। এবং নিশ্চয় এটি অবশ্যই মু'মিনদের জন্য পথনির্দেশিকা ও দয়া।

وَاِنَّهٗ لَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٧٧﴾

৭৮। নিশ্চয় তোমার প্রতিপালক তাঁর হুকুম (ন্যায়বিচার) অনুযায়ী তাদের মধ্যে (হাশরের মাঠে) বিচার করবেন, এবং তিনিই মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানী।

اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ بِحُكْمِهٖ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْعَلِيْمُ ۙ ﴿٧٨﴾

৭৯। সুতরাং আল্লাহ্‌র উপর ভরসা কর। নিশ্চয় তুমি সুস্পষ্ট সত্যের উপর রয়েছ।

فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ اِنَّكَ عَلَى الْحَقِّ الْمُبِيْنِ ﴿٧٩﴾

৮০। নিশ্চয় তুমি মৃতকে শুনাতে পারবে না এবং বধিরকেও শুনাতে পারবে না আহ্বান যখন তারা পৃষ্ঠ প্রদর্শন করে চলে যায়।

اِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى وَلَا تُسْمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ﴿٨٠﴾

৮১। এবং তুমি অন্ধদেরকে তাদের পথভ্রষ্টতা থেকে সঠিক পথ প্রদর্শনকারীও নও। তুমি শুনাতে পারবে কেবল তাদেরকে যারা আমার নিদর্শনাবলীতে ঈমান আনে, এবং তারাই মুসলিম।

وَمَآ اَنْتَ بِهٰدِي الْعُمْيِ عَنْ ضَلٰلَتِهِمْ ؕ اِنْ تُسْمِعُ اِلَّا مَنْ يُّؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ مُّسْلِمُوْنَ ﴿٨١﴾

৮২। এবং যখন কথাটি (কিয়ামত) তাদের উপর আপতিত হবে তখন আমি তাদের জন্য যমীন থেকে বের করব এক জীব, যা তাদের সাথে কথা বলবে, কেননা মানুষ আমার নিদর্শনাবলীতে নিশ্চিত বিশ্বাস করত না।

ع ١٦ ٢ ٦ রুকূ ২

وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَآبَّةً مِّنَ الْاَرْضِ تُكَلِّمُهُمْ ۙ اَنَّ النَّاسَ كَانُوْا بِاٰيٰتِنَا لَا يُوْقِنُوْنَ ﴿٨٢﴾

৮৩। আর যেদিন আমি প্রত্যেক উম্মত থেকে এক-একটি দলকে সমবেত করব, যারা আমার নিদর্শনাবলীকে মিথ্যা অভিহিত করে, এবং তাদেরকে (বিভিন্ন দলে) বিভক্ত করা হবে।

وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ اُمَّةٍ فَوْجًا مِّمَّنْ يُّكَذِّبُ بِاٰيٰتِنَا فَهُمْ يُوْزَعُوْنَ ﴿٨٣﴾

৮৪। অবশেষে যখন তারা এসে পড়বে তখন তিনি (আল্লাহ) বলবেন, 'তোমরা কি আমার নিদর্শনসমূহকে মিথ্যা অভিহিত করেছিলে, এমন অবস্থায় যে তোমরা তা জ্ঞান দ্বারা আয়ত্ত করনি? নতুবা তোমরা (এছাড়া) আর কী করছিলে?'

حَتّٰٓى اِذَا جَآءُوْ قَالَ اَكَذَّبْتُمْ بِاٰيٰتِىْ وَلَمْ تُحِيْطُوْا بِهَا عِلْمًا اَمَّا ذَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٨٤﴾

৮৫। এবং কথাটি (কিয়ামত) তাদের উপর আপতিত হবে তাদের জুলুমের কারণে, এবং তারা কথা বলতে পারবে না।

وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوْا فَهُمْ لَا يَنْطِقُوْنَ ﴿٨٥﴾

৮৬। তারা কি দেখেনি যে, আমি রাতকে বানিয়েছি যাতে তারা তাতে বিশ্রাম নিতে পারে এবং দিনকে বানিয়েছি আলোকপ্রদ? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

اَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا الَّيْلَ لِيَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٨٦﴾

৮৭। এবং যেদিন শিঙ্গায় ফুঁ দেয়া হবে, এবং আকাশসমূহ ও পৃথিবীর সবাই ভীত হয়ে পড়বে, তারা ছাড়া যাদেরকে আল্লাহ্ ইচ্ছা করবেন। এবং সবাই তার নিকট আসবে বিনীত অবস্থায়।

وَيَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ فَفَزِعَ مَنْ فِى السَّمٰوٰتِ وَمَنْ فِى الْاَرْضِ اِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ؕ وَكُلٌّ اَتَوْهُ دٰخِرِيْنَ ﴿٨٧﴾

৮৮। এবং তুমি পর্বতমালা দেখছ, মনে করছ তা নিশ্চল, অথচ তারা চলমান হবে মেঘমালার চলাচলের মত। (এটি) আল্লাহ্র কাজ, যিনি প্রতিটি বস্তুকে সঠিকভাবে (সৃষ্টি) করেছেন। নিশ্চয় তিনি তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً وَّهِىَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ؕ صُنْعَ اللّٰهِ الَّذِىْٓ اَتْقَنَ كُلَّ شَىْءٍ ؕ اِنَّهٗ خَبِيْرٌۢ بِمَا تَفْعَلُوْنَ ﴿٨٨﴾

৮৯। যে ভালকাজ নিয়ে আসবে, তার জন্য এর চেয়ে উত্তম (প্রতিদান) রয়েছে, এবং সেদিন তারা ভয়-ভীতি থেকে নিরাপদ থাকবে।

مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَهُمْ مِّنْ فَزَعٍ يَّوْمَئِذٍ اٰمِنُوْنَ ﴿٨٩﴾

৯০। এবং যে মন্দকাজ নিয়ে আসবে, তাকে অধোমুখী করে আগুনে নিক্ষেপ করা হবে (এবং তাদেরকে বলা হবে), 'তোমাদেরকে কি এছাড়া (অন্য কিছুর) প্রতিফল দেয়া হচ্ছে যা তোমরা করতে?'

وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوْهُهُمْ فِى النَّارِ ؕ هَلْ تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٠﴾

৯১। (হে নবী বল) আমি আদিষ্ট হয়েছি কেবল এই নগরীর* প্রতিপালকের ইবাদত করতে, যিনি একে হারাম করেছেন, এবং সব কিছু তাঁরই। এবং আমি আদিষ্ট হয়েছি মুসলিমদের অন্তর্ভুক্ত হতে-

اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ رَبَّ هٰذِهِ الْبَلْدَةِ الَّذِىْ حَرَّمَهَا وَلَهٗ كُلُّ شَىْءٍ ۫ وَّاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٩١﴾

৯২। এবং (আদিষ্ট হয়েছি) কুরআন পাঠ করতে, অতএব যে সঠিকপথ অবলম্বন করে সে নিজেরই কল্যাণের জন্য সঠিকপথ অবলম্বন করে, আর যে পথভ্রষ্ট হয়, তবে তুমি বল, 'আমি কেবল সতর্ককারীদের একজন।'

وَاَنْ اَتْلُوَا الْقُرْاٰنَ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ اِنَّمَآ اَنَا مِنَ الْمُنْذِرِيْنَ ﴿٩٢﴾

৯৩। এবং বল, 'সকল প্রশংসা আল্লাহ্র জন্য, শীঘ্রই তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখাবেন এবং তোমরা তা জানতে পারবে।' আর তোমরা যা কর সে সম্পর্কে তোমার প্রতিপালক বেখবর নন।

ع ٧ ١١ ٣ ٩ রুকূ ৩

وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ سَيُرِيْكُمْ اٰيٰتِهٖ فَتَعْرِفُوْنَهَا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٩٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৮. সূরা আল-কাসাস, মাক্কী

৮৮ আয়াত, ৯ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٨-سُوْرَةُ الْقَصَصِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨٨، رُكُوْعَاتُهَا-٩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

طٰسٓمٓ ①

১। ত্বা-সীন-মীম।

تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ②

২। এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত।

نَتْلُوْا عَلَيْكَ مِنْ نَّبَاِ مُوْسٰى وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ③

৩। আমি তোমার নিকট মূসা ও ফিরআউনের কিছু সংবাদ সত্যসহ পাঠ করে শুনাচ্ছি এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

اِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ اَهْلَهَا شِيَعًا يَّسْتَضْعِفُ طَآئِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْيٖ نِسَآءَهُمْ ؕ اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِيْنَ ④

৪। নিশ্চয় ফিরআউন পৃথিবীতে উদ্ধত হয়েছিল এবং তার অধিবাসীদেরকে বিভিন্ন দলে বিভক্ত করেছিল তাদের একটি দলকে দুর্বল করে রেখে- তাদের পুত্র সন্তানদেরকে জবাই করে এবং তাদের নারীদেরকে জীবিত রেখে। নিশ্চয় সে ছিল ফ্যাসাদ সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত।

وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ اسْتُضْعِفُوْا فِي الْاَرْضِ وَنَجْعَلَهُمْ اَئِمَّةً وَّنَجْعَلَهُمُ الْوٰرِثِيْنَ ⑤

৫। এবং আমি তাদের উপর অনুগ্রহ করতে চাইলাম, পৃথিবীতে যাদেরকে দুর্বল করে রাখা হয়েছিল, এবং (চাইলাম) তাদেরকে নেতা বানাতে ও (ক্ষমতার*) উত্তরাধিকারী করতে-

وَنُمَكِّنَ لَهُمْ فِي الْاَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ⑥

৬। এবং তাদেরকে পৃথিবীতে (ক্ষমতা ও সম্পদ দ্বারা) প্রতিষ্ঠিত করতে, আর ফিরআউন, হামান ও তাদের বাহিনীসমূহকে তা দেখিয়ে দিতে, যা তাদের থেকে তারা আশঙ্কা করছিল।

وَاَوْحَيْنَآ اِلٰٓى اُمِّ مُوْسٰٓى اَنْ اَرْضِعِيْهِ ۚ فَاِذَا خِفْتِ عَلَيْهِ فَاَلْقِيْهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِيْ وَلَا تَحْزَنِيْ ۚ اِنَّا رَآدُّوْهُ اِلَيْكِ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ ⑦

৭। এবং মূসার মায়ের প্রতি ওহী করলাম যে, 'তাকে (শিশুটিকে) দুধ পান করাও, এবং যখন তুমি তার সম্পর্কে কোন আশঙ্কা করবে তখন তাকে সমুদ্রে (নীল দরিয়ায়) নিক্ষেপ কর এবং ভয় করো না ও দুশ্চিন্তা করো না, নিশ্চয় আমি তাকে তোমার নিকট ফিরিয়ে দেব এবং তাকে রাসূলদের অন্তর্ভুক্ত করব।'

فَالْتَقَطَهٗٓ اٰلُ فِرْعَوْنَ لِيَكُوْنَ لَهُمْ عَدُوًّا وَّحَزَنًا ؕ اِنَّ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا كَانُوْا خٰطِـِٕيْنَ ⑧

৮। অতঃপর ফিরআউন বংশের লোকেরা তাকে কুড়িয়ে নিল যাতে সে তাদের শত্রু ও দুশ্চিন্তা হতে পারে। নিশ্চয় ফিরআউন, হামান ও তাদের বাহিনীসমূহ ছিল অপরাধী।

وَقَالَتِ امْرَاَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ لِّيْ وَلَكَ ؕ لَا تَقْتُلُوْهُ ۖ عَسٰٓى اَنْ يَّنْفَعَنَآ اَوْ نَتَّخِذَهٗ وَلَدًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ⑨

৯। এবং ফিরআউনের স্ত্রী বলল, '(এই শিশু) আমার ও তোমার চক্ষুশীতলকারী। তোমরা একে হত্যা করো না, আশা করা যায় সে আমাদের উপকারে আসবে, অথবা আমরা তাকে সন্তান হিসাবেও গ্রহণ করতে পারি,' অথচ তারা (এর পরিণাম) অনুভব করতে পারেনি।

وَاَصْبَحَ فُؤَادُ اُمِّ مُوْسٰى فٰرِغًا ؕ اِنْ كَادَتْ لَتُبْدِيْ بِهٖ لَوْلَآ اَنْ رَّبَطْنَا عَلٰى قَلْبِهَا لِتَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ⑩

১০। আর মূসার মায়ের অন্তর শূন্য হয়ে পড়ল। সে অবশ্যই তার (পরিচয়) সম্পর্কে প্রকাশ করে দিত যদি না আমি তার হৃদয়কে দৃঢ় করে দিতাম যাতে সে বিশ্বাসীদের অন্তর্ভুক্ত হতে পারে।

وَقَالَتْ لِاُخْتِهٖ قُصِّيْهِ ۚ فَبَصُرَتْ بِهٖ عَنْ جُنُبٍ وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ⑪

১১। এবং সে তার (মূসার) বোনকে বলল, 'এর পিছনে পিছনে যাও।' সে দূর থেকে তাকে দেখছিল, অথচ তারা টেরও পায়নি।

وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ فَقَالَتْ هَلْ اَدُلُّكُمْ عَلٰٓى اَهْلِ بَيْتٍ يَّكْفُلُوْنَهٗ لَكُمْ وَهُمْ لَهٗ نٰصِحُوْنَ ⑫

১২। এবং পূর্বেই আমি ধাত্রীদেরকে (অর্থাৎ তাদের দুধপান) তার জন্য নিষিদ্ধ করেছিলাম, সুতরাং সে (মূসার বোন) বলল, 'তোমাদেরকে কি আমি এমন এক পরিবারকে দেখিয়ে দেব যারা তোমাদের হয়ে তার তত্ত্বাবধান করবে এবং তার কল্যাণকামী হবে?'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَرَدَدْنٰهُ اِلٰٓى اُمِّهٖ كَىْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ اَنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿١٣﴾ ع ١ ٣ ٤ ١ রুকূ ৪

১৩। অতঃপর আমি তাকে তার মায়ের নিকট ফিরিয়ে দিলাম যাতে তার চক্ষু শীতল হয় এবং সে দুশ্চিন্তা না করে এবং যাতে সে জানতে পারে যে, আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗ وَاسْتَوٰٓى اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٤﴾

১৪। এবং যখন মূসা (শক্তি-সামর্থ ও বয়সের) পূর্ণতায় পৌঁছল এবং পরিপক্ক হল তখন আমি তাকে প্রজ্ঞা ও জ্ঞান দান করলাম। এবং এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।

وَدَخَلَ الْمَدِيْنَةَ عَلٰى حِيْنِ غَفْلَةٍ مِّنْ اَهْلِهَا فَوَجَدَ فِيْهَا رَجُلَيْنِ يَقْتَتِلٰنِ ۖ هٰذَا مِنْ شِيْعَتِهٖ وَهٰذَا مِنْ عَدُوِّهٖ ۚ فَاسْتَغَاثَهُ الَّذِىْ مِنْ شِيْعَتِهٖ عَلَى الَّذِىْ مِنْ عَدُوِّهٖ ۙ فَوَكَزَهٗ مُوْسٰى فَقَضٰى عَلَيْهِ ۖ قَالَ هٰذَا مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ﴿١٥﴾

১৫। এবং সে এমন এক সময়ে শহরে প্রবেশ করল যখন তার অধিবাসীরা ছিল অসতর্ক এবং সেখানে সে দুটি লোককে সংঘর্ষে লিপ্ত দেখতে পেল। একজন তার (নিজ) দল থেকে এবং অপর জন তার শত্রু(দল) থেকে, এবং যে (লোকটি) তার দলের সে শত্রু (দলের) লোকটির বিরুদ্ধে সাহায্য প্রার্থনা করল, তখন মূসা তাকে ঘুষি মারল এবং (অনিচ্ছাকৃতভাবে) তাকে হত্যা করল। সে (মূসা) বলল, 'এটা শয়তানের কাজ। নিশ্চয় সে সুস্পষ্ট পথভ্রষ্টকারী শত্রু।'

قَالَ رَبِّ اِنِّىْ ظَلَمْتُ نَفْسِىْ فَاغْفِرْ لِىْ فَغَفَرَ لَهٗ ؕ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿١٦﴾

১৬। সে বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি আমার নিজের প্রতি জুলুম করেছি, সুতরাং আমাকে ক্ষমা করুন,' অতঃপর তিনি তাকে ক্ষমা করলেন। নিশ্চয় তিনিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

قَالَ رَبِّ بِمَآ اَنْعَمْتَ عَلَىَّ فَلَنْ اَكُوْنَ ظَهِيْرًا لِّلْمُجْرِمِيْنَ ﴿١٧﴾

১৭। সে বলল, 'হে আমার প্রতিপালক! আপনি যেহেতু আমার উপর নেয়ামত দান করেছেন, আমি কখনো অপরাধীদের সাহায্যকারী হব না।'

فَاَصْبَحَ فِى الْمَدِيْنَةِ خَآئِفًا يَّتَرَقَّبُ فَاِذَا الَّذِى اسْتَنْصَرَهٗ بِالْاَمْسِ يَسْتَصْرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوْسٰٓى اِنَّكَ لَغَوِىٌّ مُّبِيْنٌ ﴿١٨﴾

১৮। অতঃপর সে (মূসা) শহরে সকালে উপনীত হল ভীত ও সতর্ক অবস্থায়। এবং তৎক্ষণাৎ (সে শুনতে পেল) যে ব্যক্তি গত দিন তার সাহায্য চেয়েছিল সে তার প্রতি (সাহায্যের জন্য) চিৎকার করছে। মূসা তাকে বলল, 'নিশ্চয় তুমি অবশ্যই একজন সুস্পষ্ট বিপথগামী ব্যক্তি।'

فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِىْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِىْ كَمَا قَتَلْتَ نَفْسًا بِالْاَمْسِ ۖ اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِى الْاَرْضِ وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ﴿١٩﴾

১৯। অতঃপর সে (মূসা) যখন তাকে পাকড়াও করতে চাইল, যে ছিল উভয়ের শত্রু, তখন সে (ভয়ে) বলে উঠল, 'হে মূসা! তুমি কি আমাকে হত্যা করতে চাচ্ছ, যেভাবে গতকাল এক ব্যক্তিকে হত্যা করেছ? তুমি পৃথিবীতে কেবল স্বেচ্ছাচারী হতে চাও, এবং তুমি সংশোধনকারী হতে চাও না।'

وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۫ قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ اِنِّىْ لَكَ مِنَ النّٰصِحِيْنَ ﴿٢٠﴾

২০। এবং শহরের দূর প্রান্ত থেকে এক ব্যক্তি দৌড়ে আসল, সে বলল, 'হে মূসা! পরিষদবর্গ তোমাকে হত্যা করার পরামর্শ করছে, সুতরাং তুমি বাইরে চলে যাও, নিশ্চয় আমি তোমার কল্যাণকামী।'

فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۫ قَالَ رَبِّ نَجِّنِىْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢١﴾ ع ٢ ٨ ٥ ٢ রুকূ ৫

২১। সুতরাং সে ভীত ও সতর্ক অবস্থায় সেখান থেকে বের হয়ে পড়ল। সে বলল, 'হে আমার প্রতিপালক! আপনি আমাকে জালিম সম্প্রদায় থেকে উদ্ধার করুন।'

وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّىْٓ اَنْ يَّهْدِيَنِىْ سَوَآءَ السَّبِيْلِ ﴿٢٢﴾

২২। এবং যখন সে (মূসা) মাদইয়ানের দিকে অভিমুখী হল তখন বলল, 'আশা করি আমার প্রতিপালক আমাকে সরল পথ প্রদর্শন করবেন।'

وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ اُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ۫ وَ
وَجَدَ مِنْ دُوْنِهِمُ امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ۚ قَالَ مَا خَطْبُكُمَا ؕ قَالَتَا
لَا نَسْقِيْ حَتّٰى يُصْدِرَ الرِّعَآءُ ۫ وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ﴿٢٣﴾

২৩। এবং যখন সে মাদইয়ানের পানির (কূপের) নিকট পৌঁছল তখন সেখানে দেখতে পেল একদল লোক (তাদের পশুগুলোকে) পানি পান করাচ্ছে এবং তাদের পিছনে দু'জন নারী (তাদের পশুগুলোকে) আগলে রাখছে। সে (মূসা) বলল, 'তোমাদের দু'জনের ব্যাপার কি?' তারা বলল, 'আমরা (আমাদের পশুগুলোকে) পানি পান করাই না যতক্ষণ না রাখালেরা (তাদের পশুগুলোকে) বের করে। আর আমাদের পিতা অতি বৃদ্ধ।'

فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰٓى اِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ اِنِّيْ لِمَآ اَنْزَلْتَ
اِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ ﴿٢٤﴾

২৪। অতএব সে (মূসা) দু'জনের পক্ষে (পশুগুলোকে) পানি পান করাল, এরপর ছায়ার দিকে ফিরে গেল এবং বলল, 'হে আমার প্রতিপালক! আপনি আমার প্রতি যে কল্যাণই অবতীর্ণ করবেন, নিশ্চয় আমি তার ভিখারী।

فَجَآءَتْهُ اِحْدٰىهُمَا تَمْشِيْ عَلَى اسْتِحْيَآءٍ ۫ قَالَتْ اِنَّ اَبِيْ
يَدْعُوْكَ لِيَجْزِيَكَ اَجْرَ مَا سَقَيْتَ لَنَا ؕ فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ عَلَيْهِ
الْقَصَصَ ۙ قَالَ لَا تَخَفْ ۫ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٥﴾

২৫। তখন দু'জন নারীর একজন লাজুক পায়ে তার কাছে আসল, সে বলল, 'নিশ্চয় আমার পিতা আপনাকে ডাকছেন আমাদের পক্ষে যে পানি পান করিয়েছেন আপনাকে তার পারিশ্রমিক দেয়ার জন্য।' অতঃপর সে (মূসা) যখন তার নিকট আসল এবং ঘটনাটি তার কাছে বর্ণনা করল তখন সে বলল, 'ভয় করো না, তুমি জালিম সম্প্রদায় থেকে রেহাই পেয়েছ।'

قَالَتْ اِحْدٰىهُمَا يٰٓاَبَتِ اسْتَاْجِرْهُ ۫ اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ
الْقَوِيُّ الْاَمِيْنُ ﴿٢٦﴾

২৬। তাদের একজন বলল, 'হে আমার পিতা! আপনি একে মজুর নিয়োগ করুন, নিশ্চয় যাকে আপনি মজুর নিয়োগ করবেন তার মধ্যে উত্তম হল, যে শক্তিশালী ও বিশ্বস্ত।'*

قَالَ اِنِّيْٓ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰٓى اَنْ
تَاْجُرَنِيْ ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ ۚ
وَمَآ اُرِيْدُ اَنْ اَشُقَّ عَلَيْكَ ؕ سَتَجِدُنِيْٓ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ
الصّٰلِحِيْنَ ﴿٢٧﴾

২৭। সে (মূসাকে) বলল, 'নিশ্চয় আমি তোমাকে আমার এই দু'টি মেয়ের একজনের সাথে বিয়ে দিতে চাই, এ শর্তে যে, তুমি আট বছর আমার কাজ করবে, অতঃপর যদি তুমি দশ (বছর) পূর্ণ কর, সেটি তোমার পক্ষ থেকে (করতে পার)। এবং আমি তোমাকে কষ্ট দিতে চাই না। আল্লাহ্ ইচ্ছা করলে তুমি আমাকে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত পাবে।'

قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَبَيْنَكَ ؕ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَانَ
عَلَيَّ ؕ وَاللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٢٨﴾ ع

ع ٣ ٧ ٦ রুকু ৬

২৮। সে (মূসা) বলল, 'আমার ও আপনার মাঝে এটিই (চুক্তি থাকল)। এ দু'টি মেয়াদের যেটিই আমি পূর্ণ করব আমার বিরুদ্ধে কোন সীমালঙ্ঘন করা যাবে না। এবং আমরা যা বলছি আল্লাহ্ তার তত্ত্বাবধায়ক (সাক্ষী)।'

فَلَمَّا قَضٰى مُوْسَى الْاَجَلَ وَسَارَ بِاَهْلِهٖٓ اٰنَسَ مِنْ جَانِبِ الطُّوْرِ
نَارًا ۚ قَالَ لِاَهْلِهِ امْكُثُوْٓا اِنِّيْٓ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْٓ اٰتِيْكُمْ مِّنْهَا
بِخَبَرٍ اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿٢٩﴾

২৯। অতঃপর যখন মূসা তার মেয়াদ পূর্ণ করল এবং পরিবার-পরিজনসহ যাত্রা করল,* তখন সে তূর পর্বতের পাশে আগুন* দেখতে পেল। সে তার পরিবার-পরিবজনকে বলল, 'তোমরা (এখানে) অবস্থান কর, নিশ্চয় আমি আগুন দেখেছি, সম্ভবত আমি তা থেকে তোমাদের জন্য কোন খবর অথবা আগুন থেকে (একখন্ড) জ্বলন্ত কাঠ নিয়ে আসব, যাতে তোমরা আগুন পোহাতে পার।'

فَلَمَّآ اَتٰىهَا نُوْدِيَ مِنْ شَاطِئِ الْوَادِ الْاَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ
مِنَ الشَّجَرَةِ اَنْ يّٰمُوْسٰٓى اِنِّيْٓ اَنَا اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٣٠﴾

৩০। অতঃপর যখন সে এর (আগুনের) নিকট আসল তখন বরকতময় স্থানে অবস্থিত উপত্যকার ডান পাশের গাছটি থেকে তাকে ডেকে বলা হল যে, 'হে মূসা! নিশ্চয় আমি জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্-

وَاَنْ اَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّ
لَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰٓى اَقْبِلْ وَلَا تَخَفْ ۫ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ﴿٣١﴾

৩১। এবং (বলা হল) যে, তুমি তোমার লাঠি নিক্ষেপ কর।' অতঃপর যখন সে এটিকে সাপের মত ছুটোছুটি করতে দেখল তখন পিছনে ফিরে পালাতে লাগল এবং ফিরেও তাকাল না। (বলা হল) 'হে মূসা! সামনে আস এবং ভয় করো না; নিশ্চয় তুমি নিরাপদদের অন্তর্ভুক্ত।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أَسْلُكْ يَدَكَ فِي جَيْبِكَ تَخْرُجْ بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوْءٍ وَّاضْمُمْ
إِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ مِنْ رَّبِّكَ إِلٰى
فِرْعَوْنَ وَمَلَائِهٖ إِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٣٢﴾

৩২। তোমার হাত তোমার জামার গলার ভেতর রাখ, তা কোন প্রকার ক্ষতি ছাড়াই শুভ্র-উজ্জ্বল হয়ে বের হয়ে আসবে। এবং ভয় থেকে (বাঁচার জন্য) তোমার বাহুকে তোমার (নিজের) দিকে জড়িয়ে ধর, কারণ এগুলো হচ্ছে ফিরআউন ও তার পরিষদবর্গের প্রতি তোমার প্রতিপালকের পক্ষ থেকে দু'টি অকাট্য দলিল-প্রমাণ।' নিশ্চয় তারা ছিল এক পাপাচারী সম্প্রদায়।

قَالَ رَبِّ إِنِّيْ قَتَلْتُ مِنْهُمْ نَفْسًا فَأَخَافُ أَنْ يَّقْتُلُوْنِ ﴿٣٣﴾

৩৩। সে (মূসা) বলল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি তাদের একজনকে হত্যা করেছি, তাই আমি আশঙ্কা করি যে, তারা আমাকে হত্যা করবে।

وَأَخِيْ هٰرُوْنُ هُوَ أَفْصَحُ مِنِّيْ لِسَانًا فَأَرْسِلْهُ مَعِيَ رِدْأً
يُّصَدِّقُنِيْٓ إِنِّيْٓ أَخَافُ أَنْ يُّكَذِّبُوْنِ ﴿٣٤﴾

৩৪। আর আমার ভাই হারুন আমার চেয়ে অধিক স্পষ্টভাষী, অতএব তাকে আমার সাথে সাহায্যকারী হিসেবে প্রেরণ করুন, সে আমাকে সত্য বলে স্বীকৃতি দিবে। নিশ্চয় আমি আশঙ্কা করি যে, তারা আমাকে মিথ্যাবাদী বলবে।'

قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِأَخِيْكَ وَنَجْعَلُ لَكُمَا سُلْطٰنًا فَلَا يَصِلُوْنَ
إِلَيْكُمَا ۚ بِأٰيٰتِنَآ ۚ أَنْتُمَا وَمَنِ اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ﴿٣٥﴾

৩৫। তিনি (আল্লাহ্) বললেন, 'শীঘ্রই আমি তোমার ভাইকে দিয়ে তোমার বাহুকে শক্তিশালী করব এবং আমি তোমাদেরকে ক্ষমতা দান করব, ফলে তারা তোমাদের নিকট পৌঁছতে পারবে না। তোমরা উভয়ে এবং তোমাদের অনুসারীরা আমার নিদর্শনাবলী দ্বারা বিজয়ী হবে।'

فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِأٰيٰتِنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَآ إِلَّا سِحْرٌ
مُّفْتَرًى وَّمَا سَمِعْنَا بِهٰذَا فِيْٓ أٰبَآئِنَا الْأَوَّلِيْنَ ﴿٣٦﴾

৩৬। অতঃপর যখন মূসা তাদের নিকট আমার নিদর্শনাবলী সুস্পষ্ট প্রমাণ হিসেবে নিয়ে আসল তখন তারা বলল, 'এটা উদ্ভাবিত জাদু ছাড়া আর কিছু নয়, এবং আমরা আমাদের পূর্বপুরুষদের মধ্যে এমন কিছু শুনিনি।'

وَقَالَ مُوْسٰى رَبِّيْٓ أَعْلَمُ بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ
تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ۚ إِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٣٧﴾

৩৭। এবং মূসা বলল, 'আমার প্রতিপালক সবচেয়ে বেশি জানেন, কে তাঁর নিকট থেকে পথনির্দেশনা নিয়ে এসেছে এবং কার জন্য থাকবে আখিরাতের শুভ পরিণাম। নিশ্চয় জালিমরা সফল হয় না।'

وَقَالَ فِرْعَوْنُ يٰٓأَيُّهَا الْمَلَأُ مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ إِلٰهٍ غَيْرِيْ ۚ
فَأَوْقِدْ لِيْ يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّيْ صَرْحًا لَّعَلِّيْٓ أَطَّلِعُ
إِلٰٓى إِلٰهِ مُوْسٰى ۙ وَإِنِّيْ لَأَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٣٨﴾

৩৮। এবং ফিরআউন বলল, 'হে পরিষদবর্গ! আমি ছাড়া তোমাদের অন্য কোন ইলাহ্ আছে বলে আমার জানা নেই, সুতরাং তুমি আমার জন্য (ইট বানাতে) কাদা মাটির উপর আগুন জ্বালাও হে হামান! এবং আমার জন্য একটি সুউচ্চ প্রাসাদ তৈরি কর, যাতে আমি (এতে উঠে) মূসার ইলাহ্কে দেখতে পারি, এবং নিশ্চয় আমি অবশ্যই তাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত মনে করি।'

وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا أَنَّهُمْ
إِلَيْنَا لَا يُرْجَعُوْنَ ﴿٣٩﴾

৩৯। ফিরাউন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করেছিল এবং তারা মনে করেছিল যে, তাদেরকে আমার দিকে ফিরিয়ে আনা হবে না।

فَأَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ
عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٤٠﴾

৪০। অতএব আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম এবং তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম, সুতরাং লক্ষ্য কর, কেমন ছিল জালিমদের পরিণাম।

وَجَعَلْنٰهُمْ أَئِمَّةً يَّدْعُوْنَ إِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ﴿٤١﴾

৪১। এবং আমি তাদেরকে নেতা বানিয়েছিলাম, তারা (লোকদেরকে) আগুনের দিকে ডাকত, আর কিয়ামতের দিন তাদেরকে সাহায্য করা হবে না।

وَأَتْبَعْنٰهُمْ فِيْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ
الْمَقْبُوْحِيْنَ ﴿٤٢﴾

৪২। এবং এ দুনিয়ায় আমি লা'নতকে তাদের অনুগামী করেছিলাম এবং কিয়ামতের দিন তারা হবে ঘৃণিতদের অন্তর্ভুক্ত।

وَلَقَدْ آتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْ بَعْدِ مَآ أَهْلَكْنَا الْقُرُوْنَ الْأُوْلٰى
بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٤٣﴾

৪৩। আর অবশ্যই আমি পূর্ববর্তী বহু প্রজন্মকে ধ্বংস করার পর মূসাকে কিতাব দিয়েছিলাম মানুষের জন্য আলোকবর্তিকা, পথনির্দেশনা ও দয়াস্বরূপ, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

৪৪। এবং যখন আমি মূসাকে জানিয়েছিলাম (অর্থাৎ ওহী করেছিলাম) তখন তুমি (তূর পর্বতের) পশ্চিম প্রান্তে (উপস্থিত) ছিলে না এবং তুমি (এর) প্রত্যক্ষদর্শীদের অন্তর্ভুক্তও ছিলে না-

وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ اِذْ قَضَيْنَآ اِلٰى مُوْسَى الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ﴿٤٤﴾

৪৫। বরং আমি (মূসার পর) অনেক প্রজন্ম সৃষ্টি করেছিলাম, অতঃপর তাদের মেয়াদ দীর্ঘ হয়েছিল, আর তুমি মাদইয়ানবাসীদের মধ্যেও বিদ্যমান ছিলে না যে, তাদের (মক্কাবাসীদের) নিকট আমার আয়াতসমূহ পাঠ করবে, বরং আমিই হলাম (এ ওহী) প্রেরণকারী।

وَلٰكِنَّآ اَنْشَاْنَا قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا كُنْتَ ثَاوِيًا فِيْٓ اَهْلِ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ﴿٤٥﴾

৪৬। এবং যখন আমি (মূসাকে) ডেকেছিলাম তখন তুমি তূর পর্বতের পাশে ছিলে না, বরং (এ ওহী) তোমার প্রতিপালকের পক্ষ থেকে দয়াস্বরূপ, যাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক করতে পার, যাদের নিকট তোমার পূর্বে কোন সতর্ককারী আসেনি, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّوْرِ اِذْ نَادَيْنَا وَلٰكِنْ رَّحْمَةً مِّنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٤٦﴾

৪৭। এবং যদি না (এমন হত) যে, তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে তাদের উপর কোন বিপদ আপতিত হত এবং তারা বলত, 'হে আমাদের প্রতিপালক! আপনি কেন আমাদের নিকট কোন রাসূল প্রেরণ করলেন না, তাহলে আমরা আপনার আয়াতসমূহ অনুসরণ করতাম এবং আমরা মু'মিনদের অন্তর্ভুক্ত হতাম (তাহলে আমি রাসূল প্রেরণ করতাম না)।'

وَلَوْلَآ اَنْ تُصِيْبَهُمْ مُّصِيْبَةٌۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَيَقُوْلُوْا رَبَّنَا لَوْلَآ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا فَنَتَّبِعَ اٰيٰتِكَ وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾

৪৮। অতঃপর যখন আমার নিকট থেকে তাদের নিকট সত্য আসল তখন তারা বলল, 'মূসাকে যেরূপ দেয়া হয়েছিল,* তাকে সেরূপ দেয়া হল না কেন?' (কিন্তু) পূর্বে মূসাকে যা দেয়া হয়েছিল তা কি তারা অবিশ্বাস করেনি? তারা বলল, '(তাওরাত ও কুরআন) দু'টিই জাদু, একটি অপরটিকে সমর্থন করে।' এবং তারা বলল, 'নিশ্চয় আমরা প্রত্যেকটিকেই অবিশ্বাস করি।'

فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْا لَوْلَآ اُوْتِيَ مِثْلَ مَآ اُوْتِيَ مُوْسٰى ؕ اَوَلَمْ يَكْفُرُوْا بِمَآ اُوْتِيَ مُوْسٰى مِنْ قَبْلُ ۚ قَالُوْا سِحْرٰنِ تَظٰهَرَا ۫ وَقَالُوْٓا اِنَّا

৪৯। বল, 'তবে তোমরা আল্লাহ্‌র নিকট থেকে একটি কিতাব নিয়ে আস, যা এ দু'টির* চেয়ে অধিক পথ প্রদর্শনকারী হবে; আমি তা অনুসরণ করব- যদি তোমরা সত্যবাদী হও।

بِكُلٍّ كٰفِرُوْنَ ﴿٤٨﴾ قُلْ فَاْتُوْا بِكِتٰبٍ مِّنْ عِنْدِ اللّٰهِ هُوَ اَهْدٰى مِنْهُمَآ اَتَّبِعْهُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٩﴾

৫০। কিন্তু তারা যদি তোমার ডাকে সাড়া না দেয়, তবে জেনে রাখ, তারা কেবল তাদের প্রবৃত্তির অনুসরণ করে। আর আল্লাহ্‌র কোন পথনির্দেশনা ছাড়া যে তার প্রবৃত্তির অনুসরণ করে তার চেয়ে অধিক পথভ্রষ্ট আর কে? নিশ্চয় আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথপ্রদর্শন করেন না।

فَاِنْ لَّمْ يَسْتَجِيْبُوْا لَكَ فَاعْلَمْ اَنَّمَا يَتَّبِعُوْنَ اَهْوَآءَهُمْ ؕ وَمَنْ اَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوٰىهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٥٠﴾

৫১। আর অবশ্যই আমি তাদের জন্য ক্রমে ক্রমে কথা (কুরআন) পৌঁছে দিয়েছি, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٥١﴾

৫২। যাদেরকে আমি এর (অর্থাৎ কুরআনের) পূর্বে কিতাব দিয়েছিলাম তারা (অর্থাৎ তাদের একদল) এতে ঈমান আনে।

اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ مِنْ قَبْلِهٖ هُمْ بِهٖ يُؤْمِنُوْنَ ﴿٥٢﴾

৫৩। এবং যখন তাদের নিকট (তা) পাঠ করা হয় তখন তারা বলে, 'আমরা এতে ঈমান এনেছি, নিশ্চয় তা আমাদের প্রতিপালকের পক্ষ থেকে (আগত) সত্য, নিশ্চয় আমরা এর পূর্বেও মুসলিম ছিলাম।'

وَاِذَا يُتْلٰى عَلَيْهِمْ قَالُوْٓا اٰمَنَّا بِهٖٓ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّنَآ اِنَّا كُنَّا مِنْ قَبْلِهٖ مُسْلِمِيْنَ ﴿٥٣﴾

৫৪। তাদেরকে দু'বার তাদের প্রতিদান দেয়া হবে, কারণ তারা ধৈর্যধারন করেছে এবং তারা ভাল দিয়ে মন্দকে প্রতিরোধ করে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে তারা (আল্লাহ্‌র পথে) ব্যয় করে।

اُولٰٓئِكَ يُؤْتَوْنَ اَجْرَهُمْ مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوْا وَيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٥٤﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৫৫। এবং যখন তারা অসার কথা শ্রবণ করে তখন তা উপেক্ষা করে এবং বলে, 'আমাদের কাজ (অর্থাৎ কাজের ফল) আমাদের জন্য এবং তোমাদের কাজ (অর্থাৎ কাজের ফল) তোমাদের জন্য; তোমাদেরকে 'সালাম' (বিদায়*); আমরা অজ্ঞদের (সঙ্গ) চাই না।'

وَاِذَا سَمِعُوا اللَّغْوَ اَعْرَضُوْا عَنْهُ وَقَالُوْا لَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ز سَلٰمٌ عَلَيْكُمْ ز لَا نَبْتَغِى الْجٰهِلِيْنَ ﴿٥٥﴾

৫৬। (হে নবী!) নিশ্চয় যাকে তুমি ভালোবাস, (ইচ্ছা করলেই) তাকে সঠিকপথ প্রদর্শন করতে পারবে না, বরং আল্লাহ্ যাকে ইচ্ছা করেন, সঠিকপথ প্রদর্শন করেন এবং তিনি সঠিকপথ প্রাপ্তদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন।

اِنَّكَ لَا تَهْدِىْ مَنْ اَحْبَبْتَ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِىْ مَنْ يَّشَآءُ ج وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿٥٦﴾

৫৭। এবং তারা বলে, 'যদি আমরা তোমার সাথে সঠিকপথ অনুসরণ করি তবে আমাদেরকে আমাদের যমীন (আবাস ভূমি) থেকে ঝেঁটিয়ে বিদায় করা হবে।' আমি কি তাদের জন্য এক নিরাপদ হারাম প্রতিষ্ঠা করিনি, যেখানে আমার পক্ষ থেকে রিযিকস্বরূপ সব ধরনের ফল-মূল নিয়ে আসা হয়? কিন্তু তাদের অধিকাংশই জানে না।

وَقَالُوْٓا اِنْ نَّتَّبِعِ الْهُدٰى مَعَكَ نُتَخَطَّفْ مِنْ اَرْضِنَا ط اَوَلَمْ نُمَكِّنْ لَّهُمْ حَرَمًا اٰمِنًا يُّجْبٰٓى اِلَيْهِ ثَمَرٰتُ كُلِّ شَىْءٍ رِّزْقًا مِّنْ لَّدُنَّا وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٥٧﴾

৫৮। আর কত জনপদকে আমি ধ্বংস করেছি যার জীবনযাত্রা ছিল ঔদ্ধত্বপূর্ণ! আর ওগুলো তাদের বাসস্থান যেগুলোতে তাদের পরে লোকজন সামান্যই বসবাস করেছে। আর আমিই (এসবের) উত্তরাধিকারী।

وَكَمْ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍۭ بَطِرَتْ مَعِيْشَتَهَا ج فَتِلْكَ مَسٰكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِّنْۢ بَعْدِهِمْ اِلَّا قَلِيْلًا ط وَكُنَّا نَحْنُ الْوٰرِثِيْنَ ﴿٥٨﴾

৫৯। এবং তোমার প্রতিপালক জনপদসমূহকে ধ্বংসকারী নন যতক্ষণ না এদের মায়ের নিকট (অর্থাৎ প্রধান জনপদে) একজন রাসূল প্রেরণ করেন যে তাদেরকে আমার আয়াতসমূহ পাঠ করে শুনায় এবং আমি জনপদসমূহকে ধ্বংসকারী নই এছাড়া যে, এর অধিবাসীরা জুলুমকারী।

وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ فِىْٓ اُمِّهَا رَسُوْلًا يَّتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ج وَمَا كُنَّا مُهْلِكِى الْقُرٰٓى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ﴿٥٩﴾

৬০। আর তোমাদেরকে যা কিছু দেয়া হয়েছে তা কেবল দুনিয়ার জীবনের ভোগ্য সামগ্রী ও সাজসজ্জা এবং আল্লাহ্‌র নিকট যা আছে তা উত্তম ও অধিক স্থায়ী। তবে কি তোমরা অনুধাবন কর না?

ع ٦ ٧ ٩ ٨ রুকূ

وَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَىْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا ج وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى ط اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٠﴾

৬১। তবে যাকে আমি উত্তম প্রতিশ্রুতি দিয়েছি এবং সে তা পাবে, সে কি ঐ ব্যক্তির মত যাকে আমি (কেবল) দুনিয়ার জীবনের ভোগ্য সামগ্রী দিয়েছি এরপর তাকে কিয়ামতের দিন (অপরাধী হিসেবে) উপস্থিত করা হবে?

اَفَمَنْ وَّعَدْنٰهُ وَعْدًا حَسَنًا فَهُوَ لَاقِيْهِ كَمَنْ مَّتَّعْنٰهُ مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ثُمَّ هُوَ يَوْمَ الْقِيٰمَةِ مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٦١﴾

৬২। এবং যেদিন তিনি তাদেরকে ডাকবেন এবং বলবেন, 'তোমরা যাদেরকে আমার শরীক ধারণা করতে তারা কোথায়?'

وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَآءِىَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٦٢﴾

৬৩। (শরীকদের মধ্যে) যাদের উপর (শাস্তির) কথা অবধারিত হবে তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! এদেরকেই আমরা বিপথগামী করেছিলাম, এদেরকে বিপথগামী করেছিলাম যেমন আমরা বিপথগামী হয়েছিলাম, আমরা (তাদের থেকে) আপনার কাছে দায়িত্বমুক্ত হলাম। এরা শুধু আমাদেরই ইবাদত করত না।'

قَالَ الَّذِيْنَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَغْوَيْنَا ج اَغْوَيْنٰهُمْ كَمَا غَوَيْنَا ج تَبَرَّاْنَآ اِلَيْكَ ز مَا كَانُوْٓا اِيَّانَا يَعْبُدُوْنَ ﴿٦٣﴾

৬৪। এবং (তাদেরকে) বলা হবে, 'তোমাদের শরীকদেরকে ডাক।' তখন তারা তাদেরকে ডাকবে, কিন্তু তারা তাদেরকে সাড়া দিবে না, এবং তারা শাস্তি প্রত্যক্ষ করবে। হায়! যদি তারা সঠিকপথ অনুসরণ করত!

وَقِيْلَ ادْعُوْا شُرَكَآءَكُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَرَاَوُا الْعَذَابَ ج لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ﴿٦٤﴾

৬৫। এবং যেদিন তিনি (আল্লাহ্) তাদেরকে ডাকবেন এবং বলবেন, 'তোমরা প্রেরিতদেরকে (রাসূলদেরকে) কী জবাব দিয়েছিলে?'

وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ مَاذَآ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ﴿٦٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَعَمِيَتْ عَلَيْهِمُ الْاَنْۢبَآءُ يَوْمَئِذٍ فَهُمْ لَا يَتَسَآءَلُوْنَ ﴿٦٦﴾

৬৬। কিন্তু সেদিন সকল সংবাদ তাদের নিকট অস্পষ্ট হয়ে যাবে এবং তারা একে অপরকে জিজ্ঞাসাও করবে না।

فَاَمَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَسٰٓى اَنْ يَّكُوْنَ مِنَ الْمُفْلِحِيْنَ ﴿٦٧﴾

৬৭। তবে যে ব্যক্তি তওবা করেছে, ঈমান এনেছে এবং সৎকাজ করেছে, শীঘ্রই সে সফলকামদের অন্তর্ভুক্ত হবে।

وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَآءُ وَيَخْتَارُ ؕ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ؕ سُبْحٰنَ اللّٰهِ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٨﴾

৬৮। এবং তোমার প্রতিপালক যা ইচ্ছা করেন ও পছন্দ করেন তা-ই সৃষ্টি করেন, (এতে) তাদের পছন্দের অবকাশ নেই। তারা যা শরীক করে তা থেকে আল্লাহ্ পবিত্র এবং অনেক উর্ধ্বে।

وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٦٩﴾

৬৯। এবং তোমার প্রতিপালক তা জানেন যা তাদের বক্ষসমূহ গোপন করে এবং যা তারা প্রকাশ করে।

وَهُوَ اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ لَهُ الْحَمْدُ فِى الْاُوْلٰى وَالْاٰخِرَةِ ۖ وَلَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٧٠﴾

৭০। এবং তিনিই আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। ইহকালে ও পরকালে সকল প্রশংসা তাঁরই; বিচার তাঁরই কতৃত্বে এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ الَّيْلَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِضِيَآءٍ ؕ اَفَلَا تَسْمَعُوْنَ ﴿٧١﴾

৭১। বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ্ তোমাদের জন্য রাতকে কিয়ামতের দিন পর্যন্ত অন্তহীন করে দেন তাহলে আল্লাহ্ ছাড়া কে ইলাহ্ আছে, যে তোমাদেরকে আলো* এনে দিতে পারে? তবে কি তোমরা শ্রবণ কর না?'

قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِلَيْلٍ تَسْكُنُوْنَ فِيْهِ ؕ اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٧٢﴾

৭২। বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ্ তোমাদের জন্য দিনকে কিয়ামতের দিন পর্যন্ত অন্তহীন করে দেন তাহলে আল্লাহ্ ছাড়া কে ইলাহ্ আছে, যে তোমাদের জন্য রাত এনে দিতে পারে, যাতে তোমরা বিশ্রাম নিতে পার? তবে কি তোমরা দেখ না?'

وَمِنْ رَّحْمَتِهٖ جَعَلَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوْا فِيْهِ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٧٣﴾

৭৩। এবং তিনি তাঁর দয়া থেকে তোমাদের জন্য বানিয়েছেন রাত ও দিন, যাতে তাতে তোমরা বিশ্রাম নিতে পার ও তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পার এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَآءِىَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٧٤﴾

৭৪। এবং যেদিন তিনি তাদেরকে ডাকবেন এবং বলবেন, 'তোমরা যাদেরকে আমার শরীক ধারণা করতে তারা কোথায়?'

وَنَزَعْنَا مِنْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا فَقُلْنَا هَاتُوْا بُرْهَانَكُمْ فَعَلِمُوْٓا اَنَّ الْحَقَّ لِلّٰهِ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٧٥﴾

ع ১৫ ১০ রুকু ১০

৭৫। এবং প্রত্যেক উম্মত থেকে আমি একজন করে সাক্ষী টেনে বের করব এবং বলব, 'তোমরা তোমাদের অকাট্য দলিল-প্রমাণ উপস্থিত কর।' তখন তারা জানবে যে, সত্য (ইলাহ্ হবার অধিকার) আল্লাহ্রই এবং তারা যা মিথ্যা রচনা করত তা তাদের থেকে উধাও হয়ে যাবে।

اِنَّ قَارُوْنَ كَانَ مِنْ قَوْمِ مُوْسٰى فَبَغٰى عَلَيْهِمْ ۖ وَاٰتَيْنٰهُ مِنَ الْكُنُوْزِ مَآ اِنَّ مَفَاتِحَهٗ لَتَنُوْٓاُ بِالْعُصْبَةِ اُولِى الْقُوَّةِ ۗ اِذْ قَالَ لَهٗ قَوْمُهٗ لَا تَفْرَحْ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْفَرِحِيْنَ ﴿٧٦﴾

৭৬। নিশ্চয় কারূন* ছিল মূসার সম্প্রদায়ের, কিন্তু সে তাদের উপর বাড়াবাড়ি করেছিল। এবং আমি তাকে দান করেছিলাম এমন ধন-ভান্ডার, নিশ্চয় যার চাবিগুলি একদল শক্তিশালী লোকের পক্ষেও বহন করা কষ্টসাধ্য ছিল। যখন তার সম্প্রদায় তাকে বলেছিল, 'উৎফুল্ল হয়ো না, নিশ্চয় আল্লাহ্ উৎফুল্ল লোকদেরকে ভালবাসেন না।

وَابْتَغِ فِيْمَآ اٰتٰىكَ اللّٰهُ الدَّارَ الْاٰخِرَةَ ۖ وَلَا تَنْسَ نَصِيْبَكَ مِنَ الدُّنْيَا ۚ وَاَحْسِنْ كَمَآ اَحْسَنَ اللّٰهُ اِلَيْكَ ۖ وَلَا تَبْغِ الْفَسَادَ فِى الْاَرْضِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ ﴿٧٧﴾

৭৭। এবং আল্লাহ্ যা তোমাকে দিয়েছেন তা দিয়ে আখিরাতের আবাস তালাশ কর এবং দুনিয়ায় তোমার অংশ ভুলে যেও না, এবং (মানুষের প্রতি) ইহ্সান (অনুগ্রহ) কর যেমন আল্লাহ্ তোমার প্রতি ইহ্সান করেছেন এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করতে চেয়ো না। নিশ্চয় আল্লাহ্ ফ্যাসাদ সৃষ্টিকারীদেরকে ভালবাসেন না।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالَ اِنَّمَآ اُوْتِيْتُهٗ عَلٰى عِلْمٍ عِنْدِىْ ؕ اَوَلَمْ يَعْلَمْ اَنَّ اللّٰهَ قَدْ
اَهْلَكَ مِنْ قَبْلِهٖ مِنَ الْقُرُوْنِ مَنْ هُوَ اَشَدُّ مِنْهُ قُوَّةً وَّاَكْثَرُ
جَمْعًا ؕ وَلَا يُسْـَٔلُ عَنْ ذُنُوْبِهِمُ الْمُجْرِمُوْنَ ﴿٧٨﴾

৭৮। সে বলল, 'আমি কেবল তা (সম্পদ) প্রাপ্ত হয়েছি আমার কাছে থাকা জ্ঞানের কারণে।' সে কি জানত না আল্লাহ্ তার পূর্বে বহু প্রজন্মকে ধ্বংস করেছেন যারা ছিল তার চেয়ে শক্তিতে প্রবল, এবং (ধন-সম্পদ) জমা করার দিক থেকে অধিক? আর অপরাধীদেরকে তাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হয় না।

فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِىْ زِيْنَتِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يُرِيْدُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا
يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِىَ قَارُوْنُ ۙ اِنَّهٗ لَذُوْ حَظٍّ عَظِيْمٍ ﴿٧٩﴾

৭৯। সুতরাং সে (কারূন) তার জাঁকজমক সহকারে তার সম্প্রদায়ের সামনে বের হল। যারা দুনিয়ার জীবন চাইত তারা বলল, 'আহা, কারূনকে যা দেয়া হয়েছে আমাদেরও যদি এরূপ থাকত! নিশ্চয় সে অবশ্যই মহাভাগ্যবান।'

وَقَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اللّٰهِ خَيْرٌ لِّمَنْ اٰمَنَ
وَعَمِلَ صَالِحًا ۚ وَلَا يُلَقّٰىهَآ اِلَّا الصّٰبِرُوْنَ ﴿٨٠﴾

৮০। কিন্তু যাদেরকে জ্ঞান দেয়া হয়েছিল তারা বলল, 'দুর্ভোগ তোমাদের! যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য আল্লাহ্র পুরস্কারই (ছওয়াবই) উত্তম, এবং কেবল ধৈর্যশীলদেরকেই এর অধিকারী করা হয়।'

فَخَسَفْنَا بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۟ فَمَا كَانَ لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ
مِنْ دُوْنِ اللّٰهِ ۫ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ﴿٨١﴾

৮১। অতঃপর আমি তাকেসহ ও তার প্রাসাদসহ ভূমিকে ধ্বসিয়ে দিলাম। এবং তার জন্য আল্লাহ্কে বাদ দিয়ে এমন কোন দল ছিল না যারা তাকে সাহায্য করতে পারত এবং সেও আত্মরক্ষা করতে পারেনি।

وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا مَكَانَهٗ بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ
يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ
عَلَيْنَا لَخَسَفَ بِنَا ؕ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ﴿٨٢﴾

৮২। এবং গতকাল যারা তার (কারূনের) অবস্থানকে আকাঙ্ক্ষা করেছিল তারা বলতে লাগল, 'দেখলে তো, আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন। যদি আল্লাহ্ আমাদের প্রতি অনুগ্রহ না করতেন তাহলে অবশ্যই তিনি আমাদেরকেসহ (ভূমিকে) ধ্বসিয়ে দিতেন। দেখলে তো, কাফিররা সফল হয় না।'

ع ٨ ١١ ٨ রুকূ ١١

تِلْكَ الدَّارُ الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِى
الْاَرْضِ وَلَا فَسَادًا ؕ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ﴿٨٣﴾

৮৩। (পক্ষান্তরে) ওটা আখিরাতের আবাস যা আমি নির্ধারণ করি তাদের জন্য যারা এই পৃথিবীতে উদ্ধত হতে ও ফ্যাসাদ সৃষ্টি করতে চায় না। এবং শুভ পরিণাম মুত্তাকীদের জন্য।

مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى
الَّذِيْنَ عَمِلُوا السَّيِّاٰتِ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٨٤﴾

৮৪। যে ভালকাজ নিয়ে আসবে তার জন্য রয়েছে এর চেয়ে উত্তম (প্রতিদান), আর যে মন্দ কাজ নিয়ে আসবে, তবে যারা মন্দ কাজ করেছে তাদেরকে তারই প্রতিফল দেয়া হবে যা তারা করত।

اِنَّ الَّذِىْ فَرَضَ عَلَيْكَ الْقُرْاٰنَ لَرَآدُّكَ اِلٰى مَعَادٍ ؕ قُلْ رَّبِّىْٓ
اَعْلَمُ مَنْ جَآءَ بِالْهُدٰى وَمَنْ هُوَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٨٥﴾

৮৫। (হে নবী!) নিশ্চয় যিনি তোমার জন্য কুরআনকে অবশ্য পালনীয় করেছেন তিনি অবশ্যই তোমাকে প্রত্যাবর্তনস্থলে (জন্মভূমিতে) ফিরিয়ে আনবেন। বল, 'আমার প্রতিপালক সবচেয়ে বেশি জানেন কে পথনির্দেশিকা নিয়ে এসেছে এবং কে সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছে।'

وَمَا كُنْتَ تَرْجُوْٓا اَنْ يُّلْقٰٓى اِلَيْكَ الْكِتٰبُ اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ
فَلَا تَكُوْنَنَّ ظَهِيْرًا لِّلْكٰفِرِيْنَ ﴿٨٦﴾

৮৬। আর তুমি আশা করনি যে, তোমার নিকট কিতাব অর্পণ করা হবে, কিন্তু (এটি) তোমার প্রতিপালকের পক্ষ থেকে দয়া, সুতরাং তুমি কখনো কাফিরদের সাহায্যকারী হয়ো না।

وَلَا يَصُدُّنَّكَ عَنْ اٰيٰتِ اللّٰهِ بَعْدَ اِذْ اُنْزِلَتْ اِلَيْكَ وَادْعُ اِلٰى
رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٨٧﴾ ع

৮৭। এবং তারা যেন তোমাকে কখনো আল্লাহ্র আয়াতসমূহ থেকে বিরত না রাখে তোমার প্রতি তা অবতীর্ণ হওয়ার পর এবং তুমি তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর এবং কখনো মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

وَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۘ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ كُلُّ شَىْءٍ هَالِكٌ اِلَّا
وَجْهَهٗ ؕ لَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٨٨﴾

ع ٩ ١٢ ٩ রুকূ ١٢

৮৮। এবং তুমি আল্লাহ্র সাথে অন্য ইলাহ্কে ডেকো না, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই; আল্লাহ্র চেহারা (সত্তা) ছাড়া প্রতিটি বস্তু ধ্বংসশীল। বিচার তাঁরই কতৃত্বে, এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

২৯. -সূরা আল-আনকাবুত, মাক্কী

৬৯ আয়াত, ৭ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٢٩-سُوْرَةُ الْعَنْكَبُوْت-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦٩، رُكُوْعَاتُهَا-٧

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ①

১। আলিফ-লাম-মীম।

اَحَسِبَ النَّاسُ اَنْ يُّتْرَكُوْٓا اَنْ يَّقُوْلُوْٓا اٰمَنَّا وَهُمْ لَا يُفْتَنُوْنَ ②

২। মানুষ কি মনে করে যে, তাদেরকে ছেড়ে দেয়া হবে (এ জন্য) যে, তারা বলে, 'আমরা ঈমান এনেছি' আর তাদেরকে পরীক্ষা করা হবে না?

وَلَقَدْ فَتَنَّا الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ صَدَقُوْا وَلَيَعْلَمَنَّ الْكٰذِبِيْنَ ③

৩। এবং অবশ্যই আমি তাদের পূর্ববর্তীদেরকে পরীক্ষা করেছিলাম, এবং আল্লাহ্ অবশ্যই অবশ্যই জেনে নিবেন (স্পষ্ট করবেন) যারা সত্য বলেছে তাদেরকে এবং তিনি অবশ্যই অবশ্যই জেনে নিবেন মিথ্যাবাদীদেরকে।

اَمْ حَسِبَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ اَنْ يَّسْبِقُوْنَا ۭ سَاۗءَ مَا يَحْكُمُوْنَ ④

৪। যারা মন্দকাজ করে তারা কি মনে করে যে, তারা আমাকে ছাড়িয়ে যাবে? তারা যা বিচার করে তা কতই না নিকৃষ্ট!

مَنْ كَانَ يَرْجُوْا لِقَاۗءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ۭ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ⑤

৫। যে আল্লাহ্‌র সাক্ষাৎ প্রত্যাশা করে, তবে (জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্‌র নির্দিষ্ট সময় অবশ্যই আসবে। এবং তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَمَنْ جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ۭ اِنَّ اللّٰهَ لَغَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ⑥

৬। এবং যে জিহাদ করে, সে জিহাদ করে নিজেরই কল্যাণের জন্য। নিশ্চয় আল্লাহ্ অবশ্যই জগৎসমূহ থেকে অমুখাপেক্ষী।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ اَحْسَنَ الَّذِيْ كَانُوْا يَعْمَلُوْنَ ⑦

৭। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে অবশ্যই অবশ্যই আমি তাদের পাপসমূহ মোচন করব এবং তারা যে উত্তম কাজ করত অবশ্যই অবশ্যই আমি তার প্রতিদান দেব।

وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ۭ وَاِنْ جَاهَدٰكَ لِتُشْرِكَ بِيْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ۭ اِلَيَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ⑧

৮। এবং আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করতে নির্দেশ দিয়েছি। আর যদি তারা দু'জনে তোমাকে জোড়াজোড়ি করে আমার সাথে শরীক করতে, যে সম্পর্কে তোমার কোন জ্ঞান নেই, তবে তুমি তাদের আনুগত্য করো না। আমারই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর আমি তোমাদেরকে জানিয়ে দেব যা তোমরা করতে।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُدْخِلَنَّهُمْ فِي الصّٰلِحِيْنَ ⑨

৯। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, অবশ্যই অবশ্যই আমি তাদেরকে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করব।

وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ فَاِذَآ اُوْذِيَ فِي اللّٰهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللّٰهِ ۭ وَلَىِٕنْ جَاۗءَ نَصْرٌ مِّنْ رَّبِّكَ لَيَقُوْلُنَّ اِنَّا كُنَّا مَعَكُمْ ۭ اَوَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ بِمَا فِيْ صُدُوْرِ الْعٰلَمِيْنَ ⑩

১০। আর মানুষের মধ্যে কেউ কেউ বলে, 'আমরা আল্লাহ্‌র প্রতি ঈমান এনেছি,' কিন্তু যখন তারা আল্লাহ্‌র জন্য কষ্টের শিকার হয় তখন মানুষের ফিতনাকে (নির্যাতনকে) আল্লাহ্‌র শাস্তির মত গণ্য করে। কিন্তু যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে কোন সাহায্য আসে তখন অবশ্যই অবশ্যই তারা বলে, 'নিশ্চয় আমরা তোমাদের সাথে ছিলাম।' জগৎসমূহের (মানবজাতির) বক্ষে যা আছে সে সম্পর্কে আল্লাহ্ কি সবচেয়ে বেশি জানেন না?

وَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَلَيَعْلَمَنَّ الْمُنٰفِقِيْنَ ⑪

১১। এবং আল্লাহ্ অবশ্যই অবশ্যই তাদেরকে জেনে নিবেন (স্পষ্ট করবেন) যারা ঈমান এনেছে এবং তিনি অবশ্যই অবশ্যই জেনে নিবেন মুনাফিকদেরকে।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطٰيٰكُمْ وَمَا هُمْ بِحٰمِلِيْنَ مِنْ خَطٰيٰهُمْ مِّنْ شَيْءٍ ۭ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ۝۱۲

১২। এবং যারা কুফরী করেছে তারা যারা ঈমান এনেছে তাদেরকে বলে, 'আমাদের পথ অনুসরণ কর, এবং আমাদেরকে তোমাদের অপরাধসমূহ বহন করতে দাও।' কিন্তু তারা তাদের অপরাধসমূহের কিছুই বহন করবে না। নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

وَلَيَحْمِلُنَّ اَثْقَالَهُمْ وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمْ ۡ وَلَيُسْـَٔلُنَّ يَوْمَ الْقِيٰمَةِ عَمَّا كَانُوْا يَفْتَرُوْنَ ۝۱۳ ع ۱۳ ১ রুকু ১৩

১৩। কিন্তু অবশ্যই অবশ্যই তারা তাদের (নিজের) বোঝাসমূহ বহন করবে এবং তাদের বোঝাসমূহের সাথে আরো কিছু বোঝা। এবং তারা যে মিথ্যা রচনা করে সে সম্পর্কে কিয়ামতের দিন অবশ্যই অবশ্যই তাদেরকে প্রশ্ন করা হবে।

وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَلَبِثَ فِيْهِمْ اَلْفَ سَنَةٍ اِلَّا خَمْسِيْنَ عَامًا ۭ فَاَخَذَهُمُ الطُّوْفَانُ وَهُمْ ظٰلِمُوْنَ ۝۱۴

১৪। আর অবশ্যই আমি নূহকে তার সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছিলাম, এবং সে তাদের মধ্যে অবস্থান করেছিল পঞ্চাশ বছর কম এক হাজার বছর (নয়শ পঞ্চাশ বছর)। অতঃপর প্লাবন তাদেরকে পাকড়াও করল, এমন অবস্থায় যে তারা ছিল জালিম।

فَاَنْجَيْنٰهُ وَاَصْحٰبَ السَّفِيْنَةِ وَجَعَلْنٰهَآ اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ۝۱۵

১৫। কিন্তু আমি তাকে এবং নৌকার সাথীদেরকে উদ্ধার করলাম এবং এটিকে জগৎসমূহের জন্য একটি নিদর্শন বানালাম।

وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ ۭ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝۱۶

১৬। এবং ইবরাহীম, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা আল্লাহ্‌র ইবাদত কর এবং তাঁকে ভয় কর। এটিই তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

اِنَّمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا وَّتَخْلُقُوْنَ اِفْكًا ۭ اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ رِزْقًا فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ وَاشْكُرُوْا لَهٗ ۭ اِلَيْهِ تُرْجَعُوْنَ ۝۱۷

১৭। তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে কেবল মূর্তিগুলোর উপাসনা করছ এবং মিথ্যা (উপাস্য) তৈরি করছ। নিশ্চয় তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের উপাসনা কর তারা তোমাদের রিযিকের মালিক নয়, সুতরাং তোমরা রিযিক কামনা কর আল্লাহ্‌র কাছে এবং তাঁরই ইবাদত কর ও তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।'

وَاِنْ تُكَذِّبُوْا فَقَدْ كَذَّبَ اُمَمٌ مِّنْ قَبْلِكُمْ ۭ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝۱۸

১৮। এবং তোমরা (মুশরিকরা) যদি (রাসূলদেরকে) মিথ্যাবাদী বল, তবে অবশ্যই তোমাদের পূর্ববর্তী উম্মতরাও মিথ্যাবাদী বলেছিল। আর সুস্পষ্টভাবে পৌঁছে দেয়াই কেবল রাসূলের দায়িত্ব।

اَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللّٰهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ۭ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ۝۱۹

১৯। তারা কি ভেবে দেখেনি, কিভাবে আল্লাহ্ সৃষ্টির সূচনা করেন, এরপর এর (সৃষ্টির) পুনরাবৃত্তি করবেন? নিশ্চয় এটি আল্লাহ্‌র জন্য সহজ।

قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ بَدَاَ الْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ الْاٰخِرَةَ ۭ اِنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝۲۰

২০। বল, 'তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর, কিভাবে তিনি সৃষ্টির সূচনা করেছেন, এরপর আল্লাহ্ চূড়ান্ত সৃষ্টি করবেন। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।'

يُعَذِّبُ مَنْ يَّشَاۗءُ وَيَرْحَمُ مَنْ يَّشَاۗءُ ۚ وَاِلَيْهِ تُقْلَبُوْنَ ۝۲۱

২১। তিনি যাকে ইচ্ছা করেন শাস্তি দেন এবং যাকে ইচ্ছা করেন দয়া করেন, এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে আনা হবে।

وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاۗءِ ۡ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ۝۲۲ ع ۱۴ ২ রুকু ১৪

২২। এবং তোমরা পৃথিবীতে (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না এবং আকাশেও না; এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে তোমাদের জন্য কোন অভিভাবক নেই এবং কোন সাহায্যকারীও নেই।

وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَلِقَاۗىِٕهٖٓ اُولٰۗىِٕكَ يَىِٕسُوْا مِنْ رَّحْمَتِيْ وَاُولٰۗىِٕكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝۲۳

২৩। আর যারা আল্লাহ্‌র নিদর্শনাবলী ও তাঁর সাক্ষাৎকে অবিশ্বাস করেছে তারাই আমার দয়া থেকে হতাশ হয় এবং তাদেরই জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوا اقْتُلُوْهُ اَوْ حَرِّقُوْهُ فَاَنْجٰىهُ اللّٰهُ مِنَ النَّارِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٢٤﴾

২৪। কিন্তু তার (ইবরাহীমের) সম্প্রদায়ের উত্তর ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'তাকে হত্যা কর অথবা তাকে জ্বালিয়ে দাও', অতঃপর আল্লাহ্ তাকে আগুন থেকে উদ্ধার করলেন। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শন রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

وَقَالَ اِنَّمَا اتَّخَذْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا ۙ مَّوَدَّةَ بَيْنِكُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ ثُمَّ يَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُ بَعْضُكُمْ بِبَعْضٍ وَّيَلْعَنُ بَعْضُكُمْ بَعْضًا ۫ وَّمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٢٥﴾

২৫। এবং সে (ইবরাহীম) বলল, 'তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে কেবল মূর্তিগুলোকে (উপাস্য হিসেবে) গ্রহণ করেছ, দুনিয়ার জীবনে তোমাদের মধ্যে (পারস্পরিক) হৃদ্যতার উপায় হিসেবে, এরপর কিয়ামতের দিন তোমরা একে অপরকে অস্বীকার করবে এবং একে অপরকে লা'নত (অভিশাপ) দেবে। এবং তোমাদের আশ্রয়স্থল হবে আগুন এবং তোমাদের কোন সাহায্যকারী থাকবে না।'

فَاٰمَنَ لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّيْ مُهَاجِرٌ اِلٰى رَبِّيْ ؕ اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٦﴾

২৬। অতঃপর লূত তাকে বিশ্বাস করল। এবং সে (ইবরাহীম) বলল, 'নিশ্চয় আমি আমার প্রতিপালকের (নির্দেশিত গন্তব্যের) দিকে হিজরত (দেশ ত্যাগ) করছি। নিশ্চয় তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ وَيَعْقُوْبَ وَجَعَلْنَا فِيْ ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَيْنٰهُ اَجْرَهٗ فِي الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِي الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿٢٧﴾

২৭। এবং আমি তাকে (ইবরাহীমকে) দান করলাম ইসহাক ও ইয়াকুব এবং তার বংশধরের মধ্যে নির্ধারণ করলাম নবুয়্যত ও কিতাব এবং আমি তাকে দুনিয়ায় তার প্রতিদান দিলাম, এবং নিশ্চয় সে আখিরাতে অবশ্যই সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত।

وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اِنَّكُمْ لَتَاْتُوْنَ الْفَاحِشَةَ ۖ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٢٨﴾

২৮। এবং লূত, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'নিশ্চয় তোমরা অশ্লীল কাজ (সমকামিতা) করছ, যা জগৎসমূহের (মানবজাতির) মধ্য থেকে তোমাদের পূর্বে কেউ করেনি।

اَئِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ وَتَقْطَعُوْنَ السَّبِيْلَ ۙ وَتَاْتُوْنَ فِيْ نَادِيْكُمُ الْمُنْكَرَ ؕ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوا ائْتِنَا بِعَذَابِ اللّٰهِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٩﴾

২৯। তোমরাই কি পুরুষদের নিকট গমন কর (সমকামিতা কর), রাহাজানি কর এবং তোমাদের মজলিসে (প্রকাশ্যে) গর্হিত কাজ কর?' কিন্তু তার সম্প্রদায়ের উত্তর ছিল কেবল এই যে, তারা বলেছিল, 'আমাদের উপর আল্লাহ্র শাস্তি নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

ع ١٥ ٣ رُكُوْعُ ١٧

قَالَ رَبِّ انْصُرْنِيْ عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ﴿٣٠﴾

৩০। সে বলল, 'হে আমার প্রতিপালক! ফ্যাসাদ সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য করুন।'

وَلَمَّا جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى ۙ قَالُوْٓا اِنَّا مُهْلِكُوْٓا اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ ۚ اِنَّ اَهْلَهَا كَانُوْا ظٰلِمِيْنَ ﴿٣١﴾

৩১। এবং যখন আমার রাসূলরা (ফেরেশতারা) সুসংবাদসহ ইবরাহীমের নিকট আসল, তারা বলল, 'নিশ্চয় আমরা এই জনপদবাসীদেরকে ধ্বংস করব।' নিশ্চয় এর অধিবাসীরা ছিল জালিম।

قَالَ اِنَّ فِيْهَا لُوْطًا ۚ قَالُوْا نَحْنُ اَعْلَمُ بِمَنْ فِيْهَا ۫ لَنُنَجِّيَنَّهٗ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ۖ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٣٢﴾

৩২। সে (ইবরাহীম) বলল, 'নিশ্চয় সেখানে লূত রয়েছে।' তারা বলল, 'সেখানে কারা আছে তা আমরা ভাল জানি। অবশ্যই অবশ্যই আমরা তাকে (লূতকে) ও তার পরিবার-পরিজনকে উদ্ধার করব- তার স্ত্রীকে ছাড়া। সে হল পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত।'

وَلَمَّآ اَنْ جَآءَتْ رُسُلُنَا لُوْطًا سِيْٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالُوْا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۫ اِنَّا مُنَجُّوْكَ وَاَهْلَكَ اِلَّا امْرَاَتَكَ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٣٣﴾

৩৩। এবং যখন আমার রাসূলরা (ফেরেশতারা) লূতের নিকট আসল তখন সে তাদেরকে নিয়ে চিন্তিত হয়ে পড়ল এবং তাদেরকে নিয়ে সংকটে পড়ল এবং তারা বলল, 'ভয় করবেন না, দুশ্চিন্তাও করবেন না। নিশ্চয় আমরা আপনাকে ও আপনার পরিবার-পরিজনকে উদ্ধার করব- আপনার স্ত্রীকে ছাড়া। সে হল পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত।

إِنَّا مُنْزِلُوْنَ عَلٰٓى أَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٣٤﴾

৩৪। নিশ্চয় আমরা এই জনপদবাসীর উপর আকাশ থেকে শাস্তি অবতীর্ণ করব, কারণ তারা পাপাচার করছিল।'

وَلَقَدْ تَّرَكْنَا مِنْهَآ اٰيَةًۢ بَيِّنَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٣٥﴾

৩৫। এবং অবশ্যই আমি এতে এক স্পষ্ট নির্দশন রেখেছি এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

وَإِلٰى مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ وَارْجُوا الْيَوْمَ الْاٰخِرَ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِيْنَ ﴿٣٦﴾

৩৬। এবং আমি মাদইয়ানের প্রতি তাদের ভাই শু'আইবকে (প্রেরণ করেছিলাম), এবং সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহ্‌র ইবাদত কর, আখিরাতের দিনের প্রত্যাশা কর এবং পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টিকারী হয়ে অপরাধ করো না।'

فَكَذَّبُوْهُ فَأَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوْا فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٣٧﴾

৩৭। কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলল, সুতরাং ভূমিকম্প তাদেরকে পাকড়াও করল এবং তারা তাদের আবাসস্থলে উপুড় হয়ে পড়ে রইল।

وَعَادًا وَّثَمُوْدَا وَقَدْ تَّبَيَّنَ لَكُمْ مِّنْ مَّسٰكِنِهِمْ ۖ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ وَكَانُوْا مُسْتَبْصِرِيْنَ ﴿٣٨﴾

৩৮। এবং (আমি ধ্বংস করেছিলাম) আদ ও ছামূদকে, এবং তাদের (ধ্বংসপ্রাপ্ত) বাসস্থানসমূহ থেকে তোমাদের নিকট তা স্পষ্ট হয়েছে। এবং শয়তান তাদের কাজকে তাদের নিকট শোভণীয় করেছিল এবং তাদেরকে (সঠিক)পথ হতে বিরত রেখেছিল, অথচ তারা ছিল চক্ষুষ্মান-

وَقَارُوْنَ وَفِرْعَوْنَ وَهَامٰنَ ۖ وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ فَاسْتَكْبَرُوْا فِي الْأَرْضِ وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ﴿٣٩﴾

৩৯। এবং (আমি ধ্বংস করেছিলাম) কারূন, ফিরআউন ও হামানকে। এবং অবশ্যই মূসা তাদের নিকট স্পষ্ট প্রমাণাদিসহ এসেছিল, কিন্তু তারা পৃথিবীতে অহংকার করেছিল, অথচ তারা (আমাকে) ছাড়িয়ে যেতে পারেনি।

فَكُلًّا أَخَذْنَا بِذَنْۢبِهٖ ۚ فَمِنْهُمْ مَّنْ أَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ مَّنْ أَخَذَتْهُ الصَّيْحَةُ ۚ وَمِنْهُمْ مَّنْ خَسَفْنَا بِهِ الْأَرْضَ ۚ وَمِنْهُمْ مَّنْ أَغْرَقْنَا ۚ وَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا أَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٤٠﴾

৪০। এভাবে তাদের প্রত্যেককেই আমি তার অপরাধের কারণে পাকড়াও করেছিলাম, এবং তাদের কারো প্রতি প্রেরণ করেছিলাম পাথরবাহী প্রচণ্ড ঝড়, এবং তাদের কাউকে পাকড়াও করেছিল বিকট শব্দ,এবং তাদের কাউকেসহ আমি ভূমিকে ধ্বসিয়ে দিয়েছিলাম, এবং তাদের কাউকে আমি নিমজ্জিত করেছিলাম, আর আল্লাহ্ এমন ছিলেন না যে তিনি তাদের উপর জুলুম করবেন, বরং তারাই তাদের নিজেদের প্রতি জুলুম করত।

مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ أَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ اتَّخَذَتْ بَيْتًا ۚ وَإِنَّ أَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٤١﴾

৪১। যারা আল্লাহ্‌কে বাদ দিয়ে অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করে তাদের উপমা হল মাকড়সার উপমার মত, যে একটি ঘর বানিয়েছে। আর নিশ্চয় মাকড়সার ঘরই সবচেয়ে দুর্বল ঘর- যদি তারা জানত।

إِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مِنْ شَيْءٍ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٤٢﴾

৪২। তারা তাঁকে (আল্লাহ্‌কে) বাদ দিয়ে যা কিছুকে ডাকে, নিশ্চয় আল্লাহ্ তা জানেন এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۚ وَمَا يَعْقِلُهَآ إِلَّا الْعٰلِمُوْنَ ﴿٤٣﴾

৪৩। এবং এই উপমাসমূহ আমি মানুষের জন্য পেশ করি, কিন্তু জ্ঞানীরা ছাড়া (অন্য কেউ) তা অনুধাবন করে না।

خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ۚ إِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ ﴿٤٤﴾

৪৪। আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন সত্যসহ (নির্দিষ্ট লক্ষ্যে)। নিশ্চয় এতে অবশ্যই এক নিদর্শন রয়েছে মু'মিনদের জন্য।

ع ١٢ ٤ রুকু ১৬

পারা-২১

أُتْلُ مَآ أُوْحِيَ إِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَأَقِمِ الصَّلٰوةَ ۖ إِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ۗ وَلَذِكْرُ اللّٰهِ أَكْبَرُ ۗ وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ﴿٤٥﴾

৪৫। (হে নবী!) তুমি পাঠ কর তোমার প্রতি যে কিতাব ওহী করা হয়েছে তা থেকে এবং সালাত (নামায) কায়েম কর। নিশ্চয় সালাত (নামায) অশ্লীল ও মন্দ কাজ থেকে নিষেধ করে। এবং আল্লাহ্‌র স্মরণই সর্বশ্রেষ্ঠ। আর তোমরা যা কর আল্লাহ্ তা জানেন।

وَلَا تُجَادِلُوْٓا أَهْلَ الْكِتٰبِ إِلَّا بِالَّتِيْ هِيَ أَحْسَنُ ۖ إِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ وَقُوْلُوْٓا اٰمَنَّا بِالَّذِيْٓ أُنْزِلَ إِلَيْنَا وَأُنْزِلَ إِلَيْكُمْ وَإِلٰهُنَا وَإِلٰهُكُمْ وَاحِدٌ وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿٤٦﴾

৪৬। এবং তোমরা আহলে কিতাবের সাথে বিতর্ক করো না, উত্তম পদ্ধতিতে ছাড়া, তবে তাদের মধ্যে যারা জুলুম করেছে তাদের কথা ভিন্ন,* এবং বল, 'আমরা ঈমান এনেছি তাতে যা অবতীর্ণ করা হয়েছে আমাদের প্রতি ও যা অবতীর্ণ করা হয়েছিল তোমাদের প্রতি এবং আমাদের ইলাহ্ ও তোমাদের ইলাহ্ এক (ইলাহ্)* এবং আমরা তাঁরই প্রতি আত্মসমর্পণকারী।'

وَكَذٰلِكَ أَنْزَلْنَآ إِلَيْكَ الْكِتٰبَ ۚ فَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يُؤْمِنُوْنَ بِهٖ ۚ وَمِنْ هٰٓؤُلَآءِ مَنْ يُّؤْمِنُ بِهٖ ۗ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ إِلَّا الْكٰفِرُوْنَ ﴿٤٧﴾

৪৭। এবং এভাবেই আমি তোমার প্রতি কিতাব (কুরআন) অবতীর্ণ করেছি। এবং যাদেরকে আমি কিতাব দিয়েছিলাম তারা (কেউ কেউ) এতে ঈমান আনে, এবং এদেরও কেউ কেউ এতে ঈমান আনে। আর কাফিররা ছাড়া অন্য কেউ আমার আয়াতসমূহকে অস্বীকার করে না ।

وَمَا كُنْتَ تَتْلُوْا مِنْ قَبْلِهٖ مِنْ كِتٰبٍ وَّلَا تَخُطُّهٗ بِيَمِيْنِكَ إِذًا لَّارْتَابَ الْمُبْطِلُوْنَ ﴿٤٨﴾

৪৮। আর তুমি এর পূর্বে কোন কিতাব পাঠ করতে না এবং তোমার ডান হাত দ্বারা কোন কিতাবও লিপিবদ্ধ করনি, সে ক্ষেত্রে বাতিলপন্থীরা অবশ্যই সন্দেহ পোষণ করতে পারত।

بَلْ هُوَ اٰيٰتٌ بَيِّنٰتٌ فِيْ صُدُوْرِ الَّذِيْنَ أُوْتُوا الْعِلْمَ ۚ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ إِلَّا الظّٰلِمُوْنَ ﴿٤٩﴾

৪৯। বরং যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তাদের বক্ষসমূহে এটি (কুরআন) স্পষ্ট নিদর্শন। আর জালিমরা ছাড়া অন্য কেউ আমার নিদর্শনাবলী অস্বীকার করে না।

وَقَالُوْا لَوْلَآ أُنْزِلَ عَلَيْهِ اٰيٰتٌ مِّنْ رَّبِّهٖ ۗ قُلْ إِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ۖ وَإِنَّمَآ أَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾

৫০। এবং তারা বলে, 'তার প্রতিপালকের পক্ষ থেকে তার নিকট নিদর্শনাবলী অবতীর্ণ করা হল না কেন?' বল, 'নিদর্শনাবলী (অবতীর্ণ করার এখতিয়ার) কেবল আল্লাহ্‌র নিকট। আর আমি কেবল একজন সুস্পষ্ট সতর্ককারী।'

أَوَلَمْ يَكْفِهِمْ أَنَّآ أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتٰبَ يُتْلٰى عَلَيْهِمْ ۗ إِنَّ فِيْ ذٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرٰى لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٥١﴾

৫১। এটি কি তাদের জন্য যথেষ্ট নয় যে, আমি তোমার প্রতি কিতাব (কুরআন) অবতীর্ণ করেছি, যা তাদের নিকট পাঠ করা হয়? নিশ্চয় এতে অবশ্যই দয়া ও উপদেশ রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে। ৫ ع ১৫ রুকূ ১

قُلْ كَفٰى بِاللّٰهِ بَيْنِيْ وَبَيْنَكُمْ شَهِيْدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ وَالَّذِيْنَ اٰمَنُوْا بِالْبَاطِلِ وَكَفَرُوْا بِاللّٰهِ ۙ أُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٥٢﴾

৫২। (হে নবী!) বল, 'আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট, আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা (সবই) তিনি জানেন। আর যারা বাতিলে (অসত্যে) ঈমান এনেছে ও আল্লাহ্‌কে অবিশ্বাস করেছে তারাই ক্ষতিগ্রস্ত।'

وَيَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ۗ وَلَوْلَآ أَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ۗ وَلَيَأْتِيَنَّهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٣﴾

৫৩। এবং তারা তোমাকে শাস্তি তাড়াতাড়ি করতে বলে। আর যদি একটি নির্দিষ্ট সময় না থাকত তবে তাদের নিকট শাস্তি অবশ্যই এসে পড়ত। এবং অবশ্যই অবশ্যই তাদের নিকট শাস্তি আসবে আকস্মিকভাবে, যখন তারা টেরও পাবে না।

يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ۗ وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌ ۢ بِالْكٰفِرِيْنَ ﴿٥٤﴾

৫৪। তারা তোমাকে শাস্তি তাড়াতাড়ি করতে বলে। আর নিশ্চয় জাহান্নাম কাফিরদেরকে পরিবেষ্টন করেই আছে-

يَوْمَ يَغْشٰىهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ أَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٥٥﴾

৫৫। যেদিন শাস্তি তাদেরকে আচ্ছন্ন করবে তাদের উপর থেকে ও তাদের পায়ের নিচ থেকে এবং তিনি বলবেন, 'তোমরা যা করতে তা (তার ফল) আস্বাদন কর।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ اَرْضِيْ وَاسِعَةٌ فَاِيَّايَ فَاعْبُدُوْنِ ﴿٥٦﴾

৫৬। হে আমার বান্দারা, যারা ঈমান এনেছ ! নিশ্চয় আমার পৃথিবী প্রশস্ত, সুতরাং তোমরা আমারই ইবাদত কর।

كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ قف ثُمَّ اِلَيْنَا تُرْجَعُوْنَ ﴿٥٧﴾

৫৭। প্রত্যেক ব্যক্তিই মৃত্যুর স্বাদ গ্রহণকারী; এরপর আমারই দিকে তোমাদেরকে ফিরিয়ে আনা হবে।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُبَوِّئَنَّهُمْ مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ نِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿٥٨﴾ قف

৫৮। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে অবশ্যই অবশ্যই আমি তাদেরকে জান্নাতে সুউচ্চ কক্ষের নিবাসী করব, যার নিচে নহরসমূহ প্রবাহিত এবং সেখানে তারা স্থায়ী হবে, (সৎ) কর্মশীলদের প্রতিদান কতই না উত্তম!

الَّذِيْنَ صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٥٩﴾

৫৯। যারা ধৈর্যধারণ করেছে এবং তাদের প্রতিপালকের উপর ভরসা করে।

وَكَاَيِّنْ مِّنْ دَآبَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا ۖ اَللّٰهُ يَرْزُقُهَا وَاِيَّاكُمْ ۖ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٦٠﴾

৬০। এবং কত জীবজন্তুই আছে যারা তাদের রিযিক (অর্থাৎ রিযিকের দায়িত্ব) বহন করে না। আল্লাহ্ই তাদেরকে রিযিক দান করেন এবং তোমাদেরকেও। এবং তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ۚ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٦١﴾

৬১। এবং যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, কে আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং চন্দ্র ও সূর্যকে নিয়মাধীন করেছেন? অবশ্যই অবশ্যই তারা বলবে, 'আল্লাহ্'। তবে কিভাবে তাদেরকে বিভ্রান্ত করা হচ্ছে!

اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٦٢﴾

৬২। আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) তার জন্য পরিমাপ করে দেন। নিশ্চয় আল্লাহ্ সব কিছু সম্পর্কে ভালভাবে জানেন।

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ نَّزَّلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَحْيَا بِهِ الْاَرْضَ مِنْۢ بَعْدِ مَوْتِهَا لَيَقُوْلُنَّ اللّٰهُ ؕ قُلِ الْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿٦٣﴾ ع

৬৩। এবং যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, 'কে আকাশ থেকে পানি অবতীর্ণ করেন এবং এর দ্বারা ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর?' অবশ্যই অবশ্যই তারা বলবে, 'আল্লাহ্'। বল, 'সকল প্রশংসা আল্লাহ্র জন্য'। বরং তাদের অধিকাংশই অনুধাবন করে না।

ع ٦ ١٣ ٢ ٦ রুকূ ২

وَمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَهْوٌ وَّلَعِبٌ ؕ وَاِنَّ الدَّارَ الْاٰخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٦٤﴾

৬৪। আর এই দুনিয়ার জীবন খেলতামাশা ছাড়া আর কিছু নয়। এবং নিশ্চয় আখিরাতের আবাসই প্রকৃত জীবন- যদি তারা জানত।

فَاِذَا رَكِبُوْا فِي الْفُلْكِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى الْبَرِّ اِذَا هُمْ يُشْرِكُوْنَ ﴿٦٥﴾

৬৫। আর যখন তারা নৌযানে আরোহন করে তখন তারা আল্লাহ্কে ডাকে দ্বীনকে তাঁরই জন্যে নির্দিষ্ট করে। কিন্তু যখন তিনি তাদেরকে উদ্ধার করে স্থলে আনেন তখন তারা শরীক করে-

لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ ۙ وَلِيَتَمَتَّعُوْا ۟ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٦٦﴾

৬৬। যাতে তাদেরকে আমি যা দিয়েছি তার প্রতি তারা অকৃতজ্ঞ হতে পারে এবং ভোগ করতে পারে। কিন্তু অচিরেই তারা জানতে পারবে।

اَوَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا حَرَمًا اٰمِنًا وَّيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ ؕ اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَةِ اللّٰهِ يَكْفُرُوْنَ ﴿٦٧﴾

৬৭। তারা কি ভেবে দেখেনি যে, আমি 'হারাম'কে নিরাপদ স্থানে পরিণত করেছি, অথচ এর চারপাশের মানুষ (প্রতিনিয়ত) ছিনতাই এর শিকার হচ্ছে? তবে কি তারা বাতিলেই (মিথ্যাতেই) ঈমান আনে এবং আল্লাহ্র নেয়ামতে অকৃতজ্ঞ হয়?

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَآءَهٗ ؕ اَلَيْسَ فِيْ جَهَنَّمَ مَثْوًى لِّلْكٰفِرِيْنَ ﴿٦٨﴾

৬৮। এবং তার চেয়ে অধিক জালিম আর কে যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করেছে অথবা সত্যকে মিথ্যা অভিহিত করেছে, যখন তা তার নিকট এসেছে? জাহান্নামে কি কাফিরদের আবাসস্থল নয়?

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ؕ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ ﴿٦٩﴾ ع

৬৯। এবং যারা আমার জন্য জিহাদ করে (প্রচেষ্টা চালায়) আমি তাদেরকে অবশ্যই অবশ্যই আমার পথ প্রদর্শন করব।* এবং নিশ্চয় আল্লাহ্ অবশ্যই সৎকর্মপরায়ণদের সাথে রয়েছেন।

ع ٧ ٦ ٣ ٩ রুকূ ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩০. সূরা আর-রূম, মাক্কী

৬০ আয়াত, ৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٠-سُوْرَةُ الرُّوْمِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦٠، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ①

১। আলিফ-লাম-মীম।

غُلِبَتِ الرُّوْمُ ②

২। রোমানরা* পরাজিত হয়েছে-

فِيْٓ اَدْنَى الْاَرْضِ وَهُمْ مِّنْۢ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُوْنَ ۙ③

৩। নিকটবর্তী ভূখণ্ডে, কিন্তু তারা তাদের (এই) পরাজয়ের পর শীঘ্রই বিজয়ী হবে-

فِيْ بِضْعِ سِنِيْنَ ۭ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْۢ بَعْدُ ۭ وَيَوْمَىِٕذٍ يَّفْرَحُ الْمُؤْمِنُوْنَ ۙ④

৪। -কয়েক বছরের* মধ্যে। পূর্বের ও পরের নির্দেশ (ফয়সালা) আল্লাহ্‌রই। এবং সেদিন মু'মিনরা উৎফুল্ল হবে-

بِنَصْرِ اللّٰهِ ۭ يَنْصُرُ مَنْ يَّشَاۗءُ ۭ وَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۙ⑤

৫। -আল্লাহ্‌র সাহায্যে। তিনি যাকে ইচ্ছা করেন সাহায্য করেন। এবং তিনিই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু-

وَعْدَ اللّٰهِ ۭ لَا يُخْلِفُ اللّٰهُ وَعْدَهٗ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ⑥

৬। -(এটি) আল্লাহ্‌র প্রতিশ্রুতি। আল্লাহ্ তাঁর প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

يَعْلَمُوْنَ ظَاهِرًا مِّنَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَهُمْ عَنِ الْاٰخِرَةِ هُمْ غٰفِلُوْنَ ⑦

৭। তারা দুনিয়ার জীবনের বাহ্যিক (দিক) জানে, আর তারা আখিরাত সম্বন্ধে বেখবর।

اَوَلَمْ يَتَفَكَّرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ ۭ مَا خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ۭ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ بِلِقَاۗئِ رَبِّهِمْ لَكٰفِرُوْنَ ⑧

৮। তারা কি তাদের নিজেদেরকে নিয়ে চিন্তা করে না? আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তা কেবল সত্যসহ (সঠিক লক্ষ্যে) এবং এক নির্দিষ্ট সময়ের জন্য সৃষ্টি করেছেন। কিন্তু নিশ্চয় অনেক মানুষ তাদের প্রতিপালকের সাথে সাক্ষাতের ব্যাপারে অবশ্যই অবিশ্বাসী।

اَوَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۭ كَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاَثَارُوا الْاَرْضَ وَعَمَرُوْهَآ اَكْثَرَ مِمَّا عَمَرُوْهَا وَجَاۗءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۭ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ⑨

৯। তারা (মক্কাবাসীরা) কি পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি, কেমন ছিল তাদের পূর্ববর্তীদের পরিণাম? তারা ছিল তাদের চেয়ে শক্তিতে প্রবল এবং তারা যমীন চাষ করেছিল এবং তারা তা (অর্থাৎ যমীন) যা আবাদ করেছে তার চেয়ে তারা তা বেশি আবাদ করেছিল, এবং তাদের নিকট তাদের রাসূলরা এসেছিল স্পষ্ট নিদর্শনাবলীসহ। আর আল্লাহ্ এমন ছিলেন না যে, তিনি তাদের উপর জুলুম করবেন, বরং তারাই তাদের নিজেদের উপর জুলুম করত।

ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِيْنَ اَسَاۗءُوا السُّوْٓآٰى اَنْ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَكَانُوْا بِهَا يَسْتَهْزِءُوْنَ ⑩

ع ١ ٣ ٢ রুকূ ৪

১০। এরপর যারা মন্দ কাজ করেছিল তাদের পরিণাম হয়েছে মন্দ, কারণ তারা আল্লাহ্‌র আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছিল এবং এগুলো নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত।

اَللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ⑪

১১। আল্লাহ্ই সৃষ্টির সূচনা করেন, এরপর এর (সৃষ্টির) পুনরাবৃত্তি করবেন, এরপর তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُوْنَ ⑫

১২। এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৩। এবং তাদের শরীকদের মধ্য থেকে কেউ তাদের জন্য সুপারিশকারী হবে না, এবং তারা (তখন) তাদের শরীকদের প্রতি অবিশ্বাসী হবে।

وَلَمْ يَكُنْ لَّهُمْ مِّنْ شُرَكَآئِهِمْ شُفَعٰٓؤُا وَكَانُوْا بِشُرَكَآئِهِمْ كٰفِرِيْنَ ﴿١٣﴾

১৪। এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন তারা (মানুষ) বিভক্ত* হয়ে পড়বে।

وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَّتَفَرَّقُوْنَ ﴿١٤﴾

১৫। তবে যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে তাদেরকে (জান্নাতের) বাগানে (আপ্যায়নের মাধ্যমে) আনন্দিত করা হবে।

فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَهُمْ فِيْ رَوْضَةٍ يُّحْبَرُوْنَ ﴿١٥﴾

১৬। আর যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহ ও আখিরাতের সাক্ষাৎকে মিথ্যা অভিহিত করেছে, তাদেরকেই শাস্তিতে উপস্থিত করা হবে।

وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا وَلِقَآئِ الْاٰخِرَةِ فَاُولٰٓئِكَ فِي الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿١٦﴾

১৭। সুতরাং তোমরা আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা কর যখন তোমরা বিকেলে উপনীত হও এবং যখন তোমরা সকালে উপনীত হও-

فَسُبْحٰنَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ ﴿١٧﴾

১৮। আর আকাশসমূহ ও পৃথিবীতে সকল প্রশংসা তাঁরই - এবং (তাঁর পবিত্রতা ঘোষণা কর) সন্ধ্যায় এবং যখন তোমরা দুপুরে উপনীত হও।

وَلَهُ الْحَمْدُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا وَّحِيْنَ تُظْهِرُوْنَ ﴿١٨﴾

১৯। তিনিই মৃত হতে জীবিত বের করেন এবং জীবিত হতে মৃত বের করেন এবং ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর। আর এভাবেই তোমাদেরকে বের করা হবে।

يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَيُحْيِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۭ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿١٩﴾

২০। আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন মাটি থেকে, এরপর তোমরা এখন এক মানব জাতি, (পৃথিবী জুড়ে) ছড়িয়ে আছ।

وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ اِذَآ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ﴿٢٠﴾

২১। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের জন্য তোমাদের নিজেদের মধ্য হতে সৃষ্টি করেছেন জোড়া, যাতে তোমরা তাদের নিকট প্রশান্তি পেতে পার এবং তোমাদের মধ্যে স্থাপন করেছেন হৃদ্যতা ও দয়া। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا لِّتَسْكُنُوْٓا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢١﴾

২২। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের ভাষা ও বর্ণের বৈচিত্র্য। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে জ্ঞানীদের জন্য।

وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ اَلْسِنَتِكُمْ وَاَلْوَانِكُمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ﴿٢٢﴾

২৩। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাতে ও দিনে তোমাদের ঘুম এবং তার অনুগ্রহ (জীবিকা) অন্বেষণ করা। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা শ্রবণ করে।

وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَاۗؤُكُمْ مِّنْ فَضْلِهٖ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿٢٣﴾

২৪। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে, তিনি তোমাদেরকে দেখান বিদ্যুৎ- ভয় ও প্রত্যাশাস্বরূপ, এবং আকাশ থেকে অবতীর্ণ করেন পানি, অতঃপর এর দ্বারা ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

وَمِنْ اٰيٰتِهٖ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنَزِّلُ مِنَ السَّمَاۗءِ مَاۗءً فَيُحْيٖ بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٢٤﴾

২৫। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তাঁরই নির্দেশে আকাশ ও পৃথিবী দাঁড়িয়ে থাকে। এরপর যখন তিনি তোমাদেরকে যমীন (মাটি) থেকে (বের হওয়ার জন্য) একবার আহ্বান করবেন তৎক্ষণাৎ তোমরা বের হয়ে আসবে।

وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ تَقُوْمَ السَّمَاۗءُ وَالْاَرْضُ بِاَمْرِهٖ ۭ ثُمَّ اِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖ مِّنَ الْاَرْضِ ۖ اِذَآ اَنْتُمْ تَخْرُجُوْنَ ﴿٢٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿٢٦﴾

২৬। এবং আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা তাঁরই। সকলেই তাঁর অনুগত।

وَهُوَ الَّذِيْ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ؕ وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ ع ٣٤٢٦ ৩ রুকূ ৩

২৭। এবং তিনিই সৃষ্টির সূচনা করেন, এরপর এর (সৃষ্টির) পুনরাবৃত্তি করবেন, এবং এটি তার জন্য খুবই সহজ। এবং আকাশসমূহ ও পৃথিবীতে সর্বোচ্চ দৃষ্টান্ত তাঁরই এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنْ اَنْفُسِكُمْ ؕ هَلْ لَّكُمْ مِّنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ شُرَكَآءَ فِيْ مَا رَزَقْنٰكُمْ فَاَنْتُمْ فِيْهِ سَوَآءٌ تَخَافُوْنَهُمْ كَخِيْفَتِكُمْ اَنْفُسَكُمْ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٢٨﴾

২৮। তিনি (আল্লাহ্) তোমাদের জন্য তোমাদের নিজেদের থেকে একটি উপমা পেশ করছেন- আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তাতে তোমাদের ডান হাত যা মালিক হয়েছে তার (অর্থাৎ দাস-দাসীদের)* মধ্য থেকে তোমাদের কি কোন অংশীদার রয়েছে যাতে তোমরা তাতে সমান হয়ে যাও? তোমরা (কি) তাদেরকে সেরূপ ভয় কর যেরূপ (অংশীদারিত্বের মধ্যে) তোমরা তোমাদের নিজেদেরকে ভয় কর? এভাবেই আমি নির্দশনসমূহ বিস্তারিত বর্ণনা করি এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

بَلِ اتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْٓا اَهْوَآءَهُمْ بِغَيْرِ عِلْمٍ ۚ فَمَنْ يَّهْدِيْ مَنْ اَضَلَّ اللّٰهُ ؕ وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٢٩﴾

২৯। বরং যারা জুলুম করেছে তারা কোন জ্ঞান ছাড়াই তাদের প্রবৃত্তির অনুসরণ করে। সুতরাং আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেছেন, কে তাকে সঠিকপথ প্রদর্শন করবে? আর তাদের জন্য কোন সাহায্যকারী নেই।

فَاَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ؕ فِطْرَتَ اللّٰهِ الَّتِيْ فَطَرَ النَّاسَ عَلَيْهَا ؕ لَا تَبْدِيْلَ لِخَلْقِ اللّٰهِ ؕ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ ۙ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٠﴾

৩০। অতএব তুমি একত্ববাদী হয়ে তোমার চেহারাকে (নিজকে) দ্বীনের জন্য সোজা কর- (এটি) আল্লাহ্র ফিতরাত,* যার উপর তিনি মানুষ সৃষ্টি করেছেন;* আল্লাহ্র সৃষ্টিতে কোন পরিবর্তন নেই। এটিই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষ জানে না-

مُنِيْبِيْنَ اِلَيْهِ وَاتَّقُوْهُ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَلَا تَكُوْنُوْا مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٣١﴾

৩১। তাঁর দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তনকারী হয়ে, এবং তাঁকে ভয় কর, সালাত (নামায) কায়েম কর এবং অন্তর্ভুক্ত হয়ো না মুশরিকদের-

مِنَ الَّذِيْنَ فَرَّقُوْا دِيْنَهُمْ وَكَانُوْا شِيَعًا ؕ كُلُّ حِزْبٍۭ بِمَا لَدَيْهِمْ فَرِحُوْنَ ﴿٣٢﴾

৩২। -(অর্থাৎ) তাদের, যারা তাদের দ্বীনকে বিভক্ত করেছে এবং বিভিন্ন দলে পরিণত হয়েছে। প্রত্যেক দলই তাদের কাছে যা আছে তা নিয়ে উৎফুল্ল।

وَاِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا رَبَّهُمْ مُّنِيْبِيْنَ اِلَيْهِ ثُمَّ اِذَآ اَذَاقَهُمْ مِّنْهُ رَحْمَةً اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ بِرَبِّهِمْ يُشْرِكُوْنَ ﴿٣٣﴾

৩৩। আর যখন মানুষকে দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন তারা তাদের প্রতিপালককে ডাকে তাঁর দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তনকারী হয়ে, এরপর যখন তিনি তাদেরকে তাঁর পক্ষ থেকে দয়া আস্বাদন করান তখন তাদের একদল তাদের প্রতিপালকের সাথে শরীক করে -

لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ ؕ فَتَمَتَّعُوْا ۟ فَسَوْفَ تَعْلَمُوْنَ ﴿٣٤﴾

৩৪। যাতে তাদেরকে আমি যা দিয়েছি, তা তারা অবিশ্বাস করে। সুতরাং ভোগ করে নাও, কারণ শীঘ্রই তোমরা জানতে পারবে।

اَمْ اَنْزَلْنَا عَلَيْهِمْ سُلْطٰنًا فَهُوَ يَتَكَلَّمُ بِمَا كَانُوْا بِهٖ يُشْرِكُوْنَ ﴿٣٥﴾

৩৫। আমি কি তাদের কাছে কোন প্রমাণ অবতীর্ণ করেছি, ফলে তা (সেই প্রমাণ) তারা তাঁর সাথে যা শরিক করে থাকে তার (পক্ষে) কথা বলে?

وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً فَرِحُوْا بِهَا ؕ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ ۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ اِذَا هُمْ يَقْنَطُوْنَ ﴿٣٦﴾

৩৬। আর যখন আমি মানুষকে কোন দয়া আস্বাদন করাই তখন তারা তাতে উৎফুল্ল হয় এবং তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে যদি কোন অকল্যাণ তাদেরকে আঘাত করে তৎক্ষণাৎ তারা নিরাশ হয়ে পড়ে।

اَوَلَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٣٧﴾

৩৭। তারা কি ভেবে দেখেনি যে, আল্লাহ্ যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ؕ ذٰلِكَ خَيْرٌ لِّلَّذِيْنَ يُرِيْدُوْنَ وَجْهَ اللّٰهِ ۫ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٣٨﴾

৩৮। অতএব আত্মীয়-স্বজনকে তার হক (অধিকার) দিয়ে দাও এবং মিসকীন (অভাবগ্রস্ত) ও সম্বলহীন মুসাফিরকেও। এটি উত্তম তাদের জন্য যারা আল্লাহ্‌র সন্তুষ্টি চায় এবং তারাই সফল।

وَمَآ اٰتَيْتُمْ مِّنْ رِّبًا لِّيَرْبُوَا۟ فِيْٓ اَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُوْا عِنْدَ اللّٰهِ ۚ وَمَآ اٰتَيْتُمْ مِّنْ زَكٰوةٍ تُرِيْدُوْنَ وَجْهَ اللّٰهِ فَاُولٰٓئِكَ هُمُ الْمُضْعِفُوْنَ ﴿٣٩﴾

৩৯। এবং মানুষের ধন-সম্পদের মধ্যে বৃদ্ধি পাবে বলে তোমরা সুদের ভিত্তিতে* যা প্রদান করে থাক, তা আল্লাহ্‌র নিকট বৃদ্ধি পায় না। আর আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে যে যাকাত তোমরা দিয়ে থাক (তাই বৃদ্ধি পায়), এবং তারাই* বৃদ্ধিকারী।

اَللّٰهُ الَّذِيْ خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ؕ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّفْعَلُ مِنْ ذٰلِكُمْ مِّنْ شَيْءٍ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٤٠﴾

৪০। তিনিই আল্লাহ্‌, যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন, এরপর তোমাদেরকে রিযিক দিয়েছেন, এরপর তোমাদের মৃত্যু ঘটাবেন, এরপর তোমাদেরকে জীবিত করবেন। তোমাদের শরীকদের মধ্যে এমন কেউ আছে কি, যে এ সবের কোন কিছু করতে পারে? তারা যা শরীক করে তা হতে তিনি পবিত্র এবং অনেক ঊর্ধ্বে।

ع ٤ ١٣ ٧ ٨ রুকূ ٩

ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ اَيْدِي النَّاسِ لِيُذِيْقَهُمْ بَعْضَ الَّذِيْ عَمِلُوْا لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٤١﴾

৪১। মানুষ যা অর্জন করেছে সে কারণে স্থলে ও সমুদ্রে ফ্যাসাদ প্রকাশিত হয়েছে, যাতে তিনি (আল্লাহ্‌) তাদেরকে আস্বাদন করাতে পারেন তার কিছু যা তারা করেছে, যাতে তারা ফিরে আসতে পারে।

قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلُ ؕ كَانَ اَكْثَرُهُمْ مُّشْرِكِيْنَ ﴿٤٢﴾

৪২। বল, 'তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং লক্ষ্য কর, কেমন ছিল পূর্ববর্তীদের পরিণাম।' তাদের অধিকাংশই ছিল মুশরিক।

فَاَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ الْقَيِّمِ مِنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهٗ مِنَ اللّٰهِ يَوْمَئِذٍ يَّصَّدَّعُوْنَ ﴿٤٣﴾

৪৩। অতএব তুমি সঠিক দ্বীনের জন্য তোমার চেহারাকে (নিজকে) সোজা কর, আল্লাহ্‌র পক্ষ থেকে সেদিন আসার পূর্বে যা প্রতিরোধ করার নয়। সেদিন তারা (মানুষ) বিভক্ত হয়ে পড়বে (কেউ জান্নাতে আর কেউ জাহান্নামে)।

مَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ۚ وَمَنْ عَمِلَ صَالِحًا فَلِاَنْفُسِهِمْ يَمْهَدُوْنَ ﴿٤٤﴾

৪৪। যে কুফরী করেছে তার কুফরী (অর্থাৎ কুফরীর পরিণাম) তারই উপর, আর যারা সৎকাজ করেছে তারা নিজেদেরই জন্য (আখিরাতের) সুখশয্যা প্রস্তুত করে-

لِيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنْ فَضْلِهٖ ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ ﴿٤٥﴾

৪৫। যাতে যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে তিনি তাঁর অনুগ্রহ থেকে প্রতিদান দিতে পারেন। নিশ্চয় তিনি কাফিরদেরকে ভালবাসেন না।

وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ يُّرْسِلَ الرِّيَاحَ مُبَشِّرٰتٍ وَّلِيُذِيْقَكُمْ مِّنْ رَّحْمَتِهٖ وَلِتَجْرِيَ الْفُلْكُ بِاَمْرِهٖ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٤٦﴾

৪৬। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি বায়ু প্রেরণ করেন সুসংবাদবাহীরূপে এবং যাতে তোমাদেরকে আস্বাদন করাতে পারেন তাঁর দয়া* থেকে এবং যাতে তাঁর নির্দেশে নৌযানগুলো চলাচল করতে পারে এবং যাতে তোমরা তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পার এবং যাতে (তোমরা) কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَانْتَقَمْنَا مِنَ الَّذِيْنَ اَجْرَمُوْا ؕ وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾

৪৭। এবং অবশ্যই আমি তোমার পূর্বে রাসূলদেরকে প্রেরণ করেছিলাম তাদের (নিজ নিজ) সম্প্রদায়ের নিকট, এবং তারা তাদের নিকট স্পষ্ট প্রমাণাদি নিয়ে এসেছিল, অতঃপর যারা অপরাধ করেছে আমি তাদেরকে উচিত শাস্তি দিয়েছিলাম। এবং মু'মিনদেরকে সাহায্য করা আমার দায়িত্ব ছিল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اَللّٰهُ الَّذِىْ يُرْسِلُ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَيَبْسُطُهٗ فِى السَّمَآءِ كَيْفَ يَشَآءُ وَيَجْعَلُهٗ كِسَفًا فَتَرَى الْوَدْقَ يَخْرُجُ مِنْ خِلٰلِهٖ ۚ فَاِذَآ اَصَابَ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖٓ اِذَا هُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿٤٨﴾

৪৮। তিনিই আল্লাহ্, যিনি বায়ু প্রেরণ করেন, এবং তা মেঘমালাকে সঞ্চালিত করে, এবং তিনি একে যেভাবে ইচ্ছা আকাশে ছড়িয়ে দেন, এবং একে খণ্ড-বিখণ্ড করেন এবং তুমি এর মধ্য থেকে বৃষ্টি বের হতে দেখ, এবং যখন তিনি তাঁর বান্দাদের মধ্যে যাদের উপর ইচ্ছা তা আপতিত করেন তখন তারা উৎফুল্ল হয়।

وَاِنْ كَانُوْا مِنْ قَبْلِ اَنْ يُّنَزَّلَ عَلَيْهِمْ مِّنْ قَبْلِهٖ لَمُبْلِسِيْنَ ﴿٤٩﴾

৪৯। যদিও ইতঃপূর্বে তাদের উপর এর (বৃষ্টি) অবতীর্ণ হওয়ার পূর্বে তারা হতাশাগ্রস্ত ছিল।

فَانْظُرْ اِلٰٓى اٰثٰرِ رَحْمَتِ اللّٰهِ كَيْفَ يُحْىِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ اِنَّ ذٰلِكَ لَمُحْىِ الْمَوْتٰى ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٥٠﴾

৫০। সুতরাং আল্লাহ্‌র দয়ার প্রভাবসমূহের দিকে লক্ষ্য কর, কিভাবে তিনি ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর। নিশ্চয় সেই (সত্তা) অবশ্যই মৃতদেরকে জীবিত করবেন এবং তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَلَئِنْ اَرْسَلْنَا رِيْحًا فَرَاَوْهُ مُصْفَرًّا لَّظَلُّوْا مِنْۢ بَعْدِهٖ يَكْفُرُوْنَ ﴿٥١﴾

৫১। আর যদি আমি এক বায়ু প্রেরণ করি এবং তারা তা (অর্থাৎ তাদের শস্য) হলদে দেখতে পায় তাহলে এরপর অবশ্যই তারা অকৃতজ্ঞ হয়ে পড়ে।

فَاِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى وَلَا تُسْمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ﴿٥٢﴾

৫২। সুতরাং নিশ্চয় তুমি মৃতদেরকে শোনাতে পারবে না এবং বধিরকেও শোনাতে পারবে না আহ্বান যখন তারা পৃষ্ঠ প্রদর্শন করে চলে যায়।

وَمَآ اَنْتَ بِهٰدِ الْعُمْىِ عَنْ ضَلٰلَتِهِمْ ؕ اِنْ تُسْمِعُ اِلَّا مَنْ يُّؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ مُّسْلِمُوْنَ ﴿٥٣﴾ ع ٥ ١٣ ٨ ٥ রুকূ ٨

৫৩। আর তুমি অন্ধদেরকে তাদের পথভ্রষ্টতা থেকে সঠিকপথ প্রদর্শনকারীও নও। যারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে কেবল তাদেরকেই তুমি শোনাতে পারবে, এবং তারাই মুসলিম।

اَللّٰهُ الَّذِىْ خَلَقَكُمْ مِّنْ ضُعْفٍ ثُمَّ جَعَلَ مِنْۢ بَعْدِ ضُعْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنْۢ بَعْدِ قُوَّةٍ ضُعْفًا وَّشَيْبَةً ؕ يَخْلُقُ مَا يَشَآءُ ۚ وَهُوَ الْعَلِيْمُ الْقَدِيْرُ ﴿٥٤﴾

৫৪। তিনিই আল্লাহ্, যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন দুর্বল অবস্থায়, এরপর দুবর্ল অবস্থার পর তিনি দেন শক্তি, এরপর শক্তির পর দেন দুবর্লতা ও বার্ধক্য। তিনি যা ইচ্ছা করেন সৃষ্টি করেন, এবং তিনিই সর্বজ্ঞানী ও সর্বশক্তিমান।

وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُوْنَ ۙ مَا لَبِثُوْا غَيْرَ سَاعَةٍ ؕ كَذٰلِكَ كَانُوْا يُؤْفَكُوْنَ ﴿٥٥﴾

৫৫। এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধীরা কসম করে বলবে যে, তারা একমুহূর্ত ছাড়া অবস্থান করেনি। এভাবেই তাদেরকে বিভ্রান্ত করা হত।

وَقَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَالْاِيْمَانَ لَقَدْ لَبِثْتُمْ فِىْ كِتٰبِ اللّٰهِ اِلٰى يَوْمِ الْبَعْثِ ۫ فَهٰذَا يَوْمُ الْبَعْثِ وَلٰكِنَّكُمْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٥٦﴾

৫৬। কিন্তু যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে তারা বলবে, 'তোমরা অবশ্যই আল্লাহ্‌র কিতাব (বিধান) অনুসারে পুনরুত্থানের দিন পর্যন্ত অবস্থান করেছ। এবং এটিই পুনরুত্থানের দিন, কিন্তু তোমরা জানতে না।'

فَيَوْمَئِذٍ لَّا يَنْفَعُ الَّذِيْنَ ظَلَمُوْا مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ﴿٥٧﴾

৫৭। সুতরাং যারা জুলুম করেছে তাদের অজুহাত সেদিন তাদের উপকারে আসবে না এবং তাদেরকে আল্লাহ্‌র সন্তুষ্টি লাভেরও সুযোগ দেয়া হবে না।

وَلَقَدْ ضَرَبْنَا لِلنَّاسِ فِىْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَلَئِنْ جِئْتَهُمْ بِاٰيَةٍ لَّيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ اَنْتُمْ اِلَّا مُبْطِلُوْنَ ﴿٥٨﴾

৫৮। এবং আমি মানুষের জন্য এই কুরআনে সব ধরণের দৃষ্টান্ত পেশ করেছি। এবং যদি তুমি তাদের কাছে কোন নিদর্শন নিয়ে আস তাহলে যারা কুফরী করেছে তারা অবশ্যই অবশ্যই বলবে, 'তোমরা কেবল বাতিলপন্থী।'

كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى قُلُوْبِ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿٥٩﴾

৫৯। এভাবেই আল্লাহ্ মোহর মেরে দেন তাদের হৃদয়সমূহে যারা জানে না।

فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلَا يَسْتَخِفَّنَّكَ الَّذِيْنَ لَا يُوْقِنُوْنَ ﴿٦٠﴾ ع ٦ ٧ ٩ ٦ রুকূ ٩

৬০। অতএব তুমি ধৈর্য ধারণ কর, নিশ্চয় আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য এবং যারা নিশ্চিত বিশ্বাসী নয় তারা যেন তোমাকে উদ্বিগ্ন না করে।

৩১. সূরা লুকমান, মাক্কী
৩৪ আয়াত, ৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣١-سُوْرَةُ لُقْمٰنَ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٣٤، رُكُوْعَاتُهَا-٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ﴿١﴾

১। আলিফ-লাম-মীম।

تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ﴿٢﴾

২। এগুলো প্রজ্ঞাময় কিতাবের আয়াত-

هُدًى وَّرَحْمَةً لِّلْمُحْسِنِيْنَ ﴿٣﴾

৩। পথনির্দেশিকা ও দয়াস্বরূপ সৎকর্মপরায়ণদের জন্য-

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ﴿٤﴾

৪। যারা সালাত (নামায) কায়েম করে, যাকাত প্রদান করে, এবং তারাই আখিরাতের প্রতি নিশ্চিত বিশ্বাস রাখে।

اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٥﴾

৫। তারাই তাদের প্রতিপালকের পক্ষ থেকে (আসা) সঠিক পথের উপর রয়েছে এবং তারাই সফল।

وَمِنَ النَّاسِ مَنْ يَّشْتَرِيْ لَهْوَ الْحَدِيْثِ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ ۖ وَّيَتَّخِذَهَا هُزُوًا ۭ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿٦﴾

৬। আর মানুষের মধ্যে এমনও রয়েছে, যে কোন জ্ঞান ছাড়াই আল্লাহ্‌র পথ থেকে (লোকদেরকে) বিচ্যুত করার জন্য চিত্তবিনোদনমূলক কথা ক্রয় করে এবং এগুলোকে (অর্থাৎ আল্লাহ্‌র আয়াতসমূহকে) উপহাস হিসেবে গ্রহণ করে। তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।*

وَاِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا وَلّٰى مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ يَسْمَعْهَا كَاَنَّ فِيْٓ اُذُنَيْهِ وَقْرًا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٧﴾

৭। এবং যখন তার নিকট আমার আয়াতসমূহ পাঠ করা হয় তখন সে অহংকার করে মুখ ফিরিয়ে নেয় যেন সে তা শুনতে পায়নি, যেন তার দুই কানে রয়েছে বধিরতা, অতএব তাকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتُ النَّعِيْمِ ﴿٨﴾

৮। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে নেয়ামতপূর্ণ জান্নাতসমূহ-

خٰلِدِيْنَ فِيْهَا ۭ وَعْدَ اللّٰهِ حَقًّا ۭ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٩﴾

৯। সেখানে তারা স্থায়ী হবে। (এটি) আল্লাহ্‌র সত্য প্রতিশ্রুতি। এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

خَلَقَ السَّمٰوٰتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا وَاَلْقٰى فِي الْاَرْضِ رَوَاسِيَ اَنْ تَمِيْدَ بِكُمْ وَبَثَّ فِيْهَا مِنْ كُلِّ دَاۗبَّةٍ ۭ وَاَنْزَلْنَا مِنَ السَّمَاۗءِ مَاۗءً فَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيْمٍ ﴿١٠﴾

১০। তিনি আকাশসমূহ সৃষ্টি করেছেন স্তম্ভ ছাড়াই- তোমরা তা দেখতে পাচ্ছ, এবং পৃথিবীতে স্থাপন করেছেন সুদৃঢ় পর্বতামালা যাতে তা (পৃথিবী) তোমাদেরকে নিয়ে আন্দোলিত না হয় এবং এতে ছড়িয়ে দিয়েছেন সব ধরনের জীব-জন্তু। এবং আমি আকাশ থেকে পানি অবতীর্ণ করি, অতঃপর এতে প্রত্যেক উৎকৃষ্ট ধরণের উদ্ভিদ উদগত করি।

هٰذَا خَلْقُ اللّٰهِ فَاَرُوْنِيْ مَاذَا خَلَقَ الَّذِيْنَ مِنْ دُوْنِهٖ ۭ بَلِ الظّٰلِمُوْنَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿١١﴾

ع ١ ١٠ ١ রুকূ ১০

১১। এই হলো আল্লাহ্‌র সৃষ্টি, সুতরাং তাঁকে বাদ দিয়ে যারা আছে তারা কী সৃষ্টি করেছে তা আমাকে দেখাও। বরং জালিমরা সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছে।

وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ اَنِ اشْكُرْ لِلّٰهِ ۭ وَمَنْ يَّشْكُرْ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ حَمِيْدٌ ﴿١٢﴾

১২। আর অবশ্যই আমি লুকমানকে* হিকমত (প্রজ্ঞা) দান করেছিলাম (এবং বলেছিলাম) যে, আল্লাহ্‌র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। এবং যে কৃতজ্ঞতা প্রকাশ করে সে কৃতজ্ঞতা প্রকাশ করে তার নিজেরই কল্যাণের জন্য আর যে অকৃতজ্ঞ হয়, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্ অমুখাপেক্ষী ও অতি প্রশংসনীয়।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৩। এবং যখন লুকমান তার পুত্রকে বলেছিল যখন সে তাকে উপদেশ দিচ্ছিল, 'হে আমার পুত্র! আল্লাহ্‌র সাথে শরীক করো না। নিশ্চয় শিরক অবশ্যই অতি বড় জুলুম।'

وَاِذْ قَالَ لُقْمٰنُ لِابْنِهٖ وَهُوَ يَعِظُهٗ يٰبُنَىَّ لَا تُشْرِكْ بِاللّٰهِ ؕ اِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيْمٌ ﴿١٣﴾

১৪। এবং আমি মানুষকে তার পিতা-মাতার জন্য নির্দেশ দিয়েছি - তার মা তাকে কষ্টের পর কষ্ট (বরণ) করে গর্ভে ধারণ করেছে এবং তার দুধ ছাড়ানো হয় দুই বছরে - যে, তুমি আমার প্রতি ও তোমার পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও। গন্তব্যস্থল আমারই দিকে।

وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ ۚ حَمَلَتْهُ اُمُّهٗ وَهْنًا عَلٰى وَهْنٍ وَّفِصٰلُهٗ فِىْ عَامَيْنِ اَنِ اشْكُرْ لِىْ وَلِوَالِدَيْكَ ؕ اِلَىَّ الْمَصِيْرُ ﴿١٤﴾

১৫। আর তারা দু'জন যদি তোমাকে জোড়াজোড়ি করে আমার সাথে শরীক করতে, যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তুমি তাদের আনুগত্য করো না এবং দুনিয়াতে তাদের সাথে বসবাস কর সৌহার্দের সাথে।* আর যে আমার দিকে প্রত্যাবর্তন করেছে তার পথ অনুসরণ কর, এরপর তোমাদের প্রত্যাবর্তনস্থল আমারই দিকে এবং তোমরা যা করতে সে বিষয়ে আমি তোমাদেরকে জানিয়ে দিব।

وَاِنْ جَاهَدٰىكَ عَلٰٓى اَنْ تُشْرِكَ بِىْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ۙ فَلَا تُطِعْهُمَا وَصَاحِبْهُمَا فِى الدُّنْيَا مَعْرُوْفًا ۫ وَّاتَّبِعْ سَبِيْلَ مَنْ اَنَابَ اِلَىَّ ۚ ثُمَّ اِلَىَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٥﴾

১৬। 'হে আমার পুত্র! নিশ্চয় তা (অর্থাৎ কর্ম) যদি সরিষার দানা পরিমাণও হয় এবং তা যদি থাকে পাথরের মধ্যে অথবা আকাশসমূহে কিংবা যমীনের ভেতর, আল্লাহ্ তাও উপস্থিত করবেন। নিশ্চয় আল্লাহ্ সূক্ষ্মদর্শী ও সর্বজ্ঞ।

يٰبُنَىَّ اِنَّهَآ اِنْ تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ فَتَكُنْ فِىْ صَخْرَةٍ اَوْ فِى السَّمٰوٰتِ اَوْ فِى الْاَرْضِ يَاْتِ بِهَا اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ﴿١٦﴾

১৭। হে আমার পুত্র! সালাত (নামায) কায়েম কর, সৎকাজের নির্দেশ দাও এবং অসৎকাজ থেকে নিষেধ কর এবং বিপদে ধৈর্য ধারণ কর। নিশ্চয় এটি দৃঢ়সংকল্পের বিষয়সমূহের অন্তর্ভুক্ত,

يٰبُنَىَّ اَقِمِ الصَّلٰوةَ وَاْمُرْ بِالْمَعْرُوْفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلٰى مَآ اَصَابَكَ ؕ اِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿١٧﴾

১৮। এবং মানুষের প্রতি অহঙ্কারভরে* তোমার গাল ফিরাবে না এবং পৃথিবীতে উদ্ধতভাবে বিচরণ করো না। নিশ্চয় আল্লাহ্ কোন উদ্ধত ও অহঙ্কারীকে ভালবাসেন না,*

وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِى الْاَرْضِ مَرَحًا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرٍ ﴿١٨﴾

১৯। এবং তোমার হেঁটে চলায় মধ্যপন্থা অবলম্বন কর এবং তোমার কণ্ঠস্বর নিচু কর। নিশ্চয় গাধার কণ্ঠস্বরই সবচেয়ে খারাপ।'

ع ٣ ٨ ١١ ٢ রুকূ ١١

وَاقْصِدْ فِىْ مَشْيِكَ وَاغْضُضْ مِنْ صَوْتِكَ ؕ اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيْرِ ﴿١٩﴾

২০। তোমরা কি ভেবে দেখনি, আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে আল্লাহ্ তার সবকিছুই তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন এবং তোমাদের প্রতি তার প্রকাশ্য ও অপ্রকাশ্য যাবতীয় নেয়ামত পূর্ণ করে দিয়েছেন? এবং মানুষের মধ্যে কেউ কেউ কোন জ্ঞান, পথনির্দেশনা এবং দীপ্তিমান কিতাব ছাড়াই আল্লাহ্ সম্বন্ধে বিতর্ক করে।

اَلَمْ تَرَوْا اَنَّ اللّٰهَ سَخَّرَ لَكُمْ مَّا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ وَاَسْبَغَ عَلَيْكُمْ نِعَمَهٗ ظَاهِرَةً وَّبَاطِنَةً ؕ وَمِنَ النَّاسِ مَنْ يُّجَادِلُ فِى اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ وَّلَا هُدًى وَّلَا كِتٰبٍ مُّنِيْرٍ ﴿٢٠﴾

২১। এবং যখন তাদেরকে বলা হয়, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা অনুসরণ কর তখন তারা বলে, 'বরং আমরা আমাদের বাপ-দাদাদেরকে যার উপর পেয়েছি তারই অনুসরণ করব।' শয়তান যদি তাদেরকে জ্বলন্ত আগুনের শাস্তির দিকে আহ্বান করে, তবুও কি?

وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ الشَّيْطٰنُ يَدْعُوْهُمْ اِلٰى عَذَابِ السَّعِيْرِ ﴿٢١﴾

২২। আর যে সৎকর্মপরায়ণ হয়ে তার চেহারাকে (নিজকে) আল্লাহ্‌র দিকে সমর্পণ করে, সে অবশ্যই দৃঢ়ভাবে ধারণ করল এক মজবুত হাতল। আর সকল কাজের পরিণাম আল্লাহ্‌রই দিকে।

وَمَنْ يُّسْلِمْ وَجْهَهٗٓ اِلَى اللّٰهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقٰى ؕ وَاِلَى اللّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ﴿٢٢﴾

২৩। আর কেউ কুফরী করলে তার কুফরী যেন তোমাকে কষ্ট না দেয়। আমারই দিকে তাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর আমি তাদেরকে জানিয়ে দিব তারা যা করত। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় আল্লাহ্ ভালভাবে জানেন।

وَمَنْ كَفَرَ فَلَا يَحْزُنْكَ كُفْرُهٗ ؕ اِلَيْنَا مَرْجِعُهُمْ فَنُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٢٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

نُمَتِّعُهُمْ قَلِيْلًا ثُمَّ نَضْطَرُّهُمْ اِلٰى عَذَابٍ غَلِيْظٍ ﴿٢٤﴾

২৪। আমি তাদেরকে সামান্য জীবনোপভোগ করতে দেব, এরপর তাদেরকে কঠিন শাস্তিতে বাধ্য করব।

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ؕ قُلِ الْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٢٥﴾

২৫। এবং যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, 'আকাশসমূহ ও পৃথিবী কে সৃষ্টি করেছেন?' অবশ্যই অবশ্যই তারা বলবে, 'আল্লাহ্'। বল, 'সকল প্রশংসা আল্লাহ্র জন্য', কিন্তু তাদের অধিকাংশই জানে না।

لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اِنَّ اللّٰهَ هُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ ﴿٢٦﴾

২৬। আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্রই। নিশ্চয় আল্লাহ্ই অভাবমুক্ত ও অতি প্রশংসনীয়।

وَلَوْ اَنَّ مَا فِى الْاَرْضِ مِنْ شَجَرَةٍ اَقْلَامٌ وَّالْبَحْرُ يَمُدُّهٗ مِنْۢ بَعْدِهٖ سَبْعَةُ اَبْحُرٍ مَّا نَفِدَتْ كَلِمٰتُ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٧﴾

২৭। এবং যদি পৃথিবীর সমস্ত গাছ কলম হয় এবং সমুদ্র কালি হয় এবং এর সাথে আরও সাত সমুদ্র যুক্ত হয় তবু আল্লাহ্র বাণী (লিখা) শেষ হবে না। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

مَا خَلْقُكُمْ وَلَا بَعْثُكُمْ اِلَّا كَنَفْسٍ وَّاحِدَةٍ ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ﴿٢٨﴾

২৮। তোমাদের (সকলের) সৃষ্টি ও পুনরুত্থান কেবল এক ব্যক্তির (সৃষ্টি ও পুনরুত্থানের) অনুরূপ। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۙ كُلٌّ يَّجْرِىْۤ اِلٰۤى اَجَلٍ مُّسَمًّى وَّاَنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٩﴾

২৯। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ রাতকে দিনে এবং দিনকে রাতে প্রবেশ করান এবং চন্দ্র ও সূর্যকে করেছেন নিয়মাধীন? প্রত্যেকেই একটি নির্দিষ্ট সময়ের দিকে চলছে, এবং এও যে, তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ هُوَ الْحَقُّ وَاَنَّ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهِ الْبَاطِلُ ۙ وَاَنَّ اللّٰهَ هُوَ الْعَلِىُّ الْكَبِيْرُ ﴿٣٠﴾

৩০। এটা এ জন্য যে, আল্লাহ্ই সত্য ,এবং এও যে, তাঁকে বাদ দিয়ে যাকে তারা ডাকে তা বাতিল (মিথ্যা), এবং এও যে, আল্লাহ্ই সুউচ্চ ও মহান।

اَلَمْ تَرَ اَنَّ الْفُلْكَ تَجْرِىْ فِى الْبَحْرِ بِنِعْمَتِ اللّٰهِ لِيُرِيَكُمْ مِّنْ اٰيٰتِهٖ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿٣١﴾

৩১। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্র নেয়ামতে নৌযানগুলো সমুদ্রে চলাচল করে, যাতে তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখাতে পারেন? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে প্রত্যেক অতি ধৈর্যশীল ও অত্যন্ত কৃতজ্ঞ ব্যক্তির জন্য।

وَاِذَا غَشِيَهُمْ مَّوْجٌ كَالظُّلَلِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۚ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى الْبَرِّ فَمِنْهُمْ مُّقْتَصِدٌ ؕ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَاۤ اِلَّا كُلُّ خَتَّارٍ كَفُوْرٍ ﴿٣٢﴾

৩২। এবং যখন তরঙ্গ তাদেরকে আচ্ছন্ন করে ছাওনীর মত তখন তারা আল্লাহ্কে ডাকে দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে, অতঃপর যখন তিনি তাদেরকে উদ্ধার করে স্থলে পৌঁছান তখন তাদের কেউ কেউ মধ্যপন্থী হয়। আর প্রত্যেক বিশ্বাসঘাতক ও অকৃতজ্ঞ ব্যক্তি ছাড়া অন্য কেউ আমার নিদর্শনাবলী অস্বীকার করে না।

يٰۤاَيُّهَا النَّاسُ اتَّقُوْا رَبَّكُمْ وَاخْشَوْا يَوْمًا لَّا يَجْزِىْ وَالِدٌ عَنْ وَّلَدِهٖ ۫ وَلَا مَوْلُوْدٌ هُوَ جَازٍ عَنْ وَّالِدِهٖ شَيْـًٔا ؕ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۪ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ﴿٣٣﴾

৩৩। হে মানুষ! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর এবং ভয় কর সেই দিনকে যেদিন পিতা সন্তানের পক্ষে কোন ক্ষতিপূরণ দিবে না এবং সন্তানও তার পিতার পক্ষে ক্ষতিপূরণকারী হবে না।নিশ্চয় আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য, সুতরাং দুনিয়ার জীবন যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে, এবং সেই প্রতারকও (শয়তানও) যেন তোমাদেরকে কিছুতেই আল্লাহ্ সম্পর্কে প্রতারিত না করে।

اِنَّ اللّٰهَ عِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ۚ وَيُنَزِّلُ الْغَيْثَ ۚ وَيَعْلَمُ مَا فِى الْاَرْحَامِ ؕ وَمَا تَدْرِىْ نَفْسٌ مَّاذَا تَكْسِبُ غَدًا ؕ وَمَا تَدْرِىْ نَفْسٌۢ بِاَىِّ اَرْضٍ تَمُوْتُ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ خَبِيْرٌ ﴿٣٤﴾

৩৪। নিশ্চয় কিয়ামতের জ্ঞান আল্লাহ্রই নিকট রয়েছে, এবং তিনি বৃষ্টি অবতীর্ণ করেন, এবং তিনি জানেন মাতৃগর্ভে কি আছে। কেউ জানে না আগামী কাল সে কি অর্জন করবে। এবং কেউ জানে না কোন স্থানে সে মৃত্যুবরণ করবে। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও সর্বজ্ঞ।

৩২. সূরা আস-সাজ্‌দা, মাক্কী
৩০ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٢-سُوْرَةُ السَّجْدَةِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٣٠، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الٓمّٓ ﴿١﴾

১। আলিফ-লাম-মীম।

تَنْزِيْلُ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٢﴾

২। এ কিতাবের অবতারণ জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে, যে ব্যাপারে কোন সন্দেহ নেই।

اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۚ بَلْ هُوَ الْحَقُّ مِنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٣﴾

৩। তবে কি তারা বলে, 'এটি সে রচনা করেছে?' বরং এটি তোমার প্রতিপালকের পক্ষ থেকে (আগত) সত্য, যাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক করতে পার যাদের নিকট তোমার পূর্বে কোন সতর্ককারী আসেনি, যাতে তারা সঠিক পথ পেতে পারে।

اَللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۭ مَا لَكُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّلِيٍّ وَّلَا شَفِيْعٍ ۭ اَفَلَا تَتَذَكَّرُوْنَ ﴿٤﴾

৪। তিনি আল্লাহ্‌ যিনি আকাশসমূ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে ছয় দিনের মধ্যে সৃষ্টি করেছেন, এরপর তিনি আরশে সমাসীন হন। তাঁকে বাদ দিয়ে তোমাদের জন্য কোন অভিভাবক নেই এবং সুপারিশকারীও নেই। তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

يُدَبِّرُ الْاَمْرَ مِنَ السَّمَاۗءِ اِلَى الْاَرْضِ ثُمَّ يَعْرُجُ اِلَيْهِ فِيْ يَوْمٍ كَانَ مِقْدَارُهٗٓ اَلْفَ سَنَةٍ مِّمَّا تَعُدُّوْنَ ﴿٥﴾

৫। তিনি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সকল বিষয় পরিচালনা করেন, এরপর তা একদিনের মধ্যে তাঁর দিকে উত্থিত হয়- যে দিনের পরিমাণ তোমাদের গণনায় হাজার বছর।

ذٰلِكَ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿٦﴾

৬। তিনিই অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী, মহাপ্রতাপশালী ও পরম দয়ালু-

الَّذِيْٓ اَحْسَنَ كُلَّ شَيْءٍ خَلَقَهٗ وَبَدَاَ خَلْقَ الْاِنْسَانِ مِنْ طِيْنٍ ﴿٧﴾

৭। যিনি তাঁর সৃষ্টির প্রত্যেকটিকে সঠিকরূপে সৃষ্টি করেছেন এবং কাদা মাটি থেকে মানুষ সৃষ্টির সূচনা করেছেন,

ثُمَّ جَعَلَ نَسْلَهٗ مِنْ سُلٰلَةٍ مِّنْ مَّاۗءٍ مَّهِيْنٍ ﴿٨﴾

৮। এরপর বানিয়েছেন তার বংশ তুচ্ছ পানির নির্যাস থেকে,

ثُمَّ سَوّٰىهُ وَنَفَخَ فِيْهِ مِنْ رُّوْحِهٖ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْـِٕدَةَ ۭ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ ﴿٩﴾

৯। এরপর তিনি তাকে সুগঠিত করেছেন এবং তাতে ফুঁকে দিয়েছেন তাঁর রূহ্‌ থেকে এবং তোমাদের জন্য বানিয়েছেন কান, চোখ ও অন্তর। তোমরা সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ কর।

وَقَالُوْٓا ءَاِذَا ضَلَلْنَا فِي الْاَرْضِ ءَاِنَّا لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ۭ بَلْ هُمْ بِلِقَاۗئِ رَبِّهِمْ كٰفِرُوْنَ ﴿١٠﴾

১০। এবং তারা বলে, 'যখন আমরা যমীনে হারিয়ে যাব তখনও কি আমরা নতুন সৃষ্টিতে পরিণত হব?' বরং তারা তাদের প্রতিপালকের সাক্ষাতের ব্যাপারে অবিশ্বাসী।

قُلْ يَتَوَفّٰىكُمْ مَّلَكُ الْمَوْتِ الَّذِيْ وُكِّلَ بِكُمْ ثُمَّ اِلٰى رَبِّكُمْ تُرْجَعُوْنَ ﴿١١﴾

১১। বল, 'তোমাদের জন্য নিযুক্ত মৃত্যুর ফেরেশতা তোমাদের মৃত্যু ঘটাবে, এরপর তোমাদের প্রতিপালকের দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।'

وَلَوْ تَرٰٓى اِذِ الْمُجْرِمُوْنَ نَاكِسُوْا رُءُوْسِهِمْ عِنْدَ رَبِّهِمْ ؕ رَبَّنَآ اَبْصَرْنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا نَعْمَلْ صَالِحًا اِنَّا مُوْقِنُوْنَ ﴿١٢﴾

১২। এবং যদি তুমি দেখতে! যখন অপরাধীরা তাদের প্রতিপালকের সামনে মাথা নত করে বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমরা দেখলাম ও শ্রবণ করলাম, এখন আপনি আমাদেরকে ফেরত পাঠান, আমরা সৎকাজ করব, নিশ্চয় আমরা (এখন) দৃঢ় বিশ্বাসী।'

وَلَوْ شِئْنَا لَاٰتَيْنَا كُلَّ نَفْسٍ هُدٰىهَا وَلٰكِنْ حَقَّ الْقَوْلُ مِنِّىْ لَاَمْلَئَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ﴿١٣﴾

১৩। আর আমি ইচ্ছা করলে প্রত্যেক ব্যক্তিকে তার পথনির্দেশনা দান করতাম, কিন্তু আমার পক্ষ থেকে এ কথা অবধারিত হয়েছে যে, 'অবশ্যই অবশ্যই আমি জ্বীন ও মানুষ উভয়ের দ্বারা জাহান্নাম পূর্ণ করব।'

فَذُوْقُوْا بِمَا نَسِيْتُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا ۚ اِنَّا نَسِيْنٰكُمْ وَذُوْقُوْا عَذَابَ الْخُلْدِ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٤﴾

১৪। সুতরাং শাস্তি আস্বাদন কর, কারণ তোমাদের আজকের এই দিনের সাক্ষাতের কথা তোমরা ভুলে গিয়েছিলে, আমিও তোমাদেরকে ভুলে গেলাম এবং তোমরা যা করতে সে কারণে তোমরা স্থায়ী শাস্তি আস্বাদন কর।

اِنَّمَا يُؤْمِنُ بِاٰيٰتِنَا الَّذِيْنَ اِذَا ذُكِّرُوْا بِهَا خَرُّوْا سُجَّدًا وَّسَبَّحُوْا بِحَمْدِ رَبِّهِمْ وَهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ ﴿١٥﴾ سجدة

১৫। কেবল তারাই আমার আয়াতসমূহে ঈমান আনে যাদেরকে তা দ্বারা উপদেশ দেয়া হলে সিজদায় পড়ে যায় এবং তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করে এবং তারা অহঙ্কার করে না।

تَتَجَافٰى جُنُوْبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُوْنَ رَبَّهُمْ خَوْفًا وَّطَمَعًا ۫ وَّمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿١٦﴾

১৬। তাদের পার্শ্বসমূহ বিছানা থেকে আলাদা হয় (অর্থাৎ ঘুম থেকে উঠে), তারা তাদের প্রতিপালককে ডাকে ভয় ও প্রত্যাশা সহকারে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে তারা ব্যয় করে।

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّآ اُخْفِىَ لَهُمْ مِّنْ قُرَّةِ اَعْيُنٍ ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٧﴾

১৭। এবং কেউই জানে না তাদের জন্য চক্ষু শীতলকারী কী গোপন করে রাখা হয়েছে, তারা যা করত তার প্রতিদানস্বরূপ।

اَفَمَنْ كَانَ مُؤْمِنًا كَمَنْ كَانَ فَاسِقًا ؕ لَا يَسْتَوٗنَ ﴿١٨﴾

১৮। তবে কি যে ব্যক্তি মু'মিন, সে পাপাচারীর মত? তারা সমান নয়।

اَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ جَنّٰتُ الْمَاْوٰى ۫ نُزُلًا بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٩﴾

১৯। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের আপ্যায়নের জন্য রয়েছে জান্নাতুল মাওয়া (আশ্রয়ের উদ্যানসমূহ), তারা যা করত তার বিনিময়ে।

وَاَمَّا الَّذِيْنَ فَسَقُوْا فَمَاْوٰىهُمُ النَّارُ ؕ كُلَّمَآ اَرَادُوْٓا اَنْ يَّخْرُجُوْا مِنْهَآ اُعِيْدُوْا فِيْهَا وَقِيْلَ لَهُمْ ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّذِىْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿٢٠﴾

২০। আর যারা পাপাচার করেছে তাদের আশ্রয়স্থল হবে আগুন। যখনই তারা তা থেকে বের হতে চাইবে তখন তাদেরকে তাতে ফিরিয়ে দেয়া হবে এবং তাদেরকে বলা হবে, 'যে আগুনের শাস্তিকে তোমরা মিথ্যা বলতে তা আস্বাদন কর।'

وَلَنُذِيْقَنَّهُمْ مِّنَ الْعَذَابِ الْاَدْنٰى دُوْنَ الْعَذَابِ الْاَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٢١﴾

২১। এবং (জাহান্নামের) বড় শাস্তির পূর্বে তাদেরকে আমি অবশ্যই অবশ্যই (দুনিয়াতে) ছোট শাস্তি আস্বাদন করাব, যাতে তারা ফিরে আসতে পারে।

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ ثُمَّ اَعْرَضَ عَنْهَا ؕ اِنَّا مِنَ الْمُجْرِمِيْنَ مُنْتَقِمُوْنَ ﴿٢٢﴾ ع

২২। এবং যাকে তার প্রতিপালকের আয়াতসমূহ দ্বারা উপদেশ দেয়ার পর তা থেকে মুখ ফিরিয়ে নেয় তার চেয়ে অধিক জালিম আর কে? নিশ্চয় আমি অপরাধীদেরকে উচিত শাস্তিদাতা।

ع ٢ ١١ ١٥ ٢ রুকূ ১৫

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَلَا تَكُنْ فِيْ مِرْيَةٍ مِّنْ لِّقَآئِهٖ وَجَعَلْنٰهُ هُدًى لِّبَنِيْٓ اِسْرَآئِيْلَ ۚ ﴿٢٣﴾

২৩। আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম- অতএব তুমি (হে মুহাম্মদ!) তা (কুরআন) প্রাপ্তির ব্যাপারে কোন সন্দেহ করো না- এবং একে (তাওরাতকে) বনী ইসরাঈলের জন্য পথনির্দেশিকা বানিয়েছিলাম,

وَجَعَلْنَا مِنْهُمْ اَئِمَّةً يَّهْدُوْنَ بِاَمْرِنَا لَمَّا صَبَرُوْا ۖ وَكَانُوْا بِاٰيٰتِنَا يُوْقِنُوْنَ ﴿٢٤﴾

২৪। এবং আমি তাদের মধ্য থেকে অনেক নেতা বানিয়েছিলাম, যারা আমার নির্দেশ অনুসারে সঠিকপথ প্রদর্শন করত, যখন তারা ধৈর্য ধারণ করেছিল। এবং তারা ছিল আমার নিদর্শনাবলীতে দৃঢ় বিশ্বাসী।

اِنَّ رَبَّكَ هُوَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٢٥﴾

২৫। নিশ্চয় তোমার প্রতিপালকই কিয়ামতের দিন তাদের মধ্যে তার ফয়সালা করে দিবেন যে বিষয়ে তারা মতপার্থক্য করত।

اَوَلَمْ يَهْدِ لَهُمْ كَمْ اَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِّنَ الْقُرُوْنِ يَمْشُوْنَ فِيْ مَسٰكِنِهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ ؕ اَفَلَا يَسْمَعُوْنَ ﴿٢٦﴾

২৬। এটাও কি তাদেরকে পথপ্রদর্শন করেনি যে, আমি তাদের পূর্বে ধ্বংস করেছি কত প্রজন্ম, যারা তাদের বাসস্থানসমূহে চলাফেরা করত? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে। তবে কি তারা শুনে না?

اَوَلَمْ يَرَوْا اَنَّا نَسُوْقُ الْمَآءَ اِلَى الْاَرْضِ الْجُرُزِ فَنُخْرِجُ بِهٖ زَرْعًا تَاْكُلُ مِنْهُ اَنْعَامُهُمْ وَاَنْفُسُهُمْ ؕ اَفَلَا يُبْصِرُوْنَ ﴿٢٧﴾

২৭। তারা কি ভেবে দেখেনি যে, আমি উদ্ভিদশূন্য ভূমিতে পানি প্রবাহিত করে তার সাহায্যে উৎপন্ন করি শস্য, যা হতে খাদ্য গ্রহণ করে তাদের গবাদি পশুগুলো এবং তারা নিজেরাও? তবে কি তারা দেখে না?

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْفَتْحُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٨﴾

২৮। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এই ফয়সালা- যদি তোমরা সত্যবাদী হও?

قُلْ يَوْمَ الْفَتْحِ لَا يَنْفَعُ الَّذِيْنَ كَفَرُوْٓا اِيْمَانُهُمْ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿٢٩﴾

২৯। বল, ফয়সালার দিনে* কাফিরদের ঈমান আনা তাদের উপকারে আসবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না।'

فَاَعْرِضْ عَنْهُمْ وَانْتَظِرْ اِنَّهُمْ مُّنْتَظِرُوْنَ ﴿٣٠﴾ ع

৩০। অতএব তুমি তাদেরকে উপেক্ষা কর এবং অপেক্ষা কর, নিশ্চয় তারাও অপেক্ষাকারী।

ع ٣ ١٢ ٥ রুকু ১৬

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩৩. সূরা আল-আহ্‌যাব, মাদানী

৭৩ আয়াত, ৯ রুকূ

٣٣-سُوْرَةُ الْاَحْزَابِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١١١، رُكُوْعَاتُهَا-١٢

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। হে নবী! আল্লাহ্‌কে ভয় কর এবং কাফির ও মুনাফিকদের আনুগত্য করো না। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান-

يٰٓاَيُّهَا النَّبِيُّ اتَّقِ اللّٰهَ وَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَالْمُنٰفِقِيْنَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ۙ﴿١﴾

২। এবং তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যে ওহী করা হয় তা অনুসরণ কর। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত-

وَّاتَّبِعْ مَا يُوْحٰٓى اِلَيْكَ مِنْ رَّبِّكَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ۙ﴿٢﴾

৩। এবং ভরসা কর আল্লাহ্‌র উপর। আর তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

وَّتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿٣﴾

৪। আল্লাহ্ কোন মানুষের জন্য তার অভ্যন্তরে দু'টি হৃদয় বানাননি, এবং তোমাদের স্ত্রীদেরকে - যাদের সাথে তোমরা যিহার* কর - তোমাদের মাতা বানাননি এবং তোমাদের পালক পুত্রদেরকে তিনি তোমাদের পুত্র বানাননি।* এগুলো তোমাদের মুখের কথা। আর আল্লাহ্ সত্য কথা বলেন এবং তিনি (সঠিক) পথ প্রদর্শন করেন।

مَا جَعَلَ اللّٰهُ لِرَجُلٍ مِّنْ قَلْبَيْنِ فِيْ جَوْفِهٖ ۚ وَمَا جَعَلَ اَزْوَاجَكُمُ الّٰٓـِٔيْ تُظٰهِرُوْنَ مِنْهُنَّ اُمَّهٰتِكُمْ ۚ وَمَا جَعَلَ اَدْعِيَآءَكُمْ اَبْنَآءَكُمْ ؕ ذٰلِكُمْ قَوْلُكُمْ بِاَفْوَاهِكُمْ ؕ وَاللّٰهُ يَقُوْلُ الْحَقَّ وَهُوَ يَهْدِى السَّبِيْلَ ﴿٤﴾

৫। তোমরা তাদেরকে তাদের পিতাদের নামে ডাক, এটি আল্লাহ্‌র কাছে অধিক ন্যায়সংগত, আর যদি তোমরা তাদের পিতাদেরকে না জান, তবে তারা তোমাদের দ্বীনের সম্পর্কে ভাই এবং তোমাদের বন্ধু। এবং এ ব্যাপারে তোমরা কোন ভুল করে ফেললে তোমাদের কোন অপরাধ নেই, কিন্তু তোমাদের হৃদয়সমূহ যা ইচ্ছাকৃতভাবে করে (তাতে অপরাধ হবে)। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

اُدْعُوْهُمْ لِاٰبَآئِهِمْ هُوَ اَقْسَطُ عِنْدَ اللّٰهِ ۚ فَاِنْ لَّمْ تَعْلَمُوْٓا اٰبَآءَهُمْ فَاِخْوَانُكُمْ فِى الدِّيْنِ وَمَوَالِيْكُمْ ؕ وَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ فِيْمَآ اَخْطَاْتُمْ بِهٖ ۙ وَلٰكِنْ مَّا تَعَمَّدَتْ قُلُوْبُكُمْ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٥﴾

৬। নবী মু'মিনদের কাছে তাদের নিজেদের চেয়ে নিকটতর এবং তার স্ত্রীরা তাদের মা। এবং আল্লাহ্‌র বিধানে রক্ত সম্পর্কীয় আত্মীয়রা (অন্যান্য) মু'মিন ও মুহাজিরদের চেয়ে (মীরাসে অংশীদারিত্বের ক্ষেত্রে) পরস্পর নিকটতর। তবে তোমরা তোমাদের বন্ধু-বান্ধবের প্রতি আনুকূল্য* প্রদর্শন করতে পার। তা কিতাবে লিপিবদ্ধ আছে।

اَلنَّبِيُّ اَوْلٰى بِالْمُؤْمِنِيْنَ مِنْ اَنْفُسِهِمْ وَاَزْوَاجُهٗٓ اُمَّهٰتُهُمْ ؕ وَاُولُوا الْاَرْحَامِ بَعْضُهُمْ اَوْلٰى بِبَعْضٍ فِيْ كِتٰبِ اللّٰهِ مِنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُهٰجِرِيْنَ اِلَّآ اَنْ تَفْعَلُوْٓا اِلٰٓى اَوْلِيٰٓئِكُمْ مَّعْرُوْفًا ؕ كَانَ ذٰلِكَ فِى الْكِتٰبِ مَسْطُوْرًا ﴿٦﴾

৭। এবং যখন আমি নবীদের কাছ থেকে তাদের অঙ্গীকার গ্রহণ করেছিলাম এবং তোমার কাছ থেকে এবং নূহ, ইবরাহীম, মূসা ও মারইয়াম-পুত্র ঈসার কাছ থেকে এবং তাদের কাছ থেকে আমি গ্রহণ করেছিলাম এক দৃঢ় অঙ্গীকার-

وَاِذْ اَخَذْنَا مِنَ النَّبِيّٖنَ مِيْثَاقَهُمْ وَمِنْكَ وَمِنْ نُّوْحٍ وَّاِبْرٰهِيْمَ وَمُوْسٰى وَعِيْسَى ابْنِ مَرْيَمَ ۪ وَاَخَذْنَا مِنْهُمْ مِّيْثَاقًا غَلِيْظًا ۙ﴿٧﴾

৮। যাতে তিনি সত্যবাদীদেরকে জিজ্ঞাসা করতে পারেন তাদের সত্যবাদীতা সম্পর্কে, আর তিনি কাফিরদের জন্য প্রস্তুত করেছেন যন্ত্রণাদায়ক শাস্তি।

لِّيَسْـَٔلَ الصّٰدِقِيْنَ عَنْ صِدْقِهِمْ ۚ وَاَعَدَّ لِلْكٰفِرِيْنَ عَذَابًا اَلِيْمًا ﴿٨﴾

ع ١ ١٧ ١ রুকূ ১৭

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ جَآءَتْكُمْ
جُنُوْدٌ فَاَرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا وَّجُنُوْدًا لَّمْ تَرَوْهَا ؕ وَكَانَ اللّٰهُ
بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرًا ۚ﴿٩﴾

৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত স্মরণ কর যখন বাহিনীসমূহ* তোমাদের বিরুদ্ধে এসেছিল এবং আমি তাদের বিরুদ্ধে প্রেরণ করেছিলাম এক বাতাস এবং এমন বাহিনী যা তোমরা দেখনি। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

اِذْ جَآءُوْكُمْ مِّنْ فَوْقِكُمْ وَمِنْ اَسْفَلَ مِنْكُمْ وَاِذْ زَاغَتِ الْاَبْصَارُ
وَبَلَغَتِ الْقُلُوْبُ الْحَنَاجِرَ وَتَظُنُّوْنَ بِاللّٰهِ الظُّنُوْنَا ﴿١٠﴾

১০। যখন তারা তোমাদের বিরুদ্ধে আসল তোমাদের উচুঁ* (অঞ্চল) থেকে এবং তোমাদের নীচু (অঞ্চল) থেকে এবং যখন (আতঙ্কে) দৃষ্টিসমূহ বিচ্যুত হয়েছিল এবং হৃদয়সমূহ কণ্ঠে পৌঁছে গিয়েছিল এবং তোমরা আল্লাহ্ সম্বন্ধে নানা রকম ধারণা পোষণ করছিলে।

هُنَالِكَ ابْتُلِيَ الْمُؤْمِنُوْنَ وَزُلْزِلُوْا زِلْزَالًا شَدِيْدًا ﴿١١﴾

১১। সেখানে মু'মিনদেরকে পরীক্ষা করা হয়েছিল এবং তাদেরকে ভীষণভাবে প্রকম্পিত করা হয়েছিল।

وَاِذْ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ مَّا وَعَدَنَا
اللّٰهُ وَرَسُوْلُهٗٓ اِلَّا غُرُوْرًا ﴿١٢﴾

১২। এবং যখন মুনাফিকরা ও যাদের হৃদয়ে ব্যাধি ছিল তারা বলছিল, 'আল্লাহ্ ও তাঁর রাসূল আমাদেরকে কোন প্রতিশ্রুতিই দেয়নি- প্রতারণা ছাড়া*।'

وَاِذْ قَالَتْ طَّآئِفَةٌ مِّنْهُمْ يٰٓاَهْلَ يَثْرِبَ لَا مُقَامَ لَكُمْ فَارْجِعُوْا ۚ
وَيَسْتَاْذِنُ فَرِيْقٌ مِّنْهُمُ النَّبِيَّ يَقُوْلُوْنَ اِنَّ بُيُوْتَنَا عَوْرَةٌ ۛؕ وَمَا
هِيَ بِعَوْرَةٍ ۛۚ اِنْ يُّرِيْدُوْنَ اِلَّا فِرَارًا ﴿١٣﴾

১৩। এবং যখন তাদের মধ্যে একদল (মুনাফিকরা) বলেছিল, 'হে ইয়াছরিববাসী! তোমাদের জন্য কোন স্থান নেই, সুতরাং তোমরা ফিরে যাও', এবং তাদের মধ্যে একদল নবীর নিকট (অব্যাহতির) অনুমতি চেয়ে বলেছিল, 'নিশ্চয় আমাদের ঘরসমূহ অরক্ষিত', অথচ সেগুলো অরক্ষিত ছিল না, তারা কেবল পলায়ন করতে চেয়েছিল।

وَلَوْ دُخِلَتْ عَلَيْهِمْ مِّنْ اَقْطَارِهَا ثُمَّ سُئِلُوا الْفِتْنَةَ لَاٰتَوْهَا
وَمَا تَلَبَّثُوْا بِهَآ اِلَّا يَسِيْرًا ﴿١٤﴾

১৪। আর যদি তার চতুর্দিক থেকে তাদের বিরুদ্ধে (শত্রুদের) প্রবেশ ঘটত, এরপর তাদেরকে ফিতনার জন্য (বিদ্রোহের জন্য) চাওয়া হত, তবে তারা অবশ্যই তা করত, এবং তারা এতে সামান্যই অপেক্ষা করত।

وَلَقَدْ كَانُوْا عَاهَدُوا اللّٰهَ مِنْ قَبْلُ لَا يُوَلُّوْنَ الْاَدْبَارَ ؕ وَكَانَ
عَهْدُ اللّٰهِ مَسْئُوْلًا ﴿١٥﴾

১৫। এবং এরা ইতঃপূর্বে অবশ্যই আল্লাহ্‌র সাথে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিল যে, তারা পৃষ্ঠ প্রদর্শন (পলায়ন) করবে না। আর আল্লাহ্‌র (সাথে কৃত) প্রতিশ্রুতি সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে।

قُلْ لَّنْ يَّنْفَعَكُمُ الْفِرَارُ اِنْ فَرَرْتُمْ مِّنَ الْمَوْتِ اَوِ الْقَتْلِ
وَاِذًا لَّا تُمَتَّعُوْنَ اِلَّا قَلِيْلًا ﴿١٦﴾

১৬। বল, 'যদি তোমরা মৃত্যু অথবা হত্যা থেকে পলায়ন কর তবে পলায়ন তোমাদের কিছুতেই উপকারে আসবে না, এবং তখন তোমাদেরকে সামান্যই জীবনোপভোগ করতে দেয়া হবে।'

قُلْ مَنْ ذَا الَّذِيْ يَعْصِمُكُمْ مِّنَ اللّٰهِ اِنْ اَرَادَ بِكُمْ سُوْٓءًا
اَوْ اَرَادَ بِكُمْ رَحْمَةً ؕ وَلَا يَجِدُوْنَ لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ وَلِيًّا وَّلَا
نَصِيْرًا ﴿١٧﴾

১৭। বল, 'এমন কে আছে, যে তোমাদেরকে আল্লাহ্ থেকে রক্ষা করবে যদি তিনি তোমাদের অমঙ্গল করতে চান অথবা (বাধা দিবে) যদি তিনি দয়া করতে চান? এবং তারা তাদের (নিজেদের) জন্য আল্লাহ্‌কে বাদ দিয়ে কোন অভিভাবক পাবে না এবং কোন সাহায্যকারীও না।

قَدْ يَعْلَمُ اللّٰهُ الْمُعَوِّقِيْنَ مِنْكُمْ وَالْقَآئِلِيْنَ لِاِخْوَانِهِمْ هَلُمَّ
اِلَيْنَا ۚ وَلَا يَاْتُوْنَ الْبَاْسَ اِلَّا قَلِيْلًا ﴿١٨﴾

১৮। আল্লাহ অবশ্যই জানেন তোমাদের মধ্যকার বাধাদানকারীদেরকে এবং যারা তাদের ভাইদেরকে বলে, 'আমাদের দিকে আস,' এবং তারা সামান্যই যুদ্ধে অংশ নেয়-

اَشِحَّةً عَلَيْكُمْ ۚ فَاِذَا جَآءَ الْخَوْفُ رَاَيْتَهُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ
تَدُوْرُ اَعْيُنُهُمْ كَالَّذِيْ يُغْشٰى عَلَيْهِ مِنَ الْمَوْتِ ۚ فَاِذَا ذَهَبَ
الْخَوْفُ سَلَقُوْكُمْ بِاَلْسِنَةٍ حِدَادٍ اَشِحَّةً عَلَى الْخَيْرِ ؕ اُولٰٓئِكَ لَمْ
يُؤْمِنُوْا فَاَحْبَطَ اللّٰهُ اَعْمَالَهُمْ ؕ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ﴿١٩﴾

১৯। -তোমাদের ব্যাপারে লালসাবশতঃ, অতঃপর যখন ভয়-ভীতি আসে তখন তুমি তাদেরকে দেখবে, তারা মৃত্যুভয়ে মূর্ছিত ব্যক্তির মত চোখ উল্টে তোমার দিকে তাকায়, কিন্তু যখন ভয় চলে যায় তখন শীঘ্রই তারা ধন-সম্পদের লালসায় তীক্ষ্ণ ভাষাসহ তোমাদের সাথে মিলিত হয়। তারা ঈমান আনেনি, ফলে আল্লাহ্ তাদের কর্মসমূহ বিফল করে দিয়েছেন এবং এটা আল্লাহ্‌র জন্য সহজ।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يَحْسَبُوْنَ الْاَحْزَابَ لَمْ يَذْهَبُوْا ۚ وَاِنْ يَّاْتِ الْاَحْزَابُ
يَوَدُّوْا لَوْ اَنَّهُمْ بَادُوْنَ فِى الْاَعْرَابِ يَسْاَلُوْنَ عَنْ اَنْۢبَآئِكُمْ ۚ
وَلَوْ كَانُوْا فِيْكُمْ مَّا قٰتَلُوْٓا اِلَّا قَلِيْلًا ﴿٢٠﴾

২০। তারা মনে করে দলসমূহ* চলে যায়নি, এবং যদি দলসমূহ (আবার) এসে পড়ে তাহলে তারা কামনা করবে যে, যদি তারা মরুভূমিতে বেদুইনদের মধ্যে অবস্থান করে তোমাদের সংবাদ জানতে চাইত! আর যদি তারা তোমাদের মধ্যে থাকত তবে তারা সামান্যই যুদ্ধ করত।

ع ٣ ١٨ ٢ রুকূ ١٨

لَقَدْ كَانَ لَكُمْ فِىْ رَسُوْلِ اللّٰهِ اُسْوَةٌ حَسَنَةٌ لِّمَنْ كَانَ يَرْجُوا
اللّٰهَ وَالْيَوْمَ الْاٰخِرَ وَذَكَرَ اللّٰهَ كَثِيْرًا ﴿٢١﴾

২১। যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের আশা করে এবং আল্লাহ্কে বেশি বেশি স্মরণ করে তাদের জন্য আল্লাহ্র রাসূলের মধ্যে তোমাদের জন্য অবশ্যই উত্তম আদর্শ রয়েছে*।

وَلَمَّا رَاَ الْمُؤْمِنُوْنَ الْاَحْزَابَ ۙ قَالُوْا هٰذَا مَا وَعَدَنَا اللّٰهُ
وَرَسُوْلُهٗ وَصَدَقَ اللّٰهُ وَرَسُوْلُهٗ ۫ وَمَا زَادَهُمْ اِلَّآ اِيْمَانًا
وَّتَسْلِيْمًا ﴿٢٢﴾

২২। এবং যখন মু'মিনরা দলসমূহকে দেখল তখন তারা বলল, 'এ তো তা-ই, যা আল্লাহ্ ও তাঁর রাসূল আমাদেরকে প্রতিশ্রুতি* দিয়েছিলেন এবং আল্লাহ্ ও তাঁর রাসূল সত্য বলেছিলেন।' এবং তা কেবল তাদের ঈমান ও আনুগত্যই বৃদ্ধি করল।

مِنَ الْمُؤْمِنِيْنَ رِجَالٌ صَدَقُوْا مَا عَاهَدُوا اللّٰهَ عَلَيْهِ ۚ فَمِنْهُمْ مَّنْ
قَضٰى نَحْبَهٗ وَمِنْهُمْ مَّنْ يَّنْتَظِرُ ۖ وَمَا بَدَّلُوْا تَبْدِيْلًا ﴿٢٣﴾

২৩। মু'মিনদের মধ্যে কিছু ব্যক্তি রয়েছে যারা আল্লাহ্র সাথে তাদের কৃত অঙ্গীকার সত্যে পরিণত করেছে, এবং তাদের কেউ জীবনকাল পূর্ণ করেছে (অর্থাৎ শাহাদাত বরণ করেছে) এবং কেউ প্রতীক্ষা করছে। এবং তারা কোন পরিবর্তন করেনি (তাদের অঙ্গিকার)-

لِّيَجْزِىَ اللّٰهُ الصّٰدِقِيْنَ بِصِدْقِهِمْ وَيُعَذِّبَ الْمُنٰفِقِيْنَ اِنْ شَآءَ
اَوْ يَتُوْبَ عَلَيْهِمْ ۚ اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٢٤﴾

২৪। যাতে আল্লাহ্ সত্যবাদীদেরকে তাদের সত্যবাদিতার জন্য প্রতিদান দিতে পারেন এবং মুনাফিকদেরকে শাস্তি দিতে পারেন - যদি তিনি ইচ্ছা করেন - অথবা তাদের তওবা কবুল করতে পারেন। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু,

وَرَدَّ اللّٰهُ الَّذِيْنَ كَفَرُوْا بِغَيْظِهِمْ لَمْ يَنَالُوْا خَيْرًا ۚ وَكَفَى اللّٰهُ
الْمُؤْمِنِيْنَ الْقِتَالَ ۚ وَكَانَ اللّٰهُ قَوِيًّا عَزِيْزًا ﴿٢٥﴾

২৫। আর যারা কুফরী করেছে তাদেরকে আল্লাহ্ তাদের ক্রোধসহ ফিরিয়ে দিলেন, তারা কোন কল্যাণ লাভ করেনি। এবং যুদ্ধে মু'মিনদের জন্য আল্লাহ্ই যথেষ্ট। এবং আল্লাহ্ মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী,

وَاَنْزَلَ الَّذِيْنَ ظَاهَرُوْهُمْ مِّنْ اَهْلِ الْكِتٰبِ مِنْ صَيَاصِيْهِمْ
وَقَذَفَ فِىْ قُلُوْبِهِمُ الرُّعْبَ فَرِيْقًا تَقْتُلُوْنَ وَتَاْسِرُوْنَ
فَرِيْقًا ﴿٢٦﴾

২৬। এবং আহলে কিতাবের মধ্যে যারা* তাদেরকে সাহায্য করেছিল, তাদেরকে তিনি তাদের দুর্গ থেকে নামিয়ে আনলেন এবং তাদের হৃদয়সমূহে ভীতি সঞ্চার করলেন, ফলে তোমরা তাদের একদলকে হত্যা করছ এবং একদলকে বন্দী করছ,

وَاَوْرَثَكُمْ اَرْضَهُمْ وَدِيَارَهُمْ وَاَمْوَالَهُمْ وَاَرْضًا لَّمْ تَطَئُوْهَا ۚ
وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرًا ﴿٢٧﴾

ع ٣ ١٩ ٣ রুকূ ١٩

২৭। এবং তিনি তোমাদেরকে উত্তরাধিকারী করলেন তাদের যমীন (ভূমি), তাদের আবাসসমূহ ও তাদের ধন-সম্পদের এবং এমন যমীনের যাতে তোমরা এখনও পদার্পণ করনি*। এবং আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।

يٰٓاَيُّهَا النَّبِىُّ قُلْ لِّاَزْوَاجِكَ اِنْ كُنْتُنَّ تُرِدْنَ الْحَيٰوةَ الدُّنْيَا
وَزِيْنَتَهَا فَتَعَالَيْنَ اُمَتِّعْكُنَّ وَاُسَرِّحْكُنَّ سَرَاحًا جَمِيْلًا ﴿٢٨﴾

২৮। হে নবী! তুমি তোমার স্ত্রীদেরকে বল, 'তোমরা যদি দুনিয়ার জীবন ও তার চাকচিক্য চাও তবে আস, আমি তোমাদেরকে (তালাক পরবর্তী) ভোগ্য-সামগ্রী দেই এবং তোমাদেরকে সুন্দরভাবে মুক্তি দেই*।

وَاِنْ كُنْتُنَّ تُرِدْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَالدَّارَ الْاٰخِرَةَ فَاِنَّ اللّٰهَ اَعَدَّ
لِلْمُحْسِنٰتِ مِنْكُنَّ اَجْرًا عَظِيْمًا ﴿٢٩﴾

২৯। আর যদি তোমরা আল্লাহ্, তাঁর রাসূল ও আখিরাতের আবাস চাও, তবে নিশ্চয় আল্লাহ্ তোমাদের মধ্যে সৎকর্মপরায়ণদের জন্য মহা প্রতিদান প্রস্তুত করেছেন।'

يٰنِسَآءَ النَّبِىِّ مَنْ يَّاْتِ مِنْكُنَّ بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ يُّضٰعَفْ لَهَا
الْعَذَابُ ضِعْفَيْنِ ۚ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ﴿٣٠﴾

৩০। হে নবীর স্ত্রীরা! তোমাদের মধ্যে যে স্পষ্ট অশ্লীলতায় লিপ্ত হবে তাকে দ্বিগুণ শাস্তি দেয়া হবে। এবং এটা আল্লাহ্র জন্য সহজ।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-২২

وَمَنْ يَّقْنُتْ مِنْكُنَّ لِلّٰهِ وَرَسُوْلِهٖ وَتَعْمَلْ صَالِحًا نُّؤْتِهَآ اَجْرَهَا مَرَّتَيْنِ ۙ وَاَعْتَدْنَا لَهَا رِزْقًا كَرِيْمًا ﴿٣١﴾

৩১। এবং তোমাদের মধ্যে যে আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি অনুগত হবে ও সৎকাজ করবে তাকে আমি দু'বার প্রতিদান দেব এবং তার জন্য আমি প্রস্তুত করেছি সম্মানজনক রিযিক।

يٰنِسَآءَ النَّبِيِّ لَسْتُنَّ كَاَحَدٍ مِّنَ النِّسَآءِ اِنِ اتَّقَيْتُنَّ فَلَا تَخْضَعْنَ بِالْقَوْلِ فَيَطْمَعَ الَّذِيْ فِيْ قَلْبِهٖ مَرَضٌ وَّقُلْنَ قَوْلًا مَّعْرُوْفًا ﴿٣٢﴾

৩২। হে নবীর স্ত্রীরা! তোমরা যে কোন নারীর মত নও, যদি তোমরা (আল্লাহ্কে) ভয় কর, তবে (পর-পুরুষের সাথে) কোমল কণ্ঠে কথা বলো না, পাছে যার হৃদয়ে ব্যাধি আছে সে প্রলুব্ধ হয় এবং তোমরা যথাযথ কথা বলবে।

وَقَرْنَ فِيْ بُيُوْتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْاُوْلٰى وَاَقِمْنَ الصَّلٰوةَ وَاٰتِيْنَ الزَّكٰوةَ وَاَطِعْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ۭ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ اَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيْرًا ﴿٣٣﴾

৩৩। এবং তোমরা তোমাদের ঘরসমূহে অবস্থান কর এবং পূর্ববর্তী জাহিলী (অজ্ঞ) যুগের প্রদর্শনের মত তোমাদেরকে প্রদর্শন করো না, এবং তোমরা সালাত (নামায) কায়েম কর ও যাকাত প্রদান কর এবং আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য কর। হে (নবীর) পরিবার! আল্লাহ্ কেবল তোমাদের থেকে অপবিত্রতা দূর করতে এবং তোমাদেরকে সম্পূর্ণরূপে পবিত্র করতে চান।

وَاذْكُرْنَ مَا يُتْلٰى فِيْ بُيُوْتِكُنَّ مِنْ اٰيٰتِ اللّٰهِ وَالْحِكْمَةِ ۭ اِنَّ اللّٰهَ كَانَ لَطِيْفًا خَبِيْرًا ﴿٣٤﴾

ع ٤ ١٨ রুকূ ১

৩৪। এবং আল্লাহ্র যে আয়াতসমূহ ও* হিকমত (প্রজ্ঞা) তোমাদের ঘরসমূহে পাঠ করা হয় তা স্মরণ রেখো। নিশ্চয় আল্লাহ্ অতি সূক্ষ্মদর্শী ও সকল বিষয়ে অবগত।

اِنَّ الْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمٰتِ وَالْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ وَالْقٰنِتِيْنَ وَالْقٰنِتٰتِ وَالصّٰدِقِيْنَ وَالصّٰدِقٰتِ وَالصّٰبِرِيْنَ وَالصّٰبِرٰتِ وَالْخٰشِعِيْنَ وَالْخٰشِعٰتِ وَالْمُتَصَدِّقِيْنَ وَالْمُتَصَدِّقٰتِ وَالصَّاۗىِٕمِيْنَ وَالصّٰۗىِٕمٰتِ وَالْحٰفِظِيْنَ فُرُوْجَهُمْ وَالْحٰفِظٰتِ وَالذّٰكِرِيْنَ اللّٰهَ كَثِيْرًا وَّالذّٰكِرٰتِ ۙ اَعَدَّ اللّٰهُ لَهُمْ مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ﴿٣٥﴾

৩৫। নিশ্চয় মুসলিম পুরুষ ও মুসলিম নারী, মু'মিন পুরুষ ও মু'মিন নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, রোযা পালনকারী পুরুষ ও রোযা পালনকারী নারী, লজ্জাস্থান হেফাজতকারী পুরুষ ও নারী এবং আল্লাহ্কে অধিক স্মরণকারী পুরুষ ও নারী- এদের জন্য আল্লাহ্ প্রস্তুত করেছেন ক্ষমা ও মহাপ্রতিদান।

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَّلَا مُؤْمِنَةٍ اِذَا قَضَى اللّٰهُ وَرَسُوْلُهٗٓ اَمْرًا اَنْ يَّكُوْنَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ اَمْرِهِمْ ۭ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَقَدْ ضَلَّ ضَلٰلًا مُّبِيْنًا ﴿٣٦﴾

৩৬। এবং কোন মু'মিন পুরুষ ও মু'মিন নারীর জন্য এটি (সঙ্গত) নয় যে, যখন আল্লাহ্ ও তাঁর রাসূল কোন বিষয়ে সিদ্ধান্ত নেন তখন তাদের (নিজেদের) বিষয়ে পছন্দের অবকাশ থাকবে। এবং যে আল্লাহ্ ও তাঁর রাসূলকে অমান্য করবে সে অবশ্যই সুস্পষ্টভাবে পথভ্রষ্ট হবে।

وَاِذْ تَقُوْلُ لِلَّذِيْٓ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِ وَاَنْعَمْتَ عَلَيْهِ اَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ اللّٰهَ وَتُخْفِيْ فِيْ نَفْسِكَ مَا اللّٰهُ مُبْدِيْهِ وَتَخْشَى النَّاسَ ۚ وَاللّٰهُ اَحَقُّ اَنْ تَخْشٰىهُ ۭ فَلَمَّا قَضٰى زَيْدٌ مِّنْهَا وَطَرًا زَوَّجْنٰكَهَا لِكَيْ لَا يَكُوْنَ عَلَي الْمُؤْمِنِيْنَ حَرَجٌ فِيْٓ اَزْوَاجِ اَدْعِيَاۗىِٕهِمْ اِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا ۭ وَكَانَ اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ﴿٣٧﴾

৩৭। আর যখন আল্লাহ্ যার উপর নেয়ামত দান করেছেন এবং তুমিও যার উপর নেয়ামত দান করেছ তাকে তুমি বলেছিলে, 'তুমি তোমার স্ত্রীকে তোমার কাছে রেখে দাও এবং আল্লাহ্কে ভয় কর', আর তুমি তোমার নিজের মধ্যে যা গোপন করছ* আল্লাহ্ তা প্রকাশকারী, এবং তুমি লোকজনকে ভয় করছিলে, অথচ আল্লাহ্ই অধিক হকদার যে, তুমি তাকে ভয় করবে। অতঃপর যায়িদ যখন তার থেকে প্রয়োজন শেষ করল (অর্থাৎ তালাক দিল)* তখন আমি তার সাথে তোমাকে বিয়ে দিলাম, যেন মু'মিনদের জন্য কোন অসুবিধা না থাকে তাদের পালকপুত্রদের স্ত্রীদের (বিয়ে করার) ক্ষেত্রে- যখন তারা তাদের থেকে প্রয়োজন শেষ করে। এবং আল্লাহ্র নির্দেশ কার্যকর হয়েই থাকে।

مَا كَانَ عَلَي النَّبِيِّ مِنْ حَرَجٍ فِيْمَا فَرَضَ اللّٰهُ لَهٗ ۭ سُنَّةَ اللّٰهِ فِي الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلُ ۭ وَكَانَ اَمْرُ اللّٰهِ قَدَرًا مَّقْدُوْرَۨا ﴿٣٨﴾

৩৮। আল্লাহ্ নবীর জন্য যা বিধিসম্মত করেছেন তা করতে তার জন্য কোন দোষ নেই। পূর্বে যারা (যেসব নবী) গত হয়েছে তাদের ক্ষেত্রে (এটিই ছিল) আল্লাহ্র সুন্নত (নীতি)। এবং আল্লাহ্র নির্দেশ একটি নির্ধারিত নির্ধারণ-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

الَّذِيْنَ يُبَلِّغُوْنَ رِسٰلٰتِ اللّٰهِ وَيَخْشَوْنَهٗ وَلَا يَخْشَوْنَ اَحَدًا
اِلَّا اللّٰهَ ؕ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ﴿٣٩﴾

৩৯। যারা আল্লাহ্‌র রিসালাত (পয়গাম) পৌঁছে দেয় ও তাঁকে ভয় করে, এবং আল্লাহ্ ছাড়া কাউকে ভয় করে না। আর হিসাব গ্রহণকারী হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

مَا كَانَ مُحَمَّدٌ اَبَآ اَحَدٍ مِّنْ رِّجَالِكُمْ وَلٰكِنْ رَّسُوْلَ اللّٰهِ وَ
خَاتَمَ النَّبِيّٖنَ ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿٤٠﴾

রুকূ ২

৪০। মুহাম্মাদ তোমাদের পুরুষদের মধ্যে কারো পিতা নয়, বরং (সে) আল্লাহ্‌র রাসূল এবং নবীদের শেষ। আর আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوا اللّٰهَ ذِكْرًا كَثِيْرًا ﴿٤١﴾

৪১। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে বেশি বেশি স্মরণ কর-

وَّسَبِّحُوْهُ بُكْرَةً وَّاَصِيْلًا ﴿٤٢﴾

৪২। এবং সকালে ও সন্ধ্যায় তাঁর পবিত্রতা ঘোষণা কর।

هُوَ الَّذِيْ يُصَلِّيْ عَلَيْكُمْ وَمَلٰٓئِكَتُهٗ لِيُخْرِجَكُمْ مِّنَ الظُّلُمٰتِ
اِلَى النُّوْرِ ؕ وَكَانَ بِالْمُؤْمِنِيْنَ رَحِيْمًا ﴿٤٣﴾

৪৩। তিনিই তোমাদের প্রতি অনুগ্রহ করেন এবং তাঁর ফেরেশতারাও (তোমাদের জন্য অনুগ্রহ প্রার্থনা করে), যাতে তিনি তোমাদেরকে অন্ধকার থেকে আলোতে বের করে আনতে পারেন। এবং তিনি মু'মিনদের প্রতি পরম দয়ালু।

تَحِيَّتُهُمْ يَوْمَ يَلْقَوْنَهٗ سَلٰمٌ ۚ وَاَعَدَّ لَهُمْ اَجْرًا كَرِيْمًا ﴿٤٤﴾

৪৪। যেদিন তারা তাঁর (আল্লাহ্‌র) সাথে সাক্ষাৎ করবে সেদিন তাদের (প্রতি) অভিবাদন হবে 'সালাম', এবং তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন সম্মানজনক প্রতিদান।

يٰۤاَيُّهَا النَّبِيُّ اِنَّاۤ اَرْسَلْنٰكَ شَاهِدًا وَّمُبَشِّرًا وَّنَذِيْرًا ﴿٤٥﴾

৪৫। হে নবী! নিশ্চয় আমি তোমাকে প্রেরণ করেছি সাক্ষী, সুসংবাদদাতা ও সতর্ককারী হিসাবে-

وَّدَاعِيًا اِلَى اللّٰهِ بِاِذْنِهٖ وَسِرَاجًا مُّنِيْرًا ﴿٤٦﴾

৪৬। এবং তাঁর ইচ্ছায় আল্লাহ্‌র দিকে আহ্বানকারী এবং দীপ্তিমান প্রদীপ হিসাবে।

وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ بِاَنَّ لَهُمْ مِّنَ اللّٰهِ فَضْلًا كَبِيْرًا ﴿٤٧﴾

৪৭। এবং তুমি মু'মিনদেরকে সুসংবাদ দাও যে, তাদের জন্য রয়েছে আল্লাহ্‌র পক্ষ থেকে মহা অনুগ্রহ।

وَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَالْمُنٰفِقِيْنَ وَدَعْ اَذٰىهُمْ وَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ
وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿٤٨﴾

৪৮। এবং তুমি কাফির ও মুনাফিকদের আনুগত্য করো না, এবং তাদের (দেয়া) কষ্টকে উপেক্ষা কর এবং ভরসা কর আল্লাহ্‌র উপর। আর তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا نَكَحْتُمُ الْمُؤْمِنٰتِ ثُمَّ طَلَّقْتُمُوْهُنَّ
مِنْ قَبْلِ اَنْ تَمَسُّوْهُنَّ فَمَا لَكُمْ عَلَيْهِنَّ مِنْ عِدَّةٍ تَعْتَدُّوْنَهَا ۚ
فَمَتِّعُوْهُنَّ وَسَرِّحُوْهُنَّ سَرَاحًا جَمِيْلًا ﴿٤٩﴾

৪৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা যখন মু'মিন নারীদেরকে বিয়ে কর, এরপর তাদেরকে স্পর্শ করার পূর্বে তাদেরকে তালাক দাও তখন তোমাদের জন্য তাদের উপর (পালনীয়) কোন ইদ্দত নেই যা তোমরা গণনা করবে। অতঃপর তোমরা তাদেরকে কিছু (তালাক পরবর্তী) ভোগ্য-সামগ্রী দাও এবং তাদেরকে সুন্দরভাবে মুক্তি দাও।

يٰۤاَيُّهَا النَّبِيُّ اِنَّاۤ اَحْلَلْنَا لَكَ اَزْوَاجَكَ الّٰتِيْۤ اٰتَيْتَ اُجُوْرَهُنَّ
وَمَا مَلَكَتْ يَمِيْنُكَ مِمَّاۤ اَفَآءَ اللّٰهُ عَلَيْكَ وَبَنٰتِ عَمِّكَ وَبَنٰتِ
عَمّٰتِكَ وَبَنٰتِ خَالِكَ وَبَنٰتِ خٰلٰتِكَ الّٰتِيْ هَاجَرْنَ مَعَكَ ۫ وَ
امْرَاَةً مُّؤْمِنَةً اِنْ وَّهَبَتْ نَفْسَهَا لِلنَّبِيِّ اِنْ اَرَادَ النَّبِيُّ اَنْ
يَّسْتَنْكِحَهَا ۗ خَالِصَةً لَّكَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ؕ قَدْ عَلِمْنَا مَا
فَرَضْنَا عَلَيْهِمْ فِيْۤ اَزْوَاجِهِمْ وَمَا مَلَكَتْ اَيْمَانُهُمْ لِكَيْلَا يَكُوْنَ
عَلَيْكَ حَرَجٌ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٥٠﴾

৫০। হে নবী! নিশ্চয় আমি তোমার জন্য হালাল করেছি তোমার স্ত্রীদেরকে- যাদেরকে তুমি তাদের প্রাপ্য (মোহরানা) প্রদান করেছ- এবং ফাই* হিসেবে আল্লাহ্ তোমাকে যাদেরকে দান করেছেন তাদের মধ্য থেকে তোমার ডান হাত যা মালিক হয়েছে তাদেরকে (অর্থাৎ দাসীদেরকে) এবং তোমার চাচার কন্যাদেরকে, ফুফুর কন্যাদেরকে, মামার কন্যাদেরকে ও খালার কন্যাদেরকে, যারা তোমার সঙ্গে হিজরত (দেশ ত্যাগ) করেছে এবং কোন মু'মিন নারীকে- যদি সে নবীর জন্য নিজকে দান করে, (এবং) যদি নবী তাকে বিয়ে করতে চায়, এটি বিশেষ করে তোমার জন্য, মু'মিনদের জন্য নয়। অবশ্যই আমি তা জানি যা তাদের উপর অবশ্য পালনীয় (ফরজ) করেছি তাদের স্ত্রীদের বিষয়ে ও তাদের ডান হাত যা মালিক হয়েছে তার বিষয়ে। (তোমার জন্য হালাল করেছি) যাতে তোমার কোন অসুবিধা না হয়। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

৫১। তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা কর তাকে তুমি বিলম্বিত করতে পার এবং যাকে ইচ্ছা কর তোমার নিকট স্থান দিতে পার। আর তুমি যাকে পৃথক রেখেছ তাকে কামনা করলে তোমার কোন অপরাধ নেই। এটি সহজ হবে যে, তাদের চক্ষুসমূহ শীতল হবে এবং তারা দুঃখিতও হবে না এবং তাদেরকে তুমি যা দাও তাতে তাদের প্রত্যেকেই সন্তুষ্ট থাকবে। আর তোমাদের হৃদয়সমূহে যা আছে আল্লাহ্ তা জানেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও পরম সহনশীল।

تُرْجِيْ مَنْ تَشَآءُ مِنْهُنَّ وَتُئْوِيْٓ اِلَيْكَ مَنْ تَشَآءُ ؕ وَمَنِ ابْتَغَيْتَ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ ؕ ذٰلِكَ اَدْنٰٓى اَنْ تَقَرَّ اَعْيُنُهُنَّ وَلَا يَحْزَنَّ وَيَرْضَيْنَ بِمَآ اٰتَيْتَهُنَّ كُلُّهُنَّ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِيْ قُلُوْبِكُمْ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَلِيْمًا ﴿٥١﴾

৫২। এরপরে তোমার জন্য কোন নারী হালাল নয় এবং তাদের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণও (হালাল নয়)- যদিও তাদের সৌন্দর্য তোমাকে মুগ্ধ করে, তবে তোমার ডান হাত যা মালিক হয়েছে তা (অর্থাৎ দাসীরা) ছাড়া। আর আল্লাহ্ সব কিছুর উপর পর্যবেক্ষক।

ع ١٣ ٣ ٦ রুকূ ৩

لَا يَحِلُّ لَكَ النِّسَآءُ مِنْۢ بَعْدُ وَلَآ اَنْ تَبَدَّلَ بِهِنَّ مِنْ اَزْوَاجٍ وَّلَوْ اَعْجَبَكَ حُسْنُهُنَّ اِلَّا مَا مَلَكَتْ يَمِيْنُكَ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ رَّقِيْبًا ﴿٥٢﴾

৫৩। ওহে যারা ঈমান এনেছ! তোমরা নবীর ঘরসমূহে প্রবেশ করো না, যদি না খাবার গ্রহণের জন্য তোমাদেরকে অনুমতি দেয়া হয়- এর প্রস্তুতির জন্য অপেক্ষা না করে। কিন্তু যখন তোমাদেরকে ডাকা হয় তখন তোমরা প্রবেশ কর এবং যখন খাবার খেয়ে ফেল তখন তোমরা চলে যাও, এবং তোমরা কথাবার্তায় মশগুল হয়ে পড়ো না। নিশ্চয় তোমাদের এই (আচরণ) নবীকে কষ্ট দেয় এবং সে তোমাদের (উঠিয়ে দেয়ার) বিষয়ে লজ্জাবোধ করে। কিন্তু আল্লাহ্ সত্যের বিষয়ে লজ্জাবোধ করেন না। এবং যখন তোমরা তাদের (নবীর স্ত্রীদের) নিকট থেকে কোন দ্রব্য সামগ্রী চাও তখন পর্দার পেছন থেকে চাও। এটি তোমাদের হৃদয়সমূহের জন্য ও তাদের হৃদয়সমূহের জন্য পবিত্রতম (পন্থা)। এবং তোমাদের জন্য (সঙ্গত) নয় যে তোমরা আল্লাহ্‌র রাসূলকে কষ্ট দিবে এবং কখনো (সঙ্গত) নয় যে তোমরা বিবাহ করবে তার স্ত্রীদেরকে তার (মৃত্যুর) পরে। নিশ্চয় তা আল্লাহ্‌র কাছে ঘোরতর (অপরাধ)।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا بُيُوْتَ النَّبِيِّ اِلَّآ اَنْ يُّؤْذَنَ لَكُمْ اِلٰى طَعَامٍ غَيْرَ نٰظِرِيْنَ اِنٰىهُ ۙ وَلٰكِنْ اِذَا دُعِيْتُمْ فَادْخُلُوْا فَاِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوْا وَلَا مُسْتَاْنِسِيْنَ لِحَدِيْثٍ ؕ اِنَّ ذٰلِكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ فَيَسْتَحْيٖ مِنْكُمْ ۫ وَاللّٰهُ لَا يَسْتَحْيٖ مِنَ الْحَقِّ ؕ وَاِذَا سَاَلْتُمُوْهُنَّ مَتَاعًا فَسْئَلُوْهُنَّ مِنْ وَّرَآءِ حِجَابٍ ؕ ذٰلِكُمْ اَطْهَرُ لِقُلُوْبِكُمْ وَقُلُوْبِهِنَّ ؕ وَمَا كَانَ لَكُمْ اَنْ تُؤْذُوْا رَسُوْلَ اللّٰهِ وَلَآ اَنْ تَنْكِحُوْٓا اَزْوَاجَهٗ مِنْۢ بَعْدِهٖٓ اَبَدًا ؕ اِنَّ ذٰلِكُمْ كَانَ عِنْدَ اللّٰهِ عَظِيْمًا ﴿٥٣﴾

৫৪। যদি তোমরা কিছু প্রকাশ কর অথবা তা গোপন কর, তবে নিশ্চয় আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

اِنْ تُبْدُوْا شَيْئًا اَوْ تُخْفُوْهُ فَاِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿٥٤﴾

৫৫। তাদের (নবীর স্ত্রীদের) জন্য তাদের পিতা, পুত্র, ভাই, ভাতিজা, ভাগ্নে, এবং তাদের নারী এবং তাদের ডান হাত যাদের মালিক হয়েছে (দাস -দাসী) তাদের ক্ষেত্রে (পর্দার আড়াল থেকে চাওয়ার অর্থাৎ হিজাবের এই বিধান পালন না করা) অপরাধ নয়। এবং (হে নবীর স্ত্রীরা!) আল্লাহ্‌কে ভয় কর, নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী।

لَا جُنَاحَ عَلَيْهِنَّ فِيْٓ اٰبَآئِهِنَّ وَلَآ اَبْنَآئِهِنَّ وَلَآ اِخْوَانِهِنَّ وَلَآ اَبْنَآءِ اِخْوَانِهِنَّ وَلَآ اَبْنَآءِ اَخَوٰتِهِنَّ وَلَا نِسَآئِهِنَّ وَلَا مَا مَلَكَتْ اَيْمَانُهُنَّ ۚ وَاتَّقِيْنَ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدًا ﴿٥٥﴾

৫৬। নিশ্চয় আল্লাহ্ নবীর প্রতি অনুগ্রহ করেন এবং তার ফেরেশতারাও নবীর জন্য অনুগ্রহ প্রার্থনা করে। ওহে যারা ঈমান এনেছ! তোমরাও নবীর জন্য অনুগ্রহ প্রার্থনা কর (দরুদ পড়) এবং তাকে যথাযথভাবে সালাম জানাও।

اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ ؕ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿٥٦﴾

৫৭। নিশ্চয় যারা আল্লাহ্ ও তার রাসূলকে কষ্ট দেয়, আল্লাহ্ তাদেরকে দুনিয়া ও আখিরাতে লা'নত করেন এবং তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন লাঞ্ছনাদায়ক শাস্তি।

اِنَّ الَّذِيْنَ يُؤْذُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ لَعَنَهُمُ اللّٰهُ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَاَعَدَّ لَهُمْ عَذَابًا مُّهِيْنًا ﴿٥٧﴾

৫৮। এবং যারা মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে কষ্ট দেয় তার কারণে যা তারা করেনি, তারা অবশ্যই অপবাদ ও সুস্পষ্ট পাপ বহন করে।

وَالَّذِيْنَ يُؤْذُوْنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوْا فَقَدِ احْتَمَلُوْا بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿٥٨﴾

ع ٧ رুকু ৪

৫৯। হে নবী! তুমি তোমার স্ত্রীদেরকে, তোমার কন্যাদেরকে এবং মু'মিনদের নারীদেরকে বল, তারা যেন তাদের চাদর তাদের উপর ঝুলিয়ে দেয়। এটি অধিক উপযোগী যে তাদেরকে চেনা যাবে, ফলে তাদেরকে কষ্ট দেয়া হবে না। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا النَّبِيُّ قُلْ لِّاَزْوَاجِكَ وَبَنٰتِكَ وَنِسَآءِ الْمُؤْمِنِيْنَ يُدْنِيْنَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيْبِهِنَّ ذٰلِكَ اَدْنٰٓى اَنْ يُّعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٥٩﴾

৬০। যদি মুনাফিকরা এবং যাদের হৃদয়েসমূহে ব্যাধি আছে তারা এবং শহরে (মদীনায়) গুজব রটনাকারীরা বিরত না হয় তাহলে অবশ্যই অবশ্যই আমি তাদের বিরুদ্ধে (ব্যবস্থা নিতে) তোমাকে অনুপ্রাণিত করব, এরপর তারা তাতে (মদীনায়) তোমার প্রতিবেশী থাকবে না, সামান্য (সময়) ছাড়া-

لَئِنْ لَّمْ يَنْتَهِ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْمُرْجِفُوْنَ فِي الْمَدِيْنَةِ لَنُغْرِيَنَّكَ بِهِمْ ثُمَّ لَا يُجَاوِرُوْنَكَ فِيْهَآ اِلَّا قَلِيْلًا ﴿٦٠﴾

৬১। -অভিশপ্ত অবস্থায়। তাদেরকে যেখানেই পাওয়া যাবে সেখানেই পাকড়াও করা হবে এবং নির্দয়ভাবে হত্যা করা হবে।

مَّلْعُوْنِيْنَ اَيْنَمَا ثُقِفُوْٓا اُخِذُوْا وَقُتِّلُوْا تَقْتِيْلًا ﴿٦١﴾

৬২। পূর্বে যারা গত হয়েছে তাদের ক্ষেত্রেও (এটিই ছিল) আল্লাহ্র সুন্নত (নীতি)। এবং তুমি কখনো আল্লাহ্র সুন্নতে (নীতিতে) কোন পরিবর্তন পাবে না।

سُنَّةَ اللّٰهِ فِي الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلُ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا ﴿٦٢﴾

৬৩। মানুষ তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, 'এর জ্ঞান কেবল আল্লাহ্রই নিকট।' আর কিসে তোমাকে জানাবে সম্ভবত কিয়ামত নিকটবর্তী?

يَسْئَلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللّٰهِ وَمَا يُدْرِيْكَ لَعَلَّ السَّاعَةَ تَكُوْنُ قَرِيْبًا ﴿٦٣﴾

৬৪। নিশ্চয় আল্লাহ্ কাফিরদেরকে লা'নত করেছেন এবং তাদের জন্য প্রস্তুত করেছেন জ্বলন্ত আগুন-

اِنَّ اللّٰهَ لَعَنَ الْكٰفِرِيْنَ وَاَعَدَّ لَهُمْ سَعِيْرًا ﴿٦٤﴾

৬৫। সেখানে তারা চিরস্থায়ী হবে, (সেখানে) না তারা পাবে কোন অভিভাবক আর না কোন সাহায্যকারী।

خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا لَا يَجِدُوْنَ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿٦٥﴾

৬৬। যেদিন তাদের চেহারাগুলো আগুনে উল্টে দেয়া হবে সেদিন তারা বলবে, 'হায়, আমরা যদি আনুগত্য করতাম আল্লাহ্র এবং আনুগত্য করতাম রাসূলের!'

يَوْمَ تُقَلَّبُ وُجُوْهُهُمْ فِي النَّارِ يَقُوْلُوْنَ يٰلَيْتَنَآ اَطَعْنَا اللّٰهَ وَاَطَعْنَا الرَّسُوْلَا ﴿٦٦﴾

৬৭। এবং তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা আমাদের নেতাদের ও সম্ভ্রান্তদের আনুগত্য করেছিলাম এবং তারা আমাদেরকে পথভ্রষ্ট করেছিল।

وَقَالُوْا رَبَّنَآ اِنَّآ اَطَعْنَا سَادَتَنَا وَكُبَرَآءَنَا فَاَضَلُّوْنَا السَّبِيْلَا ﴿٦٧﴾

ع ٨ رুকু ৫

৬৮। হে আমাদের প্রতিপালক! তাদেরকে দ্বিগুণ শাস্তি দিন এবং তাদেরকে লা'নত করুন- বড় লা'নত।'

رَبَّنَآ اٰتِهِمْ ضِعْفَيْنِ مِنَ الْعَذَابِ وَالْعَنْهُمْ لَعْنًا كَبِيْرًا ﴿٦٨﴾

৬৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা তাদের মত হয়ো না যারা মূসাকে কষ্ট দিয়েছে,* এবং তারা যা বলেছিল (অভিযোগ করেছিল) আল্লাহ্ তা থেকে তাকে মুক্তি দিয়েছিলেন এবং আল্লাহ্র নিকট সে মর্যাদাবান।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ اٰذَوْا مُوْسٰى فَبَرَّاَهُ اللّٰهُ مِمَّا قَالُوْا وَكَانَ عِنْدَ اللّٰهِ وَجِيْهًا ﴿٦٩﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَقُوْلُوْا قَوْلًا سَدِيْدًا ۙ﴿٧٠﴾

৭০। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং সঠিক কথা বল-

يُّصْلِحْ لَكُمْ اَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ ؕ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَ رَسُوْلَهٗ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيْمًا ﴿٧١﴾

৭১। (তাহলে) তিনি তোমাদের কর্মসমূহ সংশোধন করবেন এবং তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন। আর যে আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করে, সে অবশ্যই মহাসাফল্য লাভ করেছে।

اِنَّا عَرَضْنَا الْاَمَانَةَ عَلَى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَالْجِبَالِ فَاَبَيْنَ اَنْ يَّحْمِلْنَهَا وَاَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا الْاِنْسَانُ ؕ اِنَّهٗ كَانَ ظَلُوْمًا جَهُوْلًا ۙ﴿٧٢﴾

৭২। নিশ্চয় আমি আকাশসমূহ, পৃথিবী ও পর্বতমালার উপর এই আমানত (তাকলীফ বা এখতিয়ার সম্বলিত শরীয়তের অবশ্য পালনীয় বিধানাবলী) পেশ করেছিলাম, কিন্তু তারা তা বহন করতে অসম্মতি জানাল এবং তাতে ভীত-শঙ্কিত হল, কিন্তু মানুষ তা বহন করল। নিশ্চয় সে অতি জালিম ও অতি অজ্ঞ -

لِّيُعَذِّبَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ وَيَتُوْبَ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٧٣﴾ ع

৭৩। যাতে আল্লাহ্ শাস্তি দিতে পারেন মুনাফিক পুরুষ ও মুনাফিক নারীদেরকে এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীদেরকে এবং তওবা কবুল করতে পারেন মু'মিন পুরুষ ও মু'মিন নারীদের। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

ع ৭ ৫ ৭ ৯ রুকূ ৬

৩৪. সূরা সাবা, মাক্কী

৫৪ আয়াত, ৬ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٤-سُوْرَةُ سَبَا-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٤، رُكُوْعَاتُهَا-٦

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَلَهُ الْحَمْدُ فِي الْاٰخِرَةِ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ①

১। সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তার মালিক এবং তাঁরই জন্য সকল প্রশংসা আখিরাতে এবং তিনিই মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞ।

يَعْلَمُ مَا يَلِجُ فِي الْاَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ مِنَ السَّمَآءِ وَمَا يَعْرُجُ فِيْهَا ؕ وَهُوَ الرَّحِيْمُ الْغَفُوْرُ ②

২। তিনি জানেন যা কিছু যমীনে প্রবেশ করে এবং যা কিছু তা থেকে বের হয় এবং যা কিছু আকাশ থেকে অবতীর্ণ হয় এবং যা কিছু এতে উত্থিত হয়। এবং তিনিই পরম দয়ালু ও অতি ক্ষমাশীল।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَا تَاْتِيْنَا السَّاعَةُ ؕ قُلْ بَلٰى وَرَبِّيْ لَتَاْتِيَنَّكُمْ ۙ عٰلِمِ الْغَيْبِ ۚ لَا يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَلَاۤ اَصْغَرُ مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْبَرُ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ۙ ③

৩। আর যারা কুফরী করেছে তারা বলে, 'আমাদের নিকট কিয়ামত আসবে না।' বল, 'হ্যাঁ, আমার প্রতিপালকের কসম- যিনি অদৃশ্যের জ্ঞানী- তোমাদের নিকট তা অবশ্যই অবশ্যই আসবে', আকাশসমূহ ও পৃথিবীতে অণু* পরিমাণ এবং তার চেয়েও ক্ষুদ্রতর বা বৃহত্তর কিছুই তাঁর অগোচর নয়, এছাড়া যে, তা (লিপিবদ্ধ) আছে একটি সুস্পষ্ট কিতাবে-

لِّيَجْزِيَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ اُولٰٓئِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ④

৪। যাতে তিনি প্রতিদান দিতে পারেন তাদেরকে, যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে। তাদেরই জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযিক।

وَالَّذِيْنَ سَعَوْ فِيْۤ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ ⑤

৫। আর যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করার প্রচেষ্টা চালায় তাদেরই জন্য রয়েছে নিকৃষ্ট যন্ত্রনাদায়ক শাস্তি।

وَيَرَى الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ الَّذِيْۤ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ هُوَ الْحَقَّ ۙ وَيَهْدِيْۤ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ⑥

৬। এবং যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তারা দেখে (অর্থাৎ জানে) যে, তোমার প্রতিপালকের পক্ষ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাই সত্য, এবং এটি মহাপ্রতাপশালী ও অতিপ্রশংসনীয়-এর দিকে পরিচালিত করে।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا هَلْ نَدُلُّكُمْ عَلٰى رَجُلٍ يُّنَبِّئُكُمْ اِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ ۙ اِنَّكُمْ لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ⑦

৭। এবং যারা কুফরী করেছে তারা বলে, 'আমরা কি তোমাদেরকে এমন এক ব্যক্তিকে দেখিয়ে দেব, যে তোমাদেরকে জানায় যে, 'যখন তোমরা সম্পূর্ণ ছিন্নভিন্ন হয়ে যাবে তখন নিশ্চয় তোমরা অবশ্যই নতুন সৃষ্টিতে পরিণত হবে?'

اَفْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَمْ بِهٖ جِنَّةٌ ؕ بَلِ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ فِي الْعَذَابِ وَالضَّلٰلِ الْبَعِيْدِ ⑧

৮। সে কি আল্লাহ্‌ সম্পর্কে মিথ্যা রচনা করেছে? অথবা তার মধ্যে কি পাগলামি রয়েছে? বরং যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তারা শাস্তিতে ও সুদূর পথভ্রষ্টতায় রয়েছে।

اَفَلَمْ يَرَوْا اِلٰى مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ اِنْ نَّشَاْ نَخْسِفْ بِهِمُ الْاَرْضَ اَوْ نُسْقِطْ عَلَيْهِمْ كِسَفًا مِّنَ السَّمَآءِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ⑨

৯। তবে কি তারা আকাশ ও পৃথিবীর যা কিছু তাদের সামনে রয়েছে এবং যা কিছু তাদের পিছনে রয়েছে তা ভেবে দেখে না? আমি যদি ইচ্ছা করি তাহলে তাদেরকেসহ ভূমিকে ধ্বসিয়ে দিতে পারি অথবা তাদের উপর আকাশের একটি খন্ড ফেলে দিতে পারি। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শন রয়েছে (আল্লাহ্‌র দিকে অনুতাপের সাথে) প্রত্যেক প্রত্যাবর্তনকারী বান্দার জন্য।

ع ١ ٧ ١ রুকূ ١

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ مِنَّا فَضْلًا ؕ يٰجِبَالُ اَوِّبِيْ مَعَهٗ وَالطَّيْرَ ۚ وَاَلَنَّا لَهُ الْحَدِيْدَ ﴿۱۰﴾

১০। আর অবশ্যই আমি দাঊদকে আমার পক্ষ থেকে অনুগ্রহ দিয়েছিলাম। (এবংআদেশ করেছিলাম) 'হে পর্বতমালা! তোমরা তার সাথে (আমার তাসবীহ্) বার বার পাঠ কর এবং পাখিদেরকেও (আদেশ করেছিলাম)', এবং তার জন্য লোহাকে নরম করে দিয়েছিলাম-

اَنِ اعْمَلْ سٰبِغٰتٍ وَّقَدِّرْ فِي السَّرْدِ وَاعْمَلُوْا صَالِحًا ؕ اِنِّيْ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۱۱﴾

১১। (এ নির্দেশসহ) যে, তুমি পূর্ণ মাপের বর্ম তৈরি কর এবং (বর্ম) বুননে পরিমাপ রক্ষা কর এবং তোমরা (সবাই) সৎকাজ কর। তোমরা যা কর সে সম্পর্কে নিশ্চয় আমি পূর্ণ দৃষ্টিবান।

وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ غُدُوُّهَا شَهْرٌ وَّرَوَاحُهَا شَهْرٌ ۚ وَاَسَلْنَا لَهٗ عَيْنَ الْقِطْرِ ؕ وَمِنَ الْجِنِّ مَنْ يَّعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِاِذْنِ رَبِّهٖ ؕ وَمَنْ يَّزِغْ مِنْهُمْ عَنْ اَمْرِنَا نُذِقْهُ مِنْ عَذَابِ السَّعِيْرِ ﴿۱۲﴾

১২। এবং আমি সুলাইমানের জন্য (নিয়োজিত করেছিলাম) বাতাসকে যার সকালের অতিক্রান্ত দূরত্ব ছিল এক মাস (পথ) এবং ফিরতি সফর ছিল এক মাস (পথ), এবং তার জন্য (গলিত) তামার এক ঝর্ণা প্রবাহিত করেছিলাম। এবং জ্বীনদের কেউ কেউ তার প্রতিপালকের ইচ্ছায় তার সামনে কাজ করত। এবং তাদের মধ্যে যে আমার নির্দেশ থেকে বিচ্যুত হয়েছিল তাকে আমি জ্বলন্ত আগুনের শাস্তি আস্বাদন করাব।

يَعْمَلُوْنَ لَهٗ مَا يَشَآءُ مِنْ مَّحَارِيْبَ وَتَمَاثِيْلَ وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُوْرٍ رّٰسِيٰتٍ ؕ اِعْمَلُوْٓا اٰلَ دَاوٗدَ شُكْرًا ؕ وَقَلِيْلٌ مِّنْ عِبَادِيَ الشَّكُوْرُ ﴿۱۳﴾

১৩। তারা তার (সুলাইমানের) ইচ্ছানুযায়ী তার জন্য প্রাসাদ, ভাস্কর্য, হাউজ সদৃশ পাত্র এবং সুদৃঢ়ভাবে স্থাপিত ডেগ নির্মাণ করত। (আমি বলেছিলাম) 'হে দাঊদ পরিবার! তোমরা কৃতজ্ঞতার সাথে কাজ কর।' আর আমার বান্দাদের মধ্যে কমই কৃতজ্ঞ হয়।

فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ عَلٰى مَوْتِهٖٓ اِلَّا دَآبَّةُ الْاَرْضِ تَاْكُلُ مِنْسَاَتَهٗ ۚ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ اَنْ لَّوْ كَانُوْا يَعْلَمُوْنَ الْغَيْبَ مَا لَبِثُوْا فِي الْعَذَابِ الْمُهِيْنِ ﴿۱۴﴾

১৪। অতঃপর যখন আমি তার (সুলাইমানের) মৃত্যু* ঘটালাম তখন তাদেরকে (জ্বীনদেরকে) তার মৃত্যুর বিষয় দেখিয়ে দিল কেবল মাটির পোকা যা তার লাঠিটি খাচ্ছিল, সুতরাং যখন সে পড়ে গেল তখন জ্বীনদের নিকট স্পষ্ট হল যে, তারা যদি অদৃশ্য জানত তাহলে তারা লাঞ্ছনাদায়ক শাস্তিতে অবস্থান করত না।

لَقَدْ كَانَ لِسَبَاٍ فِيْ مَسْكَنِهِمْ اٰيَةٌ ۚ جَنَّتٰنِ عَنْ يَّمِيْنٍ وَّشِمَالٍ ؕ كُلُوْا مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوْا لَهٗ ؕ بَلْدَةٌ طَيِّبَةٌ وَّرَبٌّ غَفُوْرٌ ﴿۱۵﴾

১৫। অবশ্যই সাবার (অধিবাসীদের) জন্য তাদের বাসভূমিতে ছিল একটি নিদর্শন- দু'টি উদ্যান, (একটি) ডান দিকে ও (অপরটি) বাম দিকে। তাদেরকে বলা হয়েছিল, 'তোমরা তোমাদের প্রতিপালকের রিযিক থেকে আহার কর এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। উৎকৃষ্ট (এই) নগরী এবং অতি ক্ষমাশীল (তোমাদের) প্রতিপালক।'

فَاَعْرَضُوْا فَاَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَبَدَّلْنٰهُمْ بِجَنَّتَيْهِمْ جَنَّتَيْنِ ذَوَاتَيْ اُكُلٍ خَمْطٍ وَّاَثْلٍ وَّشَيْءٍ مِّنْ سِدْرٍ قَلِيْلٍ ﴿۱۶﴾

১৬। কিন্তু তারা (কৃতজ্ঞতা প্রকাশ হতে) মুখ ফিরিয়ে নিল, সুতরাং আমি তাদের উপর প্রবাহিত করলাম বাঁধভাঙ্গা বন্যা* এবং তাদের উদ্যান দু'টিকে পরিবর্তন করে দিলাম বিস্বাদ ফল, ঝাউ গাছ এবং কিছু কুল গাছের দু'টি উদ্যানে।

ذٰلِكَ جَزَيْنٰهُمْ بِمَا كَفَرُوْا ؕ وَهَلْ نُجٰزِيْٓ اِلَّا الْكَفُوْرَ ﴿۱۷﴾

১৭। আমি তাদেরকে এ প্রতিফল দিয়েছিলাম তাদের অকৃতজ্ঞতার কারণে। আর আমি কি অকৃতজ্ঞ ছাড়া আর কাউকে (এমন) প্রতিফল দেই?

وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقُرَى الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا قُرًى ظَاهِرَةً وَّقَدَّرْنَا فِيْهَا السَّيْرَ ؕ سِيْرُوْا فِيْهَا لَيَالِيَ وَاَيَّامًا اٰمِنِيْنَ ﴿۱۸﴾

১৮। এবং আমি তাদের মাঝে ও যেসব জনপদের প্রতি বরকত দিয়েছিলাম সেগুলোর মাঝে দৃশ্যমান বহু জনপদ স্থাপন করেছিলাম এবং সেগুলোতে ভ্রমণ (এর দূরত্ব) নির্ধারণ করেছিলাম, (এবং তাদেরকে বলেছিলাম) 'তোমরা সেগুলোতে নিরাপদে ভ্রমণ কর রাতে ও দিনে।'*

فَقَالُوْا رَبَّنَا بٰعِدْ بَيْنَ اَسْفَارِنَا وَظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ وَمَزَّقْنٰهُمْ كُلَّ مُمَزَّقٍ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿۱۹﴾

১৯। কিন্তু তারা বলেছিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের সফরসমূহের মাঝে দূরত্ব বৃদ্ধি করুন,' এবং তারা নিজেদের প্রতি জুলুম করেছিল, সুতরাং আমি তাদেরকে কাহিনী বানিয়ে দিলাম এবং তাদেরকে ছত্রভঙ্গ করে দিলাম। নিশ্চয় এতে প্রত্যেক অতি ধৈর্যশীল ও অতি কৃতজ্ঞ ব্যক্তির জন্য অবশ্যই নিদর্শনাবলী রয়েছে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ ظَنَّهٗ فَاتَّبَعُوْهُ اِلَّا فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٠﴾

২০। এবং অবশ্যই তাদের উপর ইবলিস তার ধারণাকে সত্য প্রমাণ করল, ফলে মু'মিনদের একটি দল ছাড়া তারা (সবাই) তার অনুসরণ করল।

وَمَا كَانَ لَهٗ عَلَيْهِمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّا لِنَعْلَمَ مَنْ يُّؤْمِنُ بِالْاٰخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِيْ شَكٍّ ؕ وَرَبُّكَ عَلٰى كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ﴿٢١﴾ ع ٢ ١٢ ٨ ٢ রুকূ ٨

২১। আর তাদের উপর তার (শয়তানের) কোন ক্ষমতা ছিল না এছাড়া যে, যাতে আমি জেনে নিতে পারি (স্পষ্ট করতে পারি) তাদের মধ্য থেকে কে আখিরাতের প্রতি ঈমান আনে (আর) কে এ ব্যাপারে সন্দেহের মধ্যে রয়েছে। এবং তোমার প্রতিপালক সবকিছুর সংরক্ষক।

قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ۚ لَا يَمْلِكُوْنَ مِثْقَالَ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَمَا لَهُمْ فِيْهِمَا مِنْ شِرْكٍ وَّمَا لَهٗ مِنْهُمْ مِّنْ ظَهِيْرٍ ﴿٢٢﴾

২২। (হে নবী!) বল, 'তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে (ইলাহ্) ধারণা করেছ তাদেরকে ডাক, তারা আকাশসমূহ ও পৃথিবীতে অণু পরিমাণ (কিছুর) মালিক নয় এবং এ দু'য়ের মধ্যে তাদের কোন অংশীদারিত্ব নেই এবং তাদের কেউ তাঁর (আল্লাহ্‌র) সাহায্যকারী নয়।

وَلَا تَنْفَعُ الشَّفَاعَةُ عِنْدَهٗٓ اِلَّا لِمَنْ اَذِنَ لَهٗ ؕ حَتّٰٓى اِذَا فُزِّعَ عَنْ قُلُوْبِهِمْ قَالُوْا مَاذَا ۙ قَالَ رَبُّكُمْ ؕ قَالُوا الْحَقَّ ۚ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ﴿٢٣﴾

২৩। এবং তাঁর নিকট (কারো) সুপারিশ উপকারে আসবে না তার জন্য ছাড়া যার জন্য তিনি অনুমতি দিবেন। অবশেষে যখন তাদের হৃদয়সমূহ থেকে ভয় দূর করা হবে তখন তারা (একে অপরকে) বলবে, 'তোমাদের প্রতিপালক কী বলেছেন?' তারা বলবে, 'যা সত্য তা-ই।' এবং তিনিই সুউচ্চ ও মহান।

قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّآ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى هُدًى اَوْ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٢٤﴾

২৪। বল, 'আকাশসমূহ ও পৃথিবী থেকে কে তোমাদেরকে রিযিক দেন?' বল, 'আল্লাহ্', এবং নিশ্চয় আমরা না হয় তোমরাই সঠিক পথে পরিচালিত অথবা সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছ।'

قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّآ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٢٥﴾

২৫। বল, 'আমরা যে অপরাধ করেছি সেজন্য তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে না এবং তোমরা যা কর সে সম্পর্কেও আমাদেরকে জিজ্ঞাসা করা হবে না।'

قُلْ يَجْمَعُ بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ؕ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ ﴿٢٦﴾

২৬। বল, 'আমাদের প্রতিপালক আমাদেরকে একত্র করবেন, এরপর তিনি আমাদের মাঝে সত্যের সাথে মীমাংসা করে দিবেন। এবং তিনিই শ্রেষ্ঠ মীমাংসাকারী ও সর্বজ্ঞানী।

قُلْ اَرُوْنِيَ الَّذِيْنَ اَلْحَقْتُمْ بِهٖ شُرَكَآءَ كَلَّا ؕ بَلْ هُوَ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾

২৭। বল, 'তোমরা আমাকে তাদেরকে দেখাও যাদেরকে তোমরা তাঁর সাথে শরীকরূপে যুক্ত করেছ- কক্ষনো না। বরং তিনিই আল্লাহ্, মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

وَمَآ اَرْسَلْنٰكَ اِلَّا كَآفَّةً لِّلنَّاسِ بَشِيْرًا وَّنَذِيْرًا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٨﴾

২৮। এবং আমি তোমাকে প্রেরণ করেছি কেবল সমগ্র মানবজাতির জন্য সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٩﴾

২৯। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এই প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

قُلْ لَّكُمْ مِّيْعَادُ يَوْمٍ لَّا تَسْتَاْخِرُوْنَ عَنْهُ سَاعَةً وَّلَا تَسْتَقْدِمُوْنَ ﴿٣٠﴾ ع ٣ ٩ ٩ ٣ রুকূ ٩

৩০। বল, 'তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিন, যা তোমরা মুহূর্তকাল বিলম্বিত করতে পারবে না, আর ত্বরান্বিতও করতে পারবে না।'

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ نُّؤْمِنَ بِهٰذَا الْقُرْاٰنِ وَلَا بِالَّذِيْ بَيْنَ يَدَيْهِ ؕ وَلَوْ تَرٰٓى اِذِ الظّٰلِمُوْنَ مَوْقُوْفُوْنَ عِنْدَ رَبِّهِمْ ۖۚ يَرْجِعُ بَعْضُهُمْ اِلٰى بَعْضِ ۨالْقَوْلَ ۚ يَقُوْلُ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا لَوْلَآ اَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِيْنَ ﴿٣١﴾

৩১। এবং যারা কুফরী করেছে তারা বলে, 'আমরা কখনো এই কুরআনের প্রতি ঈমান আনব না, এবং এর সামনে যা আছে তাতেও (অর্থাৎ পূর্ববর্তী কিতাবেও) না। আর তুমি যদি দেখতে যখন জালিমদেরকে তাদের প্রতিপালকের সামনে দণ্ডায়মান করা হবে, যখন তারা পরস্পর বাদানুবাদ করবে (তবে তুমি তাদের করুণ অবস্থা প্রত্যক্ষ করতে পারতে)। যাদেরকে দুর্বল মনে করা হত তারা যারা অহংকার করত তাদেরকে বলবে, 'যদি তোমরা না থাকতে তাহলে অবশ্যই আমরা মু'মিন হতাম।'

قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْٓا اَنَحْنُ صَدَدْنٰكُمْ عَنِ الْهُدٰى بَعْدَ اِذْ جَآءَكُمْ بَلْ كُنْتُمْ مُّجْرِمِيْنَ ﴿٣٢﴾

৩২। যারা অহংকার করত তারা যাদেরকে দুর্বল মনে করা হত তাদেরকে বলবে, 'তোমাদের নিকট পথনির্দেশিকা আসার পর আমরা কি তোমাদেরকে তা হতে বিরত রেখেছিলাম? বরং তোমরা ছিলে অপরাধী।'

وَقَالَ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا بَلْ مَكْرُ الَّيْلِ وَالنَّهَارِ اِذْ تَاْمُرُوْنَنَآ اَنْ نَّكْفُرَ بِاللّٰهِ وَنَجْعَلَ لَهٗٓ اَنْدَادًا ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا الْعَذَابَ ؕ وَجَعَلْنَا الْاَغْلٰلَ فِيْٓ اَعْنَاقِ الَّذِيْنَ كَفَرُوْا ؕ هَلْ يُجْزَوْنَ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٣٣﴾

৩৩। যাদেরকে দুর্বল মনে করা হত তারা যারা অহংকার করত তাদেরকে বলবে, 'বরং (এটি ছিল তোমাদেরই) রাত-দিনের ষড়যন্ত্র যখন তোমরা আমাদেরকে নির্দেশ দিতে যেন আমরা আল্লাহ্‌কে অবিশ্বাস করি এবং তাঁর সমকক্ষ বানাই।' এবং যখন তারা শাস্তি প্রত্যক্ষ করবে তখন তারা অনুতাপ গোপন করবে। এবং যারা অবিশ্বাস করেছে তাদের গলায় আমি বেড়ি পরিয়ে দিব। তাদেরকে কি এছাড়া (অন্য কিছুর) প্রতিফল দেয়া হবে যা তারা করত?

وَمَآ اَرْسَلْنَا فِيْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٤﴾

৩৪। আর যখনই আমি কোন জনপদে কোন সতর্ককারী প্রেরণ করেছি, তখনই তার বিত্তবানরা বলেছে, 'তোমরা যা সহ প্রেরিত হয়েছ আমরা তা অবিশ্বাস করি।'

وَقَالُوْا نَحْنُ اَكْثَرُ اَمْوَالًا وَّاَوْلَادًا ۙ وَّمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿٣٥﴾

৩৫। এবং তারা বলত, 'আমরা ধন-সম্পদে ও সন্তান-সন্ততিতে অধিক (সমৃদ্ধ) এবং আমরা শাস্তি পাবার নই।'

قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٦﴾ ع

৩৬। বল, 'আমার প্রতিপালক যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।'

ع ٤ ١٠ ٨ রুকূ ১০

وَمَآ اَمْوَالُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ بِالَّتِيْ تُقَرِّبُكُمْ عِنْدَنَا زُلْفٰٓى اِلَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۫ فَاُولٰٓئِكَ لَهُمْ جَزَآءُ الضِّعْفِ بِمَا عَمِلُوْا وَهُمْ فِي الْغُرُفٰتِ اٰمِنُوْنَ ﴿٣٧﴾

৩৭। আর তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি এমন নয় যা তোমাদেরকে আমার নিকটবর্তী করে দিবে, তবে যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তাদেরই জন্য রয়েছে বহুগুণ প্রতিদান তারা যা করেছে সে কারণে, এবং তারা সুউচ্চ কক্ষসমূহে নিরাপদে থাকবে।

وَالَّذِيْنَ يَسْعَوْنَ فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ فِي الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করার প্রচেষ্টা চালায় তাদেরকে শাস্তির মধ্যে উপস্থিত করা হবে।

قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ؕ وَمَآ اَنْفَقْتُمْ مِّنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهٗ ۚ وَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٣٩﴾

৩৯। বল, 'নিশ্চয় আমার প্রতিপালক তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) তার জন্য পরিমাপ করে দেন। এবং তোমরা (আল্লাহ্‌র পথে) যা কিছুই ব্যয় কর, তিনি তার ক্ষতিপূরণ দিবেন, এবং তিনিই উত্তম রিযিকদাতা।'

وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ يَقُوْلُ لِلْمَلٰٓئِكَةِ اَهٰٓؤُلَآءِ اِيَّاكُمْ كَانُوْا يَعْبُدُوْنَ ﴿٤٠﴾

৪০। এবং যেদিন তিনি তাদের সবাইকে সমবেত করবেন,এরপর ফেরেশতাদেরকে বলবেন, 'তারা কি তোমাদেরকেই উপাসনা করত?'

قَالُوْا سُبْحٰنَكَ اَنْتَ وَلِيُّنَا مِنْ دُوْنِهِمْ ۚ بَلْ كَانُوْا يَعْبُدُوْنَ الْجِنَّ ۚ اَكْثَرُهُمْ بِهِمْ مُّؤْمِنُوْنَ ﴿٤١﴾

৪১। তারা (ফেরেশতারা) বলবে, 'পবিত্র আপনি, তাদেরকে বাদ দিয়ে আপনিই আমাদের বন্ধু (তাদের সাথে আমরা সম্পর্কহীণ), বরং তারা জ্বীনদের উপাসনা করত, তাদের অধিকাংশই ছিল তাদের প্রতি বিশ্বাসী।'

فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَّلَا ضَرًّا ؕ وَنَقُوْلُ لِلَّذِيْنَ ظَلَمُوْا ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿٤٢﴾

৪২। কিন্তু আজ তোমাদের কেউ কারো জন্য কোন উপকার বা ক্ষতির মালিক নয়। এবং যারা জুলুম করেছিল তাদেরকে আমি বলব, 'তোমরা যে আগুনের শাস্তিকে মিথ্যা অভিহিত করতে তা আস্বাদন কর।'

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَآ اِلَّا رَجُلٌ يُّرِيْدُ اَنْ يَّصُدَّكُمْ عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَآؤُكُمْ ۚ وَقَالُوْا مَا هٰذَآ اِلَّآ اِفْكٌ مُّفْتَرًى ؕ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٤٣﴾

৪৩। এবং যখন তাদের নিকট আমার আয়াতসমূহ সুস্পষ্ট প্রমাণ হিসেবে পাঠ করা হয় তখন তারা বলে, 'সে একজন মানুষ ছাড়া আর কিছু নয়, যে (ব্যক্তি) তোমাদের পিতৃপুরুষরা যার উপাসনা করত তা থেকে তোমাদেরকে বিরত রাখতে চায়', এবং তারা বলে, 'এটা উদ্ভাবিত মিথ্যা ছাড়া আর কিছু নয়।' এবং যারা অবিশ্বাস করেছে তারা সত্যের (কুরআনের) ব্যাপারে বলে- যখন তা তাদের কাছে এসেছে- 'এটা সুস্পষ্ট জাদু ছাড়া আর কিছু নয়।'

وَمَآ اٰتَيْنٰهُمْ مِّنْ كُتُبٍ يَّدْرُسُوْنَهَا وَمَآ اَرْسَلْنَآ اِلَيْهِمْ قَبْلَكَ مِنْ نَّذِيْرٍ ؕ ﴿٤٤﴾

৪৪। এবং আমি তাদেরকে (পূর্বে) কোন কিতাব দেইনি যা তারা অধ্যয়ন করত এবং তোমার পূর্বে এদের নিকট কোন সতর্ককারীও প্রেরণ করিনি।

وَكَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۙ وَمَا بَلَغُوْا مِعْشَارَ مَآ اٰتَيْنٰهُمْ فَكَذَّبُوْا رُسُلِيْ قف فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٤٥﴾ ع

৪৫। আর তাদের পূর্ববর্তীরাও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল, এবং তাদেরকে আমি যা (শক্তি ও ধন-সম্পদ) দিয়েছিলাম, তারা (মক্কার কাফেররা) তার এক-দশমাংশও পায়নি, অতঃপর তারা (পূর্ববর্তীরা) আমার রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল। অতএব কেমন ছিল আমার শাস্তি!

ع ٥ ٩ ١١ ٥ রুকূ ١١

قُلْ اِنَّمَآ اَعِظُكُمْ بِوَاحِدَةٍ ۚ اَنْ تَقُوْمُوْا لِلّٰهِ مَثْنٰى وَفُرَادٰى ثُمَّ تَتَفَكَّرُوْا قف مَا بِصَاحِبِكُمْ مِّنْ جِنَّةٍ ؕ اِنْ هُوَ اِلَّا نَذِيْرٌ لَّكُمْ بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيْدٍ ﴿٤٦﴾

৪৬। বল, 'আমি কেবল তোমাদেরকে একটি উপদেশ দিচ্ছি যে, তোমরা আল্লাহর উদ্দেশ্যে দুই দুইজন অথবা এক একজন করে দাঁড়াও, এরপর চিন্তা কর।' তোমাদের সাথীর মধ্যে কোন পাগলামী নেই। সে কেবল কঠিন শাস্তির পূর্বে তোমাদের জন্য একজন সতর্ককারী।

قُلْ مَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ فَهُوَ لَكُمْ ؕ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَى اللّٰهِ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ﴿٤٧﴾

৪৭। বল, 'আমি তোমাদের নিকট যে প্রতিদানই চাই তা তোমাদেরই জন্য। আমার প্রতিদান কেবল আল্লাহ্‌রই উপর, এবং তিনি সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী।'

قُلْ اِنَّ رَبِّيْ يَقْذِفُ بِالْحَقِّ ۚ عَلَّامُ الْغُيُوْبِ ﴿٤٨﴾

৪৮। বল, 'নিশ্চয় আমার প্রতিপালক সত্যকে (মিথ্যার উপর) নিক্ষেপ করেন, (তিনি) অদৃশ্য বিষয়াদি সম্পর্কে সবচেয়ে ভাল জানেন।'

قُلْ جَآءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ الْبَاطِلُ وَمَا يُعِيْدُ ﴿٤٩﴾

৪৯। বল, 'সত্য এসেছে এবং বাতিল (মিথ্যা) না পারে (কোন সৃষ্টির) সূচনা করতে, আর না পারে পুনরাবৃত্তি করতে।'

قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَآ اَضِلُّ عَلٰى نَفْسِيْ ۚ وَاِنِ اهْتَدَيْتُ فَبِمَا يُوْحِيْٓ اِلَيَّ رَبِّيْ ؕ اِنَّهٗ سَمِيْعٌ قَرِيْبٌ ﴿٥٠﴾

৫০। বল, 'যদি আমি পথভ্রষ্ট হই, তবে পথভ্রষ্টতার পরিণাম আমারই এবং যদি আমি সঠিকপথ অনুসরণ করি, তবে তা এজন্য যে, আমার প্রতিপালক আমার প্রতি ওহী করেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও নিকটবর্তী।'

وَلَوْ تَرٰٓى اِذْ فَزِعُوْا فَلَا فَوْتَ وَاُخِذُوْا مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ۙ ﴿٥١﴾

৫১। এবং তুমি যদি দেখতে যখন তারা ভীত-বিহ্বল হয়ে পড়বে, তখন তারা পালাতে পারবে না এবং তাদেরকে নিকটবর্তী স্থান থেকে পাকড়াও করা হবে-

وَّقَالُوْٓا اٰمَنَّا بِهٖ ۚ وَاَنّٰى لَهُمُ التَّنَاوُشُ مِنْ مَّكَانٍۭ بَعِيْدٍ ۚۖ ﴿٥٢﴾

৫২। এবং তারা বলবে, 'আমরা এর (অর্থাৎ সত্যের) প্রতি ঈমান আনলাম।' কিন্তু (এত) দূরবর্তী স্থান থেকে তারা নাগাল পাবে কিভাবে?

وَّقَدْ كَفَرُوْا بِهٖ مِنْ قَبْلُ ۚ وَيَقْذِفُوْنَ بِالْغَيْبِ مِنْ مَّكَانٍۭ بَعِيْدٍ ﴿٥٣﴾

৫৩। অথচ ইতঃপূর্বে তারা তা (অর্থাৎ সত্য) অবিশ্বাস করেছিল, এবং তারা দূরবর্তী স্থান থেকে অদৃশ্য বিষয়ে (বাক্য) নিক্ষেপ করত।

وَحِيْلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يَشْتَهُوْنَ كَمَا فُعِلَ بِاَشْيَاعِهِمْ مِّنْ قَبْلُ ؕ اِنَّهُمْ كَانُوْا فِيْ شَكٍّ مُّرِيْبٍ ﴿٥٤﴾ ع

৫৪। এবং তাদের ও তাদের (সত্য পাওয়ার) আকাঙ্ক্ষার মধ্যে অন্তরাল করা হয়েছিল, যেমন পূর্বে করা হয়েছিল এদের সমমনাদের ক্ষেত্রে। নিশ্চয় তারা ছিল বিভ্রান্তিকর সন্দেহের মধ্যে।

ع ٦ ٩ ١٢ ٦ রুকূ ١٢

৩৫. সূরা ফাতির, মাক্কী

৪৫ আয়াত, ৫ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٥-سُوْرَةُ فَاطِرٍ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٤٥، رُكُوْعَاتُهَا-٥

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। সকল প্রশংসা আকাশমসমূহ ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহ্‌র জন্য, যিনি ফেরেশতাদেরকে রাসূল (বাণীবাহক) করেন যারা দুই দুই, তিন তিন অথবা চার চারটি করে পাখার অধিকারী। তিনি সৃষ্টিতে বৃদ্ধি করেন যা ইচ্ছা করেন। নিশ্চয় আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

اَلْحَمْدُ لِلّٰهِ فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ جَاعِلِ الْمَلٰٓئِكَةِ رُسُلًا اُولِيْٓ اَجْنِحَةٍ مَّثْنٰى وَثُلٰثَ وَرُبٰعَ ؕ يَزِيْدُ فِي الْخَلْقِ مَا يَشَآءُ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝١

২। আল্লাহ্ মানুষের প্রতি কোন দয়া অবারিত করলে তা আটকে রাখার কেউ নেই এবং তিনি যা আটকে রাখেন এর পরে তা প্রেরণ করার কেউ নেই। এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

مَا يَفْتَحِ اللّٰهُ لِلنَّاسِ مِنْ رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۚ وَمَا يُمْسِكْ ۙ فَلَا مُرْسِلَ لَهٗ مِنْۢ بَعْدِهٖ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٢

৩। হে মানুষ! তোমাদের উপর আল্লাহ্‌র নেয়ামত স্মরণ কর। আল্লাহ্ ছাড়া কি কোন স্রষ্টা আছে, যে* তোমাদেরকে আকাশ ও পৃথিবী থেকে রিযিক দান করে? তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। সুতরাং কিভাবে তোমরা বিভ্রান্ত হচ্ছ?

يٰٓاَيُّهَا النَّاسُ اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ ؕ هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللّٰهِ يَرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۖ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝٣

৪। আর যদি তারা তোমাকে মিথ্যাবাদী বলে, তবে তোমার পূর্বেও রাসূলদেরকে মিথ্যাবাদী বলা হয়েছিল। আর আল্লাহ্‌রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ۝٤

৫। হে মানুষ! নিশ্চয় আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, সুতরাং দুনিয়ার জীবন যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে এবং সেই প্রতারক (শয়তান) যেন কিছুতেই আল্লাহ্ সম্পর্কে তোমাদেরকে প্রতারিত না করে।

يٰٓاَيُّهَا النَّاسُ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۫ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ۝٥

৬। নিশ্চয় শয়তান তোমাদের শত্রু, সুতরাং তাকে শত্রু হিসাবে গ্রহণ কর। সে তার দলকে আহ্বান করে কেবল যাতে তারা জ্বলন্ত আগুনের অধিবাসী হয়।

اِنَّ الشَّيْطٰنَ لَكُمْ عَدُوٌّ فَاتَّخِذُوْهُ عَدُوًّا ؕ اِنَّمَا يَدْعُوْا حِزْبَهٗ لِيَكُوْنُوْا مِنْ اَصْحٰبِ السَّعِيْرِ ۝٦

৭। যারা কুফরী করেছে তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহাপ্রতিদান।

ع ١ ١٣ ١ রুকূ ١٣

اَلَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ ۝٧

৮। যার জন্য তার মন্দকাজকে শোভনীয় করা হয়েছে, অতঃপর সে একে উত্তম মনে করেছে, সে কি (সঠিক পথ পাবে)? সুতরাং নিশ্চয় আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন, অতএব তাদের জন্য আফসোস করে তোমার প্রাণ যেন চলে না যায়। নিশ্চয় আল্লাহ্ তারা যা করে সে সম্পর্কে ভালভাবে জানেন।

اَفَمَنْ زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ فَرَاٰهُ حَسَنًا ؕ فَاِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ۖ فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرٰتٍ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَصْنَعُوْنَ ۝٨

৯। এবং আল্লাহ্‌ই বায়ু প্রেরণ করেন, অতঃপর তা মেঘমালাকে সঞ্চালিত করে, অতঃপর আমি তা মৃত ভূমির দিকে পরিচালিত করি, অতঃপর আমি এর দ্বারা ভূমিকে জীবিত করি এর মৃত্যুর পর। এভাবেই হবে পুনর্জীবন।

وَاللّٰهُ الَّذِيْٓ اَرْسَلَ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَسُقْنٰهُ اِلٰى بَلَدٍ مَّيِّتٍ فَاَحْيَيْنَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ كَذٰلِكَ النُّشُوْرُ ۝٩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلّٰهِ الْعِزَّةُ جَمِيْعًا ؕ اِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهٗ ؕ وَالَّذِيْنَ يَمْكُرُوْنَ السَّيِّاٰتِ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ؕ وَمَكْرُ اُولٰٓئِكَ هُوَ يَبُوْرُ ﴿١٠﴾

১০। কেউ সম্মান চাইলে, তবে (সে জেনে রাখুক) সকল সম্মান আল্লাহ্‌রই। তাঁর দিকেই পবিত্র বাণীসমূহ উত্তোলিত হয় এবং সৎকাজ তাকে উন্নীত করে। আর যারা মন্দকাজের ষড়যন্ত্র করে তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। এবং তাদের ষড়যন্ত্র ব্যর্থ হবেই।

وَاللّٰهُ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ اَزْوَاجًا ؕ وَمَا تَحْمِلُ مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ؕ وَمَا يُعَمَّرُ مِنْ مُّعَمَّرٍ وَّلَا يُنْقَصُ مِنْ عُمُرِهٖٓ اِلَّا فِيْ كِتٰبٍ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿١١﴾

১১। এবং আল্লাহ্ তোমাদেরকে সৃষ্টি করেছেন মাটি থেকে, এরপর বীর্য বিন্দু থেকে, এরপর তোমাদেরকে বানিয়েছেন জোড়ায় জোড়ায়। তাঁর অজ্ঞাতসারে কোন নারী গর্ভধারণ করে না এবং প্রসবও করে না, এবং কোন বয়স্ক ব্যক্তিকে দীর্ঘ আয়ু দান করা হয় না এবং তার আয়ু হ্রাসও করা হয় না বরং তা কিতাবে (লিপিবদ্ধ) আছে। নিশ্চয় এটি আল্লাহ্‌র জন্য সহজ।

وَمَا يَسْتَوِى الْبَحْرٰنِ ۖۗ هٰذَا عَذْبٌ فُرَاتٌ سَآئِغٌ شَرَابُهٗ وَهٰذَا مِلْحٌ اُجَاجٌ ؕ وَمِنْ كُلٍّ تَاْكُلُوْنَ لَحْمًا طَرِيًّا وَّتَسْتَخْرِجُوْنَ حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى الْفُلْكَ فِيْهِ مَوَاخِرَ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢﴾

১২। দু'টি সমুদ্র সমান নয়- একটি সুমিষ্ট ও সুপেয়, অপরটি লোনা ও খর। প্রত্যেকটি থেকে তোমরা তাজা গোশত খেয়ে থাক এবং আহরণ কর অলংকার (মুক্তা) যা তোমরা পরে থাক এবং তোমরা দেখ তার বুক চিরে নৌযান চলাচল করে যাতে তোমরা তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পার এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

يُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ ۙ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِىْ لِاَجَلٍ مُّسَمًّى ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ؕ وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مَا يَمْلِكُوْنَ مِنْ قِطْمِيْرٍ ؕ ﴿١٣﴾

১৩। তিনি রাতকে দিনে প্রবেশ করান এবং দিনকে প্রবেশ করান রাতে, এবং তিনি সূর্য ও চন্দ্রকে করেছেন নিয়মাধীন; প্রত্যেকে একটি নির্দিষ্ট সময়ের জন্য চলছে। তোমাদের এই আল্লাহ্‌ই তোমাদের প্রতিপালক, রাজত্ব তাঁরই। এবং তোমরা তাঁকে বাদ দিয়ে যাদেরকে ডাক তারা তো খেজুর আঁটির আবরণেরও অধিকারী নয়।

اِنْ تَدْعُوْهُمْ لَا يَسْمَعُوْا دُعَآءَكُمْ ۚ وَلَوْ سَمِعُوْا مَا اسْتَجَابُوْا لَكُمْ ؕ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُوْنَ بِشِرْكِكُمْ ؕ وَلَا يُنَبِّئُكَ مِثْلُ خَبِيْرٍ ۧ ﴿١٤﴾

ع ٢ ١٤ ٢ রুকু ১৪

১৪। যদি তোমরা তাদেরকে ডাক তাহলে তারা তোমাদের ডাক শুনবে না এবং শুনলেও তোমাদেরকে সাড়া দিবে না। এবং তোমাদের শরীক করাকে তারা কিয়ামতের দিন অস্বীকার করবে। আর সর্বজ্ঞের মত কেউই তোমাকে জানাতে পারবে না।

يٰٓاَيُّهَا النَّاسُ اَنْتُمُ الْفُقَرَآءُ اِلَى اللّٰهِ ۚ وَاللّٰهُ هُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ ﴿١٥﴾

১৫। হে মানুষ! তোমরাই আল্লাহ্‌র মুখাপেক্ষী, আর আল্লাহ্‌ই অমুখাপেক্ষী ও অতি প্রশংসনীয়।

اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ۚ ﴿١٦﴾

১৬। যদি তিনি ইচ্ছা করেন তাহলে তোমাদেরকে (পৃথিবী থেকে) সরিয়ে দিতে পারেন এবং নিয়ে আসতে পারেন এক নতুন সৃষ্টি,

وَمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ﴿١٧﴾

১৭। এবং এটা আল্লাহ্‌র জন্য কঠিন নয়।

وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَاِنْ تَدْعُ مُثْقَلَةٌ اِلٰى حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ شَىْءٌ وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ؕ اِنَّمَا تُنْذِرُ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَاَقَامُوا الصَّلٰوةَ ؕ وَمَنْ تَزَكّٰى فَاِنَّمَا يَتَزَكّٰى لِنَفْسِهٖ ؕ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿١٨﴾

১৮। এবং কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। কোন ভারাক্রান্ত ব্যক্তি যদি তা বহন করতে আহ্বান করে তবে তার কিছুই বহন করা হবে না- যদিও সে আত্মীয় হয়। তুমি কেবল তাদেরকেই সতর্ক করতে পার যারা তাদের প্রতিপালককে না দেখে ভয় করে এবং সালাত (নামায) কায়েম করে। যে পরিশুদ্ধ হয় সে পরিশুদ্ধ হয় নিজেরই কল্যাণের জন্য। এবং গন্তব্যস্থল আল্লাহ্‌রই দিকে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৯। এবং সমান নয় দৃষ্টিহীণ ও দৃষ্টিসম্পন্ন-

وَمَا يَسْتَوِى الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ﴿١٩﴾

২০। এবং নয় অন্ধকার ও আলো-

وَلَا الظُّلُمٰتُ وَلَا النُّوْرُ ۙ﴿٢٠﴾

২১। এবং নয় ছায়া ও রোদ,

وَلَا الظِّلُّ وَلَا الْحَرُوْرُ ۚ﴿٢١﴾

২২। এবং সমান নয় জীবিত ও মৃত। নিশ্চয় আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাকে শ্রবণ করান, এবং যারা কবরে রয়েছে তাদেরকে তুমি শুনাতে সমর্থ নও।

وَمَا يَسْتَوِى الْاَحْيَآءُ وَلَا الْاَمْوَاتُ ؕ اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ مَّنْ فِى الْقُبُوْرِ ﴿٢٢﴾

২৩। তুমি কেবল একজন সতর্ককারী।

اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ﴿٢٣﴾

২৪। নিশ্চয় আমি তোমাকে সত্যসহ প্রেরণ করেছি সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে। এবং এমন কোন উম্মত নেই যার মধ্যে কোন সতর্ককারী অতিক্রান্ত হয়নি।

اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ؕ وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ﴿٢٤﴾

২৫। এবং এরা যদি তোমাকে মিথ্যাবাদী বলে, তবে অবশ্যই এদের পূর্ববর্তীরাও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল, তাদের নিকট এসেছিল তাদের রাসূলরা স্পষ্ট প্রমাণাদি, যাবুরসমূহ (লিখিত নির্দেশাবলী) ও দীপ্তিমান কিতাবসহ।

وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ﴿٢٥﴾

২৬। এরপর আমি কাফিরদেরকে পাকড়াও করেছিলাম, সুতরাং কেমন ছিল আমার শাস্তি!

ع ١٢ ١٥ ٣ রুকূ ১৫

ثُمَّ اَخَذْتُ الَّذِيْنَ كَفَرُوْا فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٢٦﴾

২৭। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ আকাশ থেকে পানি অবতীর্ণ করেন? অতঃপর আমি এর দ্বারা বিভিন্ন রঙের ফল-মূল উৎপন্ন করি। আর পর্বতমালার মধ্যে রয়েছে সাদা, লাল- বিভিন্ন রঙ চিহ্নিত ও গাঢ় কাল (পাহাড়)।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ ثَمَرٰتٍ مُّخْتَلِفًا اَلْوَانُهَا ؕ وَمِنَ الْجِبَالِ جُدَدٌۢ بِيْضٌ وَّحُمْرٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهَا وَغَرَابِيْبُ سُوْدٌ ﴿٢٧﴾

২৮। এবং এভাবে রয়েছে বিভিন্ন রঙ-এর মানুষ, জন্তু ও গবাদি পশু। তাঁর বান্দাদের মধ্যে কেবল জ্ঞানীরাই আল্লাহ্কে ভয় করে। নিশ্চয় আল্লাহ্ মহাপ্রতাপশালী ও অতি ক্ষমাশীল।

وَمِنَ النَّاسِ وَالدَّوَآبِّ وَالْاَنْعَامِ مُخْتَلِفٌ اَلْوَانُهٗ كَذٰلِكَ ؕ اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ غَفُوْرٌ ﴿٢٨﴾

২৯। নিশ্চয় যারা আল্লাহ্র কিতাব পাঠ করে, সালাত (নামায) কায়েম করে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে গোপনে ও প্রাকাশ্যে ব্যয় করে, তারা আশা করে এমন ব্যবসা, যা কখনো ধ্বংস হবে না-

اِنَّ الَّذِيْنَ يَتْلُوْنَ كِتٰبَ اللّٰهِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً يَّرْجُوْنَ تِجَارَةً لَّنْ تَبُوْرَ ۙ﴿٢٩﴾

৩০। যাতে তিনি তাদেরকে তাদের প্রতিদান পূর্ণ করে দিতে পারেন এবং তিনি তাঁর অনুগ্রহ থেকে তাদেরকে আরও বাড়িয়ে দিতে পারেন। নিশ্চয় তিনি অতি ক্ষমাশীল ও পরম প্রতিদানদাতা।

لِيُوَفِّيَهُمْ اُجُوْرَهُمْ وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ اِنَّهٗ غَفُوْرٌ شَكُوْرٌ ﴿٣٠﴾

৩১। আমি তোমার প্রতি যে কিতাব ওহী করেছি তা সত্য, এর সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়ণকারীরূপে। নিশ্চয় আল্লাহ্ তাঁর বান্দাদের সম্পর্কে অবশ্যই পূর্ণ অবগত ও পূর্ণ দৃষ্টিবান।

وَالَّذِىْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ ؕ اِنَّ اللّٰهَ بِعِبَادِهٖ لَخَبِيْرٌۢ بَصِيْرٌ ﴿٣١﴾

ثُمَّ اَوْرَثْنَا الْكِتٰبَ الَّذِيْنَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۚ فَمِنْهُمْ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ وَمِنْهُمْ مُّقْتَصِدٌ ۚ وَمِنْهُمْ سَابِقٌۢ بِالْخَيْرٰتِ بِاِذْنِ اللّٰهِ ۭ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيْرُ ۝

৩২। এরপর আমি কিতাবের (কুরআনের) উত্তরাধিকারী করলাম আমার বান্দাদের মধ্য থেকে যাদেরকে আমি মনোনীত করেছি, তবে তাদের মধ্যে কেউ নিজের প্রতি জুলুমকারী, কেউ মধ্যপন্থী এবং কেউ আল্লাহ্‌র ইচ্ছায় কল্যাণকর কাজে অগ্রগামী। এটাই (অর্থাৎ কিতাবের জন্য মনোনীত করাটাই) মহা অনুগ্রহ।

جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ۚ وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ ۝

৩৩। স্থায়ী জান্নাত, যাতে তারা প্রবেশ করবে, সেখানে তাদেরকে স্বর্ণ নির্মিত বালা ও মুক্তা দ্বারা অলংকৃত করা হবে এবং সেখানে তাদের পোশাক-পরিচ্ছদ হবে রেশমের।

وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَذْهَبَ عَنَّا الْحَزَنَ ۭ اِنَّ رَبَّنَا لَغَفُوْرٌ شَكُوْرُۨ ۝

৩৪। এবং তারা বলবে, 'প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমাদের দুঃখ দূরীভূত করেছেন। নিশ্চয় আমাদের প্রতিপালক অবশ্যই অতি ক্ষমাশীল ও পরম প্রতিদানদাতা-

الَّذِيْٓ اَحَلَّنَا دَارَ الْمُقَامَةِ مِنْ فَضْلِهٖ ۚ لَا يَمَسُّنَا فِيْهَا نَصَبٌ وَّلَا يَمَسُّنَا فِيْهَا لُغُوْبٌ ۝

৩৫। যিনি নিজ অনুগ্রহ থেকে আমাদেরকে স্থায়ী আবাস দিয়েছেন যেখানে না আমাদেরকে স্পর্শ করে কোন কষ্ট আর না আমাদেরকে স্পর্শ করে কোন ক্লান্তি।

وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۚ لَا يُقْضٰى عَلَيْهِمْ فَيَمُوْتُوْا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِّنْ عَذَابِهَا ۭ كَذٰلِكَ نَجْزِيْ كُلَّ كَفُوْرٍ ۝

৩৬। কিন্তু যারা কুফরী করেছে তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন, তাদের মৃত্যু ঘটানো হবে না যে তারা মরবে এবং তাদের থেকে এর (জাহান্নামের) শাস্তিও হালকা করা হবে না। এভাবেই আমি প্রত্যেক অকৃতজ্ঞকে প্রতিফল দেই।

وَهُمْ يَصْطَرِخُوْنَ فِيْهَا ۚ رَبَّنَآ اَخْرِجْنَا نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ۭ اَوَلَمْ نُعَمِّرْكُمْ مَّا يَتَذَكَّرُ فِيْهِ مَنْ تَذَكَّرَ وَجَاۗءَكُمُ النَّذِيْرُ ۭ فَذُوْقُوْا فَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ۝

৩৭। সেখানে তারা চিৎকার করে বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে মুক্তি দিন, আমরা যে কাজ করতাম তা না করে সৎকাজ করব।' আল্লাহ্ বলবেন, 'আমি কি তোমাদেরকে দীর্ঘ আয়ু দান করিনি যে, তখন কেউ উপদেশ গ্রহণ করতে চাইলে উপদেশ গ্রহণ করতে পারত? তোমাদের নিকট সতর্ককারীরাও এসেছিল। সুতরাং (শাস্তি) আস্বাদন কর, এবং জালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।'

৪ রুকু ১৬ ৩৭ ১৬ ৪

اِنَّ اللّٰهَ عٰلِمُ غَيْبِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ۝

৩৮। নিশ্চয় আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য বিষয়ের জ্ঞানী। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

هُوَ الَّذِيْ جَعَلَكُمْ خَلٰۗىِٕفَ فِي الْاَرْضِ ۭ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ۭ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ اِلَّا مَقْتًا ۚ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ اِلَّا خَسَارًا ۝

৩৯। তিনিই তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি করেছেন। অতঃপর যে কুফরী করবে তার কুফরীর দায়-দায়িত্ব তাঁরই। এবং কাফিরদের কুফরী কেবল তাদের প্রতিপালকের নিকট অসন্তুষ্টিই বৃদ্ধি করে এবং কাফিরদের কুফরী কেবল তাদের ক্ষতিই বৃদ্ধি করে।

قُلْ اَرَءَيْتُمْ شُرَكَاۗءَكُمُ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۭ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ۚ اَمْ اٰتَيْنٰهُمْ كِتٰبًا فَهُمْ عَلٰي بَيِّنَتٍ مِّنْهُ ۚ بَلْ اِنْ يَّعِدُ الظّٰلِمُوْنَ بَعْضُهُمْ بَعْضًا اِلَّا غُرُوْرًا ۝

৪০। বল, তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাদেরকে ডাক সেসব শরীকদের কথা ভেবে দেখেছ কি? আমাকে দেখাও তারা পৃথিবীতে কী সৃষ্টি করেছে, অথবা আকাশসমূহের মধ্যে তাদের কোন অংশ আছে কি? নাকি আমি তাদেরকে এমন কোন কিতাব দিয়েছি যার স্পষ্ট প্রমাণের উপর তারা নির্ভর করে? বরং জালিমরা একে অপরকে কোন প্রতিশ্রুতিই দেয় না-প্রতারণা ছাড়া।

إِنَّ اللّٰهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ أَنْ تَزُوْلَا ۚ وَلَئِنْ زَالَتَآ إِنْ أَمْسَكَهُمَا مِنْ أَحَدٍ مِّنْ بَعْدِهٖ ۚ إِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا ﴿٤١﴾

৪১। আল্লাহ্‌ই আকাশসমূহ ও পৃথিবীকে ধরে রাখেন যাতে তারা স্থানচ্যুত না হয়, তারা স্থানচ্যুত হলে তিনি ছাড়া কে তাদেরকে ধরে রাখবে? নিশ্চয় তিনি পরম সহনশীল ও অতি ক্ষমাশীল।

وَأَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ أَيْمَانِهِمْ لَئِنْ جَآءَهُمْ نَذِيْرٌ لَّيَكُوْنُنَّ أَهْدٰى مِنْ إِحْدَى الْأُمَمِ ۚ فَلَمَّا جَآءَهُمْ نَذِيْرٌ مَّا زَادَهُمْ إِلَّا نُفُوْرًا ﴿٤٢﴾

৪২। এবং তারা আল্লাহ্‌র নামে কসম করেছিল- তাদের দৃঢ় কসম যে, তাদের নিকট কোন সতর্ককারী আসলে তারা অবশ্যই (পূর্ববর্তী) উম্মতসমূহের মধ্য থেকে (কোন) একটি উম্মতের চেয়ে অধিক সঠিকপথপ্রাপ্ত হবে, কিন্তু তাদের নিকট যখন সতর্ককারী আসল তখন তা কেবল তাদের (সত্য) বিমুখতাই বৃদ্ধি করল-

اسْتِكْبَارًا فِي الْأَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ۚ وَلَا يَحِيْقُ الْمَكْرُ السَّيِّئُ إِلَّا بِأَهْلِهٖ ۚ فَهَلْ يَنْظُرُوْنَ إِلَّا سُنَّتَ الْأَوَّلِيْنَ ۚ فَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَبْدِيْلًا ۚ وَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَحْوِيْلًا ﴿٤٣﴾

৪৩। -পৃথিবীতে অহংকার করা এবং মন্দ কাজের ষড়যন্ত্রের কারণে। আর মন্দ কাজের ষড়যন্ত্র তার উদ্যোক্তাদেরকেই পরিবেষ্টন করে। তবে কি তারা প্রতীক্ষা করছে পূর্ববর্তীদের (প্রতি গৃহীত) সুন্নতের (নীতির)? আর তুমি আল্লাহ্‌র সুন্নতের (নীতির) কখনো কোন পরিবর্তন পাবে না এবং আল্লাহ্‌র সুন্নতের (নীতির) কখনো কোন রূপান্তর দেখবে না।

أَوَلَمْ يَسِيْرُوْا فِي الْأَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَكَانُوْٓا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً ۚ وَمَا كَانَ اللّٰهُ لِيُعْجِزَهٗ مِنْ شَيْءٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْأَرْضِ ۚ إِنَّهٗ كَانَ عَلِيْمًا قَدِيْرًا ﴿٤٤﴾

৪৪। তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি, কেমন ছিল তাদের পূর্ববর্তীদের পরিণাম? তারা ছিল তাদের চেয়ে শক্তিতে প্রবল। আল্লাহ্‌ এমন নন যে, আকাশসমূহ ও পৃথিবীর কোন কিছুই তাঁকে অক্ষম করতে পারে। নিশ্চয় তিনি সর্বজ্ঞানী ও সর্বশক্তিমান।

وَلَوْ يُؤَاخِذُ اللّٰهُ النَّاسَ بِمَا كَسَبُوْا مَا تَرَكَ عَلٰى ظَهْرِهَا مِنْ دَآبَّةٍ وَّلٰكِنْ يُّؤَخِّرُهُمْ إِلٰى أَجَلٍ مُّسَمًّى ۚ فَإِذَا جَآءَ أَجَلُهُمْ فَإِنَّ اللّٰهَ كَانَ بِعِبَادِهٖ بَصِيْرًا ﴿٤٥﴾

৪৫। আর যদি আল্লাহ্‌ মানুষকে তারা যা অর্জন করেছে তার জন্য পাকড়াও করতেন তাহলে তার পৃষ্ঠে (ভূপৃষ্ঠে) কোন জীব-জন্তুকেই রেহাই দিতেন না, কিন্তু তিনি এক নির্দিষ্ট সময় পর্যন্ত তাদেরকে অবকাশ দিয়ে থাকেন, অতঃপর যখন তাদের নির্দিষ্ট সময় আসবে, তখন নিশ্চয় আল্লাহ্‌ হবেন তাঁর বান্দাদের ব্যাপারে পূর্ণ দৃষ্টিবান। ৫ ৪ ১৮ ৫ রুকূ ১৭

৩৬. সূরা ইয়াসীন, মাক্কী
৮৩ আয়াত, ৫ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٦-سُوْرَةُ يٰسٓ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٨٣، رُكُوْعَاتُهَا-٥

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। ইয়াসীন।	يٰسٓ ﴿١﴾
২। কসম প্রজ্ঞাময় কুরআনের-	وَالْقُرْاٰنِ الْحَكِيْمِ ﴿٢﴾
৩। নিশ্চয় তুমি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত-	اِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ﴿٣﴾
৪। সরল-সঠিক পথের উপর (প্রতিষ্ঠিত)।	عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤﴾
৫। মহাপ্রতাপশালী ও পরম দয়ালুর নিকট থেকে অবতীর্ণ (এ কুরআন)-	تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ﴿٥﴾
৬। যাতে তুমি সতর্ক করতে পার এমন এক সম্প্রদায়কে যাদের পিতৃপুরুষদেরকে সতর্ক করা হয়নি, ফলে তারা ছিল বেখবর।	لِتُنْذِرَ قَوْمًا مَّآ اُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ﴿٦﴾
৭। অবশ্যই তাদের অধিকাংশের উপর (শাস্তির) কথাটি অবধারিত হয়েছে, সুতরাং তারা ঈমান আনবে না।	لَقَدْ حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٧﴾
৮। নিশ্চয় আমি তাদের গলায় চিবুক পর্যন্ত বেড়ি পরিয়েছি, ফলে তাদের মাথা ঊর্ধ্বমুখী।	اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ﴿٨﴾
৯। এবং আমি তাদের সামনে প্রাচীর স্থাপন করেছি এবং তাদের পিছনে প্রাচীর স্থাপন করেছি, অতঃপর তাদেরকে ঢেকে ফেলেছি, ফলে তারা দেখতে পায় না।	وَجَعَلْنَا مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ﴿٩﴾
১০। তুমি তাদেরকে সতর্ক কর অথবা না কর, তাদের জন্য (উভয়ই) সমান, তারা ঈমান আনবে না।	وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠﴾
১১। তুমি কেবল তাকেই সতর্ক করতে পার যে উপদেশ মেনে চলে এবং না দেখে দয়াময়কে ভয় করে, অতএব তাকে তুমি ক্ষমা ও সম্মানজনক প্রতিদানের সুসংবাদ দাও।	اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ﴿١١﴾
১২। নিশ্চয় আমিই মৃতদেরকে জীবিত করি এবং লিখে রাখি যা তারা অগ্রে প্রেরণ করেছে এবং যা তারা পিছনে রেখে যায়। আর আমি প্রতিটি জিনিস একটি সুস্পষ্ট কিতাবে সংরক্ষণ করেছি।	اِنَّا نَحْنُ نُحْيِ الْمَوْتٰى وَنَكْتُبُ مَا قَدَّمُوْا وَاٰثَارَهُمْ ۚ وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ فِيْٓ اِمَامٍ مُّبِيْنٍ ﴿١٢﴾ ع ١ ١٨ ١ রুকূ ১৮
১৩। এবং তাদের জন্য পেশ কর সেই জনপদের অধিবাসীদের দৃষ্টান্ত, যখন সেখানে রাসূলরা* এসেছিল,	وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا اَصْحٰبَ الْقَرْيَةِ ۘ اِذْ جَآءَهَا الْمُرْسَلُوْنَ ﴿١٣﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

إِذْ أَرْسَلْنَآ إِلَيْهِمُ اثْنَيْنِ فَكَذَّبُوهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوٓا إِنَّآ إِلَيْكُمْ مُّرْسَلُونَ ﴿١٤﴾

১৪। যখন আমি তাদের নিকট প্রেরণ করেছিলাম দু'জনকে এবং তারা তাদেরকে মিথ্যাবাদী বলেছিল, অতঃপর আমি তাদেরকে শক্তিশালী করেছিলাম তৃতীয় একজন দ্বারা এবং তারা বলেছিল, 'নিশ্চয় আমরা তোমাদের নিকট প্রেরিত হয়েছি।'

قَالُوا مَآ أَنتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا وَمَآ أَنزَلَ الرَّحْمَٰنُ مِن شَىْءٍ إِنْ أَنتُمْ إِلَّا تَكْذِبُونَ ﴿١٥﴾

১৫। তারা বলল, 'তোমরা আমাদের মত মানুষ ছাড়া আর কিছু নও, দয়াময় কোন কিছুই অবতীর্ণ করেননি, তোমরা কেবল মিথ্যাই বলছ।'

قَالُوا رَبُّنَا يَعْلَمُ إِنَّآ إِلَيْكُمْ لَمُرْسَلُونَ ﴿١٦﴾

১৬। তারা বলল, 'আমাদের প্রতিপালক জানেন, নিশ্চয় আমরা তোমাদের নিকট অবশ্যই প্রেরিত হয়েছি।

وَمَا عَلَيْنَآ إِلَّا الْبَلَٰغُ الْمُبِينُ ﴿١٧﴾

১৭। সুস্পষ্টভাবে পৌঁছে দেয়াই আমাদের দায়িত্ব।'

قَالُوٓا إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ لَئِن لَّمْ تَنتَهُوا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُم مِّنَّا عَذَابٌ أَلِيمٌ ﴿١٨﴾

১৮। তারা বলল, 'নিশ্চয় আমরা তোমাদেরকে অমঙ্গলের কারণ মনে করি, যদি তোমরা বিরত না হও তাহলে তোমাদেরকে অবশ্যই অবশ্যই আমরা পাথর নিক্ষেপ করব এবং আমাদের পক্ষ থেকে তোমাদেরকে অবশ্যই অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি স্পর্শ করবে।'

قَالُوا طَٰٓئِرُكُم مَّعَكُمْ أَئِن ذُكِّرْتُم بَلْ أَنتُمْ قَوْمٌ مُّسْرِفُونَ ﴿١٩﴾

১৯। তারা বলল, 'তোমাদের অমঙ্গল তোমাদেরই সাথে। এটা কি এজন্য যে, আমরা তোমাদেরকে উপদেশ দিচ্ছি? বরং তোমরা এক সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।'

وَجَآءَ مِنْ أَقْصَا الْمَدِينَةِ رَجُلٌ يَسْعَىٰ قَالَ يَٰقَوْمِ اتَّبِعُوا الْمُرْسَلِينَ ﴿٢٠﴾

২০। এবং নগরীর প্রান্ত থেকে এক ব্যক্তি দৌড়ে আসল। সে বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা রাসূলদের অনুসরণ কর-

اتَّبِعُوا مَن لَّا يَسْـَٔلُكُمْ أَجْرًا وَهُم مُّهْتَدُونَ ﴿٢١﴾

২১। অনুসরণ কর তাদের যারা তোমাদের নিকট কোন প্রতিদান চায় না এবং তারাই সঠিক পথপ্রাপ্ত।'

পারা-২৩

وَمَا لِيَ لَآ أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٢﴾

২২। (বিতর্ককালে সে বলল) 'আর আমার কী (যুক্তি) আছে যে, যিনি আমাকে সৃষ্টি করেছেন আমি তাঁর ইবাদত করব না এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে?

ءَأَتَّخِذُ مِن دُونِهِ آلِهَةً إِن يُرِدْنِ الرَّحْمَٰنُ بِضُرٍّ لَّا تُغْنِ عَنِّي شَفَاعَتُهُمْ شَيْئًا وَلَا يُنقِذُونِ ﴿٢٣﴾

২৩। আমি কি তাঁর পরিবর্তে অন্য ইলাহ্ গ্রহণ করব? দয়াময় আমাকে ক্ষতিগ্রস্ত করতে চাইলে তাদের সুপারিশ আমার কোন উপকারে আসবে না এবং তারা আমাকে উদ্ধারও করতে পারবে না,

إِنِّي إِذًا لَّفِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٢٤﴾

২৪। এরূপ করলে আমি অবশ্যই সুস্পষ্ট পথভ্রষ্টতায় পড়ব।

إِنِّي آمَنتُ بِرَبِّكُمْ فَاسْمَعُونِ ﴿٢٥﴾

২৫। নিশ্চয় আমি তোমাদের প্রতিপালকের উপর ঈমান এনেছি, অতএব তোমরা আমার কথা শোন।'

قِيلَ ادْخُلِ الْجَنَّةَ ۖ قَالَ يَا لَيْتَ قَوْمِي يَعْلَمُونَ ﴿٢٦﴾

২৬। (নিহত হওয়ার পর) তাকে বলা হল, 'জান্নাতে প্রবেশ কর।'* 'সে বলল, 'হায়, আমার সম্প্রদায় যদি জানতে পারত-

بِمَا غَفَرَ لِي رَبِّي وَجَعَلَنِي مِنَ الْمُكْرَمِينَ ﴿٢٧﴾

২৭। যে কারণে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিতদের অন্তর্ভুক্ত করেছেন!'

وَمَا أَنزَلْنَا عَلَىٰ قَوْمِهِ مِن بَعْدِهِ مِن جُندٍ مِّنَ السَّمَاءِ وَمَا كُنَّا مُنزِلِينَ ﴿٢٨﴾

২৮। আমি তার (মৃত্যুর) পর তার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ থেকে কোন বাহিনী প্রেরণ করিনি এবং আমি প্রেরণকারীও ছিলাম না (অর্থাৎ প্রয়োজনবোধও করিনি)।

إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خَامِدُونَ ﴿٢٩﴾

২৯। তা ছিল কেবল এক বিকট শব্দ, এবং তৎক্ষণাৎ তারা নিথর-নিস্তব্ধ হয়ে গেল।

يَا حَسْرَةً عَلَى الْعِبَادِ ۚ مَا يَأْتِيهِم مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ﴿٣٠﴾

৩০। আফসোস! বান্দাদের জন্য, তাদের নিকট যখনই কোন রাসূল এসেছে তখনই তারা তাকে ঠাট্টা-বিদ্রূপ করেছে।

أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا قَبْلَهُم مِّنَ الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ ﴿٣١﴾

৩১। তারা কি ভেবে দেখেনি তাদের পূর্বে কত প্রজন্ম আমি ধ্বংস করেছি যারা তাদের মধ্যে ফিরে আসবে না?

وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ﴿٣٢﴾

৩২। এবং তাদের সকলকেই আমার নিকট উপস্থিত করা হবে।

রুকূ-২

وَآيَةٌ لَّهُمُ الْأَرْضُ الْمَيْتَةُ ۖ أَحْيَيْنَاهَا وَأَخْرَجْنَا مِنْهَا حَبًّا فَمِنْهُ يَأْكُلُونَ ﴿٣٣﴾

৩৩। আর তাদের জন্য একটি নিদর্শন হল মৃত ভূমি, যাকে আমি জীবিত করি এবং তা থেকে উৎপন্ন করি শস্যদানা, অতঃপর তা থেকে তারা আহার করে।

وَجَعَلْنَا فِيهَا جَنَّاتٍ مِّن نَّخِيلٍ وَأَعْنَابٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ ﴿٣٤﴾

৩৪। এবং আমি বানিয়েছি তার মধ্যে খেজুর ও আঙ্গুরের বাগান এবং তাতে উৎসারিত করি ঝর্ণা-

لِيَأْكُلُوا مِن ثَمَرِهِ وَمَا عَمِلَتْهُ أَيْدِيهِمْ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٣٥﴾

৩৫। যাতে তারা আহার করতে পারে তার ফল-মূল থেকে, অথচ তাদের হাত তা তৈরি করেনি। তবে কি তারা কৃতজ্ঞতা প্রকাশ করবে না?

سُبْحٰنَ الَّذِيْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ وَمِنْ اَنْفُسِهِمْ وَمِمَّا لَا يَعْلَمُوْنَ ﴿٣٦﴾

৩৬। পবিত্র তিনি, যিনি ভূমি যা উৎপন্ন করে তা, তাদের নিজেদেরকে (মানুষকে) এবং যে সৃষ্টি সম্পর্কে তারা জানেনা তাদের প্রত্যেককে সৃষ্টি করেছেন জোড়ায় জোড়ায়।

وَاٰيَةٌ لَّهُمُ الَّيْلُ ۖ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ فَاِذَا هُمْ مُّظْلِمُوْنَ ﴿٣٧﴾

৩৭। এবং তাদের জন্য একটি নিদর্শন হল রাত, তা থেকে আমি দিনকে অপসারিত করি, এবং তৎক্ষণাৎ তারা অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়ে-

وَالشَّمْسُ تَجْرِيْ لِمُسْتَقَرٍّ لَّهَا ۭ ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ﴿٣٨﴾

৩৮। আর সূর্য চলছে তার স্থির হওয়ার সময়ের জন্য। এটা মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানীর নির্ধারণ।*

وَالْقَمَرَ قَدَّرْنٰهُ مَنَازِلَ حَتّٰى عَادَ كَالْعُرْجُوْنِ الْقَدِيْمِ ﴿٣٩﴾

৩৯। এবং চাঁদের জন্য আমি নির্ধারণ করেছি বিভিন্ন মনযিল,* অবশেষে তা পুরাতন খেজুর ডালের আকার ধারণ করে।

لَا الشَّمْسُ يَنْۢبَغِيْ لَهَآ اَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلَا الَّيْلُ سَابِقُ النَّهَارِ ۭ وَكُلٌّ فِيْ فَلَكٍ يَّسْبَحُوْنَ ﴿٤٠﴾

৪০। সূর্যের জন্য মানায় না চাঁদের নাগাল পাওয়া এবং রাতের জন্য মানায় না দিনকে অতিক্রম করা। এবং প্রতিটিই কক্ষপথে সাঁতার কাটছে।

وَاٰيَةٌ لَّهُمْ اَنَّا حَمَلْنَا ذُرِّيَّتَهُمْ فِي الْفُلْكِ الْمَشْحُوْنِ ﴿٤١﴾

৪১। এবং তাদের জন্য একটি নিদর্শন এই যে, আমি তাদের (পূর্ববর্তী) বংশধরকে বোঝাই নৌযানে আরোহণ করিয়েছিলাম-

وَخَلَقْنَا لَهُمْ مِّنْ مِّثْلِهٖ مَا يَرْكَبُوْنَ ﴿٤٢﴾

৪২। এবং তাদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করেছি যাতে তারা আরোহণ করে।

وَاِنْ نَّشَاْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيْخَ لَهُمْ وَلَا هُمْ يُنْقَذُوْنَ ﴿٤٣﴾

৪৩। এবং যদি আমি ইচ্ছা করি তাহলে তাদেরকে নিমজ্জিত করতে পারি, তখন তাদের কোন সাহায্যকারী থাকবে না এবং তারা মুক্তিও পাবে না-

اِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا اِلٰى حِيْنٍ ﴿٤٤﴾

৪৪। আমার দয়া না হলে এবং একটি সময় পর্যন্ত জীবনোপভোগ করতে না দিলে।

وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّقُوْا مَا بَيْنَ اَيْدِيْكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٤٥﴾

৪৫। এবং যখন তাদেরকে বলা হয়, তোমাদের সামনে যা আছে ও তোমাদের পিছনে যা আছে সে সম্বন্ধে সাবধান হও যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার।

وَمَا تَاْتِيْهِمْ مِّنْ اٰيَةٍ مِّنْ اٰيٰتِ رَبِّهِمْ اِلَّا كَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ﴿٤٦﴾

৪৬। আর তাদের প্রতিপালকের নিদর্শনসমূহ থেকে এমন কোন নিদর্শন তাদের নিকট আসে না যা থেকে তারা মুখ ফিরিয়ে নেয়নি।

وَاِذَا قِيْلَ لَهُمْ اَنْفِقُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ ۙ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْٓا اَنُطْعِمُ مَنْ لَّوْ يَشَاۗءُ اللّٰهُ اَطْعَمَهٗٓ ڰ اِنْ اَنْتُمْ اِلَّا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٧﴾

৪৭। এবং যখন তাদেরকে বলা হয়, আল্লাহ্ তোমাদেরকে যে রিযিক দিয়েছেন তা থেকে ব্যয় কর তখন যারা কুফরী করেছে তারা যারা ঈমান এনেছে তাদেরকে বলে, 'যাকে আল্লাহ্ ইচ্ছা করলে খাওয়াতে পারতেন তাকে কি আমরা খাওয়াব? প্রকৃতপক্ষে তোমরা স্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছ।'

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾

৪৮। এবং তারা বলে, (বল) 'কখন (বাস্তবায়িত হবে) এই প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

مَا يَنْظُرُوْنَ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً تَاْخُذُهُمْ وَهُمْ يَخِصِّمُوْنَ ﴿٤٩﴾

৪৯। তারা অপেক্ষা করছে কেবল এক বিকট শব্দের (অর্থাৎ প্রথম শিঙ্গা ফুঁ) যা তাদেরকে পাকড়াও করবে, এমন অবস্থায় যে তারা বাক-বিতণ্ডায় লিপ্ত।

فَلَا يَسْتَطِيْعُوْنَ تَوْصِيَةً وَّلَآ اِلٰٓى اَهْلِهِمْ يَرْجِعُوْنَ ﴿٥٠﴾

৫০। তখন না তারা ওসিয়ত করতে সমর্থ হবে আর না তারা তাদের পরিবার-পরিজনের নিকট ফিরে আসতে পারবে।

وَنُفِخَ فِي الصُّوْرِ فَاِذَا هُمْ مِّنَ الْاَجْدَاثِ اِلٰى رَبِّهِمْ يَنْسِلُوْنَ ﴿٥١﴾

৫১। এবং শিঙ্গায় ফুঁ দেয়া হবে (অর্থাৎ দ্বিতীয় শিঙ্গা ফুঁ), এবং তৎক্ষণাৎ তারা কবর থেকে ছুটে আসবে তাদের প্রতিপালকের দিকে।

রুকূ ২ ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

قَالُوْا يٰوَيْلَنَا مَنْۢ بَعَثَنَا مِنْ مَّرْقَدِنَا ۜ هٰذَا مَا وَعَدَ الرَّحْمٰنُ وَصَدَقَ الْمُرْسَلُوْنَ ﴿٥٢﴾

৫২। তারা বলবে, 'হায় দুর্ভোগ আমাদের! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল থেকে উঠাল? দয়াময় তো এরই প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং রাসূলগণ সত্যই বলেছিলেন।'

اِنْ كَانَتْ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً فَاِذَا هُمْ جَمِيْعٌ لَّدَيْنَا مُحْضَرُوْنَ ﴿٥٣﴾

৫৩। এটা হবে কেবল এক বিকট শব্দ, এবং তৎক্ষণাৎ তাদের সবাইকে আমার নিকট উপস্থিত করা হবে।

فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ شَيْـًٔا وَّلَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٥٤﴾

৫৪। সুতরাং আজ কারো প্রতি কোন জুলুম করা হবে না এবং তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হবে যা তোমরা করতে।

اِنَّ اَصْحٰبَ الْجَنَّةِ الْيَوْمَ فِيْ شُغُلٍ فٰكِهُوْنَ ﴿٥٥﴾

৫৫। নিশ্চয় জান্নাতবাসীরা আজ থাকবে আনন্দে মগ্ন,

هُمْ وَاَزْوَاجُهُمْ فِيْ ظِلٰلٍ عَلَى الْاَرَآئِكِ مُتَّكِـُٔوْنَ ﴿٥٦﴾

৫৬। তারা এবং তাদের সঙ্গী/সঙ্গিনীরা সুশীতল ছায়ায় সুসজ্জিত আসনে হেলান দিয়ে বসবে।

لَهُمْ فِيْهَا فَاكِهَةٌ وَّلَهُمْ مَّا يَدَّعُوْنَ ﴿٥٧﴾

৫৭। সেখানে তাদের জন্য থাকবে ফল-মূল এবং তাদের জন্য থাকবে তা-ই যা তারা চাইবে,

سَلٰمٌ ۚ قَوْلًا مِّنْ رَّبٍّ رَّحِيْمٍ ﴿٥٨﴾

৫৮। পরম দয়ালু প্রতিপালকের পক্ষ থেকে তাদেরকে বলা হবে 'সালাম'।

وَامْتَازُوا الْيَوْمَ اَيُّهَا الْمُجْرِمُوْنَ ﴿٥٩﴾

৫৯। আর হে অপরাধীরা! আজ তোমরা পৃথক হয়ে যাও।

اَلَمْ اَعْهَدْ اِلَيْكُمْ يٰبَنِيْۤ اٰدَمَ اَنْ لَّا تَعْبُدُوا الشَّيْطٰنَ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٦٠﴾

৬০। হে বনী আদম! আমি কি তোমাদেরকে নির্দেশ দেইনি যে, তোমরা শয়তানের দাসত্ব করো না, নিশ্চয় সে তোমাদের সুস্পষ্ট শত্রু-

وَّاَنِ اعْبُدُوْنِيْ ۚ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦١﴾

৬১। এবং আমার ইবাদত কর, এটাই সরল সঠিক পথ?

وَلَقَدْ اَضَلَّ مِنْكُمْ جِبِلًّا كَثِيْرًا ۭ اَفَلَمْ تَكُوْنُوْا تَعْقِلُوْنَ ﴿٦٢﴾

৬২। আর অবশ্যই সে (শয়তান) তোমাদের বহু দলকে পথভ্রষ্ট করেছিল। তবে কি তোমরা অবুধাবন করনি?

هٰذِهٖ جَهَنَّمُ الَّتِيْ كُنْتُمْ تُوْعَدُوْنَ ﴿٦٣﴾

৬৩। এটা সেই জাহান্নাম, যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল।

اِصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٦٤﴾

৬৪। আজ তোমরা এতে প্রবেশ কর, তোমরা যে কুফরী করেছিলে তার বিনিময়ে।

اَلْيَوْمَ نَخْتِمُ عَلٰۤى اَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَاۤ اَيْدِيْهِمْ وَتَشْهَدُ اَرْجُلُهُمْ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٦٥﴾

৬৫। আজ আমি তাদের মুখে মোহর মেরে দেব, তাদের হাত কথা বলবে আমার সাথে এবং এদের পা সাক্ষ্য দিবে সে সম্পর্কে যা তারা অর্জন করত।

وَلَوْ نَشَآءُ لَطَمَسْنَا عَلٰۤى اَعْيُنِهِمْ فَاسْتَبَقُوا الصِّرَاطَ فَاَنّٰى يُبْصِرُوْنَ ﴿٦٦﴾

৬৬। এবং যদি আমি ইচ্ছা করতাম তাহলে তাদের চোখগুলোকে অবশ্যই নিস্প্রভ করে দিতাম, তখন তারা পথ চলতে চাইলে কি করে দেখতে পেত?

وَلَوْ نَشَآءُ لَمَسَخْنٰهُمْ عَلٰى مَكَانَتِهِمْ فَمَا اسْتَطَاعُوْا مُضِيًّا وَّلَا يَرْجِعُوْنَ ﴿٦٧﴾

৬৭। এবং যদি আমি ইচ্ছা করতাম তাহলে তাদেরকে অবশ্যই তাদের নিজ স্থানেই আকৃতি পরিবর্তন করে দিতাম, ফলে তারা সামনের দিকে চলতে পারত না এবং পিছনেও ফিরে আসতে পারত না।

রুকূ ৩ ৪

وَمَنْ نُّعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ؕ اَفَلَا يَعْقِلُوْنَ ﴿٦٨﴾

৬৮। এবং যাকে আমি দীর্ঘ আয়ু দান করি তাকে সৃষ্টিগত দিক দিয়ে পূর্বের অবস্থায় (অর্থাৎ শিশুর অবস্থায়) ফিরিয়ে নেই। তবে কি তারা অনুধান করে না?

وَمَا عَلَّمْنٰهُ الشِّعْرَ وَمَا يَنْۢبَغِيْ لَهٗ ؕ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ وَّقُرْاٰنٌ مُّبِيْنٌ ﴿٦٩﴾

৬৯। এবং তাকে (রাসূলকে) আমি কবিতা শিখাইনি এবং এটা তার জন্য মানানসই নয়। এটি কেবল এক উপদেশ ও সুস্পষ্ট কুরআন-

لِّيُنْذِرَ مَنْ كَانَ حَيًّا وَّيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٧٠﴾

৭০। যাতে সে সতর্ক করতে পারে জীবিতদেরকে এবং যাতে কাফিরদের বিরুদ্ধে (শাস্তির) কথাটি অবধারিত হতে পারে।

اَوَلَمْ يَرَوْا اَنَّا خَلَقْنَا لَهُمْ مِّمَّا عَمِلَتْ اَيْدِيْنَآ اَنْعَامًا فَهُمْ لَهَا مٰلِكُوْنَ ﴿٧١﴾

৭১। তারা কি দেখে না যে, আমার হাতে সৃষ্ট বস্তুসমূহের মধ্যে তাদের জন্য আমি সৃষ্টি করেছি গবাদি পশু এবং তারা এগুলোর মালিক?

وَذَلَّلْنٰهَا لَهُمْ فَمِنْهَا رَكُوْبُهُمْ وَمِنْهَا يَاْكُلُوْنَ ﴿٧٢﴾

৭২। এবং আমি এগুলোকে তাদের বশীভূত করে দিয়েছি, ফলে এগুলোর কিছু সংখ্যক তাদের বাহন এবং এগুলোর কিছু সংখ্যক তারা আহার করে।

وَلَهُمْ فِيْهَا مَنَافِعُ وَمَشَارِبُ ؕ اَفَلَا يَشْكُرُوْنَ ﴿٧٣﴾

৭৩। এবং তাদের জন্য এগুলোতে আছে বহু উপকারিতা ও পানীয়। তবে কি তারা কৃতজ্ঞতা প্রকাশ করবে না?

وَاتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اٰلِهَةً لَّعَلَّهُمْ يُنْصَرُوْنَ ﴿٧٤﴾

৭৪। এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে অন্য ইলাহ্‌দেরকে গ্রহণ করেছে, যাতে তারা সাহায্যপ্রাপ্ত হতে পারে।

لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَهُمْ ۙ وَهُمْ لَهُمْ جُنْدٌ مُّحْضَرُوْنَ ﴿٧٥﴾

৭৫। তারা (অর্থাৎ এসব ইলাহ্) তাদেরকে সাহায্য করতে সক্ষম নয়, বরং তারাই (এই লোকেরাই) তাদের (ইলাহ্‌দের) জন্য সদা উপস্থিত বাহিনী (পাহাদার) হয়ে আছে।

فَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّا نَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٦﴾

৭৬। অতএব তাদের কথা তোমাকে যেন দুশ্চিন্তাগ্রস্ত না করে। নিশ্চয় আমি জানি যা তারা গোপন করে ও যা তারা প্রকাশ করে।

اَوَلَمْ يَرَ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ﴿٧٧﴾

৭৭। মানুষ কি ভেবে দেখেনি যে, আমি তাকে সৃষ্টি করেছি বীর্য বিন্দু থেকে? অতঃপর সহসা সে হয়ে পড়ে সুস্পষ্ট বিতণ্ডাকারী।

وَضَرَبَ لَنَا مَثَلًا وَّنَسِيَ خَلْقَهٗ ؕ قَالَ مَنْ يُّحْيِ الْعِظَامَ وَهِيَ رَمِيْمٌ ﴿٧٨﴾

৭৮। এবং সে আমার জন্য উপমা (সমকক্ষ) পেশ করে এবং তার (নিজের) সৃষ্টিকে ভুলে যায়। সে বলে, 'এই হাড়গুলোকে কে জীবিত করবে, যখন এগুলো ছিন্ন-বিছিন্ন?'

قُلْ يُحْيِيْهَا الَّذِيْٓ اَنْشَاَهَآ اَوَّلَ مَرَّةٍ ؕ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيْمُ ۙ ﴿٧٩﴾

৭৯। বল, 'এগুলোকে জীবিত করবেন তিনিই যিনি তা প্রথমবার সৃষ্টি করেছেন এবং তিনি প্রতিটি সৃষ্টি সম্বন্ধে ভালভাবে জানেন-

الَّذِيْ جَعَلَ لَكُمْ مِّنَ الشَّجَرِ الْاَخْضَرِ نَارًا فَاِذَآ اَنْتُمْ مِّنْهُ تُوْقِدُوْنَ ﴿٨٠﴾

৮০। যিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ থেকে আগুন তৈরি করেছেন, অতঃপর তখন তোমরা তা থেকে আগুন প্রজ্জ্বলিত কর।'

اَوَلَيْسَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ ؕ بَلٰى ۗ وَهُوَ الْخَلّٰقُ الْعَلِيْمُ ﴿٨١﴾

৮১। যিনি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন তিনি কি তাদের (অর্থাৎ মৃত ব্যক্তির) অনুরূপ সৃষ্টি করতে সমর্থ নন? হ্যাঁ অবশ্যই, নিশ্চয় তিনিই মহাস্রষ্টা ও সর্বজ্ঞানী।

اِنَّمَآ اَمْرُهٗٓ اِذَآ اَرَادَ شَيْـًٔا اَنْ يَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٨٢﴾

৮২। তাঁর বিষয় কেবল এই, যখন তিনি কোন কিছুর ইচ্ছা করেন তখন তিনি তার জন্য বলেন, 'হও' এবং তা হয়ে যায়।

فَسُبْحٰنَ الَّذِيْ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٨٣﴾ ع

৮৩। অতএব পবিত্র তিনি, যাঁর হাতে প্রতিটি বিষয়ের সর্বময় কর্তৃত্ব, এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

ع ٥ ١٦ ٤ ٥ রুকূ ৪

٣٧-سُوْرَةُ الصّٰفّٰتِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٨٢، رُكُوْعَاتُهَا-٥

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৩৭. সূরা সাফফাত, মাক্কী

১৮২ আয়াত, ৫ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

وَالصّٰٓفّٰتِ صَفًّا ۝١

১। কসম তাদের (অর্থাৎ ফেরেশতাদের) যারা কাতারে কাতারে সারিবদ্ধ-

فَالزّٰجِرٰتِ زَجْرًا ۝٢

২। এবং তাদের যারা (শয়তানদেরকে) ধমক দিয়ে তাড়িয়ে বেড়ায়-

فَالتّٰلِيٰتِ ذِكْرًا ۝٣

৩। এবং তাদের যারা যিকির (ওহী)* পাঠে রত-

اِنَّ اِلٰهَكُمْ لَوَاحِدٌ ۝٤

৪। নিশ্চয় তোমাদের ইলাহ্ অবশ্যই একজন।

رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ۝٥

৫। যিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার প্রতিপালক এবং প্রতিপালক উদয়স্থলসমূহের।

اِنَّا زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِزِيْنَةِ ِۨالْكَوَاكِبِ ۝٦

৬। নিশ্চয় আমি দুনিয়ার আকাশকে নক্ষত্ররাজির সৌন্দর্য দ্বারা সুসজ্জিত করেছি-

وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطٰنٍ مَّارِدٍ ۝٧

৭। এবং সুরক্ষা করেছি প্রত্যেক বিদ্রোহী শয়তান থেকে,

لَا يَسَّمَّعُوْنَ اِلَى الْمَلَاِ الْاَعْلٰى وَيُقْذَفُوْنَ مِنْ كُلِّ جَانِبٍ ۝٨

৮। তারা ঊর্ধ্বজগতের কিছু শ্রবণ করতে পারে না এবং তাদের প্রতি নিক্ষেপ করা হয় সকল দিক থেকে-

دُحُوْرًا وَّلَهُمْ عَذَابٌ وَّاصِبٌ ۝٩

৯। বিতাড়নের জন্য, এবং তাদের জন্য রয়েছে অবিরাম শাস্তি-

اِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَاَتْبَعَهٗ شِهَابٌ ثَاقِبٌ ۝١٠

১০। তবে (এর পরও) কেউ ছোঁ মেরে কিছু শুনে ফেললে জ্বলন্ত অগ্নিশিখা তার পশ্চাদ্ধাবন করে।

فَاسْتَفْتِهِمْ اَهُمْ اَشَدُّ خَلْقًا اَمْ مَّنْ خَلَقْنَا ؕ اِنَّا خَلَقْنٰهُمْ مِّنْ طِيْنٍ لَّازِبٍ ۝١١

১১। অতঃপর তাদেরকে জিজ্ঞেস কর, তারা কি কঠিনতর সৃষ্টি নাকি আমি (অন্য) যা কিছু সৃষ্টি করেছি তা? নিশ্চয় আমি তাদেরকে সৃষ্টি করেছি আঠালো মাটি থেকে।

بَلْ عَجِبْتَ وَيَسْخَرُوْنَ ۝١٢

১২। বরং তুমি বিস্ময়বোধ করছ, আর তারা করছে বিদ্রূপ।

وَاِذَا ذُكِّرُوْا لَا يَذْكُرُوْنَ ۝١٣

১৩। এবং যখন তাদেরকে উপদেশ দেয়া হয় তখন তারা উপদেশ গ্রহণ করে না।

وَاِذَا رَاَوْا اٰيَةً يَّسْتَسْخِرُوْنَ ۝١٤

১৪। এবং যখন তারা কোন নিদর্শন দেখে তখন তারা উপহাস করে।

وَقَالُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝١٥

১৫। এবং বলে, 'এটা সুস্পষ্ট জাদু ছাড়া আর কিছু নয়,

ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ۝١٦

১৬। আমরা যখন মরে যাব এবং মাটি ও হাড়ে পরিণত হব তখনও কি আমাদেরকে পুনরুত্থিত করা হবে?

اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ ۝١٧

১৭। আমাদের পূর্বপুরুষদেরকেও?'

قُلْ نَعَمْ وَاَنْتُمْ دَاخِرُوْنَ ۝١٨

১৮। বল, হ্যাঁ, এবং তোমরা হবে লাঞ্ছিত,

فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ فَاِذَا هُمْ يَنْظُرُوْنَ ۝١٩

১৯। তা কেবল এক বিকট শব্দ, এবং তৎক্ষণাৎ তারা প্রত্যক্ষ করবে।

وَقَالُوْا يٰوَيْلَنَا هٰذَا يَوْمُ الدِّيْنِ ﴿٢٠﴾

২০। এবং তারা বলবে, 'দুর্ভোগ আমাদের, এটাই বিচার দিন।'

هٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿٢١﴾

২১। (বলা হবে) এটাই ফয়সালার দিন যাকে তোমরা অস্বীকার করতে।

اُحْشُرُوا الَّذِيْنَ ظَلَمُوْا وَاَزْوَاجَهُمْ وَمَا كَانُوْا يَعْبُدُوْنَ ﴿٢٢﴾

২২। (ফেরেশতাদেরকে বলা হবে) সমবেত কর জালিমদেরকে (অর্থাৎ নেতাদেরকে) ও তাদের সহচরদেরকে এবং তাদেরকে যাদের ইবাদত তারা করত-

مِنْ دُوْنِ اللّٰهِ فَاهْدُوْهُمْ اِلٰى صِرَاطِ الْجَحِيْمِ ﴿٢٣﴾

২৩। -আল্লাহ্‌কে বাদ দিয়ে, অতঃপর তাদেরকে তীব্র আগুনের পথে পরিচালিত কর,

وَقِفُوْهُمْ اِنَّهُمْ مَّسْئُوْلُوْنَ ﴿٢٤﴾

২৪। এবং তাদেরকে থামাও, নিশ্চয় তাদেরকে প্রশ্ন করা হবে-

مَا لَكُمْ لَا تَنَاصَرُوْنَ ﴿٢٥﴾

২৫। তোমাদের ব্যাপার কি, তোমরা একে অপরকে সাহায্য করছ না?

بَلْ هُمُ الْيَوْمَ مُسْتَسْلِمُوْنَ ﴿٢٦﴾

২৬। বরং আজ তারা আত্মসমর্পণকারী।

وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٧﴾

২৭। এবং তারা একে অপরের সামনাসামনি হয়ে জিজ্ঞাসাবাদ করবে।

قَالُوْٓا اِنَّكُمْ كُنْتُمْ تَاْتُوْنَنَا عَنِ الْيَمِيْنِ ﴿٢٨﴾

২৮। তারা (সহচররা) বলবে, 'নিশ্চয় তোমরা ডান দিক থেকে (অর্থাৎ ভাল মানুষ সেজে) আমাদের নিকট আসতে।'

قَالُوْا بَلْ لَّمْ تَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٢٩﴾

২৯। তারা (জালিম নেতারা) বলবে, 'বরং তোমরা মু'মিনই ছিলে না,

وَمَا كَانَ لَنَا عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ ۚ بَلْ كُنْتُمْ قَوْمًا طٰغِيْنَ ﴿٣٠﴾

৩০। এবং তোমাদের উপর আমাদের কোন ক্ষমতা ছিল না, বরং তোমরাই ছিলে সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।

فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَآ ۖ اِنَّا لَذَآئِقُوْنَ ﴿٣١﴾

৩১। সুতরাং আমাদের বিরুদ্ধে আমাদের প্রতিপালকের কথা অবধারিত হয়েছে, নিশ্চয় আমাদেরকে অবশ্যই শাস্তি ভোগ করতে হবে।

فَاَغْوَيْنٰكُمْ اِنَّا كُنَّا غٰوِيْنَ ﴿٣٢﴾

৩২। আমরা তোমাদেরকে বিপথগামী করেছিলাম, কারণ নিশ্চয় আমরা বিপথগামী ছিলাম।'

فَاِنَّهُمْ يَوْمَئِذٍ فِي الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٣﴾

৩৩। সুতরাং নিশ্চয় তারা সেদিন শাস্তিতে অংশীদার হবে।

اِنَّا كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ ﴿٣٤﴾

৩৪। নিশ্চয় আমি অপরাধীদের সাথে এমনই করে থাকি।

اِنَّهُمْ كَانُوْٓا اِذَا قِيْلَ لَهُمْ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ يَسْتَكْبِرُوْنَ ﴿٣٥﴾

৩৫। নিশ্চয় তারা ছিল এমন যখন তাদেরকে আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই বলা হত তখন তারা অহংকার করত-

وَيَقُوْلُوْنَ اَئِنَّا لَتَارِكُوْٓا اٰلِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُوْنٍ ﴿٣٦﴾

৩৬। এবং বলত, 'আমরা কি এক পাগল কবির জন্য আমাদের ইলাহ্‌দেরকে বর্জন করব?'

بَلْ جَآءَ بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ ﴿٣٧﴾

৩৭। বরং সে সত্য নিয়ে এসেছিল এবং সে রাসূলদেরকে সত্য বলে স্বীকার করেছিল।

اِنَّكُمْ لَذَآئِقُوا الْعَذَابِ الْاَلِيْمِ ﴿٣٨﴾

৩৮। নিশ্চয় তোমরা অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবে,

وَمَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٣٩﴾

৩৯। এবং তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হবে যা তোমরা করতে-

اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾

৪০। তবে তাদেরকে নয় যারা আল্লাহ্‌র বাছাইকৃত বান্দা।

اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ ﴿٤١﴾

৪১। তাদেরই জন্য রয়েছে নির্ধারিত রিযিক-

৪২। -ফল-মূল, এবং তারা হবে সম্মানিত-	فَوَاكِهُ ۚ وَهُمْ مُّكْرَمُوْنَ ﴿٤٢﴾
৪৩। নেয়ামতপূর্ণ জান্নাতসমূহে-	فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٤٣﴾
৪৪। (বসবে) আসনসমূহের উপর পরস্পর মুখোমুখি হয়ে।	عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٤﴾
৪৫। তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে ঝর্ণা নিঃসৃত (সুরাপূর্ণ) পানপাত্র-	يُطَافُ عَلَيْهِمْ بِكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ ﴿٤٥﴾
৪৬। -শুভ্র উজ্জ্বল, পানকারীদের জন্য সুস্বাদু,	بَيْضَاۤءَ لَذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ﴿٤٦﴾
৪৭। তাতে ক্ষতিকর কোন কিছু থাকবে না এবং তাতে তারা মাতালও হবে না।	لَا فِيْهَا غَوْلٌ وَّلَا هُمْ عَنْهَا يُنْزَفُوْنَ ﴿٤٧﴾
৪৮। তাদের সঙ্গে থাকবে আনতনয়না, ডাগরনয়না হূররা-	وَعِنْدَهُمْ قٰصِرٰتُ الطَّرْفِ عِيْنٌ ﴿٤٨﴾
৪৯। তারা যেন সুরক্ষিত ডিম।*	كَاَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُوْنٌ ﴿٤٩﴾
৫০। এবং তারা একে অপরের সামনাসামনি হয়ে জিজ্ঞাসাবাদ করবে।	فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٥٠﴾
৫১। তাদের একজন বলবে, নিশ্চয় আমার ছিল এক সঙ্গী-	قَالَ قَآئِلٌ مِّنْهُمْ اِنِّيْ كَانَ لِيْ قَرِيْنٌ ﴿٥١﴾
৫২। সে বলত, 'তুমি কি (পুনরুত্থানকে) সত্য বলে স্বীকারকারীদের অন্তর্ভুক্ত?	يَّقُوْلُ اَئِنَّكَ لَمِنَ الْمُصَدِّقِيْنَ ﴿٥٢﴾
৫৩। আমরা যখন মরে যাব এবং মাটি ও হাড়ে পরিণত হব তখনও কি আমাদেরকে প্রতিদান দেয়া হবে?'	ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَدِيْنُوْنَ ﴿٥٣﴾
৫৪। সে বলবে, 'তোমরা কি তাকে দেখতে চাও?'	قَالَ هَلْ اَنْتُمْ مُّطَّلِعُوْنَ ﴿٥٤﴾
৫৫। অতঃপর সে ঝুঁকে দেখবে এবং তাকে দেখতে পাবে তীব্র আগুনের মাঝখানে।	فَاطَّلَعَ فَرَاٰهُ فِيْ سَوَآءِ الْجَحِيْمِ ﴿٥٥﴾
৫৬। সে বলবে, 'আল্লাহ্‌র কসম! তুমি আমাকে প্রায় ধ্বংসই করে ফেলেছিলে-	قَالَ تَاللّٰهِ اِنْ كِدْتَّ لَتُرْدِيْنِ ﴿٥٦﴾
৫৭। আমার প্রতিপালকের নেয়ামত না থাকলে আমিও (জাহান্নামে) উপস্থিত ব্যক্তিদের অন্তর্ভুক্ত হতাম।	وَلَوْلَا نِعْمَةُ رَبِّيْ لَكُنْتُ مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٥٧﴾
৫৮। আমরা কি আর মৃত হব না-	اَفَمَا نَحْنُ بِمَيِّتِيْنَ ﴿٥٨﴾
৫৯। আমাদের প্রথম মৃত্যু ছাড়া, এবং আমাদেরকে শাস্তিও দেয়া হবে না?'	اِلَّا مَوْتَتَنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿٥٩﴾
৬০। নিশ্চয় এটি অবশ্যই মহাসাফল্য।	اِنَّ هٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٦٠﴾
৬১। এরূপ সাফল্যের জন্যই কর্মীদের কর্ম করা উচিত।	لِمِثْلِ هٰذَا فَلْيَعْمَلِ الْعٰمِلُوْنَ ﴿٦١﴾

أَذٰلِكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّوْمِ ﴿٦٢﴾

৬২। আপ্যায়ন হিসেবে কি এটাই উত্তম নাকি যাক্কুম বৃক্ষ?

إِنَّا جَعَلْنٰهَا فِتْنَةً لِّلظّٰلِمِيْنَ ﴿٦٣﴾

৬৩। নিশ্চয় আমি তা বানিয়েছি জালিমদের জন্য পরীক্ষাস্বরূপ।

إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِيْٓ أَصْلِ الْجَحِيْمِ ﴿٦٤﴾

৬৪। নিশ্চয় তা এমন এক বৃক্ষ যা উৎপন্ন হয় তীব্র আগুনের (জাহান্নামের) তলদেশে-

طَلْعُهَا كَأَنَّهٗ رُءُوْسُ الشَّيٰطِيْنِ ﴿٦٥﴾

৬৫। এর মোচা, যেন এটি শয়তানদের মাথা,*

فَإِنَّهُمْ لَأٰكِلُوْنَ مِنْهَا فَمَالِـُٔوْنَ مِنْهَا الْبُطُوْنَ ﴿٦٦﴾

৬৬। এবং নিশ্চয় তারা অবশ্যই তা থেকে আহার করবে এবং তা দিয়ে উদর পূর্ণ করবে।

ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا مِّنْ حَمِيْمٍ ﴿٦٧﴾

৬৭। এরপর নিশ্চয় তাদের জন্য থাকবে উত্তপ্ত পানির (ও পুঁজের) মিশ্রণ,

ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيْمِ ﴿٦٨﴾

৬৮। এরপর নিশ্চয় তাদের প্রত্যাবর্তন অবশ্যই তীব্র আগুনের দিকে।

إِنَّهُمْ أَلْفَوْا ءَابَآءَهُمْ ضَآلِّيْنَ ﴿٦٩﴾

৬৯। নিশ্চয় তারা তাদের বাপ-দাদাদেরকে পেয়েছিল পথভ্রষ্ট-

فَهُمْ عَلٰٓى ءَاثٰرِهِمْ يُهْرَعُوْنَ ﴿٧٠﴾

৭০। সুতরাং তারা তাদের পদাঙ্কসমূহ অনুসরণে ধাবিত হয়েছিল।

وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ أَكْثَرُ الْأَوَّلِيْنَ ﴿٧١﴾

৭১। আর অবশ্যই তাদের পূর্বে পূর্ববর্তীদের অধিকাংশই পথভ্রষ্ট হয়েছিল-

وَلَقَدْ أَرْسَلْنَا فِيْهِمْ مُّنْذِرِيْنَ ﴿٧٢﴾

৭২। এবং অবশ্যই আমি তাদের মধ্যে সতর্ককারীদেরকে প্রেরণ করেছিলাম।

فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿٧٣﴾

৭৩। সুতরাং লক্ষ্য কর যাদেরকে সতর্ক করা হয়েছিল, কেমন ছিল তাদের পরিণাম-

إِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿٧٤﴾

৭৪। আল্লাহ্‌র বাছাইকৃত বান্দারা ছাড়া।

وَلَقَدْ نَادٰنَا نُوْحٌ فَلَنِعْمَ الْمُجِيْبُوْنَ ﴿٧٥﴾

৭৫। আর অবশ্যই নূহ্ আমাকে ডেকেছিল, এবং আমি কতই না উত্তম সাড়াদানকারী!

وَنَجَّيْنٰهُ وَأَهْلَهٗ مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ﴿٧٦﴾

৭৬। এবং তাকে ও তার পরিবারবর্গকে আমি উদ্ধার করেছিলাম মহাসংকট থেকে,

وَجَعَلْنَا ذُرِّيَّتَهٗ هُمُ الْبٰقِيْنَ ﴿٧٧﴾

৭৭। এবং তার বংশধরকেই আমি অবশিষ্ট রাখলাম,

وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْأٰخِرِيْنَ ﴿٧٨﴾

৭৮। এবং পরবর্তীদের মাঝে আমি তাকে (স্মরণীয় করে) রাখলাম,

سَلٰمٌ عَلٰى نُوْحٍ فِي الْعٰلَمِيْنَ ﴿٧٩﴾

৭৯। জগৎসমূহের মধ্যে নূহের উপর সালাম (শান্তি)।

إِنَّا كَذٰلِكَ نَجْزِي الْمُحْسِنِيْنَ ﴿٨٠﴾

৮০। নিশ্চয় এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।

إِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ﴿٨١﴾

৮১। নিশ্চয় সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্তর্ভুক্ত।

রুকূ ২

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

ثُمَّ اَغْرَقْنَا الْاٰخَرِيْنَ ﴿٨٢﴾

৮২। এরপর অন্য সকলকে আমি নিমজ্জিত করেছিলাম।

وَاِنَّ مِنْ شِيْعَتِهٖ لَاِبْرٰهِيْمَ ﴿٨٣﴾

৮৩। আর নিশ্চয় ইবরাহীম অবশ্যই তার (অর্থাৎ নূহের) দলের অন্তর্ভুক্ত।

اِذْ جَآءَ رَبَّهٗ بِقَلْبٍ سَلِيْمٍ ﴿٨٤﴾

৮৪। যখন সে তার প্রতিপালকের নিকট উপস্থিত হয়েছিল বিশুদ্ধচিত্তে।

اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَاذَا تَعْبُدُوْنَ ﴿٨٥﴾

৮৫। যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বলেছিল, তোমরা কিসের উপাসনা করছো?

اَئِفْكًا اٰلِهَةً دُوْنَ اللّٰهِ تُرِيْدُوْنَ ﴿٨٦﴾

৮৬। তোমরা কি আল্লাহ্‌কে বাদ দিয়ে মিথ্যা ইলাহ্‌দেরকে (উপাস্যদেরকে) চাও?

فَمَا ظَنُّكُمْ بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٨٧﴾

৮৭। জগৎসমূহের প্রতিপালক সম্বন্ধে তোমাদের ধারণা কী?

فَنَظَرَ نَظْرَةً فِى النُّجُوْمِ ﴿٨٨﴾

৮৮। অতঃপর সে তারকারাজির দিকে একবার তাকাল-

فَقَالَ اِنِّىْ سَقِيْمٌ ﴿٨٩﴾

৮৯। এবং বলল, 'নিশ্চয় আমি অসুস্থ।'

فَتَوَلَّوْا عَنْهُ مُدْبِرِيْنَ ﴿٩٠﴾

৯০। অতঃপর তারা তাকে পিছনে রেখে চলে গেল।

فَرَاغَ اِلٰٓى اٰلِهَتِهِمْ فَقَالَ اَلَا تَاْكُلُوْنَ ﴿٩١﴾

৯১। পরে সে সন্তর্পণে তাদের ইলাহ্‌দের (উপাস্যদের) নিকট গেল এবং বলল, 'তোমরা খাদ্য গ্রহণ করছ না কেন?

مَا لَكُمْ لَا تَنْطِقُوْنَ ﴿٩٢﴾

৯২। তোমাদের কী হয়েছে যে, তোমরা কথা বল না!'

فَرَاغَ عَلَيْهِمْ ضَرْبًا بِالْيَمِيْنِ ﴿٩٣﴾

৯৩। অতঃপর সে তাদের উপর ডান হাতে (অর্থাৎ সজোরে) আঘাত করল।

فَاَقْبَلُوْٓا اِلَيْهِ يَزِفُّوْنَ ﴿٩٤﴾

৯৪। অতঃপর তারা তার দিকে ছুটে আসল।

قَالَ اَتَعْبُدُوْنَ مَا تَنْحِتُوْنَ ﴿٩٥﴾

৯৫। সে বলল, 'তোমরা কি তাদেরই উপাসনা কর যাদেরকে তোমরা খোদাই করে তৈরি কর-

وَاللّٰهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُوْنَ ﴿٩٦﴾

৯৬। অথচ আল্লাহ্‌ই সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং তোমরা যা কর তাও?'

قَالُوا ابْنُوْا لَهٗ بُنْيَانًا فَاَلْقُوْهُ فِى الْجَحِيْمِ ﴿٩٧﴾

৯৭। তারা বলল, 'তার জন্য একটি (অগ্নিকুণ্ডের) স্থাপনা নির্মাণ কর, অতঃপর তাকে তীব্র আগুনে নিক্ষেপ কর।'

فَاَرَادُوْا بِهٖ كَيْدًا فَجَعَلْنٰهُمُ الْاَسْفَلِيْنَ ﴿٩٨﴾

৯৮। তারা তার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে চেয়েছিল কিন্তু আমি তাদেরকে সর্বাধিক অপদস্থ করে দিলাম।

وَقَالَ اِنِّىْ ذَاهِبٌ اِلٰى رَبِّىْ سَيَهْدِيْنِ ﴿٩٩﴾

৯৯। সে বলল, 'নিশ্চয় আমি আমার প্রতিপালকের দিকে চললাম, শীঘ্রই তিনি আমাকে সঠিক পথ প্রদর্শন করবেন।

رَبِّ هَبْ لِىْ مِنَ الصّٰلِحِيْنَ ﴿١٠٠﴾

১০০। হে আমার প্রতিপালক! আমাকে এক সৎকর্মশীল সন্তান দান করুন।'

فَبَشَّرْنٰهُ بِغُلٰمٍ حَلِيْمٍ ﴿١٠١﴾

১০১। অতঃপর আমি তাকে এক সহনশীল পুত্রের সুসংবাদ দিলাম।

فَلَمَّا بَلَغَ مَعَهُ السَّعْيَ قَالَ يٰبُنَيَّ إِنِّيٓ أَرٰى فِي الْمَنَامِ أَنِّيٓ أَذْبَحُكَ فَانْظُرْ مَاذَا تَرٰى ؕ قَالَ يٰٓأَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ ز سَتَجِدُنِيٓ إِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰبِرِيْنَ ﴿١٠٢﴾

১০২। অতঃপর সে যখন তার পিতার সাথে দৌড়াদৌড়ি করার বয়সে উপনীত হল তখন ইবরাহীম বলল, 'বৎস! নিশ্চয় আমি স্বপ্নে দেখেছি যে, তোমাকে আমি জবাই করছি, অতএব দেখ তোমার অভিমত কি?' সে বলল, 'হে আমার পিতা! আপনাকে যা নির্দেশ করা হয়েছে তা করুন, যদি আল্লাহ্ ইচ্ছা করেন তাহলে আপনি আমাকে ধৈর্যশীলদের মধ্যে পাবেন।'

فَلَمَّآ أَسْلَمَا وَتَلَّهٗ لِلْجَبِيْنِ ﴿١٠٣﴾ ج

১০৩। অতঃপর যখন তারা উভয়ে (আল্লাহ্‌র নির্দেশের সামনে) আত্মসমর্পণ করল এবং সে তাকে কপালের উপর (উপুর করে) শয়ন করাল,

وَنَادَيْنٰهُ أَنْ يّٰٓإِبْرٰهِيْمُ ﴿١٠٤﴾ لا

১০৪। তখন আমি তাকে ডেকে বললাম, 'হে ইবরাহীম!

قَدْ صَدَّقْتَ الرُّءْيَا ۚ إِنَّا كَذٰلِكَ نَجْزِي الْمُحْسِنِيْنَ ﴿١٠٥﴾

১০৫। অবশ্যই তুমি স্বপ্নকে সত্যে পরিণত করলে, নিশ্চয় আমি এভাবেই সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।'

إِنَّ هٰذَا لَهُوَ الْبَلٰٓؤُا الْمُبِيْنُ ﴿١٠٦﴾

১০৬। নিশ্চয় এটি ছিল অবশ্যই এক সুস্পষ্ট পরীক্ষা।

وَفَدَيْنٰهُ بِذِبْحٍ عَظِيْمٍ ﴿١٠٧﴾

১০৭। এবং আমি তাকে ফিদিয়া দিলাম (মুক্ত করলাম) একটি মহান জবাই করার পশু দ্বারা।*

وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْاٰخِرِيْنَ ﴿١٠٨﴾ صلے

১০৮। এবং আমি পরবর্তীদের মাঝে তাকে (স্মরণীয় করে) রেখেছি,

سَلٰمٌ عَلٰٓى إِبْرٰهِيْمَ ﴿١٠٩﴾

১০৯। ইবরাহীমের উপর সালাম (শান্তি),

كَذٰلِكَ نَجْزِي الْمُحْسِنِيْنَ ﴿١١٠﴾

১১০। এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।

إِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ﴿١١١﴾

১১১। নিশ্চয় সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্তর্ভুক্ত।

وَبَشَّرْنٰهُ بِإِسْحٰقَ نَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿١١٢﴾

১১২। আমি তাকে সুসংবাদ দিলাম ইসহাকের, যে (হবে) সৎকর্মশীলদের মধ্য থেকে একজন নবী।

وَبٰرَكْنَا عَلَيْهِ وَعَلٰٓى إِسْحٰقَ ؕ وَمِنْ ذُرِّيَّتِهِمَا مُحْسِنٌ وَّظَالِمٌ لِّنَفْسِهٖ مُبِيْنٌ ﴿١١٣﴾ ع

(ع ৮/৩ রুকু ৭)

১১৩। এবং আমি তাকে বরকত দান করেছিলাম এবং ইসহাককেও। এবং তাদের বংশধরের মধ্যে কিছু সংখ্যক সৎকর্মপরায়ণ আর কিছু সংখ্যক নিজেদের প্রতি স্পষ্ট জুলুমকারী।

وَلَقَدْ مَنَنَّا عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ﴿١١٤﴾ ج

১১৪। আর অবশ্যই আমি অনুগ্রহ করেছিলাম মূসা ও হারূনের প্রতি,

وَنَجَّيْنٰهُمَا وَقَوْمَهُمَا مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ﴿١١٥﴾ ج

১১৫। এবং তাদের দু'জনকে এবং তাদের সম্প্রদায়কে আমি উদ্ধার করেছিলাম মহাসংকট থেকে,

وَنَصَرْنٰهُمْ فَكَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ﴿١١٦﴾ ج

১১৬। এবং আমি সাহায্য করেছিলাম তাদেরকে, ফলে তারাই বিজয়ী হয়েছিল,

وَاٰتَيْنٰهُمَا الْكِتٰبَ الْمُسْتَبِيْنَ ﴿١١٧﴾ ج

১১৭। আমি উভয়কে সুস্পষ্ট কিতাব দিয়েছিলাম,

وَهَدَيْنٰهُمَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ﴿١١٨﴾ ج

১১৮। এবং তাদেরকে আমি সরল সঠিক পথ প্রদর্শন করেছিলাম,

وَتَرَكْنَا عَلَيْهِمَا فِي الْاٰخِرِيْنَ ﴿١١٩﴾ صلے

১১৯। এবং আমি পরবর্তীদের মাঝে তাদেরকে (স্মরণীয় করে) রেখেছি-

سَلٰمٌ عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ﴿١٢٠﴾

১২০। মূসা ও হারূনের উপর সালাম (শান্তি)।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১২১। নিশ্চয় আমি এভাবেই সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।	اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٢١﴾
১২২। নিশ্চয় তারা দু'জন ছিল আমার মু'মিন বান্দাদের অন্তর্ভুক্ত।	اِنَّهُمَا مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ﴿١٢٢﴾
১২৩। এবং নিশ্চয় ইলইয়াস ছিল অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত।	وَاِنَّ اِلْيَاسَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ؕ ﴿١٢٣﴾
১২৪। যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা কি (আল্লাহ্‌কে) ভয় করবে না?	اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اَلَا تَتَّقُوْنَ ﴿١٢٤﴾
১২৫। তোমরা কি বা'আল* (নামক মূর্তি) দেবতাকে ডাকবে এবং পরিত্যাগ করবে সর্বোত্তম স্রষ্টাকে-	اَتَدْعُوْنَ بَعْلًا وَّتَذَرُوْنَ اَحْسَنَ الْخَالِقِيْنَ ۙ ﴿١٢٥﴾
১২৬। -আল্লাহকে, যিনি প্রতিপালক তোমাদের এবং প্রতিপালক তোমাদের পূর্বপুরুষদের?	اللّٰهَ رَبَّكُمْ وَرَبَّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ﴿١٢٦﴾
১২৭। অতঃপর তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, সুতরাং নিশ্চয় তাদেরকে অবশ্যই (শাস্তির জন্য) উপস্থিত করা হবে-	فَكَذَّبُوْهُ فَاِنَّهُمْ لَمُحْضَرُوْنَ ۙ ﴿١٢٧﴾
১২৮। আল্লাহ্‌র বাছাইকৃত বান্দাদেরকে ছাড়া।	اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿١٢٨﴾
১২৯। এবং আমি পরবর্তীদের মাঝে তাকে (স্মরণীয় করে) রেখেছি-	وَتَرَكْنَا عَلَيْهِ فِى الْاٰخِرِيْنَ ۙ ﴿١٢٩﴾
১৩০। ইলইয়াসীনের* উপর সালাম (শান্তি)।	سَلٰمٌ عَلٰٓى اِلْ يَاسِيْنَ ﴿١٣٠﴾
১৩১। নিশ্চয় আমি এভাবেই সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।	اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١٣١﴾
১৩২। নিশ্চয় সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্তর্ভুক্ত।	اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ﴿١٣٢﴾
১৩৩। এবং নিশ্চয় লূত ছিল অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত।	وَاِنَّ لُوْطًا لَّمِنَ الْمُرْسَلِيْنَ ؕ ﴿١٣٣﴾
১৩৪। যখন আমি তাকে ও তার পরিবারের সবাইকে উদ্ধার করেছিলাম-	اِذْ نَجَّيْنٰهُ وَاَهْلَهٗٓ اَجْمَعِيْنَ ۙ ﴿١٣٤﴾
১৩৫। এক বৃদ্ধা ছাড়া, যে ছিল পিছনে থেকে যাওয়াদের (ধ্বংসপ্রাপ্তদের) অন্তর্ভুক্ত।	اِلَّا عَجُوْزًا فِى الْغٰبِرِيْنَ ﴿١٣٥﴾
১৩৬। এরপর অবশিষ্টদেরকে আমি ধ্বংস করেছিলাম।	ثُمَّ دَمَّرْنَا الْاٰخَرِيْنَ ﴿١٣٦﴾
১৩৭। এবং নিশ্চয় তোমরা অবশ্যই তাদেরকে অতিক্রম করে থাক প্রভাতে-	وَاِنَّكُمْ لَتَمُرُّوْنَ عَلَيْهِمْ مُّصْبِحِيْنَ ۙ ﴿١٣٧﴾
১৩৮। ও রাতে। তবে কি তোমরা অনুধাবন কর না?	وَبِالَّيْلِ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ع ﴿١٣٨﴾
১৩৯। এবং নিশ্চয় ইউনুস ছিল অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত।	وَاِنَّ يُوْنُسَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ؕ ﴿١٣٩﴾
১৪০। যখন সে পালিয়েছিল* বোঝাই নৌযানের দিকে-	اِذْ اَبَقَ اِلَى الْفُلْكِ الْمَشْحُوْنِ ۙ ﴿١٤٠﴾
১৪১। অতঃপর সে লটারীতে অংশ নিল ও পরাজিত হল,	فَسَاهَمَ فَكَانَ مِنَ الْمُدْحَضِيْنَ ۚ ﴿١٤١﴾
১৪২। পরে এক বৃহদাকার মাছ তাকে গিলে ফেলল, এমন অবস্থায় যে সে ছিল তিরস্কৃত।	فَالْتَقَمَهُ الْحُوْتُ وَهُوَ مُلِيْمٌ ﴿١٤٢﴾

ع ٢٥ ٨ ٤ রুকূ ৮

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَلَوْلَآ اَنَّهٗ كَانَ مِنَ الْمُسَبِّحِيْنَ ﴿١٤٣﴾

১৪৩। তখন সে যদি তসবীহকারীদের (আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণাকারীদের) অন্তর্ভুক্ত না হত-

لَلَبِثَ فِيْ بَطْنِهٖٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٤٤﴾

১৪৪। অবশ্যই সে তার পেটের মধ্যে অবস্থান করত সেদিন পর্যন্ত যেদিন পুনরুত্থিত করা হবে,

فَنَبَذْنٰهُ بِالْعَرَآءِ وَهُوَ سَقِيْمٌ ﴿١٤٥﴾

১৪৫। অতঃপর তাকে আমি নিক্ষেপ করলাম এক তৃণহীন প্রান্তরে, এমন অবস্থায় যে সে ছিল অসুস্থ,

وَاَنْۢبَتْنَا عَلَيْهِ شَجَرَةً مِّنْ يَّقْطِيْنٍ ﴿١٤٦﴾

১৪৬। এবং আমি তার উপর লতাপাতাযুক্ত একটি গাছ উদগত করলাম,

وَاَرْسَلْنٰهُ اِلٰى مِائَةِ اَلْفٍ اَوْ يَزِيْدُوْنَ ﴿١٤٧﴾

১৪৭। এবং তাকে আমি একশত হাজার (এক লক্ষ) বা ততোধিক লোকের জন্য প্রেরণ করেছিলাম,

فَاٰمَنُوْا فَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿١٤٨﴾

১৪৮। এবং তারা ঈমান এনেছিল, ফলে আমি তাদেরকে একটি সময় পর্যন্ত জীবনোপভোগ করতে দিলাম।

فَاسْتَفْتِهِمْ اَلِرَبِّكَ الْبَنٰتُ وَلَهُمُ الْبَنُوْنَ ﴿١٤٩﴾

১৪৯। সুতরাং তাদেরকে জিজ্ঞাসা কর, তোমার প্রতিপালকের জন্যই কি কন্যা সন্তান এবং তাদের জন্য পুত্র সন্তান?

اَمْ خَلَقْنَا الْمَلٰٓئِكَةَ اِنَاثًا وَّهُمْ شٰهِدُوْنَ ﴿١٥٠﴾

১৫০। আমি কি ফেরেশতাদেরকে নারীরূপে সৃষ্টি করেছিলাম, এমন অবস্থায় যে তারা প্রত্যক্ষ করছিল?

اَلَآ اِنَّهُمْ مِّنْ اِفْكِهِمْ لَيَقُوْلُوْنَ ﴿١٥١﴾

১৫১। জেনে রাখ, নিশ্চয় তারা তাদের মিথ্যাচার থেকে অবশ্যই বলে-

وَلَدَ اللّٰهُ ۙ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿١٥٢﴾

১৫২। আল্লাহ্‌ সন্তান জন্ম দিয়েছেন, এবং নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

اَصْطَفَى الْبَنَاتِ عَلَى الْبَنِيْنَ ﴿١٥٣﴾

১৫৩। তিনি কি পুত্র সন্তানদের চেয়ে কন্যা সন্তানদেরকে বেশি পছন্দ করেছেন?

مَا لَكُمْ ۫ كَيْفَ تَحْكُمُوْنَ ﴿١٥٤﴾

১৫৪। তোমাদের কী হয়েছে, তোমরা কেমন বিচার* করছ?

اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿١٥٥﴾

১৫৫। তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

اَمْ لَكُمْ سُلْطٰنٌ مُّبِيْنٌ ﴿١٥٦﴾

১৫৬। তোমাদের কাছে কি সুস্পষ্ট প্রমাণ আছে?

فَاْتُوْا بِكِتٰبِكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٥٧﴾

১৫৭। তাহলে তোমরা তোমাদের কিতাব নিয়ে আস- যদি তোমরা সত্যবাদী হও।

وَجَعَلُوْا بَيْنَهٗ وَبَيْنَ الْجِنَّةِ نَسَبًا ۭ وَلَقَدْ عَلِمَتِ الْجِنَّةُ اِنَّهُمْ لَمُحْضَرُوْنَ ﴿١٥٨﴾

১৫৮। এবং তারা তাঁর ও জ্বীন জাতির মাঝে একটি বংশ* (অর্থাৎ বৈবাহিক সম্পর্ক) নির্ধারণ করেছে, কিন্তু জ্বীন জাতি অবশ্যই অবশ্যই জেনেছে, নিশ্চয় তাদেরকে অবশ্যই (বিচারের জন্য) উপস্থিত করা হবে-

سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يَصِفُوْنَ ﴿١٥٩﴾

১৫৯। তারা যে গুণ বর্ণনা করে তা থেকে আল্লাহ পবিত্র-

اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿١٦٠﴾

১৬০। আল্লাহ্‌র বাছাইকৃত বান্দারা ছাড়া (তারা বর্ণনা করে না)।

فَاِنَّكُمْ وَمَا تَعْبُدُوْنَ ﴿١٦١﴾

১৬১। অতএব নিশ্চয় তোমরা এবং তোমরা যাদের উপাসনা কর-

مَآ اَنْتُمْ عَلَيْهِ بِفٰتِنِيْنَ ﴿١٦٢﴾

১৬২। (সবাই মিলে) তোমরা তাঁর সম্বন্ধে (কাউকে) বিভ্রান্ত করতে পারবে না-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৬৩। তীব্র আগুনে প্রবেশকারীকে ছাড়া।	اِلَّا مَنْ هُوَ صَالِ الْجَحِيْمِ ﴿١٦٣﴾
১৬৪। আর (ফেরেশতারা বলে) আমাদের প্রত্যেকের জন্যই রয়েছে একটি নির্দিষ্ট স্থান-	وَمَا مِنَّآ اِلَّا لَهٗ مَقَامٌ مَّعْلُوْمٌ ﴿١٦٤﴾
১৬৫। এবং নিশ্চয় আমরা অবশ্যই সারিবদ্ধ,	وَّاِنَّا لَنَحْنُ الصَّآفُّوْنَ ﴿١٦٥﴾
১৬৬। এবং নিশ্চয় আমরা অবশ্যই (তাঁর) পবিত্রতা ঘোষণাকারী।	وَاِنَّا لَنَحْنُ الْمُسَبِّحُوْنَ ﴿١٦٦﴾
১৬৭। যদিও তারা অবশ্যই বলে আসছে-	وَاِنْ كَانُوْا لَيَقُوْلُوْنَ ﴿١٦٧﴾
১৬৮। যদি আমাদের কাছে পূর্ববর্তীদের থেকে কোন উপদেশ (কিতাব) থাকত-	لَوْ اَنَّ عِنْدَنَا ذِكْرًا مِّنَ الْاَوَّلِيْنَ ﴿١٦٨﴾
১৬৯। অবশ্যই আমরা আল্লাহ্‌র বাছাইকৃত বান্দা হতাম।	لَكُنَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿١٦٩﴾
১৭০। কিন্তু তারা এটিকে (কুরআনকে) অবিশ্বাস করল, সুতরাং অচিরেই তারা জানবে।	فَكَفَرُوْا بِهٖ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿١٧٠﴾
১৭১। আর অবশ্যই আমার প্রেরিত বান্দাদের সম্পর্কে আমার বাণী গত হয়েছে (অর্থাৎ লিখিত রয়েছে),	وَلَقَدْ سَبَقَتْ كَلِمَتُنَا لِعِبَادِنَا الْمُرْسَلِيْنَ ﴿١٧١﴾
১৭২। নিশ্চয় তারাই সাহায্যপ্রাপ্ত হবে,	اِنَّهُمْ لَهُمُ الْمَنْصُوْرُوْنَ ﴿١٧٢﴾
১৭৩। এবং নিশ্চয় আমার বাহিনীই বিজয়ী হবে।	وَاِنَّ جُنْدَنَا لَهُمُ الْغٰلِبُوْنَ ﴿١٧٣﴾
১৭৪। অতএব কিছু সময়ের জন্য তুমি তাদেরকে উপেক্ষা কর-	فَتَوَلَّ عَنْهُمْ حَتّٰى حِيْنٍ ﴿١٧٤﴾
১৭৫। এবং তাদেরকে দেখতে থাক, অতঃপর অচিরেই তারা দেখবে।	وَّاَبْصِرْهُمْ فَسَوْفَ يُبْصِرُوْنَ ﴿١٧٥﴾
১৭৬। তবে কি তারা আমার শাস্তি তাড়াতাড়ি পেতে চায়?	اَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُوْنَ ﴿١٧٦﴾
১৭৭। অতঃপর যখন তাদের আঙিনায় (শাস্তি) নেমে আসবে, তখন যাদেরকে সতর্ক করা হয়েছিল তাদের প্রভাত হবে কতই না মন্দ!	فَاِذَا نَزَلَ بِسَاحَتِهِمْ فَسَآءَ صَبَاحُ الْمُنْذَرِيْنَ ﴿١٧٧﴾
১৭৮। এবং কিছু সময়ের জন্য তুমি তাদেরকে উপেক্ষা কর-	وَتَوَلَّ عَنْهُمْ حَتّٰى حِيْنٍ ﴿١٧٨﴾
১৭৯। এবং তাদেরকে দেখতে থাক, অতঃপর অচিরেই তারা দেখবে।	وَّاَبْصِرْ فَسَوْفَ يُبْصِرُوْنَ ﴿١٧٩﴾
১৮০। তারা যে গুণ বর্ণনা করে তা থেকে তোমার প্রতিপালক পবিত্র, যিনি সকল সম্মানের অধিকারী,	سُبْحٰنَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُوْنَ ﴿١٨٠﴾
১৮১। এবং রাসূলদের উপর সালাম (শান্তি),	وَسَلٰمٌ عَلَى الْمُرْسَلِيْنَ ﴿١٨١﴾
১৮২। আর সকল প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র জন্য।	وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٨٢﴾

৩৮. সূরা সোয়াদ, মাক্কী

৮৮ আয়াত, ৫ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٨-سُوْرَةُ صٓ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨٨، رُكُوْعَاتُهَا-٥

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। সোয়াদ, কসম উপদেশপূর্ণ কুরআনের।

صٓ وَالْقُرْاٰنِ ذِى الذِّكْرِ ۝١

২। বরং কাফিররা ঔদ্ধত্য ও মতবিরোধে লিপ্ত।

بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِىْ عِزَّةٍ وَّشِقَاقٍ ۝٢

৩। তাদের পূর্বে আমি কত প্রজন্ম ধ্বংস করেছি! তখন তারা আর্তনাদ করেছিল, কিন্তু পরিত্রাণের কোন সময় ছিল না।

كَمْ اَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِّنْ قَرْنٍ فَنَادَوْا وَّلَاتَ حِيْنَ مَنَاصٍ ۝٣

৪। তারা বিস্ময় বোধ করছে যে, তাদের কাছে এসেছে তাদেরই মধ্য থেকে একজন সতর্ককারী, এবং কাফিররা বলে, 'এ এক মিথ্যাবাদী জাদুকর,

وَعَجِبُوْٓا اَنْ جَآءَهُمْ مُّنْذِرٌ مِّنْهُمْ ز وَقَالَ الْكٰفِرُوْنَ هٰذَا سٰحِرٌ كَذَّابٌ ۝٤

৫। সে কি বহু ইলাহ্‌কে এক ইলাহ্ বানিয়ে নিয়েছে? নিশ্চয় এটা অবশ্যই এক আশ্চর্য ব্যাপার!'

اَجَعَلَ الْاٰلِهَةَ اِلٰهًا وَّاحِدًا ۚ اِنَّ هٰذَا لَشَىْءٌ عُجَابٌ ۝٥

৬। আর তাদের প্রধানরা সরে পড়ল এই বলে যে, 'তোমরা চলে যাও এবং তোমাদের ইলাহ্‌দের উপর ধৈর্যধারণ কর, নিশ্চয় এটা অবশ্যই এক উদ্দেশ্যমূলক ব্যাপার,

وَانْطَلَقَ الْمَلَاُ مِنْهُمْ اَنِ امْشُوْا وَاصْبِرُوْا عَلٰٓى اٰلِهَتِكُمْ ۚ اِنَّ هٰذَا لَشَىْءٌ يُّرَادُ ۝٦

৭। আমরা (এযাবৎ কালের) শেষ ধর্মাদর্শেও এমন কথা শুনিনি, এটা মনগড়া বিষয় ছাড়া আর কিছু নয়,

مَا سَمِعْنَا بِهٰذَا فِى الْمِلَّةِ الْاٰخِرَةِ ۚ اِنْ هٰذَآ اِلَّا اخْتِلَاقٌ ۝٧

৮। আমাদের মধ্য থেকে কি তারই উপর উপদেশ (কুরআন) অবতীর্ণ হল?' বরং তারা আমার উপদেশের ব্যাপারে (কুরআনে) সন্দিহান, বরং তারা এখনো আমার শাস্তি আস্বাদন করেনি।

ءَاُنْزِلَ عَلَيْهِ الذِّكْرُ مِنْۢ بَيْنِنَا ؕ بَلْ هُمْ فِىْ شَكٍّ مِّنْ ذِكْرِىْ ۚ بَلْ لَّمَّا يَذُوْقُوْا عَذَابِ ۝٨

৯। নাকি তাদের নিকট তোমার প্রতিপালকের দয়ার ভাণ্ডার আছে, যিনি মহাপ্রতাপশালী ও মহান দাতা?

اَمْ عِنْدَهُمْ خَزَآئِنُ رَحْمَةِ رَبِّكَ الْعَزِيْزِ الْوَهَّابِ ۝٩

১০। নাকি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে সব কিছুর রাজত্ব তাদের? তাহলে তারা যে কোন উপায়ে আরোহণ করুক।

اَمْ لَهُمْ مُّلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۫ فَلْيَرْتَقُوْا فِى الْاَسْبَابِ ۝١٠

১১। বহু দলের যে বাহিনীই হউক সেখানে তারা পরাজিত হবে।

جُنْدٌ مَّا هُنَالِكَ مَهْزُوْمٌ مِّنَ الْاَحْزَابِ ۝١١

১২। এদের পূর্বেও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল নূহ্, আদ ও পেরেকওয়ালা ফেরআউনের সম্প্রদায়-

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّعَادٌ وَّفِرْعَوْنُ ذُو الْاَوْتَادِ ۝١٢

১৩। এবং ছামূদ, লূত সম্প্রদায় ও আইকার* অধিবাসীরা, তারা ছিল এক-একটি বিশাল দল।

وَثَمُوْدُ وَقَوْمُ لُوْطٍ وَّاَصْحٰبُ لْئَيْكَةِ ؕ اُولٰٓئِكَ الْاَحْزَابُ ۝١٣

১৪। তাদের প্রত্যেকেই রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল, ফলে সত্য হয়েছিল আমার শাস্তি।

ع ١٤ ١٠ ١ রুকূ ١٠

اِنْ كُلٌّ اِلَّا كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ عِقَابِ ۝١٤

১৫। তারা অপেক্ষা করছে কেবল এক বিকট শব্দের, (যথা সময়ে ঘটতে) যার কোন বিলম্ব হবে না।

وَمَا يَنْظُرُ هٰٓؤُلَآءِ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً مَّا لَهَا مِنْ فَوَاقٍ ۝١٥

১৬। এবং তারা বলে, 'হে আমাদের প্রতিপালক! হিসাবের দিনের পূর্বেই আমাদের প্রাপ্য (শাস্তি) আমাদেরকে দিয়ে দাও।'

وَقَالُوْا رَبَّنَا عَجِّلْ لَّنَا قِطَّنَا قَبْلَ يَوْمِ الْحِسَابِ ۝١٦

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

اِصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَاذْكُرْ عَبْدَنَا دَاوٗدَ ذَا الْاَيْدِ ۚ اِنَّهٗٓ اَوَّابٌ ﴿١٧﴾

১৭। তারা যা বলে তাতে তুমি ধৈর্য ধারণ কর এবং স্মরণ কর আমার শক্তিশালী বান্দা দাঊদের কথা, নিশ্চয় সে ছিল (আমার) অভিমুখী।

اِنَّا سَخَّرْنَا الْجِبَالَ مَعَهٗ يُسَبِّحْنَ بِالْعَشِيِّ وَالْاِشْرَاقِ ۙ﴿١٨﴾

১৮। নিশ্চয় আমি নিয়োজিত করেছিলাম পর্বতমালাকে সন্ধ্যায় ও সকালে তার সাথে আমার পবিত্রতা ঘোষণা করার জন্য-

وَالطَّيْرَ مَحْشُوْرَةً ؕ كُلٌّ لَّهٗٓ اَوَّابٌ ﴿١٩﴾

১৯। এবং সমবেত পাখিদেরকেও। সবাই ছিল তাঁর (আল্লাহ্) অভিমুখী।

وَشَدَدْنَا مُلْكَهٗ وَاٰتَيْنٰهُ الْحِكْمَةَ وَفَصْلَ الْخِطَابِ ﴿٢٠﴾

২০। আমি তার রাজ্যকে সুদৃঢ় করেছিলাম এবং তাকে দিয়েছিলাম হিকমত (প্রজ্ঞা) ও ফয়সালাকারী বাগ্মিতা।

وَهَلْ اَتٰىكَ نَبَؤُا الْخَصْمِ ۘ اِذْ تَسَوَّرُوا الْمِحْرَابَ ۙ﴿٢١﴾

২১। তোমার নিকট বিবাদকারীদের সংবাদ পৌঁছেছে কি, যখন তারা প্রাচীর ডিঙিয়ে মেহরাবে (ইবাদতের বিশেষ কক্ষে) আসল-

اِذْ دَخَلُوْا عَلٰى دَاوٗدَ فَفَزِعَ مِنْهُمْ قَالُوْا لَا تَخَفْ ۚ خَصْمٰنِ بَغٰى بَعْضُنَا عَلٰى بَعْضٍ فَاحْكُمْ بَيْنَنَا بِالْحَقِّ وَلَا تُشْطِطْ وَاهْدِنَآ اِلٰى سَوَآءِ الصِّرَاطِ ﴿٢٢﴾

২২। যখন তারা দাঊদের নিকট প্রবেশ করল এবং তখন তাদের কারণে সে ভীত হয়ে পড়ল? তারা বলল, 'ভয় করবেন না, আমরা দু'জন প্রতিপক্ষ- আমাদের একজন অপর জনের উপর অবিচার করেছে, অতএব আমাদের মাঝে ন্যায়বিচার করুন, অবিচার করবেন না এবং আমাদেরকে সঠিক পথে পরিচালিত করুন।

اِنَّ هٰذَآ اَخِيْ قف لَهٗ تِسْعٌ وَّتِسْعُوْنَ نَعْجَةً وَّلِيَ نَعْجَةٌ وَّاحِدَةٌ قف فَقَالَ اَكْفِلْنِيْهَا وَعَزَّنِيْ فِي الْخِطَابِ ﴿٢٣﴾

২৩। এ ব্যক্তি আমার ভাই, তার আছে নিরানব্বইটি দুম্বা এবং আমার আছে মাত্র একটি দুম্বা, তবু সে বলে, এটিও আমার তত্ত্বাবধানে দিয়ে দাও, এবং কথায় সে আমাকে পরাস্ত করেছে।'

قَالَ لَقَدْ ظَلَمَكَ بِسُؤَالِ نَعْجَتِكَ اِلٰى نِعَاجِهٖ ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ الْخُلَطَآءِ لَيَبْغِيْ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَقَلِيْلٌ مَّا هُمْ ؕ وَظَنَّ دَاوٗدُ اَنَّمَا فَتَنّٰهُ فَاسْتَغْفَرَ رَبَّهٗ وَخَرَّ رَاكِعًا وَّاَنَابَ ﴿٢٤﴾ সেজদা

২৪। দাঊদ বলল, 'তোমার দুম্বাটিকে তার দুম্বাগুলোর সঙ্গে যুক্ত করার দাবি করে সে তোমার প্রতি জুলুম করেছে, অংশীদারদের অনেকে একে অন্যের উপর জুলুম করে থাকে- যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারা ছাড়া এবং তারা সংখ্যায় অল্প।' এবং দাঊদ ধারণা করল যে, আমি তাকে পরীক্ষা করেছি, অতঃপর সে তার প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করল এবং নত হয়ে লুটিয়ে পড়ল এবং (তাঁর দিকে অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করল।

فَغَفَرْنَا لَهٗ ذٰلِكَ ؕ وَاِنَّ لَهٗ عِنْدَنَا لَزُلْفٰى وَحُسْنَ مَاٰبٍ ﴿٢٥﴾

২৫। অতঃপর আমি তাকে সেটি ক্ষমা করলাম। এবং নিশ্চয় আমার নিকট তার জন্য অবশ্যই রয়েছে নৈকট্য ও উত্তম প্রত্যাবর্তনস্থল।

يٰدَاوٗدُ اِنَّا جَعَلْنٰكَ خَلِيْفَةً فِي الْاَرْضِ فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوٰى فَيُضِلَّكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنَّ الَّذِيْنَ يَضِلُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌۢ بِمَا نَسُوْا يَوْمَ الْحِسَابِ ﴿٢٦﴾ ع

২৬। হে দাঊদ! আমি তোমাকে পৃথিবীতে প্রতিনিধি বানিয়েছি, অতএব তুমি মানুষের মধ্যে ন্যায়বিচার কর এবং প্রবৃত্তির অনুসরণ করো না, কেননা এটা তোমাকে আল্লাহ্‌র পথ হতে বিচ্যুত করবে। নিশ্চয় যারা আল্লাহ্‌র পথ হতে বিচ্যুত হয় তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি, কারণ তারা হিসাবের দিনকে ভুলে গেছে।

ع ٢ ١٢ ١١ ٢ রুকু ১১

وَمَا خَلَقْنَا السَّمَآءَ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلًا ؕ ذٰلِكَ ظَنُّ الَّذِيْنَ كَفَرُوْا ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنَ النَّارِ ؕ﴿٢٧﴾

২৭। আমি আকাশ ও পৃথিবী এবং উভয়ের মাঝে কোন কিছুই অনর্থক সৃষ্টি করিনি। ওটা যারা কুফরী করেছে তাদের ধারণা, সুতরাং যারা কুফরী করেছে তাদের জন্য রয়েছে আগুনের দুর্ভোগ।

اَمْ نَجْعَلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ كَالْمُفْسِدِيْنَ فِي الْاَرْضِ ز اَمْ نَجْعَلُ الْمُتَّقِيْنَ كَالْفُجَّارِ ﴿٢٨﴾

২৮। যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে কি আমি পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টিকারীদের মত গণ্য করব? আমি কি মুত্তাকীদেরকে পাপীদের সমান গণ্য করব?

كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ مُبٰرَكٌ لِّيَدَّبَّرُوْٓا اٰيٰتِهٖ وَلِيَتَذَكَّرَ اُولُوا الْاَلْبَابِ ﴿٢٩﴾

২৯। এটি একটি কিতাব যা আমি তোমার প্রতি অবতীর্ণ করেছি, এটি বরকতময়, যাতে তারা (মানুষ) এর আয়াতসমূহ নিয়ে গভীর চিন্তা করতে পারে এবং যাতে বুদ্ধিমানরা উপদেশ গ্রহণ করতে পারে।

وَوَهَبْنَا لِدَاوٗدَ سُلَيْمٰنَ ؕ نِعْمَ الْعَبْدُ ؕ اِنَّهٗۤ اَوَّابٌ ﴿۳۰﴾

৩০। এবং আমি দাউদের জন্য দান করলাম সুলাইমানকে। সে ছিল উত্তম বান্দা। নিশ্চয় সে ছিল (আমার) অভিমুখী।

اِذْ عُرِضَ عَلَيْهِ بِالْعَشِيِّ الصّٰفِنٰتُ الْجِيَادُ ﴿۳۱﴾

৩১। যখন সন্ধ্যায় তার সামনে দ্রুত গতিসম্পন্ন উৎকৃষ্ট ঘোড়াগুলোকে উপস্থিত করা হল-

فَقَالَ اِنِّيْۤ اَحْبَبْتُ حُبَّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّيْ ۚ حَتّٰى تَوَارَتْ بِالْحِجَابِ ﴿۳۲﴾

৩২। তখন সে বলল, নিশ্চয় আমি আমার প্রতিপালকের স্মরণ থেকে (বিমুখ হয়ে) সম্পদের ভালবাসাকে প্রাধান্য দিয়েছি, অবশেষে (এগুলো) অন্তরালে অদৃশ্য হয়ে গেল।

رُدُّوْهَا عَلَيَّ ؕ فَطَفِقَ مَسْحًۢا بِالسُّوْقِ وَالْاَعْنَاقِ ﴿۳۳﴾

৩৩। এগুলোকে আমার সামনে নিয়ে আস। অতঃপর সে তাদের পা ও গলা কেটে দিতে লাগল।

وَلَقَدْ فَتَنَّا سُلَيْمٰنَ وَاَلْقَيْنَا عَلٰى كُرْسِيِّهٖ جَسَدًا ثُمَّ اَنَابَ ﴿۳۴﴾

৩৪। আর অবশ্যই আমি সুলাইমানকে পরীক্ষা করলাম এবং তার কুরসির (আসনের) উপর রাখলাম একটি দেহ,* অতঃপর সে আমার দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করল।

قَالَ رَبِّ اغْفِرْ لِيْ وَهَبْ لِيْ مُلْكًا لَّا يَنْۢبَغِيْ لِاَحَدٍ مِّنْۢ بَعْدِيْ ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ﴿۳۵﴾

৩৫। সে বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে ক্ষমা করুন এবং আমাকে দান করুন এমন এক রাজ্য যা আমার পরে আর কারো জন্য মানানসই নয়। নিশ্চয় আপনিই পরম দাতা।'

فَسَخَّرْنَا لَهُ الرِّيْحَ تَجْرِيْ بِاَمْرِهٖ رُخَآءً حَيْثُ اَصَابَ ﴿۳۶﴾

৩৬। সুতরাং আমি তার কল্যাণে নিয়োজিত করেছিলাম বাতাসকে, যা তার আদেশে মৃদুমন্দ গতিতে প্রবাহিত হত যেখানে সে চাইত-

وَالشَّيٰطِيْنَ كُلَّ بَنَّآءٍ وَّغَوَّاصٍ ﴿۳۷﴾

৩৭। এবং (নিয়োজিত করেছিলাম) সকল নির্মাণকারী ও ডুবুরী শয়তানদেরকে-

وَّاٰخَرِيْنَ مُقَرَّنِيْنَ فِي الْاَصْفَادِ ﴿۳۸﴾

৩৮। এবং শিকলে আবদ্ধ আরো অনেককে।

هٰذَا عَطَآؤُنَا فَامْنُنْ اَوْ اَمْسِكْ بِغَيْرِ حِسَابٍ ﴿۳۹﴾

৩৯। এটি আমার দান, অতএব (হে সুলাইমান!) তুমি বেহিসাব দান কর অথবা নিজের কাছে রেখে দাও।

وَاِنَّ لَهٗ عِنْدَنَا لَزُلْفٰى وَحُسْنَ مَاٰبٍ ﴿۴۰﴾

৪০। এবং নিশ্চয় আমার নিকট রয়েছে তার জন্য অবশ্যই নৈকট্য ও উত্তম প্রত্যাবর্তনস্থল।

وَاذْكُرْ عَبْدَنَاۤ اَيُّوْبَ ۘ اِذْ نَادٰى رَبَّهٗۤ اَنِّيْ مَسَّنِيَ الشَّيْطٰنُ بِنُصْبٍ وَّعَذَابٍ ﴿۴۱﴾

৪১। আর আমার বান্দা আইউবের কথা উল্লেখ কর, যখন সে তার প্রতিপালককে ডেকে বলেছিল যে, 'শয়তান আমাকে কষ্ট ও শাস্তি দ্বারা স্পর্শ করেছে।'

اُرْكُضْ بِرِجْلِكَ ۚ هٰذَا مُغْتَسَلٌۢ بَارِدٌ وَّشَرَابٌ ﴿۴۲﴾

৪২। (আমি তাকে বললাম) 'তুমি তোমার পা দিয়ে ভূমিতে আঘাত কর, এটি গোসলের শীতল পানি ও পানীয়।'

وَوَهَبْنَا لَهٗۤ اَهْلَهٗ وَمِثْلَهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنَّا وَذِكْرٰى لِاُولِي الْاَلْبَابِ ﴿۴۳﴾

৪৩। এবং আমি তাকে দান করলাম তার পরিবার-পরিজন ও তাদের মত আরও অনেক, আমার পক্ষ থেকে দয়াস্বরূপ এবং বুদ্ধিমানদের জন্য উপদেশ স্বরূপ।

وَخُذْ بِيَدِكَ ضِغْثًا فَاضْرِبْ بِّهٖ وَلَا تَحْنَثْ ؕ اِنَّا وَجَدْنٰهُ صَابِرًا ؕ نِعْمَ الْعَبْدُ ؕ اِنَّهٗۤ اَوَّابٌ ﴿۴۴﴾

৪৪। এবং (আমি তাকে আদেশ করলাম)* এক আঁটি তৃণ শলা নাও এবং তা দ্বারা আঘাত কর এবং কসম ভঙ্গ করো না। নিশ্চয় আমি তাকে পেয়েছি ধৈর্যশীল। সে কতই না উত্তম বান্দা! নিশ্চয় সে (আমার) অভিমুখী।

وَاذْكُرْ عِبٰدَنَاۤ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ اُولِي الْاَيْدِيْ وَالْاَبْصَارِ ﴿۴۵﴾

৪৫। এবং উল্লেখ কর আমার বান্দা ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবের কথা যারা ছিল শক্তিশালী ও দৃষ্টিসম্পন্ন।

اِنَّاۤ اَخْلَصْنٰهُمْ بِخَالِصَةٍ ذِكْرَى الدَّارِ ﴿۴۶﴾

৪৬। নিশ্চয় আমি তাদেরকে বাছাই করে নিয়েছিলাম এক বিশেষ গুণের ভিত্তিতে, তা ছিল আখিরাতের স্মরণ,

রুকু ৩ ১২

وَاِنَّهُمْ عِنْدَنَا لَمِنَ الْمُصْطَفَيْنَ الْاَخْيَارِ ﴿٤٧﴾

৪৭। এবং নিশ্চয় তারা অবশ্যই আমার নিকট মনোনীত শ্রেষ্ঠজনদের অন্তর্ভুক্ত।

وَاذْكُرْ اِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ ؕ وَكُلٌّ مِّنَ الْاَخْيَارِ ﴿٤٨﴾

৪৮। এবং উল্লেখ কর ইসমাঈল, আল-ইয়াসাআ ও যুল্-কিফলের কথা, এবং তারা প্রত্যেকেই শ্রেষ্ঠজনদের অন্তর্ভুক্ত।

هٰذَا ذِكْرٌ ؕ وَاِنَّ لِلْمُتَّقِيْنَ لَحُسْنَ مَاٰبٍ ﴿٤٩﴾

৪৯। এটি (অর্থাৎ তাদের উল্লেখ) এক স্মরণীয় বর্ণনা। এবং নিশ্চয় মুত্তাকীদের জন্য অবশ্যই রয়েছে উত্তম প্রত্যাবর্তনস্থল-

جَنّٰتِ عَدْنٍ مُّفَتَّحَةً لَّهُمُ الْاَبْوَابُ ﴿٥٠﴾

৫০। চিরস্থায়ী জান্নাত, যার দরজাসমূহ তাদের জন্য উন্মুক্ত,

مُتَّكِئِيْنَ فِيْهَا يَدْعُوْنَ فِيْهَا بِفَاكِهَةٍ كَثِيْرَةٍ وَّشَرَابٍ ﴿٥١﴾

৫১। সেখানে তারা হেলান দিয়ে বসবে, সেখানে তারা অনেক ফল-মূল ও পানীয় আনতে বলবে।

وَعِنْدَهُمْ قٰصِرٰتُ الطَّرْفِ اَتْرَابٌ ﴿٥٢﴾

৫২। এবং তাদের পাশে থাকবে সমবয়সী আনতনয়নারা (হুররা)।

هٰذَا مَا تُوْعَدُوْنَ لِيَوْمِ الْحِسَابِ ﴿٥٣﴾

৫৩। এটি হিসাবের দিনের জন্য তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি।

اِنَّ هٰذَا لَرِزْقُنَا مَا لَهٗ مِنْ نَّفَادٍ ﴿٥٤﴾

৫৪। নিশ্চয় এটি অবশ্যই আমার রিযিক যার কোন শেষ নেই-

هٰذَا ؕ وَاِنَّ لِلطّٰغِيْنَ لَشَرَّ مَاٰبٍ ﴿٥٥﴾

৫৫। এটিই (মুত্তাকীদের প্রতিদান)। আর নিশ্চয় সীমালঙ্ঘনকারীদের জন্য অবশ্যই রয়েছে নিকৃষ্ট প্রত্যবর্তনস্থল-

جَهَنَّمَ ۚ يَصْلَوْنَهَا ۚ فَبِئْسَ الْمِهَادُ ﴿٥٦﴾

৫৬। জাহান্নাম, যেখানে তারা প্রবেশ করবে, সুতরাং কতই না নিকৃষ্ট এ বিশ্রামস্থল!

هٰذَا ۙ فَلْيَذُوْقُوْهُ حَمِيْمٌ وَّغَسَّاقٌ ﴿٥٧﴾

৫৭। এটাই (সীমালঙ্ঘনকারীদের প্রতিদান)। সুতরাং তারা উত্তপ্ত পানি ও পুঁজ এর স্বাদ গ্রহণ করুক-

وَّاٰخَرُ مِنْ شَكْلِهٖۤ اَزْوَاجٌ ﴿٥٨﴾

৫৮। এবং আরও আছে এরূপ বিভিন্ন ধরনের শাস্তি।

هٰذَا فَوْجٌ مُّقْتَحِمٌ مَّعَكُمْ ۚ لَا مَرْحَبًا بِهِمْ ؕ اِنَّهُمْ صَالُوا النَّارِ ﴿٥٩﴾

৫৯। (জাহান্নামে প্রবেশকালে অনুসৃত নেতারা বলাবলি করবে) 'এই তো তোমাদের সাথে দ্রুতবেগে প্রবেশকারী এক দল, তাদের জন্য নেই কোন অভিনন্দন, নিশ্চয় তারা আগুনে জ্বলবে।'

قَالُوْا بَلْ اَنْتُمْ ۫ لَا مَرْحَبًا بِكُمْ ؕ اَنْتُمْ قَدَّمْتُمُوْهُ لَنَا ۚ فَبِئْسَ الْقَرَارُ ﴿٦٠﴾

৬০। তারা (অনুসারীরা) বলবে, 'বরং তোমরাই (জ্বলবে); তোমাদের জন্যও নেই কোন অভিনন্দন। তোমরাই আমাদের জন্য এ ব্যবস্থা করেছ।' কতই না নিকৃষ্ট এই স্থায়ী অবস্থানস্থল!

قَالُوْا رَبَّنَا مَنْ قَدَّمَ لَنَا هٰذَا فَزِدْهُ عَذَابًا ضِعْفًا فِي النَّارِ ﴿٦١﴾

৬১। তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! যে আমাদের জন্য এ ব্যবস্থা করেছে, আগুনে তার জন্য দিগুণ শাস্তি বৃদ্ধি করুন।'

وَقَالُوْا مَا لَنَا لَا نَرٰى رِجَالًا كُنَّا نَعُدُّهُمْ مِّنَ الْاَشْرَارِ ﴿٦٢﴾

৬২। এবং তারা বলবে, 'আমাদের কী হল যে, আমরা যে সব লোককে মন্দ বলে গণ্য করতাম তাদেরকে দেখতে পাচ্ছি না!

اَتَّخَذْنٰهُمْ سِخْرِيًّا اَمْ زَاغَتْ عَنْهُمُ الْاَبْصَارُ ﴿٦٣﴾

৬৩। তবে কি আমরা তাদেরকে (অহেতুক) ঠাট্টা-বিদ্রূপ হিসেবে গ্রহণ করতাম? নাকি তাদের ব্যাপারে আমাদের দৃষ্টি বিচ্যুত হয়েছে?'

ع ٤ ١٣ ٤ ١٣ ৪ রুকূ

اِنَّ ذٰلِكَ لَحَقٌّ تَخَاصُمُ اَهْلِ النَّارِ ﴿٦٤﴾

৬৪। নিশ্চয় এটি অবশ্যই সত্য- আগুনের অধিবাসীদের (এই) বাদানুবাদ।

قُلْ اِنَّمَاۤ اَنَا مُنْذِرٌ ۖ وَّمَا مِنْ اِلٰهٍ اِلَّا اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٦٥﴾

৬৫। বল, আমি কেবল একজন সতর্ককারী এবং আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই, যিনি এক ও মহা পরাক্রমশালী।

رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيْزُ الْغَفَّارُ ﴿٦٦﴾

৬৬। যিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার প্রতিপালক, মহাপ্রতাপশালী ও পরম ক্ষমাশীল।

قُلْ هُوَ نَبَؤٌا عَظِيْمٌ ﴿٦٧﴾

৬৭। বল, 'এটি (কুরআন) এক মহাসংবাদ-

أَنْتُمْ عَنْهُ مُعْرِضُونَ ﴿٦٨﴾

৬৮। যা তোমরা উপেক্ষা করছ।

مَا كَانَ لِيَ مِنْ عِلْمٍ بِالْمَلَإِ الْأَعْلَىٰ إِذْ يَخْتَصِمُونَ ﴿٦٩﴾

৬৯। ঊর্ধ্বজগত সম্পর্কে আমার কোন জ্ঞান ছিল না যখন তারা (ফেরেশতারা) বাদানুবাদ করছিল।

إِنْ يُوحَىٰ إِلَيَّ إِلَّا أَنَّمَا أَنَا نَذِيرٌ مُبِينٌ ﴿٧٠﴾

৭০। আমার নিকট এই ওহীই করা হয় যে, আমি কেবল একজন স্পষ্ট সতর্ককারী।'

إِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي خَالِقٌ بَشَرًا مِنْ طِينٍ ﴿٧١﴾

৭১। যখন তোমার প্রতিপালক ফেরেশতাদেরকে বলেছিলেন, 'নিশ্চয় আমি একজন মানুষ সৃষ্টি করতে যাচ্ছি কাদামাটি থেকে,

فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ مِنْ رُوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ ﴿٧٢﴾

৭২। অতএব যখন আমি তাকে সুগঠিত করব এবং আমার রূহ্ থেকে আমি ফুঁকে দেব, তখন তোমরা তার প্রতি সিজদাবনত হবে।'

فَسَجَدَ الْمَلَائِكَةُ كُلُّهُمْ أَجْمَعُونَ ﴿٧٣﴾

৭৩। অতঃপর ফেরেশতারা সকলেই সিজদা করল-

إِلَّا إِبْلِيسَ اسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ ﴿٧٤﴾

৭৪। ইবলিস ছাড়া। সে অহঙ্কার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল।

قَالَ يَا إِبْلِيسُ مَا مَنَعَكَ أَنْ تَسْجُدَ لِمَا خَلَقْتُ بِيَدَيَّ أَسْتَكْبَرْتَ أَمْ كُنْتَ مِنَ الْعَالِينَ ﴿٧٥﴾

৭৫। তিনি (আল্লাহ্) বললেন, 'হে ইবলিস! আমি যাকে নিজ হাতে সৃষ্টি করেছি তাকে সিজদা করতে তোমাকে কিসে বাধা দিল? তুমি কি অহঙ্কার করলে, নাকি তুমি উচ্চ পর্যায়ের কেউ?'

قَالَ أَنَا خَيْرٌ مِنْهُ خَلَقْتَنِي مِنْ نَارٍ وَخَلَقْتَهُ مِنْ طِينٍ ﴿٧٦﴾

৭৬। সে বলল, 'আমি তার চেয়ে উত্তম। আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন এবং তাকে সৃষ্টি করেছেন কাদামাটি থেকে।'

قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ ﴿٧٧﴾

৭৭। তিনি বললেন, 'তুমি এখান থেকে বের হয়ে যাও, কেননা নিশ্চয় তুমি বিতাড়িত।

وَإِنَّ عَلَيْكَ لَعْنَتِي إِلَىٰ يَوْمِ الدِّينِ ﴿٧٨﴾

৭৮। এবং নিশ্চয় তোমার উপর আমার লা'নত বিচারের দিন পর্যন্ত।'

قَالَ رَبِّ فَأَنْظِرْنِي إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ﴿٧٩﴾

৭৯। সে বলল, 'হে আমার প্রতিপালক! তাহলে আপনি আমাকে অবকাশ দিন সেদিন পর্যন্ত যেদিন পুনরুত্থিত করা হবে।'

قَالَ فَإِنَّكَ مِنَ الْمُنْظَرِينَ ﴿٨٠﴾

৮০। তিনি বললেন, 'নিশ্চয় তাহলে তুমি অবকাশপ্রাপ্তদের অন্তর্ভুক্ত-

إِلَىٰ يَوْمِ الْوَقْتِ الْمَعْلُومِ ﴿٨١﴾

৮১। নির্দিষ্ট সময়ের দিন পর্যন্ত।'

قَالَ فَبِعِزَّتِكَ لَأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ ﴿٨٢﴾

৮২। সে বলল, 'আপনার ক্ষমতার কসম, আমি তাদের সবাইকে অবশ্যই অবশ্যই বিপথগামী করব-

إِلَّا عِبَادَكَ مِنْهُمُ الْمُخْلَصِينَ ﴿٨٣﴾

৮৩। তাদের মধ্য থেকে আপনার বাছাইকৃত বান্দাদেরকে ছাড়া।'

قَالَ فَالْحَقُّ وَالْحَقَّ أَقُولُ ﴿٨٤﴾

৮৪। তিনি বললেন, 'তবে এটাই সত্য, আর আমি সত্যই বলি,

لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنْكَ وَمِمَّنْ تَبِعَكَ مِنْهُمْ أَجْمَعِينَ ﴿٨٥﴾

৮৫। তোমাকে এবং তাদের মধ্যে যারা তোমাকে অনুসরণ করবে, সবাইকে দিয়ে আমি অবশ্যই অবশ্যই জাহান্নাম পূর্ণ করব।'

قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ ﴿٨٦﴾

৮৬। (হে নবী!) বল, 'আমি এ (সতর্কীকরনের) জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না এবং আমি কৃত্রিম আচরণকারীদের অন্তর্ভুক্ত নই।

إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِلْعَالَمِينَ ﴿٨٧﴾

৮৭। এটি (কুরআন) জগৎসমূহের জন্য একটি উপদেশ ছাড়া আর কিছু নয়।

وَلَتَعْلَمُنَّ نَبَأَهُ بَعْدَ حِينٍ ﴿٨٨﴾

৮৮। এবং এর (অর্থাৎ কুরআনের সত্যতার) সংবাদ তোমরা অবশ্যই অবশ্যই জানবে কিছুসময় পর।'

ع ১৪ | ৩৪ | ৫ | রুকূ ১৪

৩৯. সূরা আয-যুমার, মাক্কী

৭৫ আয়াত, ৮ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٣٩-سُوْرَةُ الزُّمَرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٧٥، رُكُوْعَاتُهَا-٨

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ①

১। এ কিতাবের অবতারণ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্‌র পক্ষ থেকে।

اِنَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ فَاعْبُدِ اللّٰهَ مُخْلِصًا لَّهُ الدِّيْنَ ②

২। নিশ্চয় আমি তোমার নিকট সত্যসহ এ কিতাব অবতীর্ণ করেছি, সুতরাং আল্লাহ্‌র ইবাদত কর দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে।

اَلَا لِلّٰهِ الدِّيْنُ الْخَالِصُ ؕ وَالَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءَ ۘ مَا نَعْبُدُهُمْ اِلَّا لِيُقَرِّبُوْنَآ اِلَى اللّٰهِ زُلْفٰى ؕ اِنَّ اللّٰهَ يَحْكُمُ بَيْنَهُمْ فِيْ مَا هُمْ فِيْهِ يَخْتَلِفُوْنَ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِيْ مَنْ هُوَ كٰذِبٌ كَفَّارٌ ③

৩। জেনে রাখ, বিশুদ্ধ দ্বীন (ইবাদত) আল্লাহ্‌রই প্রাপ্য। যারা তাঁকে বাদ দিয়ে অন্যকে অভিভাবক হিসেবে গ্রহণ করে তারা বলে, 'আমরা তাদের উপাসনা এজন্যই করি যে, তারা মর্যাদার দিক থেকে আমাদেরকে আল্লাহ্‌র নৈকট্যে নিয়ে যাবে।' তারা যে বিষয়ে মতপার্থক্য করছে নিশ্চয় আল্লাহ্ তাদের মধ্যে সে বিষয়ে বিচার করবেন। নিশ্চয় আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেন না তাকে যে মিথ্যাবাদী ও কাফির।

لَوْ اَرَادَ اللّٰهُ اَنْ يَّتَّخِذَ وَلَدًا لَّاصْطَفٰى مِمَّا يَخْلُقُ مَا يَشَآءُ ۙ سُبْحٰنَهٗ ؕ هُوَ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ④

৪। আল্লাহ্ সন্তান গ্রহণ করতে চাইলে তিনি তার সৃষ্টির মধ্য থেকে যাকে ইচ্ছা মনোনীত করতেন, পবিত্র তিনি। তিনি আল্লাহ্, এক ও মহাপরাক্রমশালী।

خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ۚ يُكَوِّرُ الَّيْلَ عَلَى النَّهَارِ وَيُكَوِّرُ النَّهَارَ عَلَى الَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ؕ كُلٌّ يَّجْرِيْ لِاَجَلٍ مُّسَمًّى ؕ اَلَا هُوَ الْعَزِيْزُ الْغَفَّارُ ⑤

৫। তিনি আকাশসমূহ ও পৃথিবী সত্যসহ (নির্দিষ্ট লক্ষ্যে) সৃষ্টি করেছেন, তিনি রাত দ্বারা দিনকে আচ্ছাদিত করেন এবং দিন দ্বারা রাতকে আচ্ছাদিত করেন এবং সূর্য ও চন্দ্রকে তিনি অনুগত করেছেন। প্রতিটি এক নির্দিষ্ট সময়ের জন্য চলছে। জেনে রাখ, তিনিই মহা প্রতাপশালী ও পরম ক্ষমাশীল।

خَلَقَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ ثُمَّ جَعَلَ مِنْهَا زَوْجَهَا وَاَنْزَلَ لَكُمْ مِّنَ الْاَنْعَامِ ثَمٰنِيَةَ اَزْوَاجٍ ؕ يَخْلُقُكُمْ فِيْ بُطُوْنِ اُمَّهٰتِكُمْ خَلْقًا مِّنْۢ بَعْدِ خَلْقٍ فِيْ ظُلُمٰتٍ ثَلٰثٍ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ فَاَنّٰى تُصْرَفُوْنَ ⑥

৬। তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন এক ব্যক্তি থেকে, এরপর তার থেকে তার জোড়া বানিয়েছেন এবং তোমাদের জন্য অবতীর্ণ করেছেন আট প্রকার গবাদি পশু। তিনি তোমাদেরকে তোমাদের মাতৃগর্ভের তিন ধরনের অন্ধকারে পর্যায়ক্রমে সৃষ্টি করেন। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, রাজত্ব তাঁরই। তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, সুতরাং কিভাবে তোমাদেরকে (সত্য থেকে) সরিয়ে নেয়া হচ্ছে?

اِنْ تَكْفُرُوْا فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ عَنْكُمْ ۚ وَلَا يَرْضٰى لِعِبَادِهِ الْكُفْرَ ۚ وَاِنْ تَشْكُرُوْا يَرْضَهُ لَكُمْ ؕ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ⑦

৭। যদি তোমরা কুফরী কর, তবে নিশ্চয় আল্লাহ্ তোমাদের থেকে অমুখাপেক্ষী। এবং তিনি তাঁর বান্দাদের জন্য কুফরীকে পছন্দ করেন না, আর যদি তোমরা কৃতজ্ঞ হও, তবে তিনি তোমাদের জন্য তা পছন্দ করেন। এবং কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। এরপর তোমাদের প্রতিপালকের দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল, অতঃপর তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

وَاِذَا مَسَّ الْاِنْسَانَ ضُرٌّ دَعَا رَبَّهٗ مُنِيْبًا اِلَيْهِ ثُمَّ اِذَا خَوَّلَهٗ نِعْمَةً مِّنْهُ نَسِيَ مَا كَانَ يَدْعُوْٓا اِلَيْهِ مِنْ قَبْلُ وَجَعَلَ لِلّٰهِ اَنْدَادًا لِّيُضِلَّ عَنْ سَبِيْلِهٖ ؕ قُلْ تَمَتَّعْ بِكُفْرِكَ قَلِيْلًا ۖ اِنَّكَ مِنْ اَصْحٰبِ النَّارِ ۝٨

৮। এবং যখন মানুষকে দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন সে তার প্রতিপালককে ডাকে তাঁর দিকে প্রত্যাবর্তনকারী হয়ে, এরপর যখন তিনি তাকে তাঁর পক্ষ থেকে নেয়ামত দান করেন তখন পূর্বে যে জন্য সে তাঁকে ডেকেছিল তা সে ভুলে যায় এবং আল্লাহ্‌র সমকক্ষ দাঁড় করায়, (মানুষকে) তাঁর পথ হতে বিচ্যুত করার জন্য। বল, 'তুমি তোমার কুফরী সামান্য উপভোগ করে নাও। নিশ্চয় তুমি আগুনের অধিবাসীদের অন্তর্ভুক্ত।'

اَمَّنْ هُوَ قَانِتٌ اٰنَآءَ الَّيْلِ سَاجِدًا وَّقَآئِمًا يَّحْذَرُ الْاٰخِرَةَ وَيَرْجُوْا رَحْمَةَ رَبِّهٖ ؕ قُلْ هَلْ يَسْتَوِي الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ؕ اِنَّمَا يَتَذَكَّرُ اُولُوا الْاَلْبَابِ ۝٩

৯। যে ব্যক্তি রাতের বিভিন্ন অংশে সিজদা অবস্থায় ও দাঁড়ানো অবস্থায় অনুগত থাকে, আখিরাতকে ভয় করে এবং তাঁর প্রতিপালকের দয়া প্রত্যাশা করে সে কি (তার সমান, যে তা করে না)? বল, 'যারা জানে এবং যারা জানে না তারা কি সমান?' কেবল বুদ্ধিমানরাই উপদেশ গ্রহণ করে।

ع ٩ ١٥ ١ রুকু ١٥

قُلْ يٰعِبَادِ الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوْا رَبَّكُمْ ؕ لِلَّذِيْنَ اَحْسَنُوْا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةٌ ؕ وَاَرْضُ اللّٰهِ وَاسِعَةٌ ؕ اِنَّمَا يُوَفَّى الصّٰبِرُوْنَ اَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ ۝١٠

১০। বল (আমার এ কথা উদ্ধৃত কর), 'হে আমার বান্দারা! যারা ঈমান এনেছ, তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর। যারা এই দুনিয়াতে ভাল কাজ করে তাদের জন্য রয়েছে কল্যাণ। আর আল্লাহ্‌র পৃথিবী প্রশস্ত। ধৈর্যশীলদেরকেই তাদের প্রতিদান পূর্ণ করে দেয়া হবে, কোন হিসাব ছাড়াই।'

قُلْ اِنِّيْٓ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ مُخْلِصًا لَّهُ الدِّيْنَ ۝١١

১১। বল, 'নিশ্চয় আমি আদিষ্ট হয়েছি আল্লাহ্‌র ইবাদত করতে, দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে-

وَاُمِرْتُ لِاَنْ اَكُوْنَ اَوَّلَ الْمُسْلِمِيْنَ ۝١٢

১২। এবং আদিষ্ট হয়েছি যেন আমি প্রথম মুসলিম হই।'

قُلْ اِنِّيْٓ اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ۝١٣

১৩। বল, 'যদি আমি আমার প্রতিপালককে অমান্য করি তাহলে নিশ্চয় আমি ভয় করি এক ভয়াবহ দিনের শাস্তির।'

قُلِ اللّٰهَ اَعْبُدُ مُخْلِصًا لَّهٗ دِيْنِيْ ۝١٤

১৪। বল, 'আমি আল্লাহ্‌রই ইবাদত করি, দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে-

فَاعْبُدُوْا مَا شِئْتُمْ مِّنْ دُوْنِهٖ ؕ قُلْ اِنَّ الْخٰسِرِيْنَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَاَهْلِيْهِمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اَلَا ذٰلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِيْنُ ۝١٥

১৫। অতএব তোমরা তাঁকে বাদ দিয়ে যার ইচ্ছা তার ইবাদত কর।' বল, 'নিশ্চয় ক্ষতিগ্রস্ত তারা যারা কিয়ামতের দিন নিজেদের ও নিজেদের পরিবার-পরিজনের ক্ষতি করেছে।' জেনে রাখ, এটাই সুস্পষ্ট ক্ষতি।

لَهُمْ مِّنْ فَوْقِهِمْ ظُلَلٌ مِّنَ النَّارِ وَمِنْ تَحْتِهِمْ ظُلَلٌ ؕ ذٰلِكَ يُخَوِّفُ اللّٰهُ بِهٖ عِبَادَهٗ ؕ يٰعِبَادِ فَاتَّقُوْنِ ۝١٦

১৬। তাদের জন্য রয়েছে তাদের উপর দিক থেকে আগুনের আচ্ছাদন এবং তাদের নীচের দিক থেকেও আচ্ছাদন। এর মাধ্যমে আল্লাহ্ তাঁর বান্দাদেরকে ভয় প্রদর্শন করেন। হে আমার বান্দারা! সুতরাং তোমরা আমাকে ভয় কর।

وَالَّذِيْنَ اجْتَنَبُوا الطَّاغُوْتَ اَنْ يَّعْبُدُوْهَا وَاَنَابُوْٓا اِلَى اللّٰهِ لَهُمُ الْبُشْرٰى ۚ فَبَشِّرْ عِبَادِ ۝١٧

১৭। আর যারা তাগুতের* উপাসনা পরিহার করে এবং আল্লাহ্‌র দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করে তাদের জন্য রয়েছে সুসংবাদ, অতএব সুসংবাদ দাও আমার বান্দাদেরকে-

الَّذِيْنَ يَسْتَمِعُوْنَ الْقَوْلَ فَيَتَّبِعُوْنَ اَحْسَنَهٗ ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ هَدٰىهُمُ اللّٰهُ وَاُولٰٓئِكَ هُمْ اُولُوا الْاَلْبَابِ ۝١٨

১৮। যারা মনোযোগ সহকারে কথা শোনে, অতঃপর তার মধ্যে যা উত্তম তা অনুসরণ করে। ওরাই তারা যাদেরকে আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেন এবং তারাই বুদ্ধিমান।

اَفَمَنْ حَقَّ عَلَيْهِ كَلِمَةُ الْعَذَابِ ؕ اَفَاَنْتَ تُنْقِذُ مَنْ فِي النَّارِ ۝١٩

১৯। যার উপর শাস্তির বাণী অবধারিত হয়েছে তুমি কি তাকে রক্ষা করতে পারবে, যে আছে আগুনের মধ্যে?

لٰكِنِ الَّذِيْنَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ غُرَفٌ مِّنْ فَوْقِهَا غُرَفٌ مَّبْنِيَّةٌ ۙ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ وَعْدَ اللّٰهِ ۭ لَا يُخْلِفُ اللّٰهُ الْمِيْعَادَ ۝٢٠

২০। কিন্তু যারা তাদের প্রতিপালককে ভয় করে তাদের জন্য রয়েছে সুউচ্চ কক্ষসমূহ, যেগুলোর উপর নির্মিত (আরও) সুউচ্চ কক্ষসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত। এটি আল্লাহ্‌র প্রতিশ্রুতি। আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَاۗءِ مَاۗءً فَسَلَكَهٗ يَنَابِيْعَ فِي الْاَرْضِ ثُمَّ يُخْرِجُ بِهٖ زَرْعًا مُّخْتَلِفًا اَلْوَانُهٗ ثُمَّ يَهِيْجُ فَتَرٰىهُ مُصْفَرًّا ثُمَّ يَجْعَلُهٗ حُطَامًا ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَذِكْرٰى لِاُولِي الْاَلْبَابِ ۝٢١ۧ

২১। তুমি কি ভেবে দেখনি যে, আল্লাহ্ আকাশ থেকে পানি অবতীর্ণ করেন, অতঃপর তা ভূমিতে ঝর্ণারূপে প্রবাহিত করেন, এরপর তা দিয়ে বিভিন্ন রং-এর বিভিন্ন প্রকার ফসল উৎপন্ন করেন, এরপর তা শুকিয়ে যায়, ফলে তুমি তা হলদে দেখতে পাও, অবশেষে তিনি তা খড়-কুটোয় পরিণত করেন? নিশ্চয় এতে বুদ্ধিমানদের জন্য অবশ্যই উপদেশ রয়েছে। রুকূ ১৬

اَفَمَنْ شَرَحَ اللّٰهُ صَدْرَهٗ لِلْاِسْلَامِ فَهُوَ عَلٰي نُوْرٍ مِّنْ رَّبِّهٖ ۭ فَوَيْلٌ لِّلْقٰسِيَةِ قُلُوْبُهُمْ مِّنْ ذِكْرِ اللّٰهِ ۭ اُولٰۗىِٕكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝٢٢

২২। আল্লাহ্ ইসলামের জন্য যার বক্ষকে প্রশস্ত* করে দিয়েছেন এবং যে তার প্রতিপালক প্রদত্ত আলোতে রয়েছে সে কি (তার সমান যে এরূপ নয়)? অতএব দুর্ভোগ সেই লোকদের জন্য যাদের হৃদয় আল্লাহ্‌র স্মরণ থেকে (বিমুখ থাকার ব্যাপারে) কঠিন। তারাই সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছে।

اَللّٰهُ نَزَّلَ اَحْسَنَ الْحَدِيْثِ كِتٰبًا مُّتَشَابِهًا مَّثَانِيَ ۤ تَقْشَعِرُّ مِنْهُ جُلُوْدُ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ ۚ ثُمَّ تَلِيْنُ جُلُوْدُهُمْ وَقُلُوْبُهُمْ اِلٰى ذِكْرِ اللّٰهِ ۭ ذٰلِكَ هُدَى اللّٰهِ يَهْدِيْ بِهٖ مَنْ يَّشَاۗءُ ۭ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ۝٢٣

২৩। আল্লাহ্ অবতীর্ণ করেছেন সর্বোত্তম কথা- সাদৃশ্যপূর্ণ, বারবার পঠিত কিতাবরূপে। এতে যারা তাদের প্রতিপালককে ভয় করে তাদের ত্বক কেঁপে ওঠে, এরপর তাদের ত্বক ও হৃদয় আল্লাহ্‌র স্মরণে নরম হয়। এটা আল্লাহ্‌র পথনির্দেশিকা, তিনি এর মাধ্যমে যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন। আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথপ্রদর্শক নেই।

اَفَمَنْ يَّتَّقِيْ بِوَجْهِهٖ سُوْۗءَ الْعَذَابِ يَوْمَ الْقِيٰمَةِ ۭ وَقِيْلَ لِلظّٰلِمِيْنَ ذُوْقُوْا مَا كُنْتُمْ تَكْسِبُوْنَ ۝٢٤

২৪। যে ব্যক্তি কিয়ামতের দিন তার চেহারা দ্বারা নিকৃষ্ট শাস্তি ঠেকাবে সে কি (তার মত যে নিরাপদ)? এবং জালিমদেরকে বলা হবে, 'তোমরা যা অর্জন করতে তার শাস্তি আস্বাদন কর।'

كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَاَتٰىهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُوْنَ ۝٢٥

২৫। তাদের পূর্ববর্তীরাও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল, ফলে শাস্তি তাদের উপর এমন দিক থেকে এসেছিল যে, তারা টেরও পায়নি।

فَاَذَاقَهُمُ اللّٰهُ الْخِزْيَ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَكْبَرُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ۝٢٦

২৬। অতএব আল্লাহ্ তাদেরকে দুনিয়ার জীবনে লাঞ্ছনা ভোগ করালেন এবং আখিরাতের শাস্তি অবশ্যই কঠিনতর- যদি তারা জানত।

وَلَقَدْ ضَرَبْنَا لِلنَّاسِ فِيْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ۝٢٧

২৭। আর অবশ্যই আমি এই কুরআনে মানুষের জন্য সবধরনের দৃষ্টান্ত পেশ করেছি, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে,

قُرْاٰنًا عَرَبِيًّا غَيْرَ ذِيْ عِوَجٍ لَّعَلَّهُمْ يَتَّقُوْنَ ۝٢٨

২৮। আরবি ভাষার এই কুরআনে কোন বক্রতা নেই, যাতে তারা তাকওয়া অবলম্বন করতে পারে।

ضَرَبَ اللّٰهُ مَثَلًا رَّجُلًا فِيْهِ شُرَكَاۗءُ مُتَشٰكِسُوْنَ وَرَجُلًا سَلَمًا لِّرَجُلٍ ۭ هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ۭ اَلْحَمْدُ لِلّٰهِ ۭ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ۝٢٩

২৯। আল্লাহ্ দৃষ্টান্ত পেশ করছেন এক ব্যক্তির যার শরীক (প্রভু) অনেক, যারা পরস্পর বিরোধী এবং এক ব্যক্তির যে একজনের মালিকানাধীন। দৃষ্টান্তের দিক থেকে এই দু'জন কি সমান? সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, বরং তাদের অধিকাংশই জানে না।

اِنَّكَ مَيِّتٌ وَّاِنَّهُمْ مَّيِّتُوْنَ ۝٣٠

৩০। নিশ্চয় তুমি মরণশীল এবং নিশ্চয় তারাও মরণশীল।

ثُمَّ اِنَّكُمْ يَوْمَ الْقِيٰمَةِ عِنْدَ رَبِّكُمْ تَخْتَصِمُوْنَ ۝٣١ۧ رুকূ ১৭

৩১। এরপর নিশ্চয় তোমরা কিয়ামতের দিন তোমাদের প্রতিপালকের সামনে বাদানুবাদ করবে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-২৪

فَمَنْ اَظْلَمُ مِمَّنْ كَذَبَ عَلَى اللّٰهِ وَكَذَّبَ بِالصِّدْقِ اِذْ جَآءَهٗ ؕ اَلَيْسَ فِىْ جَهَنَّمَ مَثْوًى لِّلْكٰفِرِيْنَ ﴿٣٢﴾

৩২। যে ব্যক্তি আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা বলে এবং সত্যকে (কুরআনকে) মিথ্যা বলে তা আসার পর তার চেয়ে অধিক জালিম আর কে? কাফিরদের আবাসস্থল কি জাহান্নাম নয়?

وَالَّذِىْ جَآءَ بِالصِّدْقِ وَصَدَّقَ بِهٖٓ اُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿٣٣﴾

৩৩। আর যে সত্য নিয়ে এসেছে এবং যে (অর্থাৎ যারা) তা (সত্যকে) সত্য বলে মেনে নিয়েছে তারাই মুত্তাকী।

لَهُمْ مَّا يَشَآءُوْنَ عِنْدَ رَبِّهِمْ ؕ ذٰلِكَ جَزٰٓؤُا الْمُحْسِنِيْنَ ﴿٣٤﴾

৩৪। তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট তা-ই রয়েছে যা তারা চাইবে। এটা সৎকর্মপরায়ণদের প্রতিদান,

لِيُكَفِّرَ اللّٰهُ عَنْهُمْ اَسْوَاَ الَّذِىْ عَمِلُوْا وَيَجْزِيَهُمْ اَجْرَهُمْ بِاَحْسَنِ الَّذِىْ كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٣٥﴾

৩৫। যাতে তারা যেসব নিকৃষ্ট কাজ করেছে আল্লাহ্ তা মোচন করতে পারেন এবং তাদেরকে তারা যা করত তার চেয়েও উত্তম প্রতিদান দিতে পারেন।।

اَلَيْسَ اللّٰهُ بِكَافٍ عَبْدَهٗ ؕ وَيُخَوِّفُوْنَكَ بِالَّذِيْنَ مِنْ دُوْنِهٖ ؕ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ﴿٣٦﴾

৩৬। আল্লাহ্ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? কিন্তু তারা তোমাকে তাঁকে বাদ দিয়ে অন্যদের ভয় দেখায়। এবং আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথপ্রদর্শক নেই।

وَمَنْ يَّهْدِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ مُّضِلٍّ ؕ اَلَيْسَ اللّٰهُ بِعَزِيْزٍ ذِى انْتِقَامٍ ﴿٣٧﴾

৩৭। আর যাকে আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেন তার জন্য কোন পথভ্রষ্টকারী নেই। আল্লাহ্ কি মহাপ্রতাপশালী ও উচিত শাস্তিদাতা নন?

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ؕ قُلْ اَفَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اِنْ اَرَادَنِىَ اللّٰهُ بِضُرٍّ هَلْ هُنَّ كٰشِفٰتُ ضُرِّهٖٓ اَوْ اَرَادَنِىْ بِرَحْمَةٍ هَلْ هُنَّ مُمْسِكٰتُ رَحْمَتِهٖ ؕ قُلْ حَسْبِىَ اللّٰهُ ؕ عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, আকাশসমূহ ও পৃথিবী কে সৃষ্টি করেছেন? অবশ্যই অবশ্যই তারা বলবে, 'আল্লাহ্'। বল, তোমরা ভেবে দেখেছ কি, আল্লাহ্ আমার ক্ষতি চাইলে তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে যাদেরকে ডাক তারা কি সেই ক্ষতি দূর করতে পারবে? অথবা তিনি আমার প্রতি দয়া করতে চাইলে তারা কি সেই দয়াকে আটকাতে পারবে? বল, 'আমার জন্য আল্লাহ্ই যথেষ্ট। ভরসাকারীরা আল্লাহ্র উপরই ভরসা করে।'

قُلْ يٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّىْ عَامِلٌ ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ﴿٣٩﴾

৩৯। বল, 'হে আমার সম্প্রদায়! তোমরা নিজ নিজ অবস্থান (পথ-পদ্ধতি) অনুসারে কাজ কর, নিশ্চয় আমিও কাজ করছি, অতঃপর অচিরেই তোমরা জানতে পারবে-

مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيْمٌ ﴿٤٠﴾

৪০। কার উপর আসবে শাস্তি যা তাকে অপমানিত করবে এবং কার উপর আপতিত হবে স্থায়ী শাস্তি।'

اِنَّآ اَنْزَلْنَا عَلَيْكَ الْكِتٰبَ لِلنَّاسِ بِالْحَقِّ ۚ فَمَنِ اهْتَدٰى فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ﴿٤١﴾

ع ١٨ রুকু ১

৪১। নিশ্চয় আমি মানুষের জন্য তোমার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করেছি, অতঃপর যে সঠিক পথ অবলম্বন করে তা (সে করে) নিজেরই কল্যাণের জন্য এবং যে পথভ্রষ্ট হয় সে পথভ্রষ্ট হয় নিজেরই অকল্যাণের জন্য। আর তুমি তাদের তত্ত্বাবধায়ক নও।

اَللّٰهُ يَتَوَفَّى الْاَنْفُسَ حِيْنَ مَوْتِهَا وَالَّتِىْ لَمْ تَمُتْ فِىْ مَنَامِهَا ۚ فَيُمْسِكُ الَّتِىْ قَضٰى عَلَيْهَا الْمَوْتَ وَيُرْسِلُ الْاُخْرٰٓى اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٤٢﴾

৪২। আল্লাহ্ই প্রাণ হরণ করেন তাদের মৃত্যুর সময় এবং যাদের মৃত্যু আসেনি তাদের নিদ্রার সময়, অতঃপর তিনি যার জন্য মৃত্যু ঘটান তার প্রাণ আটকে রাখেন এবং অন্যগুলো ফিরিয়ে দেন, এক নির্দিষ্ট সময়ের জন্য। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

أَمِ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ شُفَعَآءَ ۭ قُلْ اَوَلَوْ كَانُوْا لَا يَمْلِكُوْنَ شَيْـًٔا وَّلَا يَعْقِلُوْنَ ﴿٤٣﴾

৪৩। তবে কি তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে অন্যদেরকে সুপারিশকারী হিসাবে গ্রহণ করেছে? বল, 'যদিও তারা কোন কিছুর মালিক নয় এবং তারা অনুধাবনও করে না তবুও কি?'

قُلْ لِّلّٰهِ الشَّفَاعَةُ جَمِيْعًا ۭ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٤٤﴾

৪৪। বল, 'আল্লাহ্‌ই সকল সুপারিশের (অনুমতি দানের) মালিক। আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব তাঁরই। এরপর তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।'

وَاِذَا ذُكِرَ اللّٰهُ وَحْدَهُ اشْمَاَزَّتْ قُلُوْبُ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ ۚ وَاِذَا ذُكِرَ الَّذِيْنَ مِنْ دُوْنِهٖٓ اِذَا هُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿٤٥﴾

৪৫। এবং যখন একা আল্লাহ্‌র কথা উল্লেখ করা হয় তখন যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তাদের হৃদয় বিতৃষ্ণায় সংকুচিত হয়, এবং যখন তাঁকে বাদ দিয়ে অন্যদের উল্লেখ করা হয় তখন তারা আনন্দে উল্লসিত হয়।

قُلِ اللّٰهُمَّ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ عٰلِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ اَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيْ مَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٤٦﴾

৪৬। বল, 'হে আল্লাহ্‌! আকাশসমূহ ও পৃথিবীর স্রষ্টা, অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী, আপনার বান্দারা যে বিষয়ে মতপার্থক্য করে, আপনি তাদের মধ্যে তার ফয়সালা করে দিবেন।'

وَلَوْ اَنَّ لِلَّذِيْنَ ظَلَمُوْا مَا فِي الْاَرْضِ جَمِيْعًا وَّمِثْلَهٗ مَعَهٗ لَافْتَدَوْا بِهٖ مِنْ سُوْۗءِ الْعَذَابِ يَوْمَ الْقِيٰمَةِ ۭ وَبَدَا لَهُمْ مِّنَ اللّٰهِ مَا لَمْ يَكُوْنُوْا يَحْتَسِبُوْنَ ﴿٤٧﴾

৪৭। এবং যারা জুলুম করেছে তাদের যদি পৃথিবীতে যা আছে তা সবই এবং তার সাথে সমপরিমাণ আরো থাকে তাহলে কিয়ামতের দিন তারা অবশ্যই তার বিনিময়ে (মুক্তিপণ দিয়ে) নিকৃষ্ট শাস্তি থেকে মুক্তি পেতে চাইবে এবং তাদের জন্য আল্লাহ্‌র নিকট থেকে এমন কিছু প্রকাশিত হবে যা তারা কল্পনাও করেনি।

وَبَدَا لَهُمْ سَيِّاٰتُ مَا كَسَبُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٤٨﴾

৪৮। আর তাদের অর্জিত মন্দসমূহ তাদের নিকট প্রকাশ হয়ে পড়বে এবং তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তা তাদেরকে পরিবেষ্টন করবে।

فَاِذَا مَسَّ الْاِنْسَانَ ضُرٌّ دَعَانَا ۣ ثُمَّ اِذَا خَوَّلْنٰهُ نِعْمَةً مِّنَّا ۙ قَالَ اِنَّمَآ اُوْتِيْتُهٗ عَلٰي عِلْمٍ ۭ بَلْ هِيَ فِتْنَةٌ وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٤٩﴾

৪৯। মানুষকে বিপদ-আপদ স্পর্শ করলে সে আমাকে ডাকে; এরপর যখন আমি আমার পক্ষ থেকে তাকে আমার কোন নেয়ামত দান করি তখন সে বলে, 'আমাকে এটা দেয়া হয়েছে আমার জ্ঞানের কারণে।' বরং এটা এক পরীক্ষা, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

قَدْ قَالَهَا الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَمَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٥٠﴾

৫০। তাদের পূর্ববর্তীরাও এটাই বলত, কিন্তু তারা যা অর্জন করত তা তাদের উপকারে আসেনি।

فَاَصَابَهُمْ سَيِّاٰتُ مَا كَسَبُوْا ۭ وَالَّذِيْنَ ظَلَمُوْا مِنْ هٰٓؤُلَاۗءِ سَيُصِيْبُهُمْ سَيِّاٰتُ مَا كَسَبُوْا ۙ وَمَا هُمْ بِمُعْجِزِيْنَ ﴿٥١﴾

৫১। অতঃপর তাদেরকে তাদের মন্দসমূহ আঘাত করেছিল যা তারা অর্জন করেছিল। এবং এদের মধ্যে যারা জুলুম করেছে তাদেরকেও শীঘ্রই আঘাত করবে তাদের মন্দসমূহ যা তারা অর্জন করেছে, এবং তারা (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না।

اَوَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاۗءُ وَيَقْدِرُ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٥٢﴾ ع ١١ ٢ ٥ রুকু ২

৫২। তারা কি জানে না, আল্লাহ্‌ যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন? নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ঈমান আনে।

قُلْ يٰعِبَادِيَ الَّذِيْنَ اَسْرَفُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ لَا تَقْنَطُوْا مِنْ رَّحْمَةِ اللّٰهِ ۭ اِنَّ اللّٰهَ يَغْفِرُ الذُّنُوْبَ جَمِيْعًا ۭ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٥٣﴾

৫৩। বল (আমার এ কথা উদ্ধৃত কর), 'হে আমার বান্দারা! তোমরা যারা নিজেদের উপর সীমালঙ্ঘন করেছ- আল্লাহ্‌র দয়া থেকে নিরাশ হয়ো না। নিশ্চয় আল্লাহ্‌ সকল অপরাধ ক্ষমা করেন। নিশ্চয় তিনিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

৫৪। তোমরা তোমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তন কর এবং তাঁর নিকট আত্মসমর্পণ কর তোমাদের নিকট সে শাস্তি আসার পূর্বে, এরপর তোমাদেরকে সাহায্য করা হবে না।

وَاَنِيْبُوْٓا اِلٰى رَبِّكُمْ وَاَسْلِمُوْا لَهٗ مِنْ قَبْلِ اَنْ يَّاْتِيَكُمُ الْعَذَابُ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ﴿٥٤﴾

৫৫। তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট থেকে সর্বোত্তম যা অবতীর্ণ করা হয়েছে তা অনুসরণ কর তোমাদের উপর অতর্কিতে শাস্তি আসার পূর্বে, যখন তোমরা টেরও পারবে না-

وَاتَّبِعُوْٓا اَحْسَنَ مَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَكُمُ الْعَذَابُ بَغْتَةً وَّاَنْتُمْ لَا تَشْعُرُوْنَ ﴿٥٥﴾

৫৬। যে, কেউ বলবে, হায়, আল্লাহ্‌র প্রতি আমার কর্তব্যে আমি যে অবহলো করেছি তার জন্য আফসোস! আর আমি অবশ্যই ছিলাম ঠাট্টাকারীদের অন্তর্ভুক্ত-

اَنْ تَقُوْلَ نَفْسٌ يّٰحَسْرَتٰى عَلٰى مَا فَرَّطْتُّ فِيْ جَنْۢبِ اللّٰهِ وَاِنْ كُنْتُ لَمِنَ السّٰخِرِيْنَ ﴿٥٦﴾

৫৭। অথবা কেউ বলবে, আল্লাহ্ আমাকে সঠিক পথ প্রদর্শন করলে আমি অবশ্যই মুত্তাকীদের অন্তর্ভুক্ত হতাম-

اَوْ تَقُوْلَ لَوْ اَنَّ اللّٰهَ هَدٰىنِيْ لَكُنْتُ مِنَ الْمُتَّقِيْنَ ﴿٥٧﴾

৫৮। অথবা শাস্তি প্রত্যক্ষ করে বলবে, হায়! যদি একবার (পৃথিবীতে) আমার প্রত্যাবর্তন ঘটত তবে আমি সৎকর্মপরায়ণ হতাম।

اَوْ تَقُوْلَ حِيْنَ تَرَى الْعَذَابَ لَوْ اَنَّ لِيْ كَرَّةً فَاَكُوْنَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿٥٨﴾

৫৯। কিন্তু হ্যাঁ, আমার নিদর্শনসমূহ তোমার নিকট এসেছিল, কিন্তু তুমি সেগুলোকে মিথ্যা অভিহিত করেছিলে এবং অহঙ্কার করেছিলে এবং তুমি ছিলে কাফিরদের অন্তর্ভুক্ত।

بَلٰى قَدْ جَآءَتْكَ اٰيٰتِيْ فَكَذَّبْتَ بِهَا وَاسْتَكْبَرْتَ وَكُنْتَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿٥٩﴾

৬০। এবং যারা আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলেছে, কিয়ামতের দিন তুমি তাদের চেহারাসমূহ কালো দেখবে। অহংকারীদের আবাসস্থল কি জাহান্নামে নয়?

وَيَوْمَ الْقِيٰمَةِ تَرَى الَّذِيْنَ كَذَبُوْا عَلَى اللّٰهِ وُجُوْهُهُمْ مُّسْوَدَّةٌ ؕ اَلَيْسَ فِيْ جَهَنَّمَ مَثْوًى لِّلْمُتَكَبِّرِيْنَ ﴿٦٠﴾

৬১। আর যারা তাকওয়া অবলম্বন করেছে আল্লাহ্ তাদেরকে উদ্ধার করবেন তাদের সফলতার কারণে; তাদেরকে কোন অমঙ্গল স্পর্শ করবে না এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

وَيُنَجِّي اللّٰهُ الَّذِيْنَ اتَّقَوْا بِمَفَازَتِهِمْ ۫ لَا يَمَسُّهُمُ السُّوْٓءُ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦١﴾

৬২। আল্লাহ্ সব কিছুর স্রষ্টা এবং তিনি সব কিছুর তত্ত্বাবধায়ক।

اَللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ ۫ وَّهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ وَّكِيْلٌ ﴿٦٢﴾

৬৩। আকাশমূহ ও পৃথিবীর চাবিকাঠি তাঁরই। আর যারা আল্লাহ্‌র নিদর্শনসমূহকে অস্বীকার করে তারাই ক্ষতিগ্রস্ত।

ع ١١ ٦ রুকু ৩

لَهٗ مَقَالِيْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٦٣﴾

৬৪। বল, 'হে অজ্ঞ লোকেরা! তোমরা কি আমাকে আল্লাহ্ ছাড়া অন্যের ইবাদত করতে নির্দেশ দিচ্ছ?'

قُلْ اَفَغَيْرَ اللّٰهِ تَاْمُرُوْٓنِّيْٓ اَعْبُدُ اَيُّهَا الْجٰهِلُوْنَ ﴿٦٤﴾

৬৫। আর অবশ্যই তোমার প্রতি ও তোমার পূর্ববর্তীদের প্রতি ওহী করা হয়েছে যে, যদি তুমি শরীক কর তাহলে অবশ্যই অবশ্যই তোমার কাজ বিফল হবে এবং অবশ্যই অবশ্যই তুমি ক্ষতিগ্রস্ত হবে।

وَلَقَدْ اُوْحِيَ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۚ لَئِنْ اَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٦٥﴾

بَلِ اللّٰهَ فَاعْبُدْ وَكُنْ مِّنَ الشّٰكِرِيْنَ ﴿٦٦﴾

৬৬। বরং আল্লাহ্‌র ইবাদত কর ও কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হও।

وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖ ۖ وَالْاَرْضُ جَمِيْعًا قَبْضَتُهٗ يَوْمَ الْقِيٰمَةِ وَالسَّمٰوٰتُ مَطْوِيّٰتٌۢ بِيَمِيْنِهٖ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٧﴾

৬৭। তারা আল্লাহ্‌র যথাযথ মূল্যায়ন করেনি, অথচ কিয়ামতের দিন সমস্ত পৃথিবী থাকবে তাঁর হাতের মুঠোয় এবং আকাশসমূহ থাকবে গুটানো অবস্থায় তাঁর ডান হাতে। পবিত্র তিনি, আর তারা যা শরীক করে তা হতে তিনি অনেক ঊর্ধ্বে।

وَنُفِخَ فِي الصُّوْرِ فَصَعِقَ مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ اِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ؕ ثُمَّ نُفِخَ فِيْهِ اُخْرٰى فَاِذَا هُمْ قِيَامٌ يَّنْظُرُوْنَ ﴿٦٨﴾

৬৮। এবং শিঙ্গায় ফুঁ দেয়া হবে,* ফলে যাদেরকে আল্লাহ্ ইচ্ছা করবেন তারা ছাড়া আকাশসমূহে যারা আছে ও পৃথিবীতে যারা আছে তারা সংজ্ঞাহীন হয়ে পড়বে। এরপর আরেকবার তাতে ফুঁ দেয়া হবে, এবং তৎক্ষণাৎ তারা দন্ডায়মান হয়ে তাকাতে থাকবে।

وَاَشْرَقَتِ الْاَرْضُ بِنُوْرِ رَبِّهَا وَوُضِعَ الْكِتٰبُ وَجِايْٓءَ بِالنَّبِيّٖنَ وَالشُّهَدَآءِ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٦٩﴾

৬৯। এবং যমীন (হাশরের মাঠ) তার প্রতিপালকের জ্যোতিতে উদ্ভাসিত হবে, কিতাব (আমলনামা) পেশ করা হবে এবং নবীদেরকে ও সাক্ষীদেরকে উপস্থিত করা হবে, এবং তাদের মাঝে ন্যায়ের সাথে ফয়সালা করা হবে এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

ع ٧ ٤ ٩ রুকূ ৪

وَوُفِّيَتْ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَهُوَ اَعْلَمُ بِمَا يَفْعَلُوْنَ ﴿٧٠﴾

৭০। এবং প্রত্যেক ব্যক্তিকে সে যা করেছে তা (তার প্রতিফল) পুরোপুরি দেয়া হবে, এবং তারা যা করে সে সম্পর্কে আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন।

وَسِيْقَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِلٰى جَهَنَّمَ زُمَرًا ؕ حَتّٰٓى اِذَا جَآءُوْهَا فُتِحَتْ اَبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَآ اَلَمْ يَاْتِكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَتْلُوْنَ عَلَيْكُمْ اٰيٰتِ رَبِّكُمْ وَيُنْذِرُوْنَكُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا ؕ قَالُوْا بَلٰى وَلٰكِنْ حَقَّتْ كَلِمَةُ الْعَذَابِ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٧١﴾

৭১। এবং যারা কুফরী করেছে তাদেরকে জাহান্নামের দিকে দলে দলে তাড়িয়ে নিয়ে যাওয়া হবে। অবশেষে যখন তারা এর নিকটে আসবে তখন এর দরজাগুলো খুলে দেয়া হবে এবং এর রক্ষীরা তাদেরকে বলবে, 'তোমাদের নিকট কি তোমাদের মধ্য হতে রাসূলগণ আসেননি যারা তোমাদেরকে তোমাদের প্রতিপালকের আয়াতসমূহ পাঠ করে শুনাতেন এবং তোমাদের এ দিনের সাক্ষাৎ সম্পর্কে তোমাদেরকে সতর্ক করতেন?' তারা বলবে, 'হ্যাঁ অবশ্যই,' কিন্তু কাফিরদের প্রতি শাস্তির বাণী অবধারিত হয়েছে।

قِيْلَ ادْخُلُوْٓا اَبْوَابَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۚ فَبِئْسَ مَثْوَى الْمُتَكَبِّرِيْنَ ﴿٧٢﴾

৭২। বলা হবে, 'তোমরা জাহান্নামের দরজাসমূহ দিয়ে প্রবেশ কর, সেখানে স্থায়ীভাবে অবস্থানের জন্য, সুতরাং কতই না নিকৃষ্ট অহংকারীদের আবাসস্থল!'

وَسِيْقَ الَّذِيْنَ اتَّقَوْا رَبَّهُمْ اِلَى الْجَنَّةِ زُمَرًا ؕ حَتّٰٓى اِذَا جَآءُوْهَا وَفُتِحَتْ اَبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَا سَلٰمٌ عَلَيْكُمْ طِبْتُمْ فَادْخُلُوْهَا خٰلِدِيْنَ ﴿٧٣﴾

৭৩। আর যারা তাদের প্রতিপালককে ভয় করেছে তাদেরকে দলে দলে জান্নাতের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হবে। অবশেষে যখন তারা এর (জান্নাতের) নিকটে আসবে এবং এর দরজাগুলো খুলে দেয়া হবে এবং এর রক্ষীরা তাদেরকে বলবে, 'তোমাদের প্রতি 'সালাম', তোমরা খুশী হও এবং তাতে প্রবেশ কর স্থায়ীভাবে।'

وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ صَدَقَنَا وَعْدَهٗ وَاَوْرَثَنَا الْاَرْضَ نَتَبَوَّاُ مِنَ الْجَنَّةِ حَيْثُ نَشَآءُ ۚ فَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿٧٤﴾

৭৪। এবং তারা (প্রবেশ করে) বলবে, 'সমস্ত প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমাদের প্রতি তাঁর প্রতিশ্রুতি সত্যে পরিণত করেছেন এবং আমাদেরকে উত্তরাধিকারী করেছেন এই যমীনের; আমরা জান্নাতে যেখানে ইচ্ছা বসবাস করব।' আর (সৎ) কর্মশীলদের প্রতিদান কতই না উত্তম!

وَتَرَى الْمَلٰٓئِكَةَ حَآفِّيْنَ مِنْ حَوْلِ الْعَرْشِ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ ۚ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْحَقِّ وَقِيْلَ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٧٥﴾

ع ٨ ٥ ٥ ٨ রুকূ ৫

৭৫। এবং তুমি ফেরেশতাদেরকে দেখতে পাবে যে, তারা আরশের চারপাশ ঘিরে তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করছে। এবং তাদের মাঝে (অর্থাৎ লোকদের মাঝে) বিচার করা হবে ন্যায়ের সাথে এবং বলা হবে, সকল প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র জন্য।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪০. সূরা আল-মু'মিন, মাক্কী

৮৫ আয়াত, ৯ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٠-سُوْرَةُ الْمُؤْمِنِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨٥، رُكُوْعَاتُهَا-٩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حٰمٓ ۝١

১। হা-মীম।

تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْعَلِيْمِ ۝٢

২। এ কিতাবের অবতারণ মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানী আল্লাহ্‌র পক্ষ থেকে-

غَافِرِ الذَّنْۢبِ وَقَابِلِ التَّوْبِ شَدِيْدِ الْعِقَابِ ذِى الطَّوْلِ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ اِلَيْهِ الْمَصِيْرُ ۝٣

৩। যিনি অপরাধ ক্ষমাকারী, তওবা কবুলকারী, শাস্তিদানে কঠোর, সামর্থবান। তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। গন্তব্যস্থল তাঁরই দিকে।

مَا يُجَادِلُ فِىْٓ اٰيٰتِ اللّٰهِ اِلَّا الَّذِيْنَ كَفَرُوْا فَلَا يَغْرُرْكَ تَقَلُّبُهُمْ فِى الْبِلَادِ ۝٤

৪। কেবল কাফিররাই আল্লাহ্‌র আয়াতসমূহ সম্পর্কে বিতর্ক করে, সুতরাং নগরসমূহে তাদের অবাধ বিচরণ যেন তোমাকে প্রতারিত না করে।

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّالْاَحْزَابُ مِنْۢ بَعْدِهِمْ ۚ وَهَمَّتْ كُلُّ اُمَّةٍ بِرَسُوْلِهِمْ لِيَاْخُذُوْهُ وَجٰدَلُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ فَاَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ عِقَابِ ۝٥

৫। তাদের পূর্বে নূহের সম্প্রদায় ও তাদের পরে অন্যান্য দলও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল। প্রত্যেক উম্মত তাদের রাসূলকে পাকড়াও করতে মনস্থ করেছিল এবং তারা বাতিল (মিথ্যা) দ্বারা বিতর্কে লিপ্ত হয়েছিল তা দ্বারা সত্যকে ব্যর্থ করে দেয়ার জন্য, ফলে আমি তাদেরকে পাকড়াও করেছিলাম। সুতরাং কেমন ছিল আমার শাস্তি!

وَكَذٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ كَفَرُوْٓا اَنَّهُمْ اَصْحٰبُ النَّارِ ۝٦

৬। এবং এভাবেই কাফিরদের ক্ষেত্রে তোমার প্রতিপালকের বাণী অবধারিত হয়েছে যে, তারা আগুনের অধিবাসী।

اَلَّذِيْنَ يَحْمِلُوْنَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهٗ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ وَيُؤْمِنُوْنَ بِهٖ وَيَسْتَغْفِرُوْنَ لِلَّذِيْنَ اٰمَنُوْا ۚ رَبَّنَا وَسِعْتَ كُلَّ شَىْءٍ رَّحْمَةً وَّعِلْمًا فَاغْفِرْ لِلَّذِيْنَ تَابُوْا وَاتَّبَعُوْا سَبِيْلَكَ وَقِهِمْ عَذَابَ الْجَحِيْمِ ۝٧

৭। যারা আরশ বহন করে এবং যারা এর চারপাশে রয়েছে তারা তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করে এবং তারা তাঁর উপর ঈমান রাখে এবং যারা ঈমান এনেছে তাদের জন্য ক্ষমা প্রার্থনা করে (এই বলে যে) 'হে আমাদের প্রতিপালক! আপনি দয়া ও জ্ঞানে সব কিছুকে পরিবেষ্টন করে আছেন, অতএব যারা তওবা করে ও আপনার পথ অনুসরণ করে আপনি তাদেরকে ক্ষমা করুন এবং তাদেরকে তীব্র আগুনের শাস্তি হতে রক্ষা করুন।

رَبَّنَا وَاَدْخِلْهُمْ جَنّٰتِ عَدْنِ ِۨالَّتِىْ وَعَدْتَّهُمْ وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ ۚ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٨

৮। হে আমাদের প্রতিপালক! এবং আপনি তাদেরকে প্রবেশ করান স্থায়ী জান্নাতসমূহে, যার প্রতিশ্রুতি আপনি তাদেরকে দিয়েছেন এবং তাদের পিতৃপুরুষ, স্বামী-স্ত্রী ও সন্তান-সন্ততির মধ্যে যারা সৎকাজ করেছে তাদেরকেও। নিশ্চয় আপনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَقِهِمُ السَّيِّاٰتِ ۚ وَمَنْ تَقِ السَّيِّاٰتِ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمْتَهٗ ۚ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ۝٩

৯। এবং আপনি তাদেরকে মন্দসমূহ (শাস্তি) হতে রক্ষা করুন। এবং সেদিন আপনি যাকে মন্দসমূহ (শাস্তি) হতে রক্ষা করবেন তাকে আপনি দয়াই করে থাকবেন।' আর এটিই মহাসাফল্য।

ع ١ ٦ ١ রুকূ ১

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يُنَادَوْنَ لَمَقْتُ اللّٰهِ اَكْبَرُ مِنْ مَّقْتِكُمْ اَنْفُسَكُمْ اِذْ تُدْعَوْنَ اِلَى الْاِيْمَانِ فَتَكْفُرُوْنَ ۝١٠

১০। নিশ্চয় যারা কুফরী করেছে তাদেরকে ডেকে বলা হবে, 'তোমাদের নিজেদের প্রতি তোমাদের অসন্তুষ্টির চেয়ে অবশ্যই আল্লাহ্‌র অসন্তুষ্টি ছিল বেশি- যখন তোমাদেরকে ঈমানের প্রতি আহ্বান করা হয়েছিল আর তোমরা অস্বীকার করেছিলে।'

قَالُوْا رَبَّنَآ اَمَتَّنَا اثْنَتَيْنِ وَاَحْيَيْتَنَا اثْنَتَيْنِ فَاعْتَرَفْنَا بِذُنُوْبِنَا فَهَلْ اِلٰى خُرُوْجٍ مِّنْ سَبِيْلٍ ۝١١

১১। তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে দু'বার মৃত্যু দিয়েছেন এবং আমাদেরকে দু'বার জীবিত করেছেন, এবং আমরা আমাদের অপরাধসমূহ স্বীকার করছি, অতএব নিষ্কৃতির কোন পথ আছে কি?'

ذٰلِكُمْ بِاَنَّهٗٓ اِذَا دُعِیَ اللّٰهُ وَحْدَهٗ كَفَرْتُمْ ۚ وَاِنْ یُّشْرَكْ بِهٖ تُؤْمِنُوْا ؕ فَالْحُكْمُ لِلّٰهِ الْعَلِیِّ الْكَبِیْرِ ﴿۱۲﴾

১২। তোমাদের এ অবস্থা এজন্য যে, যখন একা আল্লাহ্‌কে ডাকা হত তখন তোমরা অবিশ্বাস করতে এবং তাঁর সাথে শরীক করা হলে তোমরা বিশ্বাস করতে। এখন বিচার-ফয়সালা সর্বোচ্চ ও মহান আল্লাহ্‌রই কর্তৃত্বে।

هُوَ الَّذِیْ یُرِیْكُمْ اٰیٰتِهٖ وَیُنَزِّلُ لَكُمْ مِّنَ السَّمَآءِ رِزْقًا ؕ وَمَا یَتَذَكَّرُ اِلَّا مَنْ یُّنِیْبُ ﴿۱۳﴾

১৩। তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান এবং আকাশ থেকে তোমাদের জন্য রিযিক অবতীর্ণ করেন। আর উপদেশ গ্রহণ করে কেবল সে-ই, যে (আল্লাহ্‌র দিকে অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করে।

فَادْعُوا اللّٰهَ مُخْلِصِیْنَ لَهُ الدِّیْنَ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ﴿۱۴﴾

১৪। সুতরাং আল্লাহ্‌কে ডাক দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে, যদিও কাফিররা অপছন্দ করে।

رَفِیْعُ الدَّرَجٰتِ ذُو الْعَرْشِ ۚ یُلْقِی الرُّوْحَ مِنْ اَمْرِهٖ عَلٰی مَنْ یَّشَآءُ مِنْ عِبَادِهٖ لِیُنْذِرَ یَوْمَ التَّلَاقِ ﴿۱۵﴾

১৫। তিনি সর্বোচ্চ মর্যাদার অধিকারী, আরশের অধিপতি, তিনি তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা তাঁর নির্দেশের রূহ্ (ওহী) অবতীর্ণ করেন, যাতে সে সতর্ক করতে পারে সাক্ষাতের দিন সম্পর্কে-

یَوْمَ هُمْ بٰرِزُوْنَ ۚ لَا یَخْفٰی عَلَی اللّٰهِ مِنْهُمْ شَیْءٌ ؕ لِمَنِ الْمُلْكُ الْیَوْمَ ؕ لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿۱۶﴾

১৬। -যেদিন তারা (কবর থেকে) বের হয়ে পড়বে, আল্লাহ্‌র কাছে তাদের কিছুই গোপন থাকবে না। আজ রাজত্ব কার? মহাপরাক্রমশালী এক আল্লাহ্‌রই।

اَلْیَوْمَ تُجْزٰی كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ ؕ لَا ظُلْمَ الْیَوْمَ ؕ اِنَّ اللّٰهَ سَرِیْعُ الْحِسَابِ ﴿۱۷﴾

১৭। আজ প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তার প্রতিদান দেয়া হবে। আজ কোন জুলুম নেই। নিশ্চয় আল্লাহ্ হিসাবে দ্রুত ।

وَاَنْذِرْهُمْ یَوْمَ الْاٰزِفَةِ اِذِ الْقُلُوْبُ لَدَی الْحَنَاجِرِ كٰظِمِیْنَ ؕ مَا لِلظّٰلِمِیْنَ مِنْ حَمِیْمٍ وَّلَا شَفِیْعٍ یُّطَاعُ ﴿۱۸﴾

১৮। এবং তাদেরকে সতর্ক করে দাও আসন্ন দিন সম্পর্কে যখন দুঃখ-কষ্টে তাদের প্রাণ কণ্ঠাগত হবে, যখন জালিমদের জন্য কোন অন্তরঙ্গ বন্ধু থাকবে না এবং এমন কোন সুপারিশকারীও থাকবে না যার সুপারিশ গ্রহণ করা হবে ।

یَعْلَمُ خَآئِنَةَ الْاَعْیُنِ وَمَا تُخْفِی الصُّدُوْرُ ﴿۱۹﴾

১৯। চক্ষুসমূহের অপব্যবহার এবং বক্ষসমূহ যা গোপন করে তিনি তা জানেন।

وَاللّٰهُ یَقْضِیْ بِالْحَقِّ ؕ وَالَّذِیْنَ یَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا یَقْضُوْنَ بِشَیْءٍ ؕ اِنَّ اللّٰهَ هُوَ السَّمِیْعُ الْبَصِیْرُ ﴿۲۰﴾

২০। এবং আল্লাহ্ সত্যসহ বিচার করবেন। তাঁকে বাদ দিয়ে তারা যাদেরকে ডাকে তারা কোন বিচারই করতে পারবে না। নিশ্চয় আল্লাহ্‌ই সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

اَوَلَمْ یَسِیْرُوْا فِی الْاَرْضِ فَیَنْظُرُوْا كَیْفَ كَانَ عَاقِبَةُ الَّذِیْنَ كَانُوْا مِنْ قَبْلِهِمْ ؕ كَانُوْا هُمْ اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاٰثَارًا فِی الْاَرْضِ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَمَا كَانَ لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿۲۱﴾

২১। তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি, কেমন ছিল তাদের পূর্ববর্তীদের পরিণাম? পৃথিবীতে তারা ছিল তাদের চেয়ে শক্তিতে ও কীর্তিতে প্রবল, অতঃপর আল্লাহ্ তাদেরকে পাকড়াও করলেন তাদের অপরাধসমূহের কারণে এবং আল্লাহ্ হতে তাদের জন্য কোন রক্ষাকারী ছিল না।

ذٰلِكَ بِاَنَّهُمْ كَانَتْ تَّاْتِیْهِمْ رُسُلُهُمْ بِالْبَیِّنٰتِ فَكَفَرُوْا فَاَخَذَهُمُ اللّٰهُ ؕ اِنَّهٗ قَوِیٌّ شَدِیْدُ الْعِقَابِ ﴿۲۲﴾

২২। এটা এজন্য যে, তাদের নিকট তাদের রাসূলরা স্পষ্ট প্রমাণাদিসহ এসেছিল, অতঃপর তারা তা অস্বীকার করেছিল, ফলে আল্লাহ্ তাদেরকে পাকড়াও করলেন। নিশ্চয় তিনি মহাশক্তিধর ও শাস্তি দানে কঠোর।

وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰی بِاٰیٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِیْنٍ ﴿۲۳﴾

২৩। আর অবশ্যই আমি আমার নিদর্শনাবলী ও সুস্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করেছিলাম-

اِلٰی فِرْعَوْنَ وَهَامٰنَ وَقَارُوْنَ فَقَالُوْا سٰحِرٌ كَذَّابٌ ﴿۲۴﴾

২৪। ফিরআউন, হামান ও কারূনের প্রতি, কিন্তু তারা বলেছিল, 'সে একজন জাদুকর ও মিথ্যাবাদী।'

فَلَمَّا جَآءَهُمْ بِالْحَقِّ مِنْ عِنْدِنَا قَالُوا اقْتُلُوْٓا اَبْنَآءَ الَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ وَاسْتَحْيُوْا نِسَآءَهُمْ ۭ وَمَا كَيْدُ الْكٰفِرِيْنَ اِلَّا فِيْ ضَلٰلٍ ۝۲۵

২৫। আর যখন সে আমার নিকট থেকে সত্য নিয়ে তাদের কাছে আসল তখন তারা বলল, 'তার সাথে যারা ঈমান এনেছে, তাদের পুত্র সন্তানদেরকে হত্যা কর এবং তাদের নারীদেরকে জীবিত রাখ।' কিন্তু কাফিরদের ষড়যন্ত্র ভ্রষ্টতায় পর্যবসিত হয়েই থাকে।

وَقَالَ فِرْعَوْنُ ذَرُوْنِيْٓ اَقْتُلْ مُوْسٰى وَلْيَدْعُ رَبَّهٗ ۚ اِنِّىْٓ اَخَافُ اَنْ يُّبَدِّلَ دِيْنَكُمْ اَوْ اَنْ يُّظْهِرَ فِي الْاَرْضِ الْفَسَادَ ۝۲۶

২৬। ফিরআউন বলল, 'আমাকে ছেড়ে দাও আমি মূসাকে হত্যা করি এবং সে তার প্রতিপালকে ডাকুক, নিশ্চয় আমি আশঙ্কা করছি যে, সে তোমাদের দ্বীনের পরিবর্তন ঘটাবে অথবা সে পৃথিবীতে অরাজকতা সৃষ্টি করবে।'

وَقَالَ مُوْسٰٓى اِنِّىْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ مِّنْ كُلِّ مُتَكَبِّرٍ لَّا يُؤْمِنُ بِيَوْمِ الْحِسَابِ ۝۲۷

২৭। মূসা বলল, 'আমি আমার ও তোমাদের প্রতিপালকের আশ্রয় চাচ্ছি সেসব অহংকারী ব্যক্তি হতে যারা হিসাবের দিনে ঈমান আনে না।'

وَقَالَ رَجُلٌ مُّؤْمِنٌ ۚ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَكْتُمُ اِيْمَانَهٗٓ اَتَقْتُلُوْنَ رَجُلًا اَنْ يَّقُوْلَ رَبِّيَ اللّٰهُ وَقَدْ جَآءَكُمْ بِالْبَيِّنٰتِ مِنْ رَّبِّكُمْ ۭ وَاِنْ يَّكُ كَاذِبًا فَعَلَيْهِ كَذِبُهٗ ۚ وَاِنْ يَّكُ صَادِقًا يُّصِبْكُمْ بَعْضُ الَّذِيْ يَعِدُكُمْ ۭ اِنَّ اللّٰهَ لَا يَهْدِيْ مَنْ هُوَ مُسْرِفٌ كَذَّابٌ ۝۲۸

২৮। ফিরআউন বংশের এক মু'মিন ব্যক্তি যে তার ঈমান গোপন রাখত সে বলল, তোমরা কি এক ব্যক্তিকে এজন্য হত্যা করবে যে, সে বলে, 'আমার প্রতিপালক আল্লাহ্,' অথচ সে তোমাদের প্রতিপালকের নিকট থেকে স্পষ্ট প্রমাণাদিসহ তোমাদের কাছে এসেছে? এবং সে মিথ্যাবাদী হলে তার মিথ্যার জন্য সে দায়ী হবে, আর যদি সে সত্যবাদী হয় তাহলে সে তোমাদেরকে যে শাস্তির প্রতিশ্রুতি দিচ্ছে তার কিছু না কিছু তোমাদের উপর আপতিত হবে। নিশ্চয় আল্লাহ্ সঠিক পথ প্রদর্শন করেন না তাকে যে সীমালঙ্ঘনকারী ও মিথ্যাবাদী।

يٰقَوْمِ لَكُمُ الْمُلْكُ الْيَوْمَ ظٰهِرِيْنَ فِي الْاَرْضِ ۡ فَمَنْ يَّنْصُرُنَا مِنْۢ بَاْسِ اللّٰهِ اِنْ جَآءَنَا ۭ قَالَ فِرْعَوْنُ مَآ اُرِيْكُمْ اِلَّا مَآ اَرٰى وَمَآ اَهْدِيْكُمْ اِلَّا سَبِيْلَ الرَّشَادِ ۝۲۹

২৯। হে আমার সম্প্রদায়! বর্তমানে পৃথিবীতে প্রভাবশালী হিসেবে তোমাদেরই রাজত্ব; কিন্তু আমাদের উপর আল্লাহ্র শাস্তি এসে পড়লে কে আমাদেরকে সাহায্য করবে? ফিরআউন বলল, 'আমি যা মনে করি আমি তোমাদেরকে তাই বলছি এবং আমি তোমাদেরকে কেবল সঠিক পথই প্রদর্শন করছি।'

وَقَالَ الَّذِيْٓ اٰمَنَ يٰقَوْمِ اِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ مِّثْلَ يَوْمِ الْاَحْزَابِ ۝۳۰

৩০। এবং যে ঈমান এনেছিল সে ব্যক্তি বলল, 'হে আমার সম্প্রদায়! আমি তোমাদের উপর (পূর্ববর্তী) দলসমূহের দিনের অনুরূপ (দুর্দিনের) আশঙ্কা করছি-

مِثْلَ دَاْبِ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ وَالَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ ۭ وَمَا اللّٰهُ يُرِيْدُ ظُلْمًا لِّلْعِبَادِ ۝۳۱

৩১। যেমন ঘটেছিল নূহ্, আদ ও ছামূদ সম্প্রদায় এবং তাদের পূর্ববর্তীদের ব্যাপারে।' আর আল্লাহ্ বান্দাদের প্রতি কোন জুলুম করতে চান না।

وَيٰقَوْمِ اِنِّىْٓ اَخَافُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ ۝۳۲

৩২। 'হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য আশঙ্কা করছি আর্তনাদ দিনের (কিয়ামতের)-

يَوْمَ تُوَلُّوْنَ مُدْبِرِيْنَ ۚ مَا لَكُمْ مِّنَ اللّٰهِ مِنْ عَاصِمٍ ۚ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ هَادٍ ۝۳۳

৩৩। যেদিন তোমরা পিছন ফিরে পালাতে চাইবে, আল্লাহ্র বিপরীতে তোমাদের জন্য কোন রক্ষাকারী থাকবে না', আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথপ্রদর্শক নেই।

وَلَقَدْ جَآءَكُمْ يُوْسُفُ مِنْ قَبْلُ بِالْبَيِّنٰتِ فَمَا زِلْتُمْ فِيْ شَكٍّ مِّمَّا جَآءَكُمْ بِهٖ ۭ حَتّٰٓى اِذَا هَلَكَ قُلْتُمْ لَنْ يَّبْعَثَ اللّٰهُ مِنْۢ بَعْدِهٖ رَسُوْلًا ۭ كَذٰلِكَ يُضِلُّ اللّٰهُ مَنْ هُوَ مُسْرِفٌ مُّرْتَابُۨ ۝۳۴

৩৪। আর অবশ্যই ইতঃপূর্বে তোমাদের নিকট ইউসুফ এসেছিল স্পষ্ট প্রমাণাদিসহ, কিন্তু সে তোমাদের নিকট যা নিয়ে এসেছিল তোমরা সে ব্যাপারে বারবার সন্দেহ পোষণ করতে। অবশেষে সে যখন মারা গেল তখন তোমরা বলেছিলে, 'তার পরে আল্লাহ্ আর কখনো কোন রাসূল পাঠাবেন না।' এভাবেই আল্লাহ্ পথভ্রষ্ট করেন তাকে যে সীমালঙ্ঘনকারী ও সংশয়বাদী-

الَّذِيْنَ يُجَادِلُوْنَ فِيْٓ اٰيٰتِ اللّٰهِ بِغَيْرِ سُلْطٰنٍ اَتٰىهُمْ ؕ كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ وَعِنْدَ الَّذِيْنَ اٰمَنُوْا ؕ كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى كُلِّ قَلْبِ مُتَكَبِّرٍ جَبَّارٍ ﴿٣٥﴾

৩৫। -যারা নিজেদের নিকট আসা কোন প্রমাণ ছাড়া আল্লাহ্‌র নিদর্শনসমূহ সম্পর্কে বিতর্ক করে। তাদের এ কাজ আল্লাহ্ এবং যারা ঈমান এনেছে তাদের কাছে বড়ই ঘৃণ্য। এভাবেই আল্লাহ্ প্রত্যেক অহংকারী ও স্বেচ্ছাচারী ব্যক্তির হৃদয়কে মোহর মেরে দেন।

وَقَالَ فِرْعَوْنُ يٰهَامٰنُ ابْنِ لِيْ صَرْحًا لَّعَلِّيْٓ اَبْلُغُ الْاَسْبَابَ ﴿٣٦﴾

৩৬। এবং ফিরআউন বলল, 'হে হামান! আমার জন্য তুমি একটি সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর যাতে আমি পৌঁছতে পারি পথসমূহে-

اَسْبَابَ السَّمٰوٰتِ فَاَطَّلِعَ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى وَاِنِّيْ لَاَظُنُّهٗ كَاذِبًا ؕ وَكَذٰلِكَ زُيِّنَ لِفِرْعَوْنَ سُوْٓءُ عَمَلِهٖ وَصُدَّ عَنِ السَّبِيْلِ ؕ وَمَا كَيْدُ فِرْعَوْنَ اِلَّا فِيْ تَبَابٍ ﴿٣٧﴾ ع

৩৭। -আকাশসমূহের পথসমূহে, অতঃপর দেখতে পারি মূসার ইলাহ্‌কে, এবং নিশ্চয় আমি অবশ্যই তাকে মিথ্যাবাদী মনে করি।' এভাবেই ফিরআউনের নিকট তার মন্দকাজকে শোভনীয় করা হয়েছিল এবং তাকে বিরত রাখা হয়েছিল (সঠিক) পথ থেকে। এবং ফিরআউনের ষড়যন্ত্র সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল ।

ع ١٠ ٤ ٩ ৪ রুকূ ৯

وَقَالَ الَّذِيْٓ اٰمَنَ يٰقَوْمِ اتَّبِعُوْنِ اَهْدِكُمْ سَبِيْلَ الرَّشَادِ ﴿٣٨﴾

৩৮। এবং যে ঈমান এনেছিল সে ব্যক্তি বলল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আমার অনুসরণ কর, আমি তোমাদেরকে সঠিক পথ প্রদর্শন করব।'

يٰقَوْمِ اِنَّمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَا مَتَاعٌ ۫ وَّاِنَّ الْاٰخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ ﴿٣٩﴾

৩৯। 'হে আমার সম্প্রদায়! এই দুনিয়ার জীবন (অস্থায়ী) ভোগ্য সামগ্রী মাত্র এবং আখিরাতই হচ্ছে স্থায়ী আবাস।'

مَنْ عَمِلَ سَيِّئَةً فَلَا يُجْزٰٓى اِلَّا مِثْلَهَا ۚ وَمَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ يُرْزَقُوْنَ فِيْهَا بِغَيْرِ حِسَابٍ ﴿٤٠﴾

৪০। কেউ মন্দ কাজ করলে সে কেবল তার কাজের অনুরূপ প্রতিফল পাবে এবং পুরুষ কিংবা নারীর মধ্যে যারা মু'মিন হয়ে সৎকাজ করে তারা প্রবেশ করবে জান্নাতে, সেখানে তাদেরকে দেয়া হবে বেহিসাব রিযিক।

وَيٰقَوْمِ مَا لِيْٓ اَدْعُوْكُمْ اِلَى النَّجٰوةِ وَتَدْعُوْنَنِيْٓ اِلَى النَّارِ ﴿٤١﴾

৪১। 'হে আমার সম্প্রদায়! কী হল! আমি তোমাদেরকে ডাকছি মুক্তির দিকে, আর তোমরা আমাকে ডাকছ আগুনের দিকে!

تَدْعُوْنَنِيْ لِاَكْفُرَ بِاللّٰهِ وَاُشْرِكَ بِهٖ مَا لَيْسَ لِيْ بِهٖ عِلْمٌ ۫ وَّاَنَا اَدْعُوْكُمْ اِلَى الْعَزِيْزِ الْغَفَّارِ ﴿٤٢﴾

৪২। তোমরা আমাকে ডাকছ আল্লাহ্‌কে অস্বীকার করতে এবং তাঁর সাথে শরীক করতে, যার সম্পর্কে আমার কোন জ্ঞান নেই; পক্ষান্তরে আমি তোমাদেরকে ডাকছি মহাপ্রতাপশালী ও পরম ক্ষমাশীল আল্লাহ্‌র দিকে।

لَا جَرَمَ اَنَّمَا تَدْعُوْنَنِيْٓ اِلَيْهِ لَيْسَ لَهٗ دَعْوَةٌ فِي الدُّنْيَا وَلَا فِي الْاٰخِرَةِ وَاَنَّ مَرَدَّنَآ اِلَى اللّٰهِ وَاَنَّ الْمُسْرِفِيْنَ هُمْ اَصْحٰبُ النَّارِ ﴿٤٣﴾

৪৩। সন্দেহ নেই যে, তোমরা আমাকে আহ্বান করছ তার দিকে যে দুনিয়া ও আখিরাতে আহ্বানযোগ্য নয়, এবং এও যে, আমাদের প্রত্যাবর্তন আল্লাহ্‌র দিকে, এবং এও যে, সীমালঙ্ঘনকারীরাই আগুনের অধিবাসী।

فَسَتَذْكُرُوْنَ مَآ اَقُوْلُ لَكُمْ ؕ وَاُفَوِّضُ اَمْرِيْٓ اِلَى اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ﴿٤٤﴾

৪৪। আমি তোমাদেরকে যা বলছি, তোমরা তা শীঘ্রই স্মরণ করবে এবং আমি আমার ব্যাপার আল্লাহ্‌র নিকট সমর্পণ করছি। নিশ্চয় আল্লাহ্ তাঁর বান্দাদের সম্পর্কে পূর্ণ দৃষ্টিবান।'

فَوَقٰىهُ اللّٰهُ سَيِّاٰتِ مَا مَكَرُوْا وَحَاقَ بِاٰلِ فِرْعَوْنَ سُوْٓءُ الْعَذَابِ ﴿٤٥﴾ ع

৪৫। অতঃপর আল্লাহ্ তাকে* তাদের ষড়যন্ত্রের অনিষ্ট থেকে রক্ষা করলেন এবং ফিরআউনের বংশকে নিকৃষ্ট শাস্তি ঘিরে ফেলল।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪৬। তাদেরকে সকালে ও সন্ধ্যায় আগুনের সামনে উপস্থিত করা হয়* এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন বলা হবে, 'ফিরআউন বংশকে কঠিনতম শাস্তিতে প্রবেশ করাও।'

اَلنَّارُ يُعْرَضُوْنَ عَلَيْهَا غُدُوًّا وَّعَشِيًّا ۚ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ ۫ اَدْخِلُوْٓا اٰلَ فِرْعَوْنَ اَشَدَّ الْعَذَابِ ﴿٤٦﴾

৪৭। এবং যখন তারা আগুনের মধ্যে পরস্পর বিতর্কে লিপ্ত হবে তখন দুর্বলেরা যারা অহংকার করেছিল তাদেরকে বলবে, 'নিশ্চয় আমরা তোমাদের অনুসারী ছিলাম, এখন কি তোমরা আমাদের থেকে আগুনের কিছু অংশ নিবারণ করবে?'

وَاِذْ يَتَحَآجُّوْنَ فِى النَّارِ فَيَقُوْلُ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا نَصِيْبًا مِّنَ النَّارِ ﴿٤٧﴾

৪৮। যারা অহংকার করেছিল তারা বলবে, 'আমরা সকলেই এর মধ্যে (অর্থাৎ আগুনের মধ্যে) আছি, নিশ্চয় আল্লাহ্ বান্দাদের মধ্যে বিচার করে ফেলেছেন।'

قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُلٌّ فِيْهَآ ۙ اِنَّ اللّٰهَ قَدْ حَكَمَ بَيْنَ الْعِبَادِ ﴿٤٨﴾

৪৯। এবং আগুনে অবস্থানকারীরা জাহান্নামের প্রহরীদেরকে বলবে, 'তোমাদের প্রতিপালকের নিকট প্রার্থনা কর তিনি যেন আমাদের উপর থেকে (অন্তত) এক দিনের শাস্তি লাঘব করেন।'

وَقَالَ الَّذِيْنَ فِى النَّارِ لِخَزَنَةِ جَهَنَّمَ ادْعُوْا رَبَّكُمْ يُخَفِّفْ عَنَّا يَوْمًا مِّنَ الْعَذَابِ ﴿٤٩﴾

৫০। তারা বলবে, 'তোমাদের নিকট কি স্পষ্ট প্রমাণাদিসহ তোমাদের রাসূলগণ আসেননি? তারা (জাহান্নামীরা) বলবে, 'হ্যাঁ অবশ্যই'। তারা বলবে, 'তবে তোমরাই প্রার্থনা কর,' আর কাফিরদের প্রার্থনা ভ্রষ্টতায় পর্যবসিত হয়েই থাকে।

ع ৫ রুকু ১০

قَالُوْٓا اَوَلَمْ تَكُ تَاْتِيْكُمْ رُسُلُكُمْ بِالْبَيِّنٰتِ ۙ قَالُوْا بَلٰى ۙ قَالُوْا فَادْعُوْا ۚ وَمَا دُعٰٓؤُا الْكٰفِرِيْنَ اِلَّا فِىْ ضَلٰلٍ ﴿٥٠﴾

৫১। নিশ্চয় আমি আমার রাসূলদেরকে এবং যারা ঈমান এনেছে তাদেরকে অবশ্যই সাহায্য করব দুনিয়ার জীবনে ও যেদিন সাক্ষীরা দণ্ডায়মান হবে-

اِنَّا لَنَنْصُرُ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَيَوْمَ يَقُوْمُ الْاَشْهَادُ ﴿٥١﴾

৫২। যেদিন জালিমদের অজুহাত উপকারে আসবে না, এবং তাদের জন্য রয়েছে লা'নত এবং তাদের জন্য রয়েছে নিকৃষ্ট আবাস।

يَوْمَ لَا يَنْفَعُ الظّٰلِمِيْنَ مَعْذِرَتُهُمْ وَلَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوْٓءُ الدَّارِ ﴿٥٢﴾

৫৩। আর অবশ্যই আমি মূসাকে দান করেছিলাম পথনির্দেশিকা এবং বনী ইসরাঈলকে উত্তরাধিকারী করেছিলাম কিতাবের-

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْهُدٰى وَاَوْرَثْنَا بَنِىْٓ اِسْرَآءِيْلَ الْكِتٰبَ ﴿٥٣﴾

৫৪। বুদ্ধিমানদের জন্য পথনির্দেশনা ও উপদেশস্বরূপ।

هُدًى وَّذِكْرٰى لِاُولِى الْاَلْبَابِ ﴿٥٤﴾

৫৫। অতএব তুমি ধৈর্য ধারণ কর, নিশ্চয় আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য, এবং তুমি তোমার ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা কর এবং সন্ধ্যায় ও সকালে তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা কর।

فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّاسْتَغْفِرْ لِذَنْۢبِكَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ بِالْعَشِىِّ وَالْاِبْكَارِ ﴿٥٥﴾

৫৬। নিশ্চয় যারা তাদের কাছে আসা কোন প্রমাণ ছাড়া আল্লাহ্র আয়াতসমূহ সম্পর্কে বিতর্ক করে তাদের বক্ষসমূহে আছে কেবল অহঙ্কার, যে (অহঙ্কার করার পর্যায়)পর্যন্ত তারা পৌছবার যোগ্য নয়, অতএব তুমি আল্লাহ্র আশ্রয় চাও। নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

اِنَّ الَّذِيْنَ يُجَادِلُوْنَ فِىْٓ اٰيٰتِ اللّٰهِ بِغَيْرِ سُلْطٰنٍ اَتٰىهُمْ ۙ اِنْ فِىْ صُدُوْرِهِمْ اِلَّا كِبْرٌ مَّا هُمْ بِبَالِغِيْهِ ۚ فَاسْتَعِذْ بِاللّٰهِ ۗ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿٥٦﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لَخَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ اَكْبَرُ مِنْ خَلْقِ النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٥٧﴾

৫৭। অবশ্যই আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টি মানুষ সৃষ্টির চেয়ে বড় কাজ, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

وَمَا يَسْتَوِى الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَلَا الْمُسِيْٓءُ ؕ قَلِيْلًا مَّا تَتَذَكَّرُوْنَ ﴿٥٨﴾

৫৮। দৃষ্টিহীন ও দৃষ্টিসম্পন্ন সমান নয় এবং সমান নয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে এবং যে দুষ্কৃতিকারী। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ করে থাক।

اِنَّ السَّاعَةَ لَاٰتِيَةٌ لَّا رَيْبَ فِيْهَا ۫ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ﴿٥٩﴾

৫৯। নিশ্চয় কিয়ামত অবশ্যই আসবে, যে ব্যাপারে কোন সন্দেহ নেই, কিন্তু অধিকাংশ মানুষ বিশ্বাস করে না।

وَقَالَ رَبُّكُمُ ادْعُوْنِىْٓ اَسْتَجِبْ لَكُمْ ؕ اِنَّ الَّذِيْنَ يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِىْ سَيَدْخُلُوْنَ جَهَنَّمَ دٰخِرِيْنَ ﴿٦٠﴾ ع

ع ١٠ ١١ ٦ রুকু ১১

৬০। তোমাদের প্রতিপালক বলেন, 'তোমরা আমাকে ডাক, আমি তোমাদেরকে সাড়া দেব। নিশ্চয় যারা অহংকার করে আমার ইবাদত হতে বিরত থাকে, শীঘ্রই তারা লাঞ্ছিত হয়ে জাহান্নামে প্রবেশ করবে।'

اَللّٰهُ الَّذِىْ جَعَلَ لَكُمُ الَّيْلَ لِتَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٦١﴾

৬১। আল্লাহ্ই তোমাদের জন্য বানিয়েছেন রাতকে যাতে তোমরা তাতে বিশ্রাম গ্রহণ করতে পার এবং আলোকোজ্জ্বল করেছেন দিনকে। নিশ্চয় আল্লাহ্ মানুষের প্রতি অবশ্যই অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না।

ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ خَالِقُ كُلِّ شَىْءٍ ۘ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ﴿٦٢﴾

৬২। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, সব কিছুর স্রষ্টা, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, সুতরাং তোমাদেরকে কিভাবে বিভ্রান্ত করা হচ্ছে?

كَذٰلِكَ يُؤْفَكُ الَّذِيْنَ كَانُوْا بِاٰيٰتِ اللّٰهِ يَجْحَدُوْنَ ﴿٦٣﴾

৬৩। এভাবেই বিভ্রান্ত করা হয় তাদেরকে যারা আল্লাহ্র আয়াতসমূহকে অস্বীকার করে।

اَللّٰهُ الَّذِىْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ قَرَارًا وَّالسَّمَآءَ بِنَآءً وَّصَوَّرَكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ وَرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ۚ فَتَبٰرَكَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٦٤﴾

৬৪। আল্লাহ্ই তোমাদের জন্য পৃথিবীকে বানিয়েছেন বাসযোগ্য এবং আকাশকে করেছেন ছাদ এবং তিনি তোমাদের আকৃতি দান করেছেন, এবং সুন্দর করেছেন তোমাদের আকৃতি এবং তোমাদেরকে পবিত্র বস্তুসমূহ থেকে রিযিক দিয়েছেন। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক। সুতরাং বরকতময় আল্লাহ্, জগৎসমূহের প্রতিপালক।

هُوَ الْحَىُّ لَآ اِلٰهَ اِلَّا هُوَ فَادْعُوْهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ؕ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٦٥﴾

৬৫। তিনি চিরঞ্জীব, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, সুতরাং তোমরা তাঁকেই ডাক দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে। সকল প্রশংসা জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্র জন্য।

قُلْ اِنِّىْ نُهِيْتُ اَنْ اَعْبُدَ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَمَّا جَآءَنِىَ الْبَيِّنٰتُ مِنْ رَّبِّىْ ۫ وَاُمِرْتُ اَنْ اُسْلِمَ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٦٦﴾

৬৬। বল, 'তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে যাদেরকে ডাক তাদের ইবাদত করতে নিশ্চয় আমাকে নিষেধ করা হয়েছে, যখন আমার প্রতিপালকের নিকট থেকে আমার নিকট স্পষ্ট প্রমাণাদি এসেছে। এবং আমি আদিষ্ট হয়েছি জগৎসমূহের প্রতিপালকের নিকট আত্মসমর্পণ করতে।'

هُوَ الَّذِىْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ يُخْرِجُكُمْ طِفْلًا ثُمَّ لِتَبْلُغُوْٓا اَشُدَّكُمْ ثُمَّ لِتَكُوْنُوْا شُيُوْخًا ۚ وَمِنْكُمْ مَّنْ يُّتَوَفّٰى مِنْ قَبْلُ وَلِتَبْلُغُوْٓا اَجَلًا مُّسَمًّى وَّلَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٦٧﴾

৬৭। তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন মাটি থেকে, এরপর বীর্যবিন্দু থেকে, এরপর আলাকা (ভ্রূণ যে পর্যায়ে মাতৃগর্ভে ঝুলে থাকে) থেকে, এরপর তোমাদেরকে বের করেন শিশুরূপে, এরপর যাতে তোমরা উপনীত হও তোমাদের যৌবনে, এরপর যাতে তোমরা হয়ে যাও বৃদ্ধ। আর তোমাদের মধ্যে কারো মৃত্যু ঘটে তার পূর্বেই, এবং যাতে তোমরা নির্ধারিত সময় পর্যন্ত পৌঁছ এবং যাতে তোমরা অনুধাবন করতে পার।

هُوَ الَّذِىْ يُحْىٖ وَيُمِيْتُ ۚ فَاِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٦٨﴾

৭ম পারা ১৩ রুকু ১২

৬৮। তিনিই জীবিত করেন ও মৃত্যু ঘটান, এবং যখন তিনি কিছু করার সিদ্ধান্ত নেন তখন তার জন্য কেবল বলেন, 'হও', এবং তা হয়ে যায়।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ يُجَادِلُوْنَ فِىْٓ اٰيٰتِ اللّٰهِ ۭ اَنّٰى يُصْرَفُوْنَ ﴿٦٩﴾

৬৯। তুমি কি তাদেরকে দেখনি যারা আল্লাহ্‌র আয়াতসমূহ সম্পর্কে বিতর্ক করে? কিভাবে তাদেরকে (সত্য থেকে) সরিয়ে নেয়া হচ্ছে?

الَّذِيْنَ كَذَّبُوْا بِالْكِتٰبِ وَبِمَآ اَرْسَلْنَا بِهٖ رُسُلَنَا ۚ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٧٠﴾

৭০। যারা কিতাবকে (কুরআনকে) এবং যা সহ আমার রাসূলদেরকে প্রেরণ করেছিলাম তা মিথ্যা অভিহিত করে, অচিরেই তারা জানতে পারবে-

اِذِ الْاَغْلٰلُ فِىْٓ اَعْنَاقِهِمْ وَالسَّلٰسِلُ ۭ يُسْحَبُوْنَ ﴿٧١﴾

৭১। যখন তাদের গলায় বেড়ি ও শিকল থাকবে, তাদেরকে টেনে নিয়ে যাওয়া হবে-

فِى الْحَمِيْمِ ۙ ثُمَّ فِى النَّارِ يُسْجَرُوْنَ ﴿٧٢﴾

৭২। উত্তপ্ত পানিতে, এরপর তাদেরকে দগ্ধ করা হবে আগুনে,

ثُمَّ قِيْلَ لَهُمْ اَيْنَ مَا كُنْتُمْ تُشْرِكُوْنَ ﴿٧٣﴾

৭৩। এরপর তাদেরকে বলা হবে, 'কোথায় তারা যাদেরকে তোমরা শরীক করতে-

مِنْ دُوْنِ اللّٰهِ ۭ قَالُوْا ضَلُّوْا عَنَّا بَلْ لَّمْ نَكُنْ نَّدْعُوْا مِنْ قَبْلُ شَيْـــًٔا ۭ كَذٰلِكَ يُضِلُّ اللّٰهُ الْكٰفِرِيْنَ ﴿٧٤﴾

৭৪। -আল্লাহ্‌কে বাদ দিয়ে?' তারা বলবে, 'তারা আমাদের নিকট থেকে উধাও হয়েছে, বরং (উধাও হয়েছে এমনভাবে যেন) পূর্বে আমরা কোন কিছুকেই ডাকিনি।' এভাবেই আল্লাহ্ কাফিরদেরকে পথভ্রষ্ট করেন।

ذٰلِكُمْ بِمَا كُنْتُمْ تَفْرَحُوْنَ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنْتُمْ تَمْرَحُوْنَ ﴿٧٥﴾

৭৫। এটা এ কারণে যে, তোমরা পৃথিবীতে অসত্য নিয়ে উৎফুল্ল হতে এবং একারণে যে, তোমরা দম্ভ করতে,

اُدْخُلُوْٓا اَبْوَابَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۭ فَبِئْسَ مَثْوَى الْمُتَكَبِّرِيْنَ ﴿٧٦﴾

৭৬। তোমরা জাহান্নামের দরজাসমূহ দিয়ে প্রবেশ কর, সেখানে স্থায়ীভাবে অবস্থানের জন্য, সুতরাং কতই না নিকৃষ্ট অহংকারীদের আবাসস্থল!

فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ ۚ فَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِىْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا يُرْجَعُوْنَ ﴿٧٧﴾

৭৭। অতএব তুমি ধৈর্য ধারণ কর, নিশ্চয় আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, আর আমি তাদেরকে যে প্রতিশ্রুতি দেই তার কিছু যদি আমি তোমাকে দেখিয়ে দেই অথবা তোমার মৃত্যু ঘটাই, তবে আমারই দিকে তাদেরকে ফিরিয়ে আনা হবে।

وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ مِنْهُمْ مَّنْ قَصَصْنَا عَلَيْكَ وَمِنْهُمْ مَّنْ لَّمْ نَقْصُصْ عَلَيْكَ ۭ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۚ فَاِذَا جَاۗءَ اَمْرُ اللّٰهِ قُضِيَ بِالْحَقِّ وَخَسِرَ هُنَالِكَ الْمُبْطِلُوْنَ ﴿٧٨﴾

৮ম পারা ৪ রুকু ১৩

৭৮। এবং অবশ্যই আমি তোমার পূর্বে রাসূলদেরকে প্রেরণ করেছিলাম। আমি তাদের কারো কারো ঘটনা তোমার নিকট বর্ণনা করেছি এবং কারো কারো ঘটনা তোমার নিকট বর্ণনা করিনি। আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া কোন নির্দশন উপস্থিত করা কোন রাসূলের জন্য সম্ভব ছিল না। অতঃপর যখন আল্লাহ্‌র নির্দেশ এসেছিল তখন ন্যায়সংগতভাবে ফয়সালা করে দেয়া হয়েছিল এবং সেখানে বাতিলপন্থীরা ক্ষতিগ্রস্ত হয়েছে।

اَللّٰهُ الَّذِىْ جَعَلَ لَكُمُ الْاَنْعَامَ لِتَرْكَبُوْا مِنْهَا وَمِنْهَا تَاْكُلُوْنَ ۝٧٩

৭৯। আল্লাহ্ই তোমাদের জন্য বানিয়েছেন গবাদি পশু, যাতে এদের কোনটিতে তোমরা আরোহন করতে পার এবং কোনটিকে তোমরা ভক্ষণ কর।

وَلَكُمْ فِيْهَا مَنَافِعُ وَلِتَبْلُغُوْا عَلَيْهَا حَاجَةً فِىْ صُدُوْرِكُمْ وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُوْنَ ۝٨٠

৮০। এগুলোতে তোমাদের জন্য রয়েছে নানা রকম উপকারিতা এবং যাতে এদের দ্বারা তোমাদের বক্ষসমূহে থাক (কাঙ্ক্ষিত) প্রয়োজন পূর্ণ করতে পার এবং এদের উপর ও নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়।

وَيُرِيْكُمْ اٰيٰتِهٖ ۖ فَاَىَّ اٰيٰتِ اللّٰهِ تُنْكِرُوْنَ ۝٨١

৮১। এবং তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনসমূহ দেখিয়ে থাকেন। সুতরাং তোমরা আল্লাহ্র নিদর্শনসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَانُوْٓا اَكْثَرَ مِنْهُمْ وَاَشَدَّ قُوَّةً وَّاٰثَارًا فِى الْاَرْضِ فَمَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ۝٨٢

৮২। তবে কি তারা পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি, কেমন ছিল পূর্ববর্তীদের পরিণাম? পৃথিবীতে তারা ছিল তাদের চেয়ে সংখ্যায় বেশি এবং শক্তিতে ও কীর্তিতে প্রবল, কিন্তু তারা যা অর্জন করত তা তাদের কোন কাজে আসেনি।

فَلَمَّا جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَرِحُوْا بِمَا عِنْدَهُمْ مِّنَ الْعِلْمِ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝٨٣

৮৩। এবং যখন তাদের নিকট স্পষ্ট প্রমাণাদিসহ তাদের রাসূলরা এসেছিল তখন তারা তাদের কাছে যে জ্ঞান ছিল তা নিয়েই উৎফুল্ল বোধ করেছিল এবং তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তাই তাদেরকে পরিবেষ্টন করেছিল।

فَلَمَّا رَاَوْا بَاْسَنَا قَالُوْٓا اٰمَنَّا بِاللّٰهِ وَحْدَهٗ وَكَفَرْنَا بِمَا كُنَّا بِهٖ مُشْرِكِيْنَ ۝٨٤

৮৪। এবং যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করেছিল তখন তারা বলেছিল, 'আমরা ঈমান আনলাম একা আল্লাহ্র প্রতি এবং আমরা তাঁর সাথে যাদেরকে শরীক করতাম তাদেরকে অস্বীকার করলাম।'

فَلَمْ يَكُ يَنْفَعُهُمْ اِيْمَانُهُمْ لَمَّا رَاَوْا بَاْسَنَا ؕ سُنَّتَ اللّٰهِ الَّتِىْ قَدْ خَلَتْ فِىْ عِبَادِهٖ ۚ وَخَسِرَ هُنَالِكَ الْكٰفِرُوْنَ ۝٨٥

৮৫। কিন্তু তারা যখন আমার শাস্তি প্রত্যক্ষ করেছিল তখন তাদের ঈমান তাদের কোন উপকারে আসেনি। আল্লাহ্র এই সুন্নত (শাস্তি দানের নীতি) তাঁর বান্দাদের মধ্যে গত হয়েছে এবং সেখানে কাফিররা ক্ষতিগ্রস্ত হয়েছে।

ع ٩ ١٤ ٩ রুকূ ১৪

৪১. সূরা-ফুস্‌সিলাত, মাক্কী

৫৪ আয়াত, ৬ রুকূ

٤١-سُوْرَةُ حٰمٓ السَّجْدَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٤، رُكُوْعَاتُهَا-٦

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। হা-মীম।

حٰمٓ ۚ ﴿١﴾

২। অসীম দয়াময় ও পরম দয়ালুর নিকট থেকে অবতীর্ণ,

تَنْزِيْلٌ مِّنَ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۚ ﴿٢﴾

৩। এটি এমন একটি কিতাব, যার আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করা হয়েছে আরবী কুরআনরূপে এমন সম্প্রদায়ের জন্য যারা জানে-

كِتٰبٌ فُصِّلَتْ اٰيٰتُهٗ قُرْاٰنًا عَرَبِيًّا لِّقَوْمٍ يَّعْلَمُوْنَ ۙ ﴿٣﴾

৪। সুসংবাদদানকারী ও সতর্ককারী রূপে, কিন্তু তাদের অধিকাংশই মুখ ফিরিয়ে নিয়েছে, তাই তারা শোনে না।

بَشِيْرًا وَّنَذِيْرًا ۚ فَاَعْرَضَ اَكْثَرُهُمْ فَهُمْ لَا يَسْمَعُوْنَ ﴿٤﴾

৫। এবং তারা বলে, 'তুমি যার প্রতি আমাদেরকে আহ্বান করছ তা থেকে আমাদের হৃদয় আবরণে (আচ্ছাদিত) রয়েছে এবং আমাদের কানে আছে বধিরতা এবং তোমার ও আমাদের মাঝে আছে অন্তরাল, সুতরাং তুমি কাজ কর নিশ্চয় আমরাও কাজ করছি।'

وَقَالُوْا قُلُوْبُنَا فِيْٓ اَكِنَّةٍ مِّمَّا تَدْعُوْنَآ اِلَيْهِ وَفِيْٓ اٰذَانِنَا وَقْرٌ وَّمِنْۢ بَيْنِنَا وَبَيْنِكَ حِجَابٌ فَاعْمَلْ اِنَّنَا عٰمِلُوْنَ ﴿٥﴾

৬। বল, 'আমি কেবল তোমাদের মত একজন মানুষ। আমার প্রতি ওহী করা হয় যে, তোমাদের ইলাহ্ কেবল এক ইলাহ্, সুতরাং তোমরা তাঁর দিকে সোজা পথ অবলম্বন কর এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা কর। আর দুর্ভোগ মুশরিকদের জন্য-

قُلْ اِنَّمَآ اَنَا بَشَرٌ مِّثْلُكُمْ يُوْحٰٓى اِلَيَّ اَنَّمَآ اِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ فَاسْتَقِيْمُوْٓا اِلَيْهِ وَاسْتَغْفِرُوْهُ ؕ وَوَيْلٌ لِّلْمُشْرِكِيْنَ ۙ ﴿٦﴾

৭। যারা যাকাত প্রদান করে না এবং তারা আখিরাতেও অবিশ্বাসী।

الَّذِيْنَ لَا يُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿٧﴾

ع ٨ ١٥ ١ রুকূ ১৫

৮। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান।

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ۚ ﴿٨﴾

৯। বল, 'তোমরা কি তাঁকেই অস্বীকার করবে যিনি সৃষ্টি করেছেন পৃথিবী দুই দিনের মধ্যে এবং তোমরা কি তাঁরই সমকক্ষ দাঁড় করাচ্ছ? এই তিনিই জগৎসমূহের প্রতিপালক।

قُلْ اَئِنَّكُمْ لَتَكْفُرُوْنَ بِالَّذِيْ خَلَقَ الْاَرْضَ فِيْ يَوْمَيْنِ وَتَجْعَلُوْنَ لَهٗٓ اَنْدَادًا ؕ ذٰلِكَ رَبُّ الْعٰلَمِيْنَ ۚ ﴿٩﴾

১০। এবং তিনি তার উপর সুদৃঢ় পর্বতমালা বানিয়েছেন এবং তাতে বরকত দিয়েছেন এবং তাতে তার খাদ্য সামগ্রী নির্ধারণ করে দিয়েছেন পুরো চার দিনের মধ্যে- প্রশ্নকারীদের জন্য (এ সৃষ্টি তথ্য)।

وَجَعَلَ فِيْهَا رَوَاسِيَ مِنْ فَوْقِهَا وَبٰرَكَ فِيْهَا وَقَدَّرَ فِيْهَآ اَقْوَاتَهَا فِيْٓ اَرْبَعَةِ اَيَّامٍ ؕ سَوَآءً لِّلسَّآئِلِيْنَ ﴿١٠﴾

১১। এরপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করেন, যখন তা ছিল ধোঁয়া।* অতঃপর তিনি তাকে ও পৃথিবীকে বললেন, 'তোমরা উভয়ে আস ইচ্ছায় অথবা অনিচ্ছায়।' তারা বলল, 'আমরা আসলাম অনুগত হয়ে।'

ثُمَّ اسْتَوٰٓى اِلَى السَّمَآءِ وَهِيَ دُخَانٌ فَقَالَ لَهَا وَلِلْاَرْضِ ائْتِيَا طَوْعًا اَوْ كَرْهًا ؕ قَالَتَآ اَتَيْنَا طَآئِعِيْنَ ﴿١١﴾

১২। অতঃপর তিনি আকাশসমূহকে (আরো) দুই দিনের মধ্যে সাত আকাশে পরিণত করলেন এবং প্রত্যেক আকাশে তার নির্দেশ ওহী করলেন, এবং আমি দুনিয়ার আকাশকে সুশোভিত করলাম প্রদীপমালা দ্বারা এবং সুরক্ষিত করলাম। এটা মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানীর নির্ধারণ।

فَقَضٰىهُنَّ سَبْعَ سَمٰوَاتٍ فِيْ يَوْمَيْنِ وَاَوْحٰى فِيْ كُلِّ سَمَآءٍ اَمْرَهَا ؕ وَزَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ ۖ وَحِفْظًا ؕ ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ﴿١٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَاِنْ اَعْرَضُوْا فَقُلْ اَنْذَرْتُكُمْ صٰعِقَةً مِّثْلَ صٰعِقَةِ عَادٍ وَّثَمُوْدَ ﴿١٣﴾

১৩। সুতরাং তারা যদি মুখ ফিরিয়ে নেয় তবে বল, 'আমি তোমাদেরকে সতর্ক করছি আদ ও ছামূদের বজ্রধ্বনির মত এক বজ্রধ্বনির বিষয়ে।'

اِذْ جَآءَتْهُمُ الرُّسُلُ مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ وَمِنْ خَلْفِهِمْ اَلَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ قَالُوْا لَوْ شَآءَ رَبُّنَا لَاَنْزَلَ مَلٰٓئِكَةً فَاِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿١٤﴾

১৪। যখন তাদের নিকট রাসূলরা এসেছিল তাদের সামনে ও পিছন থেকে (এ কথা বলতে) যে, 'তোমরা আল্লাহ্ ছাড়া কারো ইবাদত করো না।' তারা বলেছিল, 'যদি আমাদের প্রতিপালক ইচ্ছা করতেন তাহলে তিনি অবশ্যই ফেরেশতাদেরকে অবতীর্ণ করতেন, অতএব তোমরা যা সহ প্রেরিত হয়েছ, নিশ্চয় আমরা তা অস্বীকারকারী।'

فَاَمَّا عَادٌ فَاسْتَكْبَرُوْا فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَقَالُوْا مَنْ اَشَدُّ مِنَّا قُوَّةً ؕ اَوَلَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ الَّذِىْ خَلَقَهُمْ هُوَ اَشَدُّ مِنْهُمْ قُوَّةً ؕ وَكَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ﴿١٥﴾

১৫। অতঃপর আদ (সম্প্রদায়ের লোকেরা) পৃথিবীতে অন্যায়ভাবে অহঙ্কার করল এবং বলল, 'আমাদের চেয়ে শক্তিতে প্রবল কে আছে?' তবে কি তারা ভেবে দেখেনি যে, আল্লাহ্- যিনি তাদেরকে সৃষ্টি করেছেন তিনি তাদের চেয়ে শক্তিতে প্রবল? এবং তারা আমার নিদর্শনসমূহকে অস্বীকার করেছিল।

فَاَرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا صَرْصَرًا فِىْٓ اَيَّامٍ نَّحِسَاتٍ لِّنُذِيْقَهُمْ عَذَابَ الْخِزْىِ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَخْزٰى وَهُمْ لَا يُنْصَرُوْنَ ﴿١٦﴾

১৬। অতঃপর আমি তাদেরকে দুনিয়ার জীবনে অপমানের শাস্তি আস্বাদন করানোর জন্য তাদের বিরুদ্ধে দুর্যোগপূর্ণ দিনে ঝড়ো বাতাস প্রেরণ করেছিলাম। এবং অবশ্যই আখিরাতের শাস্তি অধিক অপমানজনক এবং তাদেরকে সাহায্যও করা হবে না।

وَاَمَّا ثَمُوْدُ فَهَدَيْنٰهُمْ فَاسْتَحَبُّوا الْعَمٰى عَلَى الْهُدٰى فَاَخَذَتْهُمْ صٰعِقَةُ الْعَذَابِ الْهُوْنِ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿١٧﴾

১৭। আর ছামূদ সম্প্রদায়কেও আমি সঠিক পথ প্রদর্শন করেছিলাম, কিন্তু তারা সঠিক পথের পরিবর্তে অন্ধত্বকে প্রাধান্য দিয়েছিল, অতঃপর তারা যা অর্জন করত সে কারণে তাদেরকে লাঞ্ছনার শাস্তির বজ্রধ্বনি আঘাত হানল,

ع ١٠ ١٦ ٢ রুকূ ১৬

وَنَجَّيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿١٨﴾

১৮। আর আমি রক্ষা করলাম তাদেরকে, যারা ঈমান এনেছিল ও তাকওয়া অবলম্বন করত।

وَيَوْمَ يُحْشَرُ اَعْدَآءُ اللّٰهِ اِلَى النَّارِ فَهُمْ يُوْزَعُوْنَ ﴿١٩﴾

১৯। এবং যেদিন আল্লাহ্‌র শত্রুদেরকে আগুনের দিকে সমবেত করা হবে, অতঃপর তাদেরকে (বিভিন্ন দলে) বিভক্ত করা হবে।

حَتّٰٓى اِذَا مَا جَآءُوْهَا شَهِدَ عَلَيْهِمْ سَمْعُهُمْ وَاَبْصَارُهُمْ وَجُلُوْدُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢٠﴾

২০। অবশেষে যখন তারা সেখানে আসবে তখন তাদের কান, চোখ ও ত্বক তাদের বিরুদ্ধে সে সম্পর্কে সাক্ষ্য দিবে যা তারা করত।

وَقَالُوْا لِجُلُوْدِهِمْ لِمَ شَهِدْتُّمْ عَلَيْنَا ؕ قَالُوْٓا اَنْطَقَنَا اللّٰهُ الَّذِىْٓ اَنْطَقَ كُلَّ شَىْءٍ وَّهُوَ خَلَقَكُمْ اَوَّلَ مَرَّةٍ وَّاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢١﴾

২১। এবং তারা তাদের ত্বককে বলবে, 'তোমরা আমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিচ্ছ কেন?' তারা বলবে, 'আল্লাহ্ আমাদেরকে বাকশক্তি দিয়েছেন যিনি সবকিছুকে বাকশক্তি দিয়েছেন।' এবং তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন প্রথমবার এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

وَمَا كُنْتُمْ تَسْتَتِرُوْنَ اَنْ يَّشْهَدَ عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلَآ اَبْصَارُكُمْ وَلَا جُلُوْدُكُمْ وَلٰكِنْ ظَنَنْتُمْ اَنَّ اللّٰهَ لَا يَعْلَمُ كَثِيْرًا مِّمَّا تَعْمَلُوْنَ ﴿٢٢﴾

২২। তোমরা কিছু গোপন করতে না এই ভেবে যে, তোমাদের কান, চোখ ও ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না- উপরন্তু তোমরা মনে করতে যে, তোমরা যা করতে তার অনেক কিছুই আল্লাহ্ জানেন না।

وَذٰلِكُمْ ظَنُّكُمُ الَّذِىْ ظَنَنْتُمْ بِرَبِّكُمْ اَرْدٰىكُمْ فَاَصْبَحْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٢٣﴾

২৩। আর তোমাদের প্রতিপালক সম্বন্ধে তোমাদের এই ধারণাই তোমাদের ধ্বংস এনেছে। ফলে তোমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়েছ।

فَاِنْ يَّصْبِرُوْا فَالنَّارُ مَثْوًى لَّهُمْ ۚ وَاِنْ يَّسْتَعْتِبُوْا فَمَا هُمْ مِّنَ الْمُعْتَبِيْنَ ﴿٢٤﴾

২৪। এখন তারা ধৈর্য ধারণ করলেও আগুনই হবে তাদের আবাসস্থল এবং তারা সন্তুষ্টি লাভ করতে চাইলেও তারা সন্তুষ্টি লাভের সুযোগপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে না।

وَقَيَّضْنَا لَهُمْ قُرَنَآءَ فَزَيَّنُوْا لَهُمْ مَّا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ وَحَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِيْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمْ مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۚ اِنَّهُمْ كَانُوْا خٰسِرِيْنَ ﴿٢٥﴾

২৫। এবং আমি তাদের জন্য নির্ধারণ করে দিয়েছিলাম সহচরদেরকে, অতঃপর তারা তাদের সামনে ও পিছনে যা আছে তা তাদের কাছে শোভনীয় করেছিল, আর (আজ) তাদের উপর অবধারিত হয়েছে সেই কথা (যা অবধারিত হয়েছিল) সেই উম্মতসমূহের ক্ষেত্রে, যারা অতীত হয়েছে তাদের পূর্বে জ্বীন ও মানুষের মধ্য হতে। নিশ্চয় তারা ছিল ক্ষতিগ্রস্ত।

ع ٣ ١٧ ৩ রুকু ১৭

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَا تَسْمَعُوْا لِهٰذَا الْقُرْاٰنِ وَالْغَوْا فِيْهِ لَعَلَّكُمْ تَغْلِبُوْنَ ﴿٢٦﴾

২৬। এবং কাফিররা বলে, 'তোমরা এই কুরআন শ্রবণ করো না এবং (পাঠ কালে) তাতে শোরগোল কর, যাতে তোমরা জয়ী হতে পার।'

فَلَنُذِيْقَنَّ الَّذِيْنَ كَفَرُوْا عَذَابًا شَدِيْدًا ۙ وَّلَنَجْزِيَنَّهُمْ اَسْوَاَ الَّذِيْ كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢٧﴾

২৭। সুতরাং অবশ্যই অবশ্যই আমি যারা কুফরী করেছে তাদেরকে কঠিন শাস্তি আস্বাদন করাব, এবং অবশ্যই অবশ্যই আমি তারা যে নিকৃষ্ট কাজ করত তার প্রতিফল দিব।

ذٰلِكَ جَزَآءُ اَعْدَآءِ اللّٰهِ النَّارُ ۚ لَهُمْ فِيْهَا دَارُ الْخُلْدِ ۭ جَزَآءًۢ بِمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ﴿٢٨﴾

২৮। আগুন- এটাই আল্লাহ্‌র শত্রুদের প্রতিফল, সেখানে তাদের জন্য রয়েছে স্থায়ী আবাস। তারা আমার আয়াতসমূহকে যে অস্বীকার করত তার প্রতিফলস্বরূপ।

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا رَبَّنَآ اَرِنَا الَّذَيْنِ اَضَلّٰنَا مِنَ الْجِنِّ وَالْاِنْسِ نَجْعَلْهُمَا تَحْتَ اَقْدَامِنَا لِيَكُوْنَا مِنَ الْاَسْفَلِيْنَ ﴿٢٩﴾

২৯। কাফিররা বলবে, 'হে আমাদের প্রতিপালক! যেসব জ্বীন ও মানুষ আমাদেরকে পথভ্রষ্ট করেছিল তাদের উভয়কে দেখিয়ে দিন, আমরা তাদেরকে পদদলিত করব, যাতে তারা সর্বাধিক অপদস্থদের অন্তর্ভুক্ত হয়।'

اِنَّ الَّذِيْنَ قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا تَتَنَزَّلُ عَلَيْهِمُ الْمَلٰٓئِكَةُ اَلَّا تَخَافُوْا وَلَا تَحْزَنُوْا وَاَبْشِرُوْا بِالْجَنَّةِ الَّتِيْ كُنْتُمْ تُوْعَدُوْنَ ﴿٣٠﴾

৩০। নিশ্চয় যারা বলে, 'আমাদের প্রতিপালক আল্লাহ্', এরপর অবিচল থাকে, তাদের নিকট (মৃত্যুর সময়*) ফেরেশতারা অবতীর্ণ হয় (এবং বলে) 'তোমরা ভীত হয়ো না এবং দুশ্চিন্তা করো না এবং তোমাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেয়া হত তার জন্য আনন্দিত হও।

نَحْنُ اَوْلِيٰٓؤُكُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ۚ وَلَكُمْ فِيْهَا مَا تَشْتَهِيْٓ اَنْفُسُكُمْ وَلَكُمْ فِيْهَا مَا تَدَّعُوْنَ ﴿٣١﴾

৩১। আমরাই তোমাদের বন্ধু- দুনিয়ার জীবনে ও আখিরাতে, এবং সেখানে তোমাদের জন্য তা-ই রয়েছে যা তোমাদের মন কামনা করবে এবং সেখানে তোমাদের জন্য তা-ই রয়েছে যা তোমরা দাবি করবে।'

ع ٣ ١٨ ৪ রুকু ১৮

نُزُلًا مِّنْ غَفُوْرٍ رَّحِيْمٍ ﴿٣٢﴾

৩২। অতি ক্ষমাশীল ও পরম দয়ালু আল্লাহ্‌র পক্ষ থেকে আপ্যায়নস্বরূপ।

وَمَنْ اَحْسَنُ قَوْلًا مِّمَّنْ دَعَآ اِلَى اللّٰهِ وَعَمِلَ صَالِحًا وَّقَالَ اِنَّنِيْ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٣٣﴾

৩৩। তার কথার চেয়ে উত্তম কথা আর কার, যে আল্লাহ্‌র দিকে আহ্বান করে ও সৎকাজ করে এবং বলে, 'নিশ্চয় আমি মুসলিমদের অন্তর্ভুক্ত?'

وَلَا تَسْتَوِي الْحَسَنَةُ وَلَا السَّيِّئَةُ ۭ اِدْفَعْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ فَاِذَا الَّذِيْ بَيْنَكَ وَبَيْنَهٗ عَدَاوَةٌ كَاَنَّهٗ وَلِيٌّ حَمِيْمٌ ﴿٣٤﴾

৩৪। এবং ভাল ও মন্দ সমান হয় না। প্রতিহত কর (মন্দকে) তা দিয়ে যা উত্তম, ফলে তখন তোমার ও যার মাঝে শত্রুতা আছে সে হয়ে যাবে অন্তরঙ্গ বন্ধুর মত।

وَمَا يُلَقّٰىهَآ اِلَّا الَّذِيْنَ صَبَرُوْا ۚ وَمَا يُلَقّٰىهَآ اِلَّا ذُوْ حَظٍّ عَظِيْمٍ ﴿٣٥﴾

৩৫। এর অধিকারী করা হয় কেবল তাদেরকে যারা ধৈর্য ধারণ করে, এর অধিকারী করা হয় কেবল তাকে যে মহাভাগ্যবান।

وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ۭ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٣٦﴾

৩৬। আর যদি শয়তানের প্ররোচনা তোমাকে প্ররোচনা দেয় তাহলে আল্লাহ্‌র আশ্রয় প্রার্থনা কর। নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

৩৭। এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাত ও দিন, সূর্য ও চন্দ্র। তোমরা সূর্যকে সিজদা করো না, চন্দ্রকেও না কিন্তু সিজদা কর আল্লাহ্‌কে, যিনি এগুলো সৃষ্টি করেছেন- যদি তোমরা কেবল তাঁরই ইবাদত কর।

وَمِنْ اٰيٰتِهِ الَّيْلُ وَالنَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ ؕ لَا تَسْجُدُوْا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَاسْجُدُوْا لِلّٰهِ الَّذِيْ خَلَقَهُنَّ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿۳۷﴾

৩৮। অতঃপর যদি তারা অহঙ্কার করে, তবে যারা তোমার প্রতিপালকের নিকটে রয়েছে তারা রাতে ও দিনে তাঁর পবিত্রতা ঘোষণা করে এবং তারা ক্লান্ত হয় না।

فَاِنِ اسْتَكْبَرُوْا فَالَّذِيْنَ عِنْدَ رَبِّكَ يُسَبِّحُوْنَ لَهٗ بِالَّيْلِ وَالنَّهَارِ وَهُمْ لَا يَسْـَٔمُوْنَ ﴿۳۸﴾ سجدة

৩৯। এবং তাঁর নিদর্শনাবলীর একটি এই যে, তুমি ভূমিকে দেখতে পাও শুকনো, অতঃপর যখন আমি তাতে পানি অবতীর্ণ করি তখন তা আন্দোলিত ও স্ফীত হয়। নিশ্চয় যিনি তা (অর্থাৎ ভূমিকে) জীবিত করেন তিনি অবশ্যই মৃতদেরকে জীবিত করবেন। নিশ্চয় তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَمِنْ اٰيٰتِهٖۤ اَنَّكَ تَرَى الْاَرْضَ خَاشِعَةً فَاِذَاۤ اَنْزَلْنَا عَلَيْهَا الْمَآءَ اهْتَزَّتْ وَرَبَتْ ؕ اِنَّ الَّذِيْۤ اَحْيَاهَا لَمُحْيِ الْمَوْتٰى ؕ اِنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿۳۹﴾

৪০। নিশ্চয় যারা আমার আয়াতসমূহের মধ্যে বিচ্যুতি ঘটায় তারা আমার কাছে গোপন নয়। উত্তম কে- যে ব্যক্তি আগুনে নিক্ষিপ্ত হবে সে, নাকি যে ব্যক্তি কিয়ামতের দিন নিরাপদে আসবে সে? তোমরা যা ইচ্ছা তাই কর- তোমরা যা কর সে সম্পর্কে নিশ্চয় তিনি পূর্ণ দৃষ্টিবান।

اِنَّ الَّذِيْنَ يُلْحِدُوْنَ فِيْۤ اٰيٰتِنَا لَا يَخْفَوْنَ عَلَيْنَا ؕ اَفَمَنْ يُّلْقٰى فِي النَّارِ خَيْرٌ اَمْ مَّنْ يَّاْتِيْۤ اٰمِنًا يَّوْمَ الْقِيٰمَةِ ؕ اِعْمَلُوْا مَا شِئْتُمْ ۙ اِنَّهٗ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۴۰﴾

৪১। নিশ্চয় যারা যিকির-এ (অর্থাৎ কুরআনে) অবিশ্বাস করেছে যখন তা তাদের কাছে এসেছে (তারা আগুনে নিক্ষিপ্ত হবে)। আর নিশ্চয় এটা অবশ্যই এক মহা শক্তিশালী গ্রন্থ-

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بِالذِّكْرِ لَمَّا جَآءَهُمْ ۚ وَاِنَّهٗ لَكِتٰبٌ عَزِيْزٌ ﴿۴۱﴾

৪২। বাতিল (মিথ্যা) এর কাছে আসতে পারে না, না এর সামনে থেকে আর না এর পিছন থেকে। এটি মহাপ্রজ্ঞাবান ও অতি প্রশংসনীয় আল্লাহ্‌র নিকট থেকে অবতীর্ণ।

لَّا يَاْتِيْهِ الْبَاطِلُ مِنْۢ بَيْنِ يَدَيْهِ وَلَا مِنْ خَلْفِهٖ ؕ تَنْزِيْلٌ مِّنْ حَكِيْمٍ حَمِيْدٍ ﴿۴۲﴾

৪৩। তোমার সম্পর্কে তাই বলা হয়, যা বলা হত তোমার পূর্ববর্তী রাসূলদের সম্পর্কে। নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই ক্ষমার মালিক ও যন্ত্রণাদায়ক শাস্তির মালিক।

مَا يُقَالُ لَكَ اِلَّا مَا قَدْ قِيْلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ ؕ اِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ وَّذُوْ عِقَابٍ اَلِيْمٍ ﴿۴۳﴾

৪৪। আমি যদি অনারবি কুরআন বানাতাম তাহলে অবশ্যই তারা বলত, 'এর আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করা হয়নি কেন? কি আশ্চর্য! অনারবি (কুরআন) আর আরবি (জাতি)?' বল, 'যারা ঈমান এনেছে এটি তাদের জন্য পথনির্দেশকা ও নিরাময়কারী।' আর যারা ঈমান আনে না তাদের কানে রয়েছে বধিরতা এবং এটি (কুরআন) তাদের উপর অন্ধত্বস্বরূপ। তারা এমন যে, তাদেরকে যেন ডাকা হয় বহুদূর থেকে।

وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا اَعْجَمِيًّا لَّقَالُوْا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ؕ ءَاَعْجَمِيٌّ وَّعَرَبِيٌّ ؕ قُلْ هُوَ لِلَّذِيْنَ اٰمَنُوْا هُدًى وَّشِفَآءٌ ؕ وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ فِيْۤ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ عَلَيْهِمْ عَمًى ؕ اُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍۢ بَعِيْدٍ ﴿۴۴﴾ ع ১৭ ৫ রুকু ১৯

৪৫। আর অবশ্যই আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, অতঃপর তাতে মতভেদ করা হয়েছিল। আর যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে একটি বাণী গত (পূর্বঘোষিত) হয়ে না থাকত তাহলে অবশ্যই তাদের মাঝে মীমাংসা করে দেয়া হত। আর নিশ্চয় তারা অবশ্যই এ (কুরআন) সম্পর্কে বিভ্রান্তিকর সন্দেহে রয়েছে।

وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ﴿۴۵﴾

৪৬। যে সৎকাজ করে তা (সে করে) নিজেরই কল্যাণের জন্য এবং যে মন্দকাজ করে তা (সে করে) নিজেরই অকল্যাণের জন্য। আর তোমার প্রতিপালক বান্দাদের প্রতি জুলুমকারী নন।

مَنْ عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ اَسَآءَ فَعَلَيْهَا ؕ وَمَا رَبُّكَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿۴۶﴾

পারা-২৫

إِلَيْهِ يُرَدُّ عِلْمُ السَّاعَةِ ۚ وَمَا تَخْرُجُ مِنْ ثَمَرٰتٍ مِّنْ أَكْمَامِهَا وَمَا تَحْمِلُ مِنْ أُنْثٰى وَلَا تَضَعُ إِلَّا بِعِلْمِهِ ۚ وَيَوْمَ يُنَادِيهِمْ أَيْنَ شُرَكَاءِي ۖ قَالُوٓا آذَنّٰكَ ۖ مَا مِنَّا مِنْ شَهِيدٍ ﴿٤٧﴾

৪৭। কিয়ামতের জ্ঞান কেবল তাঁরই কাছে ন্যস্ত, তাঁর অজ্ঞাতসারে কোন ফল আবরণ থেকে বের হয় না, কোন নারী গর্ভ ধারণ করে না এবং সন্তানও প্রসব করে না। আর যেদিন তিনি তাদেরকে ডেকে বলবেন, 'আমার শরীকরা কোথায়?' তারা বলবে, 'আমরা আপনার কাছে ঘোষণা দিচ্ছি, (আজ) আমাদের মাঝে (আপনার শরীক থাকার ব্যাপারে) কোন সাক্ষ্যদাতা নেই।

وَضَلَّ عَنْهُمْ مَا كَانُوا يَدْعُونَ مِنْ قَبْلُ وَظَنُّوا مَا لَهُمْ مِنْ مَحِيصٍ ﴿٤٨﴾

৪৮। পূর্বে তারা যাদেরকে আহ্বান করত তারা (উপাস্যরা) তাদের থেকে উধাও হয়ে যাবে এবং তারা(মুশরিকরা)বুঝতে পারবে যে, তাদের কোন পালানোর জায়গা নেই।

لَا يَسْـَٔمُ الْإِنْسَانُ مِنْ دُعَاءِ الْخَيْرِ ۖ وَإِنْ مَسَّهُ الشَّرُّ فَيَئُوسٌ قَنُوطٌ ﴿٤٩﴾

৪৯। মানুষ কল্যাণ প্রার্থনায় কোন ক্লান্তি বোধ করে না, কিন্তু যখন তাকে দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন সে হতাশ ও নিরাশ হয়ে পড়ে।

وَلَئِنْ أَذَقْنٰهُ رَحْمَةً مِنَّا مِنْ بَعْدِ ضَرَّاءَ مَسَّتْهُ لَيَقُولَنَّ هٰذَا لِي ۙ وَمَا أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً ۙ وَلَئِنْ رُجِعْتُ إِلٰى رَبِّي إِنَّ لِي عِنْدَهُ لَلْحُسْنٰى ۚ فَلَنُنَبِّئَنَّ الَّذِينَ كَفَرُوا بِمَا عَمِلُوا ۖ وَلَنُذِيقَنَّهُمْ مِنْ عَذَابٍ غَلِيظٍ ﴿٥٠﴾

৫০। আর দুঃখ-দুর্দশা স্পর্শ করার পর যদি আমি তাকে আমার পক্ষ হতে দয়ার স্বাদ আস্বাদন করাই তখন সে অবশ্যই অবশ্যই বলে, 'এটা আমার প্রাপ্য এবং আমি মনে করি না যে, কিয়ামত সংঘটিত হবে, আর আমি যদি আমার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইও তাহলে নিশ্চয় তাঁর নিকট আমার জন্য অবশ্যই কল্যাণ থাকবে।' আর যারা কুফরী করেছে তাদেরকে তারা যা করেছে সে সম্পর্কে অবশ্যই অবশ্যই আমি জানিয়ে দিব এবং অবশ্যই অবশ্যই আমি তাদেরকে আস্বাদন করাব কঠিন শাস্তি।

وَإِذَآ أَنْعَمْنَا عَلَى الْإِنْسَانِ أَعْرَضَ وَنَا بِجَانِبِهِ ۖ وَإِذَا مَسَّهُ الشَّرُّ فَذُو دُعَاءٍ عَرِيضٍ ﴿٥١﴾

৫১। আর যখন আমি মানুষের উপর নেয়ামত দান করি তখন সে (কৃতজ্ঞতা প্রকাশ থেকে) মুখ ফিরিয়ে নেয় ও দূরে সরে যায়, এবং যখন তাকে দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন সে দীর্ঘ প্রার্থনায় রত হয়।

قُلْ أَرَءَيْتُمْ إِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ ثُمَّ كَفَرْتُمْ بِهِ مَنْ أَضَلُّ مِمَّنْ هُوَ فِي شِقَاقٍ بَعِيدٍ ﴿٥٢﴾

৫২। বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি এটি (কুরআন) আল্লাহ্‌র নিকট থেকে অবতীর্ণ হয়ে থাকে, এরপর তোমরা তা অস্বীকার কর তবে যে ব্যক্তি সুদূর মতবিরোধে লিপ্ত আছে, তার চেয়ে অধিক পথভ্রষ্ট আর কে?'

سَنُرِيهِمْ ءَايٰتِنَا فِي الْآفَاقِ وَفِي أَنْفُسِهِمْ حَتّٰى يَتَبَيَّنَ لَهُمْ أَنَّهُ الْحَقُّ ۗ أَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ أَنَّهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٥٣﴾

৫৩। শীঘ্রই আমি তাদেরকে দেখাব আমার নিদর্শনাবলী দিগন্তসমূহে এবং তাদের নিজেদের মধ্যে, অবশেষে তাদের নিকট স্পষ্ট হয়ে উঠবে যে, তা (কুরআন) সত্য। তোমার প্রতিপালক সম্পর্কে এটা কি যথেষ্ট নয় যে, তিনি সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী?

أَلَآ إِنَّهُمْ فِي مِرْيَةٍ مِنْ لِقَاءِ رَبِّهِمْ ۗ أَلَآ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ مُحِيطٌ ﴿٥٤﴾ ع ٦-١ রুকু

৫৪। জেনে রাখ, তারা তাদের প্রতিপালকের সাথে সাক্ষাতের ব্যাপারে সন্দেহের মধ্যে রয়েছে। জেনে রাখ, নিশ্চয় তিনি সবকিছুকে পরিবেষ্টন করে আছেন।

৪২. সূরা আশ-শূরা, মাক্কী
৫৩ আয়াত, ৫ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٢-سُوْرَةُ الشُّوْرٰى-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٥٣، رُكُوْعَاتُهَا-٥

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حٰمٓ ①

১। হা-মীম।

عٓسٓقٓ ②

২। আইন-সীন-কাফ।

كَذٰلِكَ يُوْحِيْٓ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۙ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ③

৩। এভাবেই তোমার প্রতি এবং তোমার পূর্ববর্তীদের প্রতি ওহী করেন মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্।

لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ④

৪। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। এবং তিনিই সমুন্নত ও সুমহান।

تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْ فَوْقِهِنَّ وَالْمَلٰۗىِٕكَةُ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ وَيَسْتَغْفِرُوْنَ لِمَنْ فِي الْاَرْضِ ۭ اَلَآ اِنَّ اللّٰهَ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ⑤

৫। আকাশসমূহ এগুলোর উপর থেকে ভেঙ্গে পড়ার উপক্রম হয় এবং ফেরেশতারা তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করে এবং যারা পৃথিবীতে আছে তাদের জন্য ক্ষমা প্রার্থনা করে। জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্ই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَالَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَاۗءَ اللّٰهُ حَفِيْظٌ عَلَيْهِمْ ڮ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ⑥

৬। যারা তাঁকে বাদ দিয়ে অন্যান্যদেরকে অভিভাবক হিসাবে গ্রহণ করে, আল্লাহ্ তাদের (কার্যকলাপের) সংরক্ষক। আর তুমি তাদের তত্ত্বাবধায়ক নও।

وَكَذٰلِكَ اَوْحَيْنَآ اِلَيْكَ قُرْاٰنًا عَرَبِيًّا لِّتُنْذِرَ اُمَّ الْقُرٰى وَمَنْ حَوْلَهَا وَتُنْذِرَ يَوْمَ الْجَمْعِ لَا رَيْبَ فِيْهِ ۭ فَرِيْقٌ فِي الْجَنَّةِ وَفَرِيْقٌ فِي السَّعِيْرِ ⑦

৭। এবং এভাবেই আমি তোমার প্রতি ওহী করেছি আরবি কুরআন যাতে তুমি সতর্ক করতে পার জনপদসমূহের মা (মক্কা*) ও যারা আছে তার চারপাশে তাদেরকে এবং সতর্ক করতে পার একত্রিত হওয়ার দিনের ব্যাপারে, যে ব্যাপারে কোন সন্দেহ নেই। একদল থাকবে জান্নাতে এবং একদল থাকবে জ্বলন্ত আগুনে।

وَلَوْ شَاۗءَ اللّٰهُ لَجَعَلَهُمْ اُمَّةً وَّاحِدَةً وَّلٰكِنْ يُّدْخِلُ مَنْ يَّشَاۗءُ فِيْ رَحْمَتِهٖ ۭ وَالظّٰلِمُوْنَ مَا لَهُمْ مِّنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ⑧

৮। আর আল্লাহ্ যদি ইচ্ছা করতেন তাহলে অবশ্যই তাদেরকে একই উম্মত (ধর্মভুক্ত) বানাতেন, কিন্তু তিনি যাকে ইচ্ছা করেন তাকে তাঁর দয়ার মধ্যে প্রবেশ করান। আর জালিমদের জন্য কোন অভিভাবক নেই এবং কোন সাহায্যকারীও নেই।

اَمِ اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَاۗءَ ۚ فَاللّٰهُ هُوَ الْوَلِيُّ وَهُوَ يُحْيِ الْمَوْتٰى ۡ وَهُوَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ⑨ ع ١ ٢ ١ ركوع ٢

৯। তারা কি তাঁকে বাদ দিয়ে অন্যান্যদেরকে অভিভাবক হিসাবে গ্রহণ করেছে, যখন আল্লাহ্ই অভিভাবক এবং তিনিই মৃতদেরকে জীবিত করেন? এবং তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَمَا اخْتَلَفْتُمْ فِيْهِ مِنْ شَيْءٍ فَحُكْمُهٗٓ اِلَى اللّٰهِ ۭ ذٰلِكُمُ اللّٰهُ رَبِّيْ عَلَيْهِ تَوَكَّلْتُ ۣ وَاِلَيْهِ اُنِيْبُ ⑩

১০। তোমরা যে বিষয়েই মতপার্থক্য কর তার বিচার আল্লাহ্‌রই নিকট। তিনিই আল্লাহ্- আমার প্রতিপালক, তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করি।

فَاطِرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا وَّمِنَ الْاَنْعَامِ اَزْوَاجًا ۚ يَذْرَؤُكُمْ فِيْهِ ؕ لَيْسَ كَمِثْلِهٖ شَيْءٌ ۚ وَهُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿١١﴾

১১। তিনি আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টিকর্তা।তিনি তোমাদের নিজেদের মধ্য থেকে তোমাদের জন্য বানিয়েছেন জোড়া এবং গবাদি পশুর মধ্য থেকেও (বানিয়েছেন) জোড়া, (এভাবেই) তাতে (পৃথিবীতে) তিনি তোমাদের বিস্তার ঘটান। তাঁর সমতুল্য কিছুই নেই, এবং তিনি সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

لَهٗ مَقَالِيْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ؕ اِنَّهٗ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿١٢﴾

১২। আকাশসমূহ ও পৃথিবীর চাবিকাঠি তাঁরই। তিনি যার জন্য ইচ্ছা করেন তার রিযিক প্রসারিত করেন এবং (তা) পরিমাপ করে দেন। নিশ্চয় তিনি সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

شَرَعَ لَكُمْ مِّنَ الدِّيْنِ مَا وَصّٰى بِهٖ نُوْحًا وَّالَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهٖٓ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى وَعِيْسٰٓى اَنْ اَقِيْمُوا الدِّيْنَ وَلَا تَتَفَرَّقُوْا فِيْهِ ؕ كَبُرَ عَلَى الْمُشْرِكِيْنَ مَا تَدْعُوْهُمْ اِلَيْهِ ؕ اَللّٰهُ يَجْتَبِيْٓ اِلَيْهِ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْٓ اِلَيْهِ مَنْ يُّنِيْبُ ﴿١٣﴾

১৩। তিনি তোমাদের জন্য বিধিবদ্ধ করেছেন এমন 'দ্বীন' যার নির্দেশ তিনি দিয়েছিলেন নূহ্‌কে, আর যা আমি ওহী করেছি তোমাকে এবং যার নির্দেশ দিয়েছিলাম ইবরাহীম, মূসা ও ঈসাকে (এই বলে) যে, তোমরা দ্বীনকে প্রতিষ্ঠিত কর এবং তাতে মতভেদ করো না। তুমি মুশরিকদেরকে যার প্রতি আহ্বান করছ তা তাদের নিকট দুর্বহ মনে হয়। আল্লাহ্ যাকে ইচ্ছা করেন তাঁর জন্য মনোনীত করেন এবং তিনি তাকে তাঁর দিকে পরিচালিত করেন, যে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করে।

وَمَا تَفَرَّقُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ بَغْيًا بَيْنَهُمْ ؕ وَلَوْ لَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى لَّقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّ الَّذِيْنَ اُوْرِثُوا الْكِتٰبَ مِنْۢ بَعْدِهِمْ لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ﴿١٤﴾

১৪। এবং তাদের নিকট জ্ঞান আসার পর তারা তাদের মাঝে বিদ্বেষবশতঃ মতপার্থক্য করেছে। আর যদি তোমার প্রতিপালকের পক্ষ থেকে একটি নির্ধারিত সময় পর্যন্ত (অবকাশ দেয়ার) একটি বাণী গত (পূর্বঘোষিত) হয়ে না থাকত তাহলে অবশ্যই তাদের মাঝে মীমাংসা করে দেয়া হত। এবং নিশ্চয় তাদের পর যারা কিতাবের উত্তরাধিকারী হয়েছে অবশ্যই তারা এ (কুরআন) সম্পর্কে বিভ্রান্তিকর সন্দেহে রয়েছে।

فَلِذٰلِكَ فَادْعُ ۚ وَاسْتَقِمْ كَمَآ اُمِرْتَ ۚ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَهُمْ ۚ وَقُلْ اٰمَنْتُ بِمَآ اَنْزَلَ اللّٰهُ مِنْ كِتٰبٍ ۚ وَاُمِرْتُ لِاَعْدِلَ بَيْنَكُمْ ؕ اَللّٰهُ رَبُّنَا وَرَبُّكُمْ ؕ لَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ؕ لَا حُجَّةَ بَيْنَنَا وَبَيْنَكُمْ ؕ اَللّٰهُ يَجْمَعُ بَيْنَنَا ۚ وَاِلَيْهِ الْمَصِيْرُ ﴿١٥﴾

১৫। সুতরাং তুমি এর জন্যই আহ্বান কর, এবং দৃঢ় থাক যেভাবে তুমি আদিষ্ট হয়েছ, এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না, এবং বল, 'আল্লাহ্ যে কিতাব অবতীর্ণ করেছেন আমি তাতে ঈমান এনেছি এবং আমি আদিষ্ট হয়েছি তোমাদের মধ্যে ন্যায়বিচার করতে। আল্লাহ্ আমাদের প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক। আমাদের কাজ (এর প্রতিফল) আমাদের ও তোমাদের কাজ (এর প্রতিফল) তোমাদের। আমাদের ও তোমাদের মধ্যে যুক্তিতর্ক (এর প্রয়োজন) নেই। আল্লাহ্ আমাদেরকে একত্র করবেন এবং গন্তব্যস্থল তাঁরই দিকে।'

وَالَّذِيْنَ يُحَآجُّوْنَ فِي اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا اسْتُجِيْبَ لَهٗ حُجَّتُهُمْ دَاحِضَةٌ عِنْدَ رَبِّهِمْ وَعَلَيْهِمْ غَضَبٌ وَّلَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ﴿١٦﴾

১৬। আর তার (অর্থাৎ রাসূলের) ডাকে সাড়া দেয়ার পর যারা আল্লাহ্ সম্পর্কে বিতর্ক করে তাদের যুক্তি-প্রমাণ তাদের প্রতিপালকের দৃষ্টিতে অসার, এবং তাদের উপর রয়েছে (তাঁর) ক্রোধ এবং তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি।

اَللّٰهُ الَّذِيْٓ اَنْزَلَ الْكِتٰبَ بِالْحَقِّ وَالْمِيْزَانَ ؕ وَمَا يُدْرِيْكَ لَعَلَّ السَّاعَةَ قَرِيْبٌ ﴿١٧﴾

১৭। আল্লাহ্‌ই অবতীর্ণ করেছেন সত্যসহ কিতাব এবং মীযান (ন্যায় বিচার)।* আর কিসে তোমাকে জানাবে- সম্ভবত কিয়ামত নিকটবর্তী?

يَسْتَعْجِلُ بِهَا الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِهَا ۚ وَالَّذِيْنَ اٰمَنُوْا مُشْفِقُوْنَ مِنْهَا ۙ وَيَعْلَمُوْنَ اَنَّهَا الْحَقُّ ؕ اَلَآ اِنَّ الَّذِيْنَ يُمَارُوْنَ فِي السَّاعَةِ لَفِيْ ضَلٰلٍۭ بَعِيْدٍ ﴿١٨﴾

১৮। যারা এতে ঈমান আনে না তারাই তা তাড়াতাড়ি পেতে চায়*, আর যারা ঈমান এনেছে তারা এর প্রতি ভীত-শঙ্কিত এবং তারা জানে যে, তা সত্য। জেনে রাখ, কিয়ামত সম্পর্কে যারা বাক-বিতণ্ডা করে তারা অবশ্যই পথভ্রষ্টতায় বহু দূরে (চলে গিয়েছে)।

اَللّٰهُ لَطِيْفٌۢ بِعِبَادِهٖ يَرْزُقُ مَنْ يَّشَآءُ ۚ وَهُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ﴿١٩﴾

১৯। আল্লাহ্ তাঁর বান্দাদের প্রতি অতি দয়ালু, তিনি যাকে ইচ্ছা করেন রিযিক দান করেন। তিনিই মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

ع ٢ ٢ ٢ রুকু ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২০। যে আখিরাতের ফসল চায় তার জন্য আমি তার ফসল বর্ধিত করে দেই,* এবং যে দুনিয়ার ফসল চায় আমি তাকে তা থেকে কিছু দেই, এবং আখিরাতে তার জন্য কোন অংশই থাকবে না।

مَنْ كَانَ يُرِيْدُ حَرْثَ الْاٰخِرَةِ نَزِدْ لَهٗ فِيْ حَرْثِهٖ ۚ وَمَنْ كَانَ يُرِيْدُ حَرْثَ الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا وَمَا لَهٗ فِي الْاٰخِرَةِ مِنْ نَّصِيْبٍ ﴿٢٠﴾

২১। তাদের কি এমন কিছু শরীক আছে যারা তাদের জন্য এমন দ্বীন বিধিবদ্ধ করেছে যার অনুমতি আল্লাহ্ দেননি? ফয়সালার বাণী (পূর্ব ঘোষিত) না থাকলে অবশ্যই তাদের মাঝে মীমাংসা করে দেয়া হত। এবং নিশ্চয় জালিমদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

اَمْ لَهُمْ شُرَكٰٓؤُا شَرَعُوْا لَهُمْ مِّنَ الدِّيْنِ مَا لَمْ يَاْذَنْۢ بِهِ اللّٰهُ ؕ وَلَوْلَا كَلِمَةُ الْفَصْلِ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢١﴾

২২। তুমি জালিমদেরকে তারা যা অর্জন করেছে সে কারণে ভীত-শঙ্কিত দেখবে, যখন এটি (কিয়ামত) তাদের উপর সংঘটিত হবে। যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারা থাকবে জান্নাতসমূহের বাগানসমূহে, তাদের জন্য তা-ই রয়েছে যা তারা তাদের প্রতিপালকের কাছে চাইবে। এটাই মহা অনুগ্রহ।

تَرَى الظّٰلِمِيْنَ مُشْفِقِيْنَ مِمَّا كَسَبُوْا وَهُوَ وَاقِعٌۢ بِهِمْ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فِيْ رَوْضٰتِ الْجَنّٰتِ ۚ لَهُمْ مَّا يَشَآءُوْنَ عِنْدَ رَبِّهِمْ ؕ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيْرُ ﴿٢٢﴾

২৩। এটি তাই যার সুসংবাদ আল্লাহ্ তাঁর সেই বান্দাদেরকে দেন যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে। বল, 'আমি এর বিনিময়ে তোমাদের নিকট কোন প্রতিদান চাই না- আত্মীয়তার হৃদ্যতা ছাড়া।' আর যে ভাল কাজ সম্পাদন করে আমি (আল্লাহ্) তার জন্য এতে কল্যাণ বর্ধিত করি। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম প্রতিদানদাতা।

ذٰلِكَ الَّذِيْ يُبَشِّرُ اللّٰهُ عِبَادَهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ قُلْ لَّآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا اِلَّا الْمَوَدَّةَ فِي الْقُرْبٰى ؕ وَمَنْ يَّقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهٗ فِيْهَا حُسْنًا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ شَكُوْرٌ ﴿٢٣﴾

২৪। তারা কি বলে যে, সে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করেছে? (যদি তাই হয়) তবে আল্লাহ্ ইচ্ছা করলে তোমার হৃদয়ে মোহর মেরে দিতে পারেন। আর আল্লাহ্ বাতিলকে (মিথ্যাকে) মুছে দেন এবং তাঁর বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ۚ فَاِنْ يَّشَاِ اللّٰهُ يَخْتِمْ عَلٰى قَلْبِكَ ؕ وَيَمْحُ اللّٰهُ الْبَاطِلَ وَيُحِقُّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٢٤﴾

২৫। এবং তিনিই তাঁর বান্দাদের তওবা কবুল করেন ও পাপসমূহ মার্জনা করেন এবং তোমরা যা কর তা তিনি জানেন।

وَهُوَ الَّذِيْ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَعْفُوْا عَنِ السَّيِّاٰتِ وَيَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ﴿٢٥﴾

২৬। এবং যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তিনি তাদের আহ্বানে সাড়া দেন এবং তাদেরকে তাঁর অনুগ্রহ থেকে বাড়িয়ে দেন। আর কাফিরদের জন্য রয়েছে কঠিন শাস্তি।

وَيَسْتَجِيْبُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَيَزِيْدُهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ وَالْكٰفِرُوْنَ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ﴿٢٦﴾

২৭। আর যদি আল্লাহ্ তাঁর বান্দাদের জন্য রিযিক প্রসারিত করে দিতেন তাহলে তারা পৃথিবীতে অবশ্যই বাড়াবাড়ি করত, কিন্তু তিনি যতটুকু ইচ্ছা করেন সেই পরিমাণেই অবতীর্ণ করে থাকেন। নিশ্চয় তিনি তাঁর বান্দাদের সম্পর্কে পূর্ণ অবগত ও পূর্ণ দৃষ্টিবান।

وَلَوْ بَسَطَ اللّٰهُ الرِّزْقَ لِعِبَادِهٖ لَبَغَوْا فِي الْاَرْضِ وَلٰكِنْ يُّنَزِّلُ بِقَدَرٍ مَّا يَشَآءُ ؕ اِنَّهٗ بِعِبَادِهٖ خَبِيْرٌۢ بَصِيْرٌ ﴿٢٧﴾

২৮। এবং তিনিই তাদের নিরাশ হওয়ার পর বৃষ্টি অবতীর্ণ করেন এবং তাঁর দয়া বিস্তার করেন। এবং তিনিই অভিভাবক ও অতি প্রশংসনীয়।

وَهُوَ الَّذِيْ يُنَزِّلُ الْغَيْثَ مِنْۢ بَعْدِ مَا قَنَطُوْا وَيَنْشُرُ رَحْمَتَهٗ ؕ وَهُوَ الْوَلِيُّ الْحَمِيْدُ ﴿٢٨﴾

২৯। এবং তাঁর নিদর্শনসমূহের মধ্যে রয়েছে আকাশসমূহ ও পৃথিবীর সৃষ্টি এবং উভয়ের মধ্যে তিনি যেসব জীব-জন্তু ছড়িয়ে দিয়েছেন সেগুলো। এবং তিনি যখন ইচ্ছা করবেন তখন তাদেরকে একত্রিত করতে সক্ষম।

وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَثَّ فِيْهِمَا مِنْ دَآبَّةٍ ؕ وَهُوَ عَلٰى جَمْعِهِمْ اِذَا يَشَآءُ قَدِيْرٌ ﴿٢٩﴾

ع ٣ ٤ ٣ রুকূ ৪

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَمَآ اَصَابَكُمْ مِّنْ مُّصِيْبَةٍ فَبِمَا كَسَبَتْ اَيْدِيْكُمْ وَيَعْفُوْا عَنْ كَثِيْرٍ ﴿٣٠﴾

৩০। এবং তোমাদেরকে যে বিপদ-আপদ আক্রান্ত করে তা তোমাদের হাত যা অর্জন করেছে সে কারণে, আর অনেক কিছুই তিনি মার্জনা করেন।

وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِى الْاَرْضِ ۚ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ﴿٣١﴾

৩১। এবং তোমরা পৃথিবীতে (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না এবং আল্লাহ্‌কে বাদ দিয়ে তোমাদের কোন অভিভাবক নেই এবং কোন সাহায্যকারীও নেই।

وَمِنْ اٰيٰتِهِ الْجَوَارِ فِى الْبَحْرِ كَالْاَعْلَامِ ﴿٣٢﴾

৩২। এবং তাঁর নিদর্শনসমূহের মধ্যে রয়েছে সমুদ্রে চলমান পর্বতসদৃশ জাহাজসমূহ।

اِنْ يَّشَاْ يُسْكِنِ الرِّيْحَ فَيَظْلَلْنَ رَوَاكِدَ عَلٰى ظَهْرِهٖ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿٣٣﴾

৩৩। তিনি ইচ্ছা করলে বাতাসকে থামিয়ে দিতে পারেন, ফলে সেগুলো সমুদ্র পৃষ্ঠে নিশ্চল হয়ে পড়বে। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে প্রত্যেক অতি ধৈর্যশীল ও অত্যন্ত কৃতজ্ঞ ব্যক্তির জন্য-

اَوْ يُوْبِقْهُنَّ بِمَا كَسَبُوْا وَيَعْفُ عَنْ كَثِيْرٍ ﴿٣٤﴾

৩৪। অথবা তিনি সেগুলোকে ধ্বংস করে দিতে পারেন তারা যা অর্জন করেছে সে কারণে এবং অনেক কিছুই তিনি মার্জনা করেন।

وَّيَعْلَمَ الَّذِيْنَ يُجَادِلُوْنَ فِىْٓ اٰيٰتِنَا ؕ مَا لَهُمْ مِّنْ مَّحِيْصٍ ﴿٣٥﴾

৩৫। আর যারা আমার নিদর্শনাবলী সম্পর্কে বিতর্ক করে তারা যেন জানে যে, তাদের কোন পালানোর জায়গা নেই।

فَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَىْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى لِلَّذِيْنَ اٰمَنُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ﴿٣٦﴾

৩৬। বস্তুত তোমাদেরকে যা দেয়া হয়েছে তা দুনিয়ার জীবনের ভোগ্য সামগ্রী, কিন্তু আল্লাহ্‌র নিকট যা আছে তা উত্তম ও অধিক স্থায়ী, তাদের জন্য যারা ঈমান এনেছে ও তাদের প্রতিপালকের উপর ভরসা করে,

وَالَّذِيْنَ يَجْتَنِبُوْنَ كَبٰٓئِرَ الْاِثْمِ وَالْفَوَاحِشَ وَاِذَا مَا غَضِبُوْا هُمْ يَغْفِرُوْنَ ﴿٣٧﴾

৩৭। এবং যারা বড় বড় পাপ (কবীরা গুনাহ্) ও অশ্লীল কাজসমূহ পরিহার করে এবং ক্রুদ্ধ হলেও ক্ষমা করে দেয়,

وَالَّذِيْنَ اسْتَجَابُوْا لِرَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ ۪ وَاَمْرُهُمْ شُوْرٰى بَيْنَهُمْ ۪ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٣٨﴾

৩৮। এবং যারা তাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয়, সালাত (নামায) কায়েম করে, নিজেদের মধ্যে পারস্পরিক পরামর্শের ভিত্তিতে নিজেদের কাজ-কর্ম সম্পাদন করে এবং তাদেরকে আমি যে রিযিক দিয়েছি তা থেকে ব্যয় করে,

وَالَّذِيْنَ اِذَآ اَصَابَهُمُ الْبَغْىُ هُمْ يَنْتَصِرُوْنَ ﴿٣٩﴾

৩৯। এবং যারা তাদের উপর (কেবল) বাড়াবাড়ি করা হলে বদলা নেয়।

وَجَزٰٓؤُا سَيِّئَةٍ سَيِّئَةٌ مِّثْلُهَا ۚ فَمَنْ عَفَا وَاَصْلَحَ فَاَجْرُهٗ عَلَى اللّٰهِ ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿٤٠﴾

৪০। আর মন্দের প্রতিফল অনুরূপ মন্দ এবং যে মার্জনা করে দেয় ও আপোষ-নিষ্পত্তি করে, তবে তার প্রতিদানের ভার আল্লাহ্‌র উপর ন্যাস্ত। নিশ্চয় তিনি জালিমদেরকে পছন্দ করেন না।

وَلَمَنِ انْتَصَرَ بَعْدَ ظُلْمِهٖ فَاُولٰٓئِكَ مَا عَلَيْهِمْ مِّنْ سَبِيْلٍ ﴿٤١﴾

৪১। আর অবশ্যই যে বদলা নেয় তার উপর জুলুম করার পর তবে তাদের বিরুদ্ধে (ব্যবস্থা গ্রহণের) কোন পথ নেই।

اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَظْلِمُوْنَ النَّاسَ وَيَبْغُوْنَ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٤٢﴾

৪২। কেবল (ব্যবস্থা গ্রহণের)পথ আছে তাদের বিরুদ্ধে যারা মানুষের উপর জুলুম করে এবং পৃথিবীতে অন্যায়ভাবে বাড়াবাড়ি করে বেড়ায়। তাদেরই জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

وَلَمَنْ صَبَرَ وَغَفَرَ اِنَّ ذٰلِكَ لَمِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿٤٣﴾

৪৩। আর অবশ্যই যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করে দেয়, নিশ্চয় এটি অবশ্যই দৃঢ় সংকল্পের বিষয়সমূহের অন্তর্ভুক্ত।

ع ١٢ ٥ ٤ রুকূ ৫

وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ وَّلِيٍّ مِّنْ بَعْدِهٖ ؕ وَتَرَى الظّٰلِمِيْنَ لَمَّا رَاَوُا الْعَذَابَ يَقُوْلُوْنَ هَلْ اِلٰى مَرَدٍّ مِّنْ سَبِيْلٍ ﴿۴۴﴾

৪৪। আর আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তাঁর পরে (অর্থাৎ তিনি ছাড়া) তার জন্য কোন অভিভাবক নেই। আর তুমি জালিমদেরকে দেখতে পাবে যখন তারা শাস্তি দেখবে তখন বলবে,'ফিরে যাওয়ার কোন পথ আছে কি ?'

وَتَرٰىهُمْ يُعْرَضُوْنَ عَلَيْهَا خٰشِعِيْنَ مِنَ الذُّلِّ يَنْظُرُوْنَ مِنْ طَرْفٍ خَفِيٍّ ؕ وَقَالَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ الْخٰسِرِيْنَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَاَهْلِيْهِمْ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اَلَآ اِنَّ الظّٰلِمِيْنَ فِيْ عَذَابٍ مُّقِيْمٍ ﴿۴۵﴾

৪৫। এবং তুমি তাদেরকে দেখতে পাবে অপমানে অবনত অবস্থায় এর (অর্থাৎ জাহান্নামের) সামনে তাদেরকে পেশ করা হয়েছে- তারা গোপন দৃষ্টিতে তাকাচ্ছে। আর যারা ঈমান এনেছে তারা বলবে, নিশ্চয় ক্ষতিগ্রস্ত তারাই যারা কিয়ামতের দিন নিজেদের ও পরিবার-পরিজনের ক্ষতি করেছে।' জেনে রাখ, নিশ্চয় জালিমরা থাকবে স্থায়ী শাস্তির মধ্যে।

وَمَا كَانَ لَهُمْ مِّنْ اَوْلِيَآءَ يَنْصُرُوْنَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ؕ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِنْ سَبِيْلٍ ﴿۴۶﴾

৪৬। এবং আল্লাহ্ ছাড়া তাদেরকে সাহায্য করার মত তাদের কোন অভিভাবক থাকবে না। এবং আল্লাহ্ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথ নেই।

اِسْتَجِيْبُوْا لِرَبِّكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهٗ مِنَ اللّٰهِ ؕ مَا لَكُمْ مِّنْ مَّلْجَاٍ يَّوْمَئِذٍ وَّمَا لَكُمْ مِّنْ نَّكِيْرٍ ﴿۴۷﴾

৪৭। তোমাদের প্রতিপালকের ডাকে সাড়া দাও, আল্লাহ্র পক্ষ থেকে সেদিন আসার পূর্বেই যা প্রতিরোধ করার নয়। যেদিন তোমাদের কোন আশ্রয়স্থল থাকবে না এবং তোমাদের জন্য (শাস্তি) রোধ করার কেউ থাকবে না।

فَاِنْ اَعْرَضُوْا فَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ؕ اِنْ عَلَيْكَ اِلَّا الْبَلٰغُ ؕ وَاِنَّآ اِذَآ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً فَرِحَ بِهَا ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ ۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَاِنَّ الْاِنْسَانَ كَفُوْرٌ ﴿۴۸﴾

৪৮। অতএব তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে তোমাকে আমি তাদের সংরক্ষক করে পাঠাইনি। তোমার কাজ কেবল পৌঁছে দেয়া। আর নিশ্চয় আমি যখন মানুষকে আমার পক্ষ থেকে দয়া আস্বাদন করাই তখন সে এতে উৎফুল্ল হয়, এবং যদি তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে তাদেরকে মন্দ আঘাত করে, তবে নিশ্চয় মানুষ অকৃতজ্ঞ হয়ে পড়ে।

لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ يَهَبُ لِمَنْ يَّشَآءُ اِنَاثًا وَّيَهَبُ لِمَنْ يَّشَآءُ الذُّكُوْرَ ﴿۴۹﴾

৪৯। আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্রই। তিনি যা ইচ্ছা করেন তাই সৃষ্টি করেন। তিনি যাকে ইচ্ছা করেন কন্যা সন্তান দান করেন এবং যাকে ইচ্ছা করেন পুত্র সন্তান দান করেন-

اَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَّاِنَاثًا ۚ وَيَجْعَلُ مَنْ يَّشَآءُ عَقِيْمًا ؕ اِنَّهٗ عَلِيْمٌ قَدِيْرٌ ﴿۵۰﴾

৫০। অথবা দান করেন পুত্র ও কন্যা উভয়ই এবং যাকে ইচ্ছা করেন বন্ধ্যা করে দেন। নিশ্চয় তিনি সর্বজ্ঞানী ও সর্বশক্তিমান।

وَمَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّكَلِّمَهُ اللّٰهُ اِلَّا وَحْيًا اَوْ مِنْ وَّرَآئِ حِجَابٍ اَوْ يُرْسِلَ رَسُوْلًا فَيُوْحِيَ بِاِذْنِهٖ مَا يَشَآءُ ؕ اِنَّهٗ عَلِيٌّ حَكِيْمٌ ﴿۵۱﴾

৫১। মানুষের এমন মর্যাদা নেই যে, আল্লাহ্ তার সাথে কথা বলবেন ওহী অথবা পর্দার অন্তরাল অথবা রাসূল (ওহীবাহক ফেরেশতা) প্রেরণ ছাড়া, অতঃপর সে(ওহীবাহক ফেরেশতা) তাঁর নির্দেশে ওহী করে তিনি যা ইচ্ছা করেন তা। নিশ্চয় তিনি সমুন্নত ও প্রজ্ঞাবান।

وَكَذٰلِكَ اَوْحَيْنَآ اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا ؕ مَا كُنْتَ تَدْرِيْ مَا الْكِتٰبُ وَلَا الْاِيْمَانُ وَلٰكِنْ جَعَلْنٰهُ نُوْرًا نَّهْدِيْ بِهٖ مَنْ نَّشَآءُ مِنْ عِبَادِنَا ؕ وَاِنَّكَ لَتَهْدِيْٓ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۵۲﴾

৫২। এবং এভাবেই আমি তোমার প্রতি ওহী করেছি আমার নির্দেশ সম্বলিত এক রূহ্ (কুরআন)। তুমি জানতে না কিতাব ও ঈমান কী, কিন্তু আমি একে বানিয়েছি আলো যা দ্বারা আমি আমার বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা করি সঠিক পথ প্রদর্শন করি। এবং (এর দ্বারা) নিশ্চয় তুমি অবশ্যই পরিচালিত কর সরল-সঠিক পথে-

صِرَاطِ اللّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ اَلَآ اِلَى اللّٰهِ تَصِيْرُ الْاُمُوْرُ ﴿۵۳﴾

৫৩। -আল্লাহ্র পথে, যিনি আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে তার মালিক। জেনে রাখ, সকল বিষয় আল্লাহ্রই দিকে প্রত্যাবর্তন করে।

রুকূ ৫ ৩

৪৩. সূরা আয-যুখরুফ, মাক্কী

৮৯ আয়াত, ৭ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٣-سُوْرَةُ الزُّخْرُف-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨٩، رُكُوْعَاتُهَا-٧

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حٰمٓ ﴿١﴾

১। হা-মীম।

وَالْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾

২। কসম সুস্পষ্ট কিতাবের-

اِنَّا جَعَلْنٰهُ قُرْءٰنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٣﴾

৩। নিশ্চয় আমি একে বানিয়েছি আরবী কুরআন, যাতে তোমরা অনুধাবন করতে পার,

وَاِنَّهٗ فِيْٓ اُمِّ الْكِتٰبِ لَدَيْنَا لَعَلِيٌّ حَكِيْمٌ ﴿٤﴾

৪। আর নিশ্চয় এটি অবশ্যই সমুন্নত ও প্রজ্ঞাময়, (সংরক্ষিত) রয়েছে আমার নিকট উম্মুল কিতাবে (মূল কিতাবে)।*

اَفَنَضْرِبُ عَنْكُمُ الذِّكْرَ صَفْحًا اَنْ كُنْتُمْ قَوْمًا مُّسْرِفِيْنَ ﴿٥﴾

৫। তবে কি তোমরা সীমালঙ্ঘনকারী সম্প্রদায় হওয়ায় আমি তোমাদের থেকে এই উপদেশবাণী প্রত্যাহার করে নেব?

وَكَمْ اَرْسَلْنَا مِنْ نَّبِيٍّ فِي الْاَوَّلِيْنَ ﴿٦﴾

৬। আর আমি পূর্ববর্তীদের মাঝে কত নবীই প্রেরণ করেছি।

وَمَا يَاْتِيْهِمْ مِّنْ نَّبِيٍّ اِلَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٧﴾

৭। আর তাদের নিকট এমন কোন নবী আসেনি যাকে তারা ঠাট্টা-বিদ্রূপ করেনি।

فَاَهْلَكْنَآ اَشَدَّ مِنْهُمْ بَطْشًا وَّمَضٰى مَثَلُ الْاَوَّلِيْنَ ﴿٨﴾

৮। অতঃপর আমি তাদেরকে ধ্বংস করেছি যারা ছিল তাদের চেয়ে শক্তিতে প্রবল, আর অতীত হয়েছে পূর্ববর্তীদের দৃষ্টান্ত।

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ خَلَقَهُنَّ الْعَزِيْزُ الْعَلِيْمُ ﴿٩﴾

৯। আর যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, 'কে আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন?' অবশ্যই অবশ্যই তারা বলবে, 'এগুলো সৃষ্টি করেছেন মহাপ্রতাপশালী ও সর্বজ্ঞানী (আল্লাহ্‌)'-

الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ مَهْدًا وَّجَعَلَ لَكُمْ فِيْهَا سُبُلًا لَّعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٠﴾

১০। যিনি তোমাদের জন্য যমীনকে বানিয়েছেন বিছানা এবং তাতে তোমাদের জন্য করে দিয়েছেন বহু পথ, যাতে তোমরা (গন্তব্য স্থলের) পথ পেতে পার,

وَالَّذِيْ نَزَّلَ مِنَ السَّمَآءِ مَآءًۢ بِقَدَرٍ فَاَنْشَرْنَا بِهٖ بَلْدَةً مَّيْتًا كَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿١١﴾

১১। এবং যিনি আকাশ থেকে পানি অবতীর্ণ করেন পরিমিত পরিমাণে, অতঃপর আমি এর দ্বারা পুনর্জীবিত করি মৃত ভূমিকে, এভাবেই তোমাদেরকে (কবর থেকে) বের করা হবে।

وَالَّذِيْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا وَجَعَلَ لَكُمْ مِّنَ الْفُلْكِ وَالْاَنْعَامِ مَا تَرْكَبُوْنَ ﴿١٢﴾

১২। আর যিনি সব ধরণের জোড়া সৃষ্টি করেছেন এবং যিনি তোমাদের জন্য সৃষ্টি করেছেন এমন নৌযান ও চতুষ্পদ জন্তু, যার উপর তোমরা আরোহণ কর-

لِتَسْتَوٗا عَلٰى ظُهُوْرِهٖ ثُمَّ تَذْكُرُوْا نِعْمَةَ رَبِّكُمْ اِذَا اسْتَوَيْتُمْ عَلَيْهِ وَتَقُوْلُوْا سُبْحٰنَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ مُقْرِنِيْنَ ﴿١٣﴾

১৩। যাতে তোমরা তার উপরিভাগে স্থির হয়ে বসতে পার, এরপর যাতে তোমরা তোমাদের প্রতিপালকের নেয়ামতকে স্মরণ করতে পার যখন তোমরা তার উপর স্থির হয়ে বস, এবং বল, 'পবিত্র তিনি, যিনি একে আমাদের কল্যাণে নিয়োজিত করেছেন, অথচ আমরা একে আয়ত্তে আনতে সক্ষম ছিলাম না-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَاِنَّآ اِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ﴿١٤﴾

১৪। এবং নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের দিকে অবশ্যই প্রত্যাবর্তন করব।'

وَجَعَلُوْا لَهٗ مِنْ عِبَادِهٖ جُزْءًا ؕ اِنَّ الْاِنْسَانَ لَكَفُوْرٌ مُّبِيْنٌ ﴿١٥﴾

১৫। তারা তাঁর বান্দাদের মধ্য থেকে তাঁর অংশ(সন্তান) নির্ধারণ করেছে। নিশ্চয় মানুষ অবশ্যই সুস্পষ্ট অকৃতজ্ঞ।

اَمِ اتَّخَذَ مِمَّا يَخْلُقُ بَنٰتٍ وَّاَصْفٰىكُمْ بِالْبَنِيْنَ ﴿١٦﴾

১৬। তিনি কি তাঁর সৃষ্টির মধ্য থেকে কন্যা সন্তান গ্রহণ করেছেন এবং তোমাদেরকে বিশেষিত করেছেন পুত্র সন্তান দ্বারা?

وَاِذَا بُشِّرَ اَحَدُهُمْ بِمَا ضَرَبَ لِلرَّحْمٰنِ مَثَلًا ظَلَّ وَجْهُهٗ مُسْوَدًّا وَّهُوَ كَظِيْمٌ ﴿١٧﴾

১৭। আর যখন তাদের কাউকে তার (অর্থাৎ কন্যা সন্তানের) সুসংবাদ দেয়া হয় যা সে দয়াময়ের জন্য উপমা পেশ করে (অর্থাৎ শরীক নির্ধারণ করে) তখন তার চেহারা কালো হয়ে যায় এবং সে দুঃখ ভারাক্রান্ত হয়।

اَوَمَنْ يُّنَشَّؤُا فِى الْحِلْيَةِ وَهُوَ فِى الْخِصَامِ غَيْرُ مُبِيْنٍ ﴿١٨﴾

১৮। তবে কি যে (কন্যা সন্তান) অলংকারের মধ্যে বেড়ে উঠে এবং যে বিতর্কে সুস্পষ্ট নয় তাকেই (তারা আল্লাহ্‌র জন্য নির্ধারণ করে)?

وَجَعَلُوا الْمَلٰٓئِكَةَ الَّذِيْنَ هُمْ عِبٰدُ الرَّحْمٰنِ اِنَاثًا ؕ اَشَهِدُوْا خَلْقَهُمْ ؕ سَتُكْتَبُ شَهَادَتُهُمْ وَيُسْـَٔلُوْنَ ﴿١٩﴾

১৯। এবং তারা ফেরেশতাদেরকে নারী গণ্য করেছে যারা (প্রকৃতপক্ষে) দয়াময়ের বান্দা। তাদের সৃষ্টি কি তারা প্রত্যক্ষ করেছিল? শীঘ্রই তাদের সাক্ষ্য লিপিবদ্ধ করা হবে এবং তাদেরকে জিজ্ঞাসা করা হবে।

وَقَالُوْا لَوْ شَآءَ الرَّحْمٰنُ مَا عَبَدْنٰهُمْ ؕ مَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۚ اِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿٢٠﴾

২০। এবং তারা বলে, 'দয়াময় ইচ্ছা করলে আমরা এদের উপাসনা করতাম না।' এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই; তারা শুধু অনুমান করছে।

اَمْ اٰتَيْنٰهُمْ كِتٰبًا مِّنْ قَبْلِهٖ فَهُمْ بِهٖ مُسْتَمْسِكُوْنَ ﴿٢١﴾

২১। আমি কি তাদেরকে এর (অর্থাৎ কুরআনের) পূর্বে কোন কিতাব দান করেছি, অতঃপর তারা সেটিকে দৃঢ়ভাবে ধারণ করে আছে?

بَلْ قَالُوْٓا اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّهْتَدُوْنَ ﴿٢٢﴾

২২। বরং তারা বলে, 'আমরা আমাদের পিতৃপুরুষদেরকে পেয়েছি একটি উম্মতের(ধর্মের) উপর এবং নিশ্চয় আমরা তাদের পদাঙ্ক অনুসরণ করে সঠিক পথপ্রাপ্ত।

وَكَذٰلِكَ مَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِىْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا وَجَدْنَآ اٰبَآءَنَا عَلٰٓى اُمَّةٍ وَّاِنَّا عَلٰٓى اٰثٰرِهِمْ مُّقْتَدُوْنَ ﴿٢٣﴾

২৩। আর এভাবেই তোমার পূর্বে কোন জনপদে যখনই আমি কোন সতর্ককারী প্রেরণ করেছি তখনই তার বিত্তবানরা বলেছে, 'নিশ্চয় আমরা আমাদের পিতৃপুরুষদেরকে পেয়েছি একটি উম্মতের (ধর্মের) উপর এবং নিশ্চয় আমরা তাদের পদাঙ্ক অনুসরণ করছি।'

قٰلَ اَوَلَوْ جِئْتُكُمْ بِاَهْدٰى مِمَّا وَجَدْتُّمْ عَلَيْهِ اٰبَآءَكُمْ ؕ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٢٤﴾

২৪। সে (অর্থাৎ প্রত্যেক সতর্ককারী) বলেছে, 'তোমরা তোমাদের পিতৃপুরুষদেরকে যার উপর পেয়েছ আমি যদি তোমাদের জন্য তার চেয়ে উৎকৃষ্ট পথনির্দেশিকা নিয়ে আসি তবুও কি (তোমরা তাদের পদাঙ্ক অনুসরণ করবে)?' তারা বলেছে, 'তোমরা যা নিয়ে প্রেরিত হয়েছ আমরা তা অস্বীকার করছি।'

فَانْتَقَمْنَا مِنْهُمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿٢٥﴾

২৫। সুতরাং আমি তাদেরকে উচিত শাস্তি দিয়েছিলাম, অতএব লক্ষ্য কর, কেমন ছিল মিথ্যা অভিহিতকারীদের পরিণাম।

وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ وَقَوْمِهٖٓ اِنَّنِىْ بَرَآءٌ مِّمَّا تَعْبُدُوْنَ ﴿٢٦﴾

২৬। এবং যখন ইবরাহীম তার পিতা এবং তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা যাদের উপাসনা কর নিশ্চয় আমি তাদের থেকে সম্পর্কহীন-

اِلَّا الَّذِىْ فَطَرَنِىْ فَاِنَّهٗ سَيَهْدِيْنِ ﴿٢٧﴾

২৭। তবে (সম্পর্ক আছে শুধু তাঁর সাথে) যিনি আমাকে সৃষ্টি করেছেন, সুতরাং নিশ্চয় তিনি আমাকে শীঘ্রই সঠিক পথ দেখাবেন।

وَجَعَلَهَا كَلِمَةً بَاقِيَةً فِىْ عَقِبِهٖ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٢٨﴾

২৮। এবং তা সে স্থায়ী বাণী হিসাবে রেখে গেছে তার পরবর্তীদের মধ্যে, যাতে তারা (আল্লাহ্‌র দিকে) ফিরে আসতে পারে।

২৯। বরং আমিই তাদেরকে এবং তাদের পিতৃপুরুষদেরকে জীবনোপভোগ করতে দিয়েছি, অবশেষে তাদের নিকট আসল সত্য এবং সুস্পষ্ট রাসূল।

بَلْ مَتَّعْتُ هٰٓؤُلَآءِ وَاٰبَآءَهُمْ حَتّٰى جَآءَهُمُ الْحَقُّ وَرَسُوْلٌ مُّبِيْنٌ ﴿٢٩﴾

৩০। আর যখন তাদের নিকট সত্য আসল তখন তারা বলল, 'এটা জাদু এবং আমরা তা অস্বীকার করছি।'

وَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ قَالُوْا هٰذَا سِحْرٌ وَّاِنَّا بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٠﴾

৩১। এবং তারা বলে, 'এই কুরআন কেন অবতীর্ণ করা হল না দুই জনপদের* কোন মহান ব্যক্তির উপর?'

وَقَالُوْا لَوْلَا نُزِّلَ هٰذَا الْقُرْاٰنُ عَلٰى رَجُلٍ مِّنَ الْقَرْيَتَيْنِ عَظِيْمٍ ﴿٣١﴾

৩২। তারা কি তোমার প্রতিপালকের দয়া বণ্টন করে? দুনিয়ার জীবনে আমিই তাদের মাঝে তাদের জীবিকা বণ্টন করেছি এবং তাদের কিছু লোককে কিছু লোকের উপর মর্যাদায় উন্নীত করেছি যাতে তাদের কিছু লোক কিছু লোককে সেবায় নিয়োজিত করতে পারে। আর তারা যা জমা করে* তার চেয়ে তোমার প্রতিপালকের দয়া উত্তম।

اَهُمْ يَقْسِمُوْنَ رَحْمَتَ رَبِّكَ ؕ نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَّعِيْشَتَهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا ؕ وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿٣٢﴾

৩৩। এবং যদি মানুষ (সত্য প্রত্যাখ্যানে) এক উম্মত হয়ে যাবে এমন না হত তবে যারা দয়াময়কে অস্বীকার করে তাদের ঘরের জন্য আমি অবশ্যই বানিয়ে দিতাম রৌপ্যের ছাদ ও সিঁড়ি, যার উপর তারা আরোহণ করে-

وَلَوْلَآ اَنْ يَّكُوْنَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً لَّجَعَلْنَا لِمَنْ يَّكْفُرُ بِالرَّحْمٰنِ لِبُيُوْتِهِمْ سُقُفًا مِّنْ فِضَّةٍ وَّمَعَارِجَ عَلَيْهَا يَظْهَرُوْنَ ﴿٣٣﴾

৩৪। এবং তাদের ঘরের জন্য বানিয়ে দিতাম (রৌপ্যের) দরজা ও পালঙ্ক, যার উপর তারা হেলান দেয়-

وَلِبُيُوْتِهِمْ اَبْوَابًا وَّسُرُرًا عَلَيْهَا يَتَّكِئُوْنَ ﴿٣٤﴾

৩৫। এবং স্বর্ণের সাজসজ্জা। এবং এসব কেবল দুনিয়ার জীবনের ভোগ্যসামগ্রী। আর তোমার প্রতিপালকের নিকট মুত্তাকীদের জন্য রয়েছে আখিরাত।

ع ٢ ٩ ٣ রুকু ৯

وَزُخْرُفًا ؕ وَاِنْ كُلُّ ذٰلِكَ لَمَّا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا ؕ وَالْاٰخِرَةُ عِنْدَ رَبِّكَ لِلْمُتَّقِيْنَ ﴿٣٥﴾

৩৬। এবং যে ব্যক্তি দয়াময়ের যিকির (কুরআন) হতে অন্ধত্বে থাকে, আমি তার জন্য নিয়োজিত করি এক শয়তান, অতঃপর সে-ই হয় তার সহচর।

وَمَنْ يَّعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمٰنِ نُقَيِّضْ لَهٗ شَيْطٰنًا فَهُوَ لَهٗ قَرِيْنٌ ﴿٣٦﴾

৩৭। এবং নিশ্চয় তারা (অর্থাৎ শয়তানরা) অবশ্যই তাদেরকে (সঠিক) পথ হতে বিরত রাখে, অথচ তারা (অর্থাৎ বিমুখ লোকেরা) মনে করে যে, তারা সঠিক পথপ্রাপ্ত।

وَاِنَّهُمْ لَيَصُدُّوْنَهُمْ عَنِ السَّبِيْلِ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ مُّهْتَدُوْنَ ﴿٣٧﴾

৩৮। অবশেষে যখন সে (বিমুখ লোক) আমার নিকট উপস্থিত হবে তখন সে (শয়তানকে) বলবে, 'হায়, আমার ও তোমার মাঝে যদি দুই উদয়াচলের দূরত্ব থাকত!' অতএব সে কতই না নিকৃষ্ট সহচর!

حَتّٰٓى اِذَا جَآءَنَا قَالَ يٰلَيْتَ بَيْنِىْ وَبَيْنَكَ بُعْدَ الْمَشْرِقَيْنِ فَبِئْسَ الْقَرِيْنُ ﴿٣٨﴾

৩৯। যেহেতু তোমরা জুলুম করেছিলে তাই আজ এটা (অর্থাৎ অনুতাপ) তোমাদের কিছুতেই উপকারে আসবে না, কেননা তোমরা (উভয়ই আজ) শাস্তিতে অংশীদার।

وَلَنْ يَّنْفَعَكُمُ الْيَوْمَ اِذْ ظَّلَمْتُمْ اَنَّكُمْ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٩﴾

৪০। তুমি কি বধিরকে শোনাতে পারবে অথবা যে অন্ধ ও যে সুস্পষ্ট পথভ্রষ্টতায় আছে তাকে কি তুমি সঠিক পথ প্রদর্শন করতে পারবে?

اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ اَوْ تَهْدِى الْعُمْىَ وَمَنْ كَانَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٠﴾

৪১। অতঃপর যদি আমি তোমাকে নিয়েই যাই, তবুও আমি তাদেরকে উচিত শাস্তি দিব-

فَاِمَّا نَذْهَبَنَّ بِكَ فَاِنَّا مِنْهُمْ مُّنْتَقِمُوْنَ ﴿٤١﴾

৪২। অথবা যদি আমি তাদেরকে যে (শাস্তির) ভীতি প্রদর্শন করেছি তা আমি তোমাকে প্রত্যক্ষ করাই, তবে নিশ্চয় আমি তাদের উপর ক্ষমতাবান।

اَوْ نُرِيَنَّكَ الَّذِىْ وَعَدْنٰهُمْ فَاِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُوْنَ ﴿٤٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فَاسْتَمْسِكْ بِالَّذِيْٓ اُوْحِيَ اِلَيْكَ ۚ اِنَّكَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤٣﴾

৪৩। সুতরাং তোমার প্রতি যা ওহী করা হয়েছে তা দৃঢ়ভাবে ধারণ কর। নিশ্চয় তুমি সরল-সঠিক পথে রয়েছ।

وَاِنَّهٗ لَذِكْرٌ لَّكَ وَلِقَوْمِكَ ۚ وَسَوْفَ تُسْـَٔلُوْنَ ﴿٤٤﴾

৪৪। এবং নিশ্চয় তা (কুরআন) তোমার ও তোমার সম্প্রদায়ের জন্য অবশ্যই উপদেশ, এবং অচিরেই তোমারা জিজ্ঞাসিত হবে।

وَسْـَٔلْ مَنْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رُّسُلِنَآ اَجَعَلْنَا مِنْ دُوْنِ الرَّحْمٰنِ اٰلِهَةً يُّعْبَدُوْنَ ﴿٤٥﴾ ع ٤ ١٠ ٨ রুকূ ১০

৪৫। এবং আমি তোমার পূর্বে আমার যে সব রাসূলদেরকে প্রেরণ করেছিলাম তাদেরকে (অর্থাৎ তাদের অনুসারীদেরকে) তুমি জিজ্ঞাসা কর, আমি কি দয়াময়কে বাদ দিয়ে বহু ইলাহ্ বানিয়েছিলাম যাদের ইবাদত করা হবে?

وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَقَالَ اِنِّيْ رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٦﴾

৪৬। এবং অবশ্যই আমি মূসাকে আমার নিদর্শনাবলীসহ ফিরআউন ও তার পরিষদবর্গের কাছে প্রেরণ করেছিলাম, অতঃপর সে বলেছিল, 'নিশ্চয় আমি জগৎসমূহের প্রতিপালকের রাসূল।'

فَلَمَّا جَآءَهُمْ بِاٰيٰتِنَآ اِذَا هُمْ مِّنْهَا يَضْحَكُوْنَ ﴿٤٧﴾

৪৭। অতঃপর যখন সে তাদের নিকট আমার নিদর্শনাবলীসহ আসল তখন তারা তা নিয়ে হাসি-ঠাট্টা করতে লাগল।

وَمَا نُرِيْهِمْ مِّنْ اٰيَةٍ اِلَّا هِيَ اَكْبَرُ مِنْ اُخْتِهَا ۫ وَاَخَذْنٰهُمْ بِالْعَذَابِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٤٨﴾

৪৮। এবং আমি তাদেরকে এমন কোন নিদর্শন দেখাইনি যা তার পূর্ববর্তী নির্দশনের চেয়ে বড় নয়। এবং আমি তাদেরকে শাস্তি দিয়ে পাকড়াও করেছিলাম, যাতে তারা ফিরে আসতে পারে।

وَقَالُوْا يٰٓاَيُّهَ السّٰحِرُ ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ اِنَّنَا لَمُهْتَدُوْنَ ﴿٤٩﴾

৪৯। আর (প্রতিবারই) তারা বলেছিল, 'হে জাদুকর! তোমার প্রতিপালকের কাছে তুমি আমাদের জন্য দোয়া কর, তোমার কাছে তিনি (দোয়া কবুলের) যে প্রতিশ্রুতি দিয়েছেন সে অনুযায়ী, তাহলে নিশ্চয় আমরা অবশ্যই সঠিক পথ অবলম্বন করব*।'

فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ اِذَا هُمْ يَنْكُثُوْنَ ﴿٥٠﴾

৫০। অতঃপর যখন আমি তাদের উপর থেকে শাস্তি বিদূরিত করেছি তখনই তারা প্রতিশ্রুতি ভঙ্গ করেছে।

وَنَادٰى فِرْعَوْنُ فِيْ قَوْمِهٖ قَالَ يٰقَوْمِ اَلَيْسَ لِيْ مُلْكُ مِصْرَ وَهٰذِهِ الْاَنْهٰرُ تَجْرِيْ مِنْ تَحْتِيْ ۚ اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٥١﴾

৫১। এবং ফিরআউন তার সম্প্রদায়ের মধ্যে এই বলে ঘোষণা করেছিল যে, 'হে আমার সম্প্রদায়! মিসরের রাজত্ব কি আমার নয়? আর এই নহরসমূহ আমার নিচে প্রবাহিত, তবে কি তোমরা দেখ না?

اَمْ اَنَا۠ خَيْرٌ مِّنْ هٰذَا الَّذِيْ هُوَ مَهِيْنٌ ۙ وَّلَا يَكَادُ يُبِيْنُ ﴿٥٢﴾

৫২। আমি কি এই ব্যক্তির চেয়ে শ্রেষ্ঠ নই যে হীন? আর সে খুব কমই স্পষ্টভাবে কথা বলতে পারে।

فَلَوْلَآ اُلْقِيَ عَلَيْهِ اَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ اَوْ جَآءَ مَعَهُ الْمَلٰٓئِكَةُ مُقْتَرِنِيْنَ ﴿٥٣﴾

৫৩। তবে কেন তার উপর অর্পণ করা হল না স্বর্ণের বালা অথবা তার সাথে ফেরেশতারা কেন সঙ্গী হয়ে আসল না?'

فَاسْتَخَفَّ قَوْمَهٗ فَاَطَاعُوْهُ ۭ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٥٤﴾

৫৪। এভাবে সে তার সম্প্রদায়কে বোকা বানিয়ে দিল, ফলে তারা তার আনুগত্য করল। নিশ্চয় তারা ছিল এক পাপাচারী সম্প্রদায়।

فَلَمَّآ اٰسَفُوْنَا انْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ اَجْمَعِيْنَ ﴿٥٥﴾ ۙ

৫৫। অতঃপর যখন তারা আমাকে ক্রোধান্বিত করল তখন আমি তাদেরকে উচিত শাস্তি দিলাম এবং তাদের সকলকে নিমজ্জিত করলাম-

فَجَعَلْنٰهُمْ سَلَفًا وَّمَثَلًا لِّلْاٰخِرِيْنَ ﴿٥٦﴾ ع ٥ ١١ ١١ ٥ রুকূ ১১

৫৬। অতঃপর আমি তাদেরকে বানালাম অতীত (ইতিহাস) এবং পরবর্তীদের জন্য দৃষ্টান্ত।

وَلَمَّا ضُرِبَ ابْنُ مَرْيَمَ مَثَلًا اِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّوْنَ ﴿٥٧﴾

৫৭। এবং যখন মারইয়াম-পুত্রকে দৃষ্টান্ত হিসেবে পেশ করা হল তখনই তোমার সম্প্রদায় তাতে শোরগোল আরম্ভ করে দিল,*

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَقَالُوْٓاءَاٰلِهَتُنَا خَيْرٌ اَمْ هُوَ ۭ مَا ضَرَبُوْهُ لَكَ اِلَّا جَدَلًۢا ۭ بَلْ هُمْ قَوْمٌ خَصِمُوْنَ ۝۵۸

৫৮। এবং বলল, 'আমাদের উপাস্যগুলো (কন্যা সন্তান হিসেবে ফেরেশতারা) উত্তম নাকি সে (যাকে উপাস্য বানিয়েছে নাসারারা)?' তারা কেবল বিতর্কের উদ্দেশ্যেই তোমার জন্য তা পেশ করছে। বরং তারা এক বিতণ্ডাকারী সম্প্রদায়।

اِنْ هُوَ اِلَّا عَبْدٌ اَنْعَمْنَا عَلَيْهِ وَجَعَلْنٰهُ مَثَلًا لِّبَنِيْٓ اِسْرَاۗءِيْلَ ۝۵۹

৫৯। সে আমার এক বান্দা ছাড়া আর কিছু নয় (অর্থাৎ উপাস্য হওয়ার যোগ্য নয়), যার উপর আমি নেয়ামত দান করেছিলাম এবং তাকে বানিয়েছিলাম বনী ইসরাঈলের জন্য (আমার কুদরতের বিশেষ এক) দৃষ্টান্ত।

وَلَوْ نَشَاۗءُ لَجَعَلْنَا مِنْكُمْ مَّلٰۗىِٕكَةً فِي الْاَرْضِ يَخْلُفُوْنَ ۝۶۰

৬০। আর যদি আমি ইচ্ছা করতাম তাহলে অবশ্যই তোমাদের* মধ্য থেকে ফেরেশতাদেরকে পৃথিবীতে প্রতিনিধি বানাতাম (এবং এরাও তোমাদের মতই আমার বান্দা)।

وَاِنَّهٗ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا وَاتَّبِعُوْنِ ۭ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ۝۶۱

৬১। আর নিশ্চয় সে (ঈসা) অবশ্যই কিয়ামতের জন্য একটি জ্ঞান, সুতরাং তোমরা তাতে (কিয়ামতে) সন্দেহ করো না এবং আমার (পথ) অনুসরণ কর। এটাই সরল-সঠিক পথ।

وَلَا يَصُدَّنَّكُمُ الشَّيْطٰنُ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۝۶۲

৬২। শয়তান যেন তোমাদেরকে কখনো (এ পথ থেকে) বিরত না রাখে, নিশ্চয় সে তোমাদের জন্য সুস্পষ্ট শত্রু।

وَلَمَّا جَاۗءَ عِيْسٰى بِالْبَيِّنٰتِ قَالَ قَدْ جِئْتُكُمْ بِالْحِكْمَةِ وَلِاُبَيِّنَ لَكُمْ بَعْضَ الَّذِيْ تَخْتَلِفُوْنَ فِيْهِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ۝۶۳

৬৩। আর যখন ঈসা স্পষ্ট প্রমাণাদিসহ এসেছিল তখন সে বলেছিল, 'অবশ্যই আমি তোমাদের নিকট এসেছি প্রজ্ঞাসহ এবং তোমরা যে বিষয়ে মতপার্থক্য করছ তার কিছু স্পষ্ট করে দেয়ার জন্য, সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।

اِنَّ اللّٰهَ هُوَ رَبِّيْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ۭ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ۝۶۴

৬৪। নিশ্চয় আল্লাহ্‌ই আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, অতএব তোমরা তাঁর ইবাদত কর। এটিই সরল-সঠিক পথ।'

فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ ظَلَمُوْا مِنْ عَذَابِ يَوْمٍ اَلِيْمٍ ۝۶۵

৬৫। অতঃপর তাদের মধ্য থেকে বিভিন্ন দল মতপার্থক্য করল, সুতরাং যারা জুলুম করেছে তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক দিনের শাস্তির দুর্ভোগ।

هَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ۝۶۶

৬৬। তারা কি কেবল অপেক্ষা করছে তাদের কাছে আকস্মিকভাবে কিয়ামত আসার, এমন অবস্থায় যে তারা টেরও পাবে না?

الْاَخِلَّاۗءُ يَوْمَىِٕذٍۢ بَعْضُهُمْ لِبَعْضٍ عَدُوٌّ اِلَّا الْمُتَّقِيْنَ ۝۶۷

৬৭। বন্ধুরা সেদিন হয়ে পড়বে একে অপরের শত্রু, মুত্তাকীরা ছাড়া।

يٰعِبَادِ لَا خَوْفٌ عَلَيْكُمُ الْيَوْمَ وَلَآ اَنْتُمْ تَحْزَنُوْنَ ۝۶۸

৬৮। হে আমার বান্দারা! আজ তোমাদের কোন ভয় নেই এবং তোমরা দুশ্চিন্তাগ্রস্তও হবে না,

اَلَّذِيْنَ اٰمَنُوْا بِاٰيٰتِنَا وَكَانُوْا مُسْلِمِيْنَ ۝۶۹

৬৯। যারা আমার আয়াতসমূহের উপর ঈমান এনেছিলে এবং ছিলে মুসলিম,

اُدْخُلُوا الْجَنَّةَ اَنْتُمْ وَاَزْوَاجُكُمْ تُحْبَرُوْنَ ۝۷۰

৭০। তোমরা এবং তোমাদের সঙ্গী/সঙ্গিনীরা সানন্দে জান্নাতে প্রবেশ কর।

يُطَافُ عَلَيْهِمْ بِصِحَافٍ مِّنْ ذَهَبٍ وَّاَكْوَابٍ ۚ وَفِيْهَا مَا تَشْتَهِيْهِ الْاَنْفُسُ وَتَلَذُّ الْاَعْيُنُ ۚ وَاَنْتُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝۷۱

৭১। তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে সোনার থালা ও গ্লাস, এবং সেখানে তা-ই রয়েছে যা মন কামনা করে এবং যাতে নয়ন তৃপ্ত হয়, এবং সেখানে তোমরা স্থায়ী হবে।

وَتِلْكَ الْجَنَّةُ الَّتِيْٓ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝۷۲

৭২। এবং এই সেই জান্নাত, যার উত্তরাধিকারী করা হয়েছে তোমাদেরকে, তোমরা যা করতে তার কারণে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لَكُمْ فِيْهَا فَاكِهَةٌ كَثِيْرَةٌ مِّنْهَا تَاْكُلُوْنَ ﴿٧٣﴾

৭৩। সেখানে তোমাদের জন্য রয়েছে অনেক ফল-মূল, তা থেকে তোমরা খাবে।

اِنَّ الْمُجْرِمِيْنَ فِيْ عَذَابِ جَهَنَّمَ خٰلِدُوْنَ ﴿٧٤﴾

৭৪। নিশ্চয় অপরাধীরা জাহান্নামের শাস্তিতে স্থায়ী হবে-

لَا يُفَتَّرُ عَنْهُمْ وَهُمْ فِيْهِ مُبْلِسُوْنَ ﴿٧٥﴾

৭৫। তাদের শাস্তি লাঘব করা হবে না এবং সেখানে তারা হবে হতাশাগ্রস্ত,

وَمَا ظَلَمْنٰهُمْ وَلٰكِنْ كَانُوْا هُمُ الظّٰلِمِيْنَ ﴿٧٦﴾

৭৬। এবং আমি তাদের প্রতি জুলুম করিনি, বরং তারাই ছিল জালিম।

وَنَادَوْا يٰمٰلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ؕ قَالَ اِنَّكُمْ مّٰكِثُوْنَ ﴿٧٧﴾

৭৭। এবং তারা চিৎকার করে ডেকে বলবে, 'হে মালিক!* তোমার প্রতিপালক যেন আমাদের মৃত্যু ঘটান।' সে বলবে, 'তোমরা এভাবেই থাকবে।

لَقَدْ جِئْنٰكُمْ بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَكُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧٨﴾

৭৮। অবশ্যই আমরা (ফেরেশতারা) তোমাদের কাছে* সত্য নিয়ে (ওহী নিয়ে) এসেছিলাম, কিন্তু তোমাদের অধিকাংশই ছিলে সত্য অপছন্দকারী।'

اَمْ اَبْرَمُوْٓا اَمْرًا فَاِنَّا مُبْرِمُوْنَ ﴿٧٩﴾

৭৯। তারা কি একটি বিষয় চূড়ান্ত করে ফেলেছে? তাহলে আমিও চূড়ান্তকারী।

اَمْ يَحْسَبُوْنَ اَنَّا لَا نَسْمَعُ سِرَّهُمْ وَنَجْوٰىهُمْ ؕ بَلٰى وَرُسُلُنَا لَدَيْهِمْ يَكْتُبُوْنَ ﴿٨٠﴾

৮০। তারা কি মনে করে যে, আমি তাদের গোপন বিষয় ও তাদের গোপন পরামর্শ শুনিনা? হ্যাঁ অবশ্যই (শুনি), এবং আমার রাসূলরা (ফেরেশতারা) তাদের কাছে থেকেই লিখছে।

قُلْ اِنْ كَانَ لِلرَّحْمٰنِ وَلَدٌ ۖ فَاَنَا۠ اَوَّلُ الْعٰبِدِيْنَ ﴿٨١﴾

৮১। বল, 'দয়াময়ের যদি কোন সন্তান থাকত তাহলে আমিই হতাম তার প্রথম ইবাদতকারী।'

سُبْحٰنَ رَبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُوْنَ ﴿٨٢﴾

৮২। তারা (আল্লাহ্ সম্পর্কে) যে গুণ বর্ণনা করে তা থেকে আকাশসমূহ ও পৃথিবীর প্রতিপালক এবং আরশের অধিপতি পবিত্র।

فَذَرْهُمْ يَخُوْضُوْا وَيَلْعَبُوْا حَتّٰى يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِيْ يُوْعَدُوْنَ ﴿٨٣﴾

৮৩। অতএব তাদেরকে যে দিনের প্রতিশ্রুতি দেয়া হয়েছে তার সম্মুখীন হওয়া পর্যন্ত তুমি তাদেরকে অনর্থক কথায় ও খেলায় লিপ্ত থাকতে দাও।

وَهُوَ الَّذِيْ فِي السَّمَآءِ اِلٰهٌ وَّفِي الْاَرْضِ اِلٰهٌ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ ﴿٨٤﴾

৮৪। আর তিনিই এক ইলাহ্ আকাশে এবং তিনিই এক ইলাহ্ পৃথিবীতে এবং তিনি মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।

وَتَبٰرَكَ الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۚ وَعِنْدَهٗ عِلْمُ السَّاعَةِ ۚ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٨٥﴾

৮৫। এবং বরকতময় তিনি, আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে সব কিছুর রাজত্ব যার, এবং কিয়ামতের জ্ঞান তাঁর কাছেই আছে এবং তাঁরই দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে।

وَلَا يَمْلِكُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِهِ الشَّفَاعَةَ اِلَّا مَنْ شَهِدَ بِالْحَقِّ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٨٦﴾

৮৬। আল্লাহ্কে বাদ দিয়ে তারা যাদেরকে ডাকে তারা সুপারিশের অধিকারী হবে না, তবে যারা জেনে-বুঝে সত্যের সাক্ষ্য দেয় তারা ছাড়া।

وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَهُمْ لَيَقُوْلُنَّ اللّٰهُ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٨٧﴾

৮৭। আর যদি তুমি তাদেরকে জিজ্ঞাসা কর, 'কে তাদেরকে সৃষ্টি করেছেন?' অবশ্যই অবশ্যই তারা বলবে, 'আল্লাহ্'। সুতরাং কিভাবে তাদেরকে বিভ্রান্ত করা হচ্ছে?

وَقِيْلِهٖ يٰرَبِّ اِنَّ هٰٓؤُلَآءِ قَوْمٌ لَّا يُؤْمِنُوْنَ ﴿٨٨﴾

৮৮। তার (অর্থাৎ রাসূলের)- 'হে আমার প্রতিপালক'- বলার কসম, নিশ্চয় এরা এমন এক সম্প্রদায় যারা ঈমান আনবে না।

فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلٰمٌ ؕ فَسَوْفَ يَعْلَمُوْنَ ﴿٨٩﴾

৮৯। সুতরাং তুমি তাদেরকে উপেক্ষা কর এবং বল, 'সালাম' (বিদায়)। অতঃপর অচিরেই তারা জানতে পারবে।

ع ٧ ٢٢ ١٣ ٩ রুকু ১৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪৪. সূরা আদ-দুখান, মাক্কী

৫৯ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٤-سُوْرَةُ الدُّخَانِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٩، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حٰمٓ ①

১। হা-মীম।

وَالْكِتٰبِ الْمُبِيْنِ ②

২। কসম সুস্পষ্ট কিতাবের।

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةٍ مُّبٰرَكَةٍ اِنَّا كُنَّا مُنْذِرِيْنَ ③

৩। নিশ্চয় আমি এটি অবতীর্ণ করেছি এক বরকতময় রাতে, নিশ্চয় আমি সতর্ককারী।

فِيْهَا يُفْرَقُ كُلُّ اَمْرٍ حَكِيْمٍ ۙ④

৪। তাতে (এ রাতে) পৃথক করা হয় প্রতিটি প্রজ্ঞাময় বিষয়-

اَمْرًا مِّنْ عِنْدِنَا ۭ اِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ۚ⑤

৫। আমার নির্দেশক্রমে, নিশ্চয় আমি (রাসূল) প্রেরণকারী,

رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۭ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۙ⑥

৬। তোমার প্রতিপালকের পক্ষ থেকে দয়া স্বরূপ। নিশ্চয় তিনিই সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী-

رَبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ۭ اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ ⑦

৭। যিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা আছে তার প্রতিপালক- যদি তোমরা নিশ্চিত বিশ্বাসী হও।

لَآ اِلٰهَ اِلَّا هُوَ يُحْيٖ وَيُمِيْتُ ۭ رَبُّكُمْ وَرَبُّ اٰبَاۗىِٕكُمُ الْاَوَّلِيْنَ ⑧

৮। তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি জীবিত করেন এবং মৃত্যু ঘটান। তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষদেরও প্রতিপালক।

بَلْ هُمْ فِيْ شَكٍّ يَّلْعَبُوْنَ ⑨

৯। বরং তারা সন্দেহের বশবর্তী হয়ে খেলায় মগ্ন।

فَارْتَقِبْ يَوْمَ تَاْتِي السَّمَاۗءُ بِدُخَانٍ مُّبِيْنٍ ۙ⑩

১০। অতএব তুমি অপেক্ষা কর সেই দিনের যেদিন আকাশ সুস্পষ্ট ধোঁয়াচ্ছন্ন হয়ে আসবে-

يَّغْشَى النَّاسَ ۭ هٰذَا عَذَابٌ اَلِيْمٌ ⑪

১১। আবৃত করে ফেলবে মানুষকে। এটা এক যন্ত্রণাদায়ক শাস্তি।

رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ اِنَّا مُؤْمِنُوْنَ ⑫

১২। (তখন তারা বলবে) 'হে আমাদের প্রতিপালক! আমাদের কাছ থেকে শাস্তি দূর করুন, নিশ্চয় আমরা মু'মিন।'

اَنّٰى لَهُمُ الذِّكْرٰى وَقَدْ جَاۗءَهُمْ رَسُوْلٌ مُّبِيْنٌ ⑬

১৩। তারা কি করে উপদেশ গ্রহণ করবে, যখন তাদের নিকট এসেছে সুস্পষ্ট এক রাসূল-

ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوْا مُعَلَّمٌ مَّجْنُوْنٌ ⑭

১৪। এরপর তারা তার থেকে মুখ ফিরিয়ে নিয়েছে এবং বলেছে, 'সে (জনৈক ব্যক্তি দ্বারা) শিক্ষাপ্রাপ্ত* ও পাগল?'

اِنَّا كَاشِفُوا الْعَذَابِ قَلِيْلًا اِنَّكُمْ عَاۗىِٕدُوْنَ ۘ⑮

১৫। নিশ্চয় আমি সামান্য (সময়ের জন্য) শাস্তি দূর করব, নিশ্চয় তোমরা (তোমাদের পূর্বাবস্থায়) ফিরে যাবে।*

يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرٰى ۚ اِنَّا مُنْتَقِمُوْنَ ⑯

১৬। যেদিন আমি তোমাদেরকে প্রবলভাবে পাকড়াও করব, (তখন) নিশ্চয় আমি উচিত শাস্তি দিব।

وَلَقَدْ فَتَنَّا قَبْلَهُمْ قَوْمَ فِرْعَوْنَ وَجَاۗءَهُمْ رَسُوْلٌ كَرِيْمٌ ⑰

১৭। আর অবশ্যই এদের পূর্বে আমি ফিরআউন সম্প্রদায়কে পরীক্ষা করেছিলাম এবং তাদের কাছেও এসেছিল এক সম্মানিত রাসূল-

اَنْ اَدُّوْٓا اِلَيَّ عِبَادَ اللّٰهِ ۭ اِنِّىْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ۙ⑱

১৮। (সে বলেছিল) 'আল্লাহ্‌র বান্দাদেরকে আমার নিকট দিয়ে দাও। নিশ্চয় আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَّاَنْ لَّا تَعْلُوْا عَلَى اللّٰهِ ۚ اِنِّيْٓ اٰتِيْكُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿١٩﴾

১৯। এবং তোমরা আল্লাহ্‌র বিরুদ্ধে উদ্ধত হয়ো না। নিশ্চয় আমি তোমাদের নিকট উপস্থিত করছি সুস্পষ্ট প্রমাণ।

وَاِنِّيْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ اَنْ تَرْجُمُوْنِ ﴿٢٠﴾

২০। আর তোমরা যাতে আমাকে পাথর নিক্ষেপ করতে না পার সেজন্য নিশ্চয় আমি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালকের আশ্রয় চাচ্ছি।

وَاِنْ لَّمْ تُؤْمِنُوْا لِيْ فَاعْتَزِلُوْنِ ﴿٢١﴾

২১। আর যদি তোমরা আমার উপর ঈমান না-ই আন, তবে আমার কাছ থেকে পৃথক থাক।'

فَدَعَا رَبَّهٗٓ اَنَّ هٰٓؤُلَآءِ قَوْمٌ مُّجْرِمُوْنَ ﴿٢٢﴾

২২। অতঃপর সে (মূসা) তার প্রতিপালককে আহ্বান করে বলেছিল, 'এরা অপরাধী সম্প্রদায়।'

فَاَسْرِ بِعِبَادِيْ لَيْلًا اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿٢٣﴾

২৩। (আমি বলেছিলাম) 'তাহলে তুমি আমার বান্দাদেরকে নিয়ে রাতে বের হয়ে পড়, নিশ্চয় তোমাদের পশ্চাদ্ধাবন করা হবে-

وَاتْرُكِ الْبَحْرَ رَهْوًا ۭ اِنَّهُمْ جُنْدٌ مُّغْرَقُوْنَ ﴿٢٤﴾

২৪। আর সমুদ্রকে স্থির থাকতে দাও।* নিশ্চয় তারা এমন এক বাহিনী যারা নিমজ্জিত হবে।'

كَمْ تَرَكُوْا مِنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٢٥﴾

২৫। তারা পিছনে রেখে গিয়েছিল কতই না বাগান ও ঝর্ণা-

وَّزُرُوْعٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ﴿٢٦﴾

২৬। এবং শস্যক্ষেত্র ও আকর্ষণীয় স্থান-

وَّنَعْمَةٍ كَانُوْا فِيْهَا فٰكِهِيْنَ ﴿٢٧﴾

২৭। এবং বিলাস-উপকরণ যাতে তারা আনন্দ পেত-

كَذٰلِكَ ۫ وَاَوْرَثْنٰهَا قَوْمًا اٰخَرِيْنَ ﴿٢٨﴾

২৮। এরূপই (ছিল তাদের পরিণতি)। এবং আমি এগুলোর উত্তরাধিকারী করেছিলাম অন্য সম্প্রদায়কে।

ع ١٩ ١٤ ١ রুকু ১৪

فَمَا بَكَتْ عَلَيْهِمُ السَّمَآءُ وَالْاَرْضُ وَمَا كَانُوْا مُنْظَرِيْنَ ﴿٢٩﴾

২৯। অতঃপর আকাশ ও পৃথিবী কেউই তাদের জন্য অশ্রুপাত করেনি এবং তাদেরকে অবকাশও দেয়া হয়নি।

وَلَقَدْ نَجَّيْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مِنَ الْعَذَابِ الْمُهِيْنِ ﴿٣٠﴾

৩০। আর অবশ্যই আমি উদ্ধার করেছিলাম বনী ইসরাঈলকে লাঞ্ছনাদায়ক শাস্তি থেকে-

مِنْ فِرْعَوْنَ ۭ اِنَّهٗ كَانَ عَالِيًا مِّنَ الْمُسْرِفِيْنَ ﴿٣١﴾

৩১। ফিরআউনের। নিশ্চয় সে ছিল সীমালঙ্ঘনকারীদের মধ্য থেকে উদ্ধত।

وَلَقَدِ اخْتَرْنٰهُمْ عَلٰي عِلْمٍ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٣٢﴾

৩২। আর অবশ্যই আমি জেনে-বুঝেই তাদেরকে (বনী ইসরাঈলকে) জগৎসমূহের (মানবজাতির) উপর মনোনীত করেছিলাম।

وَاٰتَيْنٰهُمْ مِّنَ الْاٰيٰتِ مَا فِيْهِ بَلٰٓؤٌا مُّبِيْنٌ ﴿٣٣﴾

৩৩। এবং তাদেরকে দিয়েছিলাম নিদর্শনাবলী, যাতে ছিল সুস্পষ্ট পরীক্ষা।

اِنَّ هٰٓؤُلَآءِ لَيَقُوْلُوْنَ ﴿٣٤﴾

৩৪। নিশ্চয় এরা (মুশরিকরা) অবশ্যই বলে-

اِنْ هِيَ اِلَّا مَوْتَتُنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُنْشَرِيْنَ ﴿٣٥﴾

৩৫। 'আমাদের প্রথম মৃত্যু ছাড়া আর কিছুই নেই এবং আমরা পুনর্জীবিত হব না।

فَاْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣٦﴾

৩৬। যদি তোমরা সত্যবাদী হও তবে আমাদের পিতৃপুরুষদেরকে উপস্থিত কর।'

اَهُمْ خَيْرٌ اَمْ قَوْمُ تُبَّعٍ ۙ وَّالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۭ اَهْلَكْنٰهُمْ ۡ اِنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٣٧﴾

৩৭। উত্তম কি এরা, নাকি তুব্বা* সম্প্রদায় ও তাদের পূর্ববর্তীরা? ধ্বংস করেছিলাম আমি তাদেরকে , নিশ্চয় তারা ছিল অপরাধী।

وَمَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا لٰعِبِيْنَ ﴿٣٨﴾

৩৮। আমি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে কোন কিছুই খেলাচ্ছলে সৃষ্টি করিনি।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩৯। আমি এ দু'টি অযথা সৃষ্টি করিনি, কিন্তু তাদের অধিকাংশই জানে না।	مَا خَلَقْنٰهُمَآ اِلَّا بِالْحَقِّ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٣٩﴾
৪০। নিশ্চয় ফয়সালার দিন তাদের সকলের নির্ধারিত সময়-	اِنَّ يَوْمَ الْفَصْلِ مِيْقَاتُهُمْ اَجْمَعِيْنَ ﴿٤٠﴾
৪১। যেদিন এক বন্ধু অপর বন্ধুর কিছুই কাজে আসবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না-	يَوْمَ لَا يُغْنِىْ مَوْلًى عَنْ مَّوْلًى شَيْـًٔا وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤١﴾
৪২। আল্লাহ্ যার প্রতি দয়া করবেন তাকে ছাড়া। নিশ্চয় তিনিই মহাপ্রতাপশালী ও পরম দয়ালু।	اِلَّا مَنْ رَّحِمَ اللّٰهُ ۗ اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿٤٢﴾
৪৩। নিশ্চয় যাক্কুম বৃক্ষ হবে-	اِنَّ شَجَرَتَ الزَّقُّوْمِ ﴿٤٣﴾
৪৪। পাপীর খাদ্য,	طَعَامُ الْاَثِيْمِ ﴿٤٤﴾
৪৫। ফুটন্ত তেলের মত তাদের পেটে উথলাবে-	كَالْمُهْلِ ۚ يَغْلِىْ فِى الْبُطُوْنِ ﴿٤٥﴾
৪৬। উত্তপ্ত পানির উথলানোর মত।	كَغَلْىِ الْحَمِيْمِ ﴿٤٦﴾
৪৭। তাকে ধর এবং টেনে নিয়ে যাও তীব্র আগুনের মাঝখানের দিকে-	خُذُوْهُ فَاعْتِلُوْهُ اِلٰى سَوَآءِ الْجَحِيْمِ ﴿٤٧﴾
৪৮। এরপর তার মাথার উপর ঢেলে দাও উত্তপ্ত পানির শাস্তি।	ثُمَّ صُبُّوْا فَوْقَ رَاْسِهٖ مِنْ عَذَابِ الْحَمِيْمِ ﴿٤٨﴾
৪৯। (বলা হবে) 'স্বাদ গ্রহণ কর, নিশ্চয় তুমিই (ছিলে) সম্মানিত ও অভিজাত।	ذُقْ ۚ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْكَرِيْمُ ﴿٤٩﴾
৫০। নিশ্চয় এটি তাই, যে বিষয়ে তোমরা সন্দেহ করতে।'	اِنَّ هٰذَا مَا كُنْتُمْ بِهٖ تَمْتَرُوْنَ ﴿٥٠﴾
৫১। নিশ্চয় মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে-	اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ مَقَامٍ اَمِيْنٍ ﴿٥١﴾
৫২। বাগান ও ঝর্ণাসমূহের মাঝে-	فِىْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٥٢﴾
৫৩। তারা মুখোমুখী হয়ে মিহি ও পুরু রেশমী পোশাক পরে থাকবে-	يَّلْبَسُوْنَ مِنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٥٣﴾
৫৪। এরূপই (হবে মুত্তাকীদের প্রতিদান)। এবং আমি তাদেরকে ডাগর নয়না হুরদের সাথে বিয়ে দিব।	كَذٰلِكَ ۗ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ ﴿٥٤﴾
৫৫। সেখানে তারা নিশ্চিন্তে প্রত্যেক (প্রকার) ফল-মূল আনতে বলবে।	يَدْعُوْنَ فِيْهَا بِكُلِّ فَاكِهَةٍ اٰمِنِيْنَ ﴿٥٥﴾
৫৬। সেখানে তারা আস্বাদন করবে না মৃত্যু, প্রথম মৃত্যু ছাড়া, এবং তাদেরকে তিনি রক্ষা করবেন তীব্র আগুনের শাস্তি থেকে-	لَا يَذُوْقُوْنَ فِيْهَا الْمَوْتَ اِلَّا الْمَوْتَةَ الْاُوْلٰى ۚ وَوَقٰهُمْ عَذَابَ الْجَحِيْمِ ﴿٥٦﴾
৫৭। তোমার প্রতিপালকের পক্ষ থেকে অনুগ্রহ স্বরূপ। এটিই মহাসাফল্য।	فَضْلًا مِّنْ رَّبِّكَ ۚ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٥٧﴾
৫৮। আর আমি তো তোমার ভাষায় এটিকে (কুরআনকে) সহজ করে দিয়েছি, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।	فَاِنَّمَا يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٥٨﴾
৫৯। সুতরাং তুমি প্রতীক্ষা কর, তারাও প্রতীক্ষমান।	فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ﴿٥٩﴾

রুকূ ১৫ | রুকূ ১৬

৪৫. সূরা আল-জাছিয়া, মাক্কী

৩৭ আয়াত, ৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٥-سُوْرَةُ الْجَاثِيَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٣٧، رُكُوْعَاتُهَا-٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حٰمٓ ﴿١﴾

১। হা-মীম।

تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿٢﴾

২। এ কিতাবের অবতারণ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্‌র পক্ষ থেকে।

اِنَّ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٣﴾

৩। নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে মু'মিনদের জন্য।

وَفِيْ خَلْقِكُمْ وَمَا يَبُثُّ مِنْ دَآبَّةٍ اٰيٰتٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿٤﴾

৪। এবং তোমাদের সৃষ্টিতে এবং যে সব জীব-জন্তু তিনি ছড়িয়ে দেন তাতে নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা নিশ্চিত বিশ্বাস করে-

وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ رِّزْقٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَتَصْرِيْفِ الرِّيٰحِ اٰيٰتٌ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٥﴾

৫। এবং রাত ও দিনের আবর্তনে এবং আল্লাহ্ আকাশ থেকে যে রিযিক (বৃষ্টি) অবতীর্ণ করেন অতঃপর তা দ্বারা ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর- তাতে এবং বায়ুর পরিবর্তনে নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা অনুধাবন করে।

تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَ اللّٰهِ وَاٰيٰتِهٖ يُؤْمِنُوْنَ ﴿٦﴾

৬। এগুলো আল্লাহ্‌র আয়াত, যা আমি তোমার নিকট সত্যসহ পাঠ করছি, সুতরাং আল্লাহ্ এবং তাঁর আয়াতসমূহের পরে তারা আর কোন কথায় ঈমান আনবে?

وَيْلٌ لِّكُلِّ اَفَّاكٍ اَثِيْمٍ ﴿٧﴾

৭। দুর্ভোগ প্রত্যেক পাপীষ্ঠ মিথ্যাবাদীর জন্য-

يَّسْمَعُ اٰيٰتِ اللّٰهِ تُتْلٰى عَلَيْهِ ثُمَّ يُصِرُّ مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ يَسْمَعْهَا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٨﴾

৮। যে আল্লাহ্‌র আয়াতসমূহ শ্রবণ করে যা তার নিকট পাঠ করা হয়, এরপর অহংকারী হয়ে অটল থাকে যেন সে তা শোনেইনি, সুতরাং তাকে সুসংবাদ দাও যন্ত্রণাদায়ক শাস্তির।

وَاِذَا عَلِمَ مِنْ اٰيٰتِنَا شَيْـًٔا ۨ اتَّخَذَهَا هُزُوًا ۭ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿٩﴾

৯। এবং যখন সে আমার কোন আয়াত অবগত হয় তখন সে তা গ্রহণ করে উপহাস হিসেবে। ওরাই তারা যাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

مِنْ وَّرَآئِهِمْ جَهَنَّمُ ۚ وَلَا يُغْنِيْ عَنْهُمْ مَّا كَسَبُوْا شَيْـًٔا وَّلَا مَا اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٠﴾

১০। তাদের সামনে রয়েছে জাহান্নাম এবং তারা যা অর্জন করেছে তা তাদের কিছুই কাজে আসবে না এবং তারা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদেরকে অভিভাবক হিসাবে গ্রহণ করেছে তারাও না। এবং তাদের জন্য রয়েছে মহাশাস্তি।

هٰذَا هُدًى ۚ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ ﴿١١﴾

ع ١٢ ١ রুকূ ١٩

১১। এটি (কুরআন) পথনির্দেশিকা, আর যারা তাদের প্রতিপালকের আয়াতসমূহ অস্বীকার করে তাদের জন্য রয়েছে নিকৃষ্ট যন্ত্রণাদায়ক শাস্তি।

اَللّٰهُ الَّذِيْ سَخَّرَ لَكُمُ الْبَحْرَ لِتَجْرِيَ الْفُلْكُ فِيْهِ بِاَمْرِهٖ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢﴾

১২। আল্লাহ্‌ই সমুদ্রকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন যাতে তাঁর নির্দেশে তাতে নৌযানসমূহ চলাচল করতে পারে এবং যাতে তোমরা তাঁর অনুগ্রহ থেকে তালাশ করতে পারে এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।

وَسَخَّرَ لَكُمْ مَّا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ جَمِيْعًا مِّنْهُ ۚ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿١٣﴾

১৩। আর তিনি আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর পক্ষ থেকে তোমাদের কল্যাণে নিয়োজিত করেছেন। নিশ্চয় এতে অবশ্যই নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা চিন্তা করে।

قُلْ لِّلَّذِيْنَ اٰمَنُوْا يَغْفِرُوْا لِلَّذِيْنَ لَا يَرْجُوْنَ اَيَّامَ اللّٰهِ لِيَجْزِيَ قَوْمًا ۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿١٤﴾

১৪। যারা ঈমান এনেছে তাদেরকে বল, তারা যেন তাদেরকে ক্ষমা করে* যারা আল্লাহ্‌র দিনগুলোর প্রত্যাশা করেনা, যাতে তিনি লোকদেরকে তারা যা অর্জন করে তার প্রতিফল দিতে পারেন।

مَنْ عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ اَسَاۗءَ فَعَلَيْهَا ۣ ثُمَّ اِلٰى رَبِّكُمْ تُرْجَعُوْنَ ﴿١٥﴾

১৫। যে সৎকাজ করে তা (সে করে) নিজেরই কল্যাণের জন্য এবং যে মন্দ কাজ করে তা (সে করে) নিজেরই অকল্যাণের জন্য। এরপর তোমাদেরকে তোমাদের প্রতিপালকের দিকে ফিরিয়ে নেয়া হবে।

وَلَقَدْ اٰتَيْنَا بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٦﴾

১৬। আর অবশ্যই আমি বনী ইসরাঈলকে কিতাব, বিচার-বিবেচনা ও নবুয়্যত দান করেছিলাম এবং তাদেরকে পবিত্র বস্তুসমূহ থেকে রিযিক দিয়েছিলাম এবং তাদেরকে জগৎসমূহের (মানবজাতির) উপর মর্যাদা দিয়েছিলাম।

وَاٰتَيْنٰهُمْ بَيِّنٰتٍ مِّنَ الْاَمْرِ ۚ فَمَا اخْتَلَفُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَاۗءَهُمُ الْعِلْمُ ۭ بَغْيًۢا بَيْنَهُمْ ۭ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٧﴾

১৭। এবং আমি তাদেরকে দ্বীনের বিষয়ে সুস্পষ্ট প্রমাণাদি দান করেছিলাম, অতঃপর তাদের নিকট জ্ঞান আসার পরই তারা তাদের মাঝে বিদ্বেষবশতঃ মতপার্থক্য করেছিল। তারা যে বিষয়ে মতপার্থক্য করত, নিশ্চয় তোমার প্রতিপালক কিয়ামতের দিন তাদের মাঝে সে বিষয়ে ফয়সালা করে দিবেন।

ثُمَّ جَعَلْنٰكَ عَلٰي شَرِيْعَةٍ مِّنَ الْاَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ اَهْوَاۗءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿١٨﴾

১৮। এরপর আমি তোমাকে প্রতিষ্ঠিত করেছি দ্বীনের বিষয়ে এক শরীয়তের উপর, সুতরাং তুমি এর (শরীয়তের) অনুসরণ কর এবং যারা জানেনা তাদের প্রবৃত্তির অনুসরণ করো না।

اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ شَيْـــًٔا ۭ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ اَوْلِيَاۗءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ﴿١٩﴾

১৯। নিশ্চয় তারা আল্লাহ্‌র মোকাবিলায় কখনো তোমার কিছুই উপকারে আসবে না এবং নিশ্চয় জালিমরা একে অপরের বন্ধু, আর আল্লাহ্ মুত্তাকীদের বন্ধু।

هٰذَا بَصَاۗىِٕرُ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿٢٠﴾

২০। এটি (কুরআন) মানুষের জন্য (জ্ঞানের) আলোকবর্তিকা এবং পথনির্দেশিকা ও দয়া এমন সম্প্রদায়ের জন্য যারা নিশ্চিত বিশ্বাস করে।

اَمْ حَسِبَ الَّذِيْنَ اجْتَرَحُوا السَّيِّاٰتِ اَنْ نَّجْعَلَهُمْ كَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ سَوَاۗءً مَّحْيَاهُمْ وَمَمَاتُهُمْ ۭ سَاۗءَ مَا يَحْكُمُوْنَ ﴿٢١﴾

২১। যারা মন্দ কামাই করেছে তারা কি মনে করেছে যে, আমি তাদেরকে জীবন ও মৃত্যুর দিক দিয়ে তাদের সমান গণ্য করব যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে? তারা যা বিচার করে তা কতই না নিকৃষ্ট!

রুকূ ২ ১৮

وَخَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَلِتُجْزٰى كُلُّ نَفْسٍۢ بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٢﴾

২২। আর আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন সত্যসহ (সঠিক লক্ষ্যে*) এবং প্রত্যেক ব্যক্তিকে সে যা অর্জন করেছে তার প্রতিদান দেয়ার জন্য, এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

اَفَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ وَاَضَلَّهُ اللّٰهُ عَلٰي عِلْمٍ وَّخَتَمَ عَلٰي سَمْعِهٖ وَقَلْبِهٖ وَجَعَلَ عَلٰي بَصَرِهٖ غِشٰوَةً ۭ فَمَنْ يَّهْدِيْهِ مِنْۢ بَعْدِ اللّٰهِ ۭ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٣﴾

২৩। অতঃপর তুমি তাকে লক্ষ্য করেছ কি, যে তার প্রবৃত্তিকে তার ইলাহ্ হিসেবে গ্রহণ করেছে? এবং আল্লাহ্ জেনে-বুঝেই তাকে পথভ্রষ্ট করেছেন এবং তার কান ও হৃদয়ের উপর মোহর মেরে দিয়েছেন এবং তার চোখের উপর পর্দা স্থাপন করেছেন। অতএব আল্লাহ্‌র পরে কে তাকে সঠিক পথ প্রদর্শন করবে? তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَقَالُوْا مَا هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَآ
اِلَّا الدَّهْرُ ۚ وَمَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۚ اِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ﴿٢٤﴾

২৪। এবং তারা বলে, 'এটি (জীবন) কেবল আমাদের দুনিয়ার জীবন, আমরা (এখানেই) মরি ও বাঁচি, এবং সময়ই* আমাদেরকে ধ্বংস করে,' অথচ এ ব্যাপারে তাদের কাছে কোন জ্ঞান নেই, তারা কেবল অনুমান করে থাকে।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ مَّا كَانَ حُجَّتَهُمْ اِلَّآ اَنْ
قَالُوا ائْتُوْا بِاٰبَآئِنَا اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٥﴾

২৫। এবং যখন তাদের নিকট আমার আয়াতসমূহকে সুস্পষ্ট প্রমাণ হিসেবে পাঠ করা হয় তখন তাদের কোন যুক্তি থাকে না কেবল এই কথা ছাড়া যে, 'তোমরা আমাদের পিতৃপুরুষদেরকে উপস্থিত কর- যদি তোমরা সত্যবাদী হও।'

قُلِ اللّٰهُ يُحْيِيْكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ
لَا رَيْبَ فِيْهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٦﴾ ع ٣ ١٩ ٣ রুকূ ১৯

২৬। বল, 'আল্লাহ্ তোমাদেরকে জীবিত করেন, এরপর তোমাদের মৃত্যু ঘটান, এরপর তিনি তোমাদেরকে একত্র করবেন কিয়ামতের দিনের জন্য, যে ব্যাপারে (অর্থাৎ কিয়ামতে) কোন সন্দেহ নেই, কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না।'

وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَئِذٍ
يَّخْسَرُ الْمُبْطِلُوْنَ ﴿٢٧﴾

২৭। আর আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্‌র, এবং যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন বাতিলপন্থীরা ক্ষতিগ্রস্ত হবে।

وَتَرٰى كُلَّ اُمَّةٍ جَاثِيَةً قف كُلُّ اُمَّةٍ تُدْعٰٓى اِلٰى كِتٰبِهَا ؕ اَلْيَوْمَ
تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٨﴾

২৮। এবং প্রত্যেক উম্মতকে তুমি দেখবে নতজানু অবস্থায়। প্রত্যেক উম্মতকে তার কিতবের (আমলনামার) প্রতি আহ্বান করা হবে (এই বলে যে), 'আজ তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হবে যা তোমরা করতে।

هٰذَا كِتٰبُنَا يَنْطِقُ عَلَيْكُمْ بِالْحَقِّ ؕ اِنَّا كُنَّا نَسْتَنْسِخُ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٩﴾

২৯। এটি আমার কিতাব (আমলনামা) যা কথা বলছে তোমাদের বিরুদ্ধে সঠিকভাবে। নিশ্চয় আমি লিপিবদ্ধ করে রাখতাম যা তোমরা করতে।'

فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُدْخِلُهُمْ رَبُّهُمْ فِيْ
رَحْمَتِهٖ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْمُبِيْنُ ﴿٣٠﴾

৩০। অতঃপর যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তাদের প্রতিপালক তাদেরকে প্রবেশ করাবেন তাঁর দয়ার মধ্যে। এটিই সুস্পষ্ট সাফল্য।

وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا قف اَفَلَمْ تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ
فَاسْتَكْبَرْتُمْ وَكُنْتُمْ قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿٣١﴾

৩১। পক্ষান্তরে যারা কুফরী করেছে (তাদেরকে বলা হবে), 'তোমাদের নিকট কি আমার আয়াতসমূহ পাঠ করা হয়নি? অতঃপর তোমরা অহংকার করেছিলে এবং তোমরা ছিলে এক অপরাধী সম্প্রদায়।'

وَاِذَا قِيْلَ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّالسَّاعَةُ لَا رَيْبَ فِيْهَا قُلْتُمْ مَّا نَدْرِيْ
مَا السَّاعَةُ ۙ اِنْ نَّظُنُّ اِلَّا ظَنًّا وَّمَا نَحْنُ بِمُسْتَيْقِنِيْنَ ﴿٣٢﴾

৩২। এবং যখন বলা হত, 'আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য এবং কিয়ামতের ব্যাপারে কোন সন্দেহ নেই' তখন তোমরা বলতে, 'আমরা জানি না কিয়ামত কী, আমরা কেবল অনুমান করছি এবং আমরা এ ব্যাপারে নিশ্চিত নই।'

وَبَدَا لَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٣٣﴾

৩৩। এবং তাদের নিকট তাদের কাজের মন্দসমূহ প্রকাশ হয়ে পড়বে এবং যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত তা তাদেরকে পরিবেষ্টন করবে।

وَقِيْلَ الْيَوْمَ نَنْسٰىكُمْ كَمَا نَسِيْتُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا وَمَاْوٰىكُمُ
النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٣٤﴾

৩৪। এবং বলা হবে, 'আজ আমি তোমাদেরকে ভুলে থাকব যেমন তোমরা এ দিনের সাক্ষাৎকে ভুলে ছিলে, এবং তোমাদের আশ্রয়স্থল হবে আগুন এবং তোমাদের কোন সাহায্যকারী থাকবে না।'

ذٰلِكُمْ بِاَنَّكُمُ اتَّخَذْتُمْ اٰيٰتِ اللّٰهِ هُزُوًا وَّغَرَّتْكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ
فَالْيَوْمَ لَا يُخْرَجُوْنَ مِنْهَا وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ﴿٣٥﴾

৩৫। এটা এজন্য যে, তোমরা আল্লাহ্‌র নিদর্শনাবলীকে উপহাস হিসেবে গ্রহণ করেছিলে এবং দুনিয়ার জীবন তোমাদেরকে প্রতারিত করেছিল, সুতরাং সেদিন তাদেরকে তা (জাহান্নাম) থেকে বের করা হবে না এবং তাদেরকে (আল্লাহ্‌র) সন্তুষ্টি লাভেরও সুযোগ দেয়া হবে না।

فَلِلّٰهِ الْحَمْدُ رَبِّ السَّمٰوٰتِ وَرَبِّ الْاَرْضِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٦﴾

৩৬। সুতরাং সকল প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আকাশসমূহের প্রতিপালক এবং পৃথিবীর প্রতিপালক - জগৎসমূহের প্রতিপালক।

وَلَهُ الْكِبْرِيَآءُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۖ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٣٧﴾ ع ٤ ١١ ٣٠ ٤ রুকূ ২০

৩৭। আকাশসমূহ ও পৃথিবীতে শ্রেষ্ঠত্ব তাঁরই, এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪৬. সূরা আল-আহ্কাফ, মাক্কী
৩৫ আয়াত, ৪ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্র নামে

٤٦-سُوْرَةُ الْاَحْقَافِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٣٥، رُكُوْعَاتُهَا-٤
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-২৬

حٰمٓ ﴿١﴾

১। হা-মীম।

تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿٢﴾

২। এ কিতাবের অবতারণ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান আল্লাহ্র পক্ষ থেকে।

مَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا عَمَّآ اُنْذِرُوْا مُعْرِضُوْنَ ﴿٣﴾

৩। আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে সব কিছুই আমি সৃষ্টি করেছি সত্যসহ (সঠিক লক্ষ্যে) এবং একটি নির্দিষ্ট সময়ের জন্য। কিন্তু যারা কুফরী করেছে তারা যে বিষয়ে তাদেরকে সতর্ক করা হয়েছে তা থেকে মুখ ফিরিয়ে নেয়।

قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ؕ اِيْتُوْنِيْ بِكِتٰبٍ مِّنْ قَبْلِ هٰذَآ اَوْ اَثٰرَةٍ مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤﴾

৪। বল, 'তোমরা আল্লাহ্কে বাদ দিয়ে যাদেরকে ডাক তাদের সম্পর্কে ভেবে দেখেছ কি? আমাকে দেখাও এরা পৃথিবীতে কী সৃষ্টি করেছে অথবা আকাশসমূহে তাদের কোন অংশীদারিত্ব আছে কি? এর পূর্ববর্তী কোন কিতাব অথবা অবশিষ্ট কোন জ্ঞান* থাকলে তা তোমরা আমার নিকট উপস্থিত কর- যদি তোমরা সত্যবাদী হও।'

وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗٓ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ وَهُمْ عَنْ دُعَآئِهِمْ غٰفِلُوْنَ ﴿٥﴾

৫। এবং কে অধিক পথভ্রষ্ট তার চেয়ে যে আল্লাহ্কে বাদ দিয়ে এমন কিছুকে ডাকে যা কিয়ামতের দিন পর্যন্ত তাকে সাড়া দিবে না এবং তারা তাদের প্রার্থনা সম্বন্ধেও বেখবর?

وَاِذَا حُشِرَ النَّاسُ كَانُوْا لَهُمْ اَعْدَآءً وَّكَانُوْا بِعِبَادَتِهِمْ كٰفِرِيْنَ ﴿٦﴾

৬। এবং যখন (কিয়ামতের দিন) মানুষকে সমবেত করা হবে তখন তারা হবে তাদের শত্রু এবং তারা হবে তাদের ইবাদতকে অস্বীকারকারী।

وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٧﴾

৭। এবং যখন তাদের নিকট আমার আয়াতসমূহকে সুস্পষ্ট প্রমাণ হিসেবে পাঠ করা হয় তখন যারা অবিশ্বাস করেছে তারা সত্যের (কুরআনের) ব্যাপারে বলে, যখন তা তাদের কাছে এসেছে, 'এটা সুস্পষ্ট জাদু।'

اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَلَا تَمْلِكُوْنَ لِيْ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ هُوَ اَعْلَمُ بِمَا تُفِيْضُوْنَ فِيْهِ ؕ كَفٰى بِهٖ شَهِيْدًۢا بَيْنِيْ وَبَيْنَكُمْ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٨﴾

৮। তারা কি বলে, 'সে এটি রচনা করেছে?' বল, 'যদি আমি এটি রচনা করে থাকি, তবে আল্লাহ্র (শাস্তির) বিপরীতে আমার জন্য তোমাদের কিছুই ক্ষমতা নেই। তোমরা যে বিষয়ে আলোচনায় লিপ্ত আছ সে সম্বন্ধে আল্লাহ্ সবচেয়ে বেশি জানেন। আমার ও তোমাদের মাঝে সাক্ষী হিসাবে তিনিই যথেষ্ট এবং তিনিই অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।'

قُلْ مَا كُنْتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَآ اَدْرِيْ مَا يُفْعَلُ بِيْ وَلَا بِكُمْ ؕ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ وَمَآ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٩﴾

৯। বল, 'আমি কোন অভিনব রাসূল নই এবং আমি জানি না আমার ও তোমাদের সাথে কী করা হবে*। আমি আমার প্রতি যা ওহী করা হয় কেবল তারই অনুসরণ করি এবং আমি কেবল একজন স্পষ্ট সতর্ককারী।'

قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ وَكَفَرْتُمْ بِهٖ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ عَلٰى مِثْلِهٖ فَاٰمَنَ وَاسْتَكْبَرْتُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿١٠﴾

১০। বল, 'তোমরা ভেবে দেখেছ কি যদি তা (কুরআন) আল্লাহ্র নিকট থেকে হয়ে থাকে এবং তোমরা তা অবিশ্বাস কর, অথচ বনী ইসরাঈলের একজন সাক্ষী* একে (তাওরাতের) অনুরূপ (কিতাব) হওয়ার ব্যাপারে সাক্ষ্য দিয়েছে এবং সে ঈমান এনেছে, আর তোমরা অহংকার করলে (তাহলে কি তোমরা জালিম নও)? নিশ্চয় আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

ع ١ ١ রুকূ ١

وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْ كَانَ خَيْرًا مَّا سَبَقُوْنَآ
اِلَيْهِ ۭ وَاِذْ لَمْ يَهْتَدُوْا بِهٖ فَسَيَقُوْلُوْنَ هٰذَآ اِفْكٌ قَدِيْمٌ ⑪

১১। আর যারা কুফরী করেছে তারা যারা (সদ্য) ঈমান এনেছে তাদেরকে বলে, 'যদি তা উত্তমই হত তাহলে তাতে (ঈমান আনার ক্ষেত্রে) ওরা (প্রথম দিকের ঈমান আনয়নকারীরা) আমাদেরকে অতিক্রম করতে পারত না।' আর যেহেতু তারা এর দ্বারা সঠিক পথ অনুসরণ করেনি তাই শীঘ্রই তারা বলবে, 'এটা এক পুরনো মিথ্যাচার।'

وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ۭ وَهٰذَا كِتٰبٌ
مُّصَدِّقٌ لِّسَانًا عَرَبِيًّا لِّيُنْذِرَ الَّذِيْنَ ظَلَمُوْا ۠ وَبُشْرٰى
لِلْمُحْسِنِيْنَ ⑫

১২। এবং এর পূর্বে ছিল মূসার কিতাব, পথপ্রদর্শক ও দয়া স্বরূপ। আর এটি জালিমদেরকে সতর্ক করার জন্য (পূর্ববর্তী কিতাবসমূহের) সত্যায়নকারী এক কিতাব, আরবি ভাষায় (অবতীর্ণ) এবং সৎকর্মপরায়নদের জন্য সুসংবাদ স্বরূপ।

اِنَّ الَّذِيْنَ قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ
وَلَا هُمْ يَحْزَنُوْنَ ⑬

১৩। নিশ্চয় যারা বলে, 'আমাদের প্রতিপালক আল্লাহ্' এরপর অবিচল থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

اُولٰۗىِٕكَ اَصْحٰبُ الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا ۚ جَزَاۗءًۢ بِمَا كَانُوْا
يَعْمَلُوْنَ ⑭

১৪। তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে, তারা যা করত তার প্রতিদান স্বরূপ।

وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ اِحْسٰنًا ۭ حَمَلَتْهُ اُمُّهٗ كُرْهًا وَّوَضَعَتْهُ
كُرْهًا ۭ وَحَمْلُهٗ وَفِصٰلُهٗ ثَلٰثُوْنَ شَهْرًا ۭ حَتّٰٓى اِذَا بَلَغَ اَشُدَّهٗ وَبَلَغَ
اَرْبَعِيْنَ سَنَةً ۙ قَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ
اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰي وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَصْلِحْ لِيْ
فِيْ ذُرِّيَّتِيْ ۚ اِنِّيْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّيْ مِنَ الْمُسْلِمِيْنَ ⑮

১৫। এবং আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি সদয় ব্যবহারের নির্দেশ দিয়েছি। তার মা* তাকে গর্ভে ধারণ করেছে কষ্টের সাথে এবং প্রসব করেছে কষ্টের সাথে, তাকে গর্ভে ধারণ করতে এবং তার দুধ ছাড়াতে লাগে ত্রিশ মাস, ক্রমে যখন সে (শক্তি-সামর্থ্য ও বয়সের) পূর্ণতায় পৌঁছে এবং চল্লিশ বছরে উপনীত হয়, তখন বলে, 'হে আমার প্রতিপালক! আপনি আমাকে সামর্থ্য দিন, যাতে আমি আপনার নেয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি যা আপনি আমার উপর ও আমার পিতা-মাতার উপর দান করেছেন, এবং যাতে আমি সেই সৎকাজ করতে পারি যা আপনি পছন্দ করেন এবং আমার জন্য আমার সন্তান-সন্ততিকে সংশোধন করে দিন। নিশ্চয় আমি অনুতপ্ত হয়ে আপনার দিকে ফিরে এলাম এবং নিশ্চয় আমি মুসলিমদের অন্তর্ভুক্ত।'

اُولٰۗىِٕكَ الَّذِيْنَ نَتَقَبَّلُ عَنْهُمْ اَحْسَنَ مَا عَمِلُوْا وَنَتَجَاوَزُ
عَنْ سَيِّاٰتِهِمْ فِيْٓ اَصْحٰبِ الْجَنَّةِ ۭ وَعْدَ الصِّدْقِ الَّذِيْ كَانُوْا
يُوْعَدُوْنَ ⑯

১৬। জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত ওরাই তারা যাদের থেকে আমি তাদের উত্তম কাজগুলো গ্রহণ করে থাকি এবং তাদের মন্দসমূহ উপেক্ষা করি। (এসব) সত্য প্রতিশ্রুতি, যে প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হয়েছে।

وَالَّذِيْ قَالَ لِوَالِدَيْهِ اُفٍّ لَّكُمَآ اَتَعِدٰنِنِيْٓ اَنْ اُخْرَجَ وَقَدْ
خَلَتِ الْقُرُوْنُ مِنْ قَبْلِيْ ۚ وَهُمَا يَسْتَغِيْثٰنِ اللّٰهَ وَيْلَكَ اٰمِنْ ڰ اِنَّ
وَعْدَ اللّٰهِ حَقٌّ ۡ فَيَقُوْلُ مَا هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ⑰

১৭। আর যে তার পিতা-মাতাকে বলে, 'উহ্'(আমি বিরক্ত) তোমাদের জন্য! তোমরা কি আমাকে ভয় দেখাচ্ছ যে, আমাকে (কবর থেকে) বের করা হবে, অথচ আমার পূর্বে বহু প্রজন্ম অতীত হয়েছে?' এমতাবস্থায় তারা দু'জন আল্লাহ্র কাছে সাহায্য প্রার্থনা করে (এবং বলে), 'দুর্ভোগ তোমার জন্য! তুমি বিশ্বাস স্থাপন কর, নিশ্চয় আল্লাহ্র প্রতিশ্রুতি সত্য।' অতঃপর সে বলে, 'এটা পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়।'

اُولٰۗىِٕكَ الَّذِيْنَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِيْٓ اُمَمٍ قَدْ خَلَتْ مِنْ
قَبْلِهِمْ مِّنَ الْجِنِّ وَالْاِنْسِ ۭ اِنَّهُمْ كَانُوْا خٰسِرِيْنَ ⑱

১৮। ওরাই তারা যাদের উপর অবধারিত হয়েছে সেই কথা (যা অবধারিত হয়েছিল) সেই উম্মতসমূহের ক্ষেত্রে, যারা অতীত হয়েছে তাদের পূর্বে জ্বীন ও মানুষের মধ্য হতে। নিশ্চয় তারা ছিল ক্ষতিগ্রস্ত।

وَلِكُلٍّ دَرَجٰتٌ مِّمَّا عَمِلُوْا ۚ وَلِيُوَفِّيَهُمْ اَعْمَالَهُمْ وَهُمْ لَا
يُظْلَمُوْنَ ⑲

১৯। এবং প্রত্যেকের জন্য রয়েছে তার কাজ অনুসারে মর্যাদা এবং এটা এজন্য যে, তিনি (আল্লাহ্) তাদেরকে তাদের কাজের পূর্ণ প্রতিফল দিবেন এবং তাদের প্রতি জুলুম করা হবে না।

وَيَوْمَ يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ ؕ اَذْهَبْتُمْ طَيِّبٰتِكُمْ فِيْ
حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُمْ بِهَا ۚ فَالْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ
الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا
كُنْتُمْ تَفْسُقُوْنَ ﴿٢٠﴾

২০। যেদিন কাফিরদেরকে আগুনের সামনে উপস্থিত করা হবে (সেদিন তাদেরকে বলা হবে), 'তোমরা তোমাদের দুনিয়ার জীবনেই তোমাদের সুখশান্তি নিঃশেষ করেছ এবং সেগুলো উপভোগ করেছ, সুতরাং আজ তোমাদেরকে প্রতিফল দেয়া হবে লাঞ্ছনার শাস্তি, কারণ তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে অহংকার করছিলে এবং তোমরা পাপাচার করতে।'

وَاذْكُرْ اَخَا عَادٍ ؕ اِذْ اَنْذَرَ قَوْمَهٗ بِالْاَحْقَافِ وَقَدْ خَلَتِ النُّذُرُ
مِنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖۤ اَلَّا تَعْبُدُوْۤا اِلَّا اللّٰهَ ؕ اِنِّيْۤ اَخَافُ
عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿٢١﴾

২১। এবং আদ-এর ভাইয়ের* (কথা) উল্লেখ কর। যখন সে আহ্কাফ* উপত্যকায় তার সম্প্রদায়কে সতর্ক করেছিল- আর অবশ্যই অতীত হয়েছে সতর্ককারীরা তার পূর্বে এবং তার পরে- (এই বলে) যে, 'তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কারো ইবাদত করো না। নিশ্চয় আমি তোমাদের উপর এক ভয়াবহ দিনের শাস্তির আশঙ্কা করছি।'

قَالُوْۤا اَجِئْتَنَا لِتَاْفِكَنَا عَنْ اٰلِهَتِنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَاۤ اِنْ
كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٢﴾

২২। তারা বলেছিল, 'তুমি কি আমাদেরকে আমাদের উপাস্যগুলো থেকে নিবৃত্ত করতে আমাদের কাছে এসেছ? তবে আমাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দিচ্ছ তা নিয়ে আস- যদি তুমি সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।'

قَالَ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاُبَلِّغُكُمْ مَّاۤ اُرْسِلْتُ بِهٖ وَلٰكِنِّيْۤ
اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٣﴾

২৩। সে বলল, '(এর) জ্ঞান কেবল আল্লাহ্র নিকট রয়েছে। আর যা নিয়ে আমি প্রেরিত হয়েছি তা আমি তোমাদেরকে পৌঁছে দিচ্ছি। কিন্তু আমি তোমাদেরকে দেখছি, এক অজ্ঞ সম্প্রদায়।'

فَلَمَّا رَاَوْهُ عَارِضًا مُّسْتَقْبِلَ اَوْدِيَتِهِمْ ۙ قَالُوْا هٰذَا
عَارِضٌ مُّمْطِرُنَا ؕ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهٖ ؕ رِيْحٌ فِيْهَا
عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٤﴾

২৪। অতঃপর যখন তারা তা (আযাব) দেখল তাদের উপত্যকার দিকে অগ্রসরমান মেঘরূপে, তখন তারা বলল, 'এটা মেঘ, আমাদেরকে বৃষ্টি বর্ষণ করবে।' (নবী বলল) 'বরং এটা তাই যার জন্য তোমরা তাড়াহুড়া করছিলে। এটা বাতাস, যাতে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি-

تُدَمِّرُ كُلَّ شَيْءٍۭ بِاَمْرِ رَبِّهَا فَاَصْبَحُوْا لَا يُرٰۤى اِلَّا مَسٰكِنُهُمْ ؕ
كَذٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِيْنَ ﴿٢٥﴾

২৫। তার প্রতিপালকের নির্দেশে তা সব কিছুকে ধ্বংস করে দিবে', অতঃপর তাদের পরিণাম এই হল যে, তাদের বাসস্থানসমূহ ছাড়া আর কিছুই দেখা যাচ্ছিল না। এভাবেই আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দেই।

وَلَقَدْ مَكَّنّٰهُمْ فِيْمَاۤ اِنْ مَّكَّنّٰكُمْ فِيْهِ وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَّاَبْصَارًا
وَّاَفْـِٕدَةً ۖ فَمَاۤ اَغْنٰى عَنْهُمْ سَمْعُهُمْ وَلَاۤ اَبْصَارُهُمْ وَلَاۤ اَفْـِٕدَتُهُمْ
مِّنْ شَيْءٍ اِذْ كَانُوْا يَجْحَدُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۖ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا
بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٢٦﴾

২৬। আর অবশ্যই আমি তাদেরকে এমন ক্ষেত্রে প্রতিষ্ঠিত করেছিলাম যে ক্ষেত্রে আমি তোমাদেরকে প্রতিষ্ঠিত করিনি এবং আমি তাদেরকে দিয়েছিলাম কান, চোখ ও অন্তর, অতঃপর না তাদের কোন কাজে আসল তাদের কান, আর না তাদের চোখ, আর না তাদের অন্তর, কেননা তারা আল্লাহ্র আয়াতসমূহকে অস্বীকার করত, এবং যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত তা তাদেরকে পরিবেষ্টন করল।

وَلَقَدْ اَهْلَكْنَا مَا حَوْلَكُمْ مِّنَ الْقُرٰى وَصَرَّفْنَا الْاٰيٰتِ لَعَلَّهُمْ
يَرْجِعُوْنَ ﴿٢٧﴾

২৭। আর অবশ্যই আমি ধ্বংস করেছিলাম তোমাদের চারপাশের জনপদসমূহ, এবং তাদেরকে আমি আয়াতসমূহ বিভিন্নভাবে বর্ণনা করেছিলাম, যাতে তারা ফিরে আসতে পারে।

فَلَوْلَا نَصَرَهُمُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ قُرْبَانًا اٰلِهَةً ؕ
بَلْ ضَلُّوْا عَنْهُمْ ۚ وَذٰلِكَ اِفْكُهُمْ وَمَا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٨﴾

২৮। অতএব তারা (আল্লাহ্র) সান্নিধ্য লাভের জন্য আল্লাহ্কে বাদ দিয়ে যাদেরকে ইলাহ্রূপে গ্রহণ করেছিল তারা তাদেরকে সাহায্য করল না কেন? বরং তারা তাদের থেকে উধাও হয়ে গিয়েছিল, এবং এটি (ছিল) তাদের মিথ্যাচার এবং তাদের উদ্ভাবন।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৯। এবং যখন আমি তোমার দিকে ফিরিয়ে এনেছিলাম একদল জ্বীনকে, যারা কুরআন (পাঠ) শুনছিল, অতঃপর যখন তারা তার নিকট উপস্থিত হল তখন তারা বলল, 'চুপ করে শোন,' অতঃপর যখন (কুরআন পাঠ) সমাপ্ত হল তখন তারা তাদের সম্প্রদায়ের নিকট ফিরে গেল সতর্ককারী হয়ে।

وَاِذْ صَرَفْنَآ اِلَيْكَ نَفَرًا مِّنَ الْجِنِّ يَسْتَمِعُوْنَ الْقُرْاٰنَ ۚ فَلَمَّا حَضَرُوْهُ قَالُوْٓا اَنْصِتُوْا ۚ فَلَمَّا قُضِيَ وَلَّوْا اِلٰى قَوْمِهِمْ مُّنْذِرِيْنَ ﴿٢٩﴾

৩০। তারা বলেছিল, 'হে আমাদের সম্প্রদায়! নিশ্চয় আমরা শুনেছি এমন এক কিতাব (পাঠ) যা অবতীর্ণ করা হয়েছে মূসার পরে, এর (অর্থাৎ কুরআনের) সামনে যা আছে তার (অর্থাৎ পূর্ববর্তী কিতাবের) সত্যায়নকারীরূপে, যা পরিচালিত করে সত্যের দিকে ও সরল-সঠিক পথের দিকে।

قَالُوْا يٰقَوْمَنَآ اِنَّا سَمِعْنَا كِتٰبًا اُنْزِلَ مِنْۢ بَعْدِ مُوْسٰى مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ يَهْدِيْٓ اِلَى الْحَقِّ وَاِلٰى طَرِيْقٍ مُّسْتَقِيْمٍ ﴿٣٠﴾

৩১। হে আমাদের সম্প্রদায়! আল্লাহ্‌র (দিকে) আহ্বানকারীর (ডাকে) সাড়া দাও এবং তাঁর (আল্লাহ্‌র) প্রতি ঈমান আন, তিনি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন এবং যন্ত্রণাদায়ক শাস্তি থেকে তোমাদেরকে রক্ষা করবেন।'

يٰقَوْمَنَآ اَجِيْبُوْا دَاعِيَ اللّٰهِ وَاٰمِنُوْا بِهٖ يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُجِرْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿٣١﴾

৩২। আর যে আল্লাহ্‌র (দিকে) আহ্বানকারীর ডাকে সাড়া দেয় না সে পৃথিবীতে (আল্লাহ্‌কে) অক্ষম করতে পারবে না এবং আল্লাহ্ ছাড়া তার কোন অভিভাবক থাকবে না। তারাই সুস্পষ্ট পথভ্রষ্টতায় রয়েছে।

وَمَنْ لَّا يُجِبْ دَاعِيَ اللّٰهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْاَرْضِ وَلَيْسَ لَهٗ مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءُ ؕ اُولٰٓئِكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٢﴾

৩৩। তারা কি ভেবে দেখেনি যে, যে আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং এসবের সৃষ্টিতে কোন ক্লান্তি বোধ করেননি, তিনি মৃতদের জীবিত করতেও সক্ষম? হ্যাঁ, নিশ্চয় তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

اَوَلَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَلَمْ يَعْيَ بِخَلْقِهِنَّ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يُّحْيِيَ الْمَوْتٰى ؕ بَلٰٓى اِنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٣٣﴾

৩৪। এবং যেদিন কাফিরদেরকে আগুনের সামনে উপস্থিত করা হবে, (সেদিন তাদেরকে বলা হবে) 'এটা কি সত্য নয়?' তারা বলবে, 'হ্যাঁ, আমাদের প্রতিপালকের কসম।' তিনি বলবেন, 'অতএব শাস্তি আস্বাদন কর, কারণ তোমরা কুফরী করতে।'

وَيَوْمَ يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ ؕ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ؕ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ؕ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣٤﴾

৩৫। সুতরাং তুমি ধৈর্য ধারণ কর যেমন ধৈর্য ধারণ করেছিল দৃঢ়সংকল্পসম্পন্ন রাসূলরা। এবং তুমি তাদের জন্য তাড়াহুড়া করো না। তাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা যেদিন তারা প্রত্যক্ষ করবে, (সেদিন তাদের মনে হবে) তারা যেন দিনের এক মুহূর্তকাল ব্যতীত অবস্থান করেনি। (এটি) একটি ঘোষণা, অতএব পাপাচারী সম্প্রদায়কে ছাড়া আর কাউকে ধ্বংস করা হবে কি?

فَاصْبِرْ كَمَا صَبَرَ اُولُوا الْعَزْمِ مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَّهُمْ ؕ كَاَنَّهُمْ يَوْمَ يَرَوْنَ مَا يُوْعَدُوْنَ ۙ لَمْ يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنْ نَّهَارٍ ؕ بَلٰغٌ ۚ فَهَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الْفٰسِقُوْنَ ﴿٣٥﴾

ع ٤ ٩ ٤ ٨ রুকু ٨

৪৭. সূরা মুহাম্মদ, মাদানী

৩৮ আয়াত, ৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٧-سُوْرَةُ مُحَمَّدٍ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٣٨، رُكُوْعَاتُهَا-٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ اَضَلَّ اَعْمَالَهُمْ ①

১। যারা কুফরী করেছে এবং (মানুষকে) আল্লাহ্‌র পথ হতে বিরত রেখেছে তিনি তাদের কর্মসমূহ নিস্ফল করে দিবেন।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاٰمَنُوْا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ وَّهُوَ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۙ كَفَّرَ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَاَصْلَحَ بَالَهُمْ ②

২। আর যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে এবং মুহাম্মদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাতে ঈমান এনেছে-আর তা তাদের প্রতিপালকের পক্ষ হতে (প্রেরিত) সত্য- তিনি তাদের পাপসমূহ মোচন করবেন এবং তাদের অবস্থা সংশোধন করবেন।

ذٰلِكَ بِاَنَّ الَّذِيْنَ كَفَرُوا اتَّبَعُوا الْبَاطِلَ وَاَنَّ الَّذِيْنَ اٰمَنُوا اتَّبَعُوا الْحَقَّ مِنْ رَّبِّهِمْ ۚ كَذٰلِكَ يَضْرِبُ اللّٰهُ لِلنَّاسِ اَمْثَالَهُمْ ③

৩। এটা এজন্য যে, যারা কুফরী করেছে তারা বাতিলের (মিথ্যার) অনুসরণ করেছে, এবং এও যে, যারা ঈমান এনেছে তারা তাদের প্রতিপালকের পক্ষ হতে (প্রেরিত) সত্যের অনুসরণ করেছে। এভাবেই আল্লাহ্ মানুষের জন্য তাদের দৃষ্টান্তসমূহ পেশ করেন।

فَاِذَا لَقِيْتُمُ الَّذِيْنَ كَفَرُوْا فَضَرْبَ الرِّقَابِ ۚ حَتّٰۤى اِذَاۤ اَثْخَنْتُمُوْهُمْ فَشُدُّوا الْوَثَاقَ ۗ فَاِمَّا مَنًّا بَعْدُ وَاِمَّا فِدَآءً حَتّٰى تَضَعَ الْحَرْبُ اَوْزَارَهَا ۚ ذٰلِكَ ۛ وَلَوْ يَشَآءُ اللّٰهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلٰكِنْ لِّيَبْلُوَ بَعْضَكُمْ بِبَعْضٍ ۗ وَالَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ فَلَنْ يُّضِلَّ اَعْمَالَهُمْ ④

৪। অতএব যখন তোমরা কাফিরদের সাথে (যুদ্ধের ময়দানে) সাক্ষাৎ করবে, তখন ঘাড়ে আঘাত কর। অবশেষে যখন তোমরা তাদেরকে সম্পূর্ণরূপে পরাভূত করবে, তখন তাদেরকে কষে বাঁধবে- এবং পরবর্তীতে হয় দয়া প্রদর্শন করবে (ছেড়ে দিবে) অথবা বিনিময় গ্রহণ করবে (ছেড়ে দেয়ার জন্য)- যতক্ষণ না যুদ্ধ শেষ হয়ে যায়। এটি (বিধান)। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন তাহলে অবশ্যই তাদের থেকে বদলা নিতে পারতেন, কিন্তু তিনি তোমাদের একজনকে অপরের দ্বারা পরীক্ষা করতে চান। আর যারা আল্লাহ্‌র পথে নিহত হয়েছে তিনি কখনো তাদের কর্মসমূহ নিস্ফল করবেন না।

سَيَهْدِيْهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ⑤

৫। শীঘ্রই তিনি তাদেরকে (জান্নাতের দিকে) পথ প্রদর্শন করবেন এবং তাদের অবস্থা সংশোধন করবেন,

وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ⑥

৬। এবং তাদেরকে প্রবেশ করাবেন জান্নাতে যার পরিচয় তিনি তাদেরকে দিয়েছেন।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تَنْصُرُوا اللّٰهَ يَنْصُرْكُمْ وَيُثَبِّتْ اَقْدَامَكُمْ ⑦

৭। ওহে যারা ঈমান এনেছ! যদি তোমরা আল্লাহ্‌কে সাহায্য কর তাহলে তিনি তোমাদেরকে সাহায্য করবেন এবং তোমাদের পাগুলোকে দৃঢ় করবেন।

وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ⑧

৮। আর যারা কুফরী করেছে তাদের জন্য রয়েছে পতন এবং তিনি তাদের কর্মসমূহ নিস্ফল করে দিবেন।

ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَاۤ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ⑨

৯। এটা এজন্য যে, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তারা তা অপছন্দ করেছে, সুতরাং আল্লাহ্ তাদের কর্মসমূহ বিফল করে দিবেন।

اَفَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۗ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۗ وَلِلْكٰفِرِيْنَ اَمْثَالُهَا ⑩

১০। তবে কি তারা পৃথিবীতে ভ্রমণ করেনি এবং লক্ষ্য করেনি, কেমন ছিল তাদের পূর্ববর্তীদের পরিণাম? আল্লাহ্ তাদেরকে ধ্বংস করেছেন এবং (এই) কাফিরদের জন্য রয়েছে তার অনুরূপ (পরিণাম)।

ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ⑪

১১। এটা এজন্য যে, যারা ঈমান এনেছে, আল্লাহ্ তাদের প্রভু (রক্ষক), এবং এও যে, কাফিরদের কোন প্রভু নেই।

রুকূ ১ ৫ ১

১২। নিশ্চয় আল্লাহ্ যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত। কিন্তু যারা কুফরী করেছে তারা ভোগ-বিলাস করছে এবং চতুস্পদ জন্তুর মত খাচ্ছে, আর আগুনই তাদের আবাসস্থল।

اِنَّ اللّٰهَ يُدْخِلُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا يَتَمَتَّعُوْنَ وَيَاْكُلُوْنَ كَمَا تَاْكُلُ الْاَنْعَامُ وَالنَّارُ مَثْوًى لَّهُمْ ﴿١٢﴾

১৩। এবং কত জনপদই ছিল তোমার সেই জনপদ থেকে অধিক শক্তিশালী যেখান থেকে তারা তোমাকে বের করে দিয়েছে, আমি তাদেরকে ধ্বংস করেছি এবং তাদের জন্য কোন সাহায্যকারী ছিল না।

وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ هِيَ اَشَدُّ قُوَّةً مِّنْ قَرْيَتِكَ الَّتِيْٓ اَخْرَجَتْكَ ۚ اَهْلَكْنٰهُمْ فَلَا نَاصِرَ لَهُمْ ﴿١٣﴾

১৪। তবে কি যে তার প্রতিপালকের পক্ষ হতে সুস্পষ্ট প্রমাণের উপর রয়েছে সে তার মত যার কাছে তার মন্দ কাজকে শোভনীয় করা হয়েছে এবং তারা অনুসরণ করেছে তাদের প্রবৃত্তির?

اَفَمَنْ كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ كَمَنْ زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ﴿١٤﴾

১৫। মুত্তাকীদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেয়া হয়েছে তার দৃষ্টান্ত হলো - তাতে রয়েছে নির্মল পানির নহরসমূহ এবং দুধের নহরসমূহ যার স্বাদ অপরিবর্তনীয় এবং পানকারীদের জন্য সুস্বাদু সুরার নহরসমূহ এবং পরিশুদ্ধ মধুর নহরসমূহ এবং সেখানে তাদের জন্য রয়েছে প্রত্যেক প্রকার ফল-মূল এবং তাদের প্রতিপালকের পক্ষ থেকে ক্ষমা। (মুত্তাকীরা কি) তার মত যে আগুনে স্থায়ী হবে এবং পান করতে দেয়া হবে তাদেরকে উত্তপ্ত পানি, অতঃপর তা তাদের নাড়িভুঁড়ি ছিন্ন-বিচ্ছিন্ন করে দিবে?

مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ؕ فِيْهَآ اَنْهٰرٌ مِّنْ مَّآءٍ غَيْرِ اٰسِنٍ ۚ وَاَنْهٰرٌ مِّنْ لَّبَنٍ لَّمْ يَتَغَيَّرْ طَعْمُهٗ ۚ وَاَنْهٰرٌ مِّنْ خَمْرٍ لَّذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ۚ وَاَنْهٰرٌ مِّنْ عَسَلٍ مُّصَفًّى ؕ وَلَهُمْ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ وَمَغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ ؕ كَمَنْ هُوَ خَالِدٌ فِي النَّارِ وَسُقُوْا مَآءً حَمِيْمًا فَقَطَّعَ اَمْعَآءَهُمْ ﴿١٥﴾

১৬। এবং তাদের মধ্যে কেউ কেউ তোমার দিকে কান পেতে রাখে। অবশেষে যখন তোমার নিকট থেকে বের হয়ে যায় তখন তারা যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তাদেরকে বলে, 'এই মাত্র সে কী বলল?' ওরাই তারা যাদের হৃদয়সূহের উপর আল্লাহ্ মোহর মেরে দিয়েছেন এবং তারা অনুসরণ করেছে তাদের প্রবৃত্তির।

وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ حَتّٰٓى اِذَا خَرَجُوْا مِنْ عِنْدِكَ قَالُوْا لِلَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مَاذَا قَالَ اٰنِفًا ۫ اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ﴿١٦﴾

১৭। আর যারা সঠিক পথ অবলম্বন করেছে আল্লাহ্ তাদেরকে পথনির্দেশনা বাড়িয়ে দেন এবং তাদেরকে দান করেন তাদের তাকওয়া।

وَالَّذِيْنَ اهْتَدَوْا زَادَهُمْ هُدًى وَّاٰتٰىهُمْ تَقْوٰىهُمْ ﴿١٧﴾

১৮। তবে কি তারা কেবল আকস্মিকভাবে তাদের কাছে কিয়ামত এসে পড়ার অপেক্ষা করছে? তবে তার লক্ষণসমূহ তো এসেই পড়েছে, অতএব যখন তাদের কাছ তা (কিয়ামত) আসবে তখন তাদের উপদেশ গ্রহণ তাদের কিভাবে কাজে আসবে?

فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا السَّاعَةَ اَنْ تَاْتِيَهُمْ بَغْتَةً ۚ فَقَدْ جَآءَ اَشْرَاطُهَا ۚ فَاَنّٰى لَهُمْ اِذَا جَآءَتْهُمْ ذِكْرٰىهُمْ ﴿١٨﴾

১৯। সুতরাং জেনে রাখ যে, আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই, এবং ক্ষমা প্রার্থনা কর তোমার ত্রুটির জন্যে এবং মু'মিন নর ও মু'মিন নারীদের জন্য। আর আল্লাহ্ তোমাদের গতিবিধি এবং অবস্থান সম্বন্ধে অবগত আছেন।

ع ٢ ٨ ٦ ٢ রুকু ৬

فَاعْلَمْ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاسْتَغْفِرْ لِذَنْۢبِكَ وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مُتَقَلَّبَكُمْ وَمَثْوٰىكُمْ ﴿١٩﴾

২০। আর যারা ঈমান এনেছে তারা বলে, 'একটি সূরা অবতীর্ণ করা হল না কেন?' অতঃপর যখন সুস্পষ্ট নির্দেশ সম্বলিত একটি সূরা অবতীর্ণ করা হল এবং তাতে যুদ্ধের উল্লেখ করা হল, তখন তুমি দেখলে, যাদের হৃদয়ে ব্যাধি আছে তারা মৃত্যুভয়ে মূর্ছিত ব্যাক্তির তাকানোর মত তোমার দিকে তাকাচ্ছে। সুতরাং তাদের জন্য উত্তম ছিল-

وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْا لَوْلَا نُزِّلَتْ سُوْرَةٌ ۚ فَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ ۙ رَاَيْتَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يَّنْظُرُوْنَ اِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ؕ فَاَوْلٰى لَهُمْ ۚ ﴿٢٠﴾

২১। -আনুগত্য ও ন্যায়সঙ্গত কথা। অতঃপর যখন (যুদ্ধের বিষয়ে) সিদ্ধান্ত চূড়ান্ত হল, তখন যদি তারা আল্লাহ্‌র কাছে সত্যবাদী হত তাহলে তাদের জন্য এটি অবশ্যই কল্যাণকর হত,

طَاعَةٌ وَّقَوْلٌ مَّعْرُوْفٌ قف فَاِذَا عَزَمَ الْاَمْرُ قف فَلَوْ صَدَقُوا اللّٰهَ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۚ ﴿٢١﴾

২২। যদি তোমরা (যুদ্ধ থেকে) মুখ ফিরিয়ে নাও তবে কি তোমারা আশা কর যে, তোমরা পৃথিবীতে ফ্যাসাদ সৃষ্টি করবে এবং তোমাদের আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে?

فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ اَنْ تُفْسِدُوْا فِى الْاَرْضِ وَتُقَطِّعُوْٓا اَرْحَامَكُمْ ﴿٢٢﴾

২৩। ওরাই তারা যাদেরকে আল্লাহ্ লা'নত করেছেন, অতঃপর তাদেরকে বধির করেছেন এবং তাদের চক্ষুসমূহ অন্ধ করে দিয়েছেন।

اُولٰٓئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللّٰهُ فَاَصَمَّهُمْ وَاَعْمٰٓى اَبْصَارَهُمْ ﴿٢٣﴾

২৪। তবে কি তারা কুরআন নিয়ে গভীর চিন্তা করে না? নাকি তাদের হৃদয়সমূহ তালাবদ্ধ?

اَفَلَا يَتَدَبَّرُوْنَ الْقُرْاٰنَ اَمْ عَلٰى قُلُوْبٍ اَقْفَالُهَا ﴿٢٤﴾

২৫। নিশ্চয় যারা নিজেদের নিকট সঠিক পথ স্পষ্ট হওয়ার পরও তাদের পিছনের দিকে ফিরে গিয়েছে, শয়তান তাদেরকে প্ররোচিত করেছে এবং তাদের মিথ্যা আশাকে প্রলম্বিত করেছে।

اِنَّ الَّذِيْنَ ارْتَدُّوْا عَلٰٓى اَدْبَارِهِمْ مِّنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى ۙ الشَّيْطٰنُ سَوَّلَ لَهُمْ ؕ وَاَمْلٰى لَهُمْ ﴿٢٥﴾

২৬। এটা এজন্য যে, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তা যারা অপছন্দ করেছে, তাদেরকে তারা বলেছে, 'আমরা কোন কোন বিষয়ে তোমাদের আনুগত্য করব', আর আল্লাহ্ তাদের গোপন করার বিষয়টা অবগত আছেন।

ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْا لِلَّذِيْنَ كَرِهُوْا مَا نَزَّلَ اللّٰهُ سَنُطِيْعُكُمْ فِىْ بَعْضِ الْاَمْرِ ۚ وَاللّٰهُ يَعْلَمُ اِسْرَارَهُمْ ﴿٢٦﴾

২৭। ফেরেশতারা যখন তাদের চেহারা ও পিঠে আঘাত করতে করতে মৃত্যু ঘটাবে তখন তাদের অবস্থা কেমন হবে!

فَكَيْفَ اِذَا تَوَفَّتْهُمُ الْمَلٰٓئِكَةُ يَضْرِبُوْنَ وُجُوْهَهُمْ وَاَدْبَارَهُمْ ﴿٢٧﴾

২৮। এটা এজন্য যে, যা আল্লাহ্‌কে অসন্তুষ্ট করেছে তারা তার অনুসরণ করেছে এবং তাঁর সন্তুষ্টিকে অপছন্দ করেছে, ফলে তিনি তাদের কর্মসমূহ বিফল করে দিয়েছেন।

ع ٣ ٩ ٧ ٣ রুকূ ٩

ذٰلِكَ بِاَنَّهُمُ اتَّبَعُوْا مَآ اَسْخَطَ اللّٰهَ وَكَرِهُوْا رِضْوَانَهٗ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ۚ ﴿٢٨﴾

২৯। যাদের হৃদয়ে ব্যাধি আছে তারা কি মনে করে যে, আল্লাহ্ কখনো তাদের বিদ্বেষ প্রকাশ করে দিবেন না?

اَمْ حَسِبَ الَّذِيْنَ فِىْ قُلُوْبِهِمْ مَّرَضٌ اَنْ لَّنْ يُّخْرِجَ اللّٰهُ اَضْغَانَهُمْ ﴿٢٩﴾

৩০। আর যদি আমি ইচ্ছা করতাম তাহলে তোমাকে তাদেরকে দেখিয়ে দিতাম এবং তুমি তাদেরকে চিনতে পারতে তাদের লক্ষণ দেখে। তবে অবশ্যই তুমি তাদেরকে চিনতে পারবে তাদের কথার ভঙ্গিতে। আর আল্লাহ্ তোমাদের কর্মসমূহ অবগত আছেন।

وَلَوْ نَشَآءُ لَاَرَيْنٰكَهُمْ فَلَعَرَفْتَهُمْ بِسِيْمٰهُمْ ؕ وَلَتَعْرِفَنَّهُمْ فِىْ لَحْنِ الْقَوْلِ ؕ وَاللّٰهُ يَعْلَمُ اَعْمَالَكُمْ ﴿٣٠﴾

৩১। এবং অবশ্যই আমি তোমাদেরকে পরীক্ষা করব যতক্ষণ না আমি তোমাদের মধ্য থেকে মুজাহিদদেরকে ও ধৈর্যশীলদেরকে জেনে নিতে পারি (স্পষ্ট করতে পারি) এবং তোমাদের খবরাদি পরীক্ষা করে নিতে পারি।

وَلَنَبْلُوَنَّكُمْ حَتّٰى نَعْلَمَ الْمُجٰهِدِيْنَ مِنْكُمْ وَالصّٰبِرِيْنَ ۙ وَنَبْلُوَا۟ اَخْبَارَكُمْ ﴿٣١﴾

إِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ وَشَآقُّوا الرَّسُوْلَ مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدٰى ۙ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْـًٔا ۭ وَسَيُحْبِطُ اَعْمَالَهُمْ ۝

৩২। নিশ্চয় যারা কুফরী করেছে এবং মানুষকে আল্লাহ্‌র পথ হতে বিরত রেখেছে এবং নিজেদের নিকট সঠিক পথ স্পষ্ট হওয়ার পরও রাসূলের বিরোধিতা করেছে, তারা কখনো আল্লাহ্‌র কোন ক্ষতি করতে পারবে না এবং শীঘ্রই তিনি তাদের কর্মসমূহ বিফল করে দিবেন।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَلَا تُبْطِلُوْٓا اَعْمَالَكُمْ ۝

৩৩। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আনুগত্য কর আল্লাহ্‌র এবং আনুগত্য কর রাসূলের এবং তোমাদের কর্মসমূহ বিনষ্ট করো না।

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ مَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ۝

৩৪। নিশ্চয় যারা কুফরী করেছে এবং (মানুষকে) আল্লাহ্‌র পথ হতে বিরত রেখেছে এরপর কাফির অবস্থাতেই মৃত্যুবরণ করেছে তাদেরকে আল্লাহ্ কখনো ক্ষমা করবেন না।

فَلَا تَهِنُوْا وَتَدْعُوْٓا اِلَى السَّلْمِ ۖ وَاَنْتُمُ الْاَعْلَوْنَ ۚ وَاللّٰهُ مَعَكُمْ وَلَنْ يَّتِرَكُمْ اَعْمَالَكُمْ ۝

৩৫। সুতরাং তোমরা হীনবল হয়ো না এবং সন্ধির দিকে আহ্বান করো না এমন অবস্থায় যে তোমরাই বিজয়ী; আর আল্লাহ্ তোমাদের সঙ্গে আছেন এবং তিনি তোমাদের কর্ম(ফল) কখনো হ্রাস করবেন না।

اِنَّمَا الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ ۭ وَاِنْ تُؤْمِنُوْا وَتَتَّقُوْا يُؤْتِكُمْ اُجُوْرَكُمْ وَلَا يَسْـَٔلْكُمْ اَمْوَالَكُمْ ۝

৩৬। দুনিয়ার জীবন কেবল খেল-তামাসা, আর যদি তোমরা ঈমান আন এবং তাকওয়া অবলম্বন কর তাহলে আল্লাহ্ তোমাদেরকে তোমাদের প্রতিদান দিবেন এবং তিনি তোমাদের কাছ থেকে তোমাদের ধন-সম্পদ চান না।

اِنْ يَّسْـَٔلْكُمُوْهَا فَيُحْفِكُمْ تَبْخَلُوْا وَيُخْرِجْ اَضْغَانَكُمْ ۝

৩৭। যদি তিনি তোমাদের কাছে তা চাইতেন এবং তোমাদেরকে চাপ দিতেন তাহলে তোমরা কৃপণতা করতে এবং তিনি তোমাদের বিদ্বেষ প্রকাশ করে দিতেন।

هٰٓاَنْتُمْ هٰٓؤُلَاۗءِ تُدْعَوْنَ لِتُنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ فَمِنْكُمْ مَّنْ يَّبْخَلُ ۚ وَمَنْ يَّبْخَلْ فَاِنَّمَا يَبْخَلُ عَنْ نَّفْسِهٖ ۭ وَاللّٰهُ الْغَنِيُّ وَاَنْتُمُ الْفُقَرَاۗءُ ۚ وَاِنْ تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ۙ ثُمَّ لَا يَكُوْنُوْٓا اَمْثَالَكُمْ ۝

৩৮। ওহে তোমরাই তারা যাদেরকে আল্লাহ্‌র পথে ব্যয় করতে আহ্বান করা হচ্ছে, তথাপি তোমাদের কেউ কেউ কৃপণতা করছে, এবং যে কৃপণতা করে সে তো কৃপণতা করে তার নিজের সাথে। এবং আল্লাহ্‌ই অভাবমুক্ত আর তোমরাই ফকির (গরীব), আর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তাহলে তিনি অন্য সম্প্রদায়কে তোমাদের স্থলাভিষিক্ত করবেন, এরপর তারা তোমাদের মত হবে না।

ع ١٨ ٤ রুকু ৮

৪৮. সূরা আল-ফাতহ্, মাদানী

২৯ আয়াত, ৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٨-سُوْرَةُ الْفَتْحِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٢٩، رُكُوْعَاتُهَا-٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। নিশ্চয় আমি তোমাকে দিয়েছি এক সুস্পষ্ট বিজয়*-

اِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِيْنًا ۙ﴿١﴾

২। যাতে আল্লাহ্ তোমার অতীত ও ভবিষ্যত ত্রুটিসমূহ মার্জনা করতে পারেন এবং তোমার প্রতি তাঁর নেয়ামত পূর্ণ করতে পারেন ও তোমাকে সরল-সঠিক পথ প্রদর্শন করতে পারেন-

لِّيَغْفِرَ لَكَ اللّٰهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْۢبِكَ وَمَا تَاَخَّرَ وَيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكَ وَيَهْدِيَكَ صِرَاطًا مُّسْتَقِيْمًا ۙ﴿٢﴾

৩। এবং যাতে আল্লাহ্ তোমাকে অভাবনীয় সাহায্য দান করতে পারেন।

وَّيَنْصُرَكَ اللّٰهُ نَصْرًا عَزِيْزًا ﴿٣﴾

৪। তিনিই মু'মিনদের হৃদয়ে প্রশান্তি অবতীর্ণ করেছেন যাতে তারা তাদের ঈমানের সাথে ঈমান আরো বৃদ্ধি করতে পারে। এবং আকাশসমূহ ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহ্‌রই এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান-

هُوَ الَّذِيْٓ اَنْزَلَ السَّكِيْنَةَ فِيْ قُلُوْبِ الْمُؤْمِنِيْنَ لِيَزْدَادُوْٓا اِيْمَانًا مَّعَ اِيْمَانِهِمْ ؕ وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ۙ﴿٤﴾

৫। যাতে তিনি মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে প্রবেশ করাতে পারেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা স্থায়ী হবে এবং তিনি তাদের পাপসমূহ মোচন করে দিবেন। এবং এটাই আল্লাহ্‌র নিকট মহা সাফল্য-

لِّيُدْخِلَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَيُكَفِّرَ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ ؕ وَكَانَ ذٰلِكَ عِنْدَ اللّٰهِ فَوْزًا عَظِيْمًا ۙ﴿٥﴾

৬। এবং যাতে তিনি মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী, মুশরিক পুরুষ ও মুশরিক নারীদেরকে -যারা আল্লাহ্ সম্বন্ধে মন্দ ধারণা পোষণ করে- শাস্তি দিতে পারেন। মন্দ অবস্থা তাদেরই উপর, আর আল্লাহ্ তাদের প্রতি ক্রুদ্ধ হয়েছেন এবং তাদেরকে লা'নত করেছেন এবং প্রস্তুত করেছেন তাদের জন্য জাহান্নাম। এবং তা কতই না নিকৃষ্ট গন্তব্যস্থল!

وَّيُعَذِّبَ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ الظَّآنِّيْنَ بِاللّٰهِ ظَنَّ السَّوْءِ ؕ عَلَيْهِمْ دَآئِرَةُ السَّوْءِ ۚ وَغَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ وَلَعَنَهُمْ وَاَعَدَّ لَهُمْ جَهَنَّمَ ؕ وَسَآءَتْ مَصِيْرًا ﴿٦﴾

৭। এবং আকাশসমূহ ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহ্‌রই। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَلِلّٰهِ جُنُوْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿٧﴾

৮। নিশ্চয় আমি প্রেরণ করেছি তোমাকে সাক্ষী, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে-

اِنَّآ اَرْسَلْنٰكَ شَاهِدًا وَّمُبَشِّرًا وَّنَذِيْرًا ۙ﴿٨﴾

৯। যাতে তোমরা ঈমান আনতে পার আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি এবং তাকে (রাসূলকে) সাহায্য করতে পার এবং তাকে সম্মান করতে পার; এবং সকালে ও সন্ধ্যায় তাঁর (আল্লাহ্‌র) পবিত্রতা ঘোষণা করতে পারে।

لِّتُؤْمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُعَزِّرُوْهُ وَتُوَقِّرُوْهُ ؕ وَتُسَبِّحُوْهُ بُكْرَةً وَّاَصِيْلًا ﴿٩﴾

১০। নিশ্চয় যারা তোমার নিকট বাইয়াত (আনুগত্যের শপথ)* করে প্রকৃতপক্ষে তারা বাইয়াত করে, আল্লাহ্‌র নিকট। আল্লাহ্‌র হাত তাদের হাতের উপর,* অতঃপর যে তা ভঙ্গ করবে, তা ভঙ্গ করার পরিণাম তারই, এবং যে আল্লাহ্‌র সাথে কৃত অঙ্গীকার পূর্ণ করবে, শীঘ্রই তিনি তাকে মহাপ্রতিদান দান করবেন।

اِنَّ الَّذِيْنَ يُبَايِعُوْنَكَ اِنَّمَا يُبَايِعُوْنَ اللّٰهَ ؕ يَدُ اللّٰهِ فَوْقَ اَيْدِيْهِمْ ۚ فَمَنْ نَّكَثَ فَاِنَّمَا يَنْكُثُ عَلٰى نَفْسِهٖ ۚ وَمَنْ اَوْفٰى بِمَا عٰهَدَ عَلَيْهُ اللّٰهَ فَسَيُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿١٠﴾

ع ١ ٩ ١ রুকূ ৯

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১১। বেদুঈনদের মধ্য হতে পিছনে থেকে যাওয়া লোকেরা* শীঘ্রই তোমাকে বলবে, 'আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজন আমাদেরকে ব্যস্ত রেখেছিল, অতএব আমাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন', তারা মুখে তা বলে যা তাদের হৃদয়ে নেই। বল, 'আল্লাহ্‌র বিপক্ষে তোমাদের জন্য কিছু করার ক্ষমতা কার আছে যদি তিনি তোমাদের কোন ক্ষতি করার ইচ্ছা করেন অথবা তোমাদের কোন মঙ্গল করার ইচ্ছা করেন? বরং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণঅবগত।

سَيَقُوْلُ لَكَ الْمُخَلَّفُوْنَ مِنَ الْاَعْرَابِ شَغَلَتْنَآ اَمْوَالُنَا وَاَهْلُوْنَا فَاسْتَغْفِرْ لَنَا ۚ يَقُوْلُوْنَ بِاَلْسِنَتِهِمْ مَّا لَيْسَ فِيْ قُلُوْبِهِمْ ؕ قُلْ فَمَنْ يَّمْلِكُ لَكُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا اِنْ اَرَادَ بِكُمْ ضَرًّا اَوْ اَرَادَ بِكُمْ نَفْعًا ؕ بَلْ كَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ﴿١١﴾

১২। বরং তোমরা ধারণা করেছিলে যে, রাসূল ও মু'মিনরা তাদের পরিবার-পরিজনের নিকট কখনো ফিরে আসবে না এবং এটিকে তোমাদের হৃদয়ে শোভনীয় করা হয়েছিল এবং তোমরা এক মন্দ ধারণা করেছিলে এবং তোমরা ছিলে এক ধ্বংসমুখী সম্প্রদায়।

بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ وَالْمُؤْمِنُوْنَ اِلٰٓى اَهْلِيْهِمْ اَبَدًا وَّزُيِّنَ ذٰلِكَ فِيْ قُلُوْبِكُمْ وَظَنَنْتُمْ ظَنَّ السَّوْءِ ۖ وَكُنْتُمْ قَوْمًا بُوْرًا ﴿١٢﴾

১৩। আর যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনে না, আমি সে সব কাফিরের জন্য প্রস্তুত করেছি জ্বলন্ত আগুন।

وَمَنْ لَّمْ يُؤْمِنْۢ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ فَاِنَّآ اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَعِيْرًا ﴿١٣﴾

১৪। আর আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব আল্লাহ্‌রই। তিনি যাকে ইচ্ছা করেন ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা করেন শাস্তি দেন। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يَغْفِرُ لِمَنْ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَآءُ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٤﴾

১৫। শীঘ্রই পিছনে থেকে যাওয়া লোকেরা বলবে -যখন তোমরা যুদ্ধলব্ধ সম্পদের* দিকে যাবে তা গ্রহণ করতে- 'আমাদেরকে তোমাদের অনুসরণ করতে দাও', তারা আল্লাহ্‌র বাণী পরিবর্তন করতে চায়। বল, 'তোমরা কখনো আমাদের অনুসরণ করবে না, আল্লাহ্ পূর্বেই তোমাদের ব্যাপারে এরূপ বলে দিয়েছেন', অতঃপর শীঘ্রই তারা বলবে, 'বরং তোমরা আমাদেরকে হিংসা করছ।' বরং তারা সামান্যই বোঝে।

سَيَقُوْلُ الْمُخَلَّفُوْنَ اِذَا انْطَلَقْتُمْ اِلٰى مَغَانِمَ لِتَاْخُذُوْهَا ذَرُوْنَا نَتَّبِعْكُمْ ۚ يُرِيْدُوْنَ اَنْ يُّبَدِّلُوْا كَلٰمَ اللّٰهِ ؕ قُلْ لَّنْ تَتَّبِعُوْنَا كَذٰلِكُمْ قَالَ اللّٰهُ مِنْ قَبْلُ ۚ فَسَيَقُوْلُوْنَ بَلْ تَحْسُدُوْنَنَا ؕ بَلْ كَانُوْا لَا يَفْقَهُوْنَ اِلَّا قَلِيْلًا ﴿١٥﴾

১৬। বেদুঈনদের মধ্য হতে পিছনে থেকে যাওয়া লোকদেরকে বল, 'শীঘ্রই তোমাদেরকে প্রচণ্ড শক্তির অধিকারী এক জাতির বিরুদ্ধে যুদ্ধ করতে ডাকা হবে, তোমরা তাদের সঙ্গে যুদ্ধ করবে অথবা তারা আত্মসমর্পণ করবে, অতঃপর যদি তোমরা আনুগত্য কর তাহলে আল্লাহ্ তোমাদেরকে সুন্দর প্রতিদান দিবেন, আর তোমরা পূর্বে যেভাবে পৃষ্ঠ প্রদর্শন করেছিলে সেভাবে পৃষ্ট প্রদর্শন করলে তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন।

قُلْ لِّلْمُخَلَّفِيْنَ مِنَ الْاَعْرَابِ سَتُدْعَوْنَ اِلٰى قَوْمٍ اُولِيْ بَاْسٍ شَدِيْدٍ تُقَاتِلُوْنَهُمْ اَوْ يُسْلِمُوْنَ ۚ فَاِنْ تُطِيْعُوْا يُؤْتِكُمُ اللّٰهُ اَجْرًا حَسَنًا ۚ وَاِنْ تَتَوَلَّوْا كَمَا تَوَلَّيْتُمْ مِّنْ قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا ﴿١٦﴾

১৭। অন্ধের কোন দোষ নেই, খোঁড়ার কোন দোষ নেই এবং রোগীর কোন দোষ নেই। এবং যে আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করবে তাকে তিনি প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, আর যে পৃষ্ঠ প্রদর্শন করবে তিনি তাকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন।

لَيْسَ عَلَى الْاَعْمٰى حَرَجٌ وَّلَا عَلَى الْاَعْرَجِ حَرَجٌ وَّلَا عَلَى الْمَرِيْضِ حَرَجٌ ؕ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ يُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ وَمَنْ يَّتَوَلَّ يُعَذِّبْهُ عَذَابًا اَلِيْمًا ﴿١٧﴾

ع ٢ ١٠ ٢ রুকূ ১০

১৮। অবশ্যই আল্লাহ্ মু'মিনদের উপর সন্তুষ্ট হয়েছেন যখন তারা বৃক্ষটির নীচে তোমার নিকট বাইয়াত (আনুগত্যের শপথ) করল* এবং তাদের হৃদয়ে যা ছিল তা তিনি অবগত ছিলেন, অতঃপর তাদের উপর অবতীর্ণ করলেন প্রশান্তি এবং তাদেরকে পুরস্কার দিলেন এক নিকটবর্তী বিজয়-*

لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَاَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ﴿١٨﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ؕ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ﴿١٩﴾

১৯। এবং বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদ, যা তারা গ্রহণ করবে। এবং আল্লাহ্ মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

وَعَدَكُمُ اللّٰهُ مَغَانِمَ كَثِيْرَةً تَاْخُذُوْنَهَا فَعَجَّلَ لَكُمْ هٰذِهٖ وَكَفَّ اَيْدِيَ النَّاسِ عَنْكُمْ ۚ وَلِتَكُوْنَ اٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿٢٠﴾

২০। আল্লাহ্ তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন যুদ্ধলব্ধ বিপুল সম্পদের -যা তোমরা গ্রহণ করবে, অতঃপর তিনি এটা তোমাদের জন্য ত্বরান্বিত করেছেন এবং তিনি তোমাদের থেকে মানুষের হাতকে নিবৃত্ত করেছেন যাতে এটা মু'মিনদের জন্য একটি নিদর্শন হতে পারে এবং তিনি তোমাদেরকে সরল-সঠিক পথ প্রদর্শন করতে পারেন-

وَّاُخْرٰى لَمْ تَقْدِرُوْا عَلَيْهَا قَدْ اَحَاطَ اللّٰهُ بِهَا ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرًا ﴿٢١﴾

২১। এবং আরো (যুদ্ধলব্ধ সম্পদ) যা তোমাদের আয়ত্তে আসেনি, অবশ্যই আল্লাহ্ তা পরিবেষ্টন করে রেখেছেন। এবং আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান।

وَلَوْ قٰتَلَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا لَوَلَّوُا الْاَدْبَارَ ثُمَّ لَا يَجِدُوْنَ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿٢٢﴾

২২। আর কাফিররা যদি তোমাদের সাথে যুদ্ধ করত তাহলে অবশ্যই তারা পৃষ্ঠ প্রদর্শন করত, এরপর তারা কোন অভিবাবক পেত না এবং কোন সাহায্যকারীও না।

سُنَّةَ اللّٰهِ الَّتِيْ قَدْ خَلَتْ مِنْ قَبْلُ ۚ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا ﴿٢٣﴾

২৩। এটাই আল্লাহ্র সুন্নত (নীতি) যা পূর্বে গত হয়েছে, তুমি আল্লাহ্র সুন্নতে (নীতিতে) কোন পরিবর্তন পাবে না।

وَهُوَ الَّذِيْ كَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ وَاَيْدِيَكُمْ عَنْهُمْ بِبَطْنِ مَكَّةَ مِنْۢ بَعْدِ اَنْ اَظْفَرَكُمْ عَلَيْهِمْ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرًا ﴿٢٤﴾

২৪। তিনি মক্কা উপত্যকায় তাদের হাত তোমাদের থেকে এবং তোমাদের হাত তাদের থেকে নিবৃত্ত করেছেন* তাদের উপর তোমাদেরকে বিজয়ী করার পর এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

هُمُ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَالْهَدْيَ مَعْكُوْفًا اَنْ يَّبْلُغَ مَحِلَّهٗ ؕ وَلَوْلَا رِجَالٌ مُّؤْمِنُوْنَ وَنِسَآءٌ مُّؤْمِنٰتٌ لَّمْ تَعْلَمُوْهُمْ اَنْ تَطَئُوْهُمْ فَتُصِيْبَكُمْ مِّنْهُمْ مَّعَرَّةٌۢ بِغَيْرِ عِلْمٍ ۚ لِيُدْخِلَ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ۚ لَوْ تَزَيَّلُوْا لَعَذَّبْنَا الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿٢٥﴾

২৫। তারাই কুফরী করেছে এবং বিরত রেখেছে তোমাদেরকে মসজিদে হারাম হতে এবং বাধা দিয়েছে কুরবানীর জন্য আবদ্ধ পশুগুলোকে যথাস্থানে পৌঁছতে। (তোমাদেরকে যুদ্ধের আদেশ দেয়া হত) যদি না থাকত এমন কতক মু'মিন নর ও নারী যাদেরকে তোমরা জান না, তোমরা তাদেরকে পদদলিত করতে, ফলে তাদের কারণে অজান্তেই তোমাদের উপর কলঙ্ক আপতিত হত। (যুদ্ধের আদেশ দেয়া হয়নি) যাতে আল্লাহ্ যাকে ইচ্ছা নিজ দয়ার মধ্যে প্রবেশ করাতে পারেন। যদি তারা পৃথক হত তাহলে অবশ্যই আমি তাদের মধ্যে কাফিরদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিতাম।

اِذْ جَعَلَ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَاَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوٰى وَكَانُوْٓا اَحَقَّ بِهَا وَاَهْلَهَا ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿٢٦﴾

২৬। যখন কাফিররা তাদের হৃদয়ে অহমিকা পোষণ করল- জাহেলিয়াতের অহমিকা- তখন আল্লাহ্ তাঁর রাসূল ও মু'মিনদের উপর স্বীয় প্রশান্তি অবতীর্ণ করলেন এবং তাদেরকে তাকওয়ার বাণীতে (নীতিতে) সুদৃঢ় করলেন এবং তারা ছিল এর অধিক যোগ্য ও এর উপযুক্ত। এবং আল্লাহ্ সকল বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

ع ٣ ١١ ٣ রুকূ ১১

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لَقَدْ صَدَقَ اللّٰهُ رَسُوْلَهُ الرُّءْيَا بِالْحَقِّ ۚ لَتَدْخُلُنَّ الْمَسْجِدَ
الْحَرَامَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ۙ مُحَلِّقِيْنَ رُءُوْسَكُمْ وَمُقَصِّرِيْنَ ۙ
لَا تَخَافُوْنَ ۗ فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوْا فَجَعَلَ مِنْ دُوْنِ ذٰلِكَ فَتْحًا
قَرِيْبًا ﴿٢٧﴾

২৭। অবশ্যই আল্লাহ্ তাঁর রাসূলের স্বপ্নটি প্রকৃতই সত্যে পরিণত করবেন*, আল্লাহ্ যদি ইচ্ছা করেন তাহলে তোমরা অবশ্যই অবশ্যই মসজিদে হারামে নিরাপদে প্রবেশ করবে- তোমাদের মাথা মুণ্ডিত অবস্থায় আর চুল কর্তন করা অবস্থায়, তোমাদের কোন ভয় থাকবে না। এবং তিনি তা জানেন যা তোমরা জান না, এবং এছাড়াও তিনি তোমাদেরকে দিলেন এক নিকটবর্তী বিজয়*।

هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى
الدِّيْنِ كُلِّهٖ ۗ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿٢٨﴾

২৮। তিনিই তাঁর রাসূলকে পথনির্দেশিকা ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, এটিকে সকল দ্বীনের উপর জয়ী করার জন্য। এবং সাক্ষী হিসাবে আল্লাহ্ই যথেষ্ট (যে)-

مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ۗ وَالَّذِيْنَ مَعَهٗٓ اَشِدَّآءُ عَلَى الْكُفَّارِ رُحَمَآءُ
بَيْنَهُمْ تَرٰىهُمْ رُكَّعًا سُجَّدًا يَّبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا ۡ
سِيْمَاهُمْ فِيْ وُجُوْهِهِمْ مِّنْ اَثَرِ السُّجُوْدِ ۗ ذٰلِكَ مَثَلُهُمْ فِي
التَّوْرٰىةِ ۚ وَمَثَلُهُمْ فِي الْاِنْجِيْلِ ۚ كَزَرْعٍ اَخْرَجَ شَطْئَهٗ
فَاٰزَرَهٗ فَاسْتَغْلَظَ فَاسْتَوٰى عَلٰى سُوْقِهٖ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيْظَ
بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنْهُمْ
مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ﴿٢٩﴾

২৯। -মুহাম্মদ আল্লাহ্র রাসূল। এবং যারা তার সাথে আছে তারা কাফিরদের প্রতি কঠোর ও তাদের নিজেদের মধ্যে দয়াশীল;* আল্লাহ্র অনুগ্রহ ও সন্তুষ্টির উদ্দেশ্যে তুমি তাদেরকে রুকূ ও সিজদা অবস্থায় দেখবে। তাদের চেনার উপায় হচ্ছে- তাদের চেহারায় রয়েছে সিজদার চিহ্ন। এটিই তাদের দৃষ্টান্ত তাওরাতে এবং তাদের দৃষ্টান্ত ইন্জীলে। যেমন একটি বীজ, যেটি বের করে তার অঙ্কুর, অতঃপর সেটিকে পুষ্ট করে,* ফলে সেটি শক্ত হয় এবং নিজ কাণ্ডের উপর সোজা হয়ে দাঁড়ায় যা চাষীদেরকে আনন্দ দেয়, যাতে তিনি তাদের দ্বারা কাফিরদের অন্তর্জ্বালা সৃষ্টি করতে পারেন। তাদের মধ্যে যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে আল্লাহ্ তাদেরকে ক্ষমা ও মহাপ্রতিদানের প্রতিশ্রুতি দিয়েছেন।

ع ৩ ১৩ ৪ রুকূ ১২

৪৯. সূরা আল-হুজুরাত, মাদানী

১৮ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٤٩-سُوْرَةُ الْحُجُرٰتِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٨، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُقَدِّمُوْا بَيْنَ يَدَيِ اللّٰهِ وَرَسُوْلِهٖ وَاتَّقُوا اللّٰهَ ۭ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ۝١

১। ওহে যারা ঈমান এনেছ! আল্লাহ্ ও তাঁর রাসূলের সম্মুখে তোমরা অগ্রণী* হয়ো না এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَرْفَعُوْٓا اَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ وَلَا تَجْهَرُوْا لَهٗ بِالْقَوْلِ كَجَهْرِ بَعْضِكُمْ لِبَعْضٍ اَنْ تَحْبَطَ اَعْمَالُكُمْ وَاَنْتُمْ لَا تَشْعُرُوْنَ ۝٢

২। ওহে যারা ঈমান এনেছ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করো না এবং তোমরা তোমাদের পরস্পরের মধ্যে যেভাবে উচ্চস্বরে কথা বল তার সাথে সেভাবে উচ্চস্বরে কথা বলো না, এতে তোমাদের কর্মসমূহ বিফল হয়ে যাবে, অথচ তোমরা টেরও পাবে না।

اِنَّ الَّذِيْنَ يَغُضُّوْنَ اَصْوَاتَهُمْ عِنْدَ رَسُوْلِ اللّٰهِ اُولٰۗىِٕكَ الَّذِيْنَ امْتَحَنَ اللّٰهُ قُلُوْبَهُمْ لِلتَّقْوٰى ۭ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ عَظِيْمٌ ۝٣

৩। নিশ্চয় যারা আল্লাহ্‌র রাসূলের সামনে নিজেদের কণ্ঠস্বর নিচু করে, ওরাই তারা যাদের হৃদয়সমূহকে আল্লাহ্ তাকওয়ার জন্য পরীক্ষা করে নিয়েছেন। তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহা প্রতিদান।

اِنَّ الَّذِيْنَ يُنَادُوْنَكَ مِنْ وَّرَاۗءِ الْحُجُرٰتِ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ۝٤

৪। নিশ্চয় যারা ঘরের পেছন থেকে তোমাকে উচ্চস্বরে ডাকে,* তাদের অধিকাংশই অনুধাবন করে না।

وَلَوْ اَنَّهُمْ صَبَرُوْا حَتّٰى تَخْرُجَ اِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٥

৫। এবং তুমি বের হয়ে তাদের নিকট আসা পর্যন্ত যদি তারা ধৈর্য ধারণ করত তাহলে অবশ্যই তা তাদের জন্য উত্তম হত। আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ جَاۗءَكُمْ فَاسِقٌۢ بِنَبَاٍ فَتَبَيَّنُوْٓا اَنْ تُصِيْبُوْا قَوْمًۢا بِجَهَالَةٍ فَتُصْبِحُوْا عَلٰي مَا فَعَلْتُمْ نٰدِمِيْنَ ۝٦

৬। ওহে যারা ঈমান এনেছ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন সংবাদ নিয়ে আসে, তবে তোমরা তা পরীক্ষা করে দেখবে, তা নাহলে অজ্ঞতাবশতঃ তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত করে বসবে, অতঃপর তোমাদের কৃতকর্মের জন্য তোমরা অনুতপ্ত হবে।

وَاعْلَمُوْٓا اَنَّ فِيْكُمْ رَسُوْلَ اللّٰهِ ۭ لَوْ يُطِيْعُكُمْ فِيْ كَثِيْرٍ مِّنَ الْاَمْرِ لَعَنِتُّمْ وَلٰكِنَّ اللّٰهَ حَبَّبَ اِلَيْكُمُ الْاِيْمَانَ وَزَيَّنَهٗ فِيْ قُلُوْبِكُمْ وَكَرَّهَ اِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوْقَ وَالْعِصْيَانَ ۭ اُولٰۗىِٕكَ هُمُ الرّٰشِدُوْنَ ۝٧

৭। এবং তোমরা জেনে রাখ যে, তোমাদের মধ্যে রয়েছে আল্লাহ্‌র রাসূল। সে যদি অনেক বিষয়ে তোমাদের আনুগত্য করত* তাহলে অবশ্যই তোমরা কষ্ট পেতে, কিন্তু আল্লাহ্ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করেছেন এবং তা তোমাদের হৃদয়ে শোভনীয় করেছেন এবং কুফরী, পাপাচার ও অমান্যতাকে তোমাদের নিকট অপ্রিয় করেছেন। তারাই সঠিকপথ অবলম্বনকারী-

فَضْلًا مِّنَ اللّٰهِ وَنِعْمَةً ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝٨

৮। আল্লাহ্‌র পক্ষ থেকে অনুগ্রহ ও নেয়ামতস্বরূপ। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

وَاِنْ طَاۗىِٕفَتٰنِ مِنَ الْمُؤْمِنِيْنَ اقْتَتَلُوْا فَاَصْلِحُوْا بَيْنَهُمَا ۚ فَاِنْۢ بَغَتْ اِحْدٰىهُمَا عَلَي الْاُخْرٰى فَقَاتِلُوا الَّتِيْ تَبْغِيْ حَتّٰى تَفِيْۗءَ اِلٰٓى اَمْرِ اللّٰهِ ۚ فَاِنْ فَاۗءَتْ فَاَصْلِحُوْا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَاَقْسِطُوْا ۭ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ۝٩

৯। এবং যদি মু'মিনদের দু'টি দল পরস্পর যুদ্ধে লিপ্ত হয় তবে তোমরা তাদের মধ্যে আপোষ-নিষ্পত্তি করে দিবে, অতঃপর যদি তাদের একদল অপর দলের বিরুদ্ধে বাড়াবাড়ি করে তবে যারা বাড়াবাড়ি করে তাদের বিরুদ্ধে তোমরা যুদ্ধ করবে যতক্ষণ না তারা আল্লাহ্‌র নির্দেশের দিকে ফিরে আসে, অতঃপর যদি তারা ফিরে আসে তবে তাদের মধ্যে ন্যায়ের সাথে আপোষ-নিষ্পত্তি করে দিবে এবং ন্যায়বিচার করবে।* নিশ্চয় আল্লাহ্ ন্যায়বিচারকারীদেরকে ভালবাসেন।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০। প্রকৃতপক্ষে মু'মিনরা ভাই ভাই, সুতরাং তোমরা তোমাদের ভাইদের মধ্যে আপোষ-নিষ্পত্তি করে দাও এবং আল্লাহ্‌কে ভয় কর, যাতে তোমরা দয়াপ্রাপ্ত হতে পার।*

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٠﴾

ع ١ ١٣ রুকূ ১৩

১১। ওহে যারা ঈমান এনেছ! লোকেরা যেন অপর লোকদেরকে বিদ্রুপ না করে, কেননা তারা তাদের (অর্থাৎ বিদ্রুপকারীদের) চেয়ে উত্তম হতে পারে, এবং নারীরা যেন অপর নারীদেরকে বিদ্রুপ না করে, কেননা তারা তাদের (অর্থাৎ বিদ্রুপকারিনীদের) চেয়ে উত্তম হতে পারে। তোমরা একে অপরকে দোষ দিও না এবং তোমরা একে অপরকে মন্দ উপাধিতে ডেকো না। ঈমান আনার পর পাপ নাম কতই না মন্দ! আর যারা তওবা করে না তারাই জালিম।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرْ قَوْمٌ مِّن قَوْمٍ عَسَىٰ أَن يَكُونُوا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّن نِّسَاءٍ عَسَىٰ أَن يَكُنَّ خَيْرًا مِّنْهُنَّ ۖ وَلَا تَلْمِزُوا أَنفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ ۖ بِئْسَ الِاسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ ۚ وَمَن لَّمْ يَتُبْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿١١﴾

১২। ওহে যারা ঈমান এনেছ! তোমরা অধিক অনুমান করা পরিহার কর। নিশ্চয় কোন কোন অনুমান পাপ* এবং তোমরা (অপরের) দোষ অনুসন্ধান করো না এবং একে অপরের গীবত(পিছনে নিন্দা) করো না*। তোমাদের মধ্যে কি কেউ তার মৃত ভাইয়ের গোশত খেতে পছন্দ করবে? আর তোমরা একে অপছন্দই কর। তোমরা আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ তওবা কবুলকারী ও পরম দয়ালু।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ ۖ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا ۚ أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ ۚ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ ﴿١٢﴾

১৩। হে মানুষ! নিশ্চয় আমি সৃষ্টি করেছি তোমাদেরকে একজন পুরুষ ও একজন নারী থেকে এবং বানিয়েছি তোমাদেরকে বিভিন্ন জাতি ও গোত্র, যাতে তোমরা পরস্পরকে চিনতে পার। নিশ্চয় তোমাদের মধ্যে আল্লাহ্‌র নিকট সে ব্যক্তিই অধিক সম্মানিত যে তোমাদের মধ্যে অধিক তাকওয়াবান।* নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও সর্বজ্ঞ।

يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُم مِّن ذَكَرٍ وَأُنثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا ۚ إِنَّ أَكْرَمَكُمْ عِندَ اللَّهِ أَتْقَاكُمْ ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ ﴿١٣﴾

১৪। বেদুঈনরা বলে, 'আমরা ঈমান এনেছি।' বল, 'তোমরা ঈমান আননি, বরং তোমরা বল, 'আমরা ইসলাম গ্রহণ করেছি', কারণ 'ঈমান' এখনো তোমাদের হৃদয়ে প্রবেশ করেনি।* আর যদি তোমরা আনুগত্য কর আল্লাহ্‌র ও তাঁর রাসূলের তাহলে তোমাদের কর্মসমূহ থেকে তিনি কিছুই হ্রাস করবেন না। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا ۖ قُل لَّمْ تُؤْمِنُوا وَلَٰكِن قُولُوا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۖ وَإِن تُطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٤﴾

১৫। মু'মিন তো কেবল তারাই যারা ঈমান এনেছে আল্লাহ্‌র প্রতি ও তাঁর রাসূলের প্রতি, এরপর সন্দেহ পোষণ করেনি এবং তারা তাদের সম্পদ ও জীবন দিয়ে আল্লাহ্‌র পথে জিহাদ করেছে। তারাই সত্যবাদী।

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ ۚ أُولَٰئِكَ هُمُ الصَّادِقُونَ ﴿١٥﴾

১৬। বল, 'তোমরা কি আল্লাহ্‌কে তোমাদের দ্বীন সম্পর্কে জ্ঞান দান করছ, অথচ আল্লাহ্ জানেন যা কিছু আছে আকাশসমূহে এবং যা কিছু আছে পৃথিবীতে?' এবং আল্লাহ্ প্রতিটি বিষয় সম্পর্কে ভালভাবে জানেন।

قُلْ أَتُعَلِّمُونَ اللَّهَ بِدِينِكُمْ ۚ وَاللَّهُ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿١٦﴾

১৭। তারা তোমার প্রতি (এটি) অনুগ্রহ বলে মনে করে যে, তারা ইসলাম গ্রহণ করেছে। বল, 'তোমাদের ইসলাম গ্রহণকে আমার প্রতি অনুগ্রহ বলে মনে করো না, বরং আল্লাহ্‌ই ঈমানের দিকে তোমাদেরকে পথপ্রদর্শন করে তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন- যদি তোমরা সত্যবাদী হও।'

يَمُنُّونَ عَلَيْكَ أَنْ أَسْلَمُوا ۖ قُل لَّا تَمُنُّوا عَلَيَّ إِسْلَامَكُم ۖ بَلِ اللَّهُ يَمُنُّ عَلَيْكُمْ أَنْ هَدَاكُمْ لِلْإِيمَانِ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿١٧﴾

ع ২ ৩ রুকূ ১৪

১৮। নিশ্চয় আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবীর অদৃশ্য বিষয় জানেন এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণদৃষ্টিবান।

إِنَّ اللَّهَ يَعْلَمُ غَيْبَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَاللَّهُ بَصِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٨﴾

৫০. সূরা কাফ, মাক্কী

৪৫ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٠-سُوْرَةُ قٓ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٤٥، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قٓ ۟ وَالْقُرْاٰنِ الْمَجِيْدِ ۝١

১। কাফ, কসম মর্যাদাপূর্ণ কুরআনের (যে, তুমি সতর্ককারী রাসূল),

بَلْ عَجِبُوْٓا اَنْ جَآءَهُمْ مُّنْذِرٌ مِّنْهُمْ فَقَالَ الْكٰفِرُوْنَ هٰذَا شَيْءٌ عَجِيْبٌ ۝٢

২। বরং তারা বিস্মিত হচ্ছে যে, তাদের কাছে এসেছে তাদেরই মধ্য থেকে একজন সতর্ককারী, এবং কাফিররা বলে, 'এটা এক বিস্ময়কর ব্যাপার,

ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا ۚ ذٰلِكَ رَجْعٌۢ بَعِيْدٌ ۝٣

৩। আমরা যখন মরে যাব এবং মাটিতে পরিণত হব তখনও কি (আমরা প্রত্যাবর্তিত হব)? সুদূরপরাহত সেই প্রত্যাবর্তন।'

قَدْ عَلِمْنَا مَا تَنْقُصُ الْاَرْضُ مِنْهُمْ ۚ وَعِنْدَنَا كِتٰبٌ حَفِيْظٌ ۝٤

৪। অবশ্যই আমি জানি মাটি তাদের কতটুক ক্ষয় করে এবং আমার নিকট রয়েছে একটি সংরক্ষিত কিতাব।

بَلْ كَذَّبُوْا بِالْحَقِّ لَمَّا جَآءَهُمْ فَهُمْ فِيْٓ اَمْرٍ مَّرِيْجٍ ۝٥

৫। বরং তারা সত্যকে (কুরআনকে) মিথ্যা বলেছে যখন তা তাদের নিকট এসেছে, ফলে তারা সংশয়পূর্ণ অবস্থায় রয়েছে।

اَفَلَمْ يَنْظُرُوْٓا اِلَى السَّمَآءِ فَوْقَهُمْ كَيْفَ بَنَيْنٰهَا وَزَيَّنّٰهَا وَمَا لَهَا مِنْ فُرُوْجٍ ۝٦

৬। তবে কি তারা তাদের উপর আকাশের দিকে লক্ষ্য করেনি, কিভাবে আমি তা নির্মাণ করেছি ও তাকে সুসজ্জিত করেছি এবং তাতে কোন ফাটলও নেই?

وَالْاَرْضَ مَدَدْنٰهَا وَاَلْقَيْنَا فِيْهَا رَوَاسِيَ وَاَنْۢبَتْنَا فِيْهَا مِنْ كُلِّ زَوْجٍۢ بَهِيْجٍ ۝٧

৭। এবং আমি পৃথিবীকে বিস্তৃত করেছি, তাতে সুদৃঢ় পর্বতমালা স্থাপন করেছি এবং তাতে উদগত করেছি প্রত্যেক প্রকারের মনোরম উদ্ভিদ-

تَبْصِرَةً وَّذِكْرٰى لِكُلِّ عَبْدٍ مُّنِيْبٍ ۝٨

৮। (সত্যের দিকে) প্রত্যেক (অনুতাপের সাথে) প্রত্যাবর্তনকারী বান্দার জন্য দৃষ্টি উন্মোচনকারী ও উপদেশস্বরূপ।

وَنَزَّلْنَا مِنَ السَّمَآءِ مَآءً مُّبٰرَكًا فَاَنْۢبَتْنَا بِهٖ جَنّٰتٍ وَّحَبَّ الْحَصِيْدِ ۝٩

৯। এবং আমি আকাশ থেকে বরকতময় পানি অবতীর্ণ করি, অতঃপর তা দিয়ে উৎপন্ন করি উদ্যানসমূহ ও শস্য দানা-

وَالنَّخْلَ بٰسِقٰتٍ لَّهَا طَلْعٌ نَّضِيْدٌ ۝١٠

১০। এবং সুউচ্চ খেজুর বৃক্ষ যাতে আছে স্তরে স্তরে খেজুর গুচ্ছ-

رِّزْقًا لِّلْعِبَادِ ۙ وَاَحْيَيْنَا بِهٖ بَلْدَةً مَّيْتًا ۭ كَذٰلِكَ الْخُرُوْجُ ۝١١

১১। আমার বান্দাদের জন্য রিযিকস্বরূপ, এবং আমি তা (বৃষ্টি) দিয়ে মৃত ভূমিকে জীবিত করি। এভাবেই হবে বের হওয়া (পুনরুত্থান)।

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّاَصْحٰبُ الرَّسِّ وَثَمُوْدُ ۝١٢

১২। তাদের পূর্বে (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল নূহের সম্প্রদায়, রাস্*-এর অধিবাসীরা (কূপ ওয়ালারা) ও ছামূদ-

وَعَادٌ وَّفِرْعَوْنُ وَاِخْوَانُ لُوْطٍ ۝١٣

১৩। এবং আদ, ফিরআউন ও লূত-এর ভাইয়েরা-

وَّاَصْحٰبُ الْاَيْكَةِ وَقَوْمُ تُبَّعٍ ۭ كُلٌّ كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ وَعِيْدِ ۝١٤

১৪। এবং আইকাবাসী ও তুব্বা সম্প্রদায়। তারা সকলেই রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল, ফলে সত্য হয়েছিল আমার শাস্তির প্রতিশ্রুতি।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৫। আমি কি প্রথম বার সৃষ্টি করেই ক্লান্ত হয়ে পড়েছি? বরং তারা নতুন সৃষ্টি সম্পর্কে সন্দেহের মধ্যে রয়েছে।

أَفَعَيِينَا بِالْخَلْقِ الْأَوَّلِ ۚ بَلْ هُمْ فِي لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيدٍ ﴿١٥﴾

ع ١ ١٥ ١ রুকূ ১৫

১৬। আর অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি এবং তার প্রবৃত্তি তাকে যে কুমন্ত্রণা দেয় তা আমি জানি, এবং গ্রীবাস্থিত ধমনীর চেয়েও আমি তার অধিক নিকটে।

وَلَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهِ نَفْسُهُ ۖ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ ﴿١٦﴾

১৭। যখন দু'জন সংগ্রহকারী (ফেরেশতা) ডানে এবং বামে বসে (তথ্য) সংগ্রহ করছে।*

إِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّيَانِ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ قَعِيدٌ ﴿١٧﴾

১৮। সে কোন কথাই উচ্চারণ করেনা এ ছাড়া যে তার কাছে থাকে (তা সংরক্ষণের জন্য) একজন* সদাপ্রস্তুত পর্যবেক্ষক।

مَا يَلْفِظُ مِن قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ ﴿١٨﴾

১৯। এবং মৃত্যুযন্ত্রণা (প্রকৃত) সত্য নিয়ে আসবে। (বলা হবে) এটি তাই যা থেকে তুমি পাশ কেটে থাকতে।

وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ۖ ذَٰلِكَ مَا كُنتَ مِنْهُ تَحِيدُ ﴿١٩﴾

২০। এবং শিঙ্গায় ফুঁ দেয়া হবে, (বলা হবে) এটাই শাস্তির প্রতিশ্রুতির দিন।

وَنُفِخَ فِي الصُّورِ ۚ ذَٰلِكَ يَوْمُ الْوَعِيدِ ﴿٢٠﴾

২১। এবং প্রত্যেক ব্যক্তি তার সঙ্গে একজন চালক ও একজন সাক্ষী সহ উপস্থিত হবে।*

وَجَاءَتْ كُلُّ نَفْسٍ مَّعَهَا سَائِقٌ وَشَهِيدٌ ﴿٢١﴾

২২। অবশ্যই তুমি এ ব্যাপারে অসতর্কতার মধ্যে ছিলে এবং আমি তোমার থেকে তোমার আবরণ খুলে দিয়েছি, সুতরাং আজ তোমার দৃষ্টিশক্তি প্রখর।

لَقَدْ كُنتَ فِي غَفْلَةٍ مِّنْ هَٰذَا فَكَشَفْنَا عَنكَ غِطَاءَكَ فَبَصَرُكَ الْيَوْمَ حَدِيدٌ ﴿٢٢﴾

২৩। এবং তার সঙ্গী (ফেরেশতা) বলবে, 'এই হলো তা (আমলনামা) যা আছে আমার নিকট প্রস্তুত।'

وَقَالَ قَرِينُهُ هَٰذَا مَا لَدَيَّ عَتِيدٌ ﴿٢٣﴾

২৪। (আদেশ করা হবে) 'তোমরা দু'জনে জাহান্নামের মধ্যে নিক্ষেপ কর প্রত্যেক একগুঁয়ে কাফির-

أَلْقِيَا فِي جَهَنَّمَ كُلَّ كَفَّارٍ عَنِيدٍ ﴿٢٤﴾

২৫। কল্যাণকর কাজে প্রবল বাধাদানকারী, সীমালঙ্ঘনকারী ও সন্দেহ পোষণকারীকে-

مَّنَّاعٍ لِّلْخَيْرِ مُعْتَدٍ مُّرِيبٍ ﴿٢٥﴾

২৬। যে আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্ বানিয়েছিল, সুতরাং তোমরা দু'জনে তাকে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর।'

الَّذِي جَعَلَ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ فَأَلْقِيَاهُ فِي الْعَذَابِ الشَّدِيدِ ﴿٢٦﴾

২৭। তার সঙ্গী (শয়তান) বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমি তাকে অবাধ্য করিনি, বরং সে (নিজেই) সুদূর পথভ্রষ্টতার মধ্যে ছিল।'

قَالَ قَرِينُهُ رَبَّنَا مَا أَطْغَيْتُهُ وَلَٰكِن كَانَ فِي ضَلَالٍ بَعِيدٍ ﴿٢٧﴾

২৮। তিনি (আল্লাহ্) বলবেন, 'আমার সামনে ঝগড়া করো না, তোমাদেরকে তো আমি শাস্তির প্রতিশ্রুতি পূর্বেই দিয়েছিলাম।

ع ٢ ١٦ ٢ রুকূ ১৬

قَالَ لَا تَخْتَصِمُوا لَدَيَّ وَقَدْ قَدَّمْتُ إِلَيْكُم بِالْوَعِيدِ ﴿٢٨﴾

২৯। আমার কাছে কথা পরিবর্তন করা হয় না এবং আমি বান্দাদের প্রতি জুলুমকারী নই।'

مَا يُبَدَّلُ الْقَوْلُ لَدَيَّ وَمَا أَنَا بِظَلَّامٍ لِّلْعَبِيدِ ﴿٢٩﴾

৩০। সেদিন আমি জাহান্নামকে বলব, 'তুমি কি পূর্ণ হয়ে গেছ?' এবং সে (জাহান্নাম) বলবে, 'আরও আছে কি?'

يَوْمَ نَقُولُ لِجَهَنَّمَ هَلِ امْتَلَأْتِ وَتَقُولُ هَل مِن مَّزِيدٍ ﴿٣٠﴾

৩১। আর জান্নাতকে মুত্তাকীদের জন্য নিকটে আনা হবে- দূরে নয়।

وَأُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِينَ غَيْرَ بَعِيدٍ ﴿٣١﴾

৩২। (বলা হবে) এটি তাই যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল- প্রত্যেক (আল্লাহ্) অভিমুখী ও (আল্লাহ্‌র সীমা) হেফাজতকারীর জন্য,

هَٰذَا مَا تُوعَدُونَ لِكُلِّ أَوَّابٍ حَفِيظٍ ﴿٣٢﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৩৩। যে অসীম দয়াময়কে না দেখে ভয় করেছে এবং (অনুতাপের সাথে) প্রত্যাবর্তনকারী হৃদয় নিয়ে উপস্থিত হয়েছে-

مَنْ خَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ وَجَآءَ بِقَلْبٍ مُّنِيْبِ ۙ﴿٣٣﴾

৩৪। (তাদেরকে বলা হবে) 'তোমরা সালামের (শান্তির) সাথে তাতে প্রবেশ কর। এটা অনন্তকালের দিন।'

ادْخُلُوْهَا بِسَلٰمٍ ؕ ذٰلِكَ يَوْمُ الْخُلُوْدِ ﴿٣٤﴾

৩৫। তাদের জন্য সেখানে তাই থাকবে যা তারা চাইবে এবং আমার নিকট রয়েছে আরও অধিক।

لَهُمْ مَّا يَشَآءُوْنَ فِيْهَا وَلَدَيْنَا مَزِيْدٌ ﴿٣٥﴾

৩৬। আর তাদের পূর্বে আমি আরও কত প্রজন্মকে ধ্বংস করেছি যারা ছিল তাদের চেয়েও শক্তিতে প্রবল, এবং তারা নগরসমূহে ঘুরে বেড়াত। তাদের কোন পালানোর জায়গা ছিল কি?

وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ هُمْ اَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوْا فِي الْبِلَادِ ؕ هَلْ مِنْ مَّحِيْصٍ ﴿٣٦﴾

৩৭। নিশ্চয় এতে অবশ্যই উপদেশ রয়েছে তার জন্য যার হৃদয় আছে অথবা যে শ্রবণ করে নিবিষ্ট চিত্তে।

اِنَّ فِيْ ذٰلِكَ لَذِكْرٰى لِمَنْ كَانَ لَهٗ قَلْبٌ اَوْ اَلْقَى السَّمْعَ وَهُوَ شَهِيْدٌ ﴿٣٧﴾

৩৮। আর অবশ্যই আমি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তা সৃষ্টি করেছি ছয় দিনের মধ্যে, এবং আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি।

وَلَقَدْ خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ۖ وَّمَا مَسَّنَا مِنْ لُّغُوْبٍ ﴿٣٨﴾

৩৯। অতএব তারা যা বলে তাতে তুমি ধৈর্য ধারণ কর এবং তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা কর সূর্যের উদয়ের পূর্বে ও অস্তের পূর্বে,

فَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوْبِ ۚ﴿٣٩﴾

৪০। এবং তাঁর পবিত্রতা ঘোষণা কর রাতের একাংশে এবং সিজদাসমূহের (সালাতসমূহের) পরেও।

وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاَدْبَارَ السُّجُوْدِ ﴿٤٠﴾

৪১। এবং শুনে রাখ, যেদিন এক ঘোষনাকারী নিকটবর্তী স্থান থেকে ঘোষনা করবে-

وَاسْتَمِعْ يَوْمَ يُنَادِ الْمُنَادِ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ۙ﴿٤١﴾

৪২। যেদিন তারা সত্যিই শুনতে পাবে বিকট শব্দটি। এটিই (কবর থেকে) বের হওয়ার দিন।

يَّوْمَ يَسْمَعُوْنَ الصَّيْحَةَ بِالْحَقِّ ؕ ذٰلِكَ يَوْمُ الْخُرُوْجِ ﴿٤٢﴾

৪৩। নিশ্চয় আমিই জীবিত করি এবং মৃত্যু ঘটাই, এবং গন্তব্যস্থল আমারই দিকে-

اِنَّا نَحْنُ نُحْيٖ وَنُمِيْتُ وَاِلَيْنَا الْمَصِيْرُ ۙ﴿٤٣﴾

৪৪। যেদিন যমীন তাদের থেকে ফেটে যাবে- (তারা বের হয়ে আসবে) দ্রুত। এটি হাশর (সমাবেশ), যা আমার জন্য সহজ।

يَوْمَ تَشَقَّقُ الْاَرْضُ عَنْهُمْ سِرَاعًا ؕ ذٰلِكَ حَشْرٌ عَلَيْنَا يَسِيْرٌ ﴿٤٤﴾

৪৫। তারা যা বলে তা আমি সবচেয়ে বেশি জানি, আর তুমি তাদের উপর বল প্রয়োগকারী নও। সুতরাং তুমি কুরআনের সাহায্যে তাকে উপদেশ দাও, যে আমার (শাস্তির) প্রতিশ্রুতিকে ভয় করে।

ع ٣ ١٦ ١٧ ٣ রুকূ ১৭

نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ ۣ فَذَكِّرْ بِالْقُرْاٰنِ مَنْ يَّخَافُ وَعِيْدِ ﴿٤٥﴾

৫১. সূরা আয-যারিয়াত, মাক্কী

৬০ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥١-سُوْرَةُ الذّٰرِيٰتِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦٠، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম প্রবলভাবে বিক্ষিপ্তকারীদের-	وَالذّٰرِيٰتِ ذَرْوًا ۝١
২। এবং (কসম) বোঝা (ঘন মেঘ) বহনকারীদের-	فَالْحٰمِلٰتِ وِقْرًا ۝٢
৩। এবং (কসম) সহজভাবে চলাচলকারীদের-	فَالْجٰرِيٰتِ يُسْرًا ۝٣
৪। এবং (কসম, আল্লাহ্‌র) নির্দেশ বন্টনকারীদের-	فَالْمُقَسِّمٰتِ اَمْرًا ۝٤
৫। নিশ্চয় তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হচ্ছে তা অবশ্যই সত্য-	اِنَّمَا تُوْعَدُوْنَ لَصَادِقٌ ۝٥
৬। এবং নিশ্চয় বিচার দিন অবশ্যই সংঘটিত হবে।	وَّاِنَّ الدِّيْنَ لَوَاقِعٌ ۝٦
৭। কসম বহু পথ বিশিষ্ট আকাশের-	وَالسَّمَآءِ ذَاتِ الْحُبُكِ ۝٧
৮। নিশ্চয় তোমরা (বিচার দিন সম্পর্কে) অবশ্যই বিভিন্ন কথায় লিপ্ত-	اِنَّكُمْ لَفِيْ قَوْلٍ مُّخْتَلِفٍ ۝٨
৯। যাকে বিভ্রান্ত করা হয়েছে তাকে তা হতে (অর্থাৎ বিচার দিন সংঘটন সম্পর্কে) বিভ্রান্ত করা হয়।	يُّؤْفَكُ عَنْهُ مَنْ اُفِكَ ۝٩
১০। ধ্বংস হোক অনুমানকারীরা-	قُتِلَ الْخَرّٰصُوْنَ ۝١٠
১১। যারা বিপথগামীতায় (গোমরাহীতে) উদাসীন-	الَّذِيْنَ هُمْ فِيْ غَمْرَةٍ سَاهُوْنَ ۝١١
১২। তারা জিজ্ঞাসা করে, 'বিচার দিন কখন হবে?'	يَسْـَٔلُوْنَ اَيَّانَ يَوْمُ الدِّيْنِ ۝١٢
১৩। (বল) 'যেদিন তাদেরকে আগুনে শাস্তি দেয়া হবে।'	يَوْمَ هُمْ عَلَى النَّارِ يُفْتَنُوْنَ ۝١٣
১৪। (সেদিন বলা হবে) 'তোমরা তোমাদের শাস্তি আস্বাদন কর, এটাই তা যা তোমরা তাড়াতাড়ি পেতে চেয়েছিলে।'	ذُوْقُوْا فِتْنَتَكُمْ ۭ هٰذَا الَّذِيْ كُنْتُمْ بِهٖ تَسْتَعْجِلُوْنَ ۝١٤
১৫। (সেদিন) নিশ্চয় মুত্তাকীরা থাকবে জান্নাতসমূহে ও ঝর্ণার মাঝে-	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ۝١٥
১৬। উপভোগ করবে তা যা তাদের প্রতিপালক তাদেরকে দিবেন। নিশ্চয় তারা ইতঃপূর্বে (দুনিয়ার জীবনে) ছিল সৎকর্মপরায়ণ।	اٰخِذِيْنَ مَآ اٰتٰىهُمْ رَبُّهُمْ ۭ اِنَّهُمْ كَانُوْا قَبْلَ ذٰلِكَ مُحْسِنِيْنَ ۝١٦
১৭। তারা রাতের সামান্য অংশই অতিবাহিত করত নিদ্রায়।	كَانُوْا قَلِيْلًا مِّنَ الَّيْلِ مَا يَهْجَعُوْنَ ۝١٧

১৮।এবং তারা রাতের শেষ প্রহরে ক্ষমা প্রার্থনা করত।	وَبِالْاَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُوْنَ ﴿١٨﴾
১৯। এবং তাদের ধন-সম্পদে ছিল* সাহয্যপ্রার্থী (ভিক্ষুক) ও বঞ্চিতের (ফকির -মিসকীনের) অধিকার।	وَفِيْٓ اَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ﴿١٩﴾
২০। আর নিশ্চিত বিশ্বাসীদের জন্য পৃথিবীতে নিদর্শনাবলী রয়েছে-	وَفِى الْاَرْضِ اٰيٰتٌ لِّلْمُوْقِنِيْنَ ﴿٢٠﴾
২১। এবং তোমাদের নিজেদের মধ্যে। তবে কি তোমরা দেখ না?	وَفِيْٓ اَنْفُسِكُمْ ۭ اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٢١﴾
২২। এবং আকাশে রয়েছে তোমাদের রিযিক এবং যে (জান্নাত, জাহান্নামের) প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হচ্ছে তাও ।	وَفِى السَّمَاۗءِ رِزْقُكُمْ وَمَا تُوْعَدُوْنَ ﴿٢٢﴾
২৩। অতএব আকাশ ও পৃথিবীর প্রতিপালকের কসম, নিশ্চয় তা (অর্থাৎ জান্নাত, জাহান্নামের প্রতিশ্রুতি) অবশ্যই তার মত সত্য যেমন তোমরা কথা-বার্তা বলছ।	فَوَرَبِّ السَّمَاۗءِ وَالْاَرْضِ اِنَّهٗ لَحَقٌّ مِّثْلَ مَآ اَنَّكُمْ تَنْطِقُوْنَ ﴿٢٣﴾ ع ٢ ١٨ ١ রুকূ ১৮
২৪। তোমার নিকট ইবরাহীমের সম্মানিত অতিথিদের বৃত্তান্ত এসেছে কি ?	هَلْ اَتٰىكَ حَدِيْثُ ضَيْفِ اِبْرٰهِيْمَ الْمُكْرَمِيْنَ ﴿٢٤﴾
২৫। যখন তারা তার নিকট প্রবেশ করল এবং বলল, 'সালাম', তখন সে বলল, 'সালাম', (ভাবলেন এরা তো) অপরিচিত লোক,	اِذْ دَخَلُوْا عَلَيْهِ فَقَالُوْا سَلٰمًا ۭ قَالَ سَلٰمٌ ۚ قَوْمٌ مُّنْكَرُوْنَ ﴿٢٥﴾
২৬। অতঃপর সে (ইবরাহীম) তার স্ত্রীর নিকট গেল এবং একটি হৃষ্ট-পুষ্ট (ভাজা) বাছুর নিয়ে আসল-	فَرَاغَ اِلٰٓى اَهْلِهٖ فَجَاۗءَ بِعِجْلٍ سَمِيْنٍ ﴿٢٦﴾
২৭। অতঃপর তা তাদের নিকট রেখে বলল, 'তোমরা কি খাবে না?'	فَقَرَّبَهٗٓ اِلَيْهِمْ قَالَ اَلَا تَاْكُلُوْنَ ﴿٢٧﴾
২৮। অতঃপর সে তাদের থেকে ভীতি অনুভব করল। তারা বলল, 'ভয় করবেন না।' এবং তারা তাকে এক জ্ঞানী পুত্র-সন্তানের সুসংবাদ দিল।	فَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ۭ قَالُوْا لَا تَخَفْ ۭ وَبَشَّرُوْهُ بِغُلٰمٍ عَلِيْمٍ ﴿٢٨﴾
২৯। তখন তার স্ত্রী চিৎকার করতে করতে সামনে আসল এবং তার চেহারা চাপড়াল এবং বলল, '(আমি) এক বৃদ্ধা-বন্ধ্যা (আমার আবার সন্তান হবে)!'	فَاَقْبَلَتِ امْرَاَتُهٗ فِيْ صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتْ عَجُوْزٌ عَقِيْمٌ ﴿٢٩﴾
৩০। তারা বলল, 'এরূপই বলেছেন আপনার প্রতিপালক। নিশ্চয় তিনিই মহাপ্রজ্ঞাবান ও সর্বজ্ঞানী।'	قَالُوْا كَذٰلِكِ ۙ قَالَ رَبُّكِ ۭ اِنَّهٗ هُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ ﴿٣٠﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

পারা-২৭

৩১। সে (ইবরাহীম) বলল, 'হে প্রেরিতরা (ফেরেশতারা)! অতঃপর তোমাদের ব্যাপার কী?'	قَالَ فَمَا خَطْبُكُمْ اَيُّهَا الْمُرْسَلُوْنَ ﴿٣١﴾
৩২। তারা বলল, 'নিশ্চয় আমরা এক অপরাধী সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি-	قَالُوْٓا اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمٍ مُّجْرِمِيْنَ ﴿٣٢﴾
৩৩। তাদের উপর নিক্ষেপ করার জন্য কাদা মাটির পাথর-	لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِّنْ طِيْنٍ ﴿٣٣﴾
৩৪। যা সীমালঙ্ঘনকারীদের জন্য চিহ্নিত (করা আছে) আপনার প্রতিপালকের নিকট।'	مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِيْنَ ﴿٣٤﴾
৩৫। সুতরাং সেখানে যেসব মু'মিন ছিল আমি তাদেরকে বের করে এনেছিলাম,	فَاَخْرَجْنَا مَنْ كَانَ فِيْهَا مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٣٥﴾
৩৬। এবং সেখানে আমি কেবল মুসলিমদের একটি ঘরই* পেয়েছিলাম,	فَمَا وَجَدْنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ مِّنَ الْمُسْلِمِيْنَ ﴿٣٦﴾
৩৭। এবং যারা যন্ত্রণাদায়ক শাস্তিকে ভয় করে আমি তাদের জন্য এতে একটি নির্দশন রেখেছি।	وَتَرَكْنَا فِيْهَآ اٰيَةً لِّلَّذِيْنَ يَخَافُوْنَ الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٣٧﴾
৩৮। এবং (নিদর্শন রেখেছি) মূসার মধ্যে, যখন আমি তাকে সুস্পষ্ট প্রমাণসহ ফিরআউনের নিকট প্রেরণ করেছিলাম।	وَفِيْ مُوْسٰٓى اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾
৩৯। কিন্তু সে দলবলসহ মুখ ফিরিয়ে নিল এবং বলল, 'সে এক জাদুকর অথবা পাগল।'	فَتَوَلّٰى بِرُكْنِهٖ وَقَالَ سٰحِرٌ اَوْ مَجْنُوْنٌ ﴿٣٩﴾
৪০। সুতরাং আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম এবং তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম, এমন অবস্থায় যে সে ছিল তিরস্কৃত।	فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيْمٌ ﴿٤٠﴾
৪১। এবং (নিদর্শন রেখেছি) আদ-এর মধ্যে যখন আমি তাদের উপর প্রেরণ করেছিলাম অকল্যাণকর বায়ু,	وَفِيْ عَادٍ اِذْ اَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيْحَ الْعَقِيْمَ ﴿٤١﴾
৪২। তা যার উপর দিয়েই বয়ে গিয়েছিল তার কোন কিছুকেই ছিন্ন-বিচ্ছিন্ন না করে ছাড়েনি।	مَا تَذَرُ مِنْ شَيْءٍ اَتَتْ عَلَيْهِ اِلَّا جَعَلَتْهُ كَالرَّمِيْمِ ﴿٤٢﴾
৪৩। এবং (নিদর্শন রেখেছি) ছামূদ-এর মধ্যে যখন তাদেরকে বলা হয়েছিল, 'তোমরা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ভোগ করে নাও।'	وَفِيْ ثَمُوْدَ اِذْ قِيْلَ لَهُمْ تَمَتَّعُوْا حَتّٰى حِيْنٍ ﴿٤٣﴾
৪৪। অতঃপর তারা তাদের প্রতিপালকের নির্দেশের অবাধ্য হল, ফলে বজ্রধ্বনি তাদেরকে পাকড়াও করল, এমন অবস্থায় যে তারা দেখছিল।	فَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ فَاَخَذَتْهُمُ الصّٰعِقَةُ وَهُمْ يَنْظُرُوْنَ ﴿٤٤﴾
৪৫। এবং তারা উঠে দাঁড়াতে পারেনি এবং তারা আত্মরক্ষা করতেও সক্ষম হয়নি,	فَمَا اسْتَطَاعُوْا مِنْ قِيَامٍ وَّمَا كَانُوْا مُنْتَصِرِيْنَ ﴿٤٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪৬। এবং (ধ্বংস করেছি) ইতঃপূর্বে নূহের সম্প্রদায়কে। নিশ্চয় তারা ছিল এক পাপাচারী সম্প্রদায়।	وَقَوْمَ نُوْحٍ مِّنْ قَبْلُ ۚ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٤٦﴾
৪৭। এবং আকাশ, একে আমি নির্মাণ করেছি (আমার) ক্ষমতাবলে এবং নিশ্চয় আমি অবশ্যই (এর) সম্প্রসারণকারী।*	وَالسَّمَآءَ بَنَيْنٰهَا بِاَيْدٍ وَّاِنَّا لَمُوْسِعُوْنَ ﴿٤٧﴾
৪৮। এবং পৃথিবী, একে আমি বিছিয়ে দিয়েছি, এবং (আমি) কতই না উত্তম বিছানাকারী!	وَالْاَرْضَ فَرَشْنٰهَا فَنِعْمَ الْمٰهِدُوْنَ ﴿٤٨﴾
৪৯। এবং আমি প্রতিটি বস্তুকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার।	وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٤٩﴾
৫০। অতএব তোমরা আল্লাহ্‌র দিকে ধাবিত হও। (বল) 'নিশ্চয় আমি তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য একজন সুস্পষ্ট সতর্ককারী,	فَفِرُّوْٓا اِلَى اللّٰهِ ۚ اِنِّيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾
৫১। এবং তোমরা আল্লাহ্‌র সাথে অন্য কোন ইলাহ্ (উপাস্য) বানিও না। নিশ্চয় আমি তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য একজন সুস্পষ্ট সতর্ককারী।'	وَلَا تَجْعَلُوْا مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۚ اِنِّيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥١﴾
৫২। এভাবেই তাদের পূর্ববর্তীদের নিকট এমন কোন রাসূল আসেনি এছাড়া যে, তারা (তাকে) বলেছে, 'একজন জাদুকর অথবা পাগল'।	كَذٰلِكَ مَآ اَتَى الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا قَالُوْا سَاحِرٌ اَوْ مَجْنُوْنٌ ﴿٥٢﴾
৫৩। তারা কি পরস্পরকে এ উপদেশই দিয়ে আসছিল? বরং তারা এক সীমালঙ্ঘনকারী সম্প্রদায়।	اَتَوَاصَوْا بِهٖ ۚ بَلْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ﴿٥٣﴾
৫৪। অতএব তুমি তাদেরকে উপেক্ষা কর, আর এ জন্য তুমি তিরস্কৃত হবে না।	فَتَوَلَّ عَنْهُمْ فَمَآ اَنْتَ بِمَلُوْمٍ ﴿٥٤﴾
৫৫। এবং তুমি উপদেশ দাও, কারণ নিশ্চয় উপদেশ মু'মিনদের উপকারে আসে।	وَّذَكِّرْ فَاِنَّ الذِّكْرٰى تَنْفَعُ الْمُؤْمِنِيْنَ ﴿٥٥﴾
৫৬। এবং আমি জ্বীন ও মানুষকে সৃষ্টি করেছি যেন তারা কেবল আমার ইবাদত করে।	وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْسَ اِلَّا لِيَعْبُدُوْنِ ﴿٥٦﴾
৫৭। আমি তাদের থেকে কোন রিযিক চাই না এবং এও চাই না যে, তারা আমাকে খাওয়াবে।	مَآ اُرِيْدُ مِنْهُمْ مِّنْ رِّزْقٍ وَّمَآ اُرِيْدُ اَنْ يُّطْعِمُوْنِ ﴿٥٧﴾
৫৮। নিশ্চয় আল্লাহ্‌ই রিযিকদাতা, ক্ষমতাবান ও মহাশক্তিমান।	اِنَّ اللّٰهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنُ ﴿٥٨﴾
৫৯। অতএব নিশ্চয় যারা জুলুম করেছে তাদের জন্য রয়েছে (শাস্তির) অংশ যা তাদের (পূর্ববর্তী জালিম) সাথীদের (শাস্তির) অংশের অনুরূপ। সুতরাং তারা যেন আমাকে তাড়াতাড়ি করতে না বলে।	فَاِنَّ لِلَّذِيْنَ ظَلَمُوْا ذَنُوْبًا مِّثْلَ ذَنُوْبِ اَصْحٰبِهِمْ فَلَا يَسْتَعْجِلُوْنِ ﴿٥٩﴾
৬০। অতএব দুর্ভোগ তাদের জন্য যারা অবিশ্বাস করেছে তাদের সেদিনকে যেদিনের প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হচ্ছে।	فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ يَّوْمِهِمُ الَّذِيْ يُوْعَدُوْنَ ﴿٦٠﴾

৫২. সূরা আত-তূর, মাক্কী
৪৯ আয়াত, ২ রুকূ'

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٢-سُوْرَةُ الطُّوْرِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٤٩، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম তূর পর্বতের-	وَالطُّوْرِ ۙ﴿١﴾
২। কসম কিতাবের যা লিখিত-	وَكِتٰبٍ مَّسْطُوْرٍ ۙ﴿٢﴾
৩। উন্মুক্ত পাতায়-	فِيْ رَقٍّ مَّنْشُوْرٍ ۙ﴿٣﴾
৪। কসম বায়তুল মা'মূরের*-	وَّالْبَيْتِ الْمَعْمُوْرِ ۙ﴿٤﴾
৫। কসম সুউচ্চ ছাদের (আকাশের)-	وَالسَّقْفِ الْمَرْفُوْعِ ۙ﴿٥﴾
৬। কসম স্ফীত সমুদ্রের -	وَالْبَحْرِ الْمَسْجُوْرِ ۙ﴿٦﴾
৭। নিশ্চয় তোমার প্রতিপালকের শাস্তি অবশ্যই সংঘটিত হবে-	اِنَّ عَذَابَ رَبِّكَ لَوَاقِعٌ ۙ﴿٧﴾
৮। যার কোন প্রতিরোধকারী নেই-	مَّا لَهٗ مِنْ دَافِعٍ ۙ﴿٨﴾
৯। যেদিন আকাশ প্রকম্পিত হবে প্রবলভাবে-	يَّوْمَ تَمُوْرُ السَّمَآءُ مَوْرًا ۙ﴿٩﴾
১০। এবং পর্বতসমূহ চলবে দ্রুত গতিতে।	وَّتَسِيْرُ الْجِبَالُ سَيْرًا ؕ﴿١٠﴾
১১। অতএব সেদিন দুর্ভোগ মিথ্যা অভিহিতকারীদের জন্য-	فَوَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۙ﴿١١﴾
১২। যারা খেলাচ্ছলে অনর্থক কথায় লিপ্ত থাকে।	الَّذِيْنَ هُمْ فِيْ خَوْضٍ يَّلْعَبُوْنَ ۘ﴿١٢﴾
১৩। যেদিন তাদেরকে সজোরে ধাক্কা দিয়ে নিয়ে যাওয়া হবে জাহান্নামের আগুনের দিকে।	يَوْمَ يُدَعُّوْنَ اِلٰى نَارِ جَهَنَّمَ دَعًّا ؕ﴿١٣﴾
১৪। (বলা হবে)'এটাই সে আগুন যাকে তোমরা অস্বীকার করতে।	هٰذِهِ النَّارُ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ۘ﴿١٤﴾
১৫। তবে কি এটা জাদু? না কি তোমরা দেখতে পাচ্ছ না?	اَفَسِحْرٌ هٰذَآ اَمْ اَنْتُمْ لَا تُبْصِرُوْنَ ۚ﴿١٥﴾
১৬। তোমরা এতে প্রবেশ কর, অতঃপর তোমরা সহ্য কর অথবা সহ্য না কর (উভয়ই) তোমাদের জন্য সমান। তোমরা যা করতে তারই প্রতিফল তোমাদেরকে দেয়া হচ্ছে।'	اِصْلَوْهَا فَاصْبِرُوْٓا اَوْ لَا تَصْبِرُوْا ۚ سَوَآءٌ عَلَيْكُمْ ؕ اِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۘ﴿١٦﴾
১৭। নিশ্চয় মুত্তাকীরা থাকবে জান্নাত ও নিয়ামতসমূহের মধ্যে-	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّنَعِيْمٍ ۙ﴿١٧﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

فٰكِهِيْنَ بِمَآ اٰتٰىهُمْ رَبُّهُمْ ۚ وَوَقٰىهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيْمِ ﴿١٨﴾

১৮। তাদের প্রতিপালক তাদেরকে যা দিবেন তা তারা উপভোগ করবে এবং তাদের প্রতিপালক তাদেরকে তীব্র আগুনের শাস্তি থেকে রক্ষা করবেন।

كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـًٔا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٩﴾

১৯। (বলা হবে) 'তোমরা আহার কর ও পান কর, তোমরা যা করতে তার বিনিময়ে-

مُتَّكِـِٕيْنَ عَلٰى سُرُرٍ مَّصْفُوْفَةٍ ۚ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ ﴿٢٠﴾

২০। -সারিবদ্ধভাবে আসনসমূহের উপর হেলান দিয়ে', এবং আমি তাদেরকে বিয়ে দিব ডাগর নয়না হূরদের সাথে।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِاِيْمَانٍ اَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَآ اَلَتْنٰهُمْ مِّنْ عَمَلِهِمْ مِّنْ شَيْءٍ ۚ كُلُّ امْرِئٍۢ بِمَا كَسَبَ رَهِيْنٌ ﴿٢١﴾

২১। এবং যারা ঈমান এনেছে ও তাদের সন্তান-সন্ততি ঈমানের সাথে তাদের অনুসরণ করেছে, আমি তাদের সাথে তাদের সন্তান-সন্ততিকে মিলিত করব এবং তাদের কর্ম থেকে কিছুই আমি হ্রাস করব না। প্রত্যেক ব্যক্তি তার অর্জনের (কৃতকর্মের) কাছে দায়গ্রস্ত।

وَاَمْدَدْنٰهُمْ بِفَاكِهَةٍ وَّلَحْمٍ مِّمَّا يَشْتَهُوْنَ ﴿٢٢﴾

২২। এবং আমি তাদেরকে সরবরাহ করব ফল-মূল ও গোশত, তা হতে যা তারা আকাঙ্ক্ষা করবে।

يَتَنَازَعُوْنَ فِيْهَا كَاْسًا لَّا لَغْوٌ فِيْهَا وَلَا تَاْثِيْمٌ ﴿٢٣﴾

২৩। সেখানে তারা পরস্পরের মধ্যে (সুরাপূর্ণ) পানপাত্র আদান-প্রদান করতে থাকবে, সেখানে না হবে কোন অসার কথা আর না হবে কোন পাপ কাজ।

وَيَطُوْفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَاَنَّهُمْ لُؤْلُؤٌ مَّكْنُوْنٌ ﴿٢٤﴾

২৪। এবং তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করবে তাদের কিশোরেরা (গিলমান) যেন তারা সুরক্ষিত মুক্তা।

وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٥﴾

২৫। এবং তারা একে অপরের সামনা-সামনি হয়ে (অতীত সম্পর্কে) জিজ্ঞাসাবাদ করবে।

قَالُوْٓا اِنَّا كُنَّا قَبْلُ فِيْٓ اَهْلِنَا مُشْفِقِيْنَ ﴿٢٦﴾

২৬। তারা বলবে, 'নিশ্চয় আমরা পূর্বে আমাদের পরিবার-পরিজনের মধ্যে (অর্থাৎ দুনিয়াতে) ভীত-শঙ্কিত ছিলাম।

فَمَنَّ اللّٰهُ عَلَيْنَا وَوَقٰىنَا عَذَابَ السَّمُوْمِ ﴿٢٧﴾

২৭। সুতরাং আমাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছেন এবং আমাদেরকে ঝলসে দেয়া (আগুনের) শাস্তি থেকে রক্ষা করেছেন।

اِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوْهُ ۭ اِنَّهٗ هُوَ الْبَرُّ الرَّحِيْمُ ﴿٢٨﴾

২৮। নিশ্চয় আমরা ইতঃপূর্বে তাঁকে (আল্লাহ্কে) ডাকতাম, নিশ্চয় তিনিই পরম দাতা ও পরম দয়ালু।'

فَذَكِّرْ فَمَآ اَنْتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَّلَا مَجْنُوْنٍ ﴿٢٩﴾

২৯। অতএব তুমি উপদেশ দাও, আর তোমার প্রতিপালকের নেয়ামতে তুমি গণক নও এবং পাগলও নও।

اَمْ يَقُوْلُوْنَ شَاعِرٌ نَّتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ ﴿٣٠﴾

৩০। তারা কি বলে, 'সে একজন কবি। আমরা তার জন্য কালের বিবর্তনের (মৃত্যুর) প্রতীক্ষা করছি?'

قُلْ تَرَبَّصُوْا فَاِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُتَرَبِّصِيْنَ ﴿٣١﴾

৩১। বল, 'তোমরা প্রতীক্ষা কর, আর নিশ্চয় আমিও তোমাদের সাথে প্রতীক্ষা করছি।'

اَمْ تَاْمُرُهُمْ اَحْلَامُهُمْ بِهٰذَآ اَمْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ﴿٣٢﴾

৩২। তবে কি তাদের বুদ্ধিমত্তা তাদেরকে এ বিষয়ে (অর্থাৎ এ কথা বলতে) নির্দেশ দেয়, না কি তারা এক সীমালঙ্ঘনকারী সম্প্রদায়?

اَمْ يَقُوْلُوْنَ تَقَوَّلَهٗ ۚ بَلْ لَّا يُؤْمِنُوْنَ ﴿٣٣﴾

৩৩। তারা কি বলে, ' সে এটি (কুরআন) বানিয়ে বলেছে?' বরং তারা বিশ্বাস করে না।

৩৪। তাহলে এর অনুরূপ কোন কথা তারা নিয়ে আসুক- যদি তারা সত্যবাদী হয়।	فَلْيَاْتُوْا بِحَدِيْثٍ مِّثْلِهٖٓ اِنْ كَانُوْا صٰدِقِيْنَ ﴿٣٤﴾
৩৫। তারা কি কোন কিছু (অর্থাৎ স্রষ্টা) ছাড়াই সৃষ্টি হয়েছে, না কি তারাই (নিজেদের) স্রষ্টা?	اَمْ خُلِقُوْا مِنْ غَيْرِ شَيْءٍ اَمْ هُمُ الْخٰلِقُوْنَ ﴿٣٥﴾
৩৬। না কি তারা আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছে? বরং তারা নিশ্চিত বিশ্বাস করে না।	اَمْ خَلَقُوا السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ بَلْ لَّا يُوْقِنُوْنَ ﴿٣٦﴾
৩৭। তাদের নিকট কি তোমার প্রতিপালকের ভাণ্ডারসমূহ রয়েছে, না কি তারাই এ সবের নিয়ন্ত্রক?	اَمْ عِنْدَهُمْ خَزَآئِنُ رَبِّكَ اَمْ هُمُ الْمُصَيْطِرُوْنَ ﴿٣٧﴾
৩৮। না কি তাদের এমন কোন সিঁড়ি আছে যাতে (আরোহণ করে) তারা শ্রবণ করে? তাহলে তাদের সেই শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক।	اَمْ لَهُمْ سُلَّمٌ يَّسْتَمِعُوْنَ فِيْهِ ۚ فَلْيَاْتِ مُسْتَمِعُهُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾
৩৯। তবে কি কন্যা সন্তান তাঁর জন্য এবং পুত্র সন্তান তোমাদের জন্য ?	اَمْ لَهُ الْبَنٰتُ وَلَكُمُ الْبَنُوْنَ ﴿٣٩﴾
৪০। তবে কি তুমি (হে মুহাম্মদ!) তাদের কাছে প্রতিদান চাও, ফলে তারা ঋণেরভারে জর্জরিত?	اَمْ تَسْئَلُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ مَّغْرَمٍ مُّثْقَلُوْنَ ﴿٤٠﴾
৪১। নাকি তাদের কাছে আছে অদৃশ্য (এর জ্ঞান), তাই তারা তা লিখছে?	اَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُوْنَ ﴿٤١﴾
৪২। তবে কি তারা কোন ষড়যন্ত্র করতে চায়? পরিণামে কাফিররাই হবে ষড়যন্ত্রের শিকার।	اَمْ يُرِيْدُوْنَ كَيْدًا ؕ فَالَّذِيْنَ كَفَرُوْا هُمُ الْمَكِيْدُوْنَ ﴿٤٢﴾
৪৩। তাদের কি আল্লাহ্ ছাড়া অন্য কোন ইলাহ্ আছে? আল্লাহ্ পবিত্র তা হতে যা তারা শরীক করে।	اَمْ لَهُمْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٤٣﴾
৪৪। আর যদি তারা আকাশের কোন খণ্ড ভেঙ্গে পড়তে দেখে* তবুও তারা বলবে, '(এটা) এক পুঞ্জীভূত মেঘমালা।'	وَاِنْ يَّرَوْا كِسْفًا مِّنَ السَّمَآءِ سَاقِطًا يَّقُوْلُوْا سَحَابٌ مَّرْكُوْمٌ ﴿٤٤﴾
৪৫। অতএব তাদেরকে ছেড়ে দাও তাদের সেদিনের সম্মুখীন হওয়া পর্যন্ত যেদিন তাদেরকে সংজ্ঞাহীন করা হবে-	فَذَرْهُمْ حَتّٰى يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِيْ فِيْهِ يُصْعَقُوْنَ ﴿٤٥﴾
৪৬। যেদিন তাদের ষড়যন্ত্র তাদের কিছুই কাজে আসবে না এবং তাদেরকে সাহায্যও করা হবে না।	يَوْمَ لَا يُغْنِيْ عَنْهُمْ كَيْدُهُمْ شَيْئًا وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤٦﴾
৪৭। আর নিশ্চয় এটা ছাড়া আরো শাস্তি রয়েছে জালিমদের জন্য, কিন্তু তাদের অধিকাংশই জানে না।	وَاِنَّ لِلَّذِيْنَ ظَلَمُوْا عَذَابًا دُوْنَ ذٰلِكَ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٤٧﴾
৪৮। আর (হে নবী!) তুমি ধৈর্য ধারণ কর তোমার প্রতিপালকের হুকুমের (ফয়সালার) জন্য, আর নিশ্চয় তুমি আমার চোখের সামনেই রয়েছ এবং তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা কর যখন তুমি (সালাতে*) দাঁড়াও-	وَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ فَاِنَّكَ بِاَعْيُنِنَا وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ حِيْنَ تَقُوْمُ ﴿٤٨﴾
৪৯। এবং তাঁর পবিত্রতা ঘোষণা কর রাতের কিছু অংশে ও তারকারাজি অস্তমিত (অদৃশ্য) হওয়ার সময়।	وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاِدْبَارَ النُّجُوْمِ ﴿٤٩﴾

ع ٢ ٤ ٢ রুকু ৪

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৫৩. সূরা আন-নাজম, মাক্কী

৬২ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٣-سُوْرَةُ النَّجْمِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦٢، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম তারকার যখন তা পতিত হয়-	وَالنَّجْمِ اِذَا هَوٰى ۙ﴿١﴾
২। তোমাদের সঙ্গী পথভ্রষ্ট হয়নি এবং বিপথগামীও হয়নি,	مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوٰى ۚ﴿٢﴾
৩। এবং সে মনগড়া কথাও বলে না।	وَمَا يَنْطِقُ عَنِ الْهَوٰى ۭ﴿٣﴾
৪। এটি ওহী ছাড়া আর কিছু নয় যা (তাঁর প্রতি) ওহী করা হয়-	اِنْ هُوَ اِلَّا وَحْيٌ يُّوْحٰى ۙ﴿٤﴾
৫। তাকে শিক্ষা দিয়েছে অতি শক্তিশালী একজন (ফেরেশতা)-	عَلَّمَهٗ شَدِيْدُ الْقُوٰى ۙ﴿٥﴾
৬। সৃষ্টিগতভাবে শক্তিশালী। এবং সে নিজ আকৃতিতে স্থির হয়েছিল-	ذُوْ مِرَّةٍ ۭ فَاسْتَوٰى ۙ﴿٦﴾
৭। এমন অবস্থায় যে সে ছিল ঊর্ধ্ব দিগন্তে।	وَهُوَ بِالْاُفُقِ الْاَعْلٰى ۭ﴿٧﴾
৮। এরপর সে (রাসূলের) নিকটবর্তী হল এবং ঝুলে থাকল-	ثُمَّ دَنَا فَتَدَلّٰى ۙ﴿٨﴾
৯। ফলে তাদের মধ্যে দুই ধনুকের ব্যবধান রইল অথবা তারও কম,	فَكَانَ قَابَ قَوْسَيْنِ اَوْ اَدْنٰى ۚ﴿٩﴾
১০। অতঃপর তিনি (আল্লাহ্) তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন।	فَاَوْحٰٓى اِلٰى عَبْدِهٖ مَآ اَوْحٰى ۭ﴿١٠﴾
১১। যা সে দেখেছে (তার) অন্তর তা মিথ্যা বলেনি।	مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَاٰى ﴿١١﴾
১২। সে যা দেখেছে তোমরা কি সে বিষয়ে তার সাথে বিতর্ক করছ?	اَفَتُمٰرُوْنَهٗ عَلٰي مَا يَرٰى ﴿١٢﴾
১৩। আর অবশ্যই সে তাকে দেখেছিল আরেক অবতরণকালে-	وَلَقَدْ رَاٰهُ نَزْلَةً اُخْرٰى ۙ﴿١٣﴾
১৪। শেষ প্রান্তের কুলগাছের (সিদরাতুল মুনতাহার) নিকট,	عِنْدَ سِدْرَةِ الْمُنْتَهٰى ۚ﴿١٤﴾
১৫। যার নিকট অবস্থিত জান্নাতুল মাওয়া (বসবাসের বাগান)।	عِنْدَهَا جَنَّةُ الْمَاْوٰى ۭ﴿١٥﴾
১৬। যখন কুলগাছটিকে যা ঢাকার তা ঢেকে দিল-	اِذْ يَغْشَى السِّدْرَةَ مَا يَغْشٰى ۙ﴿١٦﴾
১৭। তার দৃষ্টি বিচ্যুত হয়নি এবং সীমাও ছাড়িয়ে যায়নি।	مَا زَاغَ الْبَصَرُ وَمَا طَغٰى ﴿١٧﴾
১৮। অবশ্যই সে তার প্রতিপালকের বড় বড় নিদর্শন থেকে (কিছু নিদর্শন) দেখেছিল।	لَقَدْ رَاٰى مِنْ اٰيٰتِ رَبِّهِ الْكُبْرٰى ﴿١٨﴾
১৯। তোমরা কি ভেবে দেখেছ 'লাত' ও 'উয্যা'* সম্পর্কে-	اَفَرَءَيْتُمُ اللّٰتَ وَالْعُزّٰى ۙ﴿١٩﴾
২০। এবং তৃতীয় আরেকটি 'মানাত' (নামক নারী মূর্তি) সম্পর্কে?	وَمَنٰوةَ الثَّالِثَةَ الْاُخْرٰى ﴿٢٠﴾

أَلَكُمُ الذَّكَرُ وَلَهُ الْأُنْثٰى ﴿٢١﴾

২১। তোমাদের জন্য কি পুত্র সন্তান এবং তাঁর (আল্লাহ্‌র) জন্য কন্যা সন্তান?

تِلْكَ إِذًا قِسْمَةٌ ضِيزٰى ﴿٢٢﴾

২২। এটা তো তাহলে এক অসঙ্গত বণ্টন!

إِنْ هِيَ إِلَّا أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ ۚ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنْفُسُ ۖ وَلَقَدْ جَاءَهُمْ مِنْ رَبِّهِمُ الْهُدٰى ﴿٢٣﴾

২৩। এগুলো কতক নাম ছাড়া অন্য কিছু নয়, যেগুলোর নাম রেখেছ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা, যেগুলো সম্পর্কে আল্লাহ্‌ কোন প্রমাণ অবতীর্ণ করেননি। তারা কেবল অনুমানের অনুসরণ করে এবং প্রবৃত্তি যা চায় তার, আর অবশ্যই তাদের কাছে এসেছে তাদের প্রতিপালকের পক্ষ থেকে পথনির্দেশিকা ।

أَمْ لِلْإِنْسَانِ مَا تَمَنّٰى ﴿٢٤﴾

২৪। মানুষ (এগুলোর কাছে) যা আকাঙ্ক্ষা করে তা কি সে পায়?

فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولٰى ﴿٢٥﴾

২৫। বরং পরকাল ও ইহকাল আল্লাহ্‌রই।

وَكَمْ مِنْ مَلَكٍ فِي السَّمٰوٰتِ لَا تُغْنِي شَفَاعَتُهُمْ شَيْئًا إِلَّا مِنْ بَعْدِ أَنْ يَأْذَنَ اللَّهُ لِمَنْ يَشَاءُ وَيَرْضٰى ﴿٢٦﴾

২৬। আর আকাশসমূহে কত ফেরেশতাই তো রয়েছে, তাদের সুপারিশ কিছুই কাজে আসবে না, তবে (কাজে আসবে) আল্লাহ্‌র অনুমতি দানের পর যার জন্য তিনি ইচ্ছা করবেন ও (যার প্রতি) সন্তুষ্ট হবেন।

إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ لَيُسَمُّونَ الْمَلٰئِكَةَ تَسْمِيَةَ الْأُنْثٰى ﴿٢٧﴾

২৭। নিশ্চয় যারা আখিরাতের প্রতি ঈমান আনে না তারাই ফেরেশতাদেরকে নারীবাচক নাম দিয়ে থাকে,

وَمَا لَهُمْ بِهِ مِنْ عِلْمٍ ۖ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ ۖ وَإِنَّ الظَّنَّ لَا يُغْنِي مِنَ الْحَقِّ شَيْئًا ﴿٢٨﴾

২৮। অথচ এ বিষয়ে তাদের কোন জ্ঞান নেই। তারা কেবল অনুমানের অনুসরণ করে, আর নিশ্চয় সত্যের বিপরীতে অনুমান কিছুই কাজে আসে না,

فَأَعْرِضْ عَنْ مَنْ تَوَلّٰى ۙ عَنْ ذِكْرِنَا وَلَمْ يُرِدْ إِلَّا الْحَيٰوةَ الدُّنْيَا ﴿٢٩﴾

২৯। অতএব যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়, তুমি তাকে উপেক্ষা কর, সে কেবল দুনিয়ার জীবনই কামনা করে।

ذٰلِكَ مَبْلَغُهُمْ مِنَ الْعِلْمِ ۚ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِمَنِ اهْتَدٰى ﴿٣٠﴾

৩০। এই হল তাদের জ্ঞানের পরিমাণ। নিশ্চয় তোমার প্রতিপালকই সবচেয়ে বেশি জানেন কে তাঁর পথ থেকে বিচ্যুত এবং তিনিই সবচেয়ে বেশি জানেন কে সঠিক পথ অবলম্বন করেছে।

وَلِلَّهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ۚ لِيَجْزِيَ الَّذِينَ أَسَاءُوا بِمَا عَمِلُوا وَيَجْزِيَ الَّذِينَ أَحْسَنُوا بِالْحُسْنَى ﴿٣١﴾

৩১। আর আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহ্‌রই, যাতে যারা মন্দকাজ করেছে তাদেরকে তিনি তাদের কাজ অনুযায়ী প্রতিফল দিতে পারেন এবং উত্তম প্রতিদান দিতে পারেন তাদেরকে যারা উত্তম কাজ করেছে,

الَّذِينَ يَجْتَنِبُونَ كَبٰئِرَ الْإِثْمِ وَالْفَوَاحِشَ إِلَّا اللَّمَمَ ۚ إِنَّ رَبَّكَ وَاسِعُ الْمَغْفِرَةِ ۚ هُوَ أَعْلَمُ بِكُمْ إِذْ أَنْشَأَكُمْ مِنَ الْأَرْضِ وَإِذْ أَنْتُمْ أَجِنَّةٌ فِي بُطُونِ أُمَّهٰتِكُمْ ۖ فَلَا تُزَكُّوا أَنْفُسَكُمْ ۖ هُوَ أَعْلَمُ بِمَنِ اتَّقٰى ﴿٣٢﴾

৩২। যারা ছোট-খাট অপরাধ ছাড়া বড় বড় পাপ (কবীরা গুনাহ্‌) ও অশ্লীল কাজসমূহ পরিহার করে। নিশ্চয় তোমার প্রতিপালক ব্যাপক ক্ষমার অধিকারী। তিনি তোমাদের সম্পর্কে সবচেয়ে বেশি জানেন যখন তিনি তোমাদেরকে সৃষ্টি করেছিলেন মাটি থেকে এবং যখন তোমরা ছিলে তোমাদের মাতৃগর্ভে ভ্রূণরূপে, অতএব তোমরা তোমাদের নিজেদের পরিশুদ্ধতার দাবী করো না।* তিনি সবচেয়ে বেশি জানেন কে তাকওয়া অবলম্বন করেছে।

৩৩। তুমি কি সে ব্যক্তিকে দেখেছ যে মুখ ফিরিয়ে নিয়েছে*-	اَفَرَءَيْتَ الَّذِىْ تَوَلّٰى ﴿٣٣﴾
৩৪। এবং সামান্যই দান করেছে এবং বন্ধও করে দিয়েছে?	وَاَعْطٰى قَلِيْلًا وَّاَكْدٰى ﴿٣٤﴾
৩৫। তার কাছে কি অদৃশ্যের জ্ঞান আছে যে, সে (যা ঘটবে তা) দেখছে?	اَعِنْدَهٗ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرٰى ﴿٣٥﴾
৩৬। তাকে কি তা জানিয়ে দেয়া হয়নি যা আছে মূসার সহীফাসমূহে-	اَمْ لَمْ يُنَبَّاْ بِمَا فِىْ صُحُفِ مُوْسٰى ﴿٣٦﴾
৩৭। এবং ইবরাহীমের (সহীফাসমূহে), যে (তার দায়িত্ব) পুরোপুরি পালন করেছিল?	وَاِبْرٰهِيْمَ الَّذِىْ وَفّٰٓى ﴿٣٧﴾
৩৮। তা এই যে, কোন বোঝাবহনকারী অন্যের বোঝা বহন করবে না-	اَلَّا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ﴿٣٨﴾
৩৯। এবং এও যে, মানুষের জন্য কেবল তা-ই* রয়েছে যা সে প্রচেষ্টা চালায়-	وَاَنْ لَّيْسَ لِلْاِنْسَانِ اِلَّا مَا سَعٰى ﴿٣٩﴾
৪০। এবং এও যে, তার প্রচেষ্টা তাকে অচিরেই দেখানো হবে,	وَاَنَّ سَعْيَهٗ سَوْفَ يُرٰى ﴿٤٠﴾
৪১। এরপর তাকে পূর্ণ প্রতিফল দেয়া হবে-	ثُمَّ يُجْزٰىهُ الْجَزَآءَ الْاَوْفٰى ﴿٤١﴾
৪২। এবং এও যে, শেষ গন্তব্য তোমার প্রতিপালকেরই দিকে-	وَاَنَّ اِلٰى رَبِّكَ الْمُنْتَهٰى ﴿٤٢﴾
৪৩। এবং এও যে, তিনিই হাসান এবং তিনিই কাঁদান-	وَاَنَّهٗ هُوَ اَضْحَكَ وَاَبْكٰى ﴿٤٣﴾
৪৪। এবং এও যে, তিনিই মৃত্যু ঘটান এবং জীবিত করেন-	وَاَنَّهٗ هُوَ اَمَاتَ وَاَحْيَا ﴿٤٤﴾
৪৫। এবং এও যে, তিনিই সৃষ্টি করেন জোড়া- নর ও নারী-	وَاَنَّهٗ خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى ﴿٤٥﴾
৪৬। বীর্যবিন্দু হতে, যখন বীর্য নির্গত হয়,	مِنْ نُّطْفَةٍ اِذَا تُمْنٰى ﴿٤٦﴾
৪৭। এবং এও যে, আরেকবার সৃষ্টির দায়িত্ব তাঁরই-	وَاَنَّ عَلَيْهِ النَّشْاَةَ الْاُخْرٰى ﴿٤٧﴾
৪৮। এবং এও যে, তিনিই অভাবমুক্ত করেন ও পরিতুষ্ট করেন-	وَاَنَّهٗ هُوَ اَغْنٰى وَاَقْنٰى ﴿٤٨﴾
৪৯। এবং এও যে, তিনিই শি'রা তারকার* প্রতিপালক-	وَاَنَّهٗ هُوَ رَبُّ الشِّعْرٰى ﴿٤٩﴾
৫০। এবং এও যে, তিনিই ধ্বংস করেছিলেন প্রথম আদকে-	وَاَنَّهٗ اَهْلَكَ عَادَا ۨ الْاُوْلٰى ﴿٥٠﴾
৫১। এবং ছামূদকেও, এবং তিনি (কাউকে) বাকী রাখেন নি-	وَثَمُوْدَا فَمَآ اَبْقٰى ﴿٥١﴾
৫২। এবং তাদের পূর্বে নূহের সম্প্রদায়কেও। নিশ্চয় তারা ছিল সর্বাধিক জালিম ও সর্বাধিক সীমালঙ্ঘনকারী।	وَقَوْمَ نُوْحٍ مِّنْ قَبْلُ ۭ اِنَّهُمْ كَانُوْا هُمْ اَظْلَمَ وَاَطْغٰى ﴿٥٢﴾

وَالْمُؤْتَفِكَةَ اَهْوٰى ﴿٥٣﴾

৫৩। এবং (তিনিই) উল্টে দেয়া জনপদকে* উঠিয়ে নিক্ষেপ করেছিলেন-

فَغَشّٰهَا مَا غَشّٰى ﴿٥٤﴾

৫৪। অতঃপর তাকে (জনপদকে) যা আচ্ছন্ন করার তা আচ্ছন্ন করল,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكَ تَتَمَارٰى ﴿٥٥﴾

৫৫। অতএব তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহসমূহের কোনটি সম্পর্কে সন্দেহ পোষণ করবে?

هٰذَا نَذِيْرٌ مِّنَ النُّذُرِ الْاُوْلٰى ﴿٥٦﴾

৫৬। এটি পূর্ববর্তী সতর্কীকরণসমূহের মধ্য থেকে একটি সতর্কীকরণ।

اَزِفَتِ الْاٰزِفَةُ ﴿٥٧﴾

৫৭। কিয়ামত নিকটবর্তী হয়েছে,

لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ كَاشِفَةٌ ﴿٥٨﴾

৫৮। আল্লাহ্ ছাড়া তা প্রকাশকারী কেউ নেই।

اَفَمِنْ هٰذَا الْحَدِيْثِ تَعْجَبُوْنَ ﴿٥٩﴾

৫৯। তবে কি তোমরা এ কথায় বিস্মিত হচ্ছ-

وَتَضْحَكُوْنَ وَلَا تَبْكُوْنَ ﴿٦٠﴾

৬০। এবং হাসছ আর কাঁদছ না-

وَاَنْتُمْ سٰمِدُوْنَ ﴿٦١﴾

৬১। এমন অবস্থায় যে তোমরা (অহংকার বশতঃ) উদাসীন?

فَاسْجُدُوْا لِلّٰهِ وَاعْبُدُوْا ﴿٦٢﴾ ع

৬২। অতএব সিজদা কর আল্লাহ্কে এবং (তাঁর) ইবাদত কর।

রুকু ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

٥٤-سُوْرَةُ الْقَمَرِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٥٥، رُكُوْعَاتُهَا-٣
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৫৪. সূরা আল-কামার, মাক্কী
৫৫ আয়াত, ৩ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

اِقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ ①

১ কিয়ামত নিকটবর্তী হয়েছে এবং চন্দ্র বিদীর্ণ হয়েছে।

وَاِنْ يَّرَوْا اٰيَةً يُّعْرِضُوْا وَيَقُوْلُوْا سِحْرٌ مُّسْتَمِرٌّ ②

২। আর যদি তারা কোন নিদর্শন দেখে তাহলে তারা মুখ ফিরিয়ে নেয় এবং বলে, 'এটা চিরাচরিত জাদু।'

وَكَذَّبُوْا وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ۭ وَكُلُّ اَمْرٍ مُّسْتَقِرٌّ ③

৩। এবং তারা (রাসূলকে) মিথ্যাবাদী বলেছে ও তাদের প্রবৃত্তির অনুসরণ করেছে, আর প্রত্যেক বিষয়ই স্থিরীকৃত।

وَلَقَدْ جَاۗءَهُمْ مِّنَ الْاَنْۢبَاۗءِ مَا فِيْهِ مُزْدَجَرٌ ۙ ④

৪। আর অবশ্যই তাদের নিকট এসেছে এমন সংবাদ* যাতে আছে সাবধান বাণী-

حِكْمَةٌۢ بَالِغَةٌ ۡ فَمَا تُغْنِ النُّذُرُ ۙ ⑤

৫। -পরিপূর্ণ প্রজ্ঞা। তবে সতর্কীকরণ তাদের কোন উপকারে আসবে না-

فَتَوَلَّ عَنْهُمْ ۘ يَوْمَ يَدْعُ الدَّاعِ اِلٰى شَيْءٍ نُّكُرٍ ۙ ⑥

৬। অতএব তুমি তাদের থেকে মুখ ফিরিয়ে নাও। যেদিন আহ্বানকারী আহ্বান করবে এক ভয়াবহ কিছুর দিকে-

خُشَّعًا اَبْصَارُهُمْ يَخْرُجُوْنَ مِنَ الْاَجْدَاثِ كَاَنَّهُمْ جَرَادٌ مُّنْتَشِرٌ ۙ ⑦

৭। অবনত চোখে তারা কবর থেকে বের হবে বিক্ষিপ্ত পঙ্গপালের মত-

مُّهْطِعِيْنَ اِلَى الدَّاعِ ۭ يَقُوْلُ الْكٰفِرُوْنَ هٰذَا يَوْمٌ عَسِرٌ ⑧

৮। আহ্বানকারীর দিকে দৌড়িয়ে। (সেদিন) কাফিররা বলবে, 'এ এক কঠিন দিন।'

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ فَكَذَّبُوْا عَبْدَنَا وَقَالُوْا مَجْنُوْنٌ وَّازْدُجِرَ ⑨

৯। মিথ্যা অভিহিত করেছিল তাদের পূর্বে নূহের সম্প্রদায় এবং তারা মিথ্যাবাদী বলেছিল আমার বান্দাকে এবং বলেছিল, '(সে) একজন পাগল।' এবং তাকে ধমকানো হয়েছিল।

فَدَعَا رَبَّهٗٓ اَنِّيْ مَغْلُوْبٌ فَانْتَصِرْ ⑩

১০। তখন সে তার প্রতিপালককে ডেকে বলেছিল, 'নিশ্চয় আমি পরাভূত, অতএব আপনি বদলা নিন।

فَفَتَحْنَآ اَبْوَابَ السَّمَاۗءِ بِمَاۗءٍ مُّنْهَمِرٍ ⑪

১১। তখন আমি প্রবল পানি দিয়ে (বৃষ্টি বর্ষণ করে) আকাশের দরজাসমূহ উন্মুক্ত করে দিলাম*-

وَّفَجَّرْنَا الْاَرْضَ عُيُوْنًا فَالْتَقَى الْمَاۗءُ عَلٰٓى اَمْرٍ قَدْ قُدِرَ ⑫

১২। এবং যমীন ফাটিয়ে বের করলাম বহু পানির প্রবাহ এবং সকল পানি মিলিত হল এক অবধারিত বিষয়ের জন্য,

وَحَمَلْنٰهُ عَلٰي ذَاتِ اَلْوَاحٍ وَّدُسُرٍ ⑬

১৩। এবং তাকে (নূহকে) আমি আরোহণ করালাম তক্তা ও পেরেক সম্বলিত এক নৌযানে-

تَجْرِيْ بِاَعْيُنِنَا ۚ جَزَاۗءً لِّمَنْ كَانَ كُفِرَ ⑭

১৪। যা চলত আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে, তার জন্য প্রতিদানস্বরূপ যাকে অবিশ্বাস করা হয়েছিল।

وَلَقَدْ تَّرَكْنٰهَآ اٰيَةً فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ⑮

১৫। আর অবশ্যই আমি একে (নৌযানকে) রেখে দিয়েছি একটি নিদর্শন হিসাবে, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

فَكَيْفَ كَانَ عَذَابِيْ وَنُذُرِ ⑯

১৬। অতএব কেমন ছিল আমার শাস্তি ও সতর্কীকরণ!

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ⑰

১৭। আর অবশ্যই আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?*

১৮। আদও (হূদকে) মিথ্যাবাদী বলেছিল, অতএব কেমন ছিল আমার শাস্তি ও সতর্কীকরণ!

كَذَّبَتْ عَادٌ فَكَيْفَ كَانَ عَذَابِيْ وَنُذُرِ ﴿١٨﴾

১৯। নিশ্চয় আমি তাদের উপর প্রেরণ করেছিলাম এক ঝড়ো বাতাস, দুর্যোগপূর্ণ দিনে বিরামহীনভাবে-

اِنَّآ اَرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا صَرْصَرًا فِيْ يَوْمِ نَحْسٍ مُّسْتَمِرٍّ ﴿١٩﴾

২০। যা লোকদেরকে উঠিয়ে নিক্ষেপ করেছিল, যেন তারা উৎপাটিত খেজুর গাছের কান্ড।

تَنْزِعُ النَّاسَ ۙ كَاَنَّهُمْ اَعْجَازُ نَخْلٍ مُّنْقَعِرٍ ﴿٢٠﴾

২১। অতএব কেমন ছিল আমার শাস্তি ও সতর্কীকরণ!

فَكَيْفَ كَانَ عَذَابِيْ وَنُذُرِ ﴿٢١﴾

২২। আর অবশ্যই আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿٢٢﴾

২৩। ছামূদও সতর্কীকরণকে মিথ্যা অভিহিত করেছিল।

كَذَّبَتْ ثَمُوْدُ بِالنُّذُرِ ﴿٢٣﴾

২৪। এবং তারা বলেছিল, 'আমরা কি আমাদেরই মধ্য থেকে একজন মানুষকে অনুসরণ করব? তবে নিশ্চয় আমরা অবশ্যই পথভ্রষ্টতা ও উম্মত্ততায় পতিত হব।

فَقَالُوْٓا اَبَشَرًا مِّنَّا وَاحِدًا نَّتَّبِعُهٗٓ ۙ اِنَّآ اِذًا لَّفِيْ ضَلٰلٍ وَّسُعُرٍ ﴿٢٤﴾

২৫। আমাদের মধ্য থেকে কি তারই প্রতি উপদেশ (ওহী) অর্পণ করা হয়েছে? বরং সে একজন দাম্ভিক মিথ্যাবাদী।'

ءَاُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِنْۢ بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ اَشِرٌ ﴿٢٥﴾

২৬। আগামীকালই তারা জানবে, কে সেই দাম্ভিক মিথ্যাবাদী।

سَيَعْلَمُوْنَ غَدًا مَّنِ الْكَذَّابُ الْاَشِرُ ﴿٢٦﴾

২৭। নিশ্চয় আমি তাদের জন্য পরীক্ষা হিসেবে এক উষ্ট্রী প্রেরণ করতে যাচ্ছি, অতএব তুমি তাদের জন্য অপেক্ষা কর এবং অবিচল থাক।

اِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً لَّهُمْ فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ ﴿٢٧﴾

২৮। এবং তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে পানি বণ্টন হবে, প্রত্যেক (দিনের) পানির অংশ (পালাক্রমে) সংগ্রহ করতে হবে।

وَنَبِّئْهُمْ اَنَّ الْمَآءَ قِسْمَةٌۢ بَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُّحْتَضَرٌ ﴿٢٨﴾

২৯। অতঃপর তারা তাদের এক সঙ্গীকে ডাকল এবং সে দুঃসাহস করল এবং (উষ্ট্রীকে) হত্যা করল।

فَنَادَوْا صَاحِبَهُمْ فَتَعَاطٰى فَعَقَرَ ﴿٢٩﴾

৩০। অতএব কেমন ছিল আমার শাস্তি ও সতর্কীকরণ!

فَكَيْفَ كَانَ عَذَابِيْ وَنُذُرِ ﴿٣٠﴾

৩১। নিশ্চয় আমি তাদের উপর প্রেরণ করেছিলাম এক বিকট শব্দ, ফলে তারা খোঁয়াড় প্রস্তুতকারীর খন্ডিত শুকনো তৃণ পল্লবের মত হয়ে গেল।

اِنَّآ اَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَّاحِدَةً فَكَانُوْا كَهَشِيْمِ الْمُحْتَظِرِ ﴿٣١﴾

৩২। আর অবশ্যই আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿٣٢﴾

৩৩। লূত সম্প্রদায়ও সতর্কীকরণকে মিথ্যা অভিহিত করেছিল।

كَذَّبَتْ قَوْمُ لُوْطٍۭ بِالنُّذُرِ ﴿٣٣﴾

৩৪। নিশ্চয় আমি তাদের উপর প্রেরণ করেছিলাম পাথর বহনকারী এক প্রচণ্ড ঝড়, লূতের পরিবার ব্যতীত। আমি তাদেরকে উদ্ধার করেছিলাম শেষ রাতে-

اِنَّآ اَرْسَلْنَا عَلَيْهِمْ حَاصِبًا اِلَّآ اٰلَ لُوْطٍ ؕ نَجَّيْنٰهُمْ بِسَحَرٍ ﴿٣٤﴾

৩৫। আমার নিকট থেকে নেয়ামতস্বরূপ। যে কৃতজ্ঞতা প্রকাশ করে তাকে আমি এভাবেই প্রতিদান দেই।

نِّعْمَةً مِّنْ عِنْدِنَا ؕ كَذٰلِكَ نَجْزِيْ مَنْ شَكَرَ ﴿٣٥﴾

৩৬। আর অবশ্যই সে (লূত) আমার পাকড়াও সম্পর্কে তাদেরকে সতর্ক করেছিল, কিন্তু তারা সতর্কীকরণ সম্পর্কে সন্দেহ পোষণ করেছিল।

وَلَقَدْ اَنْذَرَهُمْ بَطْشَتَنَا فَتَمَارَوْا بِالنُّذُرِ ﴿٣٦﴾

৩৭। আর অবশ্যই তারা তার নিকট থেকে তার মেহমানদেরকে দৈহিক মিলনে দাবী করল, তখন আমি তাদের দৃষ্টিশক্তি লোপ করে দিলাম, সুতরাং আমার শাস্তি ও সতর্কীকরণ আস্বাদন কর।	وَلَقَدْ رَاوَدُوْهُ عَنْ ضَيْفِهٖ فَطَمَسْنَآ اَعْيُنَهُمْ فَذُوْقُوْا عَذَابِىْ وَنُذُرِ ﴿٣٧﴾
৩৮। আর অবশ্যই খুব ভোরে তাদের উপর আসল এক নির্ধারিত শাস্তি,	وَلَقَدْ صَبَّحَهُمْ بُكْرَةً عَذَابٌ مُّسْتَقِرٌّ ﴿٣٨﴾
৩৯। সুতরাং আমার শাস্তি ও সতর্কীকরণ আস্বাদন কর।	فَذُوْقُوْا عَذَابِىْ وَنُذُرِ ﴿٣٩﴾
৪০। আর অবশ্যই আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?	وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿٤٠﴾
৪১। আর অবশ্যই ফিরআউন বংশের নিকটও সতর্কীকরণ এসেছিল,	وَلَقَدْ جَآءَ اٰلَ فِرْعَوْنَ النُّذُرُ ﴿٤١﴾
৪২। তারা মিথ্যা অভিহিত করেছিল আমার নিদর্শনাবলী- সবই, ফলে আমি তাদেরকে এক পরাক্রমশালী ও শক্তিমানের পাকড়াও করার মত পাকড়াও করেছিলাম।	كَذَّبُوْا بِاٰيٰتِنَا كُلِّهَا فَاَخَذْنٰهُمْ اَخْذَ عَزِيْزٍ مُّقْتَدِرٍ ﴿٤٢﴾
৪৩। তোমাদের কাফিররা কি তাদের চেয়ে উত্তম? নাকি যাবুরসমূহে (লিখিত কিতাবসমূহে) তোমাদের জন্য অব্যাহতি (এর সনদ) রয়েছে?	اَكُفَّارُكُمْ خَيْرٌ مِّنْ اُولٰٓئِكُمْ اَمْ لَكُمْ بَرَآءَةٌ فِى الزُّبُرِ ﴿٤٣﴾
৪৪। নাকি তারা বলে, 'আমরা এক বিজয়ী দল?'	اَمْ يَقُوْلُوْنَ نَحْنُ جَمِيْعٌ مُّنْتَصِرٌ ﴿٤٤﴾
৪৫। শীঘ্রই এ দলকে পরাজিত করা হবে এবং তারা পৃষ্ঠপ্রদর্শন করবে।	سَيُهْزَمُ الْجَمْعُ وَيُوَلُّوْنَ الدُّبُرَ ﴿٤٥﴾
৪৬। বরং কিয়ামত তাদের (শাস্তির) নির্ধারিত সময় এবং কিয়ামত অত্যন্ত ভয়াবহ ও অতিশয় তিক্ত।	بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ اَدْهٰى وَاَمَرُّ ﴿٤٦﴾
৪৭। নিশ্চয় অপরাধীরা রয়েছে পথভ্রষ্টতা ও উন্মত্ততার মধ্যে।	اِنَّ الْمُجْرِمِيْنَ فِىْ ضَلٰلٍ وَّسُعُرٍ ﴿٤٧﴾
৪৮। যেদিন তাদেরকে অধোমুখী অবস্থায় আগুনের মধ্যে হেঁচড়ে নেয়া হবে। (বলা হবে) 'সাকারের (জাহান্নামের) স্পর্শ আস্বাদন কর।'	يَوْمَ يُسْحَبُوْنَ فِى النَّارِ عَلٰى وُجُوْهِهِمْ ذُوْقُوْا مَسَّ سَقَرَ ﴿٤٨﴾
৪৯। নিশ্চয় আমি প্রত্যেক বস্তু সৃষ্টি করেছি নির্ধারিত পরিমাপে।	اِنَّا كُلَّ شَىْءٍ خَلَقْنٰهُ بِقَدَرٍ ﴿٤٩﴾
৫০। আর আমার নির্দেশ কেবল একবারই - চোখের এক পলকের মত।	وَمَآ اَمْرُنَآ اِلَّا وَاحِدَةٌ كَلَمْحٍ بِالْبَصَرِ ﴿٥٠﴾
৫১। আর অবশ্যই আমি তোমাদের মত বহু দলকে ধ্বংস করেছি, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?	وَلَقَدْ اَهْلَكْنَآ اَشْيَاعَكُمْ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿٥١﴾
৫২। এবং প্রত্যেক বিষয় যা তারা করেছে, রয়েছে যাবুরসমূহে (অর্থাৎ আমলনামায়)।	وَكُلُّ شَىْءٍ فَعَلُوْهُ فِى الزُّبُرِ ﴿٥٢﴾
৫৩। এবং প্রত্যেক ছোট ও বড় (সব কিছুই) লিপিবদ্ধ আছে।	وَكُلُّ صَغِيْرٍ وَّكَبِيْرٍ مُّسْتَطَرٌ ﴿٥٣﴾
৫৪। নিশ্চয় মুত্তাকীরা থাকবে জান্নাতসমূহে ও নহরে-	اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ جَنّٰتٍ وَّنَهَرٍ ﴿٥٤﴾
৫৫। সত্যের আসনে, মহা শক্তিমান মালিকের সান্নিধ্যে।	فِىْ مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيْكٍ مُّقْتَدِرٍ ﴿٥٥﴾

৫৫. সূরা আর-রাহমান, মাদানী

৭৮ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٥-سُوْرَةُ الرَّحْمٰنِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٧٨، رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

١। অসীম দয়াময় (আল্লাহ্)-	اَلرَّحْمٰنُ ۙ﴿١﴾
٢। শিক্ষা দিয়েছেন কুরআন।	عَلَّمَ الْقُرْاٰنَ ؕ﴿٢﴾
٣। তিনি সৃষ্টি করেছেন মানুষ-	خَلَقَ الْاِنْسَانَ ۙ﴿٣﴾
٤। এবং তাকে শিক্ষা দিয়েছেন কথা বলা।	عَلَّمَهُ الْبَيَانَ ﴿٤﴾
٥। সূর্য ও চন্দ্র (চলছে) হিসাব অনুযায়ী,	اَلشَّمْسُ وَالْقَمَرُ بِحُسْبَانٍ ۪﴿٥﴾
٦। এবং তৃণলতা* ও গাছ-পালা (সবাই) সিজদায় রত।	وَّالنَّجْمُ وَالشَّجَرُ يَسْجُدٰنِ ﴿٦﴾
٧। এবং তিনি আকাশকে উঁচু করেছেন এবং স্থাপন করেছেন মীযান (পরিমাপ যন্ত্র)-	وَالسَّمَآءَ رَفَعَهَا وَوَضَعَ الْمِيْزَانَ ۙ﴿٧﴾
٨। যে, তোমরা মীযানে (পরিমাপ যন্ত্রে) সীমালঙ্ঘন করবে না।	اَلَّا تَطْغَوْا فِى الْمِيْزَانِ ﴿٨﴾
٩। এবং তোমরা ন্যায্যভাবে পরিমাপ কর এবং মীযানে (ওজনে) কম দিও না।	وَاَقِيْمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا الْمِيْزَانَ ﴿٩﴾
١٠। এবং পৃথিবীকে তিনি বানিয়েছেন সৃষ্ট জীবের জন্য-	وَالْاَرْضَ وَضَعَهَا لِلْاَنَامِ ۙ﴿١٠﴾
١١। এতে রয়েছে ফল-মূল ও আবরণযুক্ত (ফল বিশিষ্ট) খেজুর গাছ,	فِيْهَا فَاكِهَةٌ ۙ وَّالنَّخْلُ ذَاتُ الْاَكْمَامِ ۙ﴿١١﴾
١٢। এবং খোসা বিশিষ্ট শস্য দানা ও সুগন্ধ গুল্ম,	وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۚ﴿١٢﴾
١٣। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَىِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿١٣﴾
١٤। মানুষকে তিনি সৃষ্টি করেছেন পোড়া মাটির মত শুকনো মাটি থেকে-	خَلَقَ الْاِنْسَانَ مِنْ صَلْصَالٍ كَالْفَخَّارِ ۙ﴿١٤﴾
١٥। এবং জ্বীনকে সৃষ্টি করেছেন ধোঁয়া বিহীন অগ্নি শিখা থেকে,	وَخَلَقَ الْجَآنَّ مِنْ مَّارِجٍ مِّنْ نَّارٍ ۚ﴿١٥﴾
١٦। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَىِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿١٦﴾
١٧। (তিনি) দুই উদয়াচলের মালিক এবং দুই অস্তাচলের* মালিক।	رَبُّ الْمَشْرِقَيْنِ وَرَبُّ الْمَغْرِبَيْنِ ۚ﴿١٧﴾
١٨। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَىِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿١٨﴾

مَرَجَ الْبَحْرَيْنِ يَلْتَقِيٰنِ ﴿١٩﴾

১৯। তিনি প্রবাহিত করেছেন (পাশাপাশি) মিলিত দুই সমুদ্রকে-

بَيْنَهُمَا بَرْزَخٌ لَّا يَبْغِيٰنِ ﴿٢٠﴾

২০। উভয়ের মধ্যে রয়েছে এক অন্তরায় যা তারা অতিক্রম করতে পারে না,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢١﴾

২১। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

يَخْرُجُ مِنْهُمَا اللُّؤْلُؤُ وَالْمَرْجَانُ ﴿٢٢﴾

২২। উভয় (সমুদ্র) থেকে উৎপন্ন হয় মুক্তা ও প্রবাল,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٣﴾

২৩। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

وَلَهُ الْجَوَارِ الْمُنْشَـَٔاتُ فِي الْبَحْرِ كَالْاَعْلَامِ ﴿٢٤﴾

২৪। এবং সমুদ্রে পর্বতের ন্যায় সুউচ্চ নৌযানসমূহ তাঁরই (নিয়ন্ত্রণে),

ع ١٥ ١١ ١ ركوع ٢٢

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٥﴾

২৫। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ ﴿٢٦﴾

২৬। তার উপর (অর্থাৎভূপৃষ্ঠে) যা কিছু আছে সবই ধ্বংসশীল-

وَّيَبْقٰى وَجْهُ رَبِّكَ ذُو الْجَلٰلِ وَالْاِكْرَامِ ﴿٢٧﴾

২৭। আর অবশিষ্ট থাকবে (কেবল) তোমার প্রতিপালকের চেহারা (সত্তা), যিনি মহিমাময় ও মর্যাদাবান,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٨﴾

২৮। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

يَسْـَٔلُهٗ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ كُلَّ يَوْمٍ هُوَ فِيْ شَاْنٍ ﴿٢٩﴾

২৯। আকাশসমূহ ও পৃথিবীতে যারা আছে তারা তাঁর কাছে চায়, প্রতিদিন তিনি কাজে রত,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٠﴾

৩০। অতএব (হে জিন ও মানুষ) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোনটিকে অস্বীকার করবে?

سَنَفْرُغُ لَكُمْ اَيُّهَ الثَّقَلٰنِ ﴿٣١﴾

৩১। ওহে বিশিষ্টরা (জ্বীন ও মানুষ)! শীঘ্রই আমি তোমাদের (হিসাবের) জন্য অবসর হব,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٢﴾

৩২। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اِنِ اسْتَطَعْتُمْ اَنْ تَنْفُذُوْا مِنْ اَقْطَارِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ فَانْفُذُوْا ۭ لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ ﴿٣٣﴾

৩৩। হে জ্বীন ও মানুষের দল! যদি তোমরা আকাশসমূহ ও পৃথিবীর সীমা অতিক্রম করতে সক্ষম হও তাহলে অতিক্রম কর। তোমরা অতিক্রম করতে পারবে না (আল্লাহ্ প্রদত্ত) ক্ষমতা ছাড়া,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٤﴾

৩৪। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

يُرْسَلُ عَلَيْكُمَا شُوَاظٌ مِّنْ نَّارٍ ۙ وَّنُحَاسٌ فَلَا تَنْتَصِرٰنِ ﴿٣٥﴾

৩৫। (সীমা অতিক্রম করতে চাইলে) তোমাদের উভয়ের প্রতি প্রেরণ করা হবে অগ্নিশিখা ও ধোঁয়ার কুণ্ডলী এবং তোমরা আত্মরক্ষা করতে পারবে না,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٦﴾

৩৬। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

فَاِذَا انْشَقَّتِ السَّمَآءُ فَكَانَتْ وَرْدَةً كَالدِّهَانِ ﴿٣٧﴾

৩৭। এবং যখন আকাশ ফেটে যাবে এবং তা হয়ে যাবে তেলের মত লাল,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٨﴾

৩৮। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

৩৯। এবং সেদিন মানুষকে তার অপরাধ সম্পর্কে জিজ্ঞাসা করা হবে না এবং জ্বীনকেও না।	فَيَوْمَئِذٍ لَّا يُسْئَلُ عَنْ ذَنْۢبِهٖٓ اِنْسٌ وَّلَا جَآنٌّ ﴿٣٩﴾
৪০। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٠﴾
৪১। অপরাধীদেরকে চেনা যাবে তাদের লক্ষণ দ্বারা, তাদেরকে পাকড়াও করা হবে তাদের মাথার ঝুঁটি ও পা ধরে,	يُعْرَفُ الْمُجْرِمُوْنَ بِسِيْمٰهُمْ فَيُؤْخَذُ بِالنَّوَاصِيْ وَالْاَقْدَامِ ﴿٤١﴾
৪২। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٢﴾
৪৩। এটাই জাহান্নাম, যাকে অপরাধীরা অস্বীকার করে।	هٰذِهٖ جَهَنَّمُ الَّتِيْ يُكَذِّبُ بِهَا الْمُجْرِمُوْنَ ﴿٤٣﴾
৪৪। তারা তার (অর্থাৎ জাহান্নামের) মাঝে ও ফুটন্ত উত্তপ্ত পানির মাঝে ঘুরতে থাকবে,	يَطُوْفُوْنَ بَيْنَهَا وَبَيْنَ حَمِيْمٍ اٰنٍ ﴿٤٤﴾
৪৫। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٥﴾
৪৬। আর যে তার প্রতিপালকের অবস্থানকে ভয় করে, তার জন্য রয়েছে দু'টি জান্নাত-	وَلِمَنْ خَافَ مَقَامَ رَبِّهٖ جَنَّتٰنِ ﴿٤٦﴾
৪৭। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٧﴾
৪৮। (দু'টিই) বহু ডাল-পালা বিশিষ্ট,	ذَوَاتَآ اَفْنَانٍ ﴿٤٨﴾
৪৯। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٩﴾
৫০। দু'টিতে রয়েছে প্রবহমান দু'টি ঝর্ণা,	فِيْهِمَا عَيْنٰنِ تَجْرِيٰنِ ﴿٥٠﴾
৫১। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥١﴾
৫২। দু'টিতে রয়েছে প্রত্যেক ফল থেকে দুই প্রকার,	فِيْهِمَا مِنْ كُلِّ فَاكِهَةٍ زَوْجٰنِ ﴿٥٢﴾
৫৩। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٣﴾
৫৪। (সেখানে তারা) হেলান দিয়ে বসবে পুরু রেশমের আস্তর বিশিষ্ট বিছানাসমূহে, আর দু'টি উদ্যানের ফল থাকবে নাগালের মধ্যে,	مُتَّكِئِيْنَ عَلٰى فُرُشٍۢ بَطَآئِنُهَا مِنْ اِسْتَبْرَقٍ ۭ وَجَنَا الْجَنَّتَيْنِ دَانٍ ﴿٥٤﴾
৫৫। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٥﴾
৫৬। সে সবের মধ্যে রয়েছে আনতনয়নারা, যাদেরকে স্পর্শ করেনি তাদের পূর্বে কোন মানুষ আর না কোন জ্বীন,	فِيْهِنَّ قٰصِرٰتُ الطَّرْفِ ۙ لَمْ يَطْمِثْهُنَّ اِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَآنٌّ ﴿٥٦﴾
৫৭। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?	فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٧﴾
৫৮। তারা যেন ইয়াকুত ও প্রবাল,	كَاَنَّهُنَّ الْيَاقُوْتُ وَالْمَرْجَانُ ﴿٥٨﴾

ع ٣ ١٣ ٢ রুকু ১১

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٩﴾

৫৯। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

هَلْ جَزَآءُ الْاِحْسَانِ اِلَّا الْاِحْسَانُ ﴿٦٠﴾

৬০। উত্তম কাজের প্রতিদান উত্তম ছাড়া (অন্য কিছু) কি*?

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٦١﴾

৬১। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

وَمِنْ دُوْنِهِمَا جَنَّتٰنِ ﴿٦٢﴾

৬২। এবং এ দু'টি ছাড়া রয়েছে (আরও) দু'টি জান্নাত,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٦٣﴾

৬৩। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

مُدْهَآمَّتٰنِ ﴿٦٤﴾

৬৪। (দু'টিই) ঘন সবুজ,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٦٥﴾

৬৫। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

فِيْهِمَا عَيْنٰنِ نَضَّاخَتٰنِ ﴿٦٦﴾

৬৬। দু'টিতে রয়েছে প্রবল বেগে উৎসারিত দু'টি ঝর্ণা,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٦٧﴾

৬৭। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

فِيْهِمَا فَاكِهَةٌ وَّنَخْلٌ وَّرُمَّانٌ ﴿٦٨﴾

৬৮। দু'টিতে রয়েছে ফল-মূল এবং খেজুর ও আনার,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٦٩﴾

৬৯। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

فِيْهِنَّ خَيْرٰتٌ حِسَانٌ ﴿٧٠﴾

৭০। সে সবের মধ্যে রয়েছে সচ্চরিত্রা সুন্দরীরা,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٧١﴾

৭১। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

حُوْرٌ مَّقْصُوْرٰتٌ فِى الْخِيَامِ ﴿٧٢﴾

৭২। (তারা) তাঁবুতে সুরক্ষিতা হূর,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٧٣﴾

৭৩। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

لَمْ يَطْمِثْهُنَّ اِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَآنٌّ ﴿٧٤﴾

৭৪। যাদেরকে স্পর্শ করেনি তাদের পূর্বে কোন মানুষ আর না কোন জ্বীন,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٧٥﴾

৭৫। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

مُتَّكِـِٕيْنَ عَلٰى رَفْرَفٍ خُضْرٍ وَّعَبْقَرِيٍّ حِسَانٍ ﴿٧٦﴾

৭৬। (তারা উপভোগ করবে) সবুজ গদি ও সুন্দর গালিচার উপর হেলান দিয়ে বসে,

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٧٧﴾

৭৭। অতএব (হে জ্বীন ও মানুষ!) তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের অনুগ্রহসমূহের কোন্‌টিকে অস্বীকার করবে?

تَبٰرَكَ اسْمُ رَبِّكَ ذِى الْجَلٰلِ وَالْاِكْرَامِ ﴿٧٨﴾

৭৮। বরকতময় তোমার প্রতিপালকের নাম, যিনি মহিমাময় ও মর্যাদাবান।

রুকূ ৩ ১৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৫৬. সূরা আল-ওয়াকিয়া, মাক্কী

৯৬ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٦-سُوْرَةُ الْوَاقِعَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٩٦،رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। যখন ঘটবে ঘটনা (অর্থাৎ কিয়ামত)-	اِذَا وَقَعَتِ الْوَاقِعَةُ ۝١
২। এর সংঘটনে কোন মিথ্যা নেই।	لَيْسَ لِوَقْعَتِهَا كَاذِبَةٌ ۝٢
৩। এটি (কাউকে) নীচুকারী, (কাউকে) উঁচুকারী-	خَافِضَةٌ رَّافِعَةٌ ۝٣
৪। যখন পৃথিবী প্রবলভাবে প্রকম্পিত হবে-	اِذَا رُجَّتِ الْاَرْضُ رَجًّا ۝٤
৫। এবং পর্বতমালা সম্পূর্ণরূপে চূর্ণ-বিচূর্ণ হবে-	وَّبُسَّتِ الْجِبَالُ بَسًّا ۝٥
৬। এবং তা বিক্ষিপ্ত ধূলিকণায় পরিণত হবে-	فَكَانَتْ هَبَآءً مُّنْۢبَثًّا ۝٦
৭। এবং তোমরা হয়ে যাবে তিনটি শ্রেণী।	وَّكُنْتُمْ اَزْوَاجًا ثَلٰثَةً ۝٧
৮। অতঃপর ডানের সাথীরা; ডানের সাথীরা কারা?	فَاَصْحٰبُ الْمَيْمَنَةِ ۙ مَآ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ۝٨
৯। এবং বামের সাথীরা;বামের সাথীরা কারা?	وَاَصْحٰبُ الْمَشْئَمَةِ ۙ مَآ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ۝٩
১০। আর অগ্রগামীরা তো অগ্রগামীই-	وَالسّٰبِقُوْنَ السّٰبِقُوْنَ ۝١٠
১১। তারা নৈকট্যপ্রাপ্ত,	اُولٰٓئِكَ الْمُقَرَّبُوْنَ ۝١١
১২। নেয়ামতপূর্ণ জান্নাতসমূহে।	فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ۝١٢
১৩। বহু সংখ্যক হবে পূর্ববর্তীদের মধ্য থেকে-	ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ ۝١٣
১৪। এবং অল্প সংখ্যক হবে পরবর্তীদের মধ্য থেকে।	وَقَلِيْلٌ مِّنَ الْاٰخِرِيْنَ ۝١٤
১৫। (তারা বসবে) স্বর্ণ ও পাথর খচিত আসনসমূহের উপর-	عَلٰى سُرُرٍ مَّوْضُوْنَةٍ ۝١٥
১৬। তারা পরস্পর মুখোমুখি হয়ে তার উপর হেলান দিয়ে বসবে।	مُّتَّكِـِٕيْنَ عَلَيْهَا مُتَقٰبِلِيْنَ ۝١٦
১৭। তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করবে চির-কিশোরেরা-	يَطُوْفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ ۝١٧
১৮। গ্লাস ও সুরাহি নিয়ে এবং ঝর্ণা নিঃসৃত (সুরাপূর্ণ) পানপাত্র নিয়ে-	بِاَكْوَابٍ وَّاَبَارِيْقَ ۙ وَكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ ۝١٨
১৯। যা থেকে তাদের মাথা ব্যাথা হবে না এবং তারা মাতালও হবে না।	لَّا يُصَدَّعُوْنَ عَنْهَا وَلَا يُنْزِفُوْنَ ۝١٩

২০। এবং এমন ফল-মূল (নিয়ে ঘুরাফিরা করবে) যা থেকে তারা পছন্দ করবে-	وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُوْنَ ۙ﴿٢٠﴾
২১। এবং পাখির গোশত নিয়ে যা তারা আকাঙ্ক্ষা করবে।	وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُوْنَ ؕ﴿٢١﴾
২২। এবং (তাদের জন্য থাকবে) ডাগরনয়না হূর*-	وَحُوْرٌ عِيْنٌ ۙ﴿٢٢﴾
২৩। সুরক্ষিত মুক্তোর মত,	كَاَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُوْنِ ۚ﴿٢٣﴾
২৪। তারা যা করত তার প্রতিদানস্বরূপ।	جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٢٤﴾
২৫। সেখানে না তারা শুনবে কোন অসার কথা আর না তারা শুনবে কোন পাপ কাজ-	لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا وَّلَا تَاْثِيْمًا ۙ﴿٢٥﴾
২৬। 'সালাম', 'সালাম' উক্তি ছাড়া।	اِلَّا قِيْلًا سَلٰمًا سَلٰمًا ﴿٢٦﴾
২৭। আর ডানের সাথীরা; ডানের সাথীরা কারা?	وَاَصْحٰبُ الْيَمِيْنِ ۙ مَآ اَصْحٰبُ الْيَمِيْنِ ؕ﴿٢٧﴾
২৮। (তারা থাকবে) কাঁটাবিহীন কুলগাছের মাঝে-	فِيْ سِدْرٍ مَّخْضُوْدٍ ۙ﴿٢٨﴾
২৯। এবং কাঁদি ভরা কলাগাছের মাঝে-	وَّطَلْحٍ مَّنْضُوْدٍ ۙ﴿٢٩﴾
৩০। এবং সম্প্রসারিত ছায়ার মাঝে-	وَّظِلٍّ مَّمْدُوْدٍ ۙ﴿٣٠﴾
৩১। এবং প্রবহমান পানির মাঝে-	وَّمَآءٍ مَّسْكُوْبٍ ۙ﴿٣١﴾
৩২। এবং অনেক ফল-মূলের মাঝে-	وَّفَاكِهَةٍ كَثِيْرَةٍ ۙ﴿٣٢﴾
৩৩। (যা) শেষ হবে না এবং নিষিদ্ধও হবে না-	لَّا مَقْطُوْعَةٍ وَّلَا مَمْنُوْعَةٍ ۙ﴿٣٣﴾
৩৪। এবং সুউচ্চ শয্যাসমূহে।	وَّفُرُشٍ مَّرْفُوْعَةٍ ؕ﴿٣٤﴾
৩৫। নিশ্চয় আমি তাদেরকে (হুরদেরকে) সৃষ্টি করেছি এক (বিশেষ) সৃষ্টিতে-	اِنَّآ اَنْشَاْنٰهُنَّ اِنْشَآءً ۙ﴿٣٥﴾
৩৬। এবং তাদেরকে করেছি কুমারী-	فَجَعَلْنٰهُنَّ اَبْكَارًا ۙ﴿٣٦﴾
৩৭। (তারা) নিবেদিতা ও সমবয়সী-	عُرُبًا اَتْرَابًا ۙ﴿٣٧﴾
৩৮। ডানের সাথীদের জন্য।	لِّاَصْحٰبِ الْيَمِيْنِ ؕ﴿٣٨﴾
৩৯। বহু সংখ্যক হবে পূর্ববর্তীদের মধ্য থেকে-	ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ ۙ﴿٣٩﴾

ع ١ ١٤ ١ রুকূ ১৪

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৪০। এবং বহু সংখ্যক হবে পরবর্তীদের মধ্য থেকে।	وَثُلَّةٌ مِّنَ الْاٰخِرِيْنَ ﴿٤٠﴾
৪১। আর বামের সাথীরা; বামের সাথীরা কারা?	وَاَصْحٰبُ الشِّمَالِ ۙ مَآ اَصْحٰبُ الشِّمَالِ ﴿٤١﴾
৪২। (তারা থাকবে) ঝলসে দেয়া আগুনে ও উত্তপ্ত পানিতে-	فِيْ سَمُوْمٍ وَّحَمِيْمٍ ﴿٤٢﴾
৪৩। কালো ধোঁয়ার ছায়ায়-	وَّظِلٍّ مِّنْ يَّحْمُوْمٍ ﴿٤٣﴾
৪৪। যা শীতল নয় এবং আরামদায়কও নয়।	لَّا بَارِدٍ وَّلَا كَرِيْمٍ ﴿٤٤﴾
৪৫। নিশ্চয় তারা ইতঃপূর্বে ছিল বিলাসী জীবন-যাপনকারী,	اِنَّهُمْ كَانُوْا قَبْلَ ذٰلِكَ مُتْرَفِيْنَ ﴿٤٥﴾
৪৬। এবং তারা ঘোরতর পাপকাজে অটল থাকত,	وَكَانُوْا يُصِرُّوْنَ عَلَى الْحِنْثِ الْعَظِيْمِ ﴿٤٦﴾
৪৭। এবং তারা বলত, 'আমরা মরে গেলে এবং মাটি ও হাড়ে পরিণত হলেও কি পুনরুত্থিত হব-	وَكَانُوْا يَقُوْلُوْنَ ۙ اَئِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿٤٧﴾
৪৮। আমাদের পূর্বপুরুষরাও?'	اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ ﴿٤٨﴾
৪৯। বল, নিশ্চয় পূর্ববর্তীদেরকে এবং পরবর্তীদেরকে-	قُلْ اِنَّ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ ﴿٤٩﴾
৫০। অবশ্যই একত্রিত করা হবে এক নির্দিষ্ট দিনের নির্ধারিত সময়ে।	لَمَجْمُوْعُوْنَ ۙ اِلٰى مِيْقَاتِ يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿٥٠﴾
৫১। এরপর নিশ্চয় তোমরা, ওহে অস্বীকারকারী পথভ্রষ্টরা!	ثُمَّ اِنَّكُمْ اَيُّهَا الضَّآلُّوْنَ الْمُكَذِّبُوْنَ ﴿٥١﴾
৫২। অবশ্যই যাক্কুম গাছ থেকে আহার করবে-	لَاٰكِلُوْنَ مِنْ شَجَرٍ مِّنْ زَقُّوْمٍ ﴿٥٢﴾
৫৩। এবং তা দিয়ে পেট পূর্ণ করবে,	فَمَالِـُٔوْنَ مِنْهَا الْبُطُوْنَ ﴿٥٣﴾
৫৪। এবং তার উপর পান করবে উত্তপ্ত পানি,	فَشٰرِبُوْنَ عَلَيْهِ مِنَ الْحَمِيْمِ ﴿٥٤﴾
৫৫। এবং পান করবে তৃষ্ণার্ত উটের পান করার মত।	فَشٰرِبُوْنَ شُرْبَ الْهِيْمِ ﴿٥٥﴾
৫৬। বিচার দিনে এটা তাদের আপ্যায়ন।	هٰذَا نُزُلُهُمْ يَوْمَ الدِّيْنِ ﴿٥٦﴾
৫৭। আমিই তোমাদেরকে সৃষ্টি করেছি, তবে কেন তোমরা (পুনরুত্থানকে) সত্য বলে স্বীকার করছ না?	نَحْنُ خَلَقْنٰكُمْ فَلَوْلَا تُصَدِّقُوْنَ ﴿٥٧﴾
৫৮। তবে তোমরা ভেবে দেখেছ কি যা তোমরা বীর্যপাত কর?	اَفَرَءَيْتُمْ مَّا تُمْنُوْنَ ﴿٥٨﴾

ءَاَنْتُمْ تَخْلُقُوْنَهٗٓ اَمْ نَحْنُ الْخٰلِقُوْنَ ﴿٥٩﴾

৫৯। তা কি তোমরা সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি?

نَحْنُ قَدَّرْنَا بَيْنَكُمُ الْمَوْتَ وَمَا نَحْنُ بِمَسْبُوْقِيْنَ ﴿٦٠﴾

৬০। আমি তোমাদের মাঝে মৃত্যু নির্ধারিত করে রেখেছি এবং আমি পিছিয়ে পড়ার নই-

عَلٰٓى اَنْ نُّبَدِّلَ اَمْثَالَكُمْ وَنُنْشِئَكُمْ فِيْ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦١﴾

৬১। এক্ষেত্রে যে, আমি প্রতিস্থাপন করব তোমাদের আকৃতি এবং তোমাদেরকে এমন (আকৃতিতে) সৃষ্টি করব যা তোমরা জান না।

وَلَقَدْ عَلِمْتُمُ النَّشْاَةَ الْاُوْلٰى فَلَوْ لَا تَذَكَّرُوْنَ ﴿٦٢﴾

৬২। আর অবশ্যই তোমরা প্রথম সৃষ্টি সম্বন্ধে জেনেছ, তবে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

اَفَرَءَيْتُمْ مَّا تَحْرُثُوْنَ ﴿٦٣﴾

৬৩। তোমরা যা (বীজ) বপন কর তা ভেবে দেখেছ কি?

ءَاَنْتُمْ تَزْرَعُوْنَهٗٓ اَمْ نَحْنُ الزّٰرِعُوْنَ ﴿٦٤﴾

৬৪। তোমরা কি তা (নিজেরা) উৎপন্ন কর, না আমি উৎপন্ন করি?

لَوْ نَشَآءُ لَجَعَلْنٰهُ حُطَامًا فَظَلْتُمْ تَفَكَّهُوْنَ ﴿٦٥﴾

৬৫। যদি আমি ইচ্ছা করতাম তাহলে একে খড়-কুটোয় পরিণত করতাম, এবং তোমরা হতবুদ্ধি হয়ে পড়বে।

اِنَّا لَمُغْرَمُوْنَ ﴿٦٦﴾

৬৬। (তখন তোমরা বলতে) 'নিশ্চয় আমরা (এখন) অবশ্যই দায়গ্রস্ত-

بَلْ نَحْنُ مَحْرُوْمُوْنَ ﴿٦٧﴾

৬৭। বরং আমরা বঞ্চিত।'

اَفَرَءَيْتُمُ الْمَآءَ الَّذِيْ تَشْرَبُوْنَ ﴿٦٨﴾

৬৮। তোমরা যে পানি পান কর তা ভেবে দেখেছ কি?

ءَاَنْتُمْ اَنْزَلْتُمُوْهُ مِنَ الْمُزْنِ اَمْ نَحْنُ الْمُنْزِلُوْنَ ﴿٦٩﴾

৬৯। তোমরাই কি তা মেঘ থেকে অবতীর্ণ কর, না আমি অবতীর্ণ করি?

لَوْ نَشَآءُ جَعَلْنٰهُ اُجَاجًا فَلَوْ لَا تَشْكُرُوْنَ ﴿٧٠﴾

৭০। যদি আমি ইচ্ছা করতাম তাহলে একে লবণাক্ত করে দিতাম, তবে কি তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করবে না?

اَفَرَءَيْتُمُ النَّارَ الَّتِيْ تُوْرُوْنَ ﴿٧١﴾

৭১। তোমরা যে আগুন জ্বালাও তা ভেবে দেখেছ কি?

ءَاَنْتُمْ اَنْشَاْتُمْ شَجَرَتَهَآ اَمْ نَحْنُ الْمُنْشِـُٔوْنَ ﴿٧٢﴾

৭২। তোমরাই কি তার (অর্থাৎ আগুন জ্বালানোর) গাছ সৃষ্টি কর, না আমি সৃষ্টি করি?

نَحْنُ جَعَلْنٰهَا تَذْكِرَةً وَّمَتَاعًا لِّلْمُقْوِيْنَ ﴿٧٣﴾

৭৩। আমি একে (আগুনকে) করেছি (জাহান্নামের আগুনের) স্মারক এবং ভ্রমণকারীদের জন্য উপকারী বস্তু,

ع ٣ ١٥ ٢ রুকু ১৫

فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿٧٤﴾

৭৪। সুতরাং তুমি তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর।

فَلَآ اُقْسِمُ بِمَوٰقِعِ النُّجُوْمِ ﴿٧٥﴾

৭৫। আর না আমি কসম করছি তারকারাজির পতনস্থলের-

وَاِنَّهٗ لَقَسَمٌ لَّوْ تَعْلَمُوْنَ عَظِيْمٌ ﴿٧٦﴾

৭৬। এবং নিশ্চয় তা অবশ্যই বিরাট কসম, যদি তোমরা জানতে-

اِنَّهٗ لَقُرْاٰنٌ كَرِيْمٌ ﴿٧٧﴾

৭৭। নিশ্চয় এটি অবশ্যই সম্মানিত কুরআন-

فِيْ كِتٰبٍ مَّكْنُوْنٍ ﴿٧٨﴾

৭৮। (যা) রয়েছে সুরক্ষিত কিতাবে (লওহে মাহ্‌ফুজে)-

لَّا يَمَسُّهٗٓ اِلَّا الْمُطَهَّرُوْنَ ﴿٧٩﴾

৭৯। অতি পবিত্ররা (ফেরেশতারা) ছাড়া কেউ তা স্পর্শ করে না।

تَنْزِيْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٨٠﴾

৮০। (এটি) জগৎসমূহের প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ।

اَفَبِهٰذَا الْحَدِيْثِ اَنْتُمْ مُّدْهِنُوْنَ ﴿٨١﴾

৮১। তবে কি তোমরা এই কথাকে (কুরআনকে) উপেক্ষা করছ-

وَتَجْعَلُوْنَ رِزْقَكُمْ اَنَّكُمْ تُكَذِّبُوْنَ ﴿٨٢﴾

৮২। এবং (শুকরিয়ার পরিবর্তে) তোমরা তোমাদের রিযিককে পরিণত করছ যে, তোমরা (রিযিকদাতাকে) অস্বীকার করছ?

فَلَوْلَآ اِذَا بَلَغَتِ الْحُلْقُوْمَ ﴿٨٣﴾

৮৩। তবে কেন নয়, (কারো) প্রাণ যখন কণ্ঠাগত হয়-

وَاَنْتُمْ حِيْنَئِذٍ تَنْظُرُوْنَ ﴿٨٤﴾

৮৪। এবং সে সময় তোমরা (তার দিকে) তাকিয়ে থাক-

وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْكُمْ وَلٰكِنْ لَّا تُبْصِرُوْنَ ﴿٨٥﴾

৮৫। এবং তখন আমি তোমাদের চেয়েও তার বেশি নিকটে, কিন্তু তোমরা দেখতে পাও না।

فَلَوْلَآ اِنْ كُنْتُمْ غَيْرَ مَدِيْنِيْنَ ﴿٨٦﴾

৮৬। তবে কেন নয়, যদি তোমরা (তোমাদের ধারণায়) কারো অধীন না হয়ে থাক-

تَرْجِعُوْنَهَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٨٧﴾

৮৭। তাহলে তোমরা তা (প্রাণ) ফিরাও- যদি তোমরা সত্যবাদী হও।

فَاَمَّآ اِنْ كَانَ مِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٨٨﴾

৮৮। আর সে যদি নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হয়-

فَرَوْحٌ وَّرَيْحَانٌ ۙ وَّجَنَّتُ نَعِيْمٍ ﴿٨٩﴾

৮৯। তবে তার জন্য রয়েছে দয়া, সুগন্ধ গুল্ম ও নেয়ামতপূর্ণ জান্নাত।

وَاَمَّآ اِنْ كَانَ مِنْ اَصْحٰبِ الْيَمِيْنِ ﴿٩٠﴾

৯০। এবং সে যদি ডানের সাথীদের অন্তর্ভুক্ত হয়-

فَسَلٰمٌ لَّكَ مِنْ اَصْحٰبِ الْيَمِيْنِ ﴿٩١﴾

৯১। তাহলে (তাকে বলা হবে) তোমার প্রতি সালাম, (তুমি) ডানের সাথীদের অন্তর্ভুক্ত।

وَاَمَّآ اِنْ كَانَ مِنَ الْمُكَذِّبِيْنَ الضَّآلِّيْنَ ﴿٩٢﴾

৯২। আর সে যদি মিথ্যা অভিহিতকারী ও পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়-

فَنُزُلٌ مِّنْ حَمِيْمٍ ﴿٩٣﴾

৯৩। তাহলে (তার জন্য রয়েছে) উত্তপ্ত পানির আপ্যায়ন-

وَّتَصْلِيَةُ جَحِيْمٍ ﴿٩٤﴾

৯৪। এবং তীব্র আগুনের দহন।

اِنَّ هٰذَا لَهُوَ حَقُّ الْيَقِيْنِ ﴿٩٥﴾

৯৫। নিশ্চয় এটি অবশ্যই নিশ্চিত সত্য,

فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿٩٦﴾

৯৬। সুতরাং তুমি তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর।

ع ٢ ٢٢ ١٦ ٣ রুকু ১৬

৫৭. সূরা আল-হাদীদ, মাদানী

২৯ আয়াত, ৪ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٧-سُوْرَةُ الْحَدِيْدِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٢٩، رُكُوْعَاتُهَا-٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سَبَّحَ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ①

১। আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করে, এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ يُحْيٖ وَيُمِيْتُ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ②

২। আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব তাঁরই, তিনি জীবিত করেন ও মৃত্যু ঘটান, এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান।

هُوَ الْاَوَّلُ وَالْاٰخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ③

৩। তিনিই প্রথম ও শেষ এবং (তিনিই) প্রকাশ্য ও অপ্রকাশ্য এবং তিনি সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

هُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۭ يَعْلَمُ مَا يَلِجُ فِي الْاَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ مِنَ السَّمَاۗءِ وَمَا يَعْرُجُ فِيْهَا ۭ وَهُوَ مَعَكُمْ اَيْنَ مَا كُنْتُمْ ۭ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ④

৪। তিনিই আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন ছয় দিনে, এরপর আরশের উপর সমাসীন হয়েছেন। তিনি জানেন যা কিছু ভূমিতে প্রবেশ করে ও যা কিছু তা থেকে বের হয় এবং আকাশ থেকে যা কিছু অবতীর্ণ হয় ও যা কিছু তাতে উত্থিত হয়। এবং তোমরা যেখানেই থাক, তিনি তোমাদের সাথে আছেন। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ⑤

৫। আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব তাঁরই। এবং আল্লাহ্‌রই দিকে সকল বিষয় ফিরিয়ে নেয়া হবে।

يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِي الَّيْلِ ۭ وَهُوَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ⑥

৬। তিনি রাতকে প্রবেশ করান দিনে এবং দিনকে প্রবেশ করান রাতে। এবং বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে তিনি ভালভাবে জানেন।

اٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَاَنْفِقُوْا مِمَّا جَعَلَكُمْ مُّسْتَخْلَفِيْنَ فِيْهِ ۭ فَالَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ وَاَنْفَقُوْا لَهُمْ اَجْرٌ كَبِيْرٌ ⑦

৭। তোমরা ঈমান আন আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি এবং আল্লাহ্ তোমাদেরকে যা কিছুর খলিফা (প্রতিনিধিত্বমূলক মালিক) করেছেন তা থেকে (আল্লাহ্‌র পথে) ব্যয় কর। সুতরাং তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে ও ব্যয় করেছে তাদের জন্য রয়েছে মহাপ্রতিদান।

وَمَا لَكُمْ لَا تُؤْمِنُوْنَ بِاللّٰهِ ۚ وَالرَّسُوْلُ يَدْعُوْكُمْ لِتُؤْمِنُوْا بِرَبِّكُمْ وَقَدْ اَخَذَ مِيْثَاقَكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ⑧

৮। আর তোমাদের কী (অজুহাত) আছে যে, তোমরা আল্লাহ্‌র প্রতি ঈমান আন না, অথচ রাসূল তোমাদেরকে তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনতে আহ্বান করছে এবং অবশ্যই তিনি (আল্লাহ্) তোমাদের নিকট থেকে অঙ্গীকার গ্রহণ করেছিলেন- যদি তোমরা মু'মিন হও?

هُوَ الَّذِيْ يُنَزِّلُ عَلٰي عَبْدِهٖٓ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ لِّيُخْرِجَكُمْ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۭ وَاِنَّ اللّٰهَ بِكُمْ لَرَءُوْفٌ رَّحِيْمٌ ⑨

৯। তিনিই তাঁর বান্দার উপর সুস্পষ্ট আয়াতসমূহ অবতীর্ণ করেন যাতে তিনি তোমাদেরকে অন্ধকার হতে আলোর দিকে বের করে আনতে পারেন। এবং নিশ্চয় আল্লাহ্ তোমাদের প্রতি অবশ্যই অত্যন্ত স্নেহশীল ও পরম দয়ালু।

وَمَا لَكُمْ اَلَّا تُنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلِلّٰهِ مِيْرَاثُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ لَا يَسْتَوِيْ مِنْكُمْ مَّنْ اَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقٰتَلَ ؕ اُولٰٓئِكَ اَعْظَمُ دَرَجَةً مِّنَ الَّذِيْنَ اَنْفَقُوْا مِنْۢ بَعْدُ وَقٰتَلُوْا ؕ وَكُلًّا وَّعَدَ اللّٰهُ الْحُسْنٰى ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١٠﴾

১০। আর তোমাদের কী (অজুহাত) আছে যে, তোমরা আল্লাহ্‌র পথে ব্যয় কর না, যখন আকাশসমূহ ও পৃথিবীর উত্তরাধিকার আল্লাহ্‌রই? তোমাদের মধ্যে যারা বিজয়ের পূর্বে ব্যয় করেছে ও যুদ্ধ করেছে তারা (পরবর্তীদের) সমান নয়। তারা তাদের থেকে মর্যাদায় শ্রেষ্ঠ যারা পরবর্তীতে ব্যয় করেছে ও যুদ্ধ করেছে। তবে আল্লাহ্ প্রত্যেককে কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

ع ١٧ ١ রুকূ ১৭

مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضٰعِفَهٗ لَهٗ وَلَهٗۤ اَجْرٌ كَرِيْمٌ ﴿١١﴾

১১। এমন কে আছে, যে আল্লাহ্‌কে কর্জ দিবে-কর্জে হাসানা? তাহলে তিনি তার জন্য তা বহু গুণ (বৃদ্ধি) করবেন এবং তার জন্য রয়েছে সম্মানজনক প্রতিদান (অর্থাৎ জান্নাত)।

يَوْمَ تَرَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ يَسْعٰى نُوْرُهُمْ بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ بُشْرٰىكُمُ الْيَوْمَ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١٢﴾

১২। যেদিন তুমি মু'মিন নর ও মু'মিন নারীদেরকে দেখবে, তাদের সামনে ও ডানে তাদের আলো দৌড়াচ্ছে।* (বলা হবে) 'আজ তোমাদের জন্য জান্নাতসমূহের সুসংবাদ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তোমরা স্থায়ী হবে।' এটিই মহাসাফল্য।

يَوْمَ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ لِلَّذِيْنَ اٰمَنُوا انْظُرُوْنَا نَقْتَبِسْ مِنْ نُّوْرِكُمْ ۚ قِيْلَ ارْجِعُوْا وَرَآءَكُمْ فَالْتَمِسُوْا نُوْرًا ؕ فَضُرِبَ بَيْنَهُمْ بِسُوْرٍ لَّهٗ بَابٌ ؕ بَاطِنُهٗ فِيْهِ الرَّحْمَةُ وَظَاهِرُهٗ مِنْ قِبَلِهِ الْعَذَابُ ﴿١٣﴾

১৩। যেদিন মুনাফিক পুরুষ ও মুনাফিক নারীরা, যারা ঈমান এনেছিল তাদেরকে বলবে, 'তোমরা আমাদের জন্য অপেক্ষা কর, তোমাদের আলো থেকে কিছুটা নিয়ে নেই,' বলা হবে, 'তোমরা তোমাদের পিছনে ফিরে যাও ও আলোর সন্ধান কর।' অতঃপর তাদের মাঝে স্থাপিত হবে একটি প্রাচীর যাতে থাকবে একটি দরজা। এর ভিতরে থাকবে দয়া এবং এর বাইরে থাকবে শাস্তি।

يُنَادُوْنَهُمْ اَلَمْ نَكُنْ مَّعَكُمْ ؕ قَالُوْا بَلٰى وَلٰكِنَّكُمْ فَتَنْتُمْ اَنْفُسَكُمْ وَتَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ الْاَمَانِيُّ حَتّٰى جَآءَ اَمْرُ اللّٰهِ وَغَرَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ﴿١٤﴾

১৪। তারা (মুনাফিকরা) তাদেরকে ডেকে বলবে, 'আমরা কি তোমাদের সাথে ছিলাম না?' তারা বলবে, 'হ্যাঁ অবশ্যই, কিন্তু তোমরা তোমাদের নিজেদেরকে ফেতনায় ফেলেছিলে এবং তোমরা (আমাদের দুর্ভাগ্যের) প্রতীক্ষা করেছিলে, সন্দেহ পোষণ করেছিলে এবং মিথ্যা আশা-আকাঙ্ক্ষা তোমাদেরকে প্রতারিত করেছিল আল্লাহ্‌র নির্দেশ (ফয়সালা) আসা পর্যন্ত, এবং মহাপ্রতারক* তোমাদেরকে আল্লাহ্ সম্পর্কে প্রতারিত করেছিল।'

فَالْيَوْمَ لَا يُؤْخَذُ مِنْكُمْ فِدْيَةٌ وَّلَا مِنَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ مَاْوٰىكُمُ النَّارُ ؕ هِيَ مَوْلٰىكُمْ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٥﴾

১৫। সুতরাং আজ তোমাদের নিকট থেকে কোন ফিদিয়া (বিনিময়) গ্রহণ করা হবে না এবং যারা কুফরী করেছিল তাদের নিকট থেকেও না। আগুনই তোমাদের আশ্রয়স্থল, এটাই তোমাদের বন্ধু। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

اَلَمْ يَاْنِ لِلَّذِيْنَ اٰمَنُوْۤا اَنْ تَخْشَعَ قُلُوْبُهُمْ لِذِكْرِ اللّٰهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ ۙ وَلَا يَكُوْنُوْا كَالَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْاَمَدُ فَقَسَتْ قُلُوْبُهُمْ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿١٦﴾

১৬। যারা ঈমান এনেছে তাদের কি সে সময় আসেনি যে, আল্লাহ্‌র স্মরণে ও যে সত্য অবতীর্ণ হয়েছে তাতে তাদের হৃদয় বিগলিত হবে? এবং তারা যেন তাদের মত না হয় যাদেরকে পূর্বে কিতাব দেয়া হয়েছিল এবং তাদের মেয়াদ দীর্ঘ হয়েছিল ফলে তাদের হৃদয় কঠিন হয়ে পড়ল। এবং তাদের অনেকেই পাপাচারী।

اِعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ يُحْيِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ قَدْ بَيَّنَّا لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿١٧﴾

১৭। তোমরা জেনে রেখ যে, আল্লাহ্ ভূমিকে জীবিত করেন এর মৃত্যুর পর। আমি তোমাদের জন্য নিদর্শনসমূহ সুস্পষ্টভাবে বর্ণনা করেছি, যাতে তোমরা অনুধাবন করতে পার।

১৮। নিশ্চয় দানশীল পুরুষরা ও দানশীল নারীরা এবং যারা আল্লাহ্‌কে কর্জ দিয়েছে-কর্জে হাসানা, তাদেরকে বহু গুণ (বৃদ্ধি করে) দেয়া হবে এবং তাদের জন্য রয়েছে সম্মানজনক প্রতিদান (অর্থাৎ জান্নাত)।

إِنَّ الْمُصَّدِّقِيْنَ وَالْمُصَّدِّقٰتِ وَأَقْرَضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا يُّضٰعَفُ لَهُمْ وَلَهُمْ أَجْرٌ كَرِيْمٌ ﴿١٨﴾

১৯। এবং যারা আল্লাহ্ ও তাঁর রাসূলদের উপর ঈমান এনেছে, তারাই তাদের প্রতিপালকের নিকট সিদ্দিক (সত্যবাদী)* ও শহীদ। তাদের জন্য রয়েছে তাদের প্রতিদান ও তাদের আলো এবং যারা কুফরী করেছে ও আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে, তারাই তীব্র আগুনের অধিবাসী।

ع ١٨ ٢ রুকূ ১৮

وَالَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖٓ أُولٰٓئِكَ هُمُ الصِّدِّيْقُوْنَ ۖ وَالشُّهَدَآءُ عِنْدَ رَبِّهِمْ ۭ لَهُمْ أَجْرُهُمْ وَنُوْرُهُمْ ۭ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ أُولٰٓئِكَ أَصْحٰبُ الْجَحِيْمِ ﴿١٩﴾

২০। তোমরা জেনে রাখ, দুনিয়ার জীবন কেবল খেল-তামাশা, চাকচিক্য, পারস্পরিক অহংকার, ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে প্রাচুর্য লাভের প্রতিযোগিতা মাত্র- বৃষ্টির উপমার মত যার (দ্বারা উৎপন্ন) উদ্ভিদ কৃষকদেরকে মুগ্ধ করে, এরপর তা শুকিয়ে যায় এবং তুমি তা হলদে দেখতে পাও, এরপর তা খড়-কুটোয় পরিণত হয়। আর আখিরাতে রয়েছে কঠিন শাস্তি এবং আল্লাহ্‌র পক্ষ হতে ক্ষমা ও সন্তুষ্টি। আর দুনিয়ার জীবন প্রতারণার সামগ্রী ছাড়া কিছুই নয়।

اِعْلَمُوْٓا أَنَّمَا الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ وَّزِيْنَةٌ وَّتَفَاخُرٌۢ بَيْنَكُمْ وَتَكَاثُرٌ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ ۭ كَمَثَلِ غَيْثٍ أَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهٗ ثُمَّ يَهِيْجُ فَتَرٰىهُ مُصْفَرًّا ثُمَّ يَكُوْنُ حُطَامًا ۭ وَفِي الْاٰخِرَةِ عَذَابٌ شَدِيْدٌ ۙ وَّمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرِضْوَانٌ ۭ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ﴿٢٠﴾

২১। তোমরা অগ্রগামী হও তোমাদের প্রতিপালকের ক্ষমা ও জান্নাতের দিকে যার প্রশস্ততা আকাশ ও পৃথিবীর প্রশস্ততার মত, যা প্রস্তুত করা হয়েছে তাদের জন্য যারা আল্লাহ্ ও তাঁর রাসূলদের প্রতি ঈমান এনেছে। এটি আল্লাহ্‌র অনুগ্রহ, যাকে ইচ্ছা তিনি তা দান করেন। এবং আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।

سَابِقُوْٓا إِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ السَّمَآءِ وَالْأَرْضِ ۙ أُعِدَّتْ لِلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ۭ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ۭ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٢١﴾

২২। পৃথিবীতে অথবা তোমাদের নিজেদের উপর এমন কোন বিপর্যয় পতিত হয় না এছাড়া যে, এটি একটি কিতাবে (লিপিবদ্ধ) থাকে, আমি তা সংঘটিত করার পূর্বে।* নিশ্চয় এটি আল্লাহ্‌র জন্য সহজ।*

مَآ أَصَابَ مِنْ مُّصِيْبَةٍ فِي الْأَرْضِ وَلَا فِيْٓ أَنْفُسِكُمْ اِلَّا فِيْ كِتٰبٍ مِّنْ قَبْلِ أَنْ نَّبْرَأَهَا ۭ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿٢٢﴾

২৩। এটি এজন্য যে, তোমাদের যা হারিয়ে গেছে তার জন্য যেন তোমরা বিমর্ষ না হও, এবং যা তিনি তোমাদেরকে দিয়েছেন তার জন্য উৎফুল্ল না হও। আর আল্লাহ্ কোন উদ্ধত ও অহংকারীকে ভালবাসেন না-

لِّكَيْلَا تَأْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَآ اٰتٰىكُمْ ۭ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرِ ۙ ﴿٢٣﴾

২৪। যারা কৃপণতা করে ও মানুষকে কৃপণতার নির্দেশ দেয়। এবং যে মুখ ফিরিয়ে নেয়, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্ই অভাবমুক্ত ও অতি প্রশংসনীয়।

الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَأْمُرُوْنَ النَّاسَ بِالْبُخْلِ ۭ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ﴿٢٤﴾

২৫। অবশ্যই আমি আমার রাসূলদেরকে প্রেরণ করেছি স্পষ্ট প্রমাণাদিসহ এবং অবতীর্ণ করেছি তাদের সাথে কিতাব ও মীযান (ন্যায় বিচার) যাতে মানুষ ন্যায়ের সাথে (তাদের কাজ) সম্পাদন করতে পারে। এবং আমি অবতীর্ণ করেছি লোহা যাতে রয়েছে প্রচণ্ড শক্তি ও মানুষের জন্য বহু উপকারিতা, এবং যাতে আল্লাহ্ জানতে পারেন, কে না দেখেও তাঁকে ও তাঁর রাসূলদেরকে সাহায্য করে। নিশ্চয় আল্লাহ্ মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

ع ٢٥ ٣ রুকূ ১৯

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنٰتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتٰبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسْطِ ۚ وَأَنْزَلْنَا الْحَدِيْدَ فِيْهِ بَأْسٌ شَدِيْدٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ وَرُسُلَهٗ بِالْغَيْبِ ۭ اِنَّ اللّٰهَ قَوِيٌّ عَزِيْزٌ ﴿٢٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২৬। আর অবশ্যই আমি নূহ্ ও ইবরাহীমকে (রাসূল হিসাবে) প্রেরণ করেছিলাম এবং আমি তাদের বংশধরের মধ্যে নির্ধারণ করেছিলাম নবুয়্যত ও কিতাব, অতঃপর তাদের মধ্য থেকে কিছু সংখ্যক সঠিকপথ প্রাপ্ত হয়েছে, কিন্তু তাদের অনেকেই পাপাচারী।

وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا وَّاِبْرٰهِيْمَ وَجَعَلْنَا فِيْ ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمْ مُّهْتَدٍ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٢٦﴾

২৭। এরপর আমি তাদের পিছনে (অর্থাৎ পরে) আমার রাসূলদেরকে পাঠিয়েছিলাম এবং পাঠিয়েছিলাম মারইয়াম পুত্র ঈসাকে, এবং তাকে দিয়েছিলাম ইন্‌জীল এবং যারা তাকে অনুসরণ করেছে তাদের হৃদয়ে করুণা ও দয়া সৃষ্টি করেছিলাম। আর বৈরাগ্যবাদ, এটা তো তারা (নিজেরাই) কেবল আল্লাহ্‌র সন্তুষ্টির উদ্দেশ্যে প্রবর্তন করেছিল, যা আমি তাদের উপর বিধিবদ্ধ (ফরয) করিনি। কিন্তু এটাও তারা যথাযথভাবে পালন করেনি। অতঃপর তাদের মধ্য হতে যারা ঈমান এনেছিল তাদেরকে আমি তাদের প্রতিদান দিয়েছিলাম, কিন্তু তাদের অনেকেই পাপাচারী।

ثُمَّ قَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِرُسُلِنَا وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۙ وَجَعَلْنَا فِيْ قُلُوْبِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ رَاْفَةً وَّرَحْمَةً ۭ وَرَهْبَانِيَّةَ ۨ ابْتَدَعُوْهَا مَا كَتَبْنٰهَا عَلَيْهِمْ اِلَّا ابْتِغَاۗءَ رِضْوَانِ اللّٰهِ فَمَا رَعَوْهَا حَقَّ رِعَايَتِهَا ۚ فَاٰتَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا مِنْهُمْ اَجْرَهُمْ ۚ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٢٧﴾

২৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আন। তিনি তোমাদেরকে তাঁর দয়া থেকে দু'টি (অর্থাৎ দুনিয়া ও আখিরাতের) অংশ দান করবেন এবং তিনি তোমাদের জন্য একটি আলো স্থাপন করবেন, যার সাহায্যে তোমরা চলবে এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَاٰمِنُوْا بِرَسُوْلِهٖ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِنْ رَّحْمَتِهٖ وَيَجْعَلْ لَّكُمْ نُوْرًا تَمْشُوْنَ بِهٖ وَيَغْفِرْ لَكُمْ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٨﴾

২৯। যাতে আহলে কিতাব জানতে পারে যে, আল্লাহ্‌র অনুগ্রহের (সামান্য) কিছুর উপরও তারা সক্ষম নয়, এবং এও যে, অনুগ্রহ আল্লাহ্‌রই হাতে, তিনি যাকে ইচ্ছা করেন তাকে তা দান করেন। এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।

ع ٤ ٢٠ ٤ রুকূ ২০

لِّئَلَّا يَعْلَمَ اَهْلُ الْكِتٰبِ اَلَّا يَقْدِرُوْنَ عَلٰى شَيْءٍ مِّنْ فَضْلِ اللّٰهِ وَاَنَّ الْفَضْلَ بِيَدِ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٢٩﴾

৫৮. সূরা আল-মুজাদালা, মাদানী
২২ আয়াত, ৩ রুকূ

٥٨-سُوْرَةُ الْمُجَادَلَةِ-مَدَنِيَّةٌ
اٰيَاتُهَا-٢٢، رُكُوْعَاتُهَا-٣

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-২৮

১। অবশ্যই আল্লাহ্ শুনেছেন তার কথা, যে তার স্বামীর বিষয়ে তোমার সাথে বিতর্ক করছে এবং সে আল্লাহ্‌র নিকট অভিযোগ করছে। এবং আল্লাহ্ তোমাদের দু'জনের কথোপকথন শুনছেন। নিশ্চয় আল্লাহ্ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।*

قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّتِيْ تُجَادِلُكَ فِيْ زَوْجِهَا وَتَشْتَكِيْٓ اِلَى اللّٰهِ ۖ وَاللّٰهُ يَسْمَعُ تَحَاوُرَكُمَا ؕ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ①

২। তোমাদের মধ্যে যারা তাদের স্ত্রীদের সাথে যিহার* করে, (তারা জেনে রাখুক) তারা তাদের মা নয়। যারা তাদেরকে জন্মদান করেছে কেবল তারাই তাদের মা। এবং নিশ্চয় তারা অবশ্যই ঘৃণ্য ও মিথ্যা কথা বলে। আর নিশ্চয় আল্লাহ্ অবশ্যই মার্জনাকারী ও অতি ক্ষমাশীল।

اَلَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْكُمْ مِّنْ نِّسَآئِهِمْ مَّا هُنَّ اُمَّهٰتِهِمْ ؕ اِنْ اُمَّهٰتُهُمْ اِلَّا الّٰٓـِٔيْ وَلَدْنَهُمْ ؕ وَاِنَّهُمْ لَيَقُوْلُوْنَ مُنْكَرًا مِّنَ الْقَوْلِ وَزُوْرًا ؕ وَاِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ②

৩। আর যারা তাদের স্ত্রীদের সাথে যিহার করে, এরপর তারা যা বলেছিল তা হতে ফিরে যায় (প্রত্যাহার করে) তবে একে অপরকে স্পর্শ করার পূর্বে একটি দাস মুক্ত করা (আবশ্যক)। এর মাধ্যমে তোমাদেরকে উপদেশ দেয়া হচ্ছে। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

وَالَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْ نِّسَآئِهِمْ ثُمَّ يَعُوْدُوْنَ لِمَا قَالُوْا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مِّنْ قَبْلِ اَنْ يَّتَمَآسَّا ؕ ذٰلِكُمْ تُوْعَظُوْنَ بِهٖ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ③

৪। কিন্তু যে (কোন দাস) পায় না সে একাধারে দুইমাস রোযা রাখবে, তারা একে অপরকে স্পর্শ করার পূর্বে। এবং যে (তাতেও) অসমর্থ হবে সে ষাটজন মিসকীনকে (অভাবগ্রস্তকে) খাওয়াবে। এটা এ জন্য যাতে তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলের উপর ঈমান আনতে পার। এবং এগুলো আল্লাহ্‌র (নির্ধারিত) সীমা। আর কাফিরদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ اَنْ يَّتَمَآسَّا ۚ فَمَنْ لَّمْ يَسْتَطِعْ فَاِطْعَامُ سِتِّيْنَ مِسْكِيْنًا ؕ ذٰلِكَ لِتُؤْمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ④

৫। নিশ্চয় যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণ করে, তাদেরকে লাঞ্ছিত করা হবে যেমন লাঞ্ছিত করা হয়েছিল তাদের পূর্ববর্তীদেরকে, এবং অবশ্যই আমি সুস্পষ্ট আয়াতসমূহ অবতীর্ণ করেছি। আর কাফিরদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি,

اِنَّ الَّذِيْنَ يُحَآدُّوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ كُبِتُوْا كَمَا كُبِتَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَقَدْ اَنْزَلْنَآ اٰيٰتٍۭ بَيِّنٰتٍ ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ ⑤

৬। যে দিন আল্লাহ্ তাদের সবাইকে পুনরুত্থিত করবেন এবং তারা যা করেছে তা তিনি তাদেরকে জানিয়ে দিবেন। আল্লাহ্ তা গণনা করে রেখেছেন, অথচ তারা তা ভুলে গেছে। আর আল্লাহ্ সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী।

ع ١ ١ ١ রুকূ ١

يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ اَحْصٰىهُ اللّٰهُ وَنَسُوْهُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ⑥

৭। তুমি কি ভেবে দেখনি যে, আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে আল্লাহ্ তা জানেন? তিন ব্যক্তির মধ্যে এমন কোন গোপন কথা হয় না যাতে তাদের চতুর্থ জন তিনি নন এবং পাঁচ ব্যক্তির মধ্যেও হয় না যাতে তাদের ষষ্ঠ জন তিনি নন। এর চেয়ে কম হোক বা বেশি হোক তিনি তাদের সঙ্গেই আছেন, তারা যেখানেই থাকুক না কেন, এরপর তারা যা করেছে তা তিনি তাদেরকে কিয়ামতের দিন জানিয়ে দিবেন। নিশ্চয় আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ مَا يَكُوْنُ مِنْ نَّجْوٰى ثَلٰثَةٍ اِلَّا هُوَ رَابِعُهُمْ وَلَا خَمْسَةٍ اِلَّا هُوَ سَادِسُهُمْ وَلَآ اَدْنٰى مِنْ ذٰلِكَ وَلَآ اَكْثَرَ اِلَّا هُوَ مَعَهُمْ اَيْنَ مَا كَانُوْا ۚ ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ⑦

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৮। তুমি কি তাদেরকে দেখনি, যাদেরকে গোপন কথা হতে নিষেধ করা হয়েছিল? এরপর তারা তাতে ফিরে যায় যা থেকে তাদেরকে নিষেধ করা হয়েছিল এবং পাপ, সীমালঙ্ঘন ও রাসূলকে অমান্য করার ব্যাপারে গোপনে কথা বলে এবং তারা যখন তোমার নিকট আসে তখন তোমাকে এমন কথা দ্বারা অভিবাদন করে যা দ্বারা আল্লাহ্ তোমাকে অভিবাদন করেননি। এবং তারা তাদের নিজেদের মধ্যে বলে, 'আমরা যা বলি তার জন্য আল্লাহ্ আমাদেরকে শাস্তি দেন না কেন?' জাহান্নামই তাদের জন্য যথেষ্ট, সেখানে তারা প্রবেশ করবে, আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!*

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ نُهُوْا عَنِ النَّجْوٰى ثُمَّ يَعُوْدُوْنَ لِمَا نُهُوْا عَنْهُ وَيَتَنٰجَوْنَ بِالْاِثْمِ وَالْعُدْوَانِ وَمَعْصِيَتِ الرَّسُوْلِ ز وَاِذَا جَآءُوْكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ اللّٰهُ ۙ وَيَقُوْلُوْنَ فِيْٓ اَنْفُسِهِمْ لَوْلَا يُعَذِّبُنَا اللّٰهُ بِمَا نَقُوْلُ ؕ حَسْبُهُمْ جَهَنَّمُ ۚ يَصْلَوْنَهَا ۚ فَبِئْسَ الْمَصِيْرُ ﴿٨﴾

৯। ওহে যারা ঈমান এনেছ! তোমরা যখন গোপনে কথা বল তখন তোমরা পাপ, সীমালঙ্ঘন ও রাসূলকে অমান্য করার ব্যাপারে গোপনে কথা বলো না, কিন্তু তোমরা পুণ্য ও তাকওয়ার ব্যাপারে গোপনে কথা বল। এবং তোমরা ভয় কর আল্লাহ্‌কে যাঁর নিকট তোমাদেরকে সমবেত করা হবে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا تَنَاجَيْتُمْ فَلَا تَتَنَاجَوْا بِالْاِثْمِ وَالْعُدْوَانِ وَمَعْصِيَتِ الرَّسُوْلِ وَتَنَاجَوْا بِالْبِرِّ وَالتَّقْوٰى ؕ وَاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٩﴾

১০। গোপন কথা* তো শয়তানের পক্ষ থেকেই (হয়), যাতে সে যারা ঈমান এনেছে তাদেরকে দুঃখ দিতে পারে। কিন্তু আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া সে তাদের কিছুই ক্ষতি করতে সক্ষম নয়। আর আল্লাহ্‌র উপরই মু'মিনরা যেন ভরসা করে।

اِنَّمَا النَّجْوٰى مِنَ الشَّيْطٰنِ لِيَحْزُنَ الَّذِيْنَ اٰمَنُوْا وَلَيْسَ بِضَآرِّهِمْ شَيْـًٔا اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٠﴾

১১। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমাদেরকে বলা হয়, মজলিসে প্রশস্ত হও, তখন তোমরা (স্থান) প্রশস্ত করে দাও, তাহলে আল্লাহ্ তোমাদের জন্য (সবকিছুই) প্রশস্ত করে দিবেন। এবং যখন বলা হয়, 'উঠে যাও' তখন তোমরা উঠে যাবে। তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং যাদেরকে জ্ঞান দান করা হয়েছে আল্লাহ্ তাদেরকে মর্যাদায় উন্নীত করবেন। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا قِيْلَ لَكُمْ تَفَسَّحُوْا فِي الْمَجٰلِسِ فَافْسَحُوْا يَفْسَحِ اللّٰهُ لَكُمْ ۚ وَاِذَا قِيْلَ انْشُزُوْا فَانْشُزُوْا يَرْفَعِ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۙ وَالَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ دَرَجٰتٍ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١١﴾

১২। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমরা রাসূলের সাথে গোপনে কথা বল তখন তোমাদের গোপন কথা বলার পূর্বে সদকা প্রদান কর,* এটি তোমাদের জন্য উত্তম ও পবিত্রতম (পন্থা)। আর যদি তোমরা (সদকা করার মত কিছু) না পাও, তবে নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا نَاجَيْتُمُ الرَّسُوْلَ فَقَدِّمُوْا بَيْنَ يَدَيْ نَجْوٰىكُمْ صَدَقَةً ؕ ذٰلِكَ خَيْرٌ لَّكُمْ وَاَطْهَرُ ؕ فَاِنْ لَّمْ تَجِدُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٢﴾

১৩। তোমরা কি তোমাদের গোপন কথার পূর্বে সদকা প্রদান করাকে ভয় পেয়েছ? আর যখন তোমরা (সদকা) করলে না এবং আল্লাহ্ তোমাদের তওবা কবুল করলেন, তখন তোমরা সালাত (নামাজ) কায়েম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য কর। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

ع ٢ ٢ ٢ রুকূ ٢

ءَاَشْفَقْتُمْ اَنْ تُقَدِّمُوْا بَيْنَ يَدَيْ نَجْوٰىكُمْ صَدَقٰتٍ ؕ فَاِذْ لَمْ تَفْعَلُوْا وَتَابَ اللّٰهُ عَلَيْكُمْ فَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَطِيْعُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٣﴾

১৪। তুমি কি তাদেরকে দেখনি, যারা বন্ধুত্ব করেছে এমন সম্প্রদায়ের সাথে যাদের উপর আল্লাহ্ ক্রুদ্ধ হয়েছেন? না তারা তোমাদের দলভুক্ত, আর না তাদের দলভুক্ত এবং তারা জেনে-বুঝে মিথ্যা কসম করে।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ تَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ ؕ مَا هُمْ مِّنْكُمْ وَلَا مِنْهُمْ ۙ وَيَحْلِفُوْنَ عَلَى الْكَذِبِ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿١٤﴾

১৫। আল্লাহ্ তাদের জন্য প্রস্তুত করেছেন কঠিন শাস্তি। নিশ্চয় তারা যা করত তা কতই না মন্দ!

اَعَدَّ اللّٰهُ لَهُمْ عَذَابًا شَدِيْدًا ؕ اِنَّهُمْ سَآءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৬। তারা তাদের শপথসমূহকে ঢাল হিসেবে গ্রহণ করেছে, এবং আল্লাহ্‌র পথ হতে (মানুষকে) বিরত রেখেছে, সুতরাং তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

اِتَّخَذُوْٓا اَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ فَلَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿١٦﴾

১৭। আল্লাহ্‌র (শাস্তির) মুকাবিলায় তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কখনো তাদের কিছুই কাজে আসবে না। তারাই আগুনের অধিবাসী। সেখানে তারা স্থায়ী হবে।

لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْئًا ؕ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ؕ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١٧﴾

১৮। যেদিন আল্লাহ্ তাদের সকলকে পুনরুত্থিত করবেন, তখন তারা আল্লাহ্‌র নিকট সেরূপ কসম করবে যেমন কসম তোমাদের নিকট করে এবং তারা মনে করে যে, তারা একটা কিছুর উপর রয়েছে। জেনে রাখ, নিশ্চয় তারাই মিথ্যাবাদী।

يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيَحْلِفُوْنَ لَهٗ كَمَا يَحْلِفُوْنَ لَكُمْ وَيَحْسَبُوْنَ اَنَّهُمْ عَلٰى شَيْءٍ ؕ اَلَآ اِنَّهُمْ هُمُ الْكٰذِبُوْنَ ﴿١٨﴾

১৯। শয়তান তাদের উপর বিজয়ী হয়েছে এবং সে তাদেরকে আল্লাহ্‌র স্মরণ ভুলিয়ে দিয়েছে। তারা শয়তানের দল। জেনে রাখ, নিশ্চয় শয়তানের দলই ক্ষতিগ্রস্ত।

اِسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطٰنُ فَاَنْسٰهُمْ ذِكْرَ اللّٰهِ ؕ اُولٰٓئِكَ حِزْبُ الشَّيْطٰنِ ؕ اَلَآ اِنَّ حِزْبَ الشَّيْطٰنِ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٩﴾

২০। নিশ্চয় যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণ করে, তারা চরম অপমানিতদের অন্তর্ভুক্ত হবে।

اِنَّ الَّذِيْنَ يُحَآدُّوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗٓ اُولٰٓئِكَ فِي الْاَذَلِّيْنَ ﴿٢٠﴾

২১। আল্লাহ লিখে রেখেছেন, ‘অবশ্যই আমি ও আমার রাসূলরা বিজয়ী হব’। নিশ্চয় আল্লাহ্ মহাশক্তিধর ও মহাপ্রতাপশালী।

كَتَبَ اللّٰهُ لَاَغْلِبَنَّ اَنَا۠ وَرُسُلِيْ ؕ اِنَّ اللّٰهَ قَوِيٌّ عَزِيْزٌ ﴿٢١﴾

২২। তুমি আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাসী এমন কোন সম্প্রদায় পাবে না, যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচারীদেরকে ভালবাসে- যদিও তারা (বিরুদ্ধাচারীরা) তাদের পিতা, পুত্র, ভাই অথবা তাদের আত্মীয়-স্বজন। আল্লাহ্ তাদের হৃদয়ে ঈমান লিপিবদ্ধ করেছেন এবং তাদেরকে তাঁর পক্ষ থেকে রূহ* দ্বারা সাহায্য করেছেন। এবং তিনি তাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা স্থায়ী হবে। আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট হয়েছে। তারা আল্লাহ্‌র দল। জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্‌র দলই সফল।

لَا تَجِدُ قَوْمًا يُّؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ يُوَآدُّوْنَ مَنْ حَآدَّ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَلَوْ كَانُوْٓا اٰبَآءَهُمْ اَوْ اَبْنَآءَهُمْ اَوْ اِخْوَانَهُمْ اَوْ عَشِيْرَتَهُمْ ؕ اُولٰٓئِكَ كَتَبَ فِيْ قُلُوْبِهِمُ الْاِيْمَانَ وَاَيَّدَهُمْ بِرُوْحٍ مِّنْهُ ؕ وَيُدْخِلُهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ؕ اُولٰٓئِكَ حِزْبُ اللّٰهِ ؕ اَلَآ اِنَّ حِزْبَ اللّٰهِ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٢٢﴾

ع ٢ ٩ ٣ ٦ রুকূ ৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৫৯. সূরা আল-হাশ্‌র, মাদানী
২৪ আয়াত, ৩ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٥٩-سُوْرَةُ الْحَشْرِ-مَدَنِيَّةٌ
اٰيَاتُهَا-٢٤،رُكُوْعَاتُهَا-٣

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سَبَّحَ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ①

১। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করে, এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

هُوَ الَّذِيْٓ اَخْرَجَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ مِنْ دِيَارِهِمْ لِاَوَّلِ الْحَشْرِ ۭ مَا ظَنَنْتُمْ اَنْ يَّخْرُجُوْا وَظَنُّوْٓا اَنَّهُمْ مَّانِعَتُهُمْ حُصُوْنُهُمْ مِّنَ اللّٰهِ فَاَتٰىهُمُ اللّٰهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوْا ۤ وَقَذَفَ فِيْ قُلُوْبِهِمُ الرُّعْبَ يُخْرِبُوْنَ بُيُوْتَهُمْ بِاَيْدِيْهِمْ وَاَيْدِي الْمُؤْمِنِيْنَ ۤ فَاعْتَبِرُوْا يٰٓاُولِي الْاَبْصَارِ ②

২। তিনিই আহলে কিতাবের মধ্য থেকে যারা কুফরী করেছে তাদেরকে (মু'মিনদের) প্রথম সমাবেশেই* তাদের আবাসসমূহ থেকে বের করে দিয়েছেন। তোমরা মনে করনি যে, তারা বের হবে এবং তারা মনে করেছিল যে, তাদের দুর্গগুলো তাদেরকে আল্লাহ্‌ হতে রক্ষা করবে, কিন্তু আল্লাহ্‌ তাদের কাছে আসলেন এমন এক দিক থেকে যা তারা ভাবেনি এবং তিনি তাদের হৃদয়ে ভীতি সঞ্চার করলেন, তারা তাদের বাড়ী-ঘর নিজেদের হাতে এবং মু'মিনদের হাতে ধ্বংস করে ফেলল, অতএব হে দৃষ্টিসম্পন্নরা! তোমরা শিক্ষা গ্রহণ কর।

وَلَوْلَآ اَنْ كَتَبَ اللّٰهُ عَلَيْهِمُ الْجَلَاۗءَ لَعَذَّبَهُمْ فِي الدُّنْيَا ۭ وَلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابُ النَّارِ ③

৩। আর যদি আল্লাহ্‌ তাদের উপর নির্বাসন না লিখতেন তবে অবশ্যই তাদেরকে পৃথিবীতে (অন্য) শাস্তি দিতেন। এবং আখিরাতে তাদের জন্য রয়েছে আগুনের শাস্তি।

ذٰلِكَ بِاَنَّهُمْ شَاۗقُّوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۚ وَمَنْ يُّشَاۗقِّ اللّٰهَ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ④

৪। এটি এ জন্য যে, তারা আল্লাহ্‌ ও তাঁর রাসূলের বিরোধিতা করেছে, এবং যে আল্লাহ্‌র বিরোধিতা করে, তবে নিশ্চয় আল্লাহ্‌ শাস্তিদানে কঠোর।

مَا قَطَعْتُمْ مِّنْ لِّيْنَةٍ اَوْ تَرَكْتُمُوْهَا قَاۗىِٕمَةً عَلٰٓى اُصُوْلِهَا فَبِاِذْنِ اللّٰهِ وَلِيُخْزِيَ الْفٰسِقِيْنَ ⑤

৫। তোমরা যে কতক খেজুর গাছ কেটেছ* বা যেগুলো মূলের উপর স্থির রেখে দিয়েছ তা আল্লাহ্‌রই ইচ্ছায় এবং যাতে তিনি (আল্লাহ্‌) পাপাচারীদেরকে অপমাণিত করতে পারেন।

وَمَآ اَفَاۗءَ اللّٰهُ عَلٰي رَسُوْلِهٖ مِنْهُمْ فَمَآ اَوْجَفْتُمْ عَلَيْهِ مِنْ خَيْلٍ وَّلَا رِكَابٍ وَّلٰكِنَّ اللّٰهَ يُسَلِّطُ رُسُلَهٗ عَلٰي مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ⑥

৬। এবং আল্লাহ্‌ তাদের (ইহুদীদের) নিকট থেকে তাঁর রাসূলকে যে ফাই* দিয়েছেন, তার জন্য তোমরা ঘোড়া কিংবা উট দৌড়াওনি (অর্থাৎ যুদ্ধ করনি), কিন্তু আল্লাহ্‌ যার উপর ইচ্ছা তার রাসূলদেরকে ক্ষমতা দেন। এবং আল্লাহ্‌ সব কিছুর উপর সর্বশক্তিমান।

مَآ اَفَاۗءَ اللّٰهُ عَلٰي رَسُوْلِهٖ مِنْ اَهْلِ الْقُرٰى فَلِلّٰهِ وَلِلرَّسُوْلِ وَلِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ كَيْ لَا يَكُوْنَ دُوْلَةًۢ بَيْنَ الْاَغْنِيَاۗءِ مِنْكُمْ ۭ وَمَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ ۤ وَمَا نَهٰىكُمْ عَنْهُ فَانْتَهُوْا ۚ وَاتَّقُوا اللّٰهَ ۭ اِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ⑦

৭। আল্লাহ্‌ জনপদবাসীর* নিকট থেকে তাঁর রাসূলকে যে ফাই দিয়েছেন তা আল্লাহ্‌র, তাঁর রাসূলের, রাসূলের আত্মীয়স্বজনের, ইয়াতীমদের, মিসকীনদের ও সম্বলহীন মুসাফিরের জন্য, যাতে তা তোমাদের মধ্যে বিত্তবানদের মাঝে আবর্তিত না হতে পারে। আর রাসূল তোমাদেরকে যা প্রদান করেন তা তোমরা গ্রহণ কর এবং যা থেকে তোমাদেরকে নিষেধ করেন তা থেকে বিরত থাক এবং তোমরা আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্‌ শাস্তি দানে কঠোর।

৮। (ফাই) গরীব (ফকির) মুহাজিরদের জন্য যাদেরকে নিজেদের আবাসসমূহ ও সম্পত্তি থেকে বের করে দেয়া হয়েছে, তারা আল্লাহ্‌র নিকট থেকে অনুগ্রহ ও সন্তুষ্টি কামনা করে এবং আল্লাহ্ ও তাঁর রাসূলকে সাহায্য করে। তারাই সত্যবাদী।

لِلْفُقَرَآءِ الْمُهٰجِرِيْنَ الَّذِيْنَ اُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ وَاَمْوَالِهِمْ يَبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا وَّيَنْصُرُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ اُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُوْنَ ۚ﴿٨﴾

৯। এবং (তাদের জন্যও) যারা বসবাস করেছে (এই) নগরীতে ও ঈমান এনেছে তাদের (অর্থাৎ মুহাজিরদের) পূর্বে, তারা ভালবাসে তাদেরকে যারা হিজরত করেছে তাদের দিকে এবং তাদেরকে (মুহাজিরদেরকে) যা দেয়া হয়েছে তার জন্য তারা বক্ষে কোন প্রয়োজনবোধ করে না এবং তারা (তাদেরকে) নিজেদের উপর অগ্রাধিকার দেয়, যদিও তাদের সাথে আছে অভাব-অনটন। এবং যাদেরকে অন্তরের কার্পণ্য থেকে রক্ষা করা হয়েছে, তারাই সফল।

وَالَّذِيْنَ تَبَوَّؤُ الدَّارَ وَالْاِيْمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّوْنَ مَنْ هَاجَرَ اِلَيْهِمْ وَلَا يَجِدُوْنَ فِيْ صُدُوْرِهِمْ حَاجَةً مِّمَّآ اُوْتُوْا وَيُؤْثِرُوْنَ عَلٰٓى اَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ ۟ وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۚ﴿٩﴾

১০। এবং (তাদের জন্যও) যারা তাদের পরে এসেছে, তারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এবং আমাদের ভাইদেরকে- যারা ঈমানে আমাদের অগ্রগামী হয়েছে- ক্ষমা করুন এবং যারা ঈমান এনেছে তাদের বিরুদ্ধে আমাদের হৃদয়ে কোন বিদ্বেষ রাখবেন না, হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনি অত্যন্ত স্নেহশীল ও পরম দয়ালু।'

ع ١ ١٠ ٤ ١ রুকূ ৪

وَالَّذِيْنَ جَآءُوْ مِنْۢ بَعْدِهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِاِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلَا تَجْعَلْ فِيْ قُلُوْبِنَا غِلًّا لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَآ اِنَّكَ رَءُوْفٌ رَّحِيْمٌ ۚ﴿١٠﴾

১১। তুমি কি তাদেরকে দেখনি যারা মুনাফেকী করেছে? তারা আহলে কিতাবের মধ্যে যারা কুফরী করেছে তাদের সে সব ভাইদেরকে বলে, 'যদি তোমাদেরকে বের করে দেয়া হয় তাহলে অবশ্যই অবশ্যই আমরা তোমাদের সঙ্গে বের হব এবং আমরা তোমাদের ব্যাপারে কখনো কারো কথা মানব না এবং যদি তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করা হয় তাহলে অবশ্যই অবশ্যই আমরা তোমাদেরকে সাহায্য করব। কিন্তু আল্লাহ্ সাক্ষ্য দিচ্ছেন, নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ نَافَقُوْا يَقُوْلُوْنَ لِاِخْوَانِهِمُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ لَئِنْ اُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيْعُ فِيْكُمْ اَحَدًا اَبَدًا ۙ وَّاِنْ قُوْتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ ؕ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿١١﴾

১২। যদি তাদেরকে (বনু নযীরকে) বের করে দেয়া হয় তাহলে এরা (মুনাফিকরা) তাদের সাথে বের হবে না এবং যদি তাদের বিরুদ্ধে যুদ্ধ করা হয় তাহলে এরা তাদেরকে সাহায্য করবে না, আর যদি তাদেরকে এরা সাহায্য করেও তবে অবশ্যই অবশ্যই পৃষ্ঠপ্রদর্শন করবে, এরপর তাদেরকে সাহায্যও করা হবে না।

لَئِنْ اُخْرِجُوْا لَا يَخْرُجُوْنَ مَعَهُمْ ۚ وَلَئِنْ قُوْتِلُوْا لَا يَنْصُرُوْنَهُمْ ۚ وَلَئِنْ نَّصَرُوْهُمْ لَيُوَلُّنَّ الْاَدْبَارَ ۫ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١٢﴾

১৩। অবশ্যই এদের (মুনাফিকদের) বক্ষে আল্লাহ্‌র চেয়ে তোমরা বেশি আতঙ্কজনক। কারণ এরা এমন এক সম্প্রদায় যারা বোঝে না।

لَاَنْتُمْ اَشَدُّ رَهْبَةً فِيْ صُدُوْرِهِمْ مِّنَ اللّٰهِ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ﴿١٣﴾

১৪। এরা (মুনাফিক ও বনু নযীর) ঐকবদ্ধ হয়েও (খোলা ময়দানে) তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে না, সুরক্ষিত জনপদের অভ্যন্তরে থেকে অথবা দুর্গ-প্রাচীরের অন্তরালে অবস্থান ছাড়া। এদের মধ্যে পারস্পরিক বিরোধিতা তীব্রতর। তুমি মনে কর তারা ঐক্যবদ্ধ, কিন্তু তাদের হৃদয়সমূহ বিভিন্ন ধরনের। কারণ এরা এমন এক সম্প্রদায় যারা অনুধাবন করে না,

لَا يُقَاتِلُوْنَكُمْ جَمِيْعًا اِلَّا فِيْ قُرًى مُّحَصَّنَةٍ اَوْ مِنْ وَّرَآءِ جُدُرٍ ؕ بَاْسُهُمْ بَيْنَهُمْ شَدِيْدٌ ؕ تَحْسَبُهُمْ جَمِيْعًا وَّقُلُوْبُهُمْ شَتّٰى ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُوْنَ ۚ﴿١٤﴾

১৫। (এদের উপমা) তাদের উপমার মত যারা এদের কিছুকাল পূর্বে তাদের (নিজেদের) কৃতকর্মের মন্দফল ভোগ করেছে,* এবং এদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি,

كَمَثَلِ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ قَرِيْبًا ذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۚ﴿١٥﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

كَمَثَلِ الشَّيْطٰنِ اِذْ قَالَ لِلْاِنْسَانِ اكْفُرْ ۚ فَلَمَّا كَفَرَ قَالَ اِنِّىْ بَرِىْٓءٌ مِّنْكَ اِنِّىْٓ اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِيْنَ ﴿١٦﴾

১৬। (মুনাফিকদের উপমা) শয়তানের উপমার মত যখন সে মানুষকে বলে, 'কুফরী কর', অতঃপর যখন কুফরী করে তখন সে বলে, 'নিশ্চয় আমি তোমার থেকে দায়িত্বমুক্ত, নিশ্চয় আমি জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌কে ভয় করি।'

فَكَانَ عَاقِبَتَهُمَآ اَنَّهُمَا فِى النَّارِ خَالِدَيْنِ فِيْهَا ؕ وَذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِيْنَ ﴿١٧﴾ ع ٢ ٥ ٢ রুকূ ٥

১৭। সুতরাং তাদের উভয়ের (বনু নযীর ও মুনাফিকদের) পরিণাম হবে যে, তারা থাকবে আগুনের মধ্যে, সেখানে তারা স্থায়ী হবে। এবং এটাই জালিমদের প্রতিফল।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ ۚ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨﴾

১৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং প্রত্যেকেই ভেবে দেখুক আগামীকালের জন্য যা সে অগ্রিম পাঠিয়েছে, এবং আল্লাহ্‌কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে পূর্ণ অবগত।

وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ نَسُوا اللّٰهَ فَاَنْسٰهُمْ اَنْفُسَهُمْ ؕ اُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿١٩﴾

১৯। আর তোমরা তাদের মত হয়ো না যারা আল্লাহ্‌কে ভুলে গেছে, ফলে আল্লাহ্‌ও তাদেরকে আত্মভোলা বানিয়ে দিয়েছেন। তারাই পাপাচারী।

لَا يَسْتَوِىْٓ اَصْحٰبُ النَّارِ وَاَصْحٰبُ الْجَنَّةِ ؕ اَصْحٰبُ الْجَنَّةِ هُمُ الْفَآئِزُوْنَ ﴿٢٠﴾

২০। আগুনের অধিবাসীরা আর জান্নাতের অধিবাসীরা সমান নয়। জান্নাতের অধিবাসীরাই সফল।

لَوْ اَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَاَيْتَهٗ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ﴿٢١﴾

২১। যদি আমি এ কুরআনকে পর্বতের উপর অবতীর্ণ করতাম তাহলে অবশ্যই তুমি তাকে আল্লাহ্‌র ভয়ে বিনীত ও বিদীর্ণ দেখতে পেতে। এবং আমি এ উপমাসমূহ পেশ করি মানুষের জন্য, যাতে তারা চিন্তা করতে পারে।

هُوَ اللّٰهُ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۚ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿٢٢﴾

২২। তিনিই আল্লাহ্, যিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী। তিনিই অসীম দয়াময় ও পরম দয়ালু।

هُوَ اللّٰهُ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٢٣﴾

২৩। তিনিই আল্লাহ্, যিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি মালিক, তিনি পবিত্র, তিনি শান্তি, তিনি নিরাপত্তাবিধায়ক, তিনি সর্বনিয়ন্তা, তিনি মহাপ্রতাপশালী, তিনি মহাশক্তিধর এবং তিনি মহিমান্বিত। আল্লাহ্ পবিত্র তা থেকে যা তারা শরীক করে।

هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ؕ يُسَبِّحُ لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٤﴾ ع ٣ ٦ ٣ রুকূ ٦

২৪। তিনিই আল্লাহ্, তিনি সৃষ্টিকর্তা, তিনি উদ্ভাবক, তিনি রূপকার, সুন্দরতম নামসমূহ তাঁরই। আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর পবিত্রতা ঘোষণা করছে, এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

৬০-সূরা আল-মুমতাহিনা, মাদানী

১৩ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٠-سُوْرَةُ الْمُمْتَحِنَة-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٣،رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَعَدُوَّكُمْ اَوْلِيَآءَ
تُلْقُوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوْا بِمَا جَآءَكُمْ مِّنَ الْحَقِّ ۚ
يُخْرِجُوْنَ الرَّسُوْلَ وَاِيَّاكُمْ اَنْ تُؤْمِنُوْا بِاللّٰهِ رَبِّكُمْ ۭ اِنْ
كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِيْ سَبِيْلِيْ وَابْتِغَاۗءَ مَرْضَاتِيْ ۭ تُسِرُّوْنَ
اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ ۤ وَاَنَا اَعْلَمُ بِمَآ اَخْفَيْتُمْ وَمَآ اَعْلَنْتُمْ ۭ وَمَنْ
يَّفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاۗءَ السَّبِيْلِ ①

১। ওহে যারা ঈমন এনেছ! তোমরা আমার শত্রুকে ও তোমাদের শত্রুকে বন্ধু হিসাবে গ্রহণ করো না তাদের প্রতি (চিঠির মাধ্যমে) হৃদ্যতা অবহিত করে, অথচ তারা তোমাদের নিকট যে সত্য এসেছে তা অবিশ্বাস করেছে- রাসূলকে এবং তোমাদেরকে বের করে দিয়ে, কারণ তোমরা তোমাদের প্রতিপালক আল্লাহ্‌র প্রতি ঈমান আন। যদি তোমরা আমার পথে জিহাদের জন্য এবং আমার সন্তুষ্টির উদ্দেশ্যে বের হয়ে থাক (তবে তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করো না)। তোমরা তাদের প্রতি হৃদ্যতা গোপন করছ, অথচ তোমরা যা গোপন কর এবং তোমরা যা প্রকাশ কর তা আমি সবচেয়ে বেশি জানি। এবং তোমাদের মধ্যে যে তা করে অবশ্যই সে সরল পথ হারিয়েছে।*

اِنْ يَّثْقَفُوْكُمْ يَكُوْنُوْا لَكُمْ اَعْدَاۗءً وَّيَبْسُطُوْٓا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ
وَاَلْسِنَتَهُمْ بِالسُّوْۗءِ وَوَدُّوْا لَوْ تَكْفُرُوْنَ ②

২। যদি তারা তোমাদেরকে নাগালে পায় তাহলে তারা তোমাদের শত্রু হয়ে যাবে এবং অনিষ্ট করার জন্যে তাদের হাত ও তাদের জিহ্বা তোমাদের দিকে প্রসারিত করবে এবং কামনা করবে, যদি তোমরা কুফরী করতে!

لَنْ تَنْفَعَكُمْ اَرْحَامُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ ۚ يَوْمَ الْقِيٰمَةِ ۚ يَفْصِلُ
بَيْنَكُمْ ۭ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ③

৩। তোমাদের আত্মীয়-স্বজন ও সন্তান-সন্ততি কখনো তোমাদের উপকারে আসবে না- কিয়ামতের দিন- তিনি তোমাদের মধ্যে ফয়সালা করে দিবেন, এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ দৃষ্টিবান।

قَدْ كَانَتْ لَكُمْ اُسْوَةٌ حَسَنَةٌ فِيْٓ اِبْرٰهِيْمَ وَالَّذِيْنَ مَعَهٗ ۚ اِذْ قَالُوْا
لِقَوْمِهِمْ اِنَّا بُرَءٰۗؤُا مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۡ كَفَرْنَا
بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاۗءُ اَبَدًا حَتّٰى
تُؤْمِنُوْا بِاللّٰهِ وَحْدَهٗٓ اِلَّا قَوْلَ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ لَاَسْتَغْفِرَنَّ لَكَ وَمَآ
اَمْلِكُ لَكَ مِنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ۭ رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَاِلَيْكَ اَنَبْنَا
وَاِلَيْكَ الْمَصِيْرُ ④

৪। অবশ্যই তোমাদের জন্য ইবরাহীম ও যারা তার সাথে ছিল তাদের মধ্যে রয়েছে উত্তম আদর্শ, যখন তারা তাদের সম্প্রদায়কে বলেছিল, 'তোমাদের থেকে এবং তোমরা আল্লাহ্‌কে বাদ দিয়ে যাদের ইবাদত কর তাদের থেকে নিশ্চয় আমরা মুক্ত, আমরা তোমাদেরকে অস্বীকার করি। তোমাদের ও আমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ প্রকাশ পেল চিরকালের জন্য যতক্ষণ না তোমরা ঈমান আন একা আল্লাহ্‌র প্রতি', তবে ব্যতিক্রম হল তার পিতার প্রতি ইবরাহীমের উক্তি, 'আমি অবশ্যই অবশ্যই আপনার জন্য ক্ষমা প্রার্থনা করব, কিন্তু আপনার জন্য আল্লাহ্‌র বিপরীতে কিছু করার ক্ষমতা আমি রাখি না।' 'হে আমাদের প্রতিপালক! আমরা আপনারই উপর ভরসা করেছি, আপনারই দিকে (অনুতাপের সাথে) প্রত্যাবর্তন করছি এবং গন্তব্যস্থল আপনারই দিকে।'

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا وَاغْفِرْ لَنَا رَبَّنَا ۚ اِنَّكَ
اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ⑤

৫। 'হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে যারা কুফরী করেছে তাদের জন্য ফিতনা (পরীক্ষার পাত্র) বানাবেন না। এবং আপনি আমাদেরকে ক্ষমা করুন, হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আপনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।'

لَقَدْ كَانَ لَكُمْ فِيْهِمْ اُسْوَةٌ حَسَنَةٌ لِّمَنْ كَانَ يَرْجُوا اللّٰهَ وَ
الْيَوْمَ الْاٰخِرَ ۭ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ⑥

৬। অবশ্যই তোমাদের জন্য তাদের (অর্থাৎ ইবরাহীম ও তার সঙ্গী-সাথীদের) মধ্যে উত্তম আদর্শ রয়েছে তার জন্য, যে আল্লাহ্ ও আখিরাতের প্রত্যাশা করে। আর যে মুখ ফিরিয়ে নেয়, তবে (সে জেনে রাখুক) নিশ্চয় আল্লাহ্‌ই অমুখাপেক্ষী ও অতি প্রশংসনীয়।

ع ١ ٧ ١ রুকূ ٩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৭। যাদের সাথে তোমরা শত্রুতা করছ শীঘ্রই আল্লাহ্ তাদের ও তোমাদের মধ্যে হৃদ্যতা স্থাপন করবেন। এবং আল্লাহ্ সর্বশক্তিমান। এবং আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

عَسَى اللّٰهُ اَنْ يَّجْعَلَ بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِيْنَ عَادَيْتُمْ مِّنْهُمْ مَّوَدَّةً ؕ وَاللّٰهُ قَدِيْرٌ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٧

৮। দ্বীনের (ধর্মের) ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদেরকে তোমাদের আবাসসমূহ থেকে বের করে দেয়নি তাদের প্রতি সদাচরণ ও ন্যায়বিচার করতে আল্লাহ্ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয় আল্লাহ্ ন্যায়বিচারকারীদেরকে ভালবাসেন।

لَا يَنْهٰىكُمُ اللّٰهُ عَنِ الَّذِيْنَ لَمْ يُقَاتِلُوْكُمْ فِى الدِّيْنِ وَلَمْ يُخْرِجُوْكُمْ مِّنْ دِيَارِكُمْ اَنْ تَبَرُّوْهُمْ وَتُقْسِطُوْٓا اِلَيْهِمْ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ۝٨

৯। আল্লাহ্ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন যারা দ্বীনের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে তোমাদের আবাসসমূহ থেকে বের করে দিয়েছে এবং তোমাদেরকে বের করে দেয়ার ব্যাপারে সাহায্য করেছে, আর যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই জালিম।

اِنَّمَا يَنْهٰىكُمُ اللّٰهُ عَنِ الَّذِيْنَ قٰتَلُوْكُمْ فِى الدِّيْنِ وَاَخْرَجُوْكُمْ مِّنْ دِيَارِكُمْ وَظٰهَرُوْا عَلٰٓى اِخْرَاجِكُمْ اَنْ تَوَلَّوْهُمْ ۚ وَمَنْ يَّتَوَلَّهُمْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ۝٩

১০। ওহে যারা ঈমান এনেছ! যখন তোমাদের নিকট মু'মিন নারীরা হিজরত করে আসবে তখন তাদেরকে পরীক্ষা করে নাও। আল্লাহ্ তাদের ঈমান সম্বন্ধে সবচেয়ে বেশি জানেন, এবং যদি তোমরা জানতে পার যে, তারা মু'মিনা, তবে তাদেরকে কাফিরদের নিকট ফেরত পাঠিও না। তারা (মু'মিন নারীরা) কাফিরদের জন্য হালাল নয় এবং তারা (কাফিররা) মু'মিন নারীদের জন্য হালাল নয়। তারা (কাফিররা) যা ব্যয় করেছে তা তাদেরকে ফিরিয়ে দাও। এবং তাদেরকে তোমাদের বিয়ে করাতে তোমাদের কোন অপরাধ নেই যখন তোমরা তাদেরকে তাদের পারিশ্রমিক (মোহরানা) প্রদান কর। এবং তোমরা কাফির নারীদের সাথে দাম্পত্য সম্পর্ক ধরে রেখো না এবং তোমরা যা ব্যয় করেছ তা (ফেরত) চাইবে এবং তারা (কাফিররা) চাইবে যা তারা ব্যয় করেছে। এটিই আল্লাহ্র নির্দেশ। তিনি তোমাদের মধ্যে ফয়সালা করে থাকেন। এবং আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا جَآءَكُمُ الْمُؤْمِنٰتُ مُهٰجِرٰتٍ فَامْتَحِنُوْهُنَّ ؕ اَللّٰهُ اَعْلَمُ بِاِيْمَانِهِنَّ ۚ فَاِنْ عَلِمْتُمُوْهُنَّ مُؤْمِنٰتٍ فَلَا تَرْجِعُوْهُنَّ اِلَى الْكُفَّارِ ؕ لَا هُنَّ حِلٌّ لَّهُمْ وَلَا هُمْ يَحِلُّوْنَ لَهُنَّ ؕ وَاٰتُوْهُمْ مَّآ اَنْفَقُوْا ؕ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ اَنْ تَنْكِحُوْهُنَّ اِذَآ اٰتَيْتُمُوْهُنَّ اُجُوْرَهُنَّ ؕ وَلَا تُمْسِكُوْا بِعِصَمِ الْكَوَافِرِ وَسْئَلُوْا مَآ اَنْفَقْتُمْ وَلْيَسْئَلُوْا مَآ اَنْفَقُوْا ؕ ذٰلِكُمْ حُكْمُ اللّٰهِ ؕ يَحْكُمُ بَيْنَكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝١٠

১১। এবং যদি তোমাদের স্ত্রীদের থেকে কিছু (অর্থাৎ কেউ) কাফিরদের নিকট হাত ছাড়া হয়ে যায় এবং তোমরা যদি (যুদ্ধ দ্বারা) প্রতিশোধ নাও (এবং গনীমত লাভ কর) তাহলে যাদের স্ত্রী (কাফিরদের পক্ষে) চলে গিয়েছে তাদেরকে তারা যা ব্যয় করেছিল (গনিমত থেকে) তার সমপরিমাণ প্রদান কর। এবং আল্লাহ্কে ভয় কর, যাঁর প্রতি তোমরা বিশ্বাসী।

وَاِنْ فَاتَكُمْ شَيْءٌ مِّنْ اَزْوَاجِكُمْ اِلَى الْكُفَّارِ فَعَاقَبْتُمْ فَاٰتُوا الَّذِيْنَ ذَهَبَتْ اَزْوَاجُهُمْ مِّثْلَ مَآ اَنْفَقُوْا ؕ وَاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اَنْتُمْ بِهٖ مُؤْمِنُوْنَ ۝١١

১২। হে নবী! মু'মিন নারীরা যখন তোমার নিকট এসে বাইয়াত (আনুগত্যের প্রতিজ্ঞা) করে এই মর্মে যে, তারা আল্লাহ্র সাথে কোন কিছুই শরীক করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, তাদের (নিজেদের) সন্তানদেরকে হত্যা করবে না, তারা এমন অপবাদ দিবে না যা তারা উদ্ভাবন করে তাদের হাত ও পায়ের মধ্যখানে* এবং সৎকাজে তোমাকে অমান্য করবে না তখন তাদের বাইয়াত গ্রহণ কর এবং তাদের জন্য আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا النَّبِيُّ اِذَا جَآءَكَ الْمُؤْمِنٰتُ يُبَايِعْنَكَ عَلٰٓى اَنْ لَّا يُشْرِكْنَ بِاللّٰهِ شَيْئًا وَّلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِيْنَ وَلَا يَقْتُلْنَ اَوْلَادَهُنَّ وَلَا يَاْتِيْنَ بِبُهْتَانٍ يَّفْتَرِيْنَهٗ بَيْنَ اَيْدِيْهِنَّ وَاَرْجُلِهِنَّ وَلَا يَعْصِيْنَكَ فِيْ مَعْرُوْفٍ فَبَايِعْهُنَّ وَاسْتَغْفِرْ لَهُنَّ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝١٢

১৩। ওহে যারা ঈমান এনেছ! তোমরা বন্ধুত্ব করো না এমন সম্প্রদায়ের সাথে যাদের উপর আল্লাহ্ ক্রুদ্ধ হয়েছেন, তারা পরকাল সম্পর্কে হতাশ হয়ে পড়েছে যেমন হতাশ হয়েছে কাফিররা কবরসমূহের অধিবাসীদের থেকে।

ع ٢ ٨ ٢ রুকূ ٨

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللّٰهُ عَلَيْهِمْ قَدْ يَئِسُوْا مِنَ الْاٰخِرَةِ كَمَا يَئِسَ الْكُفَّارُ مِنْ اَصْحٰبِ الْقُبُوْرِ ۝١٣

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৬১. সূরা আস্-সাফ্ফ, মাদানী

১৪ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦١-سُوْرَةُ الصَّفِّ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٤، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سَبَّحَ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ①

১। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করে, এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَا لَا تَفْعَلُوْنَ ②

২। ওহে যারা ঈমান এনেছ! তোমরা যা কর না তা তোমরা কেন বল?

كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ اَنْ تَقُوْلُوْا مَا لَا تَفْعَلُوْنَ ③

৩। তোমরা যা কর না তোমাদের তা বলা আল্লাহ্‌র নিকট বড়ই ঘৃণ্য কাজ।*

اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِهٖ صَفًّا كَاَنَّهُمْ بُنْيَانٌ مَّرْصُوْصٌ ④

৪। নিশ্চয় আল্লাহ্ ভালবাসেন তাদেরকে যারা যুদ্ধ করে তাঁর পথে সারিবদ্ধ হয়ে যেন তারা সীসাঢালা প্রাচীর।

وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِيْ وَقَدْ تَّعْلَمُوْنَ اَنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ۭ فَلَمَّا زَاغُوْٓا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ۭ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفٰسِقِيْنَ ⑤

৫। এবং যখন মূসা তার সম্প্রদায়কে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কেন আমাকে কষ্ট দিচ্ছ, অথচ তোমরা জান যে, আমি তোমাদের নিকট আল্লাহর রাসূল?' অতঃপর যখন তারা বাঁকাপথ অবলম্বন করল তখন আল্লাহ্ তাদের হৃদয়কে বাঁকা করে দিলেন। এবং আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না।

وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِيْٓ اِسْرَاۗءِيْلَ اِنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًۢا بِرَسُوْلٍ يَّاْتِيْ مِنْۢ بَعْدِي اسْمُهٗٓ اَحْمَدُ ۭ فَلَمَّا جَاۗءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ⑥

৬। এবং যখন মারইয়ামের পুত্র ঈসা বলেছিল, 'হে বনী ইসরাঈল! নিশ্চয় আমি তোমাদের নিকট আল্লাহ্‌র রাসূল, আমার পূর্ববর্তী তাওরাতের সত্যায়নকারী রূপে এবং একজন রাসূলের সুসংবাদদাতারূপে যিনি আমার পরে আসবেন যার নাম আহ্‌মদ।'* অতঃপর যখন সে স্পষ্ট প্রমাণাদিসহ তাদের নিকট আসল তখন তারা বলল, 'এটা সুস্পষ্ট জাদু।'

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَي اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰٓى اِلَى الْاِسْلَامِ ۭ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ⑦

৭। আর তার চেয়ে অধিক জালিম আর কে যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে, অথচ তাকে আহ্বান করা হচ্ছে ইসলামের দিকে? আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করেন না।

يُرِيْدُوْنَ لِيُطْفِـــُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ مُتِمُّ نُوْرِهٖ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ⑧

৮। তারা আল্লাহ্‌র নূরকে (ইসলামকে) তাদের মুখ দিয়ে (অর্থাৎ ফুঁ দিয়ে) নিভিয়ে দিতে চায়, কিন্তু আল্লাহ্ তাঁর নূরকে পূর্ণ করবেন, যদিও কাফিররা (তা) অপছন্দ করে।

هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَي الدِّيْنِ كُلِّهٖ ۙ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ⑨

৯। তিনিই তাঁর রাসূলকে প্রেরণ করেছেন পথনির্দেশিকা ও সত্য দ্বীনসহ এটিকে সকল দ্বীনের উপর জয়ী করার জন্য, যদিও মুশরিকরা (তা) অপছন্দ করে।

১ ৫ ৭ ১ রুকূ ৯

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا هَلْ اَدُلُّكُمْ عَلٰي تِجَارَةٍ تُنْجِيْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ⑩

১০। ওহে যারা ঈমান এনেছ! আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসা দেখিয়ে দেব যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে রক্ষা করবে?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَتُجَاهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۙ﴿١١﴾

১১। (তা হল) তোমরা আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনবে এবং তোমাদের ধন-সম্পদ ও জীবন দিয়ে আল্লাহ্র পথে জিহাদ করবে। এটি তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে-

يَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ وَمَسٰكِنَ طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۙ﴿١٢﴾

১২। তিনি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করে দিবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত এবং উত্তম বাসস্থানসমূহে যা চিরস্থায়ী জান্নাতসমূহে অবস্থিত। এটি মহাসাফল্য-

وَاُخْرٰى تُحِبُّوْنَهَا ؕ نَصْرٌ مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿١٣﴾

১৩। এবং অন্যটি যা তোমরা ভালবাস তা হল আল্লাহ্র পক্ষ থেকে সাহায্য ও নিকটবর্তী বিজয়। এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও।

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْۤا اَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيّٖنَ مَنْ اَنْصَارِيْۤ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ فَاٰمَنَتْ طَّآئِفَةٌ مِّنْۢ بَنِيْۤ اِسْرَآئِيْلَ وَكَفَرَتْ طَّآئِفَةٌ ۚ فَاَيَّدْنَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلٰى عَدُوِّهِمْ فَاَصْبَحُوْا ظٰهِرِيْنَ ﴿١٤﴾

১৪। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্র সাহায্যকারী হও, যেমন মারইয়ামের পুত্র ঈসা হাওয়ারীদেরকে* বলেছিল, 'আল্লাহ্র জন্য কারা আমার সাহায্যকারী?' হাওয়ারীরা বলেছিল, 'আমরা আল্লাহ্র সাহায্যকারী', অতঃপর বনী ইসরাঈলের একদল ঈমান আনল এবং একদল কুফরী করল, অতঃপর আমি সাহায্য করলাম যারা ঈমান এনেছিল তাদেরকে, তাদের শত্রুদের মুকাবিলায়, ফলে তারাই বিজয়ী হল।

ع ٢ ٥ ١٠ ٢ রুকূ ١٠

৬২. সূরা আল-জুমু'আ, মাদানী

১১ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٢-سُوْرَةُ الْجُمُعَةِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١١، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يُسَبِّحُ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ الْمَلِكِ الْقُدُّوْسِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ①

১। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করে, যিনি মালিক, পবিত্র, মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

هُوَ الَّذِيْ بَعَثَ فِي الْاُمِّيّٖنَ رَسُوْلًا مِّنْهُمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۗ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۙ ②

২। তিনিই উম্মীদের (নিরক্ষরদের) মাঝে তাদের মধ্য থেকে একজন রাসূল পাঠিয়েছেন, যে তাদেরকে তাঁর আয়াতসমূহ পাঠ করে শুনায়, তাদেরকে পরিশুদ্ধ করে এবং তাদেরকে কিতাব ও হিকমত (প্রজ্ঞা) শিক্ষা দেয়, যদিও তারা ইতঃপূর্বে সুস্পষ্ট পথভ্রষ্টতার মধ্যে ছিল-

وَّاٰخَرِيْنَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوْا بِهِمْ ۗ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ③

৩। এবং (পাঠিয়েছি) তাদের অন্যান্যদের নিকটও যারা এখনো তাদের সাথে মিলিত হয়নি। এবং তিনিই মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ۗ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ④

৪। এটি (অর্থাৎ নবুয়্যত) আল্লাহ্‌র অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা করেন তাকে তা দান করেন। এবং আল্লাহ্ মহা অনুগ্রহশীল।

مَثَلُ الَّذِيْنَ حُمِّلُوا التَّوْرٰىةَ ثُمَّ لَمْ يَحْمِلُوْهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ اَسْفَارًا ۗ بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ ۗ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ⑤

৫। যাদেরকে তাওরাতের দায়িত্বভার অর্পণ করা হয়েছিল, এরপর তারা তা বহন করেনি তাদের উপমা হল গাধার মত যা পুস্তক বহন করে। কতই না নিকৃষ্ট সে সম্প্রদায়ের উপমা যারা আল্লাহ্‌র আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে! আর আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করেন না।

قُلْ يٰٓاَيُّهَا الَّذِيْنَ هَادُوْٓا اِنْ زَعَمْتُمْ اَنَّكُمْ اَوْلِيَآءُ لِلّٰهِ مِنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ⑥

৬। বল, 'ওহে যারা ইহুদী হয়েছ! যদি তোমরা দাবী কর যে, অন্য সব মানুষকে বাদ দিয়ে তোমরাই আল্লাহ্‌র বন্ধু, তবে তোমরা মৃত্যুর আকাঙ্ক্ষা কর- যদি তোমরা সত্যবাদী হও।'

وَلَا يَتَمَنَّوْنَهٗٓ اَبَدًا ۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ۗ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ⑦

৭। কিন্তু তাদের হাত যা অগ্রে পাঠিয়েছে সে কারণে কখনো তারা তা (মৃত্যু) আকাঙ্ক্ষা করবে না। আর আল্লাহ্ জালিমদের সম্পর্কে ভাল করে জানেন।

قُلْ اِنَّ الْمَوْتَ الَّذِيْ تَفِرُّوْنَ مِنْهُ فَاِنَّهٗ مُلٰقِيْكُمْ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ⑧

ع ١٨ ١١ ١ রুকূ ١١

৮। বল, 'নিশ্চয় যে মৃত্যু থেকে তোমরা পলায়ন কর, তবে (জেনে রাখ) নিশ্চয় তা তোমাদের সাথে সাক্ষাৎ করবে, এরপর অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানীর দিকে তোমাদেরকে ফিরিয়ে নেয়া হবে এবং তোমরা যা করতে সে সম্পর্কে তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا نُوْدِيَ لِلصَّلٰوةِ مِنْ يَّوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا اِلٰى ذِكْرِ اللّٰهِ وَذَرُوا الْبَيْعَ ۗ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ⑨

৯। ওহে যারা ঈমান এনেছ! জুমু'আর দিনে যখন তোমাদেরকে সালাতের (নামাযের) জন্য ডাকা হয় তখন তোমরা আল্লাহ্‌র স্মরণের দিকে ধাবিত হও এবং ক্রয়-বিক্রয় পরিত্যাগ কর। এটি তোমাদের জন্য উত্তম- যদি তোমরা জানতে।

فَاِذَا قُضِيَتِ الصَّلٰوةُ فَانْتَشِرُوْا فِى الْاَرْضِ وَابْتَغُوْا مِنْ فَضْلِ اللّٰهِ وَاذْكُرُوا اللّٰهَ كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٠﴾

১০। অতঃপর যখন সালাত (নামায) সম্পন্ন হয়ে যায়, তখন তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড়, আল্লাহ্‌র অনুগ্রহ অণ্বেষন কর এবং আল্লাহ্‌কে বেশি বেশি স্মরণ কর, যাতে তোমরা সফল হতে পার।

وَاِذَا رَاَوْا تِجَارَةً اَوْ لَهْوَا ۨ انْفَضُّوْٓا اِلَيْهَا وَتَرَكُوْكَ قَآئِمًا ؕ قُلْ مَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ مِّنَ اللَّهْوِ وَمِنَ التِّجَارَةِ ؕ وَاللّٰهُ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿١١﴾

ع ٢ ١٢ ٢ রুকূ ১২

১১। কিন্তু যখন তারা ব্যবসা বা তামাশা দেখতে পেল তখন তারা সে দিকে বিচ্ছিন্ন হয়ে গেল এবং তোমাকে রেখে গেল দাঁড়ানো অবস্থায়।* বল, 'আল্লাহ্‌র কাছে যা আছে তা তামাশা ও ব্যবসা থেকে উত্তম। এবং আল্লাহ্ উত্তম রিযিকদাতা।'

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৬৩. সূরা আল-মুনাফিকুন, মাদানী

১১ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٣-سُوْرَةُ الْمُنٰفِقُوْنَ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। যখন মুনাফিকরা তোমার কাছে আসে তখন তারা বলে, 'আমরা সাক্ষ্য দিচ্ছি নিশ্চয় আপনি অবশ্যই আল্লাহ্‌র রাসূল।' আর আল্লাহ্ জানেন নিশ্চয় তুমি অবশ্যই তাঁর রাসূল এবং আল্লাহ্ সাক্ষ্য দিচ্ছেন, নিশ্চয় মুনাফিকরা অবশ্যই মিথ্যাবাদী।	اِذَا جَآءَكَ الْمُنٰفِقُوْنَ قَالُوْا نَشْهَدُ اِنَّكَ لَرَسُوْلُ اللّٰهِ ۘ وَاللّٰهُ يَعْلَمُ اِنَّكَ لَرَسُوْلُهٗ ؕ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّ الْمُنٰفِقِيْنَ لَكٰذِبُوْنَ ۝١
২। তারা তাদের শপথসমূহকে ঢাল হিসেবে গ্রহণ করেছে, অতঃপর আল্লাহ্‌র পথ হতে (মানুষকে) বিরত রেখেছে। নিশ্চয় তারা যা করত তা কতই না মন্দ!	اِتَّخَذُوْٓا اَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنَّهُمْ سَآءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝٢
৩। এটা এ কারণে যে, তারা ঈমান এনেছে, এরপর কুফরী করেছে, ফলে তাদের হৃদয়সমূহের উপর মোহর মেরে দেয়া হয়েছে, অতএব তারা বোঝে না।	ذٰلِكَ بِاَنَّهُمْ اٰمَنُوْا ثُمَّ كَفَرُوْا فَطُبِعَ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ۝٣
৪। এবং যখন তুমি তাদেরকে দেখ তখন তাদের দেহাকৃতি তোমাকে চমৎকৃত করে। এবং যদি তারা কথা বলে তবে তুমি তাদের কথা শুনবে। তারা যেন দেয়ালে ঠেকানো কাঠ*। তারা প্রতিটি শব্দকে তাদের বিরুদ্ধে মনে করে*। তারাই (তোমাদের) শত্রু, অতএব তাদের সম্পর্কে সতর্ক হও। আল্লাহ্ তাদেরকে ধ্বংস করুন, কিভাবে তারা বিভ্রান্ত হচ্ছে?	وَاِذَا رَاَيْتَهُمْ تُعْجِبُكَ اَجْسَامُهُمْ ؕ وَاِنْ يَّقُوْلُوْا تَسْمَعْ لِقَوْلِهِمْ ؕ كَاَنَّهُمْ خُشُبٌ مُّسَنَّدَةٌ ؕ يَحْسَبُوْنَ كُلَّ صَيْحَةٍ عَلَيْهِمْ ؕ هُمُ الْعَدُوُّ فَاحْذَرْهُمْ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۚ اَنّٰى يُؤْفَكُوْنَ ۝٤
৫। এবং যখন তাদেরকে বলা হয়, 'তোমরা এসো, আল্লাহ্‌র রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন' তখন তারা মাথা ঝাঁকুনি দেয় এবং তুমি তাদেরকে দেখতে পাও তারা অহংকার করে মুখ ফিরিয়ে নেয়।	وَاِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا يَسْتَغْفِرْ لَكُمْ رَسُوْلُ اللّٰهِ لَوَّوْا رُءُوْسَهُمْ وَرَاَيْتَهُمْ يَصُدُّوْنَ وَهُمْ مُّسْتَكْبِرُوْنَ ۝٥
৬। তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর অথবা না কর (উভয়ই) তাদের জন্য সমান। আল্লাহ্ তাদেরকে কখনো ক্ষমা করবেন না। নিশ্চয় আল্লাহ্ পাপাচারী সম্প্রদায়কে সঠিকপথ প্রদর্শন করেন না।	سَوَآءٌ عَلَيْهِمْ اَسْتَغْفَرْتَ لَهُمْ اَمْ لَمْ تَسْتَغْفِرْ لَهُمْ ؕ لَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ۝٦
৭। এরাই তারা যারা বলে, 'তোমরা তাদের জন্য ব্যয় করো না যারা আল্লাহ্‌র রাসূলের কাছে রয়েছে যতক্ষণ না তারা (রাসূল থেকে) বিচ্ছিন্ন হয়ে যায়। অথচ আকাশসমূহ ও পৃথিবীর ধন-ভাণ্ডার আল্লাহ্‌রই, কিন্তু মুনাফিকরা বোঝে না।	هُمُ الَّذِيْنَ يَقُوْلُوْنَ لَا تُنْفِقُوْا عَلٰى مَنْ عِنْدَ رَسُوْلِ اللّٰهِ حَتّٰى يَنْفَضُّوْا ؕ وَلِلّٰهِ خَزَآئِنُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ لَا يَفْقَهُوْنَ ۝٧
৮। তারা বলে, 'যদি আমরা মদীনায় প্রত্যাবর্তন করি তাহলে সেখান থেকে অধিক সম্মানিত ব্যক্তি অধিক হীন ব্যক্তিকে অবশ্যই বের করে দিবে।'* অথচ সম্মান আল্লাহ্‌র জন্য, তাঁর রাসূলের জন্য ও মু'মিনদের জন্য, কিন্তু মুনাফিকরা জানে না।	يَقُوْلُوْنَ لَئِنْ رَّجَعْنَآ اِلَى الْمَدِيْنَةِ لَيُخْرِجَنَّ الْاَعَزُّ مِنْهَا الْاَذَلَّ ؕ وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ لَا يَعْلَمُوْنَ ۝٨

১ ৪ ১২ ১ রুকূ ১৩

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُلْهِكُمْ اَمْوَالُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ۝٩

৯। ওহে যারা ঈমান এনেছ! তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহ্‌র স্মরণ থেকে ভুলিয়ে না রাখে, আর যারা এমন করবে তারাই ক্ষতিগ্রস্ত।

وَاَنْفِقُوْا مِنْ مَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ اَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُوْلَ رَبِّ لَوْلَآ اَخَّرْتَنِيْٓ اِلٰٓى اَجَلٍ قَرِيْبٍ ۙ فَاَصَّدَّقَ وَاَكُنْ مِّنَ الصّٰلِحِيْنَ ۝١٠

১০। এবং আমি তোমাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে (আল্লাহ্‌র পথে) ব্যয় কর এর পূর্বে যে, তোমাদের কারো নিকট মৃত্যু আসবে এবং সে বলবে, 'হে আমার প্রতিপালক! যদি আমাকে একটি নিকটবর্তী সময় পর্যন্ত অবকাশ দিতেন, তবে আমি সদকা করতাম এবং সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত হতাম।'

وَلَنْ يُّؤَخِّرَ اللّٰهُ نَفْسًا اِذَا جَآءَ اَجَلُهَا ۚ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ۝١١

১১। কিন্তু আল্লাহ্ কখনো কাউকে অবকাশ দিবেন না যখন তার নির্দিষ্ট সময় (মৃত্যু) আসবে। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্ পূর্ণ অবগত।

৬৪. সূরা আত-তাগাবুন, মাদানী

১৮ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٤-سُوْرَةُ التَّغَابُنِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٨، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يُسَبِّحُ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۚ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ①

১। আকাশসমূহে যা কিছু আছে ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করে, রাজত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁরই জন্য, এবং তিনিই সবকিছুর উপর সর্বশক্তিমান।

هُوَ الَّذِيْ خَلَقَكُمْ فَمِنْكُمْ كَافِرٌ وَّمِنْكُمْ مُّؤْمِنٌ ۚ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ②

২। তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদের মধ্যে কেউ কাফির আবার তোমাদের মধ্যে কেউ মু'মিন। এবং তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্‌ পূর্ণদৃষ্টিবান।

خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَصَوَّرَكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ ۚ وَاِلَيْهِ الْمَصِيْرُ ③

৩। তিনি আকাশসমূহ ও পৃথিবী সত্যসহ (সঠিক লক্ষ্যে) সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে আকৃতি দান করেছেন এবং তোমাদের আকৃতিকে সুন্দর করেছেন, এবং গন্তব্যস্থল তাঁরই দিকে।

يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُسِرُّوْنَ وَمَا تُعْلِنُوْنَ ۚ وَاللّٰهُ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ④

৪। আকাশসমূহ ও পৃথিবীতে যা কিছু আছে সবই তিনি জানেন এবং তিনি জানেন যা তোমরা গোপন কর ও যা তোমরা প্রকাশ কর। এবং বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে আল্লাহ্‌ ভালভাবে জানেন।

اَلَمْ يَاْتِكُمْ نَبَؤُا الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ۖ فَذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ⑤

৫। তোমাদের কাছে কি তাদের সংবাদ আসেনি যারা ইতঃপূর্বে কুফরী করেছিল? ফলে তারা তাদের কৃতকর্মের মন্দফল ভোগ করেছিল এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

ذٰلِكَ بِاَنَّهٗ كَانَتْ تَّاْتِيْهِمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالُوْٓا اَبَشَرٌ يَّهْدُوْنَنَا ۖ فَكَفَرُوْا وَتَوَلَّوْا وَّاسْتَغْنَى اللّٰهُ ۚ وَاللّٰهُ غَنِيٌّ حَمِيْدٌ ⑥

৬। এটা এ কারণে যে, তাদের কাছে তাদের রাসূলরা স্পষ্ট প্রমাণাদিসহ আসত কিন্তু তারা বলত, 'মানুষই কি আমাদেরকে সঠিক পথ প্রদর্শন করবে?' এবং তারা কুফরী করল ও মুখ ফিরিয়ে নিল, আর আল্লাহ্‌ স্বয়ংসম্পূর্ণ (প্রয়োজনমুক্ত) হলেন। এবং আল্লাহ্‌ অমুখাপেক্ষী ও অতিপ্রশংসনীয়।

زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنْ لَّنْ يُّبْعَثُوْا ۚ قُلْ بَلٰى وَرَبِّيْ لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ ۚ وَذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ⑦

৭। যারা কুফরী করেছে তারা ধারণা করেছে যে, তাদেরকে কখনো পুনরুত্থিত করা হবে না। বল, 'হ্যাঁ অবশ্যই, আমার প্রতিপালকের কসম, তোমাদেরকে অবশ্যই অবশ্যই পুনরুত্থিত করা হবে, এরপর তোমরা যা করেছে সে সম্পর্কে তোমাদেরকে অবশ্যই অবশ্যই জানিয়ে দেয়া হবে।' এবং এটি আল্লাহ্‌র জন্য সহজ।

فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَالنُّوْرِ الَّذِيْٓ اَنْزَلْنَا ۚ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ⑧

৮। অতএব তোমরা আল্লাহ্‌, তাঁর রাসূল ও যে আলো (কুরআন)* আমি অবতীর্ণ করেছি তাতে ঈমান আন। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ্‌ পূর্ণ অবগত।

يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ۖ ذٰلِكَ يَوْمُ التَّغَابُنِ ۚ وَمَنْ يُّؤْمِنْ بِاللّٰهِ وَيَعْمَلْ صَالِحًا يُّكَفِّرْ عَنْهُ سَيِّاٰتِهٖ وَيُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۚ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ⑨

৯। যে দিন তিনি তোমাদেরকে একত্রিত করবেন- একত্রিত হওয়ার দিনের জন্য, এটি হবে হার-জিতের দিন। এবং যে আল্লাহ্‌র প্রতি ঈমান আনে ও সৎকাজ করে তিনি তার পাপসমূহ মোচন করবেন এবং তাকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। এটিই মহাসাফল্য।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ خٰلِدِيْنَ فِيْهَا ۭ وَبِئْسَ الْمَصِيْرُ ۝١٠

১০। কিন্তু যারা কুফরী করেছে এবং আমার আয়াতসমূহকে মিথ্যা অভিহিত করেছে তারাই আগুনের অধিবাসী, সেখানে তারা স্থায়ী হবে। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

ع ١ ١٥ ١ রুকূ ১৫

مَآ اَصَابَ مِنْ مُّصِيْبَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۭ وَمَنْ يُّؤْمِنْۢ بِاللّٰهِ يَهْدِ قَلْبَهٗ ۭ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝١١

১১। আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া কোন বিপদই আপতিত হয় না। এবং যে আল্লাহ্‌র প্রতি ঈমান আনে তার হৃদয়কে তিনি সঠিকপথ প্রদর্শন করেন। আর আল্লাহ্ সবকিছু সম্পর্কে ভালভাবে জানেন।

وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاِنَّمَا عَلٰي رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝١٢

১২। এবং তোমরা আল্লাহ্‌র আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর, কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমার রাসূলের দায়িত্ব কেবল সুস্পষ্টভাবে পৌঁছে দেয়া।

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۭ وَعَلَي اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ۝١٣

১৩। আল্লাহ্, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই। এবং আল্লাহ্‌র উপরই মু'মিনরা যেন ভরসা করে।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ مِنْ اَزْوَاجِكُمْ وَاَوْلَادِكُمْ عَدُوًّا لَّكُمْ فَاحْذَرُوْهُمْ ۚ وَاِنْ تَعْفُوْا وَتَصْفَحُوْا وَتَغْفِرُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝١٤

১৪। ওহে যারা ঈমান এনেছ! নিশ্চয় তোমাদের স্ত্রী ও সন্তান-সন্ততিদের মধ্যে কেউ কেউ তোমাদের শত্রু, অতএব তাদের সম্পর্কে তোমরা সতর্ক থাক, আর যদি তোমরা (তাদেরকে) মার্জনা কর, উপেক্ষা কর ও ক্ষমা কর, তবে নিশ্চয় আল্লাহ্ অতিক্ষমাশীল ও পরম দয়ালু।

اِنَّمَآ اَمْوَالُكُمْ وَاَوْلَادُكُمْ فِتْنَةٌ ۭ وَاللّٰهُ عِنْدَهٗٓ اَجْرٌ عَظِيْمٌ ۝١٥

১৫। তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি (তোমাদের জন্য) পরীক্ষা মাত্র।* আর আল্লাহ্‌রই নিকট রয়েছে মহাপ্রতিদান।

فَاتَّقُوا اللّٰهَ مَا اسْتَطَعْتُمْ وَاسْمَعُوْا وَاَطِيْعُوْا وَاَنْفِقُوْا خَيْرًا لِّاَنْفُسِكُمْ ۭ وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝١٦

১৬। সুতরাং তোমরা আল্লাহ্‌কে যথাসাধ্য ভয় কর, শ্রবণ কর, আনুগত্য কর এবং তোমাদের নিজেদের কল্যাণের জন্য (আল্লাহ্‌র পথে) ব্যয় কর। এবং যারা অন্তরের কার্পণ্য থেকে মুক্ত, তারাই সফল।

اِنْ تُقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا يُّضٰعِفْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ۭ وَاللّٰهُ شَكُوْرٌ حَلِيْمٌ ۝١٧

১৭। যদি তোমরা আল্লাহ্‌কে কর্জ দাও- কর্জে হাসানা, তিনি তোমাদের জন্য তা বহু গুণ (বৃদ্ধি) করবেন এবং তিনি তোমাদেরকে ক্ষমা করবেন। এবং আল্লাহ্ পরম প্রতিদানদাতা ও পরম সহনশীল-

ع ٢ ١٢ ٢ রুকূ ১৬

عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝١٨

১৮। অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী, মহাপ্রতাপশালী ও মহাপ্রজ্ঞাবান।

৬৫. সূরা আত-তালাক, মাদানী

১২ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٥-سُوْرَةُ الطَّلَاقِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٢، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا النَّبِيُّ اِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَطَلِّقُوْهُنَّ لِعِدَّتِهِنَّ وَاَحْصُوا الْعِدَّةَ ۚ وَاتَّقُوا اللّٰهَ رَبَّكُمْ ۚ لَا تُخْرِجُوْهُنَّ مِنْۢ بُيُوْتِهِنَّ وَلَا يَخْرُجْنَ اِلَّآ اَنْ يَّاْتِيْنَ بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ ۚ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ ۚ وَمَنْ يَّتَعَدَّ حُدُوْدَ اللّٰهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ۚ لَا تَدْرِيْ لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا ①

১। হে নবী! যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দাও, তখন তাদেরকে তালাক দাও তাদের ইদ্দতের জন্য* এবং তোমরা ইদ্দতের সংখ্যা গণনা কর, এবং তোমাদের প্রতিপালক আল্লাহ্‌কে ভয় কর, স্পষ্ট অশ্লীলতায় লিপ্ত না হলে তোমরা তাদেরকে তাদের ঘরসমূহ থেকে বের করে দিও না এবং তারাও যেন বের না হয়।* এবং এগুলো আল্লাহ্‌র (নির্ধারিত) সীমা। আর যে আল্লাহ্‌র সীমাসমূহ লঙ্ঘন করে সে নিজের উপরই জুলুম করে। তুমি জান না, হয়ত আল্লাহ্ এরপর (সমঝোতার) কোন উপায় বের করে দিবেন।

فَاِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَاَمْسِكُوْهُنَّ بِمَعْرُوْفٍ اَوْ فَارِقُوْهُنَّ بِمَعْرُوْفٍ وَّاَشْهِدُوْا ذَوَيْ عَدْلٍ مِّنْكُمْ وَاَقِيْمُوا الشَّهَادَةَ لِلّٰهِ ۚ ذٰلِكُمْ يُوْعَظُ بِهٖ مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۚ وَمَنْ يَّتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَّهٗ مَخْرَجًا ②

২। অতঃপর যখন তারা তাদের নির্দিষ্ট সময়ে পৌঁছে (অর্থাৎ ইদ্দত পর্যন্ত), তখন তোমরা (হয়) তাদেরকে সুন্দরভাবে রেখে দিবে, অথবা তাদেরকে সুন্দরভাবে পৃথক করে দিবে* এবং তোমাদের মধ্য থেকে দু'জন ন্যায়পরায়ণ লোককে সাক্ষী রাখবে এবং তোমরা আল্লাহ্‌র জন্য সঠিক সাক্ষ্য দিবে। এর দ্বারা তাকে উপদেশ দেয়া হচ্ছে, যে তোমাদের মধ্যে আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনে। এবং যে আল্লাহ্‌কে ভয় করে তিনি তার জন্য বের হওয়ার পথ করে দেন-

وَّيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ وَمَنْ يَّتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهٗ ۚ اِنَّ اللّٰهَ بَالِغُ اَمْرِهٖ ۚ قَدْ جَعَلَ اللّٰهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا ③

৩। এবং তাকে এমন দিক থেকে রিযিক দান করেন যা সে ধারণাও করে না। এবং যে আল্লাহ্‌র উপর ভরসা করে তার জন্য তিনিই যথেষ্ট। নিশ্চয় আল্লাহ্ তাঁর কাজ পূর্ণ করেন। অবশ্যই আল্লাহ্ সবকিছুর জন্য একটি নির্দিষ্ট পরিমাণ নির্ধারণ করেছেন।

وَالّٰٓـِٔيْ يَئِسْنَ مِنَ الْمَحِيْضِ مِنْ نِّسَآئِكُمْ اِنِ ارْتَبْتُمْ فَعِدَّتُهُنَّ ثَلٰثَةُ اَشْهُرٍ ۙ وَّالّٰٓـِٔيْ لَمْ يَحِضْنَ ۚ وَاُولَاتُ الْاَحْمَالِ اَجَلُهُنَّ اَنْ يَّضَعْنَ حَمْلَهُنَّ ۚ وَمَنْ يَّتَّقِ اللّٰهَ يَجْعَلْ لَّهٗ مِنْ اَمْرِهٖ يُسْرًا ④

৪। এবং তোমাদের স্ত্রীদের মধ্য থেকে যারা মাসিক (রক্তস্রাব) থেকে হতাশ হয়েছে তাদের ইদ্দত সম্পর্কে তোমরা সন্দেহ করলে তাদের ইদ্দত হবে তিন মাস এবং যাদের এখনও মাসিক (রক্তস্রাব) হয়নি তাদেরও। আর গর্ভবতী নারীদের ইদ্দত সন্তান প্রসব পর্যন্ত। এবং যে আল্লাহ্‌কে ভয় করে আল্লাহ্ তার কাজ সহজ করে দেন।

ذٰلِكَ اَمْرُ اللّٰهِ اَنْزَلَهٗٓ اِلَيْكُمْ ۚ وَمَنْ يَّتَّقِ اللّٰهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّاٰتِهٖ وَيُعْظِمْ لَهٗٓ اَجْرًا ⑤

৫। এটি আল্লাহ্‌র নির্দেশ, তা তিনি তোমাদের প্রতি অবতীর্ণ করেছেন। এবং যে আল্লাহ্‌কে ভয় করে তিনি তার পাপসমূহ মোচন করেন এবং তাকে মহাপ্রতিদান দেন।

اَسْكِنُوْهُنَّ مِنْ حَيْثُ سَكَنْتُمْ مِّنْ وُّجْدِكُمْ وَلَا تُضَآرُّوْهُنَّ لِتُضَيِّقُوْا عَلَيْهِنَّ ۚ وَاِنْ كُنَّ اُولَاتِ حَمْلٍ فَاَنْفِقُوْا عَلَيْهِنَّ حَتّٰى يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ فَاِنْ اَرْضَعْنَ لَكُمْ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ ۚ وَاْتَمِرُوْا بَيْنَكُمْ بِمَعْرُوْفٍ ۚ وَاِنْ تَعَاسَرْتُمْ فَسَتُرْضِعُ لَهٗٓ اُخْرٰى ⑥

৬। তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী যেমন ঘরে বাস কর তাদেরকেও তেমন ঘরে বাস করতে দিবে এবং তাদেরকে সঙ্কটে ফেলার জন্য উত্যক্ত করবে না। এবং তারা গর্ভবতী হয়ে থাকলে সন্তান প্রসব পর্যন্ত তাদের জন্য ব্যয় করবে, অতঃপর যদি তারা তোমাদের (সন্তানদের) জন্য দুধ পান করায়, তবে তাদেরকে তাদের পারিশ্রমিক দিবে, এবং (সন্তানের কল্যাণ সম্পর্কে) সুন্দরভাবে নিজেদের মধ্যে পরামর্শ করবে, আর যদি তোমরা জটিলতায় পর, তবে তার পক্ষে (অর্থাৎ স্বামীর পক্ষে) অন্য কেউ (সন্তানকে) দুধ পান করাবে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

لِيُنْفِقْ ذُوْ سَعَةٍ مِّنْ سَعَتِهٖ ۚ وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهٗ فَلْيُنْفِقْ مِمَّآ اٰتٰىهُ اللّٰهُ ۚ لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا مَآ اٰتٰىهَا ۚ سَيَجْعَلُ اللّٰهُ بَعْدَ عُسْرٍ يُّسْرًا ۝٧

৭। বিত্তবান ব্যাক্তি যেন তার সামর্থ্য অনুযায়ী ব্যয় করে। এবং যার উপর তার রিযিক সীমিত করা হয়েছে সে যেন আল্লাহ্ যা তাকে দিয়েছেন তা থেকে ব্যয় করে। আল্লাহ্ কাউকে (কিছু) চাপিয়ে দেন না তাছাড়া যা তিনি তাকে দিয়েছেন। শীঘ্রই আল্লাহ্ কষ্টের পর স্বস্তি দান করবেন।

১ রুকূ ১৭ ১৯

وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ عَتَتْ عَنْ اَمْرِ رَبِّهَا وَرُسُلِهٖ فَحَاسَبْنٰهَا حِسَابًا شَدِيْدًا ۙ وَّعَذَّبْنٰهَا عَذَابًا نُّكْرًا ۝٨

৮। আর কত জনপদই তার প্রতিপালক ও তাঁর রাসূলদের নির্দেশের অবাধ্য হয়েছিল! ফলে আমি তার (জনপদের) কঠোর হিসাব নিয়েছিলাম এবং তাকে (জনপদকে) নিকৃষ্ট শাস্তি দিয়েছিলাম ।

فَذَاقَتْ وَبَالَ اَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ اَمْرِهَا خُسْرًا ۝٩

৯। অতঃপর তা (জনপদ) তার কৃতকর্মের মন্দফল ভোগ করল এবং তার (জনপদের) কাজের পরিণাম ছিল (শুধুই) ক্ষতি।

اَعَدَّ اللّٰهُ لَهُمْ عَذَابًا شَدِيْدًا ۙ فَاتَّقُوا اللّٰهَ يٰٓاُولِى الْاَلْبَابِ ۚ الَّذِيْنَ اٰمَنُوْا ۛ قَدْ اَنْزَلَ اللّٰهُ اِلَيْكُمْ ذِكْرًا ۝١٠

১০। আল্লাহ্ তাদের জন্য প্রস্তুত করেছেন কঠিন শাস্তি, অতএব তোমরা আল্লাহ্কে ভয় কর, হে বুদ্ধিমানরা-যারা ঈমান এনেছ! অবশ্যই আল্লাহ্ তোমাদের প্রতি অবতীর্ণ করেছেন এক যিকির (কুরআন)-

رَّسُوْلًا يَّتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِ اللّٰهِ مُبَيِّنٰتٍ لِّيُخْرِجَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۭ وَمَنْ يُّؤْمِنْۢ بِاللّٰهِ وَيَعْمَلْ صَالِحًا يُّدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۭ قَدْ اَحْسَنَ اللّٰهُ لَهٗ رِزْقًا ۝١١

১১। (এবং প্রেরণ করেছেন) একজন রাসূল, যে তোমাদেরকে আল্লাহ্র সুস্পষ্টকারী আয়াতসমূহ পাঠ করে শুনায় যেন যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদেরকে বের করতে পারে অন্ধকার থেকে আলোর দিকে। এবং যে আল্লাহ্র প্রতি ঈমান আনে ও সৎকাজ করে তাকে তিনি প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে, যখন আল্লাহ্ তার জন্য উত্তম রিযিকের ব্যবস্থা করেছেন।

اَللّٰهُ الَّذِيْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ ۭ يَتَنَزَّلُ الْاَمْرُ بَيْنَهُنَّ لِتَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۙ وَّاَنَّ اللّٰهَ قَدْ اَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا ۝١٢

১২। তিনিই আল্লাহ্ যিনি সৃষ্টি করেছেন সাত আকাশ এবং সেগুলোর অনুরূপ (সংখ্যক) যমীনও। সেগুলোর মাঝেও তাঁর নির্দেশ অবতীর্ণ হয়, যাতে তোমরা বুঝতে পার যে, আল্লাহ্ সবকিছুর উপর সর্বশক্তিমান, এবং এও যে, আল্লাহ্ জ্ঞান দ্বারা সবকিছুকে পরিবেষ্টন করে আছেন।

২ রুকূ ১৮ ১৯

৬৬. সূরা আত-তাহরীম, মাদানী

১২ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٦-سُوْرَةُ التَّحْرِيْمِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-١٢، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। হে নবী! আল্লাহ্ তোমার জন্য যা হালাল করেছেন তা তুমি তোমার স্ত্রীদের সন্তুষ্টি কামনায় (কসম খেয়ে) হারাম করছ কেন? আর আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

يٰٓاَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ مَآ اَحَلَّ اللّٰهُ لَكَ ۚ تَبْتَغِيْ مَرْضَاتَ اَزْوَاجِكَ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝١

২। আল্লাহ্ ইতোমধ্যেই তোমাদের জন্য তোমাদের কসম অবসানের বিধান দিয়েছেন, আর আল্লাহ্ তোমাদের প্রভু (রক্ষক), এবং তিনিই সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাবান।

قَدْ فَرَضَ اللّٰهُ لَكُمْ تَحِلَّةَ اَيْمَانِكُمْ ۚ وَاللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ۝٢

৩। এবং যখন নবী তার স্ত্রীদের কোন একজনকে গোপনে একটি কথা বলল, অতঃপর যখন সে তা (অন্যকে) বলে দিল এবং আল্লাহ্ তার (নবীর) নিকট তা প্রকাশ করলেন তখন সে (নবী) তার কিছু ব্যক্ত করল এবং কিছু এড়িয়ে গেল, এবং যখন সে (নবী) তা তাকে (সেই স্ত্রীকে) জানাল তখন সে বলল, 'কে আপনাকে এটা জানাল?' সে (নবী) বলল, 'আমাকে তিনি জানিয়েছেন যিনি সর্বজ্ঞানী ও সর্বজ্ঞ।'

وَاِذْ اَسَرَّ النَّبِيُّ اِلٰى بَعْضِ اَزْوَاجِهٖ حَدِيْثًا ۚ فَلَمَّا نَبَّاَتْ بِهٖ وَاَظْهَرَهُ اللّٰهُ عَلَيْهِ عَرَّفَ بَعْضَهٗ وَاَعْرَضَ عَنْۢ بَعْضٍ ۚ فَلَمَّا نَبَّاَهَا بِهٖ قَالَتْ مَنْ اَنْۢبَاَكَ هٰذَا ؕ قَالَ نَبَّاَنِيَ الْعَلِيْمُ الْخَبِيْرُ ۝٣

৪। যদি তোমরা উভয়ে আল্লাহ্‌র দিকে অনুতপ্ত হয়ে ফিরে আস (তবে ভাল), কারণ অবশ্যই তোমাদের হৃদয় (বাঁকা পথের দিকে) ঝুঁকে পড়েছে, আর যদি তোমরা তার (অর্থাৎ নবীর) বিরুদ্ধে একে অপরকে সাহায্য কর, তবে নিশ্চয় আল্লাহ্ তার প্রভু (রক্ষক) এবং জিবরাঈল, সৎকর্মশীল মু'মিনরা, এবং তদুপরি ফেরেশতারাও তার সাহায্যকারী।

اِنْ تَتُوْبَآ اِلَى اللّٰهِ فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا ۚ وَاِنْ تَظٰهَرَا عَلَيْهِ فَاِنَّ اللّٰهَ هُوَ مَوْلٰىهُ وَجِبْرِيْلُ وَصَالِحُ الْمُؤْمِنِيْنَ ۚ وَالْمَلٰٓئِكَةُ بَعْدَ ذٰلِكَ ظَهِيْرٌ ۝٤

৫। যদি সে (নবী) তোমাদেরকে তালাক দেয় তাহলে শীঘ্রই তার প্রতিপালক তাকে তোমাদের পরিবর্তে তোমাদের চেয়ে উত্তম স্ত্রী দিবেন- যারা হবে মুসলিমা, মু'মিনা, অনুগতা, তওবাকারিনী, ইবাদতকারিনী, (আল্লাহ্‌র পথে) ভ্রমণকারিনী, অকুমারী ও কুমারী।

عَسٰى رَبُّهٗٓ اِنْ طَلَّقَكُنَّ اَنْ يُّبْدِلَهٗٓ اَزْوَاجًا خَيْرًا مِّنْكُنَّ مُسْلِمٰتٍ مُّؤْمِنٰتٍ قٰنِتٰتٍ تٰٓئِبٰتٍ عٰبِدٰتٍ سٰٓئِحٰتٍ ثَيِّبٰتٍ وَّاَبْكَارًا ۝٥

৬। ওহে যারা ঈমান এনেছ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে (জাহান্নামের) আগুন থেকে বাঁচাও,* যার ইন্ধন মানুষ ও পাথর, যার উপর (দায়িত্বে) রয়েছে নির্দয় ও কঠোর ফেরেশতারা, যারা আল্লাহ্‌র নির্দেশ অমান্য করে না এবং তারা তা-ই করে যা করতে তাদেরকে নির্দেশ দেয়া হয়।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قُوْٓا اَنْفُسَكُمْ وَاَهْلِيْكُمْ نَارًا وَّقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ عَلَيْهَا مَلٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعْصُوْنَ اللّٰهَ مَآ اَمَرَهُمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ ۝٦

৭। হে কাফিররা! আজ তোমরা অজুহাত পেশ করো না। তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হবে যা তোমরা করতে।

ع ١ ١٩ ١ রুকূ ১৯

يٰٓاَيُّهَا الَّذِيْنَ كَفَرُوْا لَا تَعْتَذِرُوا الْيَوْمَ ؕ اِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٧

৮। ওহে যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহ্‌র নিকট তওবা কর- খাঁটি তওবা। শীঘ্রই তোমাদের প্রতিপালক তোমাদের থেকে তোমাদের পাপসমূহ মোচন করে দিবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন জান্নাতসমূহে, যেগুলোর নিচে নহরসমূহ প্রবাহিত, যেদিন আল্লাহ্ নবীকে এবং তার সাথে যারা ঈমান এনেছিল তাদেরকে অপমানিত করবেন না। তাদের আলো তাদের সামনে ও ডানে দৌড়াতে থাকবে। তারা বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের জন্য আমাদের আলোকে পূর্ণ করুন এবং আমাদেরকে ক্ষমা করুন, নিশ্চয় আপনি সবকিছুর উপর সর্বশক্তিমান।'

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا تُوْبُوْٓا اِلَى اللّٰهِ تَوْبَةً نَّصُوْحًا ؕ عَسٰى رَبُّكُمْ اَنْ يُّكَفِّرَ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَيُدْخِلَكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ يَوْمَ لَا يُخْزِي اللّٰهُ النَّبِيَّ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ ۚ نُوْرُهُمْ يَسْعٰى بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَتْمِمْ لَنَا نُوْرَنَا وَاغْفِرْ لَنَا ۚ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝٨

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

يٰٓاَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ؕ وَ
مَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ۝

৯। হে নবী! কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং তাদের উপর কঠোর হও। এবং তাদের আশ্রয়স্থল জাহান্নাম। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

ضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ كَفَرُوا امْرَاَتَ نُوْحٍ وَّامْرَاَتَ لُوْطٍ ؕ كَانَتَا
تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا صَالِحَيْنِ فَخَانَتٰهُمَا فَلَمْ يُغْنِيَا
عَنْهُمَا مِنَ اللّٰهِ شَيْـًٔا وَّقِيْلَ ادْخُلَا النَّارَ مَعَ الدّٰخِلِيْنَ ۝

১০। যারা কুফরী করেছে তাদের জন্য আল্লাহ্ নূহের স্ত্রী ও লূতের স্ত্রীর দৃষ্টান্ত দিচ্ছেন। তারা দু'জনে ছিল আমার বান্দাদের মধ্যে দুই সৎকর্মশীল বান্দার অধীনে, কিন্তু তারা তাদের খেয়ানত করেছিল, ফলে তারা দু'জন তাদেরকে (স্ত্রীদেরকে) আল্লাহ্র (শাস্তি) থেকে রক্ষা করতে পারেনি এবং (তাদেরকে) বলা হল, 'তোমরা দু'জন প্রবেশকারীদের সাথে আগুনে প্রবেশ কর।'

وَضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ اٰمَنُوا امْرَاَتَ فِرْعَوْنَ ۘ اِذْ قَالَتْ
رَبِّ ابْنِ لِيْ عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِيْ مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهٖ
وَنَجِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝

১১। আর যারা ঈমান এনেছে তাদের জন্য আল্লাহ্ ফিরআউনের স্ত্রীর দৃষ্টান্ত দিচ্ছেন। যখন সে বলেছিল, 'হে আমার প্রতিপালক! আপনার নিকট জান্নাতে আমার জন্য একটি ঘর নির্মাণ করুন এবং ফিরআউন ও তার (মন্দ) কর্ম থেকে আমাকে উদ্ধার করুন এবং আমাকে উদ্ধার করুন জালিম সম্প্রদায় থেকে'-

وَمَرْيَمَ ابْنَتَ عِمْرٰنَ الَّتِيْٓ اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهِ مِنْ
رُّوْحِنَا وَصَدَّقَتْ بِكَلِمٰتِ رَبِّهَا وَكُتُبِهٖ وَكَانَتْ مِنَ الْقٰنِتِيْنَ ۝

১২। এবং (আরো উপমা দিচ্ছেন) ইমরানের কন্যা মারইয়ামের, যে তার লজ্জাস্থান সুরক্ষিত রেখেছিল, ফলে আমি তার মধ্যে আমার রূহ্ থেকে ফুঁকে দিয়েছিলাম এবং সে তার প্রতিপালকের বাণীসমূহ ও তাঁর কিতাবসমূহের সত্যতার স্বীকৃতি দিয়েছিল এবং সে ছিল (তার প্রতিপালকের প্রতি) অনুগতদের অন্তর্ভুক্ত।

৬৭. সূরা আল-মুলক, মাক্কী
৩০ আয়াত, ২ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٦٧-سُوْرَةُ الْمُلْكِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٣٠، رُكُوْعَاتُهَا-٢
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পারা-২৯

تَبٰرَكَ الَّذِىْ بِيَدِهِ الْمُلْكُ ۖ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرُ ۙ ①

১। বরকতময় তিনি, যার হাতে রাজত্ব এবং তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান-

الَّذِىْ خَلَقَ الْمَوْتَ وَالْحَيٰوةَ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ۚ وَهُوَ الْعَزِيْزُ الْغَفُوْرُ ۙ ②

২। যিনি সৃষ্টি করেছেন মৃত্যু ও জীবন, তোমাদেরকে পরীক্ষা করার জন্য তোমাদের মধ্যে কে কর্মে উত্তম? এবং তিনিই মহা প্রতাপশালী ও অতি ক্ষমাশীল-

الَّذِىْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا ۭ مَا تَرٰى فِىْ خَلْقِ الرَّحْمٰنِ مِنْ تَفٰوُتٍ ۭ فَارْجِعِ الْبَصَرَ ۙ هَلْ تَرٰى مِنْ فُطُوْرٍ ③

৩। যিনি সাত আকাশ সৃষ্টি করেছেন স্তরে স্তরে। দয়াময়ের সৃষ্টিতে তুমি কোন অসঙ্গতি দেখতে পাবে না। অতএব তুমি (আকাশের দিকে) তাকিয়ে দেখ, কোন ভাঙ্গন দেখতে পাও কি?

ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ اِلَيْكَ الْبَصَرُ خَاسِئًا وَّهُوَ حَسِيْرٌ ④

৪। এরপর তুমি বারবার দৃষ্টি ফিরাও, সেই দৃষ্টি নত ও ক্লান্ত হয়ে তোমার দিকে ফিরে আসবে।

وَلَقَدْ زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ وَجَعَلْنٰهَا رُجُوْمًا لِّلشَّيٰطِيْنِ وَاَعْتَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيْرِ ⑤

৫। এবং অবশ্যই আমি দুনিয়ার আকাশকে সুসজ্জিত করেছি প্রদীপমালা দ্বারা এবং সেগুলোকে করেছি শয়তানদের প্রতি নিক্ষেপের উপকরণ এবং তাদের জন্য প্রস্তুত করেছি জ্বলন্ত আগুনের শাস্তি।

وَلِلَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ عَذَابُ جَهَنَّمَ ۭ وَبِئْسَ الْمَصِيْرُ ⑥

৬। এবং যারা তাদের প্রতিপালককে অবিশ্বাস করেছে তাদের জন্য রয়েছে জাহান্নামের শাস্তি। আর কতই না নিকৃষ্ট সেই গন্তব্যস্থল!

اِذَآ اُلْقُوْا فِيْهَا سَمِعُوْا لَهَا شَهِيْقًا وَّهِىَ تَفُوْرُ ۙ ⑦

৭। যখন তাদেরকে এতে নিক্ষেপ করা হবে তখন তারা এর প্রশ্বাস (ধ্বনি) শুনতে পাবে, যখন তা উথলাতে থাকবে-

تَكَادُ تَمَيَّزُ مِنَ الْغَيْظِ ۭ كُلَّمَآ اُلْقِىَ فِيْهَا فَوْجٌ سَاَلَهُمْ خَزَنَتُهَآ اَلَمْ يَاْتِكُمْ نَذِيْرٌ ⑧

৮। ক্রোধে তা (জাহান্নাম) ফেটে পড়ার উপক্রম হবে। যখনই তাতে কোন দলকে নিক্ষেপ করা হবে তখন তাদেরকে তার রক্ষীরা জিজ্ঞাসা করবে, 'তোমাদের নিকট কি কোন সতর্ককারী আসেনি?'

قَالُوْا بَلٰى قَدْ جَآءَنَا نَذِيْرٌ ۙ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللّٰهُ مِنْ شَىْءٍ ۖ اِنْ اَنْتُمْ اِلَّا فِىْ ضَلٰلٍ كَبِيْرٍ ⑨

৯। তারা বলবে, 'হ্যাঁ অবশ্যই, আমাদের নিকট সতর্ককারী এসেছিল, কিন্তু আমরা (তাদেরকে) মিথ্যাবাদী বলেছিলাম এবং বলেছিলাম, 'আল্লাহ্ কিছুই অবতীর্ণ করেননি, তোমরা কেবল বড় ধরনের পথভ্রষ্টতায় রয়েছ।'

وَقَالُوْا لَوْ كُنَّا نَسْمَعُ اَوْ نَعْقِلُ مَا كُنَّا فِىْٓ اَصْحٰبِ السَّعِيْرِ ⑩

১০। এবং তারা বলবে, 'যদি আমরা শুনতাম অথবা অনুধাবন করতাম তাহলে আমরা জ্বলন্ত আগুনের অধিবাসীদের অন্তর্ভুক্ত হতাম না।'

فَاعْتَرَفُوْا بِذَنْۢبِهِمْ ۚ فَسُحْقًا لِّاَصْحٰبِ السَّعِيْرِ ⑪

১১। এবং তারা তাদের অপরাধ স্বীকার করবে, অতএব ধ্বংস জ্বলন্ত আগুনের অধিবাসীদের জন্য।

اِنَّ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ ⑫

১২। নিশ্চয় যারা না দেখে তাদের প্রতিপালককে ভয় করে তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহাপ্রতিদান।

وَاَسِرُّوْا قَوْلَكُمْ اَوِاجْهَرُوْا بِهٖ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١٣﴾

১৩। এবং তোমরা তোমাদের কথা গোপন কর অথবা তা প্রকাশ কর (তা তিনি জানেন)। বক্ষসমূহে যা আছে সে সম্পর্কে নিশ্চয় তিনি ভালভাবে জানেন।

اَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ ؕ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ﴿١٤﴾

১৪। যিনি সৃষ্টি করেছেন তিনি কি জানেন না, অথচ তিনিই সূক্ষ্মদর্শী ও সর্বজ্ঞ?

هُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ ذَلُوْلًا فَامْشُوْا فِيْ مَنَاكِبِهَا وَكُلُوْا مِنْ رِّزْقِهٖ ؕ وَاِلَيْهِ النُّشُوْرُ ﴿١٥﴾

১৫। তিনিই তোমাদের জন্য যমীনকে সুগম করে দিয়েছেন, সুতরাং তোমরা এর পথে-প্রান্তরে বিচরণ কর এবং তাঁর (দেয়া) রিযিক থেকে আহার কর। আর পুনর্জীবন তাঁরই দিকে।

ءَاَمِنْتُمْ مَّنْ فِي السَّمَآءِ اَنْ يَّخْسِفَ بِكُمُ الْاَرْضَ فَاِذَا هِيَ تَمُوْرُ ﴿١٦﴾

১৬। তোমরা কি নিরাপদ হয়েছে তাঁর (শাস্তি) থেকে যিনি রয়েছেন আকাশে- যে, ধ্বসিয়ে দেবেন তিনি তোমাদেরকেসহ যমীনকে, এবং যখন তা থর থর করে কাঁপতে থাকবে?

اَمْ اَمِنْتُمْ مَّنْ فِي السَّمَآءِ اَنْ يُّرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا ؕ فَسَتَعْلَمُوْنَ كَيْفَ نَذِيْرِ ﴿١٧﴾

১৭। অথবা তোমরা কি নিরাপদ হয়েছে তাঁর (শাস্তি) থেকে যিনি রয়েছেন আকাশে- যে, প্রেরণ করবেন তিনি তোমাদের উপর পাথরবহনকারী প্রচন্ড ঝড়? অতঃপর শীঘ্রই তোমরা জানতে পারবে কেমন ছিল আমার সতর্কীকরণ।

وَلَقَدْ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿١٨﴾

১৮। এবং অবশ্যই এদের পূর্ববর্তীরাও (রাসূলদেরকে) মিথ্যাবাদী বলেছিল, অতএব কেমন ছিল আমার শাস্তি!

اَوَلَمْ يَرَوْا اِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صٰٓفّٰتٍ وَّيَقْبِضْنَ ۛ مَا يُمْسِكُهُنَّ اِلَّا الرَّحْمٰنُ ؕ اِنَّهٗ بِكُلِّ شَيْءٍۭ بَصِيْرٌ ﴿١٩﴾

১৯। তারা কি ভেবে দেখেনি তাদের উপরে পাখিদের প্রতি, যারা ডানা বিস্তার করে ও গুটিয়ে নেয়? দয়াময়ই তাদেরকে (আকাশে) ধরে রাখেন। নিশ্চয় তিনি সকল বিষয়ে পূর্ণদৃষ্টিবান।

اَمَّنْ هٰذَا الَّذِيْ هُوَ جُنْدٌ لَّكُمْ يَنْصُرُكُمْ مِّنْ دُوْنِ الرَّحْمٰنِ ؕ اِنِ الْكٰفِرُوْنَ اِلَّا فِيْ غُرُوْرٍ ﴿٢٠﴾

২০। দয়াময়কে বাদ দিয়ে তোমাদের এমন কোন বাহিনী আছে কি, যারা তোমাদেরকে সাহায্য করবে? কাফিররা তো কেবল প্রতারণার মধ্যে রয়েছে,

اَمَّنْ هٰذَا الَّذِيْ يَرْزُقُكُمْ اِنْ اَمْسَكَ رِزْقَهٗ ؕ بَلْ لَّجُّوْا فِيْ عُتُوٍّ وَّنُفُوْرٍ ﴿٢١﴾

২১। এমন কে আছে, যে তোমাদেরকে রিযিক দিবে, যদি তিনি তাঁর (দেয়া) রিযিক ধরে রাখেন? উপরন্তু তারা অবাধ্যতা ও (সত্য) বিমুখতায় অটল রয়েছে।

اَفَمَنْ يَّمْشِيْ مُكِبًّا عَلٰى وَجْهِهٖۤ اَهْدٰٓى اَمَّنْ يَّمْشِيْ سَوِيًّا عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢٢﴾

২২। যে অধোমুখী হয়ে পথ চলে, সে-ই কি অধিক সঠিকপথপ্রাপ্ত , নাকি সেই ব্যক্তি যে সোজা হয়ে সরল-সঠিক পথে চলে?

قُلْ هُوَ الَّذِيْۤ اَنْشَاَكُمْ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْـِٕدَةَ ؕ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ ﴿٢٣﴾

২৩। বল, 'তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং বানিয়েছেন তোমাদের জন্য শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি ও অন্তর।' তোমরা সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ কর।

قُلْ هُوَ الَّذِيْ ذَرَاَكُمْ فِي الْاَرْضِ وَاِلَيْهِ تُحْشَرُوْنَ ﴿٢٤﴾

২৪। বল, 'তিনিই পৃথিবীতে তোমাদের বিস্তার ঘটিয়েছেন এবং তাঁরই দিকে তোমাদেরকে সমবেত করা হবে।'

وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٥﴾

২৫। এবং তারা বলে, '(বল) কখন (বাস্তবায়িত হবে) এ প্রতিশ্রুতি- যদি তোমরা সত্যবাদী হও?'

২৬। বল, '(এর) জ্ঞান কেবল আল্লাহ্‌র নিকট রয়েছে, আর আমি কেবল একজন সুস্পষ্ট সতর্ককারী।'

قُلْ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاِنَّمَآ اَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٢٦﴾

২৭। এবং তারা যখন তা নিকটে দেখতে পাবে তখন যারা কুফরী করেছে তাদের চেহারাসমূহ মলিন হয়ে যাবে এবং বলা হবে, 'এটাই তা যা তোমরা দাবী করতে।'

فَلَمَّا رَاَوْهُ زُلْفَةً سِيْٓـَٔتْ وُجُوْهُ الَّذِيْنَ كَفَرُوْا وَقِيْلَ هٰذَا الَّذِيْ كُنْتُمْ بِهٖ تَدَّعُوْنَ ﴿٢٧﴾

২৮। বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ্ আমাকে ও আমার সাথে যারা আছে তাদেরকে ধ্বংস করে দেন অথবা আমাদের প্রতি দয়া করেন, তবে কাফিরদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে কে রক্ষা করবে?

قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَهْلَكَنِيَ اللّٰهُ وَمَنْ مَّعِيَ اَوْ رَحِمَنَا ۙ فَمَنْ يُّجِيْرُ الْكٰفِرِيْنَ مِنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿٢٨﴾

২৯। বল, 'তিনিই দয়াময়, আমরা তাঁরই উপর ঈমান এনেছি এবং তাঁরই উপর ভরসা করেছি, এবং শীঘ্রই তোমরা জানতে পারবে কে আছে সুস্পষ্ট পথভ্রষ্টতায়।'

قُلْ هُوَ الرَّحْمٰنُ اٰمَنَّا بِهٖ وَعَلَيْهِ تَوَكَّلْنَا ۚ فَسَتَعْلَمُوْنَ مَنْ هُوَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٢٩﴾

৩০। বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি তোমাদের পানি গভীরে (নাগালের বাইরে) চলে যায়, তাহলে কে তোমাদেরকে এনে দেবে প্রবাহমান পানি?'

ع ١٦ ٢ ٢ রুকূ ٢

قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَصْبَحَ مَآؤُكُمْ غَوْرًا فَمَنْ يَّاْتِيْكُمْ بِمَآءٍ مَّعِيْنٍ ﴿٣٠﴾

٦٨-سُوْرَةُ الْقَلَمِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٥٢، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৬৮. সূরা আল-ক্বালাম, মাক্কী
৫২ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

نٓ وَالْقَلَمِ وَمَا يَسْطُرُوْنَ ۙ﴿١﴾

১। নূন, কসম কলমের এবং যা তারা (ফেরেশতারা) লিপিবদ্ধ করে তার-

مَآ اَنْتَ بِنِعْمَةِ رَبِّكَ بِمَجْنُوْنٍ ۚ﴿٢﴾

২। তোমার প্রতিপালকের নেয়ামতে তুমি পাগল নও,

وَاِنَّ لَكَ لَاَجْرًا غَيْرَ مَمْنُوْنٍ ۚ﴿٣﴾

৩। এবং নিশ্চয় তোমার জন্য অবশ্যই রয়েছে অফুরন্ত প্রতিদান,

وَاِنَّكَ لَعَلٰى خُلُقٍ عَظِيْمٍ ﴿٤﴾

৪। এবং নিশ্চয় তুমি অবশ্যই মহান চরিত্রের অধিকারী।

فَسَتُبْصِرُ وَيُبْصِرُوْنَ ۙ﴿٥﴾

৫। সুতরাং শীঘ্রই তুমি দেখবে এবং তারাও দেখবে -

بِاَيِّيْكُمُ الْمَفْتُوْنُ ﴿٦﴾

৬। তোমাদের মধ্যে কে বিকারগ্রস্ত।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿٧﴾

৭। নিশ্চয় তোমার প্রতিপালকই সবচেয়ে বেশি জানেন কে তাঁর পথ হতে বিচ্যুত হয়েছে এবং তিনি সঠিকপথপ্রাপ্তদের সম্পর্কেও সবচেয়ে বেশি জানেন।

فَلَا تُطِعِ الْمُكَذِّبِيْنَ ﴿٨﴾

৮। সুতরাং তুমি মিথ্যা অভিহিতকারীদের আনুগত্য করো না।

وَدُّوْا لَوْ تُدْهِنُ فَيُدْهِنُوْنَ ﴿٩﴾

৯। তারা চায়, যদি তুমি নমনীয় হও তবে তারাও নমনীয় হবে।*

وَلَا تُطِعْ كُلَّ حَلَّافٍ مَّهِيْنٍ ۙ﴿١٠﴾

১০। এবং আনুগত্য করো না প্রত্যেক এমন ব্যাক্তির যে বেশি বেশি কসমকারী, হীন-

هَمَّازٍ مَّشَّآءٍۭ بِنَمِيْمٍ ۙ﴿١١﴾

১১। নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগিয়ে বেড়ায়*-

مَّنَّاعٍ لِّلْخَيْرِ مُعْتَدٍ اَثِيْمٍ ۙ﴿١٢﴾

১২। কল্যাণের কাজে বাধা দানকারী, সীমালঙ্ঘনকারী , পাপিষ্ঠ

عُتُلٍّۭ بَعْدَ ذٰلِكَ زَنِيْمٍ ۙ﴿١٣﴾

১৩। বদমেজাজী, তদুপরি জারজ-

اَنْ كَانَ ذَا مَالٍ وَّبَنِيْنَ ﴿١٤﴾

১৪। এ জন্য যে, সে ধন-সম্পদ ও সন্তান-সন্ততির অধিকারী।

اِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا قَالَ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿١٥﴾

১৫। যখন তার নিকট আমার আয়াতসমূহ পাঠ করা হয় তখন সে বলে, '(এগুলো) পূর্ববর্তীদের উপকথা।'

سَنَسِمُهٗ عَلَى الْخُرْطُوْمِ ﴿١٦﴾

১৬। শীঘ্রই আমি তার শুঁড় (নাক) দাগিয়ে দেব।

اِنَّا بَلَوْنٰهُمْ كَمَا بَلَوْنَآ اَصْحٰبَ الْجَنَّةِ ۚ اِذْ اَقْسَمُوْا لَيَصْرِمُنَّهَا مُصْبِحِيْنَ ۙ﴿١٧﴾

১৭। নিশ্চয় আমি তাদেরকে (মক্কাবাসীদেরকে) পরীক্ষায় ফেলেছি, যেমন পরীক্ষায় ফেলেছিলাম বাগানওয়ালাদেরকে যখন ওরা কসম করেছিল যে, অবশ্যই অবশ্যই তারা প্রভাতে তা (অর্থাৎ বাগানের ফসল) কর্তন করবে-

১৮। এবং তারা ব্যতিক্রম করবে না।

وَلَا يَسْتَثْنُوْنَ ﴿١٨﴾

১৯। অতঃপর তোমার প্রতিপালকের পক্ষ থেকে এর (অর্থাৎ বাগানের) উপর এক বিপর্যয় হানা দিল, যখন তারা ছিল ঘুমন্ত।

فَطَافَ عَلَيْهَا طَآئِفٌ مِّنْ رَّبِّكَ وَهُمْ نَآئِمُوْنَ ﴿١٩﴾

২০। ফলে তা কর্তিত ফসলের মত হয়ে গেল-

فَاَصْبَحَتْ كَالصَّرِيْمِ ﴿٢٠﴾

২১। আর তারা প্রভাতে একে অপরকে ডেকে বলেছিল-

فَتَنَادَوْا مُصْبِحِيْنَ ﴿٢١﴾

২২। 'যদি তোমরা ফসল কর্তনকারী হও তবে সকাল সকাল তোমাদের ক্ষেতে চল।'

اَنِ اغْدُوْا عَلٰى حَرْثِكُمْ اِنْ كُنْتُمْ صٰرِمِيْنَ ﴿٢٢﴾

২৩। সুতরাং তারা চলতে লাগল নীচু স্বরে কথা বলতে বলতে-

فَانْطَلَقُوْا وَهُمْ يَتَخَافَتُوْنَ ﴿٢٣﴾

২৪। যে, 'আজ সেখানে তোমাদের নিকট অবশ্যই যেন কোন মিসকিন (অভাবগ্রস্ত) প্রবেশ না করে'-

اَنْ لَّا يَدْخُلَنَّهَا الْيَوْمَ عَلَيْكُمْ مِّسْكِيْنٌ ﴿٢٤﴾

২৫। এবং তারা নিবৃত্ত করতে সক্ষম হবে ভেবেই সকাল সকাল গিয়েছিল।

وَّغَدَوْا عَلٰى حَرْدٍ قٰدِرِيْنَ ﴿٢٥﴾

২৬। অতঃপর যখন তারা তা (অর্থাৎ বাগানের অবস্থা) দেখল তখন বলল, 'নিশ্চয় আমরা অবশ্যই পথভ্রষ্ট-

فَلَمَّا رَاَوْهَا قَالُوْٓا اِنَّا لَضَآلُّوْنَ ﴿٢٦﴾

২৭। উপরন্তু আমরা বঞ্চিত।'

بَلْ نَحْنُ مَحْرُوْمُوْنَ ﴿٢٧﴾

২৮। তাদের মধ্যপন্থী ব্যক্তিটি বলল, 'আমি কি তোমাদেরকে বলিনি, তোমরা আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা কর না কেন?'

قَالَ اَوْسَطُهُمْ اَلَمْ اَقُلْ لَّكُمْ لَوْ لَا تُسَبِّحُوْنَ ﴿٢٨﴾

২৯। তারা বলল, 'পবিত্র আমাদের প্রতিপালক, নিশ্চয় আমরা ছিলাম জালিম।'

قَالُوْا سُبْحٰنَ رَبِّنَآ اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٢٩﴾

৩০। এবং তারা একে অপরের সামনা সামনি হয়ে তিরস্কার করতে লাগল।

فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَلَاوَمُوْنَ ﴿٣٠﴾

৩১। তারা বলল, 'হায় দুর্ভোগ আমাদের! নিশ্চয় আমরা ছিলাম সীমালঙ্ঘনকারী।

قَالُوْا يٰوَيْلَنَآ اِنَّا كُنَّا طٰغِيْنَ ﴿٣١﴾

৩২। আশা করা যায়, আমাদের প্রতিপালক আমাদেরকে তার চেয়ে উত্তম বিনিময় দিবেন, নিশ্চয় আমরা আমাদের প্রতিপালকের প্রতি প্রত্যাশী।'

عَسٰى رَبُّنَآ اَنْ يُّبْدِلَنَا خَيْرًا مِّنْهَآ اِنَّآ اِلٰى رَبِّنَا رٰغِبُوْنَ ﴿٣٢﴾

৩৩। শাস্তি এমনই হয়ে থাকে। এবং অবশ্যই আখিরাতের শাস্তি কঠিনতর- যদি তারা জানত।

كَذٰلِكَ الْعَذَابُ ؕ وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَكْبَرُ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٣٣﴾ ع ١ ٣ ٣ ١ ٣ রুকূ

৩৪। নিশ্চয় মুত্তাকীদের জন্য তাদের প্রতিপালকের নিকট নেয়ামতপূর্ণ জান্নাতসমূহ রয়েছে।

اِنَّ لِلْمُتَّقِيْنَ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٣٤﴾

৩৫। আমি কি মুসলিমদেরকে অপরাধীদের মত গণ্য করব?

اَفَنَجْعَلُ الْمُسْلِمِيْنَ كَالْمُجْرِمِيْنَ ﴿٣٥﴾

৩৬। তোমাদের কী হয়েছে, তোমরা কেমন বিচার করছ?

مَا لَكُمْ ۫ كَيْفَ تَحْكُمُوْنَ ﴿٣٦﴾

৩৭। তোমাদের জন্য কি কোন কিতাব আছে যা তোমরা অধ্যয়ন কর-

اَمْ لَكُمْ كِتٰبٌ فِيْهِ تَدْرُسُوْنَ ﴿٣٧﴾

إِنَّ لَكُمْ فِيهِ لَمَا تَخَيَّرُونَ ﴿٣٨﴾

৩৮। নিশ্চয় তোমাদের জন্য তাতে তা-ই রয়েছে যা তোমরা পছন্দ করছ?

أَمْ لَكُمْ أَيْمَانٌ عَلَيْنَا بَالِغَةٌ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ ۙ إِنَّ لَكُمْ لَمَا تَحْكُمُونَ ﴿٣٩﴾

৩৯। তোমাদের জন্য কি আমার সাথে কিয়ামতের দিন পর্যন্ত বলবৎ (এমন কোন) অঙ্গীকার রয়েছে যে, তোমাদের জন্য তা-ই রয়েছে যা তোমরা বিচার করছ?

سَلْهُمْ أَيُّهُم بِذَٰلِكَ زَعِيمٌ ﴿٤٠﴾

৪০। তুমি তাদেরকে জিজ্ঞেস কর তাদের মধ্যে এর (অর্থাৎ এ দাবীর) নিশ্চয়তাদানকারী কে?

أَمْ لَهُمْ شُرَكَاءُ فَلْيَأْتُوا بِشُرَكَائِهِمْ إِن كَانُوا صَادِقِينَ ﴿٤١﴾

৪১। নাকি তাদের জন্য আছে কোন শরীক? থাকলে তারা তাদের শরীকদেরকে উপস্থিত করুক-যদি তারা সত্যবাদী হয়।

يَوْمَ يُكْشَفُ عَن سَاقٍ وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطِيعُونَ ﴿٤٢﴾

৪২। যেদিন পায়ের গোছা উন্মোচন করা হবে (অর্থাৎ প্রকৃত সত্য প্রকাশিত হবে) এবং তাদেরকে আহ্বান করা হবে সিজদা করার জন্য, কিন্তু তারা সক্ষম হবে না-

خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ۖ وَقَدْ كَانُوا يُدْعَوْنَ إِلَى السُّجُودِ وَهُمْ سَالِمُونَ ﴿٤٣﴾

৪৩। তাদের দৃষ্টি হবে অবনত, অপমান তাদেরকে আচ্ছন্ন করবে, অথচ তাদেরকে সিজদা করতে আহ্বান করা হত, যখন তারা ছিল সুস্থ।

فَذَرْنِي وَمَن يُكَذِّبُ بِهَٰذَا الْحَدِيثِ ۖ سَنَسْتَدْرِجُهُم مِّنْ حَيْثُ لَا يَعْلَمُونَ ﴿٤٤﴾

৪৪। সুতরাং ছেড়ে দাও আমাকে এবং যারা এ কথাকে (কুরআনকে) মিথ্যা অভিহিত করে তাদেরকে। শীঘ্রই আমি তাদেরকে পর্যায়ক্রমে এমনভাবে ধরব যে, তারা জানতেও পারবে না-

وَأُمْلِي لَهُمْ ۚ إِنَّ كَيْدِي مَتِينٌ ﴿٤٥﴾

৪৫। এবং আমি তাদেরকে অবকাশ দিচ্ছি। নিশ্চয় আমার কৌশল অত্যন্ত শক্ত।

أَمْ تَسْأَلُهُمْ أَجْرًا فَهُم مِّن مَّغْرَمٍ مُّثْقَلُونَ ﴿٤٦﴾

৪৬। তবে কি তুমি তাদের নিকট প্রতিদান চাও, ফলে তারা ঋণের ভারে জর্জরিত?

أَمْ عِندَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُونَ ﴿٤٧﴾

৪৭। নাকি তাদের কাছে আছে অদৃশ্য (এর জ্ঞান), তাই তারা লিখছে?

فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تَكُن كَصَاحِبِ الْحُوتِ ۘ إِذْ نَادَىٰ وَهُوَ مَكْظُومٌ ﴿٤٨﴾

৪৮। অতএব তুমি ধৈর্যধারণ কর তোমার প্রতিপালকের হুকুমের (ফয়সালার) জন্য এবং মাছওয়ালার মত (অধৈর্য) হয়ো না যখন সে দুঃখভারাক্রান্ত অবস্থায় তার প্রতিপালককে ডেকেছিল।

لَوْلَا أَن تَدَارَكَهُ نِعْمَةٌ مِّن رَّبِّهِ لَنُبِذَ بِالْعَرَاءِ وَهُوَ مَذْمُومٌ ﴿٤٩﴾

৪৯। যদি তার প্রতিপালকের পক্ষ থেকে তার নিকট নেয়ামত না পৌঁছত তাহলে অবশ্যই তাকে নিন্দিত অবস্থায় উন্মুক্ত প্রান্তরে নিক্ষেপ করা হত।

فَاجْتَبَاهُ رَبُّهُ فَجَعَلَهُ مِنَ الصَّالِحِينَ ﴿٥٠﴾

৫০। অতঃপর তার প্রতিপালক তাকে মনোনীত করলেন এবং তাকে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করলেন।

وَإِن يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ بِأَبْصَارِهِمْ لَمَّا سَمِعُوا الذِّكْرَ وَيَقُولُونَ إِنَّهُ لَمَجْنُونٌ ﴿٥١﴾

৫১। আর যারা কুফরী করেছে তারা যখন উপদেশ (কুরআন) শ্রবণ করে তখন মনে হয় যেন তারা তাদের (তীক্ষ্ণ) দৃষ্টি দ্বারা অবশ্যই তোমাকে ছুঁড়ে ফেলবে এবং বলে, 'নিশ্চয় সে অবশ্যই পাগল।'

وَمَا هُوَ إِلَّا ذِكْرٌ لِّلْعَالَمِينَ ﴿٥٢﴾

৫২। অথচ এটি (কুরআন) জগৎসমূহের জন্য উপদেশ ছাড়া আর কিছু নয়।

রুকু ৩

٦٩-سُوْرَةُ الْحَآقَّة-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٢، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَآقَّةُ ۝١

مَا الْحَآقَّةُ ۝٢

وَمَآ اَدْرٰىكَ مَا الْحَآقَّةُ ۝٣

كَذَّبَتْ ثَمُوْدُ وَعَادٌۢ بِالْقَارِعَةِ ۝٤

فَاَمَّا ثَمُوْدُ فَاُهْلِكُوْا بِالطَّاغِيَةِ ۝٥

وَاَمَّا عَادٌ فَاُهْلِكُوْا بِرِيْحٍ صَرْصَرٍ عَاتِيَةٍ ۝٦

سَخَّرَهَا عَلَيْهِمْ سَبْعَ لَيَالٍ وَّثَمٰنِيَةَ اَيَّامٍ ۙ حُسُوْمًا ۙ فَتَرَى الْقَوْمَ فِيْهَا صَرْعٰى ۙ كَاَنَّهُمْ اَعْجَازُ نَخْلٍ خَاوِيَةٍ ۝٧

فَهَلْ تَرٰى لَهُمْ مِّنْۢ بَاقِيَةٍ ۝٨

وَجَآءَ فِرْعَوْنُ وَمَنْ قَبْلَهٗ وَالْمُؤْتَفِكٰتُ بِالْخَاطِئَةِ ۝٩

فَعَصَوْا رَسُوْلَ رَبِّهِمْ فَاَخَذَهُمْ اَخْذَةً رَّابِيَةً ۝١٠

اِنَّا لَمَّا طَغَا الْمَآءُ حَمَلْنٰكُمْ فِى الْجَارِيَةِ ۝١١

لِنَجْعَلَهَا لَكُمْ تَذْكِرَةً وَّتَعِيَهَآ اُذُنٌ وَّاعِيَةٌ ۝١٢

فَاِذَا نُفِخَ فِى الصُّوْرِ نَفْخَةٌ وَّاحِدَةٌ ۝١٣

وَّحُمِلَتِ الْاَرْضُ وَالْجِبَالُ فَدُكَّتَا دَكَّةً وَّاحِدَةً ۝١٤

فَيَوْمَئِذٍ وَّقَعَتِ الْوَاقِعَةُ ۝١٥

وَانْشَقَّتِ السَّمَآءُ فَهِىَ يَوْمَئِذٍ وَّاهِيَةٌ ۝١٦

وَّالْمَلَكُ عَلٰٓى اَرْجَآئِهَا ۚ وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَئِذٍ ثَمٰنِيَةٌ ۝١٧

৬৯-সূরা হাক্কা - মাক্কী

৫২ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। অনিবার্য সত্য-

২। কী সেই অনিবার্য সত্য?

৩। আর কিসে তোমাকে জানাবে সেই অনিবার্য সত্যটি কী?

৪। ছামূদ ও আদ মিথ্যা বলেছিল মহাপ্রলয়কে।

৫। সুতরাং ছামূদ- তাদেরকে ধ্বংস করা হয়েছিল বজ্রধ্বনি দ্বারা।

৬। আর আদ- তাদেরকে ধ্বংস করা হয়েছিল প্রচণ্ড ঝড়ো হাওয়া দ্বারা-

৭। যা তিনি তাদের উপর প্রবাহিত করেছিলেন সাত রাত ও আট দিন বিরামহীনভাবে, তখন তুমি (সেথায় থাকলে) সেই সম্প্রদায়কে দেখতে পেতে তারা সেখানে পড়ে আছে ধরাশায়ী অবস্থায়, যেন তারা পতিত খেজুর গাছের কান্ড,

৮। সুতরাং তাদের কাউকে তুমি অবশিষ্ট দেখতে পাও কি?

৯। আর ফিরআউন ও তার পূর্ববর্তীরা এবং উল্টে দেয়া জনপদসমূহ অপরাধে লিপ্ত ছিল,*

১০। এবং তারা তাদের প্রতিপালকের রাসূলকে অমান্য করেছিল, ফলে তিনি তাদেরকে পাকড়াও করলেন অত্যন্ত কঠোরভাবে।

১১। যখন পানি সীমা ছাড়িয়ে গেল তখন নিশ্চয় আমি তোমাদেরকে আরোহণ করিয়েছিলাম নৌযানে-

১২। যাতে আমি তা তোমাদের জন্য বানাতে পারি একটি স্মারক এবং যাতে সংরক্ষণকারী কান তা সংরক্ষণ করতে পারে।

১৩। এবং যখন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে, একটি মাত্র ফুৎকার-

১৪। এবং যমীন ও পর্বতমালাকে উঠানো হবে এবং উভয়কে এক ধাক্কায় সমতল করা হবে-

১৫। সেদিন সংঘটিত হবে মহা ঘটনা-

১৬। এবং আকাশ ফেটে যাবে, অতঃপর তা সেদিন বিক্ষিপ্ত হয়ে পড়বে-

১৭। এবং ফেরেশতারা তার (অর্থাৎ আকাশের) প্রান্তে থাকবে এবং সেদিন আটজন (ফেরেশতা) তোমার প্রতিপালকের 'আরশ'কে তাদের উপর বহন করবে।

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৮। সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে, তোমাদের কোন গোপনই গোপন থাকবে না।

يَوْمَئِذٍ تُعْرَضُوْنَ لَا تَخْفٰى مِنْكُمْ خَافِيَةٌ ﴿١٨﴾

১৯। এবং যাকে তার কিতাব (আমলনামা) তার ডান হাতে দেয়া হবে, সে বলবে, 'নাও, আমার কিতাব (আমলনামা) পড়ে দেখ,

فَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ ۙ فَيَقُوْلُ هَآؤُمُ اقْرَءُوْا كِتٰبِيَهْ ﴿١٩﴾

২০। নিশ্চয় আমি মনে করতাম যে, আমাকে আমার হিসাবের সম্মুখীন হতে হবে',

اِنِّىْ ظَنَنْتُ اَنِّىْ مُلٰقٍ حِسَابِيَهْ ﴿٢٠﴾

২১। সুতরাং সে সন্তুষ্ট জীবন যাপন করবে-

فَهُوَ فِىْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ﴿٢١﴾

২২। সুউচ্চ জান্নাতে-

فِىْ جَنَّةٍ عَالِيَةٍ ﴿٢٢﴾

২৩। এর ফল-মূল থাকবে নাগালের মধ্যে।

قُطُوْفُهَا دَانِيَةٌ ﴿٢٣﴾

২৪। (তাদেরকে বলা হবে) 'তোমরা আহার কর ও পান কর তৃপ্তির সাথে, তোমরা অতীত দিনগুলোতে যা করেছিলে তার বিনিময়ে।'

كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـًٔا بِمَآ اَسْلَفْتُمْ فِى الْاَيَّامِ الْخَالِيَةِ ﴿٢٤﴾

২৫। কিন্তু যাকে তার কিতাব (আমলনামা) তার বাম হাতে দেয়া হবে, সে বলবে, 'হায়, আমাকে যদি আমার কিতাব (আমলনামা) না দেয়া হত!

وَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِشِمَالِهٖ ۙ فَيَقُوْلُ يٰلَيْتَنِىْ لَمْ اُوْتَ كِتٰبِيَهْ ﴿٢٥﴾

২৬। এবং আমি যদি না জানতাম, আমার হিসাব কি!

وَلَمْ اَدْرِ مَا حِسَابِيَهْ ﴿٢٦﴾

২৭। হায়, তা-ই (মৃত্যুই) যদি হত চূড়ান্ত (পরিণতি)!

يٰلَيْتَهَا كَانَتِ الْقَاضِيَةَ ﴿٢٧﴾

২৮। আমার ধন-সম্পদ আমার কাজে আসল না,

مَآ اَغْنٰى عَنِّىْ مَالِيَهْ ﴿٢٨﴾

২৯। আমার ক্ষমতাও নিঃশেষ হয়েছে,'

هَلَكَ عَنِّىْ سُلْطٰنِيَهْ ﴿٢٩﴾

৩০। (ফেরেশতাদেরকে বলা হবে) 'তাকে ধর এবং তাকে (গলায়) বেড়ি পরিয়ে দাও-

خُذُوْهُ فَغُلُّوْهُ ﴿٣٠﴾

৩১। এরপর তাকে তীব্র আগুনে নিক্ষেপ কর-

ثُمَّ الْجَحِيْمَ صَلُّوْهُ ﴿٣١﴾

৩২। এরপর তাকে শৃঙ্খলিত কর সত্তর হাত দীর্ঘ এক শিকলে'।

ثُمَّ فِىْ سِلْسِلَةٍ ذَرْعُهَا سَبْعُوْنَ ذِرَاعًا فَاسْلُكُوْهُ ﴿٣٢﴾

৩৩। নিশ্চয় সে মহান আল্লাহ্‌র প্রতি ঈমান রাখত না-

اِنَّهٗ كَانَ لَا يُؤْمِنُ بِاللّٰهِ الْعَظِيْمِ ﴿٣٣﴾

৩৪। এবং মিসকীনকে (অভাবগ্রস্তকে) খাদ্যদানে উৎসাহিত করতো না।

وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ﴿٣٤﴾

৩৫। অতএব এখানে আজ তার জন্য কোন অন্তরঙ্গ বন্ধু নেই-

فَلَيْسَ لَهُ الْيَوْمَ هٰهُنَا حَمِيْمٌ ﴿٣٥﴾

৩৬। এবং ক্ষত নিঃসৃত পুঁজ ছাড়া কোন খাদ্য নেই-

وَّلَا طَعَامٌ اِلَّا مِنْ غِسْلِيْنٍ ﴿٣٦﴾

৩৭। অপরাধীরা ছাড়া কেউ তা খায় না।

لَّا يَاْكُلُهٗٓ اِلَّا الْخَاطِئُوْنَ ﴿٣٧﴾

ع ١ ٥ ١ রুকু ৫

৩৮। অতএব না আমি কসম করছি তার যা তোমরা দেখতে পাও-

فَلَآ اُقْسِمُ بِمَا تُبْصِرُوْنَ ۙ﴿٣٨﴾

৩৯। এবং যা তোমরা দেখতে পাও না-

وَمَا لَا تُبْصِرُوْنَ ۙ﴿٣٩﴾

৪০। নিশ্চয় এটি (কুরআন) অবশ্যই এক সম্মানিত রাসূলের* (বহন করা) কথা,

اِنَّهٗ لَقَوْلُ رَسُوْلٍ كَرِيْمٍ ۚۙ﴿٤٠﴾

৪১। এবং এটি কোন কবির কথা নয়। তোমরা সামান্যই ঈমান এনে থাক-

وَّمَا هُوَ بِقَوْلِ شَاعِرٍ ؕ قَلِيْلًا مَّا تُؤْمِنُوْنَ ۙ﴿٤١﴾

৪২। এবং কোন গণকের কথাও নয়।* তোমরা সামান্যই উপদেশ গ্রহণ কর।

وَلَا بِقَوْلِ كَاهِنٍ ؕ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ؕ﴿٤٢﴾

৪৩। (এটি) জগতসমূহের প্রতিপালকের নিকট থেকে অবতীর্ণ।

تَنْزِيْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٤٣﴾

৪৪। আর যদি সে আমার বিষয়ে কোন কথা বানিয়ে বলত-

وَلَوْ تَقَوَّلَ عَلَيْنَا بَعْضَ الْاَقَاوِيْلِ ۙ﴿٤٤﴾

৪৫। অবশ্যই আমি তাকে ডান হাতে (অর্থাৎ শক্ত হাতে) ধরে ফেলতাম-

لَاَخَذْنَا مِنْهُ بِالْيَمِيْنِ ۙ﴿٤٥﴾

৪৬। এরপর অবশ্যই আমি কেটে দিতাম তার জীবন ধমনী,

ثُمَّ لَقَطَعْنَا مِنْهُ الْوَتِيْنَ ۖ﴿٤٦﴾

৪৭। অতঃপর তোমাদের মধ্যে কেউই নেই, যে তা থেকে (আমাকে) বিরত করতে পারতে।

فَمَا مِنْكُمْ مِّنْ اَحَدٍ عَنْهُ حٰجِزِيْنَ ﴿٤٧﴾

৪৮। আর নিশ্চয় এটি (কুরআন) মুত্তাকীদের জন্য অবশ্যই একটি স্মারক।

وَاِنَّهٗ لَتَذْكِرَةٌ لِّلْمُتَّقِيْنَ ﴿٤٨﴾

৪৯। এবং নিশ্চয় আমি অবশ্যই জানি যে, তোমাদের মধ্যে কেউ কেউ মিথ্যা অভিহিতকারী।

وَاِنَّا لَنَعْلَمُ اَنَّ مِنْكُمْ مُّكَذِّبِيْنَ ﴿٤٩﴾

৫০। আর নিশ্চয় এটি (কুরআন) কাফিরদের জন্য (আখিরাতে) অবশ্যই পরিতাপ।

وَاِنَّهٗ لَحَسْرَةٌ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٥٠﴾

৫১। এবং নিশ্চয় এটি (কুরআন) অবশ্যই নিশ্চিত সত্য।

وَاِنَّهٗ لَحَقُّ الْيَقِيْنِ ﴿٥١﴾

৫২। অতএব তুমি তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর।

فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ﴿٥٢﴾

ع ٣ ١٥ ٦ ٢ রুকু ৬

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

٧٠-سُوْرَةُ الْمَعَارِجِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٤٤، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سَاَلَ سَآئِلٌۢ بِعَذَابٍ وَّاقِعٍ ۙ﴿١﴾

لِّلْكٰفِرِيْنَ لَيْسَ لَهٗ دَافِعٌ ۙ﴿٢﴾

مِّنَ اللّٰهِ ذِى الْمَعَارِجِ ۚ﴿٣﴾

تَعْرُجُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ اِلَيْهِ فِىْ يَوْمٍ كَانَ مِقْدَارُهٗ خَمْسِيْنَ اَلْفَ سَنَةٍ ۚ﴿٤﴾

فَاصْبِرْ صَبْرًا جَمِيْلًا ۚ﴿٥﴾

اِنَّهُمْ يَرَوْنَهٗ بَعِيْدًا ۙ﴿٦﴾

وَّنَرٰىهُ قَرِيْبًا ۚ﴿٧﴾

يَوْمَ تَكُوْنُ السَّمَآءُ كَالْمُهْلِ ۙ﴿٨﴾

وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ ۙ﴿٩﴾

وَلَا يَسْـَٔلُ حَمِيْمٌ حَمِيْمًا ۚ﴿١٠﴾

يُّبَصَّرُوْنَهُمْ ۭ يَوَدُّ الْمُجْرِمُ لَوْ يَفْتَدِىْ مِنْ عَذَابِ يَوْمِئِذٍۢ بِبَنِيْهِ ۙ﴿١١﴾

وَصَاحِبَتِهٖ وَاَخِيْهِ ۙ﴿١٢﴾

وَفَصِيْلَتِهِ الَّتِىْ تُـْٔوِيْهِ ۙ﴿١٣﴾

وَمَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ۙ ثُمَّ يُنْجِيْهِ ۙ﴿١٤﴾

كَلَّا ۭ اِنَّهَا لَظٰى ۙ﴿١٥﴾

نَزَّاعَةً لِّلشَّوٰى ۚ﴿١٦﴾

تَدْعُوْا مَنْ اَدْبَرَ وَتَوَلّٰى ۙ﴿١٧﴾

৭০. সূরা আল-মা'আরিজ, মাক্কী
৪৪ আয়াত, ২ রুকূ'

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। এক প্রশ্নকারী প্রশ্ন করল সেই শাস্তি সম্পর্কে যা সংঘটিত হবে-

২। কাফিরদের জন্য, যার কোন প্রতিরোধকারী নেই-

৩। (যা সংঘটিত হবে) আল্লাহ্‌র পক্ষ থেকে, যিনি (ঊর্ধ্বগমনের) সিঁড়িসমূহের অধিকারী।

৪। ফেরেশতারা এবং রূহ্ (জিবরাঈল) তাঁর (আল্লাহ্‌র) দিকে ঊর্ধ্বগামী হবে এমন এক দিনের মধ্যে যার পরিমাণ (পার্থিব) পঞ্চাশ হাজার বছর।

৫। সুতরাং তুমি সুন্দরভাবে ধৈর্য ধারণ কর।

৬। নিশ্চয় তারা দেখছে তা দূরবর্তী-

৭। আর আমি দেখছি তা নিকটবর্তী।

৮। যেদিন আকাশ হবে ফুটন্ত তেলের মত-

৯। এবং পর্বতসমূহ হবে ধূনিত পশমের মত-

১০। এবং এক অন্তরঙ্গ বন্ধু আরেক অন্তরঙ্গ বন্ধুকে জিজ্ঞাসাও করবে না,

১১। তাদেরকে (একে অপরের) দৃষ্টিগোচর করা হবে। অপরাধী সেদিন কামনা করবে যদি সে শাস্তি থেকে মুক্তি লাভ করতে পারত তার সন্তান-সন্ততির বিনিময়ে-

১২। এবং তার স্ত্রী ও ভাইয়ের বিনিময়ে-

১৩। এবং তার জ্ঞাতি-গোষ্ঠীর বিনিময়ে, যারা তাকে আশ্রয় দিত-

১৪। এবং পৃথিবীর সকলের বিনিময়ে, এরপর তা (অর্থাৎ এসব মুক্তিপণ) তাকে মুক্তি দিতে পারত-

১৫। কক্ষনো না। নিশ্চয় তা লেলিহান অগ্নিশিখা-

১৬। যা চামড়া খসিয়ে দিবে-

১৭। তা (লেলিহান অগ্নিশিখা) তাকে ডাকবে, যে (সত্যকে) পৃষ্ঠ প্রদর্শন করেছে ও মুখ ফিরিয়ে নিয়েছে-

وَجَمَعَ فَأَوْعَىٰ ﴿١٨﴾

১৮। এবং (সম্পদ) জমা করেছে ও কুক্ষিগত করে রেখেছে।

إِنَّ الْإِنْسَانَ خُلِقَ هَلُوْعًا ﴿١٩﴾

১৯। নিশ্চয় মানুষকে সৃষ্টি করা হয়েছে বড়ই অস্থিরচিত্তরূপে-

إِذَا مَسَّهُ الشَّرُّ جَزُوْعًا ﴿٢٠﴾

২০। যখন অকল্যাণ তাকে স্পর্শ করে তখন সে বিচলিত হয়ে পড়ে-

وَّإِذَا مَسَّهُ الْخَيْرُ مَنُوْعًا ﴿٢١﴾

২১। আর যখন কল্যাণ তাকে স্পর্শ করে তখন সে হয়ে পড়ে অতি কৃপণ-

إِلَّا الْمُصَلِّيْنَ ﴿٢٢﴾

২২। মুসল্লীরা (সালাত আদায়কারীরা) ছাড়া-

الَّذِيْنَ هُمْ عَلَىٰ صَلَاتِهِمْ دَآئِمُوْنَ ﴿٢٣﴾

২৩। যারা তাদের সালাতে (নামাযে) সদা তৎপর-

وَالَّذِيْنَ فِيْٓ أَمْوَالِهِمْ حَقٌّ مَّعْلُوْمٌ ﴿٢٤﴾

২৪। এবং যাদের ধন-সম্পদে রয়েছে নির্ধারিত অধিকার-

لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ﴿٢٥﴾

২৫। সাহায্যপ্রার্থী ও বঞ্চিতের জন্য-

وَالَّذِيْنَ يُصَدِّقُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ﴿٢٦﴾

২৬। এবং যারা বিচার দিনকে সত্য বলে বিশ্বাস করে-

وَالَّذِيْنَ هُمْ مِّنْ عَذَابِ رَبِّهِمْ مُّشْفِقُوْنَ ﴿٢٧﴾

২৭। এবং যারা তাদের প্রতিপালকের শাস্তি সম্পর্কে ভীত-শঙ্কিত,

إِنَّ عَذَابَ رَبِّهِمْ غَيْرُ مَأْمُوْنٍ ﴿٢٨﴾

২৮। নিশ্চয় তাদের প্রতিপালকের শাস্তি (থেকে কেউ) নিরাপদ নয়*।

وَالَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ حٰفِظُوْنَ ﴿٢٩﴾

২৯। এবং যারা তাদের লজ্জাস্থানের হেফাজতকারী-

إِلَّا عَلَىٰٓ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُوْمِيْنَ ﴿٣٠﴾

৩০। তাদের স্ত্রী অথবা তাদের ডান হাত যা মালিক হয়েছে তা (দাসী) ছাড়া, কারণ (তখন) নিশ্চয় তারা তিরস্কৃত হবে না,

فَمَنِ ابْتَغٰى وَرَآءَ ذٰلِكَ فَأُولٰٓئِكَ هُمُ الْعٰدُوْنَ ﴿٣١﴾

৩১। তবে যারা এছাড়া অন্যকে খোঁজ করবে তারাই হবে সীমালঙ্ঘনকারী,

وَالَّذِيْنَ هُمْ لِأَمٰنٰتِهِمْ وَعَهْدِهِمْ رٰعُوْنَ ﴿٣٢﴾

৩২। এবং যারা তাদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে-

وَالَّذِيْنَ هُمْ بِشَهٰدٰتِهِمْ قَآئِمُوْنَ ﴿٣٣﴾

৩৩। এবং যারা তাদের সাক্ষ্যদানে অটল-

وَالَّذِيْنَ هُمْ عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ﴿٣٤﴾

৩৪। এবং যারা তাদের সালাতের (নামাযের) হেফাজত করে।

أُولٰٓئِكَ فِيْ جَنّٰتٍ مُّكْرَمُوْنَ ﴿٣٥﴾

৩৫। তারাই জান্নাতসমূহে সম্মানিত হবে।

فَمَالِ الَّذِيْنَ كَفَرُوْا قِبَلَكَ مُهْطِعِيْنَ ﴿٣٦﴾

৩৬। অতএব কাফিরদের কি হল যে, তারা (বিদ্রূপভাবাপন্ন হয়ে) তোমার দিকে দৌড়ে আসছে-

عَنِ الْيَمِيْنِ وَعَنِ الشِّمَالِ عِزِيْنَ ﴿٣٧﴾

৩৭। ডান ও বাম দিক থেকে, দলে দলে*?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

أَيَطْمَعُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ أَنْ يُّدْخَلَ جَنَّةَ نَعِيْمٍ ﴿٣٨﴾

৩৮। তাদের প্রত্যেকে কি এ প্রত্যাশা করে যে, তাকে প্রবেশ করানো হবে নেয়ামতপূর্ণ জান্নাতে?

كَلَّا ۚ إِنَّا خَلَقْنٰهُمْ مِّمَّا يَعْلَمُوْنَ ﴿٣٩﴾

৩৯। কক্ষনো না। নিশ্চয় আমি তাদেরকে সৃষ্টি করেছি তা থেকে যা তারা জানে।

فَلَآ أُقْسِمُ بِرَبِّ الْمَشٰرِقِ وَالْمَغٰرِبِ إِنَّا لَقٰدِرُوْنَ ﴿٤٠﴾

৪০। সুতরাং না আমি কসম করছি উদয়াচলসমূহ ও অস্তাচলসমূহের প্রতিপালকের, নিশ্চয় আমি অবশ্যই সক্ষম-

عَلٰٓى أَنْ نُّبَدِّلَ خَيْرًا مِّنْهُمْ ۙ وَمَا نَحْنُ بِمَسْبُوْقِيْنَ ﴿٤١﴾

৪১। এক্ষেত্রে যে, প্রতিস্থাপন করব আমি (তাদেরকে) তাদের চেয়ে উত্তম দ্বারা এবং আমি পিছিয়ে পড়ার নই।

فَذَرْهُمْ يَخُوْضُوْا وَيَلْعَبُوْا حَتّٰى يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِىْ يُوْعَدُوْنَ ﴿٤٢﴾

৪২। অতএব তাদেরকে অনর্থক কথায় ও খেলায় লিপ্ত থাকতে দাও সেদিনের সম্মুখীন হওয়া পর্যন্ত যে দিন সম্পর্কে তাদেরকে প্রতিশ্রুতি দেয়া হচ্ছে-

يَوْمَ يَخْرُجُوْنَ مِنَ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلٰى نُصُبٍ يُّوْفِضُوْنَ ﴿٤٣﴾

৪৩। যেদিন তারা কবর থেকে বের হবে দ্রুতবেগে, মনে হবে তারা কোন বেদীর দিকে ধাবিত হচ্ছে-

خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ۚ ذٰلِكَ الْيَوْمُ الَّذِىْ كَانُوْا يُوْعَدُوْنَ ﴿٤٤﴾ ع ٢ ١٦ ٨ ٢ ٨

৪৪। অবনত চোখে, অপমান তাদেরকে আচ্ছন্ন করবে। এটাই সেই দিন যার প্রতিশ্রুতি তাদেরকে দেয়া হত।

৭১. সূরা নূহ, মাক্কী
২৮ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧١-سُوْرَةُ نُوْحٍ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٢٨، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖٓ اَنْ اَنْذِرْ قَوْمَكَ مِنْ قَبْلِ اَنْ يَّاْتِيَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ①

১। নিশ্চয় আমি নূহকে প্রেরণ করেছিলাম তার সম্প্রদায়ের প্রতি (এ নির্দেশ দিয়ে) যে, তুমি তোমার সম্প্রদায়কে সতর্ক কর তাদের নিকট যন্ত্রণাদায়ক শাস্তি আসার পূর্বে।

قَالَ يٰقَوْمِ اِنِّيْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ②

২। সে বলেছিল, 'হে আমার সম্প্রদায়! নিশ্চয় আমি তোমাদের জন্য এক সুস্পষ্ট সতর্ককারী-

اَنِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ وَاَطِيْعُوْنِ ③

৩। (এ বিষয়ে) যে, তোমরা আল্লাহ্‌র ইবাদত কর ও তাঁকে ভয় কর এবং আমার আনুগত্য কর-

يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُؤَخِّرْكُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ؕ اِنَّ اَجَلَ اللّٰهِ اِذَا جَآءَ لَا يُؤَخَّرُ ۘ لَوْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ④

৪। তিনি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন এবং তিনি তোমাদেরকে অবকাশ দিবেন এক নির্দিষ্ট সময় পর্যন্ত। নিশ্চয় আল্লাহ্‌র (নির্ধারিত) সময় যখন আসে তখন তা বিলম্বিত করা হয় না- যদি তোমরা জানতে।'

قَالَ رَبِّ اِنِّيْ دَعَوْتُ قَوْمِيْ لَيْلًا وَّنَهَارًا ⑤

৫। সে বলেছিল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি আমার সম্প্রদায়কে রাতে ও দিনে আহ্বান করেছি-

فَلَمْ يَزِدْهُمْ دُعَآءِيْٓ اِلَّا فِرَارًا ⑥

৬। কিন্তু আমার আহ্বান তাদের পলায়ন প্রবণতাই বৃদ্ধি করেছে।

وَاِنِّيْ كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ جَعَلُوْٓا اَصَابِعَهُمْ فِيْٓ اٰذَانِهِمْ وَاسْتَغْشَوْا ثِيَابَهُمْ وَاَصَرُّوْا وَاسْتَكْبَرُوا اسْتِكْبَارًا ⑦

৭। এবং নিশ্চয় আমি যখনই তাদেরকে আহ্বান করেছি যাতে আপনি তাদেরকে ক্ষমা করেন তখন তারা তাদের কানে আঙ্গুল দিয়েছে, নিজেদেরকে বস্ত্রাবৃত করেছে ও (পাপ কাজে) অটল থেকেছে এবং খুব বেশি অহঙ্কার করেছে,

ثُمَّ اِنِّيْ دَعَوْتُهُمْ جِهَارًا ⑧

৮। এরপর আমি তাদেরকে আহ্বান করেছি প্রকাশ্যে-

ثُمَّ اِنِّيْٓ اَعْلَنْتُ لَهُمْ وَاَسْرَرْتُ لَهُمْ اِسْرَارًا ⑨

৯। এরপর নিশ্চয় আমি তাদের জন্য উচ্চস্বরে ঘোষণা দিয়েছি এবং অতি গোপনেও বলেছি-

فَقُلْتُ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ؕ اِنَّهٗ كَانَ غَفَّارًا ⑩

১০। এবং আমি বলেছি, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয় তিনি পরমক্ষমাশীল-

يُّرْسِلِ السَّمَآءَ عَلَيْكُمْ مِّدْرَارًا ⑪

১১। তিনি আকাশ থেকে তোমাদের জন্য প্রচুর বৃষ্টি প্রেরণ করবেন-

وَّيُمْدِدْكُمْ بِاَمْوَالٍ وَّبَنِيْنَ وَيَجْعَلْ لَّكُمْ جَنّٰتٍ وَّيَجْعَلْ لَّكُمْ اَنْهٰرًا ⑫

১২। তিনি তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দিয়ে সাহায্য করবেন এবং তিনি বানাবেন তোমাদের জন্য উদ্যানসমূহ এবং বানাবেন তোমাদের জন্য নহরসমূহ।'

مَا لَكُمْ لَا تَرْجُوْنَ لِلّٰهِ وَقَارًا ⑬

১৩। তোমাদের কী (যুক্তি) আছে যে, তোমরা আল্লাহ্‌কে মর্যাদা দিতে চাও না,

وَقَدْ خَلَقَكُمْ اَطْوَارًا ⑭

১৪। অথচ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন পর্যায়ক্রমে?

اَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللّٰهُ سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا ⑮

১৫। তোমরা কি ভেবে দেখনি, আল্লাহ্ কিভাবে সৃষ্টি করেছেন সাত আকাশ স্তরে স্তরে?

وَّجَعَلَ الْقَمَرَ فِيْهِنَّ نُوْرًا وَّجَعَلَ الشَّمْسَ سِرَاجًا ﴿١٦﴾

১৬। এবং সেখানে চন্দ্রকে বানিয়েছেন আলো ও সূর্যকে বানিয়েছেন প্রদীপ।

وَاللّٰهُ اَنْۢبَتَكُمْ مِّنَ الْاَرْضِ نَبَاتًا ﴿١٧﴾

১৭। এবং আল্লাহ্ই তোমাদেরকে উদ্ভিদের মত প্রতিপালন করেছেন যমীনে-

ثُمَّ يُعِيْدُكُمْ فِيْهَا وَيُخْرِجُكُمْ اِخْرَاجًا ﴿١٨﴾

১৮। এরপর তিনি তোমাদেরকে ফিরিয়ে নিবেন তাতে (যমীনে) এবং (তা হতে) তোমাদেরকে সত্যিই বের করবেন।

وَاللّٰهُ جَعَلَ لَكُمُ الْاَرْضَ بِسَاطًا ﴿١٩﴾

১৯। এবং আল্লাহ্ই বানিয়েছেন তোমাদের জন্য পৃথিবীকে বিছানা-

لِّتَسْلُكُوْا مِنْهَا سُبُلًا فِجَاجًا ﴿٢٠﴾

২০। যাতে তোমরা এর সমতল পথ ও পাহাড়ী পথে চলাচল করতে পার।

قَالَ نُوْحٌ رَّبِّ اِنَّهُمْ عَصَوْنِيْ وَاتَّبَعُوْا مَنْ لَّمْ يَزِدْهُ مَالُهٗ وَوَلَدُهٗۤ اِلَّا خَسَارًا ﴿٢١﴾

২১। নূহ্ বলেছিল, 'হে আমার প্রতিপালক! নিশ্চয় তারা আমাকে অমান্য করেছে এবং এমন লোকের অনুসরণ করেছে যার ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তার ক্ষতি ছাড়া কিছুই বৃদ্ধি করেনি।'

وَمَكَرُوْا مَكْرًا كُبَّارًا ﴿٢٢﴾

২২। এবং তারা ষড়যন্ত্র করেছে- বড় ষড়যন্ত্র,

وَقَالُوْا لَا تَذَرُنَّ اٰلِهَتَكُمْ وَلَا تَذَرُنَّ وَدًّا وَّلَا سُوَاعًا ۙ وَّلَا يَغُوْثَ وَيَعُوْقَ وَنَسْرًا ﴿٢٣﴾

২৩। এবং বলেছে, 'তোমরা কখনো তোমাদের উপাস্যদেরকে পরিত্যাগ করো না এবং তোমরা কখনো ওয়াদ্দ, সুওয়াআ, ইয়াগুছ, ইয়াউক ও নাসরকে* পরিত্যাগ করো না।'

وَقَدْ اَضَلُّوْا كَثِيْرًا ۚ وَلَا تَزِدِ الظّٰلِمِيْنَ اِلَّا ضَلٰلًا ﴿٢٤﴾

২৪। 'এবং তারা ইতোমধ্যে অনেককে পথভ্রষ্ট করেছে, আর আপনি জালিমদের পথভ্রষ্টতা (ধ্বংস) ছাড়া কিছুই বৃদ্ধি করবেন না।'

مِمَّا خَطِيْٓـئٰتِهِمْ اُغْرِقُوْا فَاُدْخِلُوْا نَارًا ۙ فَلَمْ يَجِدُوْا لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اَنْصَارًا ﴿٢٥﴾

২৫। তাদের অপরাধের কারণে তাদেরকে নিমজ্জিত করা হল এবং তাদেরকে আগুনে প্রবেশ করানো হল, এবং তারা আল্লাহ্কে বাদ দিয়ে তাদের জন্য কোন সাহায্যকারী পায়নি।

وَقَالَ نُوْحٌ رَّبِّ لَا تَذَرْ عَلَى الْاَرْضِ مِنَ الْكٰفِرِيْنَ دَيَّارًا ﴿٢٦﴾

২৬। এবং নূহ্ বলেছিল, 'হে আমার প্রতিপালক! পৃথিবীতে বসবাসকারী কাফিরদের কাউকে ছেড়ে দিবেন না।

اِنَّكَ اِنْ تَذَرْهُمْ يُضِلُّوْا عِبَادَكَ وَلَا يَلِدُوْٓا اِلَّا فَاجِرًا كَفَّارًا ﴿٢٧﴾

২৭। নিশ্চয় যদি আপনি তাদেরকে ছেড়ে দেন তাহলে তারা আপনার বান্দাদেরকে পথভ্রষ্ট করবে এবং তারা পাপী ও কাফির ছাড়া কিছুই জন্ম দিবে না।

رَبِّ اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ وَلِمَنْ دَخَلَ بَيْتِيَ مُؤْمِنًا وَّلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ۭ وَلَا تَزِدِ الظّٰلِمِيْنَ اِلَّا تَبَارًا ﴿٢٨﴾

২৮। হে আমার প্রতিপালক! আপনি ক্ষমা করুন আমাকে, আমার পিতামাতাকে এবং যারা মু'মিন হয়ে আমার ঘরে প্রবেশ করেছে তাদেরকে এবং মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে, এবং আপনি জালিমদের ধ্বংস ছাড়া কিছুই বৃদ্ধি করবেন না।'

٧٢-سُوْرَةُ الْجِنِّ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٢٨، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اُوْحِيَ اِلَيَّ اَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوْٓا اِنَّا سَمِعْنَا قُرْاٰنًا عَجَبًا ۙ﴿١﴾

يَّهْدِيْٓ اِلَى الرُّشْدِ فَاٰمَنَّا بِهٖ ۭ وَلَنْ نُّشْرِكَ بِرَبِّنَآ اَحَدًا ۙ﴿٢﴾

وَّاَنَّهٗ تَعٰلٰى جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً وَّلَا وَلَدًا ۙ﴿٣﴾

وَّاَنَّهٗ كَانَ يَقُوْلُ سَفِيْهُنَا عَلَي اللّٰهِ شَطَطًا ۙ﴿٤﴾

وَّاَنَّا ظَنَنَّآ اَنْ لَّنْ تَقُوْلَ الْاِنْسُ وَالْجِنُّ عَلَي اللّٰهِ كَذِبًا ۙ﴿٥﴾

وَّاَنَّهٗ كَانَ رِجَالٌ مِّنَ الْاِنْسِ يَعُوْذُوْنَ بِرِجَالٍ مِّنَ الْجِنِّ فَزَادُوْهُمْ رَهَقًا ۙ﴿٦﴾

وَّاَنَّهُمْ ظَنُّوْا كَمَا ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّبْعَثَ اللّٰهُ اَحَدًا ۙ﴿٧﴾

وَّاَنَّا لَمَسْنَا السَّمَاۗءَ فَوَجَدْنٰهَا مُلِئَتْ حَرَسًا شَدِيْدًا وَّشُهُبًا ۙ﴿٨﴾

وَّاَنَّا كُنَّا نَقْعُدُ مِنْهَا مَقَاعِدَ لِلسَّمْعِ ۭ فَمَنْ يَّسْتَمِعِ الْاٰنَ يَجِدْ لَهٗ شِهَابًا رَّصَدًا ۙ﴿٩﴾

وَّاَنَّا لَا نَدْرِيْٓ اَشَرٌّ اُرِيْدَ بِمَنْ فِي الْاَرْضِ اَمْ اَرَادَ بِهِمْ رَبُّهُمْ رَشَدًا ۙ﴿١٠﴾

وَّاَنَّا مِنَّا الصّٰلِحُوْنَ وَمِنَّا دُوْنَ ذٰلِكَ ۭ كُنَّا طَرَاۗىِٕقَ قِدَدًا ۙ﴿١١﴾

وَّاَنَّا ظَنَنَّآ اَنْ لَّنْ نُّعْجِزَ اللّٰهَ فِي الْاَرْضِ وَلَنْ نُّعْجِزَهٗ هَرَبًا ۙ﴿١٢﴾

وَّاَنَّا لَمَّا سَمِعْنَا الْهُدٰٓى اٰمَنَّا بِهٖ ۭ فَمَنْ يُّؤْمِنْۢ بِرَبِّهٖ فَلَا يَخَافُ بَخْسًا وَّلَا رَهَقًا ۙ﴿١٣﴾

৭২. সূরা আল-জ্বীন, মাক্কী
২৮ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। বল, 'আমার প্রতি ওহী করা হয়েছে যে,* জ্বীনদের একটি দল মনোযোগ সহকারে শ্রবণ করেছে' এবং বলেছে, 'নিশ্চয় আমরা শ্রবণ করেছি এক বিস্ময়কর কুরআন-

২। যা সঠিক পথের দিকে পথপ্রদর্শন করে, সুতরাং আমরা এতে ঈমান এনেছি। এবং আমরা কখনো আমাদের প্রতিপালকের সাথে কাউকে শরীক করব না-

৩। এবং এও যে, অনেক ঊর্ধ্বে আমাদের প্রতিপালকের মর্যাদা, তিনি কোন স্ত্রী ও কোন সন্তান গ্রহণ করেননি-

৪। এবং এও যে, আমাদের নির্বোধেরা আল্লাহ্ সম্পর্কে অতি অবান্তর কথা বলত-

৫। এবং এও যে, আমরা মনে করতাম যে, মানুষ ও জ্বীন আল্লাহ্ সম্পর্কে কখনো মিথ্যা বলবে না-

৬। এবং এও যে, কতিপয় মানুষ কতিপয় জ্বীনের কাছে আশ্রয় চাইত, ফলে তারা তাদের অন্যায় বাড়িয়ে দিয়েছে-

৭। এবং এও যে, তারা (মানুষেরা) মনে করেছে যেমন তোমরা (জ্বীনেরা) মনে করেছ যে, আল্লাহ্ কখনো কাউকে পুনরুত্থিত করবেন না-

৮। এবং এও যে, আমরা আকাশকে স্পর্শ করেছি (তথ্য সংগ্রহের উদ্দেশ্যে) কিন্তু আমরা তাকে (আকাশকে) কঠোর প্রহরী ও অগ্নিশিখাসমূহ দ্বারা পরিপূর্ণ করে রাখা অবস্থায় পেয়েছি-

৯। এবং এও যে, আমরা (পূর্বে) আকাশের বিভিন্ন অবস্থানে (সংবাদ) শোনার জন্য বসতাম কিন্তু এখন কেউ (সংবাদ) শুনতে চাইলে সে তার জন্য পাবে অপেক্ষমান অগ্নিশিখা-

১০। এবং এও যে, আমরা জানি না পৃথিবীবাসীর অমঙ্গল চাওয়া হয়েছে, নাকি তাদের প্রতিপালক তাদের মঙ্গল চান-

১১। এবং এও যে, আমাদের মধ্য থেকে কিছু সংখ্যক সৎকর্মশীল এবং কিছু সংখ্যক এর ব্যতিক্রম, আমরা ছিলাম বিভিন্ন পথে বিভক্ত-

১২। এবং এও যে, এখন আমরা ধারণা করলাম যে, আমরা পৃথিবীতে আল্লাহ্‌কে কখনো অক্ষম করতে পারব না, এবং (পৃথিবী থেকে) পালিয়েও আমরা কখনো তাকে অক্ষম করতে পারব না-

১৩। এবং এও যে, আমরা যখন পথনির্দেশনা শুনেছি তখন তাতে ঈমান এনেছি। অতএব যে তার প্রতিপালকের প্রতি ঈমান আনবে সে কোন ক্ষতি ও অন্যায়ের আশঙ্কা করবে না-

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

وَّاَنَّا مِنَّا الْمُسْلِمُوْنَ وَمِنَّا الْقٰسِطُوْنَ ؕ فَمَنْ اَسْلَمَ فَاُولٰٓئِكَ تَحَرَّوْا رَشَدًا ﴿١٤﴾

১৪। এবং এও যে, আমাদের কিছু সংখ্যক মুসলিম (আত্মসমর্পণকারী) এবং কিছু সংখ্যক অন্যায়কারী।' সুতরাং যারা আত্মসমর্পণ করেছে তারাই সঠিক পথ বেছে নিয়েছে।

وَاَمَّا الْقٰسِطُوْنَ فَكَانُوْا لِجَهَنَّمَ حَطَبًا ﴿١٥﴾

১৫। আর অপরপক্ষে অন্যায়কারীরাই জাহান্নামের ইন্ধন-

وَّاَنْ لَّوِ اسْتَقَامُوْا عَلَى الطَّرِيْقَةِ لَاَسْقَيْنٰهُمْ مَّآءً غَدَقًا ﴿١٦﴾

১৬। এবং (এও জানাচ্ছি) যে, যদি তারা (সত্য)পথের উপর অবিচল থাকত তাহলে তাদেরকে অবশ্যই আমি প্রচুর পানি পান করাতাম-

لِّنَفْتِنَهُمْ فِيْهِ ؕ وَمَنْ يُّعْرِضْ عَنْ ذِكْرِ رَبِّهٖ يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ﴿١٧﴾

১৭। যাতে আমি তাতে তাদেরকে পরীক্ষা করতে পারি । এবং যে তার প্রতিপালকের স্মরণ হতে মুখ ফিরিয়ে নেয় তাকে তিনি দুঃসহ শাস্তিতে প্রবেশ করাবেন-

وَّاَنَّ الْمَسٰجِدَ لِلّٰهِ فَلَا تَدْعُوْا مَعَ اللّٰهِ اَحَدًا ﴿١٨﴾

ع ١٦ ١١ ١ রুকূ ১১

১৮। এবং এও যে, মসজিদসমূহ আল্লাহ্‌রই জন্য, সুতরাং আল্লাহ্‌র সাথে তোমরা অন্য কাউকে ডেকো না-

وَّاَنَّهٗ لَمَّا قَامَ عَبْدُ اللّٰهِ يَدْعُوْهُ كَادُوْا يَكُوْنُوْنَ عَلَيْهِ لِبَدًا ﴿١٩﴾

১৯। এবং এও যে, যখন আল্লাহ্‌র বান্দা (রাসূল) তাঁকে (আল্লাহ্‌কে) ডাকার জন্য দণ্ডায়মান হল তখন তারা(জ্বীন) তার নিকট ভিড় জমাতে লাগল।

قُلْ اِنَّمَآ اَدْعُوْا رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِهٖٓ اَحَدًا ﴿٢٠﴾

২০। বল,'আমি কেবল আমার প্রতিপালককে ডাকি এবং তাঁর সাথে কাউকে শরীক করি না।'

قُلْ اِنِّيْ لَآ اَمْلِكُ لَكُمْ ضَرًّا وَّلَا رَشَدًا ﴿٢١﴾

২১। বল, 'নিশ্চয় আমি তোমাদের কোন ক্ষতির বা সঠিকপথের মালিক নই।'

قُلْ اِنِّيْ لَنْ يُّجِيْرَنِيْ مِنَ اللّٰهِ اَحَدٌ ۙ وَّلَنْ اَجِدَ مِنْ دُوْنِهٖ مُلْتَحَدًا ﴿٢٢﴾

২২। বল,'নিশ্চয় আমি (মনে করি) আল্লাহ্‌ থেকে কেউ আমাকে কখনো রক্ষা করতে পারবে না এবং আল্লাহ্‌ ছাড়া কখনো আমি কোন আশ্রয় পাব না-

اِلَّا بَلٰغًا مِّنَ اللّٰهِ وَرِسٰلٰتِهٖ ؕ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاِنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ﴿٢٣﴾

২৩। কেবল আল্লাহ্‌র পক্ষ থেকে পৌঁছে দেয়া এবং তাঁর রিসালাতই (আমার দায়িত্ব)।' এবং যারা আল্লাহ্‌ ও তাঁর রাসূলকে অমান্য করবে, নিশ্চয় তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন, সেখানে তারা চিরস্থায়ী হবে।

حَتّٰٓى اِذَا رَاَوْا مَا يُوْعَدُوْنَ فَسَيَعْلَمُوْنَ مَنْ اَضْعَفُ نَاصِرًا وَّاَقَلُّ عَدَدًا ﴿٢٤﴾

২৪। অবশেষে যখন তারা প্রতিশ্রুত শাস্তি প্রত্যক্ষ করবে, তখন শীঘ্রই তারা জানতে পারবে, কে সাহায্যকারী হিসেবে অধিক দুর্বল এবং সংখ্যায় অতি অল্প।

قُلْ اِنْ اَدْرِيْٓ اَقَرِيْبٌ مَّا تُوْعَدُوْنَ اَمْ يَجْعَلُ لَهٗ رَبِّيْٓ اَمَدًا ﴿٢٥﴾

২৫। বল, 'আমি জানি না তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি নিকটবর্তী, নাকি আমার প্রতিপালক এর জন্য কোন দীর্ঘ মেয়াদ নির্ধারণ করবেন।'

عٰلِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖٓ اَحَدًا ﴿٢٦﴾

২৬। তিনি সকল অদৃশ্যের জ্ঞানী এবং তিনি তাঁর অদৃশ্যের (সকল) বিষয় কারো নিকট প্রকাশ করেন না-

اِلَّا مَنِ ارْتَضٰى مِنْ رَّسُوْلٍ فَاِنَّهٗ يَسْلُكُ مِنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ رَصَدًا ﴿٢٧﴾

২৭। কেবল যে রাসূলের প্রতি তিনি সন্তুষ্ট হন তার নিকট (তাঁর অদৃশ্যের কিছু অংশ প্রকাশ করেন)। তখন নিশ্চয় তিনি তার সামনে ও পিছনে প্রহরী নিয়োজিত করেন-

لِّيَعْلَمَ اَنْ قَدْ اَبْلَغُوْا رِسٰلٰتِ رَبِّهِمْ وَاَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَاَحْصٰى كُلَّ شَيْءٍ عَدَدًا ﴿٢٨﴾

ع ١٦ ١٢ ٢ রুকূ ১২

২৮। যাতে তিনি জানতে পারেন যে, তারা (রাসূলরা) তাদের প্রতিপালকের রিসালাত (পয়গাম) পৌঁছে দিয়েছে, আর তাদের নিকট যা আছে তা তিনি পরিবেষ্টন করে আছেন এবং তিনি প্রতিটি জিনিস সংখ্যায় গণনা করে রেখেছেন ।

৭৩. সূরা আল-মুয্যাম্মিল, মাক্কী

২০ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧٣-سُوْرَةُ الْمُزَّمِّلِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٠،رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا الْمُزَّمِّلُ ۙ﴿١﴾

১। ওহে কম্বলাবৃত-

قُمِ الَّيْلَ اِلَّا قَلِيْلًا ۙ﴿٢﴾

২। রাতে (সালাতে) দাঁড়াও, সামান্য (অংশ) ছাড়া-

نِّصْفَهٗٓ اَوِ انْقُصْ مِنْهُ قَلِيْلًا ۙ﴿٣﴾

৩। তার (অর্থাৎ রাতের) অর্ধেক, অথবা তা থেকে সামান্য কমাও-

اَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا ؕ﴿٤﴾

৪। অথবা তার সাথে বাড়াও, এবং কুরআন পাঠ কর তারতীলের সাথে (ধীরে ধীরে, সুন্দরভাবে)।*

اِنَّا سَنُلْقِيْ عَلَيْكَ قَوْلًا ثَقِيْلًا ؕ﴿٥﴾

৫। নিশ্চয় আমি শীঘ্রই তোমার প্রতি অর্পণ করব ভারী কথা (পূর্ণ কুরআন)।

اِنَّ نَاشِئَةَ الَّيْلِ هِيَ اَشَدُّ وَطْاً وَّاَقْوَمُ قِيْلًا ؕ﴿٦﴾

৬। নিশ্চয় রাতের সময়ই স্থিরতার দিক থেকে অধিক কার্যকর এবং কথায় (অর্থাৎ তেলাওয়াতের জন্য) অধিক উপযোগী (সময়)।

اِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيْلًا ؕ﴿٧﴾

৭। নিশ্চয় দিনে তোমার দীর্ঘ কর্মব্যস্ততা রয়েছে।

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ اِلَيْهِ تَبْتِيْلًا ؕ﴿٨﴾

৮। আর তুমি তোমার প্রতিপালকের নাম স্মরণ কর এবং একাগ্র হয়ে তাঁরই দিকে অনুরক্ত হও।

رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ لَآ اِلٰهَ اِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيْلًا ۝﴿٩﴾

৯। তিনি পূর্ব ও পশ্চিমের প্রতিপালক, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, অতএব তাঁকেই তত্ত্বাবধায়ক হিসেবে গ্রহণ কর।

وَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَاهْجُرْهُمْ هَجْرًا جَمِيْلًا ۝﴿١٠﴾

১০। এবং তারা যা বলে তাতে তুমি ধৈর্য ধারণ কর এবং তাদেরকে সুন্দরভাবে বর্জন কর।

وَذَرْنِيْ وَالْمُكَذِّبِيْنَ اُولِي النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيْلًا ۝﴿١١﴾

১১। এবং ছেড়ে দাও আমাকে ও বিপুল সম্পদের অধিকারী মিথ্যা অভিহিতকারীদেরকে, এবং তাদেরকে সামান্য অবকাশ দাও।

اِنَّ لَدَيْنَآ اَنْكَالًا وَّجَحِيْمًا ۙ﴿١٢﴾

১২। নিশ্চয় আমার নিকট রয়েছে শিকল ও প্রজ্জ্বলিত আগুন-

وَّطَعَامًا ذَا غُصَّةٍ وَّعَذَابًا اَلِيْمًا ۙ﴿١٣﴾

১৩। আর আছে গলায় আটকে যায় এমন খাদ্য ও যন্ত্রণাদায়ক শাস্তি।

يَوْمَ تَرْجُفُ الْاَرْضُ وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيْبًا مَّهِيْلًا ۝﴿١٤﴾

১৪। যেদিন যমীন ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতমালা বিক্ষিপ্ত বালুকারাশিতে পরিণত হবে।

اِنَّآ اَرْسَلْنَآ اِلَيْكُمْ رَسُوْلًا ۢ شَاهِدًا عَلَيْكُمْ كَمَآ اَرْسَلْنَآ اِلٰى فِرْعَوْنَ رَسُوْلًا ؕ﴿١٥﴾

১৫। নিশ্চয় আমি তোমাদের নিকট প্রেরণ করেছি একজন রাসূল, তোমাদের জন্য সাক্ষীস্বরূপ, যেমন প্রেরণ করেছিলাম একজন রাসূল ফিরআউনের নিকট।

فَعَصٰى فِرْعَوْنُ الرَّسُوْلَ فَاَخَذْنٰهُ اَخْذًا وَّبِيْلًا ۝﴿١٦﴾

১৬। কিন্তু ফিরআউন সেই রাসূলকে অমান্য করেছিল, ফলে আমি তাকে কঠিনভাবে পাকড়াও করেছিলাম।

فَكَيْفَ تَتَّقُوْنَ اِنْ كَفَرْتُمْ يَوْمًا يَّجْعَلُ الْوِلْدَانَ شِيْبَا ۖ﴿١٧﴾

১৭। অতএব তোমরা সেদিন কিভাবে আত্মরক্ষা করবে, যদি তোমরা কুফরী কর, যা (অর্থাৎ যেদিনটি) কিশোরদেরকে বানিয়ে দিবে চুলপাকা?

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

السَّمَآءُ مُنْفَطِرٌۢ بِهٖ ؕ كَانَ وَعْدُهٗ مَفْعُوْلًا ﴿١٨﴾

১৮। সেদিন আকাশ ভেঙ্গে যাবে। তাঁর প্রতিশ্রুতি বাস্তবায়িত হবে।

اِنَّ هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿١٩﴾ ع

ع ١ ١٩ ١٣ ١ রুকূ ১৩

১৯। নিশ্চয় এগুলো উপদেশ, অতএব যার ইচ্ছা সে তার প্রতিপালকের দিকে পথ গ্রহণ করুক।

اِنَّ رَبَّكَ يَعْلَمُ اَنَّكَ تَقُوْمُ اَدْنٰى مِنْ ثُلُثَيِ الَّيْلِ وَنِصْفَهٗ وَثُلُثَهٗ وَطَآئِفَةٌ مِّنَ الَّذِيْنَ مَعَكَ ؕ وَاللّٰهُ يُقَدِّرُ الَّيْلَ وَالنَّهَارَ ؕ عَلِمَ اَنْ لَّنْ تُحْصُوْهُ فَتَابَ عَلَيْكُمْ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْاٰنِ ؕ عَلِمَ اَنْ سَيَكُوْنُ مِنْكُمْ مَّرْضٰى ۙ وَاٰخَرُوْنَ يَضْرِبُوْنَ فِي الْاَرْضِ يَبْتَغُوْنَ مِنْ فَضْلِ اللّٰهِ ۙ وَاٰخَرُوْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۖ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنْهُ ۙ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا ؕ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَيْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ هُوَ خَيْرًا وَّاَعْظَمَ اَجْرًا ؕ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢٠﴾ ع

ع ٢ ١ ١٤ ২ রুকূ ১৪

২০। নিশ্চয় তোমার প্রতিপালক জানেন যে, তুমি (সালাতে) দাঁড়িয়ে থাক (কখনো) রাতের প্রায় দুই-তৃতীয়াংশ, (কখনো) অর্ধেক এবং (কখনো) এক তৃতীয়াংশ এবং তোমার সঙ্গে যারা আছে তাদের একটি দলও। আর আল্লাহ্‌ই নির্ধারণ করেন দিন ও রাতের পরিমাণ। তিনি জানেন যে, তোমরা তা কখনো সংরক্ষণ করতে পারবে না, অতএব তিনি তোমাদের তওবা কবুল করেছেন। সুতরাং তোমরা কুরআন থেকে ততটুকু পড় যতটুকু সহজসাধ্য হয়, আল্লাহ্ জানেন যে, তোমাদের মধ্যে কেউ কেউ অসুস্থ হয়ে পড়বে, কেউ কেউ আল্লাহ্‌র অনুগ্রহ অন্বেষণে যমীনে ভ্রমণ করবে এবং কেউ কেউ আল্লাহ্‌র পথে যুদ্ধ করবে। সুতরাং তোমরা তা (কুরআন) থেকে ততটুকু পড় যতটুকু সহজসাধ্য হয়। সালাত (নামায) কায়েম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ্‌কে কর্জ দাও-কর্জে হাসানা। আর তোমরা তোমাদের নিজেদের (কল্যাণের) জন্য ভাল যা কিছু অগ্রে পাঠাবে তোমরা তা আল্লাহ্‌র নিকট পাবে। এটিই উত্তম এবং প্রতিদান হিসেবে শ্রেষ্ঠ। এবং তোমরা আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতি ক্ষমাশীল ও পরম দয়ালু।

٧٤-سُوْرَةُ الْمُدَّثِّرِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٥٦، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৭৪. সূরা আল-মুদ্দাছছির, মাক্কী
৫৬ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

يٰٓاَيُّهَا الْمُدَّثِّرُ ۙ﴿١﴾

১। ওহে বস্ত্রাবৃত-

قُمْ فَاَنْذِرْ ۙ﴿٢﴾

২। ওঠ, এবং সতর্ক কর-

وَرَبَّكَ فَكَبِّرْ ۙ﴿٣﴾

৩। এবং তোমার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা কর-

وَثِيَابَكَ فَطَهِّرْ ۙ﴿٤﴾

৪। এবং তোমার পোশাক পবিত্র কর-*

وَالرُّجْزَ فَاهْجُرْ ۙ﴿٥﴾

৫। এবং অপবিত্রতাকে (মূর্তিপূজাকে) বর্জন করে চল-

وَلَا تَمْنُنْ تَسْتَكْثِرُ ۙ﴿٦﴾

৬। এবং বেশি বেশি পাওয়ার উদ্দেশে (কারো প্রতি) অনুগ্রহ করো না-*

وَلِرَبِّكَ فَاصْبِرْ ۭ﴿٧﴾

৭। এবং তোমার প্রতিপালকের জন্যে ধৈর্য ধারণ কর।

فَاِذَا نُقِرَ فِي النَّاقُوْرِ ۙ﴿٨﴾

৮। এবং যখন শিঙ্গায় ফুঁ দেয়া হবে-

فَذٰلِكَ يَوْمَئِذٍ يَّوْمٌ عَسِيْرٌ ۙ﴿٩﴾

৯। সেদিনটি হবে এক কঠিন দিন-

عَلَى الْكٰفِرِيْنَ غَيْرُ يَسِيْرٍ ﴿١٠﴾

১০। যা কাফিরদের জন্য সহজ নয়।

ذَرْنِيْ وَمَنْ خَلَقْتُ وَحِيْدًا ﴿١١﴾

১১। ছেড়ে দাও আমাকে এবং তাকে* যাকে আমি সৃষ্টি করেছি একাকী-

وَّجَعَلْتُ لَهٗ مَالًا مَّمْدُوْدًا ﴿١٢﴾

১২। এবং আমি তাকে দিয়েছি বিপুল ধন-সম্পদ-

وَّبَنِيْنَ شُهُوْدًا ﴿١٣﴾

১৩। এবং (সদা) উপস্থিত সন্তান-সন্ততি-

وَّمَهَّدْتُّ لَهٗ تَمْهِيْدًا ﴿١٤﴾

১৪। এবং তার জন্য ব্যবস্থা করেছি (সচ্ছন্দ জীবনের) যাবতীয় ব্যবস্থা-

ثُمَّ يَطْمَعُ اَنْ اَزِيْدَ ﴿١٥﴾

১৫। এরপরও সে প্রত্যাশা করে যে, আমি বাড়িয়ে দিব-

كَلَّا ۭ اِنَّهٗ كَانَ لِاٰيٰتِنَا عَنِيْدًا ﴿١٦﴾

১৬। কক্ষনো না, নিশ্চয় সে আমার আয়াতসমূহের বিরোধী।

سَاُرْهِقُهٗ صَعُوْدًا ﴿١٧﴾

১৭। শীঘ্রই আমি তাকে নিদারুন কষ্ট চাপিয়ে দেব।

১৮। নিশ্চয় সে চিন্তা করল এবং সিদ্ধান্ত নিল-	إِنَّهُ فَكَّرَ وَقَدَّرَ ﴿١٨﴾
১৯। সুতরাং সে ধ্বংস হোক, সে কেমন সিদ্ধান্ত নিল!	فَقُتِلَ كَيْفَ قَدَّرَ ﴿١٩﴾
২০। আবার, সে ধ্বংস হোক, সে কেমন সিদ্ধান্ত নিল!	ثُمَّ قُتِلَ كَيْفَ قَدَّرَ ﴿٢٠﴾
২১। পুনরায় সে ভেবে দেখল-	ثُمَّ نَظَرَ ﴿٢١﴾
২২। এরপর ভ্রূ-কুঞ্চিত করল ও মুখ বিকৃত করল-	ثُمَّ عَبَسَ وَبَسَرَ ﴿٢٢﴾
২৩। এরপর পিছনে ফিরল এবং অহংকার করল-	ثُمَّ أَدْبَرَ وَاسْتَكْبَرَ ﴿٢٣﴾
২৪। এবং বলল, 'এটা পূর্ব থেকে চলে আসা জাদু ছাড়া আর কিছু নয়-	فَقَالَ إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ يُؤْثَرُ ﴿٢٤﴾
২৫। এটা মানুষের কথা ছাড়া আর কিছু নয়।'	إِنْ هَٰذَا إِلَّا قَوْلُ الْبَشَرِ ﴿٢٥﴾
২৬। শীঘ্রই আমি তাকে প্রবেশ করাব 'সাকার'-এ।	سَأُصْلِيهِ سَقَرَ ﴿٢٦﴾
২৭। আর কিসে তোমাকে জানাবে, 'সাকার' কী ?	وَمَا أَدْرَاكَ مَا سَقَرُ ﴿٢٧﴾
২৮। এটা বাকী (অর্থাৎ জীবিত) রাখবে না এবং (মৃত অবস্থায়) ছেড়েও দিবে না,	لَا تُبْقِي وَلَا تَذَرُ ﴿٢٨﴾
২৯। এটা চামড়া ঝলসে দিবে-	لَوَّاحَةٌ لِّلْبَشَرِ ﴿٢٩﴾
৩০। এর তত্ত্বাবধানে রয়েছে উনিশ (প্রহরী)।	عَلَيْهَا تِسْعَةَ عَشَرَ ﴿٣٠﴾
৩১। এবং আমি ফেরেশতাদেরকেই করেছি আগুনের প্রহরী, এবং কাফিরদের পরীক্ষাস্বরূপই আমি তাদের এ সংখ্যা উল্লেখ করেছি, যাতে যাদেরকে কিতাব দেয়া হয়েছে তারা দৃঢ় প্রত্যয়ী হয়, এবং ঈমানদারদের ঈমান বৃদ্ধি পায় এবং যাতে যাদেরকে কিতাব দেয়া হয়েছে তারা ও মু'মীনরা সন্দেহ পোষণ না করে, এবং যাদের হৃদয়ে ব্যাধি আছে তারা ও কাফিররা যাতে বলে, 'আল্লাহ্ এই দৃষ্টান্ত দ্বারা কী ইচ্ছা করেছেন?' এভাবেই আল্লাহ্ যাকে ইচ্ছা করেন পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা করেন সঠিক পথ প্রদর্শন করেন। এবং তোমার প্রতিপালকের বাহিনীকে তিনি ছাড়া আর কেউ জানে না। এবং তা (সাকার) মানুষের জন্য একটি স্মারক ছাড়া আর কিছু নয়।	وَمَا جَعَلْنَا أَصْحَابَ النَّارِ إِلَّا مَلَائِكَةً ۙ وَمَا جَعَلْنَا عِدَّتَهُمْ إِلَّا فِتْنَةً لِّلَّذِينَ كَفَرُوا ۙ لِيَسْتَيْقِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ وَيَزْدَادَ الَّذِينَ آمَنُوا إِيمَانًا وَلَا يَرْتَابَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ وَالْمُؤْمِنُونَ ۙ وَلِيَقُولَ الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ وَالْكَافِرُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَٰذَا مَثَلًا ۚ كَذَٰلِكَ يُضِلُّ اللَّهُ مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ ۗ وَمَا يَعْلَمُ جُنُودَ رَبِّكَ إِلَّا هُوَ ۚ وَمَا هِيَ إِلَّا ذِكْرَىٰ لِلْبَشَرِ ﴿٣١﴾ ع ١٥ ١ রুকু ১৫
৩২। কক্ষনো না, কসম চাঁদের-	كَلَّا وَالْقَمَرِ ﴿٣٢﴾
৩৩। কসম রাতের, যখন তা পিছন ফিরায়-	وَاللَّيْلِ إِذْ أَدْبَرَ ﴿٣٣﴾
৩৪। কসম প্রভাতের, যখন তা আলোকোজ্জ্বল হয়-	وَالصُّبْحِ إِذَا أَسْفَرَ ﴿٣٤﴾
৩৫। নিশ্চয় তা (সাকার) অবশ্যই বড় (বিপদ) গুলোর একটি-	إِنَّهَا لَإِحْدَى الْكُبَرِ ﴿٣٥﴾

৩৬। মানুষের জন্য সতর্ককারী হিসেবে-	نَذِيْرًا لِّلْبَشَرِ ۙ﴿٣٦﴾
৩৭। তার জন্য, তোমাদের মধ্যে যে ইচ্ছা করে যে, সে এগিয়ে যাবে অথবা পিছিয়ে যাবে।	لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّتَقَدَّمَ اَوْ يَتَاَخَّرَ ؕ﴿٣٧﴾
৩৮। প্রত্যেক ব্যক্তি তার অর্জনের (কৃতকর্মের) কাছে দায়গ্রস্ত-	كُلُّ نَفْسٍۭ بِمَا كَسَبَتْ رَهِيْنَةٌ ۙ﴿٣٨﴾
৩৯। ডানের সাথীরা ছাড়া।	اِلَّآ اَصْحٰبَ الْيَمِيْنِ ؕ﴿٣٩﴾
৪০। (তারা থাকবে) জান্নাতে, তারা পরস্পর জিজ্ঞাসাবাদ করবে-	فِيْ جَنّٰتٍ ۛ يَتَسَآءَلُوْنَ ۙ﴿٤٠﴾
৪১। অপরাধীদের সম্পর্কে-	عَنِ الْمُجْرِمِيْنَ ۙ﴿٤١﴾
৪২। কিসে তোমাদেরকে প্রবেশ করিয়েছে সাকার-এ?	مَا سَلَكَكُمْ فِيْ سَقَرَ ﴿٤٢﴾
৪৩। তারা বলবে, 'আমরা মুসল্লীদের অন্তর্ভুক্ত ছিলাম না-	قَالُوْا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ ۙ﴿٤٣﴾
৪৪। এবং আমরা মিসকীনকে (অভাবগ্রস্তকে) খাদ্য দিতাম না-	وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِيْنَ ۙ﴿٤٤﴾
৪৫। এবং আমরা অনর্থক আলাপচারীদের সাথে অনর্থক কথায় লিপ্ত থাকতাম-	وَكُنَّا نَخُوْضُ مَعَ الْخَآئِضِيْنَ ۙ﴿٤٥﴾
৪৬। এবং আমরা বিচার দিনকে মিথ্যা অভিহিত করতাম-	وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّيْنِ ۙ﴿٤٦﴾
৪৭। অবশেষে আমাদের নিকট ইয়াকীন (মৃত্যু) আসল।'	حَتّٰٓى اَتٰىنَا الْيَقِيْنُ ؕ﴿٤٧﴾
৪৮। অতএব সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন উপকারে আসবে না।	فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةُ الشّٰفِعِيْنَ ؕ﴿٤٨﴾
৪৯। অতঃপর তাদের কী (অজুহাত) আছে যে, তারা এ উপদেশ (কুরআন) থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে?	فَمَا لَهُمْ عَنِ التَّذْكِرَةِ مُعْرِضِيْنَ ۙ﴿٤٩﴾
৫০। যেন তারা ভীত-সন্ত্রস্ত গাধা-	كَاَنَّهُمْ حُمُرٌ مُّسْتَنْفِرَةٌ ۙ﴿٥٠﴾
৫১। সিংহ থেকে পলায়নপর।	فَرَّتْ مِنْ قَسْوَرَةٍ ؕ﴿٥١﴾
৫২। উপরন্তু তাদের প্রত্যেকেই চায় যে, তাকে উন্মুক্ত সহীফাসমূহ দেয়া হোক-	بَلْ يُرِيْدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّؤْتٰى صُحُفًا مُّنَشَّرَةً ۙ﴿٥٢﴾
৫৩। কক্ষনো না। বরং তারা আখিরাতকে ভয় করে না।	كَلَّا ؕ بَلْ لَّا يَخَافُوْنَ الْاٰخِرَةَ ؕ﴿٥٣﴾
৫৪। কক্ষনো না, নিশ্চয় এটি (কুরআন) একটি স্মারক।	كَلَّآ اِنَّهٗ تَذْكِرَةٌ ۚ﴿٥٤﴾
৫৫। অতএব যে ইচ্ছা করে সে এটিকে স্মরণ করুক।	فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ؕ﴿٥٥﴾
৫৬। এবং আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া তারা উপদেশ গ্রহণ করবে না। তিনি ভয়ের যোগ্য এবং ক্ষমা করার অধিকারী।	وَمَا يَذْكُرُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ هُوَ اَهْلُ التَّقْوٰى وَاَهْلُ الْمَغْفِرَةِ ۠﴿٥٦﴾

ع ٢ ١٦ ٢ রুকু ১৬

৭৫. সূরা আল-কিয়ামাহ্, মাক্কী

৪০ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧٥-سُوْرَةُ الْقِيٰمَة-مَكِّيَّة

اٰيَاتُهَا-٤٠، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لَآ اُقْسِمُ بِيَوْمِ الْقِيٰمَةِ ۙ﴿١﴾

১। না আমি কসম করছি কিয়ামতের দিনের-

وَلَآ اُقْسِمُ بِالنَّفْسِ اللَّوَّامَةِ ۭ﴿٢﴾

২। এবং না আমি কসম করছি তিরস্কারকারী আত্মার।

اَيَحْسَبُ الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ۭ﴿٣﴾

৩। মানুষ কি মনে করে যে, আমি তার হাড়গুলো কখনো একত্র করব না?

بَلٰى قٰدِرِيْنَ عَلٰٓى اَنْ نُّسَوِّيَ بَنَانَهٗ ﴿٤﴾

৪। অবশ্যই আমি তার আঙ্গুলের অগ্রভাগ (পর্যন্ত) পুনর্গঠন করতে সক্ষম।

بَلْ يُرِيْدُ الْاِنْسَانُ لِيَفْجُرَ اَمَامَهٗ ۚ﴿٥﴾

৫। বরং মানুষ তার ভবিষ্যতেও পাপাচার করতে চায়,

يَسْـَٔلُ اَيَّانَ يَوْمُ الْقِيٰمَةِ ۭ﴿٦﴾

৬। সে প্রশ্ন করে, 'কিয়ামতের দিন কখন?'

فَاِذَا بَرِقَ الْبَصَرُ ۙ﴿٧﴾

৭। সুতরাং যখন চোখ ধাঁধিয়ে যাবে-

وَخَسَفَ الْقَمَرُ ۙ﴿٨﴾

৮। এবং চন্দ্র আলোহীন হয়ে পড়বে-

وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ ۙ﴿٩﴾

৯। এবং সূর্য ও চন্দ্রকে একত্র করা হবে-

يَقُوْلُ الْاِنْسَانُ يَوْمَىِٕذٍ اَيْنَ الْمَفَرُّ ۚ﴿١٠﴾

১০। সেদিন মানুষ বলবে, 'পালানোর স্থান কোথায়?'

كَلَّا لَا وَزَرَ ۭ﴿١١﴾

১১। কক্ষনো না, কোন আশ্রয়স্থল নেই।

اِلٰى رَبِّكَ يَوْمَىِٕذِۨ الْمُسْتَقَرُّ ۭ﴿١٢﴾

১২। সেদিন অবস্থানস্থল হবে তোমার প্রতিপালকের দিকে।

يُنَبَّؤُا الْاِنْسَانُ يَوْمَىِٕذٍۢ بِمَا قَدَّمَ وَاَخَّرَ ۭ﴿١٣﴾

১৩। সেদিন মানুষকে সংবাদ দেয়া হবে যা সে অগ্রে পাঠিয়েছে এবং পিছনে রেখে গেছে।

بَلِ الْاِنْسَانُ عَلٰي نَفْسِهٖ بَصِيْرَةٌ ۙ﴿١٤﴾

১৪। উপরন্তু মানুষ তার নিজের বিরুদ্ধে (নিজেই) প্রত্যক্ষদর্শী-

وَّلَوْ اَلْقٰى مَعَاذِيْرَهٗ ۭ﴿١٥﴾

১৫। যদিও সে তার অজুহাতসমূহ পেশ করে।

لَا تُحَرِّكْ بِهٖ لِسَانَكَ لِتَعْجَلَ بِهٖ ۭ﴿١٦﴾

১৬। তুমি তোমার জিহ্বাকে তার (অর্থাৎ ওহীর)* সাথে সঞ্চালন করো না তার (ওহীর) সাথে তাড়াতাড়ি করার জন্য (অর্থাৎ আয়ত্ত করার জন্য)।

اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ ۚ﴿١٧﴾

১৭। নিশ্চয় এর একত্রীকরণ ও তা পড়িয়ে দেয়া আমারই দায়িত্বে,

فَاِذَا قَرَاْنٰهُ فَاتَّبِعْ قُرْاٰنَهٗ ۚ﴿١٨﴾

১৮। সুতরাং যখন আমি তা পড়ি তখন তুমি সে পড়ার অনুসরণ কর,

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৯। এরপর নিশ্চয় এর ব্যাখ্যাও আমারই দায়িত্বে।	ثُمَّ اِنَّ عَلَيْنَا بَيَانَهٗ ؕ ﴿١٩﴾
২০। কক্ষনো না, বরং তোমরা নগদকে (দুনিয়ার জীবনকে) ভালবাস*-	كَلَّا بَلْ تُحِبُّوْنَ الْعَاجِلَةَ ۙ ﴿٢٠﴾ وَتَذَرُوْنَ
২১। এবং আখিরাতকে পরিত্যাগ কর।	الْاٰخِرَةَ ؕ ﴿٢١﴾
২২। সেদিন কতক চেহারা উজ্জ্বল হবে-	وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاضِرَةٌ ۙ ﴿٢٢﴾
২৩। তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে,	اِلٰى رَبِّهَا نَاظِرَةٌ ۚ ﴿٢٣﴾
২৪। এবং সেদিন কতক চেহারা ম্লান হবে-	وَوُجُوْهٌ يَّوْمَئِذٍۭ بَاسِرَةٌ ۙ ﴿٢٤﴾
২৫। ধারণা করবে যে, তাদের সাথে করা হবে এক মেরুদন্ড ভাঙ্গা আচরণ।	تَظُنُّ اَنْ يُّفْعَلَ بِهَا فَاقِرَةٌ ؕ ﴿٢٥﴾
২৬। কক্ষনো না, (প্রাণ) যখন কণ্ঠাগত হবে*-	كَلَّآ اِذَا بَلَغَتِ التَّرَاقِيَ ۙ ﴿٢٦﴾
২৭। এবং বলা হবে, 'কে আছে ঝাড়-ফুঁককারী?'	وَقِيْلَ مَنْ ۜ رَاقٍ ۙ ﴿٢٧﴾
২৮। এবং সে মনে করবে যে, এটা বিদায় (মুহূর্ত)-	وَّظَنَّ اَنَّهُ الْفِرَاقُ ۙ ﴿٢٨﴾
২৯। এবং পায়ের সঙ্গে পা জড়িয়ে যাবে-	وَالْتَفَّتِ السَّاقُ بِالسَّاقِ ۙ ﴿٢٩﴾
৩০। সেদিন তোমার প্রতিপালকের দিকে যাত্রার সময়।	اِلٰى رَبِّكَ يَوْمَئِذِ ۨ الْمَسَاقُ ؕ ﴿٣٠﴾
৩১। কিন্তু সে সত্য বলে স্বীকৃতি দেয়নি এবং সালাত (নামায) আদায় করেনি-	فَلَا صَدَّقَ وَلَا صَلّٰى ۙ ﴿٣١﴾
৩২। বরং সে (কুরআনকে) মিথ্যা অভিহিত করেছিল ও মুখ ফিরিয়ে নিয়েছিল-	وَلٰكِنْ كَذَّبَ وَتَوَلّٰى ۙ ﴿٣٢﴾
৩৩। এরপর সে তার পরিবার-পরিজনের নিকট ফিরে গিয়েছিল দম্ভভরে।	ثُمَّ ذَهَبَ اِلٰٓى اَهْلِهٖ يَتَمَطّٰى ؕ ﴿٣٣﴾
৩৪। দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ-	اَوْلٰى لَكَ فَاَوْلٰى ۙ ﴿٣٤﴾
৩৫। আবার, দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ।	ثُمَّ اَوْلٰى لَكَ فَاَوْلٰى ؕ ﴿٣٥﴾
৩৬। মানুষ কি মনে করে যে, তাকে এমনিতেই ছেড়ে দেয়া হবে?	اَيَحْسَبُ الْاِنْسَانُ اَنْ يُّتْرَكَ سُدًى ؕ ﴿٣٦﴾
৩৭। সে কি নির্গত বীর্যের একটি বিন্দু ছিল না?	اَلَمْ يَكُ نُطْفَةً مِّنْ مَّنِيٍّ يُّمْنٰى ۙ ﴿٣٧﴾
৩৮। এরপর সে ছিল আলাকা (ভ্রূন যে পর্যায়ে মাতৃগর্ভে ঝুলে থাকে), অতঃপর তিনি (আল্লাহ্) তাকে আকৃতি দান করেছেন ও সুগঠিত করেছেন।	ثُمَّ كَانَ عَلَقَةً فَخَلَقَ فَسَوّٰى ۙ ﴿٣٨﴾
৩৯। এবং তা (বীর্য) থেকে তিনি বানিয়েছেন জোড়া- নর ও নারী।	فَجَعَلَ مِنْهُ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى ؕ ﴿٣٩﴾
৪০। সেই সত্তা কি মৃতদেরকে জীবিত করতে সক্ষম নন?	اَلَيْسَ ذٰلِكَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يُّحْيِۦَ الْمَوْتٰى ۚ ﴿٤٠﴾

ع ١ ١٧ ١ রুকূ ১৭

ع ٢ ١٨ ٢ রুকূ ১৮

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

٧٦-سُوْرَةُ الدَّهْرِ-مَدَنِيَّةٌ
اٰيَاتُهَا-٣١، رُكُوْعَاتُهَا-٢
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৭৬. সূরা আদ্-দাহ্র, মাদানী
৩১ আয়াত, ২ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্র নামে

هَلْ اَتٰى عَلَى الْاِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ لَمْ يَكُنْ شَيْـًٔا مَّذْكُوْرًا ①

১। মহাকালের মধ্য থেকে মানুষের উপর কি এমন একটি সময় অতিবাহিত হয়েছে, যখন সে উল্লেখযোগ্য কিছুই ছিল না?

اِنَّا خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ اَمْشَاجٍ ۖ نَّبْتَلِيْهِ فَجَعَلْنٰهُ سَمِيْعًا بَصِيْرًا ②

২। নিশ্চয় আমি মানুষকে সৃষ্টি করেছি সংমিশ্রিত বীর্যবিন্দু থেকে; তাকে আমি পরীক্ষা করব, তাই তাকে শ্রবণ শক্তি সম্পন্ন ও দৃষ্টিশক্তি সম্পন্ন বানিয়েছি।

اِنَّا هَدَيْنٰهُ السَّبِيْلَ اِمَّا شَاكِرًا وَّاِمَّا كَفُوْرًا ③

৩। নিশ্চয় আমি তাকে পথ প্রদর্শন করেছি, (এখন) হয় সে কৃতজ্ঞ হবে অথবা সে অকৃতজ্ঞ হবে।

اِنَّا اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَلٰسِلَا۠ وَاَغْلٰلًا وَّسَعِيْرًا ④

৪। নিশ্চয় আমি অকৃতজ্ঞদের জন্য প্রস্তুত করেছি শিকল, বেড়ি ও জ্বলন্ত আগুন।

اِنَّ الْاَبْرَارَ يَشْرَبُوْنَ مِنْ كَاْسٍ كَانَ مِزَاجُهَا كَافُوْرًا ⑤

৫। নিশ্চয় পুণ্যবানরা পান করবে এমন (সুরাপূর্ণ) পান পাত্র থেকে যার মিশ্রণ হবে কাফুর (কর্পুর),

عَيْنًا يَّشْرَبُ بِهَا عِبَادُ اللّٰهِ يُفَجِّرُوْنَهَا تَفْجِيْرًا ⑥

৬। (সুরার উৎস হবে) একটি ঝর্ণা, যা (থেকে) আল্লাহ্র বান্দারা পান করবে, তারা এটিকে প্রবলবেগে প্রবাহিত করবে*।

يُوْفُوْنَ بِالنَّذْرِ وَيَخَافُوْنَ يَوْمًا كَانَ شَرُّهٗ مُسْتَطِيْرًا ⑦

৭। তারা মানত পূর্ণ করে এবং তারা ভয় করে এমন একদিনের যার ক্ষতি হবে ব্যাপক।

وَيُطْعِمُوْنَ الطَّعَامَ عَلٰى حُبِّهٖ مِسْكِيْنًا وَّيَتِيْمًا وَّاَسِيْرًا ⑧

৮। এবং খাদ্যের প্রতি ভালবাসা থাকা সত্ত্বেও তারা মিসকীন (অভাবগ্রস্ত), ইয়াতীম ও বন্দীকে খাদ্য দান করে।

اِنَّمَا نُطْعِمُكُمْ لِوَجْهِ اللّٰهِ لَا نُرِيْدُ مِنْكُمْ جَزَآءً وَّلَا شُكُوْرًا ⑨

৯। (এবং বলে) 'কেবল আল্লাহ্র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আমরা তোমাদেরকে খাদ্য দান করি, আমরা তোমাদের নিকট থেকে প্রতিদান চাই না এবং কৃতজ্ঞতাও না।

اِنَّا نَخَافُ مِنْ رَّبِّنَا يَوْمًا عَبُوْسًا قَمْطَرِيْرًا ⑩

১০। নিশ্চয় আমরা ভয় করি আমাদের প্রতিপালকের নিকট থেকে কঠিন ও বিপদ সঙ্কুল এক দিনকে।'

فَوَقٰىهُمُ اللّٰهُ شَرَّ ذٰلِكَ الْيَوْمِ وَلَقّٰىهُمْ نَضْرَةً وَّسُرُوْرًا ⑪

১১। সুতরাং আল্লাহ্ তাদেরকে রক্ষা করবেন সে দিনের ক্ষতি থেকে এবং তাদেরকে দিবেন উৎফুল্লতা ও আনন্দ,

وَجَزٰىهُمْ بِمَا صَبَرُوْا جَنَّةً وَّحَرِيْرًا ⑫

১২। এবং তাদের ধৈর্যশীলতার বিনিময়ে তাদেরকে প্রতিদান দিবেন জান্নাত ও রেশমী পোশাক-

مُّتَّكِـِٕيْنَ فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ۚ لَا يَرَوْنَ فِيْهَا شَمْسًا وَّلَا زَمْهَرِيْرًا ⑬

১৩। সেখানে তারা উচ্চ আসনসমূহের উপর হেলান দিয়ে বসবে, সেখানে তারা কোন রৌদ্র দেখবে না এবং প্রচণ্ড শীতও না,

وَدَانِيَةً عَلَيْهِمْ ظِلٰلُهَا وَذُلِّلَتْ قُطُوْفُهَا تَذْلِيْلًا ⑭

১৪। তাদের নিকটে থাকবে তার (জান্নাতের) ছায়া এবং তার ফল-মূলকে সম্পূর্ণরূপে তাদের নাগালে নিয়ে আসা হবে।

وَيُطَافُ عَلَيْهِمْ بِاٰنِيَةٍ مِّنْ فِضَّةٍ وَّاَكْوَابٍ كَانَتْ قَوَارِيْرَا ⑮

১৫। তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে রৌপ্য পাত্র এবং স্ফটিক গ্লাস-

قَوَارِيْرَا مِنْ فِضَّةٍ قَدَّرُوْهَا تَقْدِيْرًا ⑯

১৬। রৌপ্য নির্মিত স্ফটিক- তারা (পরিবেশনকারীরা) সেগুলোকে পূর্ণ করে রাখবে।

وَيُسْقَوْنَ فِيْهَا كَاْسًا كَانَ مِزَاجُهَا زَنْجَبِيْلًا ﴿١٧﴾

১৭। সেখানে তাদেরকে পান করানো হবে এমন (সুরাপূর্ণ) পানপাত্র যার মিশ্রণ হবে যান্জাবিল (আদা),

عَيْنًا فِيْهَا تُسَمّٰى سَلْسَبِيْلًا ﴿١٨﴾

১৮। (সুরার উৎস হবে) সেখানকার (জান্নাতের) একটি ঝর্ণা, যার নাম সালসাবীল।

وَيَطُوْفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ ۚ إِذَا رَاَيْتَهُمْ حَسِبْتَهُمْ لُؤْلُؤًا مَّنْثُوْرًا ﴿١٩﴾

১৯। এবং তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করবে চিরকিশোরেরা। যখন তুমি তাদেরকে দেখবে তখন মনে করবে তারা যেন ছড়ানো মুক্তা।

وَإِذَا رَاَيْتَ ثَمَّ رَاَيْتَ نَعِيْمًا وَّمُلْكًا كَبِيْرًا ﴿٢٠﴾

২০। এবং যখনই তুমি তাকাবে, সেখানে দেখতে পাবে নেয়ামত ও বিশাল রাজ্য।

عٰلِيَهُمْ ثِيَابُ سُنْدُسٍ خُضْرٌ وَّإِسْتَبْرَقٌ ۖ وَّحُلُّوْٓا اَسَاوِرَ مِنْ فِضَّةٍ ۚ وَسَقٰىهُمْ رَبُّهُمْ شَرَابًا طَهُوْرًا ﴿٢١﴾

২১। তাদের উপর থাকবে সবুজ মিহি ও পুরু রেশমী পোশাক এবং তারা অলংকৃত হবে রৌপ্য নির্মিত বালা দ্বারা, আর তাদের প্রতিপালক তাদেরকে পান করাবেন বিশুদ্ধ পানীয়।

إِنَّ هٰذَا كَانَ لَكُمْ جَزَآءً وَّكَانَ سَعْيُكُمْ مَّشْكُوْرًا ﴿٢٢﴾

ع ١٩ ١ রুকূ ১৯

২২। নিশ্চয় এটা তোমাদের প্রতিদান এবং তোমাদের প্রচেষ্টা প্রশংসাযোগ্য।

إِنَّا نَحْنُ نَزَّلْنَا عَلَيْكَ الْقُرْاٰنَ تَنْزِيْلًا ﴿٢٣﴾

২৩। নিশ্চয় আমি তোমার প্রতি কুরআন অবতীর্ণ করেছি পর্যায়ক্রমে,

فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِعْ مِنْهُمْ اٰثِمًا اَوْ كَفُوْرًا ﴿٢٤﴾

২৪। সুতরাং তুমি ধৈর্য ধারণ কর তোমার প্রতিপালকের হুকুমের (ফয়সালার) জন্য এবং তাদের মধ্যে কোন পাপী অথবা অকৃতজ্ঞের আনুগত্য করো না,

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَّاَصِيْلًا ﴿٢٥﴾

২৫। এবং তোমার প্রতিপালকের নাম স্মরণ কর সকালে ও সন্ধ্যায়,

وَمِنَ الَّيْلِ فَاسْجُدْ لَهٗ وَسَبِّحْهُ لَيْلًا طَوِيْلًا ﴿٢٦﴾

২৬। এবং রাতের কিছু অংশে তাঁকে সিজদা কর এবং রাত্রির দীর্ঘ সময় তাঁর পবিত্রতা ঘোষণা কর।

إِنَّ هٰٓؤُلَآءِ يُحِبُّوْنَ الْعَاجِلَةَ وَيَذَرُوْنَ وَرَآءَهُمْ يَوْمًا ثَقِيْلًا ﴿٢٧﴾

২৭। নিশ্চয় তারা ভালবাসে নগদকে (দুনিয়ার জীবনকে) এবং তারা ছেড়ে দেয় (উপেক্ষা করে) তাদের সামনে এক কঠিন দিনকে।

نَحْنُ خَلَقْنٰهُمْ وَشَدَدْنَآ اَسْرَهُمْ ۚ وَإِذَا شِئْنَا بَدَّلْنَآ اَمْثَالَهُمْ تَبْدِيْلًا ﴿٢٨﴾

২৮। আমিই তাদেরকে সৃষ্টি করেছি এবং তাদের গঠনকে সুদৃঢ় করেছি, এবং যখন আমি ইচ্ছা করব তখন প্রতিস্থাপন করব তাদের আকৃতি সম্পূর্ণরূপে।

إِنَّ هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ إِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿٢٩﴾

২৯। নিশ্চয় এগুলো উপদেশ, অতএব যার ইচ্ছা সে তার প্রতিপালকের দিকে পথ গ্রহণ করুক।

وَمَا تَشَآءُوْنَ إِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ۚ إِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ﴿٣٠﴾

৩০। আর আল্লাহ্র ইচ্ছা ছাড়া তোমরা ইচ্ছা কর না। নিশ্চয় আল্লাহ্ সর্বজ্ঞানী ও মহা প্রজ্ঞাবান।

يُّدْخِلُ مَنْ يَّشَآءُ فِيْ رَحْمَتِهٖ ۚ وَالظّٰلِمِيْنَ اَعَدَّ لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿٣١﴾

ع ٢٠ ٢ রুকূ ২০

৩১। তিনি যাকে ইচ্ছা করেন তাঁর দয়ার মধ্যে প্রবেশ করান। আর জালিমদের জন্য তিনি প্রস্তুত করেছেন যন্ত্রণাদায়ক শাস্তি।

৭৭. সূরা আল-মুরসালাত, মাক্কী

৫০-আয়াত, ২-রুকু

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧٧-سُوْرَةُ الْمُرْسَلٰت-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥٠، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম কল্যাণরূপে প্রেরিতদের-	وَالْمُرْسَلٰتِ عُرْفًا ۝١
২। এবং (কসম) প্রবলভাবে ধাবমানদের-	فَالْعٰصِفٰتِ عَصْفًا ۝٢
৩। এবং (কসম) পূর্ণরূপে বিস্তারকারীদের-	وَّالنّٰشِرٰتِ نَشْرًا ۝٣
৪। এবং (কসম) পূর্ণরূপে পৃথককারীদের-	فَالْفٰرِقٰتِ فَرْقًا ۝٤
৫। এবং (কসম) উপদেশ অর্পণকারীদের-	فَالْمُلْقِيٰتِ ذِكْرًا ۝٥
৬। অনুশোচনা অথবা সতর্কতাস্বরূপ-	عُذْرًا اَوْ نُذْرًا ۝٦
৭। প্রকৃতই তোমাদেরকে যে প্রতিশ্রুতি* দেয়া হচ্ছে তা অবশ্যই ঘটবে।	اِنَّمَا تُوْعَدُوْنَ لَوَاقِعٌ ۝٧
৮। সুতরাং যখন তারকারাজিকে নিস্প্রভ করা হবে-	فَاِذَا النُّجُوْمُ طُمِسَتْ ۝٨
৯। এবং যখন আকাশকে ফাটিয়ে দেয়া হবে-	وَاِذَا السَّمَآءُ فُرِجَتْ ۝٩
১০। এবং যখন পর্বতমালাকে উৎপাটন করা হবে-	وَاِذَا الْجِبَالُ نُسِفَتْ ۝١٠
১১। এবং যখন রাসূলদের (সাক্ষী দেয়ার) সময় নির্ধারণ করা হবে।	وَاِذَا الرُّسُلُ اُقِّتَتْ ۝١١
১২। এগুলো স্থগিত রাখা হয়েছে কোন্ দিনের জন্য?	لِاَيِّ يَوْمٍ اُجِّلَتْ ۝١٢
১৩। ফয়সালার দিনের জন্য,	لِيَوْمِ الْفَصْلِ ۝١٣
১৪। আর কিসে তোমাকে জানাবে ফয়সালার দিন কী?	وَمَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الْفَصْلِ ۝١٤
১৫। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۝١٥
১৬। আমি কি পূর্ববর্তীদেরকে ধ্বংস করিনি?	اَلَمْ نُهْلِكِ الْاَوَّلِيْنَ ۝١٦
১৭। এরপর আমি পরবর্তীদেরকেও তাদের (পূর্ববর্তীদের) অনুগামী করব।	ثُمَّ نُتْبِعُهُمُ الْاٰخِرِيْنَ ۝١٧
১৮। অপরাধীদের সাথে আমি এরূপই করে থাকি।	كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ ۝١٨

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৯। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿١٩﴾
২০। আমি কি তোমাদেরকে তুচ্ছ পানি থেকে সৃষ্টি করিনি?	اَلَمْ نَخْلُقْكُّمْ مِّنْ مَّآءٍ مَّهِيْنٍ ﴿٢٠﴾
২১। অতঃপর আমি তা রেখেছি নিরাপদ স্থানে-	فَجَعَلْنٰهُ فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ﴿٢١﴾
২২। একটি নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত-	اِلٰى قَدَرٍ مَّعْلُوْمٍ ﴿٢٢﴾
২৩। এবং আমি (এর পরিমাণ) নির্ধারণ করেছি, আর আমি কতই না উত্তম (পরিমাণ) নির্ধারণকারী!	فَقَدَرْنَا ۟ فَنِعْمَ الْقٰدِرُوْنَ ﴿٢٣﴾
২৪। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٢٤﴾
২৫। আমি কি পৃথিবীকে ধারণকারিনী বানাইনি-	اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ كِفَاتًا ﴿٢٥﴾
২৬। জীবিত ও মৃতদের জন্য?	اَحْيَآءً وَّاَمْوَاتًا ﴿٢٦﴾
২৭। এবং এতে আমি বানিয়েছি সুউচ্চ সুদৃঢ় পর্বতমালা এবং তোমাদেরকে পান করিয়েছি সুপেয় পানি।	وَّجَعَلْنَا فِيْهَا رَوَاسِيَ شٰمِخٰتٍ وَّاَسْقَيْنٰكُمْ مَّآءً فُرَاتًا ﴿٢٧﴾
২৮। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٢٨﴾
২৯। চল তারই দিকে যাকে তোমরা মিথ্যা অভিহিত করতে,	اِنْطَلِقُوْٓا اِلٰى مَا كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿٢٩﴾
৩০। চল তিন শাখাবিশিষ্ট (ধোঁয়ার) ছায়ার দিকে-	اِنْطَلِقُوْٓا اِلٰى ظِلٍّ ذِيْ ثَلٰثِ شُعَبٍ ﴿٣٠﴾
৩১। যা না শীতল, আর না অগ্নিশিখা থেকে রক্ষা করে।	لَّا ظَلِيْلٍ وَّلَا يُغْنِيْ مِنَ اللَّهَبِ ﴿٣١﴾
৩২। নিশ্চয় এটি প্রাসাদতুল্য (বৃহৎ) স্ফুলিংগ উৎক্ষেপন করবে,	اِنَّهَا تَرْمِيْ بِشَرَرٍ كَالْقَصْرِ ﴿٣٢﴾
৩৩। যেন তা হলুদ রংয়ের উটের পাল।	كَاَنَّهٗ جِمٰلَتٌ صُفْرٌ ﴿٣٣﴾
৩৪। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٣٤﴾
৩৫। এটা এমন একদিন যেদিন তারা কথা বলবে না-	هٰذَا يَوْمُ لَا يَنْطِقُوْنَ ﴿٣٥﴾
৩৬। এবং তাদেরকে অজুহাত পেশ করার অনুমতি দেয়া হবে না।	وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُوْنَ ﴿٣٦﴾
৩৭। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٣٧﴾
৩৮। এটাই ফয়সালার দিন, আমি একত্র করেছি তোমাদেরকে এবং পূর্ববর্তীদেরকে।	هٰذَا يَوْمُ الْفَصْلِ ۚ جَمَعْنٰكُمْ وَالْاَوَّلِيْنَ ﴿٣٨﴾

৩৯। সুতরাং যদি তোমাদের কোন কৌশল থাকে তাহলে আমার বিরুদ্ধে কৌশল কর।	فَاِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكِيْدُوْنِ ﴿٣٩﴾
৪০। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٠﴾
৪১। নিশ্চয় মুত্তাকীরা থাকবে ছায়া ও ঝর্ণাসমূহের মাঝে-	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ ظِلٰلٍ وَّعُيُوْنٍ ﴿٤١﴾
৪২। এবং ফল-মূলের মাঝে যা তারা আকাঙ্ক্ষা করবে।	وَّفَوَاكِهَ مِمَّا يَشْتَهُوْنَ ﴿٤٢﴾
৪৩। তোমরা আহার কর ও পান কর তৃপ্তির সাথে, তোমরা যা করতে তার বিনিময়ে।	كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـًٔا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٤٣﴾
৪৪। নিশ্চয় এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।	اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿٤٤﴾
৪৫। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٥﴾
৪৬। তোমরা আহার কর ও সামান্য ভোগ করে নাও, নিশ্চয় তোমরা অপরাধী।	كُلُوْا وَتَمَتَّعُوْا قَلِيْلًا اِنَّكُمْ مُّجْرِمُوْنَ ﴿٤٦﴾
৪৭। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٧﴾
৪৮। যখন তাদেরকে বলা হয়, রুকু কর তখন তারা রুকু করে না।	وَاِذَا قِيْلَ لَهُمُ ارْكَعُوْا لَا يَرْكَعُوْنَ ﴿٤٨﴾
৪৯। সেদিন মিথ্যা অভিহিতকারীদের জন্য রয়েছে দুর্ভোগ।	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٩﴾
৫০। সুতরাং এর (অর্থাৎ কুরআনের) পরে তারা আর কোন্ কথায় ঈমান আনবে!	فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَهٗ يُؤْمِنُوْنَ ﴿٥٠﴾

٧٨-سُوْرَةُ النَّبَا-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٤٠، رُكُوْعَاتُهَا-٢
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৭৮. সূরা আন-নাবা, মাক্কী
৪০ আয়াত, ২ রুকূ
অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

পারা-৩০

১। তারা কী বিষয়ে পরস্পর জিজ্ঞাসাবাদ করছে?*	عَمَّ يَتَسَآءَلُوْنَ ۝١
২। সেই মহা সংবাদ সম্পর্কে-	عَنِ النَّبَإِ الْعَظِيْمِ ۝٢
৩। যে বিষয়ে তারা মতপার্থক্যে লিপ্ত।*	الَّذِىْ هُمْ فِيْهِ مُخْتَلِفُوْنَ ۝٣
৪। কক্ষনো না, শীঘ্রই তারা জানতে পারবে-	كَلَّا سَيَعْلَمُوْنَ ۝٤
৫। আবার (বলছি) কক্ষনো না, শীঘ্রই তারা জানতে পারবে।	ثُمَّ كَلَّا سَيَعْلَمُوْنَ ۝٥
৬। আমি কি বানাইনি যমীনকে বিছানা-*	اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مِهٰدًا ۝٦
৭। এবং পর্বতমালাকে পেরেক?	وَّالْجِبَالَ اَوْتَادًا ۝٧
৮। এবং আমি তোমাদেরকে সৃষ্টি করেছি জোড়ায় জোড়ায়-	وَّخَلَقْنٰكُمْ اَزْوَاجًا ۝٨
৯। এবং তোমাদের ঘুমকে বানিয়েছি বিশ্রাম-	وَّجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ۝٩
১০। এবং রাতকে বানিয়েছি আবরণ-	وَّجَعَلْنَا الَّيْلَ لِبَاسًا ۝١٠
১১। এবং দিনকে বানিয়েছি কর্মব্যস্ত,	وَّجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ۝١١
১২। এবং আমি তোমাদের উপরে নির্মাণ করেছি সুদৃঢ় সাতটি আকাশ-	وَّبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ۝١٢
১৩। এবং বানিয়েছি অতি উজ্জ্বল প্রদীপ (সূর্য)-	وَّجَعَلْنَا سِرَاجًا وَّهَّاجًا ۝١٣
১৪। এবং পানিবাহী মেঘমালা থেকে অবতীর্ণ করেছি প্রচুর পানি-	وَّاَنْزَلْنَا مِنَ الْمُعْصِرٰتِ مَآءً ثَجَّاجًا ۝١٤
১৫। এ জন্য যে, উৎপন্ন করি আমি তা দিয়ে শস্য দানা ও উদ্ভিদ-	لِّنُخْرِجَ بِهٖ حَبًّا وَّنَبَاتًا ۝١٥
১৬। এবং ঘন সন্নিবিষ্ট উদ্যানসমূহ।	وَّجَنّٰتٍ اَلْفَافًا ۝١٦
১৭। নিশ্চয় ফয়সালার দিন একটি নির্ধারিত সময়-	اِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيْقَاتًا ۝١٧

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১৮। যেদিন শিঙ্গায় ফুঁ দেয়া হবে এবং তোমরা উপস্থিত হবে দলে দলে-	يَّوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ فَتَاْتُوْنَ اَفْوَاجًا ﴿١٨﴾
১৯। এবং আকাশকে খুলে দেয়া হবে এবং তা বহু দরজায় পরিণত হবে-	وَّفُتِحَتِ السَّمَآءُ فَكَانَتْ اَبْوَابًا ﴿١٩﴾
২০। এবং পর্বতমালাকে চালিত করা হবে, ফলে তা মরীচিকার মত হয়ে যাবে।	وَّسُيِّرَتِ الْجِبَالُ فَكَانَتْ سَرَابًا ﴿٢٠﴾
২১। নিশ্চয় জাহান্নাম অপেক্ষায় আছে-	اِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا ﴿٢١﴾
২২। সীমালঙ্ঘনকারীদের প্রত্যাবর্তনস্থল হিসেবে-	لِّلطّٰغِيْنَ مَاٰبًا ﴿٢٢﴾
২৩। সেখানে তারা হবে বহু যুগ ধরে অবস্থানকারী,	لّٰبِثِيْنَ فِيْهَآ اَحْقَابًا ﴿٢٣﴾
২৪। সেখানে না তারা আস্বাদন করবে কোন ঠাণ্ডা আর না কোন পানীয়-	لَا يَذُوْقُوْنَ فِيْهَا بَرْدًا وَّلَا شَرَابًا ﴿٢٤﴾
২৫। উত্তপ্ত পানি ও পুঁজ ছাড়া-	اِلَّا حَمِيْمًا وَّغَسَّاقًا ﴿٢٥﴾
২৬। এটাই তাদের উপযুক্ত প্রতিফল।	جَزَآءً وِّفَاقًا ﴿٢٦﴾
২৭। নিশ্চয় তারা হিসাবের আশা করত না-	اِنَّهُمْ كَانُوْا لَا يَرْجُوْنَ حِسَابًا ﴿٢٧﴾
২৮। এবং তারা আমার আয়াতসমূহকে সম্পূর্ণরূপে মিথ্যা অভিহিত করত।	وَّكَذَّبُوْا بِاٰيٰتِنَا كِذَّابًا ﴿٢٨﴾
২৯। এবং সবকিছুই আমি সংরক্ষণ করেছি (লিখিত আকারে) কিতাব হিসেবে-	وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ كِتٰبًا ﴿٢٩﴾
৩০। অতএব তোমরা স্বাদ গ্রহণ কর, আমি তোমাদের শাস্তিই শুধু বৃদ্ধি করব।	فَذُوْقُوْا فَلَنْ نَّزِيْدَكُمْ اِلَّا عَذَابًا ﴿٣٠﴾
৩১। নিশ্চয় মুত্তাকীদের জন্য রয়েছে সাফল্য-	اِنَّ لِلْمُتَّقِيْنَ مَفَازًا ﴿٣١﴾
৩২। উদ্যানসমূহ ও আঙ্গুর-	حَدَآئِقَ وَاَعْنَابًا ﴿٣٢﴾
৩৩। এবং সমবয়সী নব্য যুবতীরা -	وَّكَوَاعِبَ اَتْرَابًا ﴿٣٣﴾
৩৪। এবং সুরাপূর্ণ পানপাত্র।	وَّكَاْسًا دِهَاقًا ﴿٣٤﴾
৩৫। সেখানে না তারা শুনবে কোন অসার কথা আর না তারা শুনবে কোন মিথ্যা।	لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا وَّلَا كِذّٰبًا ﴿٣٥﴾
৩৬। (এ সবই) তোমার প্রতিপালকের পক্ষ থেকে প্রতিদান-যথার্থ উপহার-	جَزَآءً مِّنْ رَّبِّكَ عَطَآءً حِسَابًا ﴿٣٦﴾
৩৭। যিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার প্রতিপালক, যিনি অসীম দয়াময়, তাঁকে সম্বোধন করতে তারা সক্ষম হবে না,	رَّبِّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الرَّحْمٰنِ لَا يَمْلِكُوْنَ مِنْهُ خِطَابًا ﴿٣٧﴾

ع ١ ركوع ١

يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ وَالْمَلٰٓئِكَةُ صَفًّا ۙ لَّا يَتَكَلَّمُوْنَ اِلَّا مَنْ اَذِنَ لَهُ الرَّحْمٰنُ وَقَالَ صَوَابًا ﴿٣٨﴾

৩৮। যেদিন রূহ* ও ফেরেশতারা সারিবদ্ধভাবে দাঁড়াবে; দয়াময় যাকে অনুমতি দিবেন সে ছাড়া তারা (কেউ) কথা বলবে না এবং সে সঠিক বলবে।

ذٰلِكَ الْيَوْمُ الْحَقُّ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ مَاٰبًا ﴿٣٩﴾

৩৯। সেই দিনটি সত্য, অতএব যে ইচ্ছা করে সে তার প্রতিপালকের দিকে প্রত্যাবর্তনস্থল গ্রহণ করুক।

اِنَّآ اَنْذَرْنٰكُمْ عَذَابًا قَرِيْبًا ۚ يَّوْمَ يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدٰهُ وَيَقُوْلُ الْكٰفِرُ يٰلَيْتَنِىْ كُنْتُ تُرٰبًا ﴿٤٠﴾

ع ٢ ١٢ রুকু

৪০। নিশ্চয় আমি তোমাদেরকে নিকটবর্তী শাস্তি সম্পর্কে সতর্ক করলাম, যেদিন মানুষ তার কৃতকর্ম প্রত্যক্ষ করবে এবং কাফির ব্যক্তি বলবে, 'হায়, আমি যদি মাটি হয়ে যেতাম!'

৭৯. সূরা আন-নাযি'আত, মাক্কী

৪৬ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٧٩-سُوْرَةُ النّٰزِعٰت-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٤٦، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম তাদের (অর্থাৎ ফেরেশতাদের) যারা ডুব দিয়ে (কঠিনভাবে) হরণ করে (পাপীদের প্রাণ)-	وَالنّٰزِعٰتِ غَرْقًا ۝١
২। কসম তাদের যারা সহজভাবে (পূণ্যবানদের রূহের) বাঁধন খুলে দেয়-	وَّالنّٰشِطٰتِ نَشْطًا ۝٢
৩। কসম তাদের যারা (রূহ্ নিয়ে) দ্রুত গতিতে (আকাশের দিকে) সাঁতার কেটে যায়-	وَّالسّٰبِحٰتِ سَبْحًا ۝٣
৪। এবং (কসম তাদের) যারা (রূহ্ গ্রহণ করতে) দ্রুত বেগে অগ্রসর হয়-	فَالسّٰبِقٰتِ سَبْقًا ۝٤
৫। এবং (কসম তাদের) যারা (সকল) কর্ম ব্যবস্থাপনায় নিয়োজিত।	فَالْمُدَبِّرٰتِ اَمْرًا ۝٥
৬। যেদিন প্রকম্পিত করবে প্রকম্পনকারী (প্রথম শিঙ্গা ফুঁ)-	يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ۝٦
৭। তাকে অনুসরণ করবে পরবর্তীটি (দ্বিতীয় শিঙ্গা ফুঁ)।	تَتْبَعُهَا الرَّادِفَةُ ۝٧
৮। সেদিন কতক হৃদয় সন্ত্রস্ত হবে-	قُلُوْبٌ يَّوْمَئِذٍ وَّاجِفَةٌ ۝٨
৯। তাদের দৃষ্টি হবে অবনত।	اَبْصَارُهَا خَاشِعَةٌ ۝٩
১০। তারা বলে, 'আমাদেরকে কি পূর্বাবস্থায় (পুনরুত্থিত করে) ফিরিয়ে আনা হবে*?	يَقُوْلُوْنَ ءَاِنَّا لَمَرْدُوْدُوْنَ فِى الْحَافِرَةِ ۝١٠
১১। আমরা যখন ক্ষয়প্রাপ্ত হাড়ে পরিণত হব তখনও?'	ءَاِذَا كُنَّا عِظَامًا نَّخِرَةً ۝١١
১২। তারা বলে, '(তাই যদি হয়) তবে সেটা হবে এক ক্ষতিকর প্রত্যাবর্তন।'	قَالُوْا تِلْكَ اِذًا كَرَّةٌ خَاسِرَةٌ ۝١٢
১৩। সেটা কেবল এক বিকট শব্দ*-	فَاِنَّمَا هِىَ زَجْرَةٌ وَّاحِدَةٌ ۝١٣
১৪। এবং তৎক্ষণাৎ তারা খোলা ময়দানে উপস্থিত হবে।	فَاِذَا هُمْ بِالسَّاهِرَةِ ۝١٤
১৫। তোমার কাছে মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি*?	هَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ۝١٥
১৬। যখন তার প্রতিপালক তাকে পবিত্র তুওয়া উপত্যকায় ডেকে বলেছিলেন,	اِذْ نَادٰىهُ رَبُّهٗ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ۝١٦
১৭। ফিরআউনের কাছে যাও, নিশ্চয় সে সীমালঙ্ঘন করেছে,	اِذْهَبْ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى ۝١٧
১৮। অতঃপর বল, 'তোমার আগ্রহ আছে কি যে, তুমি পরিশুদ্ধ হবে-	فَقُلْ هَلْ لَّكَ اِلٰٓى اَنْ تَزَكّٰى ۝١٨

১৯। এবং আমি তোমাকে তোমার প্রতিপালকের দিকে পথ প্রদর্শন করব- অতঃপর তাকে ভয় করবে?'	وَاَهْدِيَكَ اِلٰى رَبِّكَ فَتَخْشٰى ﴿١٩﴾
২০। অতঃপর সে তাকে সবচেয়ে বড় নিদর্শনটি দেখাল,	فَاَرٰىهُ الْاٰيَةَ الْكُبْرٰى ﴿٢٠﴾
২১। কিন্তু সে (একে) মিথ্যা বলল এবং অমান্য করল,	فَكَذَّبَ وَعَصٰى ﴿٢١﴾
২২। এরপর সে পিছনে ফিরে (ষড়যন্ত্রে) সচেষ্ট হল,	ثُمَّ اَدْبَرَ يَسْعٰى ﴿٢٢﴾
২৩। অতঃপর সে (সকলকে) একত্র করল এবং উচ্চস্বরে ঘোষণা করল,	فَحَشَرَ فَنَادٰى ﴿٢٣﴾
২৪। এবং বলল, 'আমিই তোমাদের সর্বোচ্চ প্রতিপালক',	فَقَالَ اَنَا رَبُّكُمُ الْاَعْلٰى ﴿٢٤﴾
২৫। অতঃপর আল্লাহ্ তাকে পরকাল ও ইহকালের দৃষ্টান্তমূলক শাস্তিতে পাকড়াও করলেন।	فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ﴿٢٥﴾
২৬। নিশ্চয় এতে অবশ্যই শিক্ষা রয়েছে তার জন্য যে ভয় করে।	اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّمَنْ يَّخْشٰى ﴿٢٦﴾
২৭। তোমরা কঠিনতর সৃষ্টি নাকি আকাশ যা তিনি নির্মাণ করেছেন?	ءَاَنْتُمْ اَشَدُّ خَلْقًا اَمِ السَّمَآءُ بَنٰىهَا ﴿٢٧﴾
২৮। তিনি উঁচু করেছেন এর উচ্চতাকে, অতঃপর একে সুবিন্যস্ত করেছেন-	رَفَعَ سَمْكَهَا فَسَوّٰىهَا ﴿٢٨﴾
২৯। এবং অন্ধকার করেছেন এর রাতকে এবং বের করেছেন এর দিবালোক,	وَاَغْطَشَ لَيْلَهَا وَاَخْرَجَ ضُحٰىهَا ﴿٢٩﴾
৩০। এবং এর পরে পৃথিবীকে বিস্তৃত করেছেন।	وَالْاَرْضَ بَعْدَ ذٰلِكَ دَحٰىهَا ﴿٣٠﴾
৩১। তিনি বের করেছেন তা থেকে তার পানি ও তার চারণভূমি,	اَخْرَجَ مِنْهَا مَآءَهَا وَمَرْعٰىهَا ﴿٣١﴾
৩২। এবং তাতে দৃঢ়ভাবে স্থাপন করেছেন পর্বতমালা-	وَالْجِبَالَ اَرْسٰىهَا ﴿٣٢﴾
৩৩। ভোগ্যসামগ্রীরূপে তোমাদের জন্য এবং তোমাদের গবাদি পশুর জন্য।	مَتَاعًا لَّكُمْ وَلِاَنْعَامِكُمْ ﴿٣٣﴾
৩৪। অতঃপর যখন মহাসঙ্কট এসে পড়বে,	فَاِذَا جَآءَتِ الطَّآمَّةُ الْكُبْرٰى ﴿٣٤﴾
৩৫। যেদিন মানুষ স্মরণ করবে যা সে প্রচেষ্টা চালিয়েছিল-	يَوْمَ يَتَذَكَّرُ الْاِنْسَانُ مَا سَعٰى ﴿٣٥﴾
৩৬। এবং প্রকাশ করা হবে তীব্র আগুনকে (জাহান্নামকে) তার জন্য যে দেখবে।	وَبُرِّزَتِ الْجَحِيْمُ لِمَنْ يَّرٰى ﴿٣٦﴾
৩৭। সুতরাং যে সীমালঙ্ঘন করেছে-	فَاَمَّا مَنْ طَغٰى ﴿٣٧﴾
৩৮। এবং দুনিয়ার জীবনকে অগ্রাধিকার দিয়েছে-	وَاٰثَرَ الْحَيٰوةَ الدُّنْيَا ﴿٣٨﴾

রুকূ ১ ৩

فَاِنَّ الْجَحِيْمَ هِيَ الْمَاْوٰى ﴿٣٩﴾

৩৯। তীব্র আগুনই হবে তার আশ্রয়স্থল।

وَاَمَّا مَنْ خَافَ مَقَامَ رَبِّهٖ وَنَهَى النَّفْسَ عَنِ الْهَوٰى ﴿٤٠﴾

৪০। পক্ষান্তরে যে তার প্রতিপালকের অবস্থানকে ভয় করেছে এবং নিজকে কুপ্রবৃত্তি থেকে বিরত রেখেছে-

فَاِنَّ الْجَنَّةَ هِيَ الْمَاْوٰى ﴿٤١﴾

৪১। জান্নাতই হবে তার আশ্রয়স্থল।

يَسْـَٔلُوْنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ مُرْسٰهَا ﴿٤٢﴾

৪২। তারা তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে- কখন তা ঘটবে।

فِيْمَ اَنْتَ مِنْ ذِكْرٰهَا ﴿٤٣﴾

৪৩। তুমি এর (সময়) উল্লেখ করার কেউ নও।

اِلٰى رَبِّكَ مُنْتَهٰهَا ﴿٤٤﴾

৪৪। এর চূড়ান্ত জ্ঞান তোমার প্রতিপালকেরই কাছে রয়েছে।

اِنَّمَآ اَنْتَ مُنْذِرُ مَنْ يَّخْشٰهَا ﴿٤٥﴾

৪৫। তুমি কেবল সতর্ককারী তার যে একে ভয় করে।

كَاَنَّهُمْ يَوْمَ يَرَوْنَهَا لَمْ يَلْبَثُوْٓا اِلَّا عَشِيَّةً اَوْ ضُحٰهَا ﴿٤٦﴾

৪৬। যেদিন তারা এটা দেখবে (সেদিন তাদের মনে হবে) তারা যেন এক সন্ধ্যা অথবা এর (অর্থাৎ দিনের) এক সকাল ব্যতীত অবস্থান করেনি।

রুকূ ২

৮০. সূরা আবাসা, মাক্কী
৪২ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٠-سُوْرَةُ عَبَسَ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٤٢، رُكُوْعُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। সে ভ্রু কুচকালো এবং মুখ ফিরিয়ে নিল-	عَبَسَ وَتَوَلّٰٓى ۝١
২। এজন্য যে, তার নিকট অন্ধ লোকটি* আসল।	اَنْ جَآءَهُ الْاَعْمٰى ۝٢
৩। আর কিসে তোমাকে জানাবে, সে হয়ত পরিশুদ্ধ হত-	وَمَا يُدْرِيْكَ لَعَلَّهٗ يَزَّكّٰٓى ۝٣
৪। অথবা উপদেশ গ্রহণ করত, ফলে উপদেশ তাকে উপকার দিত?	اَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرٰى ۝٤
৫। পক্ষান্তরে যে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করল-	اَمَّا مَنِ اسْتَغْنٰى ۝٥
৬। তুমি তার প্রতি মনোযোগ দিলে।	فَاَنْتَ لَهٗ تَصَدّٰى ۝٦
৭। অথচ সে পরিশুদ্ধ না হলে তোমার কোন দায়িত্ব নেই।	وَمَا عَلَيْكَ اَلَّا يَزَّكّٰى ۝٧
৮। পক্ষান্তরে যে তোমার কাছে দৌড়ে আসল-	وَاَمَّا مَنْ جَآءَكَ يَسْعٰى ۝٨
৯। এবং সে ভয় করে (আল্লাহ্‌কে)-	وَهُوَ يَخْشٰى ۝٩
১০। তুমি তার প্রতি অমনোযোগী হলে,	فَاَنْتَ عَنْهُ تَلَهّٰى ۝١٠
১১। কক্ষনো না, নিশ্চয় এগুলো উপদেশ,	كَلَّآ اِنَّهَا تَذْكِرَةٌ ۝١١
১২। অতএব যে ইচ্ছা করবে সে এটি (অর্থাৎ কুরআন) স্মরণে রাখবে।	فَمَنْ شَآءَ ذَكَرَهٗ ۝١٢
১৩। (এটি লিপিবদ্ধ আছে) মর্যাদাসম্পন্ন সহীফাসমূহে (পুস্তিকাসমূহে)-	فِيْ صُحُفٍ مُّكَرَّمَةٍ ۝١٣
১৪। যা সমুন্নত ও পূতপবিত্র-	مَّرْفُوْعَةٍ مُّطَهَّرَةٍ ۝١٤
১৫। (যা লিপিবদ্ধ) এমন লেখকদের হাতে-	بِاَيْدِيْ سَفَرَةٍ ۝١٥
১৬। যারা সম্মানিত ও সৎ।	كِرَامٍۭ بَرَرَةٍ ۝١٦
১৭। মানুষ ধ্বংস হোক, সে কতই না অকৃতজ্ঞ!	قُتِلَ الْاِنْسَانُ مَآ اَكْفَرَهٗ ۝١٧
১৮। তিনি তাকে কোন্ বস্তু থেকে সৃষ্টি করেছেন?	مِنْ اَيِّ شَيْءٍ خَلَقَهٗ ۝١٨
১৯। -বীর্য বিন্দু থেকে। তিনি তাকে সৃষ্টি করেছেন, অতঃপর তাকে পরিমিত করেছেন-	مِنْ نُّطْفَةٍ خَلَقَهٗ فَقَدَّرَهٗ ۝١٩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

২০। এরপর (বের হওয়ার) পথকে সহজ করে দিয়েছেন*-	ثُمَّ السَّبِيْلَ يَسَّرَهٗ ۙ﴿٢٠﴾
২১। এরপর তার মৃত্যু ঘটান এবং তাকে কবরস্থ করেন-	ثُمَّ اَمَاتَهٗ فَاَقْبَرَهٗ ۙ﴿٢١﴾
২২। এরপর যখন তিনি ইচ্ছা করবেন, তাকে পুনর্জীবিত করবেন।	ثُمَّ اِذَا شَآءَ اَنْشَرَهٗ ؕ﴿٢٢﴾
২৩। কক্ষনো না, তিনি তাকে যা নির্দেশ দিয়েছেন সে তা পালন করেনি।	كَلَّا لَمَّا يَقْضِ مَآ اَمَرَهٗ ؕ﴿٢٣﴾
২৪। অতঃপর মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক*-	فَلْيَنْظُرِ الْاِنْسَانُ اِلٰى طَعَامِهٖٓ ۙ﴿٢٤﴾
২৫। যে, আমি পানি বর্ষণ করি পর্যাপ্ত পরিমাণে-	اَنَّا صَبَبْنَا الْمَآءَ صَبًّا ۙ﴿٢٥﴾
২৬। এরপর আমি যমীনকে বিদীর্ণ করি যথার্থরূপে-	ثُمَّ شَقَقْنَا الْاَرْضَ شَقًّا ۙ﴿٢٦﴾
২৭। অতঃপর আমি তাতে উৎপন্ন করি শস্যদানা-	فَاَنْۢبَتْنَا فِيْهَا حَبًّا ۙ﴿٢٧﴾
২৮। এবং আঙ্গুর ও শাক-সবজি-	وَّعِنَبًا وَّقَضْبًا ۙ﴿٢٨﴾
২৯। এবং যায়তূন ও খেজুর-	وَّزَيْتُوْنًا وَّنَخْلًا ۙ﴿٢٩﴾
৩০। এবং ঘন বাগান-	وَّحَدَآئِقَ غُلْبًا ۙ﴿٣٠﴾
৩১। এবং ফল-মূল ও তৃণলতা-	وَّفَاكِهَةً وَّاَبًّا ۙ﴿٣١﴾
৩২। তোমাদের জন্য এবং তোমাদের গবাদি পশুর জন্য ভোগ্যসামগ্রীরূপে।	مَّتَاعًا لَّكُمْ وَلِاَنْعَامِكُمْ ؕ﴿٣٢﴾
৩৩। অতঃপর যখন সেই কানফাটানো আওয়াজ এসে যাবে,	فَاِذَا جَآءَتِ الصَّآخَّةُ ۫﴿٣٣﴾
৩৪। সেদিন মানুষ পালাবে তার ভাই থেকে-	يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ اَخِيْهِ ۙ﴿٣٤﴾
৩৫। এবং তার মাতা ও তার পিতা থেকে-	وَاُمِّهٖ وَاَبِيْهِ ۙ﴿٣٥﴾
৩৬। এবং তার স্ত্রী ও তার সন্তানদের থেকে।	وَصَاحِبَتِهٖ وَبَنِيْهِ ؕ﴿٣٦﴾
৩৭। সেদিন তাদের প্রত্যেকের অবস্থা এমন হবে যে, সে কেবল নিজেকে নিয়েই ব্যস্ত থাকবে।	لِكُلِّ امْرِئٍ مِّنْهُمْ يَوْمَئِذٍ شَاْنٌ يُّغْنِيْهِ ؕ﴿٣٧﴾
৩৮। সেদিন কতক চেহারা হবে উজ্জ্বল-	وُجُوْهٌ يَّوْمَئِذٍ مُّسْفِرَةٌ ۙ﴿٣٨﴾
৩৯। সহাস্য ও প্রফুল্ল,	ضَاحِكَةٌ مُّسْتَبْشِرَةٌ ۚ﴿٣٩﴾
৪০। এবং সেদিন কতক চেহারা হবে ধূলিময়-	وَوُجُوْهٌ يَّوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ۙ﴿٤٠﴾
৪১। মলিনতা সেসব চেহারাকে আচ্ছন্ন করবে।	تَرْهَقُهَا قَتَرَةٌ ؕ﴿٤١﴾
৪২। তারাই পাপী কাফির।	اُولٰٓئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ ۚ﴿٤٢﴾

ع ١ ٤٢ ٥ ١ রুকু ৫

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

٨١-سُوْرَةُ التَّكْوِيْرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٩، رُكُوْعَاتُهَا-٢

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৮১. সূরা আত-তাকভীর, মাক্কী

২৯ আয়াত, ২ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। যখন সূর্যকে গুটিয়ে নেয়া হবে-	اِذَا الشَّمْسُ كُوِّرَتْ ۝١
২। এবং যখন তারকারাজি খসে পড়বে-	وَاِذَا النُّجُوْمُ انْكَدَرَتْ ۝٢
৩। এবং যখন পর্বতমালাকে চালিত করা হবে-	وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ ۝٣
৪। এবং যখন পূর্ণগর্ভা উষ্ট্রীসমূহকে উপেক্ষা করা হবে-	وَاِذَا الْعِشَارُ عُطِّلَتْ ۝٤
৫। এবং যখন বন্যপশুদেরকে একত্র করা হবে-	وَاِذَا الْوُحُوْشُ حُشِرَتْ ۝٥
৬। এবং যখন সমুদ্রসমূহকে স্ফীত করা হবে-	وَاِذَا الْبِحَارُ سُجِّرَتْ ۝٦
৭। এবং যখন আত্মাসমূহকে সংযোজিত করা হবে-	وَاِذَا النُّفُوْسُ زُوِّجَتْ ۝٧
৮। এবং যখন জীবন্ত প্রোথিত কন্যাকে জিজ্ঞাসা করা হবে-	وَاِذَا الْمَوْءٗدَةُ سُئِلَتْ ۝٨
৯। কোন্ অপরাধে তাকে হত্যা করা হয়েছিল,	بِاَيِّ ذَنْۢبٍ قُتِلَتْ ۝٩
১০। এবং যখন সহীফাসমূহকে (আমলনামাসমূহকে) উন্মোচন করা হবে-	وَاِذَا الصُّحُفُ نُشِرَتْ ۝١٠
১১। এবং যখন আকাশকে অনাবৃত করা হবে-	وَاِذَا السَّمَآءُ كُشِطَتْ ۝١١
১২। এবং যখন জাহান্নামকে প্রজ্জ্বলিত করা হবে-	وَاِذَا الْجَحِيْمُ سُعِّرَتْ ۝١٢
১৩। এবং যখন জান্নাতকে নিকটবর্তী করা হবে-	وَاِذَا الْجَنَّةُ اُزْلِفَتْ ۝١٣
১৪। তখন প্রত্যেকে জানবে সে কী উপস্থিত করেছে।	عَلِمَتْ نَفْسٌ مَّآ اَحْضَرَتْ ۝١٤
১৫। অতঃপর না আমি কসম করছি পশ্চাদ্‌গামী-	فَلَآ اُقْسِمُ بِالْخُنَّسِ ۝١٥
১৬। ভ্রাম্যমান, অদৃশ্যমান (নক্ষত্রের)-	الْجَوَارِ الْكُنَّسِ ۝١٦
১৭। কসম রাতের যখন তার অবসান হয়-	وَالَّيْلِ اِذَا عَسْعَسَ ۝١٧
১৮। কসম প্রভাতের যখন তা (দিনের আলোয়) শ্বাস নেয়-	وَالصُّبْحِ اِذَا تَنَفَّسَ ۝١٨

১৯। নিশ্চয় এটি (কুরআন) অবশ্যই সম্মানিত রাসূলের (জিবরাঈল আনীত) কথা-

اِنَّهٗ لَقَوْلُ رَسُوْلٍ كَرِيْمٍ ۙ﴿١٩﴾

২০। যে শক্তিশালী, আরশের মালিকের নিকট মর্যাদাসম্পন্ন-

ذِىْ قُوَّةٍ عِنْدَ ذِى الْعَرْشِ مَكِيْنٍ ۙ﴿٢٠﴾

২১। সেখানে (ঊর্ধ্ব জগতে)মান্যবর ও বিশ্বাসভাজন*।

مُّطَاعٍ ثَمَّ اَمِيْنٍ ؕ﴿٢١﴾

২২। এবং তোমাদের সাথী (মুহাম্মদ) পাগল নয়,

وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُوْنٍ ۚ﴿٢٢﴾

২৩। এবং অবশ্যই সে তাকে (জিবরাঈলকে) স্পষ্ট দিগন্তে দেখেছে,

وَلَقَدْ رَاٰهُ بِالْاُفُقِ الْمُبِيْنِ ۚ﴿٢٣﴾

২৪। এবং সে অদৃশ্য বিষয় সম্পর্কে কৃপণ নয়,

وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ ۚ﴿٢٤﴾

২৫। এবং এটি বিতাড়িত শয়তানের কথা নয়-

وَمَا هُوَ بِقَوْلِ شَيْطٰنٍ رَّجِيْمٍ ۙ﴿٢٥﴾

২৬। সুতরাং তোমরা কোথায় যাচ্ছ?

فَاَيْنَ تَذْهَبُوْنَ ؕ﴿٢٦﴾

২৭। এটি (কুরআন) জগৎসমূহের জন্য একটি উপদেশ ছাড়া আর কিছু নয়-

اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ۙ﴿٢٧﴾

২৮। তার জন্য, যে তোমাদের মধ্যে সরল-সঠিক পথে চলতে চায়।

لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّسْتَقِيْمَ ؕ﴿٢٨﴾

ع ١ ٢٩ ٦ ١ রুকূ ৬

২৯। আর জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্‌র ইচ্ছা ছাড়া তোমরা ইচ্ছা কর না।

وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ۚ﴿٢٩﴾

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৮২. সূরা আল-ইনফিতার, মাক্কী
১৯ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٢-سُوْرَةُ الْإِنْفِطَارِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-١٩، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ ۝١

১। যখন আকাশ ভেঙ্গে যাবে-

وَاِذَا الْكَوَاكِبُ انْتَثَرَتْ ۝٢

২। এবং যখন নক্ষত্ররাজি বিক্ষিপ্তভাবে ঝরে পড়বে-

وَاِذَا الْبِحَارُ فُجِّرَتْ ۝٣

৩। এবং যখন সমুদ্রসমূহকে বিস্ফোরিত করা হবে-

وَاِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ۝٤

৪। এবং যখন কবরসমূহকে উন্মোচিত করা হবে-

عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَاَخَّرَتْ ۝٥

৫। তখন প্রত্যেকে জানবে, সে কী অগ্রে পাঠিয়েছে এবং কী পিছনে রেখে গেছে।

يٰٓاَيُّهَا الْاِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيْمِ ۝٦

৬। হে মানুষ! কিসে তোমাকে তোমার মহানুভব প্রতিপালক সম্বন্ধে প্রতারিত করল-

الَّذِىْ خَلَقَكَ فَسَوّٰكَ فَعَدَلَكَ ۝٧

৭। যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুগঠিত করেছেন এবং তোমাকে ভারসাম্যপূর্ণ করেছেন-

فِىْٓ اَىِّ صُوْرَةٍ مَّا شَآءَ رَكَّبَكَ ۝٨

৮। যে আকৃতিতেই চেয়েছেন সেভাবেই তোমাকে গঠন করেছেন?

كَلَّا بَلْ تُكَذِّبُوْنَ بِالدِّيْنِ ۝٩

৯। কক্ষনো না, বরং তোমরা বিচার দিনকে অস্বীকার করে থাক-

وَاِنَّ عَلَيْكُمْ لَحٰفِظِيْنَ ۝١٠

১০। এবং নিশ্চয় তোমাদের উপর অবশ্যই রয়েছে সংরক্ষণকারীরা-

كِرَامًا كَاتِبِيْنَ ۝١١

১১। সম্মানিত লেখকবৃন্দ-

يَعْلَمُوْنَ مَا تَفْعَلُوْنَ ۝١٢

১২। তারা জানে যা তোমরা কর।

اِنَّ الْاَبْرَارَ لَفِىْ نَعِيْمٍ ۝١٣

১৩। নিশ্চয় পুণ্যবানরা অবশ্যই থাকবে নেয়ামতের মধ্যে,

وَاِنَّ الْفُجَّارَ لَفِىْ جَحِيْمٍ ۝١٤

১৪। এবং নিশ্চয় পাপীরা অবশ্যই থাকবে জাহান্নামে,

يَّصْلَوْنَهَا يَوْمَ الدِّيْنِ ۝١٥

১৫। বিচার দিনে তারা তাতে প্রবেশ করবে।

وَمَا هُمْ عَنْهَا بِغَآئِبِيْنَ ۝١٦

১৬। এবং তা থেকে তারা অনুপস্থিত থাকতে পারবে না।

وَمَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الدِّيْنِ ۝١٧

১৭। এবং কিসে তোমাকে জানাবে বিচারের দিন কী?

ثُمَّ مَآ اَدْرٰىكَ مَا يَوْمُ الدِّيْنِ ۝١٨

১৮। আবার (বলছি) কিসে তোমাকে জানাবে বিচারের দিন কী?

يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْئًا ۭ وَالْاَمْرُ يَوْمَئِذٍ لِّلّٰهِ ۝١٩

১৯। যেদিন কেউ কারো জন্য কিছুই করতে সক্ষম হবে না। এবং সেদিন সমস্ত কর্তৃত্ব আল্লাহ্‌রই।

১ ১৭ ৭ ১ রুকূ ৭

৮৩. সূরা আল-মুতাফ্‌ফিফীন, মাক্কী

৩৬ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٣-سُوْرَةُ الْمُطَفِّفِيْنَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٣٦، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। দুর্ভোগ ঠকবাজদের জন্য-

২। যারা লোকজনের নিকট থেকে মেপে নেয়ার সময় পূর্ণমাত্রায় নেয়,

৩। এবং যখন তাদেরকে মেপে দেয় অথবা ওজন করে দেয় তখন কম দেয়।

৪। তারা কি মনে করে না যে, তারা পুনরুত্থিত হবে-

৫। এক মহাদিনের জন্য-

৬। যেদিন মানুষ জগৎসমূহের প্রতিপালকের সামনে দাঁড়াবে?

৭। কক্ষনো না, নিশ্চয় পাপীদের কিতাব (আমলনামা) অবশ্যই আছে সিজ্জীনে।

৮। এবং কিসে তোমাকে জানাবে সিজ্জীন কী?

৯। এটি একটি লিখিত (মহা) কিতাব।

১০। সেদিন দুর্ভোগ মিথ্যা অভিহিতকারীদের জন্য-

১১। যারা বিচার দিনকে অস্বীকার করে।

১২। এবং প্রত্যেক পাপিষ্ঠ সীমালঙ্ঘনকারীই একে মিথ্যা অভিহিত করে-

১৩। যখন তার নিকট আমার আয়াতসমূহ পাঠ হয় তখন সে বলে, '(এসব) পূর্ববর্তীদের উপকথা।'

১৪। কক্ষনো না, বরং তারা যা অর্জন করত সে কারণে তাদের হৃদয়ে মরিচা পড়েছে।

১৫। কক্ষনো না, নিশ্চয় সেদিন তারা তাদের প্রতিপালক (এর দর্শন লাভ) থেকে অবশ্যই বঞ্চিত হবে।

১৬। এরপর নিশ্চয় তারা অবশ্যই জাহান্নামে প্রবেশ করবে।

১৭। এরপর বলা হবে, 'এটাই তা যা তোমরা অস্বীকার করতে।'

وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ ①

الَّذِيْنَ اِذَا اكْتَالُوْا عَلَى النَّاسِ يَسْتَوْفُوْنَ ②

وَاِذَا كَالُوْهُمْ اَوْ وَّزَنُوْهُمْ يُخْسِرُوْنَ ③

اَلَا يَظُنُّ اُولٰٓئِكَ اَنَّهُمْ مَّبْعُوْثُوْنَ ④

لِيَوْمٍ عَظِيْمٍ ⑤

يَّوْمَ يَقُوْمُ النَّاسُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ⑥

كَلَّآ اِنَّ كِتٰبَ الْفُجَّارِ لَفِيْ سِجِّيْنٍ ⑦

وَمَآ اَدْرٰىكَ مَا سِجِّيْنٌ ⑧

كِتٰبٌ مَّرْقُوْمٌ ⑨

وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ⑩

الَّذِيْنَ يُكَذِّبُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ⑪

وَمَا يُكَذِّبُ بِهٖٓ اِلَّا كُلُّ مُعْتَدٍ اَثِيْمٍ ⑫

اِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا قَالَ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ⑬

كَلَّا بَلْ ۜ رَانَ عَلٰى قُلُوْبِهِمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ⑭

كَلَّآ اِنَّهُمْ عَنْ رَّبِّهِمْ يَوْمَئِذٍ لَّمَحْجُوْبُوْنَ ⑮

ثُمَّ اِنَّهُمْ لَصَالُوا الْجَحِيْمِ ⑯

ثُمَّ يُقَالُ هٰذَا الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ⑰

كَلَّآ اِنَّ كِتٰبَ الْاَبْرَارِ لَفِيْ عِلِّيِّيْنَ ﴿١٨﴾

১৮। কক্ষনো না, নিশ্চয় পুণ্যবানদের কিতাব (আমলনামা) অবশ্যই আছে ইল্লিয়্যীনে।

وَمَآ اَدْرٰىكَ مَا عِلِّيُّوْنَ ﴿١٩﴾

১৯। এবং কিসে তোমাকে জানাবে ইল্লিয়্যীন কী?

كِتٰبٌ مَّرْقُوْمٌ ﴿٢٠﴾

২০। এটি একটি লিখিত (মহা) কিতাব-

يَّشْهَدُهُ الْمُقَرَّبُوْنَ ﴿٢١﴾

২১। নৈকট্যপ্রাপ্তরা (ফেরেশতারা) তা প্রত্যক্ষ করে।

اِنَّ الْاَبْرَارَ لَفِيْ نَعِيْمٍ ﴿٢٢﴾

২২। নিশ্চয় পুণ্যবানরা অবশ্যই থাকবে নেয়ামতের মধ্যে-

عَلَى الْاَرَآئِكِ يَنْظُرُوْنَ ﴿٢٣﴾

২৩। উচ্চ আসনসমূহে বসে দেখতে থাকবে-

تَعْرِفُ فِيْ وُجُوْهِهِمْ نَضْرَةَ النَّعِيْمِ ﴿٢٤﴾

২৪। তুমি তাদের চেহারাসমূহে নেয়ামতের ঔজ্জ্বল্য দেখতে পাবে,

يُسْقَوْنَ مِنْ رَّحِيْقٍ مَّخْتُوْمٍ ﴿٢٥﴾

২৫। তাদেরকে সিল করা বিশুদ্ধ পানীয় থেকে পান করানো হবে-

خِتٰمُهٗ مِسْكٌ ۭ وَفِيْ ذٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُوْنَ ﴿٢٦﴾

২৬। এর সিল হবে মিস্কের (কস্তুরীর)। এবং প্রতিযোগীরা যেন এর জন্য প্রতিযোগিতা করে।

وَمِزَاجُهٗ مِنْ تَسْنِيْمٍ ﴿٢٧﴾

২৭। এবং এর মিশ্রণ হবে তাসনীমের-

عَيْنًا يَّشْرَبُ بِهَا الْمُقَرَّبُوْنَ ﴿٢٨﴾

২৮। এটি একটি ঝর্ণা, যা থেকে নৈকট্যপ্রাপ্তরা (পুণ্যবানরা) পান করবে।

اِنَّ الَّذِيْنَ اَجْرَمُوْا كَانُوْا مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا يَضْحَكُوْنَ ﴿٢٩﴾

২৯। নিশ্চয় যারা অপরাধ করেছিল তারা যারা ঈমান এনেছিল তাদেরকে নিয়ে হাসি-ঠাট্টা করত,

وَاِذَا مَرُّوْا بِهِمْ يَتَغَامَزُوْنَ ﴿٣٠﴾

৩০। এবং যখন তারা তাদের (অর্থাৎ মু'মিনদের) নিকট দিয়ে যেত তখন চোখ টিপে ইশারা করত,

وَاِذَا انْقَلَبُوْٓا اِلٰٓى اَهْلِهِمُ انْقَلَبُوْا فَكِهِيْنَ ﴿٣١﴾

৩১। এবং যখন তারা তাদের আপনজনের নিকট ফিরে আসত তখন ফিরে আসত উৎফুল্ল হয়ে,

وَاِذَا رَاَوْهُمْ قَالُوْٓا اِنَّ هٰٓؤُلَآءِ لَضَآلُّوْنَ ﴿٣٢﴾

৩২। এবং যখন তারা তাদেরকে (মু'মিনদেরকে) দেখত তখন বলত, 'নিশ্চয় এরা অবশ্যই পথভ্রষ্ট'-

وَمَآ اُرْسِلُوْا عَلَيْهِمْ حٰفِظِيْنَ ﴿٣٣﴾

৩৩। অথচ তাদেরকে তাদের (অর্থাৎ মু'মিনদের) উপর সংরক্ষণকারী হিসেবে পাঠানো হয়নি।

فَالْيَوْمَ الَّذِيْنَ اٰمَنُوْا مِنَ الْكُفَّارِ يَضْحَكُوْنَ ﴿٣٤﴾

৩৪। অতএব যারা ঈমান এনেছিল তারা আজ কাফিরদেরকে নিয়ে হাসি-ঠাট্টা করছে-

عَلَى الْاَرَآئِكِ ۙ يَنْظُرُوْنَ ﴿٣٥﴾

৩৫। উচ্চ আসনসমূহে বসে (কাফিরদেরকে) দেখছে।

هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوْا يَفْعَلُوْنَ ﴿٣٦﴾

৩৬। কাফিরদেরকে কি তারা যা করত তার পুরস্কার (ছওয়ার) দেয়া হল?

٨٤-سُوْرَةُ الْاِنْشِقَاقِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-٢٥، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

৮৪. সূরা আল-ইন্‌শিকাক্, মাক্কী
২৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

اِذَا السَّمَآءُ انْشَقَّتْ ۝١	১। যখন আকাশ ফেটে যাবে-
وَاَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝٢	২। এবং সে তার প্রতিপালকের আদেশ শুনবে এবং এটি তার করণীয় হবে-
وَاِذَا الْاَرْضُ مُدَّتْ ۝٣	৩। এবং যখন পৃথিবীকে সম্প্রসারিত করা হবে-
وَاَلْقَتْ مَا فِيْهَا وَتَخَلَّتْ ۝٤	৪। এবং এটি (পৃথিবী) তার অভ্যন্তরে যা আছে তা বাইরে নিক্ষেপ করবে ও শূন্যগর্ভ হবে-
وَاَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝٥	৫। এবং তার প্রতিপালকের আদেশ শুনবে এবং এটি তার করণীয় হবে।
يٰٓاَيُّهَا الْاِنْسَانُ اِنَّكَ كَادِحٌ اِلٰى رَبِّكَ كَدْحًا فَمُلٰقِيْهِ ۝٦	৬। হে মানুষ! তুমি তোমার প্রতিপালকের নিকট পৌঁছা পর্যন্ত কঠোর শ্রম-সাধনায় রত আছ, পরে তুমি তাঁর সাক্ষাৎ লাভ করবে,
فَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ بِيَمِيْنِهٖ ۝٧	৭। অতঃপর যাকে তার কিতাব (আমলনামা) তার ডান হাতে দেয়া হবে-
فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَّسِيْرًا ۝٨	৮। অতঃপর অচিরেই খুব সহজভাবে তার হিসাব নেয়া হবে*-
وَّيَنْقَلِبُ اِلٰٓى اَهْلِهٖ مَسْرُوْرًا ۝٩	৯। এবং সে তার স্বজনদের নিকট ফিরে যাবে সানন্দে।
وَاَمَّا مَنْ اُوْتِىَ كِتٰبَهٗ وَرَآءَ ظَهْرِهٖ ۝١٠	১০। এবং যাকে তার কিতাব (আমলনামা) তার পিঠের পিছন দিক থেকে (অর্থাৎ বাম হাতে) দেয়া হবে-
فَسَوْفَ يَدْعُوْا ثُبُوْرًا ۝١١	১১। অতঃপর অচিরেই সে ধ্বংসকে (মৃত্যুকে) আহ্বান করবে-
وَّيَصْلٰى سَعِيْرًا ۝١٢	১২। এবং প্রবেশ করবে জ্বলন্ত আগুনে।
اِنَّهٗ كَانَ فِىْٓ اَهْلِهٖ مَسْرُوْرًا ۝١٣	১৩। নিশ্চয় সে তার স্বজনদের মধ্যে ছিল সানন্দে।
اِنَّهٗ ظَنَّ اَنْ لَّنْ يَّحُوْرَ ۝١٤	১৪। নিশ্চয় সে মনে করত যে, সে কখনো ফিরে যাবে না,
بَلٰٓى ۚ اِنَّ رَبَّهٗ كَانَ بِهٖ بَصِيْرًا ۝١٥	১৫। হ্যাঁ অবশ্যই, নিশ্চয় তার প্রতিপালক তার উপর ছিলেন পূর্ণ দৃষ্টিবান।
فَلَآ اُقْسِمُ بِالشَّفَقِ ۝١٦	১৬। আর না আমি কসম করছি সন্ধ্যাকালীন লালিমার-
وَالَّيْلِ وَمَا وَسَقَ ۝١٧	১৭। এবং রাতের এবং তার (অন্ধকারের) যা (সবকিছুকে অন্ধকারে) একাকার করে দেয়-

وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ﴿١٨﴾

১৮। এবং চাঁদের যখন তা পূর্ণতা লাভ করে-

لَتَرْكَبُنَّ طَبَقًا عَنْ طَبَقٍ ﴿١٩﴾

১৯। অবশ্যই অবশ্যই তোমরা এক স্তর হতে অন্য স্তরে আরোহণ করবে।

فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾

২০। সুতরাং তাদের কী হল যে, তারা ঈমান আনে না-

وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ﴿٢١﴾ ۩

২১। এবং যখন তাদের নিকট কুরআন পাঠ করা হয় তখন তারা সিজদা করে না?

بَلِ الَّذِينَ كَفَرُوا يُكَذِّبُونَ ﴿٢٢﴾

২২। বরং কাফিররা (কুরআনকে) মিথ্যা অভিহিত করে,

وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ﴿٢٣﴾

২৩। এবং তারা (অন্তরে) যা পোষণ করে আল্লাহ্ তা সবচেয়ে বেশি জানেন,

فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢٤﴾

২৪। সুতরাং তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দাও-

إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ﴿٢٥﴾ ع ١ ١٥ ركوع

২৫। কিন্তু যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান।

৮৫. সূরা আল-বুরূজ, মাক্কী

২২ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٥-سُوْرَةُ الْبُرُوْجِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٢، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম বুরুজ (নক্ষত্রপুঞ্জ) বিশিষ্ট আকাশের-	وَالسَّمَآءِ ذَاتِ الْبُرُوْجِ ۝١
২। কসম প্রতিশ্রুত দিনের (কিয়ামত দিনের)-	وَالْيَوْمِ الْمَوْعُوْدِ ۝٢
৩। কসম প্রত্যক্ষকারীর ও যা প্রত্যক্ষ করা হয় তার।	وَشَاهِدٍ وَّمَشْهُوْدٍ ۝٣
৪। ধ্বংস করা হয়েছিল গর্তওয়ালাদেরকে-	قُتِلَ اَصْحٰبُ الْاُخْدُوْدِ ۝٤
৫। (যে গর্তে ছিল) ইন্ধন বিশিষ্ট আগুন-	النَّارِ ذَاتِ الْوَقُوْدِ ۝٥
৬। যখন তারা এর পাশেই উপবিষ্ট ছিল-	اِذْهُمْ عَلَيْهَا قُعُوْدٌ ۝٦
৭। এবং তারা মু'মিনদের সাথে যা করছিল তারা ছিল তা প্রত্যক্ষকারী।	وَّهُمْ عَلٰى مَا يَفْعَلُوْنَ بِالْمُؤْمِنِيْنَ شُهُوْدٌ ۝٧
৮। তারা তাদেরকে নির্যাতন করছিল কেবল এ কারণে যে, তারা ঈমান এনেছিল মহাপ্রতাপশালী ও অতি প্রশংসনীয় আল্লাহ্‌র প্রতি-	وَمَا نَقَمُوْا مِنْهُمْ اِلَّآ اَنْ يُّؤْمِنُوْا بِاللّٰهِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۝٨
৯। -আকাশসমূহ ও পৃথিবীর রাজত্ব যাঁর। আর আল্লাহ্‌ সবকিছুর উপর প্রত্যক্ষদর্শী।	الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝٩
১০। নিশ্চয় যারা মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে ফিতনায় ফেলেছে (অর্থাৎ নিষ্ঠুর নির্যাতন করেছে) এবং পরে তওবা করেনি তাদের জন্য রয়েছে জাহান্নামের শাস্তি এবং তাদের জন্য রয়েছে প্রজ্জ্বলিত আগুনের শাস্তি।	اِنَّ الَّذِيْنَ فَتَنُوا الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ثُمَّ لَمْ يَتُوْبُوْا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيْقِ ۝١٠
১১। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তাদের জন্য রয়েছে জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত। এটিই মহাসাফল্য।	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ ذٰلِكَ الْفَوْزُ الْكَبِيْرُ ۝١١
১২। নিশ্চয় তোমার প্রতিপালকের পাকড়াও অবশ্যই কঠিন।	اِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيْدٌ ۝١٢
১৩। নিশ্চয় তিনিই (সৃষ্টির) সূচনা করেন এবং (সৃষ্টির) পুনরাবৃত্তি করবেন।	اِنَّهٗ هُوَ يُبْدِئُ وَيُعِيْدُ ۝١٣
১৪। এবং তিনিই অতি ক্ষমাশীল ও পরম স্নেহপরায়ন-	وَهُوَ الْغَفُوْرُ الْوَدُوْدُ ۝١٤
১৫। আরশের অধিপতি ও মহা মর্যাদাবান-	ذُو الْعَرْشِ الْمَجِيْدُ ۝١٥

فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ﴿١٦﴾

১৬। তিনি যা ইচ্ছা করেন তাই করেন।

هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْجُنُوْدِ ﴿١٧﴾

১৭। তোমার নিকট বাহিনীসমূহের বৃত্তান্ত পৌঁছেছে কি-

فِرْعَوْنَ وَثَمُوْدَ ﴿١٨﴾

১৮। ফিরআউন ও ছামূদের?

بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ تَكْذِيْبٍ ﴿١٩﴾

১৯। বরং কাফিররা মিথ্যা অভিহিত করায় লিপ্ত রয়েছে-

وَّاللّٰهُ مِنْ وَّرَآئِهِمْ مُّحِيْطٌ ﴿٢٠﴾

২০। আর আল্লাহ্ তাদের পেছন থেকে (অলক্ষ্যে) তাদেরকে পরিবেষ্টন করে আছেন।

بَلْ هُوَ قُرْاٰنٌ مَّجِيْدٌ ﴿٢١﴾

২১। বরং এটি মর্যাদাপূর্ণ কুরআন-

فِيْ لَوْحٍ مَّحْفُوْظٍ ﴿٢٢﴾

২২। (যা লিপিবদ্ধ আছে) লওহে মাহ্ফুজে (সংরক্ষিত ফলকে)।

৮৬. সূরা আত-তারিক, মাক্কী

১৭ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٦-سُوْرَةُ الطَّارِقِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٧، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম আকাশের, কসম রাতে আত্মপ্রকাশকারীর-

وَالسَّمَآءِ وَالطَّارِقِ ۙ﴿١﴾

২। এবং কিসে তোমাকে জানাবে রাতে আত্মপ্রকাশকারী কী?

وَمَآ اَدْرٰىكَ مَا الطَّارِقُ ۙ﴿٢﴾

৩। এটি উজ্জ্বল তারকা।

النَّجْمُ الثَّاقِبُ ۙ﴿٣﴾

৪। এমন কোন ব্যক্তি নেই যার উপর কোন সংরক্ষণকারী নেই।

اِنْ كُلُّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ؕ﴿٤﴾

৫। সুতরাং মানুষ লক্ষ্য করুক তাকে কী থেকে সৃষ্টি করা হয়েছে।

فَلْيَنْظُرِ الْاِنْسَانُ مِمَّ خُلِقَ ؕ﴿٥﴾

৬। তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে নির্গত পানি থেকে-

خُلِقَ مِنْ مَّآءٍ دَافِقٍ ۙ﴿٦﴾

৭। এটা বের হয় মেরুদণ্ড ও পাঁজরের মাঝ (থেকে তৈরি হওয়া অঙ্গ-শুক্রাশয়) থেকে।

يَّخْرُجُ مِنْۢ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَآئِبِ ؕ﴿٧﴾

৮। নিশ্চয় তিনি তাকে প্রত্যাবর্তন করাতে অবশ্যই সক্ষম।

اِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌ ؕ﴿٨﴾

৯। যেদিন গোপন বিষয়াবলী পরীক্ষা করা হবে-

يَوْمَ تُبْلَى السَّرَآئِرُ ۙ﴿٩﴾

১০। তখন তার না থাকবে কোন শক্তি আর না থাকবে কোন সাহায্যকারী।

فَمَا لَهٗ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ؕ﴿١٠﴾

১১। কসম বৃষ্টিবাহী আকাশের-

وَالسَّمَآءِ ذَاتِ الرَّجْعِ ۙ﴿١١﴾

১২। কসম বিদীর্ণ যমীনের-

وَالْاَرْضِ ذَاتِ الصَّدْعِ ۙ﴿١٢﴾

১৩। নিশ্চয় এটি (কুরআন) অবশ্যই চূড়ান্ত কথা-

اِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ ۙ﴿١٣﴾

১৪। এবং তা রসিকতা নয়।

وَّمَا هُوَ بِالْهَزْلِ ؕ﴿١٤﴾

১৫। নিশ্চয় তারা ভীষণ ষড়যন্ত্র করছে-

اِنَّهُمْ يَكِيْدُوْنَ كَيْدًا ۙ﴿١٥﴾

১৬। এবং আমিও সুনিপুন কৌশল অবলম্বন করছি,

وَّاَكِيْدُ كَيْدًا ۚۖ﴿١٦﴾

১৭। অতএব কাফিরদেরকে অবকাশ দাও, তাদেরকে অবকাশ দাও কিছুক্ষণের জন্য।

فَمَهِّلِ الْكٰفِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا ۧ﴿١٧﴾

ع ١ ١٧ ١١ ১ রুকূ ১১

৮৭. সূরা আল-আলা, মাক্কী

১৯ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٧-سُوْرَةُ الْاَعْلٰى-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٩، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

سَبِّحِ اسْمَ رَبِّكَ الْاَعْلَى ۝١

১। তুমি তোমার সুমহান প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর-

الَّذِىْ خَلَقَ فَسَوّٰى ۝٢

২। যিনি সৃষ্টি করেন, অতঃপর সুবিন্যস্ত করেন-

وَالَّذِىْ قَدَّرَ فَهَدٰى ۝٣

৩। এবং যিনি সবকিছু পরিমিত করেন, অতঃপর পথপ্রদর্শন করেন-

وَالَّذِىْٓ اَخْرَجَ الْمَرْعٰى ۝٤

৪। এবং যিনি উৎপন্ন করেন চারণভূমি-

فَجَعَلَهٗ غُثَآءً اَحْوٰى ۝٥

৫। অতঃপর এটিকে ধূসর আবর্জনায় পরিণত করেন।

سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰٓى ۝٦

৬। শীঘ্রই আমি তোমাকে পড়াব, ফলে তুমি ভুলবে না-

اِلَّا مَا شَآءَ اللّٰهُ ۭ اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ۝٧

৭। আল্লাহ্ যা ইচ্ছা করেন তা ছাড়া। নিশ্চয় তিনি জানেন যা প্রকাশ্য ও যা গোপনীয়।

وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ۝٨

৮। এবং আমি তোমার জন্য সহজ করে দিব সহজ পথ,

فَذَكِّرْ اِنْ نَّفَعَتِ الذِّكْرٰى ۝٩

৯। সুতরাং তুমি উপদেশ দাও যদি উপদেশ ফলপ্রসূ হয়।

سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ۝١٠

১০। যে ভয় করে সে শীঘ্রই উপদেশ গ্রহণ করবে*-

وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ۝١١

১১। আর চরম দুর্ভাগাই তা পরিহার করবে-

الَّذِىْ يَصْلَى النَّارَ الْكُبْرٰى ۝١٢

১২। যে প্রবেশ করবে ভয়াবহ আগুনে,

ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ۝١٣

১৩। এরপর সেখানে সে মরবে না এবং বাঁচবেও না।

قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ۝١٤

১৪। অবশ্যই সে সফল হবে যে পরিশুদ্ধ হবে-

وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ۝١٥

১৫। এবং তার প্রতিপালকের নাম স্মরণ করবে ও সালাত (নামায) পড়বে।

بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝١٦

১৬। বরং তোমরা দুনিয়ার জীবনকে অগ্রাধিকার দিয়ে থাক,

وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّاَبْقٰى ۝١٧

১৭। অথচ আখিরাতই উত্তম ও অধিক স্থায়ী।

اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ۝١٨

১৮। নিশ্চয় এটি (অর্থাৎ এ কথা) অবশ্যই বিদ্যমান পূর্ববর্তী সহীফাসমূহে (পুস্তিকাসমূহে)-

صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ۝١٩

১৯। ইবরাহীম ও মূসার সহীফাসমূহে।

১ রুকূ ১৩ ১২

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৮৮. সূরা আল-গাশিয়া, মাক্কী

২৬ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٨-سُوْرَةُ الْغَاشِيَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٧، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। তোমার নিকট কি সর্বগ্রাসী (কিয়ামতের) বৃত্তান্ত এসেছে?	هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ۝١
২। সেদিন কতক চেহারা ভীতবিহ্বল হবে-	وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ۝٢
৩। ক্লান্ত শ্রান্ত হবে-	عَامِلَةٌ نَّاصِبَةٌ ۝٣
৪। প্রবেশ করবে উত্তপ্ত আগুনে-	تَصْلٰى نَارًا حَامِيَةً ۝٤
৫। টগবগ করা ফুটন্ত ঝর্ণা থেকে পান করানো হবে।	تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ۝٥
৬। তাদের জন্য থাকবে না কোন খাদ্য কাঁটাযুক্ত গুল্ম ছাড়া-	لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ۝٦
৭। যা তাদেরকে না পুষ্ট করবে আর না ক্ষুধা মিটাবে।	لَّا يُسْمِنُ وَلَا يُغْنِىْ مِنْ جُوْعٍ ۝٧
৮। সেদিন কতক চেহারা হবে আনন্দোজ্জ্বল-	وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاعِمَةٌ ۝٨
৯। তাদের প্রচেষ্টার জন্য সন্তুষ্ট-	لِّسَعْيِهَا رَاضِيَةٌ ۝٩
১০। সুউচ্চ জান্নাতে-	فِىْ جَنَّةٍ عَالِيَةٍ ۝١٠
১১। সেখানে তারা কোন অসার কথা শুনবে না।	لَّا تَسْمَعُ فِيْهَا لَاغِيَةً ۝١١
১২। সেখানে থাকবে প্রবাহমান ঝর্ণা,	فِيْهَا عَيْنٌ جَارِيَةٌ ۝١٢
১৩। সুউচ্চ আসনসমূহ-	فِيْهَا سُرُرٌ مَّرْفُوْعَةٌ ۝١٣
১৪। সদা প্রস্তুত পানপাত্র-	وَّاَكْوَابٌ مَّوْضُوْعَةٌ ۝١٤
১৫। সারি সারি কুশন-	وَّنَمَارِقُ مَصْفُوْفَةٌ ۝١٥
১৬। এবং বিছানো গালিচা।	وَّزَرَابِىُّ مَبْثُوْثَةٌ ۝١٦
১৭। তবে কি তারা উটের দিকে লক্ষ্য করে না, কিভাবে একে সৃষ্টি করা হয়েছে?	اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ ۝١٧

وَاِلَى السَّمَآءِ كَيْفَ رُفِعَتْ ﴿١٨﴾

১৮। এবং আকাশের দিকে, কিভাবে এটিকে উঁচু করা হয়েছে?

وَاِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ﴿١٩﴾

১৯। এবং পর্বতমালার দিকে, কিভাবে এগুলো স্থাপন করা হয়েছে?

وَاِلَى الْاَرْضِ كَيْفَ سُطِحَتْ ﴿٢٠﴾

২০। এবং যমীনের দিকে, কিভাবে এটিকে বিস্তৃত করা হয়েছে?

فَذَكِّرْ ۗ اِنَّمَآ اَنْتَ مُذَكِّرٌ ﴿٢١﴾

২১। অতএব তুমি উপদেশ দাও, তুমি কেবল একজন উপদেশদাতা*-

لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴿٢٢﴾

২২। তুমি তাদের নিয়ন্ত্রণকারী নও*-

اِلَّا مَنْ تَوَلّٰى وَكَفَرَ ﴿٢٣﴾

২৩। তবে কেউ মুখ ফিরিয়ে নিলে ও কুফরী করলে-

فَيُعَذِّبُهُ اللّٰهُ الْعَذَابَ الْاَكْبَرَ ﴿٢٤﴾

২৪। আল্লাহ্ তাকে সবচেয়ে বড় শাস্তি দিবেন।

اِنَّ اِلَيْنَآ اِيَابَهُمْ ﴿٢٥﴾

২৫। নিশ্চয় তাদের প্রত্যাবর্তন আমারই দিকে-

ثُمَّ اِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ﴿٢٦﴾

২৬। এরপর নিশ্চয় তাদের হিসাব-নিকাশ আমারই দায়িত্বে।

রুকু ১ আয়াত ১৭-২৬

৮৯. সূরা আল-ফাজ্‌র, মাক্কী

৩০ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٨٩-سُوْرَةُ الْفَجْرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٣٠، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম ফজরের (উষার)-	وَالْفَجْرِ ۙ﴿١﴾
২। কসম দশ রাতের-	وَلَيَالٍ عَشْرٍ ۙ﴿٢﴾
৩। কসম জোড় ও বেজোড়ের-	وَّالشَّفْعِ وَالْوَتْرِ ۙ﴿٣﴾
৪। কসম রাতের যখন তা গত হতে থাকে,	وَالَّيْلِ اِذَا يَسْرِ ۚ﴿٤﴾
৫। এর মধ্যে বুদ্ধিমানের জন্য কোন কসম আছে কি?	هَلْ فِيْ ذٰلِكَ قَسَمٌ لِّذِيْ حِجْرٍ ؕ﴿٥﴾
৬। তুমি কি দেখনি, তোমার প্রতিপালক কেমন (আচরণ) করেছিলেন আদ (জাতির)-	اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۙ﴿٦﴾
৭। ইরাম (গোত্রের) প্রতি-যারা অধিকারী ছিল উচ্চ স্তম্ভসমূহের?	اِرَمَ ذَاتِ الْعِمَادِ ۙ﴿٧﴾
৮। যাদের সমতুল্য (কোন জাতি) নগরসমূহে সৃষ্টি করা হয়নি-	الَّتِيْ لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۙ﴿٨﴾
৯। এবং কেমন (আচরণ) করেছিলেন ছামূদের প্রতি- যারা উপত্যকায় পাথর কেটে ছিল (গৃহ নির্মাণের জন্য)?	وَثَمُوْدَ الَّذِيْنَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۙ﴿٩﴾
১০। এবং পেরেকওয়ালা ফিরআউনের প্রতি?	وَفِرْعَوْنَ ذِي الْاَوْتَادِ ۙ﴿١٠﴾
১১। যারা নগরসমূহে সীমালঙ্ঘন করেছিল-	الَّذِيْنَ طَغَوْا فِي الْبِلَادِ ۙ﴿١١﴾
১২। অতঃপর সেখানে অধিকমাত্রায় বিশৃংখলা সৃষ্টি করেছিল-	فَاَكْثَرُوْا فِيْهَا الْفَسَادَ ۙ﴿١٢﴾
১৩। অতঃপর তোমার প্রতিপালক তাদের উপর শাস্তির চাবুক মারলেন-	فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۚ﴿١٣﴾
১৪। নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখেন।	اِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ؕ﴿١٤﴾
১৫। সুতরাং মানুষকে যখন তার প্রতিপালক পরীক্ষা করেন এবং তাকে সম্মান ও নেয়ামত দান করেন তখন সে বলে, 'আমার প্রতিপালক আমাকে সম্মানিত করেছেন।'	فَاَمَّا الْاِنْسَانُ اِذَا مَا ابْتَلٰىهُ رَبُّهٗ فَاَكْرَمَهٗ وَنَعَّمَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّيْٓ اَكْرَمَنِ ؕ﴿١٥﴾
১৬। আর যখন তাকে পরীক্ষা করেন এবং তার রিযিক সংকুচিত করেন তখন সে বলে, 'আমার প্রতিপালক আমাকে লাঞ্ছিত করেছেন।'	وَاَمَّآ اِذَا مَا ابْتَلٰىهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّيْٓ اَهَانَنِ ۚ﴿١٦﴾
১৭। কক্ষনো না, বরং তোমরা ইয়াতীমকে সম্মান কর না-	كَلَّا بَلْ لَّا تُكْرِمُوْنَ الْيَتِيْمَ ۙ﴿١٧﴾

১৮। এবং তোমরা মিসকীনদেরকে (অভাবগ্রস্তদেরকে) খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত কর না-	وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ﴿١٨﴾
১৯। এবং তোমরা উত্তরাধিকার-সম্পদ সম্পূর্ণরূপে খেয়ে ফেল*-	وَتَاْكُلُوْنَ التُّرَاثَ اَكْلًا لَّمًّا ﴿١٩﴾
২০। এবং তোমরা ধন-সম্পদকে খুব বেশি ভালবাস।	وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا ﴿٢٠﴾
২১। কক্ষনো না, পৃথিবীকে যখন সমতল করা হবে-	كَلَّآ اِذَا دُكَّتِ الْاَرْضُ دَكًّا دَكًّا ﴿٢١﴾
২২। এবং তোমার প্রতিপালক আসবেন এবং ফেরেশতারা থাকবে সারিবদ্ধ অবস্থায়,	وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ﴿٢٢﴾
২৩। এবং সেদিন জাহান্নামকে আনা হবে- সেদিন মানুষ শিক্ষা গ্রহণ করবে, কিন্তু তখন এ শিক্ষা গ্রহণ তার কী কাজে আসবে?	وَجِايْٓءَ يَوْمَئِذٍۭ بِجَهَنَّمَ ۙ يَوْمَئِذٍ يَّتَذَكَّرُ الْاِنْسَانُ وَاَنّٰى لَهُ الذِّكْرٰى ﴿٢٣﴾
২৪। সে বলবে, 'হায়, আমার জীবনের জন্য আমি যদি কিছু অগ্রে পাঠাতাম!'	يَقُوْلُ يٰلَيْتَنِىْ قَدَّمْتُ لِحَيَاتِىْ ﴿٢٤﴾
২৫। সেদিন তাঁর শাস্তির মত শাস্তি কেউ দিতে পারবে না-	فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗٓ اَحَدٌ ﴿٢٥﴾
২৬। এবং কেউ তাঁর বন্ধনের মত দৃঢ় বন্ধনে আবদ্ধ করতে পারবে না।	وَّلَا يُوْثِقُ وَثَاقَهٗٓ اَحَدٌ ﴿٢٦﴾
২৭। হে প্রশান্ত আত্মা!	يٰٓاَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ﴿٢٧﴾
২৮। তুমি তোমার প্রতিপালকের কাছে ফিরে এস সন্তুষ্ট ও সন্তোষভাজন হয়ে,	ارْجِعِىْٓ اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً ﴿٢٨﴾
২৯। অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও-	فَادْخُلِىْ فِىْ عِبٰدِىْ ﴿٢٩﴾
৩০। এবং আমার জান্নাতে প্রবেশ কর।	وَادْخُلِىْ جَنَّتِىْ ﴿٣٠﴾

১ পারা ৩০ রুকু ১৪

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯০. সূরা বালাদ, মাক্কী

২০ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٠-سُوْرَةُ الْبَلَدِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢٠، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। না আমি কসম করছি এই(মক্কা) নগরের-

لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ۙ﴿١﴾

২। আর তুমি এই নগরের অধিবাসী-

وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ ۙ﴿٢﴾

৩। কসম জন্মদাতার ও যা সে জন্ম দিয়েছে তার-

وَوَالِدٍ وَّمَا وَلَدَ ۙ﴿٣﴾

৪। অবশ্যই আমি সৃষ্টি করেছি মানুষকে কষ্ট ও পরিশ্রমের মধ্যে।

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْ كَبَدٍ ؕ﴿٤﴾

৫। সে কি মনে করে যে, কখনো তার উপর কেউ ক্ষমতাবান হবে না?

اَيَحْسَبُ اَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ اَحَدٌ ۘ﴿٥﴾

৬। সে বলে, 'আমি প্রচুর ধন-সম্পদ নষ্ট করেছি*।

يَقُوْلُ اَهْلَكْتُ مَالًا لُّبَدًا ؕ﴿٦﴾

৭। সে কি মনে করে যে, তাকে কেউ দেখেনি?

اَيَحْسَبُ اَنْ لَّمْ يَرَهٗٓ اَحَدٌ ؕ﴿٧﴾

৮। আমি কি তার জন্য বানাইনি দু'টি চোখ-

اَلَمْ نَجْعَلْ لَّهٗ عَيْنَيْنِ ۙ﴿٨﴾

৯। এবং একটি জিহ্বা ও দু'টি ঠোঁট?

وَلِسَانًا وَّشَفَتَيْنِ ۙ﴿٩﴾

১০। এবং আমি তাকে দেখিয়েছি দু'টি পথ,

وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ ۚ﴿١٠﴾

১১। অতঃপর সে দুর্গম গিরিপথে প্রবেশ করেনি,

فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ ۖ﴿١١﴾

১২। আর কিসে তোমাকে জানাবে, দুর্গম গিরিপথ কী?

وَمَآ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ ؕ﴿١٢﴾

১৩। তা হচ্ছে, দাসমুক্তি-

فَكُّ رَقَبَةٍ ۙ﴿١٣﴾

১৪। অথবা দুর্ভিক্ষের দিনে খাদ্য দান-

اَوْ اِطْعٰمٌ فِيْ يَوْمٍ ذِيْ مَسْغَبَةٍ ۙ﴿١٤﴾

১৫। ইয়াতীম আত্মীয়কে-

يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ ۙ﴿١٥﴾

১৬। অথবা দুর্দশাগ্রস্ত মিসকীনকে (অভাবগ্রস্তকে)।

اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ ؕ﴿١٦﴾

১৭। এরপর সে অন্তর্ভুক্ত হয়েছে তাদের যারা ঈমান এনেছে ও যারা উপদেশ দিয়েছে পরস্পরকে ধৈর্যধারণের এবং উপদেশ দিয়েছে পরস্পরকে দয়া প্রদর্শনের।

ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ؕ﴿١٧﴾

১৮। তারাই ডান দিকের লোক*।

اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ؕ﴿١٨﴾

১৯। আর যারা আমার আয়াতসমূহকে অবিশ্বাস করেছে, তারা বাম দিকের লোক।

وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ؕ﴿١٩﴾

২০। তারা পরিবেষ্টিত থাকবে অবরুদ্ধ আগুনে।

عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ۧ﴿٢٠﴾

ع ١ ١٥ ١ রুকূ ১৫

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

٩١-سُوْرَةُ الشَّمْسِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-١٥، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالشَّمْسِ وَضُحٰهَا ﴿١﴾

وَالْقَمَرِ اِذَا تَلٰهَا ﴿٢﴾

وَالنَّهَارِ اِذَا جَلّٰهَا ﴿٣﴾

وَالَّيْلِ اِذَا يَغْشٰهَا ﴿٤﴾

وَالسَّمَآءِ وَمَا بَنٰهَا ﴿٥﴾

وَالْاَرْضِ وَمَا طَحٰهَا ﴿٦﴾

وَنَفْسٍ وَّمَا سَوّٰهَا ﴿٧﴾

فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰهَا ﴿٨﴾

قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا ﴿٩﴾

وَقَدْ خَابَ مَنْ دَسّٰهَا ﴿١٠﴾

كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰهَآ ﴿١١﴾

اِذِ انْۢبَعَثَ اَشْقٰهَا ﴿١٢﴾

فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ﴿١٣﴾

فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا ۫ فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا ﴿١٤﴾

وَلَا يَخَافُ عُقْبٰهَا ﴿١٥﴾

৯১. সূরা আশ-শামস, মাক্কী
১৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। কসম সূর্যের ও তার কিরণের-

২। কসম চন্দ্রের যখন সে তাকে (সূর্যকে) অনুসরণ করে-

৩। কসম দিনের যখন সে তাকে (সূর্যকে) প্রকাশ করে-

৪। কসম রাতের যখন সে তাকে (সূর্যকে) আচ্ছাদিত করে-

৫। কসম আকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন তাঁর-

৬। কসম যমীনের এবং যিনি তা বিছিয়ে দিয়েছেন তাঁর-

৭। কসম নফসের এবং যিনি তা বিন্যস্ত করেছেন তাঁর-

৮। অতঃপর এটিকে তার পাপ ও তার তাকওয়া ইলহাম করেছেন-

৯। অবশ্যই সে সফল হবে, যে এটিকে (নফসকে) পরিশুদ্ধ করবে-

১০। আর অবশ্যই সে ব্যর্থ হবে, যে এটিকে (নফসকে) কলুষিত করবে।

১১। ছামূদ (তাদের রাসূলকে) মিথ্যাবাদী বলেছিল তাদের অবাধ্যতাবশতঃ-

১২। যখন তাদের মধ্যে সর্বাধিক দুর্ভাগা তৎপর হয়ে উঠল-

১৩। তখন আল্লাহ্‌র রাসূল (সালিহ্) তাদেরকে বলল, '(সাবধান হও) আল্লাহ্‌র উষ্ট্রী এবং এর পানি পান করানোর ব্যাপারে।'

১৪। অতঃপর তারা তাকে (রাসূলকে) মিথ্যাবাদী বলল এবং একে (উষ্ট্রীকে) হত্যা করল, ফলে তাদের অপরাধের কারণে তাদের প্রতিপালক তাদেরকে সমূলে ধ্বংস করে একাকার করে দিলেন-

১৫। এবং তাদের পরিণাম সম্পর্কে তিনি (আল্লাহ্) ভয় করেন না।

ع ١ ١٥ ١٦ ١ رُكُوْع ١٥

৯২. সূরা আল-লায়ল, মাক্কী

২১ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٢-سُوْرَةُ الَّيْلِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٢١، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম রাতের যখন তা আচ্ছাদিত করে-

وَالَّيْلِ اِذَا يَغْشٰى ۙ﴿١﴾

২। কসম দিনের যখন তা প্রকাশিত হয়-

وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ۙ﴿٢﴾

৩। কসম তাঁর যিনি সৃষ্টি করেছেন নর ও নারী-

وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰٓى ۙ﴿٣﴾

৪। নিশ্চয় তোমাদের প্রচেষ্টা অবশ্যই বিভিন্ন ধরনের।

اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ؕ﴿٤﴾

৫। সুতরাং যে দান করল ও তাকওয়া অবলম্বন করল-

فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى ۙ﴿٥﴾

৬। এবং উত্তমকে সত্য বলে স্বীকৃতি দিল-

وَصَدَّقَ بِالْحُسْنٰى ۙ﴿٦﴾

৭। শীঘ্রই আমি তার জন্য সহজ করে দেব সহজকে (ভাল কাজকে)।

فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى ؕ﴿٧﴾

৮। আর যে কৃপণতা করল ও নিজকে স্বয়ংসম্পূর্ণ মনে করল-

وَاَمَّا مَنْۢ بَخِلَ وَاسْتَغْنٰى ۙ﴿٨﴾

৯। এবং উত্তমকে মিথ্যা অভিহিত করল-

وَكَذَّبَ بِالْحُسْنٰى ۙ﴿٩﴾

১০। শীঘ্রই আমি তার জন্য সহজ করে দেব কঠিনকে (মন্দ কাজকে)।

فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ؕ﴿١٠﴾

১১। এবং তার ধন-সম্পদ তার কোন কাজে আসবে না যখন সে ধ্বংস হবে।

وَمَا يُغْنِيْ عَنْهُ مَالُهٗٓ اِذَا تَرَدّٰى ؕ﴿١١﴾

১২। নিশ্চয় সঠিক পথ প্রদর্শন আমারই দায়িত্বে,

اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ۖ﴿١٢﴾

১৩। এবং নিশ্চয় আমিই পরকাল ও ইহকালের মালিক।

وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ﴿١٣﴾

১৪। অতএব আমি তোমাদেরকে লেলিহান আগুন সম্পর্কে সতর্ক করেছি,

فَاَنْذَرْتُكُمْ نَارًا تَلَظّٰى ۚ﴿١٤﴾

১৫। চরম দুর্ভাগা ছাড়া কেউ এতে প্রবেশ করবে না-

لَا يَصْلٰىهَآ اِلَّا الْاَشْقَى ۙ﴿١٥﴾

১৬। যে (রাসূলকে) মিথ্যাবাদী বলে ও মুখ ফিরিয়ে নেয়।

الَّذِيْ كَذَّبَ وَتَوَلّٰى ؕ﴿١٦﴾

১৭। আর তা হতে দূরে রাখা হবে পরম মুত্তাকীকে-

وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ۙ﴿١٧﴾

১৮। যে নিজের ধন-সম্পদ দান করে পরিশুদ্ধ হওয়ার জন্য,

الَّذِيْ يُؤْتِيْ مَالَهٗ يَتَزَكّٰى ۚ﴿١٨﴾

১৯। এবং তার প্রতি কারো কোন নেয়ামতের প্রতিদান হিসাবে নয়-

وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰٓى ۙ﴿١٩﴾

২০। কেবল তার মহান প্রতিপালকের সন্তুষ্টির উদ্দেশ্যে,

اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى ۚ﴿٢٠﴾

২১। আর অচিরেই সে অবশ্যই সন্তুষ্ট হবে।

وَلَسَوْفَ يَرْضٰى ع﴿٢١﴾

ع ١ ١٧ ١ রুকূ ১৭

٩٣-سُوْرَةُ الضُّحٰى-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالضُّحٰى ۝١

وَالَّيْلِ اِذَا سَجٰى ۝٢

مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ۝٣

وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ۝٤

وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى ۝٥

اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ۝٦

وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ۝٧

وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى ۝٨

فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ ۝٩

وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ۝١٠

وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ۝١١

৯৩. সূরা আদ-দুহা, মাক্কী

১১ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। কসম পূর্বাহ্নের-

২। কসম রাতের যখন তা হয় নিঝুম-

৩। তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেননি এবং তোমার প্রতি বিরূপও হননি*।

৪। আর অবশ্যই তোমার পরকাল ইহকালের চেয়ে উত্তম হবে।

৫। এবং অচিরেই তোমার প্রতিপালক অবশ্যই তোমাকে (এমন কিছু) দান করবেন, ফলে তুমি সন্তুষ্ট হয়ে যাবে।

৬। তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পাননি, অতঃপর তোমাকে আশ্রয় দান করেননি?

৭। তিনি তোমাকে পেয়েছেন পথহারা, অতঃপর তিনি সঠিক পথ প্রদর্শন করলেন।

৮। তিনি তোমাকে পেয়েছেন অসচ্ছল অবস্থায়, অতঃপর ধনী করলেন।

৯। সুতরাং তুমি ইয়াতীমের সাথে রূঢ় ব্যবহার করো না*।

১০। এবং সাহায্যপ্রার্থীকে ধমক দিয়ো না*।

১১। আর তুমি তোমার প্রতিপালকের নেয়ামত বর্ণনা কর*।

রুকূ ১ ১৮ ১৭

৯৪. সূরা আল-ইন্‌শিরাহ্, মাক্কী

৮ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٤-سُوْرَةُ اَلَمْ نَشْرَحْ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। আমি কি তোমার জন্য তোমার বক্ষকে প্রশস্ত করে দেইনি*?

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۙ﴿١﴾

২। এবং আমি তোমার উপর থেকে তোমার বোঝা নামিয়ে দিয়েছি*-

وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۙ﴿٢﴾

৩। যা তোমার পিঠকে নুইয়ে দিয়েছিল-

الَّذِيْٓ اَنْقَضَ ظَهْرَكَ ۙ﴿٣﴾

৪। এবং আমি তোমার জন্য তোমার উল্লেখকে সমুন্নত করেছি।

وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ؕ﴿٤﴾

৫। অতঃপর নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে-

فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۙ﴿٥﴾

৬। নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে।

اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ؕ﴿٦﴾

৭। অতএব তুমি যখনই অবসর পাও তখনই (ইবাদত-বন্দেগীতে) লেগে যাও*-

فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ۙ﴿٧﴾

৮। এবং তোমার প্রতিপালকের দিকে আগ্রহী হও।

وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ۧ﴿٨﴾

ع ١ ١٩ ١ রুকূ ১৯

৯৫. সূরা আত-তীন, মাক্কী

৮ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٥-سُوْرَةُ التِّيْنِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম তীন ও যায়তূন-এর*-

وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۙ﴿١﴾

২। কসম সিনাই পর্বতের-

وَطُوْرِ سِيْنِيْنَ ۙ﴿٢﴾

৩। এবং এই নিরাপদ নগরের-

وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ ۙ﴿٣﴾

৪। নিশ্চয় আমি সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতম গঠনে।

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ ۙ﴿٤﴾

৫। এরপর আমি তাকে নীচুদের নীচতম স্তরে ফিরিয়ে আনি-

ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ ۙ﴿٥﴾

৬। কিন্তু তাদেরকে নয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, অতঃপর তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান।

اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ ؕ﴿٦﴾

৭। সুতরাং এরপর (হে মানুষ!) কিসে তোমাকে বিচার দিন সম্পর্কে অবিশ্বাসী করে?

فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ؕ﴿٧﴾

৮। আল্লাহ্ কি সর্বশ্রেষ্ঠ বিচারক নন?

اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ ۧ﴿٨﴾

ع ١ ٢٠ ١ রুকূ ২০

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯৬. সূরা আল-আলাক, মাক্কী

১৯ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٦-سُوْرَةُ الْعَلَقِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١٩، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। পড় তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন,

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ۚ ﴿١﴾

২। সৃষ্টি করেছেন মানুষকে আলাক হতে,

خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۚ ﴿٢﴾

৩। পড়, আর তোমার প্রতিপালক বড়ই মহানুভব-

اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ ۙ ﴿٣﴾

৪। যিনি শিক্ষা দিয়েছেন কলমের সাহায্যে-

الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ ۙ ﴿٤﴾

৫। শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না।

عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ؕ ﴿٥﴾

৬। কক্ষনো না, নিশ্চয় মানুষ অবশ্যই সীমালঙ্ঘন করে থাকে-

كَلَّاۤ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰۤى ۙ ﴿٦﴾

৭। কারণ সে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করে।

اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ؕ ﴿٧﴾

৮। নিশ্চয় প্রত্যাবর্তন তোমার প্রতিপালকেরই দিকে।

اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ؕ ﴿٨﴾

৯। তুমি কি তাকে দেখেছ, যে নিষেধ করে*-

اَرَءَيْتَ الَّذِىْ يَنْهٰى ۙ ﴿٩﴾

১০। এক বান্দাকে- যখন সে সালাত (নামায) আদায় করে?

عَبْدًا اِذَا صَلّٰى ؕ ﴿١٠﴾

১১। তুমি কি ভেবে দেখেছ, যদি সে সঠিকপথে থাকে-

اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰۤى ۙ ﴿١١﴾

১২। অথবা তাকওয়ার নির্দেশ দেয়?

اَوْ اَمَرَ بِالتَّقْوٰى ؕ ﴿١٢﴾

১৩। তুমি কি ভেবে দেখেছ, যদি সে (রাসূলকে) মিথ্যাবাদী বলে ও মুখ ফিরিয়ে নেয়?

اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ؕ ﴿١٣﴾

১৪। সে কি জানে না যে, নিশ্চয় আল্লাহ্ তাকে দেখছেন?

اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ؕ ﴿١٤﴾

১৫। কক্ষনো না, যদি সে বিরত না হয় তাহলে তাকে অবশ্যই আমি হেঁচড়িয়ে নিয়ে যাব মাথার সামনের চুলের গোছা ধরে-

كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ۙ ﴿١٥﴾

১৬। -মিথ্যাচারী ও অপরাধীর চুলের গোছা,

نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۚ ﴿١٦﴾

১৭। তখন সে তার সঙ্গী-সাথীদেরকে আহ্বান করুক-

فَلْيَدْعُ نَادِيَهٗ ۙ ﴿١٧﴾

১৮। শীঘ্রই আমিও আহ্বান করব জাহান্নামের প্রহরীদেরকে-

سَنَدْعُ الزَّبَانِيَةَ ۙ ﴿١٨﴾

১৯। কক্ষনো না, তুমি তাকে মেনো না এবং সিজদা কর ও (আমার) নৈকট্য লাভ কর।

كَلَّا ؕ لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۚ ﴿١٩﴾ سجدة ١ ع ١٩ ٣ ١ রুকূ ٢١

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯৭. সূরা আল-কাদর, মাক্কী

৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। নিশ্চয় আমি তা (কুরআন) অবতীর্ণ করেছি কদরের রাতে*,

২। আর কিসে তোমাকে জানাবে কদরের রাত কী?

৩। কদরের রাত হাজার মাসের চেয়ে উত্তম।

৪। এ রাতে ফেরেশতারা ও রূহ্ (জিবরাঈল) প্রতিটি বিষয়ে তাদের প্রতিপালকের নির্দেশ নিয়ে অবতরণ করে*-

৫। শান্তি এ রাত, ফজরের অবির্ভাব পর্যন্ত।

٩٧-سُوْرَةُ الْقَدْرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۚ﴿١﴾

وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ؕ﴿٢﴾

لَيْلَةُ الْقَدْرِ ۙ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ؕ﴿٣﴾

تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ۚ مِنْ كُلِّ اَمْرٍ ۙ﴿٤﴾

سَلٰمٌ ۛ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ۠﴿٥﴾

ع ١ ٥ ٢٢ ١ রুকূ ২২

৯৮. সূরা আল-বায়্যিনাহ, মাদানী

৮ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। আহলে কিতাবের মধ্যে যারা কুফরী করেছে তারা এবং মুশরিকরা (তাদের কুফরী ও শরীক করা থেকে) পৃথক* হওয়ার ছিল না যে পর্যন্ত না তাদের নিকট আসে স্পষ্ট প্রমাণ-

২। আল্লাহ্‌র পক্ষ থেকে একজন রাসূল, যে পাঠ করবে পবিত্র সহিফাসমূহ-

৩। যাতে থাকবে সঠিক বিধানাবলী।

৪। কিন্তু যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তারা বিভক্ত হয়েছিল তাদের নিকট স্পষ্ট প্রমাণ আসার পরই।

৫। আর তাদেরকে নির্দেশ দেয়া হয়েছিল কেবল আল্লাহ্‌রই ইবাদত করতে দ্বীনকে তাঁরই জন্য নির্দিষ্ট করে একত্ববাদী হয়ে এবং সালাত (নামায) কায়েম করতে ও যাকাত প্রদান করতে এবং এটিই সঠিক দ্বীন।

৬। নিশ্চয় আহলে কিতাবের মধ্যে যারা কুফরী করেছে তারা এবং মুশরিকরা জাহান্নামের আগুনে থাকবে, সেখানে তারা স্থায়ী হবে। তারাই নিকৃষ্টতম সৃষ্টি।

৭। নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তারাই সর্বোত্তম সৃষ্টি।

৮। তাদের প্রতিপালকের নিকট রয়েছে তাদের প্রতিদান- স্থায়ী জান্নাতসমূহ, যেগুলোর নীচে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট হয়েছে। এটি তার জন্য, যে তার প্রতিপালককে ভয় করেছে।

٩٨-سُوْرَةُ الْبَيِّنَةِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ مُنْفَكِّيْنَ حَتّٰى تَاْتِيَهُمُ الْبَيِّنَةُ ۙ﴿١﴾

رَسُوْلٌ مِّنَ اللّٰهِ يَتْلُوْا صُحُفًا مُّطَهَّرَةً ۙ﴿٢﴾

فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ ؕ﴿٣﴾

وَمَا تَفَرَّقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ ؕ﴿٤﴾

وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۙ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّمَةِ ؕ﴿٥﴾

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ؕ﴿٦﴾

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ؕ﴿٧﴾

جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهٗ ﴿٨﴾

ع ١ ٨ ٢٣ ١ রুকূ ২৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

৯৯. সূরা আয-যিল্‌যাল, মাদানী
৮ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

٩٩-سُوْرَةُ الزِّلْزَالِ-مَدَنِيَّةٌ
اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। যখন পৃথিবীকে প্রবলভাবে প্রকম্পিত করা হবে-
اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا ۙ﴿١﴾

২। এবং পৃথিবী তার বোঝাগুলোকে বের করে দেবে-
وَاَخْرَجَتِ الْاَرْضُ اَثْقَالَهَا ۙ﴿٢﴾

৩। এবং মানুষ বলবে, 'তার কী হল?'
وَقَالَ الْاِنْسَانُ مَا لَهَا ۚ﴿٣﴾

৪। সেদিন সে (পৃথিবী) তার খবরসমূহ বর্ণনা করবে*-
يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا ۙ﴿٤﴾

৫। কারণ তোমার প্রতিপালক তাকে ওহী করেছেন।
بِاَنَّ رَبَّكَ اَوْحٰى لَهَا ؕ﴿٥﴾

৬। সেদিন মানুষ বিভক্ত হয়ে বের হবে, যাতে তাদেরকে তাদের কর্মসমূহ দেখানো যায়।
يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا ۙ لِّيُرَوْا اَعْمَالَهُمْ ؕ﴿٦﴾

৭। সুতরাং যে অণু পরিমাণ ভাল কাজ করবে সে তা দেখবে।
فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ ؕ﴿٧﴾

৮। আর যে অণু পরিমাণ মন্দ কাজ করবে সে তা দেখবে।
وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ۧ﴿٨﴾

ع ١ ٢٤ ١ রুকূ ২৪

১০০. সূরা আল-আ'দিয়াত, মাক্কী
১১ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٠-سُوْرَةُ الْعٰدِيٰتِ-مَكِّيَّةٌ
اٰيَاتُهَا-١١، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম সেই ঘোড়াগুলোর যারা ঊর্ধ্বশ্বাসে দৌড়ায়-
وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۙ﴿١﴾

২। এবং (ক্ষুরাঘাতে) আগুনের ফুলকি ঝরায়-
فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۙ﴿٢﴾

৩। এবং প্রভাতে অতর্কিতে আক্রমণ চালায়-
فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۙ﴿٣﴾

৪। এবং সে সময়ে ধূলা উড়ায়-
فَاَثَرْنَ بِهٖ نَقْعًا ۙ﴿٤﴾

৫। এবং সে সময়ে কোন (প্রতিপক্ষ) দলের অভ্যন্তরে ঢুকে পড়ে-
فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۙ﴿٥﴾

৬। নিশ্চয় মানুষ অবশ্যই তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ,
اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۚ﴿٦﴾

৭। এবং নিশ্চয় সে অবশ্যই এ আচরণের সাক্ষী,
وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ لَشَهِيْدٌ ۚ﴿٧﴾

৮। এবং নিশ্চয় সে সম্পদের ভালবাসায় খুবই প্রবল।
وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ؕ﴿٨﴾

৯। তবে কি সে জানে না, যখন কবরে যা আছে তা উত্থিত করা হবে-
اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى الْقُبُوْرِ ۙ﴿٩﴾

১০। এবং বক্ষসমূহে যা আছে তা প্রকাশ করা হবে?
وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ ۙ﴿١٠﴾

১১। নিশ্চয় সেদিন তাদের প্রতিপালক তাদের সম্পর্কে থাকবেন পূর্ণ অবগত।
اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ ۧ﴿١١﴾

ع ١١ ٢٥ ١ রুকূ ২৫

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০১. সূরা আল-ক্বারি'আ, মাক্কী

১১ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। মহাপ্রলয়-

২। মহাপ্রলয় কী?

৩। আর কিসে তোমাকে জানাবে, মহাপ্রলয় কী?

৪। যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের মত -

৫। এবং পর্বতসমূহ হয়ে যাবে ধুনিত পশমের মত।

৬। তখন যার (নেকীর) পাল্লাসমূহ ভারী হবে-

৭। সে সন্তুষ্ট জীবন-যাপন করবে,

৮। কিন্তু যার (নেকীর) পাল্লাসমূহ হালকা হবে-

৯। তার স্থান হবে 'হাবিয়া'।

১০। এবং কিসে তোমাকে জানাবে সেটা কী?

১১। সেটা উত্তপ্ত আগুন।

١٠١-سُوْرَةُ الْقَارِعَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-١١، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْقَارِعَةُ ۙ﴿١﴾

مَا الْقَارِعَةُ ۚ﴿٢﴾

وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ؕ﴿٣﴾

يَوْمَ يَكُوْنُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ۙ﴿٤﴾

وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ؕ﴿٥﴾

فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ۙ﴿٦﴾

فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ؕ﴿٧﴾

وَاَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ ۙ﴿٨﴾

فَاُمُّهٗ هَاوِيَةٌ ؕ﴿٩﴾

وَمَآ اَدْرٰىكَ مَا هِيَهْ ؕ﴿١٠﴾

نَارٌ حَامِيَةٌ ۧ﴿١١﴾

ع ١١ ١ ١ রুকূ ২৬

১০২. সূরা আত্-তাকাছুর, মাক্কী

৮ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٢-سُوْرَةُ التَّكَاثُرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٨، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। প্রাচুর্যের প্রতিযোগিতা তোমাদেরকে মোহাচ্ছন্ন করেছে-	اَلْهٰكُمُ التَّكَاثُرُ ۙ﴿١﴾
২। যতক্ষণ না তোমরা কবরসমূহে উপণীত হও।	حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ؕ﴿٢﴾
৩। কক্ষনো না, তোমরা অচিরেই জানতে পারবে-	كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۙ﴿٣﴾
৪। আবার (বলছি), কক্ষনো না, তোমরা অচিরেই জানতে পারবে।	ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ؕ﴿٤﴾
৫। কক্ষনো না, নিশ্চিত জ্ঞান তোমাদের জানা থাকলে (মোহাচ্ছন্ন হতে না)।	كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ؕ﴿٥﴾
৬। তোমরা অবশ্যই অবশ্যই জাহান্নাম দেখবে-	لَتَرَوُنَّ الْجَحِيْمَ ۙ﴿٦﴾
৭। আবার (বলছি), তোমরা অবশ্যই অবশ্যই এটা চাক্ষুষ দেখবে-	ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ۙ﴿٧﴾
৮। এরপর অবশ্যই অবশ্যই সেদিন তোমাদেরকে নেয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।	ثُمَّ لَتُسْئَلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ع﴿٨﴾

ع ١ ٨ ٢٧ ١ রুকূ ২৭

১০৩. সূরা আল-আস্‌র, মাক্কী

৩ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٣-سُوْرَةُ الْعَصْرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٣، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। কসম সময়ের-	وَالْعَصْرِ ۙ﴿١﴾
২। নিশ্চয় মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে রয়েছে-	اِنَّ الْاِنْسَانَ لَفِيْ خُسْرٍ ۙ﴿٢﴾
৩। তারা ছাড়া যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে এবং পরস্পরকে সত্যের উপদেশ দিয়েছে এবং পরস্পরকে ধৈর্যের উপদেশ দিয়েছে।	اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ع﴿٣﴾

ع ١ ٣ ٢٨ ١ রুকূ ২৮

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০৪. সূরা আল-হুমাযাহ্, মাক্কী

৯ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٤-سُوْرَةُ الْهُمَزَةِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٩، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১। দুর্ভোগ প্রত্যেক পিছনে নিন্দাকারী ও সামনে দোষ বর্ণনাকারীর জন্য-	وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ ۝١
২। যে ধন-সম্পদ জমা করেছে এবং তা গণনা করেছে* -	الَّذِىْ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۝٢
৩। সে ধারণা করে যে, তার ধন-সম্পদ তাকে অমর করে রাখবে,	يَحْسَبُ اَنَّ مَالَهٗۤ اَخْلَدَهٗ ۝٣
৪। কক্ষনো না, তাকে অবশ্যই অবশ্যই নিক্ষেপ করা হবে 'হুতামায়',	كَلَّا لَيُنْۢبَذَنَّ فِى الْحُطَمَةِ ۝٤
৫। এবং কিসে তোমাকে জানাবে, হুতামা কী?	وَمَاۤ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝٥
৬। এটি আল্লাহ্‌র প্রজ্জ্বলিত আগুন-	نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝٦
৭। যা অন্তর পর্যন্ত পৌঁছে যাবে।	الَّتِىْ تَطَّلِعُ عَلَى الْاَفْـِٕدَةِ ۝٧
৮। নিশ্চয় তা তাদেরকে পরিবেষ্টন করে রাখবে-	اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝٨
৯। সুদীর্ঘ স্তম্ভসমূহে (শৃঙ্খলে আবদ্ধ অবস্থায়)।	فِىْ عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝٩

১০৪ সূরা ১ রুকূ ২৯

১০৫. সূরা আল-ফীল, মাক্কী

৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٥-سُوْرَةُ الْفِيْلِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٣، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

১ তুমি কি দেখনি তোমার প্রতিপালক হাতিওয়ালাদের সাথে কেমন (আচরণ) করেছিলেন*?	اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ۝١
২। তিনি কি তাদের ষড়যন্ত্র ভ্রষ্টতায় পর্যবসিত করে দেননি?	اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِىْ تَضْلِيْلٍ ۝٢
৩। আর তিনি তাদের বিরুদ্ধে ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করলেন-	وَّاَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ ۝٣
৪। যারা তাদের উপর পোড়া মাটির পাথর নিক্ষেপ করছিল-	تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۝٤
৫। অতঃপর তিনি তাদেরকে চর্বিত ঘাসের মত করে দিলেন।	فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ۝٥

১০৫ সূরা ১ রুকূ ৩০

١٠٦-سُوْرَةُ الْقُرَيْشِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٤، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لِاِيْلٰفِ قُرَيْشٍ ۝١

اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ۝٢

فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ ۝٣

الَّذِيْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۝٤

১০৬. সূরা আল-কুরাইশ, মাক্কী

৪ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। যেহেতু কুরাইশদের আসক্তি রয়েছে*-

২। আসক্তি রয়েছে তাদের শীত ও গ্রীষ্ম কালীন ভ্রমণে (ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে),

৩। অতএব তারা যেন এই (কা'বা) ঘরের মালিকের ইবাদত করে-

৪। যিনি তাদেরকে ক্ষুধায় খাবার দিয়েছেন এবং তাদেরকে ভয়-ভীতি থেকে নিরাপত্তা দিয়েছেন।

রুকূ-১ আয়াত-৪

١٠٧-سُوْرَةُ الْمَاعُوْنِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٧، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَرَءَيْتَ الَّذِيْ يُكَذِّبُ بِالدِّيْنِ ۝١

فَذٰلِكَ الَّذِيْ يَدُعُّ الْيَتِيْمَ ۝٢

وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۝٣

فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ۝٤

الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ۝٥

الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ۝٦

وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ۝٧

১০৭. সূরা আল-মাউন, মাক্কী

৭ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। তুমি কি তাকে দেখেছ, যে বিচার দিনকে অস্বীকার করে?

২। সে তো সেই (লোক) যে ইয়াতীমকে রূঢ়ভাবে তাড়িয়ে দেয়-

৩। এবং মিসকীনকে (অভাবগ্রস্তকে) খাদ্য দানে উৎসাহ দেয় না।

৪। অতঃপর দুর্ভোগ সেই মুসল্লিদের (নামায়ীদের) জন্য-

৫। যারা তাদের সালাতের (নামাযের) ব্যাপারে উদাসীন-

৬। যারা লোক দেখানো কাজ করে-

৭। এবং গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাট জিনিসপত্র দিতে বিরত থাকে।

রুকূ-১ আয়াত-৭

١٠٨-سُوْرَةُ الْكَوْثَرِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٧، رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ۝١

فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ۝٢

اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ ۝٣

১০৮. সূরা আল-কাওছার, মাক্কী

৩ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। নিশ্চয় আমি তোমাকে দান করেছি 'কাওছার'*।

২। সুতরাং তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে সালাত (নামায) আদায় কর এবং কুরবানী কর*।

৩। নিশ্চয় তোমার প্রতি বিদ্বেষ পোষণকারীই লেজকাটা (নির্বংশ*)।

রুকূ-১ আয়াত-৩

* চিহ্নিত স্থানের টীকা সূরা নং : আয়াত নং অনুসারে তরজমার শেষে দেখুন

১০৯. সূরা আল-কাফিরূন, মাক্কী

৬ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١٠٩-سُوْرَةُ الْكٰفِرُوْنَ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ ۙ﴿١﴾

১। বল, 'হে কাফিররা!

لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ۙ﴿٢﴾

২। আমি তার ইবাদত করি না যার ইবাদত তোমরা কর*-

وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۚ﴿٣﴾

৩। এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও যাঁর ইবাদত আমি করি,

وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ۙ﴿٤﴾

৪। এবং আমি তার ইবাদতকারী নই যার ইবাদত তোমরা করেছ-

وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ﴿٥﴾

৫। এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও যাঁর ইবাদত আমি করি।

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ﴿٦﴾

৬। তোমাদের জন্য তোমাদের দ্বীন এবং আমার জন্য আমার দ্বীন*।'

১১০. সূরা আন-নাসর, মাদানী

৩ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١١٠-سُوْرَةُ النَّصْرِ-مَدَنِيَّةٌ

اٰيَاتُهَا-٣،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۙ﴿١﴾

১। যখন আসল আল্লাহ্‌র সাহায্য ও বিজয়*-

وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۙ﴿٢﴾

২। এবং তুমি মানুষকে দেখলে তারা দলে দলে আল্লাহ্‌র দ্বীনে প্রবেশ করছে*-

فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ۭ اِنَّهٗ كَانَ تَوَّابًا ﴿٣﴾

৩। তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসা সহ পবিত্রতা ঘোষণা* কর এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় তিনি তাওবা কবুলকারী।

১১১. সূরা আল-লাহাব, মাক্কী

৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

١١١-سُوْرَةُ اللَّهَبِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَبَّتْ يَدَآ اَبِيْ لَهَبٍ وَّتَبَّ ۭ﴿١﴾

১। ধ্বংস হোক আবু লাহাবের দুই হাত এবং ধ্বংস হোক সে (নিজেও*)।

مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۭ﴿٢﴾

২। তার ধন-সম্পদ ও যা সে উপার্জন করেছে তা তার কাজে আসবে না*।

سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۚ﴿٣﴾

৩। শীঘ্রই সে লেলিহান আগুনে প্রবেশ করবে-

وَّامْرَاَتُهٗ ۭ حَمَّالَةَ الْحَطَبِ ۚ﴿٤﴾

৪। এবং তার স্ত্রী- ইন্ধন বহনকারীনীরূপে*,

فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ﴿٥﴾

৫। তার গলায় পাকানো রশি (বেড়ি ও শিকল) থাকবে*।

١١٢-سُوْرَةُ الْإِخْلَاصِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٤،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۝١

اَللّٰهُ الصَّمَدُ ۝٢

لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۝٣

وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝٤

১১২. সূরা আল-ইখলাস, মাক্কী

৪ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। বল, 'তিনি এক আল্লাহ্*,

২। আল্লাহ্‌ই সামাদ (স্বয়ংসম্পূর্ণ সত্তা, সকল সৃষ্টি যাঁর মুখাপেক্ষী),

৩। তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও কেউ জন্ম দেয়নি*-

৪। আর তাঁর সমতুল্য কেউ নেই*।'

রুকূ ১ ৩৭ ৬ ১

١١٣-سُوْرَةُ الْفَلَقِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٥،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۝١

مِنْ شَرِّ مَا خَلَقَ ۝٢

وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۝٣

وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ ۝٤

وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۝٥

১১৩.সূরা আল-ফালাক, মাক্কী

৫ আয়াত, ১ রুকূ

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। বল, 'আমি আশ্রয় চাচ্ছি প্রভাতের প্রতিপালকের নিকট-

২। তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে-

৩। এবং অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন তা গভীর হয়-

৪। এবং গিঁটে ফুঁ দানকারিণীদের অনিষ্ট থেকে-

৫। এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।'

রুকূ ১ ৩৮ ৬ ১

١١٤-سُوْرَةُ النَّاسِ-مَكِّيَّةٌ

اٰيَاتُهَا-٦،رُكُوْعَاتُهَا-١

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۝١

مَلِكِ النَّاسِ ۝٢

اِلٰهِ النَّاسِ ۝٣

مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ الْخَنَّاسِ ۝٤

الَّذِيْ يُوَسْوِسُ فِيْ صُدُوْرِ النَّاسِ ۝٥

مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝٦

১১৪. সূরা আন-নাস, মাক্কী

৬ আয়াত, ১ রুকু

অসীম দয়াময় ও পরম দয়ালু আল্লাহ্‌র নামে

১। বল, 'আমি আশ্রয় চাচ্ছি মানুষের রবের (প্রতিপালকের) কাছে-

২। মানুষের মালিকের (বাদশাহের) কাছে-

৩। মানুষের ইলাহের (উপাস্যের) কাছে-

৪। কুমন্ত্রণাদানকারী খান্নাসের (শয়তানের) অনিষ্ট থেকে-

৫। যে কুমন্ত্রণা দেয় মানুষের বক্ষসমূহে-

৬। জ্বীন ও মানুষের মধ্য থেকে।'

রুকূ ১ ৩৯ ৬ ১

তৃতীয় অধ্যায়

পবিত্র কুরআনের তরজমার টীকা (সংক্ষিপ্ত তাফসীর)

১:১। **জগৎসমূহের প্রতিপালক:** কুরআনের ভাষায় 'রাব্বুল আলামীন'। এখনে 'রব' ও 'আলামীন' দু'টি শব্দ রয়েছে। 'রব' অর্থ প্রতিপালক। 'আলামীন' শব্দটি 'আলাম' এর বহুবচন। আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে সবকিছুকে 'আলামীন' (জগৎসমূহ) বলা হয়। সূরা 'আশ্-শুআরা' এর ২৩-২৪ আয়াতে জগৎসমূহের ব্যাখ্যা করে বলা হয়েছে- "ফিরআউন বলল, 'জগৎসমূহের প্রতিপালক আবার কী?' মূসা বলল, 'তিনি আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে যা কিছু আছে তার প্রতিপালক।' অতএব, আয়াতের মর্মার্থ হচ্ছে, যে মহান আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী এবং উভয়ের মাঝে বিদ্যমান সবকিছু সৃষ্টি করেছেন, যিনি এ সবকিছুর আসল মালিক এবং যিনি এ সবকিছুর সংরক্ষণ ও প্রতিপালন করছেন, যাবতীয় প্রশংসা ও কৃতজ্ঞতা তাঁরই উদ্দেশ্যে নিবেদিত।

১:৪। **ইবাদত করার অর্থ:** ইবনে আব্বাস (রা.) বলেন, 'আমরা আপনার ইবাদাত করি' এর অর্থ আমরা আপনার একত্ববাদের ঘোষণা দিচ্ছি, আমরা একমাত্র আপনাকেই ভয় করি অন্য কাউকে নয় এবং আমরা একমাত্র আপনার কাছেই আকাঙ্খা প্রকাশ করি অন্য কারো কাছে নয়-(ইবনে কাছীর)।

১:৫। **সরল-সঠিক পথ:** কুরআনের ভাষায় 'সিরাতুল মুস্তাকীম' এর অর্থ সরল পথ, সোজা পথ ও সঠিক পথ (ভুল পথ নয়)। সিরাতুল মুস্তাকীমের এ অর্থ কুরআন ও হাদীস দ্বারা সমর্থিত। ইবনে মাসউদ (রা.) বলেন, রাসূল (স.) একদিন আমাদের সম্মুখে একটি রেখা আঁকলেন এবং বললেন, 'এটি হচ্ছে আল্লাহ্র পথ'। অতঃপর এ রেখাটির ডানে ও বামে আরো অনেকগুলো আঁকাবাঁকা রেখা আকলেন এবং বললেন, 'এখানে আরো অনেক পথ রয়েছে যার প্রত্যেকটিতে একটি শয়তান অবস্থান করে সেদিকে ডাকছে (অর্থাৎ এগুলো সবই শয়তানের পথ)।' অতঃপর রাসূল (সা.) কুরআনের এ আয়াতটি তেলাওয়াত করলেন, 'এটি আমার সোজা পথ (সিরাতে মুস্তাকীম), তোমরা এর অনুসরণ করো , যদি তোমরা বহুপথ অনুসরণ কর তাহলে তোমরা আল্লাহ্র পথ থেকে বিচ্যুত হয়ে বহুধা বিভক্ত হয়ে পড়বে?-(মুসনাদে আহমাদ ও সুনানে নাসাঈ)। আল্লাহ্র কিতাবে বর্ণিত ও রাসূল এর অনুসৃত পথই হচ্ছে সিরাতে মুস্তাকীম বা সরল পথ। আঁকাবাঁকা পথ হচ্ছে আল্লাহ্র অবাধ্যতা, শিরক ও বিদায়াতের পথ। অধিকন্তু 'সিরাতুল মুস্তাকীম' এর ব্যখ্যা আল্লাহ্ নিজেই দিয়েছেন। পরবর্তী আয়াতে তিনি বলেছেন, 'তাদের পথ যাদের প্রতি আপনি অনুগ্রহ করেছেন'। যাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছেন তাদের বর্ণনা দিয়ে সূরা নিসার ৬৯ আয়াতে আল্লাহ্ বলেছেন, যারা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য করবে তারা আল্লাহ্র অনুগ্রহপ্রাপ্ত নবী, সত্যবাদী, শহীদ ও সৎকর্মশীল বান্দাগণের সঙ্গে থাকবে, তারাই উত্তম সঙ্গী। অর্থাৎ নবী-রাসূল, সত্যবাদী, আল্লাহ্র পথে জীবন উৎসর্গকারী শহীদ ও সৎকর্মশীল লোকেরা আল্লাহ্র অনুগ্রহপ্রাপ্ত বান্দা। তাদের অনুসৃত পথই হচ্ছে 'সিরাতে মুসতাকীম'। আর আল্লাহ্ ও রাসূলের আনুগত্যের মাধ্যমেই কেবল তাদের সঙ্গী ও তাদের পথের পথিক হওয়া যাবে।

১:৬। যাদের উপর আল্লাহ্ নেয়ামত দান করেছেন তারা হলেন নবী, সত্যবাদী, শহীদ ও সৎকর্মপরায়ণ- যার উল্লেখ রয়েছে সূরা আন-নিসা (সূরা নং-৪)-এর ৬৯নং আয়াতে।

১:৭। কেউ কেউ এ আয়াতের অর্থ করেছেন: তাদের পথ নয় যারা ক্রোধ-নিপতিত ও পথভ্রষ্ট।

১:৭। অর্থাৎ যারা যুগে যুগে কুফর, পাপ, জুলুম ও সীমালঙ্ঘনের কারণে আল্লাহ্ তায়ালার ক্রোধের পাত্র হয়েছে এবং সরল সঠিকপথ অর্থাৎ ইসলামের পথ থেকে বিচ্যুত হয়েছে, তাদের পথ নয়।

* সূরা ফাতিহা পাঠ শেষে 'আমীন' বলা সুন্নত। রাসূল (সা.) বলেছেন, ইমাম যখন পড়বে, وَلَا الضَّالِّينَ তখন তোমরা 'আমীন' বলবে। তোমাদের কারো 'আমীন' বলা যদি আকাশে ফেরেশতাদের 'আমীন' বলার সাথে মিলে যায় তাহলে আল্লাহ্ তার অতীতের গুনাহ মাফ করে দেবেন-(বুখারী)। উল্লেখ্য 'আমীন' অর্থ 'কবুল করুন'। এটি কুরআনের কোন আয়াত নয়।

২:২। অর্থাৎ এটি সেই প্রতিশ্রুত আসমানী কিতাব যে কিতাব আল্লাহ্র পক্ষ থেকে অবতীর্ণ হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই এবং এর বিশুদ্ধতা ও অলৌকিকতার ব্যাপারেও কোন সন্দেহ নেই (তাফসীরে কাবীর, ইমাম রাযী)। পবিত্র কুরআনের অন্যান্য আয়াতেও এর উল্লেখ রয়েছে। যেমন সূরা-২: আয়াত-২৩, সূরা-৪: আয়াত-৮২, সূরা-১০: আয়াত-৩৭, সূরা-১৭: আয়াত-৮৮, সূরা-৩২: আয়াত-২, সূরা-৪১: আয়াত-৪২।

২:২। **মুত্তাকী:** পবিত্র কুরআনে বর্ণিত একটি বিশেষ পরিভাষা। দুনিয়া ও আখেরাতে সফল সৎ-মানুষদের বুঝাতে এ শব্দটি পবিত্র কুরআনে বহুবার ব্যবহৃত হয়েছে। কুরআনের নিজস্ব বর্ণনাভঙ্গিতে বিভিন্ন প্রসঙ্গে মুত্তাকীদের গুণাবলী ও পরিচয় বর্ণনা করা হয়েছে। এজন্য একটি মাত্র প্রতিশব্দ দিয়ে মুত্তাকী'র পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ সম্ভব নয়। আল্লাহ্ তায়ালা কুরআন থেকে হেদায়ত গ্রহণকারী মুত্তাকী মানুষের কতিপয় মৌলিক বৈশিষ্ট্য পরবর্তী ৩ - ৫ নং আয়াতে বর্ণনা করেছেন। কোন মানুষের মধ্যে এ কয়টি মৌলিক বিষয়ে বিশ্বাস না থাকলে ও কিছু মৌলিক কাজ না করলে কুরআন থেকে সে উপকৃত হতে পারবে না ও কুরআন থেকে হেদায়াত লাভ করতে পারবে না। শাব্দিক বিশ্লেষণে মুত্তাকী শব্দটি وقي শব্দমূল হতে উদ্ভূত যার শাব্দিক অর্থ বেঁচে থাকা, সাবধানতা অবলম্বন করা। অর্থাৎ আল্লাহ্ অসন্তুষ্ট হন এমন সব কাজ থেকে বিরত থেকে যিনি সৎ পথে চলতে আন্তরিকভাবে ইচ্ছুক ও সচেষ্ট তিনি মুত্তাকী। আর এ ধরণের লোকেরা কুরআন থেকে হেদায়াত পাবে ও সঠিক পথ অবলম্বন করতে পারবে।

২:৩। **অদৃশ্যে বিশ্বাস:** যে সব বিষয় মহান আল্লাহ্ ও তাঁর রাসূল জানিয়েছেন যা কেউ চোখে দেখেনি এরূপ প্রতিটি বিষয়কে সত্য বলে দৃঢ় বিশ্বাস করার নাম ঈমান।

২:৩। **সালাত কায়েম:** সালাত কায়েম অর্থ ধীর-স্থির ও মনোযোগের (খুশু-খুযুর) সাথে সময়মত সালাত আদায় করা, এবং সালাতের অন্তর্নিহিত শিক্ষা ব্যক্তি জীবনে, পারিবারিক জীবনে ও সমাজে জীবনে বাস্তবায়নের জন্য ক্রমাগত আন্তরিক প্রচেষ্টা চালানো।

২:৩। অর্থাৎ আল্লাহ্র দেয়া সম্পদ থেকে দান-সদকাহ্ করে। এর দ্বারা যাকাতও উদ্দেশ্য হতে পারে। কেননা এখানে নামাযের পরপরই উল্লেখ করা হয়েছে (কাশশাফ)।

২:১১। অর্থাৎ মুনাফিকরা সর্বদা স্থিতিশীল, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল অবস্থা বিঘ্নিত করত ও অস্থিতিশীল করত। তাদেরকে এহেন কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য রাসূল ও মু'মিনদের পক্ষ থেকে বলা হলে তারা জবাবে বলত, আমরা তো লোকদের ঠিক করতে চাই। আমরা সমাজের ভাল চাচ্ছি।

২:১৪। **শয়তান:** অর্থাৎ মুনাফিকদের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ। উল্লেখ্য, শয়তান শব্দটি শাতানুন (شطن) শব্দমূল থকে নির্গত। এর অর্থ সত্য ও সঠিক পথ থেকে দূরে সরে যাওয়া। শয়তান সত্য প্রত্যাখ্যান করায় তাকে শয়তান বলা হয়। একই কারণে মুনাফিকদের বুঝাতেও শয়তান শব্দের বহুবচন 'শায়াতীন' ব্যবহার করা হয়েছে।

২:১৭। মুনাফিকদের চরিত্র বুঝাবার জন্য উপমা দেয়া হয়েছে। মুনাফিকরা ইসলাম গ্রহণের ঘোষণা দিয়ে মুসলমানদের সংস্পর্শে আসার ফলে ঈমানের আলো তাদের সামনে ক্ষণিকের জন্য জ্বলে উঠে কিন্তু তৎক্ষনাৎ তা আবার নিভে যায় এবং তারা কুফরীর গভীর অন্ধকারে নিমজ্জিত হয়ে যায়। এসব মুনাফিক লোকদের হেদায়ত পাওয়ার সম্ভাবনা নেই।

২:২৫। রাসূল (সা.) বলেছেন জান্নাতে অবিবাহিত কেউ থাকবে না (মুসলিম)। এ প্রসঙ্গে শায়খ উছাইমীন (র.) বলেছেন, দুনিয়াতে কোন নারী অবিবাহিত থাকলে আল্লাহ্ তাকে চক্ষু শীতলকারী স্বামীর সাথে বিয়ের ব্যবস্থা করবেন। জান্নাতের নিয়ামত শুধু পুরুষদের জন্য নয় বরং তা নারী-পুরুষ উভয়ের জন্য। আর জান্নাতের অন্যতম একটি নিয়ামত হচ্ছে বিবাহ।

২:২৬। আল্লাহ্ তায়ালা পবিত্র কুরআনে মৌমাছি, মাছি, মাকড়শা ও পিঁপড়ার কথা উল্লেখ করেছেন। এ প্রসঙ্গে মুনাফিক ও কাফিররা বলাবলি করল যে, এ সকল সামান্য বস্তুর দৃষ্টান্ত বর্ণনা আল্লাহ্র মহান সত্ত্বার সাথে মানান সই নয়। তাদের এ ধরনের বক্তব্য খন্ডন করে আল্লাহ্ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন।

২:২৭। 'প্রতিশ্রুতি' বলতে রূহের জগতে আল্লাহ্ তায়ালা আদম সন্তানদের নিকট থেকে তাঁকে প্রতিপালক হিসেবে মেনে নেয়ার যে প্রতিশ্রুতি নিয়েছিলেন সেদিকে ইঙ্গিত করা হয়েছে- যার উল্লেখ সূরা আল-আ'রাফ (সূরা নং-৭)-এর ১৭২নং আয়াতে রয়েছে।

২:২৭। যা সংযুক্ত রাখার নির্দেশ অর্থাৎ আত্মীয়তার সম্পর্ক রক্ষা করার নির্দেশ। সূরা আর-রা'দ (সূরা নং-১৩)-এর আয়াত নং-২০, ২১-এও এরূপ উল্লেখ রয়েছে। এবং সূরা আন-নিসা (সূরা নং-৪)-এর ১নং আয়াতেও আত্মীয়তার বন্ধনের ব্যাপারে জোর তাগিদ দেয়া হয়েছে এবং সূরা মুহাম্মদ (সূরা নং ৪৭)-এর ২২নং আয়াতেও আত্মীয়তার বন্ধন ছিন্নকারীদেরকে সমলোচনা করে ২৩নং আয়াতে আল্লাহ্ তায়ালা লা'নত করেছেন। উল্লেখ্য, রাসূল (সা.) প্রথমত যাদের কাছে দ্বীনের দাওয়াত পৌঁছিয়েছেন তারা ছিল কুরাইশ-অর্থাৎ আত্মীয়। তাই তাদেরকে স্মরণ করিয়ে দেয়া হচ্ছে আত্মীয়তার সম্পর্ক সম্পর্কে, যা তারা শত্রুতা করার মাধ্যমে তাঁর সাথে ছিন্ন করেছে। আর রাসূল (সা.) এই দ্বীনের দাওয়াতের বিনিময়ে আত্মীয়তার সম্পর্কের সুবিধাটুকু পাওয়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন- যার উল্লেখ সূরা আশ-শূরা (সূরা নং-৪২)-এর ২৩নং আয়াতে রয়েছে।

২:৩৬। আদম ও হাওয়া (আ.) এর ভুলের কারণে মানুষকে পৃথিবীতে আসতে হয়েছে, অন্যথায় মানুষ জান্নাতে থাকতো এমন ধারণা পোষণ করা অমূলক, কেননা আল্লাহ্ তো মানুষ সৃষ্টির পূর্বে ফেরেশতাদেরকে জানিয়েছিলেন যে তিনি পৃথিবীতে খলিফা সৃষ্টি করতে যাচ্ছেন। অর্থাৎ মানুষকে পৃথিবীতে পাঠাবার জন্যই সৃষ্টি করেছেন। তবে জান্নাতে তাদের সাময়িক বসবাসের মধ্য দিয়ে মানুষ তাদের স্থায়ী আবাস সম্পর্কে ধারণা পেয়েছে আর যে ঘটনার মধ্য দিয়ে তারা পৃথিবীতে আসেন তাতে মানব বংশের জন্য খলিফা হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে একটি মৌলিক শিক্ষা তারা পেলেন। আর সেটি হচ্ছে, শয়তানের কথা শোনায় মানুষ জান্নাত হারিয়েছে। অতএব জান্নাতে যাওয়ার পথ হচ্ছে আল্লাহ্র আনুগত্য ও শয়তানের সাথে শত্রুতা পোষণ।

২:৩৬। 'এবং আমি বলেছিলাম' এই আয়াতাংশের মধ্যে 'এবং' শব্দটি দ্বারা ঘটে যাওয়া ঘটনার পরের ঘটনা বর্ণনা উদ্দেশ্য নয়, বরং পূর্ববর্তী ঘটনাকেই বর্ধিত ও বিস্তারিতভাবে বর্ণনা করার জন্য ব্যবহৃত হয়েছে, যেমন- ৩৮নং আয়াতে 'আমি বলেছিলাম' এর অর্থ এই নয় যে, পূর্বে ৩৬নং আয়াতে একবার বলেছি, আবার বললাম- বরং ৩৮নং আয়াতে ৩৬নং আয়াতে উল্লেখিত একই বিষয়ের বর্ধিত বিস্তারিত বর্ণনা দিতে গিয়ে 'আমি বলেছিলাম' এসেছে। উল্লেখ্য, ৩৬নং আয়াতে 'আমি বলেছিলাম তোমরা নেমে যাও' এবং ৩৮নং আয়াতে 'আমি বলেছিলাম তোমরা সবাই এখান থেকে নেমে যাও', এর মাঝখানে ৩৭নং আয়াতে তওবা কবুল করার বিষয়টি থেকে এ কথা স্পষ্ট হয়ে যায় যে, আদম (আ.)-এর তওবা বেহেশতেই গৃহিত হয়েছিল।

২:৪০। ইসরাঈল শব্দটি অনারবী শব্দ। এর অর্থ আল্লাহ্র বান্দা। হযরত ইয়াকুব (আ.) এর নাম ছিল ইসরাঈল। আর বনী ইসরাঈল অর্থাৎ 'ইসরাঈলের বংশধর' দ্বারা হযরত ইয়াকুব (আ.) এর বংশধরকেই বুঝানো হয়েছে।

২:৪৯। ফিরআউন: মিসরীয় নৃপতিদের উপাধি ছিল 'ফিরআউন'। মূসা (আ.) এর সমসাময়িক ফিরআউনের নাম ছিল রেমেসিস। সে মিসরের বনী ইসরাঈল সম্প্রদায়ের উপর নিষ্ঠুর নির্যাতন চালিয়েছিল। এ নিষ্ঠুর নির্যাতন থেকে রক্ষার জন্য আল্লাহ্ মূসা (আ.) কে ত্রাণকর্তা ও রাসূল হিসেবে প্রেরণ করেন।

২:৫১। চন্দ্র মাসের গণনা শুরু হয় রাত দিয়ে তাই ৪০ রাতের উল্লেখ করা হয়েছে যার অর্থ আসলে রাত ও দিন ২৪ঘন্টা অর্থাৎ ৪০দিন। তাওরাত প্রাপ্তির জন্য আল্লাহ্ তায়ালা এই ৪০ রাত নির্ধারণ করেছিলেন এবং মূসা (আ.)-এর সাথে বনী ইসরাঈল থেকে আরো ৭০ জন প্রতিনিধিরও আসার কথা ছিল। কিন্তু মূসা (আ.) আল্লাহ্র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে অতি আগ্রহের কারণে তাদেরকে পিছনে রেখেই একা চলে আসেন, যার উল্লেখ সূরা ত্বাহা (সূরা নং-২০)-এর ৮৩, ৮৪নং আয়াতে রয়েছে। ইতোমধ্যে সামেরী তাদেরকে ফেতনায় ফেলে বাছুর পূজায় লাগিয়ে দেয়, আর অন্যদিকে মূসা (আ.) ৩০দিন রোযা রেখে আরো ১০ দিনে ফলকে লিখিত আকারে কতক মৌলিক নির্দেশনা সম্বলিত তাওরাতের প্রথম সংস্করণ প্রাপ্ত হন। সামেরী কর্তৃক সৃষ্ট বাছুর পূজার ফেতনা শেষে প্রতিনিধি দল তূর পর্বতে এসে মূসা (আ.)-এর নিকট থাকা প্রথম সংস্করণকে মেনে নেয়ার আগে শর্ত জুড়ে দেয় যে, তারা স্বচক্ষে আল্লাহ্কে দেখার আগ পর্যন্ত মূসা (আ.)-কে মেনে নিবে না অর্থাৎ তাওরাতকে মেনে নিবে না, আর তখনই বজ্রধ্বনির আঘাতে তাদের মৃত্যু হয়, এরপর পূণরায় আল্লাহ্ তাদেরকে জীবিত করেন যার উল্লেখ সূরা বাকারা (সূরা নং-২)-এর ৫৫নং আয়াতে রয়েছে। এবং তূর পর্বতকে তাদের মাথার উপর তুলে ধরে ভয় দেখিয়ে তাদের কাছ থেকে তাওরাতকে ধারণ করার প্রতিশ্রুতি নেয়া হয়, যার উল্লেখ সূরা বাকারা (সূরা নং-২)-এর ৬৩নং আয়াতে রয়েছে।

২:৫১। বনী ইসরাঈলের মধ্যে সামেরী নামক এক ব্যক্তি ছিল। মূসা (আ.) তূর পর্বতে যাওয়ার পর সে বাছুরের মূর্তি নির্মাণ করে তার পূজা শুরু করে। তার প্ররোচনায় কিছু লোকও পূজা করতে থাকে।

২:৫৪। فَاقْتُلُوْا أَنْفُسَكُمْ বাছুর পূজারীদের পাপের শাস্তিস্বরূপ তাদেরকে এ বিশেষ নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা একে অপরকে হত্যা করবে। এ কঠিন নিয়মে আল্লাহ্ তাদের তওবা কবুল করেন। এতে করে যারা নিহত হয়েছিল এবং যারা জীবিত ছিল সবারই তওবা আল্লাহ্পাক কবুল করেছিলেন।

২:৫৫। মূসা (আ.)-এর ৭০ জন সঙ্গী আল্লাহ্কে প্রকাশ্যে অর্থাৎ চর্ম চোখে দেখার ব্যাপারে জিদ করলে শাস্তি স্বরূপ আল্লাহ্ বজ্রপাতের মাধ্যমে তাদের মৃত্যু ঘটান।

২:৫৬। অর্থাৎ কিছুক্ষণ মৃত অবস্থায় রাখার পর বজ্রাঘাতে মৃত বনী ইসরাঈলের ৭০ জন লোককে আল্লাহ্ তায়ালা পুনর্জীবিত করেন।

২:৫৯। বনী ইসরাঈলের কিছু কিছু লোকের মধ্যে শব্দকে পরিবর্তন করার অভ্যাস যে পূর্ব থেকেই ছিল তা এই আয়াতে প্রতিয়মান। একই অভ্যাসের কারণে তারা রাসূল (সা.)-এর উপস্থিতিতে 'আতা'না' (মান্য করলাম) এর পরিবর্তে 'আসাইনা' (অমান্য করলাম) বলেছিল, যার উল্লেখ সূরা আন-নিসা (সূরা নং-৪)-এর ৪৬নং আয়াতে রয়েছে। অবশ্য এ আয়াতে (সূরা নং-২ এর ৫৯নং আয়াতে) তারা কি কথা দ্বারা পরিবর্তন করল তার উল্লেখ নেই। তবে বেশিরভাগ মুফাস্সের যা বলেছেন তা হচ্ছে যে, তারা 'হিত্তাতুন' (ক্ষমা চাই) এর পরিবর্তে 'হিন্‌তাতুন' (গম চাই) বলেছিল, অর্থাৎ ব্যঙ্গ করেছিল- ফলে আল্লাহ্ তায়ালা তাদের প্রতি আকাশ থেকে শাস্তি অবতীর্ণ করেছিলেন, কিন্তু কি শাস্তি অবতীর্ণ করেছিলেন তার উল্লেখ কুরআনে নেই। তবে বেশিরভাগ মুফাস্সের যা বলেছেন তা হচ্ছে প্লেগ বা প্লেগ জাতীয় মহামারি।

২:৬২। কুরআনে আল্লাহ্ তায়ালা খৃষ্টানদেরকে নাসারা বলে উল্লেখ করেছেন। মূল শব্দ আনসার (সাহায্যকারী) থেকে নাসারা শব্দের উৎপত্তি। যখন হাওয়ারীদেরকে উদ্দেশ্য করে ঈসা (আ.) বলেছিলেন, 'আল্লাহ্র দিকে কারা আমার সাহায্যকারী', সূরা আলে-ইমরান (সূরা নং-৩) আয়াত নং-৫২, তখন হাওয়ারীরা বলেছিল 'আমরাই আল্লাহ্র সাহায্যকারী...'। আর তখন থেকেই তাদের নাম নাসারা। দেখুন আস্-সাবুনী, মুখতাসারু তাফসীরে ইবনে কাছির। পরবর্তিতে খৃস্টান নামটি তারা নিজেরা ধারণ করেছে, আর তা এসেছে আরবী মাসীহী থেকে, যার অর্থ ঈসা মাসীহ্-এর অনুসারী অর্থাৎ যীশু খৃষ্টের অনুসারী অর্থাৎ খৃস্টান।

২:৬২। সাবেয়ী: সাবেয়ী শব্দের প্রধানত দু'টি ব্যাখ্যা পাওয়া যায়। (ক) যারা ইহুদী ও খ্রীষ্টান ধর্ম পরিবর্তন করে ফেরেশতাদের ইবাদত করত তারাই সাবেয়ী-(সফওয়াতুত তাফাসীর)। (খ) যারা ইহুদী ছিল না আবার খ্রীষ্টানও ছিল না বরং তারা এক আল্লাহ্তে বিশ্বাস করত এবং সালাত (নামায) ও সাওম (রোযা) পালন করত। এ কারণে মক্কার কাফির মুশরিকরা অনেক সময় মুহাম্মদ (সা.) ও সাহাবীদের কে সাবেয়ী বলত-(ইবনে কাছির)।

২:৬২। এখানে আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনার অর্থ এই নয় যে কেবল আল্লাহ্ ও আখিরাতের দিনের প্রতি ঈমান আনাই যথেষ্ট। এর প্রকৃত অর্থ হচ্ছে আল্লাহ্র প্রতি ঈমান এবং আখিরাতের দিনের প্রতি ঈমান সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ দু'টোর মাঝে ঈমানের অন্যান্য বিষয়গুলোও অবশ্যই অবশ্যই লুকায়িত আছে। যেমন সূরা মা'আরিজ (সূরা নং-৭০)-এর ৪০নং আয়াতে উদায়চল এবং অস্তাচলসমূহের প্রতিপালক দ্বারা সমস্ত পৃথিবীর প্রতিপালকে বুঝানোই উদ্দেশ্য। তাই এ দু'টো মৌলিক বিষয়কে সামনে রেখে তাঁর ফেরেশতাকুল, তাঁর কিতাবসমূহ, তাঁর রাসূলদের প্রতি ঈমান আনাও এ আয়াতে অন্তর্ভুক্ত রয়েছে যার প্রমাণ সূরা আন-নিসা (সূরা নং-৪)-এর ১৩৬নং আয়াতে রয়েছে, যেখানে বলা হয়েছে যারা এগুলোকে অর্থাৎ আল্লাহ্, তাঁর ফেরেশতাকুল, তাঁর কিতাবসমূহ, তাঁর রাসূলদেরকে এবং আখিরাতের দিনে অবিশ্বাস করে সে অবশ্যই সুদূর পথভ্রষ্ট হয়েছে। দেখুন মাওলানা মুহাম্মদ ইদ্রীস কান্দহ্লভী, মা'আরেফুল কুরআন, খন্ড-১, পৃষ্ঠা-১৯৪।

২:৬৩। সিনাই এলাকায় অবস্থিত তূর পর্বত যেখানে মুসা (আ.) আল্লাহ্র সঙ্গে কথা বলেছিলেন।

২:৬৩। বনী ইসরাঈল সম্প্রদায় মুসা (আ.)-এর কাছে ধর্মীয় বিধান চেয়েছিল। তার প্রেক্ষিতে তাওরাতের বিধান দেয়া হলে তারা তা মানতে অস্বীকার করে। তখন তাদের মাথার উপর পাহাড় তুলে ধরে তাদেরকে শাস্তির ভয় দেখানো হলে তারা তা মেনে নেয়-(৭:১৭১)।

২:৬৫। ইহুদীদের জন্য সপ্তাহের একটি দিন শনিবার আল্লাহ্র ইবাদতের জন্য নির্দিষ্ট ছিল। এ দিনে দুনিয়ার কাজকর্ম ছিল নিষিদ্ধ। লোহিত সাগরের উপকূলবর্তী ঈলা: (ELATH) নামক স্থানে (বর্তমানে আকাবা) বসবাসকারী ইহুদীরা এ আদেশ এড়ানোর জন্য কুটকৌশলের আশ্রয় নিয়েছিল। শনিবার লোহিত সাগরের উপকূলে প্রচুর মাছ আসত। ইহুদীরা তাদের লোভ সংবরণ করতে না পেরে শনিবারে উক্ত মাছগুলোকে শিকার না করে আটকে রাখত। পরের দিন সেগুলোকে শিকার করত। তাদের এ কুটকৌশলে আল্লাহ্ অসন্তুষ্ট হয়ে তাদেরকে আয়াতে বর্ণিত দৃষ্টান্তমূলক শাস্তি দিয়েছিলেন।

২:৬৭। বনী ঈসরাইল সম্প্রদায়ের এক ব্যক্তিকে খুন করা হয়েছিল কিন্তু তার খুনীকে চিহ্নিত করা যাচ্ছিল না। তখন আল্লাহ্র নির্দেশে মূসা (আ.) তাদেরকে একটি গরু জবাই করে তার একখন্ড গোশত দিয়ে নিহত ব্যক্তির দেহে আঘাত করতে বললেন। তারা আদেশ মত কাজ করলে নিহত ব্যক্তিটি জীবিত হয়ে হত্যাকারীর নাম বলে পুণরায় মারা যায়।

২:৭১। অর্থাৎ তারা মনের দিক থেকে এটি করতে প্রস্তুত ছিল না কিন্তু বাধ্য হয়ে শেষ পর্যন্ত তাদেরকে করতে হয়েছে।

২:৭৬। এই আয়াতে মুনাফিক ইহুদীদের কিছু লোকের কথা বলা হয়েছে যারা মদীনায় মু'মিনদের সাথে মিশত এবং বলত আমরা ঈমান এনেছি। এর মাধ্যমে তারা রাসূল (সা.) এবং মু'মিনদের খবরাখবর সংগ্রহ করত। মু'মিনদের কেউ কেউ তাদেরকে মুসলিম জেনেই তাওরাতে মুহাম্মদ (সা.)-এর উল্লেখ থাকার বিষয় জানতে চাইতো এবং তখন তারা বলত যে, হ্যাঁ, তাওরাতে মুহাম্মদ (সা.)-এর বৈশিষ্ট্য ও আগমণের উল্লেখ রয়েছে। আবার যখন সে মুনাফিক ইহুদীরা অন্য নেতৃস্থানীয় ইহুদীদের সাথে মিলিত হত তখন নেতৃস্থানীয় ইহুদীরা তাদেরকে বলত, তোমরা কি মু'মিনদেরকে তাওরাতে উল্লেখিত শেষ নবী ও রাসূলের বৈশিষ্টাবলী যা তোমরা জেনেছ তা বলে দিচ্ছ? তবে তো তারা আখিরাতে তোমাদের প্রতিপালকের সামনে এই কথা দিয়েই তোমাদের বিরুদ্ধে যুক্তি প্রমাণ দিবে যে তোমরা জেনে-বুঝেই সত্যেকে অস্বীকার করেছ। দেখুন, আল-ওয়াহিদী, তাফসীর আল-ওয়াজীয।

২:৮৫। রাসূল (সা.)-এর প্রতি ঈমান এনে তাঁকে মদীনায় হিজরতের সুযোগ সৃষ্টি করে দিয়েছিলেন যারা, তারা আনসার (সাহায্যকারী) হিসেবে পরিচিত। তাঁরা সবাই আওস ও খাযরাজ গোত্রের লোক। রাসূল (সা.)-এর প্রতি ঈমান আনার পূর্বে আওস ও খাযরাজ গোত্রের মধ্যে যুদ্ধ-বিগ্রহ লেগে থাকত। মদীনার ইহুদী গোত্ররা যথা বনু নযীর, বনু কুরাইজা, বনু কাইনুকা- তাদের কেউ কেউ আওস গোত্রের পক্ষ নিত, কেউ কেউ খাযরাজ গোত্রের পক্ষ নিত এবং এভাবে যুদ্ধ-বিগ্রহ লেগেই থাকত। এভাবে পক্ষ নিতে গিয়ে প্রকারন্তরে ইহুদীরা নিজেদের মধ্যেই যুদ্ধে লিপ্ত হত। অথচ বনী ইসরাঈলের কাছ থেকে এই মর্মে অঙ্গীকার নেয়া হয়েছিল যে, তারা নিজেদের মধ্যে রক্তপ্রবাহ, আবাসমূহ থেকে বের করে দেয়া অর্থাৎ যুদ্ধ করবে না (সূরা নং-২ আয়াত নং-৮৪)। কিন্তু ইহুদীরা যুদ্ধে যুদ্ধবন্দীদেরকে মুক্ত করার জন্য মুক্তিপণ (এর খরচ) দেয়াকে ছওয়াবের কাজ মনে করত যদিও সেই যুদ্ধবন্দী বিপরীত পক্ষেরও হত। অথচ একে অন্যকে সহযোগিতা করে (আওস অথবা খাযরাজ গোত্রকে সহযোগিতা করে) তাদেরকে (অন্য পক্ষের ইহুদীদেরকে) বের করে দেয়াই (যুদ্ধ করাই) হারাম ছিল। এক্ষেত্রে আল্লাহ্ তায়ালা বলেছেন, তোমরা ইহুদীরা কিতাবের কিছু অংশের উপর ঈমান আনছ, কিছু অংশের উপর অবিশ্বাস করছ।

২:৯০। ইহুদীরা হযরত মুহাম্মাদ (সা.)-কে অনুসরণ করতে শুধু এ কারণে অস্বীকার করেছিল যে তিনি তাদের বংশোদ্ভূত ছিলেন না।

২:৯০। আল্লাহ্ যাকে ইচ্ছা নবী বানাবেন ও তার প্রতি ওহী নাযিল করবেন। কিন্তু ইহুদীরা মনে করত তাদের বংশেই শুধু নবী আসবে। অন্য কাউকে নবী করা যাবে না। তাদের এহেন চিন্তা আল্লাহ্র ইচ্ছার উপর বাড়াবাড়ি ছিল। উল্লেখ্য শেষ নবী মুহাম্মদ (সা.) ইসমাঈল (আ.)-এর বংশের হওয়ায় ইহুদীরা এটা মেনে নিতে পারেনি। এটা তাদের বাড়াবাড়ি ছিল। কারণ আল্লাহ্ তার অনুগ্রহ (নবুয়্যত) ইহুদীদের ইচ্ছামত দেননি।

২:৯০। 'উপর্যুপরি' অর্থাৎ পূর্বেও তারা (ইহুদীরা) আল্লাহ্র আয়াতসমূহকে অবিশ্বাস করে আল্লাহ্র ক্রোধ ডেকে এনেছিল (সূরা-বাকারা, নং-২, আয়াত-৬১), এখনও তারা আল্লাহ্ যা অবতীর্ণ করেছেণ তা অবিশ্বাস করে আল্লাহ্র ক্রোধ ডেকে আনছে।

২:৯৩। 'অমান্য করলাম' এর পরিবর্তে তো 'মান্য করলাম' হওয়ার কথা। তাই মুফাস্সিরগণের কারো কারো অভিমত এই যে, তারা এমন কর্ম করেছিল যা অমান্য করার শামিল- (দেখুন করতুবী)।

২:১০২। হযরত সুলাইমান (আ.) নবী ও রাষ্ট্রপ্রধান ছিলেন। তার শাসনামলে শয়তান ও শয়তানের অনুসারীরা জাদু চর্চা করত। কিন্তু তিনি নিজে এই ধরনের কুফরী কর্মের সাথে জড়িত ছিলেন না। উল্লেখ্য, বাইবেলের বক্তব্য অনুসারে সুলাইমান (আ.) জাদু বিদ্যার মাধ্যমে ক্ষমতা ও প্রতিপত্তি অর্জন করেছিলেন। কিন্তু কুরআন এ বক্তব্যকে সমর্থন করে না।

২:১০২। সুলাইমান (আ.) এর যুগে শয়তান মানুষকে যে জাদু বিদ্যা শিখিয়েছিল ইহুদিরা সে জাদু বিদ্যার চর্চা করত।

২:১০২। ব্যাবিলন একটি প্রাচীন শহর। এটি বর্তমান কুফার অন্তর্গত ফোরাত নদীর তীরবর্তী এলাকায় অবস্থিত ছিল। 'হারুত' ও 'মারুত' নামক দু' ফেরেশতাকে এ শহরে পাঠানো হয়েছিল।

২:১০২। **শত্রুতা বশত:** স্বামী স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটানোর যে কোন তৎপরতা, প্ররোচনা নিকৃষ্টতম শয়তানী কাজ। যাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, ইবলিস পানির উপর তার মঞ্চ স্থাপন করে তার বিভিন্ন দলকে অভিযানে প্রেরণ করে। তাদের মধ্যে যে মানুষকে বেশি ফিতনায় ফেলতে পারে সে ইবলিসের সবচেয়ে নৈকট্য লাভ করতে সমর্থ হয়। একজন এসে ইবলিসকে জানায়, আমি অমুক অমুক কাজ করে এসেছি। ইবলিস মন্তব্য করে,'তুমি উল্লেখযোগ্য কিছু করতে পারনি।' তারপর আরেকজন এসে বলে, 'আমি তার পিছু ছাড়িনি যতক্ষণ না তার ও তার স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটাতে পেরেছি, তখন ইবলিস তাকে কাছে টেনে নেয় এবং বলে 'হ্যাঁ, তুমিই ঠিক কাজটি করেছ।' -(সহীহ মুসলিম, কিতাবুস সিফাতিল কিয়ামাতি ওয়াল জান্নাতি ওয়ান্নার)।

২:১০৪। 'রাইনা' (راعنا) শব্দের ইতিবাচক অর্থ হচ্ছে থামুন, আমাদের প্রতি মনোযোগ দিন- এরূপ বোঝাতে ব্যবহৃত হয়। সাহাবীগণ যখন মহানবী (সা.) এর কথা শুনতেন তখন মাঝে মাঝে এ শব্দটি বলে তারা রাসূল (সা.) এর দৃষ্টি আকর্ষণ করতেন যাতে তারা তাঁর কথা ভালভাবে হৃদয়ঙ্গম করতে পারেন। সমান্য একটু বিকৃতভাবে উচ্চারণ করলে হিব্রু ভাষায় শব্দটি "শোন, তুই বধির হয়ে যা"- অর্থ প্রকাশ করে। মদীনার ইহুদীরা এরূপ বিকৃত করে শব্দটি বলত এবং এর মাধ্যমে রাসূল (সা.) কে গালি দিত। আবার আরবি ভাষায় رعونة শব্দমূল থেকে শব্দটি ব্যবহার করা হলে তার অর্থও হয় বোকা, আহম্মক ইত্যাদি। তাই রাসূলকে সম্বোধনের ক্ষেত্রে راعنا শব্দটির পরিবর্তে انظرنا (আমাদের প্রতি লক্ষ্য করুন) ব্যবহার করার জন্য আল্লাহ্ এ আয়াতে মু'মিনদেরকে নির্দেশ দান করেছেন-(তাফসীরে ফাতহুল মাজীদ)।

২:১০৫। আহলে কিতাব বলতে আসমানী কিতাবপ্রাপ্ত সম্প্রদায় অর্থাৎ আসমানী কিতাব তাওরাত প্রাপ্ত ইহুদী সম্প্রদায় ও ইন্‌জীল প্রাপ্ত নাসারা সম্প্রদায়কে বুঝায়।

২:১০৬। (نسخ) এর অর্থ রহিত করা। পরবর্তী বিধান দ্বারা রহিত করাকে 'নস্‌খ' বলা হয়। এখানে শেষ নবী মুহাম্মদ (সা.) এর প্রতি পবিত্র কুরআন অবতীর্ণ করার মাধ্যমে পূর্ববর্তী কিতাবসমূহ তথা তাওরাত ও ইন্‌জীল রহিত করার প্রতি ইঙ্গিত করা হয়েছে। সেই সাথে আল্লাহ্‌র এরূপ রহিতকরণ নীতির কারণ ব্যাখ্যা করে বলা হয়েছে, এর নতুন বিধান পূর্ববর্তী বিধানের মতই মানুষের জন্য কল্যাণকর অথবা নতুন বিধানটি সময়ের প্রেক্ষাপটে মানুষের জন্য অধিক কল্যাণকর বিবেচনা করেই আল্লাহ্ তা করেন।

২:১১৫। কেউ কেউ এর তরজমা করেছেন: যেদিকেই তোমরা মুখ ফিরাও না কেন, সেদিকই আল্লাহ্‌র দিক।

২:১১৮। কুরাইশ কাফিরদের মূর্খতা এরূপ ছিল যে, তারা বলত কেন আল্লাহ্ সরাসরি কিংবা ওহীর মাধ্যমে আমাদেরকে একথা বলে দেন না যে আপনিই আল্লাহ্‌র রাসূল-(সফওয়াতুত তাফাসীর)।

২:১১৯। অর্থাৎ তারা কেন সঠিকপথে আসল না সেজন্য তোমাকে জবাবদিহি করতে হবে না।

২:১২১। এখানে يَتْلُوْنَهُ حَقَّ تِلَاوَتِهِ(যারা তা যথাযথভাবে তিলাওয়াত করে) বাক্যাংশটি আরবী ব্যকরণ অনুযায়ী حال হয়েছে। অর্থাৎ যাদেরকে আমি কিতাব দিয়েছি তাদের মধ্যে যাদের অবস্থা এই যে, তারা এর (তাদের কিতাবের) কোন কিছু গোপন বা বিকৃত না করে যথাযথভাবে তিলাওয়াত করে তারাই কুরআনে বিশ্বাস করে ও মুহাম্মদ (সা.)-এর প্রতি ঈমান আনে। আর যারা এতে অবিশ্বাস করে তারাই ক্ষতিগ্রস্ত (আত-তাহ্‌রীর ওয়াত তানভীর, ইবনে আশুর)।

২.১২২। নবী প্রেরণ ও আসমানী কিতাব দানের বিচারে তাদের শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছিল। বনী ইসরাইল সম্প্রদায়ে আল্লাহ্ যত নবী রাসূল প্রেরণ করেন ও আসমানি কিতাব নাযিল করেন অন্য কোন সম্প্রদায়ে এত নবী-রাসূল ও আসমানি কিতাব নাযিল করেননি। নিঃসন্দেহে এটি তাদের প্রতি আল্লাহ্‌র একটি বিশেষ অনুগ্রহ। সূরা আল-মায়েদার ২০ নং আয়াতে তাদের প্রদত্ত নেয়ামতের বর্ণনা দেয়া হয়েছে। সূরা বাকারার ৮৭-৮৯ নং আয়াতে আল্লাহ্ বলেন: তারা এ নিয়ামতের কদর করতে পারেনি বলে তাদের উপর লা'নত। অতএব এ আয়াতে বর্ণিত তাদের এ শ্রেষ্ঠত্ব লা'নতের পূর্বের সময়ের জন্য প্রযোজ্য।

২:১২৪। হযরত ইবরাহীম (আ.) কে আল্লাহ্ তায়ালা কয়েকটি বড় বড় পরীক্ষায় ফেলেন। এর মধ্যে নমরুদ কর্তৃক অগ্নিতে নিক্ষেপ এবং নিজ সন্তান ইসমাঈলকে কুরবাণীর নির্দেশ দানের ঘটনা বিশেষভাবে উল্লেখযোগ্য। এ সকল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর আল্লাহ্ তাঁকে মানব জাতির নেতা, মুসলিম জাতির পিতা এবং স্বয়ং আল্লাহ্‌র বন্ধু (خليل) ঘোষণা করেন।

২:১২৫। তাওয়াফ শব্দের অর্থ প্রদক্ষিণ করা। পরিভাষায় হজ্জের সময় বায়তুল্লাহ্ বা কা'বা ঘর নির্দিষ্ট নিয়মে প্রদক্ষিণ করাকে তাওয়াফ বলা হয়।

২:১২৫। **'ই'তিকাফ'** অর্থ বিচ্ছিন্নতা নিঃসঙ্গতা ইত্যাদি। শরীয়তের পরিভাষায় আল্লাহ্‌র সন্তুষ্টির উদ্দেশ্যে পার্থিব বিষয়াদির সংশ্লিষ্টতা থেকে বিচ্ছিন্ন হয়ে একান্তই আল্লাহ্‌র ইবাদাতে নিমগ্ন থাকার লক্ষ্যে একটি নির্দিষ্ট সময় যাবত অবস্থান করাকে ই'তিকাফ বলে। পুরুষের ই'তিকাফের স্থান মসজিদ এবং নারীর ই'তিকাফের স্থান আপন ঘর। বিশেষ করে রমজানের শেষ দশদিন ই'তিকাফ করা 'সুন্নাতে কিফায়াহ্'।

২:১২৫। রুকু ও সিজদা সালাতের বিশেষ দু'টি রুকন বা মৌলিক কাজ। এর দ্বারা মূলত সালাত (নামায) বুঝানো হয়েছে।

২:১২৭। ভিত্তি (قَاعِدَةٌ)উত্তোলন করার মানে হল যমীনের ভিতর থেকে উপরে উঠানো যাতে এটি দেয়ালের রূপ নেয়। দেয়াল যখন ভিত্তির সাথে লেগে থাকে তখন ভিত্তিটাই আসলে উঁচু হয়। উল্লেখ্য, প্রাচীনকালে ভবনের ভিত্তি ও দেয়াল একটি আরেকটির অংশ ছিল (আত-তাহ্‌রীর ওয়াত তানভীর, ইবনে আশুর)।

২:১৩২। অর্থাৎ তোমরা ইসলামের উপর কায়েম থেকে মৃত্যুবরণ করবে। তোমরা মৃত্যু পর্যন্ত মুসলিম পরিচয় ধারণ করবে। উল্লেখ্য, আদি পিতা ইবরাহীম (আ.) সবইকে মুসলিম নাম দিয়ে গেছেন। বনী ইসরাঈলসহ ইবরাহীম (আ.)-এর বংশধররা যারা তাদের নিজেদেরকে অন্য নামে পরিচয় দিচ্ছে তারা ইবরাহীম (আ.)-এর আদর্শ থেকে বিচ্যুত হয়েছে।

২:১৩৬। মুহাম্মদ (সা.), মূসা (আ.) ও ঈসা (আ.) সহ সকল নবী রাসূলকে শ্রদ্ধা করা মুসলমানদের ঈমানের অংশ। এ জন্য বাস্তব জীবনে ইসলামের অনুসারী কোন মুসলমান কখনো খৃষ্টান সম্প্রদায়ের পরম শ্রদ্ধেয় নবী ঈসা (আ.) ও ইহুদী সম্প্রদায়ের পরম শ্রদ্ধেয় নবী মুসা (আ.) সম্পর্কে কোন কটুক্তি করে না। এটা ইসলামের মহত্ব ও শ্রেষ্ঠত্ব।

২:১৩৮। ইবনে আব্বাস-এর মতে আল্লাহ্‌র রং বলতে ইসলাম বুঝানো হয়েছে। আল্লাহ্‌র রং বলতে রূপক অর্থে আল্লাহ্‌র মানোনীত দ্বীন- ইসলামকে বুঝানো হয়েছে। কেননা ইসলামের অনুসারীদের জীবনে ইসলামের বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় যেমন কাপড়ে রং দেখা যায়-(কুরতুবী)

২:১৪২। যে দিকে মুখ করে সালাত (নামায) পড়া হয় তাকে কিবলা বলে। হযরত বারা (রা.) থেকে বর্ণিত। রাসূল (সা.) মদীনায় হিজরতের পর ১৬/১৭ মাস যাবত বাইতুল মাকদাস এর দিকে মুখ করে সালাত (নামায) আদায় করতেন। কিন্তু রাসূল (সা.) কাবার দিকে মুখ করে সালাত (নামায) পড়াকে পছন্দ করতেন। এমতাবস্থায় আলোচ্য আয়াত অবতীর্ণ হয়।

২:১৪২। পৃথিবীর পূর্ব ও পশ্চিম (East-West) এর মালিক আল্লাহ্‌। অর্থাৎ সমস্ত পৃথিবীর মালিক আল্লাহ্‌। পূর্বে তোমরা যে কেবলা অভিমুখী হয়ে সালাত পড়তে সেটির মালিকও আল্লাহ্‌ এবং এখন যেদিকে (কা'বার দিকে অর্থাৎ দক্ষিণ দিকে) ফিরতে বলা হয়েছে সেটিও আল্লাহ্‌র (সূরা-২: আয়াত-১১৫)।

২:১৪৩। **মধ্যপন্থী উম্মত:** নীতি, কর্ম, আদর্শ ও দর্শনে একপেশে নয় ও চরম পন্থা নয় বরং ভারসাম্যপূর্ণ জাতি। সূরা বনী ইসরাঈল আয়াত ২৯, আল-ফুরকান আয়াত ৬৭, আল-আরাফ আয়াত ৩১, ৫৫, ও ২০৫ এ মধ্যপন্থা অবলম্বনের কথা বলা হয়েছে।

২:১৪৩। তুমি যে কিবলার উপর আগে ছিলে (অর্থাৎ বায়তুল মুকাদ্দাস) তাকে আমি কিবলা বানিয়েছিলাম একটি বিশেষ উদ্দেশ্যে। আমার এরূপ উদ্দেশ্য না থাকলে বায়তুল মুকাদ্দাসকে প্রথমে কিবলা নির্ধারণ করতাম না বরং প্রথম থেকেই কাবাকে কিবলা করতাম অথবা বায়তুল মুকাদ্দাসকেই কিবলা রেখে দিতাম, এর কোন পরিবর্তন করতাম না। আর সে উদ্দেশ্যটি হচ্ছে ঈমানদারদেকে পরীক্ষা করা তারা কি সত্যিই রাসূলের উপর ঈমান এনে তাকে অনুসরণ করছে নাকি তাদের নিজেদের বাপ-দাদার পছন্দের কিবলার অনুসরণ করার কারণে রাসূলের অনুসরণ করছে। প্রথমে বায়তুল মুকাদ্দাস কিবলা থাকা অবস্থায় মক্কার মুমিনদের পরীক্ষা করা হয়েছে যে, তারা তাদের নিজের এলাকার ও বাপ-দাদার গৌরব কাবা ঘরের দিকে মুখ না করে জেরুজালেমে অবস্থিত আহলে কিতাবের কিবলার দিকে ফিরে নামাজ পড়তে প্রস্তুত কিনা? এ পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে তারাই ঈমান এনেছে। আবার মদীনায় যাওয়ার পর যখন বায়তুল মুকাদ্দাস ত্যাগ করে কাবার দিকে মুখ ফিরাতে বলা হয়েছে তখন বায়তুল মুকাদ্দাসের প্রতি দুর্বল আহলে কিতাবের মধ্যে যারা ঈমান এনেছে তাদের পরীক্ষা নেয়া হয়েছে যে, তারা কি সত্যি রাসূলে উপর ঈমান এনেছে নাকি তাদের পছন্দের কিবলার দিকে ফিরে নামাজ পড়ার কারণে তারা ঈমান এনেছে? সে সাথে মুমিনদের আলাদা করার ব্যবস্থা করা হয়েছে যে, তারা সত্যি রাসূলের প্রতি ঈমান এনেছে নাকি একে অজুহাত হিসেবে ব্যবহার করেছে। এবার কিবলা পরিবর্তনের হুকুমের ফলে রাসূলের প্রকৃত অনুসারীদের থেকে মুনাফিকদের স্পষ্ট করা হয়েছে। যারা সত্যিকারের মুমিন তারা কোন প্রশ্ন উত্তাপন না করে কিবলা পরিবর্তন মেনে নিবে আর যারা প্রকৃত মুমিন নয় তারা তাদের গুমরাহীতে ফিরে যাবে। বায়তুল মুকাদ্দাসকে প্রথমে কিবলা না করলে এরূপ পরীক্ষা করার সুযোগ সৃষ্টি হত না।

২:১৪৪। মসজিদে হারাম (সম্মানিত মসজিদ) মক্কার সেই মসজিদ যা কা'বাকে পরিবেষ্টন করে রেখেছে।

২:১৪৪। أَنَّهُ الْحَقُّ مِن رَّبِّهِمْ অর্থাৎ আহলে কিতাব তাদের কিতাবে এটা পেয়েছে যে, শেষ নবী কিবলা পরিবর্তন করবেন। অথবা তারা তাদের নবীদের কাছ থেকে জেনেছে যে, কিবলা পরিবর্তন হবে (ফাতহুল কাদীর, আল্লামা শাওকানি)।

২:১৪৫। অর্থাৎ নবী (সা.) যদি কিবলা পরিবর্তন যে আল্লাহ্‌র পক্ষ থেকেই হয়েছে- এ সংক্রান্ত যাবতীয় প্রমাণাদি ইহুদি ও নাসারাদের নিকট উপস্থাপন করে তবু তারা নবীর অনুসরণ করবেনা এবং তার পিছনে সালাত (নামায) পড়বেনা।

২:১৪৬। এখানে يَعْرِفُوْنَهُএর هُসর্বনামটি পূর্ববর্তী ১৪৪নং আয়াতের أَنَّهُ الْحَقُّএর দিকে ফিরেছে। আল্লামা শাওকানি বলেছেন, কারো মতে هُদ্বারা মুহাম্মদ (সা.) -কে বুঝানো হয়েছে । কারো মতে এর দ্বারা কাবার দিকে কিবলার পরিবর্তনকে বুঝানো হয়েছে, কারণ তারা আসমানী কিতাবের মাধ্যমে এটা জেনেছিল যে, পরে যে নবী আসবেন তিনি কিবলা পরিবর্তন করবেন। আল্লামা যামাখশারী প্রথম মতটিকে প্রাধান্য দিয়েছেন তবে আমি (শাওকানী) মনে করি দ্বিতীয় মতটি সঠিক। কারণ এখানে আয়াতসমূহের বর্ণনা প্রসঙ্গ থেকে এটাই বুঝা যায় (ফাতহুল কাদীর, আল্লামা শাওকানী)।

২:১৪৯। অর্থাৎ স্থায়ী আবাসেই থাক অথবা সফরে থাক- যেখানেই থাক, সালাতে তোমার চেহারা মসজিদে হারামের দিকে ফিরাও।

২:১৫৮। 'সাফা' ও 'মারওয়া' হারাম শরীফের নিকটবর্তী দু'টো পাহাড়ের নাম। পিপাসার্ত শিশু ইসমাঈলের জন্য পানির সন্ধানে মা হাজেরা এ দু'পাহাড়ে ছুটোছুটি করেছিলেন। আল্লাহ্‌র পরীক্ষার এ মহান ঘটনাকে স্মরণীয় ও অনুসরণীয় আদর্শ হিসাবে উপস্থাপনের জন্য হজ্জের সময় হাজীদের জন্য এ দু'পাহাড়ে সাঈ (দৌড়ানো) করার বিধানকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২:১৭৩। প্রবাহিত রক্ত, জবাই করার পর ধমনী ও শিরা হতে প্রবাহিত রক্ত, হারাম (৬:১৪৫), জমাট রক্তও তদ্রুপ।

২:১৭৩। অনন্যোপায় হয়ে কেবল প্রাণ রক্ষার জন্য বর্ণিত হারাম বস্তু প্রয়োজন অনুযায়ী কিছু ভক্ষণ করলে গুনাহ্‌ হবে না।

২:১৭৭। দাস মুক্তির জন্য অর্থ ব্যয় করা পুণ্যের কাজ। আত্মীয় স্বজন, এতীম, মিসকীন, অভাবগ্রস্থ ও সাহায্যপ্রার্থী অসহায় মানুষকে দান করা যেমন পুণ্যের কাজ তেমনি দাসমুক্তির জন্য অর্থ ব্যয় করাও সমান গুরুত্বপূর্ণ পণ্যের কাজ। কুরআনের ঘোষণা ও মহানবী (সা.)-এর বহু হাদীস দ্বারা দাসমুক্তি একটি নেক কাজ হিসেবে প্রতিষ্ঠিত হয়। স্বেচ্ছাপ্রণোদিত হয়ে লোকেরা তাদের অধীনস্ত দাস-দাসীদের মুক্তি দিতে থাকে এবং অর্থ ব্যয় করে অন্যের অধীনস্ত দাস-দাসীকে ক্রয় করে মুক্ত করার কাজে এগিয়ে আসে। ফলে দাস প্রথা বিলুপ্তির নতুন পথ উন্মুক্ত হয়।

২:১৭৭। **মুনাফিকের লক্ষণ:** আবু হুরাইয়া (রা.) বলেন নবী (সা.) বলেছেন, মুনাফিকের লক্ষণ তিনটি: সে কথা বলার সময় মিথ্যা বলে, ওয়াদা করলে ভঙ্গ করে, আমানতের খেয়ানত করে- (সহীহ বুখারী)।

২:১৭৭। তারা দ্বীনের ব্যাপারে সত্যবাদী ছিল অথবা তারা যা বলেছে তাকে বাস্তব সত্যে পরিণত করেছে। অথবা আল্লাহকে দেয়া প্রতিশ্রুতি সত্যে পরিণত করেছে।

২:১৭৮। কোন ব্যক্তিকে হত্যা বা আহত করার দায়ে হত্যাকারী বা আহতকারীকে আইনসম্মত পন্থায়, যথাক্রমে হত্যা ও আহত করার ইসলামী বিধানকে কিসাস বলে। ইসলামী ফিকহের গ্রন্থাবলীতে কিসাসের বিধানের বিস্তারিত বর্ণনা রয়েছে। কিসাসের বিধান প্রয়োগ করার দায়িত্ব রাষ্ট্রীয় কতৃপক্ষের এবং তা আদালতের রায়ের মাধ্যমে ।

২:১৭৮। কেউ কেউ এর অর্থ করেছেন: স্বাধীন ব্যক্তি (খুনী) হলে স্বাধীন ব্যক্তি, ক্রীতদাস (খুনী) হলে ক্রীতদাস আর নারী (খুনী) হলে নারী। (তাফসীরুল মানার, সায়্যেদ রশীদ রেদা)

২:১৭৮। ইসলামে কিসাসের বিধান ভারসাম্যপূর্ণ । খুনীকে মাফ করে দেয়ার যেমন বাধ্যতামূলক করা হয়নি তেমনি অপরাধের চেয়ে বেশি মাত্রায় বদলা নেয়ার অবকাশ রাখেনি। শরীয়ত খুনের মত গুরুতর অপরাধের ক্ষেত্রে 'কিসাস' (মৃত্যুদন্ড) এর বিধান রেখেছে নিহত ব্যক্তির উত্তরাধিকারদের সম্মতিক্রমে। তবে খুনীকে মৃত্যুদণ্ড থেকে অব্যাহতি দিয়ে ক্ষতিপূরণ স্বরূপ দিয়াত গ্রহনকে উৎসাহিত করেছে। আলী (রা.) এর খুনী আবদুর রহমান ইবনে মুলজিম যখন মুসলমানদের হাতে ধরা পড়ে, তখন আলী (রা.) মারাত্মক আহত অবস্থায় তার খুনী সম্পর্কে বলেছিলেন, যদি আমি বেঁচে যাই তাহলে তার থেকে কিসাস নিব নাকি তাকে মাফ করে দিব সেটা আমার ব্যাপার, আর যদি আমি মারা যাই তাহলে সে যেভাবে আঘাত করেছে সেভাবে তাকে আঘাত করে হত্যা করবে। তবে যদি তোমরা মাফ করে দাও সেটা তাকওয়ার নিকটবর্তী-(বায়হাকী)।

২:১৭৮। নিহত ব্যক্তির উত্তরাধিকারী হত্যাকারীকে ক্ষমা করলে হত্যাকারীর নিকট বিধিমত দিয়াত অর্থাৎ অর্থদণ্ডের দাবি করতে পারে। এরূপ ক্ষেত্রে হত্যাকারীকে যথাযথভাবে উক্ত দাবি পূর্ণ করতে হবে।

২:১৭৮। বনী ইসরাঈলের (ইহুদী) জন্য কিসাসের বিধান ছিল কিন্তু দিয়াত (রক্তপণ) এর বিধান ছিলনা। আবার নাসারাদের জন্য হত্যার ক্ষেত্রে দিয়াত (রক্তপণ) এর বিধান ছিল কিন্তু কিসাসের বিধান ছিলনা। আল্লাহ্ তায়ালা উম্মতে মুহাম্মদীর জন্য কিসাস, দিয়াত (রক্তপণ) এবং ক্ষমা এ তিনটি বিধানই দিয়েছেন এবং এগুলোর মধ্যে যে কোন একটিকে গ্রহণ করার ইখতিয়ার দিয়েছেন।

২:১৭৮। আবু শুরাইহ আল কুযাঈ থেকে বর্ণিতঃ রাসূল (সা.) বলেছেন, কাউকে অন্যায়ভাবে হত্যা করা হলে বা অঙ্গহানি করা হলে তার (উত্তরাধিকারীদের) তিনটি পন্থার যে কোন একটি বেছে নেয়ায় ইখতিয়ার থাকবে। সে যদি চতুর্থ পন্থা বেছে নেয় তাহলে তোমরা তার হাত ধরে ফেলবে। খুনী থেকে কিসাস গ্রহন করা অর্থাৎ আইনানুগভাবে খুনীকে মৃত্যুদণ্ডের পক্ষে মত দেয়া অথবা তাকে ক্ষমা করে দেয়া কিংবা তার থেকে দিয়াত (রক্তপণের অর্থ) গ্রহন। কেউ এর যে কোনটি বেছে নেয়ার পরে যদি খুনীকে হত্যা করে (চতুর্থ পন্থা) তাহলে তার ঠিকানা জাহান্নাম যেখানে সে চিরকাল থাকবে। (সুনান গ্রন্থসমূহ)।

২:১৮০। মৃত্যুর পূর্বে সম্পত্তি বন্টনের নির্দেশ দানকে 'ওসিয়াত' বলা হয়। তবে ওয়ারিশদের ওয়াসিয়াত করার বিধান নেই। রাসূল (সা.) বলেছেন, "আল্লাহ্ প্রত্যেক হকদারের হক প্রদান করেছেন। তাই ওয়ারিশদের জন্য কোন অসিয়ত নেই। অসিয়ত এক তৃতীয়াংশ সম্পদে কার্যকর হবে। সাদ (রা.) রাসূলকে (সা.) বলেছিলেন, 'ইয়া রাসূল, আমার অনেক সম্পদ আছে, একটি মাত্র মেয়ে ছাড়া আমার আর কোন ওয়ারিশ নেই, আমি আমার সম্পদের দুই তৃতীয়াংশ অসিয়ত করে যাব? রাসূল (সা.) বললেন 'না'। তখন সাদ বললেন, তাহলে অর্ধেক সম্পত্তি? রাসূল (সা.) বলেন, না। তখন সাদ বললেন, তাহলে এক তৃতীয়াংশ? রাসূল (সা.) বললেন , 'হ্যাঁ' এক তৃতীয়াংশ অসিয়ত করতে পার কারণ এক তৃতীয়াংশ সম্পদ পর্যাপ্ত। তুমি তোমার সন্তান-সন্ততিকে নিঃস্ব অবস্থায় রেখে যাবে আর তারা মানুষের কাছে হাত পাতবে তার চেয়ে উত্তম তুমি তাদেরকে সচ্ছল অবস্থায় রেখে যাবে-(বুখারী ও মুসলিম)। উল্লেখ্য, ওয়ারিশদের মধ্যে সম্পত্তি বন্টনের বিস্তারিত বিধান সংবলিত আয়াত (সূরা আন নিসা- ১১-১২...) নাযিল হওয়ার পূর্বে পিতা-মাতা ও আত্মীয় স্বজনের জন্য ওসীয়ত করে যাওয়া বাধ্যতামূলক ছিল। বিস্তারিত বিধান নাযিল হওয়ার পর ওয়ারিশদের জন্যে ওসিয়াত করার বিধান রহিত করা হয় এবং তাদের জন্য আল্লাহ প্রদত্ত নির্ধারিত অংশ দেয়ার বিধান প্রবর্তন করা হয়। তবে ওয়ারিশ ব্যতীত অন্যদের জন্য সর্বোচ্চ এক তৃতীয়াংশ সম্পদের ওসীয়ত করার অনুমতি দেয়া হয়। ক্ষেত্র বিশেষে ওসীয়ত করা ওয়াজিব হয়ে থাকে। যেমন- পিতার পূর্বে পুত্র মারা গেলে এবং মৃত পুত্রের কোন সন্তান থাকলে তাদের জন্য ওসীয়ত করা।

২:১৮০। মৃত ব্যক্তির অসিয়ত ও ঋণ পরিশোধের পর উত্তরাধিকারদের মধ্যে সম্পদ বন্টিত হবে। অসিয়ত খুবই গুরুত্বপূর্ণ। মৃত ব্যক্তির উত্তারাধিকারদের দাবীর উপর ওসিয়তের দাবী অগ্রাধিকার পাবে। বিশেষ করে পিতার পূর্বে পুত্র বা কন্যা মারা গেলে এবং তার ঘরে সন্তানাদি থাকলে সেক্ষেত্রে ইয়াতিম নাতি-নাতনিদের জন্য অসিয়ত করে যাওয়া দাদার জন্য ওয়াজিব। এ বিশেষ ক্ষেত্রে অসিয়ত না করার কারণে ইয়াতিম নাতি-নাতনিরা সম্পদ থেকে বঞ্চিত হলে সেজন্য দাদা দায়ী থাকবেন।

২:১৮৩। দ্বিতীয় হিজরী সনের শাবান মাসে রমযানের রোযা ফরয করা হয়। সে অনুযায়ী মহানবী (সা.) তার জীবদ্দশায় নয় বছরে নয় মাস রোযা পালন করে যান।

২:১৮৩। তাকওয়া : ওমর (রা.) উবাই ইবনে কা'ব (রা.) কে জিজ্ঞেস করেন, তাকওয়া কাকে বলে? তখন উবাই (রা.) ওমর (রা.) কে বললেন, 'ওমর তুমি কি কখনো ঝোপ ঝাড়ের ভিতর দিয়ে পথ চলনি? ওমর (রা.) বললেন, 'চলেছি।' তখন উবাই (রা.) বললেন, 'তখন তুমি কি করেছ?' ওমর (রা.) বললেন, 'তখন আমি জড়সড় হয়ে পথ চলেছি যাতে কাঁটা শরীরে বিদ্ধ না হয় ।' তখন উবাই (রা.) বললেন, সেটাই তাকওয়া।' আল্লাহ্র ভয়ে যাবতীয় নিষিদ্ধ ও হারাম কাজ সতর্কতার সাথে পরিহার করে জীবন চলার নামই তাকওয়া। যে এভাবে জীবন যাপন করে সে মুত্তাকী। উল্লেখ্য, মানুষকে উপবাস ও অনাহারের প্রশিক্ষণ দেয়া রোযার উদ্দেশ্য নয়। মানুষের চরিত্র সংশোধন করা ও মানুষকে তাকওয়ার গুণে গুণান্বিত করা রোযার উদ্দেশ্য। মহানবী (সা.) বলেছেন, 'যে মিথ্যা কথা ও কাজ পরিত্যাগ করতে পারল না তার পানাহার বর্জন করার মধ্যে আল্লাহ্র কোন প্রয়োজন নেই।' (সহীহ বুখারী)

২:১৮৪। যদি সাময়িকভাবে এতটা অসুস্থ হয় যে তার পক্ষে রোযা রাখা সম্ভব নয়, তাহলে তিনি রোযা ভঙ্গ করবেন ও পরে কাযা করে নেবেন। আর যদি এমন অসুস্থ হয় যা কোনদিন ভাল হবার সম্ভাবনা নেই তবে তিনি ফিদিয়া দেবেন।

২:১৮৫। **কুরআনের মাস :** রমজান মাসের বহুমুখী ফযিলতের কথা হাদীস শরীফে উল্লেখ রয়েছে। এতসব ফযিলতের মধ্য হতে মহান আল্লাহ্ পবিত্র কুরআনে রমযান মাসের পরিচয় তুলে ধরে পবিত্র কুরআন নাযিলের বিষয়টি উল্লেখ করেছেন। এজন্য রমযান মাসের সবচেয়ে বড় ও মুখ্য পরিচয় হচ্ছে এ মাস কুরআন নাযিলের মাস। রোযা রাখা ও কুরআন অধ্যয়ন এ দু'টি রমযান মাসের মুখ্য আমল। ইবনে আব্বাস (রা.) বলেন, প্রতি রমযানে জিবরাঈল (আ.) মহানবী (সা.) এর কাছে আগমন করতেন এবং রাসূল (সা.) পবিত্র কুরআন (নাযিলকৃত অংশ) সবটা পড়ে শুনাতেন। রাসূল (সা.) এর ওফাতের বছর দু'বার সম্পূর্ণ কুরআন পাঠ করে শুনিয়েছেন (সহীহ বুখারী)।

২:১৮৫। **কুরআন নাযিলের উদ্দেশ্য:** কুরআন নাযিল করা হয়েছে মানুষের হেদায়েতের জন্য, জীবন চলার সঠিক পথ প্রদর্শনের জন্য। কুরআন থেকে সঠিক পথের সন্ধান পেতে হলে কুরআন তিলাওয়াতের পাশাপাশি অর্থ জানতে হবে। সারা জীবন অর্থ না বুঝে শুধু পাঠ করার জন্য কুরআন নাযিল হয়নি। কুরআন নাযিল হয়েছে আমল করার জন্য। আর অর্থ জানা ছাড়া কুরআনের হুকুম জানা ও তার উপর আমল করা সম্ভব নয়। প্রতিনিয়ত অর্থসহ

কুরআন পড়া বিশেষত রমযান মাসে পবিত্র কুরআন অর্থসহ অন্তত একবার পাঠ করা প্রত্যেক মুসলমানের কর্তব্য। যে ব্যক্তি রমযান মাসে রোযা রাখবে ও কুরআন পাঠ করবে, কিয়ামতের কঠিন বিপদের দিনে যখন কেউ কারো উপকার করতে সক্ষম হবে না, সবাই শুধু নিজেকে নিয়ে ব্যস্ত থাকবে সে কঠিন দুঃসময়ে রোযা ও কুরআন তার পক্ষে আল্লাহ্‌র দরবারে সুপারিশ করবে। আব্দুল্লাহ্ বিন আমর (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, রোযা ও কুরআন কিয়ামতের দিন বান্দার জন্য সুপারিশ করবে। রোযা বলবে, হে প্রভু! আমি তাকে দিনের বেলা খাবার ও যৌন সম্ভোগ থেকে বিরত রেখেছি, সুতরাং আমাকে তার জন্য সুপারিশ করার অনুমতি দিন আবার কুরআন বলবে, হে প্রভূ! আমি তাকে রাতের বেলা ঘুমাতে দেইনি, সুতরাং তার ব্যাপারে আমাকে সুপারিশ করার অনুমতি দিন। রাসূল (সা.) বলেন, তখন উভয়কেই সুপারিশের অনুমতি দেয়া হবে- (মুসনাদে আহমাদ) ।

২:১৮৫। **প্রাপ্তবয়স্ক সবার উপর রোযা ফরয:** প্রত্যেক প্রাপ্ত বয়স্ক মুসলিম নর-নারীর উপর রমজানের রোযা রাখা ফরয। অপ্রাপ্ত বয়স্ক মুসলিম বালক-বালিকাদের প্রাপ্ত বয়স্ক হওয়ার পূর্বে নামাযের মত রোযার প্রশিক্ষণ দেয়া ও অভ্যাস করানো অভিভাবকদের দায়িত্ব। ইসলামের বিধান অনুযায়ী প্রাপ্ত বয়স্ক (বালেগ) হলে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করে তাদের রোযা রাখার আদেশ দেয়া অভিভাবকদের অবশ্য কর্তব্য। রাসূল (সা.) বলেছেন, তোমাদের সন্তানদের বয়স যখন সাত বছর হবে তখন তাদেরকে নামাজের আদেশ দিবে এবং যখন তাদের বয়স ১০ বছর হবে তাদেরকে নামাযের জন্য শাসন করবে ও তাদের বিছানা পৃথক করে দেবে। প্রাপ্তবয়স্ক (বালেগ) হওয়ার লক্ষণ প্রসঙ্গে রাসূল (সা.) বলেছেন, তিন জনের জন্য আল্লাহ্‌র কলম (শরীয়তের বিধান) প্রযোজ্য হবে না। ঘুমন্ত ব্যক্তি ঘুম থেকে জাগ্রত হওয়ার পূর্ব পর্যন্ত, বালক স্বপ্নদোষ হওয়ার পূর্ব পর্যন্ত ও পাগল ব্যক্তির সুস্থ হওয়ার পূর্ব পর্যন্ত। উল্লেখ্য, মেয়েদের ক্ষেত্রে মাসিক হওয়ার পূর্ব পর্যন্ত তারা অপ্রাপ্ত বয়স্ক (নাবালক) বলে গণ্য হবে। শরীয়াতের দৃষ্টিতে বালেগ হওয়ার সঙ্গে সঙ্গে তাদের ওপর নামায, রোযা ও অন্যান্য বিধান অবশ্য পালনীয় হবে। এক্ষেত্রে অভিভাবকদের শৈথিল্যের কারণে আল্লাহ্‌র হুকুম লঙ্ঘিত হলে, তার দায়িত্ব সংশ্লিষ্ট অভিভাবকদের উপর বর্তাবে। নিজে নিষ্ঠার সাথে রোযা রেখে নিজ উর্পাজিত অর্থের দ্বারা প্রাপ্ত বয়স্ক সন্তান ও পরিবারের সদস্যদের রোযা ভঙ্গের সুব্যবস্থা করে দেয়া কোন বুদ্ধিমান অভিভাবকের কাজ হতে পারে না। নিজে একটি রোযা রেখে অন্য ৫টি রোযা ভঙ্গের যাবতীয় ব্যবস্থা করে দিয়ে সার্বিক বিবেচনায় তিনি কতখানি অর্জন করলেন তা প্রত্যেক অভিভাবকের গভীরভাবে ভেবে দেখা উচিত।

২:১৮৫। **সহজ পন্থা অবলম্বন করা** ইসলামের একটি সাধারণ মূলনীতি। মহানবী (সা.) সারা জীবন এ নীতি অবলম্বন করেছেন। আয়েশা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) কে যখন দু'টি বিষয়ের মধ্যে একটি বেছে নেয়ার ইখতিয়ার দেয়া হত তখন তিনি দু'টির মধ্যে তুলনামুলক সহজটি বেছে নিতেন-যদি তাতে কোন গুনাহ্ না থাকত। আর যদি তাতে কোন গুনাহ্ থাকত তাহলে তিনি তা থেকে সবচেয়ে দূরে অবস্থান করতেন -(সহীহ মুসলিম, কিতাবুল ফাদায়েল)।

২:১৮৬। **আয়াত অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট:** সাহাবীরা রাসূল (সা.) এর কাছে জানতে চেয়ে বললেন, 'ইয়া রাসূলাল্লাহ্! আমরা যখন আল্লাহ্‌কে ডাকবো তখন কি খুব উচ্চ স্বরে ডাকবো নাকি আস্তে ডাকবো? আল্লাহ্ আমাদের কাছ থেকে কত দূরে অবস্থান করেন?' তাদের প্রশ্নের জবাবে এ আয়াতটি অবতীর্ণ হয়। এতে আল্লাহ্ মানুষকে জানিয়ে দেন যে, তিনি অতি নিকটেই আছেন এবং তিনি বান্দার ডাকে সাড়া দেন। এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো, বান্দার ডাক শোনার জন্য কোন বার্তাবাহক ও মাধ্যম ব্যবহার করতে হয় না। সেজন্য পবিত্র কুরআনে যত দোয়া আল্লাহ্ মানুষকে শিক্ষা দিয়েছেন এবং নবী-রাসূল ও আল্লাহ্‌র নেক বান্দাদের যত দোয়ার বর্ণনা পবিত্র কুরআনে উল্লেখ করেছেন তার কোথাও কারো মাধ্যমে দোয়া করার কথা নেই বরং সর্বত্র সরাসরি আল্লাহ্‌কে সম্বোধন করে বলা হয়েছে হে আল্লাহ্! হে আমাদের প্রতি পালক! তাছাড়া হাদীসে বর্ণিত রয়েছে, আল্লাহ্ শেষ রাতে প্রথম আকাশে নেমে এসে বান্দাদের ডেকে বলেন কে আছ আমার কাছে ক্ষমা প্রার্থণা করার, আমি তাকে ক্ষমা করে দেব। অতএব আল্লাহ্‌কে ডাকার ক্ষেত্রে আল্লাহ্‌র কাছে সাহায্য প্রর্থনার ক্ষেত্রে ও আল্লাহ্‌র কাছে দোয়া করার ক্ষেত্রে বান্দা ও আল্লাহ্‌র মধ্যখানে আর কেউ থাকবে না এবং বান্দা সরাসরি আল্লাহ্‌র কাছে চাইবে এটাই আল্লাহ্ পছন্দ করেন।

২:১৮৬। **আল্লাহ্ ডাকে সাড়া দেন:** বান্দার কোন দোয়াই বিফল হয় না যদি তা আল্লাহ্‌র উপর গভীর আস্থা ও বিশ্বাস সহকারে করা হয়। রাসূল (সা.) বলেছেন: যে ব্যক্তি আল্লাহ্ তায়ালার নিকট দোয়া করে তার দোয়া কবুল করা হয়; হয়তো দুনিয়াতে তাড়াতাড়ি কার্যকর হয় নতুবা আখিরাতের জন্য সংরক্ষণ করে রাখা হয় অথবা তার দোয়ার পরিমাণ অনুসারে তার গুনাহ ক্ষমা করা হয় যদি না সে কোন পাপ কাজের জন্য বা আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার জন্য দোয়া করে অথবা তাড়াহুড়া করে। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, তাড়াহুড়া করে কিভাবে? তিনি বললেন, 'বান্দা বলে আমি আমার প্রতিপালকের নিকট দোয়া করলাম অথচ তিনি আমার দোয়া কবুল করলেন না' (এ ধরণের মন্তব্য করাই তাড়াহুড়া করার নামান্তর)-তিরমিযী। সুতরাং দোয়াকারীর হতাশা প্রকাশ করা ঠিক নয়।

২:১৮৮। অন্যায়ভাবে কারো সম্পদ আত্মসাৎ করা গুরুতর অপরাধ। এ অপরাধের কারণে কিয়ামতের দিন কঠিন শাস্তি ভোগ করতে হবে। সাঈদ ইবনে যায়েদ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল (সা.) থেকে বলতে শুনেছি, যে ব্যক্তি অন্যায়ভাবে কারো এক বিঘত পরিমাণ জমি গ্রাস করবে কিয়ামতের দিন সপ্ত জমিন বরাবর অংশ তার গলায় বেড়ি বানিয়ে পরিয়ে দেয়া হবে- (সহীহ বুখারী)।

২:১৮৯। ইহ্‌রাম অবস্থায় লোকেরা ঘরে প্রবেশ করত ঘরের পিছন দিক দিয়ে এবং এটিকে পুণ্যের কাজ মনে করত যদিও তা হজ্জের অনুষ্ঠানাদির অন্তর্ভুক্ত নয়। সুতরাং এ জাতীয় বাড়াবাড়িকে পুণ্যের কাজ মনে না করতে তাগিদ দেয়া হয়েছে। অর্থাৎ হজ্জের অনুষ্ঠানাদি হবে তা যা শরিয়ত সম্মত-অন্য কিছুই নয়।

২:১৯১। 'তাদেরকে' বলতে পূর্ববর্তী আয়াতে যাদের কথা উল্লেখ করা হয়েছে তারা উদ্দেশ্য। অর্থাৎ যারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয় ও মুসলমানদের উপর সশস্ত্র হামলা চালায় একমাত্র তাদের কথা বলা হয়েছে। অন্যদের কারো ক্ষেত্রে এ হুকুম প্রযোজ্য নয়। এ নির্দেশ যুদ্ধ ক্ষেত্রের সাথে সংশ্লিষ্ট।

২:১৯৩। **ফিতনা** অর্থ পরীক্ষা, প্রলোভন, দাঙ্গা, বিশৃঙ্খলা, গৃহযুদ্ধ, শির্ক, কুফ্‌র, ধর্মীয় কারণে নির্যাতন ইত্যাদি। শিরক ও কুফর পরিত্যাগ করে কেউ স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করলে তৎকালীন কাফির মুশরিকরা তাকে পূর্বের ধর্মে ফিরিয়ে নিতে অকথ্য নির্যাতন চালাতো। ধর্মের কারণে এরূপ অমানুষিক নির্যাতন (ফিৎনা) বন্ধ না হওয়া পর্যন্ত মুসলমানদেরকে তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যেতে বলা হয়েছে।

২:১৯৪। যুল্‌কা'দা, যুল্‌হাজ্জ, মুহার্‌রাম ও রজব এ চারটি হারাম মাস বা পবিত্র মাস।

২:১৯৪। কোন বস্তুর পবিত্রতা রক্ষা করা সংশ্লিষ্ট সকল পক্ষের দায়িত্ব। এ আয়াতে এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। যেহেতু মুশরিকরা পবিত্র মাসগুলোতে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হয়েছিল সেহেতু মুসলমানমানদেরকেও তার জবাব দিতে বলা হয়েছে।

২:১৯৫। অর্থাৎ যুদ্ধের জন্য আল্লাহ্‌র পথে ব্যয় না করা প্রকারন্তরে নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দেয়ার শামিল।

২:১৯৫। ইহ্‌সান কর অর্থাৎ সকল কর্মকান্ড সুন্দরভাবে ও সুনিপুনভাবে সম্পন্ন কর এবং অপরের প্রতি অনুগ্রহ প্রদর্শন কর।

২:১৯৬। **হজ্জ ও ওমরার ফযিলত:** হযরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত - রাসূল (সা.) বলেছেন: "একটি ওমরাহ অন্য একটি ওমরাহ এর মধ্যকার গুনাহসমূহের কাফ্‌ফারা। আর উত্তম হজ্জের প্রতিদান জান্নাত ছাড়া আর কিছুই নয়" (সহীহ বুখারী)। রমযান মাসে উমরা করা অত্যন্ত ফযিলতের কাজ। ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বিদায় হজ্জ থেকে ফিরে উম্মে সানান নামক একজন আনসারী মহিলা সাহাবীকে বললেন, 'তুমি আমাদের সঙ্গে হজ্জ করতে যাওনি কেন? সে বলল, আমার স্বামীর দু'টি উট আছে, তম্মধ্যে একটি দিয়ে সে নিজে হজ্জ করেছে আরেকটি দিয়ে আমরা সেচ কাজ করাই। তখন মহানবী (সা.) বললেন, রমযান মাস আসলে তুমি ওমরা করো। কেননা রমযান মাসে ওমরা করা আমার সঙ্গে হজ্জ করার সমান - (বুখারী ও মুসলিম)।

২:১৯৬। বিধিসঙ্গত কারণবশত ধর্মীয় কোন অনুষ্ঠান সম্পন্ন করতে অক্ষম হলে তার পরিবর্তে যে অনুষ্ঠান বা অর্থ প্রদানের বিধান রয়েছে তাকে ফিদ্‌য়া বলে।

২:১৯৬। 'মীকাত' (ইহ্‌রাম বাঁধার নির্দিষ্ট স্থান) হতে হজ্জ ও 'উমরার ইহ্‌রাম বেঁধে এক সাথে উভয় ইবাদত আদায় করাকে হজ্জে 'কিরান' বলে। মীকাত হতে প্রথমে উমরার ইহরাম বেঁধে উমরা সম্পন্ন করে মক্কা হতে হজ্জের ইহ্‌রাম বেঁধে একই সফরে উভয় "ইবাদত আদায় করাকে 'তামাত্তু' (লাভবান হওয়া অর্থাৎ এক সঙ্গে দুই পুণ্য অর্জন) বলে। মীকাত হতে শুধু হজ্জের ইহ্‌রাম বেঁধে উক্ত সফরে কেবল হজ্জ আদায় করাকে হজ্জে 'ইফ্‌রাদ' বলে।

২:১৯৭। নির্দিষ্ট কয়েক মাস: এ মাসগুলো হল শাওয়াল, জিলক্বদ ও জিলহজ্বে প্রথম দশদিন (তাবারী)।

২:১৯৮। অর্থাৎ হজ্জের সময় ব্যবসা-বাণিজ্য অথবা কেনা-বেচা নিষেধ নয়।

২:১৯৮। **মাশআরুল হারাম :** 'আরাফাত ও মিনার মধ্যবর্তী মুযদালিফা নামক উপত্যকায় অবস্থিত পাহাড়কে 'মাশ আরুল হারাম' বলা হয়। যিলহাজ্জ মাসের ৯ম তারিখ দিবাগত রাতে উক্ত মুযদালিফায় অবস্থানকালে উক্ত পাহাড়ের পাদদেশে উপস্থিত হয়ে আল্লাহ্‌কে অধিক মাত্রায় স্মরণ করতে বলা হয়েছে।

২:১৯৯। এখানে اِفَاضَة দ্বারা মুযদালিফা থেকে রওনা হওয়া বুঝানো হয়েছে (তাফসীরে মানার, সাইয়্যেদ রশীদ রেজা, আত-তাহ্‌রীর ওয়াত তানভীর, ইবনে আশুর ও ফাতহুল কাদীর, শাওকানী)। উল্লেখ্য, মুযদালিফাতে মাশআরুল হারাম অবস্থিত।

২:২০০। ইসলামপূর্ব জাহেলি যুগে হজ্জ সমাপনান্তে মিনার ময়দানে একত্র হয়ে কবিতা, লোক-গাথা ইত্যাদির মাধ্যমে পূর্বপুরুষদের শৌর্য-বীর্য বর্ণনার প্রথা ছিল। এখানে ঐসব কুপ্রথার পরিবর্তে নিষ্ঠা ও একাগ্রতার সাথে আল্লাহ্‌ তায়ালাকে স্মরণ করতে বলা হয়েছে।

২:২০২। অর্থাৎ তাদের দুনিয়া ও আখিরাতে অংশ রয়েছে তাদের অর্জন ও কর্মের কারণে (তাফসীরে কবীর)।

২:২০৩। 'আয়্যামে তাশরীক' বা তাশরীকের দিনগুলোকে (যিলহাজ্জের ১১, ১২ ও ১৩ তারিখ) আইয়ামে তাশরীক বলা হয়। এ দিনগুলোতে আল্লাহ্‌কে বিশেষ ভাবে স্মরণ করতে বলা হয়েছে।

২:২০৩। فِيْ أَيَّامٍ مَّعْدُوْدَاتٍ অর্থ মিনায় অবস্থাকালীন দিনগুলোতে। অর্থাৎ যিলহজ্ব মাসের ১১,১২,১৩ তারিখ। মুযদালিফা থেকে এসে মিনায় দু'দিন অবস্থান করতে কোন দোষ নেই। তিনদিন অবস্থানেও কোন দোষ নেই। অর্থাৎ পরিস্থির আলোকে যার জন্য যেটা প্রযোজ্য সে সেটা করতে পারে।

২:২০৪। অর্থাৎ যে বলে আমার অন্তরে আপনার প্রতি যে ভালবাসা রয়েছে আল্লাহ্‌ তার সাক্ষী আছেন অথবা বলে, আল্লাহ জানেন আমি সত্য বলছি (শাওকানী)।

২:২০৮। ইহুদীদের মধ্যে যারা ইসলাম গ্রহণ করেছিলেন তারা ইহুদী ধর্মের কোন কোন কাজ পূর্বের ন্যায় করতে ইচ্ছা করেছিলেন। তখন নির্দেশ দেয়া হয়, প্রত্যেক মুসলিমের কর্তব্য আল্লাহ্‌ ও রাসূলের আদেশ-নিষেধগুলো পুরাপুরিভাবে পালন করা। অন্য মত বা পথের অনুসরণ করা কোন অবস্থাতেই তার জন্য সমীচীন নয়।

২:২১০। এ আয়াতে হাশরের মাঠের চিত্র অংকন করা হয়েছে। বলা হচ্ছে, তারা কি সেই দিন পর্যন্ত ঈমান আনা না আনার বিষয়ে দ্বিধান্বিত থাকবে, যেদিন কিয়ামত ও হাশর সংঘটিত হবে, যখন আল্লাহ্‌ তায়ালা মানুষকে জবাবদিহি করার জন্য মেঘের আড়াল থেকে আসবেন এবং তাদেরকে ন্যায্য প্রতিদান দিবেন এবং ফেরেশতারা কাতারে কাতারে আল্লাহ্‌ তায়ালার ফয়সালা বাস্তবায়ন করার জন্য আসবেন? সেদিন সত্যিই দ্বিধান্বিত ও সংশয়বাদীরা দেখতে পাবে যে, তাদের বিষয়টি ফয়সালা হয়ে গেছে এবং তাদের তওবার সুযোগ শেষ হয়ে গেছে। দেখুন ড. আসাআদ হুমেদ, আইসারুত তাফাসীর।

২:২১৫। এ আয়াতটিকে ভালভাবে খেয়াল না করলে মনে হবে যে, প্রশ্ন করা হচ্ছে কী ব্যয় করা হবে, অথচ উত্তর দেয়া হচ্ছে কী কী ব্যয় করা হবে- তা ঠিক নয়। ব্যয় করতে বলা হচ্ছে যা উত্তম তা এবং পাশাপাশি খাতও বলে দেয়া হচ্ছে।

২:২১৫। **পিতা-মাতার জন্য অর্থ ব্যয়ঃ** উপার্জিত অর্থ ব্যয় করার ক্ষেত্রে মাতা-পিতার জন্য ব্যয় করাকে অগ্রধিকার দেয়া হয়েছে। এক ব্যক্তি নবী (সা.) এর কাছে উপস্থিত হয়ে বলল, 'হে আল্লাহ্‌র রাসূল! আমার সম্পদ আছে এবং সন্তান-সন্ততিও আছে। কিন্তু এমতাবস্থায় আমার পিতা আমার সম্পদ নিতে চান। এ বিষয়ে আপনার অভিমত কি? নবী (সা.) জবাবে বললেন, 'তুমি এবং তোমার সম্পদ সবই তোমার পিতার-(সুনান ইবন মাযাহ)।

২:২১৫। **মিসকীনের পরিচয়:** আবু হুরাইরা (রা.) বলেন, রাসূল (সা.) বলেছেন: যে ব্যক্তি লোকজনের দ্বারে দ্বারে ঘুরে বেড়ায় এবং দু'এক গ্রাস খাবার কিংবা দু'একটা খেঁজুর পেয়ে ফিরে যায় সে প্রকৃত মিসকীন নয়; বরং প্রকৃত মিসকীন ঐ ব্যক্তি যার এমন সম্বল নেই যা তাকে অভাবমুক্ত রাখে অথচ তার অবস্থাও কারো জ্ঞাত নয় যে, তাকে কেউ কিছু দান করে এবং সেও লোকজনের নিকট গিয়ে কিছু চায় না-(সহীহ বুখারী)। সুতরাং পেশাদার সাহায্যপ্রার্থীদের পরিবর্তে যারা সামাজিক অবস্থার কারণে চক্ষু লজ্জায় সীমাহীন অভাবে থাকলেও মানুষের কাছে চাইতে পারেনা এদেরকে দান করা উত্তম।

২:২১৮। 'জিহাদ' (جهاد) শব্দ 'জুহদ' (جهد) হইতে উদ্ভূত। 'জিহাদ' অর্থ চেষ্টা করা ও অক্লান্ত পরিশ্রম করা। দীন প্রতিষ্ঠা ও রক্ষার্থে যে নিরন্তর চেষ্টা-প্রচেষ্টা, সংগ্রাম করা হয় তাকে 'জিহাদ' বলে। উল্লেখ্য, 'জিহাদ' অর্থ 'পবিত্র যুদ্ধ' নয়।

২:২১৯। কিছু উপকারিতা বলতে মদের ব্যবসা এবং এর স্বাদ গ্রহণ এবং জুয়ার মাধ্যমে বিনা পরিশ্রমে অর্থ উপার্জন করা বুঝায়। দেখুন আন্‌-নাসাফি, মাদরিকুত্‌-তানযিল ওয়া হাকাইকুত তা'ভীল। কিন্তু গোটা সমাজের উপর এর পাপজনিত প্রভাব অনেক বেশী। মদ ও জুয়ার মাধ্যমে শয়তান মানুষের মাঝে শত্রুতা ও বিদ্বেষ ঘটায় এবং আল্লাহ্‌র স্মরণ ও সালাত (নামায) হতে মানুষকে বিরত রাখে (সূরা-মায়িদা, নং-৫, আয়াত-৯১)।

২:২২২। আনাস (রা.) থেকে বর্ণিত, ইহুদী সপ্রদায়ের রীতি ছিল স্ত্রীর মাসিক অবস্থায় তারা একসঙ্গে খাওয়া-দাওয়া ও ঘরে বসবাস করত না । সাহাবীগণ রাসূল (স.) এর কাছে এ ব্যপারে জানতে চাইলে এ আয়াত নাযিল হয়। তিনি বলেন, 'শুধু বিবাহ ছাড়া সবই করা যাবে।' অন্য এক বর্ণনায় এসেছে, 'দৈহিক মিলন ছাড়া সবই করা যাবে-(মুসলিম)। আয়েশা (রা.) বলেন, মাসিক অবস্থায় আমি যে পাত্রে পান করেছি একই পাত্রে রাসূল (সা.) পান করেছেন এবং আমার মুখ রাখার স্থানে রাসূল (স.) মুখ রেখেছেন-(মুসলিম)।

২:২২২। পাপ করার পর যারা অনুতপ্ত হয়, ক্ষমা প্রার্থণা করে এবং পাপের পুনরাবৃত্তি করবে না বলে দৃঢ়ভাবে সংকল্পবদ্ধ হয় তারাই তওবাকারী।

২:২২৩। তোমাদের স্ত্রীগণ তোমাদের বংশ বিস্তারের ক্ষেত্র। যেমন, কৃষকের জন্য তার শস্যক্ষেত্র বীজ বপণ করার স্থান। মানব বংশের বিস্তার বিবাহের একটি অন্যতম মুখ্য উদ্দেশ্য । সে অর্থে স্ত্রীদেরকে শস্যক্ষেত্র বলা হয়েছে।

২:২২৩। বৈবাহিক সম্পর্ক শুধু ভোগ-উপভোগের জন্য নয়। সুন্দর শান্তিপূর্ণ জীবন প্রতিষ্ঠার মাধ্যমে সৎ সন্তান জন্ম দেয়া ও তাদের সুষ্ঠু লালন-পালন করা এর অন্যতম উদ্দেশ্য। নিয়ত সঠিক হলে ইসলামের দৃষ্টিতে এটাও অতি ছওয়াবের কাজ। কাজেই শরীয়তসম্মত জীবন যাপন করে আখিরাতের জন্য পাথেয় সংগ্রহ করার নির্দেশ দেয়া হয়েছে।

২:২২৪। ভালকাজ করবে না এমর্মে আল্লাহ্‌র কসম করো না। যেমন কারো বলা, আল্লাহর কসম আমি তোমার কোন উপকার করব না অথবা অমুককে দান-খয়রাত করব না- এরূপ কসম করতে নিষেধ করা হয়েছে।

২:২২৬। তার জন্য রয়েছে চার মাসের প্রতীক্ষা অর্থাৎ চার মাস পর্যন্ত সে সহবাস না করে থাকতে পারবে। চার মাসের বেশী প্রতীক্ষার (সহবাস থেকে বিরত থাকার) অধিকার তার নেই। স্ত্রীকে শিক্ষা দেয়ার বা সংশোধনের জন্য রাগান্বিত হয়ে চার মাস পর্যন্ত সহবাস না করে থাকতে পারে। এরপর অর্থাৎ চার মাস অতিবাহিত হয়ে গেলে তাকে দু'টি অবস্থার একটি করতে হবে। একটি অবস্থা হচ্ছে, সে কসম থেকে ফিরে আসবে, তাহলে চার মাস পরবর্তী যে কয়দিন সহবাস না করেছিল সেটা আল্লাহ্‌ ক্ষমা করে দিবেন। আরেকটি অবস্থা হচ্ছে, তালাক দিয়ে দিবে। সে যদি তালাক না দেয় তাহলে বিচারক তালাক কার্যকর করার ব্যবস্থা করবেন।

২:২২৭। গুরুতর কোন কারণ ছাড়া স্ত্রীকে তালাক দেয়া জঘন্য অপরাধ। একইভাবে কোন শরিয়তসম্মত কারণ ছাড়া স্বামীর কাছে স্ত্রীর তালাক কামনা করাও বৈধ নয়। মহানবী (সা.) বলেন, কোন অসুবিধা না থাকা সত্ত্বেও যে নারী তার স্বামীর কাছে তালাক চাইবে তার জন্য জান্নাতের ঘ্রাণ হারাম।

২:২২৮। স্বামীর মৃত্যু অথবা তালাকের পর যে সময়সীমার মধ্যে স্ত্রীর জন্য অন্যত্র বিবাহ বৈধ নয়, সে সময়সীমাকেই 'ইদ্দত' বলে। স্বামীর মৃত্যুর ক্ষেত্রে চার মাস দশ দিন, গর্ভাবস্থায় বাচ্চা ভুমিষ্ট হওয়া পর্যন্ত, আর অন্যক্ষেত্রে তিনটি মাসিক পর্যন্ত ইদ্দত পালন করা আবশ্যক।

২:২২৮। তালাকের পর ইদ্দতের মধ্যে স্বামী-স্ত্রী আপোষ-নিষ্পত্তির মাধ্যমে বিবাহ বন্ধনে থেকে যেতে পারবে। তবে এই আপোষ-নিষ্পত্তির তখনই প্রলপ্রসূ হবে যখন স্বামী-স্ত্রী একে অপরের অধিকার ও কর্তব্যের ব্যাপারে যত্নবান হবে। তবে তালাক দেয়া ও ইদ্দতের মধ্যে ফিরিয়ে আনার অধিকার কেবল পুরুষের জন্য সংরক্ষিত। দেখুন ড. আসাআদ হুমেদ, আইসারুত তাফাসীর।

২:২২৯। যে তালাকের পর 'ইদ্দতের মধ্যে ইচ্ছা করলে স্ত্রীকে পুনঃগ্রহণ করা যায়, এখানে সেই 'তালাকে রাজ'ঈ'র কথা বলা হয়েছে। উল্লেখ্য, একসঙ্গে তিন তালাক দেয়া কুরআনের বিধানের প্রতি ধৃষ্টতা প্রদর্শন ও অত্যন্ত নিন্দনীয় কাজ এবং আল্লাহ্‌র কিতাব নিয়ে তামাশা করার শামিল। এ প্রসঙ্গে সুনানে নাসাঈ-তে একটি হাদীস রয়েছে। মহানবী (সা.) এর কাছে এক ব্যক্তি সম্পর্কে বলা হলো যে তার স্ত্রীকে একসঙ্গে তিনটি তালাক দিয়েছিল। এ কথা শুনে রাসূল (সা.) রাগান্বিত হয়ে দাঁড়িয়ে গেলেন এবং বললেন, তোমাদের মধ্যে আমি এখনো জীবিত আছি অথচ আল্লাহ্‌র কিতাব নিয়ে খেলা করা হবে! রাসূল (সা.) এর এ রাগান্বিত অবস্থা দেখে অপর এক ব্যক্তি দাঁড়িয়ে বললেন, "আমি ঐ লোকটিকে হত্যা করে ফেলবো কিনা? (সুনান নাসাঈ) অর্থ্যাৎ কুরআনে একসঙ্গে তালাক দেয়ার পরিবর্তে পৃথকভাবে তালাক দেয়ার বিধান রয়েছে। অথচ সে এদিকে ভ্রুক্ষেপ করছে না! একসঙ্গে তিনটি তালাক নয় বরং ভিন্ন ভিন্ন দুইটি তালাক দিয়ে বিবাহ বন্ধন ছিন্ন করাই বিবাহ বিচ্ছেদের উত্তম পন্থা। কেননা এর ফলে বিবাহ বিচ্ছেদ হয় আবার ভবিষ্যত সমঝোতার পথও খোলা থাকে অর্থ্যাৎ স্বামী-স্ত্রী কোন ক্রমেই বনি-বনা না হলে এবং সমঝোতার ইসলাম নির্দেশিত সকল উপায় ব্যর্থ হলে বিবাহ বিচ্ছেদের সিদ্ধান্ত নেয়া যেতে পারে। সেক্ষেত্রে সময়ের বাছ-বিছার না করে একসঙ্গে তিনটি তালাক দিয়ে বিবাহ বিচ্ছেদ করা বিদাত বা গর্হিত কাজ। বরং এক্ষেত্রে স্ত্রীর মাসিক চলাকালীন (শারীরিক ও মানসিক অসুস্থতার সময়) অতিবাহিত হওয়ার পর সুস্থ ও পবিত্র অবস্থায় একটিমাত্র তালাক দিবে। তখন থেকে ইদ্দতের পূর্বে (তিনটি মাসিক অতিবাহিত হওয়া পর্যন্ত) যদি স্বামী-স্ত্রী সমঝোতা করে নেয় তবে বিবাহ অটুট থাকবে কিন্তু স্বামী সর্বমোট তিনটি তালাকের অধিকারের মধ্যে ১টি তালাক প্রয়োগের অধিকার হারাবে । কিন্তু যদি ইদ্দতের মধ্যে স্বামী-স্ত্রীর মধ্যে কোন প্রকার সমঝোতা না হয় ও ইদ্দত অতিবাহিত হয়ে যায় তাহলে বিবাহ বিচ্ছেদ হয়ে যাবে এবং স্ত্রী অন্য কোথাও বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। কিন্তু স্ত্রী যদি কোথাও বিবাহ বন্ধনে আবদ্ধ না হন সেক্ষেত্রে স্ত্রীকে পুনরায় প্রস্তাব দিয়ে মোহরানা ধার্য্য করে নতুন করে বিবাহের মাধ্যমে আবার বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। যেহেতু স্বামী একটি তালাক প্রয়োগ করেছেন সেহেতু এ স্ত্রীর ক্ষেত্রে তিনি অবশিষ্ট দুইটি তালাকের মালিক থাকবেন। পরে আবার যদি তালকের কারণ উদ্ভব হয় সেক্ষেত্রে আবার একই নিয়মে একটি মাত্র তালাক দেবেন। একই নিয়মে ইদ্দতের মধ্যে স্বামী-স্ত্রী সমঝোতা করে নিতে পারবেন। অন্যথায় স্ত্রী অন্যত্র বিয়ে হওয়ার পূর্বে নতুন করে মোহরানা ধার্য্য করে বিবাহ আয়োজনের মাধ্যমে স্ত্রীকে ফিরিয়ে আনতে পারবেন। এই দুইটি তালাক দেয়ার ক্ষেত্রেই বিবাহ বিচ্ছেদ করা যায় আবার একই সময় সমঝোতার পথও খোলা থাকে। এ আয়াতে এ বিষয়টি বলা হয়েছে। কিন্তু এর পরও যদি বনি-বনা না হয় এবং স্ত্রীকে তৃতীয় তালাক প্রয়োগের মাধ্যমে বিবাহ বিচ্ছেদ ঘটানো হয় তবে আর সমঝোতা বা নতুন বিবাহের মাধ্যমে স্ত্রীকে ফিরিয়ে আনা যাবে না। তবে এ ক্ষেত্রে স্ত্রী যদি স্বাভাবিকভাবে অন্য কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর স্বামীর মৃত্যুজনিত কারণে অথবা স্বাভাবিক নিয়মে বিবাহ বিচ্ছেদ হয় তখন প্রথম স্বামী নতুন করে মোহরানা দিয়ে তার সাথে পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। এ কথাই পরবর্তী ২৩০ নং আয়াতে বলা হয়েছে। দীর্ঘদিনে তিলে তিলে গড়ে উঠা দাম্পত্য জীবনকে এক মুহূর্তে ভেঙ্গে দেয়ার নিষ্ঠুর পদ্ধতি অবলম্বনের পরিবর্তে তালাক প্রদানের ক্ষেত্রে মহানবী (সঃ) নির্দেশিত পন্থা অনুসরণ করে ধাপে ধাপে তালাক দেয়া হলে বিবাহ বিচ্ছেদের পরিমাণ কমে আসত এবং তথাকথিত পাতানো হীলা বিবাহের ঘৃণ্য পন্থা অবলম্বনের প্রশ্ন উঠত না।

২:২২৯। এখানে সীমা বলতে একে অপরের অধিকার ও কর্তব্যের ব্যাপারে যত্নবান হওয়া বুঝানো হয়েছে।

২:২২৯। মোহরানা ফেরত দিয়ে অথবা কিছু অর্থ-সম্পদের বিনিময়ে স্ত্রী স্বামীর নিকট তালাক চাইতে পারে। শরীয়তের পরিভাষায় এটাকে 'খুলা' বলে। সুতরাং তালাক বা বিবাহ বিচ্ছেদের অধিকার শুধু পুরুষের নয় বরং প্রয়োজনে নারীকেও বিবাহ বিচ্ছেদের অধিকার দেয়া হয়েছে। তবে ইসলামের বিবাহ বিচ্ছেদ সংক্রান্ত বিধানের ক্ষেত্রে নারী ও পুরুষ উভয়ের পক্ষ থেকে বিবাহ বিচ্ছেদ বা তালাকের যথেচ্ছা প্রয়োগ বন্ধ করার জন্য বেশ কিছু নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২:২৩০। দুই তালাকের পর তৃতীয় তালাক দিলে স্বামী স্ত্রীকে পুনঃগ্রহণ করতে পারে না। তালাকপ্রাপ্ত নারী নিজ ইচ্ছায় অন্য কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর যদি স্বামীর মৃত্যু জনিত কারণে কিংবা স্বাভাবিক নিয়মে তাদের বিবাহ বিচ্ছেদ হয় তখনই কেবল ইদ্দত পালনের পর পূর্বের স্বামীর সাথে নতুন করে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। এক্ষেত্রে তথাকথিত পাতানো বিবাহ (হীলা বিবাহ) বৈধ নয়। এ জাতীয় হীলা বিবাহ ইসলামের দৃষ্টিতে ঘৃনিত কাজ। রাসূল (সা.) বলেছেন, 'হালালকারী (পাতানো হীলা বিবাহকারী) এবং যার জন্য হালাল করা হয় (যার স্বার্থে পাতানো বিয়ের আয়োজন করা হয়) উভয়ের উপর আল্লাহ্ লা'নত করেছেন-(আবু দাউদ)।

২.২৩৩। ভরণ-পোষণের দায়িত্ব পালনে অবহেলা করা গুনাহের কাজ। আব্দুল্লাহ্ ইবনে আমর (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, যার উপর যাকে খাওয়ানো-পরানোর দায়িত্ব সে ব্যাপারে উপেক্ষা ও অবহেলা করাই তার গোনাহগার হওয়ার জন্য যথেষ্ট-(সুনানে আবু দাউদ, কিতাবুয যাকাত)।

২:২৩৪। স্ত্রী গর্ভধারণ করেছে এমন অবস্থায় স্বামীর মৃত্যু হলে সন্তান ভূমিষ্ট হওয়া পর্যন্ত 'ইদ্দত পালন করতে হবে।

২:২৩৭। তালাকপ্রাপ্ত স্ত্রীকে অসম্মান করা, তার সম্পর্কে মন্দ রটানো, তাকে ব্যক্তিগতভাবে অথবা তার পরিবারকে কষ্ট দেয়া তালাকদাতা স্বামীর জন্য বৈধ নয়।

২:২৩৮। এখানে সর্বপ্রকার সালাতের, বিশেষত 'আসরের সালাতের প্রতি যত্নবান হওয়ার নির্দেশ দেয়া হয়েছে এবং আল্লাহ্র উদ্দেশ্যে বিনিতভাবে দাঁড়াতে বলা হয়েছে।

২:২৩৮। **সালাতের গুরুত্বঃ** রাসূল (সা.) বলেছেন, কিয়ামতের দিন বান্দার যে বিষয়ের হিসাব সর্বপ্রথম নেয়া হবে সেটি হচ্ছে সালাত। যার সালাত (নামায) ঠিক থাকবে তার সমস্ত আমল ঠিক হবে আর যার সালাত নষ্ট হবে তার সব আমল বরবাদ হবে।

২:২৪০। এটা প্রথম দিকের বিধান অর্থাৎ এ আয়াতের বিধান অনুযায়ী স্বামী মারা যাওয়ার পর স্ত্রী মৃত স্বামীর ঘরে বা বাড়িতে থাকত এবং একবছর পর্যন্ত তার ভরণ-পোষণের খরচ দেয়া ওয়ারিশদের দায়িত্ব ছিল। আর যদি স্বেচ্ছায় স্বামীর বাড়ি ত্যাগ করত তাহলে ভরণ-পোষণের দায়িত্ব ওয়ারিশদের ছিল না। পরবর্তীতে স্ত্রীদের জন্য মৃত স্বামীর সম্পত্তিতে এক-চতুর্থাংশ এক-অষ্টামাংশ দেয়ার বিধান দেয়া হয়েছে।

২:২৪৩। এখানে মৃত্যু- প্রকৃত অর্থেই মৃত্যু, তবে কুদরতের মৃত্যু, স্বাভাবিক নিয়মের মৃত্যু নয়। জিহাদের দিকে উৎসাহিত করার জন্য এ ঘটনা বর্ণনা করার মাধ্যমে আল্লাহ্ তায়ালা এটাই বুঝিয়েছেন যে, জীবন-মৃত্যুর মালিক একান্তই তিনি। সুতরাং মৃত্যু থেকে পালায়ন করে কোন লাভ নেই। কেউ যদি প্রশ্ন করে যে, তারা দু'বার মৃত্যুবরণ করল যা সাধারণ নিয়মের উল্টো- তার উত্তরে বলা যায়- এটি অসম্ভব কিছু নয়, এধরনের ঘটনা বনী ইসরাঈলের ক্ষেত্রে আরো ঘটেছে (সূরা-বাকারা, নং-২, আয়াত-৫৬)। উল্লেখ্য উযাইর (আ.)-এর ক্ষেত্রেও এরূপ দু'বার মৃত্যু হয়েছিল (সূরা-বাকারা, নং-২, আয়াত-২৫৯)।

২:২৪৫। 'করযে হাসানা' অর্থ -আল্লাহ্র পথে ব্যয় করা।

২:২৪৬। এ নবী হচ্ছেন শামূয়েল নবী।

২:২৫১। তখন দাউদ (আ.) যুবক ছিলেন এবং তালুতের সৈন্য বাহিনীতে একজন সৈনিক হিসেবে যুদ্ধে যোগদান করেছিলেন। পরবর্তীতে আল্লাহ্ তাকে নবুয়্যত ও রাজত্ব দান করেন।

২:২৫৫। এখানে 'তারা' বলতে আল্লাহ্পাক তাঁর সৃষ্টিকুলের প্রত্যেককে বুঝিয়েছেন। এর মর্ম হল, তাঁর সৃষ্টিকুলের কেউ তাঁর জ্ঞানের কিছুই আয়ত্ত করতে পারবে না যদি না তিনি ইচ্ছা করেন এবং যতটুকু তিনি তাদেরকে জানিয়ে দেন।

২:২৫৬। তাগুত শব্দটি পবিত্র কুরআনে ৮ বার উল্লেখ করা হয়েছে। আল্লাহ্ ব্যতীত যার ইবাদত করা হয় তাকে তাগুত বলা হয় (লিসানুল আরব)। রাসূল (সা.) বলেন, তোমরা পিতৃ পুরুষ ও তাগুতের নামে শপথ করো না-(সহীহ মুসলিম)। এখানে তাগুত অর্থ তারা যে সব মূর্তির সম্মান করত এবং তাদের নামে শপথ করত যেমন লাত ও মানাত ইত্যাদিকে বুঝানো হয়েছে। ইমাম রোখারী বর্ণনা করেছেন, ওমর ইবনে খাত্তাব (রা.) বলেছেন, জিবত অর্থ যাদু এবং তাগুত অর্থ শয়তান। ইবনে কাছীর বলেছেন, এ বক্তব্যটি খুবই শক্তিশালী। কেননা জাহেলিয়াতের যুগে লোকেরা মূর্তিদের পূজা করত, তাদের কাছে বিচার-ফয়সালা ও সাহায্য কামনা করত। তাগুত বলতে বুঝায়, আল্লাহ্র উপর সীমালংঘনকারী ও আল্লাহ্ ব্যতীত যার ইবাদত করা হয়। এ ইবাদত জবরদস্তিমূলক হতে পারে আবার ইবাদতকারীর পক্ষ থেকে স্বেচ্ছামূলকও হতে পারে। এ ধরনের সবই তাগুত বলে গণ্য। সে মানুষ, শয়তান, প্রাণী বা জড় পদার্থ যাই হোক না কেন-(তাবারী)।

২:২৫৯। অনেকের মতে ইনি ছিলেন ইস্রাঈলী নবী হযরত 'উযাইর (আ.)। ইমাম কুরতুবীর মতে, জনপদটি ছিল বায়তুল মাকদিস। বুখতে নসর এ নগরীতে ধ্বংসযজ্ঞ চালিয়ে ছিল। আরো দেখুন সূরা নং ৯, আয়াত ৩০।

২:২৬৩। **হাসি মুখে কথা বলাও সদকাহ ঃ** হযরত আবুযর (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) আমাকে বলেছেন, সৎ কাজের মধ্যে কোনটিকেই তুচ্ছ মনে কর না; সেটি যদি তোমার ভাইয়ের দিকে হাস্যোজ্জ্বল দৃষ্টিতে তাকানোও হয়- (সহীহ মুসলিম, কিতাবুল বির ওয়াস সিলাহ)।

২:২৬৪। লোক দেখানোর জন্য দান করলে অথবা দান করে খোঁটা ও কষ্ট দিলে সেই দানে কোন পুণ্য নেই। আয়াতে তারই উপমা দেয়া হয়েছে।

২:২৭৩। যে সকল লোক দ্বীনের কাজে ব্যস্ত বা কোন না কোনভাবে জিহাদে লিপ্ত থাকার কারণে উপার্জন করতে পারে না, তাদের জন্য ব্যয় করার কথা বলা হয়েছে। এইরূপ লোকদের উদাহরণ হল 'আসহাবে সুফ্ফা' যারা রাসূল (সা.)-এর সময়ে দ্বীনী শিক্ষালাভের জন্য এবং প্রয়োজনে জিহাদে শরীক হওয়ার জন্য মদীনার মসজিদে নববী সংলগ্ন স্থানে সর্বদা অবস্থান করতেন।

২:২৭৫। **রিবা (সুদ)ঃ** জাহেলী যুগে ঋণের আসলের উপর বিভিন্নরূপে অতিরিক্ত ধার্য করা হতো। প্রথমত, ঋণদাতা ঋণ প্রদানের সময়েই তার আসলের উপর অতিরিক্ত দাবী করত এবং ঋণ গ্রহীতা অতিরিক্ত দিতে রাজি হলে ঋণদাতা উক্ত বর্ধিত পরিমাণসহ আসল ফেরতের শর্তে ঋণ প্রদান করত। দ্বিতীয়ত, ঋণদাতা মাসে মাসে একটা নির্ধারিত অতিরিক্ত আদায় করত কিন্তু ঋণ পরিশোধের মেয়াদ শেষ হওয়া পর্যন্ত আসলের পরিমাণ অপরিবর্তিত থাকত।

তৃতীয় ধরন ছিল, এমন এক লেনদেন যেখানে কোন ব্যক্তি ভবিষ্যতের কোন নির্ধারিত দিনে দাম পরিশোধ করার শর্তে কোন পণ্য সামগ্রী বিক্রি করা হত, অতঃপর দাম পরিশোধের নির্ধারিত তারিখে ক্রেতা দাম পরিশোধে ব্যর্থ হলে বিক্রেতা তার বাকী পাওনার পরিমাণ বাড়িয়ে দিত এবং পরিশোধের জন্য আরো সময় দিত-(আহকামুল কুরআন লিল জাস্‌সাস, তাফসীর কাবীর লিল ইমাম রাযী, তাবারী লি ইবনে জাবীর)। মূলত সকল প্রকার সুদী লেনদেরনের সাধারণ বৈশিষ্ট্য ছিল, দেনার আসলের উপর একটি অতিরিক্ত পরিমাণ ধার্য করা। তাই কুরআনে নিষিদ্ধ সুদ হচ্ছে, কাউকে ঋণ দিয়ে আসলের উর্ধ্বে অতিরিক্ত ধার্য করা। পণ্য বিক্রয়ের বিপরীতে ক্রয় মূল্যের চেয়ে অতিরিক্ত পরিমাণ বিক্রয় মূল্য ধার্য করা সুদ নয়।

২:২৭৯। অর্থাৎ মূলধনের অতিরিক্ত নিয়ে কারো উপর জুলুম করলে না এবং তোমাদের মূলধন না কমিয়ে তোমাদেরকে তা ফেরত দেয়ার মাধ্যমে তোমাদের প্রতিও জুলুম করা হবে না।

২:২৮০। ঋণ পরিশোধে আন্তরিক হলে আল্লাহ্ সাহায্য করেন। মাহানবী (সা.) বলেছেন, যখন কেউ ঋণগ্রস্থ হয় এবং আল্লাহ্ জানেন যে, উক্ত ঋণ পরিশোধের সে ইচ্ছা পোষণ করে তাহলে দুনিয়াতেই আল্লাহ্ তার পক্ষ হতে উক্ত ঋণ পরিশোধের ব্যবস্থা করেন-(সুনানে নাসাঈ)। রাসূল (সা.) আরো বলেছেন, 'স্বচ্ছল ব্যক্তির টালবাহানা করা জুলুম।'

২:২৮২। ধারে ক্রয়-বিক্রয় বা বাকীতে কারবারের জন্য এই বিধান। এ ধরনের লেনদেন লিখে রাখা ও এর জন্য সাক্ষী রাখা উত্তম।

২:২৮২। আর্থিক লেনদেনের সঙ্গে সাধারণত পুরুষদের সম্পৃক্ততা বেশি এবং আর্থিক লেনদেন নিয়ে বেশি চর্চা করার কারণে এর খুঁটিনাটি তাদের বেশি জানা থাকা এবং স্মরণ করা সহজ। এজন্য পুরুষদের সাক্ষী রাখাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। কোন কারণে যদি পুরুষ সাক্ষীর তুলনায় মেয়ে সাক্ষী সহজে পাওয়া যায় সে ক্ষেত্রে একজন পুরুষ ও দুইজন নারীকে সাক্ষী রাখতে বলা হয়েছে। নারীরা সাধারণতঃ এগুলো নিয়ে চর্চা করে না বিধায় সতর্কতামূলকভাবে দুইজন নারীকে সাক্ষী রাখতে বলা হয়েছে। নতুবা ক্ষেত্র বিশেষে একজন নারীর সাক্ষী গ্রহণযোগ্য হওয়ার বিধানও ইসলামে রয়েছে। তা'ছাড়া এ আয়াতটি বাধ্যতামূলক নয়; উপদেশমূলক। লিখিত রাখাটা ফরয নয় বরং ভাল। সুতরাং আদালতে ফয়সালা করার সময় বিচারক প্রমাণ হিসেবে যে কয়জনের সাক্ষ্য গ্রহণযোগ্য মনে করবেন সেটাই গৃহীত হবে। তাছাড়া ক্ষেত্র ভেদে একজন নারীর সাক্ষ্য গ্রহণ, পুরুষ ও নারীর সাক্ষ্য সমানভাবে গ্রহণের বিধান ইসলামে রয়েছে। যেমন রমজানের চাঁদ দেখার বিষয়ে, স্বামী ও স্ত্রী পরস্পরের বিরুদ্ধে অপকর্মের অভিযোগ উত্থাপনের ক্ষেত্রে একজনের সাক্ষ্য গ্রহণযোগ্য। অনুরূপভাবে একান্ত নারী সংশ্লিষ্ট বিষয়াদির ক্ষেত্রে একজন নারীর সাক্ষ্য গ্রহণযোগ্য। উকবা ইবনে হারিছ নবী (সা.) এর কাছে এসে বললেন, আমি জনৈক নারীকে বিয়ে করেছি। এমন সময় জনৈকা কালো কৃতদাসী এসে বলল, উক্ত নারী আমাদেরকে (অর্থাৎ আমাকে ও উকবাকে) দুধ পান করিয়েছিলেন। তখন রাসূল (সা.) উকবাকে বললেন, "তাকে ছেড়ে দাও।" (অর্থাৎ তোমার দুধমাতা হওয়ার কারণে তার সাথে তোমার বিবাহবন্ধন ছিন্ন কর)। উকবা বলল, সে (কৃতদাসী) মিথ্যাবাদী।' তখন নবী (সা.) আবার বললেন, "তাকে ছেড়ে দাও।" এই হাদীসের ব্যাখ্যায় ইমাম ইবনুল কাইয়্যিম বলেন, এখানে রাসূল (সা.) একজন নারীর সাক্ষ্য গ্রহণ করেছেন যদিও সে ছিল একজন কৃতদাসী এবং সে তার নিজের ব্যাপারে সাক্ষ্য দিয়েছিল।

২:২৮৩। **বন্ধক রাখা বৈধ:** সুদমুক্ত লেনদেন এর ক্ষেত্রে অথবা ঋণ দেয়া-নেয়ার ক্ষেত্রে বন্ধক নেয়া বা বন্ধক রাখা বৈধ। রাসূল (সা.) একবার এক ইহুদীর কাছ থেকে কিছু খাদ্য দ্রব্য ক্রয় করেছিলেন এবং তার কাছে নিজ লৌহ বর্মটি বন্ধক রেখেছিলেন- (সহীহ বুখারী)।

২:২৮৬। অর্থাৎ শরিয়তের বিধিবিধানের ক্ষেত্রে কঠোরতা আরোপ করবেন না যেমনটি আপনি আরোপ করেছিলেন পূর্ববর্তী উম্মতদের উপর। যেমন সূরা আল-আ'রাফ, নং ৭, আয়াত ১৫৭-তে উল্লেখ রয়েছে যেখানে রাসূল (সা.)-এর রিসালাতের বৈশিষ্ট বর্ণনা প্রসঙ্গে আল্লাহ্পাক বলেছেন, সে তাদের থেকে নামিয়ে দেয় তাদের বোঝা ও বেড়ি (শৃঙ্খল) যা তাদের উপর (অর্থাৎ পূর্ববর্তী শরিয়তে) ছিল। ইহুদীদের উপর আল্লাহ্পাক শরিয়তের কঠোরতা আরোপ করেছিলেন তাদের জুলুমের কারণে যেমন সূরা আন-নিসা, নং ৪, আয়াত ১৬০-এ উল্লেখ রয়েছে যেখানে বলা হয়েছে যারা ইহুদী হয়েছে তাদের জুলুমের কারণে আল্লাহ্ তাদের উপর হারাম করেছিলেন এমন পবিত্র বস্তুগুলো যা তাদের জন্য পূর্বে হালাল ছিল।

৩:৭। প্রত্যেক এমন কিছু যে সম্পর্কে জ্ঞান অর্জন করা সম্ভব এমন বিষয় সম্বলিত আয়াতকেই 'মুহকাম' আয়াত বলে। আর যে সমস্ত বিষয় সম্পর্কে জানার কোন উপায় নেই সে সমস্ত বিষয় সম্বলিত আয়তকেই বলা হচ্ছে 'মুতাশাহ্বি'। যেমন আল্লাহ্র চেহারা, আল্লাহ্র হাত, কুরসী, আরশ, জাহান্নামের আগুনের মধ্যে যাক্কুম বৃক্ষ ইত্যাদি আরো অনেক আয়াত। যখনই বুঝতে পারা যাবে যে, প্রকাশ্য ও অপ্রকাশ্য কোন দলিলের ভিত্তিতেই কোন বিষয়ে সম্পূর্ণ জ্ঞান অর্জন সম্ভব নয় তখন তার পিছনে লেগে না থাকাই হচ্ছে এ আয়াতের মূল শিক্ষা।

৩:১৩। দু'টি দল অর্থাৎ বদর যুদ্ধে মুসলিমদের একটি দল এবং কাফের কুরাইশদের একটি দল।

৩:১৩। যদিও আসল পার্থক্য ছিল তিন গুণ, কিন্তু সরাসরি এক নজরে দেখে যে কেউ মনে করতে পারত, কাফের সৈন্য সংখ্যা মুসলিমদের দ্বিগুণ হবে। সুতরাং কাফেররা যে তাদের নিজেদের দৃষ্টিতে তাদেরকে মুসলিমদের দ্বিগুণ ভাবছিল আল্লাহ্পাক কেবল তারই উল্লেখ করেছেন। কুরাইশদের সৈন্য সংখ্যা যে মুসলিমদের তিনগুণ ছিল তা আল্লাহ্পাকের জানা আছে এবং সে অনুযায়ী বদর যুদ্ধে আল্লাহ্পাক একহাজার ফেরেশতা পাঠিয়েছিলেন যা কুরাইশদের সৈন্য সংখ্যার সমান। আল্লাহ্ তায়ালা তাঁর সাহায্য দ্বারা যাকে ইচ্ছা করেন সাহায্য করেন - অর্থাৎ তিনি তাঁর ইচ্ছায় অনেক ছোট দলকে বড় দলের উপর বিজয়ী করতে পারেন। সেক্ষেত্রে তাঁর ইচ্ছার বা হুকুমের প্রতিরোধকারী কেউ নেই।

৩:২৩। অর্থাৎ তাদের নিকট কিতাবের (তাওরাতের) কিছু অংশ পৌঁছেছে বা রয়েছে।

৩:২৩। ইহুদীদের মধ্যে সম্ভ্রান্ত দু'ব্যক্তি (নর ও নারী) ব্যাভিচারে লিপ্ত হলে তারা তাওরাতের উল্লেখিত রজম (পাথর নিক্ষেপে হত্যা) থেকে পরিত্রানের জন্য রাসূল (সা.)-এর কাছে আসে এবং কুরআন অনুযায়ী ব্যভিচারের শাস্তির বিচার প্রার্থনা করে এ আশায় যে, তারা দু'জন রজম থেকে রক্ষা পেয়ে যাবে। কিন্তু রাসূল (সা.) তাদেরকে তাদেরই কিতাব (তাওরাত) অনুযায়ী রজমের ফয়সালা দেন। ফলে এটি তাদের কতকের কাছে মনঃপুত হয়নি এবং তারা রাসূলে ফয়সালা মেনে নেয়নি- দেখুন ইমাম রাযী, তাফসীরে কবীর।

৩:৩১। **আল্লাহ্কে ভালবাসার প্রমাণ:** আল্লাহ্কে ভালবাসার সঙ্গে রাসূল (সা.) এর আনুগত্যের একটা নিবিড় সম্পর্ক রয়েছে। আল্লাহ্র প্রতি অন্তরে ভালবাসা পোষণের প্রমাণ হচ্ছে রাসূলের আনুগত্য করা। এর বিপরীত হচ্ছে রাসূলের অবাধ্য হওয়া যার পরিণতি জাহান্নাম। রাসূল (সা.) বলেছেন, "আমার উম্মতের সবাই জান্নাতে প্রবেশ করবে একমাত্র সে ব্যতীত যে অস্বীকার করবে। সাহাবাগণ প্রশ্ন করলেন, 'হে আল্লাহ্র রাসূল, কে সেই অস্বীকারকারী? রাসূল (সা.) বললেন, "যে আমার আনুগত্য করল সে জান্নাতে প্রবেশ করবে এবং যে আমার অবাধ্য হল সে আমাকে অস্বীকার করল।" সুতরাং রাসূলের আনীত জীবনাদর্শ মেনে না চলা রাসূলকে অস্বীকার করার পর্যায়ভুক্ত, যার শেষ পরিণতি জাহান্নাম।

৩:৫০। ইহুদীদের জন্য যা কিছু হারাম করা হয়েছিল তা সূরা আ'নআম, নং ৬, আয়াত ১৪৬-এ রয়েছে, আর তা হচ্ছে নখযুক্ত পশু এবং গরু ও ভেড়ার চর্বি। ঈসা (আ.)-এর শরিয়তে এগুলোর কিছু (যার উল্লেখ কুরআনে নেই) হালাল হয়ে যায়। পরবর্তীতে শরিয়তে মুহাম্মদীতে সকল পবিত্র বস্তুই হালাল হয়ে যায় (সূরা মায়িদা, নং ৫, আয়াত ৪)।

৩:৫৫। অর্থাৎ আহলে কিতাবের মধ্যে হাওয়ারীদেরকে (যারা ঈসা (আ.)-এর উপর ঈমান এনেছিলেন) কিয়ামতের দিন পর্যন্ত সেই সমস্ত কাফের ইহুদীদের (যারা ঈসা (আ.)-কে অস্বীকার করেছিল) উপর মর্যাদার স্থানে রাখবেন এবং সে সমস্ত হাওয়ারীদেরই মর্যাদার উল্লেখ আল্লাহ্পাক এখানে (কুরআনে) করেছেন যাতে এই উল্লেখ কিয়ামত পর্যন্ত স্থায়ী থাকে।

৩:৫৮। এখানে আয়াতসমূহ ও প্রজ্ঞাময় উপদেশ বলতে দু'টি আলাদা বিষয় বুঝানো হয়নি, বরং একটি বিষয়েরই (কুরআনেরই) দু'টি গুণ অর্থাৎ যাহাই আয়াত তাহাই প্রজ্ঞাময় উপদেশ। এরকম বাক্য বিন্যাস কুরআনে আরো রয়েছে যেমন সূরা আন-নামল, নং ২৭, আয়াত ১: 'এগুলো কুরআন ও সুস্পষ্ট কিতাবের আয়াত' - অর্থাৎ যাহাই কুরআন তাহাই সুস্পষ্ট কিতাব।

৩:৬১। নাজরান অঞ্চলের খৃস্টান সম্প্রদায় ঈসা (আ.) সম্পর্কে কুরআনের বর্ণনা মেনে নিতে অস্বীকৃতি জানালে আল্লাহ্র নির্দেশে মহানবী (সা.) তাদেরকে মুবাহালা করার আহ্বান জানান। মুবাহালা হলো সত্য ও মিথ্যা নিয়ে দুই পক্ষের মধ্যে বিবাদ হলে এবং যুক্তি-প্রমাণের মাধ্যমে মীমাংসা করা না গেলে উভয় পক্ষ আল্লাহ্র কাছে এ মর্মে দোয়া করবে যে তাদের মধ্যে যে মিথ্যাবাদী তার উপর আল্লাহ্র লা'নত পড়বে। এরূপ মুবাহালা করা হলে মিথ্যাবাদীর করুন পরিণতি হয়। যা হোক, মহানবী (সা.) খৃস্টানদেরকে মুবাহালার প্রস্তাব দেন এবং নিজ সন্তান ফাতিমা হাসান-হোসাইনকে সঙ্গে নিয়ে মুবাহালার জন্য প্রস্তুত হয়ে উপস্থিত হন কিন্তু খৃস্টানরা ভয়ে মুবাহালা করতে রাজি হয়নি-(ইবনে কাসীর)।

৩:৬২। সত্য ঘটনা হচ্ছে ঈসা (আ.) আল্লাহ্র বান্দা, নিজেই আল্লাহ্ নন। তবে ঈসা (আ.) দৃষ্টান্ত আদম (আ.)-এর মত (সূরা আলে-ইমরান নং ৩, আয়াত ৫৯)। আদম (আ.)-এর ক্ষেত্রে পিতা-মাতার কারোরই দরকার হয়নি, আর ঈসা (আ.) ক্ষেত্রে পিতার দরকার হয়নি। আদম (আ.)-ই যদি আল্লাহ্ না হয়ে থাকেন, সেক্ষেত্রে কেবল পিতা ব্যতিরিকে হওয়ার কারণে ঈসা (আ.)-কে আল্লাহ্ ভাবাটা সম্পূর্ণ ভুল। তাই আল্লাহ্ বলছেন 'আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই'।

৩:৬৬। অর্থাৎ ঈসা (আ.) সম্পর্কে তাদের কিছু জ্ঞান আছে, কেউ বলছে ঈসা (আ.) রাসূলই নয় আবার কেউ বলছে ঈসা (আ.)-ই আল্লাহ্। সুতরাং ইবরাহীম (আ.) সম্পর্কে তাদের বিতর্ক আরো অসার হবে কারণ তিনি তো আরো পূর্বের ঘটনা। এবং তিনি ইহুদীও ছিলেন না এবং নাসারাও ছিলেন না, আর হবেনই বা কিভাবে - তাওরাত ও ইন্জীল তো পরবর্তীতে অবতীর্ণ হয়েছে।

৩:৭২। ইহুদীরা সাধারণ লোকদেরকে ইসলাম গ্রহণ হতে বিরত রাখার জন্য ষড়যন্ত্রমূলকভাবে সকালে ইসলাম গ্রহণ করে বিকালে তা প্রত্যাখ্যান করত এই বলে-'আমরা যাচাই করে বুঝতে পেরেছি, ইনি সে নবী নন যাঁর আবির্ভাবের কথা আমাদের কিতাবে উল্লেখ আছে'-(কুরতুবী)।

৩:৭৩। অর্থাৎ তোমাদের এই ষড়যন্ত্রের কথা তোমরা ছাড়া অন্য কেউ যেন না জানে।

৩:৭৩। তোমাদের ছাড়া অন্য কাউকে 'কিতাব দেয়া হবে এটা তোমরা অপছন্দ করছ ও আল্লাহ্র সামনে তোমাদের ছাড়া অন্য কেউ কিতাবপ্রাপ্ত হয়ে তোমাদের সমকক্ষ হয়ে দাড়াবে এবং কে সঠিক ও কে বেঠিক এ বিতর্কে তোমরা পরাজিত হবে এ ভয়ে অন্যদেরকে সঠিক ধর্ম থেকে ফিরিয়ে দেয়ার ষড়যন্ত্র করছ? এভাবে হিংসার বশবর্তী হয়ে মানুষকে ইসলাম গ্রহণ থেকে বিরত রাখা সম্ভব নয়। কিতাব দেয়া না দেয়ার বিষয়টি একান্তই আল্লাহ্র অনুগ্রহ, আল্লাহ্ যাকে ইচ্ছা তা দান করেন।

৩:৭৫। ইহুদীরা নিজেদেরকে আল্লাহ্র সন্তান ও একান্ত বন্ধু বলে দাবী করত-(সূরা মায়েদা-১৮)। তারা অন্য সব জাতিগোষ্ঠিকে তাদের সেবক ও দাস মনে করত। অতএব দাসের উপার্জিত সম্পদ তো মনিবের সম্পদ। এ বিশ্বাসে তারা অন্যদের অর্থ আত্মসাৎ করা বৈধ মনে করত।

৩:৭৭। অর্থাৎ তারা এই নগন্য জীবনের অস্থায়ী সম্পদ গ্রহণ করে। অথচ তাদের থেকে কিতাবের এমন অঙ্গীকার নেয়া হয়েছিল যে, তারা আল্লাহ্ সম্পর্কে সত্য ছাড়া কিছু বলবে না (সূরা আ'রাফ নং ৭, আয়াত ১৬৯)। তারা জেনে-বুঝে আল্লাহ্ সম্পর্কে মিথ্যা বলে এই বলে যে, নিরক্ষরদের সম্পদ ফেরত দেয়ার ব্যাপারে তাদের কোন বাধ্যবাধকতা নেই (সূরা আলে-ইমরান, নং ৩, আয়াত ৭৫)।

৩:৮১। আল্লাহ্ পরবর্তী ৮৪নং আয়াতে মুহাম্মদ (সা.)-কে পূর্ববর্তী নবীদের প্রতি তার ঈমান আনার বিষয়টি জানাতে বলেছেন। সুতরাং সূরা-৩: আয়াত-৮১-তে নবীদের অঙ্গীকার বলতে শেষ নবীকে মেনে নেয়ার বিষয়ে রূহের জগতে যে অঙ্গীকার নিয়েছেন তা বুঝানো হয়েছে। তাই প্রত্যেক নবী এসে পরবর্তী নবী ও শেষ নবীর আগমন সম্পর্কে তার উম্মতকে সুসংবাদ দিয়ে গেছেন।

৩:৯৬। মক্কার অপর নাম বাক্কা।

৩:১০২। অর্থাৎ তোমরা ইসলামের উপর কায়েম থেকে মৃত্যুবরণ করবে। তোমরা মৃত্যু পর্যন্ত মুসলিম পরিচয় ধারণ করবে। উল্লেখ্য, আদি পিতা ইবরাহীম (আ.) সবাইকে মুসলিম নাম দিয়ে গেছেন। বনী ইসরাঈলসহ ইবরাহীম (আ.)-এর বংশধররা যারা তাদের নিজেদেরকে অন্য নামে পরিচয় দিচ্ছে তারা ইবরাহীম (আ.)-এর আদর্শ থেকে বিচ্যুত হয়েছে।

৩:১০৩। حبل এর শাব্দিক অর্থ রশি। এখানে আল্লাহ্র রশি অর্থ কুরআন ও ইসলাম।

৩:১০৪। সৎকাজের আদেশ ও অসৎকাজে নিষেধ করা মুমিনের গুরুত্বপূর্ণ সামাজিক দায়িত্ব। এ দায়িত্বে অবহেলা করলে সবার উপর বিপর্যয় নেমে আসবে। এটাই আল্লাহর নিয়ম। রাসূল (সা.) বলেন, যার হাতে আমার প্রাণ তার শপথ, 'তোমরা অবশ্যই সৎকাজের আদেশ দিবে ও অসৎ কাজে নিষেধ করবে। অন্যথায় আল্লাহ্ তাঁর পক্ষ থেকে তোমাদের উপর অবশ্যই আযাব নাযিল করবেন। এরপর তোমরা আল্লাহ্কে ডাকবে কিন্তু তোমাদের ডাকে সাড়া দেয়া হবে না। অসৎকাজে নিষেধ না করলে সামষ্টিক বিপর্যয় নেমে আসে। রাসূল (সা.) বলেছেন, 'আল্লাহ্র নির্ধারিত সীমারেখার (আদেশ -নিষেধের ক্ষেত্রে) শিথিলতা প্রদর্শনকারীর উদাহরণ হলো এমন একদল লোক যারা একটি নৌযানে আরোহন করা নিয়ে লটারী করলো। লটারীতে কারো অংশে পড়ল নৌযানের নীচের তলা আর কারো অংশে পড়ল উপরের তলা। নীচের তলায় লোকজন পানির জন্য উপরের লোকদের কাছে যাওয়া-আসার কারণে তারা তাদের সাথে দুর্ব্যবহার করলো। তাই নীচ তলার একজন একটি কুঠার নিয়ে নৌযানের তলদেশ ছিদ্র করতে শুরু করল। এতে উপরের লোকজন এসে তাকে বললো, কি হয়েছে? তুমি এরূপ করছ কেন? সে বলল, আমার সাথে তোমরা দুর্ব্যবহার করেছো অথচ পানি আমাদের একান্ত প্রয়োজন, তাই এরূপ করছি। এমতাবস্থায়, সবাই যদি তাকে বাধা দেয় তাহলে তারা ঐ লোকটাকে বাঁচাতে পারবে এবং নিজেরাও

বাঁচবে। আর যদি তাকে যা ইচ্ছা তাই করার জন্য ছেড়ে দেয় তাহলে তারা ঐ লোকটাকেও ধ্বংস করবে এবং নিজেদেরকেও ধ্বংস করবে-(সহীহ বুখারী)। সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ করার এ দায়িত্ব প্রত্যেক মুসলিম নর-নারীর। কথা, উপদেশ, লেখনিসহ আধুনিক সকল প্রচার মাধ্যম ও উপায় উপকরণ ব্যবহার করে এ দায়িত্ব পালন করা সকলের পবিত্র কর্তব্য।

৩:১১০। মুসলমানদের পাশাপাশি সকল মানুষের কল্যাণে কাজ করবে। রাসূল (সা.) বলেছেন, সমগ্র সৃষ্টি আল্লাহ্‌র পরিজন। সমগ্র সৃষ্টির মধ্যে সেই আল্লাহ্‌র সবচেয়ে প্রিয় যে আল্লাহ্‌র সৃষ্টির প্রতি সদয় আচরণ করে।

৩:১১২। অর্থাৎ ইহুদীরা আল্লাহ্‌র আয়াতসমূহকে অবিশ্বাস ও নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করার কারণে আল্লাহ্‌র পক্ষ থেকে শাস্তিস্বরূপ তারা পৃথিবীরবুকে যেখানে থাকুক লাঞ্ছিত হবে দু'টি অবস্থা ছাড়া (১) আল্লাহ্‌র পক্ষ থেকে রজ্জু তথা আল্লাহ্‌র নির্দেশিত পন্থায় মুসলমানদের সাথে চুক্তির মাধ্যমে নিরাপত্তা। (২) মানুষের পক্ষ থেকে চুক্তি বা অমুসলিমদের সাথে চুক্তি। অর্থাৎ তারা স্বাধীনভাবে নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে পারবে না; হয় মুসলমানদের নিরাপত্তার আশ্রয়ে অথবা অন্য কোন সম্প্রদায়ের আশ্রয়ে থাকতে হবে। সর্বযুগেই ইহুদীদের ক্ষেত্রে এটা সত্য হয়েছে। কখনো তারা মুসলমানদের সাথে চুক্তিবদ্ধ হয়ে টিকে ছিল। আবার পরবর্তীতে নাসারাদের আশ্রয়ে ইউরোপে বসবাস করেছে। বর্তমানে নাসারাদের সমর্থনে তারা টিকে আছে। তাদের সমর্থন উঠিয়ে নিলে তারা টিকে থাকতে পারবে না। এ দু'টি নিরাপত্তা ব্যবস্থার বাহিরে লাঞ্ছনা তাদের পিছু ছাড়বে না এবং দারিদ্রতাও তাদের পিছু ছাড়বে না, তাদের উপর রয়েছে আল্লাহ্‌ ক্রোধ।

৩:১১৩। এসব লোকদের বর্ণনা সূরা আলে-ইমরানের ১৯৯ নং আয়াতে দেয়া হয়েছে। সেখানে আল্লাহ্‌ বলেন, আহলে কিতাবের মধ্যে কিছু লোক আছে যারা আল্লাহ্‌কে বিশ্বাস করে, তোমাদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তার উপর (কুরআনে) বিশ্বাস করে এবং তাদের প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তাতে (ইন্‌জীলে) বিশ্বাস করে, আল্লাহ্‌কে ভয় করে, আল্লাহ্‌র আয়াতকে বিক্রি করে না, তাদের পুরস্কার তাদের প্রতিপালকের কাছে রয়েছে। অর্থাৎ আহলে-কিতাবের মধ্যে এমন কিছু লোকও আছে যারা বাহ্যত ইহুদী বা খৃষ্টান কিন্তু সংগোপনে আল্লাহ্‌ ও তাঁর রাসূল মুহাম্মদ (সা.) উপর ঈমান এনেছে, যতটা সম্ভব ইসলামের বিধান পালন করছে আর পরিস্থিতির কারণে যেটা তারা পালন করতে পারছে না সেটা ধর্তব্য হবে না। কেননা আল্লাহ্‌ বলেছেন, আল্লাহ্‌ কাউকে তার সাধ্যের বাইরে কোন দায়িত্ব চাপিয়ে দেন না। এ ধরনের লোকেরা ইসলামী দেশে হিজরত করতে পারে না, যেমন পারেননি আবিসিনিয়ার বাদশাহ্‌ নাজ্জাসী। রাসূল (সা.) তার মৃত্যুর পর তার গায়েবে জানাজা পড়েছিলেন। মূসা (আ.) এর যুগে ফেরাউন বংশের এমন এক ব্যক্তির কথা কুরআনে বর্ণনা করা হয়েছে যে তার ঈমান গোপন রেখেছিল-(সূরা: আল-মু'মিন আয়াত ২৮)।

৩:১২১। রাসূল (সা.) সমর সাজে ঘর থেকে বের হন। এটি উহুদ যুদ্ধের ঘটনা। কুরাইশ সৈন্যদের মোকাবেলা করার ব্যাপারে সাহাবীদের সাথে পরামর্শ শেষে রাসূল (সা.) গৃহে প্রবেশ করলেন এবং রণসজ্জায় সজ্জিত হয়ে বের হয়ে এলেন।

৩:১২২। উহুদ যুদ্ধের সময় যুদ্ধ শুরু হওয়ার পূর্বমুহূর্তে মুনাফিকদের সরদার আবদুল্লাহ্‌ ইবনে উবাই তার অনুগত তিনশত লোকসহ যুদ্ধের ময়দান ত্যাগ করে চলে গেলে আনসারদের দুই উপগোত্র বনু হারিছা ও বনু সালামার লোকজনদের মধ্যে ভীতির সঞ্চার হয়েছিল। উভয়েই মুনাফিক আবদুল্লাহ্‌ ইবনে উবাই-এর দেখাদেখি দুর্বলতা প্রদর্শন করেছিল। প্রকৃতপক্ষে নিজেদের মধ্যে দুর্বলতা ছিল না, বরং স্বদলের সংখ্যাল্পতা দেখেই তাঁরা এ ধারণার বশবর্তী হয়ে পড়েছিলেন, যেমনটি হয়েছিল তালুত বাহিনীর (সূরা বাকারা, নং ২, আয়াত ২৪৯)।

৩:১২৪। মু'মিনরা যখন দেখলেন, একদিকে শত্রুদের সংখ্যা তিন হাজার আর অন্যদিকে তাঁদের সংখ্যা মাত্র এক হাজার, আবার তা থেকেও তিনশজন চলে যাচ্ছে, তখন তাঁদের মনোবল ভেঙ্গে পড়ার উপক্রম হল। সে সময় রাসূল (সা.) তাঁদেরকে জানিয়ে দিলেন যে, আল্লাহ্‌ তায়ালা তিন হাজার ফেরেশতা পাঠিয়ে দিচ্ছেন, প্রয়োজন হলে পাঁচ হাজার পাঠাবেন। উল্লেখ্য, বদর যুদ্ধে শত্রু সংখ্যা ছিল এক হাজার, তাই আল্লাহ্‌ তায়ালা এক হাজার ফেরেশতা পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন (সূরা আনফাল, নং ৮, আয়াত ৯)।

৩:১২৬। সাধারণভাবে মানুষ যেভাবে হিসাব-নিকাশ করে থাকে যে, শত্রুপক্ষের সৈন্য সংখ্যা তিন হাজার, তাই ফেরেশতাও লাগবে তিন হাজার, সেভাবেই আল্লাহ্‌ তায়ালা জানিয়ে দিলেন ফেরেশতার সংখ্যাও হবে তিন হাজার যাতে মু'মিনদের হৃদয় প্রশান্ত হয়। সত্যিকার অর্থে একজন ফেরেশতাই তো যথেষ্ট, আর ফেরেশতা ছাড়াও অন্তরে ভীতি সঞ্চার করেও আল্লাহ্‌ তায়লা যুদ্ধের ফলাফল বদলে দিতে পারেন, ঝড়-তুফান দিয়েও শত্রুপক্ষের তাবু লন্ড-ভন্ড করে ছত্রভঙ্গ করে দিতে পারেন। সুতারাং যখন যেভাবে ইচ্ছা আল্লাহ্‌ তায়ালা সাহায্য করতে পারেন এবং সাহায্য কেবল আল্লাহ্‌র পক্ষ থেকেই আসে।

৩:১২৮। উহুদ যুদ্ধে রাসূল (সা.) আহত হয়ে রক্তাক্ত অবস্থায় বলেছিলেন, যে জাতি তাদের রাসূলকে রক্তাক্ত করে তারা সফল হবে কিভাবে? অর্থাৎ প্রকারন্তরে পুরো কওমের উপর অভিশাপ নেমে আসার কথা। তখন আল্লাহ্‌ তায়ালা রাসূল (সা.)-এর মনের অবস্থা শুধরিয়ে দিয়ে বলছেন যে, তিনি তাদের কারো কারো তওবা কবুল করবেন অথবা তাদেরকে শাস্তি দিবেন।

৩:১৩০। এটি সুদ সর্ম্পকে তৃতীয় পর্যায়ে অবতীর্ণ আয়াত। সুদ তৎকালীন সমাজের চিরাচরিত প্রথা হওয়ায় তা পর্যায়ক্রমে নিষিদ্ধ করা হয়। প্রথমে সূরা রুমের ৩৯ নং আয়াতে সুদের আদান-প্রদানকে নিরুৎসাহিত করা হয়। এটি হিজরতের ৫ বছর পূর্বে অবতীর্ণ হয়। দ্বিতীয় পর্যায়ে সুদ খাওয়াকে অন্যায় ও ইহুদীদের ঘৃণ্য প্রথা বলে উল্লেখ করা হয়। এটি হিজরতের পর মাদানী জীবনের প্রথম দিকে অবর্তীণ আয়াত। তৃতীয় পর্যায়ে অবতীর্ণ আলে-ইমরানের ১৩০ নং আয়াতে উচ্চ হারে সুদ খেতে নিষেধ করা হয়। এটি ৩য় হিজরী সনে উহুদ যুদ্ধের পর অবর্তীণ হয়। চতুর্থ পর্যায়ে সূরা বাকারার ২৭৫ নং আয়াতে সকল প্রকার সুদ হারাম (সম্পূর্ণ নিষিদ্ধ) ঘোষণা করা হয়। পঞ্চম পর্যায়ে অবতীর্ণ সূরা বাকারার ২৭৮-২৭৯ নং আয়াতটি নবম বা দশম হিজরী সনে বিদায় হজ্জের পূর্বে অবর্তীণ হয়। সেখানে সুদ পরিত্যাগ না করলে আল্লাহ ও রাসূলের পক্ষ থেকে যুদ্ধের ঘোষণা জানানো হয়। সুদ জুলুম ও শোষণের হাতিয়ার। এর অকল্যাণ ও ক্ষতি বহু মাত্রিক। তাই সুদকে নিষিদ্ধ করা হয়েছে।

৩:১৩৩। জান্নাতের প্রশস্ততার সর্বোচ্চ রূপ বুঝানোর জন্য বলা হয়েছে যে, তা আকাশসমূহ ও পৃথিবীর প্রশস্ততার মত। আরো দেখুন (সূরা হাদীদ, নং ৫৭, আয়াত ২১)।

৩:১৩৪। রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণ: করতে পারা বীরত্বের লক্ষণ। রাসূল (সা.) বলেছেন, প্রকৃত শক্তিধর সে নয় যে অন্যকে কুস্তিতে ধরাশায়ী করে বরং প্রকৃত শক্তিধর সে ব্যক্তি যে রাগের সময় নিজেকে নিয়ন্ত্রণ করতে পারে-(সহীহ বুখারী ও মুসলিম)।

৩:১৪০। সুদিন-দুর্দিন বা জয়-পরাজয়।

৩:১৪৪। উহুদ যুদ্ধে রাসূল (সা.)-এর শাহাদাতের গুজব ছড়িয়ে পড়ার পর অধিকাংশ সাহাবী সাহস হারিয়ে ফেলেন। এ অবস্থায় সাহাবায়ে কিরামের একটি বিরাট দল ভীত-সন্ত্রস্ত হয়ে রণাঙ্গন ত্যাগ করতে লাগলেন। অথচ ধর্ম, ইবাদত ও জিহাদ আল্লাহ্ তায়ালার নিমিত্ত-যিনি চিরঞ্জীব ও সদা প্রতিষ্ঠিত। রাসূল (সা.)-এর শাহাদাত বরণের সংবাদ সত্য হলেও তাতে অসাধারণত্ব কি? তাঁর মৃত্যু তো একদিন হবেই। এতে মনোবল হারিয়ে ফেলা এবং দ্বীনের কাজ ত্যাগ করা সাহাবায়ে কিরামের পক্ষে যে শোভা পায়না তা এ আয়াতে স্মরণ করিয়ে দেয়া হচ্ছে।

৩:১৫২। উহুদের যুদ্ধে প্রথম পর্যায়ে মুসলিমগণ জয়যুক্ত হয়েছিলেন এবং কুরাইশ বাহিনী পরাজিত হয়ে পলায়ন করছিল, পাহাড়ের ঘাঁটিতে মোতায়েনকৃত মুসলিম সৈনিক দলের এক অংশ তখন মহানবী (সা.)-এর নির্দেশ অমান্য করে অন্যদের সংগে এসে মিলিত হয়েছিলেন। তাঁদের ধারণা ছিল জয়লাভের পর সেখানে অবস্থান নিরর্থক। কুরাইশ বাহিনীর একদল সুযোগ দেখে পেছন থেকে ঘুরে এসে অপ্রস্তুত মুসলিম সৈনিকদের উপর হামলা করলে তাঁরা বিপর্যয়ের সম্মুখীন হন। ঘটনাটি উল্লেখ করে ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়েছে।

৩:১৫৫। এখনে দু'টি দল হচ্ছে উহুদ যুদ্ধে মু'মিনদের একটি দল এবং কাফের কুরাইশদের একটি দল। মু'মিনদের তীরন্দাজ দল যুদ্ধে নিজেদের জয় হয়েছে ভেবে গনিমতের জন্য অগ্রসর হলে সে সুযোগে খালিদ বিন ওয়ালিদের নেতৃত্বে কুরাইশ বাহিনী পুনরায় মুসলিম বাহিনীকে আক্রমণ করে বসলে মুসলিম বাহিনী ছত্রভঙ্গ হয়ে যায়, দিক বিদিক লক্ষ্য না করে উর্ধ্বশ্বাসে উহুদ পাহাড়ের উপরের দিকে পালাতে থাকে। রাসূল (সা.) তাঁদেরকে বার বার আহ্বান করতে থাকেন, কিন্তু তাঁরা সেদিকে কর্ণপাত না করেই যুদ্ধ ক্ষেত্রে পৃষ্ঠপ্রদর্শন করলেন। শয়তান তাঁদেরকে এ সুযোগে বিচ্যুত করতে চাইল অর্থাৎ তারা যেন রাসূলের আনুগত্য আর না করে। কিন্তু তাঁরা যেহেতু মু'মিন ছিলেন, কেবল যুদ্ধের আকস্মিক ভয়াবহ পরিস্থিতির কারণেই রাসূলের আহ্বানে সাড়া দেননি তাই তাঁদেরকে মার্জনা করে দিলেন। ভবিষ্যতে যেন রাসূলের আহ্বানে সাড়া দেয়ার ব্যাপারে ভুল না হয় তা স্মরণ করিয়ে দেয়াই আয়াতের উদ্দেশ্য, কারণ এতে শয়তান সুযোগ পেয়ে যায়।

৩:১৫৯। যে সব ব্যাপারে আল্লাহ্র স্পষ্ট নির্দেশ নেই শুধুমাত্র সেসব বিষয়ে বিচক্ষণ ব্যক্তিদের পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ আয়াত থেকে জনমত যাচাই ও সহকর্মীদের সাথে পরামর্শ করার গুরুত্ব বুঝা যায়।

৩:১৬১। বদরের গনীমতের (যুদ্ধলব্ধ) সম্পদের মধ্য হতে একটি চাদর পাওয়া যাচ্ছিল না, তখন এক ব্যক্তি বলেছিল, হয়তো নবী (সা.) তা নিয়েছেন। এ প্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়-(আবু দাউদ)।

৩:১৬৫। **দ্বিগুণ বিপদ:** বদরের যুদ্ধে ৭০ জন কাফির নিহত ও ৭০ জন বন্দি হয়েছিল। পক্ষান্তরে উহুদ যুদ্ধে ৭০ জন মুসলিম শহীদ হয়েছিলেন। **দ্বিগুণ বিপদ** দ্বারা সেদিকে ইংগিত করা হয়েছে।

৩:১৬৭। উহুদ যুদ্ধে কুরাইশদের মোকাবেলার উদ্দেশ্যে রাসূল (সা.) এক হাজার জন মুজাহিদের এক বাহিনী নিয়ে বের হয়ে পড়েন। যখন তিনি উহুদ ও মদীনার মধ্যবর্তী স্থানে উপনীত হন তখন সেখান থেকে অবস্থা বেগতিক দেখে মুনাফিক সর্দার আবদুল্লাহ্ ইবনে উবাই তার তিনশজন অনুচর নিয়ে ফিরে আসে। মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই এই অযুহাত দেখাল যে, রাসূল (সা.) তার কথা না শুনে অন্যান্যদের কথায় মদীনার বাহিয়ে গিয়ে যুদ্ধ করতে যাচ্ছেন। মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই মজলিসে শুরা-তে মদীনার অভ্যন্তরে থেকেই শত্রু বাহিনীকে মোকাবেলার পরামর্শ দিয়েছিল। উবাই বলল, হে লোক সকল আমি বুঝাতে পারছি না যে, আমরা কিসের জন্য এতগুলো লোক এখানে জীবন দিব। যুদ্ধ ক্ষেত্রে অন্যান্যদেরকে রেখে চলে না যাওয়ার জন্য যখন তাকে অনুরোধ করা হল তখন সে বলল, আমার নিশ্চিত বিশ্বাস - আজ যুদ্ধ হবে না, তাই আমরা চলে যাচ্ছি। আজ যুদ্ধ হওয়ার আশঙ্কা থাকলে অবশ্যই তোমাদের সাথে রয়ে যেতাম। এ ঘটনাকে কেন্দ্র করেই এ আয়াতটি অবতীর্ণ হয়।

৩:১৭২। উহুদ যুদ্ধে মুসলিম বাহিনী ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। যুদ্ধে এই আংশিক বিজয়ে সন্তুষ্ট হয়ে আবু সুফিয়ান ঘোষনা দিয়েছিল, 'আগামী বছর বদরে আমাদের ও তোমাদের মধ্যে আবার মোকাবেলা হবে'। রাসূল (সা.) তার এই ঘোষণা গুরুত্বের সাথে গ্রহণ করেছিলেন। পরবর্তী বছর ঘনিয়ে আসলে তা বাস্তবায়নের জন্য রাসূল (সা.) এ যুদ্ধ অভিযানের প্রস্তুতি গ্রহণ করেন। যদিও ঠিক আগের বছর উহুদ যুদ্ধে রাসূল (সা.)-এর চাচা হামযা (রা.) -সহ মোট ৭০জন নিহত হয়েছিলেন এবং স্বয়ং রাসূল (সা.)-সহ আহত হয়েছিলেন অনেকে - সেই ক্ষত এখনো শুকায়নি, এতদসত্তেও সাহাবীরা এ বছর যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে যান। বরং আবু সুফিয়ানই সাহস ধরে রাখতে পারল না। কারণ বছরটি ছিল দুর্ভিক্ষের এবং পরপর দু'টি যুদ্ধের ফলে কুরাইশরা দুর্বল হয়ে পড়েছিল। তাই আবু সুফিয়ান ইজ্জত বাচানোর জন্য একটি কৌশল অবলম্বন করল। মুসলমানদের মধ্যে কুরাইশদের যুদ্ধ প্রস্তুতি ও বিরত্বের কথা প্রচার করার জন্য গোপনে এক ব্যক্তিকে মদীনায় পাঠিয়ে দিল এই আশায় যে, উহুদ যুদ্ধে ক্ষয়-ক্ষতির কথা মনে করে মুসলিমরা পুনরায় সাহস করে যুদ্ধের জন্য এগিয়ে আসবে না এবং এতে করে যুদ্ধ না করেই আরব জাতির কাছে তার মুখ রক্ষা হয়ে যাবে। আবু সুফিয়ান মনে মনে স্থির করল যে, গোত্রের মান-সম্মান রক্ষা করতে হলে লোক দেখানোর জন্য অভিযানে বের হওয়া দরকার, কিন্তু রনাঙ্গনে পৌছবে না। পরে যদি অবগত হওয়া যায় যে, মুসলিম বাহিনী অভিযানে বের হয়নি, তাহলে মক্কা পৌছে কুরাইশদেরকে বিজয় বাণী শোনাবে। আর যদি মুসলিম বাহিনী রনাঙ্গনে আসে তাহলে দুর্ভিক্ষের বাহনা দিয়ে মক্কা ফিরে যাবে। মুনাফিকরা কুরাইশদের যুদ্ধ প্রস্তুতির কথা প্রচার করতে লাগল এই আশায় যে, মুসলিমরা এবার যুদ্ধ অভিযানে বের হতে চাইবে না। কিন্তু উল্টো মু'মিনরা নিজেদেরকে ঈমানে বৃদ্ধি করল। রাসূল (সা.) ১৫০০ জনের এক বাহিনী নিয়ে বদরে উপস্থিত হলেন। রাসূল (সা.) বদরে পৌছে দেখলেন সেখানে মেলা বসেছে। যুদ্ধের কোন নাম নিশানাও নেই। রাসূল (সা.) আবু সুফিয়ানের জন্য আট দিন অপেক্ষা করে মেলা শেষে মদীনায় ফিরে যান। এ সময়ের মধ্যে রাসূল (সা.)-এর সাহাবীরা একটি ব্যবসায়ী কাফেলার সাথে কাজ কারবার করে প্রচুর অর্থ লাভ করেন আর ১৭৩ নং আয়াতে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে। এ প্রসঙ্গে আরো বলা হচ্ছে এটি কেবল শয়তান, যে তার বন্ধুদের ভয় দেখায় (আয়াত নং ১৭৫), কোন ক্ষতি তাদেরকে স্পর্শ করেনি (আয়াত নং ১৭৪)। দেখুন ঈমাম রাযী, তাফসীরে কবীর।

৩:১৮০। **কৃপণতা অন্তরের কঠিন ব্যাধি:** রাসূল (সা.) বলেন, 'কৃপণতা ও মন্দ স্বভাব মু'মিন ব্যক্তির মধ্যে একত্রিত হতে পারে না। আল্লাহ্র খাঁটি বান্দা হতে হলে অপব্যয় ও অপচয় পরিহার করে মধ্যম পন্থা অবলম্বন করা আবশ্যক'। রাসূল (সা.) আরো বলেন, 'কৃপণ ব্যক্তি আল্লাহ্ থেকে দূরে, জান্নাত থেকে দূরে এবং মানুষ থেকে দূরে অবস্থান করে। কিন্তু সে জাহান্নামের নিকটবর্তী হয়'। রাসূল (সা.) বলেন, ' ব্যয় করার ক্ষেত্রে মধ্যমপন্থা অবলম্বন করা ব্যক্তির বুদ্ধিমত্তার পরিচায়ক।' দেখুন: সূরা ফুরকান ৬ষষ্ঠ রুকু

৩:১৮০। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, "যাকে আল্লাহ্ সম্পদ দিয়েছেন কিন্তু সে তার সম্পদের যাকাত প্রদান করে না কিয়ামতের দিন তার সম্পদকে একটি বিষধর সাপে পরিণত করা হবে। অতিরিক্ত বিষাক্ত হওয়ার কারণে সে সাপের মাথায় ভয়ংকর দু'টি চিহ্ন থাকবে। এরপর এ সাপটিকে তার গলায় বেড়ি হিসেবে পরিয়ে দেয়া হবে। সাপটি তার দুই গালে ছোবল মারতে থাকবে আর বলতে থাকবে, আমি তোমার সম্পদ আমি তোমার পুঞ্জিভূত ধন। অতঃপর রাসূল এ আয়াতটি তিলাওয়াত করেন-(সহীহ বুখারী)।

৩:১৮১। 'কে আল্লাহ্‌কে উত্তম ঋণ দিবে?' এ আয়াত অবতীর্ণ হওয়ার পর ইহুদীরা ঠাট্টা করে বলেছিল 'তোমাদের আল্লাহ্‌ অভাবগ্রস্ত, তাইতো তিনি ঋণ চান', এর জবাবে আয়াতটি অবতীর্ণ হয়।

৩:১৮৩। প্রাচীন কালে কোন কোন নবী এ ধরণের মু'জিযা দেখিয়েছিলেন বলে বাইবেলে উল্লেখ আছে। আদম (আ.)-এর পুত্র হাবীলের কুরবানী কবুল হওয়া সম্পর্কেও এরূপ বর্ণনা পাওয়া যায়।

৩:১৮৪। তারা রাসূল (স.)-কে ব্যক্তিগতভাবে মিথ্যাবাদী বলেনি। বরং তারা সবাই তাঁকে বিশ্বস্ত ও সত্যবাদী বলে জানত। তাঁকে মিথ্যাবাদী বলার অর্থ ছিল আল্লাহ্‌র আয়াতসমূহকে অস্বীকার করা। (দেখুন সূরা-৬: আয়াত-৩৩)।

৩:১৮৫। মৃত্যুর জন্য সদা প্রস্তুতি থাকা উচিত। মৃত্যু যে কোন সময় জীবনের আলো নিভিয়ে দিতে পারে। ইবনে উমর (রা.) বলেন, রাসূল (সা.) আমার কাঁধে হাত রাখলেন এবং আমাকে বললেন, তুমি দুনিয়ার বুকে এমনভাবে চলো যেন তুমি কোন আগন্তুক অথবা একজন পথিক মাত্র। ইবনে উমর (রা.) বলতেন, যখন তুমি সন্ধ্যায় উপনীত হবে তখন প্রত্যুষের অপেক্ষা করবে না, আর যখন প্রত্যুষে উপনীত হবে তখন সন্ধ্যার অপেক্ষা করবে না; আর অসুস্থতা আসার পূর্বে সুস্থতাকে গনীমত হিসেবে গ্রহণ কর, আর জীবিত অবস্থাকে গুরুত্ব দাও মৃত্যু আসার পূর্বে-(সহীহ বুখারী, কিতাবুর রিকাক)।

৩:১৮৮। 'যারা (নিজেরা) যা করেছে তাতে উৎফুল্ল হয়' অর্থাৎ সামান্য মূল্য গ্রহণ করার মাধ্যমে উৎফুল্ল হয়, অথচ তাদের কাছ থেকে অঙ্গীকার নেয়া হয়েছিল যে, তারা তাদের কিতাবকে মানুষের নিকট স্পষ্টভাবে বর্ণনা করবে এবং তা গোপন করবে না (আয়াত ১১৭)। কিন্তু তারা এর উল্টো কাজ করে দ্বীনের ধারক বাহক হিসেবে প্রশংসা পেতে আগ্রহী। তারা কখনো শাস্তি থেকে পার পেয়ে যাবে না। এখানে প্রসঙ্গটি ইহুদীদের ব্যাপারে হলেও এর শিক্ষা সকলের জন্য প্রযোজ্য। যারা পার্থিব স্বার্থ হাসিলের জন্য কুরআনের শিক্ষাকে গোপন করে, অথচ সমাজে সমাদ্রিত হতে পছন্দ করে তারা সবাই এই ইহুদী পণ্ডিতদের মত এবং তাদের পরিণতিও তাই।

৩:১৯৯। নাজ্জাসী এবং তার মত যারা মুহাম্মদ (সা.) এর উপর ঈমান এনেছিল কিন্তু বৈরী পরিস্থিতির কারণে তাদের পক্ষে ইসলামের দেশে হিজরত করা সম্ভব হয়নি ও ইসলামের উপর আমল করা সম্ভব হয়নি তাদের প্রসঙ্গে এ আয়াত অবতীর্ণ হয়। আবিসিনিয়ার (বর্তমান ইথিওপিয়ার) তৎকালীন খৃষ্টান বাদশাহ্‌ নাজ্জাসীর মৃত্যুর খবর রাসূল (সা.) এর কাছে পৌঁছানোর পর তিনি সাহাবাদের বলেছিলেন, তোমরা বের হয়ে এসো এবং তোমাদের দেশের বাইরে অন্য দেশে তোমাদের একজন ভাই মৃত্যুবরণ করেছেন, তার জানাযায় শরীক হও এবং তার জন্য ক্ষমা প্রার্থনা কর। তখন রাসূল (সা.) জান্নাতুল বাকীতে চলে গেলেন এবং সাহাবীদের নিয়ে তার গায়েবানা জানাযার নামায পড়লেন। এতে মুনাফিকরা বলাবলি করতে লাগলো, মুহাম্মদ একজন খৃষ্টান রাজার জানাযা পড়ছে যাকে সে কখনো দেখেনি এবং সে তার উপর ঈমানও আনেনি। এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়।

৪:৩। ذٰلِكَ أَدْنَىٰ أَلَّا تَعُولُوا আয়াতের এ অংশ থেকে বুঝা যায় নারীদের প্রতি সুবিচার প্রতিষ্ঠাই এ আয়াতের মূল বক্তব্য। অর্থাৎ কারো অভিভাবকত্বে থাকা এতিম নারীর সম্পদ অন্যায়ভাবে ভোগ করার আশঙ্কা থাকলে তা হবে এতিম নারীর প্রতি অবিচার। এ অবিচার থেকে বাঁচার জন্য উক্ত ইয়াতীম নারীকে বিবাহ করা থেকে বিরত থাকতে হবে। তার যদি বিয়ে করার খুবই প্রয়োজন হয় তবে সে প্রয়োজনে অন্য নারীদের মধ্য থেকে দুই, তিন এমনকি চারজনকে বিয়ে করতে পারবে যদি তাদের প্রতি ইনসাফ করতে পারে। ইনসাফ করাটাই মূল কথা। আর একাধিক বিয়ে করলে যদি ইনসাফ করতে পারবে না বলে মনে হয় তবে একজনকে বিয়ে করতে হবে। অর্থাৎ অভিভাবকত্বে থাকা এতিম নারীকে বিয়ে করা সাধারণভাবে বৈধ হওয়া সত্ত্বেও যদি তার প্রতি সুবিচার করতে ব্যর্থ হওয়ার আশঙ্কা থাকে তবে বৈধ বিষয়টি অবৈধ হয়ে যাবে। আবার ইয়াতিম নারীকে অবিচার থেকে রক্ষা করার জন্য প্রয়োজনে এতীম নয় এমন দুই,তিন, চারজনকে বিয়ে করা যাবে। কিন্তু এক্ষেত্রে অবিচার করা যাবে না। চারজনকে বিয়ে করে সবার প্রতি সুবিচার করতে না পারলে একটি বিয়ে করতে হবে অথবা নারীর প্রতি সুবিচার প্রতিষ্ঠা করতে হবে। বিবাহিত স্ত্রীর প্রতি সুবিচার প্রতিষ্ঠা এ আয়াতের মূল বক্তব্য। বিয়ের ক্ষেত্রে যেখানে সুবিচার লঙ্ঘিত হবে সেটাই পরিহার করতে হবে।

৪:৩। **এখানে দুই দুই বলতে দুইজন, তিন তিন বলতে তিনজন ও চার চার বলতে চারজনই বুঝায় যার নমুনা সূরা-৩৪: আয়াত-৪৬-এ রয়েছে।** সেখানে উল্লেখ করা আছে 'এক এক জন করে দাড়াও' যার অর্থ একজনই হয়, দুইজন নয়। এ আয়াতে চার চার করে বলার মাধ্যমে একসঙ্গে সর্বোচ্চ কতজনকে বিবাহ বন্ধনে রাখা যাবে তা বুঝানো হয়েছে। যেমন যদি বলা হয় 'চার চারজন করে ঘরে প্রবেশ করুন', তখন অর্থ হবে একসঙ্গে চারজনের বেশি প্রবেশ করা যাবে না। অর্থাৎ একাধিক বিয়ের প্রয়োজন দেখা দিলে একসঙ্গে দুইজনকে বিবাহ বন্ধনে রাখা যাবে। তাতে যদি না হয় তাহলে একসঙ্গে তিনজনকে, অতঃপর এতেও যদি না হয় তাহলে সর্বোচ্চ চারজনকে একসঙ্গে বিবাহ বন্ধনে রাখা যাবে। কোন অবস্থাতেই একসঙ্গে চারজনের বেশি স্ত্রীকে বিবাহ বন্ধনে রাখা যাবে না। উল্লেখ্য, দৈহিক ও আর্থিক সামর্থ্য থাকা এবং একাধিক স্ত্রীর মধ্যে ইনসাফ করতে সক্ষম হওয়া ইত্যাদি শর্ত সাপেক্ষে কেবল একাধিক বিবাহ করা বৈধ রাখা হয়েছে।

৪:৩। মহিলাদের ক্ষেত্রে সৃষ্টিগতভাবেই চাহিদার দিক থেকে চাহিদা উদ্রেককারী হরমন (Testosteron) এর পরিমাণ কম এবং মহিলাদের ক্ষেত্রে তা কেবল Supra renal gland থেকেই নিসৃত হয়। পক্ষান্তরে পুরুষের ক্ষেত্রে তা Supra renal gland এবং এর পাশাপাশি Testis থেকেও বহুগুণে নিসৃত হয়। সুতরাং নারী ও পুরুষের প্রকৃতিগত (Natural) চাহিদার সাথে সামঞ্জস্য রেখেই আল্লাহ্‌ তায়ালা বিবাহের বিধান দিয়েছেন। আর এছাড়াও উত্তরাধিকারের ক্ষেত্রে পরিচয় নির্ধারণের জন্য (পিতাকে) একজন নারীর একসঙ্গে বহু বিবাহের ফলে জটিলতা ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়। তাই বিবাহের বিধানের ক্ষেত্রে সেদিকে লক্ষ্য রাখা হয়েছে।

৪:৪। স্ত্রীকে মোহরানা প্রদান করা স্বামীর উপর ফরয। এটি স্বামীর উপর স্ত্রীর হক। মোহরানা শুধু ধার্য করলে হবে না তা অবশ্যই প্রদান করতে হবে। উল্লেখ্য, স্বামীকে যৌতুক দেয়া আল্লাহ্‌ প্রদত্ত মোহরানার বিধানের পরিপন্থী একটি কুপ্রথা। ইসলামের দৃষ্টিতে এটি একটি জঘন্য অপরাধ।

৪:৭। এ আয়াত অবর্তীণ হওয়ার পূর্বে উত্তরাধিকার হিসেবে মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পদে নারীর কোন অধিকার ছিল না।

৪:৮। উত্তরাধিকারী হিসেবে সম্পদের অংশ পায় না এমন আত্মীয়।

৪:১৮। **মৃত্যুর পূর্ব মুহূর্তে তওবা কবুল হয় না:** ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত। নবী (সা.) বলেছেন, মৃত্যুর পূর্ব মুহূর্তের গড়গড় শব্দের পূর্ব পর্যন্ত আল্লাহ্‌ বান্দার তওবা কবুল করেন (সুনান তিরমিযী)। তাই মৃত্যুর মুখোমুখী দাঁড়িয়ে তওবা করলে সে তওবা আল্লাহ্‌র কাছে কবুল হয় না। যেমন ফিরআউন মৃত্যুর সময় ঈমানের ঘোষণা দিয়েছিল কিন্তু আল্লাহ্‌ তা গ্রহণ করেননি।

৪:১৯। মৃত ব্যক্তির সম্পত্তিতে যেমন উত্তরাধিকারীদের অংশ থাকে ঠিক তেমনিভাবে মৃত ব্যক্তির স্ত্রীদেরকেও মৃত ব্যক্তির আত্মীয়-স্বজনরা উত্তরাধিকারী সম্পদ হিসেবে বিবেচনা করত এবং সেই বিধবা নারীদের ক্ষেত্রে তাদের ইচ্ছার প্রতিফলন ঘটাত। নারীদের ইচ্ছার বাহিরে তাদেরকে নিজেরা বিয়ে করত, না হয় অন্য কারো সাথে বিয়ে দিত, অথবা বিয়ে ব্যতিরিকেই ঝুলিয়ে রাখত। আল্লাহ্‌পাক নারীদেরকে অন্যান্য সম্পদের মত মনে করে তাদের উত্তরাধিকার অর্থাৎ মালিক হওয়াটাকে নিষেধ করছেন।

৪:২০। কোন ক্রমেই বিবাহ টিকিয়ে রাখা সম্ভব না হলে বিবাহ বিচ্ছেদের সিদ্ধান্ত নেয়া যেতে পারে। এক্ষেত্রে স্ত্রীকে ইতঃপূর্বে প্রদত্ত মোহরানা ও অন্যান্য সম্পদ ফেরত নিতে বিবাহ বিচ্ছেদকারী স্বামীকে নিষেধ করা হয়েছে।

৪:২০। মোহরানা ও উপহারের কিয়দাংশ তখনই নেয়া যাবে যখন স্ত্রী কোন অশ্লীলতায় লিপ্ত হয়। সুতরাং অশ্লীলতায় লিপ্ত হওয়া ব্যতিরিকে কিয়দাংশ নেয়াটা অপবাদেরই নামান্তর এবং তা নেয়াটা পাপ।

৪:২৩। পিতার ঔরসজাত ও মাতার গর্ভজাত এবং দুধপানের সূত্রে বোন।

৪:২৪। অর্থাৎ যুদ্ধবন্দী আইনে যারা দাসী হিসেবে গণ্য হবে তাদেরকে বিয়ে করা মুসলমানদের জন্য বৈধ হবে যদিও তারা তখন স্বধর্মীয় পুরুষদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ থাকে।

৪:২৪। মোহরানা স্বামীর পক্ষ থেকে স্ত্রীর প্রতি করুণা নয় বরং স্ত্রীর অধিকার তা বুঝাতে প্রাপ্য শব্দটি ব্যবহৃত হয়েছে। এই অধিকার লাভের কারণ হচ্ছে স্বামীর একটি মৌলিক চাহিদা (উপভোগ) সে পূরণ করেছে। অর্থাৎ দাম্পত্য জীবনে সম্প্রীতির পাশাপাশি অধিকার ও কর্তব্যের বিষটি বুঝাতে মোহরানাকে স্ত্রীর পাওনা হিসেবে উল্লেখ করা হয়েছে।

৪:২৪। فَلَاجُنَاحَ عَلَيْكُمْ فِيمَا অর্থাৎ তোমরা স্ত্রীকে বাধ্যতামূলক মোহরানা দেয়ার পর যদি আরো বেশী কিছু দিতে চাও কিংবা স্ত্রী বাধ্যতামূলক পরিমাণ পাওয়ার পর সেচ্ছায় তা থেকে কিছু কম নিতে চায় এবং এটি যদি উভয়ই সেচ্ছায় খুশিমনে করে, তবে তা দেয়া বা নেয়াতে কোন অপরাধ হবে না।

৪:২৫। খারিজি সম্প্রদায় ও ঈমাম আবু জাহ্‌রাসহ সমসাময়িক কতক মুফাস্‌সির সূরা আন-নূর, নং ২৪, আয়াত ২-এর ভিত্তিতে মনে করেন, স্বাধীন বিবাহিত ও অবিবাহিত নারী-পুরুষ সবারই শাস্তি একশত বেত্রাঘাত। তাদের মতে এখানে অর্ধেক শাস্তির অর্থ পঞ্চাশ বেত্রাঘাত। উল্লেখ্য সূরা আন-নূর, নং ২৪, আয়াত ২-এর ভিত্তিতে পরাধীন দাসেরও শাস্তি পঞ্চাশ বেত্রাঘাত এবং পরাধীন দাস-দাসী অবিবাহিত হলেও তাদের শাস্তি পঞ্চাশ বেত্রাঘাত।

৪:২৬। আল্লাহ্‌ তায়ালা ২৫নং আয়াতে মু'মিন দাসীদের পরিচয় তুলে ধরেছেন যে, তারা সচ্চরিত্রা, ব্যভিচারিনী নয় এবং উপপতি গ্রহণকারিনীও নয়। যারা কামনার অনুসরণ করে তারা দাসীদেরকে বিয়ে না করে কেবল ব্যভিচারিনী এবং উপপত্নী হিসেবে গ্রহণ করে, অথচ দাসী বিয়ে করার বিধান পূর্ববর্তী শরিয়তেও ছিল। সুতরাং কামনার অনুসারীদেরকে অনুসরণ করে তোমরা তা আর করো না, আল্লাহ্‌ তোমাদের তওবা কবুল করবেন। যারা কামনার অনুসরণ করে তারা চায় তোমরা তাই কর (আয়াত নং ২৭)। স্বাধীন নারী বিয়ে করার সামর্থ্য না থাকলে ব্যভিচার হতে নিজেকে রক্ষা করার জন্য মু'মিন দাসীদেরকেই বিয়ে কর (আয়াত নং ২৫)। আর এই মু'মিন দাসীদেরকে বিয়ে করার অনুমতি দানের মাধ্যমে আল্লাহ্‌ তায়ালা তোমাদের জন্য বিয়ের বিধান হালকা করেছেন (আয়াত নং ২৮)।

৪:৩২। تَمَنَّوْا অর্থাৎ উত্তরাধিকারদের মধ্যে মৃত ব্যক্তির সম্পত্তি বন্টনের ক্ষেত্রে আল্লাহ্‌ তোমাদের কাউকে কারও উপর প্রাধান্য দিয়েছেন। কারো অংশ কম, কারো অংশ বেশী দেয়া হয়েছে। এই বেশীটা আল্লাহ্‌ই দিয়েছেন। যাকে যা দিয়েছেন তা নিয়ে সন্তুষ্ট থাক। আরেকজনকে যা দেয়া হয়েছে তা যদি তোমাদের কারো অংশের চেয়ে বেশী হয় সেক্ষেত্রে তোমরা সেটা পাওয়ার আকাঙ্ক্ষা করো না। তবে মিরাস ছাড়াও আল্লাহ্‌র কাছে অগণিত সম্পদ রয়েছে। তোমরা আল্লাহ্‌র কাছে প্রার্থনা কর, আল্লাহ্‌ চাইলে তোমাদেরকে দিতে পারেন।

৪:৩৩। অধিকাংশ মুফাস্‌সিরের মতে 'যাদের সাথে তোমাদের অঙ্গীকার দৃঢ় হয়েছে' বলতে মৈত্রী সম্পর্কে আবদ্ধ ব্যক্তিদেরকে বুঝানো হয়েছে। জাহেলি যুগে এক ব্যক্তি কোন ব্যক্তির সাথে এভাবে চুক্তিবদ্ধ হত যে, 'আমার রক্ত তোমার রক্ত, এবং আমার ধ্বংস তোমর ধ্বংস, তুমি আমার উত্তরাধিকারী হবে এবং আমি তোমর উত্তরাধিকারী হব'। পরবর্তীতে এধরনের চুক্তিকে শরীয়ত সমর্থন করেছে এবং এধরনের মৈত্রী বন্ধনে আবদ্ধ ব্যক্তির জন্য মিরাসে এক ষষ্ঠমাংশ নির্ধারন করেছে, যা কেবল ওসিয়তের অংশ থেকে প্রদেয়।

৪:৩৪। হযরত আব্দুল্লাহ্‌ ইবনে উমর (রা.) হতে বর্ণিত, তিনি রাসূল (সা.) কে বলতে শুনেছেন, রাসূল্লাহ্‌ (সা.) বলেছেন, 'তোমাদের প্রত্যেকেই (দায়িত্বশীল) তত্ত্বাবধায়ক, আর সে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।' ঈমানদার (শাসক) একজন দায়িত্বশীল, সে তার প্রজা সাধারণ সম্পর্কে (প্রজা সাধারণের সাথে সম্পর্কিত হক সম্পর্কে) জিজ্ঞাসিত হবে। পুরুষ তার পরিবারের দায়িত্বশীল। তাকে তার পরিবারের (প্রতি) দায়িত্ব কর্তব্য সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। মহিলা তার স্বামীর ঘরের দায়িত্বশীল, তাকে তার দায়িত্ব কর্তব্য সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। চাকর তার মনিবের সম্পদের একজন দায়িত্বশীল, তাকে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। বর্ণনাকারী সাহাবী হযরত ইবনে উমর (রা.) বলেন- এই সমস্ত বিষয়াদি আমি রাসূল (সা.) এর নিকট হতে শুনেছি। আর আমার ধারণা হয় যে রাসূল (সা.) এটাও বলেছিলেন, 'যে ব্যক্তি তার পিতার সম্পদের একজন দায়িত্বশীল তাকেও তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। আর তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল, তোমাদেরকে তোমাদের দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। (সহীহ বুখারী, কিতাবুল ইসতিকরাদ ও আদাইদ দুয়ূন)। দায়িত্বশীল তাকেই বলে যে অন্যকে শাসন শোষণ বা নিয়ন্ত্রন করার কথা চিন্তা করার পরিবর্তে অন্যের অধিকার প্রদানে নিজের দায়িত্ব কতখানি পালন করতে পারল এটা নিয়ে বেশী চিন্তিত থাকে। অতএব স্বামী-স্ত্রীর মধ্যে কর্তৃত্বের নয় বরং দায়িত্ব পালনের প্রতিযোগীতা হবে, এটা ইসলামের পরিবার ব্যবস্থার দর্শন।

৪:৩৪। 'অনুগতা' অর্থাৎ স্বামী স্ত্রীর শরীয়ত বিরুদ্ধ যেসব চাল-চলনকে নিষেধ করবে তা স্ত্রী মানবে। 'অদৃশ্যের হেফাজতকারিনী' অর্থাৎ স্ত্রী স্বামীর অনুপস্থিতিতে যেকোন ধরনের অশ্লীলতা থেকে দূরে থাকবে। আল্লাহ্‌ই তাদেরকে হেফাজত করে এ সামাজিক মর্যাদায় এনেছেন ফলে আজ তারা সংরক্ষিত মহিলা। তাই তারা নিজেদেরকে অশ্লীলতা থেকে সেরকমই হেফাজত করবে যেভাবে আল্লাহ্‌পাক হেফাজত করে তাদেরকে এ অবস্থায় নিয়ে এসেছেন। এটিই সৎকর্মশীল স্ত্রীদের চরিত্র। অপরপক্ষে স্বামী যদি স্ত্রীর চাল-চলন দেখে আশঙ্কা করে যে, এ অবস্থায় ছেড়ে দিলে অবাধ্য স্ত্রী অশ্লীলতার চরম পর্যায়ে পৌছে যেতে পারে সে ক্ষেত্রে স্ত্রীকে শাসন করতে হবে এবং সংশোধনের পর্যায়ক্রমটা কি তা এ আয়াতে স্পষ্টভাবে বর্ণিত।

৪:৩৪। মৃদু ও সহনীয় মাত্রায়। রাসূল (সা.) কখনো তার কোন স্ত্রীকে প্রহার করেননি। তিনি জীবনে কোনদিন কোন নারী, খাদেম এমনকি কোন প্রাণীকেও প্রহার করেননি। রাসূলের সাহাবীগণও স্ত্রীদের প্রহার বা নির্যাতন করেননি। সাহাবীগণ বলতেন, "একমাত্র ভদ্রলোকই নারীকে সম্মান করতে পারে আর কেবল অভদ্র লোক তাকে অপমান করতে পারে।" রাসূল (সা.) এর অধীনস্থ একজন কৃতদাসী রাগান্বিত হওয়ার মত কাজ করায় তিনি তাকে বলেছিলেন, 'আল্লাহ্‌র কসম, কিয়ামতের দিন শোধ নেয়ার যদি ভয় না থাকত তাহলে আমি অবশ্যই এই মিসওয়াক দিয়ে তোমাকে পেটাতাম।" কোন মানুষকে অন্যায়ভাবে প্রহার ও জুলুম করার কারণে বহু নেক আমল থাকা সত্ত্বেও অনেকে জাহান্নামে যাবে।

৪:৩৫। সমঝোতার আন্তরিক ইচ্ছা থাকলে আল্লাহ্‌ সাহায্য করেন। উমর (রা.) একবার কোন এক স্বামী স্ত্রীর মধ্যে মীমাংসা করার জন্য দুই ব্যক্তিকে পাঠালেন। তারা সেখান থেকে ফিরে আসলে ওমর (রা.) তাদেরকে প্রশ্ন করলেন, 'তোমরা কী করেছ?' তারা বললেন, 'হে আমীরুল মু'মেনীন! আমরা মীমাংসা করার চেষ্টা করেছি কিন্তু ব্যর্থ হয়েছি।' তখন উমর (রা.) তাদেরকে বললেন, তোমরা তোমাদের দু'জনের নিয়ত ঠিক কর এবং পুনরায় যাও। অর্থাৎ নতুন নিয়ত করে আবার যাও। তারা পুনরায় গেলেন। এবার দম্পতির মধ্যে আপোষ ও সমঝোতা করতে আল্লাহ্‌ তাদেরকে তওফীক দিলেন। তারা আমীরুল মু'মেনীন কাছে ফিরে আসলে তিনি তাদের জিজ্ঞাসা করলেন, 'তোমরা কি করেছ?' তারা জবাব দিলেন, 'হে আমীরুল মু'মিনীন! আল্লাহ্‌ তাদের দু'জনের মধ্যে সমঝোতা করে দিয়েছেন।' তখন উমর (রা.) বললেন, 'মহান আল্লাহ্‌ সত্যিই বলেছেন, যদি তারা দু'জন মীমাংসার ইচ্ছা পোষণ করে তাহলে আল্লাহ্‌ তাদের তওফীক দেবেন।'

৪:৩৬। আল্লাহ্‌র সাথে কাউকে শরীক করা সবচেয়ে বড় কবীরা গোনাহ্‌। শির্‌ক সম্পর্কে আল্লাহ্‌ বলেন, "নিশ্চয়ই শির্‌ক বড় জুলুম"-(সূরা লুকমান: ১৩)। আল্লাহ্‌ আরো বলেন, 'আল্লাহ্‌র সাথে শরীক করার গোনাহ্‌ আল্লাহ্‌ মাফ করবেন না। এছাড়া অন্য গোনাহ্‌ তিনি যাকে ইচ্ছা মাফ করবেন'-(সূরা নিসা নং ৪, আয়াত-৪৮)।

৪:৩৬। আবু উসাঈদ মালিক ইবনে রাবিয়া আস সাঈদী হতে বর্ণিতঃ তিনি বলেন, আমরা রাসূল (সা.) এর নিকট অবস্থান করছিলাম এমতাবস্থায় বনী সালামার এক ব্যক্তি তার কাছে এসে বলল, 'ইয়া রাসূলাল্লাহ্‌! পিতা-মাতার মৃত্যুর পরও কি তাদের প্রতি সদ্ব্যবহার করার মত কিছু অবশিষ্ট থাকে?' তখন রাসূল (সা.) বললেন, 'হ্যাঁ থাকে', আর তা হচ্ছে, তাদের জন্য দোয়া করা, তাদের জন্য ক্ষমা প্রার্থনা করা, তাদের মৃত্যুর পর তাদের কৃত ওয়াদা পূরণ করা, তাদের সূত্রে যেসব আত্মীয়স্বজন রয়েছে তাদের সাথে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা, এবং তাদের বন্ধু-বান্ধবদের সম্মান করা-(সুনান আবু দাউদ)।

৪:৩৬। প্রতিবেশীর প্রতি জুলুমকারী জান্নাতে যাবে না। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিতঃ রাসূল (সা.) বলেছেন, সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার জুলম থেকে তার প্রতিবেশী নিরাপদ নয়- (সহীহ মুসলিম) ।

৪:৩৬। মানুষকে কথা ও কাজে কষ্ট না দেয়া মু'মিনের বৈশিষ্ট্য। আনাস ইবনে মালিক থেকে বর্ণিতঃ তিনি বলেন, নবী (সা.) বলেছেন, 'মু'মিন হচ্ছে সে ব্যক্তি যার থেকে মানুষ নিরাপদ থাকে। আর মুসলমান হচ্ছে সে ব্যক্তি যার জিহ্বা ও হাত থেকে মুসলমানরা নিরাপদ। আর মুহাজির হচ্ছে সে ব্যক্তি যে অন্যায় পরিত্যাগ করে। সে সত্তার শপথ যার হাতে আমার জীবন সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার প্রতিবেশী তার জুলুম থেকে নিরাপদ নয়-(মুসনাদে আহমাদ)।

৪:৩৭। 'গোপন করে' অর্থাৎ দান করার সামর্থ্য ও স্বচ্ছলতা থাকা সত্ত্বেও নিজেকে অস্বচ্ছল বলে বেড়ায়। এটি যারা মু'মিন তাদের স্বভাব হতে পারে না। আল্লাহ্‌র রাসূল বলেন, যখন আল্লাহ্‌ তায়ালা তাঁর কোন বান্দার উপর নেয়ামত দান করেন তখন তিনি তার প্রতি প্রদত্ত নেয়ামতের লক্ষণ বা প্রভাব দেখতে পছন্দ করেন (তিরমিজী)। অর্থাৎ তার পোশাক-আশাক, চাল-চলন ও কথা-বার্তায় যেন তা প্রকাশ পায় এবং এজন্য যেন সে কৃতজ্ঞতাও প্রকাশ করে।

৪:৪৬। رَاعِنَا একটি দ্বৈত অর্থবোধক শব্দ। এর দ্বারা বাহ্যত বোঝা যেত, থামুন, আপনি আমাদের প্রতি লক্ষ্য করুন, কিন্তু তারা মনে মনে এর আরো একটি অর্থ ভাবত, তা হচ্ছে আমাদের রাখাল।

৪:৪৭। আল্লাহ্‌পাক সৃষ্টির সেরা জীব মানুষকে সুন্দরতম কাঠামোতে সৃষ্টি করেছেন। পশুদের মত অধমুখী করে সৃষ্টি করেননি। ফলে সামনের দিকে চলতে মানুষের কোন অসুবিধা হয় না। অধমুখী হওয়া সত্তেও পশু সামনের দিকে চলতে পারে। কিন্তু যদি চেহারাকে বিকৃত করা হয় এবং পিছনের দিকে করে দেওয়া হয় তবে তা আরো নিকৃষ্ট। ইতঃপূর্বে শনিবারের বিষয়ে সীমালঙ্ঘনের কারণে বানর বানিয়ে দেয়া, যা আহলে কিতাব নিজেরাই জানে তা স্মরণ করিয়ে দিয়ে আল্লাহ্‌পাক তাদেরকে সতর্ক করে দিলেন যে, তারা যদি কুরআনে ঈমান আনার পরিবর্তে শব্দ বিকৃত করার অভ্যাস চালু রাখে তবে যা যা বলে সতর্ক করা হচ্ছে তাই ঘটবে এবং 'আল্লাহ্‌র নির্দেশ কার্যকরী হয়েই থাকে'।

৪:৪৯। ইহুদী পন্ডিতরা শরীয়তের ছোটখাটো কম গুরুত্বপূর্ণ বিষয়ের উপর বেশি বেশি আমল করে সাধারণ জনগণের কাছে নিজেদেরকে পবিত্র অর্থাৎ পরহেজগার হিসেবে তুলে ধরত এবং নিজেরাও নিজেদেরকে পবিত্র মনে করত। ছোটখাটো কম গুরুত্বপূর্ণ আমলের প্রতিদান না হয় পাওয়া যাবে এবং সে ক্ষেত্রে তাদের প্রতি খেজুর বিচির মধ্যস্থিত সুতা পরিমাণও জুলুম করা হবে না, কিন্তু সত্যিকার অর্থে তারা তো পবিত্রই নয়। পবিত্র হতে হলে আল্লাহ্‌ তায়ালা যে পথ মুহাম্মদ (সা.)-এর মাধ্যমে প্রকাশ করেছেন যা শির্‌কমুক্ত পথ, সে পথেই চলতে হবে। আর সবচেয়ে বেশি গুরুত্ব পাওয়া উচিত ছিল শির্‌কমুক্ত থাকা। কারণ আল্লাহ্‌ তায়ালা ছোটখাটো আমল ছেড়ে দেয়ার গোনাহ্‌ যাকে ইচ্ছা তাকে ক্ষমা করবেন, কিন্তু তাঁর সাথে শরীক করার গোনাহ্‌ ক্ষমা করবেন না, অথচ তারা আল্লাহ্‌ সম্বন্ধে মিথ্যা রচনা করে শরীক করাকেই দ্বীন বানিয়ে নিয়েছে।

৪:৫১। **কুসংস্কার ও ভ্রান্ত বিশ্বাস :** কাবিসা ইবনে আল মুখারিক (রা.) থেকে বর্ণিত। নবী (সা.) বলেছেন, পাখির নাম, শব্দ ও আগমন ও প্রস্থানের মধ্যে মঙ্গল ও অমঙ্গল হওয়ার বিশ্বাস করা, কিছুকে অশুভ বলে মনে করে যাত্রা বন্ধ করা, পাথর টুকরা নিক্ষেপ, বালুতে দাগ কাটা জিব্‌ত এর অন্তর্ভুক্ত অর্থাৎ জাহেলী যুগের কুসংস্কার ও ভ্রান্ত বিশ্বাস। (মুসনাদ আহমাদ ও সুনান আবু দাউদ, কিতাবুত তিব্ব)

৪:৫১: এখানে তাগুত অর্থ গণক অথবা শয়তান বা আল্লাহ্‌র অবাধ্যতার পথ অনুসরণ করা। (ফাতহুল কাদীর, আল্লামা শাওকানি)

৪:৫১। মদীনা হতে বিতাড়িত ইহুদী গোত্র বনু নযীর - অন্যান্য ইহুদী গোত্র ও বেদুঈনদেরকে সঙ্গে নিয়ে মদিনায় আক্রমণ চালানোর জন্য মক্কায় গিয়ে কুরাইশদেরকে উস্কিয়ে দিতে থাকে যা পরবর্তীতে আহ্‌যাবের যুদ্ধ বা খন্দকের যুদ্ধের রূপ নেয়। এ যুদ্ধে অংশগ্রহণে মানসিক বল বাড়ানোর উদ্দেশ্যে মক্কার কুরাইশরা ইহুদীদেরকে জিজ্ঞাসা করল, সে ইহুদীগণ! তোমরা তো কিতাবের অধিকারী, তোমরা বলতো আমাদের ধর্ম ভাল না মুহাম্মদের ধর্ম ভাল? তারা বলল, তোমাদের ধর্ম মুহাম্মদের ধর্মের চেয়ে শ্রেষ্ঠ, তোমরা তাদের চেয়ে অধিক সঠিক পথে রয়েছ। আয়াতের সে ঘটনার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৪:৫৩। 'রাজত্বে' অর্থাৎ আল্লাহ্‌র রাজত্ব ও কর্তৃত্বে ইহুদীদের কোন হাত আছে কি? যদি থাকত তবে তারা মুহাম্মদ (সা.)-এর নবুয়্যতকে ঠেকিয়ে দিত, কেননা তারা এতটাই কৃপণ ও স্বার্থপর যে, তারা কাউকে সামান্য বস্তু দিতেও প্রস্তুত নয়।

৪:৫৪। হিংসা নেক আমল বিনষ্ট করে। আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, তোমরা হিংসা করা থেকে বেঁচে থাক, কারণ হিংসা নেক আমলসমূহ এমনভাবে খেয়ে ফেলে যেমনভাবে আগুণ কাঠকে খেয়ে ফেলে-(আবু দাউদ)। আব্দুল্লাহ্‌ বিন মাসউদ (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, দুই ব্যক্তি ছাড়া অন্য কারো সাথে ঈর্ষা করা বৈধ নয়; যে ব্যক্তিকে আল্লাহ্‌ তায়ালা সম্পদ দিয়েছেন এবং সে তা সত্যের পথে ব্যয় করে এবং যে ব্যক্তিকে আল্লাহ্‌ তায়ালা জ্ঞান ও প্রজ্ঞা দান করেছেন যার মাধ্যমে সে বিচার-ফয়সালা করে এবং অন্যকে তা শিক্ষা দেয়। অর্থাৎ মনে মনে এমন কামনা করা যে, তার বা তাদের মত আমাকে আল্লাহ্‌ দিলে আমিও ভাল কাজ করব- (বুখারী)।

৪:৫৯। নেতার অনুগত্য করা ইসলামের অপরিহার্য বিধান তবে তা শর্তহীন আনুগত্য নয়। রাসূল (সা.) বলেছেন, একজন মুসলমানের উপর তার আমীরের (নেতার) কথা শোনা ও মেনে চলা অপরিহার্য। তা তার পছন্দ হোক বা না হোক; যতক্ষণ তাকে কোন পাপাচারের নির্দেশ না দেয়া হয়। পাপাচারের নির্দেশ দেয়া হলে আর কোন আনুগত্য নেই- (সহীহ বুখারী ও মুসলিম)। রাসূল (সা.) বলেছেন, পাপের কাজে কোন আনুগত্য নেই। আনুগত্য কেবল ভাল কাজের ক্ষেত্রে প্রযোজ্য- (বুখারী ও মুসলিম)।

৪:৫৯। ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত। নবী (সা.) বলেছেন, যে ব্যক্তি তার আমীরের (নেতার) মধ্যে এমন কিছু লক্ষ্য করে যা সে অপছন্দ করে তবে তার ধৈর্য ধারণ করা উচিত। কেননা যে ব্যক্তি জামায়াত (মুসলমানদের জনসমষ্টি) থেকে এক বিঘত পরিমাণ বিচ্ছিন্ন হয়ে মৃত্যু বরণ করবে, তার মৃত্যু জাহিলিয়াতের মৃত্যু হবে-(সহীহ বুখারী)।

৪:৬০। রাসূল (সা.) হিজরত করে মদীনায় আসার পর শান্তিপূর্ণ সহাবস্থানের জন্য মদীনা এবং এর উপকণ্ঠে বসবাসরত ইহুদী, বেদুঈন ও আনসারদের অর্থাৎ আউস ও খাযরাজ গোত্রের সমন্বয়ে একটি লিখিত চুক্তিনামা সম্পাদন করেন, যা মদীনা সনদ নামে পরিচিত। এই চুক্তির শর্তাবলীতে সর্বসম্মতিক্রমে মেনে নেয়া হয়ে যে, স্বাক্ষরকারী সম্প্রদায়ের মধ্যে কোন বিরোধ দেখা দিলে হযরত মুহাম্মদ (সা.) আল্লাহ্‌র বিধান অনুযায়ী তার মীমাংসা করিবেন। কিন্তু মুনাফিকরা মদীনায় মুহাম্মদ (সা.)-এর উপস্থিতি এবং তাঁর এই কর্তৃত্ব প্রথম থেকেই মনে প্রাণে মেনে নিতে পারেনি এবং এই মেনে না নেয়ার পিছনে ইতিহাস রয়েছে। মুনাফিকদের সাথে যখন ইহুদী গোত্রগুলোর কোন বিষয়ে বিরোধ দেখা দিত তখন তারা ফয়সালার জন্য মুহাম্মদ (সা.)-এর কাছে না গিয়ে ইহুদী নেতাদের কাছেই যেতে চাইত, অথচ তারা মুখে বলত তারা রাসূল (সা.)-এর প্রতি এবং রাসূলের পূর্বে যা অবতীর্ণ করা হয়েছে তাতে ঈমান এনেছে। এক্ষেত্রেই আল্লাহ্‌পাক বলছেন, তারা তাগুতের কাছে বিচার প্রার্থনা করতে চায়। অপর পক্ষে ইহুদীরা রাসূল (সা.)-এর প্রতি ঈমান না আনলেও প্রথম দিকে চুক্তির শর্ত অনুযায়ী রাসূল (সা.)-কে বিচারক হিসেবে মেনে নেয়। তাদের বুঝে আসছিল না যে, যারা বলে 'আমরা ঈমান এনেছি' তারা তাদের রাসূলকে বিচারক হিসেবে মেনে নিতে পারছে না কেন। ৬৬নং আয়াত থেকে স্পষ্টতই বুঝা যায় যে, এ প্রসঙ্গে ইহুদীরা বলেছিল, আমরা তো আমাদের রাসূল মূসা (আ.)-এর উপর ঈমান এনে আল্লাহ্‌র পক্ষ থেকে তাঁর দেয়া ফয়সালা অনুযায়ী বাছুর পূজার অপরাধের দরুন তওবা করার নিমিত্তে একে অপরকে পর্যন্ত হত্যা করেছি, তাঁর আহ্বানে নিজেদেন ঘরবাড়ি থেকে বের হয়ে গিয়েছি, তাহলে এরা কেমন ঈমানদার যে, তারা তাদের রাসূলকে বিচারক হিসেবে উপেক্ষা করছে? মুনাফিকরা নিজেদের ঈমান জাহির করার জন্য বলল, এই রকম হুকুম আমাদের শরীয়তে থাকলে আমরাও তা পালন করতাম এবং তোমাদের মত আমরা নিজেদের ঘরবাড়ি থেকে বের হয়ে যেতাম। আল্লাহ্‌ তায়ালা তাই ৬৬নং আয়াতে জানিয়ে দিচ্ছেন যে, তারা তা করত না - তাদের অল্প সংখ্যক ছাড়া (দেখুন ইবনে আশুর)। বরং এত কঠিন পরীক্ষায় না গিয়ে তাদেরকে তো কেবল আল্লাহ্‌র কিতাবের দিকে ও রাসূলের ফয়সালাকে মেনে নেয়ার জন্য ডাকা হয়েছিল, এবং যদি তারা তা পালন করত তবে তা-ই যথেষ্ট ছিল এবং ততটুকুতেই আল্লাহ্‌ তাদেরকে মহাপ্রতিদান দান করতেন এবং তাদেরকে সরল-সঠিক পথ প্রদর্শন করতেন।

৪:৮৬। **সালামের প্রচলন করা বড় পুণ্যের কাজ:** হযরত আবূ হুরায়রা (রা.) হতে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, তোমরা মু'মিন না হওয়া পর্যন্ত বেহেশতে প্রবেশ করতে পারবে না। আর পরস্পরকে ভাল না বাসলে ঈমানদার হতে পারবে না। আমি কি তোমাদের এমন একটি বিষয় বলে দেব না, যা করলে তোমরা পরস্পরকে ভালবাসতে পারবে? তা হল তোমরা নিজেদের মধ্যে সালামের প্রচলন কর-(সহীহ মুসলিম)।

৪:৯২। রাসূল (সা.) এর হাদিস থেকে দিয়াত সম্পর্কে তিনটি পরিমাণ পাওয়া যায় (১) ১শত উট (২) ১০০০ দিনার (স্বর্ণমুদ্রা) (৩) ১২০০০ দিরহাম (রৌপ্য মুদ্রা)। এর মধ্যে একশত উটের বর্ণনাটি অধিক নির্ভরযোগ্য। এর ভিত্তিতে বর্তমানে মধ্যপ্রাচ্যের মুসলিম দেশে দিয়াতের পরিমাণ একশত উটের বাজার মূল্য। বর্তমানে (২০১২ সালে) সৌদি আরবে উটের বর্তমান বাজার মূল্য অনুযায়ী দিয়াতের পরিমাণ একশত উটের সমমূল্য ৪ লক্ষ সৌদি রিয়াল (বাংলাদেশী টাকায় প্রায় ৮৪ লক্ষ টাকা), সংযুক্ত আরব আমিরাতে ১ লক্ষ ৫০ হাজার ইউএই দিরহাম (৪৪ লক্ষ ২৮ হাজার প্রায়), কাতারে ২ লক্ষ কাতার রিয়াল (৪৫ লক্ষ ১০ হাজার টাকা প্রায়)। উল্লেখ্য, নিহত ব্যক্তির উত্তরাধিকারীদের সাথে সমঝোতার ভিত্তিতে এ পরিমাণ কমও হতে পারে। পরিবেশ পরিস্থিতি অনুযায়ী দিয়াতের পরিমাণ ফকীহগণের ইজতিহাদের ভিত্তিতে রাষ্ট্রীয় কর্তৃপক্ষ নির্ধারণ করে থাকে।

৪:৯৩। হত্যা তিন ধরনের হতে পারে। এক. ইচ্ছা করে কাউকে হত্যা করা। ইচ্ছাকৃতভাবে কাউকে হত্যা করার শাস্তি হল মৃত্যুদণ্ড যদি না নিহত ব্যক্তির উত্তরাধিকাররা তাকে ক্ষমা করে বা রক্ত মূল্য গ্রহনে সম্মত হয়-(সূরা বাকারা আয়াত-১৭৮)। দুই. আংশিক ইচ্ছাকৃত ভাবে হত্যা করা যেমন কাউকে লাঠি দিয়ে আঘাত করে হত্যা করা (এরূপ আঘাতে সাধারণত মানুষ মারা যায় না কিন্তু ঘটনাক্রমে যদি কেউ মারা যায় তাহলে তা আংশিক ইচ্ছাকৃত হত্যা বলে ধর্তব্য হবে)। এক্ষেত্রে শাস্তি হলো দিয়াত। তিন. ভুলবশতঃ হত্যা করা যেমন গাড়ী দুর্ঘটনায় হত্যা করা। এক্ষেত্রে শাস্তি হল একজন মুমিন দাসকে দাসত্বের শৃঙ্খল থেকে মুক্তি করা এবং নিহত ব্যক্তির পরিবারকে ক্ষতিপূরণস্বরূপ দিয়াত প্রদান করা (যদি তারা ক্ষমা না করেন)। ভুলবশতঃ হত্যার বিস্তারিত বিধান সূরা আন নিসার ৯২ নং আয়াতে বর্ণিত হয়েছে।

৪:৯৩। **খুনির ঠিকানা জাহান্নাম** ও তার উপর আল্লাহ্‌র গজব নেমে আসে। হযরত আহনাফ ইবনে কায়স বলেন যে, আমি এক ব্যক্তির সাহায্যার্থে এগিয়ে গেলাম, তখন আবু বাকরাহ আমার সম্মুখে পড়লেন, তিনি বললেন: কোথায় যাও? আমি বললাম, লোকটিকে সাহায্য করব, তিনি বললেন তুমি ফিরে যাও, কেননা আমি রাসূল (সা.) কে বলতে শুনেছি, দুই মুসলমান যখন স্ব স্ব তরবারী নিয়ে মুখোমুখী হয় (এবং একে অপরকে হত্যা করে) তখন হত্যাকারী ও নিহত ব্যক্তি উভয়েই জাহান্নামী। আমি বললাম এটা না হয় হত্যাকারীর ক্ষেত্রে কিন্তু নিহত ব্যক্তির ব্যাপারটা কেমন? রাসুল বললেন, কারণ নিহত ব্যক্তিও তার প্রতিপক্ষকে (হত্যাকারীকে) হত্যা করার জন্য সচেষ্ট ছিল- (বুখারী ও মুসলিম)।

৪:১০৪। উহুদ যুদ্ধে মুসলিম বাহিনী ব্যাপক ক্ষতির সম্মুখী হয়। রাসূল (সা.) নিজেও এ যুদ্ধে আহত হন। কুরাইশরা যখন যুদ্ধের ময়দান ত্যাগ করছিল তখন তা ছিল কুরাইশদের সম্পূর্ণ অনুকূলে। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে তারা যুদ্ধের ময়দানে বেশিক্ষণ অবস্থান করেনি। তারা তাদের আসল উদ্দেশ্য শেষ না করেই দ্রুত স্থান ত্যাগ করে। হঠাৎ যদি তাদের এই বোধদয় হয় যে, তারা তো ইচ্ছা করলে এই যুদ্ধেই মুহাম্মদ (সা.)-কে সহ তাঁর বাহিনীকে সম্পূর্ণরূপে ধ্বংস করতে পারত, তখন যেন পুনরায় যুদ্ধের জন্য না আগায়- তার প্রতিকার হিসেবে রাসূল (সা.) আহত অবস্থাতেই মুসলিম বাহিনীকে বললেন, আবু সুফিয়ানের বাহিনীকে ধাওয়া কর। আয়াতে তাই বলা হচ্ছে যে, যুদ্ধে কেবল তোমরাই আহত নও, তারাও আহত, যন্ত্রনা তাদেরও হচ্ছে। উপরন্তু তোমাদের একটি সুবিধাজনক অবস্থা এই যে, তোমরা আল্লাহ্‌র কাছ থেকে (জান্নাত) আশা কর, যা তারা করে না। উল্লেখ্য যে, আল্লাহ্‌র ইচ্ছায় রাসূল (সা.)-এর এই পদক্ষেপটি সত্যিই কাজে এসেছিল। আবু সুফিয়ানের বাহিনী তথা কুরাইশ বাহিনী ঠিকই মনস্থির করে ফেলেছিল যে, তারা পুনরায় আক্রমণ করবে। কিন্তু যখন তারা জানতে পারল যে, রাসূল (সা.) তাঁর বাহিনীসহ আট মাইল পথ পেরিয়ে তাদেরকে আক্রমণ করার জন্য হামরাউল আসাদ নামক স্থানে এসে পড়েছে তখন তারা আর সাহস করে তাঁদের মোকাবেলায় অগ্রসর না হয়ে মক্কার দিকে চলে গেল, আল্লাহ্‌পাক তাদের অন্তরে ভীতির সঞ্চার করে দিলেন যার উল্লেখ সূরা আলে-ইমরান, নং ৩, এর ১৫১নং আয়াতে রয়েছে।

৪:১০৫। অর্থাৎ আল্লাহ্‌র কিতাব (কুরআন) অবতীর্ণ করার উদ্দেশ্য হচ্ছে মানুষের মাঝে আল্লাহ্‌র বিধান অনুযায়ী বিচার-ফয়সালা করা। এতে মানুষের মধ্যে সুবিচার ও ইনসাফ কায়েমের পথ সুগম হবে। আসমানী কিতাব ও যুগে যুগে নবী-রাসূল প্রেরণের উদ্দেশ্য বর্ণনা করে অন্যত্র আল্লাহ্ বলেন, নিশ্চয়ই আমি আমার রাসূলদেরকে প্রেরণ করেছি সুস্পষ্ট প্রমাণসহ এবং তাদের সঙ্গে অবতীর্ণ করেছি কিতাব ও ন্যায়দণ্ড যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে- (দেখুন সূরা আল হাদীদ নং ৫৭, আয়াত-২৫)।

৪:১১৩। 'মনস্থ করত' অর্থ এই নয় যে তারা মনস্থ করেনি, বরং মনস্থ করেছিল বটে, তবে আল্লাহ্‌র ইচ্ছায় তা কার্যকরী করতে পারেনি। এধরনের প্রকাশ ভঙ্গি আরবি ভাষার একটি অলংকার।

৪:১২৮। আপোষ-নিষ্পত্তি: স্ত্রী স্বামীর পক্ষ থেকে অবজ্ঞা অথবা উপেক্ষার ভয় করে (যে তা বিচ্ছেদের দিকে নিয়ে যাবে- আয়াত ১৩০), অর্থাৎ কোন কারণে স্ত্রী তার স্বামীর কাছে আকর্ষণীয় নয়, তাই স্বামী অন্য স্ত্রীর প্রতি ঝুঁকে পড়েছে (আয়াত ১২৯)- এরূপ অবস্থায় স্ত্রী তার স্বামীর কাছ থেকে যা কিছু পাওয়ার হকদার তার কিছু ছাড় দিয়ে সংসার ঠিকিয়ে রাখার প্রস্তাব করবে, আর স্বামী তাকে তার হক-এর কিছুই না দিয়ে ঝুলন্তের মত না রেখে (আয়াত ১২৯) কিছু ছাড় দিয়ে তাকে রেখে দেয়ার চেষ্টা করবে, আর এইটি আপোষ-নিষ্পত্তি। আর আপোষ-নিষ্পত্তিই উত্তম। এই ছাড় দেয়াটাই একের প্রতি অপরের অনুগ্রহ। এবং এটি করতে হবে আল্লাহ্‌কে ভয় করার মাধ্যমে, কারণ আল্লাহ্ আপোষ-নিষ্পত্তি পছন্দ করেন। তবে কেউ যদি কিছুই ছাড় না দিয়ে পৃথক হয়ে যায় তবে স্ত্রীর জন্য অন্য স্বামী অথবা আর্থিক সচ্ছলতার ব্যবস্থা করা, আর অপর পক্ষে স্বামীর জন্য অন্য আরো একজন স্ত্রীর ব্যবস্থা করা আল্লাহ্‌র এখতিয়ারে। এবং এভাবেই আল্লাহ্ প্রত্যেককে অভাবমুক্ত করবেন।

৪:১৩৫। إِنْ يَكُنْ غَنِيًّا أَوْ فَقِيرًا অর্থাৎ যার বিরুদ্ধে সাক্ষী দেয়া হবে অথবা যার পক্ষে সাক্ষী দেয়া হবে সে ধনী হওয়ার কারণে তাকে খুশী করার জন্য বা গরীব হওয়ার জন্য তার প্রতি সহনাভুতিশীল হয়ে সাক্ষী দেয়া বা বিচার করা যাবে না। সহানুভূতি প্রদর্শনের জন্য মানুষের চেয়ে আল্লাহ্‌ই অধিক উপযুক্ত। সত্য সাক্ষ্য দেয়ার কারণে কার কি হবে সেটা দেখার দায়িত্ব আল্লাহ্‌র। অতএব কারো প্রতি অনুরাগ বা বিরাগের বশবর্তী হয়ে কোন সাক্ষী দেয়া বা বিচার করা যাবে না।

৪:১৪১। মুনাফিকরা কাফিরদের উদ্দেশ্য করে বলে, আমরা যদি মুসলমানদের পক্ষ নিতাম তবে তোমরা সহজেই পরাজিত হতে এবং আমরা মুসলমানদের সাথে সাথে তোমাদের উপর বিজয়ী হতাম।

৪:১৪২। অর্থাৎ তারা মনে করছে যে, তারা আল্লাহ্‌কে ধোকা দিচ্ছে বা আল্লাহ্‌কে ঠকাচ্ছে কিন্তু আসলে তারা নিজেরাই আল্লাহ্‌র কাছে ধোকা খাচ্ছে বা ঠকছে। আর তারা আল্লাহর কোন ক্ষতি করতে পারেনি বরং তারা নিজেরাই ক্ষতিগ্রস্ত হয়েছে।

৪:১৫৭। "নিশ্চিত"- আন-নাহর আল-মাদ, আনদালুসি, আল মুনতাখাব ফি তাফসীরিল কুরআনিল কারিম থেকে অনুবাদটি যাচাই করা হয়েছে।

৪:১৫৯। لَيُؤْمِنَنَّ بِهِ قَبْلَ مَوْتِهِ এর ব্যাখ্যা:এখানে أَهْلُ الْكِتَابِ দ্বারা বিশেষত ইহুদীরে বুঝানো হয়েছে। ১৫৩ নং আয়াত থেকে ধারাবাহিকভাবে এদেরই বর্ণনা এসেছে। অর্থাৎ প্রত্যেক ইহুদী তার মৃত্যুর পূর্বে বা মৃত্যুর পূর্ব মুহুর্তে ঈসা (আ.) নবী হওয়ার সত্যতা বুঝতে পারবে। কিন্তু মৃত্যুর পূর্ব মূহুর্তে তাদের ঈমান কোন কাজে আসবে না। তাই ঈসা (আ.) কিয়ামতের দিন তাদের বিরুদ্ধে সাক্ষী দেবেন। অথবা সকল যুগের সকল ইহুদী আহলে কিতাব না হয়ে কেবল ইহুদী আহলে কিতাবের মধ্যে যারা ঈসা (আ.)-কে নবী হিসেবে মানেনি এবং তাঁর মাকে অসতী বলেছে এবং ঈসা (আ.)-কে মারইয়ামের পুত্র হিসেবে হত্যা করেছে বলে থাকে, তাদের প্রত্যেকেই মৃত্যুর পূর্বে আযাবের ফেরেশতা দেখে টের পাবে যে ঈসা (আ.) শুধু মারইয়ামের পুত্র নন, তিনি আল্লাহ্‌র রাসূল ছিলেন এবং তাঁর মা অসতী ছিলেন না।

৪:১৬০। পবিত্র বস্তুগুলো হচ্ছে, নখযুক্ত পশু এবং গরু ও ভেড়ার চর্বি (সূরা আন'আম, নং ৬, আয়াত ১৪৬)।

৪:১৬২। 'তাদেরকে' অর্থাৎ ইহুদী আহলে কিতাবদের মধ্যে গভীর জ্ঞানের অধিকারীরা ও তাদের মু'মিনরা যারা পূর্বের আসমানী কিতাবে ও সর্বশেষ আসমানী কিতাবে বিশ্বাস করে এবং যারা (শুধু ঈমান এনেছে এমন না বরং) সালাত (নামাজ) কায়েম করে, যাকাত দেয় এবং আল্লাহ্ ও আখিরাতে বিশ্বাস করে তাদেরকে আল্লাহ্ অনেক বড় প্রতিদান দিবেন।

৫:১। হজ্জ অথবা 'উমরা' পালনের উদ্দেশ্যে হারামের প্রবেশ করার পূর্বে বিশেষ নিয়মে নিয়ত করার নাম 'ইহ্‌রাম'।

৫:২। قَلَائِد শব্দটি قِلَادَة -এর বহু বচন,অর্থঃ হার, মালা, হারামে কুরবানীর জন্য প্রেরিত পশুর পলায় চিহ্নস্বরূপ কিছু ঝুলিয়ে দেয়ার রীতি ছিল যেটা দেখে সবাই বুঝতে পারতো যে এটা কুরবাণীর পশু।

৫:২। মক্কার কাফিররা ৬ষ্ঠ হিজরীতে রাসূল (সা.) এর নেতৃত্বে মদীনা থেকে উমরা করার উদ্দেশ্যে আগত মুসলিমদেরকে মসজিদে হারামে 'উমরা' করতে বাধা দিয়েছিল।

৫:৩। الدَّمُ অর্থাৎ প্রবাহিত রক্ত (দেখুন সূরা-৬: আয়াত-১৪৫)।

৫:৫। তাদের জবাইকৃত হালাল পশু।

৫:১২। বনী ইসরাঈল-এর ১২টি গোত্র ছিল। হযরত মূসা (আ.) ১২গোত্রের জন্য ১২ জন নক্বীব বা নেতা মনোনীত করেছিলেন।

৫:২১। পবিত্র ভূমি বলতে তৎকালীন শাম বর্তমান সিরিয়া, ফিলিস্তীন ও জর্দানের কিছু অংশ নিয়ে গঠিত এলাকার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৫:২২। আমালিকা সম্প্রদায়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৫:২৭। হাবিল ও কাবিলের ঘটনা।

৫:৩৮। **চুরির শাস্তি প্রসঙ্গ:** পবিত্র কুরআনের এ বিধানের ফলে সাধারণ মানুষ তাদের সম্পদের নিরাপত্তার ব্যাপারে আশ্বস্ত হবেন। এ বিধানের উদ্দেশ্য মানুষের হাত কাটা নয় বরং শাস্তির ভয়ে চুরি ও অন্যায়ভাবে অন্যের সম্পদ আত্মসাৎ করার পথ বন্ধ করা। এজন্য রাসূল (সা.) এর যুগ থেকে পরবর্তী কয়েক শত বছর মুসলিম দেশে এ বিধানটি রাষ্ট্রীয়ভাবে চালু ছিল। এ দীর্ঘ সময়ে অতি অল্প কয়েকজন অপরাধীর হাত কর্তন করতে হয়েছে কিন্তু চুরির অপরাধ ব্যাপকভাবে বন্ধ হয়েছে। তাছাড়া, এ বিধান কার্যকর করার দায়িত্ব রাষ্ট্রীয় কর্তৃপক্ষের। উল্লেখ্য, পবিত্র কুরআনে চুরির শাস্তির বিধান সম্বলিত একটিমাত্র আয়াতের পাশাপাশি আরো অগণিত আয়াত রয়েছে যেখানে মানুষের চরিত্র সংশোধনের তাগিদ দেয়া হয়েছে ও অভাবী মানুষের প্রতি স্বচ্ছল মানুষের দায়িত্ব পালনের নির্দেশ দেয়া হয়েছে। সব মিলিয়ে বিত্তবান ও বিত্তহীন সকল মানুষের জন্য সামাজিক ও আর্থিক নিরাপত্তা ও সুবিচার নিশ্চিত কল্পে ইসলাম বহুমুখী বিধান দিয়েছে। সামগ্রিকভাবে এসব বিধানে ধর্ম-বর্ণ গোত্র, ভাষা নির্বিশেষে সকল মানুষের জন্য বহুমুখী কল্যাণ নিহিত রয়েছে।

৫:৪২। অবৈধ পন্থায় প্রাপ্ত হারাম সম্পদ যেমন ঘুষ ও দুর্নীতির মাধ্যমে উপার্জিত অর্থ সম্পদ ইত্যাদি।

৫:৪৩। প্রকৃতপক্ষে তারা তাওরাতের উপর আমল করে না। তারা রাসূল (সা.)-এর নিকট বিচার চায় বিভ্রান্তি সৃষ্টির উদ্দেশ্যে।

৫:৫২। ইহুদী, খৃস্টান ও মুশরিকদের দলে যোগ দিতে মুনাফিকদের আগ্রহের বিষয়টি উল্লেখ করা হয়েছে।

৫:৬৪। **যুদ্ধের সূচনা করা আল্লাহ্‌র পছন্দনীয় নয়:** রাসূল (সা.) যুদ্ধ পছন্দ করতেন না। এমনকি কারো নাম 'হরব' (যুদ্ধ) ও 'মুররা' (তিক্ত) ইত্যাদি রাখা তিনি পছন্দ করতেন না। তবে যুদ্ধ চাপিয়ে দেয়া হলে শাহাদাতের জন্য ঝাপিয়ে পড়তে উদ্বুদ্ধ করেছেন। রাসূল (সাঃ) বলেছেন "তোমরা শত্রুর সাক্ষাৎ কামনা করো না। আল্লাহ্‌র কাছে সুস্থতা কামনা কর। যদি তাদের সাথে তোমাদের সাক্ষাৎ হয়েই যায় তাহলে জেনে রাখবে, জান্নাত তরবারির ছায়ার নীচে।

৫:৬৭। **ইসলামে অপ্রকাশ্য বাণী (বাতেন) বলে কিছু নেই:** আয়েশা (রা.) বলেন, যে ব্যক্তি তোমাকে ওহী সম্পর্কে বলবে যে, মুহাম্মদ (সা.) এর উপর আল্লাহ্‌ যা কিছু অবতীর্ণ করেছেন তা থেকে তিনি কিছু গোপন করেছেন তাকে বিশ্বাস করো না, কেননা আল্লাহ্‌ বলেন, হে রাসূল তোমার প্রতিপালকের পক্ষ হতে যা তোমার প্রতি অবতীর্ণ করা হয়েছে তা তুমি পৌঁছে দাও। যদি তুমি তা না কর তাহলে তোমার রিসালাতের দায়িত্ব পালন হবে না-(বুখারী)। অতএব, রাসূল (সা.) কে আল্লাহ্‌ যা কিছু জানিয়েছেন তার থেকে কিছু বাতেনী (গোপনীয়) কিছু জাহেরী (প্রকাশিত) এ ধারনা করা অমূলক।

৫:৮৮। **হালাল খাবার ইবাদত কবুলের পূর্বশর্ত:** আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত। রাসূল (সা.) বলেছেন, 'হে মানুষ! আল্লাহ পূত পবিত্র তিনি পবিত্র বস্তু ছাড়া কিছুই কবুল করেন না। আল্লাহ্‌ রাসূলগণকে যে নির্দেশ দিয়েছেন অনুরূপ নির্দেশ তিনি মু'মিনদেরকেও দিয়েছেন। আল্লাহ্‌ বলেছেন, 'হে রাসূলগণ! তোমরা পবিত্র বস্তু থেকে আহার কর এবং নেক আমল কর। তোমরা যা কিছু আমল করে থাক সে সম্পর্কে আল্লাহ্‌ সম্পূর্ণ অবহিত।' আল্লাহ্‌ আরো বলেছেন, 'হে মুমিনগণ, আমি তোমাদেরকে যে পবিত্র রিযিক দিয়েছি তা থেকে আহার কর।' পরিশেষে রাসূল (সা.) এমন এক ব্যক্তির প্রসঙ্গ উল্লেখ করলেন যে ব্যক্তি দীর্ঘ সফরে থাকার কারণে তার চেহারা ধুলো মলিন হয়ে গেছে, সে আকাশের দিকে হাত প্রসারিত করে বলতে থাকে, হে আমার প্রভু, হে আমার প্রভু, অথচ সে যা আহার করেছিল তা হারাম, তার পরিধেয় বস্ত্র হারাম এবং হারাম দ্বারা তার দেহ পরিপুষ্ট হয়েছে। তার দোয়া কিভাবে কবুল হতে পারে!-(সহীহ মুসলিম, কিতাবুয যাকাত)।

৫:৯০। **মাদকদ্রব্য হারাম:** ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, সকল নেশা দ্রব্যই মাদক। সকল প্রকার নেশা দ্রব্যই হারাম। (সহীহ মুসলিম) যারিব ইবনে আব্দুল্লাহ্‌ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, যে দ্রব্যের অধিক পরিমাণ নেশাগ্রস্ত করে তা কম পরিমাণও হারাম-(সুনান তিরমিযি, কিতাবুল আশরিবা)।

৫:৯১। **মাদকদ্রব্য পরিবেশনের অনুষ্ঠান বর্জন:** যে অনুষ্ঠানে মাদকদ্রব্য পরিবেশন করা হয় সেখানে ঈমানদার ব্যক্তির যোগদান করা নিষেধ। হযরত উমর (রা.) বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, আল্লাহ্‌ ও পরকালের প্রতি যার ঈমান আছে সে যেন এমন মজলিসে বা টেবিলে একত্রে না বসে যেখানে মদ পরিবেশন করা হয়-(মুসনাদে আহমাদ)।

৫:৯৫। أَوْ عَدْلُ ذٰلِكَ এর সমপরিমাণ রোযা রাখা এর অর্থ- প্রত্যেক মিসকীনকে খাওয়ানোর স্থলে একদিন রোযা রাখা। অর্থাৎ উক্ত পশুর মূল্য দিয়ে যতজন মিসকীনকে খাওয়ানো সম্ভব ততদিন রোযা রাখবে। আর মিসকীন খাওয়ানোর অর্থ হল একেক জন মিসকীনকে এক সদকাতুল ফিত্‌র পরিমাণ দান করা অথবা সেই পরিমাণ খরচ করে খাওয়ানো।

৫:১০৩। যে জন্তুর দুধ প্রতিমার উদ্দেশ্যে উৎসর্গ করা হত তাকে বাহীরা, যে জন্তু প্রতিমার নামে ছেড়ে দেয়া হত তাকে সাইবা, উপর্যুপরি মাদী বাচ্চা প্রসব করার কারণে যে উষ্ট্রীকে প্রতিমার নামে ছেড়ে দেয়া হত তাকে ওয়াসীলা এবং বিশেষ সংখ্যক প্রজননের কাজ নিয়ে যে উষ্ট্রীকে প্রতিমার নামে ছেড়ে দেয়া হত তাকে 'হাম' বলা হত।

৬:১০। নবী রাসূলরা কাফিরদেরকে যখন আল্লাহ্‌র পক্ষ থেকে শাস্তি আসার ব্যাপারে সতর্ক করত তখন তারা রাসূলদেরকে ঠাট্টা করত। আর সেই শাস্তিই শেষ পর্যন্ত তাদেরকে পরিবেষ্টন করেছিল।

৬:২০। يَعْرِفُوْنَهٗ :এখানে ه সর্বনামটি পূর্বের আয়াতে বর্ণিত কুরআন এর দিকে ফিরেছে। অবশ্য কোন কোন তাফসীরকারকের মতে এর দ্বারা রাসূল (সা.)-কে বুঝানো হয়েছে।

৬:৩৩। তারা ব্যক্তি মুহাম্মদ (সা.)-কে মিথ্যাবাদী বলেনি বরং তারা তাকে ব্যক্তিগতভাবে বিশ্বস্ত ও সত্যবাদী বলেই জানত। এমনকি রোম সম্রাট হিরোক্লিয়াস মক্কার মুশরিকদের সাথে মুহাম্মদ (সা.)-এর বংশ ও চরিত্র সম্পর্কে জানতে চেয়ে জিজ্ঞাসা করেছিল, 'তিনি মিথ্যা বলেন কি?' তখন তারা অকপটে বলেছিল, 'তিনি মিথ্যা বলেন না।' কিন্তু এতদসত্ত্বেও তারা মুহাম্মদ (সা.)-কে কেবল তখনই মিথ্যাবাদী বলেছে যখন তিনি নিজেকে আল্লাহ্‌র রাসূল হিসেবে প্রকাশ করেছেন এবং আল্লাহ্‌র আয়াতসমূহ তাদেরকে পাঠ করে শুনিয়েছেন। মুহাম্মদ (সা.)-কে মিথ্যাবাদী বলার অর্থ ছিল আল্লাহ্‌র আয়াতকে অস্বীকার করা, নইলে তো আল্লাহ্‌র আয়াতসমূহকে মেনে না নেয়ার কোন যুক্তি থাকে না।

৬:৩৪। لَا مُبَدِّلَ لِكَلِمَاتِ اللّٰهِ অর্থাৎ নবীদের সাহায্য করার প্রতিশ্রুতি সম্বলিত বাণীকে রদ করার কেউ নেই (দেখুন সূরা-৩৭: আয়াত১৭১,১৭৩)

৬:৫২। কাফিররা রাসূল (সা.) কে বলে যে, 'আপনার কাছে যে সব নিম্ন শ্রেণীর লোক (দরিদ্র মুসলিমগণ) ভিড় করে তাদেরকে বহিষ্কার করলে আমরা আপনার কথা শুনতে পারি।' এরই প্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়।

৬:৫৮। কাফিররা বলত, 'কুরআন সত্যিই আল্লাহ্‌র নিকট হতে অবতীর্ণ হলে আল্লাহ্ আমাদের উপর আসমান থেকে পাথর বৃষ্টি বর্ষণ করুন অথবা আমাদেরকে কঠিন শাস্তি প্রদান করুন। 'এ প্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়।

৬:৮২। এখানে 'জুলুম' এর অর্থ শির্‌ক। যেমন সূরা লুকমানের ১৩নং আয়াতে বলা হয়েছে, 'নিশ্চয় শির্‌ক বড় জুলুম'।

৬:৯৯। যায়তূন, জলপাই জাতীয় আরবদেশের ফল বিশেষ। এর তেল খাবার তেল হিসেবে ব্যবহৃত হয়।

৬:১০৫। একজন 'উম্মী' মানুষের মুখে এমন জ্ঞান ও সত্যের বাণী শুনে তাদের উচিত ছিল তাঁর প্রতি ঈমান আনা। কিন্তু তা না করে তারা বলে, 'আপনি কারো নিকট থেকে শিখেছেন?'

৬:১০৮। মূর্তি পূজারী সম্প্রদায়ের দেব দেবতাদের গাল মন্দ করলে তারা প্রতিশোধমূলকভাবে মহান আল্লাহ্‌কে গালি দিতে পারে। এতে সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়াবে। কোন লাভ হবে না। তাই পবিত্র কুরআনে মূর্তি পূজার অযৌক্তিকতা ও অসাড়তার কথা যুক্তি দিয়ে তুলে ধরা হয়েছে। কিন্তু কোথাও গাল মন্দ করা হয়নি।

৬:১১৯। হালাল হারামের ব্যাপারে মনগড়া কিছুই গ্রহণযোগ্য নয়। সালমান ফারসী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সা.) কে চর্বি, মাখন, পনির ও কোমল পশুর লোমের তৈরি বস্ত্রাদি সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন,'আল্লাহ তার কিতাবে যা হালাল করেছেন তা হালাল এবং তার কিতাবে যা হারাম ঘোষণা করেছেন তা হারাম। আর যে সব বিষয়ে তিনি নিরবতা অবলম্বন করেছেন তা সে সব জিনিসের মধ্যে গণ্য যা করলে তিনি মাফ করে দিবেন'- (জামে তিরমিযি, কিতাবুল লিবাস)।

৬:১২৪। নেতৃস্থানীয় অপরাধীরা আল্লাহ্‌র কোন নিদর্শন দেখলে ঈমান না এনে পাল্টা বলে, নবীদের যে বার্তা বা ওহী আল্লাহ্ দিয়েছেন আমাদের অনুরূপ ওহী না দিলে ঈমান আনব না। (দেখুন সূরা-৭৪ আয়াত-৫২)।

৬:১২৫। كَأَنَّمَا يَصَّعَّدُ فِي السَّمَاءِ অর্থাৎ কাউকে আকাশে উড়তে বলা হলে তার কাছে যেমন অসম্ভব মনে হবে ইসলামকে মেনে নেয়ার ব্যাপারেও তাদের মনের অবস্থা তাই।

৬:১৩৩। ذُرِّيَّةَ قَوْمٍ آخَرِينَ অর্থাৎ নূহ (আ.)-এর প্লাবনের পূর্ববর্তী প্রজন্মকে ধ্বংস করা হয় ও পরবর্তীতে নূহ (আ.)-এর বেচে যাওয়া বংশধর থেকে এ প্রজন্মকে সৃষ্টি করা হয়েছে।

৬:১৩৬। অর্থাৎ তারা প্রথমেই তাদের ক্ষেতের শস্য ও গবাদি পশু থেকে একটি অংশ আল্লাহ্‌র জন্য ও আরেকটি অংশ তাদের উপাস্যদের জন্য নির্দিষ্ট করে। তাদের উপাস্যদের নির্ধারিত অংশ তাদের রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা বাবদ ব্যয় হয়ে যাওয়ার পর আল্লাহ্‌র জন্য নির্ধারিত অংশ থেকে নিয়ে এই বলে ব্যয় করে যে, আল্লাহ্ ধনী তার সম্পদের প্রয়োজন নেই। এখানে তারা আল্লাহ্‌র চেয়ে তাদের উপাস্যদেরকে প্রাধান্য দেয়। পক্ষান্তরে তাদের উপাস্যদের অংশ থেকে নিয়ে কখনো আল্লাহ্‌র নির্ধারিত খাত যেমন দান-খয়রাত করা, আত্মীয়-স্বজনের অধিকার রক্ষা ইত্যাদি কাজে ব্যয় করে না। কিন্তু এসব খাতের অর্থ তাদের দেবতার রক্ষণাবেক্ষণের জন্য ব্যয় করে। এভাবে তাদের মনগড়া নিয়ম তৈরি করে আল্লাহ্‌র উপর তাদের মনগড়া উপাস্যদের প্রাধান্য দিয়ে যা করছে তা খুবই নিকৃষ্ট।

৬:১৪১। যে লতাযুক্ত গাছে মাচার প্রয়োজন হয় তাকে 'মারুশাত' আর যে বৃক্ষ নিজের কান্ডের উপর দাঁড়াতে পারে, মাচার প্রয়োজন হয় না তাকে 'গাইর মারুশাত' বলা হয়।

৬:১৪১। ফসলের যাকাতকে উশর বলা হয়। হযরত সালেম ইবনে আব্দুল্লাহ্ (রা.) তার পিতা থেকে এবং তিনি রাসূল (সা.) থেকে বর্ণনা করেন। রাসূল (সা.) বলেন, বৃষ্টি ও ঝরণার পানিতে যে জমি সিক্ত হয় তার এক দশমাংশ (যাকাত হিসেবে) প্রদেয় এবং যাতে সেচ দিতে হয় তাতে অর্ধেক উশর অর্থাৎ ২০ ভাগের ১ ভাগ (যাকাত হিসেবে) প্রদেয়-(বুখারী)।

৭:৩১। নামাজের সময় সুন্দর পোশাক পরিধান করা উত্তম। এ বিষয়ে ইসলাম উৎসাহ প্রদান করে। আমর বিন শুআইব (রা.) তার পিতা থেকে তিনি তার দাদা থেকে বর্ণনা করেন, রাসূল (সা.) বলেছেন, "নিশ্চয় আল্লাহ্ পাক তাঁর বান্দার উপরে তাঁর নেয়ামত বা অনুগ্রহের চিহ্ন দেখতে ভালবাসেন"। (জামে তিরমিযী, কিতাবুল আদাব)

৭:৩২। **সুন্দর ও পরিপাটি থাকা উত্তম:** যারির ইবনে আব্দুল্লাহ্ থেকে বর্ণিত, একজন বলেন, রাসূল (সা.) আমাদের কাছে আসলেন এবং এক ব্যক্তিকে দেখলেন যার মাথার চুল এলোমেলো ছিল। তখন রাসূল (সা.) বললেন, এ লোকটি কি তার মাথার চুল আঁচড়ানোর মত কিছুই পায়নি? আরেকজনের কাপড় ময়লা দেখে বললেন, এ লোকটি কি কাপড় পরিষ্কার করার মত কোন পানি পায় নি? (সুনান আবু দাউদ)।

৭:৩৯। অর্থাৎ যাদেরকে অনুসরণ করা হয়েছিল তারা তাদের অনুসারীদের অভিযোগের জবাবে বলবে।

৭:৬৫। সূরা আহকাফের ২১ নং আয়াত অনুযায়ী আদ সম্প্রদায়ের বসবাস ছিল আহকাফে। আহকাফ অর্থ বালুর পাহাড়। ইয়েমেনের রাজধানী সানা থেকে ৭৭৭ কিলোমিটার পূর্বে অবস্থিত হাদরামাউত এর পূর্বাংশ ও উমানের রাজধানী মাসকট থেকে ১০৪০ কিলোমিটার দক্ষিণে অবস্থিত জিফার নামক প্রদেশের অঞ্চল নিয়ে এলাকাটি গঠিত। আদ সম্প্রদায়ের ধ্বংসের পর তাদের নবী হূদ (আ.) হাদরামাউত এলাকায় বসবাস করেছেন। তার মৃত্যুর পর তাকে তারীফ শহরের পূর্বে বারহুত উপত্যাকায় দাফন করা হয়।

৭:৯৪। পূর্ববর্তী যেসব উম্মতের কাছে নবী-রাসূল প্রেরণ করা হয়েছিল তাদেরকে আল্লাহ্ দুঃখ-কষ্ট ও অভাব-অনটন দ্বারা যেমন পরীক্ষা করেছেন তেমনি সুখ-শান্তি ও প্রাচুর্য দান করেও পরীক্ষা করেছেন। এ আয়াতে দুঃখ দুর্দশার কথা ও পরবর্তী আয়াতে সুখ স্বাচ্ছন্দের বিষয়টি উল্লেখ করা হয়েছে। আল্লাহ্ তাদেরকে কষ্ট ও অভাব-অনটনে নিপতিত করেছিলেন যেন তারা দুঃখ কষ্ট দূর করার জন্য আল্লাহ্‌র সামনে মাথানত করে ও আল্লাহ্‌র নবীর বিরোধিতা বন্ধ করে তার ডাকে সারা দেয়। কিন্তু তারা তা করেনি। এরপর আল্লাহ্ তাদেরকে অভাব-অনটনের স্থলে প্রাচুর্য দান করেন যেন তারা আল্লাহ্‌র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তার নবীর ডাকে সাড়া দেয়। কিন্তু তারা সেটাও করেনি। তখন আল্লাহ্‌র পক্ষ থেকে শাস্তি এসে তাদেরকে ধ্বংস করে দেয়।

৭:১০৮। হাত জামার গলার ভেতর প্রবেশ করিয়ে বের করলে তা থেকে তৎক্ষণাৎ অতিশুভ্র উজ্জ্বল স্নিগ্ধ আলো বিচ্ছুরিত হতো-(সূরা নামল, আয়াত-১২, সূরা কাছাছ, আয়াত-৩২ দ্রষ্টব্য)। তার হাতটিকে কালিমা মুক্ত নিখুঁত চাঁদের টুকরোর মত মনে হত। এটি মূসা (আ.) এর একটি মুজিযা ছিল-(ইবনে কাছীর ও সাফওয়াতুত তাফাসীর)।

৭:১৪২। মহান আল্লাহ্ প্রদত্ত ওয়াদা মোতাবেক মূসা (আ.) তাওরাত প্রাপ্তির জন্য সিনাই পর্বতে অবস্থান করে প্রথমে ৩০ দিন সিয়াম (রোযা) পালন করেন। পরে আল্লাহ্র নির্দেশে আরও ১০ দিন বৃদ্ধি করে মোট চল্লিশ দিন পূর্ণ করেন। এরপর মহান আল্লাহ্র সাথে মূসা (আ.) এর কথোপকথন হয় এবং তাকে আল্লাহ্ তাওরাত কিতাব দান করেন।

৭:১৫৭। অর্থাৎ কুরআন। এ কিতাব গোমরাহী দূর করে আলোর সন্ধান দেয় ও পথ প্রদর্শন করে তাই একে নূর (আলো) বলা হয়েছে।

৭:১৭৬। 'যদি তুমি একে ধাওয়া কর' অনুবাদটি লিসানুল আরাব এবং তাফসীরে আত্তাহরীর ওয়াত্ তানভীন, ইবনে আশুর থেকে যাচাই করা হয়েছে।

৭:২০৫। **সকাল-সন্ধ্যায় আল্লাহ্কে স্মরণ করা:** রাসূল (সা.) বলেছেন, যে ব্যক্তি আল্লাহ্কে স্মরণ করে এবং যে ব্যক্তি আল্লাহ্কে স্মরণ করে না তাদের দৃষ্টান্ত হলো জীবিত ও মৃতের মত। সালাত আদায়, কুরআন তিলাওয়াত, ভাল কাজে মনোনিবেশ, আল্লাহ্র ভয়ে খারাপ কাজ হতে বিরত থাকা, সর্বদা মনে মনে আল্লাহ্র গুণগান করা ও শুকরিয়া আদায় করা ইত্যাদি যিকির এর অন্তর্ভুক্ত।

৮:৫। বদর যুদ্ধে কুরাইশদের শোচনীয় পরাজয় হয়। যুদ্ধে প্রচুর যুদ্ধলব্ধ সম্পদ পাওয়া গেল। রাসূল (সা.)-এর নির্দেশে সেগুলোকে একত্রিত করে রাখা হল। যখন রাত্রি হল তখন রাসূল (সা.) যুদ্ধলব্ধ সম্পদ বণ্টন করতে শুরু করলে মুজাহিদদের মধ্যে বিতর্ক শুরু হয়ে যায় যে, যারা শত্রুর সাথে সরাসরি যুদ্ধে নেমে ছিলেন তাঁরা বললেন, আমরাই এর হকদার, শত্রুর কাছ থেকে এ সম্পদ আমরাই ছিনিয়ে এনেছি। আর যারা রাসূল (সা.)-এর রক্ষনাবেক্ষণ করেছিলেন তাঁরা বললেন, আমাদের এই আশঙ্কা ছিল যে, না জানি রাসূল (সা.) কোন বিপদে পতিত হন। সুতরাং আমারা একটা গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত ছিলাম। প্রত্যেকের পক্ষেই যুক্তি ছিল খুবই জোড়ালো। ব্যক্তিগতভাবে কোন কোন মুজাহিদের কাছে শত্রুদের কাছ থেকে পাওয়া তরবারীটি খুবই পছন্দের হয়ে যায় এবং একজন যোদ্ধা হিসেবে তার নিজের জন্য হয়ে যাবে এটা পছন্দ করাটাই স্বাভাবিক। সুতরাং এ বিতর্ক থেকে বের হওয়ার জন্য আল্লাহ্পাক যুদ্ধলব্ধ সম্পদ সম্পর্কে বিধান দেন যে, যুদ্ধলব্ধ সম্পদ আল্লাহ্ ও রাসূলের, সুতরাং এ বিষয়ে আর বিতর্ক না করে পরস্পর পরস্পরের সাথে আপোষ-নিষ্পত্তি করে নাও। রাসূল যাকে যা দিবে তাই মেনে নাও, অর্থাৎ আল্লাহ্ ও রাসূলের আনুগত্য কর। আল্লাহ্ তায়ালার এই ফয়সালা আপাত দৃষ্টিতে তোমাদের ভাল না লাগলেও এটিই সত্য-সঠিক। এর প্রমাণ যেমন তোমরা বিতর্ক করেছিলে যুদ্ধের দিকে না গিয়ে অন্যদলের (অর্থাৎ বাণিজ্য কাফেলার) দিকে যাওয়ার পক্ষে; যুদ্ধের দিকে যাওয়াটা তোমাদের কেউ কেউ অপছন্দ করেছিলেন। মনে করেছিল যে, তোমাদেরকে মৃত্যুর দিকে তাড়িয়ে নেয়া হচ্ছে। কিন্তু আজ আল্লাহ্ ইচ্ছায় সত্য প্রতিষ্ঠিত হয়েছে, কাফিরদের মূল কেটে গিয়েছে। পরবর্তীতে আল্লাহ্ তায়ালা যুদ্ধলব্ধ সম্পদ (আনফাল), অর্থাৎ গণিমতের বণ্টন কিভাবে হবে তা এ সূরার ৪১নং আয়াতে উল্লেখ করেছেন। আর বিনা যুদ্ধে যে সম্পদ মুসলমানদের হস্তগত হয় তাকে আল্লাহ্ তায়ালা সূরা হাশ্র, নং ৫৯, আয়াত ৬-৭ এ 'ফাই' হিসেবে ঘোষণা দিয়েছেন এবং তার বণ্টন ব্যবস্থা কি হবে তাও বলে দিয়েছেন।

৮:৬। মক্কী যুগের শেষের তিন-চার বছরে ইয়াসরিবে (মদীনায়) ইসলামের আলো ছড়িয়ে পড়তে থাকে। অবশেষে নবুয়্যতের দ্বাদশ বছরে হজ্জের সময় ৭৫ জনের একটি প্রতিনিধি দল হজ্জ করতে গিয়ে রাসূল (সা.)-এর কাছে বাইয়াত গ্রহন করেন এবং রাসূল (সা.)-কে হিজরতের জন্য আমন্ত্রণ জানান। একে একে মক্কার মুসলিমরা হিজরত করে মদীনায় এসে একত্রিত হতে থাকেন। অবশেষে রাসূল (সা.) নিজেও হিজরত করে মদীনায় চলে আসেন। মক্কা থেকে সিরিয়ার দিকে যে বাণিজ্য পথ তৈরি হয়েছিল তা ছিল লহিত সাগরের কিনারা ধরে মদীনার পাশ দিয়ে। তাই রাসূল (সা.) মদীনা ও লোহিত সাগরের উপকূলের মধ্যবর্তী এ বাণিজ্য পথের আশেপাশে যেসব গোত্র বসবাস করত তাদের সাথে মৈত্রী চুক্তি অথবা নিরপেক্ষতার চুক্তি করলেন এবং কুরাইশদের দুঃস্কর্মের মোকাবেলায় তাদের বাণিজ্য কাফেলাকে ভীত-সন্ত্রস্ত করার জন্য বাণিজ্য পথের উপর ছোট ছোট বাহিনী পাঠাতে থাকলেন, যার কোন কোনটিতে তিনি নিজেও উপস্থিত থাকতেন, তবে মদীনার কোন আনসারকে তিনি এ বাহিনীতে শরীক রাখতেন না। এটা যেন ছিল কাফের কুরাইশ এবং মুসলিম মুহাজিরদের মধ্যে এক অঘোষিত যুদ্ধ। ঠিক এই অবস্থাতেই আবু সুফিয়ানের নেতৃত্বে কুরাইশদের এক বিরাট বাণিজ্য কাফেলা সিরিয়া থেকে মক্কার দিকে যাচ্ছিল। মুসলমানদের কোন শক্তিশালী দল তাদের উপর অতর্কিতে আক্রমণ করতে পারে এ আশঙ্কায় আবু সুফিয়ান এক ব্যক্তিকে মক্কা অভিমুখে পাঠিয়ে দিল। লোকটি মক্কায় পৌঁছেই প্রাচীন প্রথা অনুযায়ী নিজের উটের কান কেটে ফেলল, উটের পিটের আসন উল্টে দিল এবং নিজের জামা সামনের দিকে ও পিছনের দিকে ছিঁড়ে ফেলে চিৎকার করে বলতে থাকল, হে কুরাইশরা! আবু সুফিয়ানের বাণিজ্য কাফেলা মুহাম্মদ ও তার সঙ্গী সাথীদের দ্বারা আক্রান্ত হয়েছে, তাতে তোমাদের যে সম্পদ আছে তা আর তোমাদের পাবার আশা নেই। এ ঘোষনা শুনে কুরাইশদের বড় বড় সর্দাররা প্রায় এক হাজার যোদ্ধা নিয়ে রণসাজে সজ্জিত হয়ে মদীনা আক্রমণের জন্য রওনা হয়ে গেল। রাসূল (সা.) চলমান ঘটনাবলির প্রতি সবসময় সজাগ দৃষ্টি রাখতেন। তিনি ভাবলেন চূড়ান্ত মীমাংসার সময় এসে গেছে। তাই তিনি এবার কেবল মুহাজিরদেরকে নিয়ে অভিযানে বের হওয়ার পরিবর্তে আনসারদেরকেও সম্পৃক্ত করলেন। বাণিজ্য কাফেলা না কুরাইশদেরকে মোকাবেলা করা সমীচীন হবে তা সবার কাছে জানতে চাওয়া হল এবং বলা হল যে, আল্লাহ্পাক তাদেরকে দু'দলের যে কোন একটির উপর বিজয়ী করবেন। জবাবে বিপুল সংখ্যক সাহাবী বাণিজ্য কাফেলার উপর আক্রমণ চালানোর পক্ষে মত প্রকাশ করলেন। আল্লাহ্পাকের ইচ্ছা ছিল তাঁর বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করবেন, বাতিলকে উচ্ছেদ করবেন। তাই রাসূল (সা.) নিজের প্রশ্নের পুনরাবৃত্তি করলেন। এ কথায় মুজাহিদদের মধ্য থেকে মিকদাদ ইবনে আমর(রা.) বললেন, হে আল্লাহ্র রাসূল আপনার রব আপনাকে যেদিকে যাওয়ার হুকুম দিচ্ছেন সেদিকেই চলুন। আমরা আপনার সাথে আছি। আমরা বণী ইসরাঈলের মত এ কথা বলব না যে, আপনি ও আপনার আল্লাহ্ দু'জনে লড়াই করুন। কিন্তু আনসারদের মতামত নেয়াটা জরুরী হয়ে পড়ল। এর আগে কোন সামরিক পদক্ষেপে তাদের জড়ানো হয়নি। আকাবার বাইয়াতে মদীনার বাহিরে গিয়ে শত্রুর মোকাবেলার কোন অঙ্গীকার ছিল না। তাই রাসূল (সা.) সরাসরি তাদেরক সম্বোধন না করে নিজের কথার পুনরাবৃত্তি করলেন। এ কথায় সাদ ইবনে মু'য়াজ (রা.) বললেন, সম্ভবত আপনি আমাদেরকে সম্বোধন করে বলছেন। আমরা আপনার উপর ঈমান এনেছি। আপনি যদি আমাদেরকে নিয়ে সমুদ্রে ঝাঁপ দেন তাহলে আমরাও আপনার সাথে সমুদ্রে ঝাঁপ দিব। আল্লাহ্ তায়ালার ইচ্ছা অনুযায়ী রাসূল (সা.)-এর সাথে মুহাজির ও আনসারগণ কুরাইশদেরকে মোকাবেলা করতে প্রস্তুত হলেও কতক সাহাবী এ সিদ্ধান্তটির ব্যাপারে, অর্থাৎ এ সত্যের ব্যাপারে রাসূল (সা.) -এর সাথে বিতর্ক করল এই ভেবে যে, যেন তাদেরকে মৃত্যুর দিকে তাড়িয়ে নেয়া হচ্ছে।

৮:৭। একদল আবু সুফিয়ান-এর নেতৃত্বে সিরিয়া থেকে মক্কাগামী কাফিরদের বাণিজ্য কাফেলা, অন্যদল আবু জেহেল-এর নেতৃত্বে মুসলমানদের আক্রমণের লক্ষ্যে মক্কা থেকে বের হওয়া কাফিরদের সশস্ত্র দল।

৮:১১। বদর যুদ্ধে সংখ্যা ও সরঞ্জামের দিক দিয়ে কাফেরদের বিপুল আধিক্যের কারণে মুসলমানদের মনে কিছুটা ভীতি ও শঙ্কা কাজ করছিল। তখন আল্লাহ্র ইচ্ছায় যুদ্ধের ময়দানে ক্ষণিকের জন্য মুসলিম বাহিনী তন্দ্রাচ্ছন্ন হয়। এতে তাদের ক্লান্তি, ভীতি ও শঙ্কা দূর হয়ে যায়। অন্যদিকে বদর প্রান্তরে মুশরিকরা আগে ভাগে পানি দখলে রেখে শিবির স্থাপন করায় মুসলমানদের জন্য প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়। তখন আল্লাহ্ আসমান থেকে বৃষ্টি বর্ষণ করেন। ফলে বালু জমে শক্ত হয়ে যায় ও মুসলমানদের চলাফেরার সুবিধা হয় ও পানি সমস্যার সমাধান হয়।

৮:১৭। আল্লাহ্‌র নির্দেশে বদরের যুদ্ধে রাসূল (সা.) শত্রু বাহিনীকে লক্ষ্য করে একমুষ্টি মাটি নিক্ষেপ করেন এবং বলেন, 'তোমাদের চেহারা নষ্ট হোক'। আল্লাহ্‌র ইচ্ছায় উক্ত মাটি কাফেরদের চোখে গিয়ে পড়ে। এতে শত্রুবাহিনী দুর্বল হয়ে পড়ে ও পরাজিত হয়। আয়াতে এ ঘটনার দিকে ইঙ্গিত করা হয়েছে।

৮:১৯। বদর যুদ্ধের উদ্দেশ্যে মক্কা থেকে যাত্রার পূর্বে মুশরিকরা কা'বা ঘরের গেলাফ ধরে দোয়া করেছিল, হে আল্লাহ্‌! উভয় দলের মধ্যে যে দলটি আপনার নিকট উত্তম সে দলটিকে বিজয় দান করুন। আল্লাহ্‌ তায়ালা তাদের নিজ মুখে উচ্চারিত কথাকে যুদ্ধের ফলাফলের মধ্যে প্রকাশ করে দিলেন এবং সে থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে তাদের চলার পথ কি হওয়া উচিত তা জানিয়ে দিলেন।

৮:২৪। আল্লাহ্‌ মানুষের অতি নিকটে আছেন। মানুষের মনের উপর আল্লাহ্‌র পূর্ণ কর্তৃত্ব বিদ্যমান।

৮:২৮। অর্থাৎ আল্লাহ্‌ তায়ালা ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দিয়ে মানুষকে পরীক্ষা করে থাকেন যে, কে এগুলো পেয়ে আল্লাহ্‌র নাফরমানী করছে ও কে তাঁর আনুগত্য করছে। উল্লেখ্য, সন্তানের সুখের জন্য আল্লাহ্‌র বিধান, নীতি-নৈতিকতা ও বিবেক বিসর্জন দিয়ে অর্থ-সম্পদ অর্জন ক্ষতিকর। কিন্তু সন্তানের প্রতি পিতা-মাতার স্বভাবজাত স্নেহ-মমতা ইসলামে দূষনীয় নয় বরং প্রশংসাযোগ্য। একবার রাসূল (সা.) ভাষণ দানের জন্য মিম্বরে আরোহণ করে দেখতে পেলেন যে, হাসান ও হুসাইন দৌড়াদৌড়ি করছে এবং পা পিছলে পড়ে যাচ্ছে। তিনি ভাষণ দান বন্ধ করে মিম্বর থেকে নেমে আসলেন। শিশু দু'টির দিকে অগ্রসর হয়ে দুই বাহুতে উঠিয়ে নিলেন। তারপর মিম্বরে আরোহণ করে বললেন: হে মানুষ, তোমাদের সন্তান-সন্ততি ও ধন-সম্পদ পরীক্ষার বস্তু, আল্লাহ্‌র এ বাণী সত্য। আল্লাহ্‌র শপথ! আমি আমার দুই নাতিকে দৌড়াদৌড়ি করতে করতে পা পিছলে পড়তে দেখে নিজেকে সংবরণ করতে পারলাম না, তাই দৌড়ে গিয়ে এদের উঠিয়ে নিলাম।

৮:৩০। মদীনার আনসারগণ যখন ইসলাম কবুল করে রাসূল (সা.) ও তাঁর অনুসারীদেরকে সর্বাত্মক সাহায্যে সহযোগিতা দানের ব্যাপারে অঙ্গীকারবদ্ধ হলেন তখন রাসূল (সা.) সবাইকে এক এক করে মদীনায় হিজরত করার নির্দেশ দিলেন এবং নিজে মুষ্টিমেয় কয়েকজন সাহাবীর উপস্থিতিতে হিজরতের জন্য আল্লাহ্‌র নির্দেশের অপেক্ষায় মক্কায় অবস্থান করতে লাগলেন। এমন একটি অবস্থায় মক্কার কুরাইশ নেতৃবৃন্দ একটি সভা ডাকল। পরামর্শ সভার প্রত্যেকেই নিজ নিজ মত প্রকাশ করল। কেউ বলল, মুহাম্মদকে হাত পা বেধে গৃহে অন্তরীন রাখা হোক, আবার কেউ বলল, তাকে নির্বাসিত করাই যথেষ্ট। আবু জেহেল বলল, প্রত্যেক গোত্র হতে একজন প্রতিনিধি মনোনীত করা হোক এবং এরা সবাই একযোগে তাকে হত্যা করবে। বনী হাশেম একাকী আমাদের সকল গোত্রের মোকাবেলা করতে পারবে না, ফলে আমরা যে রক্তপন দিব তা নিয়েই সন্তুষ্ট থাকতে বাধ্য হবে, আমরাও শান্তি লাভ করব। সবাই এ মতের সাথে একাত্মতা প্রকাশ করেছিল। আয়াতে এ ঘটনার দিকেই ইঙ্গিত করা হচ্ছে।

৮:৩১। আল্লাহ্‌পাক কুরআনে পূর্ববর্তী নবী রাসূলদের ইতিহাস এবং বিভিন্ন জাতির উত্থান পতনের কাহিনী সঠিক তথ্যসহ বর্ণনা করেছেন সেগুলো থেকে শিক্ষা নেয়ার জন্য। মক্কার মুশরিকরা এগুলোর শিক্ষাকে উপেক্ষা করেছিল। এগুলোর সত্য সঠিক বর্ণনাকে খেয়াল না করে কেবল পূর্ববর্তী ঘটনা সংশ্লিষ্ট বর্ণনা হওয়াতেই বলছে যে, এগুলো পূর্ববর্তীদের উপকথা, এরকম বলতে আমরাও পারি।

৮:৩২। এ কথাগুলো তারা দোয়া অর্থাৎ ইতিবাচক দৃষ্টিতে বলতো না, বরং নেতিবাচক দৃষ্টিতে বলত। তারা মনে মনে ভাবত যে, যদি এটি যথার্থই সত্য হত এবং আল্লাহ্‌র পক্ষ থেকে হত, তাহলে একে মিথ্যা বলার ফলে তাদের উপর আযাব হিসেবে পাথর বৃষ্টি হত। আর যখন তা হয়নি তখন এর অর্থ হচ্ছে, এটি সত্য নয় এবং আল্লাহ্‌র পক্ষ থেকেও আসেনি।

৮:৪১। অর্থাৎ বদরের যুদ্ধের দিন। সে দিন ইসলাম তথা সত্যের জয় হয়েছিল ও কুফর তথা মিথ্যা পরাজিত হয়েছিল।

৮:৪২। বদর উপত্যকার মদীনার নিকটবর্তী প্রান্তটিকে নিকট প্রান্ত আর বিপরীত প্রান্ত যে দিকে কাফিরদের অবস্থান ছিল, সেটিকে দূর প্রান্ত বলা হয়েছে। নিম্নভূমি বলতে লোহিত সাগরের উপকূলবর্তী পথকে বুঝানো হয়েছে যে পথ ধরে সিরিয়া থেকে রসদপত্র নিয়ে মক্কার ইসলাম বিরোধী মুশরিকদের বাণিজ্যিক কাফেলা মক্কার দিকে এগিয়ে যাচ্ছিল।

৮:৪৮। বদর যুদ্ধে শয়তান বনী কিনানা গোত্রের নেতা সুরাকা ইবন মালিকের রূপ ধারণ করে মক্কার মুশরিকদের উৎসাহ যোগচ্ছিল কিন্তু আল্লাহ্‌র ইচ্ছায় মুসলমানদের সাহায্যে আসমান থেকে জিবরাঈল (আ.) ও অন্যান্য ফেরেশতাদের অবতীর্ণ হতে দেখে পলায়ন করার সময় আবু জেহেলকে লক্ষ্য করে শয়তান এ উক্তি করেছিল।

৮:৪৯। এখানে মুনাফিক বলতে খাযরাজ গোত্রের নেতা আবদুল্লাহ্‌ ইবনে উবাই ও তার কতক সহচরের কথা বলা হয়েছে। মুনাফিক আবদুল্লাহ্‌ ইবনে উবাই প্রথম থেকেই রাসূল (সা.)-কে মেনে নিতে পারেনি। হিজরত করে রাসূল (সা.) মদীনায় আসার পূর্বে আবদুল্লাহ্‌ ইবনে উবাইকে মদীনাবাসীরা নেতা নির্বাচন করার উপর ঐকমত্যে পৌছেছিল এবং তার মাথার মুকুটও তৈরি হচ্ছিল। রাসূল (সা.)-এর আগমনে সেই আশায় গুড়েবালি পড়ল। খাযরাজ গোত্রের অন্যান্যরা যেহেতু রাসূল (সা.)-এর আনুগত্য মেনে নিয়েছে তথা ঈমান এনেছে, তাই বাহ্যিক দিক থেকে সে নিজেও ঈমান এনেছে বললেও ভিতরে ভিতরে হিংসায় জ্বলে যেত, আর সে জন্যই সে মুনাফিক। এই মুনাফিক ও তার কতক সহচর নিজেরা বলাবলি করত যে, এদের (মুসলমানদের) দ্বীন এদেরকে প্রতারিত করেছে, অর্থাৎ ধর্মান্ধ বানিয়ে দিয়েছে, যার ফলে তারা এমন এক ভয়াবহ যুদ্ধের দিকে যাচ্ছে যে, তাদের জন্য কেবল ক্ষতিই অপেক্ষা করছে। তাদের এই দ্বীন তাদেরকে কিছুই দিবে না - প্রতারণা ছাড়া। আল্লাহ্‌ তায়ালা বলছেন, তাদের হৃদয় ব্যাধিগ্রস্ত। এই ব্যাধিগ্রস্তরা অন্য কোন দল নয়। 'ও' দিয়ে বাক্য বিন্যাসের ফলে মনে হতে পারে এরা অন্য কোন দল। বরং এটি হচ্ছে মুনাফিকদের একটি বৈশিষ্ট্য। এরকম বর্ণনা ভঙ্গি কুরআনে আরো অনেক জায়গায় রয়েছে যেখানে 'ও' দিয়ে বাক্য বিন্যাসের ফলে ভিন্ন কোন বিষয়কে বুঝানো হয়নি। দেখুন সূরা আলে ইমরান নং ৩, আয়াত ৫৮-এর তাফসীর। আর এই মুনাফিকরা কাফের। সুতরাং ফেরেশতারা তাদের মৃত্যু ঘটায় তাদের চেহারায় ও তাদের পিছনে আঘাত করে করে (আয়াত নং ৫০)।

৮:৫৬। এখানে ইহুদী গোত্র বনু কাইনুকার প্রতি ইঙ্গিত করা হয়েছে। এরা ইসলামের ক্রমবর্ধমান উন্নতিকে ভাল চোখে দেখছিল না। রাসূল (সা.) মদীনায় এসে মদীনা ও মদীনার উপকণ্ঠে যেসব গোত্রের সাথে মৈত্রী চুক্তি করেন যা মদীনা সনদ নামে পরিচিত, বনু কাইনুকা তাদের একজন। এরা মদীনার অভ্যন্তরে বসবাস করত। খাযরাজ গোত্রের সাথে তাদের মিত্রতা ছিল। তারা সাধারণ লোকদেরকে ইসলাম গ্রহণ হতে বিরত রাখার জন্য ষড়যন্ত্রমূলকভাবে সকালে ইসলাম গ্রহণ করে বিকালে তা প্রত্যাখ্যান করত এই বলে যে, আমরা যাচাই করে বুঝতে পেরেছি, ইনি সে নবী নন যাঁর আবির্ভাবের কথা আমাদের কিতাবে উল্লেখ আছে (দেখুন সূরা আলে ইমরান নং ৩, আয়াত ৭২-এর তাফসীর)। বদর যুদ্ধে কুরাইশদের শোচনীয় পরাজয়ে হিংসা আরো বেড়ে যায়। ইহুদীরা আশা করেছিল যে, এই যুদ্ধে কুরাইশ শক্তির বিরুদ্ধে যুদ্ধ করতে গিয়ে মুসলমানরা ধ্বংস হয়ে যাবে। তারা তাদের বাজারে

যাতায়তকারী মুসলমানদেরকে বিশেষ করে মুসলিম মহিলাদেরকে উত্যক্ত করতে শুরু করল। একদিন তাদের বাজারে এক মুসলিম নারীকে সবার সামনে বিবস্ত্র করে ফেলে। শুরু হয়ে যায় হাঙ্গামা, এতে একজন মুসলিম শহীদ হন ও একজন ইহুদী নিহত হয়। রাসূল (সা.) তাদেরকে সততার পথ অনুসরণ করার উপদেশ দিলেন। কিন্তু প্রত্যুত্তরে তারা বলল, মুহাম্মদ! সম্ভবত তুমি আমাদেরকেও কুরাইশ মনে করেছ। যুদ্ধ বিদ্যায় তারা ছিল অনভিজ্ঞ। তাই তুমি তাদেরকে পরাস্ত করতে সক্ষম হয়েছ। আমাদের সাথে যুদ্ধ করলে জানতে পারবে পুরুষ লোক কাকে বলে। এটা ছিল সুস্পষ্ট যুদ্ধ ঘোষনার শামিল। এভাবেই তারা প্রত্যেকবার অর্থাৎ একের পর এক চুক্তি ভঙ্গ করতে থাকে।

৮:৬০। মুসলমানদের ভূখন্ডের সীমান্ত পাহারা দেয়া অত্যন্ত মর্যাদার কাজ। রাসূল (সা.) বলেছেন, আল্লাহ্‌র পথে একদিন সীমান্ত প্রহরায় নিয়োজিত থাকা দুনিয়ার সবকিছু থেকে উত্তম। (সহীহ বুখারী ও মুসলিম)

৮:৬১। ইহুদী গোত্র বনু কাইনুকা প্রত্যেকবার অর্থাৎ বার বার চুক্তির শর্তাবলী ভঙ্গ করার পরও রাসূল (সা.)-কে বলা হচ্ছে শান্তির পথ বেছে নিতে, অর্থাৎ চুক্তি বহাল রাখতে এবং আল্লাহ্‌র উপর ভরসা করতে। ইসলাম যে কখনো আগ্রাসী ভূমিকাকে উৎসাহিত করে তা এ আয়াত থেকে স্পষ্টতই বোঝা যায়।

৮:৬২। ইহুদী গোত্র বনু কাইনুকা যেহেতু বার বার চুক্তির শর্তাবলী ভঙ্গ করেছে তাই পুনরায় যে ভঙ্গ করবে না এমনটি হতে পারে না - এভাবে ভাবাটাই স্বাভাবিক। এ রকম একটা মানসিক পরিস্থিতির পরও রাসূল (সা.)-কে চুক্তি বহাল রাখার পক্ষেই প্রস্তাব দিতে হচ্ছে। তাই আল্লাহ্ তায়ালা রাসূল (সা.)-কে আশ্বস্ত করছেন এই বলে যে, নিশ্চয় তোমার জন্য আল্লাহ্‌ই যথেষ্ট। যদি তারা তোমকে ধোকা দেয়ার জন্য বলে যে, তারা চুক্তি মেনে চলবে, অথচ পরবর্তীতে সুযোগ পেলেই ইসলামের তথা তোমার ক্ষতি করার চেষ্টা করবে, তবে তা মোকাবেলার দায়িত্ব আল্লাহ্‌রই। তুমি তোমার দিক থেকে শান্তির পথ বেছে নেয়ার প্রস্তাব কর। উল্লেখ্য, ইতিহাস থেকে জানা যায় যে, বনু কাইনুকা দম্ভভরে রাসূল (সা.)-কে এমন উত্তর দেয় (৫৬নং আয়াতের তাফসীরে যার উল্লেখ রয়েছে) যা ছিল সুস্পষ্ট যুদ্ধ ঘোষনার শামিল। অতঃপর রাসূল (সা.) মুসলিমদেরকে নিয়ে বনু কাইনুকার আবাসস্থলকে অবরোধ করেন। মাত্র ১৫দিন অবরোধ চলার পরই তারা আত্মসমর্পণ করে। তারা তাদের মিত্র মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই এর মধ্যস্থতায় সমস্ত অর্থ-সম্পদ, অস্ত্র-শস্ত্র এবং শিল্প সরঞ্জাম রেখে মদীনা থেকে তিন দিনের ভেতর অন্যত্র (সিরিয়া) চলে যেতে বাধ্য হয়।

৮:৬৫। এ আয়াত বিশেষ প্রেক্ষাপটে অবতীর্ণ হয়। শত্রুরা মক্কার মুসলমানদের উপর তের বছর নিষ্ঠুর নির্যাতন চালিয়েছে। তাদের নির্যাতনে অতিষ্ট হয়ে মুসলমানগণ মাতৃভূমি ত্যাগ করে সুদূর আফ্রিকার ইথিওপিয়ায় আশ্রয় নিয়েছিল। তারা সেখান থেকে মুসলমানদের বহিস্কারের চেষ্টা করেছে। মুসলমানরা মাতৃভূমি ছেড়ে মদীনায় আশ্রয় নিয়েছিল। তারা মদীনার উপকণ্ঠে মুসলমানদের উপর বারবার হামলা করেছে। মূলত শত্রুরা মুসলমানদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ শুরু করেছিল। এমতাবস্থায় অস্তিত্ব রক্ষার্থে প্রতিরোধ যুদ্ধ ছিল মুসলমানদের একমাত্র বিকল্প। সে যুদ্ধের জন্যই রাসূল (সা.) কে উদ্বুদ্ধ করার নির্দেশ দেয়া হয়েছে।

৮:৬৭। বদরের যুদ্ধবন্দীদের মধ্যে বেশ কিছু বন্দীর অতীত অপরাধ এত বেশী ছিল যে, তারা মৃত্যুদন্ডের উপযুক্ত ছিল। তারা দীর্ঘ তের বছর নিরীহ নিরস্ত্র মুসলমান নারী পুরুষদের উপর নিষ্ঠুর নির্যাতন করেছে। এহেন জঘন্য অপরাধীদের মুক্তিপণের বিনিময়ে ছেড়ে দেয়ার মত নমনীয় নীতি গ্রহণ করায় এ আয়াতে নবী (সা:) কে কিছুটা ভৎর্সনা করা হয়েছে। অন্যথায় সাধারণভাবে যুদ্ধ বন্দীদেরকে বন্দী বিনিময়ের মাধ্যমে কিংবা অর্থের বিনিময়ে কিংবা সাধারণ ক্ষমার মাধ্যমে মুক্তি দেয়ার বিধান রয়েছে (সূরা মুহাম্মদ ৪ নং আয়াত দ্রষ্টব্য)। অধিকন্তু, যুদ্ধবন্দীদের সঙ্গে সমাজের দুর্বল ও অসহায় শ্রেণীর মত সহানুভূতিশীল আচরণ করতে উৎসাহিত করা হয়েছে। আল্লাহ্‌র সন্তুষ্টি লাভকারী জান্নাতী বান্দাদের গুণাবলী বর্ণনা করে আল্লাহ্ বলেন, 'তারা আল্লাহ্‌র ভালবাসায় উদ্বুদ্ধ হয়ে এতীম, মিসকীন ও বন্দীদের খাবার দেয়।' (সূরা ইনসান, আয়াত ৮-৯)।

৮:৬৭। বদর যুদ্ধে অংশগ্রহণকারী কাফির মুশরিকরা রাসূল (সা.) ও ইসলামকে নিশ্চিহ্ন করার জন্য বদ্ধপরিকর ছিল। ইসলামের এ চরম দুশমনরা মুসলমানদের হাতে যুদ্ধবন্দী হলে তাদের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাসূল (সা.) সাহাবীদের সাথে পরামর্শ করেন এবং তাদের হত্যা না করে বরং বিভিন্ন প্রকার মুক্তিপণ গ্রহণের মাধ্যমে মুক্তি দেয়ার সিদ্ধান্ত প্রদান করেন। এ আয়াতে এরূপ সিদ্ধান্তের কিছুটা সমালোচনা করা হয়েছে। এরূপ সমালোচনা কেবল বদরের যুদ্ধ বন্দীদের ব্যাপারে করা হয়েছে। অন্যথায় সাধারণ যুদ্ধ বন্দীদের প্রতি সদয় আচরণ, মুক্তিপণের বিনিময় অথবা কোন বিনিময় ছাড়াই মুক্তি দেওয়ার বিধান ইসলামের রয়েছে-(সূরা মুহাম্মদ, আয়াত-৪, সূরা আল ইনসান, আয়াত-৮ দ্রষ্টব্য)। উল্লেখ্য, বদরের মুশরিক যুদ্ধবন্দীরা মুক্তিপণের বিনিময়ে মুক্তি পেয়ে পরবর্তীতে ইসলামকে নিশ্চিহ্ন করার জন্য আরও বেপরোয়া হয়ে উঠে এবং বদরের পরাজয়ের প্রতিশোধ নেওয়ার জন্য মদিনা আক্রমণ করে ওহুদ যুদ্ধের সূত্রপাত ঘটায় যেখানে মুসলমানদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়।

৮:৬৯। ইসলাম ও মুসলমানদের কট্টর দুশমনদের মুক্তিপণ নিয়ে ছেড়ে দেয়ার সিদ্ধান্তকে সূরা আনফাল এর ৬৭ নং আয়াতে কিছুটা সমালোচনা করায় সাহাবীগণের মনে গনীমতের মাল ও মুক্তিপণের অর্থ তাঁদের জন্য হালাল হওয়ার ব্যাপারে যে সংশয়ের সৃষ্টি হয় তা নিরসনের উদ্দেশ্যে এ আয়াত অবতীর্ণ হয়।

৮:৭০। বন্দীদের কেউ কেউ বলেছিল যে, তারা অন্তরে মুসলিম, যদিও পরিস্থিতির চাপে তাদেরকে যুদ্ধে অংশগ্রহণ করতে হয়েছে, যেমন আব্বাস (রা.)। এদের সম্পর্কে বলা হয়, তারা সত্য বলে থাকলে মুক্তিপণ হিসেবে প্রদত্ত অর্থের বিনিময়ে আল্লাহ্ তাদেরকে আরও উত্তম বস্তু দিবেন ও তাদেরকে ক্ষমা করবেন।

৯:০০। সাধারণত একটি সূরাকে অন্য সূরা হতে পৃথক করার জন্য সূরার শুরুতে 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' লিখা হত। কিন্তু এ সূরার শুরুতে মহানবী (সা.) 'বিসমিল্লাহ্' লিখাননি এবং এ সূরা কোন্ সূরার অংশ তাও বলে যাননি। সে কারণে তৃতীয় খলীফা হযরত উসমান (রা.) কর্তৃক সংকলিত মাস্‌হাফ-ই উসমানীতেও এ সূরার শুরুতে বিস্‌মিল্লাহ্ লিখা হয়নি। সূরা আনফাল এর পূর্বে অবতীর্ণ হওয়ায় সেটি এর পূর্বে সন্নিবিষ্ট হয়েছে। সূরাটি সূরা আনফাল-এর সঙ্গে পঠিত হলে বিসমিল্লাহ্ পড়া হয় না, অন্যথায় শুরুতেই এটি পঠিত হলে বিসমিল্লাহ্ পড়া হয়। তাওবা নামকরণের কারণ, এ সূরার ১১৭, ১১৮নং আয়াতে তওবা কবুলের উল্লেখ রয়েছে। এই সূরাকে 'বারাআত' (অর্থাৎ সম্পর্কচ্ছেদ) নামেও নামকরণ করা হয়ে থাকে। সূরার প্রথম আয়াতে ইসলামকে নিশ্চিহ্ন করার ষড়যন্ত্রে লিপ্ত মুশরিকদের সাথে সকল সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দেওয়া হয়েছে। তাই এ সূরাকে 'বারাআত' নামে নামকরণ করা হয়েছে।

৯:৫। এ আয়াতে মক্কাবাসী মুশরিকদের উদ্দেশ্যে ফরমান জারি করা হয়েছে যারা সীমালঙ্ঘন করেছিল, চুক্তি ভঙ্গ করেছিল, মক্কায় তের বছর ধরে মুসলমানদের অকথ্য নির্যাতন করেছিল এবং শুধু ঈমান আনার অপরাধে তাদেরকে তাদের ঘর-বাড়ি থেকে উচ্ছেদ করেছিল। তারা মাতৃভূমি ত্যাগ করে মদীনায় আশ্রয় গ্রহণকারী মুসলমানদের বিরুদ্ধে নয় বছর যুদ্ধ চালিয়েছিল, সুদূর মক্কা থেকে মদীনার উপকণ্ঠে মুসলমানদেরকে হামলা ও অবরোধ

করেছিল। তাদের বিরুদ্ধে এমন একটি ফরমান জারি করা ন্যায় সঙ্গত ছিল। অধিকন্তু নিরাপত্তার খাতিরে এরূপ জরুরী আইন/ফরমান জারি করা যথার্থ ছিল। তদুপরি রক্তপাত এড়ানোর জন্য তাদেরকে ৪ মাস সময় দেয়া হয়েছে। আয়াতে হত্যা করার বিষয়টি যেমন রয়েছে তেমনি বন্দী করার কথাও বলা হয়েছে। ঘোষিত ৪ মাস অতিবাহিত হওয়ার পর তাদের বন্দী হিসেবে গ্রেফতার করা এবং অপরাধের মাত্রা অনুযায়ী কাউকে মৃত্যুদন্ড দেয়া, কাউকে মুক্তিপণের বিনিময়ে মুক্তি দেয়া আবার কাউকে কোন বিনিময় ছাড়াই ক্ষমা করে দেয়ার বিধান রাখা হয়। যুদ্ধ বন্দীদের বিষয়ে রাসূল (সা.) তাই করেছেন। উপরন্তু এ আয়াতের পূর্ববর্তী আয়াতে মুশরিকদের মধ্যে যাদের সাথে মুসলমানদের চুক্তি বলবৎ রয়েছে এবং যারা চুক্তি ভঙ্গ করেনি তাদেরকে ফরমানের আওতার বাইরে রাখা হয়েছে। আবার পরবর্তী আয়াতে মুশরিকদের মধ্যে যে আশ্রয় প্রার্থনা করবে তাকে আশ্রয় দিয়ে তাকে এমন নিরাপদ স্থানে পৌঁছে দিতে বলা হয়েছে যেখানে সে নিরাপত্তা বোধ করবে।

৯:২৫। হুনাইন: বর্তমান সৌদি আরবের তায়েফের নিকতবর্তী একটি উপত্যকা। এর বর্তমান নাম নাখলুশ শারাঈ। এটি মসজিদে হারাম থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে অবস্থিত।

৯:২৫। মক্কা বিজয়ের পরপরই (৮ম হিজরী) হাওয়াযিন ও ছাকীফ গোত্রদ্বয়ের সঙ্গে এই যুদ্ধ সংঘটিত হয়। এটি হুনাইনের যুদ্ধ বলে পরিচিত। ১২ হাজার মুজাহিদ এই যুদ্ধে শরীক হয়েছিলেন। যুদ্ধের প্রথম দিকে মুসলিম বাহিনী সুবিধা করতে পারেনি। অবশ্য শেষ পর্যন্ত তাঁরাই জয়ী হয়েছিলেন। তাঁদের সংখ্যাধিক্যের জন্য নয়, বরং আল্লাহ্‌র সাহায্যেই তাঁরা সফলতা লাভ করেছিলেন।

৯:২৮। এ আয়াত নাযিল হওয়ার পর রাসূল (সা.) ঘোষণা করেন,'এ বছরের পর কোন মুশরিক হজ্জ করতে পারবে না এবং বিবস্ত্র অবস্থায় আল্লাহ্‌র ঘর তওয়াফ করতে পারবে না। (সহীহ বুখারী, কিতাবুল হজ্জ)। হারাম শরীফের পবিত্রতা ও মুসলমানদের নিরাপত্তা রক্ষার উদ্দেশ্যে এ নির্দেশ দেয়া হয়েছিল।

৯:২৯। রোমানদের বিরুদ্ধে পরিচালিত তাবুক অভিযানের জন্য এ আয়াত নাযিল হয়। ইতঃপূর্বে মুতা'র যুদ্ধে মুসলমানরা রোমান সেনাদের মোকাবিলা করেছিল। তাবুক অভিযানের কারণ ছিল, রোমানরা মদীনা আক্রমণ করার প্রস্তুতি নিচ্ছিল। মদীনার উপকণ্ঠে ঢুকে পড়ার পূর্বে সীমান্তে তাদের মোকাবিলা করার জন্য রাসূল (সাঃ) তাবুক অভিমুখে সৈন্যদল নিয়ে বের হয়েছিলেন। তখনও রোমানরা অগ্রসর হয়নি। কিন্তু উভয় পক্ষের মধ্যে কার্যত যুদ্ধ শুরু হয়ে গিয়েছিল। তৎকালীন রোমান পরাশক্তির বিরুদ্ধে যুদ্ধের কোন বিকল্প ছিল না। তাই রোমানরা পরাজয় স্বীকার না করা পর্যন্ত এ যুদ্ধ চালিয়ে যাওয়ার নির্দেশ এ আয়াতে দেয়া হয়েছে। এ আয়াতকে যুদ্ধ সংক্রান্ত অন্যান্য আয়াত থেকে বিচ্ছিন্নভাবে দেখা সঙ্গত নয়। অন্য আয়াতে যারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয় না ও শত্রুদের সাহায্য করে না এবং শান্তি চুক্তিতে আবদ্ধ থাকতে চায় তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে নিষেধ করা হয়েছে। (সূরা আন্ নিসার ৯০নং আয়াতে আল্লাহ্ বলেছেন, তারা যদি তোমাদের আক্রমণ করা থেকে বিরত হয়, তোমাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত না হয় ও সন্ধির প্রস্তাব করে তাহলে তাদের বিরুদ্ধে অন্য কোন পন্থা অবলম্বনের সিদ্ধান্ত আল্লাহ্ তোমাদের জন্য নির্ধারণ করেননি।

৯:২৯। ইসলামী রাষ্ট্রে অমুসলিমদের নিরাপত্তার ও যুদ্ধের দায়িত্ব হতে অব্যাহতি দানের বিনিময়ে যে কর দিতে হয় তাকে জিযিয়া বলা হয়।

৯:৩১। আদী ইবনে হাতিম রাসূল (সা.) কে বলেছিলেন, "তারা তো পাদ্রী-দরবেশদের ইবাদত করেনি।' তখন নবী (সা.) বললেন, 'হ্যাঁ, তারা হালালকে তাদের জন্য হারাম করেছিল এবং হারামকে তাদের জন্য হালাল করেছিল, আর তারা তাদের অনুসরণ করেছিল। এটাই তাদের ইবাদত করা।

৯:৩১। المسيح -এর অর্থ কোন কিছুর উপর যে হাত বুলায়, রোগীর উপর হাত বুলায়ে হযরত ঈসা (আ.) রোগীকে রোগমুক্ত করতেন এ অর্থে তাঁকে মসীহ্ বলা হত। শব্দটি পর্যটক অর্থেও ব্যবহৃত হয়।

৯:৩৪। স্বর্ণ-রৌপ্য সঞ্চয় করে রাখা দূষনীয় নয় যদি তার যাকাত আদায় করা হয়। ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, 'যারা স্বর্ণ ও রৌপ্য কুক্ষিগত করে রাখে, - এ আয়াতটি অবতীর্ণ হলে তা মুসলমানদের জন্য কঠিন মনে হল। এমতাবস্থায় ওমর (রা.) বললেন, 'আমি তোমাদের এ সমস্যার সমাধান করবো।' তিনি রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন, 'হে আল্লাহ্‌র নবী! এ আয়াতটি আপনার সাহাবীদের কাছে কঠিন মনে হচ্ছে।' তখন রাসূল (সা.) বললেন, 'তোমাদের অবশিষ্ট সম্পদ পবিত্র করার উদ্দেশ্যেই কেবল আল্লাহ্ যাকাত ফরয করেছেন। সম্পদ উপার্জনের ক্ষেত্রে সামান্য ত্রুটি বিচ্যুতি হয়ে থাকলে তা মাফ করে সমস্ত সম্পদ পবিত্র করার উদ্দেশ্যে যাকাত ফরয করা হয়েছে। আর তিনি উত্তরাধিকারের বিধান ফরয করেছেন কেবল এ জন্যই যাতে তোমাদের পরবর্তী বংশধররা তার অধিকারী হতে পারে।' তখন ওমর (রা.) 'আল্লাহু আকবার' বললেন। অতঃপর রাসূল (সা.) ওমর (রা) কে বললেন, 'আমি কি তোমাদেরকে মানুষের সঞ্চয় করার মত সর্বোত্তম জিনিসটির কথা বলবো?' আর তা হচ্ছে, নেক স্ত্রী যার দিকে তাকালে তার স্বামী আনন্দিত হয়, তাকে কোন আদেশ করলে সে তা পালন করে এবং স্বামীর অনুপস্থিতিতে সে (স্ত্রী) তার সবকিছু হেফাজত করে- (সুনানে আবু দাউদ, কিতাবুয যাকাত)।

৯:৩৬। **পবিত্র মাসের নাম:** আবু বাকারা (রা.) বলেন, নবী (সা.) বলেছেন, আল্লাহ্ যেদিন আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন সেদিন কাল এর আবর্তন যেরূপ ছিল, আবর্তিত হতে হতে আজও তা সে অবস্থায় বিদ্যমান রয়েছে। বছরে বার মাস। এর মধ্যে চার মাস মহাসম্মানিত (হারাম মাস)। ঐ চার মাসের মধ্যে যুলকা'দা, যুল হাজ্জাহ ও মুহাররাম মাস তিনটি পরস্পর সংযুক্ত। বাকী মাসটি হলো রজব, যেটি জুমাদা ও শা'বান মাসের মধ্যবর্তী মাস- (বুখারী)।

৯:৩৬। যিলকাদা, যিলহাজ্জ, মুহাররম ও রজব এ চার মাস الشهر الحرام (পবিত্র মাস)। এ চার মাস আরববাসীদের নিকট অতি পবিত্র ছিল, সেহেতু তারা এ চার মাসে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হত না।

৯:৩৭। স্বার্থের খাতিরে যুদ্ধের প্রয়োজন দেখা দিলে মুশরিকরা হারাম মাসকে হালাল মাস ঘোষণা করত, যেমন বলত: এ বৎসর সফর মাস মুহাররম মাসের পূর্বে আসবে ইত্যাদি।

৯:৩৮। রোমানদের বিরুদ্ধে তাবূক যুদ্ধে বের হওয়ার জন্য এ আয়াতটি অবতীর্ণ হয়। এটি ছিল এক বৃহৎ শক্তির মোকাবেলা। ইতোমধ্যে প্রচন্ড গ্রীষ্মের মওসুম এসে গেছে এবং দেশে দূর্ভিক্ষ দেখা দিয়েছে, তার উপর নতুন বছরের বহু প্রত্যাশিত ফসল কাটার সময় এসে গেছে। সব মিলিয়ে কেউ কেউ এ অভিযানে বের হতে গড়িমসি করছিল। এরই পরিপ্রেক্ষিতে এ আয়াতটি অবতীর্ণ হয়।

৯:৪১। خفافا অর্থ হাল্কা আর ثقالا অর্থ ভারি। এখানে শব্দ দু'টি দ্বারা যথাক্রমে যুদ্ধের হাল্কা সরঞ্জাম ও ভারী সরঞ্জামে সজ্জিত হওয়ার কথা বলা হয়েছে।

৯:৪৩। নবম হিজরী সালে তাবূক অভিযানের সময় মুনাফিকরা অংশগ্রহণ হতে অব্যাহতি লাভের জন্য রাসূল (সা.)-এর নিকট নানা অজুহাত তুলে ধরে। রাসূল (সা.) তাদের অজুহাত কবুল করে উক্ত অভিযানে অংশগ্রহণ থেকে তাদেরকে অব্যাহতি দিয়েছিলেন।

৯:৪৬। নারী, শিশু, পঙ্গু, রুগ্ন, যাদের জন্য যুদ্ধে না গিয়ে ঘরে বসে থাকার অনুমতি আছে মুনাফিকদেরকে তাদের মতই ঘরে বসে থাকতে বলা হয়েছে।

৯:৪৯। রোমানদের বিরুদ্ধে তাবূক যুদ্ধে না যাওয়ার বাহানা হিসেবে এক মুনাফিক রাসূল (সা.)কে বলে - যখন রাসূল তাকে যুদ্ধে যাবে কিনা জিজ্ঞেস করেছিলেন- আমাকে ফিতনায় ফেলবেন না। আমার সম্প্রদায়ের লোকেরা জানে যে, আমি মেয়েদের প্রতি ভীষণ দুর্বল। আমার ভয় হয়, রূপবতী খৃষ্টান মেয়েদের দেখে আমি সেই কঠিন ফিতনায় পড়ে যাই কিনা। এ প্রেক্ষিতেই আয়াতটি অবতীর্ণ হয়।

৯:৫২। দু'টি কল্যানের মধ্যে একটি আল্লাহ্‌র পথে শহীদ হওয়া এবং অপরটি বিজয়।

৯:৬০। 'মিসকীন' এর বৈশিষ্ট্য বর্ণনা করে রাসূল (সা.) বলেছেন, যে ব্যক্তি এক গ্রাস (লুকমাহ) অথবা দুই দুই গ্রাস খাবার ভিক্ষা করে বেড়ায় সে প্রকৃত মিসকীন নয়। প্রকৃত মিসকীন হচ্ছে সে ব্যক্তি যে অভাবী কিন্তু লজ্জার কারণে কারো কাছে চায় না।

৯:৬০। যে অমুসলিমের ইসলাম গ্রহণ করার সম্ভাবনা আছে অথবা যে নব্য মুসলিমকে কিছু দিলে তার ইসলামের প্রতি বিশ্বাস আরও দৃঢ় হবার সম্ভাবনা আছে অথবা ইসলামের বিরোধিতা থেকে বিরত রাখার জন্য রাসূল (সা.) যাদের সাথে সম্পর্ক বজায় রাখতেন তাদের সবার ক্ষেত্রেই আয়াতের এ অংশটি প্রযোজ্য। উল্লেখ্য, ইসলামের স্বার্থে তাদের সাথে মুসলমানদের এক প্রকার স্বাভাবিক সম্পর্ক ছিল- (তাফসীরে রূহুল মা'আনী)।

৯:৭১। এক মু'মিন অপর মু'মিনকে অন্যায় কাজ থেকে বিরত রাখবে। এর মাধ্যমে সে তার মু'মিন ভাইকে প্রকৃত পক্ষে সাহায্যই করে থাকে। হাদীসে এসেছে- হযরত আনাস (রা.) বলেছেন, রাসুলুল্লাহ্ (সা.) বলেছেন: "তুমি তোমার ভাইকে সাহায্য কর সে জালিম হোক অথবা মজলুম হোক।" লোকেরা বলল: হে রাসুল, মজলুমকে আমরা সাহায্য করব কিন্তু জালিমকে কিভাবে সাহায্য করব?" রাসুল বললেন: "তার দু'হাত চেপে ধরবে"-(বুখারী)। সুতরাং অন্যায় ও অবিচারকারীকে নিবৃত্ত করা মুসলমানদের সামাজিক ও পবিত্র দ্বীনি দায়িত্ব।

৯:৭১। **আল্লাহ্‌র রহমত লাভের উপযুক্ত যারা:** হযরত আব্দুল্লাহ্ ইবন উমর (রা:) বলেন, রাসূল (সা:) বলেছেন, যারা পরস্পরের প্রতি দয়া করে আল্লাহ্ তাদের প্রতি দয়া করেন। যমিনের অধিবাসীদের প্রতি দয়া কর তাহলে আসমানে যিনি আছেন (অর্থাৎ আল্লাহ্) তোমাদেরকে দয়া করবেন। যে আত্মীয়তার বন্ধন অটুট রাখবে আল্লাহ্ পাক তার সাথে সম্পর্ক অটুট রাখবেন, অপর পক্ষে যে আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে আল্লাহ্ তার সাথে সম্পর্ক ছিন্ন করবেন-(তিরমিযী, কিতাবুল বিররি ওয়াস সিলাহ)।

৯:৭৪। তাবূক অভিযান থেকে ফেরার পথে রাসূল (সা.) এক রাত্রে ঘটনাক্রমে মুসলিম বাহিনী হতে বিচ্ছিন্ন হয়ে একটি নির্জন পথ দিয়ে যাচ্ছিলেন। এ সময়ে রাসূল (সা.) এর সঙ্গে ছিলেন দু'জন সাহাবী। সুযোগ বুঝে কতিপয় মুনাফিক রাসূল (সা.)-কে আক্রমণ করতে উদ্যত হলে একজন সাহাবী সাহস করে তাদের প্রবল বাধা দেন। আল্লাহ্‌র ইচ্ছায় মুনাফিকরা পালিয়ে যেতে বাধ্য হয়। এ আয়াতে সে ঘটনার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৯:৮০। মুনাফিক সরদার 'আবদুল্লাহ্ ইবনে উবাই সারা জীবন রাসূল (সা.) এর বিরুদ্ধে চরম শত্রুতা পোষণ করা সত্বেও তার মৃত্যু হলে রাসূল (সা.) তার জানাযা পড়ান ও তার জন্য দোয়া করেন। এমনকি তার কাফনের জন্য রাসূল (সা.) নিজের জামা পর্যন্ত প্রদান করেছিলেন। বিশিষ্ট সাহাবী উমর (রা.) রাসূলের এই নীতির বিপক্ষে ছিলেন। এই প্রসঙ্গে আল্লাহ্ তাআলা এ আয়াত ও পরবর্তী ৮৪ নং আয়াত অবতীর্ণ করেন এবং ভবিষ্যতে মুনাফিকদের ব্যাপারে এরূপ করতে রাসূল (সা.) কে বারন করেন।

৯:৯০। তাবূক যুদ্ধে যারা শরীক হয়নি তাদের মধ্যে মদীনার ও মরু এলাকার কিছু মুনাফিক ছিল। মহানবী (সা.) ফিরে আসলে তারা তাঁর নিকট মিথ্যা ওযর পেশ করতে আসল। আর কিছু সংখ্যক ছিল যারা যুদ্ধেও গেল না এবং ওযর পেশ করতেও আসল না। এ দুই দল সম্বন্ধে এখানে বলা হয়েছে।

৯:৯২। তাবূক যুদ্ধে অংশগ্রহন করতে হলে অনেক পথ পাড়ি দিতে হবে এবং বাহন লাগবে। সাতজন সাহাবী ছিলেন অত্যন্ত দরিদ্র, নিজেরা বাহন জোগার করতে পারেন নি। রাসূল (সা.)-ও তাঁর অসামর্থের কথা জানালে জিহাদে না যেতে পেরে তাঁরা অশ্রুপ্লাবিত নয়নে ফিরে আসেন। ইতিহাসে তাঁরা বাক্কাউন অর্থাৎ ক্রন্দনকারী নামে পরিচিত।

৯:১০০। **মুহাজির:** যারা ইসলামের জন্য হিজরত (দেশ ত্যাগ) করেছিলেন।

৯:১০০। **আনসার:** যেসব মদীনাবাসী ইসলাম গ্রহণ করে মুহাজিরগণকে আশ্রয় দিয়ে সাহায্য করেছিলেন।

৯:১০২। হযরত আবু লুবাবাহ্ (রা.) এবং তাঁর ছয়জন সাথী মানসিক দুর্বলতার কারণে কোন প্রকার শরয়ী ওযর ব্যতিতই তাবূক যুদ্ধে অংশগ্রহন না করে ঘরে বসে থাকেন। অথচ তাঁরা সবাই ছিলেন সাচ্চা ঈমানদার। হিজরতের পূর্বেই আবু লুবাবাহ্ (রা.) আকাবার বাইয়াতের সময় ইসলাম কবুল করেছিলেন। বদর ও উহুদসহ অন্যান্য যুদ্ধেও তিনি অংশগ্রহন করেছিলেন। তাবূক যুদ্ধ যেহেতু শক্তিশালী রোমানদের বিরুদ্ধে তাই এ যুদ্ধে সকলের অংশগ্রহন ছিল ফরয। তাঁরা যখন বুঝতে পারলেন যে, এটি একটি বর ধরণের ভুল তখন ভীষণভাবে অনুতপ্ত হয়ে কোন প্রকার কৈফিয়ত তলবের আগেই তাঁরা নিজেদেরকে একটি খুঁটির সাথে বেঁধে নেন এবং বলেন, আমাদেরকে মাফ না করে দেয়া পর্যন্ত আমাদের জন্য আহার নিদ্রা হারাম। কয়েকদিন পর্যন্ত এভাবেই তাঁরা বাঁধা অবস্থায় অনাহারে অনিদ্রায় কাটান। তাঁদের তওবা যে কবুল হওয়ার পথে তা তাঁদেরকে জানিয়ে দেয়া হল এবং তা (তওবা কবুল) তাঁদের পরবর্তী কার্যকলাপের উপর নির্ভরশীল (আয়াত নং ১০৫)।

৯:১০৬। এরা হলেন ১১৮নং আয়াতে উল্লেখিত তিনজন সাহাবী। এ তিনজন সাহাবী হলেন হযরত কা'ব ইবনে মালিক (রা.), হযরত মুরারা ইবনে রাবীআ (রা.) এবং হযরত হিলাল ইবনে উমাইয়া (রা.)। শেষের দু'জন বদর যুদ্ধে অংশগ্রহন করা সাহাবী। প্রথমজন বদর যুদ্ধে অংশগ্রহন না করলেও অন্যান্য যুদ্ধে অংশগ্রহন করেছিলেন। সুতরাং এরূপ ঈমানদার হয়েও কেবল অলসতা ও গাফলতির কারণে এমন নাজুক সময়ে শক্তি ও সামর্থের অধিকারী হয়েও যুদ্ধে না যাওয়া ছিল চরম ভুল। তাঁরা সে ভুল স্বীকারও করে নিলেন, মুনাফিকদের মত মিথ্যা অজুহাত পেশ করলেন না, আবার নিজে থেকে ১০২নং আয়াতে উল্লেখিত সাহাবীদের মত তওবা কবুলেরও পথ বেছে নিলেন না - সুতরাং তাঁদের তওবা কবুলের পথ হল ভিন্ন ধরনের। রাসূল (সা.) সবাইকে তাদের সাথে সালাম বিনিময় পর্যন্ত বন্ধ করে দিতে নির্দেশ করলেন। ৪০ দিন পর তাদের স্ত্রীদেরকেও তাদের থেকে আলাদ বসবাস করার নির্দেশ দিলেন। ৫০তম দিনে এসে আল্লাহ্‌পাক তাদের তওবা করলেন যার উল্লেখ রয়েছে ১১৮নং আয়াতে।

৯:১০৭। আবু 'আমির রাহিব খাযরাজী খৃষ্টধর্ম গ্রহণ করে সংসারত্যাগী হয়েছিলেন। মদীনার লোকেরা তাকে ইসলাম গ্রহণ করতে আহ্বান করেন, কিন্তু সে অস্বীকার করে এবং মহানবী (সা.)-এর সঙ্গে শত্রুতা করতে থাকে। মদীনার কিছু মুনাফিককে একটি মসজিদ বানাতে সে পরামর্শ দেয়, যাতে মুসলিমদের মধ্যে বিভেদ সৃষ্টি এবং এই মসজিদে গোপনে মিলিত হয়ে রাসূল (সা.)-এর বিরুদ্ধে ষড়যন্ত্র করা যায়। তারা মসজিদ বানিয়ে তাতে

সালাত আদায় করতে মহানবী (সা.)-কে অনুরোধ জানায়। তিনি তাবূক হতে ফিরে এসে সেখানে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন, তখন মসজিদটির স্বরূপ প্রকাশ করে আয়াতটি অবতীর্ণ হয়। অতঃপর রাসূল (সা.) মসজিদটি জ্বালিয়ে দিতে নির্দেশ দেন।

৯:১০৮। পাক-পরিচ্ছন্ন থাকা আল্লাহ্ পছন্দ করেন। হযরত সাঈদ ইবনুল মুসাইয়্যিব (রা.) বলেন, নিশ্চয় আল্লাহ্ পবিত্র এবং তিনি পবিত্রতাকে পছন্দ করেন, তিনি পরিচ্ছন্ন এবং পরিচ্ছন্নতাকে পছন্দ করেন, তিনি মহানুভব এবং মহানুভবতাকে পছন্দ করেন, তিনি দানশীল এবং দান করা পছন্দ করেন। সুতরাং তোমরা পরিচ্ছন্নতা অবলম্বন কর। বর্ণনাকারী বলেন, আমার ধারণা যে তিনি বলেছিলেন, তোমরা তোমাদের আঙ্গিনাকে পরিচ্ছন্ন রাখ। আর ইহুদীদের সাথে সাদৃশ্য রেখো না- (তিরমিযী) (৩১১)।

৯:১১১। সাধারণভাবে ইসলাম যুদ্ধকে পছন্দ করে না ও যুদ্ধের সূচনা করে না । মহান আল্লাহ্ বলেন, যতবার তারা যুদ্ধের আগুন জ্বালিয়েছে ততবারই আল্লাহ্ সে আগুন নিভিয়ে দিয়েছেন এবং তারা দুনিয়ায় ধ্বংসাত্মক কাজ করে বেড়ায়। আল্লাহ্ ধ্বংসাত্মক কাজে লিপ্তদেরকে পছন্দ করেন না-(সূরা আল-মায়েদা, আয়াত-৬৪ দ্রষ্টব্য)। তাছাড়া রাসূল (সা.) যুদ্ধ এমনকি যুদ্ধ শব্দটি পর্যন্ত পছন্দ করতেন না। কারো নাম 'হারব' (যুদ্ধ) রাখা হলে তিনি তা পরিবর্তন করে দিতেন। রাসূল (সা.) বলেছেন, 'তোমরা শত্রুর মোকাবিলা কামনা করো না বরং তোমরা আল্লাহ্র কাছে নিরাপত্তা ও সুস্থতা কামনা করো। তবে যদি শত্রুর সাথে তোমাদের মোকাবিলা করতেই হয় তখন জেনে রাখবে -জান্নাত হচ্ছে তরবারির ছায়ার নিচে। অধিকন্তু, ইসলাম কোন অন্যায় যুদ্ধকে সমর্থন করে না। মুসলমানদের যুদ্ধের অনুমতি দানের প্রেক্ষাপট সূরায়ে নিসার ৭৫ ও সূরা হাজ্জের ৩৯নং আয়াতে বর্ণিত হয়েছে। এসব প্রেক্ষাপটে যুদ্ধ শুরু হয়ে গেলে সেক্ষেত্রে একজন মুসলিম সৈনিকের পিছু হটার কোন সুযোগ নেই বরং শাহাদাতের আকাঙ্ক্ষা নিয়ে জীবন উৎসর্গ করে শত্রুর মোকাবিলায় ঝাঁপিয়ে পড়া তার কর্তব্য। এমতাবস্থায় আল্লাহ্র পথে জীবন উৎসর্গ করার বিনিময়ে মু'মিনদেরকে জান্নাতের সুসংবাদ দেয়া হয়েছে।

৯:১১৪। দেখুন সূরা মারইয়াম, নং ১৯, আয়াত ৪৭।

৯:১১৭। তাবূক যুদ্ধের সময়।

৯:১২৩। এ আয়াতটি আহলে কিতাব খৃষ্টান রোমানদের বিরুদ্ধে তাবূক যুদ্ধের ব্যাপারে অবতীর্ণ হয়েছে।

৯:১২৫। মুনাফিকদের দিকে ইঙ্গিত করা হয়েছে।

১০:২। ইবনে আব্বাস (রা.) বলেন, আল্লাহ্ যখন মুহাম্মদ (সা.) কে রাসূল করে পাঠালেন তখন কাফেররা তাকে অস্বীকার করে বলল, 'আল্লাহ্র মর্যাদা অনেক উর্ধ্বে, মানুষকে তার রাসূল করা তার মর্যাদার সাথে সঙ্গতিপূর্ণ নয়'। আল্লাহ্ আবু তালেবের এতিম ভাতিজাকে ছাড়া আর কাউকে রাসূল করার জন্য পেলেন না? এর জবাবে এ আয়াতটি অবতীর্ণ হয়।

১০:৫। মনযিল (منزل) শব্দের বহুবচন মানাযিল (منازل)। আরবি চান্দ্র মাস ২৮টি মনযিলে বিভক্ত। আরবি চান্দ্রমাসের এই মনযিলকে বাংলায় তিথি বলা হয়।

১০:৫৭। মানুষ কুফরী ও পাপ করলে অন্তর কলুষিত ও ব্যাধিগ্রস্ত হয়। পবিত্র কুরআনের শিক্ষা গ্রহণ করলে অন্তরের সে ব্যাধি থেকে আরোগ্য লাভ হয়। আর মু'মিনের কলুষমুক্ত অন্তরের জন্য পবিত্র কুরআনের বাণী হিদায়াত ও রহমত স্বরূপ।

১০:৫৯। কোন কিছুকে হালাল বা হারাম বলে ঘোষণা করার অধিকার একমাত্র আল্লাহ্র। নিজের খেয়াল খুশিমত কোন কিছুকে হালাল বা হারাম করার এখতিয়ার মানুষকে দেয়া হয়নি। এতদসত্ত্বেও মুশরিক ও ইহুদীরা সেটা করেছে।

১০:৬২। **আল্লাহ্র বন্ধুদের পরিচয়:** আল্লাহ্র ওলীদের পরিচয় বর্ণনা করে পরবর্তী আয়াতে আল্লাহ্ বলেছেন, যারা ঈমান আনে ও তাকওয়া অবলম্বন করে। ঈমান ও তাকওয়া না থাকলে কেউ আল্লাহ্র ওলী হতে পারেন না। ঈমান ও তাকওয়ার কিছু মৌলিক বিষয় সূরা বাকারার ২-৫, ১৭৭নং আয়াতে বর্ণনা করা হয়েছে। সূরা মু'মিমুন ১-৯, তওবা ১১২, আরো বহু আয়াতে মু'মিন ও মুত্তাকীর কথা (তথা আল্লাহ্র ওলীদের বৈশিষ্ট্যের) বর্ণনা রয়েছে।

১০:৬৪। অর্থাৎ ঈমান ও তাকওয়ার অধিকারী আল্লাহ্র ওলীদেরকে দুনিয়াতে এই মর্মে সুসংবাদ দেয়া হয় যে, 'তাদের কোন ভয় নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না'। আর মৃত্যুকালে রহমতের ফেরেশতাগণ তাঁদেরকে এই মর্মে সুসংবাদ দিয়ে থাকেন যে- আপনাদের ভয় ও দুশ্চিন্তার কোন কারণ নেই, আপনাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেয়া হয়েছিল তার সুসংবাদ গ্রহণ করুন।

১০:৭৪। আল্লাহ্র নবীদের পেশ করা নির্দশসমূহ মিথ্যা অভিহিত করার ক্ষেত্রে সীমালঙ্ঘন করায় অর্থাৎ কৃতকর্মের কারণেই আল্লাহ্ তাদের হৃদয়সমূহের উপর মোহর মেরে দেন। ফলে তারা ঈমান আনতে ব্যর্থ হয়।

১০:৮৩। বনী ইসরাঈলের কিছু সংখ্যক যুবক প্রথমদিকে মূসা (আ.)-এর উপর ঈমান এনেছিল। পরবর্তীতে বনী ইসরাঈলের অবশিষ্ট সবাই তার দলভুক্ত হয়েছিলেন।

১০:৮৭। বনী ইসরাঈল সম্প্রদায়ের উপর মসজিদে সালাত আদায় করা বাধ্যতামূলক ছিল কিন্তু ফিরআউনের নির্যাতনের মুখে মসজিদে গিয়ে সালাত আদায় করা ঝুঁকিপূর্ণ হওয়ায় তাদেরকে ঘরের নির্দিষ্ট স্থানে সালাত আদায়ের অনুমতি দেয়া হয়েছিল। এ আয়াতে সেদিকে ইঙ্গিত করা হয়েছে।

১০:৯৮। আল্লহ্র নবী ইউনুস (আ.) নীনাওয়াবাসীদেরকে আল্লাহ্র দ্বীনের দাওয়াত দিয়েছিলেন, কিন্তু তারা তা প্রত্যাখ্যান করায় আল্লাহ্র 'আযাব আসে। তখন তারা অনুতপ্ত হয়ে তওবা করলে আল্লাহ্ তাদেরকে আযাব থেকে মুক্তি দান করেন।

১০:১০৪। অর্থাৎ মুহাম্মদ (স.) যে আল্লাহ্ প্রদত্ত দ্বীনে হানীফ তথা একত্ববাদের ধর্ম ইসলাম নিয়ে আগমন করেছেন, কাফির-মুশরিকরা অস্বীকার করলে তার কিছু যায় আসে না বরং তিনি যথারীতি মহান আল্লাহ্র ইবাদতে অবিচল থাকবেন। আরবি ভাষায় 'দ্বীন' শব্দটি ধর্ম, জীবন ব্যবস্থা ও কর্মফল ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়।

১১:১২। রাসূল (স.) কাফিরদেরকে কুরআনের দিকে আহ্বান করলে তারা রাসূল (স.)কে বিব্রত করার জন্য নানা কথা বলত। কখনো বলত, তুমি আল্লাহ্র কাছ থেকে ধনভাণ্ডার নিয়ে আস আবার কখনো বলত, তোমার সাথে ফেরেশতা নিয়ে আস ইত্যাদি। এরূপ নানা মন্তব্য করে তারা কুরআন ও রাসূল নিয়ে বিদ্রূপ করত। তাদের নানা বিদ্রূপের কারণে যেন রাসূল(স.) মনক্ষুণ্ন হয়ে কুরআনের দিকে আহ্বানের কাজে নিরুৎসাহিত বোধ না করেন সে কথাই এ আয়াতে উল্লেখ করা হয়েছে।

১১:১৭। সাক্ষী অর্থ- রাসূল (সা.) (দেখুন সূরা-৩৩: আয়াত ৪৫, সূরা-৪৮: আয়াত-৮, সূরা-৭৩: আয়াত-১৫)।

১১:১৮। সাক্ষীরা অর্থাৎ রাসূলরগণ বা ফেরেশতাগণ।

১১:২০। অর্থাৎ আল্লাহর পক্ষ থেকে আগত সত্য আন্তরিকভাবে শুনত না ও তার প্রতি দৃষ্টি দিত না। (৭: ১৭৯)

১১:২৯। অর্থাৎ যারা ঈমান এনেছে তাদেরকে নিম্ন শ্রেণীর লোক বলে তোমরা তিরস্কার করলেও আমি তো তাদেরকে তাড়িয়ে দিতে পানি না।

১১:৩৮। অর্থাৎ তোমরা আজ যেমন আমাদের নৌকা বানানোকে উপহাস করছ তেমনি আমরাও উপহাস করব যেদিন তোমরা সত্যিই প্লাবনে ডুবে মারা যাবে।

১১:৫৪। অর্থাৎ তুমি আমাদের দেবতাদের সমালোচনা করায় তাদের কারো মন্দ আছর তোমার উপর পড়েছে, ফলে তুমি পাগলের মত আবোল তাবোল বকছ।

১১:৫৬। অর্থাৎ আমার প্রতিপলক সুবিচার ও ইনসাফকারী। তিনি সৎকর্মশীলদেরকে তাদের সৎকর্মের প্রতিদান দেন এবং পাপাচারীকে তার পাপের প্রতি ফল দেন। তিনি কারো প্রতি জুলুম করেন না।

১১:৬৪। এটি সালিহ্ (আ.) -এর নবুয়্যতের একটি মোজেজা ছিল। এটিকে আল্লাহ্ তাঁর একটি নিদর্শন হিসেবে উল্লেখ করে এর কোন ক্ষতি করতে নিষেধ করেছিলেন।

১১:৭০। 'সেদিকে' অর্থাৎ পরিবশেনকৃত ভুনা বাছুরের দিকে হাত বাড়িয়ে দিচ্ছে না।

১১:৭৮। অর্থাৎ লূত (আ.)-এর সম্প্রদায়ের কন্যা বা বিবাহ উপযুক্ত নারীসমাজ। নবী যেহেতু তার নিজ সম্প্রদায়ের পিতৃতুল্য, সেহেতু তিনি তাদেরকে নিজের কন্যা বলে অভিহিত করেছেন।

১১:৮৬। অর্থাৎ ওজনে কম না দিয়ে ও ন্যায্য মাপ দিয়ে যেটুকু লাভ পাবে সেটাই তোমাদের জন্য কল্যাণকর ও বরকতের কারণ হবে।

১১:৮৭। অর্থাৎ তারা টিটকারী করে এ মন্তব্য করে বলেছে, তোমার ধারণা কি তুমিই একমাত্র সহিষ্ণু ও সুবোধ লোক, তুমি সব বুঝ আমরা কিছুই বুঝি না?

১১:৮৮। অর্থাৎ তোমাদেরকে যা করতে নিষেধ করছি যেমন ওজনে কম দেয়া তার বিপরীতটা নিজে করতে ইচ্ছুক নই।

১১:১০৭। তারা সেখানে স্থায়ী হবে, তবে আল্লাহ্ যদি স্থায়ী করতে না চান সেটা আলাদা কথা। আর আল্লাহ্ তো স্থায়ী করবেন এটা বলেই দিয়েছেন। এটা রদ হবার নয়, কেউ এটা রদ করতে পারবে না, একমাত্র আল্লাহ্রই ক্ষমতা আছে তা করার। তবে তিনি তা করবেন না এটা অন্য আয়াতে জানিয়ে দিয়েছেন। যেখানে বলেছেন সেখানে তারা চিরকাল স্থায়ী হবে। আর এখানে আকাশসমূহ ও পৃথিবী বলতে দুনিয়ার এই নশ্বর আকাশ ও পৃথিবী না বরং পরকালে নতুনভাবে সৃষ্টি ভিন্ন আকাশ ও ভিন্ন যমীন যে যমীনের উপর জান্নাত থাকবে। অর্থাৎ বুঝানো হয়েছে জান্নাত- যেহেতু স্থায়ী হবে তাই তার যমীন এবং আকাশও স্থায়ী হবে। (দেখুন: সূরা-১৪: আয়াত-৪৮)

১২:৮। ইয়াকুব (আ.) সন্তানদের মধ্যে ইউসুফ (আ.) ও তার সহোদর ছোট ভাই বেনিয়ামীন শৈশবে মাতৃহারা হন। এ কারণে ইয়া'কুব (আ.) তাদের দু'জনকে তুলনামূলকভাবে বেশি স্নেহ করতেন। অধিকন্তু ইউসুফ (আ.)-এর উজ্জ্বল ভবিষ্যতের বিষয়টি তিনি অনুধাবন করেছিলেন যার ইঙ্গিত ইউসুফ (আ.)-এর শৈশবে দেখা স্বপ্নে বিদ্যমান ছিল। এসব কারণে ইয়াকুব (আ.) পুত্র ইউসুফ (আ.)-এর প্রতি বেশি লক্ষ্য রাখতেন যার প্রতি ঈর্ষান্বিত হয়ে তার সৎভাইয়েরা এ উক্তি করেছিল।

১২:১৯। অর্থাৎ তাকে কৃতদাসের মত বিক্রি করার উদ্দেশ্যে নিজেদের সঙ্গে নিয়ে নিল।

১২.২৩। **ব্যভিচার থেকে আত্মরক্ষার পুরস্কার:** আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেছেন, যে দিন আল্লাহ্র (আরশে) ছায়া ব্যতীত আর কারো ছায়া থাকবে না। যে (কঠিন মুসিবতের) দিনে আল্লাহ্ সাত শ্রেণীর লোককে তার আরশের ছায়াতলে স্থান দিবেন। সেই সাত শ্রেণীর লোক হলো- ন্যায়পরায়ণ শাসক, আল্লাহ্র ইবাদতের মধ্য দিয়ে বেড়ে উঠা যুবক, সে ব্যক্তি যার অন্তর মসজিদের সাথে ঝুলন্ত, এমন দু' ব্যক্তি যারা আল্লাহ্র উদ্দেশ্যে পরস্পরকে ভালবাসে এবং একমাত্র আল্লাহ্র উদ্দেশ্যে বন্ধুত্ব ছিন্ন করে, এমন ব্যক্তি যাকে একজন বিত্তবান ও সুন্দরী নারী ব্যভিচারের প্রস্তাব দেয়ার পর সে কেবল আল্লাহ্র ভয়ে তা থেকে বিরত থাকে, এমন ব্যক্তি যে এমনভাবে দান করে যে তার ডান হাত যা দান করে বাম হাত তা জানে না এবং আল্লাহ্র স্মরণে যে ব্যক্তির নয়ন যুগল অশ্রুসিক্ত হয়-(বুখারী)।

১২:২৩। অর্থাৎ আমার মনিব আমার প্রতিপালনের দায়িত্ব নিয়ে আমার উত্তম আবাসের ব্যবস্থা করেছেন। আমি তার স্ত্রীর সাথে ব্যভিচারে লিপ্ত হলে আমি তার প্রতি জুলুম করব। আর জালিম কখনো সফল হতে পারে না।

১২:৪৮। অর্থাৎ এ কঠিক দুর্ভিক্ষের সাতটি বছরে অল্প কিছু ছাড়া তোমাদের সঞ্চিত ফসল সবই নিঃশেষ হয়ে যাবে।

১২:৪৯। অর্থাৎ পর্যাপ্ত বৃষ্টিপাত হবে ও প্রচুর ফল ফলাদি ও ফসল উৎপন্ন হবে।

১২:৫৫। দুর্ভিক্ষের সময় খাদ্য দ্রব্য বণ্টনে মানুষের মধ্যে সুবিচার, ইনসাফ ও এহসান করার জন্য উক্ত পদ চেয়েছিলেন।

১২:৬৩। অর্থাৎ ইউসুফ (আ.) এর অপর সহোদর ভাই বেনইয়ামীনকে সঙ্গে দেয়ার জন্য ইয়াকুব (আ.) এর কাছে ইউসুফ (আ.) এর সৎভাইয়েরা অনুরোধ জানান।

১২:৬৭। ইয়াকুব (আ.) পুত্রদেরকে নগরের বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ করার উপদেশ দিয়েছিলেন যাতে নগরবাসীরা একসঙ্গে এত আগন্তুক লোক দেখে তাদেরকে সন্দেহ করার অবকাশ না থাকে।

১২:৭৭। ঈর্ষার কারণেই সৎভাইয়েরা ইউসুফ (আ.) এর ছোটবেলায় ঘটা একটি ঘটনাকে চুরি হিসেবে আখ্যায়িত করেছিল। সেটি কোন চুরির ঘটনা ছিল না বরং ইউসুফ (আ.) এর ফুফু জন্মের পর থেকে ইউসুফ (আ.) কে অত্যন্ত আদর করতেন ও নিজের কাছে রেখে লালন-পালন করতেন। এক সময় ইয়াকুব (আ.) উক্ত ফুফুর কাছ থেকে পুত্র ইউসুফকে নিজের কাছে নিয়ে আসার উদ্যোগ নিলে তার ফুফু একটি কৌশলের আশ্রয় নেন। তিনি তার পিতা ইসহাক (আ.) এর রেখে যাওয়া কোমর বন্ধনীটি শিশু ইউসুফ (আ.) এর কাপড়ের মধ্যে গুজে দিয়েছিলেন। পরে ঘরের সর্বত্র খোঁজার পর কোথাও না পেয়ে ঘরে উপস্থিত লোকদের দেহ তল্লাশী করার সিদ্ধান্ত হয়। অবশেষে সেটি ইউসুফ (আ.) এর কাছে পাওয়া যায়। এই ঘটনার প্রেক্ষিতে ইয়াকুব (আ.) শরীয়তে ইবরাহীমির আলোকে ইউসুফ (আ.) কে তার ফুফুর কাছে সমর্পণ করেন। এভাবে তার ফুফুর আকাঙ্ক্ষা পূর্ণ হয়-(ইবনে কাছীর)।

১২:৯৫। বহু বছর যাবত নিখোঁজ ইউসুফ (আ.) এর জীবিত থাকা ও পুনরায় ফিরে আসার কথা বলায়, ইয়া'কুব (আ.) কে লক্ষ্য করে উপস্থিত সবাই এ মন্তব্য করেছিল।

১২:১০২। অর্থাৎ কুরআন নাযিলের মাধ্যমে আল্লাহ্ তার রাসূল (সা.) কে প্রাচীনকালের অনেক ঘটনা অবহিত করেন। অন্যথায় এসব ঘটনা জানা সম্ভব হত না।

১৩:৬। কিয়ামতকে অস্বীকারকারীরা রাসূল (সা.) কে লক্ষ্য করে বলে, তুমি যদি তোমার কথায় সত্যবাদী হও তবে আমাদের উপর আল্লাহ্র শাস্তি আনয়ন করছ না কেন? (সূরা আনফাল, আয়াত ৩২ দ্রষ্টব্য) এ কথা বলার সময় তারা লক্ষ্য করে না যে তাদের পূর্ববর্তী অনেক জাতি অবাধ্য হয়েছিল এবং আল্লাহ্র শাস্তি তাদেরকে পাকড়াও করেছিল।

১৩:১৪। একমাত্র আল্লাহ্ই মানুষের ডাকে সাড়া দেয়ার ক্ষমতা রাখেন সেজন্য মানুষের ডাক পাওয়ার একমাত্র হকদার হচ্ছেন আল্লাহ্ তাআলা। সুতরাং মানুষের উচিত, কোন সৃষ্টির কাছে প্রার্থনা করার পরিবর্তে সরাসরি আল্লাহ্র কাছে প্রার্থনা করা।

১৩:১৯। রাসূল (সা.) এর উপর অবতীর্ণ কুরআনের ব্যাপারে অন্ধ। অর্থাৎ চোখ থাকা সত্ত্বেও সে যেন কুরআনে বর্ণিত সত্যের কিছুই দেখতে পায়না। যে কুরআন থেকে শিক্ষা গ্রহণ করেনা আর যে কুরআনকে সত্য বলে জানে ও কুরআন থেকে শিক্ষা গ্রহণ করে তারা উভয়েই সমান হতে পারে না। নিঃসন্দেহে যে কুরআন থেকে শিক্ষা গ্রহণ করে সে উত্তম আর যে করেনা সে অধম।

১৩:২১। অর্থাৎ কুরআন থেকে উপদেশ গ্রহণকারী ব্যক্তিদের একটি গুণ হচ্ছে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা। রাসূল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি চায় যে তার রিযিক বাড়িয়ে দেয়া হবে অথবা তার হায়াত বাড়িয়ে দেওয়া হবে সে যেন তার আত্মীয়তার সম্পর্ক অটুট রাখে। আরো দেখুন সূরা বাকারা নং ২,-এর ২৭ নং আয়াতের তাফসীর।

১৩:২৭। অর্থাৎ পূর্ববর্তী নবীদের মত মুহাম্মদ (সা.) আমাদের কথা মত কোন মোজেজা উপস্থাপন করেননি কেন? প্রকৃত পক্ষে কাফিরদের এরূপ উক্তি মূল্যহীন, কেননা মোজেজা দেখার পরেও যারা ঈমান আনবার নয় তারা ঈমান আনবে না। অতীতেও বহু নবী রাসূলের ক্ষেত্রে তাই হয়েছে।

১৩:৩১। ঈমান আনা বা কুফরী করার ব্যাপারে আল্লাহ্ যদি মানুষকে কোনরূপ স্বাধীনতা দিতে না চাইতেন, তাহলে সকল মানুষ ঈমানদার হতে বাধ্য হত। কিন্তু আল্লাহ্র ক্ষমতা থাকা সত্ত্বেও তিনি তা করেননি। বরং মানুষকে স্বাধীনতা দিয়েছেন এবং এর মাধ্যমেই মানুষকে পরীক্ষা করতে চেয়েছেন।

১৩:৩৩। তোমরা আল্লাহ্ ব্যতীত যেসব মূর্তি ও দেব-দেবীর পূজা করছ এগুলোর প্রকৃত অবস্থা আমাদের কাছে বর্ণনা কর। আমরা দেখতে চাই, কি করে এগুলো মা'বুদ হওয়ার ও আল্লাহ্র শরীক হওয়ার যোগ্য হল? আসলে এদের মা'বুদ হওয়া সম্পূর্ণ অযৌক্তিক।

১৩:৩৯। 'উম্মুল কিতাব' অর্থ 'গ্রন্থের মা' অর্থাৎ মূল গ্রন্থ। এখানে লওহে মাহ্ফুজকে উম্মুল কিতাব বলা হয়েছে।

১৩:৪১। কাফিরদের কর্তৃত্বাধীন এলাকা ক্রমান্বয়ে মুসলিমদের নিয়ন্ত্রণাধীনে আনার মাধ্যমে।

১৩:৪৩। ঐ সকল ইহুদী ও খৃষ্টান যারা তাদের ধর্মগ্রন্থের যথার্থ জ্ঞানের অধিকারী ছিলেন এবং মুহাম্মদ (সা.) এর নবুয়্যতে বিশ্বাসী ছিলেন। আব্দুল্লাহ্ ইবনে সালাম (রা.) তাদের অন্যতম।

১৪:৪। এ আয়াতে মাতৃভাষায় দ্বীন প্রচারের গুরুত্ব বুঝা যায়।

১৪:৫। সে সব দিনের প্রতি ইঙ্গিত করা হয়েছে যাতে অতীতে বিভিন্ন জাতি-গোষ্ঠীর উত্থান-পতন, জয়-পরাজয় ইত্যাদি সংঘটিত হয়েছিল অথবা সেই দিনগুলো, যাতে তাদেরকে আল্লাহ্ বিশেষ অনুগ্রহ দান করেছিলেন।

১৪:৮। কৃতজ্ঞতা প্রকাশ করলে আল্লাহ্র যেমন কোন লাভ নেই তেমনি প্রকাশ না করলেও আল্লাহ্র কোন ক্ষতি নেই। কেননা, তিনি কারও কৃতজ্ঞতা কিংবা শুকরিয়ার মুখাপেক্ষী নন। মানুষ নিজের মঙ্গলের জন্যই আল্লাহ্র প্রতি কৃতজ্ঞ হবে।

১৪:২৭। ইবনে আব্বাস (রা.) বলেন, এর অর্থ 'লা ইলাহা ইল্লাল্লাহ্'।

১৪:৩৪। অর্থাৎ যা কিছু চাওয়ার যোগ্য-(বায়যাভী)। আল্লাহ্র বিবেচনায় মানুষের জন্য যা প্রয়োজন তিনি তা দিয়েছেন যদিও মানুষ তা চায়নি। যেমন, চন্দ্র, সূর্য, আলো, বাতাস ইত্যাদি।

১৪:৩৫। অর্থাৎ মক্কাকে নিরাপদ নগরে পরিণত করুন।

১৪:৪৭। আয়াত ৪২-এ রাসূল (সা.)কে আশ্বস্ত করে আল্লাহ্ বলেছেন, জালিমদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ্ ওয়াকিফহাল রয়েছেন, তারা বিরত না হলে অতীতের জালিমদের মত আল্লাহ্ তাদেরকে ধরবেন। আর এ আয়াতে রাসূল (সা.)-কে আশ্বস্ত করেছেন যে, আল্লাহ্ তার কোন রাসূলকে দেয়া প্রতিশ্রুতি ভঙ্গ করেননি, তার সাথেও করবেন না। রাসূলের কাজ হচ্ছে মানুষকে সতর্ক করা ও আল্লাহ্কে ডাকা অব্যাহত রাখা।

১৫:১৩। পূর্ববর্তী নবীদের প্রতি তাদের সম্প্রদায়ের লোকেরা বিদ্রূপাত্মক আচরণ করেছিল। সত্যের বিরোধিতা নতুন কোন বিষয় নয়। অতএব দুঃখের কোন কারণ নেই।

১৫:৪৩। অর্থাৎ ইবলিসের অনুসারীদের ঠিকানা জাহান্নাম।

১৫:৬৩। অর্থাৎ যে শাস্তি আসার ব্যাপারে তারা সন্দেহের মধ্যে ছিল সে শাস্তি দেওয়ার জন্য এসেছি।

১৫:৭১। অর্থাৎ লূত (আ.)-এর সম্প্রদায়ের বিবাহযোগ্য মেয়েরা। নবী নিজ সম্প্রদায়ের পিতৃতুল্য, তাই তিনি তাদেরকে নিজের কন্যা বলেছেন।

১৫:৭২। তারা সমকামিতার নেশায় মাতাল হয়ে গিয়েছিল। এক্ষেত্রে কোন পাপ বোধ কিংবা শাস্তির ভয় তাদের মনে স্থান পায়নি।

১৫:৭৬। ইয়েমেন থেকে সিরিয়া যাওয়ার পথে লোকেরা এ এলাকা অতিক্রম করত।

১৫:৭৮। 'আসহাবুল আইকা'-এর শাব্দিক অর্থ গহীন অরণ্যের অধিবাসী; শু'আইব (আ.)-এর সম্প্রদায় এই অঞ্চলে বাস করতেন বলে এর দ্বারা শু'আইব (আ.)-এর সম্প্রদায়কে বুঝানো হয়েছে। আইকা: মাদইয়ানের পার্শ্ববর্তী, বর্তমান উত্তর আরবের তাবুক অঞ্চলকে আইকা বলা হত- (কাশ্শাফ, জালালাইন)।

১৫:৭৯। অর্থাৎ লূত (আ.) ও শু'আইব (আ.) উভয় সম্প্রদায়ের বসতির ধ্বংসস্তুপ।

১৫:৮০। 'হিজর' একটি উপত্যকার নাম, যেখানে ছামূদ সম্প্রদায় বাস করত। রাসূল (সা.) তাবুক অভিযানের সময় হিজর এলাকা অতিক্রম করেছিলেন। তিনি তার মাথা নীচু করে দ্রুত সওয়ারী চালিয়ে অতিক্রম করেছেন। সাহাবীদেরকে বলেছেন, 'শাস্তিপ্রাপ্ত সম্প্রদায়ের ঘরগুলোতে প্রবেশ করো না। তবে কান্নারত অবস্থায় প্রবেশ করতে পারো। যদি কান্না না আসে তবে কাঁদার ভান কর, তাদের মত তোমাদের শাস্তি হতে পারে সে ভয়ে। এ স্থানটি মদীনা মুনওয়ারা থেকে ৩৯৫ কিলোমিটার উত্তর পশ্চিমে অবস্থিত।

১৫:৮৫। অর্থাৎ কিয়ামত অবশ্যই সংঘটিত হবে। তখন আল্লাহ্ সৎকর্মশীলদের পুরস্কৃত করবেন ও পাপীদের শাস্তি দিবেন। অতএব হে রাসূল, তুমি তাদের অন্যায় আচরণ উপেক্ষা কর ও ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখ।

১৫:৮৮। অর্থাৎ হে নবী! আমি যখন তোমাকে কুরআন কারীমের ন্যায় অবিনশ্বর ও চিরস্থায়ী সম্পদ দান করেছি তখন তোমার জন্য মোটেই শুভনীয় নয় যে, তুমি কাফেরদের পার্থিব ধন-সম্পদের প্রতি লোভনীয় দৃষ্টি দিবে। এসব কিছুতো ক্ষণস্থায়ী মাত্র। শুধু পরীক্ষা স্বরূপ কয়েকদিনের জন্য তাদেরকে দেয়া হয়েছে। সাথে সাথে এটা তোমার জন্য সমীচীন নয় যে, তুমি তাদের ঈমান না আনার কারণে দুঃখিত হবে- (ইবনে কাসির)।

১৫:৯০। অর্থাৎ ইহুদী ও খৃস্টানদের উপর আল্লাহ্র কিতাব অবতীর্ণ হয়েছিল।

১৫:৯১। ইবনে আব্বাস (রা.) বলেন, এর অর্থ হচ্ছে কুরআন সম্পর্কে কাফিরদের বিভিন্ন ধরণের মন্তব্য। কুরআন সম্পর্কে তাদের একক কোন মন্তব্য ছিল না। একেক জন একেক সময় একেক রকম মন্তব্য করত। কেউ বলত, কুরআন জাদু বিদ্যা, আবার কেউ বলত কবিতা ইত্যাদি।

১৬:১। অর্থাৎ আল্লাহ্র শাস্তি আসবেই অথবা কিয়ামত সংঘটিত হবেই।

১৬:১০। شجرة এর সাধারণ অর্থ গাছ, কিন্তু شجر দ্বারা শাক-সবজি জাতীয় উদ্ভিদকেও বুঝায়-(লিসানুল আরব)

১৬:১১। যায়তূন, জলপাই জাতীয় আরবদেশের ফল বিশেষ, এর তৈল খাবার তৈলরূপে ব্যবহৃত হয়।

১৬:১৩। নানা রং ও নানা রকমের উদ্ভিদ ও ফল-ফলাদি-(তাফসীরে ইবনে আব্বাস)।

১৬:১৪। لحم -এর শাব্দিক অর্থ গোশত হলেও এখানে মাছ বুঝানো হয়েছে-(কুরতুবী, তাফসীরে ইবনে আব্বাস)।

১৬:১৪। সমুদ্রপথে সহজে ও কম খরচে আমদানি ও রপ্তানি বাণিজ্য করার মাধ্যমে।

১৬:২১। মুশরিকদের প্রতিমাগুলো তো নিষ্প্রাণ। তাই পুনরুত্থানের ব্যাপারে তাদের কোন জ্ঞান নেই।

১৬:২৮। পাপীদের রূহ্ হরণকালে আযাবের ফেরেশতাগণ আগমন করবেন।

১৬:৩৬। আল্লাহ্ ব্যতীত যার উপাসনা ও পূজা করা হয় তাকে তাগুত বলা হয়। অনুরূপভাবে যে ভ্রান্ত পথের দিকে থাকে সেও তাগুত। শয়তান, কল্পিত দেবদেবী এবং যাবতীয় পথভ্রষ্টতার উপায় উপকরণ ইত্যাদি সবই তাগুতের অন্তর্ভুক্ত।

১৬:৫২। দ্বীন শব্দের সাধারণ অর্থ-ধর্ম, জীবন বিধান, বিশ্বাস, আইন, বিচার, প্রতিদান, ইত্যাদি। কিন্তু এখানে শব্দটি 'আনুগত্য' অর্থে ব্যবহৃত হয়েছে-(কাশ্শাফ, কুরতুবী)।

১৬:৫৬। অর্থাৎ তাদের প্রতিমা ও দেব-দেবীর জন্য।

১৬:৫৮। মেয়ে শিশুর জন্য জান্নাতের সুসংবাদ, যদি তাকে অবহেলা না করা হয়। হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, যার তত্ত্বাবধানে কোন মেয়ে শিশু থাকে আর সে তাকে জীবিত দাফন না করে, তার প্রতি তাচ্ছিল্য প্রদর্শন না করে এবং তার উপর বালকদেরকে কোনরূপ প্রাধান্য না দেয় আল্লাহ্ তা'আলা তাকে জান্নাতে প্রবেশ করাবেন।

১৬:৬০। অর্থাৎ মুশরিকরা নিকৃষ্ট প্রকৃতির অধিকারী তাই তারা নিকৃষ্ট উপমার উপযুক্ত। কিন্তু আল্লাহ্ অতি মহান প্রকৃতির অধিকারী তাই সন্তানাদি গ্রহণ বা কন্যা সন্তান গ্রহণ এরূপ উপমা হতে আল্লাহ্ পবিত্র।

১৬:৬১। পাপের শাস্তি প্রদানের জন্য আল্লাহ্ সময় নির্ধারিত করে রেখেছেন। নির্দিষ্ট সময়ের আগমনের পূর্ব পর্যন্ত তিনি মানুষকে অবকাশ দিয়েছেন। এ সময়ের মধ্যে ভাল কিংবা মন্দ কাজের ব্যাপারে মানুষকে স্বাধীনতা দেয়া হয়েছে। নির্দিষ্ট সময়ের পূর্বে তিনি মহাপাপীকেও শাস্তি দেন না। পাপের শাস্তি সঙ্গে সঙ্গে দেয়া হলে কেউ ধ্বংসের হাত হতে রক্ষা পেত না।

১৬:৬১। ধ্বংসের সময় এসে যায়।

১৬:৬২। অর্থাৎ আল্লাহ্র জন্য কন্যা সন্তান নির্ধারণ করে অথচ নিজেদের জন্য তা পছন্দ করে না।

১৬:৬৯। অর্থাৎ পাহাড়-পর্বত, গাছের ডাল ও গর্ত এবং মানুষের বসতবাড়িতে মৌচাক নির্মাণের পর তোমরা প্রত্যেক ফুলের মধু আহরণ কর।

১৬:৬৯। অর্থাৎ তোমাদের প্রতিপালকের পথসমূহ সহজে ভ্রমণ করে তোমাদের ঘরে বা চাকে এসে মধু সঞ্চয় কর অর্থাৎ ফুলের মধু আহরণ করে মৌচাকে এসে মধু সঞ্চয় করে রাখ।

১৬:৬৯। রাসূল (সা.) বলেছেন, আরোগ্য তিনটি জিনিসের মধ্যে। যথা- ১। মধু পান, ২। সিংগা লাগানো, ৩। ছেঁকা দেওয়া। ইসলামী চিন্তাবিদগণ এর আলোকে মনে করেন প্রথম প্রকারের আরোগ্য বলতে মুখে ঔষধ সেবন, দ্বিতীয় প্রকার সার্জারী ও তৃতীয় প্রকার থেরাপির পর্যায়ভুক্ত।

১৬:৭১। উমর (রা.) আবু মূসা আশআরি (রা.) কে এক চিঠিতে লিখেছিলেন, 'তুমি আল্লাহ্র রিযিকে সন্তুষ্ট থাক। নিশ্চয় তিনি রিযিকে তোমাদের কাউকে কারো উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন। এটা তার পক্ষ হতে একটি পরীক্ষা। তিনি দেখতে চান যাকে রিযিকের ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব দিয়েছেন সে কিভাবে আল্লাহ্র শুকরিয়া আদায় করে এবং তার উপর অন্যদের যে সব হক নির্ধারণ করেছেন তাতে সে কতটুকু আদায় করছে-(ইবনে আবি হাতিম)।

১৬:৭৫। তাদের নির্বুদ্ধিতা তুলে ধরে আল্লাহ্ উপমা দিয়ে বলছেন, 'তারা মনিবের সাথে দাসের পার্থক্য খুব ভাল করে বোঝে। অর্থাৎ নিজেরটা খুব ভাল বোঝে কিন্তু মহান স্রষ্টা আল্লাহ্র সাথে তার একটি সৃষ্টির ব্যবধান বোঝে না। যদি বুঝতে চেষ্টা করত তাহলে তাদের হাতের তৈরি প্রতিমাদেরকে আল্লাহ্র সাথে শরিক করত না ও আল্লাহ্র সমপর্যায়ের কখনোই মনে করত না।

১৬:৮৪। অর্থাৎ প্রত্যেক উম্মতের বিরুদ্ধে তার নবী সাক্ষ্য প্রদান করবে যে, তিনি তাদের কাছে আল্লাহ্র বার্তা পৌঁছে দিয়েছেন। অতঃপর কাফিরদেরকে কোন ওজর পেশ করার অনুমতি দেয়া হবে না-(ইবনে কাসীর)।

১৬:৮৭। তাদের কাঙ্খিত মাবুদদের কোন হদীস থাকবে না এবং সে কঠিন বিপদের দিনে তাদের কোন সাড়া শব্দ পাবে না।

১৬:৮৯। অর্থাৎ সমস্ত জ্ঞান ও সমস্ত জিনিস এ কুরআনে কারীমে রয়েছে। প্রত্যেক হালাল, হারাম, প্রত্যেক উপকারী বিদ্যা, অতীতের খবর, আগামী দিনের ঘটনাবলী, দ্বীন দুনিয়া, রিযিক, পরকাল প্রভৃতি সমস্ত জরুরী আহকাম ও অবস্থার বর্ণনা এর মধ্যে বিদ্যমান রয়েছে-(ইবনে কাসীর)।

১৬:৯০। এ আয়াতে ছয়টি মৌলিক কাজের উল্লেখ করা হয়েছে। তিনটি কাজের আদেশ ও তিনটি নিষেধাজ্ঞা। আদেশ তিনটি হল- ১। ন্যায় প্রতিষ্ঠা, ২। সদাচরণ, ৩। আত্মীয়-স্বজনকে দান করা। আর তিনটি নিষেধাজ্ঞা হল- ১। অশ্লীলতা, ২। অসৎ কাজ ও ৩। সীমালঙ্ঘন করা।

১৬:৯২। মস্তিষ্ক বিকৃত মহিলা যেমনভাবে সারাদিন সুতা তৈরি করে, এরপর তা নষ্ট করে তার সকল শ্রম ও কাজকে অর্থহীন করে তোলে, তোমরা তোমাদের প্রতিজ্ঞা ভঙ্গ করে নিজেদের কাজকেও তেমন অর্থহীন করে ফেলো না।

১৬:৯৫। অর্থাৎ পার্থিব লোভের বশবর্তী হয়ে শপথ ভঙ্গ করা তোমাদের জন্য হারাম। যদিও এর বিনিময়ে সারা দুনিয়াও তোমাদের লাভ হয়-(ইবনে কাসীর)।

১৬:৯৭। মানুষ হিসেবে নারী-পুরুষ আল্লাহ্‌র নিকট সমান। উভয়ের আমলের মূল্য সমান। উভয়কেই আল্লাহ্ পুরস্কৃত করবেন।

১৬:৯৯। অর্থাৎ শয়তানের কোন কর্তৃত্ব নেই।

১৬:১০৩। মক্কার এক খৃস্টান দাসের সাথে রাসূল (সা.)-এর মাঝে মধ্যে দেখা-সাক্ষাৎ হত। এতেই কাফিররা বলাবলি করতে শুরু করে যে, তাঁকে এই দাস কুরআন শিক্ষা দেয়। এ আয়াতে তাদের কথার জবাব দিয়ে বলেন, তাদের অভিযোগ মিথ্যা কেননা যে ব্যক্তি থেকে কুরআন শিক্ষার কথা তারা বলেছিল সে ছিল অনারব আর কুরআন হচ্ছে উচ্চাঙ্গের সাহিত্যিক মান সম্পন্ন আরবি ভাষায়। কুরআনে একটি ছোট্ট সূরা তৈরীর চ্যালেঞ্জ মোকাবেলায় যেখানে সকল আরবি ভাষাভাষি সাহিত্যিকরা ব্যর্থ হয়েছিল সেখানে একজন অনাররের কাছ থেকে এ কুরআন শিক্ষার বিষয়টি সম্পূর্ণ অবান্তর।

১৬:১০৬। ইবনে আব্বাস (রা.) বলেন, এ আয়াতটি আম্মার ইবনে ইয়াসার সম্পর্কে অবতীর্ণ হয়। মুশরিকরা তাকে অমানুষিক নির্যাতন চালাতে থাকে যে পর্যন্ত না তিনি রাসূল (সা.) কে অস্বীকার করেন। এমতাবস্থায় জীবন বাঁচানোর জন্য তিনি তাদের কথা সমর্থন করতে বাধ্য হন। পরে তিনি রাসূল (সা.) এর কাছে এসে ঘটনা বর্ণনা করেন ও অনুশোচনা করেন। তখন রাসূল (সা.) তার মনের অবস্থা জানতে চাইলে তিনি বলেন, 'আমার অন্তরে পূর্ণ ঈমান রয়েছে'। আয়াতে এ ঘটনার প্রতি ইঙ্গিত রয়েছে।

১৬:১১০। আম্মার ইবনে ইয়াসার এর মত যারা নির্যাতনের মুখে বিপন্ন হয়ে মুখে কুফরী উচ্চারণ করেছে কিন্তু পরে হিজরত করেছে, জিহাদে ধৈর্য ধারণ করেছে এ আয়াতে তাদের ক্ষমার আশ্বাস দেওয়া হয়েছে।

১৬:১১২। ক্ষুধা ও ভীতির পোশাক একটি আরবী বাগধারা যার অর্থ ক্ষুধা ও ভীতি তাদেরকে গ্রাস করল।

১৬:১১৫। اَلدَّمَ অর্থাৎ প্রবাহিত রক্ত।

১৭:১। অত্র আয়াতে রাসূলের মিরাজের ঘটনা উল্লেখ করা হয়েছে। মসজিদে হারাম থেকে মসজিদে আকসার ভ্রমণকে ইসরা (إسراء) বলা হয় এবং মসজিদে আকসা (বাইতুল মাকদাস) থেকে ঊর্ধ্বাকাশে ভ্রমণকে মিরাজ বলা হয়। মিরাজ সম্পর্কে সূরা আন-নজম-এ পরোক্ষভাবে বর্ণিত হয়েছে-(দেখুন সূরা- নাজম নং ৫৩: আয়াত ৮-১৮)।

১৭:৪। তাওরাতে বর্ণিত ছিল যে, বনী ইসরাঈল দু'বার সীমালঙ্ঘন করবে এবং তার জন্য সমুচিত শাস্তিও পাবে। প্রথমবার খৃ.পূ. ৫৮৬ সালে ব্যাবিলনের রাজা বুখতে নাসর এবং দ্বিতীয়বার ৭০ খৃস্টাব্দে রোমক সম্রাট তীতাউস তাদেরকে নির্বিচারে হত্যা করে ও তাদের ঘরবাড়ী বিধ্বস্ত করে। উভয়ক্ষেত্রেই বনী ইসরাঈল তাদের ভুল স্বীকার করে আল্লাহ্‌র কাছে তওবা করলে আল্লাহ্ তাদেরকে পুনঃপ্রতিষ্ঠিত করেন। তারা পৃথিবীতে বহুবার ধ্বংসাত্মক কাজ করলেও এখানে সম্ভবত এ দু'বারের দিকেই ইঙ্গিত করা হয়েছে।

১৭:১১। মানুষ কখনো কখনো মন ভাঙ্গা ও নিরাশ হয়ে ভুল করে নিজের জন্য অমঙ্গল প্রার্থনা করতে শুরু করে। মাঝে মাঝে নিজের ধন-সম্পদ ও সন্তান-সন্ততির জন্য বদ দোয়া করতে থাকে। কখনো মৃত্যুর, কখনো ধ্বংসের এবং কখনো অভিশাপ দিতে থাকে। কিন্তু তার প্রতিপালক আল্লাহ্ তার নিজের চেয়ে তার প্রতি দয়ালু। তার বদ দোয়া যদি আল্লাহ্ কবুল করতেন তাহলে সাথে সাথে সে ধ্বংস হয়ে যেত (আল্লাহ্ তা করেন না)। হাদীসেও আছে রাসূল (সা.) বলেছেন, 'তোমরা জান-মালের ব্যাপারে বদ দোয়া করো না। নচেৎ কবুল হওয়ার মুহূর্তে কোন খারাপ কথা মুখ দিয়ে বের হয়ে পড়বে'-(ইবনে কাছীর)।

১৭:২৩। **পিতা-মাতার সন্তুষ্টির গুরুত্ব:** রাসূল (সা.) বলেন, 'আল্লাহ্‌র সন্তুষ্টি লাভ পিতামাতার সন্তুষ্টির উপর নির্ভর করে এবং আল্লাহ্‌র অসন্তুষ্টি পিতামাতার অসন্তুষ্টির কারণে হয়ে থাকে। হযরত আবু উমামা (রা.) হতে বর্ণিত, এক ব্যক্তি জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলাল্লাহ্ (সা.)! সন্তানের উপর পিতামাতার অধিকার কী? উত্তরে তিনি বললেন, তারা উভয়ই হচ্ছে তোমার জান্নাত এবং জাহান্নাম।

১৭:২৪। **পিতা-মাতার জীবদ্দশায় ও মৃত্যুর পর তাদের জন্য দোয়া সন্তানের কর্তব্য:** আবু উসাঈদ মালিক ইবনে রাবিয়া আস সাঈদী হতে বর্ণিতঃ তিনি বলেন, আমরা রাসূল (সা.) এর নিকট অবস্থান করছিলাম এমতাবস্থায় বনী সালামার এক ব্যক্তি তার কাছে এসে বলল, ইয়া রাসূলাল্লাহ্! পিতা-মাতার মৃত্যুর পরও কি তাদের প্রতি সদ্ব্যবহার করার মত কিছু অবশিষ্ট থাকে? তখন রাসূল (সা.) বললেন, 'হ্যাঁ থাকে'। আর তা হচ্ছে, তাদের জন্য দোয়া করা, তাদের জন্য ক্ষমা প্রার্থনা করা, তাদের মৃত্যুর পর তাদের কৃত ওয়াদা পূরণ করা, তাদের সূত্রে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা, এবং তাদের বন্ধু-বান্ধবদের সম্মান করা। (সুনান আবু দাউদ)

১৭:২৬। **আত্মীয়তার সম্পর্ক রক্ষা:** আত্মীয় স্বজনের অধিকার সম্পর্কে রাসূল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি চায় যে তার রিযিক বৃদ্ধি করা হবে অথবা তার হায়াত বাড়িয়ে দেয়া হবে সে যেন আত্মীয়তার সম্পর্ক রক্ষা করে'।

১৭:৩০। আরো দেখুন সূরা-২৯: আয়াত-৬২, সূরা-৩৪: আয়াত-৩৯।

১৭:৩৩। এক ব্যক্তি রাসূল (স.) এর কাছে এসে বললেন, ইয়া রাসূল! কেউ যদি আমার সম্পদ হরণ করার জন্য আসে তাহলে আমি কি করব। রাসূল (স.) বললেন, তুমি তাকে তোমার সম্পদ দিবে না। লোকটি বললেন যদি সে আমাকে হত্যা করতে উদ্যত হয় ? রাসূল (স.) বললেন, তুমিও তাকে হত্যা করতে উদ্যত হবে। লোকটি বললো, যদি সে আমাকে হত্যা করে ফেলে তাহলে কি হবে? রাসূল (স.) বললেন, তাহলে তুমি শহীদ বলে গণ্য হবে। লোকটি বললেন, যদি আমি তাকে হত্যা করে ফেলি তাহলে কি হবে? রাসূল (স.) বললেন, সে জাহান্নামে যাবে-(মুসলিম)।

১৭:৩৪। **বৈধ প্রতিশ্রুতি বা চুক্তি পালন করা কর্তব্য :** রাসূল (সা.) বলেছেন, মুসলমানদের মধ্যে পারস্পরিক চুক্তি বৈধ, কিন্তু ঐ চুক্তি বৈধ নয় যে চুক্তি হালালকে হারাম করে অথবা হারামকে হালাল করে। আর মুসলমানরা পারস্পরিক শর্তে আবদ্ধ, সেই শর্ত ব্যতিত যা হালালকে হারাম করে অথবা হারামকে হালাল করে-(তিরমিযী- কিতাবুল আহকাম)।

১৭:৩৫। কাউকে ওজন করে মেপে দেয়ার সময় কম নয় বরং পারলে একটু বেশী দেওয়া উচিত। রাসূল (সা.) বলেছেন, ওজন কর এবং কিছু বেশি দিয়ে দাও।

১৭:৩৬। অর্থাৎ তুমি যা দেখনি তা দেখেছ বল না, তুমি যা শুনোনি তা শুনেছ বল না, তুমি যা জাননি তা জেনেছ এরূপ বল না। যে বিষয়ে তোমার জ্ঞান নেই সে বিষয়ে অনুমান করে কিছু বল না- আত্ তাহরীর ওয়াত তানভীর, ইবনে আশুর।

১৭:৩৭। অর্থাৎ পর্বত সমান উচুঁ হতে পারবে না।

১৭:৫৯। উক্ত আয়াতে উষ্ট্রীকে আল্লাহ্‌র নিদর্শন বলা হয়েছে। হযরত সালিহ্ (আ.) এর সম্প্রদায়ের নিকট মোজেজাস্বরূপ এটি প্রেরিত হয়েছিল এবং এর কোন ক্ষতি করতে নিষেধ করা হয়েছিল। কিন্তু তারা উষ্ট্রীকে হত্যা করেছিল।

১৭:৮৯। অর্থাৎ অধিকাংশ মানুষ আল্লাহ্‌র আয়াতসমূহ সবই অস্বীকার করল; কেবল অস্বীকার করল না কুফরীকে। অর্থাৎ তারা শুধু কুফরীকেই মেনে নিল আর সত্যকে অস্বীকার করল।

১৭:৯৯। অর্থাৎ জালিমরা (তা সবই) অস্বীকার করল; অস্বীকার করল না কেবল কুফরীকে। মানে তারা শুধু কুফরীকেই গ্রহণ করল।

১৮:৬। এখানে হাদীস বা কথা বলতে কুরআনের বাণীকে বুঝানো হয়েছে যেমন সূরা-৩৯: আয়াত-২৩।

১৮:৯। ইহুদীদের পরামর্শে কুরাইশরা 'গুহাবাসীদের' (আসহাবে কাহফ) সম্বন্ধে রাসূলকে প্রশ্ন করেছিল, এ আয়াতগুলো এরই জবাবে অবতীর্ণ হয়।

১৮:৯। 'রাকিম' শব্দটির কয়েকটি অর্থ আছে; বিশেষ দুটি অর্থ এই- (১) যেথায় গুহা অবস্থিত ছিল সেই পর্বত বা পল্লীর নাম, (২) ফলক, যাতে গুহাবাসীর নাম ও বিবরণ খোদিত ছিল-(লিসানুল আরব) (ড. মোহর আলী)।

১৮:২৫। আহলে কিতাবের মধ্যে প্রচলিত ছিল ৩০৯ বছর। তারা বলত ৩০৯ বছর, আল্লাহ্ এখানে বলছেন আসহাবে কাহাফ তিনশত বছর অবস্থান করেছিল অথবা আহলে কিতাবের লোকেরা তিনশত বছর না বলে বলত ৩০৯ বছর অর্থাৎ ৯ বছর বেশী বলত। আল্লাহ্ সৌর বছরের হিসাব এখানে দিয়েছেন। অর্থাৎ সৌর বছর হিসেবে তিন বছর আর চন্দ্র বছরের হিসাব ৩০৯ বছর। অতএব তিনশত বছর তথ্যকে আহলে কিতাবের লোকেরা মেনে না নিলে তাদের বিতর্কে লিপ্ত না হয়ে বলে দাও, 'আল্লাহ্ তাদের অবস্থানকাল সম্পর্কে সবচেয়ে বেশী জানেন।' উল্লেখ্য, আয়াতের শুরু لَبِثُوْا পূর্ববর্তী আয়াতের 'বল' এর ধারাবাহিকতা । আর ازْدَادُوْا এর মধ্যে উহ্য সর্বনাম هُمْ(তারা) পূর্ববর্তী ২২নং আয়াতের শুরুতে উল্লেখিত(سَيَقُوْلُوْنَ তারা অচিরেই বলবে) এর মধ্যে উহ্য সর্বনাম هُمْ(তারা) দ্বারা আহলে কিতাকে বুঝানো হয়েছে। তাছাড়া পূর্ববর্তী আয়াতের 'বল আল্লাহ্ সবচেয়ে বেশী জানেন' থেকে বুঝা যায়, পূর্বের আয়াতে সংখ্যা নিয়ে যে বিতর্ক ছিল তার জবাব এ আয়াতে দেয়া হয়েছে।

১৮:৪৬। স্থায়ী সৎকর্মের ফল মানুষ মরে যাওয়ার পরও চালু থাকে। রাসূল (সা.) বলেছেন, যখন কোন মানুষ মারা যায় তখন তার সকল কাজ বন্ধ হয়ে যায়- তবে তিনটি কাজ ব্যতীত। যথা : ১। সদকায়ে জারিয়া ২। তার রেখে যাওয়া জ্ঞান যা উপকারে আসে এবং ৩। সৎকর্মশীল সন্তান যে তার জন্য দোয়া করে।

১৮:৬০। তার চাকর ছিলেন ইয়ুশা' ইবনে নূন। পরবর্তীতে তিনিও বণী ইসরাঈলের নবী হয়েছিলেন।

১৮:৬০। দুই সমুদ্রের সংযোগস্থল নিয়ে মত পার্থক্য রয়েছে। যথা- নীল নদের দুই শাখার সংযোগস্থল, দজলা ও ফুরাতের সংযোগস্থল অথবা আকাবা উপসাগর ও সুয়েজের সংযোগস্থল।

১৮:৬৫। এই বান্দা ছিলেন হজরত খিদর (খিযির) (আ.) -বুখারী।

১৮:৮০। خَشِيْنَا (আমরা আশঙ্কা করলাম) ব্যবহার করা হয়েছে যদিও খিজির (আ.) ছাড়া তার সঙ্গী মুসা (আ.) কিছুই জানতেন না। আরবী ভাষায় এক বচনের স্থলে বহু বচন (আমি এর স্থলে আমরা) ব্যবহার করার রীতি রয়েছে। এভাবেই আরবী ভাষার রীতি অনুযায়ী আল্লাহ্‌র ক্ষেত্রেও বহুবচন ব্যবহার করা হয়েছে।

১৮:৯৪। ইয়াজূজ ও মাজূজ ছিল শক্তিশালী, অত্যাচারী ও আক্রমণকারী উপজাতি। ধারণা করা হয় যে, এরা ছিল মোঙ্গল বংশোদ্ভুত। এদের উৎপীড়নে পার্শ্ববর্তী এলাকার লোকেরা অতিষ্ঠ হয়েছিল।

১৮:১১০। এ আয়াতের ঘোষণা থেকে এটা সুস্পষ্ট হয় যে, রাসূল (সা.) মানুষ ছিলেন। অন্যান্য মানুষের সাথে তার পার্থক্য এই যে তার প্রতি ওহী করা হয় এবং তিনি ছিলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব।

১৯:৫। مَوَالِيَ এর অর্থ بَنِي الْعَمِّ وَالْعَصَبَةِ অর্থাৎ চাচাতো ভাই ও সগোত্রীয়। যাকারিয়া (আ.) তার চাচাতো ভাই ও নিজ সাহাবীদের ব্যাপারে সঙ্কিত ছিলেন যে, তারা তার মৃত্যুর পর দ্বীনকে নষ্ট করে ফেলবে।

১৯:৫। নবীদের সন্তানগণ তাদের ধন-সম্পদের উত্তরাধিকারী হয় না, তাঁর ও ইয়াকুব (আ.) এর বংশের উত্তরাধিকারিত্ব বলতে যাকারিয়া (আ.), নবুয়্যত ও দ্বীনী শিক্ষার উত্তরাধিকারিত্বের বিষয়টি বুঝিয়েছেন।

১৯:১০। দিবারাত্র ২৪ ঘন্টার একদিন বুঝাতে আরবীতে 'লাইল' শব্দটি ব্যবহৃত হয়।

১৯:১০। অর্থাৎ তুমি তিনদিন ক্রমাগত মানুষের সাথে কথা বলতে সক্ষম হবে না; শুধু ইশারা করতে পারবে তবে আল্লাহ্‌র একান্ত তাছবীহ্ ও প্রশংসা করতে পারবেন (আরো দেখুন- সূরা-৩: আয়াত-৪১)। অর্থাৎ যাকারিয়া (আ.) বললেন, আমার মনের প্রশান্তির জন্য আমার বৃদ্ধ বয়সে সন্তান হওয়ার সুসংবাদটি যে আপনারই পক্ষ থেকে এটা বুঝার জন্য আমাকে একটি নিদর্শন দান করুন। তখন আল্লাহ্ তাকে জানালেন, এ নিদর্শন হচ্ছে তিনদিন তিনরাত তেমার বাকশক্তি রহিত হবে, তখন তুমি কেবল ইশারা ইঙ্গিত ছাড়া কারো সাথে কথা বলতে সক্ষম হবে না। সে জন্য যাকারিয়া (আ.) এর স্ত্রী যখনই গর্ভবর্তী হলেন তখনই এ নিদর্শন প্রকাশ পেল যে, তিনি তাওরাত পড়তে পারতেন, আল্লাহ্‌র যিকির করতে পারতেন, কিন্তু যখন কারো সাথে কথা বলতে চাইলেন তা পারতেন না।

১৯:৩০। যদিও তখনও তাকে 'কিতাব' দেয়া হয়নি, কিন্তু কিতাব দেয়া হবে এটা তাঁকে জানান হয়েছিল। ভবিষ্যতে নিশ্চিতভাবে ঘটবে এমন কিছুকে অতীতবাচক ক্রিয়া ব্যবহারের মাধ্যমে ইতোমধ্যে ঘটে গেছে এমন ভাষায় প্রকাশ করা হয় এবং এরূপ ভাষা রীতি কুরআনের আরো বহু জায়গাতে ব্যবহৃত হয়েছে।

১৯:৫২। মুসা (আ.) যেখানে অবস্থান করছিলেন সে স্থান থেকে পাহাড়ের ডান দিক।

১৯:৫৪। অর্থাৎ তিনি প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন , শীঘ্রই আপনি আমাকে ধৈর্যশীলদের মধ্যে পাবেন। (দেখুন সূরা-৩৭: আয়াত-১০২) এই প্রতিশ্রুতি তিনি শেষ পর্যন্ত সত্যে পরিণত করেছিলেন এবং এ প্রতিশ্রুতি রক্ষা করেছিলেন।

১৯.৬৪। এটা জিবরাঈল (আ.)-এর কথা। কিছু কালের জন্য ওহী বন্ধ থাকার পর জিবরাঈল (আ.) উপস্থিত হলে রাসূল (সা.) তাঁকে বিলম্বের কারণ জিজ্ঞাসা করেন। তদুত্তরে জিবরাঈল (আ.) এ কথা বলেন, এটি আল্লাহ্ কর্তৃক নির্দেশিত হয়েই হযরত জিবরাঈল (আ.) বলেছিলেন।

১৯.৬৭। অর্থাৎ আল্লাহ্ মানুষকে সৃষ্টি করেছেন যখন সে কিছুই ছিল না। যিনি মানুষকে কিছুই না থাকা অবস্থায় সৃষ্টি করেছেন, তার পক্ষে মৃত্যুর পর আবার জীবিত করা কোন কঠিন কাজ নয়।

১৯:৭৬। কিছু সৎকর্ম মৃত্যুর পরও বাকি থাকে, যথা- সৎকর্মশীল সন্তান, উপকারী জ্ঞান বা এই ধরনের জনকল্যাণমূলক কর্ম। এইরূপ উত্তম কার্য স্থায়ী সৎকর্ম নামে অভিহিত।

১৯:৭৭। এ আয়াতের শানে নুযুল সম্পর্কে বর্ণিত আছেঃ মক্কার এক কাফিরের নিকট এক সাহাবীর কিছু অর্থ পাওনা ছিল। তিনি তা পরিশোধ করার জন্য তাগাদা করলে উক্ত কাফির বলল, তুমি যদি মুহাম্মদকে নবী হিসাবে অস্বীকার কর তবে তোমার ঋণ পরিশোধ করব। সাহাবী বললেন, 'তুমি মরে আবার জীবিত হয়ে আসলেও তা হবে না। ঐ ব্যক্তি তখন বিদ্রুপ করে বলল, 'মৃত্যুর পর যখন পুনর্জীবিত হব তখন তোমার ঋণ শোধ করব, আর আমি তো তখনও ধনীই থাকব। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়।

১৯:৯৬। আল্লাহ্ মু'মিনদের অন্তরে তাঁর জন্য ভালবাসা সৃষ্টি করেন এবং আল্লাহ্ও তাদেরকে ভালবাসেন। আল্লাহ্ তাঁর কোন বান্দাকে ভালবাসলে, আসমান ও যমীনে তার ঘোষণা দিয়ে বলা হয় আল্লাহ্ অমুককে ভালবাসেন সুতরাং তোমরাও তাকে ভালবাস, তখন সৃষ্টির সকলে তাকে ভালবাসতে থাকে।

২০:২। আয়াতটিতে রাসূল (সা.) কে সান্তনা দেয়া হয়েছে। কারণ কাফিররা কুরআন অস্বীকার করলে তিনি খুব কষ্ট পেতেন। উপদেশ প্রদান তাঁর কর্তব্য, তা তাদের গ্রহণ না করার জন্য তিনি দায়ী নন। তাই কুরআন অস্বীকার করায় রাসূল যেন কষ্ট না পান সে কথাই বলা হয়েছে। রাসূলকে জানিয়ে দেয়া হচ্ছে যে, আপনাকে কষ্ট দেয়ার জন্য এ কুরআন নাযিল করা হয়নি।

২০:৪০। মূসা (আ.)-এর মা শিশু মূসাকে সিন্দুকে পুরে নদীতে ভাসিয়ে দিয়েছিলেন। সিন্দুকটি ভাসতে ভাসতে ফির'আউনের ঘাটে ভিড়লে লোকেরা সিন্দুকস্থ শিশু মূসাকে প্রাসাদে নিয়ে যায়। মূসার বোন শিশু ভাইটির কি অবস্থা হল তা জানার জন্য প্রাসাদে এসেছিলেন। এখানে সেদিকে ইঙ্গিত করা হয়েছে।

২০:৬০। 'কায়দুন' শব্দের অর্থ পরিকল্পনা, চক্রান্ত ও কৌশল; এখানে তাদের চক্রান্ত বলতে ফিরআউনের জাদুকরদের জাদুর কৌশলকে বুঝানো হয়েছে।

২০:৮০। তাওরাত দানের প্রতিশ্রুতি।

২০:৮৩। আল্লাহ্র নির্দেশে হযরত মূসা (আ.) তাওরাত আনার উদ্দেশ্যে তূর পাহাড়ে যাওয়ার সময় সঙ্গে কয়েকজন গোত্রীয় প্রধানকে নিয়ে যান। তিনি আল্লাহ্র সঙ্গে কথোপকথনের আগ্রহে তাদেরকে পিছনে রেখে পূর্বেই সেখানে পৌঁছে গিয়েছিলেন।

২০:১২৩। অর্থাৎ আদম (আ.) ও শয়তান উভয়কে আল্লাহ্র নির্দেশ অমান্যের কারণে জান্নাত থেকে বহিস্কার করা হয়।

২০:১২৪। ইবনে কাছীর বলেন, দুনিয়ায় সে শান্তি পাবে না, তার মনে স্বস্তি থাকবে না। গোমরাহীর কারণে তার মন সংকীর্ণ থাকবে যদিও বাহ্যিকভাবে পোশাক -আশাক, খাবার-দাবার ও বাসস্থানের দিক থেকে তাকে প্রাচুর্যের অধিকারী মনে হবে। কেননা যতক্ষণ তার হৃদয় নিশ্চিত বিশ্বাস ও সঠিক পথের উপর একনিষ্ঠ হবে না ততদিন সে অস্থিরতা, পেরেশানী ও সন্দেহ-সংশয়ের থাকবে সুতরাং সর্বদাই সে দ্বিধা দ্বন্দে থাকবে । অর্থাৎ দুশ্চিন্তা ও পেরেশানীভরা জীবন। যদিও সে অঢেল সম্পদের অধিকারী হয় (আল ওয়াসীত ফী তাফসীরিল কুরআন, তানতাভী)।

২১:৩। অর্থাৎ নবী করিম (সা.) ও কুরআনের বিরুদ্ধে তাদের ষড়যন্ত্রকে সাধারণ মানুষের নিকট প্রকাশ না করে তাদেরকে বিভ্রান্তিতে ফেলার জন্য কৌশলে একটি প্রশ্ন ছুড়ে দেয়া যে, তোমরা কি তোমাদেরই মত একজন মানুষকে অনুসরণ করে যাদুর কবলে পড়বে? এ প্রশ্ন ছুড়ে দিয়ে তারা সহজেই সাধারণ মানুষকে বিভ্রান্ত করতে চায়- (আল মুনতাখাব ফি তাফসীরিল কুরআনিল কারিম)।

২১:১০। অর্থাৎ তোমাদের কথা কুরাআনে আলোচনা হয়েছে, এটা তোমাদের জন্য সম্মানের বিষয়, এটা বুঝনা কেন?

২১:১৭। আখিরাতের তুলনায় সম্পদ, সন্তান-সন্ততিসহ গোটা দুনিয়ার জীবনকে আল্লাহ্ খেল-তামশার বস্তু আখ্যায়িত করেছেন (দেখুন সূরা-৬: আয়াত-৩২, সূরা-২৯: আয়াত-৬৪, সূরা-৫৭: আয়াত-২০)।

২১:৩৫। এখানে প্রত্যেক নফ্স (ব্যক্তি) বলতে মানুষকে বুঝানো হয়েছে। (আরো দেখুন সূরা-২: আয়াত-২৮১, সূরা-৩: আয়াত-২৫)। তাছাড়া পূর্বের আয়াতে সুনির্দিষ্টভাবে মানুষের কথা বলা হয়েছে।

২১:৭১। শাম (সিরিয়া) অথবা ফিলিস্তীন।

২১:৭৮। ইবনে আব্বাস ও কাতাদা বর্ণনা করেন যে, এক ব্যক্তির কয়েকটি মেষ এক কৃষকের কিছু চারা গাছ নষ্ট করে, কৃষকটি হযরত দাউদ (আ.) এর নিকট বিচার প্রার্থী হলে তিনি ক্ষতিপুরণস্বরূপ মেষগুলো কৃষককে প্রদান করতে রায় দেন। তখন সুলায়মান (আ.) বললেন, আমার মতে কৃষকের নিকট মেষগুলো থাকবে এবং সে সেগুলোর দুধ পান করবে। আর মেষের মালিক ক্ষেতটিতে পানি সিঞ্চন করতে থাকবে। ক্ষেতটি পূর্বাবস্থায় ফিরে আসলে সে মেষগুলো ফেরত পাবে। তখন দাউদ (আ.) নিজের রায় নাকচ করে পুত্রের রায় গ্রহণ করলেন। এ ঘটনাটির প্রতি আয়াতটিতে ইঙ্গিত রয়েছে-(মারেফুল কুরআন)।

২১:৭৯। এ ঘটনায় দাউদ (আ.)-কে ছোট করার কোন কারণ নেই। আল্লাহ্ বলছেন, 'তাদের প্রত্যেককে আমি প্রজ্ঞা ও জ্ঞান দিয়েছিলাম'।

২১:৮৩। ইবনে কাসীরের বর্ণনা থেকে জানা যায় যে, নবী হযরত আইউব (আ.) কে আল্লাহ্ প্রথমে অগাধ সম্পদ ও পরিবার-পরিজন দান করেন। এরপর পরীক্ষাস্বরূপ আল্লাহ্ তাঁকে কুষ্ঠের মত দুরারোগ্য ব্যাধি দেন। দীর্ঘদিন পর আল্লাহ্ পুনরায় তাঁকে সুস্থতা এবং সচ্ছলতা দান করে।

২১:৮৭। 'যুন্-নূন' শব্দের অর্থ মাছের অধিকারী বা মাছওয়ালা। এখানে এই শব্দ দ্বারা হযরত ইউনুস (আ.) কে বুঝানো হয়েছে।

২১:৮৭। হযরত ইউনুস (আ.)-এর সম্প্রদায় হিদায়াত গ্রহণ না করায় তিনি হতাশ ও রাগান্বিত হয়ে দেশ ত্যাগ করেন। যাওয়ার সময় তাদেরকে সতর্ক করেন যে, তিন দিনের মধ্যে আযাব আসবে, কিন্তু দেশ ত্যাগের জন্য তিনি আল্লাহ্র অনুমতি গ্রহণ করেননি। দেশ ত্যাগের সময় নৌকা থেকে তাঁকে সাগরে ফেলে দেয়া হয় এবং একটি মাছ তাঁকে গিলে ফেলে। পরে মাছের পেটে থাকা অবস্থায় দোয়া করার কারণে আল্লাহ্ তাঁকে উদ্ধার করেন।

২২:১৭। 'সাবিঈন' বহুবচন, সাবী এক বচন, অর্থ: যে নিজের দ্বীন পরিত্যাগ করে অন্য দ্বীন গ্রহণ করে-(কুরতুবী)। এরা তৎকালে প্রচলিত সকল দ্বীন হতে তাদের পছন্দমত কিছু কিছু বিষয় গ্রহণ করে নিত। এরা নক্ষত্র ও ফেরেশতা পূজা করত। উমর (রা.) এদেরকে আহলে কিতাবের মধ্যে গণ্য করেছেন।

২২:২৬। **তওয়াফ:** কা'বাগৃহ প্রদক্ষিণ করাকে তওয়াফ বলা হয়।

২২:২৮। নির্দিষ্ট দিন বলতে যিলহজ্জ মাসের প্রথম দশ দিন অথবা কুরবানীর দিনগুলোকে বুঝানো হয়েছে।

২২:৩০। **মিথ্যা কথা বলার পরিণাম ঃ** রাসূল (সা.) বলেছেন, তোমরা মিথ্যা কথা বলা থেকে দূরে থাক। কেননা মিথ্যা (মানুষকে) পাপাচারের পথ দেখায় আর পাপাচার মানুষকে জাহান্নামের পথে ঠেলে দেয়। ব্যক্তি যখন অনবরত মিথ্যা কথা বলতে থাকে তখন আল্লাহ্‌র নিকট তাকে মিথ্যাবাদী হিসেবে লিপিবদ্ধ করা হয়-(সহীহ বুখারী ও মুসলিম)। রাসূল (সা.) আরো বলেছেন, কোন ব্যক্তি মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা শুনে কোন যাচাই বাছাই না করে তাই বলে বেড়ায়-(সহীহ মুসলিম)।

২২:৩৯। এ আয়াতের মধ্যে সর্বপ্রথম মুসলমানদের আত্মরক্ষার্থে প্রতিরোধমূলক যুদ্ধ করার অনুমতি প্রদান করা হয়। আয়াতে অনুমতির প্রেক্ষাপট বর্ণনা করা হয়েছে।

২২:৭৮। হযরত আবুযর (রা.) বলেন, আমি রাসূল (সা.) কে বললাম, হে আল্লাহ্‌র রাসূল! ধনীরা তো অনেক পুণ্য নিয়ে (হাশরের মাঠে) হাজির হবে। তারা নামায পড়ে, রোযা রাখে ও হজ্জ করে। রাসূল (সা.) বললেন, তোমরাও তো নামায পড়, রোযা রাখ ও হজ্জ কর। আমি বললাম, তারা সদকা (দান) করে কিন্তু আমরা সদকা করতে পারি না। রাসূল (সা.) বললেন, তোমারও সদকা করার সুযোগ রয়েছে, রাস্তা হতে (পরিত্যক্ত হাড়) অপসারণ করা সদকা, যে পথ খুঁজে পায়না এমন কাউকে পথ দেখিয়ে দেয়া সদকা, তোমার শক্তি দ্বারা দুর্বলকে সাহায্য করাও সদকা। স্পষ্ট করে কথা বলতে পারে না এমন কারো অস্পষ্ট বক্তব্যকে স্পষ্ট করে বুঝিয়ে দেয়াও তোমার জন্য সদকা, তোমার স্ত্রীর সাথে মিলিত হওয়াও সদকা। আবুযর (রা.) বলেন, আমি আরজ করলাম, হে আল্লাহ্‌র রাসূল! আমরা তো যৌন আকাঙ্খা পুরনের উদ্দেশ্যে তাদের সাথে মিলিত হই তা সত্ত্বেও সাওয়াব পাব? রাসূল (সা.) বললেন, তুমি যদি তা অবৈধভাবে কর তাহলে কি পাপী হবে না? আবুযর (রা.) বলেন, আমি বললাম, হ্যাঁ। রাসূল (সা.) বললেন, তোমরা খারাপ কাজের জন্য পাপের হিসাব করছ কিন্তু ভাল কাজের জন্য ছওয়াব হিসাব করছ না!-(মুসনাদে আহমাদ)।

২৩:২। **খুশু** অর্থ ধীর-স্থির ভাবে ও মনোযোগ সহকারে সালাত (নামায) আদায় করা। হযরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত একদা রাসূল (সা.) মসজিদে প্রবেশ করলেন। পরক্ষণেই এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল এবং নামায আদায় করল। অতঃপর রাসূলকে সালাম দিল, রাসূল (সা.) সালামের জবাব দিলেন এবং বললেন আবার যাও এবং নামাজ পড়, কেননা তুমি নামায পড়নি। অতঃপর সে পূর্বে যেভাবে নামাজ আদায় করেছিল সেভাবেই নামাজ আদায় করল। পরে আসল এবং রাসূলকে সালাম দিল। রাসূল বললেন, "আবার যাও নামাজ পড়, কেননা তুমি নামাজ পড়নি।" এভাবে তিন বার বললেন। তখন লোকটি বলল- যে সত্তা আপনাকে পাঠিয়েছেন তার শপথ, আমি এর চেয়ে ভাল করে পারি না। দয়া করে আমাকে শিখিয়ে দিন। রাসূল (সা.) বললেন- যখন তুমি নামাযে দাঁড়াবে তখন তকবীর বলবে, অতঃপর কুরআন থেকে তোমার জন্য যা সহজ তাই তিলাওয়াত করবে, অতঃপর রুকু করবে প্রশান্তির সাথে (অর্থাৎ ধীর-স্থিরভাবে)। অতঃপর ঠিক সোজা হয়ে দাঁড়াবে, অতঃপর সিজদা করবে প্রশান্তির সাথে (ধীর-স্থিরভাবে)। অতঃপর উঠে বসবে প্রশান্তির সাথে (ধীর-স্থিরভাবে)। এভাবেই পুরো নামায আদায় করবে-(বুখারী ও মুসলিম)। অর্থাৎ তাড়াহুড়া করে রুকু বা সিজদা করলে ও দুই সিজদার মাঝখানে স্থির হয়ে না বসলে রাসূল (সা.) এর হাদীস মোতাবেক নামায হয় না।

২৩:৩। 'লাগ্‌উন' অর্থ অসার, এখানে এর দ্বারা অর্থহীন কথা ও কাজকে বুঝানো হয়েছে।

২৩:৬। দাস প্রথা যুগের কৃতদাসীদের বুঝানো হয়েছে। রাসূল (সা.) তার জীবদ্দশায় দাস প্রথাকে সম্পূর্ণ নিষিদ্ধ করে যাননি, তবে তার হাদীস ও গৃহীত নীতির ফলে দাস মুক্তির যে ধারার সূচনা হয়েছিল তারই ধারাবাহিকতায় পরবর্তীতে বিনা রক্তপাতে মুসলিম সমাজে দাস প্রথা বিলুপ্ত হয়। দাসমুক্তির কথা সূরা নিসা নং ৪, আয়াত ৯২, সূরা আল-মায়েদা নং ৫, আয়াত ৮৭ ও সূরা মুজাদালা নং ৫৮, আয়াত ৩, সূরা বালাদ নং ৯০, ১২-১৩ নং আয়াতে উল্লেখ করা হয়েছে। সূরা বাকারা নং ২, আয়াত ১৭৭, সূরা তওবা নং ৯, আয়াত ৬০, সূরা নূর নং ২৪, ৩৩ নং আয়াতে দাসমুক্তির জন্য অর্থ ব্যয় করাকে পুণ্য কাজ হিসেবে ঘোষণা করা হয়েছে। তদুপরি দাসমুক্তি উৎসাহিত করতে রাসূলের বহু হাদীস রয়েছে। দাসমুক্তির বহুমুখী নীতির মধ্যে একটি ছিল স্ত্রীর মতো কৃতদাসীর সাথে দৈহিক মিলনের অনুমতি। এই মিলনের ফলে কৃতদাসীর গর্ভে সন্তান জন্ম নিলে তাকে অন্যত্র বিক্রি করা মনিবের জন্য নিষিদ্ধ হয়ে যেতো এবং পরবর্তীতে সে দাসত্ব থেকে মুক্ত হয়ে স্বাধীন মানুষের মর্যাদা লাভ করতো।

২৩:৯। যথা সময়ে সমস্ত বিধান পালন করে যথাযথভাবে সালাত আদায় করে এবং সালাতের (নামাযের) ব্যাপারে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করে না।

২৩:২১। অর্থাৎ দুধ।

২৩:২৭। অর্থাৎ তাদের জন্য সুপারিশ করোনা।

২৩:৩১। তারা আদ সম্প্রদায়।

২৩:৫৩। অর্থাৎ তাদের দ্বীনের ব্যাপারে তারা বহুদল ও উপদলে বিভক্ত হয়েছে।

২৩:৫৩। অর্থাৎ প্রত্যেক দল বা সম্প্রদায় যে বিশ্বাস আচরণের উপর রয়েছে তা নিয়ে সন্তুষ্ট এবং মনে করে যে তারাই সত্যের উপরে রয়েছে এবং অন্যদের কোন ভিত্তি নেই।

২৩:১০০। 'বারযাখ' অর্থ প্রতিবন্ধক, পর্দা, পৃথকীকরণ। মৃত্যুর সঙ্গে সঙ্গে দুনিয়া চোখের আড়ালে চলে যায়, অন্যদিকে আখিরাতও দেখা যায় না, এটাই আলমে বারযাখ।

২৩:১০১। কিয়ামতের এক পর্যায়ে (বিশেষত 'আমলনামা' পাওয়ার পূর্ব মুহূর্তে) মানুষ এত ভীত-বিহ্বল হয়ে পড়বে যে, অতি আপনজনের প্রতিও তখন ভ্রূক্ষেপ করবে না। তখন নিজের চিন্তা ছাড়া আর কোন চিন্তাই কারো থাকবে না। কুরআনের অন্য আয়াতে উল্লেখ করা হয়েছে যে, সে সময় অবস্থা এমন হবে যে মানুষ তার ভাই, পিতা-মাতা, স্ত্রী ও সন্তান থেকেও পালাবে।

২৩:১১৩। এখানে গণনাকারী বলতে সেই ফেরেশতাদেরকে বুঝানো হয়েছে যারা মানুষের কাজের হিসাব রাখে। এঁদের ব্যাপারে, অন্যস্থানে বলা হয়েছে সম্মানিত লেখক।

২৪:১১। 'ইফ্‌কের ঘটনা' নামে প্রসিদ্ধ ঘটনাটির প্রতি এ ক'টি আয়াতে ইংগিত করা হয়েছে। সংক্ষেপে ঘটনাটি হল: উম্মুল মু'মিনীন আয়েশা (রা.) বনু মুসতালিক-এর যুদ্ধে (৬ হিজরী) রাসূল (সা.)-এর সংগে ছিলেন। মদীনায় প্রত্যাবর্তনের পথে তাঁরা এক স্থানে শিবির স্থাপন করেন। আয়েশা (রা.) শিবির হতে কিছু দূরে ইসতিনজার জন্য গমন করেছিলেন। তখন তাঁর গলারহারটি সেখানেই পড়ে গেলে তিনি তা অনুসন্ধান করতে থাকেন। তাঁর হাওদা পর্দায় আবৃত থাকায় তিনি ভিতরে আছেন মনে করে তাকে রেখেই কাফেলা হাওদা নিয়ে রওয়ানা হয়ে যায়। পশ্চাৎবর্তী রক্ষী দলের সাফ্‌ওয়ান (রা.) তাঁকে দেখতে পেয়ে তার উটে আয়েশা (রা.)-কে আরোহন করান এবং উটের রাশি ধরে পদব্রজে কাফেলার সাথে মিলিত হন। এ ঘটনাকে কেন্দ্র করে মুনাফিক সরদার 'আবদুল্লাহ ইব্‌ন উবাই নানা অপবাদ ছড়াতে থাকে। এ আয়াতগুলোতে আয়েশা (রা.)-এর পবিত্রতার ঘোষণা করা হয় এবং অপবাদ রটনাকারীদের কঠোর শাস্তির কথা ব্যক্ত করা হয়।

২৪:২২। উক্ত (ইফ্‌ক) অপবাদ রটনার ব্যাপারে কিছু সরল মুসলিমও জড়িত হয়ে পড়েন। তাদের মধ্যে আবু বকর (রা.)-এর দরিদ্র আত্মীয় মিসতাহ (রা.)-ও ছিলেন, যাকে আবু বকর (রা.) আর্থিক সাহায্য করতেন। এ ঘটনার পর আবু বকর (রা.) তাকে সাহায্যদান বন্ধ করে দিলে আয়াতটি অবতীর্ণ হয়।

২৪:২৭। **সালামের প্রচলন:** হযরত আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত, তিনি বলেন রাসূল (সা.) বলেছেন "তোমরা মু'মিন না হওয়া পর্যন্ত বেহেশতে প্রবেশ করতে পারবে না। আর পরস্পরকে ভাল না বাসলে ঈমানদার হতে পারবে না। আমি কি তোমাদেরকে এমন একটি বিষয় বলে দিব না যা করলে তোমরা পরস্পরকে ভালবাসতে পারবে? তা হলো তোমরা নিজেদের মধ্যে ব্যাপকভাবে সালামের প্রচলন করবে-(সহীহ মুসলিম)।

২৪:৩১। একই সঙ্গে প্রায়ই উঠা-বসা করে এমন নারী, অবশ্য তাদেরকে সৎচরিত্রবান হতে হবে। ভিন্নমতে মুসলিম নারী।

২৪:৩২। 'আল আয়ামা' শব্দটি 'আইমুন'-এর বহুবচন; অর্থ যে পুরুষের স্ত্রী নেই অথবা যে নারীর স্বামী নেই। তারা অবিবাহিত, বিপত্নীক অথবা বিধবা যাই হোক না কেন-(লিসানুল আরব)

২৪:৩২। **বিবাহ উপযুক্ত নারী-পুরুষের বিয়ের ব্যবস্থা করা সংশ্লিষ্ট সকলের দায়িত্ব:** মহানবী (সা.) বলেছেন, তোমাদের কাছে যখন এমন কেউ প্রস্তাব দিবে যার চরিত্র ও দীনদারির বিষয়ে তোমরা সন্তুষ্ট তখন তাকে বিয়ে দেয়ার ব্যবস্থা কর। যদি তা না কর তাহলে জমিনের বুকে ব্যাপক ফিতনা ও ফ্যাসাদ সৃষ্টি হবে-(সুনান তিরমিযি)।

২৪:৩২। **পাত্রী নির্বাচনে দীনদারি প্রাধান্য দেয়া:** হযরত আবু হুরায়রা (রা.) রাসূল (সা.) থেকে বর্ণনা করেন যে, রাসূল (সা.) বলেছেন: "চার কারণে নারীদেরকে বিয়ে করা যেতে পারে, তার সম্পদের কারণে, তার বংশের কারণে, তার সৌন্দর্যের কারণে ও তার দীনদারির কারণে। তবে তুমি দীনদারিকেই অগ্রাধিকার দিবে-(বুখারী ও মুসলিম)।

২৪:৩৩। দাসত্বের শৃঙ্খল থেকে শান্তিপূর্ণ পন্থায় মানুষকে মুক্ত করার জন্য ইসলামের গৃহীত বহু নীতির মধ্যে এখানে একটি নীতি উল্লেখ করা হয়েছে। সেটি হল, অর্থের বিনিময়ে দাসত্ব হতে মুক্তি লাভের ব্যাপারে মনিবের সাথে সমঝোতা করার সুযোগ তৈরি করে দেয়া। এরূপ সমঝোতার ক্ষেত্রে দাস-দাসীকে অর্থ উপার্জনের জন্য সুযোগ করে দেয়া হত। দাস-দাসীগণ নিজেরা উপার্জন করত কিংবা অন্যদের অনুদান নিয়ে অর্থ সংগ্রহ করতো। তাছাড়া তাদের মুক্ত হওয়ার জন্য অর্থ সাহায্য দিতে মুমিনদের উৎসাহিত করা হয়। দাসত্ব থেকে মুক্তির জন্য যাকাতের অর্থ প্রদানের বিধান রাখা হয়। বহুমুখী উৎস থেকে সংগৃহিত অর্থ মনিবকে প্রদানের মাধ্যমে মুক্ত হওয়ার পথ উন্মুক্ত করা হয়। এ পন্থায় অনেক লোক দাসত্ব থেকে মুক্তি পেয়েছিল।

২৪:৩৬। অর্থাৎ মসজিদ।

২৪:৩৭। **ব্যবসায়ীদের জন্য পুরস্কার:** আবু সাঈদ (রা.) বলেন, রাসূল (সা.) বলেছেন: সত্যবাদী ও বিশ্বস্ত ব্যবসায়ী নবী-রাসূল, সিদ্দিকীন (ন্যায়পরায়ণ ব্যক্তিবর্গ) ও শহীদদের সাথে থাকবে-(তিরমিযী)।

২৪:৪৯। রাসূল (সা.)-এর ফয়সালা তাদের অনুকূলে হবে মনে হলে তারা (মুনাফিকরা) তাড়াতাড়ি তাঁর নিকট আসে।

২৪:৫৩। এখানে 'তারা অবশ্যই বের হবে' বলে জিহাদের জন্য বের হবে বুঝানো হয়েছে। আয়াতে মুনাফিকদের বর্ণনা দেয়া হয়েছে। তারা মুখে জিহাদে বের হওয়ার কথা বলে, কিন্তু কার্যে পরিণত করে না।

২৪:৬০। অর্থাৎ যারা বিয়ের আশা রাখেনা এমন বৃদ্ধা মহিলার পর্দার বিধান যুবতীদের ন্যায় কঠোর নয়। সৌন্দর্য প্রদর্শন ব্যতীত তারা তাদের বহির্ভাগ খুলে রাখতে পারে।

২৫:৪। মক্কার এক খৃষ্টান দাসের সাথে রাসূল (সা.)-এর মাঝে মধ্যে দেখা-সাক্ষাৎ হত। এতে কাফিররা বলাবলি করতে শুরু করে, তাঁকে এ দাস কুরআন শিক্ষা দেয়। এ আয়াতে তাদের কথার প্রতিবাদ করা হয়েছে।

২৫:১৬। وَعْدًا مَّسْئُولًا (প্রার্থীত প্রতিশ্রুতি) অর্থাৎ মানুষ ও ফেরেশতাদের কর্তৃক প্রার্থীত। সূরা মু'মিন নং ৪০-এর ৮ নং আয়াতে ফেরেশতাদের প্রার্থনা, আর সূরা আলে-ইমরান নং ৩-এর ১৯৪ নং আয়াতে মানুষের প্রার্থনার কথা উল্লেখ করা রয়েছে।

২৫:১৮। অর্থাৎ আল্লাহ্‌র পক্ষ থেকে অবতীর্ণ কিতাব।

২৫:২০। কাফিররা অভিযোগ উত্থাপন করে যে, নবী রাসূলদের পানাহার ও ব্যবসা বাণিজ্যের কি প্রয়োজন? তাদের এ কথার জবাবে মহান আল্লাহ্‌ বলেন, পূর্ববর্তী সব নবীই মনুষ্যজনিত প্রয়োজন বজায় রাখতেন। ব্যবসা-বাণিজ্য ও জীবিকা উপার্জন ইত্যাদি সবকিছুই করতেন। এগুলো নবুয়্যতের পরিপন্থী নয়।

২৫:২০। রাসূল মানুষকে ঈমানের দিকে আহ্বান করেন, এতে তাঁরা পরীক্ষার সম্মুখীন হন। যারা ঈমান আনে তারা মুক্তি লাভ করে। যারা প্রত্যাখ্যান করে তারা রাসূলকে উৎপীড়ন করে। তখন রাসূলের ধৈর্যের পরীক্ষা হয়।

২৫:২৯। মানুষ অথবা জ্বীন যাকে সে বন্ধুরূপে গ্রহণ করেছিল এবং সে তাকে পথভ্রষ্ট করেছে।

২৫:৩৮। رس (কূপ), اصحاب الرس (কূপওয়ালারা)। তাদের প্রতি প্রেরিত নবীকে তারা এক কূপে আটকে রেখেছিল। তাই তারা কূপওয়ালা নামে অভিহিত হয়েছে। উত্তর আরবের ইয়ামামার 'রাস' নামক একটি এলাকা ছিল, ছামূদ জাতির কোন এক গোত্র এখানে বাস করত, বর্তমানে এটা ওয়াদীউর-রূম এলাকার একটি পল্লী।

২৫:৩৯। অর্থাৎ প্রতিটি ধ্বংসপ্রাপ্ত জাতিকে তার পূর্ববর্তী ধ্বংসপ্রাপ্ত জাতির ধ্বংস হওয়ার ঘটনা, কারণ ও দৃষ্টান্ত বর্ণনা করেছি। এভাবেই প্রত্যেক জাতিকে সতর্ক করেছি কিন্তু তা সত্ত্বেও তারা সতর্ক হয়নি। ফলে তাদেরকে পূর্ববর্তীদের ন্যায় ধ্বংস করেছি।

২৫:৪০। হযরত লূত (আ.)-এর সম্প্রদায়ের বাসস্থান। মক্কাবাসীরা ফিলিস্তীন ও সিরিয়ায় ব্যবসা উপলক্ষে এ স্থান দিয়ে গমন করত।

২৫:৫০। অর্থাৎ কেবল অস্বীকার করল না কুফরীকে, তারা কেবল কুফরীই করল।

২৫:৫১। পৃথিবীর সকল অঞ্চলে নবী রাসূল পাঠানো হয়নি। তবে প্রত্যেক উম্মতের কাছে নবী অথবা রাসূল পাঠানো হয়েছে (দেখুন সূরা-৩৫, আয়াত-২৪)। এক নবী থেকে আরেক নবীর আগমন পর্যন্ত মানবগোষ্ঠী একেকটি উম্মত।

২৫:৫২। **কুরআনের মাধ্যমে জিহাদ:** উল্লেখ্য, সূরা ফুরকান হিজরতের পূর্বে মক্কায় অবতীর্ণ হয়, তখন কাফিরদের আক্রমণ ও নির্যাতনের মুখে ধৈর্য ধারণ করার নির্দেশ ছিল। যুদ্ধের অনুমতি ছিল না। কিন্তু কুরআনের প্রচারের মাধ্যমে জিহাদ করার নির্দেশ ছিল। রাসূল (সা.) এ নির্দেশ মান্য করেছিলেন। এ আয়াতে সুস্পষ্টভাবে 'কুরআন দ্বারা' জিহাদ করাকে বড় জিহাদ বলা হয়েছে।

২৫:৫৫। অর্থাৎ কাফির আল্লাহ্‌র বিরুদ্ধে অবস্থানকারী এমন সকলের সাহায্যকারী।

২৫:৬১। অর্থাৎ সূর্য।

২৫:৬৩। **বিনয় অবলম্বনের পুরস্কার ঃ** রাসূল (সা.) বলেছেন, যে ব্যক্তিই আল্লাহ্‌কে সন্তুষ্টি করার উদ্দেশ্যে বিনয় অবলম্বন করে, আল্লাহ্‌ তার মর্যাদা বাড়িয়ে দেন-(সহীহ মুসলিম)। তিনি আরো বলেন, আল্লাহ্‌ তায়ালা নিজে বিনয় অবলম্বনকারী, তিনি বিনয়কে পছন্দ করেন। তিনি বিনয় অবলম্বনকারীকে এত বেশী দান করেন যা কোন লোককে দান করেন না-(সহীহ মুসলিম)।

২৫:৬৭। **অজু করার সময় পানির অপচয়:** ইবন আববাস (রা.) থেকে বর্ণিত যে, নবী কারীম (সা.) একদা হযরত সা'দ (রা.)-কে অজু করার সময় অতিরিক্ত পানি ব্যবহার করতে দেখে বললেন, হে সা'দ, এ অপচয় কেন? তখন তিনি বললেন, অজুতেও কি অপচয় আছে? রাসূল (সা.) বললেন, হ্যাঁ, যদিও তুমি একটি প্রবাহমান নদীতে থাক।

২৬:১৯। বনী ইসরাইল সম্প্রদায়ের জনৈক ব্যক্তির সাথে একজন কিব্‌তী লোকের বিবাদের সময় কিব্‌তী লোকটিকে মূসা (আ.) ঘুষি মেরেছিলেন। ঘটনাক্রমে লোকটির মৃত্যু হয়েছিল।

২৬:১৭৬। 'আসহাবুল আইকা' এর অর্থ গহীন অরণ্যের অধিবাসী; শু'আইব (আ.)-এর সম্প্রদায় এই অঞ্চলে বাস করতেন বলে أيكة أصحاب দ্বারা শু'আইব (আ.)-এর সম্প্রদায়কে বুঝানো হয়েছে। আইকা: মাদিয়ানের পার্শ্ববর্তী এলাকা। শু'আয়েব (আ.) এই দুই এলাকার জন্যই নবী ছিলেন- (কাশ্‌শাফ, জালালাইন)।

২৬:১৯৪। মুহাম্মাদ (সা.) এর অন্তরে কুরআন ওহী করেছেন।

২৬:১৯৮। অনারব ব্যক্তিকে 'আজমী' বলা হয়। তা ছাড়া যে স্পষ্ট ভাষায় ভাব প্রকাশ করতে পারে না সে আরবী ভাষা-ভাষী হলেও তাকে আজমী বলা হয়।

২৬:২২৭। অর্থাৎ সেসব কবিরা নয় যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে ও আল্লাহ্‌কে বেশি বেশি স্মরণ করেছে। কবিতা চর্চা তাদেরকে আল্লাহ্‌র আনুগত্য থেকে গাফিল করেনি এবং যারা কাফিরদের বাতিল কবিতার জবাব দিয়ে এবং সত্যের পক্ষ অবলম্বন করে কাফির শত্রুদের বদলা নিয়েছে। ইবনে কাছির (র.) বলেন, 'বিপথগামীরাই কবিদের অনুসরণ করে' এ আয়াত যখন নাযিল হল তখন হাস্‌সান বিন সাবিত, আবদুল্লাহ্‌ বিন রাওয়াহা ও কা'ব বিন মালিক প্রমুখ কবি সাহাবিরা কাঁদতে কাঁদতে রাসূল (সা.)-এর কাছে উপস্থিত হয়ে বললেন, আল্লাহ্‌ তো জানেন আমরা কবি (আমাদের কি হবে?)। তখন রাসূল (সা.) তাদেরকে তেলাওয়াত করে শুনালেন- যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারা নয়; আর তোমরাই সেসব লোক। যারা আল্লাহ্‌কে বেশি বেশি স্মরণ করে তারা নয়; আর তোমরাই সেসব লোক। যারা মজলুম হওয়ার পর বদলা নিয়েছে তারা নয়; আর তোমরাই সেসব লোক (আল ওয়াসীত ফী তাফসীরিল কুরআন, তানতাভী)।

২৭:৭। মূসা (আ.)-এর নিকট আগুন মনে হলেও এটা ছিল আল্লাহ্‌র নূরের তাজাল্লী।

২৭:২০। হুদহুদ একটি পাখির নাম- (লিসানুল আরাব)।

২৭:২২। ইয়ামান, হাদারামাওত ও আসীর এলাকা নিয়ে 'সাবা' সাম্রাজ্য প্রতিষ্ঠিত ছিল। আবদুশ্‌ শাম্‌স সাবা এর প্রতিষ্ঠাতা ছিলেন।

২৭:২৩। সাবা সাম্রাজ্যের তৎকালীন রাণী বিলকীস।

২৭:৪৪। প্রাসাদের মেঝে খুবই স্বচ্ছ ছিল। দেখতে পানি বলে ভ্রম হত। তাই রাণী (বিলকীস) কাপড় গুটিয়ে নিয়েছিলেন।

২৭:৪৮। ছামুদ সম্প্রদায়ের শহরের নয় জন দুষ্কৃতিকারী লোক। তারা ছিল ছামুদ সম্প্রদায়ের নেতৃস্থানীয় লোক। তাদের পরামর্শক্রমে আল্লাহ্‌র নিদর্শন উষ্ট্রীকে হত্যা করা হয়েছিল। তারা উষ্ট্রীকে হত্যা করার পর যখন দেখল শাস্তি আসল না তখন তারা আরো উদ্ধত হয়ে সালিহ্‌ (আ.) ও তাঁর পরিবারকে হত্যা করার গোপন ষড়যন্ত্রে লিপ্ত হয়। আল্লাহ্‌র ইচ্ছায় তাদের এই ষড়যন্ত্র বিফল হয় এবং তাঁরা সালিহ্‌ (আ.) ও তার পরিবারকে হত্যার পূর্বে নিজেরাই ধ্বংস হয়ে যায়।

২৭:৯১। অর্থাৎ মক্কা নগরী। আল্লাহ মক্কাকে পবিত্র নগরীর মর্যাদা দিয়েছেন। তাই রক্তপাত করা, শিকার করা, যুলুম করা, বৃক্ষ কর্তন করা ইত্যাদি এখানে নিষিদ্ধ। যে এখানে প্রবেশ করে সে নিরাপদ।

২৮:৫। '(ক্ষমতার) উত্তরাধিকারী করতে' অনুবাদটুকু- আত্‌ তাহরীর ওয়াত তানভীর, ইবনে আশুর থেকে যাচাই করা হয়েছে।

২৮:২৬। কর্মে নিয়োগের ক্ষেত্রে শক্তি ও বিশ্বস্ততা এ দু'টি বিশেষ গুণের কথা উল্লেখ করা হয়েছে।

২৮:২৯। মিসরের উদ্দেশ্যে।

২৮:২৯। মূসা (আ.)-এর কাছে আগুন মনে হলেও তা ছিল মূলত আল্লাহ্‌র নূরের তাজাল্লী।

২৮:৪৮। ইহুদীরা কুরাইশদেরকে শিখিয়ে দিল, 'তোমরা মুহাম্মদ (সা.) কে বল মূসাকে যেমন মোজেজা দেয়া হয়েছিল (লাঠি সাপ হওয়া, জামার গলার ভেতর হাত রাখলে শুভ্র উজ্জ্বল আলোর বিচ্ছুরণ ইত্যাদি) সেরূপ মোজেজা তুমি নিয়ে আস।' এ আয়াতে উক্ত প্রশ্নের জবাব দিয়ে বলা হয়েছে তারাতো তখনও মূসার মোজেজাকে অবিশ্বাস করেছিল। সুতরাং মুহাম্মদ (সা.) কে মূসা (আ.) এর মত মোজেজা নিয়ে আসতে বলা অবান্তর।

২৮:৪৯। অর্থাৎ তাওরাত ও কুরআন হতে।

২৮:৫৫। সালাম (বিদায়)- আত্ তাহরীর ওয়াত তানভীর, ইবনে আশুর থেকে অনুবাদটি যাচাই করা হয়েছে।

২৮:৭১। অর্থাৎ দিনের আলো।

২৮:৭৬। কারূন ছিল মূসা (আ.) এর চাচাতো ভাই ও ফেরাউনের অন্যতম পরিষদ সদস্য। কার্পণ্যের জন্য সে বিখ্যাত ছিল।

২৯:৪৬। অর্থাৎ সৌজন্যের সাথে ও যুক্তি দিয়ে বিতর্ক করবে। কিন্তু যুক্তি দিয়ে বিতর্ক করার ক্ষেত্রে সৌজন্যের সীমা লঙ্ঘন করে তারা যদি তোমাদের প্রতি জুলুম করে সেক্ষেত্রে তাদের জুলুম প্রতিরোধে ন্যায় সঙ্গত পন্থা অবলম্বন তোমরা করতে পারবে।

২৯:৪৬। তোমাদের ইলাহ্, আমাদের ইলাহ্ ও দুনিয়ার সকল মানুষের ইলাহ্ এক ও অদ্বিতীয় এবং তাঁর কোন শরীক নেই।

২৯:৬৯। **বান্দা আল্লাহ্র পথে চলতে চাইলে আল্লাহ্ সাহায্য করেন:** আনাস ইবনে মালিক (রা) নবী (সা.) থেকে বর্ণনা করেছেন, আল্লাহ্ বলেন, বান্দা যখন এক বিঘত পরিমাণ আমার দিকে এগিয়ে আসে তখন আমি তার দিকে এক হাত পরিমাণ এগিয়ে যাই। সে যখন আমার দিকে এক হাত পরিমাণ এগিয়ে আসে আমি তার দিকে সম্পূর্ণ হাত সম্প্রসারিত করে এগিয়ে যাই এবং সে যখন আমার দিকে হেঁটে আসে আমি তখন তার দিকে দৌড়ে যাই-(সহীহ বুখারী)।

৩০:২। রোমান ও পারস্য সাম্রাজ্য তৎকালীন পৃথিবীর দু'টি পরাশক্তি হিসেবে স্বীকৃত ছিল। রোমানরা ছিল খৃষ্টান আর পারসিকরা ছিল অগ্নি উপাসক বা মুশরিক। এই দুই পরাশক্তির মধ্যে বিভিন্ন সময় যুদ্ধ বিগ্রহ হত। অগ্নি উপাসক পারসিকদের বিজয়ে মক্কার পৌত্তলিক মুশরিকরা উৎফুল্ল হত। পক্ষান্তরে, রোমানরা আহলে কিতাব হওয়ার কারণে তাদের বিজয়ে মুসলমানরা আনন্দিত হত। আরবের পার্শ্ববর্তী এলাকায় পারসিকদের হাতে রোমানদের পরাজয়কে কেন্দ্র করে মক্কার মুশরিকরা মুসলমানদের প্রতি বিদ্রূপাত্মক মন্তব্য ছুঁড়তে থাকে। তখন এ সূরাটি অবতীর্ণ হয় এবং এর শুরুতে অল্প কয়েক বছরের ব্যবধানে পারসিকদের উপর রোমানদের বিজয়ের আগাম সংবাদ দেয়া হয়। পবিত্র কুরআনের সংবাদ যথা সময়ে সত্যে পরিণত হয়েছিল এবং পারসিকরা রোমানদের হাতে শোচনীয় পরাজয় বরণ করে নিয়েছিল। পবিত্র কুরআনের বাণী সত্যে পরিণত হওয়ায় মুসলমানরা আনন্দিত হয়েছিল। পরবর্তীতে মুসলমানদের হাতে রোমান সাম্রাজ্য (কন্সটানটিনোপল) বিজয়ের মধ্য দিয়ে মুসলমানদের আনন্দ চূড়ান্তরূপ লাভ করেছিল। উল্লেখ্য, 'রোম বলতে খৃষ্টান শাসিত তৎকালীন রোমান সাম্রাজ্য বুঝানো হয়েছে যার রাজধানী ছিল কন্সটানটিনোপল। বর্তমান তুরস্কের ইস্তাম্বুলই এক কালের রোমান সাম্রাজ্যের রাজধানী কন্সটানটিনোপল নামে খ্যাত ছিল। মহানবী (সা.) রোমান সাম্রাজ্যের পতন ও কন্সটানটিনোপল বিজয়ের ভবিষ্যত বাণী করছিলেন। এ ভবিষ্যতবাণী সত্যে পরিণত হয় কন্সটানটিনোপল বিজয়ের মাধ্যমে। বিজয়ী মুসলমান সেনা নায়ক এখানকার মাটিতে অবতরণ করে আল্লাহ্র শুকরিয়া আদায় করে প্রথমে আল্লাহ্র যমীনে সিজদায় অবনত হন এবং কন্সটানটিনোপল এর নাম পরিবর্তন করে নতুন নাম রাখেন 'ইসলাম বুল' যার অর্থ দারুল ইসলাম বা ইসলামের দেশ। এ 'ইসলাম বুল'-ই পরবর্তীতে ইস্তাম্বুল নামে প্রসিদ্ধি লাভ করে।

৩০:৪। অর্থাৎ তিন হতে নয় বৎসর। এ আয়াতে ভবিষ্যদ্বাণী করা হয় যে, অনধিক নয় বৎসরের মধ্যে রোমকরা পারসিকদের উপর জয়ী হবে। ৬২৩-২৪ খৃষ্টাব্দে এ ভবিষ্যদ্বাণী সত্যে পরিণত হয়। আর সে বছরই বদর যুদ্ধে মুসলিমগণ মক্কার মুশরিকদেরকে পরাজিত করে।

৩০:১৪। মু'মিনদের পৃথক দল ও কাফিরদের পৃথক দল।

৩০:২৮। দাস-দাসী মনিবের ধন-সম্পদের অধিকারী হয় না, মনিব তাদেরকে ভয়ও করে না, সেরূপ মহান আল্লাহ্র সঙ্গে তাঁর কোন সৃষ্টির কোন ব্যাপারে শরীকানা হয় না, হতে পারে না।

৩০:৩০। ফিত্রাত অর্থ প্রকৃতি। আল্লাহ্ তাআলা মানুষকে যে সহজাত প্রকৃতি দিয়ে সৃষ্টি করেছেন তাই 'ফিত্রাতুল্লাহ্' । আর এ ফিত্রাতুল্লাহ্ই ইসলাম। হাদীসে বলা হয়েছে প্রত্যেক মানব শিশু এই সহজাত স্বভাব (ইসলাম) নিয়ে জন্মগ্রহণ করে।

৩০:৩০। **মানুষের স্বভাব ধর্ম ইসলাম অনুসরণ করতে বলা হয়েছে।** হযরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত - তিনি বলেছেন, রাসুলুল্লাহ্ (সা.) বলেছেন: "প্রত্যেক নবজাতক তার স্বভাবের উপরেই জন্মগ্রহণ করে। পরে তার পিতা-মাতা তাকে ইহুদী অথবা খ্রিষ্টান কিংবা মুশরিক বানায়। " একজন জিজ্ঞাসা করল- হে রাসুল, এর পূর্বেই যদি সে মারা যায় তা হলে কী হবে? রাসুল বললেন: "তাদের সম্পর্কে আল্লাহ্ই সবচেয়ে ভাল জানেন"-(মুসলিম)

৩০:৩৯। 'সুদের ভিত্তিতে' এই অনুবাটুকু- ড. মোহর আলী ও সহীহ্ ইন্টারন্যাশনাল থেকে যাচাই করা হয়েছে।

৩০:৩৯। অর্থাৎ যাকাত-সাদাকা প্রদানকারীরা।

৩০:৪৬। এ স্থলে 'দয়া' দ্বারা বৃষ্টি বুঝানো হয়েছে- (কাশ্শাফ, জালালাইন)।

৩১:৬। নাদর ইবন হারিছ নামে মক্কার নেতৃস্থানীয় এক ব্যক্তি পার্শ্ববর্তী দেশসমূহ, বিশেষত পারস্য হতে গল্পের বই সংগ্রহ করে আনত এবং কুরআন শ্রবণ হতে বিরত রাখার উদ্দেশ্যে আসর জমিয়ে লোকদেরকে সে সকল গল্প শুনাত। সে আসরে আমোদ-ফূর্তির আরও সামগ্রী রাখা হত। তার সম্বন্ধে আয়াতটি নাযিল হয়।

৩১:১২। 'লুকমান' একজন অতি বিজ্ঞ ও ধর্মভীরু ব্যক্তি ছিলেন। তাঁর পরিচয় সম্বন্ধে কয়েকটি বর্ণনা আছে।

৩১:১৫। **পিতা-মাতাকে সম্মান করা:** আসমা বিনতে আবু বকর (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) এর জীবদ্দশায় আমার মুশরিক মা আমার কাছে আসেন, তখন আমি নবী (সা.) কে জিজ্ঞেস করলাম, আমার মুশরিক মা আমার কাছে এসেছেন। আমি কি তাঁর খিদমত করব? "তিনি বললেন, হ্যাঁ, করতে পার।"-(সহীহ বুখারী)।

৩১:১৮। অর্থাৎ পথে চলার সময় বিনয় অবলম্বন করে। অন্যত্র আল্লাহ্ বলেছেন, 'রহমান এর বান্দা তারাই যারা পৃথিবীতে বিণয়ী হয়ে চলে' সূরা নং-২৫, আয়াত নং-৬৩।

৩১:১৮। **অহংকারীকে আল্লাহ্ পছন্দ করেন না:** হযরত আব্দুল্লাহ্ বিন মাসউদ (রা.) হতে বর্ণিত, রাসূল (সা.) বলেছেন, যার অন্তরে বিন্দু পরিমাণ অহংকার রয়েছে সে বেহেশতে প্রবেশ করতে পারবে না। জনৈক ব্যক্তি বললেন, (হে আল্লাহ্র রাসূল (সা.)!) প্রত্যেক ব্যক্তিই পছন্দ করে যে, তার পোশাক ও জুতা সুন্দর হোক। রাসূল (সা.) বললেন, নিশ্চয় আল্লাহ্ সর্বাধিক সুন্দর এবং তিনি সৌন্দর্যকে পছন্দ করেন। অহংকার হলো, সত্য বলার ক্ষেত্রে অহমিকা পোষণ করা এবং মানুষকে অবজ্ঞা করা-(সহীহ মুসলিম)।

৩২:২৯। পবিত্র কুরআনে الفتح শব্দটি বিজয় ও ফয়সালা দুটি অর্থেই ব্যবহৃত হয়েছে। ফয়সালা অর্থে ব্যবহৃত হওয়ার উদাহরণ সূরা শুআ'রা নং ২৬ আয়াত ১১৮, সূরা সাবা নং ৩৪, আয়াত ২৬, সূরা ইবরাহীম নং ১৪, আয়াত ১৫। এ আয়াতগুলোতে الفتح দ্বারা বিজয় তথা মক্কা বিজয় বুঝানো হয়নি, কেননা এখানে বলা হয়েছে, সেদিন কাফিরদের ঈমান আনয়ন তাদের কোন কাজে আসবে না, অথচ মক্কা বিজয়ের দিন রাসূল কাফেরদের ঈমান কবুল করেছিলেন এবং প্রায় দু'হাজার লোক ইসলাম গ্রহন করেছিল-(ইবনে কাছীর)।

৩৩:৪। ظهر শব্দটির অর্থ পৃষ্ঠদেশ। প্রাক-ইসলামী যুগে আরব সমাজে যদি কোন ব্যক্তি তার স্ত্রীকে বলত, তুমি আমার জন্য আমার মায়ের পিঠের মত অর্থাৎ আমার মায়ের দেহ যেমন আমার জন্য হারাম তেমনিভাবে তুমিও আমার জন্য হারাম। একথা বললেই তাদের মধ্যে বিবাহ বন্ধন ছিন্ন হয়ে যেত। নিজের স্ত্রীকে এরূপ বলাকে যিহার বলে। এই আয়াতে ইসলামে যিহারের বিধান কি তা বর্ণনা করা হয়েছে।

৩৩:৪। জাহিলী যুগে পোষ্যপুত্রকে আপন পুত্রের ন্যায় গণ্য করা হত। আয়াতে বলা হয়েছে যে, পোষ্যপুত্র আপন পুত্র নয়। শরীয়তে পিতা-পুত্রের যে সম্পর্ক নির্ধারিত হয়েছে, তা পোষ্যপুত্রের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে না।

৩৩:৬। মুহাজিরগণ প্রথমদিকে তাঁদের আনছার ভাইদের উত্তরাধিকার হিসেবে তাদের রেখে যাওয়া সম্পদে অংশ পেতেন আত্মীয়তার বন্ধন থাকুক বা না থাকুক। কিন্তু ধীরে ধীরে আনছারদের আত্মীয়রা ইসলাম গ্রহণ করলে পরবর্তীতে আল কুরআনে উত্তরাধিকারদের মধ্যে সম্পদ বন্টনের বিস্তারিত বিধান অবতীর্ণ হওয়ায় পূর্ববর্তী ব্যবস্থা রহিত হয়ে যায়। ফলে মুহাজিররা উত্তরাধিকার হওয়ার পরিবর্তে আনছারদের আত্মীয়রাই তাদের উত্তরাধিকার বলে গণ্য হন।

৩৩:৯। খন্দকের যুদ্ধে মদীনা রক্ষার জন্য খন্দক (পরিখা) খনন করা হয়েছিল। তাই এ যুদ্ধকে খন্দকের যুদ্ধ বলা হয়। এটাকে আহযাব-এর যুদ্ধও বলা হয়। আহযাব-এর অর্থ দলসমূহ এবং এর সমার্থক শব্দ হিসেবে এখানে বাহিনীসমূহ বলা হয়েছে। কুরাইশ, ইহুদী এবং আরও কতিপয় গোত্রের এক সম্মিলিত বাহিনী তখন মদীনা আক্রমণ করেছিল। এ সূরার ৯-২০ নং আয়াতসমূহে এ যুদ্ধের কিছু বিবরণ দেয়া হয়েছে।

৩৩:১০। খন্দক বা আহ্যাবের যুদ্ধে কাফির মুশরিকদের দলসমূহ বিভিন্ন দিক থেকে মদীনা আক্রমণ করেছিল। মক্কার দিক থেকে আগত দলসমূহ মদীনার পূর্বাংশে উহুদ পাহাড় সংলগ্ন স্থানে অবস্থান নেয়, এটা ছিল মদীনার নিম্নাংশ। আর খায়বরের দিক থেকে আগমণকারীরা মদীনার উপর দিকে অবস্থান নেয়।

৩৩:১২। জান্নাত পেতে হলে পরীক্ষায় উত্তীর্ণ হতে হয় এবং তা হয়ে থাকে চরম পরীক্ষা। যুগে যুগে সকল রাসূলদের উম্মতদেরকেই এই পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়েছে। তার উল্লেখ আল্লাহ্ তায়ালা করেছেন এভাবে - 'তোমরা কি মনে করেছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে, অথচ তোমাদের উপর তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদের অনুরূপ অবস্থা এখনো আসেনি? ... জেনে রাখ, নিশ্চয় আল্লাহ্র সাহায্য অতি নিকটবর্তী (সূরা বাকারা, নং ২, আয়াত ২১৪)'। এমন একটি চরম মুহূর্তে মু'মিনরা কিন্তু এই চরম অবস্থাকে পরীক্ষা হিসেবে নিয়ে নিল, এবং তাদের ঈমান ও আনুগত্য বৃদ্ধি পেল (আয়াত নং ২২, সূরা আহ্যাব) এবং তারা শাহাদাত বরণের জন্য প্রতীক্ষা করতে লাগল (আয়াত নং ২৩, সূরা আহ্যাব)। মুনাফিদের যেহেতু ঈমানই নেই, তাই তারা শাহাদাত বরণের আকাঙ্ক্ষা করে না, এটিকে কেবল তারা মৃত্যুই মনে করে থাকে। তারা কেবল আল্লাহ্র প্রতিশ্রুতির সেই অংশটুকু দেখতে চায় যে, 'নিশ্চয় আল্লাহ্র সাহায্য নিকটবর্তী'। ঈমান না থাকার কারণে আল্লাহ্র নিকটবর্তী সাহায্যের প্রতিশ্রুতির উপর স্থির থাকতে পারল না, তারা মু'মিনদের মত এটাও বিশ্বাস করে না যে, যদি মৃত্যু হয় সেটা হবে শাহাদাতের মৃত্যু - সুতরাং বাহিনীসমূহকে যখন উঁচু অঞ্চল ও নীচু অঞ্চল থেকে আসতে দেখল তখন বলে উঠল, 'আল্লাহ্ ও তাঁর রাসূল আমাদেরকে কোন প্রতিশ্রুতিই দেয়নি - প্রতারণা ছাড়া'।

৩৩:২০। মদীনার ইহুদীরা তিনটি বৃহৎ গোত্রে বিভক্ত ছিল; তথা বনু কাইনুকা, বনু নযীর, ও বনু কুরাইজা। রাসূল (সা.) মদীনায় হিজরত করার পর শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠার লক্ষ্যে মদীনা ও তার আশেপাশের সকল গোত্রের সাথে ঐতিহাসিক 'মদীনা সনদ' নামে একটি চুক্তি সম্পাদন করেন। এ সন্ধি চুক্তিতে মদীনার ইহুদীরাও ছিল। কিন্তু ইহুদী গোত্রগুলো হিংসাবশতঃ ক্রমান্বয়ে চুক্তি ভঙ্গ করতে থাকে। ইসলামকে দুনিয়ার বুক থেকে নিশ্চিহ্ন করার জন্য মক্কার কুরাইশদেরকে বিভিন্নভাবে সহযোগিতা করতে থাকে। রাসূল (সা.)-কে হত্যারও ষড়যন্ত্র করে। সর্বপ্রথম চুক্তি ভঙ্গ করে বনু কাইনুকা। রাসূল (সা.) তাদেরকে মদীনা থেকে নির্বাসিত করেন। এরপর চুক্তি ভঙ্গ করে বনু নযীর। রাসূল (সা.) তাদেরকেও মদীনা থেকে বিতারিত করেন। তারা সিরিয়ার আশপাশে খায়বরে গিয়ে বসবাস করতে থাকে। তারা আরবের বিভিন্ন গোত্রের সাথে যোগাযোগ করে মুসলমানদেরকে নিশ্চিহ্ন করার জন্য ঐক্যবদ্ধ করে। সুতরাং মক্কার কুরাইশ গোত্র, মদীনা থেকে বিতারিত ইহুদী গোত্র এবং আরবের বিভিন্ন গোত্র একত্রিত হয়ে মদীনা আক্রমণ করতে প্রস্তুত হয়। এ সম্মিলিত বাহিনীকে উল্লেখ করতে গিয়েই আহ্যাব অর্থাৎ দলসমূহ শব্দটি এসেছে। এত বড় বিশাল বহুজাতিক বাহিনীর মোকাবেলায় মুসলিমগণ মদীনাকে রক্ষা করার জন্য খন্দক বা পরিখা খনন করেন। এ জন্যই এ যুদ্ধকে খন্দকের যুদ্ধ বা আহ্যাবের যুদ্ধ বলা হয় এবং সূরার নামকরণ করা হয় সূরা আহ্যাব। উল্লেখ্য, অবশেষে বনু কুরাইজাও আহ্যাব যুদ্ধ চলাকালিন অবস্থায় চুক্তি ভঙ্গ করে মুসলমানদের বিরুদ্ধে অবস্থান নিয়েছিল (আয়াত নং ২৬, সূরা আহ্যাব)। পরবর্তীতে তাই খন্দক যুদ্ধ শেষে বনু কুরাইজা যুদ্ধ সংঘটিত হয়। ৬ষ্ঠ হিজরীতে হুদাইবিয়ার সন্ধি চুক্তির মাধ্যমে আরবের সবচেয়ে শক্তিশালী গোত্র কুরাইশদের থেকে রাসূল (সা.) সাময়িক অবকাশ পেয়ে গেলেন। চুক্তি ভঙ্গের কারণে বনু কাইনুকা ও বনু নযীরকে কেবল মদীনা থেকে বহিষ্কারের মত নরম শাস্তির সুযোগে তারা আরবের অন্যান্য গোত্রদেরকে একত্রিত করে মদীনা আক্রমণ করে বসেছিল যা খন্দকের যুদ্ধ বা আহ্যাবের যুদ্ধে পরিণত হয়েছিল। তাই তাদেরকে আর বার বার সুযোগ দেয়া যায় না। আল্লাহ্পাক হুদাইবিয়ার সন্ধির পরই হুদাইবিয়া থেকে মদীনায় প্রত্যাবর্তনকালেই সূরা আল ফাতহ্, নং ৪৮ অবতীর্ণ করে ১৮ ও ১৯নং আয়াতে খায়বর বিজয়ে-এর সুসংবাদ দিয়ে দিলেন।

৩৩:২১। খন্দক বা আহ্যাব যুদ্ধের সময় মুসলিম বাহিনীর পরিবার-পরিজন যেমন মদীনায় ছিল ঠিক তেমনিভাবে রাসূল (সা.)-এর পরিবার-পরিজনও মদীনায় অবস্থান করছিলেন। ইহুদী গোত্র বনু কুরাইজা তখনও মদীনার নিকটবর্তী স্থানেই অবস্থান করছিল। তারা যখন খন্দকের যুদ্ধ চলাকালিন অবস্থায় মুসলিমদের বিপক্ষে অবস্থঅন নেয় তখন অন্যান্য সবার পরিবার-পরিজনের মত রাসূল (সা.)-এর পরিবার-পরিজনও কিন্তু অরক্ষিত হয়ে পরার আশংকা থাকে যে, বনু কুরাইজা যে কোন সময় মদীনা আক্রমণ করতে পারে। অথচ তিনি নিজেই তো খন্দকের যুদ্ধে অংশগ্রহন করে আছেন। সুতরাং যারা আল্লাহ্ ও আখিরাতের দিনের আশা করে তারা রাসূলকেই অনুসরণ করবে। মুনাফিদের মত 'বাড়িঘর অরক্ষিত' এই কথা বলে যুদ্ধে অংশগ্রহন থেকে অব্যাহতি চাইবে না। উল্লেখ্য, পূর্বাপর আয়াতসমূহের আলোকে আয়াতের অর্থ এতটুকু হলেও এর পরিধি ব্যাপক। যে কোন অবস্থাতেই রাসূল (সা.)-এর আদর্শ অনুসরণই দ্বীন।

৩৩:২২। মু'মিনরা যখন দলসমূহকে অর্থাৎ শত্রুপক্ষের সম্মিলিত বাহিনীকে দেখল তখন তাঁরা মুনাফিকদের মত বলেনি যে, আল্লাহ্ ও তাঁর রাসূল তাদেরকে প্রতারিত করেছে (আয়াত ১২, সূরা আহ্যাব)। বরং মু'মিনরা সেদিন পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল এবং তাদেরকে ভীষণভাবে প্রকম্পিত করা হয়েছিল (আয়াত ১১, সূরা আহ্যাব)। পূর্ববর্তী নবীর উম্মতরাও একইভাবে পরীক্ষায় পড়েছিলেন এবং সে সমস্ত ঘটনাকে স্মরণ করিয়ে দিয়ে আল্লাহ্ তায়ালা বলেছেন, 'তোমরা কি মনে করেছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে অথচ তোমাদের উপর তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদের অনুরূপ অবস্থা এখনো আসেনি?... তাদেরকে প্রকম্পিত করা হয়েছিল (সূরা বাকারা, নং ২, আয়াত ২১৪)।' সুতরাং মু'মিনরা বুঝতে পারলেন এটা সেরূপই এক চরম মুহূর্ত, আল্লাহ্ ও তাঁর রাসূল তো এরূপই বলেছেন। সুতরাং তা তাদের ঈমান ও আনুগত্যকে বৃদ্ধি করে দিল।

৩৩:২৬। বনু কুরায়জা গোত্র যারা মদীনার অধিবাসী ও ইহুদী ছিল, তারা এ যুদ্ধে মক্কার কুরায়েশদেরকে সাহায্য করেছিল।

৩৩:২৭। আয়াতের প্রথমাংশে বনু কুরাইযার ধন-সম্পদ ও ঘর-বাড়ি মুসলমানদের দখলে আসার কথা উল্লেখ করা হয়েছে। মদীনায় অবস্থানরত ইহুদীদের সর্বশেষ গোত্র বনু কুরাইযার পতনের পর পরই আল্লাহ্ তায়ালা জানিয়ে দিচ্ছেন যে, মদীনা ও এর উপকণ্ঠ থেকে কাফিরদের অবসান ঘটল এবং মুসলমানদের বিজয়ের যুগের সূচনা হল, যার ফলে এমন সব ভূখন্ড তাদের অধিকারভুক্ত হবে যেগুলোর উপর কখনো তাদের পদাচারণা পর্যন্ত হয়নি। ইতিহাসও তাই সাক্ষ্য দেয় যে, পারস্য ও রোম সাম্রাজ্যের এক বিশাল ও সুবিস্তীর্ণ অঞ্চল মুসলমানদের অধিকারভুক্ত হয়।

৩৩:২৮। খায়বারের যুদ্ধের পর রাসূল (সা.)-এর স্ত্রীগণ তাদের ভরণ-পোষণের জন্য কিছু অধিক অর্থ বরাদ্দের অনুরোধ করেন। এতে রাসূল (সা.) অসন্তুষ্টি প্রকাশ করেন ও এক মাসকাল তাঁদের থেকে আলাদা বাস করেন। এ আয়াতগুলোতে সে ঘটনার প্রতি ইংগিত করা হয়েছে।

৩৩:৩৪। এখানে আয়াতসমূহ ও হিকমত আলাদা কোন বিষয় নয়। বরং যাহাই আয়াত তাহাই হিকমত, অর্থাৎ কুরআন।

৩৩:৩৭। 'আর তুমি তোমার নিজের মধ্যে বা মনের মধ্যে যা গোপন করছ আল্লাহ্ তা প্রকাশকারী'। এখানে আয়াতের পূর্ণাঙ্গ বর্ণনা পরম্পরা থেকে বুঝা যায় যে, এর অর্থ যায়েদ (রা.) যখন তার স্ত্রীকে তালাক দেয়ার পর স্ত্রী ইদ্দত পালনরত অবস্থায় ছিলেন তখন রাসূল (সা.) স্ত্রীকে ইদ্দতের ভিতর ফিরিয়ে নেয়ার জন্য বা রেখে দেয়ার জন্য যায়েদ (রা.)-কে নির্দেশ দিলেন এবং এ ব্যাপারে আল্লাহ্কে ভয় করতে বললেন। সে সাথে রাসূল (সা.) এও মনে মনে চিন্তা করলেন যদি যায়েদ শেষ পর্যন্ত ইদ্দতের মধ্যে ফিরিয়ে না-ই নেয় এবং তালাক (বিবাহ বিচ্ছেদ) হয়েই যায় সেক্ষেত্রে তাকে রাসূল (সা.) নিজে বিয়ে করবেন এবং তার দায়িত্ব নিবেন। আর পালক পুত্রের তালাকপ্রাপ্ত স্ত্রীকে বিয়ে করাটা মানুষ কিভাবে নিবে এ বিষয়টি নিয়ে তিনি মনে মনে ভয় করছিলেন। এ বিষয়টিকে আল্লাহ্ বাস্তবে রূপ দিলেন এ ভাষায় যে আমি তা প্রকাশকারী। এবং এ ব্যাপারে রাসূলকে বললেন এরূপ একটি বৈধ বা হালাল কাজ করতে গিয়ে মানুষকে ভয় পাওয়ার কিছু নেই; সব সময় আল্লাহ্কেই ভয় করতে হবে। তাছাড়া ইদ্দত পালনকারী নারীকে বিয়ে করার চিন্তা করা কুরআন সম্মত (দেখুন সূরা বাকারা নং ২, আয়াত ২৩৫)। এখানে أَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ দ্বারা বোঝা যায় ইদ্দত কালীন রাসূল (সা.) যায়েদকে এরূপ কথা (তোমার স্ত্রীকে রেখে দাও) বলেছিলেন। কেননা إِمْسَاكٌ অর্থ রেখে দেয়া অর্থাৎ তালাক দেয়ার পর ইদ্দতকালীন সময়ে রেখে দেয়ার কথা বলা হয়েছে (দেখুন সূরা বাকারা নং ২, আয়াত২২৯)। আর اِتَّقِ اللَّهَ বলা দ্বারা বোঝা যায় রাসূল (সা.) যায়েদ (রা.)-কে বিবাহ বিচ্ছেদ না করার জন্য জোর উপদেশ দিয়েছিলেন।

৩৩:৩৭। যায়নাব বিনত জাহশ (রা.) রাসূল (সা.) এর ফুফাত বোন ছিলেন। রাসূল (সা.)-এর পোষ্য পুত্র যায়েদ (রা.)-এর সাথে তিনি তাকে বিবাহ দিয়েছিলেন। তাদের বনিবনা না হওয়ায় বিবাহে সুখী হতে পারেননি, ফলে তাদের বিবাহ বিচ্ছেদ ঘটে।

৩৩:৫০। যে সম্পদ যুদ্ধ ব্যতীত হস্তগত হয় উহাই فَيْء (ফাই) যা বাইতুল মালে (সাধারণ কোষাগারে) জমা করা হত। রাসূল (সা.) জীবিত থাকাকালীন এ সম্পদ তাঁর তত্ত্বাবধানে থাকত।

৩৩:৬৯। বিভিন্ন প্রকারের অপবাদ দিয়ে তারা হযরত মূসা (আ.) কে কষ্ট দিয়েছিল। আল্লাহ্ বিভিন্ন ঘটনার মাধ্যমে সেসব অপবাদ থেকে মূসা (আ.) কে মুক্ত থাকার বিষয়টি প্রমাণিত করেছেন।

৩৪:৩। আয়াত পরিস্কার বলছে যে, অণু অপেক্ষাও ক্ষুদ্র জিনিস আছে। অণু অপেক্ষা ক্ষুদ্র জিনিসের অস্তিত্ব আধুনিক বিজ্ঞানের সাম্প্রতিক আবিষ্কার।

৩৪:১৪। হযরত সুলায়মান (আ:) লাঠিতে ভর দিয়ে বায়তুল-মাকদাসের নির্মাণকার্য তদারকি করছিলেন, সে অবস্থায়ই তাঁর মৃত্যু হয়। বায়তুল-মাকদাস নির্মাণকার্য সমাপ্ত না হওয়া পর্যন্ত জীবিত অবস্থায় তিনি যেভাবে ছিলেন সেভাবেই তাঁর মৃতদেহটি স্থির থাকে। নির্মাণকার্য যখন শেষ হয় তখন লাঠিটি ভেঙ্গে পড়ে এবং তিনিও মাটিতে পড়ে যান।

৩৪:১৬। সাবাবাসীরা একটি বৃহৎ বাঁধ নির্মাণ করে পানি সেচের ব্যবস্থা করেছিল; ফলে সারা দেশে প্রচুর ফসল উৎপন্ন হত। এক সময়ে এ বাঁধ ভেঙ্গে ঘর-বাড়ী, ক্ষেত-খামার পানিতে ভেসে যায়।

৩৪:১৮। সাবাবাসীরা শাম (প্রাচীন সিরিয়া) দেশের সঙ্গে ব্যবসা করত। এ দুই দেশের মধ্যে বহু জনপদ ছিল তাদের বাণিজ্য কাফেলা নির্বিঘ্নে এ সকল এলাকায় যাতায়াত করত।

৩৫:৩। এখানে আল্লাহ ব্যতীত অন্যের প্রসঙ্গ হওয়ায় যিনি তরজমা না করে যে করা হয়েছে।

৩৬:১৩। এখানে 'রাসূলরা' বলতে বিশেষ কয়েকজন নবীর কথা বুঝানো হয়েছে। অধিকাংশ মুফাসসির তাদের নাম সাদিক, মাসদূক ও শামউন বলে উল্লেখ করেছেন। তাদেরকে তৎকালীন সিরিয়ার অন্তর্গত আনতাকিয়া নামক জনপদে প্রেরণ করা হয়েছিল। প্রথমে তাদের কাছে দু'জন রাসূল পাঠানো হলে তারা দু'জনকেই প্রত্যাখ্যান করে। পরে তৃতীয় একজন রাসূল প্রেরণের মাধ্যমে তাদেরকে আল্লাহ্ শক্তিশালী করেন। কিন্তু তারা তাদের সবাইকে অস্বীকার করে এবং তাদের তিনজনকে অমঙ্গলের কারণ বলে চিহ্নিত করে হত্যার পরিকল্পনা করে। তখন হাবীব আন নাজ্জার নামক এক ব্যক্তি- যিনি ইতঃপূর্বে রাসূলগণের কথায় বিশ্বাস করেছিলেন- শহরের প্রান্ত থেকে দৌড়ে এসে নিজের ঈমানের ঘোষণা দেন এবং তার সম্প্রদায়কে রাসূলগণের উপর ঈমান আনতে বলেন। তখন জনপদের লোকেরা তাকে হত্যা করে। পরবর্তী আয়াতসমূহে এ ঘটনার বিস্তারিত বর্ণনা রয়েছে।

৩৬:২৬। আল্লাহ্র নবীদেরকে সমর্থন করার কারণে আনতাকিয়া অধিবাসীরা হাবীবে নাজজা নামক উক্ত মু'মিন ব্যক্তিকে হত্যা করে।

৩৬:৩৮। কুরআন বলছে, সূর্য একটা নির্দিষ্ট সময় পর্যন্ত অব্যাহত থাকবে, এর অন্য অর্থ হল, একদিন তার অবসান ঘটবে। এ মর্মে আল্লাহ্ বলেন, যখন সূর্যকে গুটিয়ে নেয়া হবে (সূরা তাক্বীর নং ৮১, আয়াত ১) এবং কুরআনের অন্য জায়গাগুলোতে আল্লাহ্ বলেন, সূর্য, চন্দ্র প্রত্যেকেই একটি নির্দিষ্ট সময়ের জন্য চলছে (যেমন, সূরা রা'দ নং ১৩, আয়াত ২, সূরা ফাতির নং ৩৫, আয়াত ১৩)।

৩৬:৩৯। মনযিল (منزل) শব্দের বহুবচন মানাযিল (منازل)। আরবী (চন্দ্র) মাস ২৮টি মনযিলে বিভক্ত। আরবি চান্দ্রমাসের এই মনযিলকে বাংলায় তিথি বলা হয়।

৩৭:৩। যিকির অর্থ কুরআন (দেখুন সূরা আল হিজর নং ১৫, আয়াত ৬,৯, আল কালাম নং ৬৮, আয়াত ৫১)। অথবা এর অর্থ আল্লাহ্‌র পবিত্রতা ও মহিমা ঘোষণা করা।

৩৭:৪৯। بيض (ডিম), আরবরা সযত্নে পালিত সুন্দরী নারীর উজ্জ্বল গৌরকান্তিকে উট পাখীর ডানার নীচে সযত্নে রক্ষিত ডিমের সঙ্গে তুলনা করত। কুরতুবী।

৩৭:৬৫। শয়তান অত্যন্ত কুৎসিত, তাই জাহান্নামের এ বৃক্ষটিকে শয়তানের মস্তকের সাথে তুলনা করা হয়েছে। অতি কদাকার সাপকেও আরবীতে শয়তান বলা হয়।

৩৭:১০৭। সেটি ছিল একটি দুম্বা যা বেহেশ্‌ত হতে পাঠিয়ে দেয়া হয়েছিল।

৩৭:১২৫। بعل একটি দেবমূর্তি, শাম (সিরিয়া)-এর বাক (بك) নামক স্থানে এর পূজা হত।

৩৭:১৩০। হযরত ইলইয়াসীন (আ.) এর আর একটি নাম ইলইয়াস। অন্যমতে ইলইয়াস-এর বহু বচন ইলইয়াসীন অর্থ ইলইয়াস (আ.) ও তাঁর অনুসারিগণ।

৩৭:১৪০। হযরত ইউনুস (আ:) তাঁর উম্মতকে দাওয়াত গ্রহণ না করার কারণে আল্লাহ্‌র শাস্তির ভয় দেখালেন। কিন্তু তাতেও তারা হেদায়াত গ্রহণ করল না। এতে তিনি মর্মাহত হন, করো মতে প্রতিশ্রুত আযাব আসতে বিলম্ব হওয়ায় কিছুটা ক্ষুব্ধ হন এবং কাওকে কিছু না বলে দেশত্যাগ করেন। পলায়ন পথে যা ঘটে তার কিছু বর্ণনা এ আয়াতগুলোতে রয়েছে।

৩৭:১৫৪। তোমরা নিজেদের জন্য পুত্র সন্তানকে পছন্দ কর আর আমার জন্য শুধু কন্যা সন্তান, তোমাদের ইনসাফটা কেমন!

৩৭:১৫৮। তারা জ্বীন ও আল্লাহ্‌র মধ্যে বৈবাহিক সম্পর্কের উদ্ভট ধারণা পোষণ করত।

৩৮:১৩। আইকা (الأيكة) এর শাব্দিক অর্থ গহিন অরণ্য। শুআইব (আ.)-এর সম্প্রদায়কে আসহাবুল আইকা (اصحاب الأيكة) বা গহীন অরণ্যের অধিবাসী বলা হয়েছে। তারা মাদইয়ানের পার্শ্ববর্তী এলাকায় বসবাস করত।

৩৮:৩৪। একদা হযরত সুলায়মান (আ.) তাঁর সব স্ত্রীর সঙ্গে সহবাস করার কামনা করেন ও বলেন, এভাবে যে সব সন্তান জন্মাবে তারা জিহাদে শরীক হবে, কিন্তু মুখে তিনি ইনশাআল্লাহ্‌' না বলায় শুধু একজন স্ত্রীর গর্ভে হাত পা বিহীন একটি সন্তান জন্মে। ধাত্রী সে মাংসপিন্ডসম সন্তানটিকে দরবারে এনে তাঁর কুরসির (আসনের) উপর রেখে দেয়। সুলায়মান (আ.) তখন তাঁর ভুল বুঝতে পেরে আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা করেন।

৩৮:৪৪। হযরত আইউব (আ.)-এর স্ত্রী অপরিহার্য প্রয়োজনে বাইরে গমন করেছিলেন এবং ফিরতে তাঁর দেরী হওয়ায় আইউব (আ.) তাকে এক শত বেত্রাঘাত করার কসম করেন। তাঁর স্ত্রী নিরপরাধ হওয়ায় কসম পূর্ণ করার একটি উপায় আল্লাহ্‌ তাঁকে জানিয়ে দেন। এটা আইউব (আ.)-এর জন্য বিশেষ ব্যবস্থা ছিল। শরীয়তে কসম পূর্ণ করার জন্য কোন হীলা বা কৌশলের আশ্রয় গ্রহণ বৈধ নয়।

৩৯:১৭। শয়তান কল্পিত দেবদেবী এবং যাবতীয় বিভ্রান্তিকর উপায়-উপকরণকে এখানে তাগুত বলা হয়েছে।

৩৯:২২। বক্ষ উন্মুক্তকরণ সম্পর্কে রাসূল (সা.)-কে ইবন মাসউদ (রা.) এ প্রশ্ন করলে তিনি বলেছিলেন, অন্তরে নুর প্রবেশ করলে বক্ষ উন্মুক্ত হয়। এর লক্ষণ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেছিলেন, চিরস্থায়ী জীবন বা আখিরাতের প্রতি আগ্রহ প্রকাশ পাওয়া এবং তাতে স্থির থাকা; আর অস্থায়ী জীবন বা দুনিয়ার জীবনের প্রতি নির্লিপ্ততা বৃদ্ধি পাওয়া এবং অন্তরে মৃত্যুর কথা স্মরণ থাকা।

৩৯:৬৮। এটা ইসরাফিল (আ.) কর্তৃক শিঙ্গার প্রথম বারের ফুৎকার। এ ফুৎকারে সকল সৃষ্ট জীব মৃত্যুবরণ করবে। এ মৃত্যু হতে আল্লাহ্‌র ইচ্ছায় কারা রক্ষা পাবে তা প্রকাশ করা হয়নি।

৪০:৪৫। অর্থাৎ আল্লাহ্‌ তার নবী মূসা (আ:)-কে অথবা ফিরআউন সম্প্রদায়ের যে ব্যক্তিটি ঈমান এনেছিল তাকে রক্ষা করলেন।

৪০:৪৬। **ফিরআউন ও তার দলবলের শাস্তি :** আব্দুল্লাহ্‌ ইবনে মাসউদ (রা.) এ আয়াতের ব্যাখ্যায় বলেন, ফিরআউন বংশধর ও তাদের সমগোত্রীয় কাফিরদের রূহগুলোকে সকাল সন্ধ্যায় জাহান্নামের কাছে একত্রিত করা হয় এবং বলা হয় এটা তোমাদের আবাস।

৪১:১১। আধুনিক বিজ্ঞান বলছে, মহাবিশ্বে ছায়াপথ তৈরীর আগে আকাশ সম্পর্কিত পদার্থগুলো গ্যাস জাতীয় পদার্থ ছিলো। সংক্ষেপে বলতে গেলে, বিপুল পরিমাণ গ্যাস জাতীয় পদার্থ কিংবা মেঘ, ছায়াপথ তৈরীর আগে বিদ্যমান ছিল। আকাশ সম্পর্কিত প্রাথমিক পদার্থকে গ্যাস অপেক্ষা ধোঁয়া বলা বেশি সঙ্গত। কুরআন মজীদে ধোঁয়া দ্বারা মহাবিশ্ব সৃষ্টির ঐ অবস্থার প্রতি ইঙ্গিত দিয়েছে।

৪১:৩০। (মৃত্যুর সময়) ফেরেশতারা অবতীর্ণ হয়- অনুবাদটুকু আল ওয়াসীত ফী তাফসীরিল কুরআন, তানতাভী থেকে যাচাই করা হয়েছে।

৪২:৭। মক্কাকে উম্মুল কুরা বা নগর সমূহের 'মা' বলা হয়। সম্মান ও মর্যাদায় এটি সকল স্থান হতে শ্রেষ্ঠ এবং হিদায়াতের আলো এ নগর হতে বিকীর্ণ হয়েছে।

৪২:১৭। শরীয়তের তুলাদন্ড বিশেষ, এটা দ্বারা ন্যায়-অন্যায় ও ভাল-মন্দ পরিমাপ ও নির্ণয় করা যায়। ভিন্ন মতে তুলাদন্ড হল, আদ্‌ল, ন্যায়বিচার, যার নীতিমালা আলকুরআনে বর্ণিত হয়েছে।

৪২:১৮। এতে অর্থাৎ কিয়ামতে বিশ্বাস করে না। যারা আসলে কিয়ামতে বিশ্বাস করেন না তারা কিয়ামত হওয়ার জন্য তাড়াহুড়া করে, আর যারা প্রকৃতই বিশ্বাসী তারা কিয়ামতকে ভয় করে।

৪২:২০। **আখিরাত কেন্দ্রিক জীবনই সফল:** মহানবী (সা.) বলেছেন, "আখিরাতই যার চিন্তার বিষয়বস্তু, আল্লাহ্‌ তায়ালা তার অন্তরে ঐশ্বর্য দান করেন। তার যাবতীয় প্রয়োজন পূরণ করেন, এবং বৈষয়িক সুযোগ-সুবিধাও তার কাছে চলে আসে। পক্ষান্তরে, যার সমস্ত চিন্তা-ভাবনা কেবল এ দুনিয়াকে কেন্দ্র করেই, আল্লাহ্‌ তার দারিদ্রতা দু'চোখের সামনেই রেখে দেন। তার প্রয়োজনাবলী ছিন্নভিন্ন করে দেন এবং দুনিয়ায় সে ততটুকুই লাভ করে, যা তার জন্য পূর্বেই নির্দিষ্ট করা ছিল, তার বেশি একটুও নয়।"-(তিরমিযী)।

৪৩:৪। 'উম্মুল কিতাব' অর্থ মূল গ্রন্থ। এর দ্বারা লওহে মাহ্‌ফুজকে (সংরক্ষিত ফলককে) বুঝানো হয়েছে।

৪৩:৩১। দুই জনপদ বলতে মক্কা ও তাইফকে বুঝানো হয়েছে।

৪৩:৩২। তারা যা জমা করে অর্থাৎ তাদের ধন-সম্পদ যা নিয়ে তারা অহংকার করে তার চেয়ে আল্লাহ্‌র দয়া বহুগুণে উত্তম।

৪৩:৪৯। অর্থাৎ আগে আযাব দূর কর, তাহলে এরপর অবশ্যই আমরা ঈমান আনব।

৪৩:৫৭। আরবের মুশরিকরা বলল যে, যেহেতু আল কুরআনে বলা হয়েছে, আল্লাহ্‌র পরিবর্তে যাদের ইবাদত করা হয় তারা জাহান্নামের ইন্ধন, আর নাসারারা ঈসা (আ.)-কে আল্লাহ্‌র শরীক করে এবং তাঁর উপাসনা করে, ফলে তাদের উপাস্যগুলোর সঙ্গে ঈসা (আ.)ও জাহান্নামে যাবে এবং এ হিসাবে তিনি তাদের উপাস্যগুলো হতে শ্রেষ্ঠ কি (আয়াত নং ৫৮)? তাদের এ ধরনের উক্তির জবাব (৬৯ নং) আয়াতে দেয়া হয়েছে।

৪৩:৬০। অর্থাৎ ফেরেশতারা আল্লাহর সন্তান নয় তারা তোমাদেরই মত সৃষ্টি। আমি চাইলে তোমাদেরকে যমীনে প্রতিনিধি করার স্থলে তাদেরকে করতে পারতাম। তাদেরকে আসমানে না রেখে যমীনে বসবাসের ব্যবস্থা করতে পারতাম। কাজেই তারা তোমাদের মত সৃষ্টি এবং উপাস্য হওয়ার যোগ্য নয়। ঈসা যেমন আমার বান্দা তেমনি তারাও আমার বান্দা (সূরা-৪৩: আয়াত-১৯)। অতএব তাদেরকে উপাসনা করার কোন কারণ নেই।

৪৩:৭৭। জাহান্নামের দায়িত্বপ্রাপ্ত ফেরেশতার নাম 'মালিক'।

৪৩:৭৮। অর্থাৎ মালিক ফেরেশতা বলবে আমরা ফেরেশতারা আল্লাহ্‌র বাণী নিয়ে রাসূলদের মাধ্যমে তোমাদের কাছে যেতাম। উল্লেখ্য, আল্লাহ্‌র বাণী বাহক ফেরেশতাদের প্রধান হচ্ছেন জিবরাঈল (আ.)।

৪৪:১৪। সে (জনৈক ব্যক্তি দ্বারা) শিক্ষাপ্রাপ্ত- অনুবাদটুকুর জন্য সূরা নাহল নং ১৬, আয়াত ১০৩-এর তাফসির দেখুন।

৪৪:১৫। হিজরতের পর মক্কায় দুর্ভিক্ষ দেখা দিয়েছিল, ইয়ামামার শায়খ মক্কায় খাদ্যশস্য প্রেরণ বন্ধ করে দেয়ায় দুর্ভিক্ষ আরও তীব্রতর হয়। তখন আবু সুফিয়ান রাসূল (সা:)কে দু'আ করতে অনুরোধ করায় তিনি দু'আ করেছিলেন। ফলে দুর্ভিক্ষের অবসান হয়। সেই ঘটনার প্রতি আয়াতে ইঙ্গিত রয়েছে।

৪৪:২৪। অর্থাৎ সমুদ্রের পানি দু'দিকে বিভক্ত করে রাস্তা করে দেয়া হবে এবং সে অবস্থায় এটা থাকবে। সুতরাং তোমাকে যা করতে বলা হচ্ছে তা কর। সমুদ্র এ অবস্থায় স্থির থাকবে আর দেখ কি হয়।

৪৪:৩৭। تُبَّع ইয়ামানের এক শক্তিশালী রাজবংশের উপাধি। রাসূল (সা:)-এর আবির্ভাবের প্রায় সাত-আট শত বৎসর পূর্বে তারা রাজত্ব করেছিল।

৪৫:১৪। 'প্রতিদান দিতে পারেন'- আখেরাতে অবিশ্বাসীদের থেকে প্রতিশোধ না নিয়ে বরং তাদের ক্ষমা করার জন্য মু'মিনদেরকে বলা হয়েছে। অর্থাৎ অবিশ্বাসীদের বিষয়টি আল্লাহ্‌র উপর ছেড়ে দিতে বলা হয়েছে। তাদের কৃতকর্মের প্রতিদান স্বয়ং আল্লাহ্ দিবেন।

৪৫:২২। 'সত্য সহ (সঠিক লক্ষ্যে)'- অর্থাৎ আল্লাহ্ আকাশসমূহ ও পৃথিবী উদ্দেশ্যহীনভাবে সৃষ্টি করেননি। এদের সৃষ্টির পেছনে আল্লাহ্ তায়ালার যথার্থ ও সঠিক লক্ষ্য রয়েছে। (দেখুন সূরা আলে ইমরান নং ৩, আয়াত-১৯১, সূরা আম্বিয়া নং ২১, আয়াত ১৬, সূরা দুখান নং ৪৪, আয়াত ৩৮)।

৪৫:২৪। 'সময়ই আমাদের'- অর্থাৎ অবিশ্বাসীরা বলে, 'কালের আবর্তনেই সবকিছু হচ্ছে। সময়ের আবর্তনেই আমাদের মৃত্যু হয়।'

৪৬: ৪। অর্থাৎ আসমানী কিতাব ছাড়া অন্যকোন প্রামান্য জ্ঞান; এরমধ্যে লোক কথা, ইতিহাস সবই অন্তর্ভুক্ত।

৪৬:৯। অর্থাৎ আগামীতে আল্লাহ্ তোমাদের ও আমার সাথে কী আচরণ বা কী ফয়সালা করবেন তা আমার জানা নেই। অর্থাৎ সামনে আমাকে কি ওহী করা হবে এবং এর পরিপ্রেক্ষিতে তোমরা কি বলবে ও তোমাদের পরিণতি কি হবে তা আমার জানা নেই। আমি ভবিষ্যৎ জান্তা নই (আরো দেখুন সূরা-১১: আয়াত-৩১)। আমি কিছুই বানিয়ে বলছি না বা রচনা করছি না বরং আমার কাছে যতটুকু ওহী করা হয় ততটুকুই আমি পৌঁছে দিচ্ছি।

৪৬:১০। 'একজন সাক্ষী একে (তাওরাতের) অনুরূপ (কিতাব) হওয়ার ব্যাপারে সাক্ষী দিয়েছে,' - অর্থাৎ রাসূল (সা.) এর উপর যে ওহী অবতীর্ণ হয়েছে তা নতুন কোন বিষয় নয়, পূর্বে বনী ইসরাইলের নবীর উপরও এই ওহী অবতীর্ণ হয়েছিল। নাসারাদের প্রাচীন পাদ্রী ওরাকা বিন নওফল রাসূল (সা.)-এর কাছে হেরা গুহায় ওহী আসার ঘটনা শুনে বলেছিল এটা সেই ওহী যা মূসা (আ.)-এর উপর অতবীর্ণ হয়েছিল।

৪৬:১৫। **মায়ের হক অগ্রগণ্য:** এক ব্যক্তি রাসূল (সা.) কে প্রশ্ন করলেন, হে আল্লাহ্‌র রাসূল! আমার সুন্দর ব্যবহার পাওয়ার কে সবচেয়ে বেশী অধিকারী? রাসূল (সা.) বললেন, তোমার মা। সাহাবী বললেন, এরপর কে? রাসূল (সা.) বললেন, তোমার মা। সাহাবী বললেন, এরপর কে? রাসূল (সা.) বললেন, তোমার মা। সাহাবী বললেন, এরপর কে? রাসূল (সা.) বললেন, তোমার পিতা।"

৪৬:২১। অর্থাৎ হূদ (আ.)-এর কথা।

৪৬:২১। আহ্‌কাফ, ইয়েমেনের অন্তর্গত একটি বালুকাময় উপত্যকার নাম-(বায়দাবী)।

৪৮:১। হিজরী ৬ষ্ঠ বর্ষে রাসূল (সা.) প্রায় ১৪০০ সাহাবীকে সংগে নিয়ে উমরা করতে মক্কাভিমুখে রওনা হন। মক্কার মুশরিকরা তাদেরকে উমরা করতে বাধা দেয়ায় তাঁরা মক্কার তিন মাইল উত্তরে হুদায়বিয়া নামক স্থানে শিবির স্থাপন করেন। অতঃপর আলাপ- আলোচনার মাধ্যমে মক্কাবাসীদের সঙ্গে সন্ধি হয়। এ সন্ধি হুদায়বিয়ার সন্ধি নামে পরিচিত। সন্ধির শর্তগুলো মুসলিমদের জন্য আপাতঃদৃষ্টিতে অবমাননাকর মনে হলেও রাসূল (সা.) শান্তির খাতিরে তা মেনে নিয়েছিলেন। সন্ধির শর্তানুযায়ী উমরা না করেই তাঁরা মদীনায় প্রত্যাবর্তন করেন। পথিমধ্যে সূরাটি অবতীর্ণ হয়। অধিকাংশ তাফসীরকারের মতে হুদায়বিয়ার এ সন্ধিকে আল্লাহ্ সুস্পষ্ট বিজয় বলে ঘোষণা করেছেন। নিঃসন্দেহে এ সন্ধি ছিল ইসলাম ও মুসলমানদের জন্য কৌশলগত বিশাল বিজয়।

৪৮:১০। **বাইয়াত:** মূল শব্দ 'বাই' (بيع) যার অর্থ ক্রয় অথবা বিক্রয় করা। পারিভাষিক অর্থ কারো হস্ত ধারণ করে কোন বিষয়ে অংগীকার করা। এটা সাধারণত আনুগত্যের বা কোন বিশ্বাস ও কার্যের অঙ্গীকার হয়ে থাকে। রাসূল (সা.) এ পদ্ধতিতে সাহাবীদের নিকট হতে ইসলামের, জিহাদের অথবা উত্তম কর্মের অঙ্গীকার গ্রহণ করতেন।

৪৮:১০। **আল্লাহ্‌র হাত:** এর অনেকগুলো ব্যাখ্যার কয়েকটি হলঃ (১) আল্লাহ্ রাসূল (সা.)-এর হস্তে সাহাবীগণের বায়াত গ্রহণের বিষয়টি অবগত আছেন। (২) রাসূলুল্লাহ্ (সা.) আল্লাহর পক্ষ হতে এ বাইয়াত গ্রহণ করেছেন। (৩) আল্লাহ্‌র করুণা ও কৃপা রাসূল (সা.)-এর উপর আছে সুতরাং যারা বাইয়াতের জন্য রাসূল (সা.)এর হস্ত ধারণ করেছেন তাঁদের জন্যও করুণা ও কৃপা রয়েছে। (৪) আল্লাহ্ তাঁদের এ বাইয়াত গ্রহণের সাক্ষী।

৪৮:১১। স্বপ্ন অনুযায়ী রাসূল (সা.) তাঁর সাথে উমরাহ্ পালনের জন্য (যে বছর উমরাহ্ পালন না করেই হুদায়বিয়ার সন্ধি করে ফিরে আসতে হয়েছিল) কারো উপর চাপ সৃষ্টি করেননি। উমরাহ্ করার এই পদক্ষেপটি ছিল বিপদজনক। কুরাইশরা কি ব্যবহার করবে তা কারোরই জানা ছিল না। রাসূল (সা.) -এর স্বপ্ন যে আল্লাহ্‌পাকেরই ইঙ্গিত তা বুঝতে পেরে যারা মু'মিন সে সমস্ত সাহাবীরা পরিণাম সম্পর্কে কোন পরোয়া না করেই রাসূলের সাথে রওনা

হয়ে গেলেন। কিন্তু কিছু সংখ্যক মুনাফিক ও দুর্বল ঈমানের লোক নানা অযুহাতে এ সফল থেকে বিরত রইল। তাদের প্রসঙ্গেই ১১ ও ১২নং আয়াত অবতীর্ণ হয়। উল্লেখ্য যে, এ সফরে যারা অংশগ্রহণ করেনি তারা সাবই কিন্তু মুনাফিক বা কাফির ছিল না। কেউ কেউ দুর্বল ঈমানের ছিলেন। আবার কেউ কেউ যদিও মুনাফিক ছিল, পরবর্তীতে খাঁটি ঈমানদার হওয়ার সৌভাগ্য লাভ করেছিলেন। তাঁদের প্রসঙ্গেই ১৬নং আয়াতটি অবতীর্ণ হয়।

৪৮: ১৫। শত নিরাপত্তাহীনতা থাকা সত্তেও রাসূল (সা.)-এর আহ্বানে সাড়া দিয়ে যারা উমরাহ্‌র উদ্দেশ্যে রওনা হলেন তাঁরা সংখ্যায় ছিলেন প্রায় ১৪শত। কুরাইশরা তাঁদেরকে সে বছর উমরাহ্ করতে দিল না। সন্ধি চুক্তি করে ফিরে আসতে হল। আল্লাহ্‌পাক তাঁদেরকে এক নিকটবর্তী বিজয় (খায়বর বিজয়)-এর সুসংবাদ দিলেন, যেখানে তাঁরা লাভ করবেন বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদ (সূরা নং-৪৮, আয়াত-১৮,১৯)। আর এই যুদ্ধলব্ধ সম্পদের লোভেই পিছনে থেকে যাওয়া লোকেরা এবার তাঁদেরকে অনুসরণ করতে চাইছে, অথচ পূর্বে তারা রাসূলের আহ্বানে সাড়া দিয়ে উমরাহ্ করতে যায়নি। উল্লেখ্য, খায়বর যুদ্ধে কেবল তাঁরাই অংশগ্রহণ করেছিলেন এবং কেবল তাঁদেরই অংশগ্রহনের অনুমতি ছিল যারা বৃক্ষটির নীচে রাসূল (সা.) -এর নিকট বাইয়াত (আনুগত্যের শপথ) করেছিলেন- অর্থাৎ সেই ১৪০০জন সাহাবী। এবং যুদ্ধলব্ধ সম্পদের প্রতিশ্রুতি কেবল তাঁদেরকেই দেয়া হয়েছিল (সূরা নং-৪৮, আয়াত-১৮,১৯)।

৪৮:১৮। হুদায়বিয়ায় যখন মুসলিমগণ অবস্থান করছিলেন, তখন মক্কার মুশরিকদের সংগে আলোচনার জন্য উছমান (রা.)-কে মক্কায় প্রেরণ করা হয়েছিল। তাঁকে মক্কার মুশরিকরা আটক করে রাখলে গুজব রটে যে, তাঁকে হত্যা করা হয়েছে। তখন মুসলিমগণ রাসূল (সা:)-এর আহ্বানে জিহাদের বাইয়াত গ্রহণ করেন। এ বাইয়াত ইতিহাসে বাইয়াতুর রিদওয়ান নামে খ্যাত। এ আয়াতে উক্ত বাইয়াতের উল্লেখ করা হয়েছে।

৪৮:১৮। আসন্ন খায়বার বিজয়ের সুসংবাদ এখানে দেয়া হয়েছে। এটা সেই প্রতিশ্রুতি, উপরে ১৫নং আয়াতে যার উল্লেখ করা হয়েছে।

৪৮:২৪। মুশরিকদের কয়েকটি দল হুদায়বিয়ায় এসে মুসলিমদের উত্ত্যক্ত করে। এমনকি একজন মুসলিমকে শহীদও করে। সাহাবীগণ তাদেরকে বন্দী করে রাসূল (সা:)-এর নিকট আনলে তিনি তাদেরকে ক্ষমা করে দেন। এ আয়াতে এ ধরনের ঘটনার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

৪৮:২৭। মক্কা থেকে মদীনায় হিজরত করে আসার পর ৬ বছর অতিবাহিত হতে চলল। এমন অবস্থায় রাসূল (সা.) স্বপ্ন দেখলেন যে, তিনি সাহাবিরদেরকে সঙ্গে নিয়ে নির্ভয়ে ও নির্বিঘ্নে হজ্জব্রত (উমরাহ্) পালন করতে গিয়েছেন। নবী রাসূলদের স্বপ্ন আসলে ওহী। রাসূল (সা.) তাঁর এ স্বপ্ন সাহাবীদের নিকট বর্ণনা করলেন এবং সাহাবীদেরকে (সংখ্যায় প্রয় ১৪শত) নিয়ে উমরাহ্ করার জন্য রওনা হয়ে গেলেন। তবে সে বছর কুরাইশদের বাধার কারণে উমরাহ্ না করেই একটি সন্ধি চুক্তি করে (হুদায়বিয়ার সন্ধি) ফেরত আসতে হয়। অনেকের মনে তখন রাসূল (সা.)-এর স্বপ্নটি নিয়ে প্রশ্নের সৃষ্টি হয়। অথচ সে বছরই উমরাহ্ করবেন এমন কোন নির্দিষ্টকরণ স্বপ্নটিতে ছিল না। এ প্রসঙ্গেই সাহাবীদেরকে জানিয়ে আল্লাহ্‌পাক আয়াতটি অবতীর্ণ করেন। পরের বছরই উমরাহ্ কাযা করার মাধ্যমে এ স্বপ্ন বাস্তবায়িত হয়েছে।

৪৮:২৭। এখানে বিজয় বলতে খায়বর বিজয় বোঝানো হয়েছে, যার উল্লেখ ১৮নং আয়াতে রয়েছে এবং ১৫নং আয়াতটিও খায়বর বিজয়ের সাথে সম্পৃক্ত।

৪৮:২৯। রাসূল (সা.) বলেছেন, মুসলমানরা পারস্পরিক দয়া, ভালবাসা, সম্প্রীতি প্রদর্শনের ক্ষেত্রে একটি দেহের ন্যায়। দেহের কোন অঙ্গ যদি রোগাক্রান্ত হয়ে পড়ে তাহলে অপর অঙ্গগুলোও জ্বর ও নিদ্রাহীনতাসহ তার ডাকে সাড়া দিয়ে থাকে।

৪৮:২৯। এখানে রাসূল (সা.) এর সাহাবীদের একটি দৃষ্টান্ত দেওয়া হয়েছে। সংখ্যায় তারা খুবই নগন্য ছিলেন। ধীরে ধীরে তাদের সংখ্যা বাড়তে থাকে। রাসূল (সা.) যখন ইসলামের দাওয়াত দেয়া শুরু করেন তখন তার অবস্থা নাজুক ছিল। একজনের পর একজন ইসলামের দাওয়াত কবুল করেন এবং শক্তিশালী হতে থাকেন। যেমন উদ্ভিদ অঙ্কুরিত হওয়ার পর দুর্বল থাকে। এরপর শক্ত ও পরিপুষ্ট হয় এবং শাখা বিস্তার করে। এভাবে ইসলাম ও মুসলমানদের সংহতি অর্জিত হয়।

৪৯:১। অর্থাৎ তোমরা আল্লাহ ও রাসূলের সামনে আগ বাড়িয়ে কিছু করতে বা বলতে যেয়ো না। অর্থাৎ আল্লাহ্ ও রাসূলের চেয়ে বেশী বুঝতে যেয়ো না।

৪৯:৪। বনু তামীমের একটি প্রতিনিধি দল রাসূল (সা:)-এর সাথে সাক্ষাৎ করতে আসে। তখন রাসূল (সা:) নিজ প্রকোষ্ঠে অবস্থান করছিলেন। তারা কক্ষের পিছন হতে তাঁকে চীৎকার করে ডাকতে থাকে। আয়াতটি এ ঘটনার পরিপ্রেক্ষিতে অবতীর্ণ হয়। এ আয়াতে এবং এ সূরার আরও কিছু আয়াতে উম্মতকে সামাজিক শিষ্টাচার শিক্ষা দেয়া হয়েছে।

৪৯:৭। অর্থাৎ রাসূল (সা.) যা করেন, আল্লাহ্‌র পক্ষ হতে প্রাপ্ত ওহী ও নির্দেশ মোতাবেকই করেন এবং তাতে তোমাদের চূড়ান্ত কল্যাণ রয়েছে। তা না করে রাসূল তোমাদের কথা মেনে চললে চূড়ান্ত পরিণামে তা তোমাদের অকল্যাণ ও ক্ষতির কারণ হত।

৪৯:৯। বিবাদ মীমাংসা করা বড় পুণ্যের কাজ। রাসূল (সা.) বলেছেন, আমি কি তোমাদেরকে নফল নামায, রোযা ও সদকার চেয়ে উত্তম কাজের কথা বলব। সাহাবাগণ বললেন হ্যাঁ, হে আল্লাহ্‌র রাসূল! বলুন। তিনি বললেন, তা হল বিবাদমান পক্ষের মধ্যে মীমাংসা করা। কেননা বিবাদমান পক্ষের মধ্যে ফ্যাসাদ হচ্ছে মুন্ডনকারী বিষয়। আমি বলব না যে, তা চুল মুন্ডন করে বরং তা দ্বীনকে মুন্ডন করে অর্থাৎ নির্মূল করে-(জামে তিরমিযি)।

৪৯:১০। **মুসলমানের মধ্যে দীর্ঘদিন বিবাদ জিইয়ে রাখা বৈধ নয়:** রাসূল (সা.) বলেছেন, কোন মুসলমানের পক্ষে তার ভাইকে তিন দিনের অধিক সময়ের জন্য সম্পর্কহীন করে রাখা (কথা বন্ধ রাখা ও সম্পর্ক ছিন্ন করা) হালাল নয়। তিন দিন অতিক্রান্ত হয়ে গেলে তার সাথে সাক্ষাৎ করা ও তাকে সালাম দেয়া কর্তব্য। যদি সে সালামের জবাব দেয় তাহলে দু'জনই সওয়াবে শরিক হল। আর জবাব না দিলে সে গুনাহ্‌গার হবে এবং সালাম দাতা গুনাহ্ থেকে রক্ষা পেয়ে যাবে-(আবু দাউদ)।

৪৯:১২। **অনুমান নির্ভর কু-ধারণা পোষণ:** কারো সম্পর্কে অনুমানের ভিত্তিতে খারাপ ধারণা পোষণ করা গুনাহের কাজ। রাসুল (সা.) বলেছেন, তোমরা অন্যের প্রতি মন্দ ধারণা পোষণ করা থেকে বেঁচে থাক। কেননা এরূপ ধারণা জঘন্যতম মিথ্যা, আর কারো দোষ অনুসন্ধান করো না, কারো গোপনীয় বিষয় তালাশ করো না। একে অন্যকে ধোঁকা দিবে না। একে অপরের প্রতি হিংসা করো না। একে অন্যের বিরুদ্ধে লেগে থাকবে না বরং তোমরা সবাই আল্লাহ্‌র বান্দা ভাই ভাই হয়ে থাকবে-(সহীহ বুখারী ও মুসলিম)।

৪৯:১২। **গীবত এর ব্যাখ্যা:** রাসূল (সা.) সাহাবাদেরকে বললেন, তোমরা কি জান গীবত কাকে বলে? সাহাবাগণ বললেন, আল্লাহ্ এবং তার রাসূলই ভাল জানেন। তখন তিনি বললেন, গীবত হচ্ছে এমনভাবে তোমার ভাইয়ের কথা আলোচনা করা যা সে অপছন্দ করে। রাসূল (সা.) এর কাছে জানতে চাওয়া হল, আমি যা বলি সেটা যদি আমার ভাইদের মধ্যে প্রকৃতই বিদ্যমান থাকে তবে কি সেটা উল্লেখ করা গীবত হবে? রাসূল (সা.) বললেন তুমি যা বল সেটা যদি তার মধ্যে থেকেই থাকে তবেই তো সেটা গীবত। আর যদি সেটা বিদ্যমান না থাকে তাহলে সেটা হবে 'বুহতান' অর্থাৎ মিথ্যা অপবাদ-(সহীহ মুসলিম ও সুনান আবু দাউদ)।

৪৯:১৩। **আদমের সন্তান হিসেবে সৃষ্টিগতভাবে সকল মানুষ সমান:** রাসূল (সা.) বিদায় হজ্জের সময় ভাষণে বলেছেন, হে মানুষ, জেনে রাখ তোমাদের প্রভু একজন, তোমাদের পিতা একজন। জেনে রাখ, অনারবের উপর আরবের কোন প্রাধান্য নেই, আরবের উপর অনারবের কোন শ্রেষ্ঠত্ব নেই। কালোর উপর সাদার কোন শ্রেষ্ঠত্ব নেই, সাদার উপর কালোর কোন শ্রেষ্ঠত্ব নেই। শ্রেষ্ঠত্বের মর্যাদার মাপকাঠি হচ্ছে 'তাকওয়া' (অন্তরে আল্লাহ্‌র ভয়)। আমি কি তোমাদের কাছে (আল্লাহ্‌র বাণী) পৌঁছে দিয়েছি? তারা বললেন, রাসূল পৌঁছে দিয়েছেন। অতপর তিনি বললেন, আজকের দিনটি কোন্ দিন? তারা বললেন 'পবিত্র দিন'। রাসূল (সা.) প্রশ্ন করলেন, এ মাস কোন্ মাস? তারা বললেন, পবিত্র মাস। রাসূল (সা.) বললেন, এ শহর কোন্ শহর? তারা উত্তর দিলেন, পবিত্র শহর। অতঃপর রাসূল (সা.) বললেন, তোমাদের রক্ত ও সম্পদ পরস্পরের জন্য তেমন পবিত্র যেমন পবিত্র তোমাদের এই দিন, এই মাস ও এই শহর। বর্ণনাকারী বলেন, রাসূল (সা.) সম্মানের কথা বলেছেন কিনা তা আমার জানা নেই। অতঃপর রাসূল (সা.) বললেন,'আমি কি (আল্লাহ্‌র বাণী) পৌঁছে দিয়েছি?' তারা বললেন, রাসূল (সা.) পৌঁছে দিয়েছেন।' অতঃপর রাসূল (সা.) বললেন, অনুপস্থিত লোকদের কাছে পৌঁছে দেয়া উপস্থিত ব্যক্তির দায়িত্ব- (মুসনাদ আহমাদ)।

৪৯:১৪। মুসলিমদের বিজয় দেখে কিছু মরুবাসী প্রভাবিত হয় ও আনুগত্য স্বীকার করে। আর তারা বলতে থাকে, আমরা ঈমান এনেছি।' অথচ ঈমানের চাহিদা হচ্ছে আল্লাহ্‌র রাসূলের নির্দেশ নিষ্ঠার সাথে পালন করা, তা তারা পূরণ করেনি।

৫০:১২। 'রাস্' এর শাব্দিক অর্থ কূপ। 'আসহাবুর রাস্' অর্থ কূপওয়ালারা। উত্তর আরবের ইয়ামামার 'রাস্' নামক একটি এলাকা ছিল যেখানে ছামূদ জাতির কোন এক গোত্রের বসবাস ছিল। উল্লেখ্য, উক্ত সম্প্রদায়ের লোকেরা তাদের কাছে প্রেরিত নবীকে কূপে আটকে রেখেছিল বলে তাদেরকে আসহাবুর রাস্ বলা হয়।

৫০:১৭। তাঁরা দুই ফেরেশতা মানুষের সঙ্গে সঙ্গে থাকেন। ডানে যিনি আছেন তিনি পুণ্যের এবং বামে যিনি আছেন তিনি পাপের কর্ম লিপিবদ্ধ করেন।

৫০:১৮। 'একজন'- অর্থাৎ আমলনামা লেখার কাজে নিয়োজিত ফেরেশতাদ্বয়ের দু'জনই এক সঙ্গে লিখেন না। ভাল করলে একজন লিখেন আর খারাপ করলে অপরজন লিখেন।

৫০:২১। অর্থাৎ দু'জন ফেরেশতা থাকবে- একজন তাকে তাড়িয়ে নিয়ে যাবেন, আরেকজন আমলনামাসহ সাক্ষী হিসাবে থাকবেন।

৫১:১৯। অর্থাৎ তাদের সম্পদে সাহায্য প্রার্থী ও বঞ্চিতদের জন্য নির্ধারিত অধিকার রেখে দিত এবং নিয়মিত তা প্রদান করত। তারা নিয়মিত গরীব মিসকীনের হক আদায় করত।

৫১:৩৬। হযরত লূত (আ:)-এর পরিবার।

৫১:৪৭। আরবী শব্দ মুসিয়ূন এর বিশুদ্ধ অনুবাদ হল, 'সম্প্রসারণকারী।' এটা মহাবিশ্বের ব্যাপক সম্প্রসারণশীলতার প্রতি ইঙ্গিতবাহী। মানুষ কর্তৃক টেলিস্কোপ আবিষ্কারের পূর্বে কুরআন মহাবিশ্বের সম্প্রসারণের কথা জানিয়েছে। মহাবিশ্বের সম্প্রসারণ একটি বৈজ্ঞানিক সত্য।

৫২:৪। বায়তুল মা'মুরের শাব্দিক অর্থ এমন গৃহ যেখানে সর্বদা জনসমাগম হয়।' কেউ কেউ মনে করেন, এর দ্বারা ফেরেশ্‌তাদের ইবাদত করার স্থান বুঝানো হয়েছে। জালালাইন, কুরতুবী ইত্যাদি।

৫২:৪৪। অর্থাৎ নিদর্শন বা মোজেজা হিসেবে আকাশ ভেঙ্গে কোন টুকরা যদি পড়তে দেখে তবুও বিশ্বাস করবে না বরং বলবে এটা মেঘ। অর্থাৎ আল্লাহ্‌র কোন নিদর্শনাবলী দেখানো হলেও তারা ভিন্ন ব্যাখ্যা করবে। (আরো দেখুন- সূরা-১৫: আয়াত-১৪, ১৫)।

৫২:৪৮। (সালাতে)- আল ওয়াসীত ফী তাফসীরিল কুরআন, তানতাভী থেকে যাচাই করা হয়েছে।

৫৩:১৯। প্রাচীন আরবের মুশরিকদের তিনটি দেবীর নাম লাত, উয্যা ও মানাত। তারা এদেরকে আল্লাহ্‌র কন্যা বলে বিশ্বাস করত।

৫৩:৩২। আত্ম প্রশংসা ক্ষতিকর। অন্যের অতিরঞ্জিত প্রশংসা করাও ক্ষতিকর। হযরত আবু মূসা (রা.) বলেন, একদা নবী করীম (সা.) একজনকে আরেকজনের অতিরঞ্জিত প্রশংসা করতে শুনে বললেন, তোমরা তো লোকটিকে মেরে ফেললে অথবা বললেন, লোকটির মেরুদন্ড ভেঙ্গে দিলে। যদি কারো প্রশংসা করতেই হয় বলবে, তার সম্পর্কে আমার ধারণা এরূপ।

৫৩:৩৩। কুরাইশ সরদার ওলীদ ইবনে মুগীরা এক সময়ে ইসলামের দিকে কিছুটা আকৃষ্ট হয়েছিল। পরে প্রলোভনে পড়ে তার হৃদয় কঠিন হয়ে যায়। ৩৩-৩৪ নং আয়াতে তার প্রতিই ইঙ্গিত করা হয়েছে)।

৫৩:৩৯। অর্থাৎ মানুষ যা চেষ্টা করে তার বাইরে সে কিছুই পাবে না। যার যার কাজের অনুসারে সে ফল পাবে, একজন পাপ করবে আর আরেকজন বহন করবে তা হবে না।

৫৩:৪৯। শি'রা একটি নক্ষত্রের নাম, এটাকে একটি সম্প্রদায় পূজা করত। বাংলায় 'লুব্ধক', ইংরেজীতে Sirius.

৫৩:৫৩। অর্থাৎ লূত (আ.) এর সম্প্রদায় (দেখুন সূরা-৬৯: আয়াত-৯)।

৫৪:৪। اَلْاَنْبَاءُ অর্থাৎ কুরআন (আরো দেখুন, সূরা-৩৮: আয়াত-৬৭)

৫৪:১১। অর্থাৎ আমি মুসলধারে বৃষ্টি বর্ষণের জন্য আকাশের দরজা উন্মুক্ত করে দিয়েছিলাম।

৫৪:১৭। কুরআন থেকে উপদেশ গ্রহণ করতে হলে এর অর্থ জানতে ও পড়তে হবে। এ আয়াত থেকে স্পষ্ট বুঝা যায় কুরআন শুধু অর্থ না বুঝে তেলওয়াত করার জন্য আল্লাহ্ অবতীর্ণ করেননি। বরং অবতীর্ণ করেছেন কুরআন পড়ে তা থেকে উপদেশ ও শিক্ষা গ্রহণ করে তদনুযায়ী শিক্ষা ও আমল করার জন্য। হযরত সাহল বিন মু'আজ জুহানী (রা:) তার পিতা থেকে বর্ণনা করেছেন, রাসূল (সা:) বলেছেন, যে ব্যক্তি কুরআন পড়ে এবং সে অনুযায়ী আমল করে, তার পিতা-মাতাকে কিয়ামতের দিন মুকুট পরিধান করানো হবে যার আলো দুনিয়ার সূর্যের আলোর চেয়ে অত্যধিক জ্যোর্তিময় হবে। তোমাদের মধ্যে যে নিজে এরকম আমল করবে তার পুরস্কার কি হবে তোমরা ধারণা করতে পার?-(আবু দাউদ)

৫৫:৬। 'আন-নাজম' এর অর্থ তৃণলতা অথবা তারকা। এখানে তৃণলতা অর্থটি আয়াতের পূর্বাপর প্রসঙ্গের সাথে অধিক সঙ্গতিপূর্ণ।

৫৫:১৭। গ্রীষ্ম ও শীতকালের উদয় ও অস্তাচল।

৫৫:৬০। কেউ উপকার করলে তার বিনিময় দেয়ার চেষ্টা করা ও তার উপকার করার চেষ্টা করা উচিত। রাসূল (সা.) বলেন, 'কেউ তোমাদের প্রতি অনুগ্রহ করলে তোমরা তাকে এর বিনিময় প্রদান করবে। যদি বিনিময় দেওয়ার মত কিছু না পাও তবে তাঁর জন্য দু'আ করতে থাকবে যতদিন না তোমাদের মনে এ ধারণা সৃষ্টি হয় যে, তোমরা তাঁকে সমপরিমাণ বিনিময় প্রদান করতে সক্ষম হয়েছো।

৫৬:২২। জান্নাতের অসংখ্য নেয়ামতের মধ্যে এটি একটি। জান্নাতের পরিবেশ দুনিয়ার মত হবে না। জান্নাতের অধিবাসীদের প্রত্যেকেই পর্যাপ্ত নেয়ামত পাবে এবং প্রত্যেকে যা চাইবে তাই পাবে। তবে কোন অপবিত্র বস্তুর জন্য তারা আকাঙ্খা প্রকাশ করবে না। কেউ কোন দিক দিয়ে অতৃপ্ত থাকবে না। কারো নেয়ামত দেখে কেউ ঈর্ষান্বিতও হবে না। নারী-পুরুষ সকলেই অফুরন্ত নেয়ামত পেয়ে পরিতৃপ্ত থাকবে।

৫৭:১২। কিয়ামতে পুল সিরাত অতিক্রম করার সময় চতুর্দিক অন্ধকারাচ্ছন্ন থাকবে। তখন ঈমান ও আমল আলোরূপে মু'মিনদের সঙ্গে সঙ্গে থাকবে। এই আলো, মর্যাদা অনুযায়ী বেশি বা কম হবে।

৫৭:১৪। অর্থাৎ শয়তান।

৫৭:১৯। صِدِّيْق (সিদ্দিক) শব্দের অর্থ সত্যনিষ্ঠ, যার কথায় ও কাজে সামঞ্জস্য আছে এবং শরীয়তের বিধিনিষেধ যথাযথভাবে পালন করে অতি উচ্চ মর্যাদা লাভ করেছে- (রাগিব, লিসানুল আরাব)।

৫৭:২২। **ঔষধ সেবন ও তাকদীর প্রসঙ্গ:** একবার এক সাহাবী প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! আমরা যে ঝাড়ফুঁক করে থাকি বা চিকিৎসায় ঔষধ সেবন করে থাকি অথবা আত্মরক্ষার জন্য যে উপায় অবলম্বন করে থাকি তা কি তাকদীরের কোন কিছুকে রদ করতে পারে? উত্তরে রাসূল (সা.) বললেন, তোমাদের এ সকল চেষ্টাও তাকদীরের অন্তর্গত।

৫৭:২২। **তাকদীর নিয়ে বাড়াবাড়ি:** হযরত আবু হুরায়রা (রা.) বলেছেন যে, রাসূল (সা.) আমাদের দিকে বের হয়ে আসলেন, তখন আমরা তাকদীর নিয়ে বলাবলি করছিলাম, তখন রাসূল (সা.) খুব রেগে গেলেন এবং তাঁর মুখমণ্ডল লাল হয়ে গেল। রাগে তার গাল ডালিমের মত মনে হচ্ছিল। তিনি বললেন, তোমাদেরকে কি এই করতে বলা হয়েছে নাকি এ কাজ করার (তাকদীরের ফয়সালা দেয়ার) দায়িত্ব দিয়ে আমাকে পৃথিবীতে পাঠানো হয়েছে? পূর্বে যে সব জাতি ছিল তারা এ নিয়ে তর্ক করার কারণেই ধ্বংস হয়েছে। এ ব্যাপারে বিতর্কে লিপ্ত হতে আমি তোমাদের কঠোরভাবে নিষেধ করেছি-(তিরমিযি)।

৫৭:২৭। কিন্তু সময়ের ব্যবধানে তারা বৈরাগ্যবাদের জন্য সত্যিকার যা করণীয় ছিল যেমন দুনিয়া বিমুখতা, তাকওয়া, ব্যভিচার মুক্ত থাকা ইত্যাদি তারা রক্ষা করতে পারেনি (আল ওয়াসীত ফী তাফসীরিল কুরআন, তানতাভী)।

৫৮:১। আওস ইবনে সামিত (রা.) নামে এক সাহাবী তাঁর স্ত্রীকে এমন কথা বলেছিলেন যাতে যিহার সাব্যস্ত হয়। তাঁর স্ত্রী রাসূল (সা.)-এর নিকট গিয়ে ঘটনাটি বর্ণনা করেন ও সিদ্ধান্ত চান। উত্তরে রাসূল (সা.) বলেন, এ ব্যাপারে আমার নিকট এখনও নির্দেশ আসেনি, তবে মনে হয় তার জন্য তুমি অবৈধ হয়েছ।' স্ত্রীলোকটি একথা শুনে কান্নাকাটি করতে থাকে। এর পরিপ্রেক্ষিতে আয়াতগুলো অবতীর্ণ হয়।

৫৮:২। প্রাচীন আরবে যদি কোন স্বামী তার স্ত্রীকে বলত, 'তুমি আমার জন্য আমার মায়ের পৃষ্ঠসদৃশ (অর্থাৎ তুমি আমার মায়ের মত); তাহলে বিবাহ বিচ্ছেদ হয়ে যেত। এভাবে বিবাহবিচ্ছেদকে যিহার বলা হয়। ইসলাম এরূপ যিহারের ক্ষেত্রে বিবাহবিচ্ছেদের পরিবর্তে স্ত্রীকে মায়ের সাথে তুলনা করাকে গর্হিত কাজ বলে চিহ্নিত করে এবং এরূপ গর্হিত কাজের জন্য কাফ্ফারার বিধান প্রবর্তন করে। এসব আয়াতে উক্ত বিধানের বর্ণনা রয়েছে।

৫৮:৮। রাসূল (সা.)-এর মজলিসে ইহুদী ও মুনাফিকরা ফিসফিস করে পরস্পর পরামর্শ করত এবং প্রায়ই মুসলিমদের প্রতি ব্যঙ্গোক্তি করত। এতে মুসলিমগণ মনে কষ্ট পেতেন, এমনকি তারা রাসূল (সা)-কে অভিবাদন জানাত السام عليك (তোমার মৃত্যু হোক) বলে। তাদেরকে পূর্বেই এ সকল অপকর্ম হতে বিরত থাকতে বলা হয়েছিল। এ আয়াতগুলো এ ধরনের ঘটনার পরিপ্রেক্ষিতে অবতীর্ণ হয়।

৫৮:১০। অর্থাৎ পাপাচার ও অকল্যাণের পরামর্শ।

৫৮:১২। মুনাফিকরা সময়ে অসময়ে অতি সাধারণ ব্যাপারে নিজেদের গুরুত্ব প্রদর্শন করার উদ্দেশ্যে রাসূল (সা.)-এর কানে কানে কথা বলত। এতে সময়ের অপচয় ছাড়াও রাসূল (সা.)-এর কষ্ট হত এবং অন্যদেরও অসুবিধা হত। তাই রাসূল (সা.)-এর সাথে কানে কানে কথা বলতে হলে প্রথমে সাদাকা করার নির্দেশ দেয়া হয়েছিল। মুসলিমগণ এ নির্দেশের ফলে সতর্ক হন এবং মুনাফিকরা সাদাকা করার ভয়ে এ থেকে বিরত থাকে। পরবর্তী কালে এ হুকুমটি রহিত হয়।

৫৮:২২। এখানে রূহ্ হচ্ছে হিদায়াতের আলো যা দ্বারা অন্তর শক্তিশালী হয় অথবা মতান্তরে জিবরাঈল (আ.)

৫৯:২। মদীনা এবং এর আশেপাশে বসবাসকারী ইহুদী গোত্রগুলোর অন্যতম ছিল বনু কাইনুকা, বনু নযীর ও বনু কুরাইজা। সূরা হাশরে বনু নযীরের কথা বর্ণিত হয়েছে। বদর যুদ্ধে ইসলাম শেষ হয়ে যাবে বলে তারা মনে মনে ভাবত, কিন্তু কুরাইশদের শোচনীয় পরাজয়ে তারা মর্মাহত হয়েছিল। বনু নযীর গোত্রের নেতা কা'ব ইবনে আশরাফ মক্কায় গিয়ে কুরাইশদেরকে উত্তেজিত করার চেষ্টা করল, মুসলিম নারীদেরকে জড়িয়ে মদীনাবাসীকে অশ্লীল কবিতা ও গান শুনাতে লাগল। রাসূল (সা.) এক আনসারীকে পাঠিয়ে তাকে হত্যা করতে বাধ্য হলেন। এদিকে গোত্র হিসেবে সর্বপ্রথম চুক্তি ভঙ্গকারী গোত্র হল বনু কাইনুকা। তারা খাযরাজ গোত্রের সাথে মিত্রতার সুবাদে মাদীনাতে বসবাস করত। তাদের চুক্তি ভঙ্গের কারণে (যথা স্থানে আলোচনা করা হবে) তাদেরকে মদীনা থেকে বের করে দেয়া হয়। বনু কাইনুকার বহিষ্কার এবং কা'ব ইবনে আশরাফকে হত্যা করায় বনু নযীর কিছু সময় পর্যন্ত ভীত-সন্ত্রস্ত রইল। তৃতীয় হিজরীতে কুরাইশরা বদর যুদ্ধের প্রতিশোধ গ্রহণ করতে তিন হাজার জনের এক বাহিনী নিয়ে মদীনা আক্রমণ করল যা উহুদ যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে বনু নযীর মদীনা সনদে চুক্তিবদ্ধ গোত্র হওয়া সত্তেও চুক্তি অনুযায়ী মদীনা প্রতিরক্ষায় মুসলিমদের সাথে শরীক হল না। চতুর্থ হিজরীতে 'বীরে মাউনের' করুণ ও হৃদয়বিদারক ঘটনা ঘটে। ঘটনাক্রমে একমাত্র বেঁচে যাওয়া হযরত আমর ইবনে উমাইয়া যামরী (রা.) মদীনায় ফিরে আসার পথে প্রতিশোধমূলক ব্যবস্থা হিসেবে ভুলক্রমে বনু আমের গোত্রের দু'জনকে হত্যা করেন, যাদের গোত্র বীরে মাউনার ঘটনার সাথে জড়িত ছিল না, উপরন্তু মুসলিমদের সাথে চুক্তিবদ্ধ গোত্রের লোক। ভুল করে চুক্তিবদ্ধ গোত্রের লোককে হত্যা করায় রক্তপণ আদায় করা অবশ্যকর্তব্য হয়ে দাঁড়ায়। মদীনা সনদের চুক্তি অনুযায়ী রক্তপনে শরীক হওয়ার জন্য রাসূল (সা.) কয়েকজন সাহাবীকে নিয়ে বনু নযীর এলাকায় গেলেন। তারা রক্তপণের অর্থ সংগ্রহ করার কথা বলে ফন্দি আটল যে, রাসূল (সা.) যে ঘরের দেয়ালের ছায়ায় বসে ছিলেন, এক ব্যক্তি তার ছাদ থেকে তাঁর উপর একখানা ভারী পাথর গড়িয়ে দিয়ে হত্যা করবে। আল্লাহ্ তায়ালা ওহীর মাধ্যমে রাসূলকে তা জানিয়ে দিলে তিনি সেখান থেকে কাউকে কিছু না বলে দ্রুত মদীনায় চলে আসেন। এরপর রাসূল (সা.) বনু নযীরকে ১০দিনের মধ্যে মদীনার উপকণ্ঠ হতে চলে যাওয়ার চরমপত্র প্রেরণ করেন। তারা মদীনার উপকণ্ঠ থেকে চলে যেতে প্রস্তুত হলে মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই তাদেরকে বনু কুরাইজা ও বনু গাতফানদেরকে সাথে নিয়ে তাদের পক্ষ নেয়ার আশ্বাস দেয় (সূরা হাশর, আয়াত- ১১,১২), ফলে তারা মদীনার উপকণ্ঠ ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত প্রত্যাহার করে। রাসূল

(সা.) মুসলিমদেরকে নিয়ে বনু নযীর এলাকা ও দূর্গসমূহ অবরোধ করেন। মুসলিম বাহিনীর এই সমাবেশ বা হাশরকেই আল্লাহ্ তায়ালা বলেছেন 'প্রথম সমাবেশ' এবং সূরার নামকরণ হয়েছে সূরা হাশর, যা কিয়ামতের মাঠের হাশর নয়। অবরোধের মাত্র ক'দিন পরই তারা এই শর্তে মদীনার উপকণ্ঠ ছেড়ে যেতে রাজি হয় যে, অস্ত্রশস্ত্র ছাড়া অন্য সব জিনিস নিজেদের উটের পিঠে চাপিয়ে যতটা সম্ভব নিয়ে যাবে। বিনা যুদ্ধেই ইহুদীদের এই গোত্র তথা বনু নযীর মদীনার উপকণ্ঠ ছেড়ে সিরিয়া ও খায়বর এলাকার দিকে চলে যায়, কেবল দু'জন ব্যক্তি মুসলিম হয়ে মদীনায় থেকে যান।

৫৯:৫। অবরোধ করে যুদ্ধের কৌশল হিসেবে মুসলিমগণ ইহুদীদের কিছু খেজুর গাছ কর্তন করেছিলেন।

৫৯:৬। যে সম্পদ বিনা যুদ্ধে মুসলমানদের অধিকারে আসে তাকে 'ফাই' বলা হয়। রাসূল (সা.)-এর জীবদ্দশায় এ সম্পদ তাঁর তত্ত্বাবধানে থাকত। এ সম্পদ বন্টনের বিধান পরবর্তী ৭-১০নং আয়াতে বর্ণনা করা হয়েছে। ইহুদী বনু নযীর গোত্র যেহেতু বিনা যুদ্ধেই কেবল অবরোধের কারণে ভীত-সন্ত্রস্ত হয়ে প্রত্যেকের এক উট বোঝাই মালামাল ছাড়া বাকী সব সহায় সম্পত্তি রেখে নির্বাসিত হয়েছিল তাই এগুলোকে আল্লাহ্পাক 'ফাই' হিসেবে ঘোষণা দিয়েছেন।

৫৯:৭। اَهْلُ الْقُرٰى (জনপদবাসী) দ্বারা এখানে বনু নযীর সম্প্রদায়কে বুঝানো হয়েছে।

৫৯:১৫। তারা হল ইহুদী সম্প্রদায়ের বনু কাইনুকা গোত্র যাদেরকে তাদের অপরাধের জন্য বদর যুদ্ধের পরপরই মদীনা হতে বহিষ্কার করা হয়েছিল।

৬০:১। মক্কা অভিযানের প্রস্তুতি চলাকালে হাতিব ইবন আবি বালতাআ (রা.) এ অভিযানের সংবাদ এক চিঠিতে গোপনে মক্কাবাসীদেরকে লিখেছিলেন। তাঁর আদি বাসস্থান ছিল ইয়েমেনে, তাঁর পরিবার তখনও ছিল মক্কায়। সেখানে তাঁর আত্মীয়-স্বজন না থাকায় তিনি পরিবারের নিরাপত্তা সম্পর্কে শঙ্কিত হয়ে এ কাজ করেছিলেন। রাসূল (সা.) ওহী মারফত এটা জানতে পেরে চিঠিটি উদ্ধার করিয়ে আনেন। হাতিব (রা.) তাঁহার অন্যায় স্বীকার করে মাফ চাইলে তাকে মাফ করে দেয়া হয়। কারণ তিনি ছিলেন বদর যুদ্ধে অংশগ্রহণকারী সাহাবী এবং তাঁর মন্দ অভিপ্রায়ও ছিল না।

৬০:১২। হাত ও পায়ের মধ্যখানে উদ্ভাবন অর্থাৎ পেটে যে সন্তান ধারণ করেছে তা নিজ স্বামীর নয় বরং জারজ, অথচ তা নিজ স্বামীর সন্তান বলে চালিয়ে দিলে তা স্বামীর প্রতি অপবাদ দেয়ারই শামিল। দেখুন ইবনে আশুর, তাফসীরে আত্তাহ্ভীর ওয়াত্ তানভীর।

৬১:৩। **অন্যকে সৎকাজের উপদেশ দিয়ে নিজে তা পালন না করার শাস্তি:** রাসূল (সা.) বলেছেন, আমি মিরাজের রাতে এমন কিছু লোককে দেখেছি যাদের ঠোঁটগুলো আগুনের কাঁচি দিয়ে কেটে ফেলা হচ্ছিল, আমি জিবরাঈলকে প্রশ্ন করলাম, 'এসব লোক কারা? তিনি বললেন, এরা আপনার উম্মতের সেই সব লোক যারা মানুষকে সৎকাজের নির্দেশ দিত কিন্তু নিজেরা উদাসীন থাকতো।

৬১:৬। হযরত মুহাম্মাদ (সা.)-এর অপর একটি নাম আহমাদ।

৬১:১৪। হাওয়ারী-ঈসা (আ.)-এর খাস অনুসারীগণ।

৬২:১১। একবার মদীনায় খাদ্যশস্যের ভীষণ অভাব দেখা দেয়। সে সময়ে এক জুমার সালাতে যখন রাসূল (সা.) খুতবা দিচ্ছিলেন, তখন খাদ্যশস্য আমদানীকারক একটি ব্যবসায়ী দল তথায় আগমন করলে মুসল্লীগণের মধ্যে অনেকে খাদ্যশস্য ক্রয় করার উদ্দেশ্যে মসজিদ হতে বাইরে যান। অবশ্য তখনও খুতবা সংক্রান্ত সব হুকুম সকলের জানা ছিল না। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়।

৬৩:৪। خُشُبٌ مُّسَنَّدَةٌ অর্থাৎ তারা কিছু বললে তুমি তা শুনবে তবে মনে রাখবে তারা মূলত দেয়ালে ঠেস দিয়ে রাখা কাঠের মত। তারা জড় পদার্থের মত দেখতেই চমৎকার তবে বোধ জ্ঞান সম্পন্ন নয়।

৬৩:৪। كُلَّ صَيْحَةٍ অর্থাৎ মানুষের যে কোন শোরগোলকে তাদের বিরুদ্ধে মনে করে, কারণ অপকর্মের কারণে তারা সবসময়ই ভীত, এই বুঝি তাদের সব ফাস হয়ে গেল বা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

৬৩:৮। **আঞ্চলিকতা ভিত্তিক দলাদলি ও বিভক্তি ইসলামের শিক্ষার সম্পূর্ণ পরিপন্থি:** ইসলামের কারণে মক্কা থেকে হিজরত করে যারা মদীনায় আশ্রয় নিয়েছিলেন তাদেরকে মুহাজির আর মদীনায় যে সকল মুসলিম তাদেরকে আশ্রয় দিয়ে সাহায্য করেছিলেন তাদেরকে আনসার বলা হয়। আনসার ও মুহাজিরগণ ভাই-ভাই হয়ে ইসলামের জন্য কাজ করতেন। মুনাফিকরা এদের মধ্যে বিভিন্ন বিষয়ে সংঘাত ও বিবাদ সৃষ্টির অপচেষ্টা করত। এখানে মুনাফিকদের একটি অপচেষ্টার দিক ইঙ্গিত করা হয়েছে। এ প্রসঙ্গে একটি হাদীস উল্লেখ করা যায়, জাবির (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী (সা.) এর সঙ্গে অভিযানে বের হয়েছিলাম, মুহাজির লোকেরাও তার সঙ্গে বের হয়েছিলেন এবং তারা সংখ্যায় অনেক হয়েছিল। মুহাজিরদের মধ্যে একজন রসিক লোক ছিলেন। তিনি একজন আনসারী ব্যক্তিকে ধাক্কা দিলেন। এতে আনসারী ব্যক্তি খুব রেগে গেলেন। তারা উভয়ে ডাকাডাকি করলেন। আনসারী ব্যক্তি বললেন, হে আনসারগণ! মুহাজির ব্যক্তি বললেন, হে মুহাজিরগণ! এমতাবস্থায় নবী (সা.) বের হয়ে এলেন এবং বললেন কি হয়েছে? জাহেলিয়াতের শ্লোগান কেন? অতঃপর তিনি বললেন, তাদের কি হয়েছে? তখন রাসূল (সা.) কে মুহাজির ব্যক্তি কর্তৃক আনসারী ব্যক্তিকে ধাক্কা দেয়ার বিষয়টি জানানো হলো। তখন নবী (সা.) বললেন, তোমরা এই দলাদলি বর্জন কর। এটা নোংরা জিনিস। আবদুল্লাহ্ ইবনে উবাই ইবনে সালূল বলল, 'মুহাজিররা আমাদের বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমরা মদীনায় ফিরে যাওয়ার পর আমাদের উঁচু শ্রেণীর লোকেরা নীচু শ্রেণীর লোকদেরকে মদিনা থেকে বের করে দেবে।' তখন ওমর (রা) বললেন, 'ইয়া রাসূল! আমরা কি এ দুষ্ট লোকটিকে হত্যা করবো না?' রাসূল (সা.) বললেন, 'না।' তাহলে লোকেরা বলবে, মুহাম্মদ তার সাথীদের হত্যা করে-(সহীহ বুখারী ও মুসলিম)।

৬৪:৮। এখানে আলো (নূর) অর্থ কুরআন।

৬৪:১৫। অর্থাৎ, আল্লাহ্ তায়ালা ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দিয়ে মানুষকে পরীক্ষা করে থাকেন যে, এগুলো পেয়ে কে নাফরমানিতে জড়িয়ে পড়ছে এবং কে তার আনুগত্য করছে। উল্লেখ্য, আল্লাহ্র বিধান, নীতি নৈতিকতা ও বিবেক বিসর্জন দিয়ে সন্তান-সন্ততির স্বার্থে অর্থ-সম্পদ উপার্জন ক্ষতিকর। কিন্তু সন্তানের প্রতি পিতা-মাতার সহজাত স্নেহ-মমতা দুষণীয় নয় বরং এরূপ ভালবাসার জন্য পিতা-মাতাকে আল্লাহ্ পুরস্কৃত করবেন। এ প্রসঙ্গে রসূল (স.) এর হাদীস রয়েছে: আনাস (রা.) বলেন, এক গরীব মহিলা তার দুই কন্যাকে নিয়ে হযরত আয়েশা সিদ্দীকা (রা.)-এর নিকট আসলে তিনি তাকে তিনটি খেজুর দিলেন। স্ত্রীলোকটি তার দুই কন্যার প্রত্যেককে একটি করে খেজুর দিল এবং একটি নিজে খাওয়ার জন্য মুখে তুলে নিচ্ছিল। এমতাবস্থায় শিশুরা তাও খেতে চাইলে মহিলা তার মুখের খেজুরটি দু'টুকরা করে তাদের হাতে অর্ধেক অর্ধেক করে তুলে দিল। আয়েশা (রা.) বলেন, তার এ কাজ আমার নিকট আশ্চর্যজনক বলে মনে হল। তাই আমি ঘটনাটি রাসূল (সা.)-কে জানালাম। তিনি বললেন, আয়েশা! আল্লাহ্ তায়ালা এই স্ত্রী লোকটিকে এর বিনিময়ে জান্নাত দান করবেন অথবা এর বিনিময়ে তাকে জাহান্নাম থেকে মুক্তি দিবেন।

৬৫:১। এখানে তালাক দেয়ার নিয়ম শিক্ষা দেয়া হয়েছে। নবী (সা.)কে বলা হলেও উদ্দেশ্য সবাইকে। অর্থাৎ ইদ্দত পালনের সুযোগ দিয়ে তালাক দিবে। একসঙ্গে তালাক দিবে না। ইদ্দত পালনকালে সংশোধনের সুযোগ থাকবে।

৬৫:১। তালাকপ্রাপ্তা স্ত্রী ইদ্দত চলাকালীন সময়ে খোরপোষ এর অধিকার থেকে বঞ্চিত হবে না, এক অথবা দুই তালাক দেয়ার ক্ষেত্রে ইদ্দত চলাকালীন স্বামীর ঘর থেকে তাকে বের করে দেয়া স্বামীর জন্য বৈধ নয়। আবার স্বামীর বাড়ী থেকে চলে যাওয়াও স্ত্রীর জন্য ঠিক নয় যাতে ভালবাসা পুনরায় সৃষ্টি হওয়ার সুযোগ পাবে, অন্তর নরম হতে পারে এবং সম্পূর্ণ বিচ্ছেদ না হয়ে যায়।

৬৫:২। এক অথবা দুই তালাক রাজ'ঈ এর ক্ষেত্রে স্বামী 'ইদ্দত'- শেষ হবার পূর্বে স্ত্রীকে পুনরায় গ্রহণ করতে পারে; আর যদি ইদ্দত শেষ হয়ে যায় তবে বিবাহ বিচ্ছেদ হয়ে যাবে এবং স্ত্রী চাইলে অন্য কোথাও বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবে। তবে স্ত্রী রাজী হলে নতুন করে মোহর নির্ধারণপূর্বক নতুন বিবাহ সম্পাদনের মাধ্যমে স্ত্রীকে ফিরিয়ে আনতে পারবে। কিন্তু তিনটি তালাক দিয়ে বিবাহ সম্পূর্ণ বিচ্ছেদের ক্ষেত্রে এ সুযোগ থাকে না।

৬৬:৬। রাসূল (সা.) সর্ব প্রথম নিজ পরিবারের সদস্য স্ত্রী খাজিদা (রা.), চাচাত ভাই আলী ইবনে আবু তালিব ও পোষ্য গোলাম যায়েদ ইবনে হারিসা (রা.) কে ইসলামের দাওয়াত দিয়েছেন এবং তারা সবাই ইসলাম গ্রহণ করেছিলেন।

৬৮:৯। অর্থাৎ, তুমি তাদের ভ্রান্ত বিশ্বাস ও বাতিল মা'বুদদের প্রতি কিছুটা ঝুঁকে পড়বে এবং সত্য পথ থেকে কিছুটা সরে যাবে। তাহলে তারা খুশি হবে ও তারা তোমার প্রতি কঠোর শত্রুতা পোষণের ক্ষেত্রে কিছুটা নমনীয় আচরণ করবে।

৬৮:১১। দু'জনের মধ্যে সম্পর্ক নষ্ট করার জন্য একজনের কথা আরেকজনের কাছে লাগানো বা বলে দেয়াকে 'নামীমা' বা চোগলখুরী বলা হয়।

৬৯:৯। উল্টে দেয়া জনপদ অর্থাৎ লূত (আ.) এর সম্প্রদায় যারা সমকামিতায় লিপ্ত ছিল, আল্লাহ্ তাদেরকেসহ যমীনকে উল্টে দিয়ে তাদেরকে সমূলে ধ্বংস করেছিলেন।

৬৯:৪০। অর্থাৎ ওহী নিয়ে আগমনকারী ফেরেশতা জিবরাঈল (আ.)।

৬৯:৪২। মুহাম্মদ (সা.) কে মক্কার কাফেররা গণক বলে অপবাদ দিয়েছিল এখানে তা প্রত্যাখ্যান করা হয়েছে। উল্লেখ্য, আল্লাহ্র রাসূল মুহাম্মদ (সা.) কে গণক বলা সম্পূর্ণ অবান্তর। কেননা, তিনি গণকে বিশ্বাস করাকে ঈমানের পরিপন্থি বলে আখ্যায়িত করেছেন। আবু হুরায়রা (রা.) ও হাসান (রা.) থেকে বর্ণিত, নবী (সা.) বলেছেন, যে ব্যক্তি কোন গণক বা জ্যোতিষীর কাছে গেল এবং তার কথাকে সত্য বলে বিশ্বাস করল, সে মুহাম্মদ (সা.)-এর প্রতি যা অবতীর্ণ হয়েছে তা অস্বীকার করল-(মুসনাদ আহমাদ)।

৭০:২৮। অর্থাৎ, আল্লাহ্র প্রতি কারো আনুগত্য যত বেশি হোক না কেন কেউ আল্লাহ্র আযাব থেকে নিজেকে নিরাপদ মনে করার কোন কারণ নেই। সুতরাং আল্লাহ্র নেক বান্দারা কখনো আল্লাহ্র আযাব থেকে নির্ভয় থাকে না।

৭০:৩৭। রাসূল (সা.)-এর কুরআন শ্রবণ এবং তাতে জান্নাত ও জাহান্নামের বর্ণনা শুনতে বিভিন্ন গ্রুপে বিভক্ত হয়ে রসূল (সা.) এর কাছে জড়ো হত। কিন্তু তারা ইসলামের প্রতি ইঙ্গিত করে ঠাট্টা করে বলত, 'এরা জান্নাতে গেলে আমরা তাদের আগে যাব'।

৭১:২৩। ওয়াদ্দ, সুওয়াআ, ইয়াগুছ, ইয়াউক ও নাছর নূহ্ (আ.) এর সম্প্রদায়ের কয়েকজন সৎ লোকের নাম। তাদের মৃত্যুর পর শয়তান সে যুগের লোকদের মনে প্রথমে তাদের স্মৃতিচিহ্ন স্থাপনের পরামর্শ দেয়। পরবর্তী প্রজন্মের লোকেরা তাদের পূজা শুরু করে। কালক্রমে উল্লেখিত সৎলোকেরা পূজনীয় দেবতায় পরিণত হয়। সহীহ্ বুখারীর বর্ণনা মতে, আরবের কালবগোত্র 'ওয়াদ্দ' প্রতিমার, হুজাইল গোত্র 'সুওয়াআ' প্রতিমার, মুরাদ গোত্র 'ইয়াগুস' প্রতিমার, হামাদান গোত্র 'ইয়াউক' প্রতিমার ও জিকিলার গোত্র 'নাসর' প্রতিমার পূজা করত।

৭২:১। জ্বীনদের কুরআন শুনে ঈমান আনার বিষয়টি ওহীর মাধ্যমে আল্লাহ্ তায়ালা রাসূল (সা.) কে জানান এবং লোকদেরকে জানাতে বলেন।

৭৩:৪। কুরআন পাঠ কর তারতীলের সাথে। অর্থাৎ কুরআন পাঠ কর ধীরে ধীরে, স্পষ্ট ও সুন্দরভাবে যাতে ভালভাবে বুঝতে পারা যায়। এভাবে রাসূল (সা.) কুরআন পাঠ করতেন। আয়েশা (রা.) বর্ণনা করেছেন, 'রাসূল (সা.) কুরআনুল কারীম খুবই ধীরে ধীরে ও থেমে থেমে পাঠ করতেন। ফলে খুব দেরীতে সূরা শেষ হত। ছোট সূরাও যেন বড় হয়ে যেত-(ইবনে কাছীর)। উম্মে সালমা (রা.) কে রাসূল (সা.) এর কিরাত সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'রসূলুল্লাহ্ (সা.) প্রত্যেক আয়াতের উপর পূর্ণ ওয়াক্বফ পড়তেন বা থামতেন'। যেমন- بسم الله الرحمن الرحيم পড়ে থামতেন। الحمد لله ربّ العالمين পড়ে থামতেন এবং مالك يوم الدّين পড়ে থামতেন-(আবু দাউদ, তিরমিযি ও মুসনাদে আহমাদ)।

৭৪:৪। মহান আল্লাহ্ তার প্রিয় রাসূল (সা.) কে একদিকে মানুষকে ইসলামের দাওয়াত দেওয়ার নির্দেশ দিচ্ছেন সেই সঙ্গে তার পোশাক ময়লা, আবর্জনা ও নাপাকি থেকে পরিচ্ছন্ন রাখার নির্দেশ দিচ্ছেন। এ থেকে নাপাকী থেকে পবিত্রতা অর্জন ও পরিষ্কার পরিচ্ছন্নতার সাথে ইসলামের নিবিড় সম্পর্ক বুঝা যায়।

৭৪:৬। অর্থাৎ, মানুষকে কিছু দান করে তার থেকে অধিক পাওয়ার প্রত্যাশা করোনা। কেননা, সম্ভ্রান্ত ব্যক্তি সবসময় অন্যের প্রতি নিজের অনুদান সামান্য মনে করে যদিও তা পরিমাণে বেশি হয়। তার নিজের কাছে মনে হয় আরও বেশি দেওয়া উচিত ছিল। রাসূল (সা.) এভাবে হাত খুলে মানুষকে দান করতেন। রাসূলের উদার হস্তে দান করার নীতিতে আকৃষ্ট হয়ে বহু লোক ইসলাম গ্রহণ করেছেন।

৭৪:১১। মক্কার কুরাইশ নেতা ওলীদ ইবনে মুগিরার প্রতি ইঙ্গিত করা হয়েছে। যখন তাকে সৃষ্টি করা হয়েছিল তখন সে ছিল একা এবং তার কোন সম্পদ, সন্তান-সন্ততি কিছুই ছিল না। অতঃপর আল্লাহ্ তাকে অঢেল সম্পদ দিলেন। কিন্তু সে রাসূল (সা.) এর প্রচণ্ড বিরোধিতা করে এবং নানাভাবে তাকে কষ্ট দিতে থাকে। সেজন্য আল্লাহ্ তাঁর রাসূলকে ওলীদের বিষয়টিকে তাঁর উপর ছেড়ে দিতে বলেন। উল্লেখ্য ওলীদের অনুরূপ ইসলাম বিরোধী সব লোকের ক্ষেত্রে এগুলো প্রযোজ্য।

৭৫:১৬। প্রথম দিকে রাসূল (সা.) ওহী নিয়ে আগত ফেরেশতা জিবরাঈল (আ.) এর সাথে সাথে কুরআন পড়তে থাকতেন এবং নিজের ঠোঁট নাড়াতে থাকতেন। এতে তার কষ্ট হচ্ছিল। তখন রাসূল (সা.) কে এরূপ কষ্ট করতে আল্লাহ্ নিষেধ করেন। কুরআন মুখস্ত রাখা ও তার ব্যাখ্যা করার বিষয়টি আল্লাহ্ নিজ দায়িত্বে নিয়ে নেন। অতএব জিবরাঈল (আ.) পাঠ করার সময় কুরআন শ্রবণ করার জন্য বলেন।

৭৫:২০। অর্থাৎ, পুনরুত্থানে অবিশ্বাস করা আল্লাহ্র পবিত্র কিতাবকে অমান্য করা ও রাসূলের আনুগত্য না করার প্রধান কারণ হচ্ছে তোমাদের দুনিয়া প্রেম।

৭৫:২৬। এখানে মৃত্যু ও মৃত্যু যন্ত্রণার কথা উল্লেখ করা হয়েছে।

৭৬:৬। অর্থাৎ, এ নহর পর্যন্ত তাদের কষ্ট করে যাওয়ার প্রয়োজন হবে না। তারা বাগানে, মহলে মজলিসে যেখানে ইচ্ছা করবে তাদের কাছে পানি পৌঁছে দেয়া হবে (তারা ইশারা করলে নহর প্রবাহ সেখানে চলে যাবে)।

৭৭:৭। কিয়ামত ও শেষ বিচার দিন।

৭৮:১। লোকেরা কিয়ামত সম্পর্কে সন্দেহ পোষণ করত এবং পরস্পরকে নানা প্রশ্ন করতো। এখানে সেদিকে ইঙ্গিত করা হয়েছে।

৭৮:৩। কিয়ামতের ব্যাপারে তারা দু'টি দলে বিভক্ত ছিল। একটি দল এটা স্বীকার করে যে, কিয়ামত অবশ্যই হবে। আর অপর দল এটা স্বীকারই করে না।

৭৮:৬। এ আয়াত থেকে আল্লাহ্ তাঁর বিস্ময়কর সৃষ্টির উল্লেখ করে তাঁর সীমাহীন ক্ষমতার বর্ণনা দিয়েছেন, যার দ্বারা প্রমাণিত হয় যে, তিনি এসব জিনিস কোন নমুনা ছাড়াই প্রথমবার যখন সৃষ্টি করতে সক্ষম হয়েছেন, তখন তিনি মানুষের কৃতকর্মের হিসাব নেয়ার জন্য পুনরুত্থান বা কিয়ামত সংঘটন করতে সম্পূর্ণ সক্ষম।

৭৮:৩৮। অর্থাৎ জিবরাঈল (আ.)।

৭৯:১০। কাফিররা পুনরুত্থিত হওয়ার বিষয়ে উপহাস করে এরূপ মন্তব্য করে।

৭৯:১৩। কবর থেকে পুনরুত্থিত হওয়ার জন্য শিঙ্গায় ফুৎকারের ফলে সৃষ্ট আওয়াজ।

৭৯:১৫। এখানে আল্লাহ্ তায়ালা মুহাম্মদ (সা.) কে অবহিত করছেন যে, তিনি তার বান্দা ও রাসূল মূসা (আ.) কে ফিরআউনের নিকট মুজিজাসহ পাঠিয়েছিলেন কিন্তু ফিরআউন হঠকারিতা ও কুফরী হতে বিরত হয়নি। অবশেষে তাদের উপর আল্লাহ্র শাস্তি নেমে আসে। অনুরূপভাবে মুহাম্মদ (সা.) কে মিথ্যা প্রতিপন্নকারীদের উপরও আল্লাহ্র শাস্তি অবধারিত।

৮০:২। অন্ধ সাহাবী আবদুল্লাহ্ ইবনে উম্মে মাকতুম (রা.)।

৮০:২০। মাতৃগর্ভ থেকে বের হওয়ার পথ সহজ করে দিয়েছেন।

৮০:২৪। মানুষ তার বৈচিত্র্যময় খাদ্য দ্রব্য ও তাদের উৎপাদন প্রক্রিয়া নিয়ে চিন্তা করলে তাতে মৃত্যুর পর পুনর্জীবিত হওয়ার প্রমাণ দেখতে পারবে।

৮১:২১। বহু সংখ্যক ফেরেশতা জিবরাঈল (আ.) এর অনুগত রয়েছেন। আকাশে তাঁর নেতৃত্ব রয়েছে। তার আদেশ ও কথা প্রতিপালনের জন্য বহু ফেরেশতা নিয়োজিত আছেন।

৮৪:৮। 'সহজ হিসাব' এর ব্যাখ্যা প্রসঙ্গে আয়েশা (রা.) রাসূল (সা.) থেকে একটি হাদীস বর্ণনা করেছেন। আয়েশা (রা.) বলেন, আমি রাসূল (সা.) কে তার কোন এক সালাতে (নামাজে) বলতে শুনি। اللهم حاسبني حسابا يسيرا অর্থাৎ, হে আল্লাহ্! আপনি আমার হিসাব সহজভাবে গ্রহণ করুন। তিনি সালাত শেষ করার পর আমি তাকে জিজ্ঞেস করলাম, হে আল্লাহ্র রাসূল! এ সহজ হিসাব কি? তিনি উত্তরে বললেন, শুধু আমলনামার প্রতি দৃষ্টি দেয়া হবে অর্থাৎ ভাসাভাসা সহকারে এক নজর দেখা হবে। তারপর বলা হবে যাও, আমি তোমাকে মাফ করে দিয়েছি। কিন্তু হে আয়েশা! আল্লাহ্ তায়ালা যার কাছ থেকে হিসাব নেবেন সে ধ্বংস হয়ে যাবে। মোট কথা যার ডান হাতে আমলনামা দেয়া হবে সে তা পেশ হওয়ার পরপরই ছাড়া পেয়ে যাবে, তারপর তার আপনজনের কাছে উৎফুল্ল হয়ে ফিরে আসবে-(ইবনে কাছীর)।

৮৭:১০। অর্থাৎ, এ কুরআন থেকে তারাই উপদেশ ও শিক্ষা গ্রহণ করবে যাদের অন্তরে আল্লাহ্র ভয় রয়েছে এবং আল্লাহ্র সাথে সাক্ষাতের ভয় মনে পোষণ করে। আর যারা হতভাগ্য তারা এ কুরআন থেকে কোন শিক্ষা বা উপদেশ গ্রহণ করবে না।

৮৮:২১। অর্থাৎ, হে নবী! তুমি মানুষের কাছে যে বাণী নিয়ে প্রেরিত হয়েছ তা তাদের কাছে পৌঁছে দাও, তোমার দায়িত্ব শুধু পৌঁছে দেয়া আর হিসাব গ্রহণের দায়িত্ব আমার।

৮৮:২২। অর্থাৎ, জোর করে তাদের অন্তরে ঈমান সৃষ্টি করা তোমার পক্ষে সম্ভব নয়। তুমি তাদেরকে ঈমান আনয়নে বাধ্য করতে পারবে না-(ইবনে কাছীর)।

৮৯:১৯। তোমরা মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পত্তি সবটাই গ্রাস কর। নিজের অংশ নেয়ার পর অন্যের অংশ আত্মসাৎ কর। উল্লেখ্য, ইসলাম পূর্ব জাহেলিয়াতের যুগে শিশু ও নারীদেরকে সম্পত্তির কোন অংশ দেয়া হত না বরং শুধু পুরুষরাই সব গ্রাস করত-(তাসহীল লি উলুমিত তানযীল, সাফওয়াতুত তাফাসীর)।

৯০:৬। মক্কার মুশরিক ও চরম ইসলাম বিরোধী আবুল আশাদ্দ বিন কালদাহর প্রতি ইঙ্গিত করা হয়েছে। সে তার শক্তি নিয়ে অহংকার করতো এবং ইসলাম ও মুসলমানদের শত্রুতা করার পেছনে প্রচুর অর্থ ব্যয় করেছিল। ইসলামের বিরুদ্ধে এ প্রচুর অর্থ ব্যয় করার বিষয়টি সে বলে বেড়াত। পরবর্তী আয়াতে সেদিকে ইঙ্গিত দেয়া হয়েছে-(সাফওয়াতুত তাফাসীর)।

৯০:১৮। দাসপ্রথার শৃঙ্খল থেকে মানুষকে মুক্ত করা, দুর্ভিক্ষ চলাকালে ইয়াতীম শিশু ও হতদরিদ্র অনাথ অসহায় মানুষের খাবারের ব্যবস্থা করা। (ইসলাম ও মুসলমানদের প্রতি শত্রুতা পোষণ না করে বরং) মু'মিনদের পরস্পরকে ধৈর্য ধারণ ও সাহায্য-সহানুভূতির পরামর্শ দেয়া সৌভাগ্যবান মানুষের লক্ষণ।

৯৩:৩। রাসূল (সা.) এর নিকট জিবরাঈল (আ.) আগমনে কয়েকদিন বিলম্ব হয়েছিল, এতে মুশরিকরা বলাবলি করতে শুরু করে যে, মুহাম্মদ (সা.) কে তাঁর প্রতিপালক পরিত্যাগ করেছেন, তখন আল্লাহ্ এ আয়াতগুলো অবতীর্ণ করেন-(ইবনে কাছীর)।

৯৩:৯। কাতাদাহ (রা.) বলেন, ইয়াতীমের সাথে ঠিক তেমন ব্যবহার করতে হবে যেমন ব্যবহার পিতা নিজের সন্তানের সাথে করে থাকেন-(ইবনে কাছীর)।

৯৩:১০। গরীব, মিসকীন এবং দুর্বল লোকের প্রতি অহংকার প্রদর্শন করো না, তাদের সাথে দুর্ব্যবহার করো না। তাদের সাথে কড়া কথা বলো না, ইয়াতীম ও মিসকীনকে যদি কিছু দিতে না পার তবে ভাল ও নরম কথা বলে তাদেরকে বিদায় কর এবং ভাল করে তাদের প্রশ্নের জবাব দাও-(ইবনে কাছীর)।

৯৩:১১। আবু নায্রা (র.) বলেন, মুসলমানরা মনে করতেন যে, নেয়ামতের বর্ণনা দেয়াও কৃতজ্ঞতা প্রকাশ করার শামিল-(তাবারী)।

৯৪:১। অর্থাৎ হে নবী (সা.)! আমি তোমার কল্যাণে তোমার বক্ষ প্রশস্ত করে দিয়েছি, দয়ামায়াপূর্ণ ও অনুগ্রহপুষ্ট করে দিয়েছি। অন্যত্র আল্লাহ বলেন, আল্লাহ যাকে হিদায়াত করার ইচ্ছা করেন তার বক্ষ তিনি ইসলামের জন্য খুলে দেন-(সূরা আনআম, আয়াত-৬)।

৯৪:২। অর্থাৎ, আল্লাহ্ তাঁর প্রিয় নবী (সা.) এর সমস্ত গুনাহ্ মাফ করে দিয়েছেন-(ইবনে কাছীর)।

৯৪:৭। অবসর সময় নষ্ট না করে আল্লাহ্র ইবাদতে ও সন্তুষ্টির কাজে ব্যয় করা কর্তব্য।

৯৫:১। ইবনে আব্বাস (রা.) বলেন, এখানে 'তীন' বলতে যে তীন ফল তোমরা খেয়ে থাক এবং 'যায়তূন' বলতে যার থেকে তোমরা তেল নির্যাস কর, বুঝানো হয়েছে-(কুরতুবী)। এ দু'টি ফলের মধ্যে বরকত থাকা এবং তাদের বহুমাত্রিক উপকারিতার কারণে আল্লাহ্ এদের কসম করেছেন। ইকরামা (রা.) বলেছেন, আল্লাহ্ তায়ালা এখানে মূলত এ দু'টি ফলের উৎপন্নস্থলের শপথ করেছেন। 'তীন' দামেস্কে ও 'যায়তূন' বাইতুল মুকাদ্দাসে অধিক পরিমাণ উৎপন্ন হত- (আল বাহরুল মুহীত)। পরবর্তী আয়াতগুলোতে পবিত্র স্থানসমূহ যেমন তূর পাহাড় (যেখানে আল্লাহ্ মূসা (আ.) এর সাথে কথা বলেছিলেন) ও পবিত্র মক্কা নগরীর কসম করেছেন।

৯৬:৯। এখানে অভিশপ্ত আবু জেহেলের প্রতি ইঙ্গিত করা হয়েছে। সে রাসূল (সা.) কে কা'বা ঘরে নামায আদায় করতে বাধা দিত।

৯৭:১। একটি মাত্র রাতের ফযিলত কুরআনে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। এ মহিমান্বিত রাতটি কুরআনের ভাষায় 'লাইলাতুল কদর'। এ রাতটির প্রধান বৈশিষ্ট্য হলো, এ রাতে পবিত্র কুরআন অবতীর্ণ হয়। এর প্রধানত দুটি অর্থ হতে পারে। যথা. (১) এ রাতে গোটা কুরআন 'লওহে মাহ্ফুজ' থেকে প্রথম আসমানে অবতীর্ণ হয়, পরে সেখান থেকে বিভিন্ন ঘটনা ও সময়ের প্রেক্ষিতে অল্প অল্প করে রাসূল (সা.) এর উপর অবতীর্ণ হয় (২) এ রাতে কুরআন অবতীর্ণ হওয়ার সূচনা হয় অর্থাৎ হেরা গুহায় অবস্থান কালে রাসূল (সা.) এর উপর "পড়, তোমার প্রভুর নামে যিনি সৃষ্টি করেছেন....." (সূরা আলাক, প্রথম ৫ টি আয়াত) অবতীর্ণ হয়। এ সূরায় আল্লাহ্ তায়ালা কদরের ৪টি বিশেষ ফযীলত বর্ণনা করেছেন- এ রাতে পবিত্র কুরআন অবতীর্ণ হয়, এ রাত হাজার মাসের চেয়ে উত্তম, জিবরাঈল (আ.) এর নেতৃত্বে অগণিত রহমতের ফেরেশতাদের পৃথিবীতে আগমন এবং সারা রাত আল্লাহ্র পক্ষ হতে শান্তি ও রহমত বর্ষণ। এ রাত কোন্‌টি তা পবিত্র কুরআনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি। তবে "আমি এ কুরআন রমযান মাসে অবতীর্ণ করেছি (সূরা আল-বাকারা , আয়াত-১৮৫) দ্বারা প্রমাণিত হয় যে, এ রাত নিশ্চিতভাবে পবিত্র রমযান মাসের যে কোন একটি রাত। অবশ্য রাসূল (সা.) এর হাদীস থেকে জানা যায়, রমযানের শেষ দশ দিনের বেজোড় রাত্রির যে কোন একটি 'লাইলাতুল কদর'। রাসূল (সা.) বলেছেন, তোমরা রমযানের শেষ দশ বেজোড় রাতে লাইলাতুল কদর অনুসন্ধান কর।

৯৭:৪। এ রাতের বরকতের আধিক্যের কারণে এ রাতে অগণিত সংখ্যক ফেরেশতা পৃথিবীতে অবতীর্ণ হন। এর ব্যাখ্যায় কাতাদা (রা.) বলেন, এ রাতে সমস্ত কাজের ফয়সালা করা হয়, বয়স ও রিযিক নির্ধারণ করা হয়। যেমন আল্লাহ্ বলেন, "আমি এক বরকতময় রাত্রে কুরআন অবতীর্ণ করেছি..... এ রাতে প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয় স্থিরীকৃত হয় (সূরা আদ-দুখান: ৩৫),- (ইবনে কাছীর)।

৯৮:১। আহলে কিতাবের মধ্যে যারা কুফরী করেছিল তাদের ও মুশরিকদের অবস্থান ছিল এই যে, তারা বলত সুস্পষ্ট প্রমাণ তথা রাসূল না আসা পর্যন্ত আমরা আমাদের প্রচলিত দ্বীন ছাড়বো না এবং তারা রাসূলের আগমনের অপেক্ষায় ছিল। ১ থেকে ৩ নং আয়াতে তাদের এই অবস্থান বর্ণনা করা হয়েছে আর ৪নং আয়াতের মাধ্যমে আল্লাহ্ জানাচ্ছেন যে, রাসূল আগমনের পর তারা ভুলে ভরা তাদের প্রচলিত দ্বীন ছেড়ে সত্য দ্বীনের প্রতি ঈমান আনবে এটা তাদের মুখের কথা। যাদেরকে অতীতে কিতাব দেয়া হয়েছিল তারা রাসূল আসার পরই বিভক্ত হয়েছিল। তাদের একদল ঈমান এনেছিল ও অন্যরা কুফরী করেছিল। যেমন ঈসা (আ.)-এর আগমনের পর আহলে কিতাবের (ইহুদীদের) একদল স্পষ্ট প্রমাণসহ আগমনকারী ঈসা (আ.)-এর উপর ঈমান এনেছিল আর তাদের বিরাট সংখ্যক ঈমান আনেনি। ৬নং আয়াতের মাধ্যমে বলা হচ্ছে এরা আসলে ঈমান আনার নয়, এরা জান্নামের স্থায়ী বাসিন্দা।

৯৯:৪। অর্থাৎ, যমীন খোলাখুলি ও সুস্পষ্টভাবে সাক্ষ্য দেবে যে অমুক ব্যক্তি তার উপর অমুক অমুক নাফরমানী করেছে। আবু হুরায়ারা (রা.) থেকে বর্ণিত, নবী করীম (সা.) এ আয়াতটি পাঠ করে বললেন, 'যমীনের সংবাদ' কি তা কি তোমরা জান? সাহাবীগণ উত্তরে বলেন, আল্লাহ্ ও তার রাসূল (সা.) - ভাল জনেন। তখন রাসূল (সা.) বললেন, আদম সন্তান যে সব কাজ যমীনে করেছে তার সবকিছুই যমীন এভাবে প্রকাশ করে দিবে যে, অমুক ব্যক্তি অমুক সময়ে অমুক জায়গায় এ পাপ ও এ পূণ্য কাজ করেছে-(মুসনাদে আহামদ, তিরমিযি ও নাসাঈ)। রাসূল (সা.) আরো বলেছেন, সাবধান থেকো। ওটা তোমাদের মা, তার উপর যে ব্যক্তি যে পাপ বা পূণ্য কাজ করবে সে তা খোলাখুলিভাবে প্রকাশ করে দেবে-(জামে তিরমিযি)।

১০৪:২। অর্থাৎ, অর্থ-সম্পদের পরিমাণ পুঙ্খানুপুঙ্খরূপে হিসাব করে রাখে ও আল্লাহ্র রাস্তায় খরচ করে না ও সম্পদে আল্লাহ্র হক আদায় করে না-(তাফসীরে তাবারী)।

১০৫:১। এখানে আল্লাহ্ তায়ালা তার প্রিয় নবী (সা.) কে কাবাঘর ধ্বংস করতে আসা আবরাহার হস্তিবাহিনী সমূলে ধ্বংস হওয়ার ঐতিহাসিক ঘটনা স্মরণ করিয়ে দেন। একাধিক সূত্রে বর্ণিত হয়েছে, ইয়ামেনের তৎকালীন খৃষ্টান ধর্মালম্বী বাদশাহ্ আবরাহা সানাতে একটি বিশাল গির্জা নির্মাণ করেন এবং সে কাবা ঘরের পরিবর্তে গির্জায় এসে হজ্ব পালন করার জন্য আরবদের প্রতি আহ্বান জানায়। তার এ আহ্বানে ক্ষুব্ধ হয়ে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তি রাতের আধাঁরে উক্ত গীর্জার ভেতরে মলত্যাগ করে আসে। এতে 'আবরাহা' প্রচণ্ড ক্ষিপ্ত হয় এবং কা'বা ঘর ধ্বংসের শপথ করে। এক বিশাল বাহিনী নিয়ে মক্কা অভিমুখে যাত্রা করে। এ বাহিনীর অগ্রভাগে ছিল শক্তিশালী হস্তিবাহিনী। তার উদ্দেশ্য ছিল কা'বা শরীফের দেয়ালে শিকল বেধে সমস্ত হাতির গলায় সে শিকল লাগিয়ে দেবে। শিকল টেনে হাতিগুলো কা'বার দেয়াল ধ্বসিয়ে ছিন্ন-ভিন্ন তথা নিশ্চিহ্ন করে দেবে। এ বাহিনী মক্কার উপকণ্ঠে পৌঁছলে ভয়ে মক্কার লোকেরা পাশ্ববর্তী পাহাড়ে আশ্রয় নিয়েছিল। আল্লাহ্ তার ঘরকে রক্ষার্থে আবরাহা শিবিরের উপর আক্রমণ করার জন্য এক ঝাঁক পাখি পাঠালেন। আল্লাহ্র সৈন্যদল এ পাখির ঝাঁক কালো মেঘের মতো আবরাহা বাহিনীকে ঘিরে ফেলে। প্রত্যেক পাখির ঠোঁটে একটি ও দু'পায়ে দু'টি করে কংকর ছিল। কংকরের টুকরাগুলো ছিল মশুরের ডাল বা মাসকলাই এর সমান। পাখিগুলো কংকরের টুকরাগুলো আবরাহা সৈন্যদের উপর নিক্ষেপ করছিল। যার গায়ে কংকর পড়ছিল তার দেহের মাংস খসে পড়তে লাগল। কারো মাথার উপর কংকর বিদ্ধ হয়ে তা মলদ্বার দিয়ে নাড়িসহ বেরিয়ে যাচ্ছিল। এভাবে সমস্ত আবরাহা বাহিনী ধ্বংস হয়। ঘটনাটি রাসূল (সা.) এর জন্মের বছরই ঘটেছিল। মক্কার ঘটনার প্রত্যক্ষদর্শীরা তখনো জীবিত ছিল এবং তারা মানুষকে সে লোমহর্ষক ঘটনার কথা বলত। সে সব প্রত্যক্ষদর্শীদের মুখে শুনা চাক্ষুষ দেখার মতই, সেজন্যই 'তুমি কি দেখনি' বলা হয়েছে। আয়াতে মুহাম্মদ (সা.)-কে সম্বোধন করা হলেও এর মাধ্যমে তৎকালীন ইসলামের প্রচণ্ড বিরোধী মক্কার মুশরিকদেরকে এবং সেই.সাথে গোটা মানবজাতিকে তথা পবিত্র কুরআনের প্রত্যেক পাঠকের শিক্ষা গ্রহণের জন্য মহান আল্লাহ্ সেই লোমহর্ষক ঘটনার বর্ণনা দিয়েছেন। এতে নবী (সা.) এর জন্য আল্লাহ্র পক্ষ থেকে আশ্বাস রয়েছে আবরাহার হস্তিবাহিনীর হাত থেকে যেভাবে আল্লাহ্ নিজ ক্ষমতায় কা'বাকে রক্ষা করেছেন তার নবীকে তিনি নিজ ক্ষমতাবলে সেভাবে রক্ষা করবেন ও ইসলামের বিজয় দান করবেন।

১০৬:১। এখানে আল্লাহ্ তায়ালা মক্কার প্রভাবশালী ও সম্ভ্রান্ত কুরাইশ বংশকে তাদের প্রতি আল্লাহ্র বড় দু'টি নেয়ামতের কথা স্মরণ করিয়ে দিয়ে শিরক পরিত্যাগ করে একমাত্র তার ইবাদতের আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য, ভৌগোলিক কারণেই মক্কার লোকদের ব্যবসার উদ্দেশ্যে শীতকালীন ও গ্রীষ্মকালীন সফর করতে হতো। শীতকালে ইয়েমেনে আর গ্রীষ্মকালে সিরিয়ায় সফর করে সেখান থেকে খাদ্যদ্রব্য ও কাপড় নিয়ে আসত এবং এতে তাদের ভাল মুনাফা

হতো। সাধারণত এ সফরে কুরাইশদের ব্যবসায়িক কাফেলা দুষ্কৃতকারী ও দস্যুদের লুণ্ঠনের শিকার হতো না। কারণ, কুরাইশরা কা'বা ঘরের প্রতিবেশী ও রক্ষণাবেক্ষণকারী সম্প্রদায় হওয়ার সবাই তাদেরকে বিশেষ সম্মানের চোখে দেখত। কা'বা ঘর ধ্বংস করতে গিয়ে ইয়েমেনের তৎকালীন ক্ষমতাধর শাসক আবরাহার হস্তীবাহিনীর চরম বিপর্যয় ও ধ্বংসের ঘটনায় মক্কার লোকদের সম্মান আরো বহুগুণ বেড়ে যায়। এমনকি বিভিন্ন রাজা-বাদশাহ্ ও শাসকরা তাদেরকে সমীহ করতে থাকে। এর ফলে একদিকে তাদের ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পায় ও তারা অধিক লাভবান হয়, অন্যদিকে মক্কায় প্রচুর খাদ্য আমদানী হওয়ায় খাদ্যসংকট থেকে তারা রক্ষা পায়। যেই ঘরের কারণে তাদের নিরাপদ ও সফল ব্যবসায়িক সফর ও খাদ্য-দ্রব্যের প্রচুর সরবরাহ লাভ সেই ঘরের মালিকের অর্থাৎ আল্লাহ্র ইবাদতই তাদের করা উচিত। নিজেদের হাতে তৈরি মূর্তি ও দেবদেবীর পূজা করা তাদের উচিত নয়।

১০৮:১। **'কাউসার'** শব্দটি এসেছে মূল শব্দ কাসরাত থেকে যার অর্থ সীমাহীন আধিক্য- কল্যাণ ও নেয়ামতের দিক থেকে। রাসূল (সা.)-কে আল্লাহ্ তায়ালা যে যে নেয়ামত দান করেছেন তার অন্যতম হচ্ছে নবুয়্যত ও কুরআন। এছাড়াও কাউসার বলতে আরও দু'টি জিনিস বুঝানো হয়েছে, আর তা হল **'হাউজে কাউসার'** যা কেয়ামতের মাঠে তাঁকে দান করা হবে যা থেকে তাঁর উম্মত পান করবে এবং দ্বিতীয়টি হল **'কাউসার নামক বিশেষ নহর'** যা তাঁকে জান্নাতে দান করা হবে- (কুরতুবী, আল-জামি'লি আহ্কামিল কুরআন, ইবনে আ'শুর, আল ওয়াসিত ফি তাফসীরিল কুরআনিল কারিম)।

১০৮:২। অর্থ্যাৎ হে নবী! তুমি একমাত্র আল্লাহ্র উদ্দেশ্যেই সালাত (নামায) আদায় কর এবং কুরবানী কর। আল্লাহ্ অন্যত্র বলেছেন, বল, 'আমার সালাত (নামায), আমার কুরবানী, আমার জীবন ও আমার মরণ জগৎসমূহের প্রতিপালক আল্লাহ্র জন্য- তার কোন শরীক নেই, এবং আমি এ ব্যাপারে আদিষ্ট হয়েছি এবং আমি প্রথম মুসলিম।' (সূরা আন'আম, আয়াত: ১৬২-১৬৩)। উল্লেখ্য, মক্কার মুশরিকদের নামায (প্রার্থনা) পদ্ধতি ছিল কাবা ঘরের কাছে হাততালি ও শিস দেয়া এবং তাদের প্রতিমাদের নামে পশু বলি দেয়া। এমতাবস্থায় আল্লাহ্ তাঁর নবীকে এক আল্লাহ্র জন্য সালাত (নামায) আদায় করতে ও একমাত্র আল্লাহ্র উদ্দেশ্যে কুরবানী করতে বলেছেন। সুতরাং এ নির্দেশটি ছিল মূলত তাওহীদ ও ইখলাস অবলম্বন করার নির্দেশ।

১০৮:৩। লেজ কাটা বা 'আবতার' এসেছে মূল শব্দ বাতারা থেকে অর্থাৎ কেটে ফেলা। যে ব্যক্তির কোন কল্যাণের আশা নেই তাকে আবতার বলা হয়। যার কোন ছেলে সন্তান নেই অথবা হয়ে মারা গেছে তার ব্যাপারেও আবতার শব্দ ব্যবহার করা হয়ে থাকে। আল্লাহ্ তায়ালা বলছেন, হে নবী! তুমি আবতার নও বরং তারাই আবতার। এবং ইতিহাসও তাই বলে যে, আবু জেহেলরাই আবতার হয়ে গিয়েছে।

১০৯:২। মক্কার ইসলাম বিরোধী পৌত্তলিকরা রাসূল (সা.) কে প্রস্তাব দিয়ে বলল, 'হে মুহাম্মদ! তুমি আমাদের মা'বুদদের (প্রতিমা ও দেব-দেবীদের) একবছর পূজা করবে আর আমরা আবার তোমার মা'বুদের (লা-শরীক আল্লাহ্র) এক বছর ইবাদত করবো। রাসূল তাৎক্ষণিকভাবে তাদের প্রস্তাব প্রত্যাখ্যান করে বললেন, আল্লাহ্র সাথে কাউকে শরীক করা থেকে আমি আল্লাহ্র কাছে আশ্রয় প্রার্থনা করছি। তারা তখন বলল, "তাহলে তুমি আমাদের কিছু মা'বুদকে স্বীকার করে নাও বিনিময়ে আমরা তোমাকে সমর্থন করবো ও তোমার মা'বুদের ইবাদত করব তখন এ সূরাটি অবতীর্ণ হয়। আবার রাসূল (সা.) মসজিদে হারামের দিকে গেলেন। সেখানে তখন একদল কুরাইশ নেতা অবস্থান করছিল। রাসূল (সা.) তাদের সম্মুখে দাঁড়িয়ে তাদের সামনে সূরাটি পাঠ করে শুনালেন। তখন তারা হতাশ হয়ে গেল-(রুহুল মা'আনী)। এখানে মক্কার মুশরিকদের সম্বোধন করা হলেও পৃথিবীর সমস্ত কাফিরদেরকে এ সম্বোধনের আওতায় আনা হয়েছে। আয়াতের মর্মার্থ হচ্ছে, হে কাফিররা! আমার উপাস্য ও তোমাদের উপাস্যের মধ্যে কোন মিল নেই। আমি এক আল্লাহ্র ইবাদত করি, আর তোমরা বহু ইলাহ্র ইবাদত কর। আমার পথ ও তোমাদের পথ সম্পূর্ণ ভিন্ন। আমার বিশ্বাস ও ইবাদতের পদ্ধতি ও তোমাদের বিশ্বাস ও ইবাদতের পদ্ধতিও ভিন্ন। অতএব তোমাদের প্রস্তাব মত কিছুদিন তোমাদের বহু ইলাহ্র ইবাদত করা আমার পক্ষে সম্ভব না। পরবর্তী আয়াতে একই কথা কিছু ভিন্ন শব্দ চয়নে পুনরায় উল্লেখ করা হয়েছে বিষয়টির প্রতি তাগিদ দেয়ার জন্য।

১০৯:৬। "এখানে মুশরিকদের অনুসৃত ধর্মকে (পৌত্তলিকতাকে) স্বীকৃতি দেয়া হয়নি। এ সূরার অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট থেকে এটা স্পষ্ট। মুশরিকরা মুহাম্মদ (সা.)কে তাদের মা'বুদদেরকে এক বছর ইবাদত করার প্রস্তাব দেয়। রাসূল (সা.) তাতে রাজি না হওয়ার তারা তাদের মা'বুদদের অন্তত স্বীকার করে নেয়া অর্থাৎ তাদের মা'বুদরাও ঠিক আছে এটুকু বলার প্রস্তাব করার প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। সুতরাং এর অর্থ হলো তাদের ধর্ম ও ইসলাম সম্পূর্ণ ভিন্ন। তাদের ধর্মের মূল কথা হচ্ছে শরীক বা বহু উপাস্য বিশ্বাস করা। আর ইসলামের মূল কথা হচ্ছে তাহওহীদ অর্থাৎ বহু ইলাহ্-এর ধারণা প্রত্যাখ্যান করে এক আল্লাহ্কে বিশ্বাস করা। তাই নবী মুহাম্মদ (সা.) এর অনুসৃত ধর্ম ও তাদের অনুসৃত প্রচলিত ধর্ম যে সম্পূর্ণ বিপরীতমুখী এবং তাদের শরিকী বিশ্বাসের কিছুই ইসলামে গ্রহণ করা সম্ভব নয় এটা পরিষ্কার করাই এ আয়াতের মূল প্রতিপাদ্য।

১১০:১। আল্লামা কুরতুবী (র.) বলেন, এখানে اذا جاء نصر الله والفتح এর অর্থ আল্লাহ্র সাহায্য ও বিজয় এসে গেছে। কেননা, এ সূরা মক্কা বিজয়ের পরে অবতীর্ণ হয়েছে। পবিত্র কুরআনের সূরাসমূহের মধ্যে এটি সর্বশেষ অবতীর্ণ সূরা। সুনানে নাসাঈতে বিশুদ্ধ সূত্রে বর্ণিত হাদীস দ্বারা এটি সমর্থিত। ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত হয়েছে, তিনি আবদুল্লাহ্ ইবনে উবাই (রা.) কে জিজ্ঞেস করেন, "সর্বশেষ কোন্ সূরাটি অবতীর্ণ হয়েছে তা কি আপনার জানা আছে?" উত্তরে তিনি বললেন, "হ্যাঁ, 'সূরা ইযাযাআ নাসরুল্লাহি ওয়াল ফাতহ' (সর্বশেষ অবতীর্ণ সূরা)-।" ইবনে আব্বাস (রা.) তখন বললেন, আপনি সত্য বলেছেন-(সুনানে নাসাঈ)। তাছাড়া রাসূল (সা.) কে মক্কা বিজয়ের সুসংবাদ দেয়া নয় বরং রাসূল (সা.) এর নবুয়তের মিশনের সমাপ্তি ও ইন্তেকালের বার্তা জানানোই যে এ সূরার মূল তাৎপর্য তা সহীহ বুখারীর একটি হাদীস থেকে জানা যায়। সূরাটি বিদায় হজ্জের সময় অবতীর্ণ হওয়ার ব্যাপারে একাধিক বর্ণনা পাওয়া যায়। আবদুল্লাহ্ ইবনে উমর (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আইয়ামে তাশরীক (১১,১২, ১৩ যিলহজ্জ তারিখ) এর মধ্যভাগে মিনায় অবস্থানকালে 'ইযাযাআ নাসরুল্লাহি ওয়াল ফাতহ' সূরাটি রাসূল (সা.) এর উপর অবতীর্ণ হলে তিনি বুঝতে পারেন এটা বিদায়ী সূরা। সুতরাং তখনই তিনি সাওয়ারী তৈরি করার নির্দেশ দেন এবং রাসূল (সা.) সাওয়ারীতে আরোহণ করেন। তারপর তিনি তাঁর প্রসিদ্ধ খুৎবা (বিদায় হজ্জের ভাষণ) প্রদান করেন- (তিরমিযি, বায়হাকী, বায্যার)। রাসূল (সা.)-এর বিদায় হজ্জ অনুষ্ঠিত হয়েছিল ১০ম হিজরী সনে আর মক্কা বিজয় হয়েছিল ৮ম হিজরী সনে। অন্যদিকে সূরা তাওবা নাযিল হয়েছিল মক্কা বিজয়ের পর। অতএব, সূরা "নসর" সর্বশেষ অবতীর্ণ পূর্ণাঙ্গ সূরা ও বিদায় হজ্জের সময় অবতীর্ণ হওয়ার সমস্ত বর্ণনা সামনে রাখলে আল্লামা কুরতুবীর ব্যাখ্যা অধিক নির্ভরযোগ্য বলে প্রতীয়মান হয়। এখানে আল্লাহ তাঁর প্রিয় রাসূল ও মুমিনদের প্রতি তার নেয়ামত ও অনুগ্রহের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেছেন, হে নবী! যখন আল্লাহর সাহায্য ও চূড়ান্ত বিজয় তোমার কাছে এসে গেছে এবং তুমি স্বচক্ষে দেখেছ বিনা যুদ্ধে আরবের বিভিন্ন গোত্র দলে দলে স্বতঃস্ফূর্তভাবে ইসলাম গ্রহণ করছে।

১১০:২। কোন কোন মুফাসসিরের মতে, এখানে বিজয় দ্বারা মক্কা বিজয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে। কেননা, মক্কা বিজয়ের পরেই আরবের গোত্রসমূহ, দলে দলে স্বতঃস্ফূর্তভাবে মহানবী (সা.) এর কাছে উপস্থিত হয়ে, প্রতিনিধি পাঠিয়ে ইসলাম গ্রহণের ঘোষণা দেয়। প্রকৃতপক্ষে আরবের বিভিন্ন গোত্র ইসলাম গ্রহণের সিদ্ধান্ত গ্রহণের জন্য মক্কা বিজয় পর্যন্ত অপেক্ষা করছিল। তারা বলত, তিনি যদি নিজ সম্প্রদায়ের বিরুদ্ধে জয়লাভ করেন, তাহলে তিনি নিঃসন্দেহে আল্লাহ্র নবী! তাই মক্কা বিজয়ের পর এরা দলে দলে ইসলামে প্রবেশ করতে থাকে এবং মক্কা বিজয়ের পরবর্তী দুই বছরের মধ্যে সমগ্র আরব উপদ্বীপের লোকেরা ইসলাম গ্রহণ করে।

১১০:৩। অর্থাৎ, হে নবী! তোমার প্রতিপালক আল্লাহ্ ইসলামের শত্রুদের পরাজয়, বিভিন্ন অঞ্চলে ইসলামের বিজয় ও দলে দলে লোকের ইসলাম গ্রহণের মাধ্যমে তোমাকে যে অনুগ্রহ করেছেন সেজন্য তুমি আল্লাহ্র পবিত্রতা, মহত্ত্ব ঘোষণা কর ও আল্লাহ্র শুকরিয়া জ্ঞাপন কর এবং তোমার ও তোমার উম্মতের জন্য আল্লাহ্র কাছে মাগফিরাত (ক্ষমা) কামনা কর। আল্লাহ্ পরম ক্ষমাশীল। এখানে রাসূলের উম্মতের একটি বড় শিক্ষা হলো, কোন বিশাল ও কাঙ্খিত বিজয় সাফল্য আসলে উৎসবে আত্মহারা হওয়ার পরিবর্তে আল্লাহ্র মহত্ত্ব ঘোষণা ও শুকরিয়া জ্ঞাপন ও ত্রুটি-বিচ্যুতির জন্য তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করা উচিত। এর ফলে আল্লাহ্ খুশি হন ও বিজয় সুসংহত হয়।

১১১:১। আবু লাহাব রাসূল (সা.) এর আপন চাচা ছিল। তার আসল নাম ছিল আব্দুল উযযা ইবনে আব্দুল মুত্তালিব। মুশরিকদের পূজনীয় দেবতা 'উযযা' এর নামের সঙ্গে মিলিয়ে তার নাম রাখা হয়। তার চেহারা সুদর্শন থাকায় তাকে "আবু লাহাব" ও বলা হয়। 'আবু লাহাব' এর শাব্দিক অর্থ অগ্নি শিখার পিতা, কুরআন তাকে এ নামেই উল্লেখ করেছে, এতে তার নিশ্চিত জাহান্নামী হওয়ার ইঙ্গিত রয়েছে। যা হোক রাসূল (সা.) এর চাচা আবু তালিব যেমন নিজ বংশের সন্তান হিসেবে তাকে আশ্রয় দিয়েছে ও সাহায্য করেছে এর সম্পূর্ণ বিপরীত অবস্থান নিয়েছিল তার অপর চাচা আবু লাহাব। মুহাম্মদ (সঃ) যেখানে লোকদেরকে ইসলামের দাওয়াত দিতেন সেখানে হাজির হয়ে সে লোকদেরকে বলত, 'হে লোকেরা! এ লোক ধর্মত্যাগী ও মিথ্যাবাদী'। আপন চাচার এমন ভূমিকা রাসূল (সা.) এর জন্য খুবই কষ্টকর ছিল ও এতে ইসলাম প্রচারে তীব্র প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। তার স্ত্রী উম্মে জামিলও তার সাথে যোগ দিয়েছিল। তারা রাসূল (সা.) এর বিভিন্ন মন্দ উপনাম ও খেতাব মক্কায় রটিয়ে দেয়। নানাভাবে রাসূল (সা.) কে শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করে। আবু লাহাব ও তার স্ত্রীর ধ্বংসের কথা জানিয়ে এ সূরাটি অবতীর্ণ হয়। এ সূরা মুহাম্মদ (সা.) এর নবুয়্যতের একটি মু'জিজা ও অকাট্য প্রমাণ। বহু ইসলাম বিরোধী এক পর্যায়ে ঈমান আনলেও আবু লাহাব ও তার স্ত্রী ঈমান আনেনি এবং শির্ক, কুফর ও ইসলামের চরম দুশমনীতে লিপ্ত অবস্থায় তারা মারা যায়। ফলে তাদের জাহান্নামী হওয়ার ভবিষ্যতবাণী সত্যে পরিণত হয়। এ সূরার মধ্যে ইসলামের চরম দুশমনিতে লিপ্ত প্রত্যেক নারী-পুরুষের জন্য শিক্ষণীয় রয়েছে।

১১১:২। অর্থাৎ, তার ধন-সম্পদ তাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে পারেনি এবং জাহান্নামের আগুন থেকে বাঁচানোর ব্যাপারে তার ধন-সম্পদ কোন কাজে আসবে না।

১১১:৪। আবু লাহাবের স্ত্রী উম্মে জামিল তার সাথে জাহান্নামে যাবে। উম্মে জামিল রাসূল (সা.) এর নামে মানুষের কাছে বিভিন্ন দোষ রটাতো এবং শত্রুতা ও বিদ্বেষে ইন্ধন যোগাত। আবু সাউদ বলেন, রাসূল (সা.) কে কষ্ট দেয়ার জন্য সে জঙ্গল থেকে কাটাযুক্ত গাছের লাকড়ির আঁটি বহন করে নিয়ে আসত এবং রাতে রাসূল (সা.) এর চলার পথে বিছিয়ে দিত- (তাফসীরে আবিস সাউদ)।

১১১:৫। ইবনে মুসাইয়াব (র) বলেন, উম্মে জামিলের গলায় একটি দামী মুক্তার হার ছিল। সে বলেছিল, "লাত ও উযযা দেবতার শপথ! আমি মুহাম্মদের শত্রুতায় আমার হার খরচ করবো। এর প্রতিউত্তরে আল্লাহ্ জাহান্নামের আগুনের রশি-লাগিয়ে দেয়ার কথা জানিয়েছেন- (কুরতুবী)। কোন কোন ব্যাখ্যাকার বলেছেন, উম্মে জামিলের গলায় আগুনের রশি লাগিয়ে দেয়া হবে এবং ঐ রশি ধরে তাকে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে। তারপর রশি ঢিলা করে তাকে জাহান্নামের গভীর তলদেশে নিক্ষেপ করা হবে। এ শাস্তি তাকে ক্রমাগতভাবে দেয়া হবে- (ইবনে কাছীর)।

১১২:১। আল্লাহ্ 'এক' হওয়ার তিনটি অর্থ, 'আল্লাহ্' একজন অর্থাৎ, সংখ্যায় অদ্বিতীয়। ২. আল্লাহ্ এক তার কোন তুলনা ও শরীক নেই। ৩. তিনি একক তাকে ভাগ করা যায় না। আল্লাহ্র এক সত্তার বিষয়টি কুরআন মাজীদে সুস্পষ্টভাবে একাধিক স্থানে বর্ণিত হয়েছে- (আন নাহল নং ১৬, আয়াত ১৭, সূরা আম্বিয়া নং ২১, আয়াত ২২, সূরা বনী ইসরাঈল নং ১৭, আয়াত ৪২, সূরা আল মু'মিনুন নং ২৩ আয়াত ৯১)।

১১২:৩। অর্থাৎ, আল্লাহ্র সন্তান-সন্ততি নেই, পিতা-মাতা নেই, স্ত্রী নেই। কুরআনের অন্যত্র আল্লাহ্ বলেন, তিনি আকাশ ও পৃথিবীর সৃষ্টিকর্তা, কি করে তাঁর সন্তান হতে পারে? তাঁর তো স্ত্রী নেই, সকল কিছু তিনিই সৃষ্টি করেছেন- (সূরা আনআম নং ৬, আয়াত ১০১)।

১১২:৪। অর্থাৎ, তাঁর সাথে (সৃষ্টিতে, তাঁর সত্তায়, তাঁর গুণাবলিতে, তাঁর কর্মে) তুলনীয় ও সাদৃশ্যপূর্ণ বা তাঁর অনুরূপ কিছুই নেই। অন্যত্র আল্লাহ্ বলেন, তাঁর অনুরূপ কিছুই নেই, তিনি সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা- (সূরা শূরা নং ৪২, আয়াত ১১)।

পরিশিষ্ট
(APPENDIX)

পরিশিষ্ট-১: পবিত্র কুরআনের তরজমায় ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা

পরিশিষ্ট-২: মু'জামুল কুরআনে বর্ণিত কতিপয় আরবী শব্দের বাংলা প্রতিশব্দ

পরিশিষ্ট-৩: পবিত্র কুরআনে বর্ণিত নবী, রাসূল ও মুমিনদের দু'আসমূহ

পরিশিষ্ট-৪: পবিত্র কুরআনে বর্ণিত বিজ্ঞান সংক্রান্ত বিষয়সমূহ

পরিশিষ্ট-৫: আল্লাহর সুন্দর নামসমূহ

পরিশিষ্ট-৬: পবিত্র কুরআনে সিজদার আয়াতসমূহ

পরিশিষ্ট-১
পবিত্র কুরআনের অনুবাদে ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা

অযু	পবিত্রতা, পরিচ্ছন্নতা, নির্মলতা। শরীরকে বাহ্যিকভাবে পবিত্র করার জন্য ইসলাম নির্দেশিত পন্থায় পবিত্র পানি দিয়ে মুখমণ্ডল, হাত ও পা ধৌত করা এবং মাথা মাসহ (ভিজা হাতে মুছে নেয়া) কে অযু বলে।
আদ	আদ একটি জনগোষ্ঠী বা সম্প্রদায়। হুদ আ. তাদের মাঝে নবী হিসেবে প্রেরিত হয়েছিলেন।
আনসার	আনসার অর্থ সাহায্যকারী। রাসূল স. এর যে সব সাহাবী মক্কা থেকে মদীনায় হিজরত করেছিলেন তাদেরকে মুহাজির বলা হয়। মুহাজিরগণ তাদের বাড়িঘর ও সহায়-সম্পত্তি ছেড়ে দ্বীনের কারণে হিজরত করেন। তাদের এই সহায়-সম্বলহীন অবস্থায় মদীনার মুসলমানগণ তাদেরকে সার্বিক সহযোগিতা প্রদান করেন। পবিত্র কুরআনে মুহাজিরগণকে সাহায্যকারী মদীনার এইসব মুমিনগণকে আনসার বলা হয়েছে।
আমলনামা	'আমল' অর্থ কর্ম 'নামা' অর্থ লিপি বা পত্র। 'আমলনামা' বলা হয় কর্মলিপিকে। প্রতিটি মানুষ দুনিয়ার জীবনে ছোট-বড় ও ভাল-মন্দ যে কাজই করে তা সবই লিখে রাখা হয়। শেষ বিচারের দিনে প্রত্যেককে তার আমলনামা দেখানো হবে এবং এর ভিত্তিতেই তার বিচারকার্য সম্পন্ন করা হবে।
আমানত	বিশ্বস্ততা, আস্থা ও নিরাপত্তা। বিশ্বাস করে কেউ কোন বস্তু বা সম্পদ রাখলে তার যথাযথ সংরক্ষণ করা এবং কারো গোপনীয় বিষয় প্রকাশ না করাকে আমানত বলা হয়।
আযাব	শাস্তি, সাজা, নির্যাতন, কষ্ট। পার্থিব জগতে শাস্তি ও পরকালীন শাস্তি উভয় ক্ষেত্রে আযাব শব্দটি ব্যবহৃত হয়।
আরাফাত	হাজীগণ হজ্জ পালন করতে গিয়ে এখানে একত্রিত হন।
আয়াত	পবিত্র কুরআনের প্রতিটি চরণ বা বাক্যকে আয়াত বলা হয়। আয়াতের অন্য একটি অর্থ হল নিদর্শন।
আখিরাত	পরকাল বা পরলোক। দুনিয়ার এই জীবনই শেষ নয়। দুনিয়ায় মৃত্যুর পর মানুষকে আবার জীবিত করা হবে এবং তার দুনিয়ার জীবনের ভাল মন্দ সব কাজের হিসাব নেয়া হবে। পুণ্যের পরিমাণ বেশি হলে জান্নাতে আর কম হলে জাহান্নামে যাবে। অর্থাৎ দুনিয়ার জীবনের মৃত্যুই মানুষের শেষ পরিণতি নয়, শেষ পরিণতি হল আখিরাতের জীবনে জান্নাত অথবা জাহান্নাম।
ইনজিল	ঈসা আ. এর উপর অবতীর্ণ আসমানী কিতাব।
ইবাদাত	ইবাদাত অর্থ উপাসনা, পূজা, অর্চনা, সেবা ও দাসত্ব। আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে এবং তাঁর শাস্তি থেকে বাঁচার লক্ষ্যে তাঁর আদেশ ও নিষেধ যথারীতি মেনে চলাই ইবাদাত।
ইবলিস/শয়তান	ইবলিস শব্দের অর্থ নিরাশ বা হতাশ। ইবলিস জিন বংশোদ্ভূত, তার নাম আজাজিল। জ্ঞানগত যোগ্যতা ও ইবাদাতের মাধ্যমে ফেরেশতাদের শিক্ষক পদে ভূষিত হয়। অহংকার বশত আল্লাহর আদেশ অমান্য করে আল্লাহর অভিশাপের শিকার হয় এবং আল্লাহর নিকট থেকে বিতাড়িত হয়।
ইমাম	নেতা, প্রধান, অগ্রণী, আদর্শ। নামাজে ও সামাজিক উভয় ক্ষেত্রে নেতৃত্বের জন্যে ইমাম শব্দটি ব্যবহৃত হয়।
ইদ্দত	ইদ্দত শব্দের অর্থ মেয়াদকাল বা সময়সীমা। তালাকপ্রাপ্ত মহিলা বা স্বামী মারা গিয়েছে এমন মহিলার পুনরায় বিয়ের পূর্বে একটা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত অপেক্ষা করতে হয় তাকে ইদ্দত বলে।
ইলহাম	ঐশী অনুপ্রেরণা বা ইঙ্গিত। আল্লাহর পক্ষ থেকে মানুষের অন্তরে কোন ভাবের উদ্রেক বা কোন ইঙ্গিতকে ইলহাম বলে।
ইসলাম	সমর্পণ, আত্মসমর্পণ, বশ্যতা স্বীকার। নিজের ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে বিসর্জন দিয়ে আল্লাহর ইচ্ছাকে সন্তুষ্ট চিত্তে মেনে নেয়াকে ইসলাম বলা হয়। (আল্লাহর মনোনীত জীবন ব্যবস্থার নামও ইসলাম)
ইহরাম	হজ্জ পালনের জন্য হজ্জের নির্ধারিত পোশাক পরিধান করা ও প্রস্তুতি গ্রহণকে ইহরাম বলা হয়।
ইহকাল	দুনিয়া, ইহলোক, পৃথিবী, বিশ্বজগত।
ইহসান	দয়া, অনুগ্রহ, দান, কল্যাণ করা, পরোপকার করা, সুসম্পন্ন করা। কোন কাজ সাধ্যমত সুন্দর করে সম্পন্ন করাকে ইহসান বলা হয়।
ইয়াজুজ-মাজুজ	দুটি শক্তিশালী জাতি
ইয়াতিম	শাব্দিক অর্থ অনাথ। মাতাপিতা জীবিত নেই এমন অপ্রাপ্ত বয়স্ক সন্তানদেরকে প্রাপ্ত বয়স্ক হওয়ার পূর্ব পর্যন্ত ইয়াতীম বা অনাথ বলা হয়।
ইল্লিয়্যীন	উচ্চ মর্যাদাপূর্ণ স্থান। যেখানে মুমিনদের রূহ ও আমলনামা রাখা হয় তাকে ইল্লিয়্যীন বলে।
ই'তিকাফ	ই'তিকাফ অর্থ অবস্থান করা। মসজিদে বা ঘরের নির্দিষ্ট স্থানে বিশেষ নিয়ম মেনে নির্দিষ্ট সময় অবস্থানকে ই'তিকাফ বলে। মুসলমানগণ সাধারণত পবিত্র রমজান মাসে শেষ দশ দিন পুরুষরা মসজিদে ও নারীরা নিজ আবাসস্থলে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে ই'তিকাফ পালন করে থাকে।
ঈমান	ঈমান অর্থ বিশ্বাস। আল্লাহকে তাঁর সত্তা ও গুণাবলীতে একক বলে বিশ্বাস করা, ফেরেশতা, নবী-রাসূল, আসমানী কিতাব ও তার বিধিবিধান, মৃত্যুর পরবর্তী জীবন, তাকদীরের ভালমন্দ, জান্নাত ও জাহান্নাম ইত্যাদি অদৃশ্য বিষয়ে বিশ্বাস করার নাম ঈমান।
উম্মাহ	জাতি, জনগণ, সময়, মেয়াদ, পথ, ধর্ম। সাধারণ অর্থে কোন ধর্ম বা মতাদর্শে বিশ্বাসী জাতি বা গোষ্ঠীকে উম্মত বলা হয়।
উমরাহ	হজ্জের জন্য নির্ধারিত সময় ছাড়া অন্য সুবিধামত সময়ে কা'বার তাওয়াফ (প্রদক্ষিণ) এবং সাফা ও মারওয়া নামক দুই পাহাড়ের মধ্যে সায়ী করা (দৌড়ানো) কে ওমরাহ বলে।
উহুদ যুদ্ধ	উহুদ একটি পাহাড় যা মদীনার উত্তরে অবস্থিত। ইসলামের দ্বিতীয় যুদ্ধ এখানে সংঘটিত হয়েছিল।
উলুল আমর	নির্দেশ দেয়ার অধিকারী। মুসলিম জাতিকে নির্দেশ দিয়ে পরিচালিত করার যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে উলুল আমর বলা হয়।

পরিশিষ্ট-১ পবিত্র কুরআনের অনুবাদে ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা

একত্ববাদী	এক আল্লাহতে বিশ্বাসী। নাস্তিক্যবাদ ও অংশীবাদের মাঝামাঝি অবস্থান একত্ববাদ। যিনি আল্লাহকে তাঁর স্বত্তা ও গুণাবলীতে এক বলে বিশ্বাস করেন তিনি একত্ববাদী।
ওয়াদা	অঙ্গীকার, প্রতিশ্রুতি, কথা দেয়া।
ওশর	ইসলামী জীবন বিধানে ফসলের যাকাতকে ওশর বলা হয়।
ওসিয়ত	উপদেশ, আদেশ, উইল। মৃত্যুপথযাত্রী ব্যক্তির অন্তিম উপদেশকে ওসিয়ত বলা হয়।
কবর	সমাধি, যেখানে মৃতদেহ সমাহিত করা হয়।
কসম	শপথ, দিব্য।
কসর নামায	সফরে বা যুদ্ধকালীন সময়ে সংক্ষিপ্ত নামাজকে কসর নামাজ বলা হয়।
কাওছার	জান্নাতের একটি নহর, পবিত্র কুরআনের একটি সূরার নাম কাওছার।
কাফির	অবিশ্বাসী, অকৃতজ্ঞ, কৃষক। ইসলামী পরিভাষায় আল্লাহর অস্তিত্বে অবিশ্বাসী, তাঁর বিধান অস্বীকারকারী ও তাঁর নেয়ামতের প্রতি অকৃতজ্ঞ ব্যক্তিকে কাফির বলা হয়।
কুরবানী	নৈকট্য, সান্নিধ্য, উৎসর্গ। ইসলামে কুরবানী বলতে বুঝায় আল্লাহর নৈকট্য লাভের উদ্দেশ্যে নির্ধারিত দিনে (যিলহজ্জ মাসের ১০ তারিকে ঈদুল আজহার নামাযের পর আল্লাহর নামে হালাল পশু জবেহ করাকে কুরবানী বলা হয়।
কিয়ামত	কিয়ামত শব্দের অর্থ দন্ডায়মান হওয়া বা পুনরুত্থান। কিয়ামত বলতে মহাপ্রলয় থেকে শুরু করে আখিরাতের জীবনে কবর থেকে উঠে আল্লাহর সামনে দণ্ডায়মান হয়ে হিসাব-নিকাশ সম্পন্ন করা পর্যন্ত সবকিছুকে বুঝায়।
খেয়ানত	বিশ্বাসঘাতকতা করা বা বিশ্বাসভঙ্গ করা, গচ্ছিতবস্তু আত্মসাৎ করা ও গোপনীয় বিষয় প্রকাশ করে দেয়া এসবই খেয়ানত। খেয়ানত কবীরা গোনাহ বা মহাপাপ।
খলিফা	প্রতিনিধি, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত।
গনীমত	যুদ্ধলব্ধ সম্পদ।
গিলমান	গোলাম শব্দের অর্থ বালক, বহু বচনে গিলমান ব্যবহৃত হয়। তারা সর্বদা জান্নাতবাসীদের সেবায় নিয়োজিত থাকবে।
গোনাহ	পাপ, অপরাধ ও গর্হিত কাজ।
জিন	জিন এক বিশেষ সৃষ্টি। ধোঁয়াবিহীন আগুন থেকে সৃষ্টি করা হয়েছে।
জিবরাইল	প্রধান ফেরেশতা।
জিহাদ	চেষ্টা করা, সাধনা করা, সর্বশক্তি নিয়োগ করা, অন্যায়ের বিরুদ্ধে লড়াই করা।
জিকির	স্মরণ করা, উল্লেখ করা, বর্ণনা করা, উপদেশ।
জাহেলিয়াত	অজ্ঞতা, মূর্খতা।
জান্নাত	উদ্যান, বাগান, স্বর্গ। পরকালে বিশ্বাসীরা ভালকাজের পুরস্কার স্বরূপ জান্নাতে স্থায়ীভাবে অবস্থান করবে।
জাহান্নাম	নরক, দোযখ। অবিশ্বাসী ও পাপাচারীরা পরকালে তাদের কৃতকর্মের প্রতিফলস্বরূপ জাহান্নামে থাকবে। যেখানে রয়েছে আগুনসহ নানারকম যন্ত্রণাদায়ক ও অপমানকর শাস্তি।
জালিম	অত্যাচারী, অন্যায়কারী, নির্যাতনকারী।
জুমু'আ/জুমা	সপ্তাহের শুক্রবারে মুসলমানগণ যোহর নামাযের সময়ে মসজিদে একত্রিত হয়ে যোহর নামাযের পরিবর্তে দুটি খুৎবাসহ শোনা ও জামায়াতের সাথে দুই রাকাত ফরজ নামাজ আদায় করাকে জুমু'আ বলা হয়।
জুলুম	অত্যাচার, নির্যাতন, অন্যায় আচরণ। যে কোন ধরণের অন্যায় আচরনই জুলুম আর সবচেয়ে বড় জুলুম হল আল্লাহর সাথে শরীক করা।
তওবা	প্রত্যাবর্তন করা, অনুশোচনা করা, ক্ষমা প্রার্থনা করা। কোন অন্যায় বা পাপ কর্মের পর অনুতপ্ত হওয়া, পুনরায় না করার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞা সহকারে কৃত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করা।
তাগুত	মূর্তি, দেবতা, শয়তান, আল্লাহবিদ্রোহী। সকল প্রকার আল্লাহদ্রোহী শক্তিকেই তাগুত বলা হয়।
তাওহীদ	একত্ববাদ। আল্লাহ একজন। আল্লাহ উপাস্য, প্রতিপালক এবং সার্বিক গুণাবলিতে একক সত্তা। তাঁর কোন শরীক, অংশীদার বা সমকক্ষ নেই।
তাকওয়া	ভয় করা, আত্মরক্ষা করা, সাবধান বা সচেতন থাকা। আল্লাহর শাস্তির ভয়ে তার আদেশ নিষেধ মেনে চলার ব্যাপারে সর্বদা সচেতন থাকা। গোনাহ বা পাপ থেকে বেঁচে থাকাই তাকওয়া।
তায়াম্মুম	ইচ্ছা করা বা নিয়ত করা। ইসলামী পরিভাষায় কোথাও পানি না থাকলে পবিত্রতার নিয়তে মাটিতে হাত মেখে সেই হাত দিয়ে মুখ ও হাত মুছেহ করাকে তায়াম্মুম বলা হয়।
দরুদ	রাসূলুল্লাহ স. এর উপর রহমাত নাযিলের জন্য আল্লাহর নিকট দোয়া করাকে দরুদ বলা হয়।
দাস-দাসী	ক্রীতদাস ও ক্রীতদাসী। আয়ামে জাহেলিয়াত তথা অন্ধকার যুগে যখন মানুষ বেচা-কেনা হতো তখন বিক্রিত মানুষকে দাস/দাসী বলা হতো।
দোজখ	নরক বা জাহান্নাম। কাফির, মুশরিক ও পাপীদের আখিরাতের আবাস হবে এই জাহান্নাম।
দিয়াত	রক্তপণ, রক্তমূল্য। হত্যাকারীর উপর ধার্যকৃত ক্ষতিপূরণ যার বিনিময়ে হত্যাকারীকে শাস্তি থেকে মুক্তি দেয়া হয়।
নফ্স	আত্মা, প্রাণী, ব্যক্তি, মানুষ, নিজ ইত্যাদি।

পরিশিষ্ট-১ পবিত্র কুরআনের অনুবাদে ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা

নেয়ামত	আশীষ, দান, অনুগ্রহ, সম্পদ, প্রাচুর্য। বান্দার প্রতি আল্লাহর সকল দান বা অনুগ্রহকেই নেয়ামত বলা হয়।
নামায/সালাত	নামায ফার্সি শব্দ আরবীতে সালাত। সালাত শব্দের অর্থ দোয়া। ইসলামের পরিভাষায় সালাত বলতে প্রতিদিন ৫ বার নির্ধারিত সময়ে রাসূল সা. কর্তৃক নির্দেশিত নিয়মে আনুষ্ঠানিক সালাত আদায়কেই বুঝানো হয়।
পরকাল	পরলোক। দুনিয়ার এই জীবনই শেষ নয়। দুনিয়ায় মৃত্যুর পর মানুষকে আবার জীবিত করা হবে এবং তার দুনিয়ার জীবনের ভাল মন্দ সব কৃতকর্মের হিসাব নেয়া হবে। পুণ্যের পরিমাণ বেশি হলে জান্নাত আর কম হলে জাহান্নাম। অর্থাৎ দুনিয়ার জীবনের মৃত্যুই মানুষের শেষ পরিণতি নয়, শেষ পরিণতি হল পরকালীন জীবনের জান্নাত অথবা জাহান্নাম।
প্রতিপালক	আরবী (ربّ) রব শব্দের অর্থ প্রতিপালক বা লালন-পালনকারী। এটি আল্লাহর একটি গুণবাচক নাম। আল্লাহ একমাত্র স্রষ্টা আর সবকিছুই তাঁর সৃষ্টি। সকল প্রাণীর তিনিই একমাত্র সৃষ্টিকর্তা, রিযিকদাতা ও লালন-পালনকারী।
পয়গাম	ফার্সি ভাষার শব্দ, যার অর্থ বাণী, বার্তা বা খবর। আল্লাহর পক্ষ থেকে নবী ও রাসূলগণের প্রতি প্রেরিত বাণীকে পয়গাম বলা হয়।
ফেরেশতা	আলোর তৈরি আল্লাহর এক মহান সৃষ্টি। আল্লাহর একান্ত অনুগত, সর্বক্ষণ তারই প্রশংসায় রত এবং তাঁর আদেশ পালনে অপেক্ষমান।
ফয়সালা	সিদ্ধান্ত, সালিস, বিচার, মীমাংসা, নির্ণয়।
ফাসিক	অন্যায়কারী, পাপাচারী।
ফকির	দরিদ্র, গরিব, অভাবগ্রস্ত। মৌলিক প্রয়োজন মিটানোর মত পর্যাপ্ত অর্থ-সম্পদ নেই যার এমনি ব্যক্তিকে ফকির বলা হয়।
ফতওয়া	রায়, মত, সিদ্ধান্ত। কোন বিষয়ে ইসলামী শরীয়ার বিশেষজ্ঞদের প্রমাণভিত্তিক রায় বা সিদ্ধান্তকে ফতওয়া বলে।
ফরজ/ফরয	অবশ্য পালনীয়। ইসলামী শরীয়তের অবশ্য পালনীয় বিধানকে ফরজ বলে যার অমান্য করা মহাপাপ।
ফিদ্‌ইয়া/ফিদিয়া	বিনিময়, মুক্তিপণ। দন্ড থেকে মুক্তি পাওয়ার জন্য প্রদেয় বিনিময়।
ফিরদাউস	স্বর্গ, উদ্যান, বাগান, বেহেশ্‌ত (Paradise)।
ফিরআউন	প্রাচীন মিসর সম্রাটের উপাধি।
ফিতনা	দাঙ্গা, গোলযোগ, বিপদ, কষ্ট, পরীক্ষা, আকর্ষণ।
বান্দা	দাস বা আজ্ঞাবহ।
বায়তুল মামুর	বায়তুল মামুর এর শাব্দিক অর্থ এমন গৃহ যেখানে সর্বদা জনসমাগম হয়। কেউ কেউ মনে করেন এর দ্বারা ফেরেশতাদের ইবাদতের স্থান বুঝায়।
বাতিল	মিথ্যা, অলীক, অন্যায়, অকেজো।
বনি-ইসরাইল	হযরত ইয়াকুব (যাকুব) আ. এর অপর নাম ইসরাঈল। তাঁর ১২ পুত্র ছিল। এই বার পুত্রের বংশধরকে বনি-ইসরাঈল বা ইসরাঈলের সন্তান-সন্ততি বলা হয়।
বেদুইন	গ্রাম্য আরবদেরকে বেদুইন বলা হয়।
বেহেস্ত	জান্নাত, বাগান, উদ্যান, বাগিচা। বেহেস্ত হল আখিরাত বা পরকালের জীবনে পুণ্যবানদের জন্য চিরন্তন ও শান্তিময় আবাস।
মোহরানা	মুসলিম বিয়েতে স্বামী কর্তৃক স্ত্রীকে প্রদেয় অর্থ-সম্পদকে মোহরানা বলা হয়। মোহরানা এক প্রকার ঋণ যা অবশ্যই পরিশোধ্য।
মোহরামা/মাহরিম	শাব্দিক অর্থ নিষিদ্ধ ও পবিত্র। ইসলামী শরীয়াতে মুহরামা বলতে বুঝায় সেইসব স্ত্রীলোকদেরকে যাদের সাথে বিবাহ বন্ধন ইসলামী শরীয়তে হারাম বা নিষিদ্ধ। এদের সাথে পর্দা করতে হয় না।
মজলুম	নির্যাতিত বা অত্যাচারিত ব্যক্তিকে মাজলুম বলা হয়।
মাশ'আরুল হারাম	একটি পবিত্রস্থান। এটি আরাফাত ও মিনার মধ্যবর্তী মুযদালিফা নামক উপত্যকায় অবাস্থিত একটি পাহাড়ের নাম 'মাশ'অরুল হারাম'। যিলহজ্জ মাসের ৯ তারিখের দিবাগত রাত্রে উক্ত উপত্যকায় 'মাশ'আরুল হারাম' এ উপস্থিত হয়ে অধিকমাত্রায় আল্লাহকে যিকর করতে বলা হয়েছে।
মীরাস	উত্তরাধিকার বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি।
মুনাফিক	কপট, দ্বিমুখী স্বভাবের লোক, প্রকৃত পরিচয় গোপন করে চলে এমন ব্যক্তি।
মুত্তাকী	সংযত ও সতর্ক ব্যক্তি। যে ব্যক্তি আল্লাহর শাস্তির ভয়ে তাঁর আদেশ নিষেধ মেনে চলে সংযত ও সতর্ক জীবনযাপন করে।
মুবাহালাহ	পারস্পরিক অভিশাপ বা ঐকান্তিক প্রার্থনা। সত্য ও মিথ্যার মীমাংসা যখন অন্য কোন উপায়ে সম্ভব হয় না তখন উভয় পক্ষ খোলা আকাশের নিচে একান্তভাবে আল্লাহর কাছে এই প্রার্থনা করবে যে 'আমাদের উভয় পক্ষের মধ্যে যারা সত্যবাদী তারা টিকে থাকুক আর যারা মিথ্যাবাদী তারা আল্লাহর অভিশাপে ধ্বংস হউক।' রাসূল সা. নাজরানের খ্রিস্টানদেরকে মুবাহালায় আহ্বান করলে খ্রিস্টানগণ মুবাহালাহ করতে অস্বীকার করে এবং জিজিয়া কর দিতে সম্মত হয়।
মুশরিক	অংশীবাদী। আল্লাহর সাথে যারা অংশীদার বানায়। যেমন- মূর্তি পুঁজা করে যারা তারা মুশরিক।
মুসলিম	মুসলিম অর্থ আত্মসমর্পণকারী। আল্লাহতে সমর্পিত ব্যক্তিকে মুসলিম বলা হয়।
মুহকাম/মুহকামাত	সুস্পষ্ট। পবিত্র কুরআনের অধিকাংশ আয়াত সুস্পষ্ট ও বোধগম্য। এ আয়াতগুলোই কিতাবের মূল। শরীয়তের বিধিবিধান এগুলো থেকেই উৎসারিত। এগুলোকে আয়াতে মুহকামাত বলা হয়।
মুহাজির	দেশ ত্যাগী বা হিজরতকারী। রাসূলুল্লাহ স. আল্লাহর নির্দেশে মক্কা থেকে মদীনায় চলে যান। ইসলামে এটি হিজরত বলে পরিচিত। রাসূলের যে সব সাহাবী মক্কা থেকে মদীনায় হিজরত করেছিলেন তাদেরকে মুহাজির বলা হয়।
মুহসিন	অনুগ্রহশীল, দানশীল, পরোপকারী, সৎকর্মপরায়ণ।

পরিশিষ্ট-১ পবিত্র কুরআনের অনুবাদে ব্যবহৃত কতিপয় বিশেষ পরিভাষা

মু'মিন	বিশ্বাসী। আল্লাহ, রাসূল, কুরআন, পরকালে বিশ্বাসী।
মুজাহিদ	আল্লাহর কালিমা ও আল্লাহর দ্বীনকে মানুষের গড়া অন্য সব বাতিল দ্বীন ও মতাদর্শের উপরে বিজয়ী ও প্রতিষ্ঠিত করার জন্য যে ব্যক্তি সর্বাত্মক চেষ্টা করে তাকে মুজাহিদ বলা হয়।
মুযিজা	অলৌকিক বিষয়, বিস্ময়কর বিষয়। নবী ও রাসূলগণের পক্ষ থেকে আল্লাহর ইচ্ছায় এমন ঘটনা সংঘটিত হওয়া যা স্বাভাবিক নিয়মে সম্ভব নয়। যেমন মূসা আ. এর লাঠি সাপে পরিণত হওয়া।
মুতাশাবিহ	অস্পষ্ট বিষয়। পবিত্র কুরআনের কিছু কিছু আয়াত আছে মুতাশাবিহ যার অর্থ অস্পষ্ট যা নিশ্চিত করে বলা যায় না। এর প্রকৃত মর্ম আল্লাহ জানেন। এসব আয়াত দ্বারা শরীয়তের কোন বিধান প্রমাণিত হয় না। কেবল বিশ্বাস করতে হয় যে এগুলো আল্লাহর আয়াত।
মিযান	মানদণ্ড, দাড়িপাল্লা, কিয়ামতে পুণ্য ওজন করার ব্যবস্থা।
মিল্লাত	জাতি, ধর্ম, দল, সম্প্রদায় ও আদর্শ।
মিসকিন	নিঃস্ব, অসহায়, সর্বহারা।
যেনা	ব্যভিচার, অবৈধ যৌনকর্ম।
যাকাত	যাকাত অর্থ পবিত্রতা। নিসাব পরিমাণ সম্পদের উপরে এক বৎসর অতিক্রম করলে মোট সম্পদের ২.৫% অংশ পবিত্র কুরআনে বর্ণিত নির্ধারিত খাতে প্রদান করাকে যাকাত বলে। বিস্তারিত ইনডেক্স দেখে নিন।
যিহার	মায়ের সাথে স্ত্রীর উপমা দেয়া।
রেসালাত	বার্তা, বাণী, রাসূলের পদ।
রব্বানী	আল্লাহওয়ালা, প্রভুভক্ত, ধার্মিক, ধর্মীয় পণ্ডিত।
লাইলাতুল কদর/ শবে কদর	মর্যাদাপূর্ণ রাত। রমজান মাসের এমন এক মর্যাদাপূর্ণ রাত যা হাজার মাসের চেয়ে উত্তম। এ রাতের বর্ণনা কুরআন মজীদে সূরা কদর নং ৯৭ এ রয়েছে।
লা'নত	অভিশাপ।
শয়তান	দুরাচারী, ইবলিস। আগুনের সৃষ্টি। মানুষের মনে কুমন্ত্রণা দিয়ে মানুষকে পথভ্রষ্ট করে।
শিরক	অংশীবাদ, এক আল্লাহর সত্তা ও গুণাবলিতে কাউকে সমকক্ষ নির্ধারণ করা।
রূহ	রূহ অর্থ আত্মা। জিবরাইল আ. কেও রূহ বলা হয়।
রিসালাত	রাসূলের পদ, বার্তা, পুস্তিকা।
সওয়াব	প্রতিফল, পুরস্কার, প্রতিদান।
সহীফা	ক্ষুদ্র গ্রন্থ, পুস্তিকা।
সাদাকা	দান, যে কোন ভাল কাজ সাদকা বা সৎকর্ম হতে পারে। সাদাকার অন্য একটি অর্থ হল যাকাত।
সালাত/নামায	সালাত আরবি শব্দ। নামায ফার্সি ভাষার শব্দ। সালাত শব্দের অর্থ দোয়া। ইসলামের পরিভাষায় সালাত বলতে প্রতিদিন ৫ বার নির্ধারিত সময়ে রাসূল সা. কর্তৃক প্রদর্শিত নিয়মে আনুষ্ঠানিক ইবাদতকেই বুঝানো হয়।
সিজ্জীন	শাব্দিক অর্থ কারাগার। কাফিরদের আত্মা ও আমলনামা রাখার স্থানকে সিজ্জীন বলা হয়।
সিদ্দিক	সত্যবাদী, ন্যায়পরায়ণ, খাঁটি ঈমানদার।
হজ্জ	হজ্জ শব্দের অর্থ, ইচ্ছা, অভিপ্রায় বা সংকল্প করা। ইসলামের পরিভাষায় হজ্জ বলতে বুঝায় বছরের নির্ধারিত সময়ে ইহরাম অবস্থায় কা'বা শরীফ প্রদক্ষিণ ও আরাফাতে অবস্থানসহ আরও কিছু আনুষ্ঠানিক কার্য সম্পন্ন করা।
হরুফে মুকাত্তায়া	বিচ্ছিন্ন বর্ণ। পবিত্র কুরআনের বেশ কিছু সূরার শুরুতে এমন এক বা একাধিক বর্ণমালা দেখা যায় যা কোন শব্দ গঠন করে না। এগুলোকে বর্ণ হিসেবেই পড়তে হয়। এগুলোর সঠিক তাৎপর্য উদঘাটন করা যায়নি। এগুলো মুতাশাবিহ আয়াতের মধ্যে গণ্য। এগুলোর সঠিক মর্ম আল্লাহই ভাল জানেন।
হারাম	নিষিদ্ধ, অবৈধ, সম্মানিত ও পবিত্র।
হালাল	বৈধ, অনুমোদিত।
হাশর	হাশর অর্থ একত্রিত করা। কিয়ামতের দিন আল্লাহ সকল মানুষকে দুনিয়ার জীবনের কৃতকর্মের হিসাব গ্রহণের জন্য একত্রিত করবেন। এই একত্রিত করণকেই হাসর বলা হয়।
হুর	অপ্সরী, পরী, অধিক সাদা ও গাঢ় কাল চোখ বিশিষ্ট। যারা হবেন জান্নাতবাসী পুরুষদের সঙ্গী।
হিকমত	প্রজ্ঞা (Wisdom), বিচক্ষণতা, কৌশল।
হিজরত	ত্যাগ করা, দেশ ত্যাগ করা। আল্লাহর নির্দেশে রাসূল (স.) কর্তৃক মক্কা ছেড়ে মদীনায় চলে যাওয়ার ঐতিহাসিক ঘটনাটি ইসলামে হিজরত বলে পরিচিত।

পরিশিষ্ট-২

পবিত্র কুরআনের কতিপয় শব্দের বাংলা প্রতিশব্দ

[আরবী শব্দ ব্যবহারে অভ্যস্ত পাঠক, উলামায়ে কেরাম ও অনুসন্ধিৎসু পাঠকদের জন্য]

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
পিতৃপুরুষ	آباء
দৃষ্টি, দৃষ্টিশক্তি, চোখ	أبصار
ছেলে, পুত্র, পুত্রসন্তান	إبن
মুসাফির	إبن السبيل
অনুসরণ, আনুগত্য, মেনে চলা	اتباع
গুনাহ, পাপ	إثم
কবীরা গুনাহ	إثم كبير
পারিশ্রমিক, মোহরানা, প্রতিদান	أجر
নির্দিষ্ট, নির্দিষ্ট সময় (ইদ্দত), মৃত্যু (সময়), মেয়াদ, সময়, সময় (ইদ্দত)	أجل
কল্যাণ, ভালকাজ, সঠিক, সৎকর্ম, সদয় ব্যবহার, সদাচরণ, সদ্ব্যবহার, সুন্দর, অনুগ্রহ, উত্তম	إحسان
বৈচিত্র্য, মতভেদ, মতপার্থক্য	اختلاف
আখিরাত, চূড়ান্ত, পরকাল, পরবর্তী, শেষ,	آخرة
পিছন, পিঠ	إدبار
অনুমতি, আদেশ, ইচ্ছা, নির্দেশ	إذن
ইচ্ছা, উদ্দেশ্য, কামনা, চাওয়া	إرادة
পাঠানো, প্রবাহিত করা, প্রেরণ, বর্ষণ, ফিরানো	إرسال
ভূমি, যমীন, পৃথিবী, ভূখন্ড, ভূগর্ভ, আবাস ভূমি	أرض
ক্ষমাপ্রার্থনা	استغفار
ঠাট্টা-বিদ্রূপ, ঠাট্টা, বিদ্রূপ	إستهزاء
যুদ্ধবন্দি	أسرا/أسرى
ভ্রমণ করানো	إسراء
ইসলাম, সমর্পণ, আত্মসমর্পণ, ইসলাম গ্রহণ	إسلام
জান্নাতবাসী	أصحاب الجنة
আগুনের অধিবাসী	أصحاب النار
পছন্দকরা, মনোনীত করা	اصطفاء
সংশোধন, সংস্কার, আপোস-নিষ্পত্তি, কল্যাণ	إصلاح
খাওয়ানো, আহার করানো	إطعام
মিথ্যা রচনা, রচনা, রটনা	افتراء
কায়েম, প্রতিষ্ঠিত	إقامة
শপথ, কসম করা	إقسام
আহার করা, করানো, খাওয়া	أكل
ইলাহ, উপাস্য	إله
যন্ত্রণাদায়ক	أليم
কিতাব, নেতা, পথ, পথপ্রদর্শক, আমলনামা	إمام
জাতি, উম্মত	امة
আদেশ, ওহী, করণীয়, কাজ, কর্ম, বিচার, বিষয়	أمر
সমকক্ষ	أنداد
অবতীর্ণ করা	إنزال
ব্যয়	إنفاق
নহর	أنهار
অভিভাবক, পরিবার পরিজন, বাসিন্দা, যোগ্য, স্ত্রী, স্বজন, হকদার, অধিকারী, অধিবাসী, আপনজন	أهل
আহলে কিতাব, কিতাবধারী	أهل الكتاب
সন্তান, সন্তান-সন্ততি	أولاد
জ্ঞানের অধিকারী	أولوا العلم/أولي الألباب
বুদ্ধিমান	أولوا الألباب
দৃষ্টিসম্পন্ন	أولي الأبصار
শক্তিধর, শক্তিশালী	أولي بأس
আয়াত, নিদর্শন	آيا/آيات
ঈমান, বিশ্বাস	إيمان
বিরোধিতা, যুদ্ধ, শক্তি, শাস্তি, সংগ্রাম-সংকট	بأس

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
বাতিল, মিথ্যা, অনর্থক, বাতিল পন্থা, অসত্য, অন্যায়	باطل
সমুদ্র, সাগর	بحر
কল্যাণ, কল্যাণ (বরকত)	بركة
প্রমাণ, দলিল-প্রমাণ	برهان
চক্ষু, চোখ, দৃষ্টি, দৃষ্টিশক্তি	بصر
সর্বদ্রষ্টা, দৃষ্টিবান, দৃষ্টিশক্তি সম্পন্ন	بصير
পাঠানো, পুনরুত্থান, পুনর্জীবিত, প্রেরণ, উঠানো, উত্থিত	بعث
ব্যভিচারিণী, অতিক্রম, বিদ্বেষ, বাড়াবাড়ি	بغي
অজ্ঞাতসারে, জ্ঞান ছাড়াই	بغير علم
পরীক্ষা	بلاء
বনী ইসরাঈল	بني اسرائيل
স্পষ্ট, সুস্পষ্ট, সুস্পষ্ট প্রমাণ	بينة
তাকওয়া অবলম্বন কর	تتقون
উপদেশ গ্রহণ	تذكر
তাসবীহ, পবিত্রতা ঘোষণা	تسبيح
নিয়োজিত করা, অধীন করা, অনুগত করা	تسخير
নির্ধারণ, পরিমাপ	تقدير
প্রদান, অগ্রে পাঠানো, অগ্রিম পাঠানো, আগে পাঠানো,	تقديم
ভয়, তাকওয়া	تقوى
পাঠ করা, পাঠ করে শুনানো, তিলাওয়াত	تلاوة
তওবা কবুলকারী	تواب
তওবা, অনুতপ্ত হয়ে ফিরে আসা	توبة
ভরসা	توكل
পৃষ্ঠপ্রদর্শন, ফিরে যাওয়া, মুখ ফিরানো, দায়িত্ব নেয়া, পলায়ন	تولي
ছওয়াব, পুরস্কার	ثواب
জাহিলী যুগ, অজ্ঞতা	جاهلية
অজ্ঞ	جاهلين
জাহান্নাম, আগুন, তীব্র আগুন	جحيم
প্ররোচিত, অপরাধ	جرم
ক্ষতিপূরণ, পুরস্কার, প্রতিদান, প্রতিফল	جزاء
সৃষ্টি, স্থাপন, করা, বানানো, গণ্য করা, তৈরি, নিযুক্ত করা, নির্দিষ্ট করা, নির্মাণ, নির্ধারণ করা	جعل
জান্নাত, বাগান	جنات
অপরাধ, দোষ	جناح
বাহিনী, সৈন্যবাহিনী,	جند
জিহাদ, প্রচেষ্টা,	جهاد
জাহান্নাম	جهنم
প্রজন্ম	جيل
প্রেম, পছন্দ, ভালবাসা	حُب
দড়ি, রশি, ধমনী, বেড়ি	حبل
বৃত্তান্ত, কথা, কথাবার্তা, কাহিনী,	حديث
নিষিদ্ধ, পবিত্র, হারাম, সম্মানিত	حرام
সংকীর্ণতা, অসুবিধা, কঠিন, দোষ, দ্বিধা	حرج
প্রজ্জ্বলিত আগুন	حريق
দুশ্চিন্তা, দুঃখ, দুঃখ-দুর্দশা, বিষন্নতা, শোক	حزن
হিসাব, হিসাব-নিকাশ	حساب
একত্রিত, একত্র, সমবেত	حشر
হিত্তাতুন (ক্ষমা চাওয়া)	حطة
হুতামা (দোযখ)	حطمة
যথাযথ, যথার্থ, সঠিক, সত্য, বাস্তব, সত্য হওয়া, অধিকার, হক, উশর, অবধারিত	حق
বিচারক	حكام

পরিশিষ্ট-২ পবিত্র কুরআনের কতিপয় শব্দের বাংলা প্রতিশব্দ

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
প্রজ্ঞা, ফায়সালা	حكم
হিকমত, প্রজ্ঞা	حكمة
প্রজ্ঞাবান, প্রজ্ঞাময়	حكيم
হালাল, বৈধ	حلال
বন্ধু, অন্তরঙ্গ বন্ধু, উত্তপ্ত পানি, ফুটন্ত পানি	حميم
বিশুদ্ধ অন্তর, একত্ববাদী	حنيف
সাপ	حية
বিনীত,	خاشع
স্থায়ী, অমর	خالدا خالدون
মন্দ, অপবিত্রবস্তু,	خبيث
অপমান, লাঞ্ছনা	خزي
ধনভান্ডার, ভাণ্ডার	خزينة
অপরাধ, পাপ	خطيئة
উত্তরাধিকারী, প্রতিনিধি, স্থলাভিষিক্ত	خليفة
শ্রেষ্ঠ, ভাল, ভালকাজ, সর্বোত্তম, উৎকৃষ্ট, উত্তম	خير
আখিরাত, আবাস, আবাসস্থল	دار
পশ্চাৎ, পিছন, পিঠ	دبرأدبار
ডাকা, দোয়া করা, আহ্বান	دعوة
দুনিয়া, নিকট, পৃথিবী	دنيا
দিয়ত, রক্তপণ	دية
দ্বীন, বিচার, আনুগত্য , প্রতিফল, বিধান,	دين
স্মরণ, উল্লেখ, কথা, কুরআন, যিকির, বর্ণনা, আলোচনা, উপদেশ, উপদেশবাণী	ذكر
অংশ, ত্রুটি, অপরাধ, পাপ	ذنب
শাস্তিদাতা	ذو انتقام
ঈমানদার, মুমিন, বিশ্বাসী, ঈমান এনেছে যারা	الذين أمنوا
আহলে কিতাব, কিতাবপ্রাপ্ত	الذين اوتوا الكتاب
কাফির, কুফরী করেছে যারা, অবিশ্বাসী, অস্বীকারকারী	الذين كفروا
অনুগ্রহশীল, স্নেহশীল	رءوف
সন্তুষ্ট	راضية
লক্ষ্য করা	رأي
অধিকারী, অধিপতি,	رب
শাস্তি, অপবিত্রতা, নিকৃষ্ট	رجز
লোক, পুরুষ, ব্যক্তি, নর	رجل
দয়াময়, অসীম দয়াময়	رحمان
দয়া, রহমত	رحمة
পরম দয়ালু	رحيم
রিযিক, ভরণ-পোষণ, খাদ্য	رزق
বাণীবাহক, দূত, প্রেরিত	رسول
বিচার-বিবেচনা, মঙ্গল,	رشد
সঠিকপথ প্রাপ্ত, সুবোধ	رشيد
রূহ, ওহী, কুরআন, জিবরাঈল	روح
রূহুল কুদুস (জিবরাঈল)	روح القدس
জোড়া, ধরন, প্রকার, যুগল, সহচর, স্ত্রী, স্বামী, শ্রেণী, সঙ্গী-সঙ্গিনী	زوج
স্ত্রী	زوجة
আকর্ষণীয়ম সুশোভিত	زين
কিয়ামত, মুহূর্ত, মুহূর্তকাল	ساعة
পবিত্র	سبحان
অবৈধ	سحت
জ্বলন্ত আগুন	سعير
নির্বোধ	سفيها سفهاء
সাকার (জাহান্নাম)	سقر
কর্তৃত্ব, ক্ষমতা, দলিল-প্রমাণ, প্রমাণ	سلطان
আকাশ	سماء
কান, শোনা	سمع
শ্রবণশক্তিসম্পন্ন, সর্বশ্রোতা, শ্রবণকারী, শ্রবণশক্তিসম্পন্ন	سميع
নিয়ম-নীতি, নীতি, সুন্নত, রীতিনীতি	سنة

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
কষ্ট, কালিমাচ্ছন্ন, কুকর্ম, ক্ষতি, খারাপ, নিকৃষ্ট, বিপদ, মন্দ, অনিষ্ট, অমঙ্গল, দোষ, অসৎকাজ	سوء
হীন, অকল্যাণ, অনিষ্ট, পাপ, মন্দকাজ, মন্দফল	سيئة
কঠোর	شديد
অংশ, অংশীদারিত্ব, শরীক	شرك
প্রভু (শরীক), অংশীদার	شريك
অনুভব, অনুধাবন, টের পাওয়া	شعور
সুপারিশ	شفاعة
প্রতিদানদাতা, কৃতজ্ঞ	شكور
সাক্ষী, শহীদ, সহযোগী	شهداء
পরামর্শ	شوري
বজ্রধ্বনি, বজ্র	صاعقة
সৎকাজ	صالحات
সহিফা, আমলনামা	صحيفة
মোহরানা	صدُقات
দান, দান-খয়রাত, যাকাত	صدقةصَدَقات
সালাত, অনুগ্রহ	صلوة
পথভ্রষ্টতা, বিচ্যুতি, ভ্রষ্টতা, উধাও হওয়া,	ضلال
তাগুত	طاغوت
খাদ্য, খাবার	طعام
পবিত্র, পবিত্র বস্তু,	طيبا طيبات
জালিম, সীমালঙ্ঘনকারী, অত্যাচারী	ظالم
জুলুম, সীমালঙ্ঘন, অন্যায়	ظلم
পিছন, পৃষ্ঠ, পিঠ	ظهر
পরিণতি, পরিণাম, শুভ পরিণাম	عاقبة
জগতসমূহ, মানবগোষ্ঠী	عالمين
দাসত্ব, ইবাদত, উপাসনা	عبادة
দাস, ক্রীতদাস	عبْدٌ
ইদ্দত, গণনা	عدة
ন্যায়, ন্যায় পরায়ণতা, ন্যায়বিচার, ন্যায়সঙ্গত, বিনিময়	عدل
আরশ, সিংহাসন	عرش
আত্মসম্মান, ইজ্জত, ক্ষমতা, সম্মান	عزة
দৃঢ় সংকল্প, চূড়ান্ত	عزم
মহাপ্রতাপশালী, শক্তিশালী, অভিজাত, আযীয, প্রতাপশালী	عزيز
মহা, মহান, চরম, বিশাল, গুরুতর, ভয়ানক	عظيم
অতিরিক্ত	عفو
প্রতিশোধ	عقاب
আলাকা, ভ্রূণ, ঝুলন্ত পিন্ড,	علقة
বুঝা, বুঝতে পারা, উপলব্ধি, চেনা, জানা, জ্ঞান	علم
জ্ঞানী, মহাজ্ঞানী, সর্বজ্ঞানী	عليم
সৎকর্ম, সৎকাজ	عمل صالح
স্বৈরাচারী, স্বেচ্ছাচারী, উদ্ধত	عنيد
অঙ্গীকার, চুক্তি	عهد
বেখবর, অনবহিত	غافل
ক্রোধ, ক্রুদ্ধ	غضب
কিশোর ভৃত্য, গিলমান , পুত্র, বালক, কিশোর	غلام غلمان
অভাবমুক্ত, অমুখাপেক্ষী, বিত্তবান	غني
গনীমত, যুদ্ধলব্ধ সম্পদ	غنيمة
অদৃশ্য, অনুপস্থিতি	غيب
অন্তর	فؤاد
পাপাচারী, ফাসিক	فاسق
পরীক্ষা, নির্যাতন, পদস্খলন, পরীক্ষার পাত্র, ফিতনা (বিদ্রোহ)	فتنة
অশীলতা, অশীল কাজ (সমকামিতা)	فحشآء
পার্থক্যকারী, ফুরকান (কুরআন)	فرقان
নির্ধারিত অংশ, মোহরানা, অবশ্য পালনীয়	فريضة
ফ্যাসাদ, বিপর্যয়, বিশৃঙ্খলা	فساد

পরিশিষ্ট-২ পবিত্র কুরআনের কতিপয় শব্দের বাংলা প্রতিশব্দ

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
অনুগ্রহ, মর্যাদা, শ্রেষ্ঠত্ব, অনুগ্রহ (ওহী)	فضل
গরীব, মুখাপেক্ষী, ফকীর	فقير
অনুগত	قانت
যুদ্ধ,	قتال
কৃতকর্ম, অগ্রে পাঠানো কৃতকর্ম	قدمت أيديهم
সর্বশক্তিমান, শক্তিমান, সক্ষম	قدير
কর্জ, ঋণ	قرض
প্রজন্ম	قرنٌ قرون
নিকটবর্তী	قريب
জনপদ	قريةٌ قرى
ন্যায়বিচার, ন্যায্য, ন্যায়	قسط
বণ্টন	قسمٌ قسمة
কিসাস, সমান	قصاص
পূর্ণ করা, ফয়সালা করা, বিচার করা, মীমাংসা করা, সম্পন্ন করা, সিদ্ধান্ত	قضاء
হৃদয়	قلب
সামান্য, অল্প, কম	قليلٌ قليلا
সম্প্রদায়, জাতি, লোক	قوم
শক্তিশালী	قوي
জীবনধারণের উপকরণ, দণ্ডায়মান হওয়া, দাঁড়ানো, সম্পাদন, উঠা	قيام
কিয়ামত	قيامة
কাফির, অবিশ্বাসী, অকৃতজ্ঞ, অস্বীকারকারী	كافرٌ كافرون
কবীরা গুনাহ	كبائر الإثم
কিতাব, বিধান, লিখিত চুক্তি, আমলনামা	كتاب
ফরয, বিধিবদ্ধ করা হয়েছে ...	كتب عليكم
মিথ্যা অভিহিত করেছে, মিথ্যাবাদী বলেছে, অস্বীকার করেছে	كذبَ
কুরসী, আসন	كرسي
কাফফারা	كفارة
কুফরি, অবিশ্বাস, অকৃতজ্ঞতা , অস্বীকার	كفر
বাণী, বাণী (কালিমাহ), কথা, ঘোষণা,	كلمة
সূক্ষ্মদর্শী, দয়ালু	لطيف
খেল-তামাশা, খেলা, খেলাধুলা করা	لعب
লা'নত, অভিশাপ	لعنة
শবে কদর, কদরের রাত	ليلة القدر
পানি, প্লাবন, বৃষ্টির পানি	ماء
জাহান্নামের ফেরেশতা মালিক (ফেরেশতা), অধিকারী, অধিপতি	مالك
আবাসস্থল, আশ্রয়স্থল, বসবাস, আশ্রয়স্থল	مأوى
উত্থিত, পুনরুত্থিত	مبعوث
উপভোগ, জীবনোপভোগ, তৈজসপত্র, দ্রব্য সামগ্রী, মালপত্র, ভোগ্য সামগ্রী	متاع
মুতাশাবিহ, সাদৃশ্যপূর্ণ	متشابهٌ متشابهات
মুত্তাকী, তাকওয়াবান, তাকওয়া অবলম্বনকারী	متقيٌ متقين
উপমা, দৃষ্টান্ত	مثل
ছওয়াব (পুরস্কার), প্রতিফল	مثوبة
অপরাধী	مجرم
পাগল	مجنون
যত্নবান হওয়া, হেফাজত করা	محافظة
নিষিদ্ধ, মুহরিম, পবিত্র, হারাম	محرم
সৎকর্মপরায়ণ	محسنٌ محسنين
মুহকাম, স্পষ্ট	محكمةٌ محكمات
পরিবেষ্টনকারী	محيط
একনিষ্ঠ, নির্দিষ্ট, বাছাইকৃত	مخلص
প্রত্যাবর্তনস্থল, প্রত্যাবর্তন	مرجع
স্পর্শ	مس
অবস্থান, অবস্থানস্থল	مستقر
সঠিক-সরল, সঠিক, সরল	مستقيم
মিসকিন, অভাবগ্রস্ত	مسكين

বাংলা প্রতিশব্দ/ অনুবাদ	আরবি শব্দ
আত্মসমর্পণকারী মুসলিম	مسلم
সত্যায়নকারী, সত্য স্বীকারকারী,	مصدق
সংশোধনকারী, কল্যাণকারী	مصلح
বিপদ, বিপদ-আপদ, বিপর্যয়, অকল্যাণ	مصيبة
আবাসস্থল, গন্তব্য, গন্তব্যস্থল, প্রত্যাবর্তনস্থল	مصير
আনুকূল্য, ন্যায়সঙ্গত, বিধিমোতাবেক, জানা,ভাল, যথাযথ, সৎকাজ, সুন্দরভাবে, সৌহার্দ্য	معروف
জীবনযাত্রা, জীবিকা	معيشة
কৌশল, চক্রান্ত, ষড়যন্ত্র	مكر
আদর্শ (উম্মত), আদর্শ (মিল্লাত), মিল্লাত	ملة
ক্ষমতা, রাজত্ব , রাজ্য	ملك
গর্হিত কাজ, ঘৃণ্য, চিনতে না পারা, অপরিচিত, মন্দ কাজ, অসৎকাজ	منكر
বিছানা, বিশ্রামস্থল	مهاد
সঠিকপথ প্রাপ্ত	مهتدون
লাঞ্ছনাদায়ক, হীন, তুচ্ছ	مهين
উপদেশ	موعظة
প্রভু সাথী, স্বগোত্রীয়, প্রভু (রক্ষক)	مولى
সম্পাদন, অঙ্গীকার, চুক্তি	ميثاق
দাঁড়িপাল্লা, পাল্লা, পরিমাপ যন্ত্র, মানদণ্ড, মীযান	ميزان
আগুন, অগ্নিশিখা	نار
মানুষ, মানব জাতি,	ناس
সংবাদ, সংবাদ (ঘটনা)	نبأ أنباء
মুক্তি, রেহাই, উদ্ধার, রক্ষা	نجاة
সতর্ক করা	نذر
অবতরণ করেছে, নেমে এসেছে	نَزَلَ
আপ্যায়ন	نُزُلٌ
নারী, নারী (কন্যা), স্ত্রী	نساء
রহিত,	نسخ
পুনর্জীবন, বিস্তার	نشور
নাসারা	نصارى
সাফল্য, অংশ, কিছু অংশ	نصيب
লক্ষ্য করা, অপেক্ষা, তাকানো, প্রতীক্ষা, ভেবে দেখা	نظر
নেয়ামত, অনুগ্রহ, দান, বিলাস-উপকরণ	نعمة
নিজ, ব্যক্তি, আত্মা, মন, জীবন	نفس
মঙ্গল, ভাল, উপকারিতা	نفع
নেতা	نقيب
আলো, কুরআন, জ্যোতি, স্নিগ্ধ আলো	نور
পথপ্রদর্শন, পথনির্দেশনা, হেদায়াত, পথ নির্দেশিকা	هدىً هدى
উপহাস, ঠাট্টা	هزو
প্রবৃত্তি, শূন্য, অনুরাগী, আকাঙ্ক্ষা, কুপ্রবৃত্তি	هوى
প্রাচুর্যময়, ব্যাপক, ব্যাপী, সর্বব্যাপী, প্রশস্ত	واسع
চেহারা, মুখ, সম্মুখ, যথাযথভাবে, সত্তা, সন্তুষ্টি, আত্ম, নিজ, দৃষ্টি (মুখ), প্রথমভাগ	وجه
ওহী, ইশারা	وحي
পরিমাপ, ওজন	وزن
উপায়	وسيلة
নির্দেশ, ওসিয়ত	وصية
তত্ত্বাবধায়ক, অভিভাবক	وكيل
তত্ত্বাবধায়ক, বন্ধু, প্রভু , অভিভাবক, অনুগামী	ولي
ইয়াতিম, ইয়াতিম মেয়ে, ইয়াতিম নারী	يتيم
হাত,ক্ষমতা, অধিকার	يدٌ أيدي
বিশ্বাস, নিশ্চিত বিশ্বাস, ইয়াকীন (মৃত্যু), চাক্ষুষ	يقين
শপথ, কসম, হাত, ডান হাত, অঙ্গীকার	يمين
ইহুদি	يهود
আখিরাতের দিন	اليوم الآخر
ফয়সালার দিন	يوم الفصل

পরিশিষ্ট-৩
পবিত্র কুরআনে বর্ণিত নবী, রাসুল ও মুমিনদের দু'আসমূহ

যাদের দু'আ	দু'আর বিষয়	সূরা নং, নাম ও আয়াত নং	পৃষ্ঠা নং
অপরাধীদের দু'আ বিচার দিনে	পুনরায় দুনিয়ায় পাঠানোর জন্য	৩২-সাজদা : ১২	৮৩১
আদাম ও হাওয়া আ.-এর দু'আ, জান্নাত থেকে বের করে দেয়ার পর	অপরাধ ক্ষমা করার জন্য	৭-আল-আরাফ : ২৩	৬১৪
আসহাবে কাহফের দু'আ	রহমত লাভের জন্য	১৮-কাহফ : ১০	৭২৪
আসহাবে কাহফের দু'আ	আল্লাহ ছাড়া অন্যকে না ডাকার	১৮-কাহফ : ১৪	৭২৫
আইয়ুব আ.-এর দু'আ	কষ্ট দূর করার জন্য	২১-আম্বিয়া : ৮৩	৭৫৫
আল্লাহর আরশ বহনকারী ফেরেশতাদের দু'আ	তওবাকারী / অনুতপ্তদেরকে ক্ষমার, জাহান্নাম থেকে মুক্তির জন্য ও জান্নাতে প্রবেশ করানো জন্য...	৪০-মু'মিন : ৭-৯	৮৭৮
ইবরাহীম আ.–এর দু'আ	মক্কার নিরাপত্তার জন্য এবং মু'মিন মক্কাবাসীদের রিযিকের জন্য	২-বাকারা : ১২৬	৫১৪
ইবরাহীম ও ইসমাঈল আ.-এর দু'আ	মক্কার ভিত্তি ও নির্মাণ কাজ কবুল করার জন্য	২-বাকারা : ১২৭-১২৯	৫১৪
ইবরাহীম আ.-এর দু'আ	মৃতকে জীবিত করে দেখানোর জন্য	২-বাকারা : ২৬০	৫৩১
ইমরান আ.-এর স্ত্রীর দু'আ	গর্ভের সন্তানকে কবুল করার জন্য	৩-আলে-ইমরান : ৩৫	৫৩৯
ইউসুফ আ.-এর দু'আ	আযীযের স্ত্রী যখন জেলে পাঠানোর হুমকি দেয়	১২-ইউসুফ : ৩৩	৬৭৯
ইউসুফ আ.-এর দু'আ	ইউসুফ আ. এর দু'আ- মুসলিম হিসেবে মৃত্যু পাওয়ার জন্য	১২-ইউসুফ : ১০০	৬৮৬
ইবরাহীম আ.-এর দু'আ	মক্কার নিরাপত্তা, হেদায়ত ও স্বীয় বংশের রিযিকের জন্য	১৪-ইবরাহীম : ৩৫-৩৭	৬৯৬
ইবরাহীম আ.-এর দু'আ	আল্লাহর অসীম জ্ঞানের প্রশংসামূলক ও বৃদ্ধ বয়সে সন্তান দানের কৃতজ্ঞতা স্বরূপ	১৪-ইবরাহীম : ৩৮-৪০	৬৯৬,৬৯৭
ইবরাহীম আ.-এর দু'আ	নিজের মাতা-পিতা ও মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা	১৪-ইবরাহীম : ৪১	৬৯৭
ইউনুস/জুন্নুন আ.-এর দু'আ	মাছের পেট থেকে রক্ষার জন্য	২১-আম্বিয়া : ৮৭	৭৫৬
ইবরাহীম এর দু'আ	জ্ঞান দান, সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত ও পিতাকে ক্ষমা করার জন্য...	২৬-শু'আরা : ৮৩-৮৯	৭৯২
ইবরাহীম আ.-এর দু'আ	সুসন্তানের জন্য	৩৭-সাফফাত : ১০০	৮৬১
ইবরাহীম আ.-এর দু'আ	পিতাকে ক্ষমা করা ও কাফেরদের লক্ষ্যবস্তুতে পরিণত না করার জন্য	৬০-মুমতাহিনা : ৪-৫	৯৫৮
ঈসা আ.-এর অনুসারী-হাওয়ারীদের দু'আ	সাক্ষীদের অন্তভুক্ত করার জন্য	৩-আলে-ইমরান : ৫৩	৫৪১
ঈসা আ.-এর দু'আ	খাবার টেবিলের জন্য	৫-আল মায়েদা : ১১৪	৫৯৪
জাকারিয়া আ.-এর দু'আ	সুসন্তানের জন্য	৩-আলে-ইমরান : ৩৮	৫৩৯
জাকারিয়া আ.-এর দু'আ	নিদর্শনের জন্য	৩-আলে-ইমরান : ৪১	৫৪০
জান্নাতীদের দু'আ	জালিমদের অন্তর্ভুক্ত না করার জন্য	৭-আল-আরাফ : ৪৭	৬১৭
জাহান্নামীদের দু'আ	দলপতিদের শাস্তি দ্বিগুণ করার জন্য	৩৮-সাদ : ৬১	৮৬৯
জ্ঞানীদের দু'আ	হেদায়তের পর অন্তর বাঁকা না করার জন্য এবং রহমত দানের জন্য	৩-আলে-ইমরান : ৮-১৩	৫৩৬,৫৩৭
তালুত বাহিনীর দু'আ	ধৈর্য, দৃঢ়তা ও কাফিরদের বিরুদ্ধে বিজয় লাভের জন্য	২-বাকারা : ২৫০	৫২৯
নবীদের দু'আ	পাপ ও বাড়াবাড়ি ক্ষমা করা, দৃঢ়তা ও সাহায্যের জন্য	৩-আলে-ইমরান : ১৪৭	৫৪৯
